Barcode - 4990010216475
Title - Bengal Legislative Assembly Proceedings (1970) vol.50, pt.1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 992
Publication Year - 1970
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010216475

[illegible]—No.

# Assembly Proceedings

Official Report

# West Bengal Legislative Assembly

Fiftieth Session

anuary-March, 1970

*(From 21st January, 1970 to 10th March, 1970)*

**[illegible] 21st, 22nd, 27th, 29th, 30th, January, 1970 and 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 11th, 12th and 13th, February, 1970)**

[illegible] authority of the Assembly under [illegible]
Legislative Assembly Procedure Rules.

Price—Rs. 18.

/ol. 50—No. 1.

# Assembly Proceedings

**Official Report**

# West Bengal Legislative Assembly

**Fiftieth Session**

January-March, 1970

*(From 21st January, 1970 to 10th March, 1970)*

(The 21st, 22nd, 27th, 29th, 30th, January, 1970 and 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 11th, 12th and 13th, February, 1970)

ublished by authority of the Assembly under rule 353 of the West Bengal Legislative Assembly Procedure Rules

Superintendent, Government Printing
West Bengal, Alipore, Calcutta-27

## Government of West Bengal

### Governor

### SHRI SANTI SWAROOP DHAVAN

### Members of the Council of Ministers

1 Shri Ajoy Kumar Mukhopadhyaya, Chief Minister and Minister-in-charge of the Finance Department, Tourism, Political and Defence Branches of the Home Department, Social Education Branch of the Education Department, Animal Husbandry and Veterinary Services Department (excluding the Veterinary Branch and the Animal Husbandry Branch),

2 Shri Jyoti Basu, Deputy Chief Minister and Minister-in-charge of the Constitution and Elections Branch, Special Branch, General Administration Branch, Police Branch and Press Branch of the Home Department.

3 Shri Abdur Rezzaque Khan, Minister-in-charge of Relief Branch of the Relief and Social Welfare Department.

4 Shri Bhabatosh Soren, Minister-in-charge of the Forests Department.

5 Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of the Judicial and Legislative Departments.

6 Shri Bibhuti Bhusan Dasgupta, Minister-in-charge of the Department of Panchayats.

7 Shri Biswanath Mookherjee, Minister-in-charge of the Irrigation and Waterways Department and the Tanks, Small Irrigation, Wells and Tube-well, and Pump Irrigation Branch of the Agriculture and Community Development Department.

8 Shri Charu Mihir Sarkar, Minister-in-charge of the Community Development Branch of the Agriculture and Community Development Department.

9 Shri Deo Prakash Rai, Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department.

10 Dr. Golam Yazdani, Minister-in-charge of Home (Passport) Department and Home (Civil Defence) Department,

11 Shri Harekrishna Konar, Minister-in-charge of the Land and Land Revenue Department and Jails Branch of the Home Department.

12 Shri Jatin Chakravarty, Minister-in-charge of the Home (Parliamentary Affairs) Department and Chief Government Whip.

13 Shri Jyoti Bhusan Bhattacharya, Minister-in-charge of the Department of Information and Public Relaiions.

14 Dr. Kanallal Bhattacharya, Minister-in-charge of the Agriculture and Community Development Department excluding the Community Development Branch, the Agro-Industries Branch and the Tanks, Small Irrigation, Tubewells and Pump Irrigation Branch.

15 Shri Krishna Chandra Halder, Minister-in-charge of the Excise Department.

16 Shri Krishnapada Ghosh, Minister-in-charge of the Labour Department.

*17 Shri Md. Abdullah Rasul, Minister-in-charge of the Home (Transport) Department.

18 Shri Naul Bhattacharya, Minister-in-charge of the Health Department.

19 Shri Provash Chandra Roy, Minister-in-charge of the Department of Fisheries and the Department of Food and Supplies.

20 Shri Kanai Bhowmik, Minister-in-charge of the Department of Co-operation and the Relief and Social Welfare (Social Welfare) Department.

21 Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of the Department of Cottage and Small Scale Industries.

22 Shri Satya Priya Roy, Minister-in-charge of the Education Department (excluding the Social Education Branch and the Sports Branch).

23 Shri Somnath Lahiri, Minister-in-charge of the Local Self-Government Department, the Development and Planning Department and the Housing Department.

24 Shri Subodh Banerjee, Minister-in-charge of the Public Works Department (excluding the Roads and Special Roads Branches).

---

*Shri Mohammad Amin took oath as a Minister-in-charge of Home (Transport) Department vide resignation of Shri Md. Abdullah Rasul on the 29th January, 1970.

25 Shri Sushil Kumar Dhara, Minister-in-charge of the Commerce and Industries Department and the Agro-Industries Branch of the Agriculture and Community Development Department.

26 Shri Sudhir Chandra Das, Minister-in-charge of Veterinary Branch and the Animal Husbandry Branch of the Department of Animal Husbandry and Veterinary Services.

27 Shri Tarun Kumar Sen Gupta, Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department.

**Ministers of State**

28 Sm. Prativa Mukherjee, Minister of State-in-charge of the Roads and Special Roads Branches of the Public Works Department.

29 Shri Ram Chatterjee, Minister of State-in-charge of the Education (Sports) Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

### PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| *The Speaker* ... ... | Shri Bijoy Kumar Banerjee. |
| *Deputy Speaker* ... ... | Shri Apurba Lal Majumdar. |

### SECRETARIAT

| | |
|---|---|
| *Secretary* ... ... | Shri Syamapada Banerjee, B.A., LL.B. |
| *Deputy Secretary* ... ... | Shri A. K. Chunder, B.A. (Hons.) (Cal.), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-Law, |
| *Deputy Secretary* ... ... | Shri Rafiqul Haque, B.A., LL.B. |
| *Deputy Secretary* ... ... | Shri Khagendra Nath Mukherji, B.A., LL.B. |
| *Assistant Secretary* ... | Shri Anil Chandra Chatarji. |
| *Assistant Secretary* ... | Shri Sankar Prasad Mukherji, B.A. |
| *Assistant Secretary* ... | Shri Debavrata Chakravarty, B.A. |
| *Assistant Secretary* ... | Shri Paritosh Mojumder, B.A. |
| *Registrar* ... ... | Shri Nayan Gopal Chowdhuri, B.A. |
| *Editor of Debates* ... ... | Shri Sankoriprosad Mukherjee, B.A. |
| *Chief Reporter* ... .... | Shri Prafulla Kumar Banerjee. |
| *Personal Assistant to Speaker* | Shri Panchu Gopal Chatterjee. |
| *Section Officers* ... ... | Shri Asadur Rahman.<br>Shri Sailendra Nath Patra.<br>Shri Amiya Kumar Dutta, B.A. |
| *English Reporters* ... ... | Shri Bholanath Banerjee.<br>Shri Himadri Bhusan Chatterjee, B.COM.<br>Shri Prithwish Chandra Sen Gupta.<br>Shri Jawhar Lal Dutt, B.COM.<br>Shri Sailendra Mohan Chakrabarti.<br>Sm. Subrata Sen Gupta.<br>Shri Syamal Kumar Banerjee. |

## SECRETARIAT

| | |
|---|---|
| *Bengali Reporters* ... ... | Shri Susanta Kumar Chatterjee, B.COM.<br>Shri Arindam Ghosh.<br>Shri Prafulla Kumar Ganguli, B.COM.<br>Shri Bimal Kanti Bera.<br>Shri Swadhin Chatterjee.<br>Shri Prabhat Kumar Bhattacharyya, B.A.<br>Shri Manas Ranjan Das, B.COM.<br>Shri Abney Golam Akbar, B.A.<br>Shri Jagadish Chandra Biswas, B.A.<br>Shri Ranjit Kumar Basu, B.A. |
| *Hindi Reporter* ... ... | Shri Ram Naresh Tripathi. |

# West Bengal Legislative Assembly

## Alphabetical List of Members

### A

(1) Abdul Haque, Shri (Jangipur—Murshidabad)
(2) Abdul Latif, Shri Mohamed (Chanditala—Hooghly)
(3) Abdul Quiyom Molla, Shri (Diamond Harbour—24 Parganas)
(4) Abdur Rezzaque Khan, Shri (Hasnabad—24-Parganas)
(5) Abdus Sattar, Shri (Lalgola—Murshidabad)
(6) Abdus Sayeed, Shri Mir (Baduria—24-Parganas)
(7) Abedin, Dr. Zainal (Itahar—West Dinajpur)
(8) Abu Asad Mohammed Obaidul Gani, Dr. (Entally—Calcutta)
(9) Abdul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri (Sujapur—Malda)
(10) Abul Hassan, Shri (Taltala—Calcutta)
(11) Abul Mansur Habibullah, Shri Syed (Nadanghat—Burdwan)
(12) Adhicary, Shri Sailendra Nath (Bhagabangola—Murshidabad)
(13) Ahammad Aktabuddin, Shri (Hariharpara—Murshidabad)
(14) Azizur Rahman, Shri (Jalangi—Murshidabad)

### B

(15) Bagdi, Shri Lakhan [Ukhra (SC)—Burdwan]
(16) Baksh, Shri Mohammed Karim (Haringhata—Nadia)
(17) Baksi, Shri Monoranjan (Faridpur—Burdwan)
(18) Bandopadhaya, Dr. Gopal (Singur—Hooghly)
(19) Bandopadhayaya, Shri Amiya Bhusan (Basirhat—24-Parganas)
(20) Banerjee, Shri Bijoy Kumar (Rashbehari Avenue—Calcutta)
(21) Banerjee, Shri Subodh (Joynagar—24-Parganas)
(22) Banerji, Shri Radhika Ranjan (Kamarhati—24-Parganas)
(23) Barma, Shri Akshay Kumar [Tufanganj (SC)—Cooch Behar]
(24) Barman, Shri Prasenjit [Cooch Behar West (SC)—Cooch Behar]
(25) Barman, Shri Syama Prasad [Kaliaganj (SC)—West Dinajpur]
(26) Basu, Shri Abinash (Kumargram—West Dinajpur)
(27) Basu, Shri Bimal Kanti (Cooch Behar North—Cooch Behar)

(28) Basu, Shri Gopal (Naihati—24-Parganas)
(29) Basu, Shri Hemanta Kumar (Shampukur—Calcutta)
(30) Basu, Shri Krishnagopal (Cossipur—Calcutta)
(31) Basu, Shri Jyoti (Baranagar—24-Parganas)
(32) Basu, Shri Mukul (Balurghat—West Dinajpur)
(33) Basu Ray, Shri Sunil (Barabani—Burdwan)
(34) Bauri, Shri Hari Pada [Raghunathpur (SC)—Purulia]
(35) Bazle Ahmad, Shri (Murarai—Birbhum)
(36) Bera, Shri Sasabindu (Shyampur—Howrah)
(37) Besterwitch, Shri A. H. [Madarihat (ST)—Jalpaiguri]
(38) Bhagat, Shri Budhu [Nagrakata (ST)—Jalpaiguri]
(39) Bhadra, Dr. Niranjan (Kutalpur—Bankura)
(40) Bhaduri, Shri Panchugopal (Serampore—Hooghly)
(41) Bhandari, Shri Nitai (Amta—Howrah)
(42) Bhandari, Shri Sudhir Chandra (Maheshtola—24-Parganas)
(43) Bhattacharjya, Shri Mrigendra (Daspur—Midnapur)
(44) Bhattacharya, Shri Jyotibhusan (Ballygunge—Calcutta)
(45) Bhattacharya, Dr. Kanailal (Shibpur—Howrah)
(46) Bhattacharya, Shri Nani (Alipurduars—Jalpaiguri)
(47) Bhattacharyya, Shri Gopal Krishna (Panihati—24-Parganas)
(48) Bhattacharyya, Shri Satyapada (Bharatpur—Murshidabad)
(49) Bhowmik, Shri Kanai (Moyna—Midnapur)
(50) Biswas, Shri Ajit Kumar [Goghat (SC)—Hooghly]
(51) Boral, Shri Manaranjan [Beliaghata South (SC)—Calcutta]
(52) Bouri, Shri Tinkori [Para (SC)—Purulia]

C

(53) Chakrabarty, Shri Deb Narayan (Pandua—Hooghly)
(54) Chakravarty, Shri Jatin (Sealdah—Calcutta)
(55) Chakraborty, Shri Sadhan Kumar (Khardah—24-Parganas)
(56) Chakraburtty, Dr. Taraknath (Kulti—Burdwan)
(57) Chakravorty, Shri Nares Chandra (Jalpaiguri—Jalpaiguri)
(58) Chatterjee, Shrimati Nirupama (Bagnan—Howrah)
(59) Chatterjee, Shri Ram (Tarakeswar—Hooghly)

(60) Chattoraj, Dr. Radhanath (Labhpur—Birbhum)

(61) Chaudhuri Shri Ashoke (Basanti—24-Parganas)

(62) Choudhury, Shri Soroshi (Chandrakona—Midnapur)

(63) Chowdhury, Abdul Karim, Shri (Chopra—West Dinajpur)

(64) Chowdhury, Shri Benoy Krishna (Burdwan South—Burdwan)

## D

(65) Dal, Shrimati Nanda Rani [Ghatal (SC)—Midnapur]

(66) Das, Shri Anadi (Howrah Central—Howrah)

(67) Das, Shri Banamali [Nanur (SC)—Birbhum]

(68) Das, Shri Bimal Kanti (Englishbazar—Malda)

(69) Das, Shri Deben (Kharagpur Local—Midnapur)

(70) Das, Shri Debendra Nath (Dantan—Midnapur)

(71) Das, Shri Jagadish Chandra (Bijpur—24-Parganas)

(72) Das, Shri Nikhil (Burtola—Calcutta)

(73) Das, Shri Paresh [Khajuri (SC)—Midnapur]

(74) Das, Shri Sudhir Chandra (Contai South—Midnapur)

(75) Das Ghose, Shri Biswanath (Uluberia South—Howrah)

(76) Das Gupta, Shri Bibhuti Bhusan (Purulia—Purulia)

(77) Das Gupta, Shri Pannalal (Bolpur—Birbhum)

(78) Das Mahapatra, Shri Balailal (Ramnagar—Midnapur)

(79) Das Mahapatra, Shri Kamakhya Nandan (Patashpur—Midnapur)

(80) Datta, Shri Debabrata (Burdwan North—Burdwan)

(81) De, Shri Panchkari (Jhargram—Midnapur)

(82) Deb, Shri Haraharl [Sutahata (SC)—Midnapur]

(83) Deb, Shri Saral (Barasat—24-Parganas)

(84) Dey, Shri Tarapada (Jagatballavpur—Howrah)

(85) Dhara, Shri Hansadhwaj (Kakdwip—24-Parganas)

(86) Dhara, Shri Sushil Kumar (Mahishadal—Midnapur)

(87) Dingal, Dr. Gobardhan (Sagar—24-Parganas)

(88) Duley, Shri Krishna Prasad [Garhbeta East (SC)—Midnapur]

## E

(89) Ekramul Haque, Dr. Md. (Domkal—Murshidabad)

(90) Elias Razi, Shri Md. (Harischandrapur—Malda)

## F

(91) Fazle Haque, Dr. Md. (Sitai—Cooch Behar)
(92) Fazlur Rahaman, Shri S. M. (Kaliganj—Nadia)

## G

(93) Ganguly, Shri Ajit Kumar (Bongaon—24-Parganas)
(94) Ghose, Shri Sambhu Charan (Chinsurah—Hooghly)
(95) Ghosh, Shri Bibhuti Bhushan (Panchla—Howrah)
(96) Ghosh, Shri Bireswar (Bankura—Bankura)
(97) Ghosh, Shri Kamakhya Charan (Midnapur—Midnapur)
(98) Ghosh, Shri Krishnapada (Beliaghata North—Calcutta)
(99) Ghosh, Dr. Lokes (Asansol—Burdwan)
(100) Ghosh, Shri Tarun Kanti (Habra—24-Parganas)
(101) Golam Mahiuddin, Shri (Nalhati—Birbhum)
(102) Golam Yazdani, Dr. (Kharba—Malda)
(103) Gofurur Rahaman, Shri (Malda—Malda)
(104) Guchhait, Shri Subodh Gopal (Contai North—Midnapur)
(105) Guha, Shri Bikesh Chandra (Jadavpur—24-Parganas)
(106) Guha Neogi, Shri Anil Dhar (Dhupguri—Jalpaiguri)
(107) Gupta, Shri Sadhan (Kalighat—Calcutta)
(108) Gupta, Shri Sitaram (Bhatpara—24-Parganas)
(109) Gurung, Shri Nandlall (Jorebunglow—Darjeelings)
(110) Gyan Singh Sohonpal, Shri (Kharagpur—Midnapur)

## H

(111) Haldar, Shri Kuber Chand [Sagardighi (SC)—Murshidabad]
(112) Halder, Shri Krishna Chandra [Ausgram (SC)—Burdwan]
(113) Halder, Shri Murari Mohan [Kulpi (SC)—24-Parganas]
(114) Halder, Shri Renupada [Mathurapur (SC)—24-Parganas]
(115) Hansda, Shri Jagatpati [Nayagram (ST)—Midnapur]
(116) Harun ur Rashid, Shri (Deganga—24-Parganas)
(117) Hazra, Shri Haran Chandra [Sankrail (SC)—Howrah]
(118) Hazra, Shri Monoranjan (Uttarpara—Hooghly)
(119) Hazra Choudhury, Shri Kashinath (Monteswar—Burdwan)

I

(120) Ishaque, Shri A. K. M. (Bhangar -24-Parganas)

J

(121) Jana, Shri Manindra Nath (Jangipara—Hooghly)
(122) Jha, Shri Arun Chandra (Manikchack—Malda)

K

(123) Kalimuddin Shams, Shri (Kabitirtha—Calcutta)
(124) Kar, Shri Dhananjoy (Gopiballavpore—Midnapur)
(125) Khan, Nasiruddin, Shri (Noada—Murshidabad)
(126) Khan, Shri Sukhendu [Sonamukhi (SC)—Bankura]
(127) Konar, Shri Benoy Krishna (Memari—Burdwan)
(128) Konar, Shri Hare Krishna (Kalna—Burdwan)
(129) Kuar, Shri Gangapada [Keshpur (SC)—Midnapur]
(130) Kuiry, Shri Daman Chandra (Arsha—Purulia)
(131) Kundu, Shri Gour Chandra (Ranaghat West—Nadia)

L

(132) Laha. Shri Mihir Kumar (Narayangarh—Midnapur)
(133) Lahiri, Shri Somnath (Dhakuria—Calcutta)
(134) Lakra, Shri Denis [Kalchini (ST)—Jalpaiguri]
(135) Let, Shri Panchanan [Mayureswar (SC)—Birbhum]
(136) Lohar, Shri Gour [Indpur (SC)—Bankura]

M

(137) Mahata, Shri Amulya Ratan (Salboni—Midnapur)
(138) Mahata, Shri Debendra Nath (Jhalda—Purulia)
(139) Mahato, Shri Girish (Manbazar—Purulia)
(140) Mahato, Shri Ram Krishna (Jaipur—Purulia)
(141) Maiti, Shrimati Abha (Bhagabanpur—Midnapur)
(142) Maiti, Shri Subbodh Chandra (Narghat—Midnapur)
(143) Maitra, Shri Kashi Kanta (Krishnagar East—Nadia)

(144) Maji, Shri Panna Lal (Udaynarayanpur—Howrah)
(145) Majhi, Shri Budheswar [Banduan (ST)—Purulia]
(146) Majhi, Shri Gobardhan [Balarampur (ST)—Purulia]
(147) Majumdar, Shri Amales Chandra (Haripal—Hooghly)
(148) Majumdar, Shri Apurba Lal [Bagdaha (SC)—24-Parganas]
(149) Makshed Ali, Shri M. (Santipur—Nadia)
(150) Malik, Shri Basudeb [Jamalpur (SC)—Burdwan]
(151) Mallik, Shri Prabir Kumar (Kashipur—Purulia)
(152) Mandal, Shri Bhakti Bhusan (Dubrajpur—Birbhum)
(153) Mandal, Shri Hazari Lal [Hingalganj (SC)—24-Parganas]
(154) Mandal, Shri Kalipada [Uluberia North (SC)—Howrah]
(155) Mandal, Shri Mrityunjoy [Hansan (SC)—Birbhum]
(156) Mandal, Shri Nabadurga [Gangajalghati (SC)—Bankura]
(157) Mandal, Shri Rabindra Nath [Rajarhat (SC)—24-Parganas]
(158) Mandal, Shri Sachindra Nath (Mograhat West—24-Parganas)
(159) Mandal, Shri Siddheswar [Rajnagar (SC)—Birbhum]
(160) Mandal, Shri Subal Chandra (Chakdah—Nadia)
(161) Maulick, Shri Kumarish Chandra [Khargram (SC)—Murshidabad]
(162) Mazumdar, Shri Dilip Kumar (Durgapur—Burdwan)
(163) Md. Soharab, Shri (Suti—Murshidabad)
(164) Misra, Shri Ahindra (Panskura West—Midnapur)
(165) Mitra, Shrimati Ila (Manicktola—Calcutta)
(166) Mitra, Dr. Sunil Kumar (Kalyanpur—Howrah)
(167) Mohammad Ali, Shri (Ratua—Malda)
(168) Mohammad Idris Ali, Shri (Murshidabad—Murshidabad)
(169) Mohammad Salimuddin, Shri (Goalpokhar—West Dinajpur)
(170) Mohammed Amin, Shri (Titagarh—24-Parganas)
(171) Mollah Humayun Kabir, Shri (Purbasthali—Burdwan)
(172) Mondal, Shri Amarendra [Jamuria (SC)—Burdwan]
(173) Mondal, Shri Ganesh Chandra [Gosaba (SC)—24-Parganas]
(174) Mondal, Shri Kumud Ranjan [Baruipur (SC)—24-Parganas]
(175) Mondal, Shri Rabin (Patharpratima—24-Parganas)
(176) Mondal, Shri Ramgati [Ketugram (SC)—Burdwan]
(177) Mondal, Shri Sasanka Sekhar (Rampurhat—Birbhum)

(178) *Mookherjee, Shri Bama Pada (Hirapur—Burdwan)*

(179) *Mohammed Khuda Bukhsh, Shri (Beldanga—Murshidabad)*

(180) Mukherjee, Shri Amritendu (Krishnagar West—Nadia)

(181) Mukherjee, Shri Anil Kumar (Onda—Bankura)

(182) Mukherjee, Shri Animesh (Dinhata—Cooch Behar)

(183) Mukherjee, Shri, Bhabani (Chandernagar—Hooghly)

(184) Mukherjee, Shri Joykesh (Domjur—Howrah)

(185) Mukherjee, Shri Haripada (Champdani—Hooghly)

(186) Mukherjee, Shri Niranjan (Behala East—24-Parganas)

(187) Mukherjee, Shri Nirmal Kumar (Howrah North—Howrah)

(188) Mukherjee, Shri Pijus Kanti (Kumargram—Jalpaiguri)

(189) Mukherjee, Shrimati Protiva (Suri—Birbhum)

(190) Mukherjee, Shri Rabin (Behala West—24-Parganas)

(191) Mukhopadhyaya, Shri Ajoy Kumar (Tamluk—Midnapur)

(192) Mukhopadhyaya, Shrimati Geeta (Panskura East—Midnapur)

(193) Mundle, Shri Salil Behari (Chapra—Nadia)

(194) Murmu, Shri Nathaniel [Tapan (ST)—West Dinajpur]

(195) Murmu, Shri Nimai Chand [Habibpur (ST)—Malda]

## N

(196) Nahar, Shri Bijoy Singh (Bowbazar—Calcutta)

(197) Nandy, Shri Sachindra Mohon (Nabadwip—Nadia)

(198) Naskar, Shri Gangadhar [Sonarpur (SC)—24-Parganas]

(199) Naskar, Shri Narayan [Canning (SC)—24-Parganas]

(200) Naskar, Shri Sundar Kumar [Bishnupur East (SC)—24-Parganas]

(201) Neogy, Shri Brajo Gopal (Polba—Hooghly)

## O

(202) Ojha, Shri Samarendra Nath (Hura—Purulia)

P

(203) Padmalakshmi Subba, Shri (Kalimpong—Darjeeling)
(204) Pahari, Shri Bibhuti (Egra—Midnapur)
(205) Pakray, Shri Gobardhan [Khandaghosh (SC)—Burdwan]
(206) Panda, Shri Bhupal Chandra (Nandigram—Midnapur)
(207) Panda, Shri Mohini Mohon (Taldangra—Bankura)
(208) Pathak, Shri Patit Paban (Bally—Howrah)
(209) Poddar, Shri Deokinandan (Jorasanko—Calcutta)
(210) Pramanik, Shri Abinash [Balagarh (SC)—Hooghly]
(211) Pramanik, Shri Radhika Ranjan [Mograhat East (SC)—24-Parganas]
(212) Purkait, Shri Prabodh [Kultali (SC)—24-Parganas]

R

(213) Raha, Shri Sanat Kumar (Berhampore—Murshidabad)
(214) Rai, Shri Deo Prakash (Darjeeling—Darjeeling)
(215) Raj, Shri Aswini Kumar (Barjora—Bankura)
(216) Ray, Shri Birendra Narayan (Nabagram—Murshidabad)
(217) Ray, Shri Jajneswar [Mainaguri (SC)—Jalpaiguri]
(218) Ray, Shri Kiran Chandra [Rajganj (SC)—Jalpaiguri]
(219) Ray, Shri Manash (Raiganj—West Dinajpur)
(220) Ray, Shri Siddhartha Shankar (Chowringhee—Calcutta)
(221) Roy, Shri Amalendra Lal (Barwan—Murshidabad)
(222) Roy, Shri Aswini (Bhatar—Burdwan)
(223) Roy, Shri Birendra Nath [Mathabhanga (SC)—Cooch Behar]
(224) Roy, Shri Dwarika Prosanna (Mahammadbazar—Birbhum)
(225) Roy, Shri Gokulananda (Raina—Burdwan)
(226) Roy, Shri Haradhan (Raniganj—Burdwan)
(227) Roy, Shri Jagadananda [Falakata (SC)—Jalpaiguri]
(228) Roy, Shri Jatindra Mohan [Kushmandi (SC)—West Dinajpur]
(229) Roy, Shri Jyotish (Falta—24-Parganas)
(230) Roy, Shri Nepal Chandra (Jorabagan—Calcutta)
(231) Roy, Shri Phakir Chandra (Galsi—Burdwan)
(232) Roy, Shri Provash Chandra (Bishnupur West—24-Parganas)

(233) Roy, Shri Santi Mohun (Pursurah—Hooghly)
(234) Roy, Shri Santosh Kumar (Cooch Behar South—Cooch Behar)
(235) Roy, Shri Saroj (Garhbeta West—Midnapur)
(236) Roy, Shri Satya Priya (Tollygunge—Calcutta)
(237) Roy Barman, Shri Khiti Bhusan (Budge Budge—24-Parganas)
(238) Roy Chowdhury, Shri Biswabrata (Mugberia—Midnapur)
(239) Roy Pradhan, Shri Amarendra Nath [Mekliganj (SC)—Cooch Beh
(240) Rudra, Shri Samar Kumar (Vidyasagar—Calcutta)

S

(241) Saha, Shri Abani Kumar [Indas (SC)—Bankura]
(242) Saha, Shri Jamini Bhusan (Noapara—24-Parganas)
(243) Saha, Shri Kripasindhu [Dhaniakhali (SC)—Hooghly]
(244) Saha, Shri Madan Mohan [Khanakul (SC)—Hooghly]
(245) Saha, Shrimati Parul (Gaighata—24-Parganas)
(246) Sahadat Hossain, Shri S. (Farakka—Murshidabad)
(247) Samanta, Shri Bijoy Krishna (Debra—Midnapur)
(248) Samanta, Shri Gouranga (Pingla—Midnapur)
(249) Sar, Shri Nikhilananda (Mangalkot—Burdwan)
(250) Saraogi, Shri Ramkrishna (Barabazar—Calcutta)
(251) Sardar, Shri Sarat [Sandeskhali (ST)—24-Parganas]
(252) Sanyal, Shri Mani (Alipore—Calcutta)
(253) Sanyal, Dr. Nalinaksha (Karimpur—Nadia)
(254) Sarkar, Shri Brajendra Nath [Haroa (SC)—24-Parganas]
(255) Sarkar, Shri Charumihir [Hanskhali (SC)—Nadia]
(256) Sarkar, Shri Nil Kamal [Nakashipara (SC)—Nadia]
(257) Sarkar, Shri Nitaipada [Ranaghat East (SC)—Nadia]
(258) Sarkar, Shri Sasthidas (Vishnupur—Bankura)
(259) Sarkar, Shri Ahindra (Gangarampur—West Dinajpur)
(260) Sen, Shri Arun (Garden Reach—24-Parganas)
(261) Sen, Shri Jamini Ranjan (Swarupnagar—24-Parganas)
(262) Sen, Shri Lakshmi Charan (Belgachia—Calcutta)
(263) Sen, Shri Prafulla Chandra (Arambagh—Hooghly)

(264) Sen, Shri Sadhan Kumar (Ashokenagar—24-Parganas)

(265) Sen Gupta, Shri Tarun Kumar (Dum Dum—24-Parganas)

(266) Shamsuddin Ahmad, Shri (Kaliachak—Malda)

(267) Singh, Shri Sudarson (Chhatna—Bankura)

(268) Sinha, Kumar Jagadish Chandra (Kandi—Murshidabad)

(269) Sinha, Shri Suresh Chandra (Karandighi—West Dinajpur)

(270) Soren, Shri Bhabatosh [Raipur (ST)—Bankura]

(271) Soren, Shri Joyram [Binpur (ST)—Midnapur]

(272) Soren, Shri Lakshan [Gajol (ST)—Malda]

(273) Soren, Shri Suchand [Ranibandh (ST)—Bankura]

(274) Surat Ali Khan, Shri (Tehatta—Nadia)

T

(275) Talukdar, Shri Pralay (Howrah South—Howrah)

(276) Thakur, Shri Nityananda (Katwa—Burdwan)

(277) Thapa, Shri Prem (Siliguri—Darjeeling)

(278) Tirkey, Shri Iswar Chandra [Phansidewa (ST)—Darjeeling]

(279) Topno, Shri Antoni [Mal (ST)—Jalpaiguri]

(280) Tudu, Shri Budhan Chandra [Keshiari (ST)—Midnapur]

## Governor's Address to the Legislative Assembly
## Wednesday, the 21st January, 1970

West Bengal Legislative Assembly met in the Chamber of the Legislative Building, Calcutta, on Wednesday, the 21st January, 1970, at 3 p. m.

PRESENT

Mr. Speaker (Shri Bijoy Kumar Banerjee) and Members of the Assembly were present.

[Mr. Speaker received the Governor in the centre of the inner square under the small dome in the vestibule where a procession was formed in the following order :—

Marshal

Secretary

Speaker

Governor

Secretary to the Governor

A. D. C.

All present then rose as the procession enter the Chamber and remained standing until the Governor took his seat.

The Governor then ascended the dais by the steps on the west and the Speaker occupied seat to the right of the Governor.]

[ 3-00—3-45 p.m. ]

**The Governor addressed the members of the Legislature as follows :**

Members................

**Dr. Nalinaksha Sanyal :** There are some strangers in the House. We would request the Governor to first ascertain, if there is any outsider except members of the Assembly.

**Governor :** I think this is a matter for the Speaker.

(Pause)

Is it the pleasure of the House, Mr. Speaker, that I proceed ?

**Mr. Speaker :** Yes.

**Governor :** Members of the West Bengal Legislative Assembly.

I extend a warm welcome to all of you in the first session of the new year, and wish you a happy and fruitful year. This is the first session of the State Legislature without a Lagislative Council since the commencement of the Constitution. West Bengal is the first State to have taken the bold and wise step of abolishing its Legislative Council. This is a historic and significant even in our legislative history.

2. Since the last session, this House has suffered a grievous loss by the demise of two members. Shri Niranjan Sen Gupta, Minister-in-Charge of the Refugee Relife and Rehabilitation Department, passed away after an illness patiently borne. By his death the people of West Bengal have lost a patriot, this House a respected and popular member, and my Government an able administrator. We shall also miss Shri Panchu Gopal Guha, a respected member of the House.

3. Today we are passing through a period of rapid changes in India. The people is on the march, but its progress towards full democracy is unsettling some of the old patterns and relations to which we have been accustomed and creating new patterns and relations which are in the process of emergence. In this process it was inevitable that there should be stresses here and strains there ; but this is a challenge to all of us to give our best endeavours. Our watchwords should be hope and optimism, for there is no place for pessimism which is bron of lack of faith in the people.

4. The United Front Government in West Bengal is a part of a process taking place all over India. A coalition government of fourteen political parties is a novel experiment. It is a tribute to the wisdom and patriotism of the leaders of these parties that they evolved a common programme to give the people of West Bengal a stable Government. It is not at all surprising that stresses and strains have appeared from time to time. A process of trial and error is inevitable and has to be gone through in the search for new modes of smooth and harmonious functioning, modes which must be appropriate to the times and the needs of the people. My Government is conscious of the problems inherent in this situation and of their responsibility in this respect.

5. This process of political change and adjustments is being carried in the midst of an economic situation which has its own difficulties and uncertainties A slight improvement of the recession has been noticed, but it has been neither uniform nor rapid. In West Bengal the pick-up has been rather slow, mainly due to the dependence of our engineering industry on Central Government orders. Uncertainties about the Fourth Five-Year Plan have injured the economy of

this State. As a result, unemployment has become a vicious problem. Economic difficulties have brought about a state of stagnation and even decay in civic development. Continued neglect by the Centre of the acute and massive problems of this State are responsible for the continuing strains. Master-plans for flood-prevention, irrigation, and metropolitan devolopment, and large schemes of health, education and other welfare services, still await adequate assistance from the Centre. In their genuine desire for the welfare of the people, my Government has not hesitated to stretch their present resources to the utmost. Economy measures and measures to mobilize further resources within the State are under way. But under the present constitutional set-up which requires the States to fulfil most of the welfare and developmental tasks and places much less responsibility on the Centre, the resources for the States are meagre and disproportionately allocated. The need of amending the Constitution in this respect and in other respects also is being felt all over India. Great political movements of the people have have been taking place on this question and my Government has continued to play its role in this matter. I have every hope that the people will achieve their ends.

6. I shall now say a few words about the programme of my Government and its performance. It is gratifying to note that in the most vital sector of our economy, namely, agriculture, my Government is taking all possible measures to step-up production. A two-year programme of crash production was taken up and the first year's target of 60 lakh tonnes was completely achieved. The target for 1969-70 is 70 lakh tonnes. A very good kharif crop has been harvested and the prospect of the rabi and summer paddy is also bright. I am confident that this year's target will be reached. More and more areas are being brought under high yielding varieties and multiple cropping. Larger numbers of shallow tube-wells and lift-irrigation schemes are being completed to increase production. To provide incentives my Government has extended the benefit of Government loan to the poorer section of the peasantry including bargadars. I hope West Bengal will steadily go ahead towards self-sufficiency in food as visualised in the United Front programme.

7. The increased agricultural production has naturally had its impact on the procurement and distribution of foodstuffs in the State. In spite of a deficit of 20 lakh tonnes of cereals in West Bengal in 1969, with Central supplies amounting to only 13 lakh tonnes, various timely corrective measures taken by my Government and popular support in the implementation of my Government's food policy kept the market conditions easy. Internal procurement in the kharif year 1968-69 amounted to 4.37 lakh tonnes in terms of rice against 2.69 lakh tonnes procured in the previous kharif year. The procurement target of 4.5 lakh tonnes was nearly fulfilled without any detriment to market availability. 85 lakhs of people were covered in 1969 under statutory rationing with an enhanced rice scale of 950 gms. and wheat scale 1,650 gms. per adult per week. Fringe rationing in the urban and deficit areas around Greater Calcutta covered another 11 lakhs with a total cereal content of 2 kgs. per adult per week. Quite a large section of

the people was brought under modified rationing and a peak population of over 308 lakhs was covered by Government distribution of cereals under modified rationing, fringe rationing, and statutory rationing in 1969. In addition, the entire remaining population was offered wheat at 1 000 grams per adult per week in rural areas and 1,250 grams in urban areas. This is the first time that the entire population of any State in India has been assured of supplies of cereals from ration shops in one form or another. The procurement target in the current kharif year has been raised to 6 lakh tonnes to ensure greater availability of stocks at the disposal of the State. The number of direct purchase centres of the Food Corporation of India has been steadily increasing, as also the number of cooperative societies working as agents for procurement. A levy of 65 per cent. on the rice produced by rice-mills out of paddy procured by them has been imposed. This year's target is expected to be reached as a result of all these measures supported by the people. To increase food production irrigrtion facilities are being expanded. During the year under review the total irrigated area from Government canals is likely to go up from 16·62 lakh acres to 17·63 lakh acres. Out of this the three major irrigation projects, namely, D. V. C., Mayurakshi and Kangsabati, will contribute an additional irrigated area of 90 thousand acres. A vigorous start has also been made to execute minor irrigation and drainage schemes all over the State. But the same time it must be recognised that nearly 80 per cent. of our cultivated land has no irrigation facilities yet.

8. Scarcity of fish and the resultant high price of this food is a serious problem in this State. My Government in spite of its limited resources has been trying hard to tackle the pro lem of this shortage. Legislative and other measures for the amelioration of the condition of poor fishermen are being initiated and carried out.

9. Agricultural production being to a large extent dependent on the structure of land relations, land reforms legislation plays a significant role in the economy of the State. My Government, therefore, intends to bring appropriate Bills during the present sesssion for removing the defects and gaps in the existing laws, introducing family ceilings for holding land, both agricultural and non-agricultural, restoration of land alienated by poor peasants in adverse circumstances, and providing effective security for bargadars by giving them some substantial rights while not overlooking the bona fide interests of the poor owner. That is of course a programme for the future. But even today my Government is diligently pursuing remedies despite the shortcomings of the existing land reforms laws. My Ministers have been able to achieve considerable success in the implementation of measures of land reforms by gearing up the administrative machinery and harnessing the active co-operation of the peasantry. About 3 lakh acres of agricultural land, clandestinely held in violation of the law of ceiling, have been recovered by systematic drives organised by the Land and Land Revenue Department. The area recovered and the vested lands at the disposal of the State have been distributed to landless agriculturists and poor peasants. My Government has already enacted legislation for the purpose of stopping eviction of bargadars which has been vigorously enforced. My Government has exempted family

holdings up to 3 acres of agricultural land from payment of rent and introduced a progressive scale of rents for bigger holdings. Other ameliorative measures protecting the rights of the tenants and poor people have also been taken. The problem of ensuring peaceful harvesting operations engaged the serious attention of my Government. In this matter it was guided by the policy that the actual cultivators should be helped to harvest their crops, the owners having land really below the ceiling were allowed to enjoy their rights and the danger of clashes was averted. To achieve this all possible precautions were taken. I am happy to state that apprehensions of widespread clashes have not materialised although there have been some clashes here and there.

10. Under the present Government a reorientation has begun in the work of the Police. The Police have been asked to serve the cause of the people and not to act for the suppression of the legitimate aspirations of the people and democratic movements. The activities of rowdy and other anti-social elements were kept in check by various preventive measures including the use of the Preventive Detention Act, which has just expired. True to its earlier pledge, my Government did not use that Act for any political purposes. Some major crimes showed a decline. A few other crimes, however, remained steady. More efforts are, therefore, called for from the Police for prevention of such crimes. My Government can claim much credit for maintaining communal peace and harmony. Unfortunately there were some communal disturbances in the districts of Hooghly and 24-Parganas. These were, however, very firmly dealt with and controlled within the shortest possible time. Communal disturbances are immediately put down and no longer continue for days together as before.

My Government is aware that it has to make greater efforts for dealing with complaints against the work and functioning of the Police and they have been directed to do their best for maintaining law and order, preventing the commission of crimes, protecting the rights of the people and all communities and serving the cause of the people in general.

11. In the sphere of cooperation and social welfare my Government is following a progressive policy of development. Strong and timely steps have been taken to collect the overdues which have thrown the entire cooperative credit structure into grave jeopardy and to reduce the overduce to 25 percent. of the total demand from the existing 70 per cent. Attempts are also being made to strengthen and import greater rural bias into the cooperative movement at the crucial primary base with the help of a viability programme. My Government in consultation with the Cooperative Law Committee has decided to make changes in the Cooperative Societies Act and the Rules with a view to ridding the movement of vested and entrenched interests and linking it to the social and economic needs of the weaker sections of the society. Improvement in the field of social welfare is a task not of the Government alone but also of the large number of public-spirited voluntary organisations. My Government's efforts will continue to be in the direction of encouraging and strengthening the voluntary organisations

*so that they take upon themselves a fair proportion of the responsibility on behalf of the society as a whole.*

12. Greater and greter involvement of the people in the field of administration is indispensable for healthy functioning of democracy. My Ministers are fully alive to this. With a view to strengthening the Panchayeti Raj institutions in the State, they have decided to replace the present Panchayet laws by new legislation to provide for more broad-based organisations in place of the existing ones. The Bill has already passed the Committee stage and will be placed before the House during the current session.

13. In the sphere of health my Government's efforts to improve and expand the facilities for medical education and treatment and prevention of communicable diseases continued. Intensification of measures for prevention of adulteration of foodstuffs is under active consideration. To improve rural water-supply it is contemplated to undertake a more comprehensive plan for construction of rural water-supply sources during the coming year. Canstruction of rural family planning centres and sub-centres is proposed to be undertaken for facilitating family planning activities in the rural area.

14. In the field of education the scheme of free and compulsory primary education has been introduced in Purulia district thus covering the entire rural area of the State. In the urban areas 17 out of 89 municipalities have been brought under the scheme of free and compulsory primary education. The question of expansion of free primary education is under the active consideration of the Government. A comprehensive Primary Education Bill has been drafted and is likely to be placed before this session of the Asembly. 1,500 new primary schools in unschooled villages are being set up in this year. Steps are being taken to pay pension to teachers and other employees of school. To remove inefficicncy in the field of secondary education and improve the management of schools, my Government has framed a set of rules relating to their managing committees. To improve the standard of secondary education my Government is contemplating to overhaul the West Bengal Secondary Education Act. Over-congestion in colleges and diffiiculties in getting admission are indeed serious problems to which there is no easy solution. My Government has, however, extended the scope of admission of students to colleges by introducing quite a number of new shifts in the existing colleges and by opening Commerce Units and Honours Courses in new subjects in the Government-sponsored institutions and colleges. This measure, it is hoped, will to a great extent solve the genuine difficulties of students seeking admission in colleges.

15. West Bengal which bears a good record of rapid industrialisation offers considerable techno-economic advantages for the growth of new industries in the State. The newly constituted Advisory Council for industrial development has beeen entrusted with the task of formulating adequate schemes for the development of industries in the State. This State has a burning problem of a good number of closed and sick industrial units. My Government has already taken over the controlling share of

Westinghouse Saxby Farmer Ltd. and intends to re-start as many of these units as possible in phased programmes depending upon the financial and other resources of the State. Haldia bids fair to flourish as a large industrial complex with the port, oil refinery and fertiliser plant. The thermal power project at Santaldi and the hydel projects at Jaldhaka. Ramman, and Kurseong of the State Electricity Board which are under way will ensure development of industries in many areas of the State.

16. Along with big industries great emphasis has also to be laid on cottage and small-scale industries for integrated development. Accordingly my Government has been continuing its activities for the promotion of various industries both in the village and cottage sector and in the small-scale industries. Attempts are being made to set up small-scale industries in the rural areas and attract small industrial entrepreneurs there for which an appropriate incentive scheme has been sanctioned. A scheme for setting up Industrial Development Areas in selected places is under execution.

17. Industrial relations in the State showed a marked improvement during the year in so far as a lesser number of disputes were referred to the conciliation machinery as compared to that in the preceding year. My Government's policy is to encourage settlement of disputes through biparite negotiations. Special mention may be made of the benefits which have accrued to the workers of the jute, tea plantation, cotton, textile and engineering industries in the shape of enhanced wages as a result of the trade union activities of the workers and the efforts of my Government. Unemployment corrodes the society. It is, therefore, necessary that all attempts should be made to reduce the number of the unemployed. It is also necessary that something is done to ameliorate the sufferings of those who are unemployed and my Government is exploring the feasibility of giving unemployment relief

18. One of the most distressing features of the State is the large number of unrehabilitated displaced persons. My Government has, therefore, been urging the Government of India for a significant change in the method, pace and pattern of rehabilitation. Unfortunately the working of the rehabilitation measures so far undertaken has been half-hearted and has not touched all material problems. Rehabilitation of displaced persons is a national problem and the State Government alone cannot tackle it without the cooperation of the Government of India.

19. For amelioration of distress of the people my Government undertook widespread relief measures in the last year. The prevailing general distress was greatly accentuated by disastrous floods in Malda, Murshidabad, West Dinajpur, Jalpaiguri, Cooch Behar and in some other districts in 1969. Rescue operations were undertaken with the help of the army and civil defence personnel in the districts of Malda and Murshidabad. Flood victims were provided with temporary shelters. Measures for their rehabilitation have been taken in hand. Relief and house-building grants were extended to the victims of civil commotions. My Government's Relief Department has also started providing work to the workless in small development schemes.

*20. In pursuance of programme of my Ministers, visible relics of British imperialism on the Calcutta Maidan and its adjoining areas, and in the districts,* which were standing there even after 20 years of independence have been removed. In their place statues of national leaders will be installed and steps are being taken for installation of statues of Raja Ram Mohan Roy, Deshbandhu Chittaranjan Das and Bankim Chandra Chatterjee.

21. In the matter of development of roads, work has mostly been confined to the continuing schemes as part of the Fourth Five-Year Plan, but unfortunately desired progress could not be achieved on account of acute shortage of funds. Furthermore, widespread damage to a large number of roads and bridges in the floods of 1969 halted the progress of road works to some extent.

22. In this year, three significant reforms have been introduced in the Judicial Administration of the State, namely, the pecuniary jurisdiction of the City Civil Courts has been raised up to Rs. 50,000; the sessions jurisdiction of the High Court has been abolished; and Ad-valorem Court Fees have been introduced in cases filed on the Original Side of the High Court. Further, the Scheme of Separation of the Executive from the Judiciary has been extended to four more Districts—thus covering six Districts in all, namely, Purulia, Bankura, Cooch Behar, Murshidabad, Hooghly and Calcutta. My Government is also trying to render cheaper and quicker justice to the people.

23. The size of the Fourth Five-Year Plan has yet to be fixed on the recommendation of the National Development Council. But the annual Plan for 1969-70 which is the first year of the Fourth Five-Year Plan has been fixed at Rs. 49·98 crores and that for 1973-71 has been fixed at Rs. 51·36 crores. On this basis the size of the entire Plan will fall far short of the State's requirements. My Government will take up this matter with the Union Government. I hope justice will be done to the needs of the State when the Plan is finally formulated.

24. I must also emphasise that the problems of Calcutta are tremendous and they cannot be tackled by the State Government alone. The original plan for development of Calcutta Metropolitan District had to be reduced from Rs. 100 crores to Rs 80 crores and then to Rs. 43 crores due to want of necessary plan assistance from the Centre. This sum falls far short of the needs. But even the latest figure is still uncertain as the final size of the Fourth Plan has not yet been settled. However, the Second Hooghly River Bridge Project is now almost ready for implementation at a total estimated cost of Rs. 16.52 crores with loan assistance outside the plan from the Government of India. In the field of housing where there is an acute shortage, experimental low cost housing schemes are being formulated by the CMPO.

25. Traffic regulation and control in Greater Calcutta has assumed very great importance and a Metropolitan Transport Authority is under contemplation to ensure closer coordination between enforcement of laws and maintenance of road services and traffic control points. An Inland Water Transport Cell has been set up to prepare schemes for the

resuscitation of certain important inland waterways in the State. Public sector transport services including the Tramways, while they have registered some improvement in recent months, continue to operate at a great loss. There is no doubt that greater efforts will be required to improve efficiency and to render the services adequate for the metropolitan public.

26. Municipal taxation in Calcutta bustees has been reduced to a maximum of 18 per cent, of annual valuation. In other municipalities holdings with annual valuation upto Rs. 50 have been exempted from taxation. The iniquitous provision of lower rate of municipal taxation for anual valuation above the first three lakhs has been abolished and value of plants, machineries, etc., has been included in assessing factories, etc, under the Bengal Municipal Act. In spite of this, most of the municipal bodies are in a moribund state. Their financial difficulties are chronic. My Government has, therefore, set up two Committees for recommending a large scale amendment of the Bengal Municipal Act and the rules and by-laws made thereunder with a view to bring the municipal laws in line with the present-day needs and also find out additional sources of income for the municipal bodies in order to make them as much self-sufficient as possible.

27. My Government has taken up measures for increasing milk production in the State. With a view to evolve a superior type of dairy cattle a project has been put through for cross-breeding of such cattle at Haringhata. The West Bengal Dairy and Poultry Development Corporation has recently started functioning and it is hoped that the Corporation will take up the manufacture and distribution of cattle and poultry feed for promotion of dairy and poultry industries in the State with a view to increase the protein food and employment potentialities.

28. My Government has set up a Film Consultative Committee which is considering ways and means of improving the film industry in the State. An Information Bureau has been set up in New Delhi for correct projection of West Bengal in the Centre.

29. My Ministers have liberalised the Family Pension Scheme for Government employees. They have also decided that subject to certain conditions the service of the political sufferers who are employed under the Government shall be extended until they attain the age of 65 years or complete 30 years of service, whichever is earlier.

The Pay Commission has just submitted its Report so far as the Government employees are concerned and the Report is now under the consideration of my Government.

30. Your main work in this session will be to discuss the Budget Estimates for the coming year and the current year's Supplementary Estimates and to approve the Appropriation Bills in connection with them. You will also be asked to consider and accord your approval to a number of other important Bills.

31. We are living through difficult times. For the all-round progress of the State vigorous efforts on the part of all are required. There are crippling limitations of financial resources. But that cannot be a ground for staying our hands in undertaking productive and ameliorative measures. It is my fervent hope that with firm determination, willing cooperation, and hard work the people of the State will steadily progress towards prosperity and happiness. They await guidance from you who are the responsible political leaders of the community and I am sure that they will not be disappointed. I wish your deliberations success, and give you my blessings.

[The Governor then left the chamber in procession in the same order as he came in.]

### Assembly Members Absent

The following members of the West Bengal Legislative Assembly were absent at the sitting addressed by the Governor on the 21st January, 1970 :—

(1) Shri Ahammed Aftabuddin,

(2) Shri Bazle Ahmad,

(3) Shri Chowdhury Abdul Karim,

(4) Shri Krishna Prasad Duley,

(5) Shri Gofurur Rahaman,

(6) Shri Sadhan Gupta,

(7) Shri Sitaram Gupta,

(8) Shri Gyan Singh Sohanpal,

(9) Shri Mohammad Salimuddin,

(10) Shri Animesh Mukherjee,

(11) Shri Nemai Chand Murmu,

(12) Shri Patit Paban Pathak,

(13) Shri Abinash Pramanik,

(14) Shri Jajneswar Ray,

(15) Shri Abani Kumar Saha,

(16) Shri Shamsuddin Ahmad,

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 21st January, 1970, at 4-30 p. m.

PRESENT

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 27 Ministers, 2 Ministers of State and 238 Members.

[ 4-30—4-34 p.m. ]

**Mr. Speaker :** Honourable members,

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার :** মাননীয় স্পীকার মহাশয়, এই সেসন থেকে বাংলায় বলা হোক, কারণ এই রকম হবার কথা ছিল।

### Panel of Chairman

**Mr. Speaker :** Rule 9 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly যা আছে সেই অনুযায়ী আমি নিম্নলিখিত সভ্যদের Assemblyতে Panel of 6 Chairmen মনোনীত করছি :—

1. Shri Hemanta Kumar Basu,
2. Shri Syama Prasad Barman,
3. Shri Monoranjan Hazra,
4. Shrimati Ila Mitra,
5. Shri Panchkari De,
6. Shri Nikhil Das.

I beg to report that the Governor has been pleased to make a speech. A copy of the speech is laid on the Table.

**শ্রীগোপাল বোস :** মাননীয় স্পীকার, মহাশয়, বর্তমান অধিবেশনের রাজ্যপালের ভাষণের প্রত্যুত্তরে নিম্নোক্ত মর্মে আমি একটী ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপন করিতে ইচ্ছুক :—

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক :—

'এই অধিবেশনে সমবেত পশ্চিমবংগ বিধানসভার সদস্যবৃন্দ আমরা মহামান্য রাজ্যপাল মহাশয় ২১শে জানুয়ারী, ১৯৭০, তারিখের অধিবেশনে যে ভাষণ দান করিয়াছেন, সেইজন্য তাঁহাকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।'

**শ্রীমতী ইলা মিত্র:** আমি এই প্রস্তাব সমর্থন করছি।

**মিঃ স্পীকার:** যদি কোন সংশোধনী প্রস্তাব থাকে তাহলে ২৭শে জানুয়ারী, ১৯৭০ সালে বেলা তিনটার সময় অফিসে জমা দেবেন। এখন আর কিছু করবার নেই। The House stands adjourned till 1 p. m. tomorrow, the 22nd January, 1970, at the Assembly House, Calcutta.

## Adjournment

The House was accordingly adjourned at 4-34 p. m. till 1 p. m. on Thursday, the 22nd January, 1970, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 22nd January, 1970, at 1 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 21 Ministers, 2 Ministers of State and 220 Members.

## OBITUARY

[1—1-10 p. m.]

**Mr. Speaker :** I am very sorry to make an obituary reference now.

Honourable members, it is my melancholy duty to refer before the House the sad demise of Shri Alamohan Das, an ex-M L.A., who breathed his last at his residence in Dasnagar, Howrah, on 29th December, 1969, at the age of 76. Shri Das was returned from Amta (North) constituency in Howrah district in the First General Election of 1952. Shri Das was one of the pioneers of industrialisation in Bengal. He was a founder of the Indian Machinery Co. in Howrah. Later he founded, among others, Das Bank, Arati Cotton Mills. Bharat Jute Mills in Dasnagar, an industrial township in Howrah. He was connected with many social institutions. Shri Das is survived by his wife, three sons and five daughters besides a large number of his friends and admirers to mourn his loss. May his soul rest in peace.

I would now request the honourable members to kindly rise in their seats for a minute as a mark of respect to the departed soul.

[Members then stood in silence for a minute.]

Thank you, ladies and gentlemen, Secretary will do the needful.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

**Mr. Speaker :** Starred question Nos. 1 and 2 are held over. I now call upon starred question No. 3.

### গ্রাম্য রাস্তা সংস্কার ও গ্রাম্য নদী-নালার উপর সাঁকো নির্মাণ

***3** (Admitted question No. ***24.**)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গ্রাম্য রাস্তায় নদী-নালার উপর সাঁকো নির্মাণ এবং গ্রাম্য রাস্তাগুলির নিয়মিত সংস্কারের কাজ কোন্ দপ্তর বা সংস্থা দ্বারা করা হইয়া থাকে এবং তজ্জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান কিভাবে হয়?

**শ্রীবিভূতি ভূষণ দাসগুপ্ত:** সাধারণতঃ গ্রামে পঞ্চায়েতের অধিকার ক্ষেত্রের মধ্যে অবস্থিত গ্রাম্য রাস্তার নদী-নালার উপর সাঁকো নির্মাণ এবং গ্রাম্য রাস্তাগুলির নিয়মিত সংস্কারের কাজ বিধি অনুযায়ী সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত করে থাকেন। এক্ষেত্রে তাঁদের আর্থিক সঙ্গতি অনুযায়ী তাঁরা ব্যবস্থা করতে পারেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** *মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে গ্রাম পঞ্চায়েতের আর্থিক সঙ্গতি কতটা হয়ে থাকে?*

**শ্রীবিভূতি ভূষণ দাসগুপ্ত:** গ্রাম পঞ্চায়েতের বেশীর ভাগ ক্ষেত্রে আর্থিক সঙ্গতি খুব সীমিত।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সেই সীমিত আর্থিক সঙ্গতি নিয়ে গ্রাম পঞ্চায়েতের ঘাড়ে যদি সাঁকো তৈরী করার দায়িত্ব ছেড়ে দেওয়া হয় তাহলে তার অর্থ কি এই হয় না যে সাঁকোগুলি যাতে আরো উন্নত হয় তারই ব্যবস্থা টিকিয়ে রাখা?

**শ্রীবিভূতি ভূষণ দাসগুপ্ত:** এই কথা ঠিক বলেছেন, তবে একটা কথা হচ্ছে বর্তমান সময় পর্যন্ত যে ব্যবস্থা চলেছে তাতে গ্রাম পঞ্চায়েতের উপর সমস্ত নির্ভর করছে। সরকারের যদি টাকার ব্যবস্থা হয় তাহলে গ্রাম পঞ্চায়েতকে সে বিষয়ে সাহায্য করবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** নূতন যে পঞ্চায়েত বিল আসছে সে বিলে গ্রাম পঞ্চায়েতের আর্থিক সঙ্গতি যাতে করে কোন কিছু বাড়তে পারে তার রাস্তা কি বাতলান হবে?

**শ্রীবিভূতি ভূষণ দাসগুপ্ত:** সে বিল আজ পেজেন্ট করছি সেটা দেখলেই দেখতে পাবেন —তার মধ্যে কি ব্যবস্থা আছে।

**শ্রীসনৎ কুমার রাহা:** গ্রাম পঞ্চায়েত যে ক্ষেত্রে রাস্তা এবং সাঁকো ইত্যাদি নির্মাণের কাজ করতে পারবে না মনে করছে সে ক্ষেত্রে সেটা অন্য কোন দপ্তর থেকে করাবার কোন ব্যবস্থা সরকারের আছে কি না?

**শ্রীবিভূতি ভূষণ দাসগুপ্ত:** গ্রাম পঞ্চায়েত অঞ্চল পঞ্চায়েত যেখানে করতে পারবে না সেখানে সরকারের একটা ব্যবস্থা আছে সেটা হচ্ছে কনট্রিবিউটরি ভিলেজ রোড স্কীম অর্থাৎ অঞ্চল পঞ্চায়েত যদি ১/৩ অংশ দেন তাহলে সরকার থেকে তাদের ২/৩ অংশ সাহায্য করা হয়ে থাকে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রিমহাশয় যে স্কীমের কথা বললেন সেই স্কীম তো উঠে গেছে, টাকা পয়সা আর দেওয়া হয় না সে খবর মন্ত্রিমহাশয় রাখেন কি?

**শ্রীবিভূতি ভূষণ দাসগুপ্ত:** এই স্কীম উঠে যায় নি, এই বছর ১ লক্ষ টাকা বরাদ্দ ছিল, সেটা ১৫টা জেলাতে ভাগ করে কিছু কিছু দেওয়া হয়েছে।

**সেতু রাস্তা ও স্থানের নূতন নামকরণ**

*4. (Admitten quesiton No. *168.)

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় ১৯৬৯ মার্চ মাস হইতে ১৯৭০ সালের জানুয়ারী মাসের মধ্যে কতগুলি সেতু, রাস্তা ও স্থানের নূতন নামকরণ করা হইয়াছে ; এবং

(খ) পশ্চিম বাংলায় এখনও যেসব সাম্রাজ্যবাদী পাশ্চাত্ত্য শক্তির নায়কদের নামাঙ্কিত রাস্তা, সেতু, স্তম্ভ ইত্যাদি রহিয়াছে সেগুলির পরিবর্তনের কথা সরকার চিন্তা করিতেছেন কি না ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** (ক) তিনটি সেতু, দুইটি রাস্তা এবং বাড়ী ও স্তম্ভসমেত চারটি স্থানের নূতন নামকরণ করা হইয়াছে।

(খ) হ্যাঁ।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** মাননীয় মন্ত্রিমহাশয় যে নূতন নামকরণের কথা বললেন কি কি নামকরণ করা হয়েছে সেটা কি জানাবেন ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** সেতুর মধ্যে কোশী ব্রীজ মেদনীপুরের কাছে যেটা তৈরী হচ্ছে সেটার আমরা নামকরণ করবো দেশপ্রাণ শাসমল সেতু, রূপনারায়ণ নদীর উপর যে সেতু আছে সেটা পূর্ত সড়ক বিভাগের অধীনে তার নামকরণ হয়ে গেছে শরৎ সেতু, আর একটা শীলাবতির উপর ঘাটালের কাছে যে সেতুটা সেটাও পূর্ত সড়ক বিভাগের অধীনে তার নামকরণ করা হয়েছে বিদ্যাসাগর সেতু। আর রাস্তা যেটাকে আপনারা ভি, আই, পি রোড বলেন কলকাতা দমদম সুপার হাইওয়ে তার নাম করা হয়েছে নজরুল ইসলাম এভিনিউ, এটাও পূর্ত সড়ক বিভাগের। আরো একটা রাস্তা সিউড়ি মহাম্মদ বাজার রোড সিউড়ি থেকে তিলপাড়া ব্যারেজ পর্যন্ত যে অংশটা তার নাম করা হয়েছে মহাত্মা গান্ধী রোড। আর সেগুলি স্তম্ভ বা বাড়ী ৪টি আছে তার মধ্যে আগের দিনের অকটারলোনী মনুমেণ্ট তার নাম করা হয়েছে শহীদ মিনার, ডালহৌসি স্কোয়ারের নাম করা হয়েছে বিনয়-বাদল-দিনেশ বাগ, কার্জন পার্কের নাম করা হয়েছে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ পার্ক, আর কুখ্যাত এনডারসন হাউসের নাম করা হয়েছে ভবানী ভবন।

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** আপনি অনেক রাস্তা এবং সেতুর নূতন নামকরণ করেছেন। বাংলাদেশের শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দোলার নামে কোন রাস্তা বা সেতুর নামকরণের ইচ্ছা আছে কি ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** মাননীয় সদস্য যদি কোন সাজেশন পাঠান কোন উপযুক্ত রাস্তা বা সেতুর নাম উল্লেখ করে নিঃসন্দেহে সেটা ফেবারেবলী কনসিডার করা হবে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** আপনি অনেক নূতন নামকরণ করছেন। আন্দামান এবং নিকোবর দ্বীপপুঞ্জ-এর নাম শহীদ এবং স্বরাজ দ্বীপ করার কথা ভাবছেন কি ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** মাননীয় সদস্য জানেন যে ওটা আমাদের সরকারের এক্তিয়ারে নয়। তিনি লিখলে আমি কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দেব উইথ আওয়ার রেকমেনডেশনস।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** মন্ত্রিমহাশয় জানাবেন কি রাস্তা এবং স্থানের নামকরণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন বাধার সৃষ্টি হচ্ছে কি না ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** মাননীয় সদস্য জানেন ন্যাশনাল হাইওয়ে এবং তার উপরের সেতুগুলি যেগুলি আছে সেগুলি রাজ্য সরকারের সম্পত্তি নয়, কেন্দ্রীয় সরকারের সম্পত্তি। আমরা ওয়ার্কিং এজেন্ট। তৈরী করি, রিপেয়ার করি, মেনটেন করি। সেইসব রাস্তায় নামকরণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বাধা দেন।

**শ্রীগোপাল বসু :** রাজভবনে যে একটা প্রতীক আছে, বৃটিশ সিংহের মূর্ত্তি সেটার ব্যাপারে কি করছেন জানাবেন কি ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** সেটা আমার জানা আছে। আগে যিনি এ্যাকটিং গভর্ণর ছিলেন শ্রী ডি, এন, সিনহার কাছে লিখেছিলাম সাম্রাজ্যবাদী প্রতীকের বিষয় এবং সেটা রিমুভ করবার জন্য। তিনি আমাকে লিখেছিলেন পারমানেণ্ট গভর্ণর এলে তাঁর সঙ্গে ম্যাটারটা টেক আপ করতে। বর্তমান যিনি রাজ্যপাল আছেন তাঁর সঙ্গে ম্যাটারটা টেক-আপ করেছি।

**শ্রীঅখিল কুমার মুখার্জী :** Writers' Buildings-এ গ্রীক মাইথলজির উপর ভিত্তি করে বৃটিশ মূর্ত্তিগুলি আছে সেগুলি তুলে নেবার জন্য ব্যবস্থা অবলম্বন করছেন কি ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** সেগুলো গ্রীক নয়, রোমান। গডেস মিনার্ভার উপর সেগুলি কল্পিত সেগুলি তো ইমপিরিয়ালিসটিক রেলিকস নয়।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** বহরমপুরের যে ন্যাশনাল হাইওয়ে—৩৪ যেটা ফরাক্কা পর্য্যন্ত গিয়েছে বহরমপুর থেকে সেই রাস্তাটা অর্থাৎ বহরমপুর থেকে ফরাক্কা পর্য্যন্ত এর নামকরণ কি শহীদ নলিনী বাগচী স্মরণী করছেন ?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** আমি আগেই বলেছি ন্যাশনাল হাইওয়ে এটা কেন্দ্রীয় সরকারের অধীন। মাননীয় সদস্য যদি এটা পাঠান তবে আমরা এটার বিষয় বিবেচনা করে দেখতে পারি।

*5 Withdrawn.

**Closed and sick cotton mills**

*6. (Admitted question No. *3.) **Shri Panchugopal Bhaduri:** (a) Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(i) whether there is any closed or sick cotton mills in West Bengal at present ; and

(ii) if so, the number of such mills ?

(b) Will the Minister be pleased to state—

(i) whether Government have instituted any official enquiry to ascertain the reasons for the closure of these mills or why a mill is sick ; and

(ii) whether any Textile Corporation has been set up for taking over the closed and sick cotton mills in West Bengal ?

1-10—1-15 p.m. ]

**Shri Sushil Kumar Dhara :**

(a) (i) Yes.

(ii) 12.

(b) (i) Yes.

(ii) No.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে কোন্ কোন্ মিলগুলিকে তিনি সিক মিল বলছেন ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** আমাকে বলতে হবে না। এটা বলাই হয়ে গিয়েছে। সেগুলো হচ্ছে যেগুলি ক্লোজড হয়ে আছে। যে ১২টা ক্লোজড মিলগুলোর কথা বললাম সেগুলো হচ্ছে—

(১) আরতি কটন মিলস লিমিটেড, (২) মোহিনী মিলস লিমিটেড, (৩) বঙ্গলক্ষ্মী কটন মিলস লিমিটেড, (৪) বঙ্গশ্রী কটন মিলস লিমিটেড, (৫) বঙ্গেশ্বরী কটন মিলস লিমিটেড, (৬) সোদপুর কটন মিলস লিমিটেড, (৭) মণীন্দ্র মিলস লিমিটেড, (৮) হাওড়া কটন মিলস, (৯) ঢাকেশ্বরী কটন মিলস লিমিটেড, (১০) কানোরিয়া ইনডাষ্ট্রিস, (১১) আদর্শ কটন স্পিনিং এ্যাণ্ড উইভিং মিলস এবং (১২) শ্রী রাধাকৃষ্ণ কটন মিলস লিমিটেড।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** কোন কোন গুলিকে sick mill বলা হয় এবং কেন বলা হয় ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** দেহে যেমন sickness থাকে তেমনি কিছু কিছু মিল আছে যেগুলি বেঁচে মরছে সেগুলিকেই বলা হয়।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** গত সুতাকল strike-এর মীমাংসার সময় যেসব মিলগুলিকে sick mill বলা হয়েছিল তারা প্রত্যেকে চলছে—যেমন লক্ষ্মীনারায়ণ কটন মিল। কিন্তু যেগুলি রুগ্ন সেগুলি সম্পর্কে কোন অনুসন্ধান করেছেন কি না এবং করে থাকলে সেই sickness-এর কারণ কি কি জানাবেন কি ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** একটা অনুসন্ধান কমিটি হয়েছে তাঁরা close mill সম্বন্ধে report তৈরী করেছেন এবং sick mill-এর report তৈরী করছেন। ঐযে বললেন চলছে তার মানে হচ্ছে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে—"আমি বাঁচিয়া বাঁচিয়া মরি, নিতিবিতি আমারে লহগো বাঁচায়ে।" এইভাবে অনেক মিল চলছে এবং আমরা সেগুলিকে sick mill-এর পর্য্যায়ে ফেলেছি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** Closed এবং sick mill সম্পর্কে কেন্দ্রীয় সরকারের একটা Textile Corporation করার কথা ছিল এবং একটা overall step নেবার কথা ছিল। এসম্পর্কে আপনি কি কিছু চিন্তা করছেন ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** আমরা Corporation করার জন্য একটা মিটিং করেছি এবং তার কিছু কিছু সিদ্ধান্তও হয়েছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছি এর যেগুলি Corporation আওতায় নেব তার মধ্যে শতকরা ৫১ ভাগ share কেন্দ্রীয় সরকার নেবেন। এটা সম্পূর্ণ তাঁদের উপর নির্ভর করছে। অর্থাৎ Corporation করার অনুমতি বা আর্থিক সাহায্য তাঁরা দেবেন কি না তার উপর সব নির্ভর করছে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** Corporation কি প্রতিষ্ঠিত হচ্ছে ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** এটা কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করছে।

**শ্রীনিখিল দাস :** এই ১২ টার বাহিরে কি আরও sick mill আছে ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** আমি close mill-এর কথা বলেছি। sick mill-গুলি সম্পর্কে তদন্ত হলে দেখা যাবে কতগুলি sick mill আছে।

**Shri Biswanath Das Ghosh :** Will the Hon'ble Minister be pleased to state how many industries have totally become sick although not dead ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীনিখিল দাস :** কটা সিক মিল আছে এপর্যন্ত ঠিক হয়নি। আপনি যে Enquiry Committee-র কথা বললেন সেটা খালি Cotton Textile-এর কথা। All industries সম্বন্ধে কোন Enquiry কমিটি হয়নি। ১২টা মিল ছাড়া আরও sick mill আছে। Cotton Textile industry সম্বন্ধে কোন special enquiry করার কথা চিন্তা করছেন কি না ?

[ 1-20—1-30 p. m. ]

**শ্রীসুশীল কুমার ধাড়া :** না, ভাবিনি, ভাবার প্রয়োজন আছে বলে মনে করি না।

**শ্রীনিখিল দাস :** এইযে আদর্শ কটন মিলস্, এই আদর্শ কটন মিলস্ একদিনের জন্যও চলেছিল কি না বলবেন কি ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** নোটিশ পেলে বলতে পারবো।

**Shri A. H. Besterwitch :** Will the Hon'ble Minister kindly state whether these mills are really on the dying stage? If so, are the Government prepared to take up those mills and make it a public sector without any compensation ?

**Shri Sushil Kumar Dhara :** Only the expert doctors can

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে সিক মিলের কথা বললেন এই সিক মিলগুলি কি কি কারণে ক্লোজড হয়েছে এবং কি কি কারণে চালাতে পারছে না এটা কি আমাদের জানাবেন?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আমি একটু আগেই বলেছি, মাননীয় সদস্য এ'দিকের বেঞ্চ থেকে বলেছেন এই সিক মিলগুলি সিক নয়, ক্লোজড বলেছেন এবং আপনারাই তার কারণ সে বিষয়ে সন্দেহ নেই। তার মূল কারণ হল ওঁরা তদন্ত কমিটি বসিয়েছিলেন এবং সেই তদন্ত কমিটি যে রিপোর্ট দিয়েছিল সেটার একটুখানি আমি এখানে পড়ে শোনাচ্ছি—

(a) Want of finance for working capital modernisation and renovation; (b) Mismanagement and lack of co-ordination amongst the shareholders or Directors; (c) Shortage of raw cotton; (d) Labour trouble and (e) Low productivity.

**শ্রীনিখিল দাস:** এই যে ১২টি মিল বন্ধ হবার কথা বলেছেন মন্ত্রিমহাশয় এবং তার এনকোয়ারির রেফারেন্স দিয়ে বলেছেন যে এখন পর্যন্ত এনকোয়ারি কমপ্লিটেড হয়নি। আমি খালি একটা প্রশ্ন করবো এই মিলগুলি যে বন্ধ হয়েছে, সিক মিলগুলি যে সিক হয়েছে বা ক্লোজড হয়েছে সেই রিপোর্টে কি একথা আছে যে এর কারণ হ'ল মালিকদের অসৎ উদ্দেশ্য ছিল যে শ্রমিকদের ন্যায্য দাবী না দিতে হয়?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** মাননীয় সদস্য অনেক দিন ধরে এই হাউসের সদস্য আছেন এবং তাঁর নিশ্চয়ই জানা আছে যে ১৯৬৭ সালে এই তদন্ত আরম্ভ করে এবং শুধু কটন টেক্সটাইলের উপর তারা তদন্ত করে একটা রিপোর্ট কেন্দ্রীয় সরকারকে পাঠায় এবং আমরা এই তদন্তের প্রতিক্রিয়া জানতে পারিনি। আমরা এটা জানতে পারলে তবে আমরা এই সম্বন্ধে কি করবো তা ভাবতে পারি।

**শ্রীগোপাল বসু:** বম্বেতে টেক্সটাইল কর্পোরেশন গঠন করে সেখানকার সিক মিলগুলিকে কর্পোরেশনের আওতারে নিয়ে কাজ চালাচ্ছেন। এখন আমরা একই কেন্দ্রীয় সরকারের অধীনে—এই ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্টও, কাজেই আমি মন্ত্রিমহাশয়কে বলবো এখানে যে উচ্চ পর্যায়ের আলোচনার কথা বলেছেন তা এখানে বাধা হওয়ার কারণ নেই, এক জায়গায় হচ্ছে আর এক জায়গায় হবে না তা হতে পারে না, সুতরাং এসম্পর্কে তাদের নীতি কি, টেক্সটাইল কর্পোরেশন করার সম্বন্ধে তাদের অভিপ্রায় কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আমরা সাধারণভাবে চাই যে ক্লোজার এবং সিক ইনডাষ্ট্রী যাতে করে বাচান যায় এবং ভাল করে সুষ্ঠুভাবে কাজ করতে পারে তার জন্য নিশ্চয়ই আমরা চাই এবং যুক্তফ্রণ্ট সরকারও তাই চায় কিন্তু মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে তার কতকগুলি পদ্ধতি আছে এবং সেই অনুসারে আমরা এগুচ্ছি এবং মন্থরগতিতে নয় ভাল ভাবেই এগুচ্ছি।

**শ্রীগোপাল বসু:** এখন আমরা দেখছি কতকগুলি টেক্সটাইল মিল রিয়ালি সিক আর কতকগুলি ট্রাবলড। কিন্তু কতকগুলি আছে তারা শ্রমিকদের ন্যায্য দাবী দাওয়া বঞ্চিত করবার জন্য পারপাসলি বন্ধ করে রেখেছে। এখন ১৯৬৭ সালের এনকোয়ারীর উপর নির্ভর করে সেই সম্পর্কে কিছু করা ঠিক নয় কারণ প্রতিদিন প্রতিমুহূর্তে তারা শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছে। সেই এনকোয়ারী কমিটি এখনকার প্রবলেম সমাধান করতে

পারবে না। সুতরাং মাননীয় মন্ত্রিমহাশয় এদিকে লক্ষ্য দেবেন কি যে কোন্ কোন্ কারখানাগুলি সত্যি সত্যি সিক না হোক?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** এনকোয়ারি কমিটিতে বিভিন্ন এক্সপার্ট নিয়ে হয়েছে তার ভিতর মার্চেন্ট চেম্বার-এর প্রতিনিধি আছে বিভিন্ন এক্সপার্টদের প্রতিনিধি আছে এবং অর্থনীতিবিদ্‌দের প্রতিনিধি আছে। এবং এই কমিটির রিপোর্ট কেউ চ্যালেঞ্জ করে আমাকে কেউ কিছু জানায়নি। আর আপনি যে কথা বললেন তাতো আমরা চাই কিন্তু তার আর্থিক সংগতি থাকা চাই সেজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বর্ধিত হারে টাকা চেয়েছি।

**শ্রীগোপাল বসু:** এই এনকোয়ারি কমিটিতে চেম্বার অব কমার্সের প্রতিনিধি আছে কিন্তু শ্রমিকদের কোন প্রতিনিধি নাই, এনকোয়ারি কমিটিতে তাহলে এটা একতরফা হয়ে যাচ্ছে না?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আপনি ঘটনা ন্যারেট করলেন কিন্তু প্রশ্নটা কি সেটা বলুন।

**শ্রীগোপাল বসু:** আমি বলতে চাই যে ১৯৬৭ সালে যে এনকোয়ারি কমিটি হয়েছিল তাতে শ্রমিকদের প্রতিনিধি বা শ্রমিক ইউনিয়ানের প্রতিনিধি নাই তার কোন ব্যবস্থা করবেন কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** (নো রিপ্লাই)

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** যেসব টেক্সটাইল মিল ক্লোজড এবং সিক হয়ে আছে তার এনকোয়ারি কমিটি হয়েছে তাতে চেম্বার অব কমার্সের প্রতিনিধি আছে কিন্তু শ্রমিকদের প্রতিনিধি নাই। সেজন্য আমি বলতে চাই যে যুক্তফ্রন্ট সরকার কি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করবে যাতে নতুন করে এনকোয়ারি কমিটি বসাবার জন্য যেখানে শ্রমিকদের প্রতিনিধি থাকতে পারে।

**শ্রীসুশীল কুমার ধাড়া:** এর কোন আবশ্যকতা নাই। কারণ এনকোয়ারি কমিটি ক্লোজড এবং সিক ইণ্ডাষ্ট্রী সব এনকোয়ারি করবেন এবং টেক্সটাইল ইণ্ডাষ্ট্রী হচ্ছে এর মধ্যে ওয়ান অব দি ইনডাষ্ট্রি এনকোয়ারি কমিটি সকলকে আহ্বান জানিয়েছে তাদের বক্তব্য রাখবার জন্য, সেখানে সকলেরই ফ্রিডম আছে তাদের বক্তব্য রাখবার জন্য। সুতরাং শ্রমিকদের বক্তব্য রাখার সুযোগ আছে।

[1-30—1-40 p.m.]

**শ্রীঅরুণ সেন:** মাননীয় মন্ত্রিমহাশয় বারোটি closed মিলের লিষ্ট দিয়েছেন; কিন্তু আমাদের ধারণা তেরটি বন্ধ হয়েছে। আমি একটি information দিচ্ছি—West Bengal Cooperative Spining Mill, শ্রীরামপুরে আমাদের অতীতের গভর্নর শ্রীধর্মবীর সেটা চালু করেছিলেন। তিনদিন চলার পর সেটা বন্ধ হয়ে যায়। আর এই বারোটি মিলের যে লিষ্ট আপনি দিয়েছেন, তার মধ্যে মোহিনী মিল একটি। এই closed মিল সম্পর্কে আমরা যে একটি চিঠির নকল পেয়েছি, তাতে দেখছি সেই কোম্পানী আসলে sick বা closed নয়। কোম্পানী দাবী করেছে শতকরা ১০ জন শ্রমিককে ছাটাই করতে দেওয়া হোক; বিগত সুতাকল ষ্ট্রাইকের সময় ওয়ার্কারা.......

**মিঃ স্পীকার:** আপনি অত কি বলছেন? শর্ট করে কোশ্চেন পুট করুন, না হলে answer পাবেন কি করে?

**শ্রীঅরুণ সেন:** অর্থাৎ সেই মালিক যদি শতকরা দশভাগ শ্রমিক ছাটাই করতে পারে, তাহলে পুনঃ চালু করলে যে বেতনবৃদ্ধি হবে তা তাদের দিতে হবে না। এই সর্তে তারা মিল চালাবে। এই সম্পর্কে সরকার তাদের কাছ থেকে কোন memorandum পেয়েছেন কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** মাননীয় সদস্য যে কলটির কথা বললেন সেটা তিনদিন চালু থাকার পর বন্ধ হয়েছিল। আমি তাঁকে জানাতে পারি যেটা তিনদিন চালু হয়ে বন্ধ হয়—তাকে ভূমিষ্ঠ হয়েছে বলে আমি স্বীকার করতে পারছি না। যে ভূমিষ্ঠ হয় নাই—তার মৃত্যুই বা কি—আর বাঁচাই বা কি। কাজেই এই প্রশ্নের মধ্যে ওটা আসে না। সেইজন্য ওটা তালিকার মধ্যে অন্তর্ভুক্ত হয় নাই।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** বাংলাদেশে textile mill সম্পর্কে অনুসন্ধানের জন্য Textile Advisory কমিটি করা হয়েছে, সেটার সিদ্ধান্ত নিতে বড় দেরী হয়। মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—একটা টাইম লিমিট বেঁধে দিবেন? যে কোন দরখাস্তকারী মিল—তাদের সুবিধা অসুবিধা কি আছে না আছে তা জানান ত্বরান্বিত করবার জন্য—যে মিলে এত লোক employed ছিল বেকার হয়েছে—তার তদন্ত রিপোর্ট তাড়াতাড়ি না আসায় গভর্ণমেণ্টের পক্ষে কোন সিদ্ধান্ত নেওয়া হয় নাই। তিনি এমন কোন উপায় করতে পারেন কি যাতে ৭ দিনের মধ্যে এই যে মিলগুলো বন্ধ হয়ে আছে—তার সম্বন্ধে আপনারা যে Cabinet Sub-Committee করেছেন, তার কাছে রিপোর্ট সব আসুক?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** মাননীয় সদস্যকে বলবো ওটা Cabinet Sub-Committee নয়, একটি কমিটি করা হয়েছে officers level-এ এ সম্বন্ধে দেখা যাচ্ছে তার চেয়ে দ্রুত কিছু করা সম্ভবপর নয়।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি জানেন কি—মাননীয় বন্ধু যে প্রশ্নটি করলেন—সেই মিল বহুদিন ধরে পড়ে আছে—আপনার ডেপুটি সেক্রেটারী জানিয়েছেন বোম্বে Textile কমিশনারকে নিয়োজিত করে একটা special investigation কমিটি করে তাদের জানান হোক—একথা সত্য কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** নোটিশ দেবেন।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় একথা জানাতে পারেন কি যে তিন হাজার শ্রমিক বেকার হয়ে আছে বলে মোহিনী মিল সম্পর্কে জানান হয়েছে, সেই বেকার মজদুরদের পক্ষ থেকে সরকার কোন আবেদন পেয়েছেন কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—যে, যেসব কলকারখানা বন্ধ হয়, তারা কতকগুলি কারণ দেখায় যে এই এই কারণে বন্ধ করলাম। সাধারণতঃ দেখা যায় lack of orders, material, fund, industrial dispute ইত্যাদি—এর কোন category-র জন্য কোন ব্যবস্থা গভর্ণমেণ্ট গ্রহণ করেন, এ সম্বন্ধে সরকারের policy কি—এ সম্বন্ধে কোন elaborate statement তিনি দেবেন কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** এ প্রশ্নের সঙ্গে কিছুতেই ওটা আসে না।

## প্রত্নকীর্তি

*7. (Admitted question No. *13.) **শ্রীমনোরঞ্জন বক্সী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় বিভিন্ন জেলায় কোন স্থানের প্রত্নকীর্তিগুলি সম্বন্ধে বৈজ্ঞানিক অনুসন্ধান কার্য ও পর্যবেক্ষণ করিবার কোন সরকারী পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকিলে, ঐগুলি কোন্ কোন্ জেলায় এবং কোন্ কোন্ স্থানে অবস্থিত?

[ 1-35—1-40 p.m. ]

**শ্রীসুবোধ ব্যানার্জী:** (ক) আছে; কিন্তু তাহা কেবলমাত্র কেন্দ্রীয় প্রত্নতত্ব উপদেষ্টা পর্ষতের অনুমোদনক্রমেই করা যাইতে পারে।

(খ) কেন্দ্রীয় প্রত্নতত্ব উপদেষ্টা পর্ষতের অনুমোদিত কোন প্রকল্প এখন রাজ্য সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় বহু পুরাকীর্তি এই রকম মন্দির, মসজিদ ধ্বংসের মুখে আছে—এর মধ্যে আনপারা এ পর্যন্ত কত রক্ষণাবেক্ষণ বা পুনরুদ্ধার করতে পেরেছেন?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** মাননীয় সদস্যের এ ব্যাপারে একটু পরিষ্কার হওয়া দরকার—দুটো আসপেক্ট প্রত্নতত্বের আছে, একটা হচ্ছে এক্সকাভেসন, এক্সপ্লোরেসন, আর একটা হচ্ছে প্রিজারভেসন। এক্সপ্লোরেসনের ক্ষেত্রে কেন্দ্রীয় প্রত্নতত্ব উপদেষ্টা পর্ষত যা আছে তাদের অনুমোদনক্রমে কাজ করতে হয়। আর প্রিজারভেসনের ক্ষেত্রে তা করতে হয় না। গত ১২ বছরে ও পক্ষের বন্ধুদের রাজত্বকালে কিছুই করা হয় নি প্রিজারভেসনের জন্য। আমাদের সময়ে আমরা কতকগুলি কর্মপন্থা গ্রহণ করেছি—প্রিজার্ভ করতে গেলে প্রথম দরকার ডকুমেন্টেসন। বাংলাদেশের বিভিন্ন জেলায় কোথায় পুরাকীর্তি আছে তার ডকুমেন্টেসন ওঁরা ১২ বছরে করেন নি। আমরা এই মার্চ মাসের মধ্যে ৪টা জেলা কভার করব, আর ১৯৭০ সালের মধ্যে বাংলাদের সমস্ত জেলা কভার করে ডকুমেন্টেসন আপনাদের কাছে দেব। ১২ বছরে ওঁরা ৪টি মন্দির, মসজিদ প্রভৃতির রক্ষা করেছেন হাজার হাজার যে জায়গায় আছে, সেক্ষেত্রে যুক্তফ্রন্ট সরকার আপনাদের কাছে ঘোষণা করতে পারে যে ১৯৭০ সালের মধ্যে যত কম করেই হোক ৫০টা আমরা রক্ষা করব এবং বছরে আরো ৫০।৬০টা করে আমরা রক্ষা করব। তারপর যে আইনের জোরে এই কাজ করা হয়েছে আর্কিওলজিক্যাল প্রিজারভেসন য়্যাক্ট, তার যতগুলি ধারা আছে তার ১০০ ভাগের মধ্যে ৮০ ভাগই হচ্ছে প্রিজারভেসনের কাজ, মন্দির, মসজিদ প্রভৃতি রক্ষা করা কিন্তু গত ১২ বছরে সেই কাজ করা হয় নি।

**ডাঃ নিরঞ্জন ভক্ত:** মন্ত্রিমহাশয় বল্‌লেন প্রিজারভেসন করবার জন্য ৪টা জেলা বেছে নিয়েছেন—তার মধ্যে কি বাঁকুড়া জেলা আছে?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** প্রিজারভেসনের জন্য নয়, মার্চ মাসের মধ্যে ৪টা জেলার ডকুমেন্টেসন প্রকাশিত হচ্ছে, আর ১৯৭০ সালের মধ্যে বাংলাদেশের আর বাকী জেলাগুলির হবে। এই ৪টি জেলার নাম বলে দিচ্ছি—বাঁকুড়া, বীরভূম, কুচবিহার এবং পুরুলিয়া।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** আপনার কাছে একটা রাখতে চাচ্ছি সেটা হচ্ছে যে অনেক জৈন মন্দির আছে পুরাতন—সে সম্বন্ধে একটা স্পেশাল নোটিশ যদি আপনি নেন তো ভাল হয়।

**শ্রীসুবোধ ব্যানার্জী:** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে পুরুলিয়া জেলায় জৈন কালচার সংস্কৃতির বহু নিদর্শন আছে, সেই জন্যই আমরা প্রথমে পুরুলিয়া জেলাকে ধরেছি। এটা আমাদের নজরে আছে।

**শ্রীবিজয় সিং নাহার:** মন্ত্রিমহাশয় বললেন ১২ বছরে কোন কাজ হয় নি। আমি কি জিজ্ঞাসা করতে পারি যে বাংলা সরকার কলকাতাতে একটা যে মিউজিয়াম স্থাপন করেছেন সেটা কখন এবং সেটা প্রিজারভেসনের কাজ কি না?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** প্রিজারভেসন এক জিনিস, আর মিউজিয়াম করা আলাদা জিনিস। মাননীয় সদস্য সম্ভবতঃ জানেন যে কেন্দ্রীয় সরকার একটা নীতি নিয়েছিলেন ভারতবর্ষ বিরাট দেশ—তার বিভিন্ন জায়গায়, বিভিন্ন প্রান্তে সেপারেটলি আর্কিওলজিক্যাল প্রিজারভেসনের জন্য ডিরেকটোরেট হওয়া দরকার। প্রিজারভেসন বলতে যা বুঝায় সেগুলি হচ্ছে মন্দির, মসজিদ প্রভৃতি অন্যান্য পুরাকীর্তিগুলি রক্ষা করা। আর আপনি যেটা বলছেন সেটা হচ্ছে কালেকসন। বহু জিনিস আছে যেগুলি আমরা রক্ষা করি, মিউজিয়াম হিসাবে রাখি, পড়ানোর সুবিধা হয়, রিসার্চ ওয়ার্কের সুবিধা হয়। এগুলির সঙ্গে প্রিজারভেসনের কোন সম্বন্ধ নেই।

[1-40—1-50 p.m.]

**শ্রীবিজয় সিং নাহার:** এই পুরানো প্রত্নতাত্বিক মূর্তি এবং অন্যান্য জিনিস আপনারা যদি আইনের বলে রাখেন তাহলে সেটাকে কি বলবেন বা কোন্ আইনের মধ্যে আপনারা রাখছেন?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** প্রথমতঃ আমি তাঁকে বিবেচনা করতে বলব যে একটি জায়গায় আছে সেটাকে নিয়ে এসে—'এ যেগুলোকে বলছেন সংগ্রহ অর্থাৎ ছিল নিয়ে এসেছেন বা কেউ গিফ্‌ট করেছেন এই রকমভাবে হয়েছে। আর প্রিজার্ভ করতে গেলে নানা রকম পদ্ধতি আছে। একটা প্রাইভেট পার্টির মন্দির, তাকে এ্যাকোয়ার করতে গেলে আমায় নোটিশ দিতে হবে, তাকে রক্ষণাবেক্ষণ করতে হবে। বাঁকুড়ার মন্দিরের রেলিং যেগুলি আছে সেগুলি যদি একবার নষ্ট হয়ে যায় তাহলে আর পুরানো ইতিহাস খুঁজে পাওয়া যাবে না। বীরভূমের মন্দির টেরাকোটার জন্য বিখ্যাত। বীরভূমের ঐ মন্দির থেকে টেরাকোটাগুলি খুলে নিয়ে চলে গেছে। আমি জানি এখান থেকে ওগুলি নিয়ে গিয়ে আমেরিকার কোন মিউজিয়ামে রাখা হয়েছে। এ রিপোর্ট আমার কাছে এসেছে। একে যদি আমরা প্রিজার্ভ করতে না পারি তাহলে বাংলাদেশের অতীত চিহ্নগুলি নষ্ট হয়ে যাবে। এটা আক্রমণের কথা নয়, দুঃখের কথা ১২ বছরের মধ্যে এই কাজগুলি যদি করা হ'ত তাহলে এইভাবে অতীত সম্পদ নষ্ট হয়ে যেত না।

## বন্ধ ও 'সিক' কাপড় কলগুলিকে সাহায্য করার পরিকল্পনা

***8.** (Admitted question No. *33.) **শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বন্ধ কাপড় ও সুতাকলগুলি চালু করিবার জন্য ও 'সিক্' কাপড় কলগুলিকে সাহায্য করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

[ 1-40—1-45 p.m. ]

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কাপড় ও সুতাকলগুলি বন্ধ হইবার অথবা দুর্বল হইয়া পড়িবার সঠিক কারণ জানিবার উদ্দেশ্যে সরকার একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করিয়াছেন। উক্ত কমিটির প্রতিবেদন ( Report ) এখনও পাওয়া যায় নাই। ঐ প্রতিবেদনের ভিত্তিতে সরকার তাঁহাদের ভবিষ্যৎ কর্মপন্থা স্থির করিবার ইচ্ছা রাখেন। ইতিমধ্যে কয়েকটি বিশেষ ক্ষেত্রে প্রয়োজনানুসারে সরকার কিছু কিছু ব্যবস্থা লইয়াছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—যে কমিটি তৈরী করা হয়েছে তার টার্মস্ অব রেফারেন্স্ কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এর জন্য নোটিশ চাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন—এর আগের প্রশ্নের জবাবে উনি বললেন ভারত সরকার থেকে ১৯৬৭ সালে একটা কমিটি তৈরী করেছিলেন এই ব্যাপারে তদন্ত করতে। কিন্তু আমার মনে হয় এইরকম কোন কমিটি ভারত সরকার করেন নি। আমাদের রাজ্যসরকার কয়েকটি মিলে ইতিমধ্যে কিছু কিছু সাহায্য করেছেন, সেগুলি ক্লোজড না সিক তা আমরা জানি না। আমরা জানতে চাই যে এই রকম ভাবে পিক এ্যাণ্ড চুজ করে ২১১টি মিল বাছাই করে এইরকম সিদ্ধান্ত নেওয়া হচ্ছে কেন?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আমি একথা বলিনি যে ভারত সরকার এক্সপার্ট কমিটিতে ছিলেন। আমি বলেছি এই রকম কমিটি যে হয়েছিল সেটা স্টেট্ গর্ভরমেণ্ট করেছিল। এবং আমাদের রিপোর্ট ভারত সরকারের কাছে পাঠিয়েছি, কিন্তু এখন উত্তর পাইনি, এটা আমি বলেছি মাননীয় সদস্য নিশ্চয়ই মনে রাখবেন। আর যেহেতু সমস্ত কিছু একসঙ্গে করতে গেলে সময় লাগবে এবং কোন কোন মিল হয়ত আগেভাগে আবেদন জানিয়ে রেখেছিলেন—আমার মনে আছে যে ১৯৬৭ সালে যখন আমি এই বিভাগের মন্ত্রী হয়েছিলাম অর্থাৎ মন্ত্রী হয়ে আসবার পর দেখলাম যে একটা আবেদন অনেক আগে থেকে করে আসছেন এবং সে আবেদন তারা কেন্দ্রীয় সরকারে কাছে এন. আই. ডি. সির সাহায্যের আবেদন সেখানে রাখেন। আমাদের কাছেও সে ব্যাপারে আবেদন করেছিলেন এবং তারজন্য কিছু টাকা বরাদ্দ করেছিলাম। তারপর আমরা চলে গেলাম। যখন ফেরৎ এলাম দেখা গেল তাদের এন. আই. সি. ডি. খানিকটা ক্লিয়ারেন্স্ হয়েছে, এবং আমরা কিছু টাকা তারজন্য অনুমোদন করেছিলাম। সেই মিলটার নাম হচ্ছে 'ঢাকেশ্বরী কটন মিলস'। এখনও সেই টাকা তাঁরা আমাদের কাছ থেকে নিতে পারেন নি তাদের এখন এন. আই. ডি. সি.-র ব্যাপারে আরো কিছু অসুবিধা আছে কি না আমি জানি না, কিন্তু তাঁরা নিতে পারেন নি, এটা হচ্ছে কিছুদিন আগের খবর। এটা পিক এ্যাণ্ড চুজের প্রশ্ন নয়। যে কেসগুলি এগিয়ে আসছে সেগুলি সম্পর্কে কিছু কিছু করা হচ্ছে। তা ছাড়া মাননীয় সদস্য জানেন যে বহরমপুরের মনীন্দ্র কটন মিলস সম্পর্কেও আমরা অনেক এনকোয়ারি করেছি।

াতে অনেক গোলমাল দেখা গেছে। তাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের ব্যাপার রয়েছে তা ছাড়া াদের ডিরেক্টরসদের মধ্যেও গোলমাল আছে। আমরা সেই কেসটি নিয়ে বেশীদূর এগিয়ে যেতে ারিনি। এখানে নানান ধরনের ব্যাপার রয়েছে। তবে ফেভারিটিজম আমরা করছি না। া কিছুই হোক না কেন আমরা সেটা ক্যাবিনেটে বসে চুড়ান্ত করি এবং তার পরেই টাকা দেবার প্রশ্ন আসে। তবে সব কিছু দেখেই বিচার করা হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ১৯৬৭ সালে বাংলাদেশে ভারত সরকার একটা কমিটি করেছিলেন একটি মিল সম্পর্কে, সেটা হচ্ছে বহরমপুরের মনীন্দ্র কটন মিলস। সেই কমিটি সুপারিশ করেছেন কেন্দ্রীয় সরকারকে এবং রাজ্য সরকার সেই সুপারিশ জানেন। কিন্তু সেই মিলের দাবীকে বাইপাস করে অন্যান্য মিলের দাবীকে যখন গ্রহণ করা হয় তখন কোন্ যুক্তির ভিত্তিতে সেটা করা হয় মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** বাইপাস করা হয়েছে এরকম খবর আমার জানা নেই, তা ছাড়া মাননীয় সদস্য এটা ঠিক কথা বললেন বলেও আমি মনে করতে পারছি না। এই মিলটির বিষয়ে আমাদের একজন প্রভাবশালী নেতা —এম. পি. তাঁর সঙ্গে আমার অনেক কথা হয়েছে। তিনি এখন বুঝেছেন যে এর অনেক ত্রুটিবিচ্যুতি আছে কাজেই এ বিষয়ে আমরা বেশী দূর এগিয়ে যেতে পারিনি। তবে মাননীয় সদস্য যদি আমাকে এবিষয়ে আলোকপাত করতে পারেন আমি নিশ্চয়ই আবার এটাতে দৃষ্টি দেব, কারণ আমি নিজেই মনীন্দ্র মিলস সম্পর্কে বলেছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে কারণগুলি বললেন এর আগের প্রশ্নের উত্তরে যার জন্য বাংলাদেশে মিল বন্ধ হয়েছে তার মধ্যে ম্যানেজমেণ্ট এবং ফাইনানসিয়াল ডিফিক্যালটিজ রয়েছে। ম্যানেজমেণ্ট যদি ঠিকমত না হয় তাহলে ফাইনালসিয়াল ডিফিকালটি দেখা দিতে পারে এবং তখন ম্যানেজমেণ্ট টেক ওভার করার প্রশ্ন আসে। টার্মস অব রেফারেন্সে এরকম কিছু আছে কি না সেটা যদি দেখা যায় যে ম্যানেজমেণ্টের ত্রুটির জন্য কোন কারখানা বন্ধ হয়েছে, লেবার ট্রাবল বা ফাইনানসিয়াল ডিফিক্যালটির জন্য নয়। তাহলে আপনার হাতে কি ক্ষমতা আছে যাতে ম্যানেজমেণ্টকে সরিয়ে দিয়ে সেই বন্ধ কারখানা চালু করতে পারেন?

[ 1-50—2 p.m. ]

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আমার হাতে এইরকম কোন ক্ষমতা নেই, যুক্তফ্রণ্ট সরকারের হাতে নেই, এবং কোন রাজ্য সরকারের হাতে নেই যে আমরা টেক ওভার করতে পারি, এখানে সেই টেক ওভার করার আইনগত কিছু কিছু অসুবিধা আছে এবং আর্থিক অসুবিধাও আছে এবং দুটো দিক মিলিয়ে করতে হবে।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় মন্ত্রিমহাশয়, এর আগের প্রশ্নে আমি জানতে চেয়েছিলাম যে বিভিন্ন রকম ভাবে যে সমস্ত কলকারখানা বন্ধ হয় সে সম্পর্কে গভর্ণমেণ্টের পলিসি কি আমাদের বলুন। তিনি বললেন যে, এই প্রশ্ন ওঠেনা। কিন্তু পলিসি স্টেট্‌মেণ্ট করতে গেলে মেম্বাররা যদি জানতে চান যে বিভিন্ন কেটাগোরীর ম্যানেজমেণ্টের দুর্বলতার জন্য কোথাও করাপশনের জন্য

কোথাও ল্যাক অব ফাণ্ডের জন্য, কোথাও ল্যাক অব অর্ডারের জন্য, কোথাও ল্যাক অব ম্যাটেরিয়া জন্য, কোথাও ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট-এর জন্য এইসব কারণে যেসব মিলগুলি বন্ধ হয় সম্পর্কে গভর্ণমেণ্ট কি পলিসি নেবেন সেটা বলতে পারবে না। আমি জানতে চেয়েছি যদি না হয় অন্ত একটা দিনে বলবেন কিন্তু উনি বললেন যে ক্ষমতা নেই। ক্ষমতা কি করে পা যেতে পারে সেটা যদি তিনি ষ্টেটমেণ্টে বলেন তাহলে ভাল হয়।

**শ্রীসুশীল কুমার ধাড়া:** এই প্রশ্ন পলিসি ষ্টেটমেণ্টের সম্মত এটা নয়। পলিসি ষ্টেট যখন করার তখন নিশ্চয়ই করা যাবে। কি কি পলিসি ষ্টেটমেণ্ট করাতে চান মাননীয় স লিখিত জানালে যদি করতে পারি তাহলে নিশ্চয় করবো।

**শ্রীনিখিল দাস:** মাননীয় মন্ত্রিমহাশয়, ১২টি থেকে ১৩টি কাপড়ের কল বন্ধ হয়ে আ টেক ওভার সম্পর্কে আমরা জানি সরকার ম্যানেজমেণ্টে থাকলে টেক ওভার করতে পারেন। কো কাপড়ের কল টেক ওভার করার কথা কি ভাবছেন?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আবার সেই প্রশ্ন এসে গেল। টেক ওভার করার প্রশ্ন হলে আমর চিঠি লিখতে পারি গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়াকে এবং তাঁরা তার ডিসিশান দেবেন এবং টেক ওভা তাঁরা করতে পারেন।

**শ্রীনিখিল দাস:** কোন চিঠি কি আমরা দিয়েছি? আমি শুধু জানতে চাই যে, ১২টি কাপড়ের কল বন্ধ, কয়েক হাজার মজুর চাকুরীচ্যুত, সুতরাং আমরা কি কাপড়ের কলের ব্যাপারে কোন চিঠি দিয়েছি টেক ওভার করার জন্য?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আমাদের এই তদন্ত শেষ হলে এই বিষয়ে আমরা চিন্তা করবো।

**শ্রীঅমিয় ভূষণ বন্দ্যোপাধ্যায়:** মাননীয় মন্ত্রিমহাশয়, আমরা কয়েক বার শুনেছি যে কোন কোম্পানীকে সাহায্য করা হবে, কোন্‌টা take over করা হবে, এই ব্যাপারে আপনি বলেছেন যে যারা এগিয়ে আসছে তাদের আমরা লক্ষ্য করছি। আবার বলেছেন যে, কোন প্রভাবশালী নেতা চেষ্টা করছেন। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, এই take over করার সময় merit of the case প্রধান বিবেচ্য বিষয় বা এগিয়ে আসছে কি এগিয়ে আসছে না বা এগিয়ে আসবার কার ক্ষমতা আছে কি নেই এটাই বিবেচ্য বিষয়।

**শ্রীসুশীল কুমার ধাড়া:** এখানে দুটো জিনিষই দরকার হয়, দুটোর সমন্বয় হলে তবে হয়। আপনি ওটা ভুল শুনেছেন, আমি ওকথা বলিনি যে আমরা take over করতে পারি। আমি একথা আগেরবারে পরিষ্কার করে বলেছি যে, কোন্‌টা পারি আর কোন্‌টা পারি না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি মনীন্দ্র মিল সম্পর্কে আপনার take over করার জন্য Central Government-কে সুপারিশ করেছেন কি না?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** আমি একবার জবাব দিয়েছি। কাজেই দ্বিতীয়বার দেবার য়োজন মনে করি না।

**শ্রীসুনিল বসু রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ঢাকেশ্বরী কটন মিলের মালিকরা াদের টাকা এখনও নেননি। তাঁরা যদি টাকা না নেন তবে সেই কারখানাটি সরকার নিজেদের াতে নিয়ে চালাবার দায়িত্ব গ্রহণ করিবেন কি না?

**শ্রীসুশীল কুমার ধাড়া:** এত টাকা সরকারের নেই কাজেই এটা ভাবা যাচ্ছে না।

## বিড়ি শ্রমিকদের নিম্নতম মজুরী

***9.** (Admitted question No. *193.) **শ্রীসনৎ কুমার রাহা:** শ্রম বিভাগের ন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অরঙ্গাবাদ ও ধুলিয়ান এলাকার বিড়ি শ্রমিকের জন্য নিম্নতম মজুরী ধার্য আছে কি না;

(খ) সরকার কি অবগত আছেন যে, এই এলাকায় "ছাট" বাবদ এক ধরণের শোষণ শ্রমিকের উপর চলিতেছে; এবং

(গ) অবগত থাকিলে, তাহা বন্ধ করার কোন ব্যবস্থা হইতেছে কি না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** (ক) হ্যাঁ; মুর্শিদাবাদ জেলার অরঙ্গাবাদ ও ধুলিয়ান এলাকার বিড়ি শ্রমিকদের জন্য "piece rate" ভিত্তিতে মজুরী ধার্য আছে।

(খ) না;
(গ) প্রশ্ন উঠে না।

**শ্রীসনৎ কুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ধার্য মজুরী বর্তমানে কত?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মাননীয় সদস্যকে আমি বলতে পারি আজ পর্যন্ত যা রিপোর্ট আছে সেটা হচ্ছে এই যে ১৯৬০ সালে তৎকালীন কষ্ট অব লিভিং ইনডেক্স তার উপর ভিত্তি করে যে মজুরী ধার্য হয়েছিল পার ১০০০ পিস রেটে ১·৫০। তারপর পিস রেট রিভিসন হয়নি। বর্তমানে নূতনভাবে রিভিসন করে সরকার যে অর্ডার দিয়েছেন সেই হিসাবে বিচার বিবেচনা করে যেখানে দাঁড়িয়েছে সেটা হচ্ছে ১৯৬০ সাল থেকে কষ্ট অব লিভিং ইনডেক্স দাঁড়িয়েছে ১৮০। হাতে দাঁড়াবে ৩১০। এই ৩১০ মজুরী ধার্য করার ব্যবস্থা করছি।

**শ্রীসনৎ কুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে হালে ছমাস আগে লেবার অফিসারের ওপিনিয়ন নিয়ে ২·৯০ পয়সা মজুরী ঠিক হয়েছিল। কোন কালেই ৩·১০ দেওয়া হয় নি! লেবার দপ্তরের যাঁরা আছেন তাঁদের সঙ্গে মন্ত্রীদের কোন সংযোগ আছে কি না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** এটা ওপিনিয়নের ব্যাপার।

**শ্রীসনৎ কুমার রাহা :** এই প্রশ্নে ২'৯০ যখন শ্রমদপ্তর ঠিক করে তখন বিভিন্ন পলিটিক্যাল পার্টিও ছিলেন।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** আপনাদের যদি এগ্রিমেণ্ট ৩'১০ না করে ২'৯০ করেন তাতে আমার কোন আপত্তি নাই সেটা হবে মিউচুয়াল এগ্রিমেন্ট। কিন্তু আমাকে ফিক্স করতে হলে বর্তমানে ৩'১০ পয়সায় ফিক্স করতে হবে।

**শ্রীসনৎ কুমার রাহা:** এই ২'৯০ পয়সায় খবর মন্ত্রী দপ্তরে এসেছে কি না সেইটাই আমার প্রশ্ন ছিল?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** বর্তমানে যা রিপোর্ট তাতে আসে নি।

**শ্রীসনৎ কুমার রাহা :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন 'খ' প্রশ্নের উত্তরে যে না - এই রকম ছাট বলে কোন ধরনের শোষণ না—কিন্তু আমি বলতে পারি এটা মিথ্যা কথাটা বলতে পারলাম না আনপার্লামেণ্টারী হবে বলে। সম্পূর্ণ অসত্য?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** আমার কাছে ছাঁট হিসাবে কোন তথ্য আসে নি।

**শ্রীমহম্মদ মহরব :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে তিনি কি জানেন যে সেখানে ২'৯০ করে না দিয়ে ৪টি খারখানা বন্ধ করে দিয়েছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** আমার জানা নাই।

**শ্রীনিখিল দাস :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন এখন নিম্নতম মজুরী ৩'১০ করা হয়েছে এবং তার উপর একটা চুক্তি হয়েছিল সেই চুক্তি তারা ভেঙেছে। তারপর ২'৮০ হয়েছে। তাও তারা দিচ্ছে না এখবর কি তিনি রাখেন?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** নোটিশ দিলে বলতে পারি।

**শ্রীনিখিল দাস :** এই সম্পর্কে এই চুক্তি না মানার জন্য শিশ মহম্মদ হাঙ্গারস্ট্রাইক করেছিল সেই সম্পর্কে শ্রম দপ্তরে খবর পাঠানো হয়েছিল মন্ত্রিমহাশয় জানেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** খবর কাগজে পেয়েছি এবার কিছু করা হবে।

[ 2—2-10 p. m. ]

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে এটা জানাবেন কি যে আওরাঙ্গাবাদের বিড়ি শ্রমিকদের জন্য মজুরী বাবদ যে ২'৯০ টাকা দেওয়ার চুক্তি হয়েছ, সেই চুক্তিতে জেলা ম্যাজিষ্ট্রেট সই করেছেন কি না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** আপনার প্রশ্নটা বুঝলাম না, আর একবার বলুন।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য্য :** আমি জিজ্ঞাসা করছি সমস্ত পলিটিক্যাল পার্টি মিলিত হয়ে বিড়ি শ্রমিকদের জন্য ২'৯০ টাকা মজুরী দেওয়ার যে চুক্তি হয়েছে তাতে জেলা ম্যাজিষ্ট্রেট সই করেছেন এটা ঠিক কি না?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** তাতে কি হল বুঝলাম না। আইনের পরিস্থিতিটা হচ্ছে এই—বভাষ্ট্রিয়াল এ্যাক্ট অনুযায়ী যদি চুক্তি হয়ে থাকে তাহলে সেই চুক্তিতে জেলা ম্যাজিষ্ট্রেটের সই করবার আইন নাই, যদি তিনি সই করে থাকেন সাক্ষী হিসাবে সই করতে পারেন, not as a party to that agreement, ত্রিপাক্ষিক চুক্তি যদি হয়ে থাকে তাহলে এম্পলয়ার সই করবে, ওয়ার্কম্যান সই করবে, লেবার ডিপার্টমেন্টের কন্সিলিয়েশন অফিসার সই করবে এবং that is a valid agreement under the Industrial Disputes Act. আর যদি বাই-পার্টাইট এগ্রিমেন্ট হয় তাহলে তার ভ্যালিডিটি অত্যন্ত লিমিটেড।

**Mr. Speaker:** Question hour is over.

### Crisis in the Cotton Textile Industry

***10.** (Admitted question No. *5.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) Whether there is at present any crisis in the Cotton Textile Industry of West Bengal; and

(b) If so, the nature and features of such crisis?

**The Minister for Commeree and Industries:**

(a) Yes.

(b) (i) Want of finance for working capital, modernisation and renovation,

(ii) Mismanagement and lack of co-ordination amongst the shareholders or Directors,

(iii) Shortage of raw cotton,

(iv) Labour trouble, and

(v) Low poductivity.

### বেকার সমস্যা

***12** ( Admitted question No. *36. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি এই রাজ্যে বেকার সমস্যা দূর করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Labour:**

সরকার রাজ্যের বেকার সমস্যা সম্বন্ধে সম্পূর্ণ সচেতন। রাজ্যের শিল্পায়নের উন্নতি না হলে এই সমস্যার সন্তোষজনক সমাধান সম্ভব নয়। ধর্মঘট, লক আউট, ছাঁটাই প্রভৃতি সংক্রান্ত শিল্প বিরোধগুলি যথাসম্ভব সত্বর মীমাংসা করা হইতেছে এবং প্রত্যেক কলকারখানায় কর্মসংস্থান ব্যবস্থা যাহাতে সংকুচিত না হয় তাহার চেষ্টা চলিতেছে।

### সরকারী কাজে বাংলা ভাষা

***13** ( Admitted question No. *209 )

**শ্রীসনৎ কুমার রাহা:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মহাকরণের সরকারী কাজে বাংলা ভাষা সম্পূর্ণ চালু করার কোন প্রচেষ্টা হইতেছে কি না?

**The Minister for Information and Public Relations :** হ্যাঁ।

**ডাঃ নিরঞ্জন ভক্ত :** স্পীকার, স্যার, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল বিধানসভায় বিরতির সময় উচ্ছৃঙ্খল ছাত্রছাত্রীরা এসে মুখ্যমন্ত্রী মহাশয়কে যে ভাবে নিগৃহীত করেছে তার প্রতিকারের জন্য আমি একটা নিন্দাসূচক প্রস্তাব এখানে রাখতে চাইছি এবং এ সম্বন্ধে ব্যবস্থা চাইছি।........( নয়েজ )

**মিঃ স্পীকার :** আপনি এবারে বসুন।

**ডাঃ নিরঞ্জন ভক্ত :** মুখ্যমন্ত্রী মহাশয়ই যদি এভাবে নিগৃহীত হন, তাহলে সাধারণ সদস্যরা যে কি উদ্বেগ বোধ করছেন সেদিকেও দৃষ্টি আকর্ষণ করছি।

**(Adjournment motions)**

**Mr. Speaker :** এবার বসুন। We take up next item, that is, adjournment motions. I have received four notices of adjournment motions on the subject of assault on the Hon'ble Chief Minister by some outsiders within the precincts of the Assembly House—from Kumar Jagadish Chandra Sinha at 10-10 hrs., Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury at 11-55 hrs., Dr. Zainal Abedin at 11-55 hrs. and Shri Adbus Sattar at 11. 5 hrs. I have withheld consent. Honourable members may kindly read the text of their motions.

**Kumar Jagadish Chandra Sinha :** Sir, my adjournment motion runs thus :—

That the business of the House do now stand adjourned to discuss a matter of very grave and urgent public importance, namely, the assault on the Chief Minister by some outsiders within the precincts of the House and failure on the part of the Police to give protection on the 21st January, 970.

স্যার, একটু আগে মাননীয় সদস্য আপনার দৃষ্টি আকর্ষণ করে বলেছেন যে যদি মুখ্যমন্ত্রী মহাশয়েরই নিরাপত্তার ব্যবস্থা না থাকে তাহলে সাধারণ সদস্যদের protection-এর কি ব্যবস্থা আছে, দয়া করে হাউসকে জানাবেন এটাই চাইছি।

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

In the prevailing situation of grave deterioration of law and order throughout the State of West Bengal, gherao and assault upon the Hon'ble

Chief Minister, took place on 21st January, 1970 in the passage from his room to the Assembly Chamber by a group of unruly demonstrators, reported to be suporters of a particular political party belonging to the United Front, even in the presence of the Policemen.

**Dr. Zainal Abedin :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

Amidst the dreadful affairs of absolute lawlessness throughout the State, the most heinous and disgraceful occurrence of gherao and molestation of the Hon'ble Chief Minister and the Leader of the House by a group of angry demonstrators, in the presence of Policemen remaining inactive, on the passage from his office room to Assembly Chamber in the afternoon of the opening day of the present session of the Assemly on 21st Januaay, 1970, signifies the darkest period of the history of West Bengal, and further, cautions us as to how helpless are the peace loving millions, at the hands of the miscreants outside the Assembly premises.

**Shri Abdus Sattar :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent importance and of recent occurrance, namely,—

That there has been complete breakdown of law and order in West Bengal and that in the words of the Chief Minister, "The U.F. Government is an uncivilised and barbarous one" had once again been well demonstrated in front of the Chief Minister's room on 21st January, 1970, at 4-30 p.m. when some unruly demonstrators reported to be the supporters of C.P.M. in pursuance of a pre-planned conspiracy blocked the passage of the Chief Minister from his room to the Assembly Chamber, raised slogans against him and physically assaulted him while he was forcing his way through the demonstrators to Assembly Chamber in the presence of the Policemen on duty who were inactive and helpless onlookers like others.

**Mr. Speaker :** I am very sorry for that incident. I can inform the honourable members that I have taken suitable steps.

**শ্রীআবদুস সত্তার :** স্যার, আপনার কাছে আমার নিবেদন হচ্ছে চিফ মিনিষ্টার যদি এইভাবে হাউসের মধ্যে এ্যাসলটেড হন তাহলে সে সম্বন্ধে হাউসে আলোচনা হওয়া উচিত। এটা একটা ইমপরট্যাণ্ট জিনিস কারণ ল ব্রেকডাউন করেছে এবং সেদিক থেকে এ সম্বন্ধে হাউসে আলোচনা করা উচিত। কিন্তু আমি অবাক হলাম ইট আর নট এ্যালাউইং ইট। আজকে চিফ মিনিষ্টার হিমসেলফ অসহায় এবং তাঁকে ডেপুটি চিফ মিনিষ্টারের কাছে এসব কথা বলতে হচ্ছে। কিন্তু তবুও পুলিশী ব্যবস্থা হচ্ছে না। আজকে চিফ মিনিষ্টার যদি পুলিশ প্রোটেকসন না পান তাহলে সাধারণ মানুষের কথা একবার ভেবে দেখেন। কাজেই আমি বলছি আপনি এই ব্যাপারে আপনার কনসেণ্ট উইথ হেল্ড না করে হাউস এ্যাডজোর্ণ করুন এবং এই বিষয়ে আলোচনা হোক। এতবড় একটা ঘটনা ঘটে গেল সেকথা মনে রেখে আপনার এর উপরে আলোচনা করতে দেওয়া উচিত ছিল। কিন্তু আপনি গতানুগতিকভাবে এটা রিজেক্ট করে দিয়েছেন। আপনার কাছে আমি আবার নিবেদন করছি এটা নিয়ে হাউসে আলোচনা হোক।

**Mr. Speaker :** Mr. Sattar, I have over-ruled your adjournment motion. I have also allowed all of you to read your motions. I am not going to enter into any discussion with you. I have already told you that adquate steps have been taken in the matter immediately after the occurrence.

[2-10—2-20 p. m.]

**Mr. Speaker :** I have rejected it legally and in a regular way because it is hit by rule 61 and no adjournment motion lies. Please consult the proviso to that rule.

I have just now received a notice of another motion.........

**শ্রীবিজয় সিং নাহার :** মাননীয় স্পীকার, মহাশয়, একটা নিবেদন আপনার কাছে করতে চাই—এই এ্যাডজোর্ণমেণ্ট মোশন সম্পর্কে কিছু বলতে চাই না—আমরা এই সভার সদস্য, এই এ্যাসেম্বলি ভবনে—

**শ্রীযতিন চক্রবর্ত্তী :** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, আপনি এ্যাডজোর্ণমেণ্ট মোশন সম্পর্কে আপনার রুলিং দিয়েছেন, সব কিছু করেছেন এবং এ্যাডজার্ণমেণ্ট মোশন রেফার করবার জন্য সময় দেন, কতজন করতে পারবে, কি বিষয়ে করবে এবং তার নিয়ম আছে, যা যা হবার সবই হয়েছে কিন্তু তারপর আবার মাননীয় বিজয় সিং নাহার মহাশয় কোন্ ধারা অনুসারে এবং কি নিয়ম অনুসারে দাঁড়াচ্ছেন বলবার জন্য জিজ্ঞাসা করতে পারি কি ?

**মিঃ স্পীকার :** উনি আগে কি বলতে চান বলুন, আগে শুনি তারপর বলবো।

**শ্রীবিজয় সিং নাহার :** মাননীয় স্পীকার, মহাশয়, এ্যাডজোর্ণমেণ্ট মোশন সম্পর্কে কিছু বলতে চাই না। আমার একটা নিবেদন হচ্ছে—প্রথমে আমরা জানতে চাই কি কি ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন কারণ এর পূর্বে এই রকম ঘটনা অনেকগুলো আমাদের এই হাউসের মধ্যে হয়েছে। আপনি কি রকম ব্যবস্থা গ্রহণ করবেন যাতে ভবিষ্যতে আর না এই রকম ঘটে। আপনি এই হাউসের ডিগনিটি বাজায় রাখার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন, কারণ এর আগেও এখানে অনেকে এ্যাসাল্‌টেড হয়েছেন এবং গতকাল মুখ্যমন্ত্রী মহাশয়ও হয়েছেন। সুতরাং আপনি স্পীকার হিসাবে আমাদের জানিয়ে দিন যে আমাদের এই বিধান সভায় আসা যাওয়ার ব্যাপারে কেউ যেন বাধা না দেয়, তার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন।

**মিঃ স্পীকার :** আমি আপনাদের নিয়ে, সকলকে জিজ্ঞাসা করে, কি করলে সুবিধা হতে পারে সেই বিষয়ে পরামর্শ করবো। তারপর একটা ব্যবস্থা করে আপনাদের জানাবো।

**শ্রীবিজয় সিং নাহার :** মাননীয় স্পীকার, মহাশয়, এর পূর্বে যখন এই ঘটনা ঘটেছিল, যখন এই রকম অবস্থা হয়েছিল যে আপনি এখান থেকে পালিয়ে গিয়েছিলেন তখন এই কথা বলেছিলেন যে বিভিন্ন দলের মত নিয়ে একটা ব্যবস্থা করবেন যাতে ভবিষ্যতে এই রকম না ঘটে। সেই মত নেওয়া হয়েছে কি না জানি না। আবার ঐ একই ঘটনা ঘটছে দেখছি। আপনি অনুগ্রহ করে জানিয়ে দিন যে আমাদের নিরাপত্তার ব্যবস্থা আপনি কতদিনে করবেন। কারণ আমাদের অধিকার আছে এই দাবি জানানোর।

throughout the State of West Bengal, gherao and assault [illegible]

**মিঃ স্পীকার :** আপনাদের আমি পরে জানিয়ে দেবো। Please take your seat. I will not allow discussion any more.

**শ্রীবিজয় সিং নাহার :** আমার আর একটি মাত্র প্রশ্ন হচ্ছে কতদিনের মধ্যে এই ব্যবস্থা করবেন বলতে পারেন কি ?

**মিঃ স্পীকার :** এই সপ্তাহের মধ্যে আপনাদের জানিয়ে দেবো সকলের সঙ্গে কথা বলবো, তারপর জানিয়ে দেবো।

(At this stage Slri Nepal Chandra Roy rose to speak)

Mr. Roy, I won't allow you to obstruct the business of the House. Business will continue. Please take your seat.

(At this stage Shri Nepal Chandra Roy resumed his seat)

**Mr. Speaker :** I have just now received a notice of privilege motion from honourable Shri Jagadish Chandra Sinha on the same subject. This notice could have been given yesterday. Even if the question of urgency is waived the notice lacks in the mention of names of persons who are unidentified. The House cannot proceed against unidentifiable persons. Furthermore, I have taken steps in the matter as far as it was considered to be necessary. The notice is disallowed.

**কুমার জগদীশচন্দ্র সিনহা :** মিঃ স্পীকার, স্যার, আমার নোটীশ ডিস এলাউ করতে পারেন কিন্তু আমার একটা নিবেদন দয়া করে শুনবেন।

**মিঃ স্পীকার :** কালকে যখন দুর্ঘটনা ঘটেছিল তখন আমি হাউসে ছিলাম আমাদের পুলিস যারা ওখানে বসে থাকে তাদের আমি ডেকে ছিলাম এবং আপনি যা বললেন তাদের কাছ থেকেও আমি এই কথা শুনেছি যে জন কতক ছেলেমেয়ে বোধ হয় ৬ জন স্কুলের ছাত্র-ছাত্রী মিছিল করে এসেছিল তারা অনারেবল মিনিষ্টার সত্যপ্রিয় বাবুর কাছে প্রথমে তাঁর চিঠি দেখিয়ে এসেছিল। পুলিশ সেই চিঠি দেখে তাদের ঢুকিয়েছে, তারপরে তারা জ্যোতিবাবুর কাছে গিয়েছে এবং কাগজ পত্র দিয়েছে। তারপরে তারা বললে আমরা মুখ্য-মন্ত্রীর ঘরে যাব। মুখ্যমন্ত্রী সে সময় হাউসে আসছিলেন তাই তিনি বললেন যে আমি ব্যস্ত আছি হাউস থেকে আসি তারপর যা হয় হবে। এই যেসব ধাক্কাধাক্কি কি সব হল এইসব ঘটনা আমি জানি না, শুনেছি। তারপর আমি বললাম যা হবার হয়েছে। এখন থেকে যে সব মিছিল আসবে যদি কোন মন্ত্রীর সঙ্গে দেখা করতে হয় তাহলে মিছিলের সঙ্গে সাক্ষাৎ করবার জন্য যতক্ষণ না আলাদা ঘর ঠিক করা হচ্ছে ততক্ষণ বাইরে মাঠে গিয়ে মন্ত্রীরা তাদের সঙ্গে দেখা করবেন এবং পুলিশ তাদের সঙ্গে থাকবে এবং কথা হয়ে গেলে তাদের বাইরে নিয়ে যাবে। তারপরে যারা আসে—এই করিডোরে ঘোরাঘুরি করে আমাদের মেম্বার এবং ষ্টাফ ছাড়া বাইরের লোকের এখানে ঘোরাঘুরি করা চলবে না এই কথা পুলিশকে বলে দিয়েছি। ধার্ডলি বলে দেওয়া হয়েছে যে আমাদের এখানে যারা আসে কার্ড নিয়ে তাদের কার্ড চেক করবেন, যেমন একজন মেম্বার দুই জন করে দিতে পারেন সে সব কার্ড এখানে চেক

করবেন। এছাড়া আরো বলা হয়েছে বাড়ীর ভেতরে যাতে কোন রকম ভীড় না হয়। এগুলি যে সবই ঠিক তা নয়, তাহলেও এরকম ব্যবস্থা করা হবে। কালকে আমি বলেছি—আজকে দেখি কতদূর কি হয়। আমি বলছি যে আপনাদের সঙ্গে পরামর্শ করেই করবো, আপনাদের যদি কিছু সাজেসান থাকে যে এটা করলে ভাল হবে সে রকম আমি করবো। তবে আমি উদাসীন হয়ে বসে ছিলাম না।

[ 2-20-2-30 p. m. ]

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ঘটনা যেভাবে বর্ণনা করা হল ঠিক তা নয়। যখন ঘন্টা বেজে গেছে আমার ঘরে মিটিং হচ্ছিল আমার পার্টির দেরী হয়ে যাবে ভেবে আমি যখন তাড়াতাড়ি হাউসের দিকে বেরিয়ে আসছিলাম তখন কতকগুলি ছেলেমেয়ে আমাকে বললো যে আমাদের দরখাস্ত আছে ও কিছু বক্তব্য আছে। আমি বললাম দরখাস্ত নিতে পারি, বক্তব্য এখানে দাঁড়িয়ে শুনতে পারি না। কারণ তাড়াতাড়ি হাউসের মধ্যে যেতে হবে। তবে হাউস বেশীক্ষণ চলবে না বোধহয় খুব শীঘ্র বন্ধ হয়ে যাবে, আমি ফিরে এসে শুনব। আপনারা অপেক্ষা করুন দরখাস্ত নেব ও বক্তব্য শুনবো। তারা বলল আপনাকে যেতে দেব না। আমাদের বক্তব্য শুনতেই হবে এবং দরখাস্ত নিতে হবে। আমি বললাম পারবো না। তারা আমাকে ধাক্কা দিয়েছে ও জামা ছিঁড়ে দিয়েছে। যাহোক আমাকে তাদের ধাক্কা দিয়ে বেরিয়ে আসতে হয়েছিল। আমি তাদের হয়ত কাউকে আইডেন্টিফাই করতে পারবনা। তখন ওখানে যারা পুলিশ অফিসার ছিল তাদের বললাম এরা গোলমাল করছে এদের বার কোরে দাও। তারপর ভেতরে এসেছি এবং ফিরে গিয়ে দেখি তাদের কাউকে বের করা হয়নি এবং তারা আমাকে এবং সুশীল ধাড়াকে অশালীন ভাষায় গালাগালি করছেন। আমি তখন পুলিশকে জিজ্ঞাসা করলাম এদের বার করা হয়নি কেন? তার কোন কৈফিয়ত পাইনি। তারা তখন গালাগালি দিচ্ছে আমি তার ভিতর দিয়ে চলে গেছি। পুলিশকে ডেকে বললাম কেন তোমরা বার করনি, ওরা যদি আমাকে ছোরা মারত তাহলে কি কালকে কালো ব্যাজ হাতে নিয়ে তোমরা শোক প্রকাশ করতে। তোমরা প্রোটেকসান দিতে পারবে না। চিফ মিনিষ্টারের হুকুম তাহলে কি বয়ে চলবে? আমি তার কোন কৈফিয়ত পাইনি।

(তুমুল হট্টগোল)

**শ্রীঅমরেন্দ্র নাথ প্রধানঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ঘটনা ঘটেছে তা অত্যন্ত দুঃখজনক ও লজ্জাজনক। মাত্র ছয় জন ছাত্র—বর্বর যুবক এখানে এসে যারা একটা বিশেষ দলের—তারা এখানে এসে যে কাণ্ডকারখানা করে গেছে তা আমরা বুঝতে পারছি না। ছয় জন ছেলেমেয়েকে ধরবার জন্য এখানে ডজনকয়েক পুলিশ রয়েছে। তারা তখন কি ভূমিকা গ্রহণ করেছিল? যাদের উপর এখানে শান্তি শৃঙ্খলার ভার ছিল তারা শান্তি শৃঙ্খলা রক্ষা করা বা বিশৃঙ্খলার প্রতিরোধ এর কোন ব্যবস্থা করতে পারেন নি। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে ভবিষ্যতে কি হবে? আমি অনুরোধ জানাই এ বিষয়ে আলোচনা হোক এবং একটা সিদ্ধান্ত গ্রহণ করা হউক।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় বিধান সভায় এরূপ কোন সদস্য থাকা উচিত নয় এবং নেই যিনি এ পক্ষে বা ও পক্ষেই বসুন আমাদের লিডার অফ দি হাউসকে—যিনি আমাদের মুখ্যমন্ত্রী—এই ধরনের অশালীন এবং অশোভন বিধান সভার করিডোরে যারা করেছে, তাদের আমরা সোজাসুজি সমর্থন করতে পারি না। সুতরাং

আমি মনে করি মাননীয় অধ্যক্ষ মহাশয় এ বিষয়ে সরকার পক্ষ, বিরোধী পক্ষ ও সকল পক্ষ থেকে নিশ্চয়ই আমরা লিডার অফ দি হাউসের উপর যে সম্পূর্ণ খারাপ রকমের অন্যায় অশোভন আচরণ করা হয়েছে তার তীব্র প্রতিবাদ ও নিন্দা করিতে পারি।

**শ্রীমনোরঞ্জন বক্সী**: মাননীয় স্পীকার মহাশয়, আমার হাউসে একটা নিবেদন আছে, কিছুদিন পূর্বে যুগান্তর পত্রিকায় দেখেছেন যে মুখ্যমন্ত্রীকে হত্যার ষড়যন্ত্র করা হয়েছিল। সেই থেকে সরকার তাঁর নিরাপত্তার কি ব্যবস্থা করেছেন জানি না। কিন্তু কাল যে ঘটনা ঘটেছে সেটা শুধু নিন্দনীয় নয়, ধিক্কারজনক ঘটনাও।

**শ্রীসরল দেব**: আমরা নিশ্চয় নিন্দাসূচক প্রস্তাব আনতে পারি। কিন্তু নিন্দাসূচক প্রস্তাব আনলেই হবে না। আমাদের বিধানসভার ভিতরে কি নিরাপত্তা আছে এবং সারজেন্টের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হবে, সেটা জানতে চাই।

**শ্রীবিজয় সিং নাহার**: স্পীকার মহাশয়, আপনার বক্তব্য এবং মুখ্যমন্ত্রীর বক্তব্য শুনেছি। আপনার বক্তব্যে বলেছিলেন ছ'জন ছেলেকে পুলিশ নিয়ে এসেছিল। শিক্ষামন্ত্রীকে নিশ্চয় নাম দিয়ে নিয়ে এসেছিল। বিনা নামে আসতে পারে না যেখানে শিক্ষামন্ত্রী দেখা করেছেন, জ্যোতি বসু দেখা করেছেন। তারা বিধানসভায় মুখ্যমন্ত্রীর কাছে কি উদ্দেশ্য নিয়ে এসেছিল সেটা এনকোয়ারী হওয়া দরকার। নাম থাকা সত্ত্বেও কেন এ্যারেষ্ট করা হয় নি, সেটা এনকোয়ারী করা দরকার। মুখ্যমন্ত্রীর উপর এত বড় ঘটনা ঘটে গেলেও পুলিশ নিষ্ক্রিয় ছিল কার নির্দেশে সেটা তদন্ত হওয়া দরকার। এইসবগুলো সমস্ত রকমভাবে তদন্ত হওয়া দরকার। এটা সহজে ছেড়ে দেবেন না। ছেড়ে দিলে এটা আপনার অপমান, বাংলাদেশের অপমান, হাউসের অপমান। এটা যাতে না হয় তার ব্যবস্থা করা দরকার। এটা অপমানজনক বলে আমি মনে করি। কি কি ব্যবস্থা নেওয়া হবে সেটা ঠিক করবেন। আপনার অধিকার আছে আপনি এই হাউসের অধিকার ভঙ্গের জন্য তাদের এ্যারেষ্ট করে আনতে পারেন। অনুগ্রহ করে তা প্রয়োগ করুন। দেখিয়ে দিন যে বাংলাদেশের স্পীকার হাউসের মর্য্যাদা রাখতে পারে। পালিয়ে যায় না, সেটা দেখিয়ে দিন।

**শ্রীহেমন্ত কুমার বসু**: স্পীকার মহাশয়, কাল যে ঘটনা ঘটেছে সারা বাংলাদেশে যে অরাজকতা চলছে তারই একটা শ্রেষ্ঠ নিদর্শন। এই ঘটনা এবং সারা বাংলাদেশে যে অরাজকতা চলেছে, শৃঙ্খলাহীনতা চলছে সে বিষয়ে নিশ্চয় সমস্ত হাউসের অধিকার আছে আলোচনা করে ব্যবস্থা করার। সেইজন্য যে প্রস্তাব শ্রীমতী গীতা মুখার্জী তুলেছেন আমি সেটা সম্পূর্ণ সমর্থন করছি এবং এই বিষয়ে বিশদভাবে আলোচনা করে একটা ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রীসুশীল কুমার ধাড়া**: স্যার, ঘটনার বর্ণনা করে মুখ্যমন্ত্রী বলেছেন। কিন্তু আমি তার সঙ্গে একটু জুড়তে চাই। আরও একটু সংশোধন করা দরকার বলে মনে করি। কারণ তা না হলে সমস্ত ঘটনা সকলে জানতে পারবেন না। যারা এসেছিল তাদের কাছাকাছি যখন মুখ্যমন্ত্রী আসেন আমি তাঁর পিছনে ছিলাম। ঠিক পিছনে ছিলাম না। কারণ মুখ্যমন্ত্রীর পিছনে সারজেন্ট ছিল। তাঁর দুজন মানুষ পিছনে আমি ছিলাম। আমি যখন ওই অবস্থা দেখলাম তখন কাছে চলে এসেছিল। আমাকেও ওদের সঙ্গে ধাকাধাক্কি করে আসতে হয়েছে। শুধু স্কুলের ছেলেমেয়ে নয়। ওদের সংগে প্রাপ্ত বয়স্ক লোকও ছিল। আমি নিজে দেখেছি তাদের গোঁফ-দাঁড়ি বেশ বড় বড়। অনেকদিন ধরে কামান দাঁড়ি-গোঁফ। এই যে লোকগুলো এসেছিল তারা কারা? আমি সংগে সংগে অত্যন্ত ক্রুদ্ধভাবে আপনাকে গিয়ে বলেছি। আমার সংগে মাননীয় সদস্য শ্রীঅবিনাশ বসু ছিলেন। আপনি আমাকে সংগে সংগে জিজ্ঞাসা করেছিলেন, কারা ওরা জানতে পেরেছেন কি? আমি বলেছি, কি করে জানব। লোকগুলো করিডোরে আছে। তারপর আমি হাউসে এসেছি।

যখন আবার বেরিয়ে গিয়েছি তখন মনে হল মুখ্যমন্ত্রীর ঘরে ফিরে যাওয়া পর্য্যন্ত তাঁর পিছনে থাকা উচিত। তখন পাশে দাঁড়িয়ে দেখেছি তারা গালাগালি করছে। আর যেহেতু আমি তাঁকে protection দিয়েছিলাম সেজন্য তারা আমাকেও অশ্লীল ভাষায় গালাগালি করেছে। আমি মন্ত্রী আছি। ক'দিন আছি জানি না, কিন্তু এখনও আছি। কাজেই এই অবস্থায় নিশ্চয় রাজ্যের একটা সম্মানিত পদে দেশের মানুষ আমাদের বসিয়েছে। এটা আমাদের রক্ষা করা দরকার এবং মনে করি বিধানসভার সেই সম্মান আরও বেশী করে রক্ষা করা দরকার। বাহিরে এটা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। প্রতিদিন মিটিংএ যে ভাষা ব্যবহার করা হচ্ছে সেটা ছেড়ে দিচ্ছি, প্রতিদিন আমরা যেভাবে নিগৃহীত হচ্ছি সেটা ছেড়ে দিচ্ছি। কিন্তু এখানে যে জিনিষ হয়েছে এবং শ্রীমতী গীতা মুখার্জি যে কথা বলেছেন সেই জিনিষ হওয়া উচিত। এই জিনিষটাকে চেপে দেবার চেষ্টা করবেন না। আপনার ঐতিহাসিক সারা ভারতে নূতন একটা record সৃষ্টি করেছে। আশা করি আপনিও সেই রকম নিরপেক্ষভাবে সমস্ত বিচার করবেন। এ নিয়ে এ পক্ষের লোক বলছেন, কি ও পক্ষের লোক বলছেন, কে কতটা howl down করতে পারছেন সেটা বড় কথা নয়। আপনার সুক্ষ্ম দৃষ্টিভঙ্গী, আইনের বিচার, মাননীয় সদস্যদের, মুখ্যমন্ত্রীর মর্য্যাদা, হাউসের মর্য্যাদা তার সমস্ত কিছু রক্ষা করার পরিপূর্ণ দায়িত্ব আপনার এবং ঐ মানদণ্ড আপনাকে সেই অনুমতি দিয়াছে। সেই জিনিষ আগে করুন, তারপর business এবং অন্যান্য জিনিষ হবে।

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীবলাই দাস মহাপাত্র :** স্যার, গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী Leader of the House-এর উপর যে বর্বর আক্রমণ করা হয়েছে আমি তার তীব্র নিন্দা করছি। এবং মনে করি স্বরাষ্ট্র দপ্তর অপদার্থতার পরিচয় দিয়েছে। বারবার বিধানসভায় এই জিনিষ হচ্ছে। কিছুদিন পূর্বে আমরা দেখলাম বিধানসভায় পুলিশী আক্রমণ হয়েছিল। সেদিন সতর্ক করে বলেছিলাম স্বরাষ্ট্র বিভাগ সম্পূর্ণ অপদার্থ। কিন্তু তার প্রতিকার আজ পর্য্যন্ত হয়নি। তারপরেও দেখলাম মুখ্যমন্ত্রী আক্রান্ত হলেন। এটা শুধু তাঁর উপর আক্রমণ নয়, এটা বিধানসভার প্রত্যেকটি সভ্যের উপর আক্রমণ, গণতন্ত্রের উপর আক্রমণ। কাজেই এ সম্পর্কে প্রতিকার হওয়া উচিত। সুতরাং শ্রীমতী গীতা মুখার্জি যে কথা বললেন সেটাকে আমি সম্পূর্ণ সমর্থন করি এবং এ বিষয় বাংলাদেশের একটা আশ্বাস চাইছে। আমরা যেজন্য এখানে এসেছি সেই কাজ যেন আমরা শান্তিপূর্ণভাবে ও গণতান্ত্রিক ভাবে করতে পারি। সেজন্য আবেদন করছি আপনি এর একটা ব্যবস্থা করুন।

**শ্রীধনঞ্জয় কর :** স্যার, এখানে কাল যে ঘটনা ঘটেছে সেটা সম্পূর্ণ অন্যায় হয়েছে। এবং এইরকম জুলুমবাজী যদি চলে তাহলে আমরা তা আর সহ্য করব না। আমরা আশা করি আপনি আমাদের সম্মান রক্ষা করার চেষ্টা করবেন। আমরা S.S.P.-র পক্ষ থেকে এই গর্হিত কাজের যথেষ্ট নিন্দা করছি।

**শ্রীঅনাদি দাস :** মিঃ স্পীকার, স্যার, এই এ্যাসেমব্লী বাংলাদেশকে পরিচালিত করবে এই উদ্দেশ্যে আজ এ্যাসেমব্লী গঠিত করেছে বাংলাদেশের মানুষ। এখানে মুখ্যমন্ত্রীর উপরে যা হয়েছে এটা কয়েকটি অর্বাচীন ছেলে একটা স্পার অব দি মোমেণ্টে করেছে অথবা এটা একটা পলিটিক্যালি মোটিভেটেড হয়ে এখানে এসে এই রকম একটা অবস্থার সৃষ্টি করেছে এটাও এই এ্যাসেমব্লীতে বসে বিবেচনা করা উচিৎ। তা না হলে বাংলাদেশের যে অবস্থার সৃষ্টি হয়েছে সেই অবস্থার প্রতি সুষ্ঠু বিচার করা হবে না এবং বাংলাদেশের মানুষের প্রতি অন্যায় করা হবে, অনাচার করা হবে। আমরা জানি যে কিছুদিন আগেই কমরেড হিরণ্ময় গাঙ্গুলী, এ এমিনেণ্ট রিভোলিউশনারি অব ওয়েষ্ট বেঙ্গল, তাঁকে মিথ্যা ডাকাত আখ্যা দিয়ে পুলিশরা ষড়যন্ত্র করে হত্যা করেছিল এবং সেই হত্যার তদন্ত অত্যন্ত জঘন্যভাবে সেটা নাকচ করা হয়েছে। তাই এই সমস্তটাই রিফ্লেক্ট করছে

বাংলাদেশের বর্তমান অবস্থা ও মার্কসবাদের নাম করে মার্কসবাদের কবর দেওয়ার চেষ্টা চলছে। এর সমস্তটাই তদন্ত করা উচিত এখানে তা বিবেচিত হওয়া উচিত।

**শ্রীঅহিন্দ্র মিশ্র:** স্পীকার, স্যার, আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলাম এবং মুখ্যমন্ত্রীর ঠিক পিছনে পিছনে আসছিলাম। একজন আই উইটনেস হিসাবে যে দৃশ্য আমি দেখেছি তাকে কিছুতেই সভ্য আখ্যা দেওয়া যায় না, সম্ভবও নয়। আমি আশা করবো আপনার কাছে যেহেতু আপনাকে আমরা প্রধানত: আমাদের নিরপত্তার স্থায়ী ভিত্তি বলে মনে করি যতক্ষণ এই প্রেমিসেসের মধ্যে আছি এই ব্যাপারটাকে যেন লঘুভাবে না নেওয়া হয়, উড়িয়ে না দেওয়া হয়। এটা রাজনৈতিক প্রশ্ন নয়, কোন দলেরও প্রশ্ন নয়, এটা সমস্ত বাংলাদেশের মর্যাদার প্রশ্ন। সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে এই রকম কুৎসিত নজীর থাকবে এটা বাঞ্ছনীয় নয়। আমরা মেম্বাররা যদি আজকে মনে করি, এই গণতন্ত্রের প্রতি যদি মর্যাদা দেওয়ার দরকার বলে মনে করি, তাহলে শ্রীমতী মুখার্জী যে প্রস্তাব এনেছেন সেটা আমাদের সমর্থন করা উচিত এবং আমি সেই প্রস্তাব পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং আপনাকে আবার অনুরোধ করছি এটাকে গুরুত্ব দিয়ে বিচার করুন।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** স্যার, ঐ সময় আমি যখন ওদিক দিয়ে যাচ্ছিলাম তখন শুনতে পেলাম যে—গাজলের ও. সি. এবং স্বরাষ্ট্র দপ্তরের উপর মুখ্যমন্ত্রী যেখানে হস্তক্ষেপ করেছেন, তারা এই রকম বলে বলে শ্লোগান দিচ্ছে যে গাজলের ও. সি.র ব্যাপারে মুখ্যমন্ত্রীর খবরদারি চলবে না। এই কথা আমি শুনেছি এসব ছেলেমেয়েরা যারা করিডোর দিয়ে এসেছিল তাদের মুখে। এই বক্তব্যটা কাদের ?

**শ্রীকলিমুদ্দিন সামস:** ওরা ঐ পাঁচজন ছেলেকে এ্যারেষ্ট করেছে কি না আমরা জানতে চাই কারণ পেপারের মধ্যে তাদের নাম আছে। আমি জানতে চাই মুখ্যমন্ত্রীকে যে ঐ পাঁচ জন ছেলে অপমান করেছে তাদের এখনও এ্যারেষ্ট করা হয়েছে কি না। আর যদি না হয়ে থাকে তাহলে কি এ্যাকশন তাদের বিরুদ্ধে নেওয়া হচ্ছে এটাও আমরা জানতে চাই। তাই এই ঘটনাকে থে্ডবেয়ার ডিসকাশন করতে দেওয়ার জন্য অনুরোধ করবো।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মি: স্পীকার, স্যার, আমি এই হাউসে তখন উপস্থিত ছিলাম যখন মুখ্যমন্ত্রী এখান দিয়ে যাচ্ছিলেন এবং যতীন বাবু চীৎকার করছিলেন যে রাস্তা ছেড়ে দাও। এই ঘটনা ঘটে যাওয়ার পরে আমি যখন গাড়ী করে চৌরঙ্গী যাচ্ছিলাম ধর্মতলার উপর দিয়ে তখন ঐ কয়েকটি ছেলে এবং ফ্রক পরা কয়েকটি মেয়ে তারা চীৎকার করছিল যে নারীর শ্লীলতাহানি করলো কে—মুখ্যমন্ত্রী—আবার কে! মুণ্ডু চাই, সুশীল ধাড়ার মুণ্ডু চাই, এই ভাবে শ্লোগান দিয়ে যাচ্ছে। তারপর যখন আমি বৌবাজারের দিকে আসছিলাম তখন দেখি এই গুণ্ডার দল সেখানে হামলা করেছে অথচ তাদের এ্যারেষ্ট করা হয়নি। আমি জানতে চাই জ্যোতিবাবুর পুলিশের কাছে যে, আজ বাংলাদেশের মুখ্যমন্ত্রীর ইজ্জত আছে কি নাই, বাংলাদেশের মানুষের ইজ্জত আছে কি নাই। তাই শ্রীমতী গীতা মুখার্জী যে প্রস্তাব এনেছেন তা গ্রহণ করে সমস্ত হাউস মিলে এটাকে কনডেম করা উচিত। আজকে একটাকেও দেখলাম না যে ঐ সি. পি. এম.-এর তরফ থেকে দুঃখ প্রকাশ করলো। আজকে দেখছি যে ওরা দিনের পর দিন গুণ্ডামীকে বাড়িয়ে দিয়ে যাচ্ছে। কিন্তু মনে রাখবেন যে গুণ্ডা দিয়ে দেশ রক্ষা করা চলে না।

**শ্রীমতী গীতা মুখোপাধ্যায়:** মাননীয় স্পীকার মহাশয়, যেহেতু দুর্ভাগ্যক্রমে বা সৌভাগ্যক্রমে আমার নাম করে বহু সমর্থক যার যা ইচ্ছা হচ্ছে বলে যাচ্ছেন সেইজন্য আমি কি বলেছিলাম তা আবার স্পষ্ট করে বলে দিতে চাই। সেটা হচ্ছে এই যে আমাদের বিধানসভা ভবনের মধ্যে মাননীয় মুখ্যমন্ত্রীর উপরেতে যে অশালীন আচরণ বিগত কাল হয়েছে, বিধান সভার এপাশ এবং

ওপাশ-এ নিশ্চয়ই এমন কোন সদস্য থাকতে পারেন না যিনি একে সমর্থন করবেন। সুতরাং এটা কোন একার ব্যাপারই নয়। বিধান সভার তরফ থেকে যাতে আমরা এই বিষয়ে সম্মেবেতভাবে নিন্দা জ্ঞাপন করতে পারি তার সুযোগ অধ্যক্ষ মহাশয় দেবেন। এই ছিল মাননীয় স্পীকার মহাশয়ের কাছে আমার সাবমিশন। এখন নানা রকম সমর্থক নানারকম ভাবে নিজের মতের মধ্যে দিয়ে রাখতে আরম্ভ করেছেন। সুতরাং এই ছিল মাননীয় স্পীকারের কাছে আমার সাবমিশন। এখন নানারকম সমর্থকেরা নানারকম সাক্ষী মানছে, তাদের নিজের বক্তব্য নিজের নিজের ইচ্ছা-মত বলতে আরম্ভ করেছেন এবং আমাকে যেহেতু সাক্ষী মানছেন সেইহেতু আমি আপনার কাছে প্রটেকশান এর জন্য হাজির হচ্ছি এবং আমার প্রস্তাব আমি সুদৃঢ় ভাবে শুধু আপনার কাছে হাজির করছি আপনার বিবেচনার জন্য।

[ 2-40—2-50 p.m. ]

**Mr. Speker :** We have had enough discusion on this subject. We have got to come to some sort of a conclusion.

**কুমার জগদীশচন্দ্র সিনহা :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার একটা ছোট্ট নিবেদন আছে। আপনি আমার মোশান অব পিভিলেজ রুল আউট করেছেন, আপনার নির্দেশের বিরুদ্ধে কিছু বলার নাই। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে এবং সমস্ত দলের সদস্যরা যেভাবে এই ঘটনা নিন্দা করেছেন এবং তাদের মতামত ব্যক্ত করেছেন কিন্তু আমি অত্যন্ত দুঃখের সঙ্গে দেখতে পাচ্ছি মাননীয় উপমুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী এবং সি পি এম দলের অন্যান্য মন্ত্রীরা এবং সদস্যরা এখানে উপস্থিত থাকা সত্বেও এই ঘটনার নিন্দাসূচক ধ্বনি এবং শ্রীমতী গীতা মুখার্জী যে প্রস্তাব এখানে এনেছেন তার পক্ষে একটি কথাও উচ্চারণ করেননি। এখানে মাননীয় সমস্ত সদস্য এই দুভাগ্যজনক ঘটনাকে নিন্দাজ্ঞাপন করেছেন এবং এই প্রস্তাব গ্রহণ করেছেন এবং এই প্রস্তাবকে সমস্ত দল সমর্থন করেছেন, কিন্তু অত্যন্ত দুঃখজনক ঘটনা যে সি.পি.এম. দলের কোন সদস্য এই প্রস্তাবকে সমর্থন করে একটি কোথাও বলেন নি। আমি এখানে বলতে চাই যে এই ঘটনা ঘটার পরে মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে তাদের নাম জানা নেই। কিন্তু আমি বলতে চাই যে তাঁর ঘরে যারা এসেছিল তারা স্লিপ দিয়ে এসেছিল এবং সেই স্লিপে নাম দেওয়া ছিল এবং তিনি তাদের অনুমতি দিয়েছিলেন তাঁর সঙ্গে দেখা করবার জন্য এবং পুলিশ অফিসারও তাদের নাম জানে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, উপমুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে তাদের নাম বলে এসেছেন যে এই এই লোক আপনার সঙ্গে দেখা করতে চায়। তাঁরা এখানে বলুন কোন্ কোন্ লোক এখানে এসেছিল। মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় তিনি কি ব্যবস্থা নিয়েছিলেন এই পুলিশ অফিসারদের বিরুদ্ধে, যারা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের আদেশ অমান্য করেছে এবং এই সমস্ত পুলিশ অফিসার মুখ্যমন্ত্রীর নিরাপত্তার ব্যবস্থা করেন নি কেন এবং তাদের উপস্থিত থাকা স্বত্বেও কি করে মুখ্যমন্ত্রী মহাশয়কে অপমান করলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী এবং অন্যান্য সদস্যদের অধিকার রক্ষা করবার জন্য পুলিশ অফিসাররা কি করেছেন এবং এখানে যে সমস্ত পুলিশ অফিসাররা ছিলেন তাদের নাম আপনারা নিশ্চয়ই জানেন। তারা সদস্যদের অধিকার রক্ষা করতে পারেনি। সেইজন্য আমি একটি প্রিভিলেজ মোসান ২৩০ নং ধারায় রুলস অব প্রোসিডিওর অনুযায়ী এনেছিলাম, কিন্তু আপনি কেন তা এ্যালাও কোরেছেন না তা বুঝতে পারছি না। সেইজন্য আমি আপনাকে অনুরোধ করবো রুলস অব প্রোসিডিওর-এর ২৩০নং ধারা অনুসারে আপনি এই প্রিভিলেজ মোসান এ্যাডমিট করে দুঃখজনক ঘটনার পরিসমাপ্তি করতে পারেন।

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় :** ওঁরা যে কথাটা তুলেছে আমি সেই সম্পর্কে একটু বলে দেই,—আমার কাছে কেউ কোন slip পাঠায় নাই, নামও দেয় নাই। আমি বেরিয়ে আসছিলাম, পথে তারা আমাকে ঘিরে ধরে এই রকম করেছে।

## Ruling

**Mr. Speker :** Honourable members, I have heard almost all of you on this very sad incident that happened yesterday. Nobody is more sorry than myself as to what happened to our aged, respected Chief Minister. I am reminded of protecting the dignity of the House. I can assure you that I will spare no pains to protect the dignity of this House—not only of this House but of every member including the Minister. But I will not allow any one of you to take this opportunity to serve other purposes. I will proctect the dignity of the House.

( Shri NEPAL CHANDRA ROY : You have failed ). I might have failed but it is not for you to say so, Mr Roy. Worst things happened before my time. I know that. Whatever it is I express not only my sincere regret for what happened yesterday but I also express the regret on behalf of the honouroble and respected members for the incident that happened yesterday. I can assure you that I am strong enough so long as I am in the Chair to protect the dignity of the Chair and the right of this Chair. I will not allow you to behave in a way that you are behaving. You must allow the Speaker to continue. Weather I will continue for a day or not I do not care. But so long I am here I will not allow any one of you to force me to do which I do not want to do. But you can not expect the Speaker to deal with the situation in the midst of this Assembly House when the discussion or when other things are being done. I have already told you that I will send for almost all the members or members who can help me to find out ways and means as to what I should do. I do not want to do anything myself. I have already said that I have taken some steps, however inadequate they may be, but that was an indication of my mind of doing something for the protection of the dignity of this House. I can assure you I want your co-operation irrespective of the party or political consideration. I want you to dispose of this matter without any excitement or without doing anything but with what justice demands. If you help me I will be obliged. If you tell me as to who amongst you want to come, no matter to whichever party you may belong, I am prepared to hear you and to abide by what you say. After consultation I shall try my best to do justice. Beyond that you cannot expect me to do whatever you like and to obstruct the business of the House. That would be unbecoming of any Speaker to close the House, to shut the House for which you and I are all paid.

[ 2-50—3 p.m. ]

**Mr. Speaker :** I have received 6 notices of Calling Attention on the following subjects, namely :

1. Continuation of Curfew at Siliguri—from Shri Sanat Kumar Raha.

2. Panic in Nandi Village—from Shri Sanat Kumar Raha.

3. Non-payment of proper wages to the workers of Bidi factories in Aurangabad—from Shri Satya Pada Bhattacharyya.

4. Want of drinking water in the rural and colony areas of West Bengal—from Shri Gour Chandra Kundu.

5. Continued and prolonged closure of different powerloom factories in West Bengal—from Shri Gour Chandra Kundu.

6. Assault on Chief Minister by some students within the precincts of the Assembly House—from Shri Kripasindhu Saha.

I have selected the notice on the subject of Continuation of Curfew at Siliguri from Shri Sanat Kumar Raha.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date....

**Shri Jyoti Bosu :** On the 27th next.

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** আমার যা বক্তব্য ছিল গতকালের ঘটনা সম্পর্কে সে সম্বন্ধে বিস্তারিত আলোচনা হয়েছে। কাজেই এসম্পর্কে আমি আর আলোচনা করতে চাই না। কেবল আপনার কাছে একটা কথা বলছি যে চীফ মিনিষ্টার বলেছেন বার বার ঐ সমস্ত সেন্ট্রিদের বলা সত্বেও তাঁরা কোন রকম ব্যবস্থা করেন নি। যে সমস্ত ছাত্ররা এসেছিল তাদের নাম এখানে আছে। আমি আপনার কাছে বলছি যে সমস্ত ছাত্রদের নাম এখানে আছে, তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক, আর যে সমস্ত সার্জেন্টদের চীফ মিনিষ্টার রিকোয়েষ্ট করেছিলেন তাঁকে হেল্প করার জন্য কিন্তু তাঁরা করেন নি তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক এই কথাই আমি বলছি।

**শ্রীজয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাংলাদেশে ব্যাপক অরাজকতা চলছে। মাঠের ধান চাষীরা কতটুকু তুলেছে সেটা সকলেই জানেন। অধুনা পশ্চিমদিনাজপুর জেলার ছোট ছোট পুকুরগুলি থেকে একদল দুষ্কৃতকারী লাল ঝাণ্ডা নিয়ে মণ মণ মাছ তুলে নিয়ে চলে যাচ্ছে, জল ঘোলা করে সমস্ত মাছ ভাসিয়ে দিচ্ছে। কার পুকুর, তিনি কত বিঘা জমির মালিক, ঐ পুকুরটাই তাঁর একমাত্র সম্বল কি না এইসব তারা কিছুই দেখছে না। এক একটা গ্রামে দুষ্কৃতকারীরা দিনের পর দিন লুঠ করে চলে যাচ্ছে। আমাদের মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী এখানে আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি—আপনাদের কি নির্দেশ আছে যে, যে-কোন মালিকের জমি নির্বিচারে দখল করে নাও বা যে-কোন গ্রামে, যে-কোন পুকুর যে-কোন সময়ে দুষ্কৃতকারীর দল লাল ঝাণ্ডা নিয়ে জল ঘোলা করে দিয়ে সমস্ত মাছ ভাসিয়ে ধরে নিয়ে যাবে। আমি নিবেদন করছি যে অবিলম্বে এ ব্যাপারে প্রতিকার করা হোক, তা নাহলে আপনাদের মধ্যে যে সঙ্কট আরম্ভ হয়েছে সেই সঙ্কট আরো তীব্রতর হবে।

**শ্রীআবদুস সত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা বিষয়ের প্রতি। মুর্শিদাবাদ জেলা স্কুলবোর্ডের কর্মচারীরা গত ৮ই ডিসেম্বর থেকে কলম ধর্মঘট করেছেন। বাংলাদেশের শিক্ষকরা ১৯৬২ সাল থেকে য়্যাডভান্স পে পেয়ে আসছেন। এই কলম ধর্মঘট করায় ফলে সেখানে শিক্ষকরা বেতন পাচ্ছেন না। অনেক শিক্ষককে এই বেতনের উপর নির্ভর করতে হয়। মাননীয় মন্ত্রিমহাশয় বোধ হয় গত ২৪শে ডিসেম্বর, ১৯৬৯ তারিখে তাঁদের ডেকেছিলেন কিন্তু কোন সুরাহা হয় নি। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এই ব্যাপারে তাড়াতাড়ি একটা সুরাহা করার জন্য।

কিন্তু এখন পর্যন্ত তাদের বেতনের কোন ব্যবস্থা হয়নি। এই ধর্মঘটের জন্ত তারা যে দাবী করেছে অন্তান্ত জেলাতে সে সুবিধা তারা পেয়ে থাকে। সেইজন্ত আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে শিক্ষকমণ্ডলী যাতে তাড়াতাড়ি বেতন পায় তার ব্যবস্থা করবেন। এইবলে আমি আমার বক্তব্য শেষ করছি।

### Business Advisory Committee

**Mr. Speaker :** In accordance with the provisions of rule 284 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the Business Advisory Committee which shall consist of the following members of the Assembly, namely :—

1. Shri Hansadhwaj Dhara,
2. Dr. Zainal Abedin,
3. Shri Gopal Basu,
4. Shri Monoranjan Baksi,
5. Shri Sanat Kumar Raha,
6. Shri Ajit Kumar Biswas,
7. Shri Jatin Chakravorty,
8. Shri Renupada Haldar.

and the Speaker who shall be the Chairman of the Committee. I hope you will agree on this.

### Committee on Petitions

**Mr. Speaker :** In accordance with the provisions of rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members of the Assembly to form the Committee on Petitions :—

1. Shri Ramkrishna Saraogi,
2. Shri Narayan Naskar,
3. Shri Joykesh Mukherjee,
4. Shri Abinash Basu,
5. Shri Bireswar Ghosh,
6. Shri Siddeswar Mondal,
7. Shri A.H. Besterwitch,
8. Shri Rabin Mondal,
9. Shri Kumud Ranjan Mondal,
10. Shri Balailal Das Mahapatra,
11. Shri Girish Mahato, and
12. Shri M. Makshed Ali.

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Balailal Das Mahapatra to be the Chairman on Petitions.

### Committee of Privilege

**Mr. Speaker :** In accordance with the provisions of rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members to form the Committee of Privilege :—

1. Shri Bijoy Singh Nahar,
2. Shri A K.M. Ishaque,
3. Shri Syed Abul Mansur Habibullah,
4. Dr. A.M.O. Ghani,
5. Dr. Sunil Kumar Mitra,
9. Shri Nikhil Das,
7. Shri Probodh Purkait,
8. Shri Dhananjoy Kar, and
9. Shri Apurba Lal Majumdar, Deputy Speaker,

and in terms of proviso to rule 255(1) of these rules I appoint Shri Apurba Lal Majumbar, Deputy Speaker to be the Chairman of the Committee.

### Resignation of Membership

**Mr. Speaker :** I have to make an announcement. Shri Kamakhya Charan Ghosh of Manikpur P.O. and Dist Midnapore, who was elected to the West Bengal Legislative Assembly from 210—Midnapore Constituency, has resigned his membership to the West Bengal Legislative Assembly, with effect from the 6th January, 1970.

## LAYING OF ORDINANCES

### The Burdwan University (Amendment) Ordinance, 1969

**Shri Satya Priya Roy :** Sir, I beg to lay the Burdwan University (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XII of 1969), under Aricle 213(2) (a) of the Constitution of India.

### The West Bengal Land (Requisition and Acquisition)(Amendment) Ordinance, 1969

**Shri Hare Krishna Konar :** Sir, I beg to lay the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XIII of 1969), under Article 213(2) (a) of the Constitution of India.

### The Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1969

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :** Sir, I beg to lay the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XIV of 1969), under Article 213(2) (a) of the Constitution of India.

**The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Ordinance, 1969**

**Shri Ajoy Kumar Mukhopadhyay**: Sir, I beg to lay the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XV of 1969), under Article 213 (2, (a) of the Constitution of India.

**The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Ordinance, 1969**

[ 3-3-10 p.m. ]

**Shri Jatin Chakravorty**: Sir, with your permission, I beg to lay the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XVI of 1969), under Article 213 (2) (a) of the Constitution of India.

**The West Bengal Court-fees Ordinance, 1969**

**Shri Bhati Bhusan Mandal**: Sir, I beg to lay the West Bengal Court-fees Ordinance, 1969 (West Bengal Ordinance No XVII of 1969), under Article 213(2) (a) of the Constitution of India.

**The West Bengal Finance (Sales Tax) (Second Amendment) Ordinance, 1969**

**Shri Ajoy Kumar Mukhopdhyay**: Sir, I beg to lay the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XVIII of 1969), under Article 213(2) (a) of the Constitution of India.

**The Bengal Co-operative Societies (Second Amendment) Ordinance, 1969**

**Shri Kanai Bhowmik**: Sir, I beg to lay the Bengal Co-operative Societies (Second Amendment) Ordinance, 1969 (West-Bengal Ordinance No. 1 of 1970), under Article 213(2) (a) of the Constitution of India.

**The West Bengal (Tax on Paddy Purchased by Rice Mills) Ordinance, 1970**

**Shri Ajoy Kumar Mukhopadhyay**: Sir, I beg to lay the West Bengal (Tax on Paddy Purchased by Rice Mills) Ordinance, 1970 (West Bengal Ordinance No. II of 1970), under Article 213 (2) (a) of the Constitution of India.

**The City Civil Court (Saving of Limitation of Suits and Proceedings) Ordinance, 1969**

**Shri Bhakti Bhusan Mandal :** Sir, I beg to lay the City Civil Court (Saving of Limitation of Suits and Proceedings) Ordinance, 19 9 (West Bengal Ordinance No. III of 1970), under Article 213(2) (a) of the Constitution of India.

## LAYING OF RULES AND REGULATIONS

**Amendments to the Bengal Motor Vehicles Rules, 1970**

**Shri Krishnapada Ghosh :** Sir, with your permission, I beg to lay the amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

**Amendment to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955**

**Shri Ajoy Kumar Mukhopadhyay :** Sir, I beg to lay an amendment to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955.

## LAYING OF REPORTS

**Fourth Annual Report of the Central Road Transport Corporation Limited (A Government of India Undertaking) for the year 1967-68.**

**Shri Krishnapada Ghosh :** Sir, with your permission, I beg to lay the Fourth Annual Report of the Central Road Transport Corporation Limited (A Government of India Undertaking) for the year 1967-68.

**Audit Report for 1964-65 and Administration Report for 1964-65 of the Calcutta State Transport Corporation.**

**Shri Krishnapada Ghosh :** Sir, with your permission, I beg to lay the Audit Report for 1964-65 and Administration Report for 1964-65 of the Calcutta State Transport Corporation under the Road Transport Corporation Act, 1950 (64 of 1950).

**Presentation of the First Report of the Committee on Rules (Fifth Assembly).**

**Mr. Speaker :** I beg to present the First Report of the Committee on Rules (Fifth Assembly).

### Presentation of the Report of the Select Committee on the West Bengal Panchayat Bill, 1969

**Shri Bibhuti Bhusan Dasgupta :** Sir, I beg to present the Report of the Select Committee on the west Bengal Panchayat Bill, 1969

### Resolution for Ratification of the Constitution (Twenty-third Amendment) Bill, 1969

**শ্রীযতিন চক্রবর্ত্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাবটি এই সভার সামনে উপস্থিত করছি। That this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to Article 368 thereof, proposed to be made by the Contitution (Twenty-third Amendment) Bill, 1969, as passed by the both Houses of Parliament.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর্টিকেল ৩৬৮ অব দি ইণ্ডিয়ান কনষ্টিটিউশন অনুসারে পার্লামেণ্টের উভয় সভায় একটা সংশোধনী কনষ্টিটিউশনের ২৪ আর্টিকেলে এই সংশোধনী উভয় সভায় গৃহীত হয়েছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ ৩৬৮ নম্বর আর্টিকেল অনুসারে এটাও আছে যে কোন রাজ্য থেকে পার্লামেণ্টে যে প্রতিনিধিত্ব তার যদি কোন পরিবর্ত্তন দরকার হয় তাহলে সেটা বিভিন্ন রাজ্যে যে বিধানমণ্ডলী আছে তার অর্ধেকের বেশী রাজ্য বিধানমণ্ডলীর দ্বারা প্রস্তাবাকারে সেই সংশোধনী বিল গৃহীত হয়ে রাষ্ট্রপতির স্বাক্ষরের আগে সেখানে পৌছান দরকার, সেই উদ্দেশ্যে লোকসভার পক্ষ থেকে আমাদের এখানে এই বিল পাঠান হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সংশোধনী বিলটি টোয়েন্টিথার্ড এ্যামেণ্ডমেণ্ট অব দি কনষ্টিটিউশনে, যেটা পার্লামেণ্টে গৃহীত হয়েছে তার মধ্যে আর্টিকেল ৩৩০, আর্টিকেল ৩৩২, আর্টিকেল ৩৩৩ এবং আর্টিকেল ৩৩৪ এরই কিছু কিছু সংশোধন করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৯ সালে যখন ভারতের সংবিধানে কনষ্টিটিউয়েণ্ট এ্যাসেম্বলী কর্তৃক তৈরী হয় সেই সময় শিডিউল্ড কাষ্ট এবং শিডিউল্ড ট্রাইবস-এর ব্যাপারে আসন সংরক্ষণের বন্দোবস্ত এটাও সেই সংবিধানের মধ্যে সন্নিবেশিত হয় এবং আমাদের যে সমস্ত রাজ্য বিধানমণ্ডলী আছে কিম্বা পার্লামেণ্টের যে লোকসভা আছে তাতে অ্যাংলো ইণ্ডিয়ান সম্প্রদায়ের প্রতিনিধিত্ব সম্পর্কে এবং বিধানমণ্ডলীতে অ্যাংলো ইণ্ডিয়ান প্রতিনিধি সম্পর্কে কতকগুলি ধারা গৃহীত হয়েছে এবং এটা তখন নির্দ্দিষ্ট হয় যে ১০ বছরের জন্য এই সংরক্ষণের বন্দোবস্ত চালু থাকবে। অ্যাংলো ইণ্ডিয়ান সম্প্রদায় সম্পর্কিত ব্যাপারে ঠিক হয় যে, লোকসভায় রাষ্ট্রপতি ২ জন মাত্র সেই সম্প্রদায়ের প্রতিনিধিকে মনোনীত করবেন এবং অন্যান্য রাজ্যে যে রাজ্যপাল তাঁর উপরই এই অধিকার ছেড়ে দেওয়া হয় যে এই অ্যাংলো ইণ্ডিয়ান সম্প্রদায় থেকে কোন প্রতিনিধি মনোনয়ন করার প্রয়োজনীতা আছে কি না। যদি থাকে তাহলে কত জন করবেন সেটা রাজ্যপালের মর্জীর উপর ছেড়ে দেওয়া হয়। কিন্তু ১০ বছর বাদে দেখা গেল ১৯৫৯ সালে যে ঐ আর্টিকেল ৩৩৪ তার সংশোধন করার প্রয়োজনীয়তা দেখা দিলো। কারণ আরো ১০ বছরের জন্য এই সংরক্ষন ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয়তা দেখা দিলো এবং ঐ অ্যাংলো ইণ্ডিয়ান সম্প্রদায়ের যে মনোনয়ন সে সম্পর্কেও তাকে আবার ১০ বছরের জন্য বজায় রাখার প্রয়োজনীয়তা দেখা দিলো।

[3-10-3-30 p.m.]

এবং আর্টিকেল ৩৩৪ তার থেকে এ্যামেণ্ডমেণ্ট করে ১০ বছর তাকে বাড়িয়ে দেওয়া হল। অধুনা ভারত সরকার সিদ্ধান্ত করেছেন যে বর্তমানে যে অবস্থা রয়েছে সেই অবস্থার মধ্যে সংরক্ষণ ব্যবস্থা আরো ১০ বছরের জন্য বজায় রাখা দরকার। এই মাসের ২৬শে তারিখে ১০ বছর পূর্ণ হচ্ছে। সুতরাং সংশোধনী বিলের মাধ্যমে আরো ১০ বছরের জন্য এই সংরক্ষণ—মনোনয়ন ব্যবস্থা বাড়িয়ে দেবার জন্য এই প্রস্তাব গৃহীত হয়েছে। যে twenty-third amendment of the constitution এবং article 330 of the Constitution. এটা আগে ছিল সিডিউল্ড ট্রাইবস যারা আছে আসামে তাদের সংখ্যা যথেষ্ট বেশী থাকার ফলে তাদের এই সংরক্ষণ আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। এখন তাদের সংগে নাগাল্যাণ্ড যুক্ত হয়েছে বলে নাগাল্যাণ্ডের শতকরা ৯০ জন সিডিউল্ড ট্রাইবস ভুক্ত বিধেয়কে তাদের সংরক্ষণের আর প্রয়োজনীয়তা নাই। সেইজন্য ৩৩০ নং আর্টিক্যালে এটাকে সংশোধন করে ঐ আসামের সংগে নাগাল্যাণ্ডকেও বাদ দেওয়া হচ্ছে এবং ৩৩০, ৩৩২ ও ৩৩৩ ধারা অনুসারে মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা নির্দিষ্ট হয়েছে এই নূতন সংশোধনী প্রস্তাবে। অ্যাংলো ইণ্ডিয়ান সম্প্রদায় এতদিন পর্যন্ত রাজ্য বিধান মণ্ডলীতে যে রাজ্যপালের ভার ছিল এবং তার মর্জীর উপর ছেড়ে দেওয়া হয়েছিল যে ৪ জনকে মনোনয়ন দেওয়া হোত। ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকার গঠিত হবার পর অ্যাংলো ইণ্ডিয়ান সম্প্রদায় থেকে ৪ জনকে মনোনীত করা হয়েছিল এই বিধান সভায়। কিন্তু আবার যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে যে সরকার গঠিত হয়েছে সেখানে সুপারিশ অনুসারে রাজ্য পাল কেবলমাত্র ২ জনকে মনোনীত করেছেন এবং যে সংশোধনী প্রস্তাব গৃহীত হয়েছে লোক সভায় এবং রাজ্য সভায় ২৩ এমেণ্ডমেণ্টে তাতে নির্দেশ করে দিচ্ছে যে যেহেতু এই সম্প্রদায়ের লোক অত্যন্ত কম সুতরাং একজন মাত্র এই বিধানসভায় প্রতিনিধি মনোনীত করা হবে। সেই সংগে সংগে এটাও রাখা হয়েছে এই হাউস যতদিন পর্যন্ত চলবে এই বিধান সভা ততদিন পর্যন্ত যে কয়জনকে মনোনীত করা হয়েছে তারা সেখানে থেকে যাবে। ৩৩৪নং আর্টিক্যালে সংশোধন যেটুকু করেছেন ২০ বছর পর্যন্ত যে সংরক্ষণ ব্যবস্থা ছিল যেহেতু আরও ১০ বছর এটাকে বাড়িয়ে দেওয়া হয়েছে সেই জায়গায় ৩০ বছর নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। অর্থাৎ আরও ১০ বছর বাড়িয়ে ৩০ বছর করা হয়েছে যে দিন আমাদের সংবিধান সংরক্ষণ ব্যবস্থা হয়েছিল সেই দিন থেকে। এটা যেহেতু ৩৬৮ সংবিধানের ধারা অনুসারে বিধানসভায় গৃহীত হবে এই প্রস্তাবে সেই সংশোধনী গ্রহণ করবার কথা এবং ২৬শে জানুয়ারীর আগে যাতে রাষ্ট্রপতির অনুমোদন পায় তার আগে আমাদের এই প্রস্তাব গ্রহণ করবার কথা এবং সেই প্রস্তাব ২৩ এমেণ্ডমেণ্ট অব দি কনষ্টিটিউসন সেই সম্পর্কে আমি এখানে প্রস্তাব গ্রহণ করবার জন্য আমি এই প্রস্তাব উত্থাপন করলাম—আশা করি সদস্যরা এই প্রস্তাব সর্বান্তঃকরণে গ্রহণ করবেন।

(At this stage the House was adjourned for 15 minutes)

[ 3-30—3-40 p. m. ]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয় পরিষদীয় মন্ত্রিমহাশয় যে বিষয়ের প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং প্রস্তাব হিসাবে আমাদের সামনে উত্থাপন করেছেন, কেন্দ্রীয় পার্লামেণ্টে সম্প্রতি ২৩ নম্বর কনষ্টিটিউশন সংশোধন বিল যেটা পাশ হয়েছে, সেটা আমি সমর্থন করি। আমি আমাদের পক্ষ থেকে এই যে সংশোধনী প্রস্তাব দিল্লী পার্লামেণ্ট পাশ করেছে, যার সমর্থন বিধান সভা করছে, তার প্রতি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি এবং এই প্রস্তাব অনুমোদন করছি। এই প্রস্তাবে আমাদের সংবিধানের মধ্যে যে মাহাত্ম্য রয়েছে সেটাই আমাদের

চোখের সামনে ফুটিয়ে তুলে ধরছে। কোন কোন ব্যক্তি ভারতবর্ষের সংবিধানকে ত্রুটিপূর্ণ বলে নানারকম আখ্যা দিয়ে থাকেন। আজ তাঁরাও দেখতে পাচ্ছেন যে কিভাবে সুচিন্তিত উপায়ে যদি কখনও প্রয়োজন হয় তাহলে সকলের সম্মতি নিয়ে অনুমোদন নিয়ে ভারতবর্ষের সংবিধানকে পরিবর্ত্তনের ব্যবস্থা রয়েছে, তারই প্রকৃষ্ট প্রমাণ আজ আমাদের সামনে এসেছে, এবং এজন্য আজ আমি আরও আনন্দ অনুভব করছি যে যাঁরা এই সংবিধানকে অল্প অল্প কারণেই উচ্ছেদের কামনা করেন, আজ তাঁরাও বিশেষভাবে ২৩ নম্বর সংশোধনী প্রস্তাব সমর্থন করছেন, এটা দেখে আমি আনন্দিত হচ্ছি আশ্বস্ত হচ্ছি। এই সংশোধনের ইতিহাস বিবৃত করেছেন আমাদের পরিষদীয় মন্ত্রিমহাশয় কিভাবে প্রথম পর্য্যায়ে বিশেষ কয়েকটি সম্প্রদায়ের জন্য আমাদের সংবিধানে আসন সংরক্ষণের ব্যবস্থা ছিল ১০ বছরের জন্য। তারপরে প্রয়োজন বোধে সেই মেয়াদ বাড়িয়ে ১০ বছর করা হয়েছিল, বর্ত্তমানে আবার সেই মেয়াদ আরও ১০ বছর বাড়িয়ে সেই ব্যবস্থাকে বাঁচিয়ে রাখার ব্যবস্থা করতে হচ্ছে, তাও, তিনি বলেছেন। একথা অবশ্য নীতিগতভাবে দেখতে গেলেও স্বীকার করতে হয় যে যখন আমরা সমাজতন্ত্রের গণতন্ত্রের আদর্শ লোকের সামনে তুলে ধরি তখন যথা সম্ভব যত কম সময়ের জন্য বিশেষ সংরক্ষণের ব্যবস্থা হয় সেটাই বাঞ্ছনীয়।

আমাদের এই সুবৃহৎ মহাদেশ ভারতবর্ষের নানা জায়গায় নানা রকম যে সমস্ত সমস্যা রয়েছে তার মধ্যে সবচেয়ে বড় সমস্যা এবং এটা জাতির নিতান্ত দুর্ভাগ্য যে অগণিত দুর্বল শ্রেণী যে সমস্ত রয়েছে তাদের সম্পূর্ণভাবে সকলের মত শিক্ষা-দীক্ষায়, অর্থ-সামর্থে সমান পর্যায়ে তুলে ধরবার সুব্যবস্থা আমরা করতে পারিনি। আজকে ভারতবর্ষের মধ্যে এমন স্থান রয়েছে যেখান থেকে মাঝে মাঝে খবর আসে যে, সংখ্যালঘু সম্প্রদায় শুধু নয়, যারা নিতান্ত অনুন্নত সম্প্রদায় তারা নানা রকম অভিশাপ এতদিন ধরে ভোগ করে চলেছে। এই অভিশাপ মোচন করবার জন্য কংগ্রেস এবং কংগ্রেসের পূর্বে অনেক দেশসেবী আপ্রাণ চেষ্টা করেছেন। কিন্তু আজ পর্যন্ত তা সম্পূর্ণভাবে বিলোপ করা সম্ভব হয় নি। সৌভাগ্যক্রমে আমাদের বাংলাদেশে সেই পরিমাণ সামাজিক দুর্বলতা ভোগ করতে হয়না যাদের অপেক্ষাকৃত নিম্ন জাতি বলে পরিচিতি আছে। কিন্তু তা সত্ত্বেও কোন কোন অনুন্নত শ্রেণীকে আলাদা বাস করবার ব্যবস্থা করে দিয়ে, সরকারী সাহায্য বণ্টনের দুর্বলতা দেখিয়ে তাদের বঞ্চিত করে রেখেছে। এরই পরিপ্রেক্ষিতে এখনও প্রয়োজন রয়েছে তাদের জন্য বিশেষ সংরক্ষণের ব্যবস্থা রাখা। আমাদের সংবিধানের ৩৬৮ ধারাতে বলা আছে যে পার্লামেন্ট আমাদের এই সংবিধান সংশোধন করার অধিকার রাখেন এবং কোন কোন বিষয়ে সেই সংশোধন পার্লামেন্টের আইন অনুযায়ী সেখানে গৃহীত হলেও রাজ্য বিধানমণ্ডলী অনুমোদন নেওয়ার প্রয়োজন হবে—অন্ততপক্ষে ৫০ ভাগের অধিক রাজ্যের সম্মতি লাভের প্রয়োজন রয়েছে। আজকে আমাদের সামনে এই প্রস্তাব এসেছে এবং আমি আশা করি সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব এখানে গৃহীত হবে। এই প্রস্তাব গ্রহণের প্রয়োজনীয়তা আরও দেখা দিয়েছে এইজন্য যে, আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন ভারতবর্ষের উপরে এতদিন ধরে একটা কলংক রয়েছে এই নিম্ন শ্রেণী বা পার্বত্য শ্রেণীর ক্ষেত্রে এবং আমরা পৃথিবীর সামনে দাঁড়িয়ে গর্ব করে বলার তেমন সুযোগ পাচ্ছি না যে আমরা সকলকে সমান করেছি। এই সমান করতে পারি নি বলে সমাজতান্ত্রিক যে আদর্শ তাকে রূপায়ণ করবার কাজে কিছু কিছু বাধা বা দুর্বলতা দেখা দেয়। এই বাধা অপসারণ করবার উপর তিনি জোর দিয়েছেন। আমি এটা তুলে ধরতে চাই যে, শুধু আসন সংরক্ষণ ব্যবস্থা নয়, তার চেয়েও বড় প্রয়োজন হচ্ছে তাদের সমাজের মধ্যে সমানভাবে গণ্য করতে হবে। এই আসন সংরক্ষণের মধ্যে তার ইংগিত মাত্র রয়েছে।

[ 3-40—3-50 p.m. ]

আমাদের এখানে শিডিউল্ড কাষ্ট, শিডিউল্ড ট্রাইবস এবং এ্যাংলো ইণ্ডিয়ান কমিউনিটি—এই তিন শ্রেণীর ব্যক্তির জন্য আর্টিক্‌ল ৩৩০ ধারা থেকে ৩৩৪ ধারা পর্যন্ত সংশোধন করা হয়েছে।

এর মধ্যে একটা প্রশ্ন উঠেছিল যে এ্যাংলো ইণ্ডিয়ান কমিউনিটির জন্য আগে অধিকার দেওয়া ছিল প্রেসিডেন্টকে যে তিনি তাঁর ইচ্ছা মত যত জনকে মনোনীত করতে ইচ্ছা করেন তা করতে পারবেন। বর্তমান সংশোধনে সেই অনিশ্চিত সংখ্যা থেকে কমিয়ে দেওয়া হলো অন্ততঃ একজন এ্যাংলো ইণ্ডিয়ান কমিউনিটি থেকে প্রত্যেক ষ্টেটের রাজ্য সভায় থাকবেন, সেটা সুনিশ্চিত করা হলো। এখন এই আইনটা হবার সময় যদি কোন রাজ্য সভায় একাধিক মনোনীত এ্যাংলো ইণ্ডিয়ান সদস্য থাকেন তাহলে সেই এসেম্বলি ডিজলিউশন না হওয়া পর্যন্ত—যতদিন সেই হাউস চলবে সেই সংখ্যা কমানো হবে না। আমি বিশেষভাবে এদিকে দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য যে অনেকের মনে খটকা ছিল এই বিশেষ সম্প্রদায়ের বিশেষ সংরক্ষণ সম্বন্ধে। আমি আশা করি যে ভারত সরকারের যে সংবিধান আছে তার আনুগত্য রক্ষার জন্য সকল সম্প্রদায়ের কাছ থেকে আমরা এর পর অকুণ্ঠ সাহায্য পাবো। এই প্রসঙ্গে ঠিক প্রাসঙ্গিক না হলেও বলতে চাই যে আমাদের এই বিধান সভার মধ্যে অল্প কিছুক্ষণ আগে একজন সদস্যকে বলতে শুনলাম একজন সংখ্যালঘু সম্প্রদায়ের সদস্যের প্রতি উক্তি করে যে পাকিস্তানে যায় না কেন। এই রকম অপমানকর উক্তির তীব্র প্রতিবাদ করার প্রয়োজনীয়তা আমাদের আছে। যারা আজকে ২০/২২ বছর ধরে ভারতবর্ষের সুখ দুঃখের সঙ্গে জড়িয়ে আছে, ভারত মাতার সেবার জন্য সমস্ত দায়িত্ব গ্রহণ করেছে। এমন কি যখন পাকিস্তানের সঙ্গে যুদ্ধ হয় তখন যে সম্প্রদায়ের লোক ভারতবর্ষের জন্য প্রাণ বিসর্জন পর্যন্ত দিয়েছে কাশ্মীরের লড়াইয়ে। আজ এই রকম কোন মন্তব্য যদি কোন সদস্যের মুখ দিয়ে বেরোয় তাহলে সত্যই খুব লজ্জার কথা এবং তার জন্য আমরা তীব্র প্রতিবাদ জানাই। আজকে আমরা যে আইনটা সমর্থন করছি, এই আইনের পেছনে সেই যুক্তি রয়েছে যে আমাদের ভারতবর্ষের অধিবাসী, সে যে সম্প্রদায়েরই হোক না কেন—

**শ্রীকলিমুদ্দিন শ্যামস :** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, যদি কোন সদস্য এই রকম কোন উক্তি করে থাকেন তাহলে সেটা এক্সপাঞ্জ করা হোক, আপনি সেই রকম ডিরেকশন দিন, কারণ এই রকম রিমার্ক করা ঠিক নয়।

**শ্রীনেপাল রায় :** অমলেন্দ্রলাল রায় মহাশয় প্রায় এই রকম কথা বলে থাকেন যে ওঁকে পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হউক।

**শ্রীযতীন চক্রবর্তি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা অবান্তর কথা, অমলেন্দ্রবাবু যদি এ কথা সত্য বলে থাকেন—( নেপাল রায়—হাঁ, বলেছেন ) তিনি আপনাকে পাকিস্তানে পাঠিয়ে দেবার কথা বলেছেন। সংখ্যালঘু সম্প্রদায়ের কাউকে পাকিস্তানে যাবার কথা আমরা বলতে পারি না, কিন্তু নেপাল বাবুর মত লোককে পাকিস্তানে পাঠান দরকার।

**Mr. Deputy Speaker :** If any remarks was made by Shri Amalendra Lal Roy, that was done perhaps one or two hours ago and at that time you should have drawn the attention of the House. If this was done, the Speaker would take action on this.

**Shri A. H. Besterwitch :** If a member says that he should be sent to some places, is there any justification in making such hallahs ?

**Mr. Deputy Speaker :** Dr. Sanyal, you proceed.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** এ আমি বিনীতভাবে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যদিও আমাদের এখন যা আলোচ্য বিষয় তার সঙ্গে হয়ত সঙ্গতি না থাকতে পারে কিন্তু এই সঙ্গে এই কথা বলতে চাই আজ আমাদের গুরু দায়িত্ব রয়েছে, ভারতবর্ষের প্রত্যেক নাগরিককে আমাদের ভায়েদের চেয়ে বেশী আপনার বলে ধরে নিতে হবে। আজকে বিলের মধ্যে যে বিশেষ সংরক্ষণের প্রস্তাব

রয়েছে তা এই মূল উদ্দেশ্য নিয়েই করা হয়েছে বলে আপনার দৃষ্টি আকর্ষণ করতে বাধ্য হয়েছি। আমি আশা করি এই সংশোধনী প্রস্তাব ( ২৩ নং ) লোকসভায় ও রাজ্য সভায় যেটা আগেই গৃহীত হয়েছে সেটা আমাদের বিধান সভায় সর্বসম্মত ভাবে গৃহীত হবে।

[ 3-50—4 p. m. ]

**শ্রীঅক্ষয়কুমার বর্ম্মা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের জাতীয় জীবন ও সংস্কৃতির মূল কথা বলা হয়েছে unity। এই যে অনৈক্যে বৈচিত্রে এর মধ্যে রয়েছে আমাদের ঐক্যের কথা আমাদের দেশে এই বৈচিত্র ভাষাগতভাবে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন ভাষী লোক রয়েছে, বিভিন্ন প্রদেশে তেমনিভাবে আমাদের বিভিন্ন সম্প্রদায়ের লোক রয়েছে। আমাদের সংবিধান ১৯৪৯ সালে যখন প্রণীত হয় তখন সংবিধান প্রণেতারা এই বিশেষ দিকে লক্ষ্য রেখে ছিলেন এবং এটা গভীর ভাবে উপলব্ধি করতে পেরেছিলেন যে কিছু কিছু সম্প্রদায়ের লোক শিক্ষা এবং রাজনৈতিক দিক থেকে অনেক পিছিয়ে রয়েছে। যদি সকলকে সমান ভাবে অধিকার না দেওয়া হয় তাহলে এই সমস্ত সম্প্রদায়ের লোক যারা শিক্ষা এবং রাজনৈতিক দিক থেকে পিছিয়ে রয়েছে তাদের এগিয়ে আনা যাবে না। এই কথা উপলব্ধি করে সংবিধান প্রণেতারা ১৯৪৯ সালে যে সংবিধান প্রনয়ণ করেছিলেন তাতে একটা আর্টিকল রেখে দিয়েছিলেন যে বিশেষ বিশেষ সম্প্রদায়ের লোক তারা যদি শিক্ষায় অনগ্রসর থাকে তাহলে তাঁদের শিডিউল্ডকাষ্ট বলে গণ্য করা হবে এবং তাদের বিশেষ সুযোগ সুবিধা দেওয়া হবে। এবং এই বিশেষ উদ্দেশ্য সাধন করার জন্য আর্টিকল ৩৩৪ যেটা করা হয়েছে তাতে রিজারভেসানের ব্যবস্থা করা হয়েছে Reservation of seats for Scheduled Castes and Scheduled Tribes আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে ২০ বছর এই সুযোগ সুবিধা দেবার পরও দেখা যাচ্ছে যে আমাদের দেশে অনেক সম্প্রদায়ের লোক আছে যারা আজও এই সুযোগ পরিপূর্ণ ব্যবহার করতে পারেনি। আজও তারা অনগ্রসর রয়েছে। এই কথা উপলব্ধি করে Constitution এর 23rd Amendment যেটা পার্লামেন্টে গৃহীত হয়েছে তাতো আরো ১০ বছরের সুযোগ সুবিধা দেওয়া হয়েছে। এইজন্য আমরা খুবই আনন্দিত ও আমরা পরিপূর্ণভাবে সমর্থন করছি। এই প্রসঙ্গে একটা কথা না বলে পাচ্ছি না। সেটা হচ্ছে কিছু দিন যাবৎ একটা গুজব শুনে আসছি যে পার্লামেণ্ট বিশেষ আর্টিকল বলে কোন কোন সম্প্রদায়ের লোককে এই তালিকা থেকে বাদ দেওয়া হবে বলেছে যেমন রাজবংশী, নমঃ শূদ্র ইত্যাদি। আমি সেজন্য এই হাউসের কাছে নিবেদন করতে চাই যে ৩৪১ নং যে আর্টিকল রয়েছে সেই অনুসারে প্রেসিডেণ্ট যেন ষ্টেট গভর্ণমেণ্টের সঙ্গে আলোচনা করে কাকে রাখা যেতে পারে, কাকে বাদ দেওয়া যেতে পারে সেটা পরিস্কারভাবে গেজেট নোটিফিকেসন করেন। আমরা গুজব শুনে আসছি রাজবংশী, নমঃ শুদ্রদের শিডিউল্ডকাষ্টের তালিকা থেকে বাদ দেওয়া হবে তাই আমরা দাবী করছি যে তালিকা আর্টিকলে আছে সেটা যেন বহাল রাখা হয়। আরো দেখা গেছে এই তালিকা করার পর কিছু কিছু সম্প্রদায়ের লোক আছে যারা বিশেষ কোন কারণে হোক বা যে কোনভাবেই হোক তালিকা ভুক্ত হতে পারে নি। আমাদের দাবী হচ্ছে তাদের যেন তালিকাভুক্ত করা হয়। এবং তাদের যেমন বিশেষ সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে এই সুবিধা দেওয়া হয়। এই অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Mr. Barma, so far I know, no community is going to be excluded in West Bengal. I now call upon Shri Besterwitch to speak.

**Shri A. H. Besterwitch :** Mr. Deputy Speaker, Sir, we have got before us the resolution for amendment of the Constitution. It is regarding the Scheduled Castes and Scheduled Tribes. Sir, from our experience

we can say that it will take more than fifty years to bring the Scheduled Castes and the Scheduled Tribes at part with the other communities. The reason is that the Government speaks a lot about the educational upliftment of the Scheduled Castes and Scheduled Tribes but actually what the Government is doing with the money that is given for the educational purpose of the Scheduled Castes and Scheduled Tribes? I think the money is simply wasted. I know that certain schools have not uptill now received their educational grant. So how upliftment of education can be made ? Automatically the education is stopped as they cannot pay the grants. But big speeches are made inside and outside the Parliament and the Assembly that the Scheduled Castes and the Scheduled Tribes will get all sorts of facilities.

I think that Parliament should or for the matter of that, the Central Government should pay the full grant on education and they should also pay the book grant and other things. The students in Class IX, Class X or for the matter of that in Class XI, have got to spend Rs. 130 or Rs. 150 for books. But what are they getting ? They are getting only Rs. 30 or Rs. 35. Sir, with this small grant how are you going to uplift these downtrodden people ? Sir, that is why I make this observation that they should get sufficient incentives for their upliftment. Sir, by repeatedly taking ten years and ten years will be only a wastage of money. If they really want the upliftment of the downtrodden people, they should give sufficient money for education. Sir, we are, all along, trying our best for their upliftment, but you know, Sir, that the Education Department of our State does not take any interest in the upliftment of the Scheduled Castes and Scheduled Tribes. They do not instruct the institutions to make the bills and other things timely. If the matter goes like this, it will take another fifty or a hundred years to bring the downtrodden people to the category of other castes and communities. I hope, Sir, that this observation will be sent to the Central Government so that they can make sufficient provision. The Tribal Minister is going to Delhi to have a discussion over these things, specially regarding monetary affairs. Let us hope, Sir, that he will kindly put pressure on the Central Government authorities for the enhacement of the grant.

Thank you, Sir.

**শ্রীমনোরঞ্জন বড়াল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধনী প্রস্তাব সমর্থন করতে গিয়ে এই প্রসংগে কয়েকটি কথা উল্লেখ করছি। প্রসংগতঃ, মিষ্টার বেষ্টারউইচ একটা প্রসংগের উল্লেখ করেছেন। সেটা হচ্ছে এই যে আমরা দেখতে পাচ্ছি, দশ বছর দশ বছর করে এটা বাড়িয়েই যাচ্ছি এবং গত তিরিশ বছর ধরে এটা চলছে। স্বভাবতই অনগ্রসর যে সম্প্রদায় যাদের জন্য সংরক্ষণ ব্যবস্থা বিধানসভা বা পার্লামেন্টের ক্ষেত্রে, শিক্ষা ক্ষেত্রে, চাকুরির ক্ষেত্রে তার একটা যুক্তি আছে এবং সেই যুক্তিকে আমরা গ্রহণ করেছি বলেই স্বাধীনতা হওয়ার পরেও এবং যে ধরণেরই সরকার গঠিত হোক না কেন তাঁরা সেই নীতিকে পালন করে চলেছেন এবং যতদিন এর প্রয়োজনীয়তা থাকছে ততদিন এই আইন আরও কয়েকবার পরিবর্তন করা হতে পারে। কিন্তু যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে আমাদের দেশের বিভিন্ন সম্প্রদায়ের যে অনগ্রসরতা বা শিক্ষার অভাব বা অন্যান্য যেসব কারণের জন্য এই সংরক্ষণ চালু রাখা হয়েছে তার মৌলিক পরিবর্তন যতদিন পর্যন্ত না হবে এবং মৌলিক পরিবর্তনের পন্থা যতদিন না করা হবে ততদিন পর্যন্ত কয়েক বছর বার বার সংরক্ষণ বজায় রাখার জন্য আইনের পরিবর্তন করতে হবে যদি মৌলিক সমস্যার সমাধান না

হয়। এটা আমরা দেখতে পাচ্ছি। দেখেছি তপশীলী অস্পৃশ্যতার প্রশ্নে আইন পাশ হয়েছে। কিন্তু ভারতবর্ষের বিভিন্ন স্থানে আজও মানুষ মানুষকে ঘৃণা করে, হরিজনরা অচ্ছুত। যেরূপ অত্যাচার, নিপীড়ন চলেছে তা বোধ হয় ভারতবর্ষ স্বাধীন হওয়ার তিরিশ বছর পরে কল্পনাও করা যায় না।

[ 4—4-10 p. m. ]

সুতরাং এই প্রশ্ন এখানে সীমাবদ্ধ রাখলে চলবে না যে ১০ বছর পর পর সংশোধন করে আরও ১০ বছরের জন্য সুযোগ বাড়িয়ে দিচ্ছি। কারণ এতে অন্যান্য সম্প্রদায়ের লোক ভুল বশতঃ এটা মনে করে থাকেন যে এসব লোকেদের জন্য একটা ব্যবস্থা করে রাখা হচ্ছে এবং আমরা অসুবিধায় ভুগছি। যেমন আমি একটা উদাহরণস্বরূপ বলছি—বেকার সমস্যা। আমাদের দেশের বেকার সমস্যার সমাধান না হ'লে কিছু হবে না। কিন্তু এবিষয়ে যে সংরক্ষণের ব্যবস্থা আছে তাতে যে শুধু একটা সম্প্রদায় উপকৃত হচ্ছে তা নয় অনেক গরীব মানুষ অন্যান্য সম্প্রদায়েরা উপকৃত হবে। শিক্ষা ব্যবস্থা অবৈতনিক করার ব্যবস্থা করা হচ্ছে—এর ফলে সমস্ত সম্প্রদায়ের লোক এই সুযোগ লাভ করবে। সুতরাং যুক্তফ্রন্ট সরকারের এই নীতির ফলে সংরক্ষণের ব্যবস্থার মধ্যে যাঁরা আছেন তাঁরা উপকৃত হবেন, বরং অন্যান্য সম্প্রদায়ের যেসব গরীব মানুষ আছেন তাঁরাও উপকৃত হবেন। ইতঃবসরে সেই পর্য্যায়ে যতক্ষণ পর্য্যন্ত না আসবে ততক্ষণ পর্য্যন্ত এই সংরক্ষণ ব্যবস্থা বাড়িয়ে দেওয়ার প্রয়োজন আছে। এখানে নলিনাক্ষ বাবু এটাকে সমর্থন করলেন। কিন্তু ভারতবর্ষের বর্তমান রাজনীতিতে দেখছি নিজলিঙ্গাপ্পা group ও গান্ধী group পরস্পরের বিরুদ্ধে বলছেন যে এই সম্প্রদায়ের সমর্থন পাবার জন্য এই ব্যবস্থা করা হচ্ছে। বৃটিশ আমলে তাঁরা সংরক্ষণের যে ব্যবস্থা করেছিলেন তার একটা উদ্দেশ্য ছিল। ভারতে তাঁরা একটা devide and rule policy গ্রহণ করেছিলেন। এই সম্প্রদায়ের প্রতি তাঁদের কোন দরদ ছিল না। এখানে কৃষকদের দমন করে তাঁরা এখানে সাম্রাজ্যবাদ প্রতিষ্ঠা করেছিলেন। শেষ মুহূর্তে তাঁরা এদের জন্য কিছু কিছু করেছিলেন। কিন্তু এখন রাজনৈতিক দৃষ্টিভঙ্গীতে এই জিনিষটাকে গ্রহণ করা হয়েছে এর মাঝে মাঝে এদের ভয় দেখান হচ্ছে। এই রকম আবহাওয়া যাতে তৈরী না হয় সেটা দেখা দরকার। আমাদের এখানে একটা তপশীলী বিভাগ আছে। কিন্তু এই বিভাগের কাজকর্ম প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। অনেক সময় এই বিভাগের যে দায়িত্ব রয়েছে তা অর্থের অভাবের জন্য পালিত হয় না। এই সম্প্রদায়ের স্কুল, শিক্ষা, চাকরী, Hostel ইত্যাদির জন্য মাঝে মাঝে যেসব দাবীদাওয়া ওঠে সেসবের সমাধান মৌলিকভাবে কংগ্রেস আমলে হয়নি এবং এখন যুক্তফ্রন্টের আমলে অর্থের অভাবে সেসব করা সম্ভব হচ্ছে না। সুতরাং এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি যে জিনিষটার প্রতি আমি যুক্তফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই নিশ্চয়ই পার্লামেণ্টে আমরা আইন সংশোধন করবো যেগুলি প্রগতিশীল বা প্রয়োজনীয় বলে মনে করবো, সংগে সংগে এই সম্প্রদায়ভুক্ত লোক যারা আছে তাদের সর্বস্তরে, রাজনৈতিক, অর্থনৈতিক, শিক্ষাগত, সমাজগত উন্নতির দিকে লক্ষ্য রাখতে হবে। আজকে আমরা বাংলাদেশের সৌভাগ্য যে অন্যান্য দেশের মত বাংলাদেশে হয়ত হরিজন, অচ্ছুত, সাংস্কারিকরা একটা প্রবল নয় কিন্তু ভারতবর্ষের চিত্র হিসাবে যখন আমরা এই প্রস্তাব গ্রহণ করছি তখন নিশ্চয়ই এটা আমাদের ভাবতে হবে। আজ ২০/৩০ বছর হল ভারত স্বাধীন হয়েছে, আইন করা হয়েছে অনেক, তা সত্বেও সম্প্রদায়ের ভিত্তিতে পরস্পরের মধ্যে একটা ঘৃণা, দ্বেষ থাকছে। এর মৌলিক কারণ হচ্ছে যে অর্থনৈতিক সমাজ ব্যবস্থার মধ্যে আমরা বাস করছি তা হচ্ছে পুঁজিবাদী সমাজ ব্যবস্থা। আমাদের সংবিধানের দু'একটা ভাল দিক থাকলেও মূল যে দৃষ্টিভঙ্গী সেই দৃষ্টিভঙ্গী হচ্ছে সেই সমাজ ব্যবস্থাকেই চালু রাখা। সুতরাং এই সংবিধানের মাধ্যমে যেটুকু মীমাংসা করা যায় নিশ্চয়ই আমরা তা করবো কিন্তু এর আর একটা দিকে দৃষ্টি দিতে হবে। যুক্তফ্রন্টের বিভিন্ন দল এবং শরিক পার্টি তারা সবাই মোটামুটি সেই আদর্শের কথা বলেন সেটা হচ্ছে আজ চাই কৃষক শ্রমিক রাজ কায়েম করা,

সেইভাবে সমাজ সংস্কারের দিকে এগিয়ে যাওয়া এবং তার ভিত্তিতে শিক্ষা, দীক্ষা, এমন কি স্কুল কলেজের যে সব সুযোগ সুবিধার ব্যবস্থা আছে ছেলেদের শিক্ষা দীক্ষার ক্ষেত্রে কিন্তু স্কুলের যারা কর্তৃপক্ষ উচ্চ বর্ণের হওয়ার তারা অনেকেই এই তপশীলী ব্যবস্থা থাকা পছন্দ করে না, করার জন্য সাহায্যও করে না। আমাদের এখানে যে তপশীলী মন্ত্রীর দপ্তর আছে এবং অন্যান্য বিভাগেও খোঁজ খবর করে দেখেছি এবং গতবার এই প্রসংগে কিছু আলোচনাও করেছিলাম যে সেখানে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। সুতরাং এই প্রসংগে এইসব কথা বলে এই যুক্তফ্রন্ট সরকার এটাকে আরো ১০ বছর বাড়াবার জন্য যে প্রস্তাব এনেছেন সেই সংশোধনী প্রস্তাব সমর্থন করার মাধ্যমে এই কথা বলতে চাই যে তাদের কর্তব্য এর মধ্যে সীমাবদ্ধ না রেখে মৌলিকভাবে এই সমস্যাটাকে কিভাবে দূরীভূত করা যায় তার বিভিন্ন কর্মসূচী গ্রহণ করবেন এই আশা পোষণ করে আমি এই সংশোধনী সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুরেশ সিংহ:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সংবিধানের উপর যে সংশোধনী প্রস্তাব এসেছে তা সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি শুধু এইটুকু বলবো ভারতবর্ষে সংবিধান রচনা হওয়ার পরে যারা সমাজের অবহেলিত সম্প্রদায় ছিল তাদের উপকারের জন্য লোকসভায় তাদের যে রাইটস্ এবং প্রিভিলেজ দেওয়া হয়েছে তার কতটা কার্যকরী হচ্ছে তার একটা সমীক্ষা করে দেখা প্রয়োজন। ভারতবর্ষ স্বাধীন হয়েছে তারপরে কোটি কোটি লোক সমাজের নিম্নস্তরে পড়ে আছে, যাদের আমরা মনে করি যে অর্থনৈতিক ও শিক্ষার তাদের উন্নতি না হ'লে দেশের অগ্রগতি ব্যাহত হবে সেটারও একটা সমীক্ষা করা প্রয়োজন। বিশেষত বাংলাদেশে আমি মনে করি তপশীলী সম্প্রদায়ের ক্ষেত্রে এদের যে রাইটস্ এ্যাণ্ড প্রিভিলেজ দেওয়া হয়েছে, এরা ঠিক সামাজিক ক্ষেত্রে কতটা সুযোগ সুবিধা ভোগ করতে পারে এটা সমীক্ষা করে দেখা দরকার। আজকে শুধু লোকসভায় সংশোধনের পর সংশোধন আসবে, ২০ বছর আসন সংরক্ষিত থাকার পর আবার হয়ত ১০ বছর থাকবে কিন্তু তাতে কাজ হবে না। এখানে আর একটা কথা আলোচনা করা দরকার যে কিছুদিন আগে, ১৯৫৬ সালে পশ্চিমবঙ্গের সঙ্গে বিহারের কিছু কিছু অংশ এসে সংযোজিত হয় এবং পুরুলিয়া জেলা ও পুর্ণিয়া জেলার একটা মহকুমা, ইসলামপুর, তাদের ওখানে যে সমস্ত তপশীলী সম্প্রদায়ের লোক আছে তারা যাতে সমান সুযোগ সুবিধা পায় তার জন্য যুক্তফ্রন্টের সরকারের কাছে আবেদন জানিয়ে আমি, যে প্রস্তাব এখানে এসেছে, তাকে সমর্থন করছি।

[4-10—4-20 p.m.]

**শ্রীজয়রাম সোরেন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাব সমর্থন করতে উঠে এই কথা বলতে চাই যে এটা দশ বছরের জন্য নয়, এটা পঁচিশ বছরের জন্য বাড়িয়ে দেওয়া উচিত। এবং যে যে আদিবাসী এবং তপশীলী জাতির জন্য এটা করা হচ্ছে সেই সব গ্রামে গ্রামে প্রাইমারী স্কুলে যাতে ছেলেমেয়েরা পড়তে পায় সেইদিক থেকে বিধানসভার দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয়তঃ এই সমস্ত আদিবাসী ও তপশীলভুক্ত জাতির ছেলেমেয়েরা খাদ্যাভাবের জন্য স্কুলে তাদের বাপ মা পাঠাতে পারেন না। অনেক আদিবাসী এবং তপশীলভুক্ত ছেলেরা বুদ্ধিমান আছে এবং তাদের বাপ মা ও তাদের স্কুলে পাঠাতে রাজী আছেন কিন্তু যেহেতু তাদের খাদ্য দিতে পারেন না সেইজন্য তাদের বাপ মা বাধ্য হয়ে ঐসব ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে পারেন না, অপরের বাড়ীতে কাজের জন্য পাঠায়। এবং সেদিক থেকে এখানে প্রস্তাব নিয়ে আসা বাঞ্ছনীয় যে এই সমস্ত ছেলেমেয়েরা যাতে বাধ্যতামূলকভাবে শিক্ষা পেতে পারে তারজন্য তাদের খাদ্য দেয়া হয় এবং অপরের বাড়ীতে কাজে না যায় তার জন্য দিল্লী সরকারের কাছে এই বিধানসভা মারফত প্রস্তাব

পাঠানো উচিত। এই যে প্রস্তাব এসেছে তাকে আরো ২৫ বছর বাড়িয়ে দেয়া উচিত। এবং যে সমস্ত আদিবাসী ছেলেরা প্রাইমারী স্কুল থেকে পাশ করবে তাদের হাইয়ার স্কুলে পাঠাতে হবে এবং তারা যাতে বিনা পয়সায় পুস্তক পায় এবং তাদের ভর্তি ফি ইত্যাদির জন্য এই দীন দরিদ্র আদিবাসীদের টাকা দেয়া হয়। তাদের পরীক্ষার ফি এবং তারা যাতে ১৫ দিনের মধ্যে পুস্তক পায় সেই ব্যবস্থা করা উচিত। এই সমস্ত আদিবাসী এবং তপশীলভুক্ত সম্প্রদায় গত ২০ বছরের সামান্য উঠেছে। যাতে তারা আরো সমাজে উচ্চবর্ণের সম্প্রদায়ের সঙ্গে সমানভাবে উঠতে পারে তার [জন্য এই প্রস্তাব ১০ বছরের জায়গায় ২৫ বছর করা হোক এবং এই প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে লোকসভায় যে বিল অনুমোদিত হয়েছে এবং আমাদের সামনে সেটা অনুমোদনের জন্য আনা হয়েছে, সেই বিলকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে বিভিন্ন আলোচনায় কতকগুলি কথা উঠেছে, আমি এক বুনিয়াদী আলোচনা আপনাদের সামনে রাখতে চাই। আজকে এই যে আমাদের তপশীলভুক্ত এবং আদিবাসী যাদের জন্য যে সংরক্ষণের ব্যবস্থা হচ্ছে আমি মনে করি না যে ইংরাজ আমাদের দেশে বিভেদ সৃষ্টি করবার জন্য এই সংরক্ষণের ব্যবস্থা করেছিলেন। আমি মনে করি ভারতবর্ষের তিন হাজার বৎসরের ইতিহাসের মধ্য দিয়ে আমরা দেখি মুষ্টিমেয় উচ্চবর্ণের সম্প্রদায়ের লোকেরা সমস্ত মেধা এবং ব্যবসা বাণিজ্য এবং শাসন পরিচালনার ভার গত আড়াই হাজার বৎসর ধরে কুক্ষিগত করে রেখেছে এবং তার ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছিল ভারতের সমাজে, যেখানে ইতিহাসে ইংরেজী ইতিহাসে শেখান হয়েছে unity in diversity—বৈচিত্রের মধ্যে ঐক্য—তা নয়, জাতিভেদ প্রথা তাকে কলংকিত করে রেখেছিল। যা কিছু পরিবর্তন হয়েছে—জলের উপর তলায় যে রকম হিল্লোল জাগে, স্পন্দন জাগে এবং ভেতর তলায় যেমন নিথর থাকে, সেই রকম ভারতবর্ষের ইতিহাসে সেই উচ্চবর্ণের মানুষের মধ্যে যে রকম হয়েছে এবং ভারতবর্ষ বারবার পরাজিত হ:য়েছে। সমাজের মধ্যে তারা, যাকে বলে immobility—এক কোনা থেকে আর এক কোনায় যেতে পারবে না—যাবার অধিকার তাদের ছিল না। আজকে সমাজের মধ্যে যদি সচলতা আনতে হয়, তাহলে গত আড়াই হাজার বৎসরের যে অসাম্য—সমাজের বুকে রয়েছে, তা প্রথমে দূর করতে হবে। আজকে পরলোকগত রাম মনোহর লোহিয়া theory of preferential opportunities দেশের সামনে রেখেছিলেন—শুধুমাত্র ঐ আদিবাসী যারা তপশীল জাতি যারা—তাদের স্বার্থ সংরক্ষণের ব্যাপারে নয়, ভারতবর্ষে যারা নীচতলায় মানুষ যারা নানাভাবে বঞ্চিত যেমন আমরা বলতে পারি শুদ্রের কথা। ব্রাহ্মণ, বৈশ্য, ক্ষত্রিয় এই তিন শ্রেণী বাদে—যাদের শুদ্র বা অস্পৃশ্য বলা হয়, তার মধ্যে মুসলমান সমাজের যারা নীচতলায় রয়েছে—যাদের নিকেরী বলা হয় এবং আমাদের খৃষ্টান সমাজের মধ্যে যারা নীচে আছে এবং বিশেষ করে মহিলা—এদের অন্তত: শতকরা ৬০ ভাগকে বলা চলে। এই ৬০ ভাগ সমস্ত ক্ষেত্রে অন্তত: কিছুদিনের জন্য চাকরী বাকরীর ক্ষেত্রে এবং দেশের শাসন ক্ষেত্রে এবং বিশেষ করে মিলিটারী ক্ষেত্রে এদের জন্য স্বার্থ সংরক্ষণ করা উচিত।

আজকে পরীক্ষা নিরীক্ষার ব্যাপারে শ্রেণী সংগ্রামের কথা বলতে চাই না, বিভিন্ন জায়গায় জাতির উপর যত অত্যাচার হয়েছে, ভারতবর্ষে কি কম বিভিন্ন জায়গায় জাতির উপর যে অত্যাচার হয়েছে, তাতে তাদের মধ্যে একটা বিক্ষোভ রয়েছে। শ্রেণী সংগ্রামের সঙ্গে এই নীচ জাতির যে বিক্ষোভ জড়িত—সেটা একত্রে মিলিত হলে এক বিপুল শক্তির সৃষ্টি করবে এবং সেই শক্তি ভারতবর্ষকে সমাজবাদের রাস্তায় নিয়ে যাবে। লোকসভায় যেটা গৃহীত হয়েছে, সেই বিল আজকে এখানেও অনুমোদন করা দরকার। শুধু শ্রেণী সংগ্রামের কথা বলে, শ্রেণী

সচেতনতার কথা বলে কোন লাভ নাই। যারা কাঁধে কাঁধ মিলিয়ে যুক্তফ্রন্টের সঙ্গে সংগ্রাম করলো, আজকে কিছু দিন যেতে না যেতে—পরস্পর পরস্পরের বুকে ছুরি মারে। কেন মারে? এই অবস্থা সঠিক পর্য্যালোচনা করা প্রয়োজন, বর্তমানে যে সামাজিক কাঠামো সেটা পুঁজিবাদী কাঠামো নয়, সামন্ততান্ত্রিক বা আমলাতান্ত্রিক কাঠামো ইত্যাদি—এই যে সমস্ত emotion—এর মধ্যে যে আবেগ—তাকে অবদমিত করে সবকিছু করা যায় না। আমি মনে করি ঐতিহাসিক জিনিষ এটা ইংরেজ করে নাই। ভারতবর্ষের সমাজ—বহু মানুষকে বঞ্চিত করে রেখেছে। তাদের যদি উপরে আনতে হয়, তাহলে তাদের preferential opportunity দিতে হবে। কাজেই এই বিলকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। যাঁরা তাদের এগিয়ে নিয়ে যাবার কথা বলেছেন, আমিও সেই সুরে সুর মিলিয়ে তাদের এগিয়ে নিয়ে যাবার জন্য পার্লামেণ্ট থেকে যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[ 4-20—4-30 p.m. ]

**Shri Denis Lakra :** Mr. Deputy Speaker, Sir, first of all, I thank the Central Government for extending the period by ten years for preservation of rights of Scheduled Casets, Scheduled Tribes and also minority communities. We know, Sir, that for a baby to grow into maturity it takes more than 20 years. We cannot expect a community to go on equal footing with others in course of 20 years. Now, with further extension of 10 years it will give some relief but I believe this period of extension is quite inadequate for upliftment of the backward classes as a whole in such a short period. We know, Sir, that during the last 20 years the performance of the Government in the field of education, economic upliftment and employment had been very highly disappointed because certain things we expected we could not achieve, during this period. It is because those who are entrusted with the welfare work, lack sincerity and honesty of the purpose for welfare of the tribes and other backward classes. Unless and until the outlook and attitude of the officers and the persons concerned with the welfare work of these backward classes are changed, not tangible things could be achieved. Therefore, Sir, I should like to put forward my suggestions that the entire welfare department from top to bottom should be reconstituted. This department is consituted by persons who are not members of Scheduled Castes or Scheduled Tribes or other backward classes, the result is these people are not sympathetic towards the grievances and sufferings of the people for whom they are meant. So this will go a long way to remove certain grievances the Scheduled Castes, Scheduled Tribes and other backward classes have and give some remedy for them. Otherwise, the extension of this period by ten years will be another disappointment for backward calsses because as I told you, unless and until the schemes are executed in right earnest and with sincerity, no useful purpose will be served with this welfare department. So, Sir, supporting this resolution I end my speech.

**শ্রীন্যাথানিয়্যাল মুর্মু :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তপশীলী জাতি এবং উপজাতিদের সুযোগ সুবিধার মেয়াদ যাতে আরো ১০ বছর বাড়ান হয় এই সংশোধনী প্রস্তাব যেটা কেন্দ্রীয় সরকার এনেছেন এবং যেটাতে আমাদের অনুমোদন দরকার, সেটাকে আমি সমর্থন করতে গিয়ে দুটি কথা রাখছি। আমাদের তপশীলী জাতি এবং উপজাতিদের জন্য আসন সংরক্ষণের জন্য আরো ১০ বছরের মেয়াদ যে বাড়িয়ে দেওয়া হয়েছে এতে আমি খুব সুখী হয়েছি।

কিন্তু সঙ্গে সঙ্গে একটা জিনিস আমি এই হাউসের সামনে রাখতে চাই। আজকে কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার তপশীলী জাতি বা উপজাতিদের উন্নয়নের জন্য যেভাবে কাজ করছেন তাতে আমার মনে হচ্ছে এই সংশোধনী অনন্তকাল ধরে চলবে যদি সেইরকম দৃষ্টি ভঙ্গী নিয়ে এই সংশোধনী বাড়ান হয়। যাতে একটা সীমাবদ্ধ সময়ের মধ্যে তপশীলী জাতি এবং উপজাতিদের উন্নয়ন করা যায় সেদিকে কেন্দ্র এবং রাজ্য সরকারগুলিকে নজর দিতে হবে। যেমন সংবিধানে একটা বিশেষ বিধান হচ্ছে তপশীলী এবং উপজাতিদের উন্নয়ন এবং এর প্রধান বাহন হচ্ছে মাতৃভাষার মাধ্যমে উপজাতিদের মধ্যে শিক্ষার ব্যবস্থা করা। স্যার, আপনাকে আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি ভারতবর্ষে একমাত্র নাগা, খাসিয়া ছাড়া আর কোন উপজাতিদের মধ্যে এটা করা যায়নি। আমাদের পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকার মাত্র ২ বছর গদীতে এসেছেন। এর আগে কংগ্রেস সরকার ছিলেন। কিন্তু কংগ্রেস সরকার কিছুই করেন নি। এই যুক্তফ্রন্ট সরকারের উপর আমাদের একটা বিরাট আশা আছে। কিন্তু আশঙ্কা হয় যুক্তফ্রন্ট সরকার এই তপশীলী জাতি এবং উপজাতিদের এই সমস্যাগুলি সম্বন্ধে ঠিকমত প্রতিভাত হয়েছেন কিনা। আমি এই জন্য বলছি যে গত বছর রাজ্যপালের ভাষণ এবং এবছর রাজ্যপালের ভাষণে আমরা তপশীলী জাতি এবং উপজাতিদের উন্নয়নের কথা ভাষণের মধ্যে একটি লাইনও লেখা হয়নি। এটা আমরা খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে হয়ত আমাদের প্রতি এটা অবজ্ঞা হতে পারে বা অবহেলা হতে পারে। আমাদের এখানে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় উপস্থিত আছেন এবং তিনি একজন প্রবীন শিক্ষাবিদ, আমি তাঁর এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। তিনি আজও তপশীলী জাতি এবং উপজাতিদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা চালু করতে পারেন নি বা করার চেষ্টা করেছেন কিনা সেই রকম কোন হিণ্টস আমাদের দেননি। আমি এই অনুমোদনকে সমর্থন করতে গিয়ে তাঁর কাছে এই অনুরোধ জানাচ্ছি যে বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকার তপশীলী জাতি এবং উপজাতিদের মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু করুন। এতে যতই জটিলতা থাকুক না কেন, তাহলেও আমরা এগিয়ে যেতে পারব এবং আমি এটা নীতিগতভাবে সমর্থন করি না যে এই সংশোধনী অনন্তকাল ধরে চলুক। একটু আগে মাননীয় সদস্য যে কথা বলছেন যে এটার মেয়াদ ২৫ বছর করা উচিত—এই সংশোধনী যত তাড়াতাড়ি সীমাবদ্ধ করা যায় এবং ভারতবর্ষের উন্নতিশীল জাতিদের সঙ্গে তপশীলী জাতি এবং উপজাতিদের মধ্যে যে পার্থক্য রয়েছে সেটা যত তাড়াতাড়ি এক জায়গায় আনা যায় সেই চেষ্টা আমাদের করতে হবে। আমি এই একটি বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি তপশীলী জাতি এবং উপজাতিদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের ব্যবস্থা করুন, এতেই তপশীলী জাতি এবং উপজাতিরা তাড়াতাড়ি এগিয়ে যাবে বলে আমি বিশ্বাস করি। এই বলে আমার বক্তব্য এইখানেই শেষ করলাম।

**শ্রীজগৎপতি হাঁসদা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি পূর্ববর্তী বক্তার বক্তব্য রিপিট করতে চাই না। আমি এই প্রসঙ্গে কেবল ২।১ টি কথা বলতে চাই। আমাদের জন্য ট্রাইব্যাল ডিপার্টমেণ্ট আছে, সিডিউল্ড কাষ্ট ডিপার্টমেণ্ট আছে, যতই লিমিটেশন হোক এ কিছু হবে না। এর একমাত্র প্রতিকার হতে পারে যদি আমরা এদের কয়েকটি বিষয়ের প্রতি দৃষ্টি দিই। বিশেষ করে সিডিউল্ড কাষ্ট, সিডিউল্ড ট্রাইবসের জন্য যে ডিপার্টমেণ্ট আছে সেখানে সেক্রেটারী থেকে আরম্ভ করে যত স্পেশাল অফিসার আছেন তাঁদের একটা দায়িত্ব নিতে হবে। আমাদের যত সিডিউল্ড কাষ্ট, সিডিউল্ড ট্রাইবস জনসাধারণ আছেন তাঁরা যদি সজাগ না হন তাহলে এর রেমিসন হতে পারে না এবং ২৫ বছর এক্সটেণ্ড করলেও কিছু হবে না, খালি কতকগুলি টাকা ল্যাপস হয়ে যাবে। কাজেই আমি এর থেকে বেশী কিছু বলতে চাই

না। আমি আশা করবো সিডিউল্ড কাষ্ট এবং সিডিউল্ড ট্রাইবসদের জন্য এই যে ১০ বছরের মেয়াদ বাড়ান হয়েছে—আমি বলছি এর থেকে কমই হোক আর বেশীই হোক সেটা বড় প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে তিনটি ধারায় লোকদের নিয়ে আমাদের চলতে হবে। প্রথমতঃ আমাদের ডিপার্টমেণ্ট, দেশের জনসাধারণ, আমাদের যাঁরা আছেন তাঁদের আন্তরিক সহযোগিতা ছাড়া আর কোন কিছু হতে পারে না। এই কথা বলে আমি এই সংশোধনী প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনাদি দাস :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কেন্দ্রীয় সরকার তপশীলী জাতি এবং উপজাতিদের সম্পর্কে যে সুযোগ সুবিধা আছে তার মেয়াদ আরো ১০ বছর বাড়াবার জন্য যে প্রস্তাব করেছেন আমি তার সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। সারা দেশে যেখানে উপজাতিরা বাস করেন আমরা দেখতে পাচ্ছি সেইসব জায়গায় উন্নতির কোন ব্যবস্থা করা হয়নি। এইসব লোকগুলির অর্থনৈতিক অবস্থা অত্যন্ত শোচনীয়। মাতৃভাষার মাধ্যমে এদের শিক্ষাদানের ব্যবস্থা করা হয়নি। এদের উপর যেভাবে শোষণ করা হয় তা বর্ণনাতীত। অজ্ঞতার সুযোগ নিয়ে এদের উপর যেভাবে অবিচার, অত্যাচার, নিপীড়ন, চালান হয় তা কথায় বলা যায় না। এদিকে নজর না দিলে সারা ভারতবর্ষেই শুধু উপজাতিদের মধ্যে নয় সকলের মধ্যেই ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। সর্বোপরি যতদিন না অর্থনৈতিক অসামঞ্জস্যতা দূর করা যায় ততদিন কখনই সকলের সঙ্গে এদের সমান করে আনা সম্ভব হবে না। কাজেই সেদিকে দৃষ্টি না দিলে এই যে ১০ বছরের জন্য বাড়ান হচ্ছে এই ১০ বছর পরে অবস্থার খুব বেশী পার্থক্য হবে না, আবার বাড়াতে হবে। আমি এই মনোভাব নিয়ে একে সমর্থন করছি যে সংগ্রামী মেহনতী মানুষ যেভাবে এগিয়ে যাচ্ছে তাদের সঙ্গে এরাও সমাজতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামে এগিয়ে যাবেন এবং সেই পথে যাতে এগিয়ে যাওয়া যায় সে সম্পর্কে যুক্তফ্রণ্ট সরকারের সিদ্ধান্ত বা পলিসি নেবার দরকার আছে। যাই হোক, তা যতদিন না হচ্ছে সেই নেই মামার চেয়ে কানা মামা করে এটাকে সমর্থন করতে হবে।

[ 4-30—4-40 p.m. ]

The motion of Shri Jatin Chakravorty that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to Article 368 thereof, proposed to be made by the Constitution (Twenty-third Amendment) Bill, 1969, as passed by the both Houses of Parliament, was then put and agreed to.

### The Burdwan University ( Amendment ) Bill, 1970

**Shri Satya Priya Roy** : Sir, I beg to introduce the Burdwan University ( Amendment ) Bill, 1970.

( Secretary then read the title of the Bill. )

**Shri Satya Pirya Roy :** Sir, I beg to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembiy.

Sir, I beg to move that the Burdwan University (Amendment) Bill, 1970, be taken into consideration.

এটা একটা ছোট্ট বিল, এতে বিতর্কের বিশেষ অবকাশ নেই। এটাকে অর্ডিনান্স করতে হয়েছিল, এখন অর্ডিনান্স রিপ্লেস করে এই বিল আনা হচ্ছে। বর্ধমান এবং নর্থ বেঙ্গল অন্যান্য যেমন কল্যানী ইউনিভারসিটির সম্পর্কে একটা কমপ্রিহেনসিভ বিলের খসড়া তৈরীর কাজে হাত দেওয়া হয়েছে। যতশীঘ্র সম্ভব এই হাউসের সামনে সর্বাংগীন ইউনিভারসিটি বিল আনতে।

এখানে Ordinance করার দরকার হয়েছিল কারণ ঐ বর্দ্ধমান University Actএ একই অবস্থা ছিল যে ওখানকার Vice-Chancellor এর by death, illness or resigantionএ যদি তার চাকুরী শেষ হয়ে যায় তাহলে temporary একজন Vice-Chancellor করতে হলে সেই Universityকে করতে হবে। University means আমাদেরই Senate। সেই University আবার meeting ডাকবে সেই Vice-Chancellor এর জন্য। কাজেই by death or illness যে temporary vacancy হচ্ছে সে তার নিজের temporary vacancy পূর্ণ করার জন্য তাকেই ঐ meeting ডাকতে হবে। Universityর ঐ Vice-Chancellor এর postএ temporary একজনকে কাজ করার অধিকার দেবার জন্য। কাজেই এর মধ্যে একটা anomaly আছে যা দূর করা দরকার। বিশেষ করে একটা ঘটনার জন্য দরকার হয়েছিল সেটা আমি হাউসের কাছে বলতে চাই। Dr. D. M. Sen, তাঁর term expire করে গিয়েছিল এবং term expire করার আগে Vice-Chancellor কে appointment করা যায়নি এবং temporary একজনকে করবার প্রয়োজনীয়তা হয়েছিল। সেই সময় দেখা গেল যে Vice-Chancellor নেই বলে আর কেউ Universityর meetting ডাকতে পারছে না। কারণ temporarily কাউকে Vice-Chancellor এর ক্ষমতা দেবার কোন ব্যবস্থা ঐ আইনে নেই। কাজেই এই যে একটা অসংগতি আইনের মধ্যে রয়েছে সেটা দূর করার জন্য এই ক্ষুদ্র amendment আনা হয়েছে যার ভিত্তি হচ্ছে একটা Ordinance এবং এই সম্পর্কে বিতর্কের কোন কারণ আছে বলে আমি মনে করি না। কারণ by death or illness যেটা খালি হয়েছে সেই Vice-Chancellor কে অন্য জগত থেকে ডেকে এনে Universityর meeting করা সম্ভবপর একথা নিশ্চয়ই কেউ মনে করবেন না এবং সেদিক থেকে এই বিলের প্রয়োজনীয়তা প্রত্যেকে অনুভব করবেন, এটাই হচ্ছে আমার বক্তব্য এবং আমি আশা করবো যে এ সম্পর্কে সকলে অনুমোদন করবেন।

**Mr. Deputy Speaker :** There are no motions for circulation of the Bill. I call upon Dr. Nalinaksha Sanyal to speak.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল গ্রহণ সম্পর্কে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে সেই প্রস্তাব সম্পর্কে আমাদের সামান্য কিছু নিবেদন আছে। ইতিপূর্বে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে এই যে নূতন আইন যা হচ্ছে এটা বর্দ্ধমান এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় সম্পর্কে। এই আইনে অনেকগুলি দোষত্রুটি দেখা গেছে এবং তার জন্য একটা পরিপূরকসংশোধনের কথা চিন্তা করছেন। আমরা আশা করেছিলাম যে যত শীঘ্র সেই পরিপূরক নূতন সংশোধিত আইন আমাদের সামনে উপস্থাপিত করবেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে অনেক সময় চলে যাবার পরে এমন এক ব্যবস্থা সামান্য একটা জিনিষের জন্য আমাদের সামনে উপস্থিত হয়েছে যেটা এখনই করার কোন অনিবার্যতা নেই এবং সেই রকম তার কোন প্রয়োজনীয়তা দেখা যাচ্ছে না। বর্দ্ধমান University (Amendment) Bill 1970, পুরানো

Act এর যে ধারা পরিবর্তন করার কথা বলা হয়েছে বোঝাবার জন্ম, এটা পড়লে দেখা যাবে যে ১৬ নম্বর ধারাতে বলা আছে যে Vice-Chancellor of the University shall be appointed by the Chancellor in consultation with the Minister.

অবশ্য এখানে Education Minister এর কথা নেই। শুধু মিনিষ্টার বলা আছে। নুতন বিলে সেটাকে Education Minister বলে বর্ণনা করা হ'ল। যাই হোক, সেটা নিয়ে তর্ক তুলতে চাই না। মিনিষ্টার মানেই নিশ্চয়ই ভারপ্রাপ্ত মিনিষ্টার সে যিনিই হোন না কেন। তবে এটা Minister না হয়ে Government হ'লে প্রযোজ্য হত ভাল। কেননা একটা particular কোন আইনের মধ্যে বিভিন্ন মন্ত্রির সম্পর্কে বিশেষ উল্লেখের রীতি নেই। Grovernment এর সংগে পরামর্শ মানেই Minister এর সংগে পরামর্শ। প্রয়োজন বোধে তিনি Cabinet অর্থাৎ Cabinet system of the Government এর সংগে আলোচনা করতে পারেন। যদি কোন বিশেষ policy question না থাকে তাহলে যাঁর উপর ভার থাকে তিনি নিজেই করতে পারেন। এই বিষয়ে আমাদের আর কিছু বলার নেই।

[ 4-40-4-50 p.m. ]

কিন্তু সেইখানে এই কথা ছিল যদি ভাইস-চ্যান্সেলার কোন কারণে অপারক হন যদি টার্ম এক্সপায়ার হয়ে গিয়ে থাকে যদি মারা যান বা তিনি যদি রিজাইন করে থাকেন তাহলে ৩নং উপধারায় বলা ছিল the University shall, subject to the approval of the Chancellor authorise one of its members to exercise the powers and perform the duties of the Vice-Chancellor. যেটা ভেগ ছিল—ইউনিভারসিটি মানে কি? ইউনিভারসিটি মানে যা কিছু কাজ কর্ম হবে সিনেট তার সিণ্ডিকেট এখানে ইউনিভারসিটি মানে বলা আছে। এখন প্রশ্ন উঠলো এই ইউনিভারসিটি যে সেখানে আমরা জানবো কি করে—মিটিং ডাকবে কে? ভাইস-চ্যান্সেলার না থাকলে তিনি মিটিং ডাকবেন—কিন্তু না থাকলে মিটিং ডাকবার আর কেউ রইলো না। অন্যান্ত জায়গায় রেজিষ্ট্রার ভাইস-চ্যান্সেলারের অবর্তমানে মিটিং ডাকবার অধিকার থাকে। এখানে অদ্ভুত ব্যাপার এটাকে বদলে টেমপোরারী এ্যাপয়েণ্টমেণ্ট করবার যে সমস্ত প্রসিডিওর আছে সেখানে মন্ত্রিমহাশয়ের অনুমোদন নিতে হবে এবং সেখানে গভর্ণর অর্থাৎ চ্যান্সেলারের কাছে যেতে হবে। এটা অত্যন্ত অবাস্তব যে ৭ দিনের জন্ম ছুটি বা ১৫ দিনের জন্ম বাইরে যদি যান যেখানে অনেক জায়গায় বাংলার বাইরে দেশের ভাইস-চ্যান্সেলারকে যেতে হয়েছে সাময়িক ছুটি নিয়ে অনুপস্থিত ছিল সেই সময় মিটিং হবে না—কাজ চলবে না যদি টেমপোরারী ভাইস-চ্যান্সেলার এ্যাপয়েনটেড না হয়। এটা না করে গতানুগতিকভাবে যেহেতু গভর্ণরের সময় একটা আইন হয়েছিল অতএব রাবার ষ্ট্যাম্প দিতে হবে—এটা ভাল হবে বলে মনে করি না। যেটা পরিবর্তন করার দরকার ছিল যে একজন ইউনিভারসিটির বডি মিটিং ডাকবে—এটা কে ডাকবে তা ঠিক করে দেওয়া—তাতে কোন বাধা হোত না One of the members of the University.

তাকে অথরাজই করলে যে তিনি কাজ করতে পারবেন—সেটা পরিবর্তন না করে এটা কেন করতে চাচ্ছেন। আমি সেইজন্ম বলছি এইভাবে এই জিনিসটাকে যেহেতু এটা আগে করা হয়েছিল পরে না হলে নয় এটা করা উচিত নয়। আমি বর্তমান আইনের আপত্তি করছি না—তবে যে দৃষ্টিভঙ্গিতে করা হয়েছে তা সুষ্ঠু হয় নি। আমি আশা করি পরিবর্তন করে যা করা যাবে সেটা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যদি যেটুকু না করলে নয় তা যেন না করেন সেইটুকু বিচার করে করবেন।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডঃ সান্যাল মহাশয় একটু বিকৃত করে বললেন দু নম্বরে মেম্বার্স আছে, মিনিষ্টার আছে ইত্যাদি। মেম্বার বলতে কাদের বুঝি? একজিকিউটিভ মেম্বাররা করবেন, এটাই হচ্ছে আসল ব্যাপার। কাজেই আমাদের শিক্ষা দপ্তর বা মন্ত্রিমহাশয় যে অর্ডিন্যান্স পাশ করেছেন, ভাল কাজ করেছেন, এটা সময়োচিত হয়েছে। তার কারণ কি? আমাদের বর্ধমানে মহারাজার জমিদারী উচ্ছেদ হয়ে গিয়েছে কিন্তু জমিদারী ব্যবস্থাপনা বর্ধমান বিশ্ববিদ্যালয়ে সম্পূর্ণ আছে ফলে বর্ধমান বিশ্ববিদ্যালয় গঠনের দৃষ্টিভংগী ছিল টেকনিক্যাল বাইয়াস, এবং সেই টেকনিক্যাল বাইয়াসের দিক থেকে আমরা ভেবেছিলাম বা জনসাধারণ ভেবেছিল—বর্ধমান জেলার একদিকে আছে কৃষিক্ষেত্র, তার কিছুটা উন্নতি হবে, আর অন্য দিকে আছে ব্যাপক কোলীয়ারী যেখানে জিওলজি তত্ত্ব শিক্ষার সুবিধা আছে, এই দুটি জিনিষ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে দেওয়া হবে। কিন্তু সেদিকে কংগ্রেসী আমলে কোন কিছু হ'লনা। কেন হ'লনা? তার কারণ হচ্ছে সেক্‌শন এইট অব দি ইউনির্ভাসিটি এ্যাক্ট। তাতে একজিকিউটিভ কাউন্সিলের যে কমপোজিশন তাতে নমিনেটেড লোকের সংখ্যাই বেশী, আর এঁরা নমিনেটেড হবেন কার দ্বারা? গভর্ণমেণ্ট দ্বারা। শতকরা ৮১ ভাগই মনোনীত, আর যে ১৯ ভাগ তার ভিতর আছে এক্স-অফিশিও প্রতিনিধি আইরণ এণ্ড ষ্টীলের, কোল-ম্যাগনেটের, এই রকম বড় বড় ব্যবসায়ীর, এই যে ৮১ ভাগ তাদেরই হচ্ছে একজিকিউটিভ কমিটি, যেখানে সিনেট সিণ্ডিকেটের প্রশ্ন ছিল, আইনটা পড়েননি মাননীয় সদস্য মহাশয়, সেজন্যই তিনি মনে করেছেন সিনেটের ক্ষমতা আছে। একজিকিউটিভ কমিটি ভাইস-চ্যান্সেলর এ্যাপয়েণ্ট করবে, এই ধরনের যে ত্রুটি সেটা শিক্ষা সম্পর্কে অগ্রগতিকে টেকনিক্যাল বাইয়াস বাইয়াসকে বাঁধা দিয়েছে, একচেটিয়া রাঘব বোয়াল এতদিন পর্য্যন্ত বিশ্ববিদ্যালয়ের সমস্যার সমাধানে ব্যর্থ হয়েছে। কাজেই যে ইউনিভার্সিটি মডেল এ্যাক্ট হয়েছে সেই অনুযায়ী করার অসুবিধা আছে, এখনও পর্য্যন্ত সেটা হয়নি। অন্তত: ক্যালকাটা ইউনিভার্সিটী এ্যাক্টে সেকশন ১৬-তে যেটা করা হয়েছে, ১৯তে যেটা করা হয়েছে, সেখানে যেটা দেখা যাচ্ছে সিনেট সিণ্ডিকেটে শতকরা ৭৫ জনই মনোনীত, শিক্ষকদের ভিতর থেকে স্পোন্সর্ড বা কনষ্টিটিউয়েণ্ট কলেজের শিক্ষকদের মধ্যে নির্বাচিত কমই আছেন। সুতরাং এই ধরনের অর্ডিনান্স না আসলে একজিকিউটিভ কমিটি কি করত? ডি. এম. সেনের বিরুদ্ধে অনেক বড় বড় অভিযোগ উঠেছিল, পার্লামেণ্টেও উঠেছিল, তিনি টেণ্ডার কল না করে বড় বড় কনট্রাক্টর নিজের আত্মীয়স্বজনের ভিতর থেকে দিয়েছিলেন, বহু পয়সা খরচ করে যে বিল্ডিংস করেছিলেন, সেটাও অচল হয়ে গেছে, তিনি খেয়ালখুশীমত নিয়োগ করেছিলেন এমনকি তহবিল পর্যন্ত তছরূপ করেছিলেন বলে অভিযোগ উঠেছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় মুখার্জী কমিশন করে তদন্ত করিয়েছিলেন। একজিকিউটিভ কমিটিকে যদি ভার দেওয়া হত তাহলে ডি. এম. সেনের বদলে আর একজন জমিদার আমলাতন্ত্রকে ভাইস-চ্যান্সেলার রূপে নিয়োগ করতেন। সেজন্য সংশোধনী বিল এসেছে আমি তা সমর্থন করছি, দুঃখের সংগে, আনন্দের সংগে নয়। এটা বলছি এজন্য যে এতদিন ধরে যে বুরোক্রেসী চলে আসছে সেটাকে দূর করার জন্য এই অডিনান্সকে আইনে রূপ দেওয়ার সংগে সংগে যদি অন্ততঃ ৮ নং ধারাটা সংশোধন করতেন, আর কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইনের ১৯ নম্বর ধারায় যে জিনিষগুলি আছে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে শতকরা ৭০ জন নির্বাচিত হবে শিক্ষকদের মধ্য থেকে, গার্ডিয়ানদের মধ্য থেকে, ম্যানেজিং কমিটির পক্ষ থেকে, সেটা যদি করতেন আমি আনন্দের সংগে বলতাম বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি দূরীকরণে তিনি অনেকখানি এগিয়েছেন।

যাহোক, উনি যখন বললেন একটা সর্বাংগ সুন্দর বিল আনবেন সেদিক থেকে আমি তাঁকে অনুরোধ করব আগামী বিল আনার সময় তিনি যেন মনে রাখেন কোলকাতা বিশ্ববিদ্যালয় বিলের মডেল নয়, ইউনিভার্সিটি মডেল এ্যাক্টে যে সমস্ত গণতান্ত্রিক অধিকার দেওয়া হয়েছে সেই অধিকারগুলো কোলকাতা বিশ্ববিদ্যালয় বিলের আইনে আজ পর্যন্ত নেই। কাজেই ওই মডেল এ্যাক্ট অনুযায়ী নর্থ বেংগল ইউনিভার্সিটি বিল, বার্ডওয়ান ইউনিভার্সিটি বিল যেন আসে সেকথা রেখে এই বিল সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 4-50—5 p.m. ]

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় যে সংশোধনী এনেছেন আমি তাকে সমর্থন করছি। কিছুক্ষণ আগে ডঃ নলীনাক্ষ সান্যাল মহাশয় যেকথা বলেছেন সে সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তা কিছু বলেছেন। তিনি বলেছেন শিক্ষামন্ত্রী মহাশয় এই বিলের মধ্যে যে ক্ষমতা নিয়েছেন সেটা না নিলেও পারতেন। প্রশ্ন হচ্ছে শাসনতান্ত্রিক দিক থেকে অর্থাৎ এডুকেশন এ্যাডমিনিসট্রেশনের দিক থেকে ভাইস-চ্যান্সলারের মত একটি গুরুত্বপূর্ণ পদে তাঁকে এ্যাপয়েন্ট করবার অধিকার গণতান্ত্রিক সরকারের থাকা উচিত বিশেষকরে সেই অফিসার যখন সমস্ত শিক্ষাব্যবস্থা নিয়ন্ত্রণ করেছেন। কাজেই সেদিক থেকে যে ব্যবস্থা করা হয়েছে সেটা উপযুক্ত ব্যবস্থা। আমার মনে হয় ডঃ সান্যাল এদিকটা অনুধাবন করেন নি। আমার পূর্ববর্তী বক্তা বলেছেন বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় যা আইন তৈয়ারী করেছেন আগামী কমপ্রিহেনসিভ বিলে তা নিয়ে আলোচনা করব। আমরা জানি সেখানে শিক্ষা সংকোচন নীতি নেওয়া হয়েছে। এবং আমার পূর্ববর্তী বক্তা বলেছেন যাঁরা শিক্ষার সঙ্গে কোনদিন জড়িত নন, যাঁরা ব্যবসায়ী তাঁদের বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢুকিয়ে রাখা হয়েছে। এর উদ্দেশ্য হচ্ছে ওই সমস্ত ধনীদের যেসমস্ত এজেন্ট কলিয়ারী এবং ফ্যাক্টরীতে রয়েছে তাঁদের দিয়ে শিক্ষা নিয়ন্ত্রণ করা। স্যার, বিশ্ববিদ্যালয়ের মধ্যে পরীক্ষা সংক্রান্ত বিষয়ে অনেক ঘটনা ঘটেছে। আমি একটা ঘটনা জানি একটি ছেলে বিশ্ববিদ্যালয়ে ফার্স্ট্ হয়েছে কিন্তু তার রেজাল্ট পাবলিস করেনি। এই যে রেজাল্ট পাবলিস করেনি তার কারণ হচ্ছে কনট্রোলারের সঙ্গে রেজিষ্ট্রারের দ্বন্দ্ব রয়েছে। তারপর সেখানে শিক্ষামন্ত্রী মহাশয়কে হস্তক্ষেপ করতে হয়েছে এবং তার ফলে ট্রাঙ্ক কল করে সেই ছাত্রটির রেজাল্ট পাবলিস করা হয়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যে জিনিষ রয়েছে এবং তাঁর যে অভিজ্ঞতা হয়েছে সেটা হচ্ছে সেখানে আমলাতান্ত্রিক ব্যবস্থা রয়েছে। ভাইস-চ্যান্সেলর নিয়োগ করিবার ক্ষমতা তিনি নিয়েছেন সেইসঙ্গে আমি তাঁকে অনুরোধ করব উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং কোলকাতা বিশ্ববিদ্যালয় আইনের পরিবর্তন প্রয়োজন। তিনি নিশ্চয়ই জানেন গণতান্ত্রিক পদ্ধতিতে কোন বিদ্যালয়ের বডি নেই, সেখানে আমলাতান্ত্রিক এবং কিছু কিছু গোষ্ঠীর দ্বারা শিক্ষাক্ষেত্র গড়ে তোলা হয়েছে এবং উত্তরবঙ্গে কংগ্রেস এটা করেছে। তাঁর কথা শুনে বিশেষকরে শিক্ষা জগতের সঙ্গে যাঁরা জড়িত আছেন তাঁরা খুব আনন্দিত হয়েছেন এবং একজন শিক্ষক হিসাবে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি যখন একটি কমপ্রিহেনসিভ বিল আনছেন তখন এই ৩টি বিশ্ববিদ্যালয় সম্পর্কে রাজ্যসরকারের পুনর্বিবেচনা করা উচিত যে এই বিশ্ববিদ্যালয়গুলো যেন গণতান্ত্রিক পদ্ধতিতে চলে এবং সেইসঙ্গে এটাও তাঁকে মনে রাখতে অনুরোধ করছি যে, যাঁরা গার্জিয়ান রয়েছেন এবং যাঁরা ছাত্রদের পড়ান তাঁদের বিশ্ববিদ্যালয়ের কোন রিপ্রেজেনটেশন নেই। কিছুদিন আগে দেখা গেছে যে ছাত্রদের রিপ্রেজেনটেশন দেবার অধিকার পাশ্চাত্তের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আছে। সুতরাং সেইভাবে ডেমক্রাটিভ পদ্ধতিতে সমস্ত বিশ্ববিদ্যালয়-গুলিতে যাতে গার্জেন এবং যারা প্রকৃত এডুকেশনিষ্ট্ তাঁদের এবং বিভিন্ন স্তরের শিক্ষক, আইনজ্ঞ, ডাক্তার প্রভৃতি ম্যানেজিং কমিটিতে থাকতে পারে। সেই ভাবে বিশ্ববিদ্যালয়গুলিকে গঠন করতে হবে। এই বিল আগামী দিনে পূর্ণাঙ্গ রূপ নিয়ে যখন আসবে তখন সেই জায়গায় এই বক্তব্যগুলি রাখবেন। এই আশা করে আমার বক্তব্য শেষ করছি এবং এই সংশোধনী প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি।

**শ্রীফকীরচন্দ্র রায়:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আইন সংশোধন করতে যে বিল উত্থাপন করা হয়েছে তা আমি সমর্থন করি। একটা ...

হয়েছিল এই বর্ধমান বিশ্ববিদ্যালয় আইন সংশোধন করার জন্য। কি অবস্থায় অর্ডিন্যান্স করতে হয়েছিল—ডঃ ডি. এম. সেন ভাইস-চ্যান্সেলার তিনি ছয় মাসের ছুটি নিলেন। ছুটি নেবার আগে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ডঃ পি. ভাদুড়িকে অস্থায়ী ভাইস-চ্যান্সেলার নিয়োগ করা হলো। ডঃ সেনের যেদিন ছুটি শেষ হলো সেদিন জয়েন করলেন এবং তারপর রিটায়ার করলেন। সুতরাং আর সময় ছিল না ইউনির্ভারসিটির মিটিং ডাকার। এই অবস্থায় তখন বাধ্য হয়ে অর্ডিন্যান্স করা ছাড়া শিক্ষামন্ত্রীর কোন উপায় ছিল না। এবং এখন এ্যাসেমব্লি বসেছে সেই অর্ডিন্যান্সকে বিধিবদ্ধ করার জন্য। এদিকে এটা খুব ন্যায্য হয়েছে, খুব সঙ্গত হয়েছে তা না হলে বর্ধমান ইউনিভার্সিটি অচল হয়ে যেত। গণতন্ত্রের দিক থেকে বর্ধমান ইউনিভার্সিটির আইনে বহু ত্রুটিপূর্ণ এবং এই সংশোধনের ফলে যেটুকু গণতন্ত্র ছিল সেটুকু খতম হয়ে গেল। সেইজন্য আমি শিক্ষামন্ত্রীকে বলবো যে কমপ্রিহেন্সিভ বিলের কথা তিনি বললেন, তা যেন তিনি ত্বরান্বিত করেন কারণ এই অবস্থা যদি দীর্ঘস্থায়ী হয় তাহলে সেখানে আর গণতন্ত্র বলে কিছু থাকবে না। প্রথমে যখন বর্ধমান বিশ্ববিদ্যালয় হয় তখন ভাইস্-চ্যান্সেলার হলেন সুকুমার সেন, তিনি আই. সি. এস. এবং প্রখ্যাত প্রশাসনিক কর্মচারী। তারপর হলেন বি. কে. গুহ, তিনিও একজন আই. সি. এস. এবং হাইকোর্টের জজ ছিলেন এবং তারপর হলেন ডঃ ডি. এম. সেন আমলতন্ত্রের উচ্চ পদাধিকারী। সেইজন্য মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা-মন্ত্রীকে অনুরোধ করবো যে যাঁরা শিক্ষা নিয়ে আছেন এইরকম লোককে যেন এবারে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য করা হয়। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি এবং সংশোধনী প্রস্তাবটিকে আবার আমার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 5—5-10 p. m. ]

**শ্রীজয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন এটা রি-এনএক্টমেন্টের প্রশ্ন অন্তত আমরা জেনে এসেছিলাম Business Advisory Committee যে লাইনে বলেছেন, সুতরাং অকারণে অশ্বিনী বাবু উষ্মা প্রকাশ করেছেন। আপনার কাছে আমার বিনীত নিবেদন হচ্ছে বংলাদেশ যখন স্বাধীন হয় তখন টিম টিম করে ১ টা বিশ্ববিদ্যালয় এখানে ছিল, আজকে গর্বের সঙ্গে কংগ্রেস সদস্য হিসাবে বলতে পারি ৫ টা বিশ্ববিদ্যালয় কংগ্রেস করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাংলাদেশ যখন ভাগ হয় তখন এখানে ২ কোটি ৩২ লক্ষ মানুষের প্রশ্ন ছিল, ১৪ পারসেন্ট শিক্ষিত মানুষ ছিল, আজকে সাড়ে চার কোটি মানুষ ও শিক্ষিতের হার চারগুণ বেড়ে গেছে, পপুলেসান এক্সপ্যানসান হওয়া সত্বেও হার হচ্ছে ৩২ পারসেন্ট। সুতরাং অকারণে উষ্মা প্রকাশ করে লাভ নেই। শিক্ষার ধারাকে কংগ্রেস সরকার যেভাবে পরিচালিত করেছেন এঁরা যদি সেই বর্তিকাকে জ্বালিয়ে রাখতে পারেন তাহলে আমরা কৃতজ্ঞ ওঁদের কাছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,বিলে যেভাবে ব্লাঙ্ক চেকের কথা বলা আছে সেটা মিনিষ্টার—ষ্টেটমেন্ট অফ অবজেক্টে বলেছেন, আমরা আজকে এই বিল পেলাম তাই সংশোধনী দেওয়ার উপায় ছিল না, উনি যদি বলেন অফিসিয়ালি এ্যাডমিনিষ্ট্রেসানের পক্ষে মিনিষ্টার কোয়ালিফাই করে দেন ভাল। শুধু মিনিষ্টার কথাটা দেওয়া আছে ক্লজ (২) তে। আর একটা কথা সেটা হচ্ছে মন্ত্রি মহাশয় নিশ্চয়ই তাঁর পরামর্শ অনুসারে চ্যান্সেলার, ভাইস-চ্যান্সেলার নিয়োগ করবেন। শিক্ষাবিদ হিসাবে শিক্ষামন্ত্রী মহাশয়কে আমরা জানতাম, এ.বি. টি. এ. নিখিল বঙ্গ শিক্ষক সমিতির মানুষ বলে তাকে জানতাম, কিন্তু আজকে তিনি ভোল পাল্টে অন্য রূপে দেখা দিচ্ছেন, সেজন্য আমি বিনীত ভাবে অনুরোধ করছি বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষার ব্যাপার যেখানে সেখানে শিক্ষাবিদদের যেন প্রকৃত মর্য্যাদা এবং দায়িত্ব দেওয়া হয়। দলবাজির যে সমস্ত ক্ষুদ্র প্রয়াস তিনি করেছেন শিক্ষাক্ষেত্রে সেগুলি যেন তিনি না করেন। ইউনিভার-সিটির ব্যাপারে যে ব্লাঙ্ক চেক ওনার কাছে আছে যে, ওনার পরামর্শমত চ্যান্সেলার, ভাইস-চ্যান্সেলার

নিয়োগ করা হবে সে সম্বন্ধে উনি যেন নিরপেক্ষ এবং প্রকৃত শিক্ষাবিদকে এই দায়িত্ব দেওয়াতে প্রয়াসী হন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসৈয়দ আবুল মনস্থুর হাবিবুল্লা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের সমর্থনে বলতে উঠে মাননীয় সদস্য জয়নাল আবেদিন আমাকে বাধ্য করেছেন দু একটা কটু কথা বলতে, তা না হলে বলার প্রয়োজন ছিল না। বর্ধমান ইউনিভারসিটি বিল যখন এসেছিল এবং তার ফলে যখন শ্রীরামপুর অঞ্চলকে এর থেকে বাদ দেওয়া হয়েছিল তখন এটা এই উদ্দেশ্যে হয়েছিল যে ইউনিভারসিটি করার পেছনে কতকগুলি কুক্ষিগত জায়গার সৃষ্টি করা—যেখানে নিজেদের কুক্ষিগত লোকদের বসান হবে, শিক্ষার উন্নতির জন্য নয়। যেমন ডাঃ ডি. এম. সেনকে ভাইস-চেন্সেলার করার জন্য এই ইউনিভারসিটি করা হয়েছিল। এই ডি. এম. সেন যাঁকে Director of Public Instructions and Secretary বহু দিন করে রাখা হয়েছিল, যাঁর সম্বন্ধে বহু সমালোচনা হয়েছিল, ডাঃ বিধান চন্দ্র রায়ের অনুকম্পায় দিনের পর দিন শ্রীবৃদ্ধি লাভ করেছিলেন সেই সেনকে বসিয়ে রাখবার জন্য বর্ধমান ইউনিভারসিটি করা হয়েছিল। এই সমস্ত কুটুক্তিগুলি ডাঃ জয়নাল আবেদিন আমাকে বাধ্য করেছেন করতে। আজকে তার একটা সুরাহার ব্যবস্থা হচ্ছে সেদিক থেকে এই আইনকে স্বাগত জানাচ্ছি। তখনকার দিনে ইউনিভারসিটি বিল যে কাঠামোয় তৈরী হয়েছিল সেই কাঠামোর মূল উদ্দেশ্য ছিল ইউনিভারসিটি কমিশনের কাছ থেকে কিছু টাকা আদায় করা এবং কতকগুলি ইউনিভারসিটির নাম দিলেই সেই টাকা পাওয়া যাবে। স্যার, আমি আপনাকে এই কথা বলতে পারি তখন যে আলোচনা হয়েছিল তাতে এটা পরিষ্কার হয়েছিল, কারণ বর্দ্ধমান ইউনিভারসিটি যখন করা হয় তখন বলা হয়েছিল পোষ্ট গ্রাজুয়েট ক্লাস, ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিকেল কলেজ, মেডিকেল স্কুল যা—তা উঠে যাবে যদি ইউনিভারসিটির নাম না দেওয়া যায়—টাকা সব মার যাবে। তাই এর নাম করে ইউনিভারসিটি কমিশনের কাছ থেকে টাকা আদায় করতে হবে। তাই জয়নাল আবেদিন এবং তাঁর দলের আসল উদ্দেশ্য ছিল কতকগুলি কুক্ষিগত লোককে বসান এবং ইউনিভারসিটি কমিশনের কাছ থেকে টাকা আদায় করা, এটা মুখার্জী কমিশনও প্রমাণ করবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 5-5—5-10 p.m. ]

**শ্রীসত্যপ্রিয় রায়:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি সমস্ত আলোচনা শুনেছি। যে আলোচনায় এই সংশোধনী বিল যা অর্ডিনান্স ভিত্তিতে আনা হয়েছে তার বিরোধিতা কেউ করেন নি কতকগুলি উপদেশ দিয়েছেন যেগুলি আমি গভীরভাবে চিন্তা করবো। জয়নাল আবেদিন সাহেব কটা ইউনিভারসিটি করেছেন তা বলেছেন, কিন্তু তিনি তাও ভুল বলেছেন, সেটা পাঁচটা নয় ছয়টা। সে সম্পর্কে মনসুর হাবিবুল্লা সাহেব উত্তর দিয়েছেন। বিশ্ববিদ্যালয় করেছিলেন ভাল কিন্তু সেটা উপযুক্ত শিক্ষাকেন্দ্র হিসাবে গড়ে তোলার লক্ষ্য নিয়ে হলে কিছু বলবার ছিল না। কিন্তু নিছক কংগ্রেসের দলীয় স্বার্থ রক্ষা করা এবং রাজনৈতিক মুনাফা, তা থেকে লাভ করা এবং ভোটের বাজারে কটা ইউনিভারসিটি চালু করা যায়, অথচ ইউনিভারসিটির গণতান্ত্রিক ক্ষমতাকে খর্ব করে রাখাই এর উদ্দেশ্য ছিল। কাজেই আপনারা বিশ্ববিদ্যালয় করেন নি দলীয় স্বার্থ রক্ষা করার জন্য কতকগুলি কুক্ষিগত প্রতিষ্ঠান করবার চেষ্টা করেছিলেন। আজকে সেইসব অপপ্রয়াস থেকে মুক্ত করে একে গণতান্ত্রিককরণ করাই হচ্ছে এর উদ্দেশ্য। আজকে বিধানসভার প্রথম দিনে এই অধিবেশনে সে বিল আমি আনতে পারিনি। এই বিলের খসড়া যা মডেল ইউনিভারসিটি, ইউ. জি. সি. রেকমেনডেশন ও প্রগেসিভ ইউনিভারসিটি এ্যাক্ট আলোচনা করে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সদস্যদের অনেককে নিয়ে গঠিত কনসালটেটিভ্ কমিটির সঙ্গে আলোচনা করে সর্বাঙ্গীন বিশ্ববিদ্যালয় বিল গণতান্ত্রিক ভিত্তিতে করবার চেষ্টা করছি এবং যত তাড়াতাড়ি সম্ভব আপনাদের সামনে উপস্থিত করব। কাজেই দীর্ঘ আলোচনা বা বক্তব্যে কোন প্রয়োজন নেই।

ফকীর বাবু শিক্ষাবিদকে ভাইস-চ্যান্সেলার হিসাবে নিয়োগের কথা বলেছেন। কিন্তু শুধু শিক্ষক হলেই হবে না, কারণ আমি জানি ডঃ ডি. এম. সেন যিনি ভাইস-চ্যান্সেলার ছিলেন তিনি শিক্ষা-বিদ অথচ আমলাতান্ত্রিক থেকে উন্নতী হয়েছিলেন। আমি এখানে আর কারুর নাম করতে চাই না ব্যক্তিগতভাবে, তবে আমি একথা জানাতে চাই যে কেবলমাত্র শিক্ষাবিদ হলেই হবে না। পশ্চিমবাংলার বাইরে ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও আছে। সেইজন্য এডুকেশন কমিশন যেকথা বলেছেন যে সাধারণভাবে দেখতে হবে শিক্ষকদের যদি এ্যাডমিনিসট্রেটিভ এ্যাবিলিটি থাকে তাহলে তাকে ভাইস-চ্যান্সেলর করতে হবে। কিন্তু সব সময় যে তা পাওয়া যাবে এডুকেশন কমিশন তা মনে করেন না। কাজেই মনে করেছেন যে অন্তত যাঁর বিশেষ বৈশিষ্ঠ আছে জীবনের কোন ক্ষেত্রে সেইরকম লোককে বিশেষ করে যার প্রশাসনিক দক্ষতা আছে সেইদিক দেখে সেইরকম লোককে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর নিয়োগ করতে হবে। এখানে এখনও মিনিষ্টারের কিছু ক্ষমতা আছে। আমি মনে করি গণতান্ত্রিক আইনে মিনিষ্টারের সে ক্ষমতা রাখা উচিত নয়। কংগ্রেস যে ক্ষমতা হাতে রেখেছিল আজকে সেই ক্ষমতা ছুঁড়ে ফেলতে পারিনি, সেই জন্য সেগুলিকে এখনও ধারণ করে রেখেছি। কিন্তু আগামীকালে এইরকম করা হবে যাতে শিক্ষামন্ত্রীর ভাইস-চ্যান্সেলর নির্বাচনে কোন বক্তব্য না থাকে। বিশ্ববিদ্যালয় সমস্ত ক্ষমতা তার হাতেই রাখবে এবং চ্যান্সেলর তাঁর এ্যাপয়েন্টমেন্ট দেবেন—এইরকম ব্যবস্থা করতে হবে। কাজেই আমি আশা করি সমস্ত সদস্যরা এই সংশোধনী বিলকে সমর্থন করবেন।

[ 5-10—5-26 p.m. ]

The motion of Shri Satya Priya Roy that the Burdwan University (Amendment) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3 and Preamble*

The question, that clauses 1, 2, 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Satya Priya Roy:** Sir, I beg to move that the Burdwan University (Amendment) Bill, 1970, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The Calcutta University (Amendment) Bill, 1970**

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister may please introduce the Bill.

**Shri Satya Priya Roy:** Sir, I beg to introduce the Calcutta University (Amendment) Bill, 1970.

( Secretary then read the title of the Bill )

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister may now move for consideration of the Bill.

**Dr. Zainal Abedin:** Sir, Business Advisory Committeeতে decide হয়েছে যে আজকে introduction পর্য্যন্ত হবে।

**Mr. Deputy Speaker:** Let the Hon'ble Minister move for consideration of the Bill.

**Dr. Zainal Abedin:** That stage will come next day. This was by agreed decision.

**Mr. Deputy Speaker:** Members might speak on the next day but the Hon'ble Minister may move for consideration today.

**ডাঃ জয়নাল আবেদিন:** আজকে স্যার ছেড়ে দিন এই পর্যন্ত করে।

**Mr. Deputy Speaker:** The Hon'ble Minister will place the Bill for consideration and then the House may adjourn and next day members will have their chance to speak.

**ডাঃ জয়নাল আবেদিন:** মন্ত্রিমহাশয় statement করবেন, কিন্তু এখন অনেক সদস্যই উপস্থিত নেই। কাজেই সদস্যদের বিলের উপর বলার পক্ষে অসুবিধা হবে।

**Mr. Deputy Speaker:** If he gives the statement today it would be better for you to take part in the debate because you would know what facts the Minister would submit with regard to the Bill.

**ডাঃ জয়নাল আবেদিন:** স্যার, আজ এই পর্য্যন্ত থাক। পরের দিন হবে।

**Mr. Deputy Speaker:** It is in the interest of the debate and also in the interest of Opposition members that the Minester makes his speech today. I think, the Opposition members will get an opportunity of being ready to attack the Minister next day if they know the arguments advanced by him.

**Shri Satyapriya Roy:** Sir, I beg to move that the Calcutta University (Amendment) Bill, 1970, be taken in to consideration.

মাননীয় ডেপুটি স্পীকার, মহাশয়, এইযে বিল আনা হয়েছে এর ইতিহাস একটু দীর্ঘতর। প্রথমে এটা এসেছিল Ordinance হিসাবে প্রথম U.F. এর সময়। তারপরU.F. Government এর পতন হয়ে মাঝে interim সরকার হয়েছিল এবং তারপর President Rule হয়েছিল। কাজেই President Rule যখন হয়েছিল তখন President Act হিসাবে এই Act আসে। এই বিলের প্রধানত দরকার হয়েছিল কোলকাতা বিশ্ববিত্তালয়ের যে আইন সেই আইন অনুযায়ী নির্বাচনে কোলকাতা বিশ্ববিত্তালয়ের Senate, Syndicate, Academic Council ইত্যাদি authoriesগুলো তৈরী করতে অনেক অসুবিধার সৃষ্টি হচ্ছিল। সেই অসুবিধাগুলি দূর করে Senate, Syndcate ইত্যাদির যাতে নির্বাচন হতে পারে সেদিকে লক্ষ্য রেখে এই amendmentগুলি করা হচ্ছে। Amendment-এর প্রধান কতকগুলি বিষয়ের দিকে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথম হয়েছে University Act ও Professional and Constituent College সম্বন্ধে যে definition. সেই definition-এর মধ্যে কিছু অসঙ্গতি ছিল। Constituent Collegeও ছিল affiliated College যারা Graduate Course

বা Honours Course পড়ে এগুলি সব Constituent Colleges. আর Professional Colleges বলতে গিয়ে বলা হয়েছে other University Colleges or affiliated Colleges এবং Constituent Colleges বলতে কিছু Professional College. যে Constituent College হতে পারে—কিছু কিছু Professioral subject পড়ায়, Post Graduate Course, Honours Course পড়ায়। এদিক থেকে একটা overlaping ছিল definition-এর এবং সেই overlaping থাকার ফলে election-এর অনেক অসুবিধা হচ্ছে। এই Constituent College-এর seatগুলোকে Professional College ভোট দিতে এবং প্রার্থী দাঁড় করাতে পারবে না। সেদিক থেকে Constituent Colleges......................(ইজ) এই not being Professional Colleges কথাগুলো তুলে দেওয়া হয়েছে। সাধারণ ভাবে Professional College-এর Constituent College-এর মধ্যে definite এর যে অসঙ্গতি ছিল সেটা দূর করে Professional Collegeগুলিকে Constituent College হিসাবে স্বীকৃতি দেওয়া যেতে পারে। নির্বাচনের জন্য সে ব্যবস্থা করার জন্য এই amendment আনা হয়েছে। তারপরে নির্বাচনে আরও কতকগুলি বাধা আছে —যেমন graduate. ২৫ টি graduate তাঁরা নির্বাচিত করতে পারবেন। কিন্তু পরে দেখা গিল ৫০০ জন মাত্র Graduate requisitioned হয়েছে। সে জন্য ২৫ টি আসনে ঐরকমভাবে একটা ব্যবস্থা করা হ'ল not more than 25 not less than 5 persons elected by registered graduates from among themselves, the number of such persons to be elected being calculated on the basis of one person for every 300 registered graduates. ২৫ বলে সেই সংখ্যা না রেখে ঐ রকমই নির্দিষ্ট করে দেওয়া হল ৫ জন থেকে ৫০ হাজার পর্যন্ত যদি রেজিষ্টার্ড গ্র্যাজুয়েট হয় তা হ'লে তাদের সংখ্যা কি হারে হবে সেটা এর মধ্যে নির্দিষ্ট করে দেওয়া হ'ল। আগে ধরেই নেওয়া হয়েছিল যে বহুসংখ্যক রেজিষ্টার্ড গ্র্যাজুয়েট থাকবে কিন্তু এত টাকা দিয়ে তারা রেজিষ্টার্ড গ্র্যাজুয়েট-এর তালিকাভুক্ত হয়নি। তারপর আরো দু'একটা এইরকম আছে যেমন for the word "twenty" the word "ten" shall be substituted and shall be demeed always to have been substituted. কোন কোন জায়গায় কয়েকটি সিট এ্যাড্ও করা হয়েছে, যেমন four persons elected by Readers and Lecturers of the University not being Heads of Departments, from among themselves. এখানে আগে ছিল যে রিডার্স ও লেকচারার্স হ ওয়্যার হেডস্ অব দি ডিপার্টমেণ্টস তাদের রিপ্রেজেনটেশনের কথা ছিল কিন্তু অরিজিনাল এ্যাক্টে কিছু রিডার্স আছে আমাদের যারা নট হেডস্ অব দি ডিপারমেণ্ট তাদের কোন রিপ্রেজেনটেশনের ব্যাবস্থা ছিল না, সেইজন্য এখানে যারা রিডার্স বা লেকচারার্স অথচ যে আর নট বিইং হেড অব দি ডিপার্টমেণ্টস্ তাদের একটা রিপ্রেজেনটেশনের ব্যবস্থা রাখা হয়েছে। তা ছাড়া কাউনসিল ফর পোষ্ট গ্র্যাজুয়েট ষ্টাডিস, তাদের ওখানে শুধু একটা আউট লাইন ছিল কি গঠন হবে, কাদের নিয়ে গঠিত হবে তা লেখা ছিল না, এখানে এ্যামেণ্ডমেনটে কাদের নিয়ে গঠিত হবে সে সম্পর্কে নিয়মটাকে আরো ইলাবরেট করে দেওয়া হয়েছে। আগে যা ছিল তাও আছে কিন্তু তাকে আরো একটু ইলাবরেট করে তার কনষ্টিটিউয়েণ্ট কি হবে সেটা পরিষ্কার করে বলে দেওয়া আছে। লাষ্ট অব অল, যেটা ইনপরট্যাণ্ট ব্যাপার আছে, যেটা অরিজিনাল এ্যাক্টে ছিল দু' বছরের মধ্যে ঐ সিনেট, সিন্ডিকেট, এ্যাকাডেমিক্ কাউন্সিল, ফ্যাকলটির ইলেকশন ফিক্স করে দেবে এবং ষ্ট্যাটিউটস্, অর্ডিন্যান্স হবে এবং করবে সেই ফার্ষ্ট ভাইস-চ্যানসেলার এ্যাপয়েনটেড কিন্তু সেই ফার্ষ্ট ভাইস-চ্যান্সেলর প্রথম দু বছরের মধ্যে করতে পারে নি সেইজন্য ফার্ষ্ট ভাইস-চ্যান্সেলারের যে পিরিয়ড ছিল দু'বছর সেটা এক্সটেন্ড করার দরকার হয়েছে এবং ভবিষ্যতেও দরকার হবে বলে মনে করে সেখানে সেইব্যবস্থা করা হয়েছে যে যদি ফার্ষ্ট ভাইস-চ্যানসেলার এই সময়ের মধ্যে না করতে পারে, দু'বছরের মধ্যে তাহলে আরো

এক বছর তার টাইম এক্সটেণ্ড করে দেওয়া যেতে পারবে। এখন সেই আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের নির্ব্বাচন হয়েছে সেই আইন এখন বলবৎ না রাখলে বিশ্ববিদ্যালয়ের সমস্ত নির্ব্বাচন এখন বাতিল হয়ে যাবে এবং সেইজন্য এটা রাখার প্রয়োজনীয়তা আছে। এটা প্রেসিডেন্টস্ এ্যাকটের মধ্যে ছিল এবং তা এক বছরের মধ্যে রি-এন এ্যাক্টমেণ্ট না করে নিলে এই আইন বাতিল হয়ে যাবে এবং এই আইন বাতিল হয়ে গেলে যেসব নির্ব্বাচন এই আইনের ভিত্তিতে হয়েছিল সেইসব নির্ব্বাচন বাতিল হয়ে যাবে। এখানে অবশ্য কনষ্টিটিউয়েণ্ট কলেজের একটা তালিকা দেওয়া হয়েছে। তার প্রধান কারণ কি তা আমি আগেই বলেছি যে কনষ্টিটিউয়েণ্ট কলেজ এবং প্রফেশন্যাল কলেজের ডেফিনেশনের মধ্যেই অসংগতি ছিল। তা ছাড়া প্রথম নির্ব্বাচনে কনষ্টিটিউয়েণ্ট কলেজ থেকে কতকগুলি আসন দেওয়া হয়েছিল, তাদের নির্ব্বাচন ছিল আলাদা। প্রফেশন্যাল কলেজের নির্বাচনও তেমনি আলাদা ছিল। অথচ ইউনিভারসিটি কনষ্টিটিউয়েণ্ট না হলে এই কনষ্টিটিউয়েণ্ট কলেজ এবং প্রফেশন্যাল কলেজ কারা তা নির্ধারণ করবার দায়িত্ব ইউনিভারসিটির উপর তা তারা করতে পারছিল না। এইজন্য প্রথম নির্ব্বাচনের দিকে তাকিয়ে একটা লিষ্ট অব কনষ্টিটিউয়েণ্ট কলেজ এবং লিষ্ট অব প্রফেশন্যাল কলেজ এখানে দেওয়া হয়েছে। আর রেজিষ্টার্ড গ্রাজুয়েট তার আগে যে ডেফিনিশন ছিল তা একটু বদল করা হয়েছে,

Graduates of the University of Calcutta registered under the Indian Universities Act, 1904, or under the Calcutta University Act, 1951, who compounded for all payments of the annual fee for retention of their names in the register by paying the sums prescribed in that behalf. এবং কি দিতে হবে এটা ঠিক করা হয়েছে। মোটামুটি প্রথম নির্ব্বাচনের দিকে লক্ষ্য রেখে যে সব পরিবর্ত্তনের প্রয়োজন এই সংশোধনীতে সেইসব প্রভিশন করা হয়েছিল। প্রথমতঃ অর্ডিনেন্সের সাহায্যে, গত ইউ. এফ. সরকার তা করেছিল, তার পরবর্ত্তীকালে ইউ. এফ. সরকার—আমরা বলব যে বেআইনীভাবে এখান থেকে বিতাড়িত হয়েছিল, তারপর প্রেসিডেন্টস রুল চালু হ'লে প্রেসিডেন্ট এটা প্রেসিডেন্টস্ এ্যাক্ট হিসাবে এটা চালু করেছিলেন এবং প্রেসিডেন্টস্ এ্যাক্টের নিয়ম হচ্ছে যে লেজিসলেচার বসার সঙ্গে সঙ্গে—নূতন গভর্ণমেণ্ট বসার সঙ্গে সঙ্গে এক বছরের মধ্যে প্রেসিডেন্টস্ এ্যাক্টটা রি-এন্যাক্টমেণ্ট করতে হবে, কাজেই খুব ক্ষুদ্র পরিধির মধ্যে, খুব একটা ন্যারো পরিধির মধ্যে এটা এ্যামেণ্ডমেণ্ট করে নেওয়া হ'ল। তখন প্রেসিডেন্টের আমলে সেই প্রেসিডেন্ট এ্যাকট হিসাবে এ্যাকট চালু করেছিলেন এবং প্রেসিডেন্ট এ্যাকটের নিয়ম হচ্ছে নতুন গভর্ণমেণ্ট বসবার সময় বা লেজিসলেচার বসবার সময় প্রেসিডেন্ট এ্যাক্টকে রি-এন্যাক্ট করে নিতে হবে। কাজেই ন্যারো উদ্দেশ্য নিয়ে এই এ্যামেণ্ডমেণ্ট আপনাদের কাছে রাখা হচ্ছে, এই কথা আগেও যেমন বলেছি এখনও বলতে চাই। আমরা বর্দ্ধমান এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে কাজ আরম্ভ করে দিয়েছি। এই কাজ শেষ হলেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনেক পরিবর্ত্তন এনে একে গণতন্ত্রীকরণের কথা আমরা ভাবছি এবং তখন শিক্ষার কাজে আমরা হাত দিতে পারব বলে মনে করছি।

## Adjournment

The House was then adjourned at 5-26 p. m. till 1 p.m. on Tuesday, the 27 January, 1970, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assemly House, Calcutta on Tuesday, the 27th January, 1970, at 1 p. m.

### PRESENT

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 22 Ministers and 197 Members.

## STARRED QUESTIONS

( to which oral answers were given )

### অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রবর্তনের পরিকল্পনা

*14. (Admitted question No. *28). **শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিক্ষামন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭০ সালের মধ্যে অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষাপ্রবর্তনের পরিকল্পনা কতদূর অগ্রসর হইয়াছে ;

(খ) ১৯৭০ সালের মধ্যে প্রত্যেকটি গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) ১৯৭০ সালের মধ্যে এই রাজ্যে কতগুলি জুনিয়ার হাই স্কুলকে মঞ্জুরী দেওয়া হইবে ?

[ 1—1-10 p.m. ]

**শ্রীসত্যপ্রিয় রায় :** (ক) পরিকল্পনাটি একটি ক্যাবিনেট সাবকমিটির বিবেচনাধীন আছে।

(খ) বরাদ্দ অর্থের পরিমাণ প্রয়োজনমত বৃদ্ধি পাইলে, প্রাথমিক বিদ্যালয়ের সুযোগবিহীন গ্রাম থাকিবে না। আর্থিক অপ্রতুলতার জন্য ১৯৭০ সালের মধ্যে প্রতিটি গ্রামে বিদ্যালয় স্থাপন করা যাইবে না। কেন্দ্রীয় সরকারের শিক্ষা সমীক্ষা অনুযায়ী ২৭৬৪টি বিদ্যালয় বিহীন গ্রাম আছে। তন্মধ্যে ১৪৫০টি স্কুল ১৯৭০ সালের মধ্যে স্থাপিত হইবে।

(গ) কোন সংখ্যা নির্দিষ্ট করা হয় নাই। যে সমস্ত স্কুল সর্তাদি পুরণ করেন, সেই সমস্ত স্কুলকে স্বীকৃতিদানের জন্য বোর্ডের কাছে সুপারিশ করা হয়। ১লা জানুয়ারী ১৯৭০ সাল হইতে এ পর্যন্ত মোট ৬০টি দুই-শ্রেণী যুক্ত বিদ্যালয় স্বীকৃতির জন্য আবেদন করিয়াছেন এবং ঐ সময়ে ৫৭ দুই-শ্রেণী যুক্ত বিদ্যালয় চার-শ্রেণী যুক্ত বিদ্যালয় রূপে স্বীকৃতির জন্য আবেদন করিয়াছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কেবিনেট সাবকমিটিতে যে পরিকল্পনাটি রাখা হয়েছে, তার মধ্যে কি কি বিষয় আছে—যেগুলি কেবিনেট সাবকমিটি বিবেচনা করছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করা ১৯৭০ সাল থেকে এর সম্পূর্ণ বিষয়টি কেবিনেট সাবকমিটির বিবেচনাধীন আছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রীমহাশয় বলেছেন আর্থিক অপ্রতুলতার জন্য ১৯৭০ সালের মধ্যে সমস্ত স্কুলে এই পরিকল্পনা চালু করা যাবে না এবং তার কারণ দেখিয়েছেন বরাদ্দ অর্থের পরিমান প্রয়োজন মত নাই। তাহলে যাতে প্রয়োজনমত অর্থ বরাদ্দ হতে পারে—বিশেষভাবে সেই প্রশ্নটি কি কেবিনেট সাবকমিটি বিবেচনা করছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সামগ্রিকভাবে প্রশ্নটি বিবেচনা করলে এ প্রশ্নও সেই বিবেচনার মধ্যে আসে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রীমহাশয় কি জানাবেন যে আমরা কিছু কিছু খবর যা ইতিমধ্যে পেয়েছি—বহু টাকা সরকার ইচ্ছে করলে জোগাড় করতে পারেন এবং এই ব্যবস্থাও চালু করা সম্ভব হতে পারে—যেমন একটি দৃষ্টান্ত হচ্ছে ২১ কোটি টাকার মত গত মার্চ মাস পর্যন্ত বিক্রয় কর আমাদের এই রাজ্যে বকেয়া পড়ে আছে। এই রকম ভাবে যে সমস্ত সূত্র থেকে এই টাকা আসতে পারে—সেই সমস্ত সূত্র সম্বন্ধে নির্দিষ্টভাবে আপনারা কোন রকম আলোচনা করছেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আলোচনা এখনো হয় নাই। সমস্ত সমস্যা সম্বন্ধে নিশ্চয়ই আলোচনা করা হবে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে এই যে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক করার সঙ্গে সঙ্গে শিক্ষাকে বাধ্যতামূলক করার কোন ব্যবস্থা করছেন কিনা ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** শিক্ষা সম্পর্কে তিনটা অর্থ ব্যবহার করা হয়—ফ্রি, ইউনিভার্সাল এবং কম্পালসরী। এর প্রত্যেকটার আলাদা অর্থ আছে। ফ্রি হচ্ছে যারা পড়ছে তারা বিনা বেতনে পড়বে। ইউনিভার্সালের অর্থ হচ্ছে প্রতিটি ছেলে মেয়ের জন্য বিদ্যালয় স্থাপন করে তাদের আসনের ব্যবস্থা করা। আর কম্পালসরীর অর্থ হচ্ছে বাধ্যতামূলক করা। এখনও আমরা ইউনিভার্সাল করতে পারি নি—সমস্ত ছেলেমেয়েদের যাতে স্কুলে পাঠানো যায় সেই রকম আসনের ব্যবস্থা করা যায় নি। পরবর্তীকালে তা করে আমরা তারপর বাধ্যতামূলক করবার কথা ভাববো। কারণ বাধ্যতামূলক করার আগে আরো অনেক প্রশ্ন জড়ানো আছে। অভিভাবকদের নানা অসুবিধার কথা আমাদের ভাবতে হবে। সেইসব অসুবিধা দূর করে এই বাধ্যতামূলক করা যেতে পারে। তা না হলে বাধ্যতামূলক করার অর্থ হচ্ছে অভিভাবকদের শাস্তির ব্যবস্থা করা। তাদের সমস্ত অসুবিধা দূর না করা পর্যন্ত বাধ্যতামূলক করার কথা এখন ভাবা যাচ্ছে না।

**শ্রীফজলুর রহমানঃ** একথা কি সত্য যে এর পূর্বে ১৯৭০ সালে অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা দেওয়া হবে এইরকম বিবৃতি দিয়েছিলেন মন্ত্রীমহাশয় এবং যদি দিয়ে থাকেন তাহলে ক্যাবিনেটের অনুমতি নিয়ে দিয়েছিলেন না বিনা অনুমতিতেই দিয়েছিলেন এটা জানাবেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা ইউ. এফ-র সর্ব্বসম্মত সিদ্ধান্ত এবং সেই অনুযায়ী এটা ঘোষণা করা হয়েছিল এবং ক্যাবিনেট থেকে পরে এটা ঘোষণা করা হয়েছে। ক্যাবিনেট এ সম্পর্কে বিবেচনা করবার জন্য একটা সাব কমিটির হাতে দায়িত্ব দিয়েছেন।

**শ্রীবিভূতি পাহাড়ী :** মন্ত্রীমহাশয় জানালেন যে ১৪৫০টি প্রাথমিক বিদ্যালয় গ্রামাঞ্চলে মঞ্জুর করা হয়েছে। মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি জানুয়ারী মাস তো প্রায় শেষ হতে চললো, এর মধ্যে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে কটি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয়েছে। কারণ মেদিনীপুর জেলায় আমি জানি জানুয়ারী মাসের মধ্যে একটাও প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর করা হয় নি। আর দ্বিতীয় নং কে এটা স্থির করবেন—প্রাথমিক বিদ্যালয় যে মঞ্জুর করবেন কি যুক্তির উপর ভিত্তি করে এই মঞ্জুরী দেয়া হবে এটা দয়া করে জানাবেন কি—কোন্ সংস্থা এই সিদ্ধান্ত নেবেন ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** প্রথমতঃ যে সমস্ত গ্রামে বিদ্যালয় নেই সেই সমস্ত গ্রামে এই ১৪৫০টি প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হবে এবং এর দায়িত্ব আইন অনুযায়ী স্কুল বোর্ডের ছিল কিন্তু স্কুলবোর্ড সুপারসীডেড হয়ে যাওয়ায় ডি. আই-র উপর সেই দায়িত্ব বর্তেছে। ডি. আই. তাঁর য়্যাডভাইসরী কমিটির সঙ্গে পরামর্শ করে বিদ্যালয় বিহীন গ্রামগুলির তালিকা কেন্দ্রে পাঠাবেন এবং পরে কেন্দ্রের অনুমোদন অনুযায়ী সেই বিদ্যালয়গুলি স্থাপিত হবে। আমরা ইতিমধ্যে ডি. এই-র কাছে চিঠি দিয়েছি—তিনি য়্যাডভাইসরী কমিটির সঙ্গে পরামর্শ করে এখনও পর্যন্ত কোন উত্তর পাঠাননি।

**শ্রীমতি ইলা মিত্র :** নূতন যে প্রাইমারী শিক্ষা আইন রচিত হচ্ছে তার দ্বারা সহরাঞ্চলে প্রাইমারী পর্যন্ত ফ্রি হয়ে যাবে কিন্তু সহরাঞ্চলে নূতন প্রাথমিক বিদ্যালয় খোলার কোন পরিকল্পনা আছে কিনা ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** এটা মন্ত্রীমণ্ডলীর বিবেচনাধীন রয়েছে।

**শ্রীসনত কুমার রাহা :** আমার প্রশ্ন হচ্ছে ১৯৬৯-৭০ সালের মার্চ পর্যন্ত তো বছর ধরা হয়। তাহলে বাজেটে টাকা তো খরচ হবে। সেই দৃষ্টিভঙ্গিতে আমি জিজ্ঞাসা করতে চাই যে ১৯৬৯ সালের এপ্রিল থেকে ১৯৭০ সালের মার্চ পর্যন্ত যে টাকা বরাদ্দ হবে সেই টাকা থেকে আমরা গত বছর-এর স্কুলের মঞ্জুরী দেব। বছরটা কি ধরবো—জানুয়ারী টু ডিসেম্বর না ফাইনান্সিয়াল ইয়ার ধরবো। তা যদি করি তাহলে ১৯৭০ সালের মার্চ পর্যন্ত কত স্কুল মঞ্জুর করা হয়েছে ?

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীসত্যপ্রিয় রায় :** ১৪৫০টি নূতন বিদ্যালয় সম্বন্ধে ডি. আইকে বলেছি, তাঁদের কাছ থেকে এখন তালিকা আসেনি এবং বলা হয়নি যে ১লা জানুয়ারী ১৯৭০ সাল থেকে করা হবে এবং এই আর্থিক বছর জানুয়ারী, ফেব্রুয়ারী ও মার্চে পড়বে, আর তারপর এপ্রিল থেকে নূতন আর্থিক বছরে সেটা চলে যাবে

## কলিকাতায় আন্তর্জাতিক মানসম্পন্ন হোটেল তৈরীর পরিকল্পনা

***15.** (Admitted question No. *99.) **শ্রীমনোরঞ্জন বক্সী :** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পর্যটকদের আরও আকৃষ্ট করার জন্য কলিকাতায় আন্তর্জাতিক মান-সম্পন্ন হোটেল তৈরীর পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ প্রকারের কতগুলি হোটেল নির্মিত হইবে এবং ইহার জন্য মোট ব্যয়ের পরিমাণ আনুমানিক কত হইবে ?

**শ্রীঅজয় কুমারমুখোপাধ্যায় :** (ক) রাজ্য সরকারের কোন পরিকল্পনা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

## বেতন কমিশনের রিপোর্ট

***16.** (Admitted question No. *143.) **শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বেতন কমিশনের যে রিপোর্ট প্রকাশিত হইয়াছে তাহা আংশিক ; এবং

(খ) সত্য হইলে, ঐ রিপোর্টের ভিত্তিতে কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বিত হইয়াছে কি ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় :** (ক) হাঁ।

(খ) আংশিক রিপোর্ট কেবল সরকারী কর্মচারীদের বেতন ইত্যাদি সম্পর্কিত। এই আংশিক রিপোর্টও বিভিন্ন সদস্যের বিভিন্ন সুপারিশ রহিয়াছে। এই সমস্ত সুপারিশগুলি কার্যকরী করিতে কত টাকা লাগিবে রিপোর্টে তাহার কোন উল্লেখ নাই। আংশিক সুপারিশগুলি বর্তমানে সরকারের পরীক্ষাধীন আছে। রিপোর্টের বাকি অংশ দিবার জন্য কমিশনকে ৩১শে জানুয়ারী পর্যন্ত সময় দেওয়া হইয়াছে।

**Mr. Speaker :**—The Hon'ble Minister is absent, I am told. Is there anybody to reply on his behalf ?

## মন্ত্রী ও এম. এল. এ-দের মধ্যে ক্রিকেট খেলার টিকিট বণ্টন

***17.** (Admitted question No. *165.) **শ্রীঅনিলকুমার মুখার্জি :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইডেনের গত ক্রিকেট খেলায় মোট কতগুলি ক্রিকেট খেলার টিকেট পশ্চিমবঙ্গ সরকার পাইয়াছিলেন ও তাহার বিলি করিবার বন্দোবস্ত কিভাবে হইয়াছিল ; এবং

(খ) প্রত্যেক মন্ত্রী ও এম. এল. এ-দের জন্য কয়টি করিয়া টিকিটের ব্যবস্থা ছিল ?

**শ্রীযতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এইমাত্র খবর পেলাম যে মন্ত্রী মহাশয় এখন আসতে পারছেন না, কখন আসবেন তাও জানি না। আগে থাকতে খবর পেলে সেটা আমি হাউসে জানিয়ে দিতাম। Just now I received this information.

**Mr. Speaker :** Let us wait for some time. I do not know whether he will come or not.

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** স্যার, আমি যে কোশ্চেনটা দিয়েছি সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন, অথচ মন্ত্রীমহাশয় এখানে থাকছেন না।

**শ্রীবিজয় সিং নাহার :** স্পীকার মহাশয়, প্রশ্নের দায়িত্ব মন্ত্রীমহাশয়ের, অথচ তিনি আপনাকেও কিছু জানান নি এবং চীফ হুইপও কিছু জানেন না এবং তিনি কোন টাইমও নেন নি কাজেই এই অবস্থায় সমস্ত হাউসকে ফেলে রেখে যাবার দায়িত্ব তাঁর আছে কিনা সেটা আপনি একটু বিবেচনা করে দেখবেন।

**মিঃ স্পীকার :** এটা এখন হবে না, একটু ওয়েট করে দেখা যাক যদি এসে পড়েন তাহলে হবে।

**শ্রীবিজয় সিং নাহার:** তাহলে স্যার, মন্ত্রীমহাশয়ের কথা অনুসারেই আমাদের চলতে হবে?

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র খবর পেলাম তিনি নিশ্চয়ই কোন ব্যাপারে আটকে গেছেন, সেই জন্য খবর পাঠাতে পারেন নি, আপনি এটাকে হেল্ড ওভার করুন। আর যদি কোশ্চেন আওয়ারের মধ্যে এসে পড়েন তাহলে নিশ্চয়ই জবাব দেবেন। এই রকম অবস্থা বিজয়বাবুদের সময়ও ঘটেছিল। সুতরাং এটা নিয়ে হৈ চৈ করার কিছু নেই।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** স্যার, এই ব্যাপারে মন্ত্রীমহাশয় আপনাকে বলার জন্য আমাকে বলে গেছেন, হয়ত কোন ব্যাপারে আটকে গেছেন তাই আসতে পারেন নি। আমারও আসতে দেরি হয়ে গেছে তাই ঠিক সময় মত এসে আপনাকে বলতে পারি নি। আমি এই মাত্র এসে ঢুকলাম, সেই জন্য এই বিষয়টি আপনাকে জানিয়ে দিলাম।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মি: স্পীকার, স্যার, আমার কোশ্চেনটার কি হল?

**মি: স্পীকার:** উনি আসতে পারেন নি, কোশ্চেনটা হেল্ড ওভার রইল, আর যদি এসে এসে পড়েন তাহলে হবে।

## সরকারী কর্মচারীদের শূন্য পদ পূরণ

*18. (Admitted question No. *189.) **শ্রীসনত কুমার রাহা:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রতি বছর গড়ে সরকারী কর্মচারীর মধ্যে কত পদ অবসর গ্রহণ বা মৃত্যুর জন্য শূন্য (খালি) হয়;

(খ) ওই শূন্য পদ পূরণের নিয়ম কি?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** (ক) এ বিষয়ে পরিসংখ্যান রাখার কোন ব্যবস্থা নাই। তবে সাধারণভাবে বলা যাইতে পারে যে বর্তমানে অবসর ও মৃত্যু জনিত পদ শূন্য হয়ে পড়ে যথাক্রমে শতকরা ১ জন এবং ০'২ জন।

(খ) সরকরী ব্যয় সংকোচ নীতির জন্য এই শূন্য পদ বর্তমানে পূরণ করা হইতেছে না।

**শ্রীসনত কুমার রাহা:** যে পদটি খালি হয় সেই পদটি পূরণ করা না হলে সেখানকার কাজটি কারা করে?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** অনেক অফিসার আছেন তাঁদের মধ্যে ভাগ করে দেওয়া হয়।

**শ্রীসনত কুমার রাহা:** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, সারপ্লাস হাওস যা আছে তার থেকে কি পুরন করার ব্যবস্থা নেই?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** সারপ্লাস থেকে নেবার যে নিয়ম আছে সেই নিয়মে যা হয় তাই হয় কিন্তু আমরা এখন সেই পদগুলি পূরণ করছি না।

**শ্রীসনত কুমার রাহা:** গেজেটেড অফিসাররা অবসর গ্রহণ করেন বা তাঁদের মরতে হয়, তাদের পদ পুরন করার কায়দা আছে। তা ছাড়া ক্লাস ফোর, থ্রির পদও পুরন করার কায়দা

আছে। আমার জিজ্ঞাস্য, বিভিন্ন ক্যাটাগরীতে বিভিন্ন রকমের পদ্ধতি আছে কিনা স্থান পুরন করার ?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়ঃ** গেজেটেড পদ পুরন করতে গেলে পি. এস. সি'র কাছে যেতে হবে।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস:** শূন্যপদগুলির যে সমস্ত কাজ বাকি থাকে তা অন্য কর্মচারীদের উপর চাপানো হয়। আমার জিজ্ঞাস্য, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে তাদের উপর বেশী চাপ সৃষ্টি করা হয় এরজন্য তাদের বিশেষ কিছু রেমুনারেসান দেবার ব্যবস্থা আছে কি ?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়ঃ** ওয়ার্ক লোড যা আছে তার উপরে চাপালে তাদের ঘাড় ভেংগে পড়বে না।

**শ্রীঅনিল কুমার মুখার্জীঃ** মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় জানাবেন কি, যাঁরা অবসর গ্রহন করছেন তাঁদের এক্সটেনসান দেওয়া হচ্ছে কিনা ?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়ঃ** কোন কেসের ব্যাপারে যদি সেই বিভাগ থেকে আসে যে এঁকে সরকারী প্রয়োজনে অনিবার্য্য কারনে রাখতে হবে তাহলে ক্যাবিনেট সিদ্ধান্ত করে তাঁকে এক্সটেনসান দিতে পারেন।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় কি জানাবেন, এর ফলে কি এক বিভাগে এক্সটেনসান দেওয়া হচ্ছে আর এক বিভাগে হচ্ছে না ?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** এটা কোন বিভাগের কথা নয়। যদি বিভাগীয় মন্ত্রী তাঁর বিভাগের কোন কেস আনেন তখন সবাই মিলে সেটাকে বিচার করা হয়। কোন বিভাগে হবে আর কোন বিভাগে হবে না এরকম কোন বাঁধা ধরা নিয়ম নেই।

## পে-কমিশন

*19. (Admitted question No. *430.) **শ্রীকাশীকান্ত মৈত্রঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালে পে-কমিশন গঠিত হবার পর থেকে উক্ত কমিশনের রিপোর্ট দাখিল করার সময় পর্যন্ত উক্ত কমিশনের জন্য মোট কত টাকা ব্যয় হয়েছে ;

(খ) উক্ত কমিশনের সদস্যদের জন্য ব্যক্তিগতভাবে কত টাকা ব্যয় হয়েছে ;

(গ) সরকার কি ঐ কমিশনের রিপোর্টের সহিত একমত হইয়াছেন ; এবং

(ঘ) না হইলে, কোন্ বিষয়ে বা কোন্ ক্ষেত্রে ভিন্ন মত পোষণ করেন এবং কি কারণে ?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়: (ক)** ৩১-১২-৬৯ তারিখে কমিশনের আংশিক রিপোর্ট পাওয়া গিয়াছে। এ সময় পর্যন্ত মোট ৫,৪৩,৩৮২·৮৯ টাকা খরচ হইয়াছে। ইহা ছাড়া বাড়ী ভাড়া, ইলেক্ট্রীক Stationery বাবদ আরো ও কিছু খরচ হইয়াছে।

(খ) উক্ত টাকার মধ্যে সদস্যদের ভাতা ইত্যাদির জন্য খরচ হইয়াছে মোট ৫৬,২৪১ টাকা। নিম্নে বিবরণ দেওয়া হইল।

১। শ্রী কে, কে, হাজরা .... .... .... ২৮,০০০ টাকা
২। ডঃ এস, এন, সেন .... .... .... ২,৫৫০ টাকা
৩। শ্রী কে, জি, বসু .... ... .... ৩,৯৯০ টাকা
৪। শ্রী পি, কে, বসু .... .... .... ৬,৬৫০ টাকা
৫। ডঃ এম, এম, চক্রবর্ত্তী ... .... .... ৬,১৫০ টাকা
৬। শ্রী ডি, এল, সেনগুপ্ত .... .... ... ২,১৫১ টাকা
৭। শ্রী কপিল ভট্টাচার্য্য .... ... ... ৬,৬৫০ টাকা

(গ) এবং (ঘ) বিভিন্ন সদস্য বিভিন্ন সুপারিশ দিয়াছেন। সুপারিশগুলি কার্য্যকরী করিতে কত খরচ পড়িবে তাহা রিপোর্টএ উল্লেখ নাই—কমিশনের আংশিক রিপোর্টে কেবল সরকারী কর্মচারী সংক্রান্ত। ইহা বর্ত্তমানে সরকারের পরীক্ষাধীন।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস:** মাননীয় মুখ্যমন্ত্রী কি জানাবেন, কমিশনের রায় কার্যকরী করতে কতদিন সময় লাগবে?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** রিপোর্টটি কমপ্লিট করে দেবার জন্য তাঁদের ৩১শে জানুয়ারী পর্য্যন্ত সময় দেওয়া হয়েছে। তাছাড়া আর্থিক দিকটা তাঁরা দেখান নি। এসব হলে তখন সেটা নিয়ে ক্যাবিনেট আলোচনা করবেন। ক্যাবিনেট যে ডিসিসান নেবেন সেটাই কার্য-করী করা হবে। কাজেই এখন সময় বলা যাবে না।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** আমরা খবরের কাগজে দেখলাম যে পে কমিশনের রিপোর্টের ভেতরে মিঃ হাজরা এক জায়গায় বলেছেন যে বহু তথ্য নাকি তিনি সরকারের কাছ থেকে পাননি। মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় জানাবেন কি, এটা কি সত্য?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** পে কমিশনের রিপোর্ট এখনও ছাপা হয়নি, কাজেই সে সম্পর্কে এখন কিছু বলা যায় না।

**শ্রীসনত কুমার রাহা:** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, সরকারের কাছ থেকে যে সব সাহায্য পে কমিশন চেয়েছিলেন তা দিতে সরকার কি প্রতিশ্রুত ছিলেন এবং দিয়েছিলেন কি?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** হ্যাঁ।

## কলিকাতায় ষ্টেডিয়াম নির্মানের প্রকল্প

***20.** (Admitted question No. *442.) **শ্রীঅশ্বিনী রায়:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় ষ্টেডিয়াম নির্মাণের প্রকল্পটি চূড়ান্তভাবে গৃহীত হইয়াছে কি; এবং

(খ) গৃহীত হইয়া থাকিলে, (১) প্রকল্পটিতে মোট কত ব্যয় হইবে এবং (২) কখন উহার কাজ চালু হইবে?

**Mr. Speaker:** Question No. *20 is held over because the Minister is not here.

## পে-কমিশনের সুপারিশ

*21. (Admitted question No. *450.) **শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** অর্থ-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পে-কমিশনের সুপারিশ কার্যকরী কবে হইতে করা হইবে?

[1-20—1 p.m.]

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** বেতন কমিশনের প্রদেয় রিপোর্ট পাওয়া গিয়েছে। যে-অংশ পাওয়া গিয়েছে তাতেও বিভিন্ন বিভিন্ন সদস্যের বিভিন্ন সুপারিশ রয়েছে। এ সমস্ত সুপারিশ-গুলি কার্য্যকরী করতে কত টাকা লাগবে রিপোর্টে তার কোন উল্লেখ নাই। আংশিক সুপারিশ-গুলি বর্তমানে সরকারের পরিক্ষাধীন। সুপারিশের বাকী অংশ দেবার জন্য কমিশনকে ৩১শে জানুয়ারী পর্য্যন্ত সময় দেওয়া হয়েছে। বাকীটুকু আমি বলে দিলাম, যে রিপোর্ট পেলে পরে গভর্ণমেন্ট সমস্ত হিসাব করে দেখার পরে ক্যাবিনেটে যাবে এবং ক্যাবিনেট পাশ করার পর কার্য্যকরী করা হবে, তবে কতদিনে হবে বলা যায়না।

## প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য আবেদন পত্র

*22. (Admitted question No. 494.) **শ্রীকালীপদ মণ্ডল:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর ১৯৬৯ পর্যন্ত সরকারের নিকট প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য কতগুলি আবেদনপত্র জমা পড়িয়াছে; এবং

(খ) কোন্ জেলা হইতে কতগুলি আবেদনপত্র পাইয়াছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক) ও (খ) বিভিন্ন জেলা হইতে গ্রামাঞ্চলের জন্য ২,১৩২টি ও শহরাঞ্চলের জন্য ৪৬৭টি প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাবটি সরকারের নিকট আসিয়াছিল। ঐগুলির জেলাভিত্তিক সংখ্যা নিম্নে দেওয়া হইল:—

| জেলা | গ্রামাঞ্চল | শহরাঞ্চল |
|---|---|---|
| ১। বাঁকুড়া | ১৫৮ | ১০ |
| ২। বীরভূম | ৫৫ | ১০ |
| ৩। বর্ধমান | ১১৪ | ২০ |
| ৪। কোচবিহার | ৬১ | ২ |
| ৫। দার্জিলিং | ৪৭ | ১৫ |
| ৬। হুগলী | ১৯১ | ৬০ |
| ৭। হাওড়া | ৭৬ | ২০ |
| ৮। জলপাইগুড়ি | ৭৭ | ৫ |
| ৯। মালদহ | ১৩১ | ৫ |
| ১০। মেদিনীপুর | ২৭৯ | ২৫ |
| ১১। মুর্শিদাবাদ | ৯৬ | ২০ |
| ১২। নদীয়া | ১৭১ | ১৫ |
| ১৩। পুরুলিয়া | ১১৭ | ১০ |
| ১৪। ২৪-পরগণা | ৩৫৬ | ১৪০ |
| ১৫। পশ্চিম দিনাজপুর | ৯৪ | ১০ |
| ১৬। কলিকাতা | × | ১০০ |

**শ্রীসরল দেব :** আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, যে লিষ্ট আমাদের সামনে হাজির করেছেন তার মধ্যে বিশেষ করে গ্রামীন স্কুলগুলির যে লিষ্ট তাঁর কাছে এসেছে সেগুলি কি ঐ আনস্কুল্ড ভিলেজএ যে স্কুল করবার সিদ্ধান্ত করেছেন তার পরিপ্রেক্ষিতে না বিভিন্ন গ্রামে বা একই গ্রামে যে ২টি বা তিনটি লিষ্ট সেইভাবে এসেছে এটা কি আমাদের জানাবেন ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** দরখাস্তগুলি অবশ্য সেইভাবে আসেনি। কিন্তু আমরা প্রথমে বিদ্যালয় বিহীন গ্রামে প্রথমে বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা ক্যাবিনেট গ্রহণ করেছে। কাজেই এর মধ্যে থেকে যে সমস্ত গ্রামে বিদ্যালয় নেই সেখানে ঐ ১৪৫০টি স্কুল স্থাপন করা হবে।

**শ্রীকালীপদ মণ্ডল :** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি বলেছেন যে হাওড়া জেলায় গ্রামাঞ্চলে ১৬টি এবং শহরাঞ্চলে ২০টি। আমরা কাগজে যা দেখেছি একমাত্র হাওড়া জেলায় ৬টি গ্রামে স্কুল হবে। আপনার ক্যাবিনেট সিদ্ধান্ত তাহলে এই যে ১৬টার আবেদন পত্র পেয়েছেন আর ঐ ৬টা কি ভাবে এ্যাডজাষ্টমেণ্ট করবেন জানাবেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** ঐ একই নীতিতে ৬টি করা হয়েছে। ভারত সরকার যে শিক্ষা সমীক্ষা করেছিলেন সেই অনুযায়ী পশ্চিমবাংলায় কোন কোন জেলায় বিদ্যালয় নেই তার তালিকা দেওয়া আছে। তাতে হাওড়ার তালিকায় স্থান পেয়েছে ৬টি। কাজেই ঐ ৬টির বেলায় ক্যাবিনেট সিদ্ধান্ত নিয়েছে এখন এর থেকে আমাদের ঐ নীতি অনুযায়ী ঠিক করে নিতে হবে যে, এ ৬টি কোন কোন গ্রামে বিদ্যালয় বিহীন আছে সেখানে সেই স্কুলগুলি করতে হবে।

**শ্রীকালীপদ মণ্ডল :** ১৬টির মধ্যে ৬টি নেবেন বাকীগুলির যারা দীর্ঘদিন ধরে নিজেদের পয়সায় স্কুল বিলডিং করে, ভলানটিয়ারী সার্ভিস দিয়ে চালাচ্ছেন সেই স্কুলগুলির ক্ষেত্রে কি হবে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** কথা হচ্ছে যে শিক্ষা এই সমস্ত লোকের মধ্যে ছড়িয়ে দেবার জন্য যে আর্থিক বরাদ্দ দরকার পশ্চিমবঙ্গ সরকারের সেই সংগতি নেই। কাজেই আমাদের যে সমস্ত জায়গায় মোটেই কোন বিদ্যালয় নেই সেখানে প্রথমে সুযোগ সৃষ্টি করার জন্য ক্যাবিনেট থেকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে বিদ্যালয় বিহীন গ্রামে প্রথমে বিদ্যালয় স্থাপন করা হবে।

**শ্রীকালীপদ মণ্ডল :** মাননীয় মন্ত্রীমহাশয়, আমার প্রশ্নের ঠিক উত্তর পেলাম না। আমার প্রশ্ন হচ্ছে যে, যারা দীর্ঘদিন ধরে নিজেদের পয়সায় স্কুলঘর তৈরী করে ভলেনটিয়ারী সার্ভিস দিয়ে ২ বছর, ৩ বছর ধরে চালাচ্ছে সেই স্কুলগুলির ক্ষেত্রে আপনাদের সিদ্ধান্ত কি হবে এটা জানাবেন ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** আমরা এখন বিদ্যালয় বিহীন গ্রামের কথাই ভাবছি, পরে এসবের কথা ভাবতে হবে, আমাদের আর্থিক বরাদ্দ যদি বাড়ে দ্রুত শিক্ষা প্রসারের জন্য সে ব্যবস্থা আমাদের নিশ্চয়ই করতে হবে।

**শ্রীসাধন গুপ্ত:** কলকাতায় দেখছি ১০০টি স্কুল, ২৪-পরগণার সহরাঞ্চলে ১৪০টি, কলকাতা শহরাঞ্চলের এ্যাডমিনিষ্ট্রেটিভ এরিয়া যেটা ২৪-পরগণার মধ্যে পড়ে সেটা কি ২৪-পরগণার মধ্যে ধরা হয়েছে না কলকাতার সমস্ত আলাদা করে ধরা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** কলকাতা কর্পোরেশনের এরিয়া যা তাই ধরা হয়েছে, বাকি ইন্‌ডাষ্ট্রিয়েল বেল্ট শহরাঞ্চল ২৪-পরগণার অংশ হিসাবে ধরা হয়েছে।

**শ্রীআজিজুর রহমান:** মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় বললেন মুর্শিদাবাদ জেলার গ্রামাঞ্চলে ৯৬টি, শহরাঞ্চলে কয়টি কয়টি দয়া করে বলবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** শহরাঞ্চলে ২০টি।

**শ্রীআজিজুর রহমান:** মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে কি থানাওয়ারী হিসাবে আছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** না, আমার কাছে থানাওয়ারী হিসাব নেই।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রীমহাশয় জানালেন গ্রামাঞ্চলের ২১৩১টি প্রাথমিক বিদ্যালয়ের আবেদন পেয়েছেন। তার মধ্যে মেদিনীপুর জেলার সংখ্যা দিয়েছেন ২৭৯টি। এই যে আবেদন পত্র তিনি পেয়েছেন তা কি সরাসরি শিক্ষা বিভাগে এসেছে না ডি. আই. সাহেবেরা আবেদন করেছে? আর আমার দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে, এই সংখ্যা দেখে আমার সন্দেহ হচ্ছে যে হাজার হাজার আবেদন পত্র ডি. আই. সাহেবরা চেপে রেখে দিচ্ছে পুরানো আমলাতান্ত্রিক মনোভাব নিয়ে এবং ছাঁটাই করে সংখ্যা তাঁরা পাঠাচ্ছেন পুরানো শিক্ষাবোর্ড যে রকম করত, মন্ত্রী মহাশয় এ বিষয়ে দেখবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** দরখাস্ত কি এসেছে সেটা ম্যাটিরিয়েল নয়, যেখানে স্কুল হবে সেই তালিকা আবার ডি. আই-এর কাছে পাঠান হয়েছে তিনি এ্যাডভাইসরি কমিটির সঙ্গে পরামর্শ করে কোথায় স্কুল হবে লিখে জানাবেন। সেখানে বুরোক্রেটিক কিছু হচ্ছে কিনা তাতে কাজে কোন ক্ষতি বৃদ্ধি হবে না।

**শ্রীকুমুদ রঞ্জন মণ্ডল:** আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি এ্যাডভাইসরি কমিটি কাদের নিয়ে, কোন্ কোন্ সংস্থার সদস্যদের নিয়ে গঠিত হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** সমস্ত ইউ. এফ. কন্‌ষ্টিটিউয়েণ্ট পলিটিক্যাল পার্টির প্রতিনিধি এর মধ্যে আছে, টিচার্স রিপ্রেজেণ্টেটিভস্ আছেন, প্রাইমারী সেকেণ্ডারী এবং কলেজ টীচার্স এর প্রতিনিধিদের নিয়েই প্রধানতঃ এই এ্যাডভাইসরি কমিটি গঠিত হয়েছে, এ ছাড়া সরকারী কর্মচারীও দুই একজন তার মধ্যে আছে।

**শ্রীকালিমুদ্দিন সামস:** আমাদের যুক্তফ্রন্ট সরকার ১৯৭০ সাল থেকে প্রাইমারী এডুকেশন ফ্রী করতে যাচ্ছেন এবং এই সম্পর্কে মন্ত্রীমহাশয় বললেন যে কলকাতায় ১০০ স্কুল করতে যাচ্ছেন। কিন্তু এখন যে ওয়ান টু ক্লাশের স্কুলগুলি আছে যারা পয়সা নিয়ে শিক্ষা দিচ্ছে সেগুলি কি আজ পর্যন্ত ডি. আই-এর রিকগ্‌নিশন পেয়েছে বা পাবার জন্য ট্রাই করেছে? গভর্ণমেণ্ট কি এইসব স্কুলগুলিকে ছেড়ে দেবে, নাকি ফ্রী এডুকেশনের স্কীমের আওতায় আনবেন। আমার প্রশ্ন হচ্ছে ফ্রী এডুকেশন স্কীমে এই স্কুলগুলিকে ইন্‌ক্লুড করা হচ্ছে কিনা?

[ 1-30—1-40 p.m. ]

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** অবৈতনিক শিক্ষা সম্পূর্ণভাবে এখন পর্যন্ত সরকারের বিবেচনাধীনে রয়েছে। অবৈতনিক শিক্ষার প্রসার করতে হলে নিশ্চয়ই সেইসব স্কুল যেখানে বেতন নিচ্ছে তাদের অবৈতনিক পরিকল্পনার মধ্যে নিয়ে আসা হবে।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মন্ত্রীমহাশয় বললেন এ্যাডভাইসরি কমিটি করেছেন। আমি জিজ্ঞাসা করছি সমস্ত জেলায় এ্যাডভাইসরি কমিটি তৈরী হয়েছে কিনা এবং হলে কতদিন ধরে তাঁরা ফাংসন করছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** তৈরী হয়েছে এবং তাঁরা ঠিকভাবে ফাংসন করছেন।

**শ্রীনিরঞ্জন ভদ্রঃ** আপনি বলছেন বাঁকুড়া জেলার গ্রামাঞ্চল থেকে ১৫৮টি আবেদন পত্র এসেছে। আমি জানতে চাচ্ছি ওই ১৫৮টি আবেদন পত্র অনুমোদন হবে, না স্ক্যানিং হবে এবং স্ক্যানিং হলে কি নীতির ভিত্তিতে হবে ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আমরা একই নীতির উপর ভিত্তি করে গ্রামাঞ্চলে অনুমোদন দেব এবং সেট হচ্ছে যেখানে স্কুল নেই সেখানে স্কুল স্থাপনের অনুমোদন দেওয়া হবে।

**শ্রীঅজিত কুমার বিশ্বাসঃ** হুগলী জেলা থেকে কতগুলি দরখাস্ত আপনার হাতে এসেছে এবং কতগুলিকে অনুমোদন দেবার ব্যবস্থা করছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** গ্রামাঞ্চল থেকে ২৯১টি এসেছে এবং শহরাঞ্চল থেকে ११টি এসেছে।

**শ্রীঅনিল কুমার মুখার্জীঃ** আনস্কুল্ড ভিলেজ সম্বন্ধে ডি. আই কে জিজ্ঞাসা করলে তিনি বলেছেন অল ইণ্ডিয়া সেকেণ্ড এডুকেশন সার্ভের যে রিপোর্ট আছে সেগুলিকে আনস্কুল্ড ভিলেজ বলে ধরা হবে। আমি আপনাকে জানাচ্ছি সেই সার্ভে রিপোর্ট যেটা রয়েছে সেটা ত্রুটিপূর্ণ। অনেক গ্রাম রয়েছে যেগুলোকে আনস্কুল্ড বলে দেখান হয়নি সে সম্বন্ধে আপনি কি ভাবছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সব ছেলেদের জন্যই স্কুল প্রয়োজন। যেখানে একটি রয়েছে সেখানে ২টি / ৩টির দরকার হতে পারে এবং সেটা নির্ভর করছে আমরা কতটা শিক্ষার প্রসার করতে পারছি তার উপরে। তবে এখন এই নীতি নেওয়া হয়েছে এমন গ্রাম যেন না থাকে যেখানে বিদ্যালয় নেই। আমরা এবছর ১৪৫০টি বিদ্যালয় স্থাপন করতে চাচ্ছি।

**শ্রীসুরেশ চন্দ্র সিন্‌হাঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে এ্যাডভাইসরি কমিটি রয়েছে তাঁরাই কি স্কুলের রিকগনিশন দেবেন, না সাব কমিটি করছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** কোন সাব কমিটি নেই। তাঁরা সুপারিশ পাঠাবেন এবং সেই হিসেবে আমরা রিকগনিশন দেব।

**শ্রীবিভূতি ভূষণ ঘোষঃ** আমাদের হাওড়া জেলা অত্যন্ত নেগলেকটেড জেলা। আপনি দয়া করে বলবেন কি সেখান থেকে কতগুলি এ্যাপলিকেসন পেয়েছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** গ্রামাঞ্চল থেকে ৭৬টি এবং শহরাঞ্চল থেকে ২০টি পেয়েছি।

**শ্রীঅনিলকুমার ধর গুহ নিয়োগীঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি একই গ্রামে এ্যাফিলিয়েসন নিয়ে যদি দুই এর মধ্যে গোলমাল হয় তাহলে সরকার থেকে কাকে এ্যাফিলিয়েসন দেওয়া হবে এবং কি পদ্ধতিতে দেওয়া হবে ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** ডি. আই. এবং এ্যাডভাইসরি কমিটির সুপারিশ পেলে পর কোন বিদ্যালয়ের অবস্থা ভাল, কারা সর্ত পূরণ করেছে তার ভিত্তিতে অনুমোদন দেওয়া হবে।

## মন্ত্রিগণ কর্তৃক এম. এল. এ. গণের পত্রের উত্তর দিবার রীতি

*23. (Admitted question No. *39.) **শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি জনসাধারণের দাবী-দাওয়া, অভাব-অভিযোগ সম্পর্কে বিধানসভার সদস্যরা মন্ত্রীদের নিকট যে সকল পত্র, স্মারকলিপি, দরখাস্ত পাঠাইয়া থাকেন সেগুলির উত্তর দিবার কোন নির্দিষ্ট বিধি বা রীতি আছে কি?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** জনসাধারনের অভাব, অভিযোগ সম্বন্ধে যে সব চিঠি, স্মারকলিপি ইত্যাদি বিধানসভার সদস্যগণ মন্ত্রীদের নিকট পাঠাইয়া থাকেন সেগুলির উত্তর যথা-সম্ভব শীঘ্র দেওয়ার ব্যবস্থা আছে। এইসব উত্তর দানের ব্যাপারে বিধানসভার সদস্যদের পদমর্য্যাদা অনুযায়ী সৌজন্য প্রকাশের দরকার তাহার কোন অভাব না ঘটে সে সম্বন্ধে প্রত্যেক দপ্তরকে সরকারী নির্দেশ দেওয়া আছে।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন যে মন্ত্রীমহাশয়দের কাছে ডজন ডজন চিঠি লিখলেও তার কোন জবাব পাওয়া যায় না, এটা কি রকম গণতান্ত্রিক শাসন ব্যবস্থা যেখানে কোন উত্তর পাওয়া যায় না?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** জানিনা, জানবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** তাহলে কী বুঝবো যে পঞ্চায়েতী ব্যবস্থা এই রকমভাবেই চলবে। এবং আমরা এই হতভাগ্য যারা এক লাখ দেড় লাখ লোকের প্রতিনিধি, আমরা তাদের কি জবাব দেবো, সেটা কি বুঝতে আপনাদের কষ্ট হবে?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** কষ্টের কথা কি জানালে তদন্ত করবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** আমি জানাতে চাই যে তিনি যেন একটু খোঁজ খবর নেন। কেননা ডজন ডজন চিঠি লিখেও এম. এল. এরা কোন জবাব পাননা, সেটা যাতে চালু হয় সেই ব্যবস্থা তিনি দয়া করে করতে পারেন কি?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** আমাদের সাধারণভাবে সার্কুলার দেওয়া আছে। সাধারণভাবে প্রত্যেক মন্ত্রীর দপ্তর ঘুরে ঘুরে কি গেছে না গেছে সেটা দেখা আমার পক্ষে সম্ভব নয়। তবে কোন একটা বিষয়ে কোন মন্ত্রীর কাছে কি গেছে না গেছে সেটা বললে খবর নিয়ে জবাব দিতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় এর দৃষ্টি আকর্ষণ করছি জরুরী ব্যাপারে কোন একটা বিষয়ে চিঠি লেখা হলো মন্ত্রীমহাশয়কে—সেটা 'হ্যাঁ' হলো কি 'না' হলো, কি হলো, সেটা পর্য্যন্ত কিছু জানতে পারি না, এই রকমভাবে কি চলবে?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** কোন্ বিশেষ প্রশ্নটার জবাব পাননি, সেটা জানালে আমি হয়তো খোঁজ নিতে পারি। তাছাড়া এম. এল. এ. হিসাবে আপনিও মন্ত্রীর সঙ্গে দেখা করে জানতে পারেন,—তার জবাব আদায় করতে পারেন।

**ডা: জয়নাল আবেদিন:** মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় বোধ হয় জানেন যে অল ইণ্ডিয়া হুইপস্ কনফারেন্সে সংসদীয় প্রশাসন ব্যবস্থাকে সাফল্যমণ্ডিত করার জন্য প্রতিনিধিদের— এম. এল. এ.

এবং এম. পি. দের উত্তর দেবার জন্য বিশেষভাবে সুপারিশ করা হয়েছে এবং আমাদের পরিষদীয় মন্ত্রীমহাশয় সেই কনফারেন্সে যোগদান করেছিলেন, সেই অবস্থায় আপনাদের কেবিনেটে এই বিষয়ে বিচার কিংবা বিবেচনা করা হয়েছে কি না?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** সেইজন্য সম্প্রতি আর একটা সার্কুলার দেওয়া হয়েছে ২৭শে নভেম্বর ১৯৬৯ তারিখে।

.. instructions were issued from time to time emphasizing the need for observance for proper courtesies by Government servants in dealing with the members of the State Legislature and of the Parliament. Copies of the Govt. of India, Home (Affairs) Memo. No so and so dated so and so were circulated to the Home (Political) Department.

Memo No. so and so dated the 12th June, 1958 and this Department Memo No. so and so dated the 8th June, 1931 are annexed herewith.

In continuation of the above instructions it is further emphasised that where any meeting convened by the Government is to be attended by the Members of State Legislatures or of Parliament special care should taken to see that notice is given to them in good time regarding the date, time and venue etc. of the meeting, and it should be ensured that there is no slip in any matter of detail however minor it might be.

It is requested that the above instructions be brought to the notice of all officers.....সেটা সম্প্রতি ২৭শে নভেম্বর আবার একটা সারকুলার দিয়েছি।

[1-40—1-50]

**শ্রীশশাঙ্ক মণ্ডল:** বিধানসভার সদস্যদের পদ মর্যাদা অনুসারে জবাব দেবার ব্যবস্থা আছে, কিন্তু বিধান সভার সদস্যদের পদ মর্যাদার তারতম্য আছে কিছু?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** সবার পদ মর্যাদা আছে, কিন্তু সাধারণ মানুষের চেয়ে আপনাদের পদ মর্যাদা একটু বেশী।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আমি নিজে সেচ দপ্তরে আমার চিঠির জবাব পাই নি বলে ওদের সেক্রেটারির কাছে গিয়েছিলাম এবং বলে এসেছিলাম চিঠির জবাব না দিলে আমি বিধানসভায় আপনাদের কথা তুলবো। তা সত্বেও আজ পর্যন্ত কোন জবাব পাইনি।

**মিঃ স্পীকার:** আপনি লিখে পাঠিয়ে দেবেন।

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায়:** মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্ন কর্তা যে ভাবে প্রশ্ন করেছেন তাতে মনে হয় সমস্ত মন্ত্রী বোধ হয় এম, এল, এ, জনসাধারণের চিঠির উত্তর দেয় না। আমি অন্ততঃ বলতে পারি যে জনসাধারণ ও এম, এল, এরা যে চিঠি দেন প্রত্যেকটা আমি পড়ি ও জবাব দিই।

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় বললেন যে এই সব ব্যবস্থার জন্য সারকুলার দিয়েছেন। উনি এটা কি পরিষ্কার করে জানিয়ে দেবেন যে মন্ত্রীদের কাজ করাবার জন্য মুখ্য মন্ত্রীকে সারকুলার দিয়ে কাজ করাতে হয়।

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** আপনি এটা পুরো শোনেন নি। সেণ্ট্রাল গভঃ আমাদের এ্যাটেনশান ড্র করেছিলেন, আমরা সেই জন্যই সারকুলার দিয়েছি।

**শ্রীবিজয় সিং নাহার:** প্রশ্ন ছিল মন্ত্রীদের কাছ থেকে উত্তর পাওয়া যায় কি যায় না, আপনি সারকুলার পড়ে শুনিয়ে দিলেন। তার মানে কি এই নয় যে সারকুলার দিয়ে আপনি এ্যাটেনসান ড্র করেছেন?

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** আমরা অফিসারদের উপর সারকুলার জারি করেছি।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** স্যার, একটা ভুল ধারনা সৃষ্টি হতে পারে। আমি সেজন্য আপনার অনুমতি নিয়ে বলছি যে, একজন মন্ত্রী এখানে দাঁড়িয়ে বলেছেন যে তিনি সব সময় জবাব দিয়ে থাকেন। অন্যান্য মন্ত্রীরাও আমায় বলেছেন যে তাঁরাও যত দূর সম্ভব বর্তমান অবস্থার মধ্যে নিজেরা চিঠি পড়েন ও জবাব দেন। কেবলমাত্র একজন মন্ত্রী এই কাজ করে থাকেন আর কেউ করেন না এটা ঠিক নয়।

**ডা: জয়নাল আবেদিন:** মাননীয় মুখ্য মন্ত্রীমহোদয়ের নিকট এবং উপমুখ্যমন্ত্রীর নিকট গত ২৩শে ডিসেম্বর কংগ্রেস পরিষদীয় দল একজন প্রতিনিধি পাঠিয়ে কয়েক সহস্র অভিযোগ দিয়েছেন! সেই অভিযোগগুলির কি ভাগ্য হল আজ পর্য্যন্ত তার একটারও খবর পাওয়া যায় নি। এই অভিযোগগুলি আইন শৃঙ্খলা জনিত অভিযোগ।

Shri A. H. Besterwitch: Sir, I rise on a point of order. The question here is regarding Ministers' answering to letters of honourable members. But here I cannot understand the supplementary of Dr. Zainal Abedin which only relates to law and order.

**Mr. Speaker:** There cannot be any point of order on that.

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়:** কয়েকজন মাননীয় সদস্য আমার কাছে গিয়ে গোছা গোছা জেলাওয়ারী দরখাস্ত দিয়েছিলেন এবং আমি তাঁদের বলেছিলাম যে এগুলি যখন ল এণ্ড অর্ডার সংক্রান্ত তখন এগুলি সব আমি জেলা ম্যাজিস্ট্রেটদের কাছে পাঠিয়ে দেব এবং তাঁরা যখন রিপোর্ট দেবেন তখন জবাব দিতে পারবো। আমি সব জেলা ম্যাজিস্ট্রেটদের কাছে পাঠিয়ে দিয়েছি. সব রিপোর্ট আসে নি, হাজার হাজার দরখাস্তের রিপোর্ট আসতে হলে অন্তত: ১০০ দিনও অপেক্ষা করতে হবে।

**শ্রীসরল দেব:** স্যার, আমরা যারা বিধানসভার সদস্য তাঁরা প্রত্যেকে ১ লক্ষ মানুষের প্রতিনিধিত্ব করি। মন্ত্রীদের দপ্তর যতীনবাবু যে কথা বললেন সকলেই যথা সম্ভব উত্তর দিচ্ছেন এটা সর্বৈব সত্য নয়। একমাত্র সুবোধবাবুর কাছে আমরা সে সব চিঠি দিয়েছি তিনি তাঁর উত্তর দিয়েছেন অন্য কোন মন্ত্রীর কাছ থেকে উত্তর পাই নি। সেজন্য অজয়বাবুর কাছে আবেদন তিনি যেন মন্ত্রীদের চিঠিগুলির উত্তর দেবার জন্য বলেন।

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য্য:** মাননীয় সদস্যরা যদি দয়া করে বলেন আমার কাছে তাঁরা কি চিঠি দিয়েছেন এবং তার উত্তর পান নি তাহলে আমি বাধিত হব।

**শ্রীগোপাল বসু:** Sir, on a point of order, Question No. 23কে কেন্দ্র করে হাউসে যেভাবে কোশ্চেন এবং সাপ্লিমেন্টারি কোশ্চেন হয়েছে তাতে এটা মনে হয় যে এইভাবে

কোশ্চেন করা ঠিক হয় নি। এতে করে আমাদের হাউসের সময় অযথা নষ্ট হচ্ছে। এগুলি সব ইরেলিভেণ্ট কোশ্চেন এটা স্পীকার মহাশয় আপনি ভাল করে দেখলে দেখতে পাবেন। হাউসের অর্ডার, প্রিভিলেজ যদি রাখতে হয় তাহলে এই সমস্ত ইরেলিভেণ্ট কোশ্চেন যেগুলি এদিক ওদিক থেকে হয়েছে এবং মন্ত্রীদের পক্ষ থেকে যে জবাব দেওয়া হয়েছে তাতে বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে। এটা ঠিক হয় নি। এই ভাবে চললে চলবে না। It does not apeal well of the House, এই বিষয়ে আমি আপনার কাছে আবেদন করছি।

## পশ্চিমবঙ্গে নূতন প্রাথমিক বিদ্যালয় খোলার পরিকল্পনা

*24. (Admitted question No. *166.) **শ্রীঅনিল কুমার মুখার্জি :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিম বাঙলায় মোট কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় খোলা প্রয়োজন ; এবং ইহাদের মধ্যে কোন্ জেলায় কতগুলি নূতন প্রাথমিক বিদ্যালয় ১৯৭০-৭১ সালে খোলা হইবে ?

[ 1-50—2 p. m. ]

**শ্রী সত্যপ্রিয় রায় :** (ক) এই বিষয়ে সমীক্ষা করা হয় নাই। তবে গ্রামে শতকরা ৭৩ ভাগ এবং সহরাঞ্চলে শতকরা ৭১ ভাগ ৬—১১ বৎসরের ছেলেমেয়ে প্রাথমিক বিদ্যালয়ে পড়িতেছে। কাজেই গ্রামাঞ্চলে শতকরা ২৭ ভাগের জন্য এবং সহরাঞ্চলে ২০ ভাগের জন্য নূতন বিদ্যালয় স্থাপিত করিতে হইবে। আনুমানিক ৬০০০ বিদ্যালয়ের প্রয়োজন। বিভিন্ন জেলা হইতে ২৬০০ নূতন প্রাথমিক বিদ্যালয়ের প্রস্তাব বর্তমানে পাওয়া গিয়াছে।

(খ) ১৯৭০ সালের জানুয়ারী হইতে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিদ্যালয়হীন স্থানে ১৫৫৮ টি নূতন প্রাথমিক বিদ্যালয় সরকার মঞ্জুর করিয়াছেন। এই ১৫৫৮টি বিদ্যালয়ের জেলা ভিত্তিক সংখ্যা নিম্নে দেওয়া হইল :—

| | | | |
|---|---|---|---|
| ১। | বাঁকুড়া—— -১১৫ | ৯। | মালদহ————-১০৫ |
| ২। | বীরভূম———-৫০ | ১০। | মেদিনীপুর———১৭৮ |
| ৩। | বর্দ্ধমান———৯৫ | ১১। | মুর্শিদাবাদ——— ৮৫ |
| ৪। | কোচবিহার-— ৬০ | ১২। | নদীয়া————- ৬০ |
| ৫। | দার্জিলিং——-৯০ | ১৩। | পুরুলিয়া———— ৭৮+৫৮ |
| ৬। | হুগলী-——-৫০ | ১৪। | ২৪-পরগণা———-২৪৩ |
| ৭। | জলপাইগুড়ি— ৯৫ | ১৫। | পশ্চিম দিনাজপুর—১৪৪ |
| ৮। | হাওড়া———৬ | ১৬। | কলিকাতা——— ৫০ |

১৫০০+৫৮=১৫৫৮

**শ্রীঅনিল কুমার মুখার্জি :** আপনি বললেন বাঁকুড়া জেলায় ১১৫টি স্কুলকে আপনি মঞ্জুর করেছেন। এই স্কুলগুলি কোন নীতির ভিত্তিতে এবং কিভাবে খোলা হবে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** আপনার প্রশ্নের উত্তরেই বলা হয়েছে যে এইগুলো সব খোলা হবে বিদ্যালয়বিহীন গ্রামে এবং ডি, আই, এবং এ্যাডভাইসরী কমিটির রেকোমেনডেশান কেন্দ্রের কাছে পাঠান হবে এবং তা বিচার করে অনুমোদন দেওয়া হবে।

**শ্রীঅনিল কুমার মুখার্জি:** আনস্কুলড ভিলেজ বলতে যেটা অল ইণ্ডিয়া সেকেণ্ড এডুকেশন সারভে রিপোর্টে বেরিয়েছে সেটার ভিত্তিতে যদি করা হয় তাহলে দেখা যাবে অনেক বড় বড় গ্রাম বাদ পড়ে যাবে। কারণ এই সারভে রিপোর্টটি ত্রুটিপূর্ণ। এই সম্পর্কে কোন নির্দেশ দেবেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** জেলা পরিদর্শক এবং এডভাইসরী কমিটি এইসব সম্পর্কে তথ্য পাঠাবে এবং এইসব তথ্য বিবেচনা করে দেখা হবে এবং যেখানে বিদ্যালয়বিহীন গ্রামে বেশী প্রয়োজন সেখানে বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হবে।

**শ্রীঅনিল কুমার মুখার্জি:** এ্যাডভাইসরী কমিটি যে রেকোমেনডেশান পাঠাবেন তার উপর ভিত্তি করেই কি স্যাংশন করবেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** নিশ্চয়, সেগুলো বিবেচনা করে মঞ্জুর দেওয়া হবে।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মোট ১৫৫৮টি স্কুলকে যে এই বছর জেলাওয়ারী হিসাবে ভাগ করা হয়েছে সেটা কিসের ভিত্তিতে হয়েছে ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** কেন্দ্রীয় সরকারের রিপোর্টের ভিত্তিতে।

**ডাঃ নিরঞ্জন ভক্ত:** আপনি আগের প্রশ্নের উত্তরে বলেছেন যে বাঁকুড়া জেলা থেকে মোট ১৫৮টি আবেদন গিয়েছে। এই প্রশ্নের উত্তরে বলছেন মোট ১১৫টিকে অনুমোদন দেওয়া হবে। তাহলে ধরে নেওয়া যেতে পারে কি যে ওই ১৫৮টির মধ্যেই কি ১১৫টি অনুমোদন পাবে ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** তার থেকে যে পাবে বলতে পারি না। তবে মোট ১১৫টি পাবে।

**ডাঃ নিরঞ্জন ভক্ত:** সেই আবেদন পত্রের ভিত্তিতে বিবেচনা করা হবে কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** তা বলতে পারি না। ডি, আই, এবং এ্যাডভাইসরী কমিটি যেগুলি পাঠাবেন সেগুলি বিবেচনা করে অনুমোদন পাবে।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** নদীয়া জেলায় যে ৬০টি নুতন বিদ্যালয় করার পরিকল্পনা আছে তার পরিপ্রেক্ষিতে নদীয়া জেলায় যে সব বিদ্যালয় স্থানীয় কর্মীরা ২,৩ বছর ধরে চালাচ্ছেন তাদের অগ্রাধিকার দেবার ব্যবস্থা হবে কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** বিদ্যালয়বিহীন গ্রামে হবে কিন্তু তাহলেও এগুলি সম্পর্কে বিবেচনা করা হবে।

**শ্রীসরোজ রায়:** আপনি বলেছেন আনস্কুলড ভিলেজে কিছু স্কুল করার পরিকল্পনা আছে কিন্তু যেখানে গ্রামের লোকেরা ১।২ বছর ধরে স্কুল চালাচ্ছেন এরকম ক্ষেত্রগুলিকে কি বিশেষভাবে বিবেচনা করবেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** নিশ্চয়। তাছাড়া যেসব গ্রামাঞ্চল এলাকায় সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইব আছে সে সব জায়গায় যদি বাড়ী ঘর না থাকে তাহলে সেখানে বাড়ীঘর করে দিয়ে বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা আছে।

**শ্রীসরোজ রায়:** আনস্কুলড ভিলেজ বলে যে হিসাব আছে তাতে আপনি কি খবর নিয়ে দেখবেন বহু সিডিউল গ্রাম আছে—২০০ বাড়ী আছে—গ্রাম বলে কোন মেনসন নেই এসব সম্পর্কে কি বিবেচনা করবেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** সেসব অঞ্চলে এক মাইলের মধ্যে যদি বিদ্যালয় না থাকে তাহলে এডভাইসারী কমিটি সেই তথ্য দিলে তারপর আমরা বিবেচনা করে দেখব।

**শ্রীঅমলেশ মজুমদার :** আমাদের জেলার ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিসার যে একটা পরিসংখ্যান নিয়েছেন তার ভিত্তিতে এই যে সংখ্যা দিলেন তার ভেতর কি এগুলি আনা যাবে, না অতিরিক্ত বিশেষভাবে দৃষ্টি দেওয়া হবে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** এই সংখ্যার মধ্যে আনা হবে। সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব অধ্যুষিত এলাকায় যেখানে স্কুল নেই সেখানে আগে দেখা হবে।

**শ্রীঅমলেশ মজুমদার :** যেসব জায়গায় পরিসংখ্যান নেওয়া হয়েছে সেসব সম্পর্কে কি বিবেচনা করা হবে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** নিশ্চয়।

**ডাঃ নলিনাক্ষ সান্ন্যাল :** এডভাইসারী কমিটিতে শিক্ষাব্রতীদের স্থান আছে কি এবং কংগ্রেসের লোকেদের কি তাতে আহ্বান করেছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** ইউ. এফ. এর কনসটিটিউয়েণ্ট প্রত্যেক রিপ্রেজেনটেটিভদের নেওয়া হয়েছে। কংগ্রেস বলে নেওয়া হয়নি কারণ কে সিণ্ডিকেট, কে ইণ্ডিকেট তা জানিনা।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** বিভিন্ন জেলায় যে কোটা করে দেওয়া হয়েছে তার বাহিরে যদি এডভাইসারী কমিটি রেকোমেণ্ড করে তাহলে সেটা কি বিবেচনা করা হবে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** তা সম্ভব নয়।

**Mr. Speaker :** The question hour is over.

### বহরমপুরে "রবীন্দ্রভবন"

***25.** (Admitted question No. *191.) **শ্রীসনত কুমার রাহা :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর 'রবীন্দ্রভবন' নির্মাণের কাজ কবে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Education :** নির্দিষ্ট তারিখ বলা সম্ভব নয়।

### বর্ধমান বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিশনের রিপোর্ট

***27.** (Admitted question No. *448.) **শ্রীঅশ্বিনী রায় :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান বিশ্ববিদ্যালয় তদন্ত কমিশনের ( আর. পি. মুখার্জী ) রিপোর্ট কি প্রকাশিত হইয়াছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে (১) উক্ত রিপোর্ট প্রকাশের তারিখ কি ; (২) উক্ত রিপোর্টের পরিপ্রেক্ষিতে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং (৩) উক্ত রিপোর্ট বিধানসভায় উপস্থাপিত হইবে কি ?

**শিক্ষামন্ত্রি :** (ক) বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটি সরকারের নিকট রিপোর্ট পেশ করিয়াছেন। উহা এখনও জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হয় নাই।

(খ) (১) প্রশ্ন উঠেনা।

(২) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে ;

(৩) বিষয়টি সরকারে বিবেচনাধীন আছে।

## অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রচলন

***28.** ( Admitted question No. *451. ) **শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** শিক্ষা-বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবাংলায় অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা কবে হইতে চালু করা হইবে ?

**শিক্ষামন্ত্রি :** বিষয়টি বর্তমান সরকারের বিবেচনাধীন আছে। তাই এই সম্বন্ধে কিছু বলা এখন সম্ভবপর নহে।

## বসু বিজ্ঞানমন্দিরে অগ্নিকাণ্ড

***20.** ( Admitted question No. *64. ) **শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত সেপ্টেম্বর মাসে বসু বিজ্ঞানমন্দিরে যে অগ্নিকাণ্ড হইয়াছিল সে সম্পর্কে কোন তদন্ত হইয়াছিল কিনা ?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে তাহার ফল কি ; এবং

(গ) ঐ অগ্নিকাণ্ডে যে ক্ষতি হইয়াছিল তাহা পূরণের জন্য সরকার কোন সাহায্য দিয়াছেন কিনা ?

**শিক্ষা মন্ত্রি** (ক) শিক্ষা বিভাগ কর্তৃক কোন তদন্ত হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

## পশুপালন বিভাগের অধীনস্থ হিমঘর

***30.** ( Admitted questiou No. *196. ) **শ্রীসমন্ত কুমার রাহা :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশুপালন বিভাগের অধীনে কোন হিমঘর আছে কিনা, এবং

(খ) থাকিলে তাহার কাজ কি?

**পশুপালন এবং পশু চিকিৎসা বিভাগীয় মন্ত্রি :**

(ক) আছে, সবগুলিই ডেয়ারী ফ্যাক্টরী ও বেকন্ ফ্যাক্টরীর সংলগ্ন।

(খ) দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্যাদি এবং শুকর মাংস সংরক্ষনের জন্যই এগুলি ব্যবহৃত হয়।

**শ্রীবিজয় সিং নাহার :** স্যার, রাম চ্যাটার্জী মহাশয়ের কোশ্চেনটা কি হবে, তিনি তো আর আসলেন না !

( 2—2-10 p.m. )

**Mr. Speaker :** It is held over.

### Adjournment Motion

**Mr. Speaker :** I have received a notice of one adjournment motion on the subject of Incident at Narkeldanga on 26-1-70 from Dr. Zainal Abedin.

An ordinary parliamentary opportunity will occur shortly and he will get an opportunity to speak on it. Consent is therefore withheld. Member may kindly read the text. I would request the Minister to make a statment in case he is posted with the information.

**Dr. Zainal Abedin :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, while a group of patriotic people assembled on Narkeldanga Main Road to celebrate the Republic Day on 26-1-70 and organised an exhibition of portraits and pictures of Netaji Subhas Bose, a sudden but preplanned attack was made upon a peaceful assembly of the patriotic people by a violent group of unruly and armed Communist Marxist supporters causing serious injuries to many and burning of portraits of Netaji and even burning of the National Flag in the very presence of the Police remaining inactive and it is further alleged that the Police even supported the armed Marxist supporters and as a result in the after math one Shri Durga Sarker reported to be a Forward Bloc worker was brutally murdered, this being another glaring instance of the complete lawlessness prevailing throughout the State of West Bengal.

### Privilege Motion

**Mr. Speaker :** I have received a notice of a privilege from Shri Amalendra Lal Roy regarding the Report of the R. Gupta Committee about Shri Nepal Roy and Shrimati Abha Maiti having been involved in the matter of contempt of the House on the 31st July, 1969, when there was a Police attack on the Assembly House. The matter is now too old to be dealt with by the House. I have disallowed the notice.

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা টু ওল্ড বলেছেন কিন্তু এই রিপোর্ট বেরুবার পর তো আমরা এ সম্বন্ধে কোন ষ্টেপ নিতে পারি। এই রিপোর্টে বলা আছে এই দুজনের ব্যাপার এ্যাসেম্বলি প্রেমিসেস এর ভিতর ঘটনা ঘটেছিল তাই অনারেব্‌ল স্পীকার এটা টেক আপ্ করতে পারেন। তিনি এটা এনকোয়ারী করতে পারেন এবং ব্যবস্থা নিতে পারেন। রিপোর্ট বেরুবার পর আমি এই জিনিষটা উত্থাপন করেছি, রিপোর্ট বেরুবার আগে তো উত্থাপন করা যায় না। সুতরাং আমি আপনাকে অনুরোধ করব যে আপনি আপনার রুলিংটা পুনঃবিবেচনা করবেন এবং এটা যাতে প্রিভিলেজ কমিটিতে দেওয়া যায় কিনা সেটা আপনি চিন্তা করে দেখবেন অনুগ্রহ করে।

**Calling attention to matters of urgent public importance.**

**Mr. Speaker:** The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of the continuation of curfew at Siliguri—called attention by Shri Sanat Kumar Raha on the 22nd January. 1970.

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়কে হঠাৎ কল্‌কাতার বাহিরে চলে যেতে হয়েছে। তিনি যাবার আগে যাতে তাঁর এই বক্তব্যটা আমি হাউসে পড়ে দিই তার জন্য তিনি আমাকে আপনার অনুমতি নিয়ে অনুরোধ করে গেছেন পড়ে দিতে, তাই আমি calling attention-এর জবাবটা পড়ে দিচ্ছি। Mr. Speaker, Sir, in response to the notice of a calling attention by Shri Sanat Kumar Raha, an honourable member of this House, calling the attention of the Government to a matter of urgent public importance, namely, curfew at Siliguri in the district of Darjeeling, I beg to make the following statement.

On the 6th January, 1970, there was an altercation between two employees of the Posts & Telegraphs Department and some local people of Siliguri over some indecent remarks stated to have been made by the latter regarding two ladies who were accompanying two employees of the P & T. Department. The post and telegraph employees were injured and had to be removed to hospital where on the following day one of them died. Unfortunately, both the employees belonged to the hills whereas the people who attacked them were the local people of Siliguri. Demonstrations were staged by a section of the hill people over this incident. Tension developped between the hill people and the local people of Siliguri. Thereafter clashes took place between these two sections of the people. Government vehicles and other private and Government property were damaged. The police had to open fire and ultimately the army had to be called-in and a 24-hour Curfew had to be imposed. By these measures the situation was brought under control. The Curfew was maintained for several days. There being a gradual relaxation at appropriate intervals, the Curfew was finally withdrawn on 22nd January, 1970. The situation at Siliguri is now normal and peaceful.

**Mr. Speaker:** I have received 5 notices of Calling Attention on the following subjects, namely:

1. Reported police atrocities on the fishermen in Midnapur District on 14-1-70—from Shri Prasenjit Barman.

2. Increase in price of mustard oil and other spices—from Shri Sanat Kumar Raha.

3. Increase in price of rice in Murshidabad district—from Shri Sanat Kumar Raha.

4. Imposition of section 144 at Dhanbad—from Shri Sanat Kumar Raha.

5. Reported looting of fish from tanks in certain areas of West Dinajpur by C. P. I. & C. P. I. (M) supporters—from Dr. Zainal Abedin.

I have selected the notice on the subject of police atrocities on the fishermen in Midnapur district on 14-1-70 by Shri Prasenjit Barman. The Minister-in-charge may please make a statement to-day if possible, or give a date.

**Shri Jatin Chakravorty :** On the 2nd of February next.

**শ্রীএস. এম. ফজলুর রহমান :** মি: স্পীকার স্যার, আমি একটি গুরুতর ঘটনার সংবাদ পেয়েছি। সেটা এই হাউসের কাছে এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি। এই টেলিগ্রামটি হলো : "C.P.M. armed with lathis lethal weapons attacked before looted sarisha coconut fish paddy cut 70 sagoon tree cut wire fencing now trying to loot fish halood attacking daily our wife children unsafe save life property." আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কেও অনুরোধ করছি—অনতিবিলম্বে যাতে এদের জীবন ও সম্পত্তি রক্ষা হয় তার ব্যবস্থা যেন তিনি করেন। Kalipada Paul, vill. Dakhinkhaspur, P.o. Nasherkuli, P. S. Ranaghat, Dt. Nadia."

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু :** স্যার, এটা আমার এলাকার মধ্যে পড়ে। ওরকম কোন ঘটনা সেখানে ঘটে নাই। উনি সম্পূর্ণ মিথ্যা কথা বলছেন।

**Mr. Speaker :** It is for the Minister to reply. Now, I call upon Shri Clifford Hicks to mention.

**Shri Clifford Hicks :** Mr. Speaker, Sir, I have, with much unhappiness and with great regret, also with some reluctance, to draw your attention and through you the attention of the House once again to the serious delay in the release of the dearness allowance to teachers all over West Bengal. By the time we come to the end of the month of January, dearness allowance would be once again due to all teachers of West Bengal for nearly 5 months. Money released by the Education Ministry is covering a period which go back to September, 1969 and from September, 1969 till to-day most of the teachers have not yet received the dearness allowance. I would like to remind the ministry that this allowance was increased to 90 rupees only to off-set the high cost of living. It is perfectly true that where the administration affords the time to constantly pressure the Education Department they have received to some extent the dearness allcwance but not to a very great extent. Most of the schools in Calcutta including moffissils and rural areas and also some schools of the Anglo-India group have not received the dearness allowance which is due to them right away from September. I am particularly concerned not only for the group that I represent but for the other schools also, as the Headmasters cannot come affording time and draw the attention of the Education Department to give reminders to the various officials that the dearness allowance due to the teachers has not been paid for several months. I will be most grateful if a system

which operates in other Departments by which dearness allowance is paid some such system could be introduced so that teachers are not put into trouble to receive their dearness allowance.

[ 2-10—2-20 p.m. ]

**Shri Satyapriya Roy :** Mr. Speaker, Sir, I want to make a statement in this connection. I may say that the dearness allowance has been paid up to November. If there is any individual complaint, I shall be glad to receive that.

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফত আমি স্বরাষ্ট্র দপ্তরের নজরে একটা জিনিষ আনতে চাই এবং বিশেষ করে আমাদের যারা সদস্য রয়েছেন তাঁদের সামনে রাখতে চাই। সেটা হচ্ছে এই যে জলপাইগুড়ি জেলাতে বিভিন্ন পার্টি যে ঝামেলা এবং তাণ্ডব নৃত্য চালাচ্ছে তাতে সেখানকার অসহায় জনসাধারণের শান্তি শৃঙ্খলার প্রতি খুবই দুশ্চিন্তা দেখা দিয়েছে। আপনারা কাগজে দেখেছেন যে সেখানে জ্যান্ত মানুষকে কবর দেয়া হয়েছে এবং সেখানে পরস্পরএর মিটিং-র প্রসেশন নিয়ে মারপিট গুলিগোলা চলেছে। আমরা এ সম্বন্ধে স্থানীয় কর্তৃপক্ষকে জানিয়েছি কিন্তু নিতান্ত দুঃখের সংগে বলছি যে সেই কংগ্রেসের মত সুরু হয়েছে —আগেকার দিনে দেখেছি যেমন কংগ্রেসের নামগন্ধ থাকলে পুলিশে এ্যারেষ্ট করত না, এখনও দেখছি বড় বড় দলের সঙ্গে সংশ্লিষ্ট থেকে হত্যাকাণ্ডে লিপ্ত থাকলেও থানায় নাম দেওয়া সত্বেও তাঁদের য্যারেষ্ট করা হচ্ছে না। ২/৩ দিন আগে আপনারা কাগজে দেখেছেন যে সেখানে গুলি চলেছে। আমার কাছে টেলিগ্রাম এসেছে। থানায় যারা ডায়েরী করেছিল তাদের নামে আবার পালটা ডায়েরী করা হচ্ছে যে জোর জবরদোস্তি করে এটা হয়েছে। এইভাবে সেখানে কোন রকম শান্তিরক্ষার কোন ব্যাবস্থা করা হচ্ছে না। সেখানে আমাদের লোককে মিটিং এ যাওয়ার পথে কাঁঠালগুড়িতে চা বাগানে তীর দিয়ে মারা হয়েছে এবং সে এখন হাসপাতালে আছে। ফলাকাটায় বন্দুক দিয়ে একজনকে গুলি করেছে। সে কোন্ দলের জানিনা, থানায় জানে কিন্তু তা জানা সত্বেও তার বন্দুক সীজ করা হয় নি এবং সেই লোক নির্বিবাদে এখনও ঘুরে বেড়াচ্ছে। আজকে সেইজন্য স্বরাষ্ট্র মন্ত্রীর সামনে আমি বলতে চাই যে জলপাইগুড়ি জেলাতে এই যে হত্যাকাণ্ড চলছে তার বিষময় ফল খুব শীঘ্র দেখা দেবে। সুতরাং তিনি স্বয়ং যান বা একজন বিশ্বস্ত কর্মচারী বা দায়িত্বশীল লোক পাঠিয়ে যাতে এই সমস্ত গণ্ডগোল আর না হতে পারে তার ব্যবস্থা করুন। আমি এই টেলিগ্রামটা আপনার কছে দিয়ে দিচ্ছি।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটা বিষয়ের প্রতি আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। গতকল্য বেলা ১০৷৷০ টার সময় একটি শোভাযাত্রা নারকেল ডাঙ্গা মেন রোড দিয়ে নেতাজীর যে প্রদর্শনী হচ্ছিল তার সামনে এসে দাঁড়ায় এবং সেখানে ফরওয়ার্ড ব্লক, সি. পি. আই এবং বাংলা কংগ্রেসের বিরুদ্ধে শ্লোগান দিতে আরম্ভ করে। ফরওয়ার্ড ব্লক থেকে প্রতিবাদ করলে ফরওয়ার্ড ব্লকের কর্মীদের উপর মারধোর করা হয়।

সেই সময় একজন ফরওয়ার্ড ব্লকের কর্মিকে প্রচণ্ডভাবে লাঠির ঘায় আধ মরা করে ফেলা হয়েছিল। তখন পুলিশ স্পটে আসে এবং পুলিশ টিয়ার গ্যাস ইউজ করে। টিয়ার গ্যাস ইউজ করার ফলে টিয়ার গ্যাসের সেল এসে তার পেটের উপর আঘাত করে এবং তৎক্ষনাৎ শ্রীদুর্গাপ্রসাদ মিত্র নামে একজন ফরওয়ার্ড ব্লক শ্রমিক কর্মির মৃত্যু হয়। তারপর পুলিশ ব্যারিকেড থাকা সত্বেও এক দল গুণ্ডা সেখানকার স্থানীয় লোকের বাড়িতে গিয়ে হামলা করে এবং সেই সমস্ত অঞ্চলের বেশ

কিছু লোককে আহত করে। ওরা যখন মার ধোর করছিল তখন তিনটি কথা সেখানে বলেছিল। একটি হচ্ছে প্রশান্ত সুরের উপর যারা অবমাননা করেছে তার প্রতিশোধ চাই এবং এইখানে নেতাজীর প্রদর্শনী করতে দেব না এবং নেতাজীর প্রদর্শনীতে আগুন জ্বালিয়ে দেওয়া হয়, নেতাজীর প্রতিকৃতি ভেঙে দেওয়া হয়। স্যার, আমি এই সম্পর্কে পরিষ্কার বক্তব্য আপনার কাছে রাখতে চাই যে এই বিষয়ে অনুসন্ধান করা উচিত এবং ডি, সি, কে অবিলম্বে সরিয়ে দেওয়া উচিত। এ লোকটি যতদিন নর্থ ক্যালকাটার ডি, সি, হিসাবে আছেন ততদিন নর্থ ক্যালকাটার এ অঞ্চলটিকে মুক্ত অঞ্চল বলে ঘোষনা করে দেওয়া হয়েছে, গুণ্ডারা অবাধে ওখানে রয়েছে। তাই আমার বক্তব্য হচ্ছে যে ব্যাক্তি মারা গেছে তার পরিবারবর্গকে অবিলম্বে সাহায্য করা উচিত এবং কয়েকদিন আগে যে যুক্তফ্রণ্টের নেতৃবৃন্দ বসে যে চুক্তি করেছিলেন তারপরেও যে এই ধরনের ঘটনা ঘটবে আমরা কেউ তা আশা করতে পারিনি। আমাদের ফরওয়ার্ড ব্লক কর্মির রক্তে যদি পুনরায় ঐক্য প্রতিষ্ঠিত হয় তাতেও আমরা প্রস্তুত আছি, কিন্তু যদি ঐক্যের নাম করে একদিকে চুক্তি করবো আর একদিকে চুক্তিভঙ্গ করবো, সি, পি, এম, এর নাম নিয়ে গুণ্ডামী করবো তাহলে এটা একটা সাঙ্ঘাতিক ব্যাপার হয়ে দাঁড়াবে এবং যুক্তফ্রণ্ট নষ্ট হয়ে যাবার সম্ভাবনা আছে। সেই কারনে আমি এই কথা বলি যে এটা নিয়ে বেশী মাথা না ঘামিয়ে অবিলম্বে যাতে এর একটা সুরাহা হয় সে ব্যবস্থা করা উচিত।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় স্পীকার মহাশয়, কয়েকদিন আগে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের নায়ক শ্রীঅনন্ত সিংকে গ্রেপ্তার করেছেন সম্প্রতি কলকাতার কয়েকটি ডাকাতির অভিযোগে। আমরা জানি কয়েক মাস আগে ঠিক এভাবে হেনা গাঙ্গুলীকে পুলিশের সাহায্যে পিটিয়ে মারা হয়। তখন নাকি তার বিরুদ্ধে অভিযোগ ছিল কলকাতায় সম্প্রতি যে কয়টি ডাকাতি হয়েছে তিনি নাকি তার সাথে যুক্ত ছিলেন। আমার প্রশ্ন হচ্ছে এখন যেমন অনন্ত সিং এর উপর সমস্ত দায়িত্ব চাপান হচ্ছে তাহলে আমরা হেনা গাঙ্গুলী সম্বন্ধেও অনুরূপ ধরে নিতে পারি।

**মিঃ স্পীকার:** এটা সাবজুডিস ম্যাটার, এটা নিয়ে মামলা হচ্ছে কাজেই এটা নিয়ে বলবেন না।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** অধ্যক্ষ মহাশয়, সেই হেনা গাঙ্গুলীকে মারা হয়েছে। তার বাড়ীতে বৃদ্ধা মাতা রয়েছেন, ৪ জন বোন রয়েছে। তারা আজকে অনাহারে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। সম্প্রতি তার মাতারও নাকি মৃত্যু হয়েছে। সেই জন্য আমি যুক্তফ্রণ্ট সরকারের কাছে অনুরোধ করবো যে তার ফ্যামিলিকে অবিলম্বে সাহায্য দেওয়া হোক এবং এ সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হোক।

**শ্রীঅনিল ধর গুহ নিয়োগী:** মাননীয় স্পীকার মহাশয়, যে সমস্ত জিনিষ আমরা এখানে মেনশান করি সেই মেনসানগুলির কি ফল হবে না হবে, সে সম্পর্কে আমরা কিছুই জানতে পারি না। উত্তর বাংলায় এই যে সমস্ত হত্যাকাণ্ড হয়ে চলছে সে সম্বন্ধে স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে এই বিষয়ে কি ব্যবস্থা গ্রহন করা হবে সেটা যেন হাউসের কাছে জানিয়ে দেন। কারণ, আমরা ঠাণ্ডা ঘরের মধ্যে বসে থাকব, আর বাংলার বিভিন্ন গ্রামে গ্রামে এই সমস্ত জিনিস চলতে থাকবে এটা সম্ভব নয়। সেই জন্য আমরা যে সমস্ত মেনসনগুলি করে থাকি সে সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহন করা হচ্ছে সে বিষয়ে আমরা এই হাউসে শুনতে চাই।

**শ্রীকুমুদ রঞ্জন মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আমি ২৪ পরগনা জেলার হাড়োয়া থানার ভবানীপুর গ্রামের ২৪ তারিখে একটি দুঃখজনক ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ওখানে পুলিশ চাষীদের উপর বেপরোয়া গুলি চালিয়েছে এবং কাঁদানে গ্যাস ছুড়েছে। চাষীরা মাঠ

থেকে ধান তুলতে গেলে জোতদার গোপাল গুহ তাদের বাধা দেয়। এবং স্থানীয় গুণ্ডা নকুল হালদার আওর আলি ইত্যাদির সাহায্য গ্রহন করে এবং তারা বোমা ও বন্দুক নিয়ে চাষীদের ধান তুলতে বাধা দেয়। চাষীরা স্থানীয় ও. সির দৃষ্টি আকর্ষণ করে, কিন্তু তারা কোন ব্যবস্থা গ্রহন করেন নি। উপরন্তু তারা গিয়ে ৬ জন চাষীকে গ্রেফতার করেছে এবং সেখানে গুলি ও কাঁদানে গ্যাস ছুড়েছে এবং জোতদারদেরই সাহায্য করেছে। এখানে স্বরাষ্ট্রমন্ত্রী আছেন কিনা জানি না, আমি এই বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যেন এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হয় এবং প্রকৃত চাষীরা যাতে ঘরে ধান তুলতে পারে তার ব্যবস্থা করুন এবং পুলিশ যেন জোতদারদের সাহায্য না করে সেদিকে লক্ষ্য রাখুন।

[ 2-20—2-30 p.m. ]

## The Calcutta University (Amendment) Bill, 1970

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eleciting opinion thereon by the 13th February, 1970.

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাতে অনেক জটিল বিষয়ের অবতারণা করা হয়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটি খুব বেশী দূরে নয়, আমার নিবেদন তাঁর কাছে এই যে তাঁদের সঙ্গে বসে এটা আলোচনা করুন। স্যার, এই যে কনষ্টিটিউয়েন্ট কলেজ এবং প্রফেসানাল কলেজ এই দুটো জিনিষ আমি বুঝতে পারছি না। ক্যালকাটা মেডিকেল কলেজ এবং নীলরতন মেডিকেল কলেজ এই দুটোতেই একই শিক্ষা দেওয়া হয় কিন্তু দুটোর ক্যাটাগরী কেন আলাদা করা হল তা আমি বুঝতে পারছি না। কাজেই আমার বক্তব্য, এই সমস্ত বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে নিয়ে বসুন যাতে একটা কমপ্রিহেনসিভ আইন করা যায় বা যে ক্রটিগুলি আছে সেগুলি ক্রটিমুক্ত করা যায়। তা ছাড়া মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় রেজিষ্ট্রার্ড গ্রাজুয়েটদের সম্পর্কে বললেন যে রেজিষ্ট্রার্ড হচ্ছে না বলে কমিয়ে দিতে চাইছেন এর প্রতিনিধিত্ব। আমার বক্তব্য হচ্ছে, এই যে ১০ টাকা করে রেজিষ্ট্রেসন ফি ফর গ্রাজুয়েটস এটা থাকার জন্য যদি গ্রাজুয়েটসরা রেজিষ্ট্রেসানে উৎসাহিত না হন তাহলে এর ফিটা কমিয়ে দেওয়া কি তুলে দেওয়া যায় কিনা সেটা দেখুন। কেন না যে টাকা দিতে পারল সেই ভোটার হল, রেজিষ্টার্ড হল, যে দিতে পারলো না সে হল না এটা আমার কাছে ক্রটিপূর্ণ ব্যবস্থা বলে মনে হয়েছে। আজকে আপনাদের অবশ্য খুব সহজ হয়েছে দেশের অশিক্ষিত জনসাধারণকে ক্ষেপিয়ে তোলার কিন্তু যারা শিক্ষিত জনসাধারণ তারা আপনাদের সমর্থন করবে না এই ভয়েই কি আপনারা তাদের প্রতিনিধিত্ব কমিয়ে দিতে চাইছেন ? এইজন্য আমি চাইছি যে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করে ক্রটিমুক্ত বিল আনা হোক।

**শ্রীসত্যপ্রিয় রায় :** মাননীয় সদস্য বিলটা কি সেটা ঠিক বুঝতে পারেন নি। আমি সেটা বলে দিচ্ছি তাহলে এসব কথা উঠবে না। এই বিলটা হচ্ছে—একটা অর্ডিনেন্স হয়েছিলো যাতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আইন অনুযায়ী নির্ব্বাচন হতে পারে। প্রথমে অর্ডিনেন্সের আকারে এটা এসেছিলো তারপর গভার্ণমেণ্টের উত্থান পতনের মধ্য দিয়ে সেই অর্ডিনেন্সটা প্রেসিডেন্ট এ্যাক্ট হিসাবে এখানে এসেছিলো এবং তারপর এক বছরের মধ্যে আমাদের ষ্টেট লেজিসলেচারে বিধিবদ্ধ করে নিতে হয়, সেজন্য আনা হয়েছে। বাস্তবে এর এফেক্ট হচ্ছে রেটট্রোসপেকটিভ অর্থাৎ যে সব নির্ব্বাচনের মাধ্যমে বর্তমানে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সংস্থাগুলি নির্ব্বাচিত হয়েছে সেই নিয়মগুলি হচ্ছে এই বিলের বিষয়। কাজেই সে দিক থেকে এখন এই সম্পর্কে কোন পরিবর্তন বা

সামগ্রিক চিন্তাধারার অবকাশ নেই। যদি এইটুকু বাদ দিয়ে দেওয়া যায় তাহলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিণ্ডিকেট, কাউন্সিল সমস্ত কিছু নস্যাত করে দেওয়া হবে এবং সমস্ত কলিকাতা বিশ্ববিদ্যালয়ে একটা বিশৃঙ্খলা সৃষ্টি হয়ে যাবে। কাজেই প্রেসিডেন্টস এ্যাক্ট হিসাবে যেটা আপনাদের সামনে রাখা হয়েছে ফর রিয়্যারেঞ্জমেণ্ট, এটা হচ্ছে অতীতে যে নির্বাচন হয়ে গেছে সেই নির্বাচন যে নীতি অনুযায়ী হয়েছে সেই নিয়মে যে অর্ডিন্যান্স-এর ভিত্তি হয়েছিলো সেটাকে এখন আইন হিসাবে পরিণত করে নেওয়া। ভবিষ্যতের কথা যেটা জয়নাল আবেদিন সাহেব বলেছেন সেটা নিশ্চয়ই করতে হবে। ভবিষ্যতে সামগ্রিক আইনের সময়ে নিশ্চয়ই সকলের সংগে পরামর্শ করতে হবে। এই ব্যবস্থা যে খুব আদর্শ ব্যবস্থা একথা বলছি না, চালু ব্যবস্থা চালু রাখবার জন্য এটাকে এখন আইনে পরিণত করার প্রয়োজনীয়তা আছে। তবে পরবর্তীকালে আদর্শ ব্যবস্থা করার সময় নিশ্চয়ই আমরা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করে নেবো এবং সেই সামগ্রিক কলিকাতা বিশ্ববিদ্যালয় এ্যাক্ট আপনাদের সামনে উপস্থিত করবো। কাজেই এসব এ্যামেণ্ডমেণ্ট বা সংশোধনী যা উনি দিয়েছেন এটা গ্রহণযোগ্য নয় এবং বাস্তব উদ্দেশ্যের দিক দিয়ে এটা নিতান্ত অবাস্তব।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Satya Priya Roy that the Calcutta University (Amendment) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3, 4 and 5*

The question that clauses 1, 2, 3, 4 and 5 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 6*

**Srimati Ila Mitra :** Sir, I beg to move that in clause 6 (sub-section 8), in line 9, after the words "the Boards of Studies" the words "as well as for all other purposes" be inserted.

**শ্রীমতি ইলা মিত্র :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই বিল যে উদ্দেশ্য নিয়ে আনছেন সেই উদ্দেশ্য প্রিএ্যাম্বেলে খুব পরিষ্কার করে বলা আছে। কিন্তু তবু আমি এ্যামেণ্ডমেণ্ট এনেছি এই কারণে যে, যে উদ্দেশ্য নিয়ে ১৯৬৬র এ্যাক্ট হয়েছিলো এবং তারপর অর্ডিনেন্স এবং তারপর প্রেসিডেণ্ট'স এ্যাক্ট হয়েছে একটি বিষয়ের উপর সেই স্পিরিট এবং মোটিভকে আরো স্পষ্টভাবে রাখার জন্য আমি এই এমেণ্ডমেণ্ট এনেছি in Clause 6, sub-section 8, in line 9, after the words "The Boards of studies" the words "as well as for all other purposes" be inserted. অল কথাটি এখানে প্রিন্টিং মিসটেক হয়েছে ব'লে বাদ পড়েছে এখানে অল কথাটা হবে "as well as for all other purposes" be inserted এটা হচ্ছে আমার এমেণ্ডমেণ্ট। এই এমেণ্ডমেণ্ট কেন এনেছি মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করছি আমার সংশোধনী কারণ হ'ল ১৯৬৬ সালের কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনের provision অনুযায়ী কাজ করতে গিয়ে কিছু অসুবিধার সৃষ্টি হয় বিশেষভাবে সিনেট, সিণ্ডিকেট, একাডেমি কাউন্সিল এবং অন্যান্য যে সব অথরিটি আছে সেই অথরিটিগুলির কনষ্টিটিউশান এবং ফাংশন-এর ব্যাপার। পরবর্তীকালে এই আইন ২৩শে সেপ্টেম্বর ১৯৬৭ সালে অর্ডিনেন্সে পরিণত করা হয় এবং পরবর্তীকালে ১৯৬৮ এই বিশ্ববিদ্যালয়

সংশোধনী সেকেণ্ড অর্ডিনেন্স প্রেসিডেন্টস্ এ্যাক্ট ৫ অব ১৯৬৮ দ্বারা চালু থাকে। এবং এই আইনের ভ্যালিডিটি আছে ২৪শে ফেব্রুয়ারী ১৯৭০ সাল পর্যন্ত। কাজেই এই বিল আমাদের এই আইন সভায় পাশ করতে হবে।

[ 2-30—2-40 p.m. ]

কিন্তু আমি যে সংশোধনী এনেছি তাতে একটা ছোট কথা মাত্র আছে As well as for all other purposes clause 6 (sub-section 8) in line 9 after the words "the Board of Studies", be inserted এই বিষয়ের উপর আমি একটু বলতে চাই। সেটা হচ্ছে এই যে ১৯৬৬ সালের কলকাতা বিশ্ববিদ্যালয় আইন অর্ডিন্যান্স, প্রেসিডেন্ট এ্যাক্ট-এতে পূর্ব্বে যে সমস্ত ইরেগুলারিটিজ আছে সেগুলি দূর করার জন্য আনা হয়েছিল, কিন্তু দেখা গেল ১৯৬৬ সালের আইন অনুযায়ী এই কাজ করতে গিয়ে সিনেট, একাডেমিক কাউন্সিল, সিণ্ডিকেট এবং বোর্ড অব ষ্টাডিজ এর constitutionএর ব্যাপারে কতকগুলি অসুবিধা দেখা দিয়েছে অর্থাৎ কলিকাতা বিশ্ববিদ্যালয় কিছু কিছু অনিয়ম করেছেন। উদাহরণস্বরূপ বলা যায় যেমন বোর্ড অব ষ্টাডিজ-এ কন্‌ষ্টিটুয়েণ্ট কলেজের পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল অব মেডিসিনের সংশ্লিষ্ট বিষয় এর কোন প্রফেসার ইন-চার্জকে নেওয়া হয়নি। যদিও আইনে লেখা রয়েছে যে বোর্ড অব ষ্টাডিজে, পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল অব মেডিসিন, পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল অব আর্টস, পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল অব সায়েন্স-এর প্রফেসার ইন-চার্জ সংশ্লিষ্ট বিষয়ের প্রতিনিধি হিসাবে থাকবেন কিন্তু তাঁদের কাউকে বর্তমান Board of studiesএ নেওয়া হয়নি। এই সমস্ত ইরেগুলারিটি থাকার জন্যই আমি এই এ্যামেণ্ডমেণ্ট এনেছি। (Amendments)Clause 6 (ii) sub-section 8 of the Calcutta University Act, 1968. No. 5 of 1968এ যদি এই প্রতিনিধি নেবার কথা আইনে আছে এই irregularity সম্পর্কে ডঃ এ. কে. বসু, Director of the Institute of Post-Graduate Medical Education and Research ২৫-৬-৬৭ তারিখে কলকাতা ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলারকে চিঠি দেন, যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আইনকে লঙ্ঘন করে বোর্ড অব ষ্টাডিজে, পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল অব আর্টস, পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল অব মেডিসিন, পোষ্ট গ্রাজুয়েট কাউন্সিল অব সায়েন্সের প্রতিনিধি রাখা হয়নি। এই সম্পর্কে ১৮-৭-৬৯ তারিখের সিণ্ডিকেটের মিটিং-এ আলোচনা হয় এর লীগাল রিমেম্‌ব্রেন্সারের মতামত চাওয়ার জন্য পাঠান হয়। ডঃ অজিত বসু যে চিঠি ভাইস চ্যান্সেলারকে লেখেন সেটা এখানে আছে, আমি সেটা স্পীকার মহাশয়-এর মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে উপস্থিত করব। এই চিঠিতে বিশেষভাবে বলা হয়েছে যে কলিকাতা ইউনিভার্সিটি clause 6 (ii) sub-section 8, Board of studies লঙ্ঘন করে চলেছে অর্থাৎ Post-Graduate council of medicine, Art ও Science-এর কোন প্রতিনিধিকে Board of Studiesএ নেওয়া হয় নি। কাজেই ঐ আইনের ঐ provisionএর mis-interpretation এবং ambiguity দূর করার জন্য as well as for all other puposes after the words "Boards of studies in line 9 of Clause 6 (ii) sub-section 8 এই amendment গ্রহন করা প্রয়োজন। এই প্রসঙ্গে বলা প্রয়োজন যে, ডেপুটি সেক্রেটারী ডিপার্টমেণ্ট of Health গভর্ণমেণ্ট অব ওয়েষ্ট বেঙ্গল এর লিগ্যাল রিমেম্বারেন্সের নিকটে এই আইনের ঐ provision-এর ব্যাখ্যা সম্বন্ধে লীগেল অপিনিয়নের জন্য পাঠান। লিগ্যাল রিমেম্বারেন্সার শ্রী এস. সি. চক্রবর্তী এ বিষয়ে যে মতামত দিয়েছিলেন ১৩ই নভেম্বর ১৯৬৭ সালে, তার কপি আমার কাছে রয়েছে, তাতে পরিষ্কার বলা আছে—

The Ordinance has placed the matter beyond any doubt or controversy. It is now plain and obvious that the Institute of Post-Graduate Medical Education and Research, Calcutta, is constituent college for all purposes. It can function independently of the University

College of Medicine by following the curriculum and other conditions prescribed by the University......কিন্তু কলিকাতা বিশ্ববিদ্যালয় এ বিষয়ে ভিন্ন মত পোষণ করে। সেজন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো এই যে এ্যামেণ্ডমেণ্ট Clause 6 (8), in line 9, after the words "The Boards of Studies" the words "as well as for all other purposes."

এটা যদি গ্রহণ করেন যে কনষ্টিটুয়েণ্ট তাদের সুযোগ এবং মর্যাদা দেওয়া হবে তাহলে যে মটিভ এবং স্পিরিট নিয়ে আইন রচিত হয়েছিল সেটা রক্ষিত হবে।....in Clause 6 (8) "In construing the provisions of section 19, section 22, section 24 and section 28, and in construing the provisions of the first Statutes, the first Ordinances and the first Regulations as framed under sub-section (2) in relation to the constitution under this section, of the Senate, the Syndicate, the Academic Council, the Faculties, the Councils for Post-Graduate and Under-Graduate Studies and the Boards of Studies,—" কিন্তু বোর্ড অব ষ্টাডিস-এর কোন প্রতিনিধিত্ব গ্রহন করা হয় নি কনষ্টিটিউয়েণ্ট কলেজের পক্ষ থেকে। কাজেই আমার যে এ্যামেণ্ডমেণ্ট রয়েছে এ্যাস ওয়েল এ্যাস ফর all আদার পার্পাসেস এটা ইনক্লুড করে নেওয়া হোক।

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আগেই বলেছি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংস্থা সংগঠনের জন্য পুরান যে কাজ করা হয়েছিল তার জন্যই এই আইন। সেই সময় যে অর্ডিন্যান্স—এর ভিত্তিতে করা হয়েছিল তাকে নূতন রূপ দেওয়া হয়েছে। প্রথমে এসেছিল প্রেসিডেণ্ট এ্যাক্ট হিসাবে এবং এখন তাকে আইনে পরিণত করতে হচ্ছে। মাননীয় সদস্যা শ্রীমতি ইলা মিত্র সংশোধনী প্রস্তাব উত্থাপন করেছেন এবং তিনি বলেছেন আইনে এগুলি রয়েছে। তিনি যেসব দাবী করেছেন সেগুলি তো এখানে রয়েছে। বিশ্ববিদ্যালয় যদি কোন কাজ বেআইনী ভাবে করে থাকে তাহলে তার প্রতিকারের ব্যবস্থা করতে হবে। এগুলি আইনের ত্রুটি নয়। ফর আদার পার্পাসেস্ এই যে কথাটা আছে এটা লিগ্যাল টার্মিনোলজিতে আসতে পারে। একে স্পেসিফাই করতে হবে আণ্ডার দিস্ রুল, অর দ্যাট রুল। কিন্তু তা না করে ফর আদার পার্পাসেস্ বলে এগুলিকে রেখে দিলে অনেক আইনগত প্রশ্ন এবং বিশৃঙ্খলা আসতে পারে। তবে উনি যে কারণ বলেছেন সেটা আমি নিজেও জানি। বিশ্ববিদ্যালয় যাতে বেআইনী কাজ না করে তার ব্যবস্থা করতে হবে এবং ভবিষ্যতে যখন আইন সামগ্রিকভাবে পরিবর্তিত হয়ে বিধানসভার সামনে আসবে তখন তিনি যে দাবী করেছেন তার প্রতি নজর রাখা হবে। তবে আমি মনে করি কনসটিটুয়েণ্ট কলেজ বলে যাদের স্বীকৃতি দেওয়া হয়েছে তাদের অধিকার থেকে বঞ্চিত করে রাখার কোন অধিকার বিশ্ববিদ্যালয়ের, সিনেটের এবং সিনডিকেটের নেই এবং যা করা হয়েছে তা বেআইনী ভাবে করা হয়েছে। এই আইনের মধ্যে যা করা উচিত ছিল তা করা হয়নি কাজেই তার আইনগত প্রতিকারের ব্যবস্থা করতে হবে। কিন্তু উনি যে সংশোধনী এনেছেন এটা নিতান্তই নিরর্থক। কনসটিটুয়েণ্ট কলেজ কাকে বলে তার ডেফিনেশন দেওয়া হয়েছে এবং নূতন আইন যা হয়েছে সেখানে সেটা বদলাচ্ছে না। যেগুলি এ্যাফি-লিয়েটেড কলেজ সেগুলি হচ্ছে কনসটিটুয়েণ্ট কলেজ। কাজেই নির্বাচনের জন্য যাদের কনসটিটুয়েণ্ট কলেজ হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে তাদের পোষ্ট-গ্রাজুয়েট ষ্টাডি চালাবার অধিকার দেওয়া হয়েছে। কনসটিটুয়েণ্ট কলেজের জন্য দেওয়া হোল তার অর্থ এই নয় যে, যেটা কনসটিটুয়েণ্ট কলেজ নয় তাকেও অধিকার গ্রহনের অধিকার দেওয়া হোল। কনসটিটুয়েণ্ট কলেজ ঘোষনা করার অর্থ হোল সেখানে পোষ্ট-গ্রাজুয়েট স্টাডি হতে পারে। বিশ্ববিদ্যালয় বেআইনী কাজ করলে তার প্রতিকার করতে হবে

এবং ভবিষ্যতে যদি তাঁরা ত্রুটি বিচ্যুতির মধ্য দিয়ে এই কাজ চালাবার ব্যবস্থা করেন তা হলে তাকেও দূর করার ব্যবস্থা করতে হবে। বর্তমানে প্রেসিডেন্ট এ্যাক্টকে বিধিবদ্ধ করতে হলে কোন রকম সংশোধনী প্রস্তাব গ্রহন করা সম্ভব নয় কারণ যেগুলি অতীতে হয়েছে সেগুলিকে বিধিবদ্ধ করে দাও এটাই হোল কথা। তবে উনি যা বলেছেন তার প্রতিকারের চেষ্টা আমরা করব। এখন যে আকারে হাউসের সামনে আইন রাখা হয়েছে সেই আকারে গ্রহণ না করলে বিশ্ববিদ্যালয় পরিচালনায় বিরাট বিপর্যয় সৃষ্টি হবে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের মত একটি বিশ্ববিদ্যালয়ে অচল অবস্থার সৃষ্টি হবে।

কাজেই আমি বলছি এই সমস্তগুলো নিশ্চয়ই বিবেচনা করে দেখা হবে যখন সামগ্রীক ভাবে এই বিল আনা হবে। কিন্তু তার আগে বিশ্ববিদ্যালয় বেআইনীভাবে যে কাজ করছে তার প্রতিকার করতে হবে। সুতরাং এই সংশোধনী যিনি উত্থাপন করেছেন —আমাদের মাননীয়া সদস্যা শ্রীমতি ইলা মিত্র মহাশয়া তাঁর সংশোধনী এখন এই পরিধির মধ্যে গ্রহন করা সম্ভবপর হচ্ছে না।

[ 2-40 –2-50 p. m. ]

The motion of Shrimati Ila Mitra that in clause 6 ( sub-section 8 ), in line 9, after the words "the Board of Studies" the words "as well as for other purposes" be inserted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Satyapriya Roy :** Sir, I beg to move that the Calcutta University ( Amendment ) Bill, 1970, as settled in the Assembly, be passed.

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে বলতে চাই—যদিও তিনি আমার এ্যামেণ্ডমেণ্টট গ্রহণ করলেন না কিন্তু তা সত্বেও আমার এই বিষয়টা তাঁর দৃষ্টি আকর্ষন করছি। যে এ্যামেণ্ডমেণ্টটা আমি এনেছি সেটি গ্রহণ করলে কোনো অসুবিধা হ'তো না। আমরা তো ক্যালকাটা ইউনিভার্সিটি এ্যাক্ট, বৰ্দ্ধমান ইউনিভার্সিটি এ্যাক্ট, নর্থ বেংগল ইউনিভার্সিটি এ্যাক্ট, সব কিছু পরিবর্তন করবো। তার জন্য একটা কমপ্রিহেন্সিভ বিল আমরা আনবো সে সম্পর্কে আমরা মাননীয় শিক্ষমন্ত্রীর সংগে এক মত এবং আমাদের এবিষয়ে কথাবার্তাও হয়েছে। কিন্তু যে উদ্দেশ্যে আমি এই সংশোধনী প্রস্তাব এনেছিলাম সে সম্পর্কে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। Clause 5-এ পরিষ্কার লেখা আছে কনষ্টিটিউয়েণ্ট কলেজ কাকে বলে। সেই কনষ্টিটউয়েণ্ট কলেজের কি পার্পাস, সেই বিষয়ে বলতে গিয়ে বলা হয়েছে সেকশন ১৯, সেকশন ২৪, এবং সেকশন ২৮এ ইলেকশন purpose-এই ব্যবহৃত হবে এবং সেই ইলেকশন কোন্ কোন্ ইলেকশন—সেখানে ইলেকশন করতে বলা হয়েছে সিনেট, সিণ্ডিকেট, এ্যাকাডেমিক কাউন্সিল, ফ্যাকাল্টি অব কাউন্সিলস, পোষ্টগ্রাজুয়েট, আণ্ডার গ্রাজুয়েট ষ্টাডিজ এ্যাণ্ড দি বোর্ড অব ষ্টাডিজ। প্রথমতঃ দুদিক থেকে এই আইন ভাঙ্গা হচ্ছে, কনষ্টিটউয়েণ্ট কলেজকে ইনডিপেনডেণ্টলি ফাংশান করতে দেওয়া হচ্ছেনা, যেখান সেখান থেকে ছেলেরা পরীক্ষা দিতে পারবে না কিন্তু তারা ওখান থেকেই পড়াশুনা করছে, ওখান থেকেই রিসার্চ করছে, কিন্তু তাদের অন্য জায়গায় গিয়ে পরীক্ষা দিতে হবে। অথচ আইনে constituent college গুলিকে independent কলেজ বলে ঘোষনা করছেন। অন্যদিকে বোর্ড অব ষ্টাডিজএ তাদের প্রতিনিধিত্ব বাদ দিয়ে দেওয়া হয়েছে।

কাজেই সমস্ত আইনের পরিবর্ত্তনের কথা তুলিনি, যখন কমপ্রিহেন্সিভ বিল আসবে এসম্পর্কে আমার অনেক কিছু বলার আছে, সে সময়ে বলব।

আমার সংশোধনী as well as for other purpose যদি জুড়ে দেওয়া হত তাতে খুব অসুবিধা হতো না। কারন President's Act-কে আইনে পরিণত করতে যাচ্ছেন সেখানে একটা কথা জুড়ে দিলে এই provision এর irrigularity খানিকটা দূর হত। শিক্ষামন্ত্রী আইনগত যে অসুবিধার কথা তুলেছেন তা ঠিক নয়—কারণ এই সংশোধনী গ্রহণ ক'রলে আইনের দিক থেকে কোন অসুবিধা হ'তো না।

তবে তিনি যখন কিছুতেই আমার সংশোধনী গ্রহণ করলেন না তখন অনুরোধ ক'রব যে তিনি বিধান সভায় এই assurance দিন যাতে Board of Studies-এ Constituent কলেজ প্রতিনিধিত্ব করার সুযোগ পায় এবং Constituent কলেজ যাতে independent function করতে পারে।

**শ্রীসত্যপ্রিয় রায়:** স্যার, এই সম্পর্কে আগেই আমি যা বলবার বলেছি। বিশ্ববিদ্যালয় অন্যায় করে থাকলে তার প্রতিকারের যে ব্যবস্থা আছে তা করতে হবে। কিন্তু কনষ্টিটুয়েন্ট কলেজ বলতে এখানে যে ডেফিনেসান আছে সেই অনুসারে নির্ব্বাচনে যারা কনষ্টিটুয়েন্ট কলেজ হিসাবে স্বীকৃত হয়েছে তাদের অধিকার কি আছে—যেমন এখানে আছে constituent college means an affiliated college in which instruction is provided under prescribed conditions for honours as well as for post-graduate studies and which is recognised under this Act as a constituent college...কাজেই সেই ,কনষ্টিটুয়েন্ট কলেজ রেকগনিসানের যে কথা যেমন আছে পোষ্ট গ্রাজুয়েট ষ্টাডির সেখানে ব্যবস্থা করার অধিকার ঐ কলেজের আছে নিশ্চয়ই। এই সম্পর্কে বিবেচনা করে দেখবো, যখন যা প্রতিকার সম্ভব করবো।

The motion of Shri Satyapriya Roy that the Calcutta University (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed was then put and agreed to.

### The Oriental Gas Company (Amendment) Bill, 1970

**Shri Sushil Kumar Dhara :** Sir I beg to introduce the Oriental Gas Company (Amendment) Bill 1970.

(The Secretary then read the title of the Bill)

**Shri Sushil Kumar Dhara :** Sir, I beg to move that the Oriental Gas Company (Amendment) Bill, be taken into consideration.

[ 2-50—3-00 p.m. ]

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য খুবই সীমিত। আমি আজকে সকালেই আমার হাতে এই বিল পেয়েছি। এর আগে নোটীশে দেখেছিলাম যে এটা আসবার সম্ভাবনা আছে। কিন্তু বিলটা হাতে না পাওয়াতে কোন এ্যামেণ্ডমেণ্ট দেওয়া সম্ভব হয় নি। এখন দেখছি এই রকম শুধু এই বিলই নয় মারকেটিং বিল, এই দুটো বিল দীর্ঘ বিল। এর পূর্ব্বে কার্যসূচী বলার সময় বলা হয়েছিল যে এগুলো ফরমাল বিল আলোচনার বেশী দরকার হবে না, এটা প্রেসিডেণ্টএর যে অর্ডনান্স ছিল সেটাকে আইনসিদ্ধ করা হচ্ছে, এটা ঠিক তা নয়। এখানে অবজেক্টের মধ্যে বলা হয়েছে ১৭ই নভেম্বর ১৯৬৭ সালে ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানির ম্যানেজমেণ্ট নেওয়া হয়েছিল, এটা ঠিক নয়। ১৯৬২ সালের আইনের সেকসান ২ প্রেসিডেণ্ট এ্যাক্টে এমেণ্ডমেণ্ট করেছিলেন, তাতে ফারদার ঐ আণ্ডারটেকিংটা গভর্ণমেণ্ট ম্যানেজমেণ্ট রাখবার

জন্য বলা হয়েছে। দেখা যাচ্ছে যে প্রেসিডেণ্ট এ্যাক্টে ইন টো টো যা বলা হয়েছে, যা ষ্টেটমেণ্টে শেষে দেখতে পাবেন, কিন্তু এর কোন কোন জায়গায় এই বিলে পরিবর্তন আছে। মাননীয় মন্ত্রীমহাশয় যখন বিলটা কন্সিডারেসানের জন্য তুলেছেন, তাঁর সবটা আমাদের বুঝিয়ে দেওয়া উচিত ছিল, কারণ আমরা বিলটা সবটা পড়বার সুযোগ পাইনি। তিনি আমাদের ভাল করে বুঝিয়ে দিন তা হলে আমরা চেষ্টা করবো ঠিক কর্তে যে ফরমাল মেটার বলে গ্রহণ করবার জন্য কিম্বা আরো মন্তব্য করার প্রয়োজনীয়তা আছে কিনা, সে বিষয়ে চিন্তা করবো। ফাইনানসিয়াল মেমোরেণ্ডামে দেখা যাচ্ছে যে কথা বলা হয়েছে কম্পেনসেসান যেটা পে-এবল, সেটা ট্রাইবুনাল ডিসাইড করবে।

**শ্রীযতীন চক্রবর্তি:** স্যার, অন এ পয়েণ্ট অফ অর্ডার ডাঃ নলিনাক্ষ্য সান্যাল এইমাত্র বললেন যে আজকে বিল পেয়েছেন। আমরা বাই পোষ্টে ১৭ তারিখে এ বিল পাঠিয়েছি। তাঁর অফিস বা বাড়ীতে পৌছোবার পর যদি ওঁর ওখানে না আসে তা হলে তার দায়িত্ব আমরা নিতে পারি না। অথচ তাঁর উপর ভিত্তি করে কতকগুলি মন্তব্য করেছেন। সেভেনটিন্থ অভ দিস মান্থ আমাদের অফিস এটা পাঠিয়েছে। ১০ দিনের মধ্যে আমরা দেব। কেন্দ্রীয় সরকারের পোষ্ট বিভাগকে যতই অকমন্য বলিনা কেন তাঁর কলকাতার বাড়ীতে এটা পৌছাবেই। তা হলে কোনটা সত্য কথা? তাঁর বাড়ীতে যদি লোকজন না থাকে তা হলে তার জন্য তিনি আমাদের এসেম্বলীতে সেক্রেটারিএট-এর উপর কটাক্ষ করে কতকগুলি মন্তব্য করবেন সেটা হতে পারে না।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যাল:** স্যার আমি কাউকে দোষারোপ করি নাই, আপনি এর আগে নির্দ্দেশ দিয়েছিলেন যে, Constroversial Bill হলে বা দীর্ঘ বিল হলে তা পড়বার এবং দেখবার সময় যদি না দেওয়া হয় তাহলে আলোচনা হবে না। উনি ১৭ তারিখে পোষ্ট হয়েছে বলেছেন সেটা ওকে প্রমাণ করতে হবে।

**শ্রীযতীন চক্রবর্তি:** অসত্য কথা বলছেন।

**শ্রীনেপাল রায়:** স্যার, (অন এ পয়েণ্ট অফ অডার) তিনি মিথ্যাকথা বলেছেন একথা বললেন এটা মোষ্ট আনপার্লামেণ্টারি। উনি সেই কথা ইউস করেছেন। He must withdraw it.

**মিঃ স্পীকার:** আমি দেখব কি হয়েছে না হয়েছে।

**শ্রীযতীন চক্রবর্তি:** আমি বলছি, উনি মিথ্যাবাদী এ কথা বলিনি অসত্য কথা বলেছেন বলেছি।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যাল:** আমাদের পরিষদীয় মন্ত্রী তিনি সত্যের প্রতীক তাঁর কাছে মাথা নত করছি। আমি তাঁকে শ্রদ্ধা করি, এই বাংলাদেশে একমাত্র তিনিই সত্যের পূজারী, তিনি সত্যের উপাসক হয়ে সর্ব্বদাই অসত্য বলে থাকেন।

আমার মনে হচ্ছে যে আমাকে এই বিলটা পাঠান হয়েছিল গ্রামের ঠিকানায় যদিও এখানে লেখা আছে এসেম্বলী সেসন আরম্ভের পর থেকে কলকাতার ঠিকানায় যেন পাঠান হয় এবং তারপর গ্রাম থেকে রি-ডাইরেক্টেড হয়ে এসেছে এবং এখানে যখন এসেছে তখন কলকাতায় ছিলাম না, ২২ তারিখ থেকে বাইরে চলে গিয়েছিলাম এবং আজ ২৭ তারিখে এটা পেয়েছি। আমি একথা বলি নি যে আজকে আমার বাড়ীতে এই বিলটা পেয়েছি, আমি বলেছি এই বিলটা আজই আমার হাতে এসেছে। এখানে যে ফাইন্যান্সিয়াল ইমপ্লিকেশনের কথা বলা হয়েছে, এইটা যখন আণ্ডারটেকিং নেওয়া হয় ষ্টেট গভর্ণমেন্টের তখন বলা হয় এইটা eight times the average net income of the undertaking of the company over a period of five complete years preceding the year. এবং বলা হয় the amount of

compensation payable under the proposed amendment shall be determined by a Tribunal. এও কথা ছিল। কিন্তু এখনও পর্যন্ত আমরা জানতে পারলাম না কি পরিমাণ টাকার দায়িত্ব সরকারকে নিতে হয়েছে বা ট্যাক্সপেয়ারদের বহন করতে হবে। আমরা যে হিসাবপত্র দেখেছি তাতে দেখছি যে ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীর পরিচালনা ভার সরকারের হাতে নিয়ে বছরের পর বছর সরকার প্রভূত লোকসান করে যাচ্ছে। শুধু একটা নয় যতগুলো কোম্পানী সরকার ম্যানেজমেণ্ট নিয়ে দায়িত্ব গ্রহণ করেছেন তাতে লোকসান হচ্ছে, কোথাও লাভ তো দেখতে পাচ্ছি না। এটা দেখে মনে হয় আমাদের বাংলাদেশকে দেউলিয়া করে যুক্তফ্রন্টের সরিকরা নিজেদের ক্ষমতা বৃদ্ধি করে যাচ্ছেন। কত টাকার দায়িত্ব নিয়েছেন সেটা আমাদের জানা দরকার। সম্প্রতি আমরা আরও দেখছি যে এই ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীর খরচ মিট করতে না পারার দরুন সরকার এর পরিচালনায় নানারকম নুতন নুতন পদ্ধতির উদ্ভাবন চিন্তা করছেন। আগে যে বেসিসে রেট নেওয়া হত সেটা বদলে গেল। সম্প্রতি একটা নুতন পদ্ধতি করা হয়েছে। আগে গ্যাসের ভলিউমের উপর রেট ধরা হচ্ছিল। সেটা এখন হচ্ছে না। এখন গ্যাসের চার্জ নেওয়া হচ্ছে হিটিং ক্যাপাসিটি বা থার্মল ক্যাপাসিটির অনুপাতে। অথচ তা নির্ধারন করবার কোন ব্যবস্থা নেই। ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানী এজন্য নির্ভর করছে দুর্গাপুরের কোক ওভেন কর্তৃপক্ষের উপর। তারা যেভাবে বলে দেবেন যে আমাদের গ্যাসে B.T.U. বা তাপ উৎপাদন শক্তি এতটা আছে ঠিক সেই বেসিসে আমাদের চার্জ হয়ে যাবে। কন্সিউমারের পক্ষে এটা যাচাই করবার কোন ক্ষমতা নেই। অবশ্য বলা হয়েছে এটা পৃথিবীর নানা জায়গার বিজ্ঞানসম্মত উপায়ে চার্জ করার ব্যবস্থা পেয়েছি বলে আমরাও গ্রহণ করছি। কিন্তু মোদ্দা কথা হচ্ছে, এই কোম্পানির অর্থাগম বাড়াবার চেষ্টা হচ্ছে যারা গ্যাস ব্যবহার করেন তাদের মাথায় কাঁঠাল ভেঙ্গে। এতে ব্যবহারকারীর খরচ ভীষণ বেড়ে গিয়েছে। অথচ এখানে কোম্পানির যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের কোন ব্যবস্থা দেখছি না। কলকাতা শহরের তলায় দীর্ঘদিন ধরে যে গ্যাস পাইপ আছে অনেক জায়গায় সেইসব পাইপের পরিবর্তন করা দরকার। যেভাবে দুর্গন্ধ বেরোয় তা থেকে বোঝা যায় যে জায়গায় জায়গায় পাইপে ফাটল ধরেছে। দুর্গাপুরের গ্যাসের পরিমাণ এত বৃদ্ধি পাবে যে কলকাতায় গৃহস্থরা ব্যাপকভাবে সস্তায় তার সুযোগ পাবে এটা বলা হয়েছিল, কিন্তু সেই সুযোগ থাকছে না। পাড়ায় পাড়ায়, এমনকি নুতন পাড়ায়ও যারা যারা কাঁচা কয়লার চুল্লি জ্বালায় তাদের সংখ্যা কমছে না, বরং বেড়ে গিয়েছে। সুতরাং কলকাতাকে এই বিষাক্ত ধোঁয়া থেকে মুক্ত করার জন্য যে প্রকল্প ছিল তা কার্যকরী হতে আমরা দেখতে পাচ্ছি না।

[3-00 - 3-25 p.m.]

তার উপর আর একটা কথা হচ্ছে এই যে ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীর এককালে নিয়ম ছিল যাঁরা এটা ব্যবহার করেন তাঁদের কোন কম্প্লেন্ট হলে তখনই তার তদন্ত হোত এবং তার প্রতিকারও শীগগির হোত। কিন্তু সরকারী হাতে আসার পর থেকে তাঁদের নুতন নুতন নিয়ম প্রতিদিন হচ্ছে। এখন নিয়ম হয়েছে যদি কেউ টেলিফোনে তার গ্যাস ফেলিওরের রিপোর্ট করে তাহলে তার জন্য এনকোয়ারী হবে না। অর্থাৎ তাঁকে লিখিতভাবে কিম্বা লোক মারফত জানাতে হবে এবং তার জন্য একটা ন্যুনতম ফি ধরা আছে। এখন যে কোন একটা এনকোয়ারীর জন্য যদি একটা লোক যান তাহলে আগে ৬ টাকা পরিমাণ জমা দিতে হবে, তা না হলে কেউ যাবে না। একটা বাড়িতে যদি গ্যাস এক্সটেনসানের জন্য পাইপ লাইন একতলা থেকে ২ তলায় যায় তাহলে সেই সামান্য এক্সটেনসানের জন্য ১০০ টাকা নুতন জমা চাওয়া হয়। যদি নুতন কেউ কনজিউমার হতে চায় তারা যদি না কোন সুবিধা পায় তাহলে গ্যাস ব্যাপকভাবে ব্যবহার হবে না। যাহোক ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানীর নুতনভাবে যে সংশোধনী আসছে তার তাৎপর্য কি সেটা দয়া করে বুঝিয়ে দিলে বোঝা যাবে এই যে পরিবর্তন করছেন তাতে ফল কি ভালো হবে। এটুকুন অনুরোধ জানিয়ে এই কন্সিডারেশান ষ্টেজে আমি আমার বক্তব্য নিবেদন করলাম।

*The motion of Shri Sushil Kumar Dhara that the Oriental Gas Company (Amendment) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.*

### Clauses 1 to 7 and Preamble

The question that clauses 1 to 7 and Preamble do stand Part of the Bill was then put and agreed to.

**Shri Sushil Kumar Dhara :** Sir, I beg to move that the Oriental Gas Company ( Amendment ) Bill, 1970, as settled in the Assembly, be passed.

স্যার, ডঃ সান্যাল কয়েকটা প্রশ্ন করেছেন যে এতে কত টাকা বেশী যাবে না যাবে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে আমরা এই সংশোধনীগুলি করে আইনকে নূতনভাবে পরিশুদ্ধ করে নিচ্ছি। এর দ্বারা আমাদের শতকরা ৫০ ভাগ টাকা বাঁচবে। অর্থাৎ পূর্বের আইন অনুসারে যেখানে প্রায় ২ কোটি টাকা লাগত সেখানে এই সংশোধনীর দ্বারা ১ কোটি টাকার মধ্য দিয়ে আমরা কাজ করতে পারবো। ডঃ সান্যাল যে কথা বলেছেন তাতে তাঁর নিশ্চয় জানা আছে যে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্ট-এ যে সমস্ত কেস ছিল প্রথম মালিক পক্ষের তরফ থেকে তার জন্য অনেক অসুবিধা ছিল।

সেইসব দায় চুকে যাওয়ার পর পর পর বিভিন্ন জিনিস আছে এবং ১৯৬০ সালে যে ম্যানেজমেন্ট হয়েছিল এবং তারপরে ১৯৬৮ সালে প্রেসিডেন্ট রুলের সময় আবার ম্যানেজমেন্ট হল। ডঃ সান্যাল প্রায় ১॥ মাস কি তিন মাস শিল্পমন্ত্রী ছিলেন, ওনার সময় ওরিয়েন্টাল গ্যাস কোং ওঁরই অধীনে ছিল—সেই সময় হয়ত নানা কারণে তিনি এই জিনিসটি মন দিতে পারেন নি কিন্তু খবরা খবর নিশ্চয়ই তাঁর জানা আছে এবং আজকে যে দায় দায়িত্ব সম্বন্ধে উনি কিছু কিছু টেকনিকাল প্রশ্ন তুলেছেন কিন্তু আমি এখানে এই বিষয়ে সেইসবের উত্তর দেয়ার প্রয়োজন আছে বলে মনে করি না। কিন্তু আমি একথা তাঁকে বলতে চাই যে গ্যাস সরবরাহ ত্রুটি বিচ্যুতি কিছু আছে তা আমি অস্বীকার করি না। উনি বলেছেন—যে ফোন করলে লোক যায় না এটা আমি অস্বীকার করব না। এইসব অভিযোগ কিভাবে সংশোধন করা যায় সেটা নিশ্চয়ই আমরা দেখব তবে আইনটা ঠিক ঠিক ভাবে ওরিয়েন্টাল গ্যাস কোং এর—ভবিষ্যতের দিকে লক্ষ রেখে আইনটা যাতে সংশোধিত আকারে নিতে পারি সেইদিকে আশা করি ডঃ সান্যাল কোন আপত্তি করবেন না। গ্যাস পাইপ গুলি ত্রুটি আছে সেটা আমরা জানি। দুর্গাপুর থেকে কলকাতা পর্যান্ত যে পাইপ লাইন আছে সেটা কংগ্রেস আমলেই করা হয়েছিল সেগুলি কংগ্রেস আমলেই ফাটল ধরেছিল, আমাদের আমলে হয়ত কিছুটা বেড়েছে, তাকে মেরামত করার চেষ্টা হচ্ছে না তা নয় তবে কয়েক কোটি টাকা দরকার এবং এরজন্য কিছু গ্যাস নষ্ট হচ্ছে এটা স্বীকার করতে আমার আপত্তি নাই। তা সত্ত্বে এটা সংশোধন করা দরকার। ডাঃ সান্যাল বলতে উঠে প্রথমে বলেছেন যে প্রেসিডেন্ট এর সময় যে এ্যাক্ট হয়েছিল সেটা ইন টোটো নেওয়া হবে এই তার ধারনা ছিল। কিন্তু তাকে বলছি যে প্রথমে লেখা আছে To enact with modification the provisions of the Oriental Gas Company ( Amendment ) Act, 1968. এটা ১৯৬৮ সালে প্রেসিডেন্ট-এর সময় যেটা হয়েছিল সেটা সকলেরই জানা আছে সুতরাং এটা তাকে পরিষ্কার করে বলতে পেরেছি। তাছাড়া আমি এই কথা বলব যে সংশোধন অনেক কিছু করিনি সামান্য সামান্য করেছি। এবং সেটা ষ্টেট এ্যাজ এ হোল, কনজুমার এ্যাজ এ হোল তাদের কথা চিন্তা করে করেছি। আমি আশা করি এই বিধান সভা এই সংশোধন বিল দয়া করে গ্রহণ করবেন।

এবং ডাঃ স্যান্যাল এই বিষয়ে আর কোন আপত্তি করবেন না। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বিল আজকে গৃহীত হবার জন্য উপস্থিত করলাম।

The motion of Shri Sushil Kumar Dhara that the Oriental Gas Company ( Amendment ) Bill, 1970, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

( At this stage the House was adjourned for 15 minutes ).

(*After Adjournment*)

[3-25—3-35 p m.]

**The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1970**

**Shri Hare Krishna Konar :** I beg to introdude the West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970.

(Secretary read the title of the Bill)

**Shir Hare Krishana Konar :** I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1970, be taken into consideration.

স্যার, এই বিল সম্বন্ধে আমার খুব বেশী কিছু বলার নাই। এর আগের অধিবেশনে আমরা বাড়ী-ভাড়া সংক্রান্ত এক সংশোধনী আইন পাস করেছি। কিন্তু তার অভিজ্ঞতায় দেখা গেল যে আরো কতকগুলি বিষয় সংশোধন করা দরকার যা তখন আমাদের দৃষ্টি এড়িয়ে গিয়েছিল। তার প্রথম হচ্ছে—আগেকার আইনে ছিল—যদি কোন Local Self-Govt. কোন বাড়ী লীজ নিয়ে থাকে, সেই লীজের ক্ষেত্রে বা বাড়ীর ক্ষেত্রে এই আইন প্রযুক্ত হবে না। আমাদের কলকাতা কর্পোরেশনের যে সমস্ত প্রাইমারী স্কুলগুলি আছে, তার বাড়ীর বেশীর ভাগ হচ্ছে ভাড়া নেওয়া বা লীজ নেওয়া বাড়ী সেই বাড়ীগুলি এখন উচ্ছেদের সম্মুখীন হয়েছে। সেই বাড়ীর মালিক স্কুল উচ্ছেদ করে সেখানে বেশী ভাড়াতে ভাড়াটে বসাতে চায়। কিন্তু বর্তমান এই আইনে সেই স্কুলবাড়ীগুলি উচ্ছেদের হাত থেকে কোন Protection পাচ্ছে না।

দ্বিতীয় হচ্ছে গতবারে করা হয়েছিল যদি কেউ বাড়ী কেনার পরে ৩ বছরের মধ্যে বিল্ডিং বা রি-বিল্ডিং করে, তাহলে ভাড়াটে তাড়াতে পারবে না। সেই আইনে retrospective effect-এর প্রয়োগ বাদ পড়ে গিয়েছিল। ধরুন ভাড়া বাড়ী কেনার পর কেউ উচ্ছেদের মামলা করে ডিগ্রী পেয়েছে, আগেকার আইনে ডিগ্রী পেতে কোন বাধা ছিল না, সেই ডিগ্রী এখনো কার্যকরী করা হয় নাই, ভাড়াটে তাড়ানো হয় নাই, অন্যক্ষেত্রের মত এখানেও ভাড়াটে কোর্টে আসতে পারবে, Protection পেতে পারবে। এ জিনিষটা তখন বাদ পড়ে গিয়েছিল নিজস্ব ক্ষেত্রে হলে যেমন পারবে, বাড়ী কেনার তিন বছরের মধ্যে যদি উচ্ছেদ করে থাকে, amended এই আইনের বিধান হচ্ছে সে ক্ষেত্রে ডিগ্রী যদি কার্যকরী না হয়ে থাকে তাহলে তিন মাসের মধ্যে কোর্টে গেলে এর প্রতিকার পেতে পারবে according to the amended act.

তৃতীয় হচ্ছে আমাদের কলকাতায় কিছু বড় হোটেল আছে—যেগুলি কেন্দ্রীয় গভর্ণমেন্টের টুরিষ্ট বিভাগেরদ্বারা স্বীকৃত ও নিয়ন্ত্রিত। গতবারে যে আইন আমরা পাস করেছি হোটেল বা বোর্ডিং হাউসের যারা বোর্ডার—তাদের সম্বন্ধে। এই আইনে এই বোর্ডার ও বোর্ডিং হাউস বা হোটেলের মালিকের সে সম্পর্কে—সেটা নিয়ন্ত্রণ করবার জন্য একটা অধ্যায় এখানে যোগ করা হয়েছে। স্বভাবতঃ সব হোটেল সম্পর্কে এটা প্রযোজ্য। কেন্দ্রীয় গভর্ণমেন্ট আমাদের জানিয়েছেন, যে সমস্ত হোটেল বিদেশী টুরিষ্টদের জন্য কেন্দ্রীয় গভর্ণমেন্ট কর্তৃক স্বীকৃত ও তাদের দ্বারা নিয়ন্ত্রিত, সেখানে দু-রকম নিয়ন্ত্রণ থাকা উচিত নয়। এটা তাঁরা বাদ দেওয়ার কথা বলেছেন। আমি সেই হোটেলগুলি

এই আইন থেকে বাদ দিয়ে দিচ্ছি। তারমানে বাড়ীর মালিকের সঙ্গে হোটেল মালিকের সম্পর্ক যেখানে, সে ক্ষেত্রে এটা প্রযুক্ত হবে। হোটেল মালিক ও বোর্ডারের যে সম্পর্ক—সেটা হোটেলে ও প্রযুক্ত হবে। যেগুলি কেন্দ্রীয় গভর্ণমেণ্টের টুরিষ্ট বিভাগের রেগুলেশনের দ্বারা নিয়ন্ত্রিত, সেগুলি এই আইনের দ্বারা নিয়ন্ত্রিত হবে না—যেমন গ্রাণ্ড হোটেল, গ্রেটইষ্টার্ণ হোটেল, স্পেনসারস' হোটেল ইত্যাদি। ওগুলি বড়লোকদের হোটেল, তারা কত টাকা দেবে, মদের জন্য কত দেবে সে জন্য আমাদের ভাববার কিছু নাই। সাধারণ মানুষ যেখানে থাকে, তাদের জন্যই আমার বক্তব্য।

আর একটা কথা আছে সেটা আলোচনা করিনি। পরে আমাদের কাছে অনেক চিঠিপত্র এসেছে, তা হলো—আমি আগেই বলেছিলাম কোন বাড়ীর মালিক তিনি নিজে থাকবেন বলে যদি ভাড়াটেকে উচ্ছেদ করে তিনি দু-বছরের মধ্যে নূতন কোন ভাড়াটে সেখানে দিতে পারবেন না without the permission of the controller.

এমনও বিশেষ ক্ষেত্রে হতে পারে হয়ত তাঁর বাড়ীতে দারুণ দুর্ঘটনা ঘটে গেল, তাঁকে হয়ত কলকাতা বা শহর ছেড়ে চলে যেতে হবে—সেক্ষেত্রে কনট্রোলারের পার্মিসন নিতে হবে, উইদাউট হিজ পার্মিসন ভাড়া দিতে পারবেন না। তাহলে পুরানো ভাড়াটে ফিরে আসবে, এগুলি ছিল, কিন্তু মালিকরা নুতন কৌশল অবলম্বন করেছে এবং সেই কৌশল হল এই যে একজন বাড়ীওয়ালার অনেকগুলি ফ্ল্যাট আছে কিম্বা সেই বাড়ীওয়ালার আরো বাড়ী আছে। তিনি একটা বাড়ীতে থাকেন অথবা একটা ফ্ল্যাটে থাকেন এবং তিনি অন্য বাড়ী ভাড়া দেন বা অন্য ফ্লাট ভাড়া দেন। এবার তিনি বললেন আমার সংসার বড় হয়ে গেছে, আমার আরো জায়গার প্রয়োজন ইত্যাদি বলে তিনি এ' ফ্ল্যাট থেকে উচ্ছেদ করলেন অথবা অন্যবাড়ী থেকে উচ্ছেদ করলেন, করার পরে হল কি—তিনি নিজে চলে গেলেন উচ্ছেদ করা ফ্ল্যাটে বা বাড়ীতে এবং তিনি যে ফ্ল্যাটে বা বাড়ীতে ছিলেন সেটা ভাড়া দিয়ে দিলেন। এইভাবে তাঁদের ফাঁকি দেওয়ার পদ্ধতি ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখুন কতরকমের ফাঁকি হতে পারে এবং সেই ফাঁকগুলিতো একবারে বুঁজানো যায় না, অভিজ্ঞতার ভেতর দিয়ে সেই ফাঁকগুলি আমাদের ধরতে হচ্ছে বা বুঁজাবার চেষ্টাকরা হচ্ছে। এই বিধানে করা হয়েছে, তাঁর যদি নিজস্ব কোন বাড়ী থাকে বা নিজস্ব ফ্ল্যাট থাকে তাহলে তিনি যে শুধু সেই বাড়ীটাকেই ভাড়া দিতে পারবেন না তাই নয়, তিনি এখন যে ফ্ল্যাটে আছেন সেটাও তিনি দিতে পারবেন না এবং এখানে আর একটু কড়া করবার জন্য ২ বছরের জায়গায় ১০ বছর করে দিচ্ছি, এর মধ্যে করতে পারবেন না। আর যদি জেনুইন প্রয়োজন হয় তা'হলে মালিকের কোন অসুবিধা হবে না, কারণ তিনি কনট্রোলারের কাছে পার্মিসন নিতে পারেন। এই চারটে বিধান আছে এই বিলটাতে। আমি আশা করব যাঁরা গতবারে আমাদের বিলটাকে সম্পূর্ণভাবে সমর্থন করেছিলেন তাঁরা নিশ্চয় এই বিলটাকে সমর্থন করবেন কারণ এটাকে আরো উন্নত করা হচ্ছে। আমি স্বীকার করব, হয়ত ভবিষ্যতে দেখব আরো ত্রুটি-বিচ্যুতি পাওয়া যাবে। যেমন যেমন ত্রুটিগুলি আমাদের নজরে পড়বে আমরা দরকার হলে আবার সংশোধন করব। কিন্তু এখন পর্যন্ত যে ত্রুটিগুলি আমাদের নজরে এসেছে সেগুলি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে রাখলাম এবং সেগুলি সংশোধনের জন্য এই সংশোধনী বিলে যোগ করা হয়েছে। এই বলে আমি এই বিলটাকে সভার সামনে প্রেস্ করলাম।

**শ্রী এস. এম. ফজলুর রহমান :** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী যে বিলটা এনেছেন তাকে আমি স্বাগত জানাই এবং এটা ভাড়াটিয়াদের পক্ষেই। বাড়ীর মালিকরা যেইচ্ছামত ভাড়াটিয়াদের উচ্ছেদ করে বাড়ীর দখল নিয়ে তাঁদের নিজেদের প্রতি লক্ষ্য রাখেন, অন্যের প্রতি লক্ষ্য রাখেন না এর একটা প্রতিবিধান হওয়া উচিত। এবং আমার মনে হয় সেই মর্মে মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী এই বিলটা এনেছেন কিন্তু এই বিলটা আনা সত্ত্বেও এর মধ্যেও যে কিছু ত্রুটি

বিচ্যুতি দেখা যাচ্ছে সেদিকে আমি মাননীয় ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্লজ ৪-এ সেখানে এক্সপ্ল্যানেশন্-এ দেয়া হচ্ছে "Where the decree was passed in exercise of appellate jurisdiction, an application under this sub-section shall be made to the court of first instance." বর্তমান আইনে যদি ডিক্রি পাশ করে থাকে প্রথম আদালত কোর্ট অব ফার্স্ট ইনসট্যান্স সেটাকে দরখাস্ত করে নাকচ করা যাবে। পুনর্বিবেচনা করে বাড়ী পাবে কি না খাসদখল পাবে কি না এবং অহেতুক যুক্তিসংগত কারণে বেদখল করে নিচ্ছে দখল পাচ্ছে এটা এর মধ্যে আছে।

[3-35—3-45 p.m.]

কিন্তু যেখানে নিম্ন আদালত কোন ডিক্রী দিয়েছে এবং সেই ডিক্রীর বিরুদ্ধে সুপিরিয়র কোর্টে অ্যাপিল করা হয়েছে এবং সেই এ্যাপিলের এখন নিষ্পত্তি হয়নি, সে সব কেসগুলির কি হবে, সে বিষয়ের কিছু উল্লেখ নেই। এখানে আপনি বলছেন যেখানে নিম্ন আদালতে ডিক্রী পাস হয়েছে কিম্বা এ্যাপিল আদালতে—কিন্তু যেখানে এখন ডিক্রী পাস হয়নি, নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে এ্যাপিল চলছে সে কেসগুলির কি হবে সে সম্বন্ধে কোন বিধান এর মধ্যে নেই। সেখানে বলা হচ্ছে শুধু where the decree was passed in exercise of appellate jurisdiction, an application under this sub-section shall be made the court of first instance. নিম্ন আদালত রায় দিয়েছে এ্যাপিল না করলেও হবে এবং নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে এ্যাপিল করলে সে এ্যাপিল যদি ডিক্রী পাস্ হয় তখন এই যে দরখাস্তকারী ঐ ক্লজ ২ তে বলছেন where an application has been made. কিন্তু যেখানে সুপিরিয়র কোর্ট অর্থাৎ এ্যাপিল আদালত নিম্ন আদালতের রায়ের চ্যালেঞ্জ করায় যেখানে এ্যাপিল ঝুলছে পেনডিং রয়েছে সেখানে কি হবে সে সম্বন্ধে কিছু উল্লেখ নেই। তারপর আপনি আইনে বলছেন যে আইনটা পাশ হবার ৬০ দিনের মধ্যে তাকে দরখাস্ত করতে হবে ডিক্রীগুলি সংশোধন করার জন্য, কিন্তু এ্যাপিল যেখানে পেনডিং রয়েছে, কোন ডিক্রী পাশ হয়নি, অর্ডার হয়নি, সেগুলি কি হবে—আমার মনে হয় এগুলি ল্যাকিউনা রয়ে গেছে। তাই আমি মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী মহাশয়কে বলছি যে তিনি এদিকটায় একটু নজর রাখবেন; যদি কষ্ট করে এক্সপ্লানেশান দেওয়া হয় যে where the decree was passed in ex ercise of the appellate jurisdiction, an application under this sub-section shall be made to the court of first instance and where the case is pending to the appellate Court. যেখানে কেস পেনডিং রয়েছে সেখানে এ্যাপিল আদালতে যে দরখাস্ত করতে হবে এবং সে দরখাস্তের রেকর্ড সমূহ নিম্ন আদালতের জজ সাহেব সুপিরিয়র কোর্টে পাঠিয়ে দেবেন সেটা বিবেচনা করা হবে—এখানে পেনডিং কেস সম্বন্ধে কোন কিছু উল্লেখ নেই। কাজেই এইটায় ল্যাকিউনা রয়ে গেছে। এই আইনটা হওয়ায়, ডিক্রী পাস হওয়ায় আমি পুরানো আইনটা পড়ে দেখছিলাম, তাতে এই রকম কোন প্রতিকার পাবার সুযোগ ভাড়াটিয়াদের থাকছে না। দ্বিতীয়তঃ এটায় ল্যাকিউনা আছে কি না সেটা আপনি দেখবেন যে এ্যাপিল আদালত-এ কোন ডিক্রী হয়ে থাকে বা এ্যাপিল আদালত ডিক্রী দেন তখন খরচ সমেত ডিক্রী দেয় এবং বিনা খরচে যদি ডিক্রী দিয়ে থাকে তাহলে সেখানে ডিক্রী যদি রি-ওপেণ্ড হয়ে ক্লজ ২ অনুসারে দরখাস্ত করে—তাহলে সেখানে কষ্ট ক্যালকুলেসান কি করে হবে? কষ্ট সম্বন্ধে বলছেন the Court shall direct the tenant, by order, to deposit in Court the remaining amount together with such further amount as the Court may allow as costs of the suit. কিন্তু হুইচ স্যুট—যেটা প্রসিডিংস হচ্ছে, যেটা রি-ওপেন করে কষ্ট হচ্ছে সেটার খরচ সেই আদালত বহন করবে, না পূর্ব্বে যে আদালতে মোকদ্দমা করে ডিক্রী পেয়েছে খরচ সমূহের সে খরচ

কোর্টের —তাই ডিক্রী ও এই দুটি ব্যাপার নিয়ে যদি দরখাস্ত করে, রি-ওপেন করে তাহলে রিলিফ দিতে পারে কোর্ট—সেখানে কিন্তু কোনরকমভাবে স্পষ্ট নির্দেশ নেই। তারপরে ক্লজ ৪-টা একটু দেখুন। এটার উদ্দেশ্য গুরুত্বপূর্ণ এবং এটাও ল্যাকিউনা বলে আমি মনে করি এবং এই ল্যাকিউনা সম্বন্ধে মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী মহাশয় ভাল করে লক্ষ্য করে সেইভাবে সংশোধন করে বিলটা নিয়ে এলে সর্বাঙ্গসুন্দর হবে বলে আমি মনে করি। এরপরে ক্লজ ৫টা দেখুন। ক্লজ ৫-এর এ্যামেণ্ডমেণ্ট ১৮(এ) একটা সাব-সেকসান (৩) যেটা এ্যাপ্লাই করছেন সেটা আপনি বললেন—যদি কোন ব্যক্তি বাড়ী খারিজ করে বাড়ী দখল করে নেন এবং ঠিক ৩ বছর অতিক্রান্ত হবার পর দখল রইল কিন্তু পরে দেখা যায় বা যখন দখল নিচ্ছে তখন দেখা যায় যে সে ব্যক্তির আরো বাড়ী আছে, সে বাড়ীতে যে আগে আছে সে বাড়ী যদি কোন সময় সে নেয় সেখানে যে ব্যক্তিকে শেষবেলায় উচ্ছেদ করা হল এবং দখল নেওয়া হল সে ব্যক্তিকে দেওয়া হবে। সেই ব্যক্তিকে দেওয়া হবে উইথ দি পারমিসান অব দি কনট্রোলার। অন্য কাউকে দিতে গেলেও কনট্রোলারের পারমিসান নিতে হবে। কিন্তু সেজন্য তাকে অপেক্ষা করতে হবে কি ভাবে না, ১০ বছর। দৃষ্টান্তস্বরূপ, ধরুন যাকে উচ্ছেদ করা হল ভাড়াটে-বাড়ীওয়ালা উচ্ছেদ করেছেন ঠিক আইন অনুসারে, কাজেই পজেসান পেয়ে গেলেন এবং সেই ব্যক্তি উচ্ছেদ হলেন এবং বাড়ী ছেড়ে চলে গেলেন, দেখা গেল সেই ব্যক্তির অন্য বাড়ী ছিল, সেই বাড়ীতে অন্য ভাড়াটে বসেছে। আপনি সংশোধন করছেন, প্রজা যে উচ্ছেদ হয়েছে তাকে সেই বাড়ীটা দিতে হবে। তাহলে কি সেই ভাড়াটে যে উচ্ছেদ হয়েছে সে ১০ বছর ধরে অপেক্ষা করবে যে কোন সুযোগে সেই বাড়ীওয়ালা যে উচ্ছেদ করেছে তার যে অন্য বাড়ী আছে সেখানে অন্য ভাড়া দিচ্ছেন কি না। এটা তাকে দেখতে হবে এবং সেজন্য তাকে ১০ বছর অপেক্ষা করে থাকতে হবে। এটা কি সম্ভব? যদি ধরুন সেই ভাড়াটে উচ্ছেদ হবার পর অন্য কাউকে বাড়ী ভাড়া দিয়ে থাকে তাহলে তার কি হবে? তাহলে কি সেই বাড়ীটা ছেড়ে দিয়ে ঐ বাড়ীটা দিলে সে ঐ বাড়ীটা অফার করবে। অফার করলে যে ব্যক্তি উচ্ছেদ হয়েছে সে যদি এ্যাকসেপ্ট না করে তাহলে তার প্রতিকার কি হবে। তাহলে দেখা যাচ্ছে এই সবগুলি আইনের ল্যাকুনা রয়েছে। আইনের যে সমস্ত ফাঁক রয়েছে সেগুলিকে টাইট দিতে গিয়ে সেই ফাঁকই রয়ে যাচ্ছে। আর এই যে ২ বছরের জায়গায় ১০ বছর করতে চাইছেন এতে ফল কিছুই হবে না। যদি কোন অসাধু বাড়ীওয়ালা হয় তার যদি অন্য বাড়ী থাকে তাহলে নতুন বাড়ী খরিদ করে সে দখল নিয়ে আবার যদি উচ্ছেদের ডিক্রী পেয়ে থাকে তাহলে সে বাড়ীতে টেনেণ্ট হিসাবে অন্য কাউকে বসাবে না, জচ্চুরি করে উইথ পারমিসান সেখানে বাস করতে দেবে অথচ গোপনে গোপনে তার কাছ থেকে ভাড়া নেবে। কাজেই ২ বছর আর ১০ বছরের ঠিক নীতিগত বা সুবিধাজনক পার্থক্য কিছু নেই। যদি কিছু সুবিধা থেকে থাকে তাহলে সেটা সম্পূর্ণভাবে বাড়ীওয়ালার পক্ষে যাবে। আগে যে ২ বছর ছিল তাতে যত তাড়াতাড়ি ধরা পড়তে পারতো এখন ১০ বছর হলে যে উচ্ছেদ হয়েছে সে ধরতে পারবে না। তা ছাড়া এর মধ্যে জাদুর খেলা খেলে সেখানে কোন লোককে বসিয়ে দিয়ে পুরানো বা আগেকার বাড়ীতে বসিয়ে দিয়ে উইথ পারমিসান তার কাছ থেকে ভাড়া না নিয়ে অনায়াসে সে ১৬ আনা ভাড়া বাড়ীওয়ালাকে এবং মিউনিসিপ্যালিটিকে ফাঁকি দেবার সুযোগ সুবিধা পাবে। এই ল্যাকুনাগুলির দিকে দৃষ্টি রেখে যদি মাননীয় মন্ত্রিমহাশয় সংশোধন করার কথা বিবেচনা করেন তাহলে আমি মনে করি যে, যে উদ্দেশ্যে বিলটি আনা হচ্ছে সেই উদ্দেশ্য সার্থক হবে। তা না হলে আমার মনে হয় এটা অক্ষম এবং অকর্মণ্য আইন হিসাবেই থাকবে বা যাদের স্বার্থের জন্য এটা করা হচ্ছে তারা কোন প্রতিকার পাবে না।

[3-45—3-55 p.m.]

**Shri Ram Krishna Saraogi :** मिस्टर स्पीकर सर, माननीय मंत्री महोदय ने पश्चिम बंगाल प्रीमिसेस टेनेन्सी अमेण्डमेन्ट बिल जो सदन के सामने रखा है, उसके बारे में अगर मैं कहूँ, कि मैं माननीय मंत्री महोदय के उद्देश्य को स्वीकार करता हूँ किन्तु उन्होंने यह जो अमेण्डमेन्ट बिल रखा है, वह बिल अधूरा है, तो शायद मैं पश्चिम बंगाल के लाखों किरायादारों के साथ उचित न्याय कर सकूँगा। मकान की आवश्यकता एक मूलभूत आवश्यकता है। किन्तु जहाँ अनाज, कपड़ा, शिक्षा और चिकित्सा के बारे में सरकार के द्वारा आवश्यक ध्यान दिया जाता है, वहीं हम देखते हैं कि मकानों या निवास की समस्या पर उसका ध्यान पर्याप्त नहीं लग रहा है।

पश्चिम बंगाल प्रीमिसेस टेनेन्सी ऐक्ट १९५६ में पारित हुआ था। और इसके बाद १४ वर्ष बीत चुका है। इन १४ वर्षों के भीतर जैसे जैसे जन-संख्या बढ़ी है, वैसे ही मकानों की आवश्यकता भी बढ़ी है और आप अच्छी तरह से जानते हैं कि उस अनुपात से मकानों की संख्या में वृद्धि नहीं हुई है। परिणाम स्वरूप आज जो मकान उपलब्ध हैं, उनपर भारी चाप पड़ता है। एक-एक कमरे के लिए सैकड़ों किरायेदार उत्सुक रहते हैं। और इस तरह से मकान मालिक को मौका मिल जाता है, उनसे मनमानी सलामी और मनमानी पगड़ी लेने का। एक साधारण कमरे की सलामी अगर मैं केवल बड़ा बाजार क्षेत्र के बारे कहूँ कि ५ हजार रुपये तक हैं। एक एक दुकान की सलामी अगर सही सही आँका जायतो २० और २५ हजार रुपये हैं। और इसके फल स्वरूप मकान मालिक और किरायादार के जो मधुर संबंध बरसों से रहे हैं, वे बिगड़ते चले जा रहे हैं। मकान मालिक आज इस फेर में रहता है कि किस तरह से किरायादार को अपने मकान से निकाल देता कि उसको अधिक भाड़ा मिले और सलामी भी मिले।

तो आज आवश्यकता इस बात की ज्यादा है कि हमारे माननीय मंत्री महोदय इस बड़े प्राब्लम को उचित शान्तिपूर्ण ढंग से विचार कर हल करें। १९५६ के एक्ट के बारे में फिर से विचार करें। उसमें जहाँ जहाँ आवश्यक समझें वहाँ अमेण्ड करें। क्योंकि जो ऐक्ट १४ वर्ष पहले पास हुआ था उसके आधार पर आज १९७० में बदली हुई परिस्थितियों में काम करना मेरी राय में मिस्टर डिप्टी स्पीकर सर, बड़ा मुश्किल हो गया है। इसके साथ ही एक बड़ी आवश्यक चीज है, जिसको हमारे माननीय मंत्री महोदय ने कहीं भी

*उल्लेख नहीं किया है, वह सबलेटिंग के बारे में।* सेक्शन १४ ए पश्चिम बंगाल प्रीमिसेस एक्ट किसी भी प्रकार के सबलेट का परमिशन नहीं देता है। वर्तमान समय में मकानों की कमी को ध्यान में रखकर माननीय मंत्री महोदय सबलेट के बारे में एक आवश्यक अमेण्डमेन्ट, अगर सम्भव हो, तो इसी सेशन में पेश करें।

माननीय मंत्री महोदय ने जो बिल आज सदन के सामने रखा है, उसके संबंध में मैंने तीन अमेण्डमेन्ट रखे हैं। एक चार नम्बर क्लाज के बारे में है। जिसके अन्तर्गत कोर्ट को यह छुट दी गई है कि वह अगर चाहे तो एक किरायादार को उसपर जितना भी भाड़ा बाकी है, उसे दो महीने के अन्दर देने का आर्डर कर सकता है। इस सम्बन्ध में मेरा अमेण्डमेन्ट यह है कि दो महीने के स्थानपर तीन महीने का प्रायोजन रखा जाय। इस क्लाज की आवश्यकता इसलिए अधिक है, मिस्टर डिप्टी स्पीकर सर, क्योंकि एक किरायेदार जो एक सौ, दो सौ या पाँच सौ रुपया कमाने वाला है वह अदालत में केश फाइल करता है और मामला लड़ने में उसका काफी रुपया खर्च हो जाता है। साथ ही उसकी गलती भी नहीं है। मकान का किराया मकान मालिक खुद वसूल नहीं करना चाहता है। वह तो किरायादार को परेशान करना चाहता है। तो अगर दो महीने के बजाय तीन महीने में बकाया भाड़ा देने का समय मिले तो तो मैं समझता हूँ कि किरायादारों को सहुलियत मिलेगी।

मेरा दूसरा अमेण्डमेन्ट क्लाज ५ के बारे में है। वह यह है कि अगर कोई मकान मालिक अपने खाली कराये हुए मकान या फ्लेट को १० वर्ष के भीतर फिर से भाड़े पर देता है, तो पुराने किरायादारको तीन महीने के भीतर रेन्ट कन्ट्रोलर के पास अपील करने का हक है। मैं आपके माध्यम से माननीय मंत्री महोदय से कहूँ कि अगर कोई मकान मालिक इस कानून को तोड़कर अपने मकान या फ्लेट को भाड़े पर दे देता है तो इसकी जान-कारी तीन महीने तक होना असम्भव है। तीन महीने तक तो मकान मालिक विलही नहीं देता है। फिर किस तरह से पुराने किरायेदार के लिए सम्भव होगा कि वह रेन्ट कन्ट्रोलर के पास आवेदन करें। तो इसके लिए तीन महीने के स्थान पर छ महीने का समय रेन्ट कन्ट्रोल में अपील करने का रखा जाय। कन्ट्रोलर के पास अपील करते समय पूरे तथ्य होने जरूरी हैं। प्रमाण साथ होने की जरूरत है इसलिए पुराने किरायेदारें के लिए यह आवश्यक है कि वह पूरी जाँच-पड़ताल करके ही कन्ट्रोलर के पास जावे। इसके लिए तीन महीने का

समय बहुत ही कम है। उसके इन तीन महीनों में पूरा पता लगाना मुश्किल हो सकता है। अतएव छ महीने की अवधि रखना बहुत ही उचित और न्याय संगत होगा।

अन्तिम अमेण्डमेन्ट क्लाज ७ के बारे में है। अगर कोई मकान मालिक इस कानून के प्राभीजन का उल्लंघन करता है, तो कन्ट्रोलर उस मकान मालिक को अधिक से अधिक एक हजार रुपया फाइन कर सकता है। अब मैं माननीय मंत्री महोदय से कहना चाहूँगा कि अगर वे समझते हों कि एक मकान मालिक के लिये एक हजार रुपया फाइन देना पर्याप्त है तो उनका यह समझना उचित नहीं है। क्योंकि एक एक फ्लैट की सलामी जहाँ हजारों-हजार रुपया है, एक मकान का जहाँ लाखों में लेन-देन होता है, वहाँ उस मकान मालिक के उपर अगर वह कानून तोड़ता है तो एक हजार रुपया फाइन निर्धारित करना मेरी राय में उस मकान मालिक के हौसले को बढ़ाना देने के सिवाय और कुछ नहीं हो सकता है। अगर आनरेबल मिनिस्टर साहब मकान मालिक के गलत कामों को रोकना चाहते हैं तो उनके लिए यह लाजिम होगा कि वे उन मकान मालिकों पर इतना अधिक फाइन रखें, जिससे उनकी हिम्मत ही न हो कि वे कानून को तोड़ें। अगर हजार, पाँच सौ रुपया फाइन रख कर आप कानून का पालन करवाना चाहते है, तो मैं आपके माध्यम से माननीय मंत्री महोदय से साफ साफ शब्दों में कहुँगा कि इस कानून का पालन करनेवाला कलकत्ता शहर में एक भी मकान मालिक नहीं मिलेगा। और अगर किसी ने कानून तोड़ा तो एक हजार रुपया फाइन चुका करके २५, ५० हजार या एक लाख रुपया सलामी हासिल करेगा।

इसलिए मैं आपके माध्यम से माननीय मंत्री महोदय से अनुरोध करता हूँ कि एक हजार रुपया फाइन के स्थान पर जो हमने अमेण्डमेन्ट १० हजार रुपये का रखा है, उसे मेहरबानी करके स्वीकार करें।

[ 3-55—4-05 p.m. ]

**ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গনিঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিল এনেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই বিল সমর্থন করে ২।১টি মাইনর অবজারভেসন আমি করতে চাচ্ছি এবং আশা করছি মন্ত্রিমহাশয় যখন উত্তর দেবেন তখন এগুলি পরিষ্কার করবেন। আমার প্রথম কথা হচ্ছে এই আইন যখন কার্যকরী হবে তখন ছোট ছোট বাড়ীওয়ালা বিশেষ করে যারা বিধবা এবং অনাথ, যাদের দেখাশোনা করবার কেউ নেই, যাদের অল্প আয় রয়েছে সেখানে যদি দুষ্ট ভাড়াটিয়া ভাড়া না দিয়ে থাকতে চায় তাহলে তাদের প্রোটেকসন

দেবার কি ব্যবস্থা করছেন সেটা একটু ব্যাখ্যা করে বলবেন। তারপর বিলের সেক্সন এইট, সাব-সেক্সন ওয়ানে টু ইয়ার্সের জায়গায় যে ১০ বছর রেখেছেন একে আমি স্বাগত জানাচ্ছি কারণ এটা খুব ভাল করেছেন। কিন্তু সেক্সন ১৮(১)-কে আপনি সংশোধিত করে ২ বছরকে ১০ বছর করে আর যে কিছুই করেননি এটা আমার কাছে একটু অদ্ভুত লাগছে। একটা সেণ্টেন্সে ইট রান্স আপটু সেভেনটিন লাইন্স। আইনজীবীরা হয়ত বুঝতে পারবেন, কিন্তু যারা লেম্যান তাদের পক্ষে সমস্ত জিনিস কালেক্ট করা অসুবিধা। এই জিনিসটা একটু ভেঙ্গে তৈরী করলে ভাল হোত। আমি শেষ ৪টি লাইনের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে রয়েছে direct the landlord to pay such tenant in possession of the premises if not relet within 14 days of the date of order or to pay him compensation as may be deemed adequate in case the premises are reletted. এই কমপেনসেসনটা কি হবে তার কোন ব্যাখ্যা এখানে করা হয়নি। আমি আশা করব রুলস্-এর মধ্যে এগুলি থাকবে। যে ভাড়াটিয়াকে উচ্ছেদ করা হয়েছে তাকে ইমিডিয়েটলী থাকবার জন্য নিশ্চয়ই কিছু ব্যবস্থা করতে হয়েছে অর্থাৎ নিশ্চয়ই তাকে অন্য বাড়ীতে যেতে হয়েছে। সেখানে আমার বক্তব্য হচ্ছে এই যে সে অন্য বাড়ীতে উঠে গিয়েছে তারজন্য তার যে খরচ হয়েছে অর্থাৎ যে এক্সট্রা খরচ হয়েছে সিফটিং-এর জন্য, সেলামীর জন্য সেগুলি সে পাবে কিনা? তারপর রয়েছে if not relet within 14 days of the date of order or to pay him such compensation. আমি মনে করি এখানে অর না হয়ে এ্যাণ্ড হলে ভাল হোত। যিনি উচ্ছেদ হয়েছেন তাঁকে ১৪ দিন বাদে এই আইনের সাহায্যে পুরান জায়গায় আসতে বাড়ী-ওয়ালাকে বাধ্য করাচ্ছেন। কিন্তু আমি মনে করি এই ১৪ দিনের জন্য তাঁর যে খরচ হয়েছে তারজন্য তাঁকে কম্পেনসেসন দেওয়া উচিত কেননা সে নিশ্চয়ই এই কদিন কোথাও থেকেছেন—ফুটপাতে থাকেন নি। এগুলি কোন বেসিক পয়েণ্ট নয়, মাইনর পয়েণ্টস্ কাজেই আমি আশা করি রুল ফ্রেম করবার সময় আপনি এর প্রতি দৃষ্টি দেবেন যাতে ছোট ছোট গরীব বিধবা অনাথদের কষ্ট না হয় এবং কিসের ভিত্তিতে কম্পেনসেসন দেবেন সেটা ডিটেলস্-এ বলবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসনতকুমার রাহা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে বিলটি পুনরায় আমাদের কাছে এসেছে ভাড়াটিয়াদের স্বার্থে, উচ্ছেদের বিরুদ্ধে, যদিও ভাগচাষীদের মত উচ্ছেদ বন্ধ করা এই বিলের দ্বারা সম্ভব নয় তবুও এই বিলের দ্বারা বিশেষ করে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত যারা ভাড়াটিয়া রয়েছে তাদের উপকার হবে, এই আইন তাদের রক্ষাকবচ হবে। আইনে যদি লুপহোলস্ থাকে, ল্যাকুনা থাকে তাহলে যেমন জোতদাররা এবং বড়লোকরা সেই সুযোগ নিয়ে কৃষককে শোষণ করে ঠিক তেমনি এই একচেটিয়া সম্পত্তির যারা বড় বড় মালিক রয়েছে তারাও সেই রকম শোষণ করবে। শহরে সার্ভে করলে দেখা যাবে বড়বড় মালিকের সংখ্যা খুব কম। তার বিরুদ্ধে এরকম একটা অস্ত্র প্রয়োগ করা উচিত যুক্তফ্রণ্ট সরকারের এবং সেই অস্ত্র এতদিন পরে আমরা পেয়েছি। কিন্তু এই অস্ত্র প্রয়োগ করার সংগে সংগে আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ভাড়া দিয়ে যারা বাস করেন মালিকের ষড়যন্ত্রের ফলে, হয় ভাড়া বৃদ্ধির জন্য তাদের ষড়যন্ত্র চলে এবং এই বৃদ্ধি স্বীকার না করলে, ভাড়া নেওয়া ওরা পছন্দ করে না এবং ভাড়ার এম. ও. রিফিউজ করেন এবং যার বলে রেণ্টকনট্রোলের মাধ্যমে যেতে হয়। প্রথমতঃ ভাড়া পেতে গেলে সেলামী দিতে হয়। ভাড়াটিয়াদের ব্যাপারে আমাদের দেশে এখনও ফিউডালিজ্‌ম্ বা সামন্তবাদ চলছে। ক্ষেতে খামারে যান, সেখানে গিয়ে দেখবেন যে চাষীদের নানা ধরনের সমস্ত প্রথায় আদায় করা হয়। ঠিক তেমনি ভাড়াটিয়াদের ব্যাপারেও সমস্ত জায়গায়—ছোট দোকান বলুন, বড় দোকান বলুন, ফ্ল্যাট রেণ্ট বলুন, দোতলা বাড়ীর রেণ্ট বলুন, পাঁচতলা বাড়ীর রেণ্ট বলুন, বড় বড় সেলামী দিতে হবে। এই সেলামীর কায়দা বন্ধ করার জন্য জানি আইন করে করা যায় না, কিন্তু কেন

আইনের মাধ্যমে আসবেনা এই সেলামী প্রথা বন্ধ করা। মাসে মাসে ভাড়া দিয়ে বাড়ী ভোগ করবে, সেলামী দেবে কেন। যেখানে এই সেলামী প্রথা ভাড়াটিয়াকে দিতে হবে, তার বিরুদ্ধে আইন আসলে আমি মনে করতাম যে আর একটা অস্ত্র আমাদের হাতে এলো। সংগে সংগে আর একটা কথা বলতে চাই যে রেণ্ট কন্‌ট্রোলের মারফত যখন কোন গরীব ভাড়াটিয়া যান, তখন তাকে প্রথমে ভাবতে হয় চার পাঁচ টাকা রেণ্ট কন্‌ট্রোলের মানি অর্ডার করবে, মানি অর্ডার হবে না, মানি অর্ডার করার কায়দা নেই, তখন রেণ্ট কন্‌ট্রোলে মাসে মাসে প্রত্যেক মাসের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে যে ভাড়া দিতে হবে, সেখানে প্রত্যেকটি রেণ্ট কন্‌ট্রোলের চালানে তাকে এক টাকা করে ফি দিতে হবে এবং সংগে সংগে মহুরী ফি দিতে হবে, তার জন্য একদিন কামাই করতে হবে ট্রেজারী অফিসে আর একদিন কামাই করতে হবে ব্যাঙ্কে কারণ রবিবার ভাড়া জমা নেওয়া হয় না, শনিবার নেওয়া যাবে, তারজন্য তাকে অফিস বন্ধ করতে হবে। ট্রেজারী এবং ব্যাংকের কাজ একদিনে সম্পূর্ণ করা যায় না। কাজেই ট্রেজারীতে চালান পাশ করিয়ে তার পরের দিন ষ্টেট ব্যাংকে গিয়ে টাকা জমা দিতে হবে। সুতরাং একটা লোকের পাঁচ টাকা ভাড়া জমা দিতে ৪৷৷০ টাকা খরচ হয়ে যায়। তারপর এক টাকা লাগবে ষ্ট্যাম্প এবং আর এক টাকা লাগবে মহুরী খরচ। এই যে পাঁচ টাকার জায়গায় সাতটাকা দিতে হলো—আমি রেভিনিউ মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, কারণ এটা আমরা বুঝতে পেরেছি যে ব্যাপার খুব কম সংখ্যায় হলেও এইরকম চলছে। আমরা গরীব লোকের পক্ষ থেকে, দীন মজুরের পক্ষ থেকে, মধ্যবিত্তের পক্ষ থেকে, অফিসের কেরাণী এবং কোর্ট কাছারীর উকিল প্রভৃতি যারা ভাড়া দিয়ে বাস করেন তাদের পক্ষ থেকে এসেছি। তাদের পক্ষে অফিস কাছারী বন্ধ করে ট্রেজারীর চালানের ব্যবস্থা করা সম্ভব হয়ে ওঠে না। সেইজন্য তাদের মহুরী এ্যাপয়েণ্ট করতে হয়। ঐ মহুরীরা দুদিন খাটলে দুদিনের ফি দিতে হয়। সুতরাং একটাকা চালানের ষ্ট্যাম্প দিতে হবে, একটাকা রেণ্ট কন্‌ট্রোলে লিখতে হবে, এই সব নানা ধরনের হাঙ্গামার মধ্যে তাদের পড়তে হয়। আমি তাই বলছিলাম যে সত্যই এমন কোন রুলস্‌ করা যায় কি না যাতে এম. ও. করে টাকা পাঠানো যায়। গভর্ণমেণ্ট এটার একটা ব্যবস্থা করুন। এই এম. ও.'র মাধ্যমে গভর্ণমেণ্টের একটা রেভেনিউ-এরও ব্যবস্থা হবে। রেণ্ট কনট্রোল অফিসারের কাছে যদি এম. ও. করা যায় তাতে ক্ষতি কি, তিনিই যদি চালান প্রভৃতি যা কিছু করণীয় তা যদি করে দেন তাতে আমার মনে হয় ভাল হবে। যদি এর মধ্যে হাজার টাকা, ৫০০ টাকা ভাড়া আসে, তবে সেই সমস্ত চালান অফিস থেকে করে নেবেন, তাতে আমার মনে হয় খুব উপকার হবে। সেই জন্য আমি বলছি আইন না করেও যদি এই রকম রুলস্‌ করতে পারি যে রেণ্ট কন্‌ট্রোলে ভাড়া দেবার আইনটা কিছুটা পরিবর্তন করে যদি এমন করা যায় যে এম. ও.'র দ্বারা রেণ্ট কন্‌ট্রোলে ভাড়া জমা দেওয়া যেতে পারে বা কোন চালানে এত টাকা ঠিক করে দেওয়া হোক যে পাঁচ টাকার নিচে যাদের ভাড়া লাগবে তাদের ষ্ট্যাম্প ফি ফ্রি হয়ে যাবে। চারটাকা, তিনটাকা, একটাকা, এই সমস্ত যে চার্জ—যে ষ্ট্যাম্প ফি লাগে, এটা গরীবের পক্ষে বিশেষ ভাবে ট্যাক্স হয়ে যাচ্ছে। যে পাঁচটাকা ভাড়া দেয়, সেখানে আরও ৫টাকা বহন করা মাসে মাসে—যদিও এর সংখ্যা অল্প, তবুও একটা অত্যন্ত গর্হিত কাজ বলে আমি মনে করি বর্তমান যুগে। কাজেই এই দুটি পয়েণ্ট আমি বলতে চাই—এই আইনটাকে আমি সমর্থন করি এবং সঙ্গে সঙ্গে আইনের দিক দিয়ে আমি সেলামী প্রথা বন্ধ করার জন্য ব্যবস্থা করার কথা বলছি।

[ 4·05—4·15 p. m. ]

আর রেণ্ট কন্‌ট্রোলের মাধ্যমে যে গরীব মধ্যবিত্ত ভাড়া দিতে চায় তাকে যাতে এক্সট্রা ফাইন দিতে না হয় তার ব্যবস্থা করা উচিত। আর একটা কথা আমি বলতে চাই, ভাড়াটিয়াদের ক্ষেত্রে একটা কেস আছে যেটা ফজলুল রহমান সাহেব বলেছেন ২ বছরের জায়গায় ১০ বছর করার কথা—সেটা কতটা যুক্তিযুক্ত হবে আমি বুঝতে পাচ্ছি না। ২ বছরের জায়গায় ১০ বছর করলে ১০ বছরের সুযোগ নিয়ে মালিক গোপন ষড়যন্ত্র করে ভাড়াটিয়াকে ফাঁদে ফেলতে পারে কিনা, মালিক সুবিধা

পেতে পারে কিনা সেটা মন্ত্রিমহাশয় একটু ভেবে দেখবেন। ডাঃ গনি একটা খুব মূল্যবান কথা বলেছেন যে অনেক মধ্যবিত্ত পরিবার আছে যারা ৫।১০ টাকায় ভাড়াটিয়া বসিয়ে নিজেরা পাশে একটা কুঁড়ে ঘরে বাস করছেন, সেই ভাড়া নিয়ে তাদের সংসার চলে, তাদের যাতে প্রোটেকসান দেওয়া যায়, তাদের যাতে ভাড়াটিয়ারা উৎপাৎ করতে না পারে তার ব্যবস্থা করা উচিৎ। সে সব ক্ষেত্রে যাতে জাষ্টিস দেওয়া যায় তারজন্য কিছু রুলস্ ফ্রেম করা উচিত। এই বলে আমি বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Kalimuddin Shams:** मिस्टर डिप्टी स्पीकर सर, आज जो किरायादारों के सिलसिले में बिल आया है, इस बिल का समर्थन करते हुए, हम एक बात बताना चाहते हैं कि कलकत्ता जैसे शहर में जहाँ ज्यादातर ऐसे लोग बसते हैं, जिनका कोई घर-दरवाजा नहीं है। वे लोग भाड़े के मकान में रहते हैं। भाड़े के मकानों में रहने की वजह से उन्हें मकान-मालिकों से बहुत सी बातों में दुश्वारी होती है। मिसाल के तौर पर पहले तो इस बात की कोशिश की जा रही थी कि किसी न किसी तरह से किरायादारों को घर से निकाल दिया जाय—डिफाल्टर ग्राउण्ड से या कोई दूसरे ग्राउण्ड से। लेकिन अब दूसरी बात होती है। वह यह होती है कि जिस घर में किरायादार रहता है, उस घर को वर्षों वर्ष तक मरम्मत नहीं करवाते। नतीजे के तौरपर किरायेदार के पास कोई ऐसी चीज नहीं रहती जिसकी वजह से वह अपने घर को रीपेयर करा सके।

हाँ, इस कानून में—इस लाभें रेन्ट-कन्ट्रोल में दरख्वास्त देने की इजाजत दी गई है। मगर मैं मिस्टर डिप्टी स्पीकर सर, आपको बताना चाहता हूँ कि रेन्ट कन्ट्रोल में दरख्वास्त देना, रीपेयर का आर्डर लेना, यह सुनने में बहुत आसान काम मालुम हो रहा है लेकिन आपको सुनकर ताज्जुब होगा कि अगर दरख्वास्त दिया जाय घर मरम्मत के लिए तो उसका फैसला होने में कम से कम एक साल का टाइम लगता है। एक साल में घर के रीपेयर होने का फैसला रेन्ट कन्ट्रोल से होगा। और इस बीच मालुम हुआ कि मानसून में वह घर गिर गया है। बाड़ीवाला उच्छेद करना चाहता था और वह अगर मुकदमा करके उच्छेद नहीं करा सकता है तो किरायादार को बाड़ी गिरा कर उच्छेद करा लेता है।

इस बिल के अन्दर जो रैयत हो अगर उसका घर गिर गया हो तो उसे इस बात की इजाजत मिलनी चाहिए कि वह जो किराया देता है, उसी किराये से ही वह घर की मरम्मत करा सके। और सिम्पुल रेन्ट कन्ट्रोल को अगर

वह किराया देता है तो रेन्ट कन्ट्रोल को खबर करके घर बनाने का इजाजत होनी चाहिए। जो वाउचर जो रसीद है, वह रेन्ट कन्ट्रोल के पास जमा दे दे और उसी में से किराया इन्स्टालमेन्ट के हिसाब से उसे काटा जाया ताकि वाड़ीवाला केस करके किरायादार को न उठा सके।

मिस्टर डिप्टी स्पीकर सर, इस कलकत्ते में हम बहुत से एकजाम्पुल दे सकते हैं। वाड़ीवाले ऐसा कहते हैं कि कोई अगर कमजोर आदमी किसी खोला वाड़ी में रह रहा है, तो रात में १०-२०-५० गुण्डों को ठीक करके रात में ही घर के खोला को उतरवा लेते हैं और फिर उसे इजाजत नहीं देते हैं, बनाने के लिए। जब यहाँ युक्त फ्रान्ट की सरकार बनी है, तब भी अगर रैयत को यहाँ तकलीफ होगी तो हमें कहना पड़ेगा कि इससे कोई भी फायदा नहीं पहुँचेगा। अगर आप कलकत्ते के ७० परसेन्ट घरों में जाय तो वाड़ीवाले से और टेनेन्ट के बीच डिस्पूट-झगड़ा पायेंगे। वाड़ीवाला कहीं फिल्टर्ड वाटर कहीं अनफिल्टर्ड वाटर टेनेन्ट के इलाके से काट देता है और अगर टेनेन्ट फिल्टर्ड या अनफिल्टर्ड वाटर का कनेक्शन लेना चाहता है तो तो उसे नहीं मिलता है। कानून के जरिए उसे मिलना चाहिए। कानून के जरिए उस टेनेन्ट को प्रोटेक्शन दिया जाना चाहिए। टेनेन्ट को इस बात का अधिकार दिया जाय कि वह सिविक एमिनीटीज को हासिल करने के लिए रेन्ट कन्ट्रोल में न जाकर बल्कि कोई ऐसा रूल बना दिया जाय, जिस रूल के जरिए वह अपने खर्च से पूरा करके उस काम को करके अपने रहने-सहने का इन्तजाम करले।

मिस्टर डिप्टी स्पीकर सर, कलकत्ता के अन्दर जितना घर भाड़ा में है, उसमें कलकत्ता कारपोरेसन के स्कुल हैं। कलकत्ता कारपोरेसन ने फ्री प्राइमरी एजुकेशन सिस्टम जो किया है, उस में फ्री प्राइमरी एजुकेशन बहुत से घर, बहुत सी बिल्डिंगों रेन्ट में लेकर स्कुल चलाती है। आपको सुनकर ताज्जुब होगा मिस्टर डिप्टी स्पीकर सर, वहीं बिल्डिंगें जो कलकत्ता कारपोरेसन के अन्दर रेन्टेड हैं, वो आपके इस बिल के अन्दर नहीं आती हैं। वेस्ट बंगाल प्रीमीसिस टेनेन्सी ऐक्ट के अन्दर कलकत्ता कारपोरेसन का कोई भी मकान—कोई भी घर जो एजुकेशन परपज के लिए लिया गया है, इस में इन्क्लूडेड नहीं है। होना तो यह चाहिए कि कलकत्ता कारपोरेसन का जितना भी रेन्ट में लिया हुआ मकान है—बिल्डिंग है जिनमें एजुकेशन परपज सालभ हो रहा है, डिस्पेन्सरी है, चैरिटेबुल इन्स्टिट्यूट है, वह वेस्ट बंगाल प्रीमीसिस टेनेन्सी एक्ट के अन्दर

इन्क्लूड कर दिया जाय ताकि कलकत्ता के लैण्डलर्ड कलकत्ता कारपोरेसन के उन स्कूलोंको—उन इन्स्टिट्युशन को जिसे वे भाड़े में दिये हैं, उसे वे इजेक्ट नहीं कर सकें। मिस्टर डिप्टी स्पीकर सर, मैं कलकत्ता कारपोरेसन का कौन्सिलर हूँ। उस के वाते मुझे मालुम है कि अभी कलकत्ता कारपोरेसन में कम से कम ४०-५० विल्डिंग केस चल रहे हैं। और ऐसे केस में हमेशा वाड़ीवाले जीत जाते हैं। रोजाना एक न एक केस में कलकत्ता कारपोरेसन के खिलाफ में डिग्री होती है और लैण्डलर्ड अपना पजेशन ले लेता है। और कारपोरेसन को डिस्पजेस कर देता है। प्रेक्टीकली कारपोरेसन जेनरल इमेनीटीज के जनरल फायदे के लिए तमाम इलाकों में अलग अलग विल्डिगों को किराया में लेती है और एजुकेशन देती है।

इसलिए मैं अपने मिनिस्टर साहव से गुजारिस करूँगा कि इस विल के अन्दर ऐसा इन्तजाम करें जिसके जरिए कलकत्ता के वाड़ीवाले—कलकत्ता के विल्डिंग ओनर्स कलकत्ता कारपोरेसन को उन विल्डिंगों से इजेक्ट नहीं करा सकें, जिन विल्डिंगों में कलकत्ता कारपोरेसन के स्कूल जारी हैं। यही कहकर मैं इस विल का ताइद करता हूँ और इसका समर्थन करता हूँ।

हम उम्मीद करते हैं कि हमने जो दो प्वाइन्ट रखे हैं—एक तो मकान वाले को इस वात की इजाजत दी जाय कि अगर वह टूट गया है या वे मरम्मत है और अगर सिविक इमीनेटीज नहीं मिलती है तो उसे वनाकर उसके खर्च को किराये में से काट ले।

दूसरा प्वाइन्ट यह है कि कलकत्ता कारपोरेसन ने जिन जिन विल्डिंगों को रेन्ट में लिया है, उन्हें वेस्ट वंगाल प्रीमीसेस टेनेन्सी एक्ट में ला करके कलकत्ता कारपोरेसन के सैकड़ो प्राइमरी स्कूलों को खत्म होने से वचाया जाय।

[ 4-15—4-25 p.m. ]

**শ্রীসুবোধ গোপাল গুহাইত :** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এটা গতবারে যে ছুটো এ্যামেণ্ডমেণ্ট বিল আনা হয়েছিল, প্রেমেসেস টেনেন্সী এ্যাক্টের এ্যামেণ্ডমেণ্ট করে এবার সেবারকার বিলে যেসব ইম্পারফেকসান রয়ে গিয়েছিল সেগুলোকে কমপ্লিট করবার জন্য, দূর করবার জন্য এটা আনা হয়েছে মাননীয় মন্ত্রিমহাশয় একথা প্রথমেই বলেছেন এবং ভাড়াটিয়াদের যে অসুবিধা তা দূর করবার জন্য এইটা যে পরপর আনা হচ্ছে এর জন্য মন্ত্রিমহাশয়কে অভিনন্দিত করছি এবং সম্পূর্ণভাবে বিলকে সমর্থন করছি। তবে সমর্থন করেও এই বিলের ডিসক্রিপেনসি বা ডিফিক্যাল্টি সম্বন্ধে কিছু বলতে চাই। আমাদের একজন মাননীয় বন্ধু এই বিলের লিগ্যাল ডিসক্রিপেনসি সম্বন্ধে বলেছেন আমি সে সম্পর্কে নূতন করে উল্লেখ করতে চাই না। তিনি বলেছেন এই বিলের ৬০ দিনের

মধ্যে এ্যাপীলের পর উচ্ছেদ বন্ধ হয়ে যাবে। তবে যেসব কেস চলছে, এ্যাপীল পেনডিং আছে, সেগুলোর কতদিনের মধ্যে দরখাস্ত করতে হবে, সে সম্পার্কে বলা নেই। এই বিষয়টি যে উথাপন করা হয়েছে, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। যেসব কেস এখন আছে এবং পরে হবে, এ্যাপীল ডিসিসান হবে, তার কত দিনের মধ্যে দরখাস্ত করতে হবে, তার উল্লেখ নেই। এটা না থাকার দরুণ ভবিষ্যতে যে সব কেস হবে তার অসুবিধা হবে। সুতরাং ব্যবস্থা থাকা উচিত ছিল বলে মনে করি।

আর একটা বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। এ্যামেণ্ডমেণ্ট বিলের সেকসান ফাইভ, সেকসান ১৮ এ্যামেণ্ডমেণ্ট সেকসান ফাইভের সাব-সেকসান ৩-এর একেবারে শেষে বলা হয়েছে, যদি কনট্রোলারের পারমিশন না নিয়ে অন্য লোককে ভাড়া দেয় তাহলে টেনেণ্ট দরখাস্ত করলে কমপেনসেসান দেওয়া হবে। এখানে ভাষা দেওয়া হয়েছে"By order, direct the landlord to pay to such tenant such compensation as may be deemed adequate by the controller in all circumstances of the case''—এটা সম্পূর্ণ ভেক। এর দ্বারা কিছু ডিসাইড করার অসুবিধা হবে। তারজন্য যদি গাইডিং প্রিন্সিপল না থাকে, বলা না থাকে রুলের দ্বারা ঠিক করবে এবং প্রেসক্রাইবড্ অথরিটি ঠিক করবে, এখানে যা বলা আছে, has to be deemed adequate by the controller in all circumstances of the case. এর দ্বারা কিছু হবে না। বিভিন্ন কেসে বিভিন্ন রকম জাজমেণ্ট হতে পারে? সুতরাং এর একটা গাইডিং প্রিন্সিপিল বলে দেওয়া দরকার। এই রকম ব্যবস্থা করা দরকার।

আর একটা ব্যবস্থা সেকসান সেভেন-এ প্রিভিয়াস সেকসান ৩০কে এ্যামেণ্ড করে বলা হয়েছে, যদি কনট্রোলারের পারমিশন না নিয়ে ১০ বছরের মধ্যে টেনেণ্টকে ভাড়া না দিয়ে অন্য লোককে ভাড়া দিয়ে দেওয়া হয় তবে এক হাজার টাকা কমপেনসেসান দিতে হবে। একবার টেনেণ্টকে কমপেনসেসান দিচ্ছে আর একবার ফাইন দিচ্ছে। দু'বার কমপেনসেসান দিতে হচ্ছে কিন্তু এই ফাইনটা যাবে কোথায়? সেইটা কি টেনেণ্ট পাবে? অথবা সরকারের ঘরে জমা হবে? এটা বোঝা যাচ্ছে না। এবং এটা সত্যিকার উদ্দেশ্য কিনা যে দুবার পেনালাইজ করা হবে। এটা বুঝতে পারা যাচ্ছে না। এছাড়া মাননীয় সদস্য সারোগী কয়েকটি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন। আমার মনে হয় ৬০ দিনটা বাড়ান দরকার। উনি ৯০ দিন করেছেন। ওটা আরও বাড়ান দরকার। আর একটা এ্যামেণ্ডমেণ্টে শ্রীসারোগী বলেছেন তিন মাসের সময়টা ছ'মাস বাড়াতে। এই সময়টা ৬ মাস না হলেও বাড়ান ভাল বলে মনে করি। তবে আর একটি এ্যামেণ্ডমেণ্টে শ্রী সারোগী বলেছেন, থাউসেণ্ড রুপিসটা, টেন থাউসেণ্ড রুপিস করার জন্য। আমার মনে হয় এটা too much। তবে এটা আরও কিছু বাড়ান যেতে পারে।

আমি পুনরায় এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে এবং যে সমস্ত ডিসক্রিপেনসি বা ডিফিক্যালটিসের কথা বললাম মাননীয় মন্ত্রিমহাশয়কে সেই সব বিষয়ে বিবেচনা করবার জন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ. কে. এম. ইসাক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা মোটামুটিভাবে সমর্থন করতে গিয়ে ২।১টা সাবধান বাণী মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। তিনি এটা যেন চিন্তায় রাখেন যে এত দ্রুত আইনের পরিবর্তন করা এটা সমস্ত শ্রেণীর কাছে খারাপ হয়ে দাঁড়ায়। কারণ ঘণ্টায় ঘণ্টায় আইনের পরিবর্তন যদি করেন তাহলে সকলেই এক রকম কনফিউজড স্টেজে চলে আসে এবং ভাড়াটে, মালিক, উকিল ও হাকিম ইত্যাদি সকলের অসুবিধা হয়। এর আর একটা সবচেয়ে খারাপ দিক হচ্ছে অনেক ঘোড়েল এ দেশে যারা আছে তারা আইনকে ফাঁকি দেবার জন্য

সব রকম চেষ্টা করছে। সুতরাং যদি আইনকে দ্রুত এইভাবে পরিবর্তন করি তাহলে তারাই সবচেয়ে আগে বুঝে নেয় এই সরকার কতদূরে যাবে এবং তার ফলে আইনের মূল উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে। এখানে যে সমস্ত সদস্য আলোচনা করলেন তাঁদের সেই আলোচনার মাধ্যমে দেখলাম যে আইনে কিছু কিছু ত্রুটি আছে যার জন্য এত দ্রুত আইন না করে আমরা অন্যভাবে সংশোধন করতে পারতাম। যেমন আমরা আইন করে বলছি যদি কোন মালিক কোনরকমে বাড়ির দখল পেয়ে যান এবং তা যদি অন্য কাউকে দিতে হয় তাহলে এই সময়ের মধ্যে কনট্রোলারের কাছে গিয়ে অনুমতি নিতে হবে। বাড়ী যাঁরা ভাড়া দেন তাতে দুরকমের লোক আছেন। এক শ্রেণীর লোক আছেন যাঁদের বাড়ী ভাড়া দেওয়াটা ব্যবসা—এঁরা সব ধনী লোক। আবার এক শ্রেণীর লোক আছেন যিনি হয়তো একটি মাত্র বাড়ীর মালিক তিনি কোলকাতায় থাকেন না, মফঃস্বলে থাকেন, অথবা একই বাড়ীর মধ্যে একটা অংশ ভাড়া দেন। আজ যদি এরকম ধরণের আইন হয় তাহলে এর দ্বারা ধনীকশ্রেণী উপকৃত হবে এবং অপর শ্রেণীর ক্ষতি হবে। সেজন্য শ্রেণী ভাগ করে দিলে আরও উপকার করা যেতো। যদি আমরা বলতাম যে কেউ যদি একাধিক বাড়ীর মালিক থাকেন এবং তিনি যদি বাড়ী দখল করে নেন তাহলে তাঁর কোন সময়ে বাড়ী ভাড়া দেওয়া যাবে না তাহলে একটা চেক থাকতো। কিন্তু একটা গরীব লোক সে একটা বাড়ী ভাড়া দেওয়ার পর কোন রকমে দখল পেয়েছে তাহলে তাকে যদি অনুমতি আনতে হয় তবে সেটা খরচ সাপেক্ষ হবে। আর একটা জিনিষ যে ভাড়াটে আগে ছিল তাকে যদি ভাড়া না দিই তাহলে আগে যে প্রজা ছিল সে একটা কমপেনসেশান পাবে। আমি বুঝতে পারি না কি করে সেই পুরানো ভাড়াটে সেই কমপেনসেসান পেতে পারে?

[4-25—4-35 p.m.]

যেহেতু দুই বছর আগে সে উচ্ছেদ হয়ে গেছেন, উচ্ছেদ হয়ে যাবার আগে ঐ বাড়ীতে তার স্বার্থ ছিল ভাড়াটের স্বার্থ কোন প্রপাইটারি রাইট তার নাই। যে সামান্য স্বার্থটুকু ছিল সেটা দুই বছর আগে হউক বা যাই হউক উচ্ছেদ হয়ে গেছে, উচ্ছেদ হয়ে যাবার পর সে আইনের বলে তার প্রপাইটারি রাইট আসছে কি করে যে সে কমপেনশেসান পাবেন। যদি কমপেনশেসান পান ও তখন আমি এই কথা বলছি বড় বড় মালিকদের কাছ থেকে যদি কমপেনশেসাস আদায় করবার ব্যবস্থা করা হত তাহলে নীতিগত ভাবে আমরা সেটার বিরোধিতা করতাম না। কিন্তু গরীব লোক ও তো পড়বে। তাদের কাছ থেকে কমপেনশেসান আদায় করবার ব্যবস্থা করছেন? আমি সেজন্য বলছি এত দ্রুত আইনের পরিবর্তন না করে, ঘণ্টায় ঘণ্টায় আইনের পরিবর্তন না করে, এত চঞ্চলতা না দেখিয়ে আরও একটু ভেবে একটু দেরী করে আইন করলে এই আইন সর্বাঙ্গসুন্দর হতে পারত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে কথা অন্যান্য মাননীয় সদস্যরা বলেছেন এবং আমিও যে কথা বলছি যে এখন পারেন একটু বিচার বিবেচনা করে দুটো শ্রেণী এখানে ঢোকাতে পারেন—একটা গরীবদের জন্য একটা ব্যবস্থা আরেকটা বড় লোকদের জন্য আলাদা ব্যবস্থা করতে পারেন। তাহলে ভাল হবে এবং আইনেরও কোন বাধা হবে না। একটা ডেফিনেশান করে একটা ডেফিনিট ষ্ট্যানডারড দিতে পারেন। এই ষ্টাণ্ড-এর উপর ভিত্তি করে এই আইনকে বন্ধ করবে এই প্রভিশান নিতে হবে। এবং ওদেরকে আমি বন্ধ করব না। এই বলে আমি এই আইনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যা বলেছেন তাতে আমার বিশেষ কিছু উত্তর দেবার নাই। শুধু ঐ একটা কথা ফজলুর রহমান সাহেবকে বলতে চাই যে এর পরে যে আইনটা সংশোধন করেছি সম্ভবতঃ তিনি সেটা দেখেন না। যে সমস্ত কেস আপীলে যারা পেনডিং সেগুলির ক্ষেত্রে এই আইন প্রযুক্ত হবে সেটা অলরেডি এই আইনে আছে।

শুধু তাতে একটা বাদ পড়ে গেছে যেগুলি ডিক্রি হয়ে গেছে কার্যকরী হয়নি এ ব্যাপারে যে তিনি যদি তিন বছরের মধ্যে কিনে থাকেন, যদি তিন বছরের মধ্যে করে থাকেন এই আইনে শুধু সেটাকে করা হয়েছে। আর বাকী যে কথা বলেছেন যে দুই বছরের জায়গায় দশ বছর আমি বলি এটার মধ্যে বিশেষ পার্থক্য নাই। কিন্তু আগে কি ছিল—আমি যদি নিজে থাকব বলে ভাড়াটে উচ্ছেদ করে থাকি তাহলে দুই বছরের মধ্যে কাউকে ভাড়া দিতে পারব না। কিন্তু দুই বছর পরে যা খুসী তাই করতে পারতাম, যত খুসী সেলামী নিতে পারতাম আইনে কোন বাঁধন ছিল না। এখন সেটাকে আরেকটু এক্সটেণ্ড করে দেওয়া হল। এটাতে ভাড়াটের কোন অসুবিধা নেই। এতে বাড়ীর মালিকদের নতুন করে চক্রান্ত করার সুযোগ নাই। কেননা আগে সে খোলা টাইম পেয়েছিল তার অধিকারকে আরেকটু সংকুচিত করে দেওয়া হল। সেজন্য ঐ আশংকার কোন কারণ নাই। দুই কিম্বা পাঁচ কিম্বা সাত বছর করা যেতে পারত। আসলে তুমি যদি নিজে থাকব বলে নিয়ে থাক তাহলে নতুন ভাড়াটেকে দেবে কেন চক্রান্ত করে, আর যদি দিতেই হয়, যদি তোমার বোনাফাইডি পারপাস হয়, ইউ এ্যাপ্লাই টু দি কন্‌ট্রোলার, কন্‌ট্রোলারের কাছে এ্যাপ্লাই করে যে আমি এই কারণে নেব বলেছিলাম, ইতিমধ্যে দুর্ভাগ্যবশতঃ আমার বাড়ীর তিন জন মারা গিয়েছে, বা আমার ছেলে থাকব বলেছিল কিন্তু সে বৌ নিয়ে কানপুরে চলে গিয়েছে অতএব আমার বাড়ী খালি হয়ে গেছে, ভাড়া দিতে হবে। যদি বোনাফাইডি রীজন থাকে রাইট টু দি কন্‌ট্রোলার। ন্যাচারেলী কন্‌ট্রোলার পুরানো ভাড়াটেকে আগে সুযোগ দেবে, সে যদি না নেয়, অন্য ভাড়াটেকে দিতে পারবে। তাহলে আপনি কন্‌ট্রোলারের কাছে না গিয়ে করবেন কি? এই করাটাকে আমরা রেষ্ট্রিক্ট করতে চাই এবং যতদূর করা যায় ততদূরই ভাল হবে। সেজন্য দশ বছর করে দাও। এমন দশ বছরের সিওরিটি কিছু নেই। দশ হবে কি পাঁচ হবে কি সাত হবে এটা তিনি যা ভাবছেন তা ঠিক নয়, বাকী একটা কথা আমি বলতে চাই যে আমি কোনদিনই দাবী করিনি এবং এখনও করছিনা এবং ভবিষ্যতেও করব না তা হল এই একেবারে ভেবে চিন্তে নিখুঁত আইন আনব, এই নিখুঁত আইন আনার কল্পনা আমার মাথায় নাই, কারণ এটা সম্ভবও নয়। কারণ এটা সম্ভবপর নয়। বরং নিখুতের নাম করে দেরী করা উচিত হবে না। কারণ নিখুঁৎ করতে হলে অনেক ভেবেচিন্তে তা করতে হবে। তাহলে তো সুযোগ দেওয়া হবে খারাপ লোককে আরো খারাপ করবার জন্য। কাজেই এই আইনটা তাড়াতাড়ি করাই দরকার। তা করতে গেলে খুঁৎ থাকে তো একটু থাকুক। ঐ খুঁৎ যেমন যেমন বের হবে—তেমন তেমন সংশোধন করবো। অভিজ্ঞতার ভেতর দিয়ে দেখতে দেখতে যদি প্রত্যেক সেসনে এটা সংশোধন করতে হয়, তা করবো, তাতে আপত্তি কিছু নাই। অতীতেও অনেক আইন করা হয়েছে দেরী করে। প্রথমে গেজেটে প্রকাশিত হলো, তারপর বছরখানেক গেলে public opinion নিতে নিতে, তারপর আর Select কমিটিতে গেলে আরো কিছুদিন, তারপরে সেটা পাস করলাম। এইভাবে ত্রুটি বের হচ্ছে। আসলে অভিজ্ঞতার ভেতর দিয়ে সব কিছু বোঝা যায়। কাজেই আর অপেক্ষা করতে আমি রাজি নই। ঈশাক সাহেব যা বললেন—আমিও তাই করতে চাচ্ছি। তবে নিখুঁৎ করার নাম করে দেরি করতে চাই না। তিনি জানেন কিনা আমি জানি না ব্রাবোর্ণ রোডে একটা ঘটনা হয়েছে একজন মালিক কয়েক লক্ষ টাকা দিয়ে একটা বাড়ী কিনেছেন। বাড়ী কিনে ঐ বাড়ী তিনি নূতন করে তৈরী করবেন বলে কোর্ট থেকে ভাড়াটে উচ্ছেদের ডিগ্রী নিয়েছেন এবং মাননীয় কোর্ট এটা জানেন যে তিনি ভাড়াটে তাড়াবেন এবং চারশো লোকের রুজি রোজগার নষ্ট করবেন। কোর্ট নাকি বলেছেন উনি যখন লাখ লাখ টাকা দিয়ে বাড়ী কিনেছেন, তখন তাঁর সব অধিকার আছে ওদের তাড়াবার। ভাড়াটে মরলো কি বাঁচলো তা দেখবার দরকার নাই। ঐ রায়ের উপর আমি কিছু বলছি না। সেই মানুষগুলোর উপর উচ্ছেদের রায় হয়ে গেছে অর্থাৎ ফাঁসির রায় হয়ে গেছে, এখনো কার্য্যকরী হয় নাই। এই খবর আমার কাছে আগে আসেনি,

ঐ আইন পাস করবার পরে এসেছে। অতএব I can not wait. আমি চিন্তা করেছিলাম মাস খানেক আগে I was thinking of issuing an ordinance by the Governor.

অর্ডিন্যান্স করবো কিনা। অনেকে আবার বললেন অর্ডিন্যান্স করলে তো আবার সেণ্টারের permission নিতে হবে। It will take certain time. কাজেই অর্ডিন্যান্স না করে ১৫।২০ দিন বা মাস খানেক ধ্বস্তাধ্বস্তি করে ফাঁসীটা ঠেকিয়ে রাখতে পারি তাহলে পারা যাবে। আমার কাছে ঐটা হচ্ছে বড় কথা যদি এতে ত্রুটি কিছু থাকে থাকুক। ওটা একের জায়গায় পাঁচ সাত যা হয় একটা করা যাবে সংশোধন করে করা যেতে পারে। আমার যা main purpose তার জন্য এই বিধান এনেছি। যা নিজেরা বুঝতে পেরেছি সেইভাবে লিপিবদ্ধ করে দিয়েছি। সেইজন্য অনুরোধ করবো ঐ কথা আর বলবেন না যে ভাল করে একটা বিধান আনুন। পরে যা হয় বিবেচনা করে দেখবো। এখন সে রকম কোন কথা দিতে পারছি না। কারণ কথা দিয়ে যদি তা না রাখতে পারি। এই হাউসে আমার বাজেট খাত আছে, সেই সময় দেখবো। আমি যে কথা দিয়েছি অতীতে, তা রেখেছি। আমি বলেছিলাম জমিদারদের চোরাই জমি ধরবো। তাতে injunction থাক আর না থাক কৃষকরা সে জমি দখল করবে। কৃষকরা তা করেছে। কৃষকরা কোন injunction মানে নি। একে গুণ্ডামী বলতে পারেন-বলুন আমি কথা দিলে কথা রাখি এবং ভবিষ্যতেও কথা রাখবো। তাতে যদি কারো গায়ে লাগে লাগুক। তবে আপনারা যেটা বলছেন তা বিবেচনা করে দেখা যাবে। বড় বড় মালিক তাড়াতাড়ি চট করে-আমি কিছু এখন বলতে পারছি না। সারোগী সাহেবকে বলতে চাই যারা লক্ষ লক্ষ টাকা সেলামী দিতে পারে ও নিতে পারে, তাদের জন্য আমার অত মাথা ব্যথা নাই। কারণ লাখ টাকা যেমন নেবে তেমন এমন ভাড়াটিয়া আছে যে লাখ টাকা সেলামী দেবে। লাখ টাকা যে সেলামী দেবে সেই ভাড়াটিয়াকে বাঁচাবার জন্য আমার মাথা ব্যথা নেই। সেইজন্য আমার কাছে হাজার টাকা জরিমানা যথেষ্ট, ওটা বাড়াবার দরকার নেই—দরকার যদি হয় পরে আবার করব, তাতে আর কি আছে। এটুকু বলে আমি আশা করি সবাই এটাকে সমর্থন করবেন।

[ 4-35—4-45 p. m. ]

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1970, be taken into consideration was then put and agreed to.

*Clauses 1 to 3*

The question that clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 4*

**Shri Ramkrishna Saraogi :** I beg to move that in clause 4, in proposed section 17E(3) (b), line 22 for the words "not exceeding sixty days" the words "not exceeding ninety days" be substituted.

I have already submitted my views and I hope the Hon'ble Minister will accept it.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** স্যার, আমার বলার কিছু নেই, আইনের অন্য জায়গাতে যা আছে তার সঙ্গে সংগতি রাখার জন্য এটা করা হয়েছে। এক জায়গায় ২ মাস করব, আর এক জায়গায় ৩ মাস করব, আর এক জায়গায় ৫ মাস করব এটা গোলমেলে হয়ে যায় বলে আগেরগুলির সঙ্গে সংগতি রেখে এটা করা হয়েছে। আইনে সংগতি রাখা দরকার। আমি এটা অ্যাকসেপ্ট করতে পারছি না।

The motion of Shri Ramkrishna Saraogi that in clause 4, in proposed section 17E(3)(b), line 22, for the words "not exceeding sixty days" the words "not exceeding ninety days" be substituted, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 5*

**Shri Ramkrishna Saraogi** : I move that in clause 5(2), in proposed sub-section (3), line 19, for the words "within three months" the words "within six months" be substituted.

I have already expressed my views and I hope the Hon'ble Minister will accept it.

**Shri Hare Krishna Konar** : I beg to express my inability to accept the amendment.

The motion of Shri Ramkrishna Saraogi that in clause 5(2), in proposed sub-section (3), line 19, for the words "within three months" the words "within six months" be substituted. was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 6*

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 7*

**Shri Ramkrishna Saraogi** : I move that in clause 7, in proposed sub-section (6), in last line, for the words "one thousand rupees" the words "ten thousand rupees" be substituted.

**Shri Ramkrishna Saraogi** : माननीय उपाध्यक्ष महोदय, इसके बारे में मैं आपके माध्यम से कुछ कहना चाहता हूँ। अगर कोई ऐक्ट कानून, विधान सभा में बनता है, तो इस बात को मानकर चलना पड़ता है कि जो विधान बनाया जाय उसका ठीक ठीक पालन किया जायगा और इसके पालन

की व्यवस्था सरकार करेगी। इसी तरह अगर कोई मकान मालिक इस कानून का पालन नहीं करता है, तो उसके लिए दण्ड विधान है। इस कानून के भीतर विधान रखा गया है कि अगर इस कानून का उल्लंघन कोई मकान मालिक करेगा तो उसके ऊपर एक हजार जुर्माना होगा। मैं समझता हूँ कि यह एक हजार जुर्माना निग्लिजेन्ट होता है। आज के जमाने में जमीनों की कीमत और मकानों की कीमत आकाश को छू रही है। मकान मालिक अवश्य चाहेगा कि वह अपने लाभ के लिए कानून तोड़े बशर्ते कि उसपर दण्ड या जुर्माना बहुत साधारण हो। एक मकान मालिक के लिए एक हजार रुपया जुर्माना देकर अपना पिण्ड छुड़ा लेना बड़ा आसान है। उसके लिए यह रकम बहुत ही कम है। इसलिए अगर मेरे संशोधन को स्वीकार कर लिया जाय तो मकान मालिक को एक प्रकार से भय रहेगा कि अगर कानून का उल्लंघन किया गया तो फाइन होगा और वह फाइन १० हजार रुपये तक का हो सकता है। लेकिन अगर दण्ड की सीमा एक हजार, तक ही रखी गयी तो मकान मालिक सोचेगा कि यह कानून तो उन्हें एक मौका देता है कि फाइन देकर बड़ा लाभ किया जाय। वह इस कानून को तोड़कर एक हजार रुपया चुका देगा और उसके बदले में उस फ्लेट या कमरे की सलामी इतना अधिक ले लेगा कि उसे उस जुर्माने का देना किसी भी स्थिति में नहीं अखरेगा।

अभी हमारे आनरेबल मिनिस्टर साहब ने अपने भाषण सलामी के बारे में कहा कि सलामी लेने वालों को सलामी देने वाले क्यों मिलते हैं। लेकिन सवाल तो सलामी देने वालों का नहीं है। सवाल तो सलामी लेने वालों का है। अगर अनाज की कीमत पचास पैसा फी कीलो होता है तो भी उसे आवश्यक समझकर खरीदना पड़ता है। लेकिन अगर उसी अनाज की कीमत चार रुपया कीलो हो जाता तो भी उसे अन्याय मान कर भी खरीदना ही पड़ता है, क्योंकि वह अनाज जीवन के लिए आवश्यक है। उसी तरह से मकान रहने के लिए आवश्यक है, और बाध्य होकर चाहे जिस भी सलामी पर वह मिले किरायादार को लेना ही पड़ता है। अगर आप और आपकी सरकार उसे सहूलियत में फ्लेट या कमरा दिलवाने की व्यवस्था रखे तो किरायादार को सलामी देने का प्रश्न ही न उठे। आप यह महसूस करते हैं कि किरायादार को मुसीबत उठानी पड़ती है लेकिन आपने किरायादारों की मुसीबत दूर करने के लिए कोई कार्यवाई नहीं की है। सरकार ने उचित भाड़े और कोई सलामी

कमरों की कोई व्यवस्था आजतक नहीं की है और सरकारी अकर्मण्यता के कारण किरायेदार अगर लाचार होकर सलामी देता है तो आप कहते हैं कि यह तो देने वाले की गलती है। लेकिन यह गलती देने वाले की नहीं है बल्कि यह तो साफ साफ खुला शोषण है जो सरकारी उदासीनता के कारण हर क्षेत्र में चल रहा है। आज कलकत्ता शहर में इस तरह का जो शोषण हो रहा है, उसको रोकने की जिम्मेदारी सरकार की है लेकिन दुर्भाग्य इस बात का है कि शोषण रोकने के स्थान पर सलामी देने वालों को ही गलत बनाया जाता है।

सारे पहलुओं पर विचार के उपरान्त मेरी यह निश्चित राय है कि एक हजार रुपया फाइन देने का जो विधान है, वह सारे बिल के उद्देश्यों पर पानी फेर देता है। अगर मंत्री महोदय मेरे संशोधन को स्वीकार कर लें तो मैं समझता हूँ कि लाखों किरायेदारों को लाभ पहुँचेगा कोई मकान मालिक किसी किरायादार को तंग नहीं कर सकेगा। इसलिए दण्ड की सीमा बढ़ाकर अगर एक हजार के बदले १० हजार रुपया कर दी जाय। अगर एक हजार ही दण्ड की सीमा निर्धारित रखी गई तो उससे मकान मालिकों को ही लाभ होगा। मेरा कहना यह है कि मकान मालिक को शोषण का अधिकार नहीं मिलना चाहिए। किरायादारों के हक की रक्षा होनी चाहिए।

अगर कन्ट्रोलर किसी मकान मालिक पर एक हजार रुपया ही फाइन करना चाहता है तो उसके हाथ की बात है। लेकिन अगर कन्ट्रोलर महसूस करे कि मकान मालिक ने बड़ी गल्ती जानबूझकर की है और उसे इसके लिए अधिक दण्ड देना चाहिए तो कन्ट्रोलर के हाथ में दण्ड देने के लिए और अधिक अधिकार होना चाहिए ताकि वह मकान मालिक को दण्ड दे सके। और वह एक हजार पाँच सौ रुपया फाइन देकर सहज ही छुटकारा न पा सके। अगर मकान मालिक गुनहगार है तो उसे उचित दण्ड मिलना ही चाहिए। इसलिए मैं मन्त्री महोदय से निवेदन करता हूँ कि इसे केवल अपोजीशन का अमेण्डमेन्ट ही न समझें बल्कि किरायेदारों के हित की रक्षा के लिए हमारे संशोधन को स्वीकार करलें और १० हजार रुपये का दण्ड विधान मंजुर करें।

[4-45—4-55 p.m.]

**শ্রীহরেকৃষ্ণ কোঙার ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমি মারোগী সাহেবের সেন্টিমেন্টকে তারিফ করে তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে গত ৬ মাসের মধ্যে আমরা মালিকদের বিরুদ্ধে

ভাড়াটেদের হাতকে শক্তিশালী করার জন্য অনেকগুলি বিধান করেছি। আমরা এটা করেছি যে বাড়ী কিনে ৩ বছরের মধ্যে ভাড়া দিতে পারবে না। এবারে আরো শক্তিশালী করার জন্য এটা আমরা করছি। তবে প্রয়োজন যদি হয় আরো কঠিন করা যাবে সে বিষয়ে তিনি নিশ্চিন্ত হতে পারেন। স্যার, আপনি দেখবেন এই হাউসেই উনি যেমন একথা বললেন তেমনি আবার আর একজন মাননীয় সদস্য বললেন যে একই অপরাধের জন্য—মালিককে ক্ষতিপূরণ দিতে বাধ্য করা হবে। সে ক্ষতিপূরণটা দেবেন যে ভাড়াটেকে উচ্ছেদ করেছেন। একই অপরাধের জন্য তার এটা ফাইন, এটা অতিরিক্ত। অর্থাৎ ক্ষতিপূরণও দেবে আবার ফাইনও দেবে। দ্বিতীয়তঃ বাড়ীর মালিক যারা তাদের ব্যবহার নিশ্চয়ই খারাপ। কিন্তু বাড়ীর মালিকদের মধ্যে সবাই যে লাখপতি, কোটিপতি আছেন তাও নয়, মালিকদের মধ্যে ছোট মালিকও আছেন। সেজন্য ফাইনের লিমিটটাকে এখনই খুব বেশী করে দেওয়াটাকে বাঞ্ছনীয় বলে মনে করছি না। তবে ফাইনটা করা হল—যা ছিল তার চেয়ে বাড়ানো হল। স্যার, আমি এখনই ওঁর সংশোধনীটা গ্রহন করতে পারছি না, তবে এটুকু বলতে পারি যে ওঁর সেন্টিমেণ্টকে আমি বুঝেছি। এখনই নিতে পারলে খুশী হতাম কিন্তু এখন নিতে পারছি না। তবে আমার মনে হচ্ছে বোধ হয় আগামী এক বছরের মধ্যেই এই আইনের আরো সংশোধন আনতে হবে, তখন যাতে এই ফাইন বেশী করার প্রস্তাবটার যথাযথ মূল্য দেওয়া যায় সেজন্য আমি চেষ্টা করবো। কিন্তু এখনই ওঁর সংশোধনী গ্রহন করতে পারলাম না।

The motion of Shri Ramkrishna Sarogi that in clause 7, in proposed sub-section (6), in last line, for the words "one thousand rupees" the words "ten thousand rupees" be substituted was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

*The Preamble*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar :** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটাই বক্তব্য মাননীয় ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রিমহোদয় বারবার এই হাউসে দম্ভসহকারে এবং ক্রোধ সহকারে মেজাজ সপ্তমে তুলে একাধিকবার শাসন করেছেন যে, এই বড়লোকদের উনি শায়েস্তা করবেন এবং এই আইন যদি সেই উদ্দেশ্যে হয় তাহলে আমাদের তরফ থেকে সুস্পষ্ট বক্তব্য রাখা হয়েছে এই আইনের মৌলিক উদ্দেশ্য সমর্থন করে। আমার বক্তব্য এখানে এই যে বাড়ীভাড়া বিষয়ে ব্যাপারটাও, এই যে অনার্জিত আয় এবং উনি স্বীকার করেছেন এই বাবদে লক্ষ লক্ষ টাকা ব্যক্তি বিশেষের কিম্বা পরিবার বিশেষের এতে কোষাগারে যায়। আমার বক্তব্য এই সমাজবাদী ব্যবস্থাটা কি শুধু গ্রামেই সীমাবদ্ধ থাকবে, এটা না থেকে এই বাড়ীভাড়া ব্যবস্থা যাতে সরকারে সবটাই বর্তায় অন্ততঃ এটাকে সংকুচিত করা হয়, এইরকম প্রগতিশীল একটা ব্যবস্থা তিনি করবেন। আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে এই নিবেদন রেখে শহরের সম্পত্তির আয় এবং উপার্জনের সীমার কথা তার কাছে তুলে ধরছি কারণ এই

বিলে সে কথা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আইনমন্ত্রী একবার আমাদের জানিয়েছিলেন এবং ভূমিরাজস্বমন্ত্রী একাধীকবার বলেছেন, কিন্তু আজকে আইনের গতি এবং প্রকৃতি দেখে মনে হয়, এই বাড়ীওয়ালাদের সংগে এদের একট মোটামুটি সমঝোতা হয়েছে বলেই কিম্বা এই বাষবযোয়ালদের তারা খাটাতে সাহস করছেন না বলেই আজকে সেইরকম একটা কমপ্রিহেনসিভ লেজিসলেশান মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী আনবেন এই আশা প্রকাশ করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed was then put and agreed to.

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আগামীকাল আমাদের প্রোগ্রাম অব বিজনেস যেটা আছে The Bengal State Aid to Industries (Amendment) Bill, 1970. আমি আপনার অনুমতি নিচ্ছি, হাউসের অনুমতি নিচ্ছি সেটা আগামীকাল আমরা আনতে পারছি না। কারন এই বিলের কপি এখন পর্যন্ত এসেম্বলীতে পাওয়া যায়নি এবং মাননীয় সদস্যদের কাছেও পৌছায়নি। তাছাড়া যে নোটিশ আমাদের দেবার কথা এসেম্বলীতে মন্ত্রিমহাশয় এই নোটিশ দিতে পারেন নি কতকগুলি কারণে। যেহেতু বিল আমরা দিতে পারিনি সে জন্য আগামীকাল এই বিল আনা হচ্ছে না।

## The West Bengal Markets Regulation Bill, 1970

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to introduce the West Bengal Markets Regulation Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Markets Regulation Bill, 1970, be taken into consideration. এই বিলটির আয়তন বড় হলেও এটা খুব একটা সিম্পল বিল। এটার উদ্দেশ্য হচ্ছে পশ্চিমবঙ্গে যে সমস্ত বাজার আছে যেখানে বিশেষ করে কৃষিপণ্য ক্রয় এবং বিক্রয় হয় সেই সমস্ত বাজারগুলিকে নিয়ন্ত্রন করার জন্য এই বিলটি আনা হয়েছে। আজকে আমরা পশ্চিমবঙ্গে বিভিন্ন অঞ্চলে যে বাজারগুলি আছে সেখানে দেখতে পাই যে যারা এই কৃষিপণ্য বিক্রয় করেন তাদের ষ্টলগুলির জন্য কোন নির্ধারিত রেণ্ট ভাড়ার হার ঠিকমত নেই।

[4-55—5-05 p. m.]

সেখানে যে সমস্ত কৃষিপণ্য ক্রয় বিক্রয় হয় তার কোন রকম ষ্ট্যাণ্ডার্ডাইজেশন নেই, তার কোন রকম গ্রেডিং নেই, তাছাড়া যে সমস্ত বাজারগুলি আছে তাতে নানারকম অস্বাস্থ্যকর পরিবেশ আছে। কাজেই এইগুলি দূর করার জন্য এবং বিশেষতঃ কৃষক ভাইরা যারা তাদের পণ্য নিয়ে বাজারে আসে তারা ঠিকমত ন্যায্যমত দাম পায়, বাজারে যাতে স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তোলা যায়, কৃষিপণ্য যাতে ঠিকমত গ্রেডেশন, ষ্ট্যাণ্ডার্ডাইজেশন করা যায়, এই সমস্ত নিয়ন্ত্রন করার জন্য এই বিল আনা হয়েছে। এবং এই বিলে যে ধারাগুলি আছে সেগুলিতে খুব একটা নীতির প্রশ্ন নেই, নীতি মোটামুটি হচ্ছে এই যে বাজারগুলি নিয়ন্ত্রন করা উচিত। উচিত কি অনুচিত এটা যদি নির্ধারণ করতে পারি, তাহলে এই বিলের যে ধারাগুলি আছে সেগুলি নিয়ে বিতর্ক সৃষ্টি হতে পারে বলে মনে করি না।

এখানে আছে মার্কেট-ওনারকে একটা লাইসেন্স করতে হবে, এখানে আছে যে যেসমস্ত ভাড়া নির্ধারণ করা হয়, সেই সমস্ত মালিকরা যে ভাড়া নেয় তার একটা সমতার কথা। তৃতীয় কথা হচ্ছে—মার্কেট কমিটি, বড় বড় মার্কেট, একটা কোন নিয়ে মার্কেট কমিটি গঠন করা, এই কমিটিগুলি বাজারগুলিকে নিয়ন্ত্রন করবে আইনের ধারানুযায়ী। যেসমস্ত জিনিষ বাজারে আসে সেগুলি ষ্ট্যাণ্ডার্ডাইজেশন করা, সেগুলি গ্রেডিং করা এবং এই যে আইনের ধারাগুলি তা ঠিকমত যাতে পালিত হয় তার জন্য গভর্ণমেণ্ট অফিসারের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে, এই ক্ষমতাবলে এই বাজারগুলি প্রত্যক্ষ করার কিছু কিছু ক্ষমতা এই বিলের মধ্যে দেওয়া হয়েছে। কাজেই আমি আশা করব এই যে বিল মাননীয় সদস্যদের সামনে এসেছে, এই বিল তাঁরা গ্রহণ করবেন।

**Mr. Deputy Speaker :** There is a motion for circulation of the Bill by Dr. Zainal Abedin. I call upon him to speak.

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1970.

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই বিল রি-এ্যানএ্যাক্ট করার প্রশ্ন এসেছে। এই বিলের যে সাংষ্ট্যান্স বাজার নিয়ন্ত্রন হচ্ছে মুখ্য উদ্দেশ্য, এ সম্বন্ধে মাননীয় মন্ত্রিমহাশয়ের সঙ্গে আমার মৌলিক কোন পার্থক্য নেই, কিন্তু যেভাবে বাজারগুলিকে নিয়ন্ত্রন করতে চাচ্ছেন তাতে আমার সরাসরি আপত্তি আছে। কেননা আমি দেখছি বাজার নিয়ন্ত্রন করার যে যুক্তি, কেন্দ্রীভূত ক্ষমতা মন্ত্রিমহাশয় স্বয়ং নিজের হাতে রাখতে চাইছেন। এটা একটা আশ্চর্য্য ঘটনা মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি দেখবেন, যে মার্কেটিং কমিটি হবে নিয়ন্ত্রন করার জন্য, সেখানে কিন্তু নির্বাচন হবে না, ১২ জন সদস্য থাকবে, তাদের কিন্তু নির্বাচনের বালাই নাই, এঁরা অগণতান্ত্রিক পদ্ধতিতে ক্ষমতা নিতে চাইছেন। বলেছেন অমুক প্রেসিডেণ্ট হবে, অমুক অফিসার সেক্রেটারী হবে, কারা কমিটিতে থাকবে, নিবাচনের মাধ্যমে কিছু হবে না, স্থানীয় জনসাধারণের উপর ক্ষমতা নির্ভর করছে না, স্থানীয় জনসাধারণের কর্তৃত্ব থাকছে না, সরাসরি মন্ত্রিমহাশয় ক্ষমতা কুক্ষিগত করতে চাইছেন। এই বিলের মধ্যে আমি দেখছি যে মন্ত্রিমহাশয় ক্ষমতার একটা বিরাট লালসাকে প্রচ্ছন্নভাবে আড়াল করার চেষ্টা করেছেন। আমি এই নীতির তীব্র বিরোধিতা করছি।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন মফঃস্বলের হাটে বাজারে বিভিন্ন রকম শ্রেণী রয়েছে এবং কোথাও সপ্তাহে ২।৩ দিন হাট বসে, কোথাও ডেইলি বসে, কোথাও সপ্তাহে ১ দিন বসে, কোথাও বিরাট জনসমাবেশে বিভিন্ন রকম পণ্য সামগ্রী বেচাকেনা হয় আবার কোথাও অত্যন্ত কষ্টে সৃষ্টে জনসাধারণের দৈনান্দিন প্রয়োজন মেটে। কাজেই এই বাজারকে উৎসাহিত করবার প্রয়োজন রয়েছে এবং বাজারকে নিয়ন্ত্রন করবার প্রয়োজন রয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় শুধু ক্ষমতা কুক্ষিগত করবার চেষ্টা করেছেন কিন্তু যে সমস্ত এলাকায় বাজার নেই সেখানে সরকারী উদ্যোগে বা এই কমিটির উদ্যোগে উৎসাহ প্রদানের কোন ন্যূনতম ব্যবস্থা করা হয়নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন এষ্টেটস্ এ্যাকুইজিসন এ্যাক্টে পাড়াগাঁয়ের অধিকাংশ সম্পত্তি নিয়ে নেওয়া হয়েছে, অন্ততঃ নিয়ন্ত্রন করা হয়েছে। কিন্তু এই সমস্ত হাটে এখনও মালিকের সরাসরি কর্তৃত্ব রেখে দেওয়া হয়েছে। এই হাটগুলির আয়তন খুব বড়, এখানে প্রচুর কেনাবেচা হয় এবং এখান থেকে যে মুনাফা হয় সেটা একটা বিরাট জমিদারীর মত। এগুলিকে বাদ দেওয়াতে আমি মনে করি সমাজবাদের যে মূল নীতি সেটা ব্যাহত হচ্ছে এবং সেদিক থেকে আমি বলব এই যে মার্কেট নিয়ন্ত্রনের আইনের প্রস্তাব করা হয়েছে এটা অত্যন্ত ত্রুটিপূর্ণ, অগণতান্ত্রিক এবং ক্ষমতা কেন্দ্রীভূত

করার ব্যবস্থা মাত্র। সরকার ক্ষমতা নিয়ন্ত্রনের ক্ষমতা চাচ্ছেন, কিন্তু সরকারী উদ্যোগে যে সমস্ত সুযোগ সুবিধা দেওয়া দরকার অন্ততঃ জনস্বার্থের দিক থেকে যে সমস্ত ব্যবস্থা করা দরকার তার সরাসরি দায়িত্ব সরকার নিচ্ছেন না। এঁরা একটা মার্কেট কমিটি করবার চেষ্টা করছেন কিন্তু সেখানে কোন নির্দিষ্ট বা স্পষ্ট নীতি উল্লেখ করছেন না। খুব অল্প সময়ের মধ্যে এই বিল প্রচার হয়েছে এবং ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় বলেছেন তিনি আজকেই এটা পেয়েছেন। আমি মনে করি ২৫শে ফেব্রুয়ারীর মধ্যে এটাকে রি-এন্যাক্ট করা যেতে পারে যদিও অনেক মাননীয় সদস্য অনেক সংশোধনী অনেক ধারায় দিতে চাইবেন। কাজেই আমি বলছিলাম জনমত সংগ্রহের জন্য আপনারা ২৫শে ফেব্রুয়ারী পর্যন্ত অপেক্ষা করুন। তারপর, পানিসমেন্ট সম্বন্ধে আপনি ৩৮(১)-এ বলেছেন একেবারে ফ্ল্যাট টু হানড্রেড রুপিস্। যেখানে ১টি টলের খাজনা হয়ত ৬ পয়সা পড়বে সেখানে একেবারে ২০০ টাকা আমার কাছে বেশী বলে মনে হচ্ছে। আবার অন্যদিকে যে হাটে ৪০,৫০ হাজার টাকা বা বৃহৎ জমিদারীর মত উপার্জন সেখানেও যে ২০০ টাকা রাখা হয়েছে এটা আমার কাছে অল্প বলে মনে হচ্ছে অর্থাৎ শাস্তির ব্যবস্থা যেটা করেছেন সেটা আমার কাছে অল্প বলে মনে হচ্ছে। বড় বড় হাটে ২০০ গ্রামের মানুষ আসে ব্যবসা বানিজ্য করতে কিন্তু সেখানেও দেখছি ষ্টেট গভর্ণমেণ্ট সমস্ত কিছু নিযুক্ত করছেন। অর্থাৎ ১২ জনের মধ্যে দেখছি সরকারী অফিসার থাকছেন ২ জন এবং তাঁদের কর্তব্য নির্দিষ্টভাবে বলে দেওয়া হচ্ছে। আমি মনে করি ১২ জনের কমিটি না করে একে আরও ইলাষ্টিক করা দরকার অর্থাৎ আপ টু ফিফটি করা দরকার। যেখানে ১০ মাইল পরিধির মানুষ কেনা বেচা করতে আসে সেখানে এই কমিটিকে আরও সম্প্রসারণ করা দরকার। তারপর এই সমস্ত হাটে যারা আসে তার মধ্যে পাট আছে, ধান আছে, আলু আছে, পিঁয়াজ আছে কাজেই কোন্ ক্লাশকে আপনি রিপ্রেজেন্ট করাবেন?

[ 5-05 – 5-15 p. m. ]

সেইজন্য চাইছি, এই যে উৎপাদনকারীদের সংখ্যা নির্দিষ্ট করে দিয়েছেন পাঁচজন, এই সংখ্যাটা নিয়ন্ত্রন করার বিরুদ্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। এই সংখ্যাটা অন্ততঃ ন্যুনতম ৫০ জন করুন। হাট কমিটি সদস্য সম্পর্কে বলছি—এমন অনেক হাট আছে যেখানে চলাচল করা যায় না, সেখানে এত বিরাট ব্যাপার চলে। সেখানে পশু থেকে আরম্ভ করে লোহা লক্কড় প্রভৃতি বহুবিধ জিনিস পত্র আসে। সেইজন্য আমার সংশোধনী পরবর্ত্তীকালে যা আসবে, তখন আমি এই বিষয়ে তুলবো। মার্কেটিং কমিটির জন্য যে সংখ্যা দেওয়া হয়েছে, এই সংখ্যা আমি ক্ষেত্র বিশেষে অপ্রতুল বলে মনে করি। আর একটা কথা বলতে চাই, বাজার বলতে শুধু কৃষিজীবি বাজার নয়, আরও বাজার আছে। এখানে কৃষি দপ্তর এবং অন্যান্য দপ্তরের যৌথ উদ্যোগেই করা উচিত ছিল। কারণ মাননীয় মন্ত্রিমহাশয় আপনি হাওড়ার মানুষ, আপনি নিশ্চয়ই জানেন যে হাওড়া হাটে কাপড় থেকে আরম্ভ করে কত রকম জিনিস আসে। কি বিরাট ব্যাপার চলে এবং সে সম্বন্ধে নানারকম মামলা মোকর্দমার খবরও পেয়েছি। সুতরাং একটা যৌথ ব্যবস্থা করা উচিত বলে মনে করি। মালিকদের লালসা শুধু কৃষিজাত পণ্যের বাজারেই সীমাবদ্ধ নয়, অকৃষিজীবি যে বাজার রয়েছে, সেইগুলোতেও একই জিনিস দেখতে পাওয়া যাচ্ছে। সেইগুলোর নিয়ন্ত্রন করার প্রয়োজন আজকে দেখা গেছে এবং এতে জনস্বার্থ সংক্রান্ত যে দায়িত্ব আছে এইগুলো আমি মনে করি রাজ্যের স্বাস্থ্য দপ্তরের গ্রহণ করা উচিত। এই বাজার নিয়ন্ত্রন বিলে স্বাস্থ্য দপ্তরের কোন রোল আছে কি না তা পর্য্যালোচনা করার প্রয়োজন আছে কি না, সে সম্বন্ধে কোন কিছু রাখা হয়নি। সেইজন্য আমি যে এ্যামেণ্ডমেণ্ট মোশন মুভ করেছি—আপনারা অবজেক্টস্ এ্যাণ্ড রিজন্সে বলেছেন যে—ফার্ষ্ট ইউনাইটেডফ্রণ্ট গভর্ণমেণ্ট করতে পারেনি তারপর প্রেসিডেণ্টস্ এ্যাক্টে হয়েছে এবং এটা ২৫শে তারিখের মধ্যে করতে হবে। সেইজন্য আমি বলতে চাই তার উদ্দেশ্য যেন ব্যাহত না হয় তারজন্য অন্ততঃ ২৫শে ফেব্রুয়ারী পর্য্যন্ত জনমত সংগ্রহের জন্য আমার সংশোধনী গ্রহণ করবেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বিল নিয়ে এসেছেন হাট সম্বন্ধে তাকে আমি অভিনন্দন জানাই। এই বিলকে সমর্থন জানিয়ে আমি গুটি কয়েক বক্তব্য রাখতে চাই। পাড়াগাঁয়ে যে হাটগুলো বসে তাতে জিনিষ পত্র ঠিকমত বিক্রি হয় না কিন্তু তাদের খাজনা এবং তোলা ঠিকমত দিয়ে দিতে হয়। গ্রামের কৃষক যারা বিক্রি করতে যায় তাদের নানাভাবে ঠকানো হয় এবং অনেক সময় দেখা যায় যে কতকগুলো ফোড়ে যারা সারা দিন ঝুড়ি নিয়ে বসে থাকে, আসলে কিন্তু কোন মাল তৈরী করে না, তারা ফাঁকি দিয়ে চাষীদের ঠকাচ্ছে। এইরকম বহু ঘটনা ঘটছে, সেদিক থেকে এই বিলটাকে আমি সমর্থন জানাই। কিন্তু একটা জায়গায় একটা হাট করতে গেলে কত টাকা লাইসেন্স ফি লাগবে।

এখন হাটগুলির অধিকাংশ ব্যক্তিগত সম্পত্তি। লাইসেন্স ফি লাগলে সেই টাকা কিন্তু আবার তার ডাকের উপর চড়ে যাবে, চড়ে গেলে সেই হাটের তোলা বা খাজনা আরো বেশী হবার সম্ভাবনা আছে। কাজেই গভঃ যদি সমস্ত বাজেয়াপ্ত করে নিতে পারতেন তাহলে সুবিধা হতো। কিন্তু অধিকাংশ হাট ব্যক্তিগত মালিকানায় আছে। কমিটি মেম্বারদের মধ্যে দেখছি যে বেশীরভাগ সরকারী কর্মচারী। আর হাটের মালিকের পক্ষ থেকে একজন, মার্কেটিং সোসাইটির পক্ষ থেকে একজন, এখানে কোন অসুবিধা নেই ভোট হবেনা, কিন্তু হাটের মালিকের পক্ষে একজন সেখানে ভোট হবে। আর এগ্রিকালচারাল গ্রোয়ার্স একটা বৃহৎ শব্দ তার মানে একটা থানায় কয়েকটা হাট থাকে সেখানে এগ্রিকালচারাল গ্রোয়ার্স থাকে, এদের রিপ্রেজেনটেসান কিভাবে থাকবে সেকথা লেখা নেই, two persons to represent the licensed vendors এবং যারা মালপত্র বিক্রি করে তোলা দেয় তাদের পক্ষ থেকে ২জনের কিভাবে ভোট হবে সে কথা লেখা নেই। আর একটা কথা হচ্ছে পিউপিল রিপ্রেজেনটেটিভ কেউ নেই। অঞ্চলের মেম্বার হোক বা এম, এল, এ,-রা হোক এদের থাকা উচিত ছিল। কিন্তু সেটাও এখানে দেখতে পাচ্ছি না। আমরা অনেক কমিটি বানিয়েছি কিন্তু কমিটির দ্বারা কতটা কাজ হয়ে সেটা সন্দেহ আছে। মেজার্স এ্যাণ্ড ওয়েট ঠিক করার জন্য কমিটি আছে, কিন্তু তারা মার্কেটে ওয়েট দেখে না। কাজেই মার্কেটিং কমিটি আইন কানুন শুধু ভাল হলেই হবে না আমাদের ইনস্পেকটিং অথরিটি যারা থাকবে তারা যাতে সেইভাবে কাজ করেন তাদের মধ্যে যদি উৎসাহ উদ্দিপনা জোগান যায় তবেই আমাদের উদ্দেশ্য সফল হবে। মার্কেটিং সোসাইটি কমিটি যে অফিস থাকবে সেটার আয় ব্যয়ে বোঝা যাচ্ছে না। যে টাকা লাইসেন্স ফি পাবে তা থেকে কতটা কি হবে তা বোঝা যাচ্ছে না। সেই কমিটিতে যে মেম্বার দিলেন অর্থাৎ ভেণ্ডার হল দুজন, গ্রোয়ার ৫জন মার্কেটের মালিক একজন যারা গ্রোয়ার তারা ঠিকমত অফিসে বসবে, না মালপত্র বিক্রি করবে সেটা বুঝতে পারছি না। সেইজন্য পিউপিল বাডি নিয়ে করলে ভাল হত। কৃষাণ সংগঠনের লোক নিয়ে করলে ভাল হত। তারা অফিস চালাতে পারতো। আর একটা জিনিষ এক্সপেনডিচার ২লক্ষ টাকা এটা কোথা থেকে আসবে সে বিষয়ে সন্দেহ আছে। কাজেই কাজ যাতে ভালভাবে হয় সে চেষ্টা করা উচিত। অনেক ইনস্পেক্টার অফিসার বিভিন্ন জায়গায় তাদের কাজ দেখে ভরসা পাই না। এই ইসস্পেক্টাররা যদি হাটে বাজারে গিয়ে ভালভাবে কাজ করেন তা হলে উদ্দেশ্য সফল হবে তা না হলে ২লক্ষ টাকা বরবাদ হবে। সেজন্য আমি কৃষিমন্ত্রিকে বলবো কমিটি আরো ভালভাবে করুন। পিপলসদের নিয়ে ভোট নিয়ে ভেণ্ডারদের ভোট নিয়ে কমিটি করা সম্ভব নয়। সেইজন্য কৃষি সংগঠন ও পার্টি সংগঠনের লোক নিয়ে কমিটি করলে সে কমিটি ইনেস্পেকটিং অথরিটির উপর লক্ষ রাখতে পারে। মেজার্স এণ্ড ওয়েট তালাদার গ্রেডেসান আপনি চাইছেন সেটা সম্ভব হবে। কাজেই এগুলি যতক্ষণ ব্যক্তিগত সম্পত্তিতে থাকবে ততক্ষণ পর্যন্ত যাতে গ্রেডেসান দেওয়া যায়, চাষী ন্যায্যমূল্যে মাল বিক্রি করতে পারে খদ্দের না ঠকে ভেণ্ডারদের কাছ থেকে অযথা তোলা বা খাজনা না নেওয়া হয় সেদিকে লক্ষ্য রেখে কমিটি ভাল করার জন্য আমি অনুরোধ করছি। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 5-15—5-25 p.m. ]

**শ্রীমহম্মদ ইসাক :** মাননীয় স্পীকার, স্যার, ডাঃ জয়নাল আবেদিনের সারকুলেসান মোশান সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগে বাংলাদেশের মানুষকে হয়ত ভূতে পেত না হয়ত বাহাত্তরে পেত। এখন বাংলাদেশের মানুষকে বামকমিউনিস্ট-এ পাচ্ছে। বাংলাদেশের মানুষকে যে বামকমিউনিষ্ট-এ পাচ্ছে তার উদাহরণ ঘরে বসে বসে পাচ্ছি। অধ্যক্ষ মহাশয়, এই বিলটা অনেক আগে আমরা পাইনি এবং বিলট' এতবড় বিল যে এটা পেয়ে এখানে সুষ্ঠুভাবে বক্তব্য রাখবার মত সময় আমরা পাইনি। যে অল্প সময় পেয়েছি তাতে এই বিল কি এবং এর উদ্দেশ্য বা কি কিছুই বুঝতে পারছিনা। কোন্ নীতির জন্য এই বিল আনলেন বা কার উপকার করবার জন্য বা এটা আনলেন, সরকারের বা এতে কি উপকার হবে বা বাজারের কি উন্নতি ঘটবে তা বুঝতে পারছিনা। আর যেটা মোটেই বুঝতে পারছি না সেটা হল এই যে মার্কেটিং কমিটি যেটা করা হচ্ছে—তার উদ্দেশ্য কি। উনি আজকে মার্কেটিং কমিটি যেভাবে করতে চাচ্ছেন সেটা বুঝলাম—আরো বেশী নিয়ন্ত্রণ করবার জন্য এটা করছেন। কিন্তু বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি আজ যা তাতে উনি সর্বাঙ্গসুন্দর মার্কেটিং কমিটি করবার চেষ্টা করলেও করতে পারবে না। উনি যদি ভাল লোক নেবার চেষ্টা করেন তা হলে এই লুটেরা গিয়ে অস্ত্র, তীর, ধনুক, বন্দুক ইত্যাদি নিয়ে যাবে এবং আজকের বাজারে দেখা যাচ্ছে যেন হাজার হাজার রকমের বন্দুক ছড়াছড়ি যাচ্ছে, এবং তা নিয়ে জোরজুলুম করবে যা আমাদের ঠেকাতে হবে। আপনি কাঠামো ঠিক করে দিলেন না প্রিন্সিপ্যাল ঠিক করে দিলেন যে এই প্রিন্সিপ্যালের উপর লোক নেওয়া হবে কিন্তু অবস্থা যদি এই হয়। যারা সব অপকর্ম করতে পারে এবং এক্ষুনি প্রতিশ্রুতি দিয়েই পরক্ষণেই ভাঙতে পারে তাদের কাছে এসব কিছুই নয়। আমরা শুনলাম যুক্তফ্রণ্টের বৈঠকে ঠিক হয়েছে যে একে অপরের বিরুদ্ধে ঝগড়া মারপিট করবে না। এই চুক্তি শেষ হয়ে গেল কিন্তু অফিস থেকে বেরুবার সঙ্গে সঙ্গেই মারপিট শুরু হল—যার অফিস পর্যন্ত অ ক্রান্ত হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেইজন্য আজকে বলছিলাম যে মার্কেটিং কমিটি যা করতে চাইছেন এটা অগণতান্ত্রিক, দ্বিতীয়তঃ লুটের আক্রমণে সুতরাং উনি যে কমিটি করতে চাচ্ছেন তার উদ্দেশ্য ব্যার্থ হবে। সরকারের যদি উদ্দেশ্য হয় বাজার থেকে টাকা রোজকার করবেন তাহলে প্যারাসাইড বডি থাকার কি দরকার ছিল। এই প্যারাসাইড বডিকে দিয়ে কাজ করাতে চাচ্ছেন এটা সম্পূর্ণ ব্যার্থ হবে। এটা সরকারী কর্মচারীদের দিয়ে করান যেতো কিন্তু তা না করে এই যে মস্তানদের সৃষ্টি করছেন এতে দুর্নীতি আরও ব্যাপক হবে। ধরুন আমি একটা মার্কেটিং কমিটির মেম্বার হয়ে গেলাম। এই আইনে কিছু ক্ষমতা দেওয়া হয়েছে। সেই ক্ষমতার অপব্যবহার আমি করব না? আজকে কিভাবে বাংলাদেশের মানুষের কাছ থেকে এরা টাকা রোজকার করছেন। কত হাজার হাজার পদ্ধতি এরা উদ্ভাবন করছেন তা আমরা দেখছি। শুধু আইনে নয় আইন না থাকা সত্ত্বেও হাজার রকমের পদ্ধতি ওরা তৈরী করে নেন টাকা রোজগারের জন্য। আর যদি নূতন করে মস্তানদের সুযোগ দেওয়া হয় তা হলে মস্তানরা মানুষের জীবন অতিষ্ঠ করে তুলবে।

আমি বাজারে যাই। ছোট চাষী যারা মালপত্র নিয়ে বাজারে যায় তাদের দেখি। বাংলাদেশের সর্বত্র যেমন বড় বড় বাজার আছে, তেমনি ছোট ছোট বাজারও আছে। এমন ছোট বাজার আছে যেখানে বাজারের মালিকের কিছু থাকে না পর্য্যন্ত। আইনে কিন্তু ছোট বাজারকে এই আইনের আওতা থেকে বাদ দেওয়া হয়নি। সমস্ত বাজারকেই এর মধ্যে আনা হয়েছে। ছোট চাষী বাজারের মালিককে একটু তোলা দিয়ে তার কর্তব্য শেষ হয়ে যেত এবং সে পণ্য বিক্রি করে বাজার করে বাড়ী চলে যেত। কিন্তু আজকে মস্তান সৃষ্টি করার জন্য তার দুটো মালিক দাঁড়াল। যে মালিক

ছিল সে তো আছেই, তার উপর এই মস্তান মালিক। এই মস্তান মালিকদের যে আশা সে আশা পূরণ করবার ক্ষমতা ছোট চাষীর নেই। উনি যে মার্কেট কমিটি করেছেন এবং তার যে দায়িত্ব উনি দিয়েছেন সে দায়িত্ব অনেক বেশী সুষ্ঠভাবে পূরণ করা যাবে সরকারী কর্মচারীদের মাধ্যমে এবং সেই দায়িত্বগুলি লাইসেন্স দেওয়ার কনডিসান হিসাবে মালিককে যদি দেন, মালিককে যদি বলে দেন, তুমি যদি লাইসেন্স পেতে চাও, বাজার চালাতে চাও, তবে আণ্ডার দি লাইসেন্স এই এই কনডিসান পূরণ করতে হবে। তাহলেই হয়। ফলে ছোট চাষী বাঁচবে। তাকে মাস্তানদের টাকা দিতে হবে না এবং সরকারেরও টাকা আসবে। বাংলাদেশে যে ব্যাপকভাবে দুর্নীতি হচ্ছে এবং সেই দুর্নীতিকে আরও ব্যাপক করবার জন্য সরকার আর একবার সহায়তা করবেন না—এই অনুরোধ করে মন্ত্রিমহাশয়কে আইনটা তুলে নিয়ে বাজার নিয়ন্ত্রণের জন্য একটা সুন্দর স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করার জন্য বলব। সেই উদ্দেশ্যে বিল নিয়ে আসুন এবং সেই উদ্দেশ্যে বিল নিয়ে এলে আমরা সেই বিলকে সমর্থন জানাব। এই অগণতান্ত্রিক বিলকে দয়া করে প্রত্যাহার করুন।

ডাঃ **নলিনাক্ষ সান্যাল**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে আমাদের বন্ধু ডাঃ জয়নাল আবেদীন এই প্রস্তাব সম্পর্কে যে নিবেদন করেছেন তাকে সমর্থন করতে উঠে আমি এই সম্পর্কে যেসব ত্রুটি বিচ্যুতি লক্ষ্য করতে পেরেছি অল্প সময়ের মধ্যে তা আমি উল্লেখ করতে চাই। মোটামুটি-ভাবে এইরকম বিল যাতে অর্থনৈতিক প্রভাব জনসমাজের উপর বর্তায় সেই সম্পর্কিত আইন তড়ি ঘড়ি করে পাশ করানো আমি সম্পূর্ণ অন্যায় এবং অযৌক্তিক বলে মনে করি। ইতিপূর্বে যখন একথা জানাই তখন আমাদের বন্ধু পরিষদীয় মন্ত্রী উষ্মা প্রকাশ করেছিলেন। আমি জানিয়েছিলাম আজ সকালে মাত্র এই বিলটা আমি পেয়েছি। সেইজন্য অল্প সময়ের মধ্যে এই বিলের বিষয়ে আমি সংশোধনী প্রস্তাব পাঠাতে পারি নি। সংশোধনী প্রস্তাবে ইচ্ছা ছিল যদি সুবিধে করতে পারতাম মন্ত্রিমহাশয়কে অনুরোধ করতাম একটা সিলেক্ট কমিটি করে অন্তত ১০।১৫ দিন যেন বিলটা তাঁরা বিবেচনা করার সুযোগ দেন।

[ 5-25—5-35 p.m. ]

এই বিলে যেসব ধারা উপধারা আছে সেসব যে পরিষদীয়মন্ত্রী পড়েন নি তা তিনি স্বীকার করেছেন। এতে এমন কিছু আরজেন্সি আছে বলে আমি মনে করছি না। ইতিপূর্বে প্রেসিডেন্টের আমলে এই আইন পাশ হয়েছিল। কিন্তু এ যাবত এই বিলের প্রয়োগ কোন জায়গায় আমরা দেখিনি। সুতরাং যেটা আজ দু' বছর প্রয়োগ হয়নি, সেটা আর দু' মাস প্রয়োগ না হলে কিছু হত না। বস্তুতঃ এমন একটা আইন যেটাতে সত্যিকারের কৃষিজীবিদের স্বার্থ রক্ষা করার প্রয়োজন আছে এবং সে বিষয়ে আমরা সম্পূর্ণ একমত, ষ্টেটমেণ্ট অফ অবজেক্টস-এ যে কথা মোটামুটিভাবে বলা হয়েছে তা যদি বিলের উদ্দেশ্য হোত, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু তারপর ধারাবাহিকভাবে যখন একটার পর একটা ক্লজ দেখছি তখন দেখছি যে সেই উদ্দেশ্য এই বিলে কোনরকমভাবে সিদ্ধ হবে না। প্রথমতঃ বলা হয়েছে যে দুর্বল কৃষক যা'তে তার উৎপন্ন ফসলের ন্যায্য দাম পায় তারজন্য এই বিল আনা হয়েছে। তাদের রক্ষণাবেক্ষণের জন্য কি করা হচ্ছে না লাইসেন্সসিং হবে মার্কেটের। মার্কেট বলতে কাকে বোঝায় আমাদের সুপণ্ডিত কৃষিমন্ত্রী তা নিশ্চয় জানেন। লাইসেন্সসিং ও মার্কেটের যে ডেফিনিসান এই বিলে করা হয়েছে অর্থনীতি শাস্ত্রের যে ডেফিনিসান তা নয়। সমস্ত রেঞ্জে যেখানে ইকনমিক ফোর্সেস প্লানে করতে পারে সে সমস্ত এরিয়াকে ইকনমিক মার্কেট গণ্য করা হয়। এটা মার্কেট প্লেস নয়। কিছুদিন আগে আমার নির্বাচন ক্ষেত্র করিমপুরের বাজারে যেখানে বাংলাদেশের একটা বৃহৎ পাট কেনা বেচার ক্ষেত্র সেখানে একটা বিপর্যয় দেখা গেল। পাট চাষীদের একটা চিরাচরিত ব্যবস্থামত ধলতা দিতে হয়। যারা পাটের কারবারী তাদের মধ্যে ৩।৪টা শ্রেণী

আছে। মিলের পক্ষে ডাইরেক্ট পাট কেনবার জন্য তাদের লোক আছে। ফড়ে আছে তারা চাষীর কাছ থেকে কমিশন এজেন্ট হিসাবে কাজ করে। আবার দালাল আছে তারা গ্রামে গ্রামে ঘুরে কৃষকের কাছ থেকে মাল নিয়ে আসে। এরা নিজেদের একাউণ্টে কেনে না। আবার চাষীরা নিজেরা নিয়ে এসে কৃষিজাত জিনিস বিক্রি করে তাও আছে। দেখা গেল ২ থেকে ২॥ কে. জি. মণ প্রতি ধলতা নেবার নিয়ম যেটা ছিল সেটা বাড়তে বাড়তে ৭ কে. জি. কুইণ্টাল প্রতি হয়ে গেছে। এই যে বেশি ফসল দিতে হয় তাতে স্বভাবতঃই চাষীর প্রাণে লাগছিল। দু' বছর ধরে চেষ্টা করছিলাম যা'তে এর অবসান হয়। এর ফলে কোন কোন জায়গায় জেলা ম্যাজিষ্ট্রেট এবং অন্যান্য প্রভাবশালী পার্টির সহযোগিতায় এর কিছুটা সুরাহা হয়েছে। কিন্তু আমাদের করিমপুর বাজারে সেটা হয়নি, ফলে কয়েকজন তরুণ বন্ধু বিশেষ উত্তেজনা সৃষ্টি করায় বাজারে যে কমিটি আছে তাঁরা ঘোষণা করেছেন যে "আমরা আর ধলতা দেব না। এবং আমাদের কেনাবেচা মূল্যের হিসাব থেকে সেটা স্থির করে দেব।" কৃষিজাত জিনিষের ষ্টাণ্ডার্ডাইজেশান করা যায় না এবং ভিন্ন সময়ে, বিভিন্ন সিজনে, বিভিন্ন ওয়েদার কন্‌ডিসানের জন্য ময়েশ্চার কন্‌ডিশানের পরিবর্তন হয় এবং এমন কি এফ. সি. আই. পক্ষ থেকেও যদিও কৃষিমন্ত্রীর দাম নির্ধারণের উপরেই ধানচাল কেনার কথা, তবু যদি কোয়ালিটির পরিবর্তন দেখা যায় তাহলে সে দামের মূল্য পরিবর্তন করতে তাঁরা অধিকারী থাকেন।

এইরকম যেখানে একটা সমস্ত মার্কেটের রেট যখন দেখা যায় অনেক দূর পর্যন্ত থাকে এবং তার মধ্যে প্রত্যেকটি জিনিস যখন এক রকমের হয় না তখন তাকে একটা ছাঁচে বাঁধা খুব কঠিন। যখন করিমপুরের বাজারের লোকেরা ডিক্লেয়ার করল যে আমরা অতঃপর ঢলতা দেব না করিমপুরের বাজার, বেলডাঙ্গার বাজার, কাশিমবাজারের বাজার, যদিও নদীয়া এবং মুর্শিদাবাদ এই দুটি জেলার মধ্যে ছড়ানো রয়েছে কিন্তু এই তিনটি বাজারের পরস্পরের মধ্যে আরো নবদ্বীপের বাজার, নাজিরপুরের বাজার, নদীয়া জেলার এইসব কয়েকটা বাজারের পরস্পরের মধ্যে এমন অঙ্গাঙ্গীভাবে সম্বন্ধ যে যদি একটা বাজারে একটু তারতম্য হয় অমনি মাল অন্য দিকে ছুটে চলে যায়। দামের তেরফেরের সঙ্গে ব্যবহারের সঙ্গে যারা কেনাবেচা করে তাদের সুখ সুবিধা দেখে তারা সেই রকম কোথায় যাবে ঠিক করে নেয়। বর্তমানে যেটা এখন রয়েছে তা'তে ক্রেতা এবং বিক্রেতা পারস্পরিক সম্বন্ধকে অর্থনৈতিক বিচারে তারা স্থির করে নেয় কিভাবে কেনা বেচার ব্যবস্থা করা হবে। সেটার উপর হস্তক্ষেপ সামাজিক প্রয়োজনবোধে করতে হবে জানি কিন্তু সেটা অত্যন্ত সাবধানে করা দরকার কেননা, আমরা একটু অসাবধান হলে পরে বাজারের উপর নানারকম প্রতিক্রিয়া হওয়া সম্ভব। আমরা দেখেছি এই মার্কেট বলতে কি বুঝা যায় মার্কেটের ডেফিনিসন আছে। Market means any place at which people ordinarlly assemble, either daily or on fixed days for the purchase or sale of agricultural produce, irrespective of whether any other comodity is purchased or sold in such place or not...... ইতিপূর্বে জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে আমাদের গ্রামে গ্রামে যেসব হাট হয় সেখানে লোহার কড়াই থেকে আরম্ভ করে ছেলেমেয়েদের কাপড়, বাটা কোম্পানীর জুতা এবং মশলাপাতি সব রকমের জিনিস কেনাবেচা হয় এবং এইসব মার্কেটের নিয়ন্ত্রণ যেভাবে আপনারা বলছেন নিয়ন্ত্রণ করা প্রয়োজন সেটা শুধু একটা দিককার কথা নয় ব্যাপকভাবে ভিন্ন ভিন্ন ব্যবসায়ীদের সঙ্গে যাদের সম্পর্ক আছে তাদের পরামর্শ নিয়ে করা দরকার। এখন আমাকে এই বিলকে যদি আজকেই পাশ করে দিতে হয় তা সম্ভব নয় বলে আমরা বিবেচনা করছি। আপনারা এই বিল আজ স্থগিত রাখুন, পরে দেখে শুনে গ্রহণ করবেন, তখন আমরা বাধা দেব না। আমাদের মাননীয় পরিষদ বিষয়ক মন্ত্রী আমাদের কাছে লোভ দেখাচ্ছেন যে আজকে এই বিলটা তাড়াতাড়ি পাশ করিয়ে দিলে তাহলে কালকে ছুটি দিয়ে দেবেন।

[ 5-35—5-45 p. m. ]

আপনারা যদি আজকে আলোচনা স্থগিত রাখতে প্রস্তুত থাকেন, যদি প্রয়োজন বোধ করেন Select কমিটি নাও করেন, তাহলেও আমরা আলোচনা করতে রাজী আছি। তা যদি না হয়, প্রত্যেকটি জিনিষের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করবো এবং বিধানসভার সদস্যদের অসুবিধা হলেও আমি এর আলোচনা চালাব।

**Mr. Deputy Speaker :** I understand he is going to finish his speech within one or two minutes.

**Dr. Nalinaksha Sanyal :** No, Sir,

**Mr. Deputy Speaker :** Then, I will request you to confine your speech to the principles of the Bill, and you can go into the details at the time of the clause by clause discussion.

**Dr. Nalinaksha Sanyal :** I am showing the absurdity of forcing this Bill at this late hour.

**Mr. Deputy Speaker :** But during the first reading of the Bill you will have to speak only on the general priciples of it .

**Dr. Nalinaksha Sanyal.** But the principles of the Bill depend on the clauses that are there.

**Mr. Deputy Speaker :** When the clauses will be taken up then yon will be at liberty to speak on the clauses in detail but at this stage I will request you to confine on the principles of the Bill and you can refer to the clauses only to enunciate the points.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** আমি আপনার কথা শিরোধার্য্য করলাম। আমি সাধারণভাবে এই বিলের ত্রুটিবিচ্যুতি দেখিয়ে দিতে চেষ্টা করছি। তারজন্য কোন কোন ক্লজের কথা এখানে আনতে হচ্ছে। তারজন্য আমাকে ক্ষমা করবেন। যেমন মার্কেট সম্বন্ধে এই বিলে দুর্বলতা তার definition-এ Economics-এর সংজ্ঞার সঙ্গে সামঞ্জস্য নাই, তেমনি আরও অসঙ্গতি আছে। যেমন ধরুন ১৭ নম্বরে Trade allowance-এর যে definition আছে এখানে Trade allowance বলতে—"Anything realised in cash or kind by the purchaser from the seller in any transaction relating to agricultural produce" এই যে কথাটা আছে কোনখানে। Trade allowance বলতে শুধু যে purchaser সেলারের কাছ থেকে টাকা পয়সা নগদে ও নানাভাবে কেটে নেয় তা নয়, এ ছাড়া আবার বাজার বৃত্তিও আছে, ঈশ্বর বৃত্তি ইত্যাদি আছে। সকলেই জানেন এই বৃত্তিগুলো, যিনি কেনেন, তার পকেটে যায় না, বাজার কমিটি পায়। এগুলোও এই trade allowance-এর যে definition তার মধ্যে আপনি আনছেন কিনা জানিনা। অনেক জায়গায় হাসপাতাল, বিদ্যালয়ের নামেও বৃত্তি কেটে নেওয়া হয় কিছু কিছু।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** ডক্টর সান্যাল, আপনি বোধহয় বিলটা আদৌ পড়েন নাই। তাহলে আর এইসব অবান্তর কথা বলে সময় নষ্ট করতেন না। আপনি যেসব কথা বললেন

'সেগুলি কণ্ট্রোল করবার জন্যই তো এই বিল আনা হয়েছে। যেসব বৃত্তির কথা উল্লেখ করলেন যার জন্য পয়সা কেটে নেওয়া হয়, সেটা Control করবার জন্যই এই বিলে ব্যবস্থা করা হয়েছে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি আমাকে দেখিয়ে দিন্‌—বিলের কোন্‌ ক্লজে তা বলা হয়েছে। কেবল আছে prescribed অথরিটী, prescribed condition-এর উপর বলা licence দেবে।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** বলা হয়েছে, rent, standard rent-এর কথা। তারা সেই rent realise করবেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি আমাকে পড়ে শুনিয়ে দেবেন? আমি challenge করছি—তিনি যা বললেন............

(গোলমাল)

**Mr. Deputy Speaker :** I allow Shri Rabin Mukherjee to speak on his point of order.

**শ্রী রবীন মুখার্জী:** অন্‌ এ পয়েণ্ট অব্‌ অর্ডার, স্যার, আপনি একটু আগে ওঁকে বুঝাবার চেষ্টা করলেন যে প্রিন্সিপল সংক্রান্ত ব্যাপার এবং তার সঙ্গে রিলেটেড যদি কোন ক্লজ থাকে সে সম্পর্কে বলার জন্য। এই বিল ইনট্রোডিউস করবার পূর্বে উনি একবার স্বীকার করেছেন যে উনি এটা পড়ে টড়ে উঠতে পারেন নি। তারপর এক একটা পাতা উল্টে যেখানে যেমন পাচ্ছেন বলছেন—এটা আমি মনে করি অত্যন্ত অন্যায় এবং এর সঙ্গে সঙ্গে বলি মাননীয় মন্ত্রিমহাশয় যিনি এই বিল এনেছেন তাঁরও এ সমস্ত কথার জবাব দেবার প্রয়োজন আছে বলে আমি মনে করি না, এতে অনেক সময় চলে যাচ্ছে। যদি দরকার হয় উনি বক্তৃতার মধ্যে সেগুলির ব্যাখ্যা করবেন। আমি সোজাসুজি বলি ওঁর য়্যামেণ্ডমেণ্ট যতক্ষণ না আমরা দেখতে পাচ্ছি ততক্ষণ ঐ ক্লজগুলির ভিত্তিতে ওঁকে কিছু বলতে বারণ করুন। যে লিমিটেড স্কোপ আছে বলার তার বাইরে যেন উনি না যান।

**শ্রী নেপাল চন্দ্র রায়:** On a point of order, স্যার, আমি আপনার কাছে জানতে চাই যে কোন সদস্য যদি য়্যামেণ্ডমেণ্ট না দেন তা হলে আপনার এমন কোন রুলিং আছে কিনা বা ভূতপূর্ব কোন স্পীকারের এমন কোন রুলিং আছে কিনা যে তাঁকে বলতে দেয়া হবে না?

**Mr. Deputy Speaker :** I refer to rule 76 of the rules of procedure. The rule says that the principle of the Bill and its provisions may be discused generally, but the details of the Bill shall not be discussed further then is necessary to explain its principles. He can speak on the principle but he cannot speak on the details of the Bill. That is the rule.

**Shri A. H. Besterwitch :** Sir, I rise on a point of order. I am afraid, Dr. Sanyal has been speaking for nearly half an hour. He got up in support of Dr. Zainal Abedin's motion for circulation. Is it right for him to speak on clause by clause ?

**Mr. Deputy Speaker :** At this reading no member can discuss a Bill in detail, clause by clause. He can only refer or mention clauses while speaking on the principle of the Bill. No detailed discussion at this stage is allowed.

**ডাঃ নলীনাক্ষ সান্যাল :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, নূতন যাঁরা উৎসাহী বিধান সভার সদস্য তাঁদের জানের জন্য আমি বলি যে এই হাউসে এমন দিন গেছে যেদিন সেকেণ্ডারী এডুকেশন বিল সম্পর্কে আলোচনা করতে উঠে আমরা কনটিনিউয়াসলি সাতদিন বক্তৃতা করেছি এবং তখনকার অধ্যক্ষরা জানতেন যে বিলের বিষয়ে একেবারে সীমায়িত অধিকার রাখা যায় না। আপনি যে নির্দেশ দিয়েছেন আমি অক্ষরে অক্ষরে সেই নির্দেশ পালন করেছি। আমি এই বিলটার মূলগত নীতি সম্পর্কে আলোচনা করেছি এবং সেই সম্পর্কে বলতে গিয়ে আমি উল্লেখ করেছি। ১৭ নম্বরে যে ট্রেড লাইসেন্সের ধারা রয়েছে তার অর্থ সম্পর্কে এবং আমি এই কথা বলেছি দরিদ্র চাষী বিক্রেতাদের যে নানা রকম ভাবে ঠকানো হয় তা বন্ধ করবার জন্য এবং সেই ট্রেড লাইসেন্সের ডেফিনিসনের মধ্যে যুক্তির কথা নেই। একথা বলার প্রয়োজনীয়তা আছে বলেই আমি মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেছি এবং তিনি যখন বললেন যে আমি বিলটি পড়িনি তখন আমি নত মস্তকে তা স্বীকার করেছি কিন্তু তিনি যখন এই বিলটার অধিনায়ক তখন তিনি নিশ্চয়ই এটা ভাল করে পড়েছেন—তিনি যদি এ'রকম উষ্মা প্রকাশ না করে দেখাতে পারতেন যে এই ক্লজের অমুক লাইনে তা আছে তাহলে আমি খুব বাধিত হতাম।

**শ্রীকানাইলাল ভট্টাচার্য :** ২৫, ২৬, ২৭ ধারায় আছে।

**ডঃ নলীনাক্ষ সান্যাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনারা সকলে শুনুন, মন্ত্রিমহাশয় যে ক্লজ ২৬, ২৭ এর কথা উল্লেখ করলেন, তাতে কি বলা হয়েছে—তাতে বলা হয়েছে যে Fees, tolls and other charges and rent in excess of fair and equitable rent. ফেয়ার অ্যাণ্ড ইকুইটেবল রেণ্ট একটা জিনিস, আর যুক্তি হল অন্য জিনিষ, এর সঙ্গে মেলান যায় না।

**মিঃ. ডেপুটি স্পীকার :** You may or may not agree but you cannot explain in your own way.

**ডঃ নলীনাক্ষ সান্যাল :** উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় আমাদের যে বুদ্ধি দিলেন, আমি বিল পড়িনি বলে তিনি যেটা উল্লেখ করতে চাইলেন তার উত্তর দেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে বলে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ক্লজ ২৭-এ কি বলছে—ঐ ট্রেড এ্যালাওয়েন্সের কথা বলা হয়েছে। No trade allowance other than such as may be prescribed, shall be received or given by any person in any transaction. এইখানেই আমার আপত্তি। ট্রেড এ্যালাওয়েন্সের ডেফিনেসান যদি ঠিক করে নেওয়া হয় তা হলে ট্রেড এ্যালাওয়েন্স বললে তাদের এইখানে যুক্তি আসবে না। সেইজন্য আমি বললাম যে ট্রেড এ্যালাওয়েন্সের ডেফিনেসন আগে পরিষ্কার হওয়া দরকার।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব অর্ডার, আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে সেকসান ,৫২ সাব-সেকসান ২তে রাখছেন যে Rent would be fair and equitable and declare the same to be so..... এবং রেণ্ট যে ইকুইটেবল হবে সেটা ডিক্লেয়ার করা হবে। কাজেই ডিক্লেয়ার যদি হয় তাহলে মন্ত্রিমহাশয় যে কথা বললেন এখানে সেটা উল্লেখ করা আছে এবং ডিক্লেয়ার টু বি সেম।

**Mr. Deputy Speaker :** I will request Dr. Sanyal only to confine to the salient points and to the principles. I think he will be brief and would co-operate with the chair.

**ডাঃ শশীনাক্ষ সান্যাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধু সত্যপদ ভট্টাচার্য্য মহাশয়কে একটু ইংরাজী ভাষা সম্বন্ধে ডিকসেনারি দেখে কথা বলতে বলছি। যাই হোক, আমি বিনীতভাবে অনুরোধ করছি আপনি আপনার নিজের নির্দেশিত এই আইনসভার নিয়মাবলীর ১৬ উপধারায় যা উল্লেখ করেছেন এর কাঠামো থেকে যদি আমি এদিক ওদিক যাই তাহলে আপনি আমাকে দেখিয়ে দেবেন আমি তা মাথা পেতে নেব, কিন্তু আমি কোন সময়ের সীমাবদ্ধতার মধ্যে যেতে প্রস্তুত নই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার আরো বেশী করে খটকা লাগল—যে উদ্দেশ্য নিয়ে এই বিল উত্থাপন করা হয়েছে সেই উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য যে পথ—একমাত্র পথ হচ্ছে লাইসেনসিং। এই লাইসেনসিং কথাটি ব্যাপক। সাধারণ ভাবে আমরা নানান রকম লাইসেনসিং দেখতে পাই। সেই লাইসেনসিং ব্যবস্থার জন্য ছোট্ট করে একটি কথা বলা হয়েছে যে লাইসেন্স দিতে হবে। সেই লাইসেন্স দেওয়া হবে in such farm and subject to such terms and conditions as may be prescribed. এটা ডেলিগেটেড লেজিসলেশানের পর্যায়ে পড়ে। আমি এটা সম্পূর্ণভাবে অগণতান্ত্রিক বলে মনে করি। আমাদের এই বিধানসভা জানলো না যে কি কি বিষয়ের উপর নির্ভর করে সরকার লাইসেন্স ইস্যু করবেন। মার্কেট কনট্রোল করবার কি কি উদ্দেশ্য বা কি কি ব্যাপার নিয়ে লাইসেন্সের টার্মস এ্যাণ্ড কনডিশান্স করবেন তাও জানানোর প্রয়োজন বোধ করছেন না। তিনি কেবল সরকারী কর্মচারীদের উপর ছেড়ে দিচ্ছেন—টার্মস এণ্ড কনডিশান্স য়্যাজ মে বি প্রেসক্রাইবড—এটা ডেলিগেটেড লেজিসলেশানের সামিল। আমি এদিকে আপনাদের দৃষ্টি আকর্ষন করে বলছি যে এতে দেশের কল্যান হবেনা, কেবল দলবাজীই হবে শুধু তাই নয় এতে গরিব চাষীদের উৎপন্ন ফসল উপযুক্ত দামে বিক্রি করবার সুযোগ আসবে না। স্যার, ইতিপূর্বে ডঃ জয়নাল আবেদিন জানিয়েছেন যে কি ভাবে নিয়ন্ত্রণের নাম করে বাংলা দেশের সমস্ত বেচাকেনার কাজ সরকার কুক্ষিগত করতে চাইছেন। স্যার, লাইসেন্সি কনট্রোল যত কম হয় দেশের পক্ষে ততই মঙ্গল এটা আপনি স্বীকার করবেন। তা ছাড়া যদি কেউ ভুল করে থাকে তাহলে তারজন্য আর একজনকে শাস্তি দেওয়া যায় না। অবশ্য স্যার, সমাজতান্ত্রিক যুগে সামজিক কল্যাণের জন্য নিয়ন্ত্রন অনিবার্য। কিন্তু সেই নিয়ন্ত্রন এমন ভাবে রাখতে হবে যেন ন্যায় নীতি অব্যাহত থাকে। কিন্তু এখানে সরকার তার নিজের হাতে ক্ষমতা নিতে চাইছেন। বিধানসভা জানলো না, সরকার প্রেসক্রাইব করে দেবেন যে টার্মস এ্যাণ্ড কনডিশানস এইভাবে করতে হবে, তার ফল হবে ভয়াবহ। ইতিপূর্বে এই বিধানসভাতে যুক্তফ্রণ্টের আমলে বলছি না—যুক্তফ্রণ্টের আমলে কিছুটার পরিবর্ত্তন হয়েছে, অন্য একটার ব্যাবসার উপর অনুরূপ লাইসেনসিং-এর মাধ্যমে তাঁকে নিয়ন্ত্রণ করবার চেষ্টা হয়েছিল। কোল্ড ষ্টোরেজ ব্যবসায় সরকার হাত দিতে গিয়ে দেখলেন যে তাদের কোল্ড ষ্টোরেজেই তারা সেই নীতি রাখতে পারছেন না, তারা অন্যের মাথায় কাঁঠাল ভাঙতে চাইছেন। চাষীর কল্যাণের জন্য বলা হয়েছিল যে আলুর যারা উৎপাদনকারী তাদের স্বার্থ সংরক্ষণের জন্য আমরা হিমঘরের নিয়ন্ত্রণ আইন করবো। কিন্তু তা তারা করতে পারলেন না, উল্টে সরকারী পর্যায়ে হিমঘর করতে গিয়ে তারা লোকসান খেলেন। নিয়ন্ত্রন আইন বাদ রেখেও নিয়ন্ত্রণ জিনিষটা ভালো কিন্তু তাকে বিচার বিবেচনা করে বা সাবধানে প্রয়োগ করতে হবে। কি বিষয়ে নিয়ন্ত্রন প্রয়োজন সেটা ভাল করে জেনে এগুনো দরকার।

[ 6-55—6-05 p. m. ]

এখানে বলা হয়েছে ষ্টেটমেণ্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজন-এর মধ্যে যে রেণ্ট রিয়েলাইজড্ বাই দি ওনার আর অফেন অফেন এক্সেসিভ, ফেয়ার রেণ্ট ঠিক করে দেওয়া হবে। রেণ্ট বলতে কি

বুঝায় তার কিন্তু ডেফিনেশান পরিষ্কার করে নেই। মাননীয় কৃষিমন্ত্রি মহোদয় সেদিকে লক্ষ্য রাখুন যদি একটা হাটখোলার মধ্যে ছোট ছোট কয়েকটা দোকান ঘর থাকে বা যারা হাটের সময় সেখানে কেনা বেচার জন্য আসে তাদের জন্য বসবার উঠবার জায়গা যারা করে তাদের যে পরিমাণ তারা দৈনিক বা সপ্তাহিক বা মাসিক ভাড়া দেওয়া হয় সেটাকে রেণ্ট বলা যেতে পারে। কিন্তু কেনা বেচার পরিমাণের উপর বা বেশী বা কম মালিকদের বা মালিকদের বদলে যারা দোকানদার তাদের বা কমিশন বা তাদের যা প্রাপ্য দেওয়া হয় তাকে রেণ্ট পর্যায়ে আনা যায় না। ফেয়ার রেণ্ট ঠিক করবার যে প্রস্তাব এক নম্বর প্যারায় ষ্টেটমেণ্টে লেখা আছে, এই ফেয়ার রেণ্ট দিয়ে যায়ার ও সেলারের কোন স্বার্থ রক্ষা করার সম্ভাবনা আমি দেখছি না। রেণ্ট নির্ভর করবে কত টাকা পরিমাণের কারবার সেই লোকটা সেই জায়গায় বসে করছে সপ্তাহে কি দৈনিক, তার উপরে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটা ঘটনা ঘটেছে এবং সেই ঘটনার সঙ্গে যুক্ত যাকে হত্যা করা হয়েছে তার শোভাযাত্রা আজকে এ্যাসেম্বলীর সামনে উপস্থিত হয়েছে। আমি আপনার মাধ্যমে হাউসের কাছে আবেদন জানাবো যে প্রতিটি মন্ত্রী এবং প্রতিটি দলের লোক তাদের কাছে গিয়ে শ্রদ্ধা নিবেদন করেন যাতে তার আত্মার শান্তি হয় এই প্রস্তাব আমি রাখছি।

**ডঃ জয়নাল আবেদিন:** আমরা মাননীয় কৃপাসিন্ধু মহাশয়ের প্রস্তাবে যে বক্তব্য রেখেছেন তার সঙ্গে একমত।

**Mr. Deputy Speaker:** Dr. Sanyal, you continue.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি যদি অনুমতি করেন তাহলে আমরা ১৫ মিনিট বিরতি করে শ্রদ্ধা নিবেদন করে আসতে পারি।

**Mr. Deputy Speaker:** No, you continue. If any member wants to go, he may go.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** এটা অত্যন্ত দুঃখজনক হলেও আপনি উপলব্ধি করেছেন যে আজকে প্রথমতঃ যেরকম পরিস্থিতিতে এসেছি আপনি যদি আমাদের এখানে অনুমতি দিতেন তাহলে বোধহয় সব দিক থেকে ভাল হত। যাই হোক, যে কথা বলছিলাম এই রেণ্ট বলতে ওনার এবং বেসিস এর মধ্যে অর্থাৎ যারা দোকান করে হাটের বাজারে কেনা বেচায় অংশগ্রহণ করছেন তাদের এবং যে চাষী মালিক থেকে তার জিনিষ নিয়ে এল বাজারে সে তো তারজন্য রেণ্ট দেয়না, সে তার কেনাবেচার মূল্য হিসাবে দাম পাচ্ছে এবং তার যদি কোন বৃত্তি থাকে, ধলতা থাকে বা অন্য কোন রকম ট্রেড এলাউয়েন্স দেওয়ার থাকে সেটা অন্য জিনিষ, সেটা রেণ্ট নয়। সুতরাং ফেয়ার রেণ্ট-এর সিদ্ধান্ত করবেন এটা মূলতঃ কি বেসিসে হতে পারে তা তো আমি বুঝতে পারছি না। এই ফেয়ার রেণ্ট সিদ্ধান্ত করার ব্যাপার খুব জটিল এবং এ সম্পর্কে বড় বড় ভলুম অর্থনীতিবিদরা লিখে গিয়েছেন বিশেষ করে আমেরিকান যারা পণ্ডিত তারা ফিকসেসান অব ফেয়ার রেণ্ট সম্বন্ধে সুবিস্তৃত গবেষণা আছে। সেটা গ্রামে একটা কমিটি গিয়ে সেখানে একটা ফেয়ার রেণ্ট ঠিক করে দেবে, এটা খুব অবাস্তব জিনিস হচ্ছে। একটা জায়গায় যে দোকান করল একটা সামান্য পানবিড়ির দোকান করে তার কি পরিমাণ দৈনিক বা মাসিক বা বাৎসরিক টাকার মাল কেনাবেচা হবে সেটা তাকে বিবেচনা করতে হবে এবং সেই অনুযায়ী সে রেণ্ট দেবে।

বড় বাজারে যদি একটা ঘরের জন্য রেণ্ট কেউ আড়াই হাজার তিন হাজার টাকা দেন, বাগবাজারে কিংবা অন্য কোন বাজারে সেই রকম ঘরের জন্য সেই টাকা কেউ দেয় না। শুধু স্কোয়ার ফিট এরিয়া দেখিয়ে রেণ্ট হয় না। কতটা ব্যবসায়ে টার্ণওভার হয় এবং সেটা কতটা সময়ের মধ্যে হয় তার উপর নির্ভর করছে রেণ্ট। এ সম্পর্কে সরাসরি কোন হুকুম সরকারী অফিস থেকে দেওয়া সম্ভব নয়। যদি তা দেওয়া হয় তাহলে তার ফল হবে আণ্ডার গ্রাউণ্ড ব্যবসায়। আপনারা একটা বলে দিলেন এত স্কোয়ার ফিট হলে ভাড়া ৫০ টাকার বেশী হতে পারবে না। কিন্তু সেলামীর নাম করে পাগড়ী বা ব্লাক মানির যে ব্যাপার চলে সেটা পরিষ্কার হয়ে উঠবে। কাজেই এই সব জিনিষ এত ভড়ি ঘড়ি অবাস্তর ব্যবস্থার সৃষ্টি করার চেষ্টা বৃথা। আইনের মধ্যে আছে একটা মার্কেট কমিটি হবে, তারপর নির্দেশ দেওয়া ছাড়া কোন বেসিস দেওয়া হয়নি যে এইভাবে রেণ্ট নির্ধারণ হবে। কাজেই নীতির দিক থেকে আমি মনে করি এটা সম্পূর্ণভাবে অবাস্তব এবং কার্যকরী করা এত সহজ নয়। এতে অবজেক্ট ছিল কি? মিডিলম্যানদের প্রডিউসারদের কাছ থেকে এগ্রিড প্রাইস থেকে কিছু কিছু ডিডাকশন করার ব্যাপার, এটাই আসল কথা, এর মধ্যে বৃত্তি আছে ঢলতা আছে, এর মধ্যে শুকতি মতি বলে একটা জিনিষ আছে। যদি কোন কৃষিজাত জিনিষ, ধানের মত জিনিষ, বর্ষাকালে আউস ধান বিক্রি হয় তাহলে তার জন্য ড্রাইং এলাউন্স দিতে হবে, শীতকালে আমন ধানে এত এলাউন্স লাগে না। ফুড কর্পোরেশনের কর্তারাও একথা স্বীকার করেন যে কেনার সময় বায়ুতে যদি আদ্রতা বেশী থাকে তাহলে ধান অন্ততঃ কিছুদিন পরে ওজনে কমে যাবে। সেজন্য দামে তারতম্য রেখে তাদের কাজ করতে হয়। সুতরাং বিলের মধ্যে একটা স্পেসিফিক প্রভিশন না থাকলে কি করে হবে, অন্ততঃ মোটামোটি কিছু কিছু নীতি অনুসরণ করা দরকার আছে বলে মনে করি, এবং সেটা না থাকার জন্য বিলটা অসংগত হয়েছে বলে আমার ধারণা হয়েছে। তারপর দেখুন, বলা হচ্ছে যে কোন লোক্যাল অথরিটি মিউনিসিপালিটি কিংবা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট কিংবা কোন মার্কেট কমিটি যে মার্কেট কমিটির নূতন করে সংজ্ঞা করা হল, তারা যদি মার্কেট রক্ষা করে তাদের লাইসেন্স প্রয়োজন হবে না। এইভাবে নূতন একটা প্রিভিলেজড্ ক্লাশ তৈয়ারী করার জন্য কেন যে মন্ত্রিমহাশয় ব্যস্ত হয়েছেন তা বুঝতে পারি না। মিউনিসিপ্যাল মার্কেটগুলি বহুজায়গায় অপরিষ্কার এবং অস্বাস্থ্যকর পরিবেশে থাকে, সেখানে ড্রেনেজের ভাল ব্যবস্থা নেই, কল পায়খানার ভাল ব্যবস্থা নেই। অন্য কোন ব্যবস্থার কথা বাদ দিলেও মিউনিসিপ্যাল মার্কেটগুলি পরিষ্কার রাখতে হবে একথাও কি বলব না। সুস্থ পরিবেশ সেখানে থাকবে না এটাই কি মেনে নেব? কাজেই যে স্পেশাল প্রিভিলেজ দেওয়া হচ্ছে সেটা কতখানি দেওয়া উচিত, সেটা বিবেচনা করে দেখা দরকার। ফি এখানে ধরা হয়েছে, সত্যব্রতবাবু একটু দেখেই চমকেছেন, দু'লক্ষ টাকা বছরে খরচ হবে, আইন কার্যকরী হলে। বর্তমান হারে যেটা ২লক্ষ টাকা বলে হিসাব করা হয়েছে, সেটা অবশ্য নূতন পে-কমিশন-এর হার প্রবর্তিত হলে দু'লক্ষের জায়গায় অন্ততঃ ৪ লক্ষ কি ৫ লক্ষ হবে, নইলে হবে না।

[ 6-05—6-15. p. m. ]

এবং এই টাকা তুলতে গেলে ওই দোকানদারদের কাছ থেকে আদায় করবার পরিকল্পনা যদি থাকে তাহলে লাইসেন্স ফি সেই অনুসারে বাড়বে। ডঃ জয়নাল আবেদিন বলেছেন নানা রকম হাট আছে, দোকান আছে এবং সেখানে কেউ একটা জিনিস নিয়ে কাজকারবার করে, কেউ ৫টি জিনিস নিয়ে কাজ কারবার করে, কেউ শুধু আড়তদারী করে—সে কেনাবেচা করে না, সে শুধু মাল রাখবার সুযোগ দিয়েছে এবং পরিবর্তে সামান্য কিছু ফি নেয়। সেখানে যদি লাইসেন্স ফি দিতে হয় তাহলে সেটা অযৌক্তিক। আপনারা যে লাইসেন্স ফি নিচ্ছেন সেটা তাকে একটা স্পেসিফিক সার্ভিস দেবেন বলে নিচ্ছেন। যদি সরকার পক্ষ থেকে বলা হোত তোমরা আমাদের এই আইনের

আওতায় এলে তোমাদের নিরঙ্কুশ ব্যবস্থা করে দেব, তোমাদের টাকা পয়সার লেনদেনের ব্যবস্থা করে দেব, তোমাদের ঘরের সামনে যাতে নোংরা পড়ে না থাকে তার ব্যবস্থা করে দেব বা তোমাদের কেউ বিব্রত না করে তার ব্যবস্থা করে দেব, তাহলে তার মানে বুঝতাম। কিন্তু "আমরা তোমাদের উপর ছড়ি ঘোরাব কাজেই আমাদের টাকা দাও"—এই নীতি গ্রহণযোগ্য নয়। (এ ভয়েস :—উনি এসব কি বলছেন?) স্যার, যাঁরা বেশী বুদ্ধিমান তাঁরা বুঝতে পারছেন না বলে আমি দায়ী নই। একজন আইনজীবী এবং সেকালের একজন নেতৃস্থানীয় ব্যক্তি ডঃ রাসবিহারী ঘোষ একবার যখন সওয়াল করছিলেন তখন একজন জজ বলেছিলেন আমি বুঝতে পারছিনা। তখন তিনি বলেছিলেন, My lord, all that I can say is that I can give my argument by logic, but, I cannot give you my brain. আমিও তাঁর মত বলছি আমি ওঁদের মাথায় মস্তিস্ক দিতে পারব না। আমি যেটুকু বুঝছি সেটুকু শুধু নিবেদন করলাম। তারপর ক্লজের নাম করলেই মন্ত্রিমহাশয় হাত ছেড়ে উঠবেন কিন্তু তবুও বলছি একটি ক্লজ রয়েছে যেখানে লাইসেন্স ফির কথা রয়েছে। এখানে উর্ধতন সীমা রয়েছে ২০০ টাকা, কিন্তু নিম্নতম কি হবে এবং যদি কেউ বাজারের মধ্যে ছোটখাট কিছু করে তাহলে তার কি হবে? আমরা তো এখন দেখছি রাস্তার দুপাশে তরিতরকারী, মাছ প্রভৃতি নিয়ে যেমন ইচ্ছা লোকেরা বসে যাচ্ছে। এটা যেমন কোলকাতায় দেখছি ঠিক তেমনি গ্রামেও দেখছি। এই ব্যাপারে কারও স্বাস্থ্যের পরিবেশ সম্বন্ধে কোন চিন্তা নেই। ড্রেনের উপর তক্তা পেতে কাজ করছে, আবার জমি বেদখল করেও কাজ করছে। তাদের নিয়ন্ত্রণের ব্যবস্থা কি হবে সেটা তো বুঝতে পারছি না। তারপর লাইসেন্স দেবার যে সময় নির্ধারণ করতে চাইছেন অর্থাৎ পিরিয়ড অব লাইসেন্স যেটা করতে চাচ্ছেন তাতে দেখছি বছর বছর তা নবীকরণ হবে। একটি হাটে বা বাজারে লোকেরা একটি দীর্ঘস্থায়ী প্রতিষ্ঠান করতে চায়' কেউ দোকান-পাট করেন, কেউ পাকা বাড়ী করেন, কেউ পাটের কারবার করেন। পাটের কারবার করতে হলে তাকে পাকা গুদাম করতে হবে যাতে জল, বৃষ্টি এবং আগুনের হাত থেকে রক্ষা পায়। কিন্তু সেখানে যদি ১ বছর অন্তর লাইসেন্স দেবেন বলেন তাহলে কে সেখানে টাকা-পয়সা খরচ করতে যাবে? কাজেই এই যে লাইসেন্সিংটা—যে ব্যবসায়ী লাইসেন্স নেবার জন্য আপনাদের কাছে দরখাস্ত করে আসছে—চাষীর কল্যাণ যদি চিন্তা করেন তাহলে তাদের সেই লাইসেন্স দীর্ঘস্থায়ী করতে হবে। পাঁচ বছরের কমে লাইসেন্স নেওয়া চলে না। যেখানে যেরকম মূলধন বিনিয়োগ করা হবে তার উপর নির্ভর করছে কতদিনের জন্য লাইসেন্স দিতে হবে আর বলছেন যে এই লাইসেন্স বছরে বছরে রিনিউ করতে হবে। এই পিরিয়ড সম্পর্কে আমার পূর্ব অভিজ্ঞতা যা আছে তাতে দেখেছি যে সরকারী কর্মচারীদের খুবই সুবিধা। যেতে আসতে দুহাতে কিছু না কিছু জমে যায়। এই ভাবে যদি আমরা চলি তাহলে আমাদের দেশ কোথায় যাবে।

**Mr. Deputy Speaker :** Dr. Sanyal, you have already taken more than fifty minutes. You are dilating on one point for five or ten minutes. I think the honourable members who are persent here can understand the points if they are placed within a minute or two. It is unnecessary to dwell upon a particular point for five or ten minutes. I think it is becoming boring already.

**Dr. Nalinaksha Sanyal :** I have submitted earlier for your consideration that the Bill at this late hour is bound to be boring and therefore, I requested the Hon'ble Minister to have it postponed.

**Mr. Deputy Speaker :** It is not the Bill but your speech, your lengthy speech is being boring on the members.

**Dr. Nalinaksha Sanyal :** Sir, I wanted to avoid that, with all respect to you. But if the Hon'ble Minister in the House insists, I cannot help. That is why I submitted in the beginning that let this be postponed for further discussion. Even now I am prepared to wait if the Hon'ble Minister wishes to have it postponed.

**Mr. Deputy Speaker :** You just mention your points but do not dwell unnecessary on each of the points for five or ten minutes because the members are sufficiently intelligent to understand your points.

**Dr. Nalinaksha Sanyal :** Are they ?

**Shri A. H. Besterwitch :** On a point of order, Sir. He is adamant to continue right through the night and I think he will go on speaking in this way.

**Mr. Deputy Speaker :** No, he is not going to speak throughout the night.

**Dr. Nalinaksha Sanyal :** Sir, give me the time limit, you say, up to 6-30 or 7-30. ( Noise and interruptions ) এখনই কি হয়েছে, clause by clause voting হবে এবং division হবে। Do they think they can force the Bill down our throat ?

**শ্রীনাথানিয়্যাল মুর্মু :** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, ডঃ সান্যাল একজন জ্ঞানী ব্যক্তি, এবং আমাদের শ্রদ্ধেয়, তাঁর কথা আমরা মনোযোগ দিয়ে শুনেছি। তিনি তিন চারটি পয়েন্ট বিশেষ গুরুত্বপূর্ণভাবে রেখেছেন। কিন্তু, একটা জিনিসই যদি বারবার রিপিট করেন তাহলে তাঁর পয়েন্টের আর গুরুত্ব থাকে না। আমরা তাঁর বক্তব্যকে ভালভাবে শুনেছি। কিন্তু অতিরিক্ত করতে গেলে তাঁর বক্তৃতার দাম যে কমে যাবে এটা যেন উনি খেয়াল রাখেন।

**Mr. Deputy Speaker :** I think honourable members are becoming impatient. Dr. Sanyal, you have already taken more than fifty minutes and there has been protracted discussion. So taking the consensus of the House I want to fix the time limit for you and this is not the opinion of the Presiding Officer but of the House. Then, I give you.......

**Dr. Zainal Abedin :** Sir, independence of the members is being curbed by limiting.......

**Mr. Deputy Speaker :** No, no. I refer to rule 337.

**Dr. Zainal Abedin :** That you can do but you should see that no precedent is created.

[ 6-15—6-25 p.m. ]

**Shri Jatin Chakravorty :** Sir, we on the Government side, do not want to gag the right of the Opposition. They can have their time, but no filibustering should be allowed stalling the proceedings of the House.

**Mr. Deputy Speaker :** I am allowing him 10 minutes time taking the sense of the House.

**Dr. Zainal Abedin:** Sir, I would request you not to press for this. I request the honourable member on this side to finish his speech as early as possible without causing any inconvenience or impatience to the members.

**Mr. Deputy Speaker:** I have requested him on several occasions to confine himself within certain time limit. As I find that the members are already impatient and they are not listening to the speech, under rule 337 I have already fixed the time limit. I cannot extend it.

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, আপনার রুলিং আমি মাথায় করে নিলাম। আমি আগেও আপনাকে বলেছিলাম এবং আপনার রুলিং-এর বাইরে গেলে আমার দৃষ্টি আকর্ষণ করলে আমি রুলিং মাথা পেতে নেব। কিন্তু বিলের সাধারণ নীতির উপর আমি আমার বক্তব্য নিবেদন করবো ও ক্লজের উপর আলোচনার সময় দৃষ্টি আকর্ষণ করবো। আমি দেখাতে চাই যে নীতির সঙ্গে সঙ্গতি আছে কি না। যে জিনিসটা দেখাতে বাধ্য হচ্ছি যদি দুশো টাকা লাইসেন্স ফি করা হয় তাহলে ছোট বড় ভিন্ন ভিন্ন পর্য্যায় যা হবে তা করা হল না। অবশ্য মন্ত্রিমহাশয় দেখুন এ বিষয় একটা যে স্ল্যাব সিষ্টেম হতে পারে কিন্তু সে স্লাব সিষ্টেমের ইঙ্গিত এখানে নেই। আমাদের এখানে করপোরেশনের লাইসেন্সিং আয়ের অনুপাতে করেছি। বিভিন্ন ব্যবসায়ে কোম্পানীর ক্যাপিটাল কত তার ওপর নির্ভর করছে। কিন্তু এখানে এই সব যে মার্কেট সেখানে তা করা যায় না অসুবিধা আছে। কারণ ভিন্ন ক্ষেত্রে ভিন্ন রকমের কেনা বেচার পরিমাপ কি হবে কিভাবে লাইসেন্স ফি ঠিক করা হবে সেটা যদি পরিষ্কার করে দেন তা হলে বাধিত হব। তারপর মার্কেট বলতে বলেছি ইট.......( ইং ) অর্থাৎ আমাদের চাহিদা এবং সরবরাহ এ দুইটার সঙ্গে সঙ্গতি রেখে মূল্য নির্ধারিত হয়। সে জিনিসটার যতদূর ক্ষেত্র পর্যন্ত তার প্রভাব থাকে সমস্তটাকেই মার্কেট বলে গণ্য করা হয়। তার মধ্যে অবশ্য দূরত্ব অনুযায়ী যানবাহনের খরচ যতটা প্রয়োজন হয় ততটা সে মার্কেট রেঞ্জের মধ্যে ধরে দেওয়া হতে পারে। এখানে মার্কেট কমিটি করবার পরিকল্পনা করা হয়েছে। আমাদের বন্ধু জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে সেটা সম্পূর্ণ সরকারের কুক্ষিগত হবে। মাননীয় মন্ত্রিমহাশয়, নিজের খেয়াল খুশি মত হুকুম চালাবার একটা ক্ষেত্র তৈরী করছেন। এ বিষয়ে সাবধান হয়ে চলবার জন্য আমি অনুরোধ করছি। এই যে মার্কেটিং কমিটি তার বিস্তৃতি কতদূর হবে তা লেখা আছে সেখানে আছে such area as the State Government may determine সাধারণতঃ এডমিনিস্ট্রেটিভ ইউনিট হিসাবে জেলা সাবডিভিসান, থানা বা নূতন বি. ডি. ও. রেঞ্জ যা আছে এবং এটা অনুমান করা অন্যায় হবে না যে সাবডিভিসান হোক বা বি. ডি. ও. পর্যায়ে হোক তারা তাদের এডমিনিস্ট্রেটিভ সাইড থেকে মার্কেটিং কমিটির এরিয়া চেষ্টা করবেন ঠিক করতে। কিন্তু এডমিনিস্ট্রেটিভ unit অর্থনৈতিক বা কেনাবেচার যে মার্কেট তার সম্পূর্ণ কোটারমিনাস না হতে পারে এবং অনেকক্ষেত্রে হয় না। মুর্শিদাবাদ জেলা, নদীয়া, বর্দ্ধমানের খানিকটা অংশ এইরূপ এক একটা পর্যায়ে বিস্তৃত এবং সীমাবদ্ধ এলাকার উপর মাল কেনা বেচা হয়। চাহিদা এবং সরবরাহ তার উপর যে প্রভাব তা চলাচল করবে এবং সেখানে এডমিনিস্ট্রেটিভ unit হিসাবে যদি মার্কেটকে এরিয়া করতে যাওয়া হয় তাহলে তার ফল ভাল হবে না। কিন্তু এই মার্কেট কমিটি যদি সরকারী কর্মচারীদের নিয়ে প্রেসিডেন্ট এবং সেক্রেটারি করতে যাওয়া হয় তা হলে সেখানে সরকারের খুব সংবুদ্ধি থাকলেও তার এডমিনিস্ট্রেটিভ কন্ট্রোলে সেই জেলা ম্যাজিস্ট্রেট পর্যায়ে বা সাবডিভিসান রাখা সম্ভব হবে না। সেইজন্য বেসরকারী মার্কেটিং কমিটি করতে অনুরোধ জানাচ্ছি এবং বেসরকারী মার্কেটিং কমিটি করতে যারা প্রধানতঃ মার্কেটিং কমিটির কাজের সঙ্গে সংযুক্ত তাদের এই মার্কেটিং কমিটিতে উপযুক্ত প্রতিনিধিত্ব করবার অধিকার আপনাকে দিতে হবে। কিভাবে দিতে হবে তা অনির্দিষ্টভাবে

রাখলে চলবে না। কাজেই এই যে স্টেট গভর্ণমেণ্ট ভিন্ন ভিন্ন জায়গায় তাদের ক্ষমতা নিয়োগ করবার জন্য তাদের মনোনীত সদস্যদের দ্বারা সেটা করবার চেষ্টা করছেন, এটার আমূল পরিবর্তন করার প্রয়োজনীয়তা আছে। এই মার্কেটিং কমিটি ছাড়াও এই বিলের মধ্যে প্রস্তাব আছে স্পেশাল কমিটি করবার সম্ভাবনা আছে। এই যে স্পেশাল কমিটি এটা কি মূলে হবে তা কোন কিছুই বলা হয় নি। আমি বুঝতে পারতাম যদি ভিন্ন ভিন্ন জিনিসের কেনা-বেচার ব্যাপারে যে প্রোডাক্ট এগরিকালচার প্রোডাক্ট-এর বেসিসে যদি কমিটি হয় যেমন তৈলজাত জিনিসের জন্য একটা কমিটি, কি ধানচালের জন্য একটা আলাদা কমিটি বা কাঁচা পাটের জন্য একটা আলাদা কমিটি এরূপ বিভিন্ন আলাদা কমিটি বিভিন্ন জিনিসের জন্য যদি করেন তাহলে সেখানে সাব-কমিটির মূল্য আছে।

এই সাব-কমিটিগুলো এক একটা বেচা-কেনার মালের উপর ভিত্তি করে হবে না সেটা হবে এরিয়ার উপর ?

( এই সময় লালবাতি জ্বলতে দেখা যায়। )

**Mr. Deputy Speaker :** Dr. Sanyal, please take your seat.

[6-25—6-35 p.m. ]

**ডাঃ নলিনাক্ষ সান্যাল :** আপনার আদেশ শিরোধার্য করে কোন কথার পুনরুক্তি করিনি। আপনি যদি বলেন আমি বলব। কিন্তু আমি নূতন নূতন কথা বলেছি। যদি সদস্যরা না শুনতে চান তাহলে নিশ্চয় জোর করে বলব না। আমি এই দাবী করছি যে আজকের আলোচনায় মধ্যে আমি কোন জিনিষ বিলের বাইরে উত্থাপন করিনি। আমি একথা বলিনি যে, যুক্তফ্রণ্ট সরকারের কোন দল ধান লুঠ করেছে ইত্যাদি। যদি আপনি বলতে না দেন নিশ্চয় মানব, কিন্তু পরে আবার আলোচনায় যোগ দেবার অধিকার আমার আছে।

**Shri A. H. Besterwitch :** On a point of order, Sir, Dr. Sanyal is intentionally trying to create trouble in the House and this sort of behaviour on his part is not good.

**শ্রী এ. কে. এম. ইশাক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা পয়েণ্ট অফ অর্ডার রাখছি। আপনি যখনই যে নির্দেশ দেবেন আমরা তা মেনে নিই। এটা প্রিভিলেজও বটে, পেরোমেটিভও বটে যে সে নির্দেশ মেনে নেব। কিন্তু যখনই নির্দেশ দেবেন আমাদের পক্ষ থেকে একটা নিবেদন করে রাখব। আপনি জানেন চিরকাল প্রতিটি ডেমোক্রেটিক লেজিসলেশনে প্রতিটি বিলের উপর পুরোপুরি আলোচনা করার অপোজিশনের অধিকার আছে। একটা বিল পাশ করতে দেব পুরো-দায়ীত্ব নিয়ে পাশ করতে দেব। আপনি জানেন কোন বিল অগণতান্ত্রিক বলে মনে করে থাকলে তাকে ষ্টপ্ করবার জন্য সব রকম পথ অবলম্বন করার অধিকার আছে। এটা ডেমোক্রেটিক রাইট। এটা হাউস অফ কমন্সে ব্যবহৃত হয়েছে। আজ পর্যন্ত কেউ এই গণতান্ত্রিক অধিকারে হাত দেন নি। ওঁরা যে কথা বলছেন যে অধৈর্য্য হয়ে পড়েছেন, সেটা একটা কলেজ বা স্কুলের ছেলের পক্ষে সম্ভব। কিন্তু যাঁরা এক লক্ষ বা দেড় লক্ষ লোকের প্রতিনিধিত্ব করতে এসেছেন যাঁরা বাংলাদেশের লোকের জন্য আইন রচনা করতে এসেছেন তাদের পক্ষে কি উচিত ? এটা ওঁদের ( সরকার পক্ষে আসন দেখাইয়া ) পক্ষেই সম্ভব। কিন্তু কোন দায়িত্বজ্ঞানসম্পন্ন লোকের পক্ষে সম্ভব নয়।

**Mr. Deputy Speaker :** Mr. Ishaque, I fully understand what you are striving at. I really want that you get every scope to place your point of view in respect of any Bill. I am not going to gag the

Opposition. What I say is that the debate is becoming unduly protracted and so I am only invoking rule 337 of the Rules of Procedure where a provision has been laid down that whenever the debate on any motion in *connection with a Bill* or on any other motion becomes unduly protracted, the Speaker may, after taking the sense of the House, fix a time limit for the conclusion of discussion on any stage etc. I have only done that and nothing more. I find that Dr. Sanyal on many occasions repeated the points raised by Dr. Zainal Abedin. Sometimes Dr. Sanyal took 5/10 minutes on a particular point and repeated the same arguments which is not necessary. So if you think that the Opposition or any member has been gagged and has not been allowed to speak on some particular principle of the Bill then I think I have been misunderstood. I give you assurance that whenever I am here you will have ample opportunity to place your points of view. Dr. Sanyal at the very outset told me that he had received the Bill only to-day and he has not been able to go through the entire Bill throughly. That is why he was taking so much time. If he would have received the Bill 2/3 days ago he could have gone through the Bill and delivered his speech on the salient points. It is a similar case like that of a lawyer who has not prepared himself to argue the case. When he finds that he is not ready with his case he takes much time to argue that case before the Lordship. That is the difficulty I understand. However, I would request you all to co-operate with me in this respect. Unless I get co-operation from you, it is not possible for me to work here.

**শ্রী এ. কে. এম. ইসাক :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রথমেই আপনার অবগতির জন্য বলছি ডঃ সান্যালের যে উচ্চাংগের আলোচনা হয়েছে, তা ও তরফের কাছে প্রোটেকটিভ ডিসকাসান বলে অনুভূত হয়েছে, কিন্তু আমাদের কাছে তা হয়নি। আমরা ওঁর আলোচনায় অত্যন্ত আনন্দিত হয়েছি। রুল ৩৪৭-এর জেনারেল প্রভিশানে বলা হয়েছে একটা বিলের বেলায় কোন টাইম লিমিট থাকবে না। Whether this ruling will be proper subject to the general provision or not. আপনি যে রায় দেবেন সেই রায় আমাদের কাছে..........

**Mr. Deputy Speaker :** Do not discuss the ruling, that has already been given by the Chair. You may place the particular Rule to the Rules Committee but don't discuss the ruling. Now I call upon Shri Hare Krishna Konar to make a short statement.

**Dr. Nalilakhsha Sanyal :** When the Bill is under discussion you cannot call upon any Minister to make a statement.

**Mr. Deputy Speaker :** The Hon'ble Minister has sought permission from me to make a short statement. According to the rules I have given him the permission.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** স্যার, আপনি জানেন কয়েকজন মাননীয় সদস্য বেলেঘাটা, নারকেলডাঙ্গা অঞ্চলের দু'টা গোলমালের কথা এখানে বলেছিলেন। এ সম্বন্ধে বিস্তারিতভাবে যদি রিপোর্ট দিতে হয় তাহলে সেটা সংগ্রহ করে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী সেটা আপনাদের কাছে রাখবেন। কিন্তু আমি অনুভব করলাম যে এখানকার গোলমাল মেটাতে হবে এবং সকলের প্রচেষ্টায় সেটা হবে। সেজন্য আমি শ্রীভক্তি মণ্ডল, শ্রীশম্ভু ঘোষ, শ্রীকৃষ্ণ পদ ঘোষ, ঐ এলাকায় ফরোয়ার্ডব্লকের ও সি. পি. এম-এর নেতৃবৃন্দদের এবং এখানকার মাননীয় সদস্য শ্রী কে. জি. বসুকে ডেকে সেখানকার

অবস্থা আলোচনা করি ' দোষ ত্রুটি আলোচনা করিনি, ঘটনাগুলি বিশ্লেষণ করিনি। কিন্তু এই ঘটনার পরিসমাপ্তি করা দরকার। সেখানকার স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে আমাদের শাসন যন্ত্রকে পরিচালনা করা দরকার।

[6-35—6-45 p.m.]

আমি আনন্দের সংগে ঘোষণা করছি এটা ওখানে যারা স্থানীয় দুই পার্টির নেতা তাঁরা আমাদের সংগে একমত হয়েছেন যে তাঁরা সর্বোতভাবে আমাদের সাহায্য করবেন, তাঁরা উভয়ে দেখবেন যাতে কোন সমাজবিরোধী ব্যক্তি কোন পার্টির আশ্রয় গ্রহণ করে ওখানে গোলমাল সৃষ্টি করতে না পারে, এবং তাঁরা আজ থেকে উভয় দলই বেরিয়ে সেখানে যাতে শান্তি বজায় থাকে তার ব্যবস্থা করবেন, তাছাড়া দীর্ঘমেয়াদী ব্যবস্থা হিসাবে তাঁরা সেখানে বসবেন প্রয়োজন হলে তাঁরা আমাদের সাহায্যও নেবেন, এবং এই দৃষ্টিভংগী নিয়ে কোন সমাজবিরোধী ব্যক্তি ওখানে কোন সুযোগ নিয়ে যাতে গোলমাল পাকাতে না পারে তার জন্য সর্বতোভাবে ব্যবস্থা নেবেন। ইতিমধ্যে শাসনব্যবস্থা হিসাবে আমরা পুলিশ কমিশনারকে এই পরামর্শ দিয়েছি যে আজকে এবং কালকে যেমন প্রয়োজনীয় পুলিশ পিকেট বসাতে হয় তেমনি বসান হবে। এই বিষয়ে যদি কোন গোলমাল হয়, কোন সমাজ বিরোধী ব্যক্তি কোন সুযোগ নেবার চেষ্টা করে তাহলে যাতে কঠোর ব্যবস্থা পুলিশ থেকে গ্রহণ করা হয় তার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে, এইটুকু ঘোষণা আমি আপনার কাছে রাখলাম।

**Dr. Nalinaksha Sanyal :** Mr. Deputy Speaker, Sir, I rise on a point of order. You have invited our attention to Rule 337 of our Assembly Rules. I would respectfully submit that so far as I am concerned personally I have accepted your ruling and have stopped further discussion on the matter. I have carefully gone through this rule and ask Dr. Bhattacharyya and others who are impatient to read this rule again. This rule states that if a debate as a whole is protracted........

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** স্যার, আপনার রুলিং-এর উপর পয়েন্ট অব অর্ডার হয় নাকি? আপনার রুলিং হয়ে যাবার পর উনি পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়েছেন, হি মাষ্ট সিট ডাউন।

**Mr. Deputy Speaker :** Dr. Sanyal, I have understood what you are going to submit just now. You are referring to Rule 337 of our Assembly Rules of Procedure. Just now a ruling has been given on that particular matter. You have already submitted that this rule is in respect of an entire bill or in respect of an entire motion and not in respect of a particular debate or speech of a person. But so far as I understand the rule says, "fix a time limit for the conclusion of discussion on any stage." I think that we are in the consideration stage of the Bill. That is my interpretation.

**Dr. Nalinaksha Sanyal:** Stage of the Bill and not the stage of the person.

**Mr. Deputy Speaker :** You are the last speaker for the consideration motion and that is a stage and I have rightly delivered that ruling that this stage of consideration is over, after 10 minutes. So I am perfectly within my limits and within the limit of this rule 337. I think you need not discuss any more on the subject. The Hon'ble Minister-in-charge may kindly reply.

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য ঃ** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই যে প্রস্তাব আনা হয়েছে তার উপর অনেকক্ষণ ধরে আলোচনা হয়েছে যদিও আগে কয়েকজন বক্তা বলেছেন। মাননীয় ডক্টর নলিনাক্ষ সান্যাল মহাশয় একঘণ্টা পনের মিনিট ধরে যে বক্তব্য রেখেছেন তা থেকে এটুকু বোঝা যায় ডক্টর সান্যাল বিদ্বান ব্যক্তি হতে পারেন, তিনি Economics-এর ডক্টরেট হতে পারেন, Economics-এর বড় বড় থিওরী তিনি ঝাড়তে পারেন, তবে এটা স্বীকার করতে হবে তিনি বিলটা আদৌ পড়েন নাই। কাজেই বিলটা একেবারে না পড়ে একটা সেকসন পড়ছেন আর বলছেন এবং যখনই ভুল ধরিয়ে দেওয়া হচ্ছে তখন আবার একটু দেখে নিয়ে পড়বার চেষ্টা করছেন যেন হাউসের কেউ কিছু বুঝতে পারেন নি। হয়ত তাঁর মত তীক্ষ্মধী আমরা নই। কিন্তু তবুও আমরা বুঝতে পেরেছি তিনি বিলটা পড়েন নাই। কাজেই বিল সম্পর্কে কোন relevant কোন কথা বলেন নাই। সুতরাং তাঁর বক্তব্যের কোন জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আমি শুধু ডাঃ জয়নাল আবেদীন সাহেব যা বলেছেন যে বিলটিকে select কমিটিতে দেওয়া হোক—তার প্রথম যুক্তি হচ্ছে এই যে মার্কেট কমিটি করা হচ্ছে সেই মার্কেট কমিটি nominated অর্থাৎ সরকার সেটা মনোনীত করে দেবেন। আমরা নাকি সেই মনোনয়নের ভেতর দিয়ে বাজার নিয়ন্ত্রন করবার সমস্ত ক্ষমতা কুক্ষিগত করবার চেষ্টা করছি। এর উত্তরে আমি তাঁকে বলতে পারি যেহেতু এই আইন এই প্রথম করা হচ্ছে, এখানে নির্বাচনের কোন সুযোগ দেওয়ার ইচ্ছে আমাদের থাকলেও এটা বিলের মধ্যে এখনো incorporate করতে পারিনি। কারণ নির্বাচন করতে গেলে এই আইনকে কার্য্যকরী করতে অনেকদিন লেগে যাবে। অথচ ভারতবর্ষের অন্যান্য সমস্ত প্রদেশে এই বাজার নিয়ন্ত্রন করবার জন্য সরকার কিছুটা ক্ষমতা হাতে নিয়েছেন এবং সেই অনুযায়ী বাজার সেখানে নিয়ন্ত্রিত হচ্ছে। চাষীরা তারদ্বারা কিছু কিছু সুফল পাচ্ছে। আমাদের এখানে তার প্রয়োজন অনেকে অনুভব করেছেন বিশেষ যুক্তফ্রন্ট সরকারে আমরা যখন আছি—আমরা মনে করি কৃষক, শ্রমিক, নিম্ন মধ্যবিত্তের প্রতিনিধি আমরা এবং আমরা আজ পর্য্যন্ত দশ মাসের মধ্যে তাদের স্বার্থ রক্ষা করেছি এবং করে আসছি, তখন আমরা যদি কোন ক্ষমতা নেই তাহলে নিশ্চয়ই কৃষক ও শ্রমিকের স্বার্থে সেই ক্ষমতা আমরা প্রয়োগ করবো। তা সত্বেও আমরা মনে করি এটা আরো democratise হওয়া উচিত ছিল। নির্বাচন করতে গেলে licenced vender দ্বারা constituency করা যেতে পারে। আর Co-operative-এর যে কথা আছে, সেটা co-operative নির্বাচন করে দেবেন। তাছাড়া আর যে Growers কথা আছে সেই Growers দের মধ্যে ভোটার ঠিক করা খুবই কঠিন কাজ। তারা যে কি করে নির্বাচন করবেন—তা বুঝতে পারা যাচ্ছে না। সে নির্বাচন করা খুবই শক্ত কাজ। এই বিল যদি আইনে পরিণত হয়, যদি আমরা মার্কেট কমিটি করে দিতে পারি, এই বিলের ধারাগুলি কার্য্যকরী করতে পারি, তাই Growers দের association গড়ে উঠবে। তখন এই association মারফৎ প্রতিনিধি নির্বাচনের বন্দোবস্ত করতে পারবো। কাজেই এই দৃষ্টিভঙ্গী আমাদের আছে, এখন এই বিলের যে ধারা আছে তা কার্য্যকরী করতে গেলে প্রথমতঃ আমাদের মনোনীত সদস্যের উপরই নির্ভর করতে হবে।

[ 6-45—6-55 p.m. ]

আমি বুঝি এই বিলের সবচেয়ে উইক পয়েণ্ট যেটা সেটা হচ্ছে সরকার মার্কেট কমিটি মনোনীত করে দিচ্ছেন কিন্তু আমি হাউসের কাছে এই এ্যাসিওরেন্স দিতে পারি এই আইন হয়ে গেলে মার্কেট কমিটি মনোনীত হয়ে গেলে লাইসেন্সড্ ভেনডার্স হয়ে গেলে সেই লাইসেন্সড্ ভেনডারদের ভোটের অধিকার ..........

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** লাইসেন্সড ভেনডারের ডেফিনিসন নেই।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ভেণ্ডার মানে হচ্ছে দোকানদার যারা দোকানগুলি নেবে। মনে করুন সব গ্রোয়াররা তো আর এখানে আসবে না। কিছু কিছু জিনিসপত্র তারা বিক্রী করে দেবে এবং জনকতক দোকানদার—যেমন আলু, আলুর গ্রোয়াররা বিক্রি করবে না, আলুর একজন ভেণ্ডার তা বিক্রি করবে এবং সেই ভেণ্ডার ষ্টল নিয়ে বিক্রি করবে, ভেণ্ডারের একটা লাইসেন্স হবে এবং যারা গ্রোয়ারস আছে সেই গ্রোয়ারস থাকবে। কাজেই সেখানে গ্রোয়ারস য্যাসোসিয়েশন এবং লাইসেন্স যারা ভেণ্ডার থাকবে তাদের দ্বারা নির্বাচিত মার্কেট কমিটি করে দেবার বন্দোবস্ত হবে। আর একটা কথা যেটা বলেছেন অফিসার প্রেসিডেন্ট হবেন এবং অফিসার সেক্রেটারী হবেন। অফিসার সেক্রেটারী হবেন এইজন্য আপনারা যদি ভালকরে এই বিলটা পড়ে দেখেন তাহলে দেখবেন মার্কেট কমিটির উপর অনেক দায়িত্ব দেয়া আছে। মার্কেট কমিটির একটা ফাণ্ড থাকবে এবং সেই ফাণ্ড পরিচালিত করতে হবে এবং মার্কেট কমিটি অনেকজন কর্মী নিয়োগ করবেন—ক্লার্ক, ওয়েম্যান, কাউণ্টিং ম্যান ইত্যাদি অনেকগুলি কর্মচারী তাদের নিয়োগ করতে হবে। সেই সমস্ত কর্মচারীর যে চাকরীর সর্তগুলি থাকবে সেই সর্তগুলি ঠিকমত পালিত হচ্ছে কিনা তারজন্য একটা অফিস চালাতে হবে ইত্যাদি করে মার্কেট কমিটির অনেকগুলি কাজ যেগুলি থাকবে সেগুলি একজন পেড গভর্ণমেণ্ট সার্ভেণ্টকে করতে হবে এবং সেখানে যদি একজন নির্বাচিত সদস্যকে দেয়া যায় তিনি ঠিকমত সেইভাবে কাজ করতে পারবেন না। সেইজন্য এই সেক্রেটারী দেয়া হয়েছে এবং আমি এইটুকু বলে দিতে পারি যে সেক্রেটারী মার্কেট কমিটিতে যাবেন বটে কিন্তু এটুকু দেখব যাতে সেক্রেটারীর ভোট না থাকে। প্রেসিডেণ্টের কিন্তু ভোট থাকবে এবং প্রেসিডেণ্ট ডিষ্ট্রিক্টের একজন রেসপনসিবল অফিসারকে হতে হবে—এটা আমরা আইনের মধ্যে করবার চেষ্টা করেছি। তা ভিন্ন অন্যান্য ধারা যেগুলি বিলের মধ্যে আছে সেগুলি কনট্রোভার্সিয়াল কিছু নয়। একজন সদস্য বলেছেন কৃষক সমিতি কিম্বা সমিতির এ ধরনের কোন সদস্যদের মনোনীত করা যায় কিনা, আমার মনে হয় কৃষক সমিতির সদস্যদের এই মার্কেট কমিটির মধ্যে না এসে বরং এই মার্কেট কমিটির কাজ কিভাবে চলছে না চলছে সে সম্পর্কে বাইরে থেকে প্রত্যক্ষ করলে এবং তার সমালোচনা করলে মার্কেট কমিটির কাজ বোধহয় ভালভাবে চলবে। সেইজন্য আমি রাজনৈতিক দল এবং তাদের দ্বারা পরিচালিত যে সমস্ত কৃষক সমিতিগুলি আছে তাদের বলব যে প্রত্যক্ষভাবে এর মধ্যে না এসে বাইরে থেকে এই মার্কেট কমিটির কাজ প্রত্যক্ষ করলে এবং তার সমালোচনা করলে আমার মনে হয় সরকার এবং মার্কেট কমিটির উপকার হবে। তারপর এই বিলটায় সামগ্রিকভাবে যে কথাগুলি বলা আছে সে সম্পর্কে ২/৪টি কথা আমি বলতে চাই কারণ মাননীয় সদস্যদের অনেকের মনে অনেক বিভ্রান্তি সৃষ্টি হয়েছে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** লাইসেন্স ভেণ্ডারদের প্রভিসন কোথায় আছে বলে দিন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** ১১ নং ধারাটা দয়া করে দেখুন—ভেণ্ডার বলতে লাইসেন্সড ষ্টল হোলডার যারা ষ্টল নেবে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** সেটা এই আইনে কি করে হবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এখানে দুটো প্রভিসন আছে—একটা হচ্ছে মার্কেটের প্রোপাইটার তারা লাইসেন্স দেবে, সেই লাইসেন্স গভর্ণমেণ্টের কাছে দিতে হবে এবং দ্বিতীয় হচ্ছে যে মার্কেট কমিটি একটা লাইসেন্স করবে, কাদের, না, যারা ষ্টল হোল্ডার তাদের। এবং সে টাকা মার্কেট কমিটির ফাণ্ডে যাবে এবং মার্কেট কমিটি সেই অনুযায়ী পরিচালনা করবেন। ডঃ সান্যাল বিলটা পড়েন নি, কাজেই আননেসেসারি ইনটারফেয়ার করছেন, কোন কথা শুনতে চাচ্ছেন না। এই বিলটির প্রথম হচ্ছে মার্কেটের যে সমস্ত প্রোপাইটার আছে তাদের প্রত্যেককে লাইসেন্স করতে হবে। মার্কেটের প্রোপ্রাইটাররা যেভাবে ষ্টল হোল্ডারদের উপর

অন্যায়ভাবে জুলুম চালান এবং যেভাবে দুর্নীতি চালান সেটা বন্ধ করার প্রয়োজন আছে। সেটা বন্ধ তখনই হতে পারে যখন তারা লাইসেন্স নেবেন এবং লাইসেন্সের উপর গুটি কতক সর্ত আরোপ করা হবে, সেই সর্তগুলি যখন তারা পালন করতে পারবেন তখনই তাদের লাইসেন্স দেওয়া হবে এবং যে কথা ডাঃ আবেদিন তুললেন যে নূতন মার্কেট করা যাবে না—আমি বলছি নূতন মার্কেট করা যাবে এবং মার্কেট কমিটি থেকে করতে পারে অথবা সরকার পক্ষ থেকে নূতন মার্কেট তৈরী হতে পারে। মার্কেটের লাইসেন্স দেওয়ার ব্যাপারে গুটি কয়েক এলাকায় মার্কেট কমিটি করে দেওয়া হবে। মার্কেট যদি বড় হয় তাহলে মার্কেট কমিটি বড় মার্কেট নিয়ে হতে পারে অথবা একটা এলাকাকে ভিত্তি করে তার ভিতর যতগুলি মার্কেট আছে সেই সমস্ত মার্কেটগুলি নিয়ে মার্কেট কমিটি হতে পারে। এইভাবে মার্কেট কমিটি তৈরী হয়ে গেলে তাদের উপর গুটি কতক দায়িত্ব ন্যস্ত করে দেওয়া হবে এবং সেটা এই বিলের ১৮ নম্বর ধারায় বলা আছে যে মার্কেট কমিটি কি কি করতে পারবে এবং তা করার জন্য মার্কেট কমিটির যে ফাণ্ডের প্রয়োজন হবে তা লাইসেন্স মারফত সেই ফাণ্ডে কালেকসান করতে পারবে। এরপর মার্কেট সম্পর্কে যে যে ধারাগুলি করা হয়েছে সেই ধারাগুলি যদি কেউ না মানেন তাহলে তার শাস্তির প্রভিসানও এই বিলে দেওয়া আছে। কাজেই এই বিলটা মোটেই কমপ্লিকেটেড নয় এবং বিলটা একটু বড়। তার কারণ, এতে অনেকগুলি ধারা করতে হয়েছে। সেইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মনে করিনা যে এ নিয়ে বিরাট একটা কিছু সমালোচনা করার আছে। আমি আশা করবো যে এই বিলটা হাউসের সামনে রাখছি সেটা হাউস নিশ্চয়ই গ্রহণ করবেন এবং ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে প্রস্তাবটা এনেছেন আমি তার বিরোধিতা করছি।

The motion of Dr. Zainal Abedin that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that the West Bengal Markets Regulation Bill, 1970, be taken into consideration was then put and agreed to.

*Clause 1 to 10*

The question that clauses 1 to 10 do stand part of the Bill, was then put and agreed to.

[ 6-55—7-08 p.m. ]

*Clause 11*

**Dr. Zainal Abedin**: I move that in clause 11 (1), line 1, for the word "twelve" the word "fifty" be substituted.

I also move that in clause 11 (1) (a), lines 1 and 2, the words "who shall be the President of the Market Committe" be omitted.

I also move that in clause 11(1) (b), lines 3 and 4, the words "who shall be the Secretary of the Market Committee" be omitted.

I also move that in clause 11 (1) (e), line 1, for the word "five" the word "forty" be substituted.

I also move that in clause 11 (1) (f), line 1, for the word "two" the word "five" be substituted.

আমি আগেই বলেছিলাম যে মার্কেট কমিটি যা গঠিত হচ্ছে তা সম্পূর্ণভাবে সরকারের পোষিত এবং পছন্দ করা লোকেদের নিয়েই গঠিত হচ্ছে, আর কারুর এক্তিয়ার এতে থাকছে না। কাজেই এটাকে আমরা যুক্তফ্রন্টের সাম্রাজ্য বিস্তারের একটা পরিকল্পনা বলেই মনে করছি। তা ছাড়া মার্কেট কমিটি যদি হয় তাহলে তা কোথায় কোন কোন এলাকা নিয়ে হবে সেটা বলা হচ্ছে না। এটাও বলা হচ্ছে না যে একটা ব্লক বা ডিষ্ট্রিক্ট বা কোন নিদিষ্ট বাজার নিয়ে একটি মার্কেট কমিটি হবে কিনা, অর্থাৎ আমাদের অন্ধকারের মধ্যে রেখে দেওয়া হচ্ছে। সেইজন্য স্যার, বলছি খেয়ালখুশীতে সম্রাটরা যা করতো আমাদের মাননায় কৃষিমন্ত্রী সেই অধিকার চাইছেন। আমি স্যার, এখানে নাম্বারটা নিয়ে বলব। ওঁরা ১৪টি দল মিলে যুক্তফ্রণ্ট করেছেন, প্রত্যেক দলের একজন করে নিলেও তো উনি পারছেন না, কাজেই ১২টা কি করে নিলেন যার মধ্যে ২ জন সরকারী অফিসার থাকছেন, এটা ১৪ জন মিনিমাম হওয়া উচিত ছিল। ওঁরা যেমন ফুড কমিটি, রিলিফ কমিটি, গনকমিটি বা সম্প্রসারণের একটা হিড়িক পড়ে গিয়েছে, করেছেন যদি সেই বেসিসেও হয় তাহলেও ওঁদের পরস্পরকে সন্তুষ্ট করার একটা প্রচেষ্টা হত। কিন্তু এখানেও হ্যানডিক্যাপ্ট ১২ জন যা করেছেন তারমধ্যে ২ জন গভর্ণমেণ্ট অফিসার চলে যাচ্ছেন, সেখানে কোন হাত নেই। তাই আমি স্যার, প্রস্তাব করেছি যে মার্কেট কমিটিতে যাতে সব জায়গার থেকে রিপ্রেজেণ্টেসান আসতে পারে সেজন্য ৫০ জন করা হোক। ইট ইজ অলমোষ্ট এ জেলা পরিষদ। জেলা পরিষদ বা এই জাতীয় যে সমস্ত প্রতিষ্ঠান আছে উনি যে কথা বললেন-এর প্রেসিডেণ্টকে অমিট আমি করতে বলেছি, ১১(১)(এ)-তে বলেছেন হু শ্যাল বি দি প্রেসিডেণ্ট অব দি মার্কেট কমিটি এর যুক্তি হচ্ছে এর অফিস টফিস ইত্যাদি থাকবে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন, পঞ্চায়েত ব্যবস্থায় যা চালু আছে সেখানে সরকারের সচিব আছেন, সরকার তাকে মাহিনা দেন কিন্তু প্রধান এই গনতান্ত্রিক প্রতিষ্ঠান পরিচালনা করছেন এবং এতে মানুষের গণতান্ত্রিক চেতনা সমৃদ্ধ হচ্ছে। আজকে এখানে সেটা কেন সম্ভব হবে না তা আমি বুঝতে পারছি না। এখানে একজন অফিসারের হাতে এই ব্যবস্থা তুলে দেওয়া হচ্ছে। তারপরে ১১ (১) (বি) এটাতেও একজন সরকারী অফিসারকে সেক্রেটারী করতে চাওয়া হয়েছে। স্যার, আমি জানি উনি আমার এ্যামেণ্ডমেণ্ট নেবেন না সেজন্য আমি হতাশ বোধ করছি কিন্তু যদি ১২ জনও হয় তাহলেও কেন উপযুক্ত ব্যক্তিকে প্রেসিডেণ্ট এবং সেক্রেটারী নির্বাচনের অধিকার দেওয়া হচ্ছে না তা আমি বুঝতে পারছি না। এটা উনি একেবারে সিল করে দিতে চাইছেন। মাননীয় মন্ত্রিমহাশয়ের এই যে সর্বগ্রাসী লোভ এর আমি প্রতিবাদ করছি। সব শেষে ওঁর কাছে আমার নিবেদন উনি যেন আমার সংশোধনী গ্রহণ করেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে বলবার আমার কিছুই নেই। আমি এটা বিস্তারিতভাবে আলোচনা করেছি এবং আমি ওঁর Amendment গ্রহন করতে পারছি না।

The motions of Dr. Zainal Abedin

that in clause 11 (1), line 1, for the word "twelve" the word "fifty" be substituted.

that in clause 11 (1) (a), lines 1 and 2, the word "who shall be the President of the Market Committee" be omitted ;

that in clause 11 (1) (b), lines 3 and 4, the words "who shall be the Secretary of the Market Committee" be omitted ;

that in clause 11 (1) (e), line 1, for the word "five" the word "forty" be substituted ;

that in clause 11 (1) (f), line 1, for the word "two" the word "five" be substituted ;

were then put and lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

*Clauses 12 to 37*

The question that clauses 12 to 37 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 38*

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that in clause 38 (1), lines 2 and 3, for the words "with fine which may extend to two hundred rupees" the word "with fine which may extend to an amount equal to seventy-five percent of the gross rent of the market" be substituted.

I beg to move that in clause 38 (2), line 3, for the words "extend to one hundred rupees" the words "an equal amount of fifty percent of the gross rent realisable from the market" be substituted.

I also beg to move that in clause 38 (3), lines 2 and 3 for the words "to one hundred rupees" the words "to an amount equal to fifty percent of the gross rent realisable from the market in the previous year" be substituted.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্য রাখলেন এতে আমার এমেণ্ডমেণ্টের খানিকটা পরিবর্ত্তিত বক্তব্যের মধ্যে পড়ে গেল। তবুও আমি বলছি যে উনি একটা উত্তর দিয়েছেন যে নুতন হার যেখানে স্থাপন করছেন সেখানে আমি জানি যে উদ্যোক্তা যারা ছিলেন তারা নাচ, গান, যাত্রা, সার্কাস ইত্যাদি দিয়ে মাঠে আকর্ষন বৃদ্ধি করার চেষ্টা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা অতীতেও দেখেছি যে, যেখানে হাটবাজার নুতনভাবে করতে হয় সেখানে নানারকম আকর্ষনীয় জিনিষ, নানা রকম আনন্দের জিনিষ নিয়ে যেতে হয়। সেখানে দোকানদারকে লাইসেন্স না করলে তার ফাইন হয়ে যাবে এটাতো একটা সাংঘাতিক কথা। এর জন্য আমি মনে করছি, এখানে আমার এমেণ্ডমেণ্টও যে ফিট করছে তাও মনে হচ্ছে না। সে জন্য আমি এখানে বলতে চাই যে, এই গ্রস বেঁধে দেওয়া হয়েছে ১০০ টাকা এবং প্রোপাইটর যেখানে ফেইল করছে সেখানে আমি ওর সঙ্গে এক মত সেখানে যদি বাড়ান যায় তাহলে ভাল হয়। এইজন্য নির্দিষ্ট হারে যেখানে ৪০ হাজার বা ৫০ হাজার টাকা উপার্জিত হয় সেখানে প্রোপাইটার যদি ফেইল করে সেখানে পেনালটি এ্যাজ মাচ এ্যাজ ইউ ক্যান ইমপোজ। আমি ৫০ পারসেণ্ট পর্যন্ত প্রোপোজ করেছি। কিন্তু যেখানে একটা পুওর ষ্টল কিপার সে যদি বিপদে পড়ে। এই প্রসংগে ছোটবেলায় একটা কথা মনে পড়ে গেলো। এক রসগোল্লার দোকানে ৪ আনা সের রসগোল্লা এবং তার ৬ পয়সা খাজনা। সে সেই ৬ পয়সা খাজনা দেয়নি বলে তার এক সের রসগোল্লা তুলে নিয়ে গেলো হাটের মালিক এটাতো একটা সাংঘাতিক ব্যাপার। কাজেই এই যে অনাচার, এই অনাচার যেন বন্ধ হয় সে জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে তিনি আরো একটু ভেবেচিন্তে যেন এই আইনের সংশোধনী নিয়ে আসেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** আমার মনে হয় ডঃ আবেদিন সাহেব একটু ভুল করে ফেলেছেন। এখানে তিনি বলেছেন গ্রস রেণ্ট যেটা সেটা না হয় প্রোপাইটর পেল সেকশান ৩-তে

কিন্তু সেকশান ২২ বেলায় যারা লাইসেন্সী তারা তো তার রেণ্ট কিছু পাচ্ছে না। কাজেই এই এ্যামেণ্ডমেণ্টাই ফল-থ্রু করা উচিত, এটা কি এডমিট করলেন জানি না। যাইহোক, ডেপুটি স্পীকার এ্যাডমিট করেছেন কিন্তু এই এমেণ্ডমেণ্ট আসেনা, এটা ভুল হয়েছে। এই এমেণ্ডমেণ্টটা নিলে সমস্ত ক্লজটার মানে থাকবে না। কাজেই এটা আউট অফ অডার ডিক্লেয়ার করা উচিত ছিল, যাই হোক তিনি যখন এডমিট করেছেন কিন্তু আমি এর কোনটাই গ্রহন করতে পারছি না।

The motions of Dr. Zainal Abedin

that in clause 38 (1), lines 2 and 3, for the words "with fine which may extend to two hundred rupees" the words "with fine which may extend to an amount equal to seventy-five per cent. of the gross rent of the market" be substituted ;

that in clause 38 (2), line 3, for the words "extend to one hundred rupees" the words "an equal amount of fifty per cent. of the gross rent realisable from the market" be substituted ;

that in clause 38 (3), lines 2 and 3, for the words "to one hundred rupees" the words "to an amount equal to fifty per cent. of the gross rent realisable from the market in the previous year" be substituted ;

were then put and lost.

The question that clause 38 do stand part of the Bill was then put and agreed to.

*Clauses 39, 40 and 41*

**Mr. Deputy Speaker :** There are no amendments to clauses 39, 40 and 41.

**ডঃ জয়নাল আবেদিন :** এখানে যে contradiction-এর কথা বললেন, বলবেন কি কোনটা ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** এটা প্রত্যেক বিলেই থাকে।

The question that clauses 39, 40 and 41 do stand part of the Bill was then put and agreed to.

*The Preamble*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to move that The West Bengal Markets Regulation Bill, 1970, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** The House stand adjourned till 1 p.m. on Thursday, the 29th January, 1970.

*Adjourment*

**The House was accordingly adjourned at 7·08 p.m. till 1 p.m. on Thursday, the 29th January, 1970 at the Assembly House, Calcutta.**

## Proceedings of the West Bengal Legisltaive Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on thursday, the 29th January, 1970, at 1 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 16 Ministers, 2 Ministers of State and 190 Members.

### STARRED QUESTIONS

(to which Oral Answers were given)

[ 1—1-10 p.m. ]

### Strike of the Jute Mill workers

*1. (Admitted question No. *1.) **Shri Panchugopal Bhaduri**: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state what measures the Government have adopted to expedite consideration of all the issues involved in the last strike of the Jute Mill workers ?

**Shri Krishnapada Ghosh :** Tripartite discussion at the intervention of Labour Minister was held after the strike commenced and a settlement was arrived at on 11.8.69. Action is being taken to evolve a Wage Fixation Machinery for the Industry in terms of the Tripartite Settlement dated 11.8.69. Several meetings were also held with the representatives of the management and labour in this connection.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—তাঁর কাছে এই রকম ইনফর্মেশন এসেছে কি না যে চটকল মালিকরা ইত্যবসরে ষ্ট্রাইক মিটে যাবার পর থেকে ব্রডলুম মিল বন্ধ করেছে এবং অন্যান্যভাবে বিভিন্ন মিলের যে নর্মাল কমপ্লিমেণ্ট অব হাণ্ডস সেটা কমাবার চেষ্টা করছেন ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** মাননীয় সদস্যকে জানাতে চাই যে এই ধরনের জেনারেল কমপ্লেণ্ট করা সঠিক নয়। বিভিন্ন কারনের জন্য কিছু কিছু ব্রডলুম বন্ধ হয়েছে আবার বিভিন্ন জায়গায় সেটা চালু হয়েছে। কমপ্লিমেণ্ট কোথাও কোথাও একটু কমেছে, কোথাও বেড়েছে এবং এই ব্যাপার নিয়ে একটা ত্রিপাক্ষিক সম্মেলন ডাকি আমার চেম্বারে। সেখানে মালিকরা এবং শ্রমিক প্রতিনিধিরা উভয়েই স্বীকৃত হন। মালিকরা বলেন যে টোটাল কমপ্লিমেণ্ট যেটা আছে তা কম হবে না জুট মিলগুলোতে। সেই কমপ্লিমেণ্ট থাকবে। সুতরাং সাধারণ ভাবে এই কথা বলা যায় না যে ষ্ট্রাইকের পর সামগ্রিকভাবে মিলের টোটাল কমপ্লিমেণ্ট কমে গেছে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে বিশেষভাবে একটি মিলে—ইনডিয়া জুট মিল, তার যে ক্লারিকেল এমপ্লয়িজ, তাদের ৩০ টাকা বেতন বৃদ্ধির সুপারিশ হয় কিন্তু সেই টাকা তারা দিতে এখনও টাল বাহনা করছে এবং ডিসপিউট করেছে ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** সেই বিষয়ে আমার জানা নেই, তবে নোটিশ দিলে জেনে নিয়ে বলতে পারি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কত দিনের মধ্যে আন্দাজ এই কমিটি ষ্টেজে কাজ কর্ম শেষ হচ্ছে এবং গ্রেড, স্কেল প্রভৃতি বিষয়ে একটি চূড়ান্ত নিষ্পত্তি হতে পারবে ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** এগ্রিমেণ্ট যেটা হয়েছিল সেটা পড়ে দিচ্ছি এবং তার সংগে একটা কথা বলতে চাই। টার্মস অব রেফারেন্স যা হয়েছে, The question of revision of wage structure in the industry will be referred to a suitable machinery to be set up with such composition and terms of reference and time limit as may be agreed upon by both the parties. It is agreed that permanent posts in the mills will be manned by permanent hands; the fixation of permanent complement will also be referred to the machinery. সুতরাং ওয়েজ মেশিনারী গর্ভমেণ্ট করে দিলেই হবে না। এই এগ্রিমেণ্ট হিসাবে একটা সভা আমরা করেছি। আমি এটা বলতে পারি যে ডিস-এগ্রিমেণ্ট যেটা ছিল দ্যাট হ্যাজ বিন সাবষ্টানশিয়্যালি ন্যারোড ডাউন। অর্থাৎ যা মতভেদ ছিল সেটা কমে গেছে। এবং সম্ভবতঃ আগামী ৪ তারিখে আমি আবার এদের সাথে বসছি এবং আমি চেষ্টা করবো ফাইনালি মেশিনারি সেটআপ ঐ ৪ তারিখে করতে। কত দিনের মধ্যে এওয়ার্ড বেরবে সেটা নির্ভর করবে কতদিনে উভয়পক্ষ রাজি হবে, এ্যাজ মে বি এগরিড আপন বাই বোথ দি পার্টিস।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** মাননীয় শ্রমমন্ত্রিমহাশয় জানাবেন কি শ্রমবিরোধের ফলে যে সমস্ত শ্রমিকদের কাজ নেই তাদের মানবতার দিক থেকে বাঁচাবার জন্য ইনটারিম রিলিফের কোন ব্যবস্থা করা হয়েছে কিনা ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** বর্তমান প্রশ্নের ভিতরে এ প্রশ্ন আসে না।

## শ্রম বিরোধ

*2 (Admitted question No. *12.) **শ্রীমনোরঞ্জন বক্সী :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৯ সালের জানুয়ারী মাস হইতে এ পর্যন্ত পশ্চিম বাংলায় কতগুলি শ্রমবিরোধ শ্রম-দপ্তরের গোচরীভূত হইয়াছে এবং

(খ) এইরূপ কতগুলি বিরোধ (১) আপোষে মিটাইয়া ফেলা হইয়াছে, (২) ট্রাইবুন্যালে পাঠান হইয়াছে, (৩) ধর্মঘটে রূপান্তরিত হইয়াছে এবং (৪) বিরোধের ফলে কতগুলি লক আউট ঘোষিত হইয়াছে ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** (ক) ১-১-৬৯ হইতে ৩১-১২-৬৯ পর্যন্ত ৯,৯১১টি।

(খ) (১) ৩২৪৪টি, (২) ৫৫৯টি, (৩) ৭৫৭টি, (৪) ১১৯টি।

**শ্রীবীরেন্দ্র নারায়ন রায় :** ১৯৬৭-৬৮ সালের কোন হিসাব আছে কি ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** না।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় যে লক আউটের সংখ্যা দিলেন এর মধ্যে বর্ধমান জেলায় কতগুলি লক আউট আছে এবং কোন্ কোন্ মিল লক আউট আছে তার হিসাব আছে কি?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** কোন জেলা ভিত্তিক ফিগার নেই।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় যে লক আউটের কথা বললেন সেই লক আউট গুলি খোলার ব্যাপারে তিনি কিছু চিন্তা করেছেন কি না?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** যতগুলি লক আউট হয়েছিল তার ফিগার দিয়েছি, তার মধ্যে অনেক-গুলি খুলে গেছে তার ফিগার আপনাদের দিয়ে দিচ্ছি। এই ফিগারগুলি ব্রেকআপ ফিগার ২০-১-৭০ পর্য্যন্ত, পজিসানটা হচ্ছে লক আউট হয়েছিল ১১৯টি, তার ভেতরে সেটেল্ড হয়েছে ৮০ টা, সুতরাং ঐ তারিখ পর্য্যন্ত ৩৯ টা লক আউট ছিল। তারপর ষ্ট্রাইকের যে ফিগার দিয়েছি তার ভেতরে সেটেল্ড হয়ে গেছে ৭২৫টি, আনসেটেল্ড আছে ৩২টি। সুতরাং এই ফিগার থেকে এটাই বোঝা যায় যে কনষ্টাণ্ট এফার্ট করার পর বহু কারখানা যেগুলি লক আউট ছিল সেগুলি খোলা সম্ভব হয়েছে, সেটেল্ড এগ্রিমেণ্ট করা সম্ভব হয়েছে। বহু ষ্ট্রাইক যেখানে ষ্ট্রাইক হিসাবে বন্ধ ছিল সেগুলি মীমাংসা করা সম্ভব হয়েছে, বাকি এখনও কিছু আছে। এটা কমপ্লিট ফিগার নেওয়া হয়েছে যে তারিখ পর্য্যন্ত দিয়েছি। তারপরে আরো কিছু যোগ বিয়োগ হয়েছে। আপটুডেট ফিগার এখানে নেই।

[ 1-10—1-20 p. m. ]

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে জবরদস্ত লক আউট এখনও আছে তা তুলে নেবার জন্য সরকার পক্ষ থেকে কোন নির্দ্দেশ দেওয়া হয়েছে কি না?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** জবরদস্ত লক আউট বলতে কি বোঝায় সেটা ক্লারিফাই করলে বুঝতে পারবো।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে আইনের বিধান মান্য করে কি এই সমস্ত লক আউট করা হয়েছে?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** সাধারণতঃ মালিক শ্রেণী বর্তমানে লক আউট কথাটা ব্যবহার করেন না, ক্লোজার কথাটা ব্যবহার করেন। এর ফলে কোনটা লক আউট, কোনটা ক্লোজার এটা বোঝা মুস্কিল, শেষে বোঝা যায়। এটা মালিক শ্রেণী করেন এই জন্য যে লক আউট ঘোষনা করলে তার আইনত কতকগুলি বাধ্যবাধকতা থাকে। কারণ সরকারের হাতে কিছু ক্ষমতা থাকে যার ফলে সরকার মালিককে লক আউট উইথড্র করার কথা বলতে পারেন। লক আউট করলে মালিককে আইন অনুসারে ক্ষতিপূরণ দিতে হয়। সেইজন্য মালিক ক্ষতিপূরণ থেকে শ্রমিকদের বঞ্চিত করবার জন্য ক্লোজার কথাটা ব্যবহার করেন। তার ফলে সরকারের পক্ষে কিছু করা সম্ভব হয় না। ক্লোজার সরকার চ্যালেঞ্জ করতে পারেন না, এটা হচ্ছে হাইকোর্টের ডিসিসান। This is the position at the present moment.

**শ্রীঅজিত কুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে লক আউট যদি জাষ্টিফায়েড না হয় তাহলে মালিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা যুক্তফ্রণ্ট সরকার কি গ্রহণ করবেন?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** আমিতো বলেছি বর্ত্তমানে লক আউট বলে কোন কথা মালিক পক্ষ ব্যবহার করেন না, ক্লোজার কথা ব্যবহার করেন। ক্লোজার কথা ব্যবহার করার জন্য আইনতঃ কোন ব্যবস্থা গ্রহণ করা যায় না।

**শ্রীসনৎ কুমার রাহা :** মালিক যদি ক্লোজার ডিক্লেয়ার করে তাহলে রি-ওপন করার কোন প্রভিসান আছে কিনা ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** আইনতঃ রি-ওপন করার ইনডাসট্রিয়াল ডিসপিউটস্ এ্যাক্টে কোন প্রভিসান নেই। তবে অন্য প্রভিসান সেটা হচ্ছে কি যে এ টেক ওভার করা যায় কি করা যায় না সেটা শিল্পমন্ত্রির ব্যাপার, ইনডাষ্ট্রিয়াল ডিশপিউট এ্যাক্টে ক্লোজার তুলে নেবার কোন আইনতঃ কোন ব্যবস্থা নেই। একমাত্র লক আউট যেটা মালিকপক্ষ ব্যবহার করেন না সেট under Section 10(3) of the Industrial Disputes Act অনুসারে একটা ব্যবস্থা গ্রহণ করা যায়। কিন্তু সাধারণতঃ মালিকরা লক আউট কথা ব্যবহার করেন না। সেজন্য আইনতঃ কোন ব্যবস্থা নেওয়া সম্ভব নয়।

**শ্রীনেপাল চন্দ্র রায় :** বিভিন্ন ইনডাসট্রিসে আমরা দেখছি মালিকরা সব ক্লোজার করছে এবং কিছুদিন পরে আপনারা তাদের হাতে পায়ে ধরলে তুলে নিচ্ছে এবং তার ফলে বহু শ্রমিক ক্ষতিগ্রস্ত হচ্ছে। মালিকরা জানে ক্লোজার করে দিলে সরকার হাতে পায়ে ধরবে। আমি এই প্রশ্ন রাখছি ক্লোজার হয়ে গেলে সব সময় মালিকরা জানে আপনারা তাদের অনুরোধ করবেন। কিন্তু অনুরোধ না করে তাদের কারখানা যদি বন্ধ করে রেখে দেন তাহলে আমার মনে হয় মালিকরা বেশীদিন লস করতে রাজী হবে না এবং তাড়াতাড়ি খুলবে। সে পরিকল্পনা আপনাদের আছে কি ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** এটা প্রশ্ন নয়। এটা হচ্ছে একটা অভিমত। প্রথম অভিমত হচ্ছে যে, ক্লোজার হয়ে গেলে আমরা হাতে পায়ে ধরি। এটা ফ্যাক্ট নয়। কারণ খোসামোদ করতে পারে, ঘেরাও করা বা জবরদস্তি করা হতে পারে বা অন্য কোন কায়দা ব্যবহার হতে পারে বা মিউচুয়াল কনসেণ্টে হতে পারে, কিন্তু দ্যাট ক্যান নট কল্ড এ্যাজ পায়ে হাতে ধরা। সুতরাং এটা একটা matter of opinion. দ্বিতীয় কথা হচ্ছে বেশি দিন বন্ধ রাখার ব্যাপারে, এটা একটা মতামতের বিষয়। এটা কোশ্চেনে কভার করে না।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** এই যে বিপুল সংখ্যক ক্ষেত্রে ক্লোজার বা লক আউট হয়েছে তাতে কি পরিমাণ শ্রমজীবি কাজের থেকে বঞ্চিত হয়েছিল এবং দ্বিতীয়তঃ বাংলাদেশে এই ধরণের ক্লোজার বা এই ধরণের বেআইনী লক আউট যখন ফ্রিকোয়েণ্টলি চলছে তখন এর প্রতিক্রিয়া বাংলাদেশের অর্থনীতিতে কি হচ্ছে তা যাচাই করার জন্য লেবার ডিপার্টমেণ্টের কোন রিসার্চ সেল আছে কি ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** সংখ্যাটা আনুমানিক দিতে পারি। বাংলাদেশে ১৯৬৭ সাল থেকে এখন পর্য্যন্ত ক্লোজার এবং লক-আউট নিয়ে প্রায় ৬৬ হাজার লোক বেকার হয়েছিল। যতদূর আমার মনে আছে তাতে বলতে পারি বর্তমানে এখনও ২০ থেকে ২২ হাজার আছে। অন্য প্রদেশে রিপারকেশান কি এটা জানার জন্য ব্যবস্থা নেই। তবে এটা বন্ধ করার জন্য কি করা যেতে পারে সে সম্পর্কে আমরা বিবেচনা করছি এবং আমার মনে হয় এই সভায় আইনজ্ঞ অনেকে আছেন এবং আমার মনে হয় ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট্ এ্যাক্টের যে ধারাতে লক-আউট বলা আছে সেটা যদি একটু পরিবর্তন করা যায় তাহলে মালিকদের এই ধরণের অপচেষ্টা বন্ধ করা যেতে পারে। ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের পরিবর্ত্তনের জন্য আমি চিন্তা করছি এবং সম্ভবত এই সেসনেই

ইনডাসট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট-এর সংশোধনী উপস্থিত করব। এইটুকু বলতে পারি যে এই প্রচেষ্টা চালাচ্ছি। কতটা সফল হব জানি না। এর বেশি বলা এখন আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মন্ত্রিমহাশয় একটা বিপদজনক উক্তি করেছেন যে ক্লোজার হলে কিছু করা যায় না। ইন্ডাসট্রিয়াল ডিসপিউট্স্ এ্যাক্টে বলা আছে যে বিষয় হতে পারে আর যে বিষয় হতে পারে না কিন্তু ক্লোজার বে-আইনী হলে কি কিছু করা যায় না?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** ক্লোজার কথাটা ব্যবহার করলে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট্স্ এ্যাক্টের ধারায় থাকছে না। ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট্স্ এ্যাক্টের মধ্যে না পড়লে লেবার ল'য়ের মাধ্যমে কিছু করা যাবে না।

## বেকারদের সাহায্য করিবার জন্য সরকারী পরিকল্পনা

***11.** (Admitted question No. *101.) **শ্রীমনোরঞ্জন বক্সী:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম বাংলার বেকার যুবক যুবতীদের সাহায্য করিবার জন্য সরকার একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনাটি কি এবং কখন হইতে কার্যকরী করা হইবে?

[ 1-20—1-30 p. m. ]

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** (ক) এখন পর্যন্ত কোন পরিকল্পনা গ্রহণ করা হয় নাই। তবে সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে বেকার যুবক যুবতীদের কতোটা সাহায্য করা সম্ভবপর এই বিষয়টি সরকার বিবেচনা করিতেছেন।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীনিরঞ্জন ভদ্র:** কোন সরকারী পরিসংখ্যানের ভিত্তিতে এসব পরিকল্পনা করার ব্যবস্থা হয়েছে কি না।

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** আমাদের এম্প্লয়মেণ্ট এক্সচেঞ্জের যে অফিসগুলি আছে তাতে যে লাইভ রেজিষ্ট্রার থাকে সেই পরিসংখ্যানের ভিত্তিতে আমাদের অগ্রসর হতে হবে।

**শ্রীনিরঞ্জন ভদ্র:** আপনারা শিক্ষিত ও অশিক্ষিত বেকারদের পৃথকভাবে করার চেষ্টা করছেন?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** আমরা যেটা রাখি সেটা হচ্ছে স্কিল্ড ও ইঞ্জিনিয়ার এরকম বিভিন্ন ক্যাটিগরি থাকে। কিন্তু শিক্ষিত, অশিক্ষিত এভাবে রাখা হয়না। আমি বলতে পারি যে প্রায় ৫ লক্ষের মত বেকার লাইভ রেজিষ্ট্রারে আছে।

**শ্রীনিরঞ্জন ভদ্র:** এই রেজিষ্টির বাইরে যারা আছে তাদের সম্বন্ধে আপনারা কি করছেন?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** বাইরেরটা রাখা সম্ভব নয়, যারা স্বেচ্ছায় নাম লিখিয়েছে তাদের সংখ্যা এটা।

**শ্রীসরল দেব:** এখানে নাম লিখিয়ে যুবকেরা দেখছে কিছু হয় না। কিন্তু ভূমিহীন কৃষক যারা নাম লেখায় না তাদের সংখ্যা ধরার কি ব্যবস্থা করছেন ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** দেশের মধ্যে যদি নূতন নূতন শিল্প না হয় তাহলে কর্ম সংস্থানের উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়। আর গ্রামাঞ্চলে যেসব জায়গায় রেজিষ্ট্রেশানের ব্যবস্থা নেই সেখানে নূতনভাবে এম্প্লয়মেণ্ট এক্সচেঞ্জ ১৯৭০-৭১ সালে খোলার কথা আমরা চিন্তা করছি।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:** আমার প্রশ্ন হচ্ছে যারা নাম লিখিয়েছে তাদের আপনারা কি ভাবে চাকরী দেবেন ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** এটা ঠিক যে সরকারী বিভাগ সম্বন্ধে এতদিন কোন নিয়ম ছিল না। বর্তমান মন্ত্রিসভায় এই প্রশ্নটা উথাপিত হয় যে যে সমস্ত কর্মচারী পি, এস, সি, থ দিয়ে আসে না তাদের এম্পলয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হোক। মন্ত্রীসভায় এই প্রশ্নটা নীতিগতভাবে গ্রহণ করে এ সম্বন্ধে ডিটেল পরিকল্পনা গ্রহণ করার জন্য আমার উপর ভার দেওয়া হয়েছে। এবং আমি সেটা করছি। দ্বিতীয়তঃ বর্তমানে যে আইন আছে সেটা খুব ডিফেকটিভ। অর্থাৎ বেসরকারী প্রতিষ্ঠান ভেকেন্সি নোটিফাই করতে বাধ্য, কিন্তু তারা নিতে বাধ্য নয়। ধরুন যদি কোন কারখানায় ৫০জন লোকের প্রয়োজন হয় নিউ রিক্রুটমেণ্ট করবে, তারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে ভেকেন্সি নোটিফাই করবে। অনেক ক্ষেত্রে দেখা যায় যে ভেকেন্সি নোটিফাই করার সঙ্গে সঙ্গে মালিক পক্ষ জানিয়ে দিলেন যে আমরা নোটিফাই করলাম কিন্তু আমরা কোন এ্যাসিসটেণ্টস চাই না। নোটিফাই করলাম এ্যাজ পার রুল কিন্তু আমরা কোন এ্যাসিস্টেন্স চাই না। আবার কোন কোন ক্ষেত্রে বলে যে এ্যাসিসটেণ্ট চাই সেই সমস্ত জায়গায় আমরা নাম পাঠিয়ে দিই যে ক্যাটিগোরি অব মেন তারা চায়। সুতরাং তার ফলে দেখা গিয়েছে গত এক বছরে ২৬ হাজার লোকের চাকরী হয়েছে মাত্র। এখন এই আইন যদি পরিবর্তন না করা যায় অর্থাৎ এম্প্লয়মেণ্ট এক্স চেঞ্জের থ্রু দিয়ে রিক্রুটমেণ্ট, আপনি হয়ত একজন লোক চান আমি ১০ জনকে পাঠাতে পারি, ১০ জনের ভিতর আপনি একজনকে চুেস করবেন কিন্তু ১০ জনকে রিজেক্ট করে নিজের লোককে বা শালাকে নিয়ে আসবেন এটা উচিত নয়, এটা নিশ্চয়ই নীতিগতভাবে স্বীকার করা যায়। কিন্তু আইনের যে ফাঁক আছে সেই ফাঁককে পূরণ করতে না পারলে এটা বাধ্যতামূলক-ভাবে করা যায় না এবং সে সম্পর্কে একটা আইন প্রণয়নের কথা আমি ভাবছি, যদি সম্ভব হয় এই সেসনেই আমি আনবো।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি মাননীয় শ্রমমন্ত্রিকে জিজ্ঞাসা করছি উনি বললেন যে এটা শ্রম-দপ্তরের একার ব্যাপার নয় কর্মসংস্থানের ব্যাপারটা। এটা আমরাও মানছি। কিন্তু উনি তার সঙ্গে সঙ্গে বললেন যে আরো ব্যাপক কলকারখানা এবং বর্ষউদ্যোগ না থাকলে কর্ম সংস্থান সম্ভব নয়। আমি জিজ্ঞাসা করছি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এবং বিশেষ করে শ্রমমন্ত্রী হিসাবে বাংলা দেশে বেশী বেশী করে যাতে কলকারখানা স্থাপিত হয় সেই ব্যাপারে বিশেষ গুরুত্ব পূর্ণ ভূমিকা নিয়েছেন কি না। আমরা কাগজে দেখেছি পাঞ্জাবের মন্ত্রী, হরিয়ানার মন্ত্রী, বিশেষ করে অন্ধ্রের মন্ত্রী, মহীশূরের মন্ত্রী এবং বম্বের বিভিন্ন দপ্তরের মন্ত্রীরা এখানে এসে এবং বিভিন্ন প্রদেশে ঘুরে বলে যাচ্ছেন যে তাদের ওখানে ইনডাস্ট্রিয়াল ক্লাইমেট অনেক সুন্দর, সেখানে গিয়ে তারা কলকারখানা করতে পারেন। আমি জিজ্ঞাসা করতে চাই যে বাংলাদেশে এই রকম ক্যাপিটাল এবং ইন্ডাষ্ট্রিকে এ্যালিয়োর করবার জন্য শ্রমদপ্তর থেকে বা পশ্চিমবঙ্গের যুক্তফ্রণ্ট থেকে কোন প্রচেষ্টা আজ পর্য্যন্ত হয়েছে না হয়নি ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমার মনে হয় বর্তমানে যে প্রশ্ন করেছেন তার সঙ্গে এটা রিলেটেড নয়। শিল্পমন্ত্রীকে এ প্রশ্ন করবেন। তা ছাড়া এটা কমেণ্ট হিসাবে আমি বলতে পারি যে ইনডাষ্ট্রিয়াল

ক্লাইমেট বলে খবরের কাগজে যে সমস্ত কথা শুনছেন তার সঙ্গে আমি উইথ অল রেসপেক্ট, আই ডিফার।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বেকার সমস্যা সম্বন্ধে আমাদের আর্থিক সীমিত অবস্থার কথা, আমরা সে সম্বন্ধে সচেতন আছি। আমি জিজ্ঞাসা করছি যে বাংলা দেশে যুক্তফ্রণ্ট গঠিত হবার আগে যুক্তফ্রণ্ট থেকে ৩২ দফা কর্মসূচী নেওয়া হয়েছিল এবং তার একটা কর্মসূচী ছিল যে বেকার ভাতা দেওয়া হবে। কিন্তু এ ব্যাপারে কাগজে দেখছি বিভিন্ন মন্ত্রী সমাবেশের কাছে বিভিন্ন ধরণের বক্তব্য রেখেছেন। কেউ কেউ বলেছেন দেওয়া উচিত, কেউ কেউ বলেছেন যে বেকার ভাতা দিতে গেলে গোটা বাংলা দেশকে বিক্রি করে দিলেও এত টাকা পাওয়া যাবে না। আমি শ্রম দপ্তরের মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে যুক্তফ্রণ্ট হবার পর ৭.৮ মাস কেটে গিয়েছে, বাংলা দেশের মানুষকে আর ধোকার মধ্যে না রেখে, আর এই রকম ইলিউশনের মধ্যে না রেখে যদি অর্থের অবস্থা এমনই হয়ে থাকে যে আমরা এটা করতে পারি না বা এটা ফিজিবিল প্রপোজিশন আদৌ নয় বলে মনে করি তাহলে যুক্তফ্রণ্টের পক্ষ থেকে অনেষ্টলি এ্যাণ্ড ফোর্থরাইটলি ডিক্লেয়ার করা উচিত যে বেকার ভাতা বা আনএমপ্লয়মেণ্ট ইনসিয়োরেন্স করা সম্ভব নয়। স্যার, একটা কথা জিজ্ঞাসা করি আমরা যখন প্রশ্ন করি তখন ওঁরা যদি হাত নাড়তে থাকেন তাহলে উই ফিল হিউমিলিয়েটেড এ্যাণ্ড ইনসাল্টেড। আমি উইথ অল সিরিয়াসনেস বলছি যে যখন আমরা বলি তখন মাননীয় পার্লামেণ্টারি মন্ত্রী হাত তুলে আমাদের বারণ করেন। এটা অত্যন্ত অশোভন আমরা বলে মনে করি।

[ 1-30—1.40 p. m. ]

**মিঃ স্পীকার:** আপনি ওসব না বলে প্রশ্ন করুন।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি প্রশ্ন করছি যে যুক্তফ্রণ্ট সরকার ৩২দফা কর্মসূচী নিয়েছিল তার মধ্যে বেকার ভাতা দেবার কথা হয়েছিল। কিছুকাল আগে যুব সংস্থার পক্ষ থেকে মহাকরণের সামনে একটা বিরাট মিছিলের সমাবেশ হয়েছিল তখন বিভিন্ন মন্ত্রী এই সমাবেশের সামনে বিভিন্ন রকমের বক্তব্য রেখেছিলেন, কেউ কেউ বলেছিলেন যে বেকার ভাতা দিতে হলে বাংলাদেশ বিক্রি করে দিলেও তা সম্ভব হবে না। আবার কেউ কেউ বলেছিলেন বেকার ভাতা দেওয়া উচিত আবার কেউ কেউ বলেছিলেন আমরা বিবেচনা করে দেখছি। আর আজকে আমাদের শ্রমমন্ত্রি এখানে বললেন আর্থিক অবস্থা বিবেচনা করে দেখছি। আমি বলতে চাই আর্থিক অবস্থা যদি এই রকম হয় তাহলে আদৌ দেওয়া সম্ভব হবে না। সেইজন্য আমি বলতে চাই যে ৫০ লক্ষ বেকারকে এই রকম ইলিউশানের মধ্যে না রেখে এই ট্যানটালাইজিং প্রসপেক্ট-এর মধ্যে না রেখে বলে দিন না যে আমাদের আর্থিক অবস্থার জন্য আমরা বেকার ভাতা দিতে পারব না।

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, উনি যেটা বলছেন সেটা প্রশ্ন হচ্ছে না উনি বক্তৃতা করলেন। তবুও আমি বলতে চাই যে এটা হচ্ছে নীতির কথা। এটা যুক্তফ্রণ্ট ঠিক করবেন এবং উনিও তো যুক্তফ্রণ্ট-এর সদস্য আছেন সুতরাং তিনি যদি এটা যুক্তফ্রণ্টের মিটিং-এ তোলেন তাহলে ভাল হয়। তবে যে কথা আমি বলতে চাই যে আমরা একটা পরিকল্পনা গ্রহণ করেছি এবং কিছু দিনের মধ্যে এই হাউসে পেশ করতে পারব মাননীয় সদস্যদের বিবেচনার জন্য। তখন এটা ফিজিবিল কিনা এবং মনিটারি দিকটাও বিবেচনা করা যাবে।

**শ্রীনেপাল চন্দ্র রায়ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার মন্ত্রিমহাশয় বললেন যে যুক্তফ্রন্টে আলোচনা করতে কিন্তু আমি বলতে চাই যে আমরা যুক্তফ্রন্টের সদস্য নই, সুতরাং মন্ত্রিমহাশয় এই প্রশ্নের উত্তর এখানে দিতে বাধ্য যখন এখানে প্রশ্ন উঠেছে।

**Mr. Speaker:** There is no point of order in it. The Minister is quite patient to answer in his own way. I can not put any thing into his mouth.

**শ্রীগোপাল বসুঃ** আমার বক্তব্য এই ছিল মাননীয় মন্ত্রিমহাশয় বারবার বলছেন এই সংক্রান্ত পরিকল্পনা কি—এবং কখন থেকে তা কার্যকরী হবে—এটা সবই সরকার চিন্তা করছেন। এমন কি তার জন্য টাকা পয়সা কি লাগছে না লাগবে সব নিয়েই আমরা চিন্তা করছি। এই সব Finalise হলে জানাব। প্রশ্নটা এখানেই শেষ হয়ে যায়। অথচ উনি বললেন—এখানেই তার জবাব দিতে হবে। যা জবাব দেবার—তা তিনি তো দিয়েছেন।

## Lenin Birthday Centenary

***47** (Admitted question No. *6.) **Shri PANCHUGOPAL BHADURI:** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(i) whether the Government is contemplating the desirability of celebrating the Lenin Brithday Centenary falling in 1970; and

(ii) if so, what steps, if any, Government have so far taken in this regard?

**Shri Jyoti Bhusan Bhattacharya:** (i) No.
(ii) Does not arise.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** মন্ত্রিমহাশয় বলবেন কি প্রথম সমাজতান্ত্রিক বিপ্লব সফল করবার দিক থেকে বিগত শতাব্দীতে লেনিনকে একজন সর্বাধিক মহান তাৎপর্য্যপূর্ণ ব্যক্তিত্ব বলে আপনি মনে করেন কিনা?

**Mr. Speaker:** It is a matter of opinion.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** লেনিন এবং তাঁর মতাদর্শ সম্পর্কে সঠিক তথ্য বাংলাদেশের পাবলিকের সামনে বিতরণ করা মন্ত্রিসভার পক্ষ থেকে তথ্যবিভাগের দায়িত্ব আছে কিনা—এই সম্পর্কে মন্ত্রিমহাশয়ের বক্তব্য শুনতে চাই।

**শ্রীজ্যোতি ভূষণ ভট্টাচার্যঃ** মিঃ স্পীকার, স্যার, আমি প্রথম প্রশ্নের উত্তরে বলেছি— No. The Government is not contemplating the desirability of celebrating the Lenin Birthday Centenery falling in 1970. তার মানে এটা নয় যে the Govt. will not contemplate. একথা আমি বলিনি। যখন গভর্ণমেণ্ট contemplate করবেন, বিবেচনা করবেন, আমি সেই অবস্থা বিধানসভায় জানাব—আমরা এই সম্পর্কে কি সিদ্ধান্ত করেছি এবং সেই অনুসারে কাজ হবে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** তাহলে কি এটা বুঝবো যে এই ব্যাপারটা এখনো in a stage of contemplation এবং তা completion হয় নাই?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** I am speaking on behalf of the Government. আমাদের কোন কোন ব্যক্তির contemplation নিশ্চয়ই আছে। কিন্তু Government as a whole contemplate করবার আগে আমাদের মন্ত্রিসভার সিদ্ধান্ত প্রয়োজন। সেই অবস্থায় এখনো এটা আসেনি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় এই ব্যাপারটা গভর্ণমেন্টের সামনে উত্থাপন করা desirable মনে করেন কি?

**শ্রীজ্যোতি ভূষণ ভট্টাচার্য:** হ্যাঁ, মনে করি।

**Mr. Speaker:** Starred question No. 48 is to be held over because the Government has just applied for time. I now go to question No. 49.

## বেকারের সংখ্যা

***49.** (Admitted question No. *140.) **শ্রীঅমরেন্দ্র নাথ রায় প্রধান:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

**(ক)** পশ্চিমবংগে মোট বেকারের সংখ্যা সরকারের তথ্য অনুযায়ী গত ১লা জানুয়ারীতে কত;

**(খ)** ১৯৬৭, ১৯৬৮ ও ১৯৬৯ সালের ১লা জানুয়ারীতে পশ্চিমবংগে বেকারের সংখ্যা যথাক্রমে কত কত ছিল; এবং

**(গ)** বেকার সমস্যা সমাধানের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ: (ক)** ৩১.১২.৬৯ তারিখ পর্য্যন্ত রেজিষ্ট্রিভুক্ত বেকারের সংখ্যা—৪৯৯,৬০১।

**(খ)** উক্ত তিন বৎসরে রেজিষ্ট্রীভুক্ত বেকারের সংখ্যা নিম্নরূপ:—

৩১-১২-৬৬—৪১৬, ৫৬৪
৩১-১২-৬৭—৪৪৫, ৬৭৩
৩১-১২-৬৮—৪৪৪, ৮১৩

**(গ)** রাজ্যের ভয়াবহ বেকার সমস্যা সম্বন্ধে সরকার সম্পূর্ণ সচেতন। কিন্তু শিল্প উন্নয়নের উন্নতি সাধন না হইলে বেকার সমস্যার সন্তোষজনক সমাধান সম্ভব নয়। ধর্মঘট, লক-আউট, ছাঁটাই প্রভৃতি সংক্রান্ত শিল্প-বিরোধ যথা সম্ভব সত্বর মীমাংসা করা হইতেছে এবং প্রত্যেক কলকারখানায় কর্মসংস্থান ব্যবস্থা যাহাতে সংকুচিত না হয় তাহার চেষ্টা চলিতেছে।

[ 1-40—1-50 p.m. ]

**শ্রীঅমরেন্দ্র নাথ রায় প্রধান:** মন্ত্রিমহাশয়ের ক এবং খ প্রশ্নের উত্তরে দেখা যাচ্ছে যে ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ সালের তুলনায় ১৯৬৯ সালে বেকার-এর সংখ্যা প্রায় জাম্প করে ৫৫ হাজারের বেশী হয়ে গেল—এর কারণটা জানাবেন কি?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** অতীতে ধরুন রেজিষ্ট্রি হত না, কিন্তু এখন রেজিষ্ট্রি সংখ্যা বেড়েছে। তার থেকে এই সিদ্ধান্তে আসা যায় না যে জাম্প করে বেকার সংখ্যা বেড়েছে।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী :** শ্রমমন্ত্রী মহাশয় বলবেন কি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করবার পর যারা রিনিউ করায় নি তাদের সংখ্যাও আছে কি ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** দু'রকমের আছে— একটা হচ্ছে যারা এমপ্লয়মেণ্ট পেয়ে গেছে তাদের সংখ্যা আছে, তারপরে যারা পার্সিয়ালি এমপ্লয়েড আছে অথচ নাম লিখিয়েছে এই রকমও আছে—হয়ত ৫০।৬০ টাকা মাইনা পায়, ভাল চাকরীর জন্য চেষ্টা করছে, তারা নাম রেজিষ্ট্রি করিয়েছে এবং সেটা করার আইনগত স্বীকৃতি আছে।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী :** এখানে আণ্ডার এমপ্লয়েডের সংখ্যা আছে কি ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** না।

**শ্রীনেপাল চন্দ্র রায় :** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে বিভিন্ন বছরের বিভিন্ন হিসাব দিয়েছেন তার মধ্যে যে সমস্ত কর্মি কাজ করত বিভিন্ন কারখানায় তারা যে বেকার হয়েছে সেগুলি ইনক্লুডেড হয়েছে কিনা ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** যারা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রেজিষ্ট্রি করেছে তাদের কথা বলা হয়েছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মন্ত্রিমহাশয় বলেছেন কমপালসরী Notification of Vacancies Act পশ্চিমবঙ্গ সরকার ১৯১৮ সালে করা সত্ত্বেও মালিকপক্ষ যদিও নোটিফিকেসন করছে বিজ্ঞাপন দিচ্ছে কিন্তু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে তারা নিচ্ছে না যদিও আইনে আছে যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিতে হবে। আমি শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে তিনি কি জানেন যে বাংলাদেশের বিভিন্ন কলকারখানায় মালিকপক্ষের সঙ্গে এবং ইউনিয়নের সঙ্গে বাইল্যাটারাল এগ্রিমেণ্ট হয়েছে—সেই এগ্রিমেণ্টে তারা বলছে যে যখন পুনর্নিয়োগ হবে বা নিউ এমপ্লয়মেণ্ট হবে তখন অনলি রিলেসনস অব দি existing employee নেয়া হবে এবং মালিকপক্ষ সেই এগ্রিমেণ্টের বলে তাদের সেই ইউনিয়নের যারা সভ্য এবং যারা চাকরী করছে তাদের আত্মীয় পরিজন-এর থেকে নিচ্ছে কারণ ইন্ডাষ্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্টে এই এগ্রিমেণ্টগুলি এনফোর্সেবল আণ্ডার দি ল—এটা কি সত্য ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** না, এটা সত্য নয়, কারণ এটা জেনারেল বিচার নয়—কোন কোন জায়গায় হয়ত থাকতে পারে। ইনডাষ্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্টে ফিউচার কোর্স অব এমপ্লয়মেণ্ট যেটা হবে সেটা ক্যান নট be the subject matter of the I.D. Act.

**শ্রীঅনিল কুমার মুখার্জী :** মন্ত্রিমহাশয় জানাবেন কি তিনি যে বেকার সংখ্যাটা দিলেন এর মধ্যে বাংলাদেশের বেকার ক্ষেত মজুরদের ইনক্লুড করা হয়েছে কিনা।

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** আমি আগের জবাবেই বলেছি, না।

**শ্রীঅনিল কুমার মুখার্জী :** আপনি এই বিধানসভাতে বলেছিলেন যে এই ক্ষেত মজুরদের সংখ্যা বা এদের সম্পর্কে তথ্য নেয়ার জন্য আপনি একটা ব্যবস্থা করবেন—সে সম্পর্কে কিছু করেছেন কিনা ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** আমি এটা বলিনি। আমি বলেছি মফঃস্বল অঞ্চলে বা গ্রামাঞ্চলে আরো কিছু কিছু এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ খোলা যাবে কিনা সেটা বিবেচনা করব এবং বিবেচনা করছি এবং নেক্সট বাজেট ইয়ারে তার কিছুটা উন্নতি হবে বলে আশা করছি।

**শ্রীরবীন মুখার্জি:** বেকার সমস্যার ভয়াবহতা সম্পর্কে আমরা সবাই সজাগ আছি। আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে জিজ্ঞাসা করছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছাড়া সামগ্রিক বেকারের চিত্রটিকে গ্রহণ করার জন্য অন্য কোন উপায় অবলম্বন করার কথা চিন্তা করছেন কিনা বা সরকার ভাবছেন কিনা?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** মাননীয় সদস্য মহাশয়, যদি কোন সুপারিশ করেন তাহলে সেটা নিশ্চয়ই বিবেচনা করা হবে।

**শ্রীরবীন মুখার্জি:** এই বেকার সমস্যার সমধানের অন্যতম একটি উপায় হিসাবে এই কথা কি মাননীয় শ্রমমন্ত্রী ভাবছেন যে যেসমস্ত জায়গায় শ্রমিকরা ছাঁটাই হয়ে যাচ্ছে অন্তত: সেই সমস্ত ক্ষেত্রে কোম্পানীগুলি যাতে তাদের খানিকটা রিলিফ দেয় এই রকম কোন পদ্ধতি গ্রহণ করার কথা চিন্তা করছেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** সামগ্রিক যে পরিকল্পনার কথা আমি একটু আগে বললাম তার ভিতর নিশ্চয়ই এটা গ্রহণ, ইনক্লুড করা হবে।

**শ্রীঅমরেন্দ্র নাথ রায় প্রধান:** ভয়াবহ বেকার সমস্যার কথা চিন্তা করে যেসব কর্মপ্রার্থী যুবক তাদের বয়স-সীমা শেষ হয়ে যাচ্ছে তাদের দিকে চিন্তা করে বয়স-সীমা বাড়াবার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** এই কথা এই প্রশ্নের সাথে আসে না।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত কোম্পানী পশ্চিমবাংলা সরকারের বিরুদ্ধে চক্রান্ত করছেন এবং সেই সমস্ত কোম্পানীগুলি শ্রমিকদের কাজে ও. টি. দিচ্ছেন, অথচ বেশী সংখ্যক কর্মসংস্থানের ব্যবস্থা থাকা সত্বেও করছেন না, সেই ক্ষেত্রে যুক্তফ্রণ্ট সরকার সেইসব মালিকদের বিরুদ্ধে কোন চাপ সৃষ্টি করবেন কি?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** এটা মতামতের প্রশ্ন। সমস্তটাই এ্যাজামসান, এর কোন জবাব দেওয়া সম্ভব নয়।

**শ্রীনিখিল দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে শিল্পোন্নয়ন যদি ঠিক ভাবে না হয় তাহলে বেকার সমস্যার সমাধানের দিকটা, কর্মসংস্থানের দিকটা ঠিকমত সমাধান করা সম্ভব নয়। আমি সেদিক থেকে শুধু একটি প্রশ্ন করতে চাই যে আমাদের শিল্পদপ্তর এবং শ্রমদপ্তর মিলিতভাবে এই সম্পর্কে কোন পরিকল্পনা গ্রহণ করছেন কিনা?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ:** না।

## বিদেশী সাম্রাজ্যবাদী রাষ্ট্রনায়কদের মূর্তি অপসারণ

***50.** (Admitted question No. *158) **শ্রীঅনিল কুমার মুখার্জি:** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ ফেব্রুয়ারী হইতে ১৯৬৯ ডিসেম্বর পর্যন্ত কলিকাতা মহানগরীর বিভিন্ন অঞ্চল হইতে মোট কতগুলি বিদেশী সাম্রাজ্যবাদী রাষ্ট্রের নায়কদের মূর্তি অপসারিত করা হইয়াছে;

(খ) সমস্ত বিদেশী মূর্তিগুলি অপসারিত হইয়াছে কিনা; এবং

(গ) যদি না হইয়া থাকে তবে কতদিনের মধ্যে সেগুলি অপসারণের কাজ শেষ হইবে?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** (ক) উল্লিখিত সময়ের মধ্যে মোট ১৩টি বিদেশী শাসকদের মূর্তি কলিকাতা ময়দান ও উহার সংলগ্ন অঞ্চল হইতে অপসারিত করা হইয়াছে।

(খ) কলিকাতার সরকারী ভবন ও জমি হইতে সমস্ত বিদেশী শাসকবৃন্দের মূর্তিগুলি অপসারিত হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅনিল কুমার মুখার্জি :** কলকাতা ছাড়া বাংলাদেশের অন্যান্য জেলা থেকে এই সমস্ত সাম্রাজ্যবাদী রাষ্ট্রনায়কদের মূর্তিগুলি বা অন্যান্য বিদেশী মূর্তিগুলি আপনি অপসারিত করেছেন কি না?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** হ্যাঁ, বর্ধমানে ৪টি, ২৪-পরগণায় ১টি, দার্জিলিং'এ ৮টি এবং মালদহে ৫টি ছিল। এগুলি সবই অপসারিত করা হয়েছে।

**শ্রীঅনিল কুমার মুখার্জি :** এর আগে অর্থাৎ ১৯৬৮ সালে কিম্বা তার পূর্বে এই রকম কোন চেষ্টা হয়েছিল কি?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** কলকাতার বুক থেকে সে সময় কিছু মূর্তি অপসারিত করা হয়েছে।

**শ্রীজগদীশ চন্দ্র দাস :** কলকাতা ময়দানে ভিক্টোরিয়ার সামনে যে ভিক্টোরিয়ার মূর্তিটি আছে সেটা অপসারিত হয়েছে কি?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** আপনি জানেন ভিক্টোরিয়া মেমোরিয়াল হলের সামনে যে ভিক্টোরিয়ার মূর্তিটি আছে সেটা আমাদের সরকারের এক্তিয়ারভুক্ত নয়, আমাদের অধীনে নয়, এটা কেন্দ্রীয় সরকারের অধীনে। আমি অপসারনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি, কিন্তু ওখানে আমাদের হাত দেবার কোন ক্ষমতা নেই।

[ 1-50—2-00 p.m. ]

**শ্রীঅনিল কুমার মুখার্জি :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, রাইটার্স বিল্ডিং'এ যে রোমান মিনার্ভার মূর্তি আছে সেটা দেব দেবীর মূর্তি রাষ্ট্রনায়কদের নয়। আমাদের রাষ্ট্র হল ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র, এখানে এরকম দেশী বা বিদেশী দেব দেবীর মূর্তি রাখা সমীচীন কি?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** আপনারা বিদেশী সাম্রাজ্যবাদীদের মূর্তি অপসারণের কথা বলেছেন, আমাদের যুক্তফ্রন্টের কর্মসূচীতেও তাই আছে। অন্য ধর্মের দেব দেবীর মূর্তি অপসারনের নির্দেশ আপনারাও দেননি, যুক্তফ্রন্টও দেয়নি।

**শ্রীঅনিল কুমার মুখার্জি :** আমাদের রাষ্ট্রকে আমরা ধর্মনিরপেক্ষ বা সেকুলার ষ্টেট বলে ঘোষণা করেছি। আমার প্রশ্ন হল, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আপনি কি মনে করেন সেই সেকুলার ষ্টেটে দেব দেবীর মূর্তি রাখা যায় কিনা?

**Mr. Speaker :** This question does not arise. It is irrelevant.

## মুর্শিদাবাদ জেলার কয়েকটি অঞ্চলে বিদ্যুৎ সম্প্রসারণ

*51. (Admitted question No. *271.) **শ্রীসনৎকুমার রাহা :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় রাধারঘাট অঞ্চল ও গোয়ালজান নেয়ালিশপাড়া অঞ্চলে বৈদ্যুতিক সম্প্রসারণের কাজ কবে শেষ হইবে?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** উক্ত এলাকা দুইটিতে বৈদ্যুতিকরণের কাজ শেষ হইয়া গিয়াছে।

**শ্রীসমৎ কুমার রাহা :** দেড় বছর ধরে কাজ শেষ হয়ে যাবার পর এনারজাইজেশান হচ্ছে না, মাননীয় মন্ত্রিমহাশয় বা সরকার একথা জানেন কি ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** এনারজাইজেশান হয়নি এটা আমি জানি, তবে শীঘ্রই হবে এটাও বলতে পারি।

## গেষ্টকীন উইলিয়াম কারখানায় শ্রমিক ছাঁটাই

***52.** (Admitted question No. *482) **শ্রীকালীপদ মণ্ডল :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে হাওড়া গেষ্টকীন উইলিয়াম কারখানায় কিছুদিন পূর্বে শ্রমিক ছাঁটাই হইয়াছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, তবে (১) ছাঁটাই এর কারণ কি, এবং (২) কত শ্রমিক ছাঁটাই হইয়াছে ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :**

(ক) না। সাম্প্রতিককালে শ্রমিক ছাঁটাই-এর কোনও সংবাদ সরকারের কাছে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীকালী পদ মণ্ডল :** বর্তমানে গেষ্টকিন কারখানায় ক্লোজার আছে, সেই ক্লোজার কারখানা খোলার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** প্রশ্নটা হচ্ছে ছাঁটাই সম্পর্কে, ক্লোজার খোলা হবে কিনা সেটা হচ্ছে সম্পূর্ণ ভিন্ন প্রশ্ন।

**শ্রীকালী পদ মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনি এ সম্পর্কে ওয়াকিবহাল আছেন কি না ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** এ প্রশ্নের সংগে এটা সংশ্লিষ্ট নয়, কাজেই এ প্রশ্ন উঠে না।

## Interim increase of wages to the workmen of Jute and Cotton Textile Industries.

***53.** (Amitted question No. *498.) **Shri ARUN SEN :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware that the employers of Cotton Textile Industries and Jute Industries have not yet granted the 'interim increase' of wages as per Tripartite settlement to workmen drawing wages over Rs. 500 ; and

(b) if so, what steps the Government has taken in this regard.

**Shri Krishnapada Ghosh:** (a) In the jute industry the interim increase of wages has been effected.

In the cotton textile industry, trade union organisations represented that no increase in wages has been effected in the case of technical and clerical staff drawing more than Rs. 500 per month.

(b) Labour Directorate has requested the Bengal Millowners Association asking them to give necessary instruction to the constituent members to give effect to the interim increase in wages.

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** রামপুরিয়া কটন মিলে ২০ টাকার যে এগ্রিড ইনক্রিমেণ্ট সেটা না দিয়ে ১৫ টাকা দিচ্ছে, মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কিনা ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** ইনডিভিজুয়াল প্রশ্ন দিলে জবাব দেব, তবে জেনারেল রিমার্ক হিসাবে বলতে পারি যে প্লাণ্ট লেভেলে এবং মিল লেভেলে শ্রমিকদের সঙ্গে মালিকদের চুক্তি হয়েছে এবং সেই হিসাবে কিছু কিছু ইমপ্লিমেণ্ট করছে। তবে নোটিশ দিলে সমস্ত তথ্য এই সভায় উপস্থিত করতে পারি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** রামপুরিয়া কটন মিলে চুক্তি ভঙ্গ হয়েছে। আমার জিজ্ঞাসা নন্‌ইমপ্লিমেণ্টেশানের কোন কমপ্লেন মাননীয় মন্ত্রিমহাশয় পেয়েছেন কি ?

**শ্রীকৃষ্ণ পদ ঘোষ :** নোটিশ দিলে জবাব দেব।

**শ্রীঅশ্বিনী কুমার রায় :** মাননীয় মন্ত্রীমহাশয়, জুট ইনডাষ্ট্রিজের ক্ষেত্রে ইনক্রিমেণ্ট ইনক্রিজ এ্যাফেক্টটিভ হয়েছে এবং চালু হয়ে গেছে, সেটা কখন থেকে চালু হয়েছে তার হিসাব টিসাব কিছু আছে কি ?

**Shri Krishnapada Ghosh :** As per agreement it has been given effective on the date of implementation.

## গড়বেতা থানায় রাস্তা তৈরী করার কাজ

***54.** (Admitted question No. *518.) **শ্রীসরোজ রায় :** পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা থানার— (১) ছমগড় হ'তে আমলাগুলি পর্যন্ত, (২) গোয়ালপেড় হ'তে ছমগড় পর্যন্ত, এবং

(৩) আর, এম, রোড হইতে চন্দ্রকোনা সহর পর্যন্ত রাস্তাগুলি পীচ রোড করার জন্য কোন পরিকল্পনা করিয়াছেন কিনা ;

(খ) করিয়া থাকিলে কোন্‌টির কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ;

(গ) ইহা কি সত্য যে সেন্ট্রাল মার্কেটিং সোসাইটিকে গড়বেতা থানার কয়েকটি রাস্তা তৈরী করার জন্য ভার দিয়াছেন ; এবং

(ঘ) দিয়া থাকিলে কতদিনে সেই কাজ সুরু হইবে বলিয়া আশা করা যায় ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী:** (ক) ছমগড় হইতে আমলাগুলি বা ছমগড় হইতে গোয়ালপেড় (গোয়ালটোর) পর্যন্ত পীচ রাস্তা করার পরিকল্পনা নাই; তবে আর, এম, রোড হইতে চন্দ্রকোণা শহর পর্যন্ত রাস্তাটি পাকা। ইহা প্রথম পরিকল্পনার অন্তর্ভুক্ত ছিল।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না, এরূপ কোন ভার দেওয়া হয় নাই;

(ঘ) প্রশ্ন উঠে না।

**শ্রীসরোজ রায়:** 'গ' প্রশ্নটা ছিল যে, সেণ্ট্রাল মার্কেটিং সোসাইটি থেকে এই রকম কোন ব্যবস্থা তারা নিয়েছে কিনা সেটা জানাবেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী:** আমরা এই রকম কখনও দেইনা, মার্কেটিং সোসাইটিকে রাস্তা করতে আমরা কখনই দেই না।

**শ্রীসরোজ রায়:** সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কোন টাকা থেকে এই রাস্তা যদি সেণ্ট্রাল মার্কেটিং সোসাইটি করে তাহলে এটাকে ষ্টেট গভর্ণমেণ্টের পক্ষে জানা সম্ভব বা আপনারা জেনেছেন এটা জানাবেন কি?

**শ্রীমতী প্রতীভা মুখার্জী:** আমাদের যদি বলে তবে আমরা করে দিতে পারি। কিন্তু আমাদের এখনও কিছু বলেনি।

**শ্রীসরোজ রায়:** আপনি ক'এর প্রশ্নের উত্তরে বলেন যে, এটা করার কথা নেই। আমার কথা হচ্ছে যে, ঐ যে দুটি রাস্তা—বিশেষ করে ছমগড় থেকে আমলাগুলি, বাঁকুড়ার সঙ্গে মেদিনীপুরের একটা যোগাযোগ—এই ব্যাপারে প্রথম এসেম্বলী সেসানে বলেছিলেন যে এটা কনসিডারেশানে আনা যেতে পারে। কাজেই এটা সম্পর্কে কি কোন বিশেষ চিন্তা করবেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী:** এটা ভেবে দেখা হবে তবে আমাদের পয়সার অভাব আছে সেটা বুঝতে পারছেন।

## পুরাতত্ত্বের ইতিহাস সম্বলিত পুস্তক প্রকাশের সিদ্ধান্ত

***55.** (Admitted question No. *42.) **শ্রীঅমলেন্দ্রলাল রায়:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার প্রতিটি জেলার পুরাতত্ত্বের ইতিহাস সম্বলিত কোন পুস্তক প্রকাশের সিদ্ধান্ত করিয়াছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে ঐ সকল পুস্তক কাহাদের দ্বারা রচিত হইবে?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** (ক) হ্যাঁ, তবে চলতি আর্থিক বৎসরের মধ্যে চারটি জেলার পুরাকীর্তি সম্বলিত পুস্তক প্রকাশের ব্যবস্থা করা হইতেছে। বাকীগুলি আগামী আর্থিক বৎসরে প্রকাশিত করার চেষ্টা হইবে।

(খ) এই চারটি পুস্তক রচিত হইবে নিম্নরূপ :—

| পুস্তকের নাম | রচয়িতার নাম |
|---|---|
| ১। বাঁকুড়া জেলার পুরাকীর্তি— | শ্রীঅমিয় কুমার বন্দোপাধ্যায়। "বাঁকুড়ার মন্দির" নামক পুস্তকের রচয়িতা ও বর্তমানে পূর্ত-বিভাগের যুগ্ম-সচিব। |
| ২। পুরুলিয়া জেলার পুরাকীর্তি— | শ্রীপরেশচন্দ্র দাসগুপ্ত, প্রত্নতত্ত্ব অধিকর্তা, পশ্চিমবঙ্গ। |
| ৩। বীরভূম জেলার পুরাকীর্তি— | শ্রীদেবকুমার চক্রবর্তী, প্রত্নতত্ত্ব অধিক্ষক, পশ্চিমবঙ্গ। |
| ৪। কুচবিহার জেলার পুরাকীর্তি— | ডক্টর শ্যামচাঁদ মুখার্জী প্রত্নতত্ত্ব অধিক্ষক, পশ্চিমবঙ্গ। |

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে তাঁর যে দপ্তর আছে সেই দপ্তর থেকে আগে মাঝে মাঝে পিরিওডিক্যাল সমস্ত রিপোর্ট বেরোত। আজকাল সেগুলি বেরোচ্ছে না কেন?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** মাননীয় সদস্য জানেন যে, পশ্চিমবঙ্গ সরকারের পুরাতত্ত্ব বিভাগ থেকে কোন রিপোর্ট বেরোত না। ইণ্ডিয়া গভর্ণমেন্টের যে আর্কিওলোজিকেল ডাইরেক্টোরেট থেকে অনেক ভাল ভাল রিপোর্ট বেরিয়েছে। গত ১২ বছর পশ্চিমবাংলায় আইন হয়েছে, এই বার বছরে কংগ্রেস সরকার কিছু করেনি। এই প্রথম কাজ শুরু হচ্ছে আমাদের অধীনে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** তাহলে এই যে দপ্তরটি আছে, এই দপ্তরে আজ পর্যন্ত কি কাজ-কর্ম করেছেন সে সম্পর্কে কি কিছু হিসাবপত্র আছে?

**শ্রীসুবোধ ব্যানার্জী :** নিশ্চয়ই আছে। এর আগে যেটা মূল কাজ সেটা করা হয়নি। এক্সপ্লোরেশান এবং এক্সকাভেশান-এর ২।৩ টি কাজ হয়েছে মাত্র। প্রিজারভেশান ও কনজারভেশানের কাজ না করে। ডকুমেন্টেশানের কাজ ১২বছর ধরে হয়নি। এই ভুল নীতি বদলে দিয়ে এখন প্রথমে ডকুমেন্টেশান এ্যাণ্ড প্রিজারভেশানের উপর জোর দেওয়া হয়েছে এক্সকাভেশান, এক্সপ্লোরেশানের চেয়ে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাঝে মাঝে আমরা দেখতে পাই সংবাদ পত্র মারফত এইসব দপ্তরের থেকে কিছু কিছু চর্চা করা হয়। নানা রকম কাগজে বেরোচ্ছে যে এখানে হচ্ছে, ওখানে হচ্ছে এই সব রিপোর্ট প্রকাশিত হয়। এগুলি কি অথেনটিক কিছু, না নিজের নিজের কোল ভারী করার জন্য এই দপ্তর থেকে এই রকম রিপোর্ট বেরোয়?

2—2-10 p.m. ]

**শ্রীসুবোধ ব্যানার্জী :** স্বভাবতঃই, মাননীয় সদস্য মহাশয় জানেন যে আমাদের দপ্তর থেকে কিছুই বেরোয় নি। সংবাদপত্রে কিছু কিছু রিপোর্ট বেরোচ্ছে সেটা কারও ব্যক্তিগত রিপোর্ট। তাকে অথেন্টিক বলে মনে করি না।

## কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনা

*56 (Admitted question No. *160) **শ্রীঅনিলকুমার মুখার্জি :** শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় মোট কতগুলি কারখানায় ই. এস. আই. স্কীম চালু আছে ;

(খ) কতগুলি কারখানায় ই, এস, আই, স্কীম চালু নাই ; এবং

(গ) শেষোক্ত কারখানাগুলিতে উক্ত স্কীম চালু করার কোন ব্যবস্থা হইতেছে কি ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** (ক) (খ) ও (গ) কর্মচারী রাজ্যবীমা আইনের আওতায় পড়ে এরূপ ৩৬৬০টি কারখানায় ১৯৬৯ সালের নভেম্বর মাস পর্য্যন্ত কর্মচারী রাজ্যবীমা প্রকল্প চালু করা হইয়াছে এবং ১৫২ টি কারখানায় চালু করা হয় নাই।

কল্যাণী ও দুর্গাপুর এলাকায় কর্মচারী রাজ্যবীমা আইনের আওতায় পড়ে এরূপ কারখানাগুলিতে ঐ প্রকল্প চালু করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## Non-payment of interim-increase of pay by some Cotton Mill-Owners

***58.** ( Admitted question No. *499. SHRI ARUN SEN : will the Minister-in-charge of labour Department be pleased to State—

(a) weather the Government is aware that Messrs. Rampuria Cotton Mills Ltd., Hooghly and Messrs. Sri Mahalaxmi Cotton Mills Ltd., Falta have not granted Rs. 20 per month by way of interim-increase as per settlement, dated 9th October, 1969 ; and

(b) if so, what steps have been taken by the Government in this regard

**Shri Krishnapada Ghosh :** (a) The management of M/s. Mahalaxmi Cotton Mills Ltd., paid Rs. 15 with effect from 15-10-69 and Rs. 20 by way of interim increase as per settlement dated 9-10-69 with effect from 1-1-70. They have also agreed to pay the arrear of Rs. 5 by April, 1970.

The Management of M/s. Rampuria Cotton Mills Ltd., Hooghly, have entered in to a bipartite agreement with the representatives of Rampuria Cotton Mills Workers' Union and paid Rs. 15 as interim increase from December 1969. The full amount of interim increased of Rs. 20 along with the arrear of Rs. 5 remaining unpaid will, however, be given from January, 1970 as per the agreement between the parties.

(b) In view of the above commitment of the managements the question of taking any steps by Government at this stage does not arise.

## স্কুটার কারখানা

*59. ( Admitted question No. *60 ) **শ্রীঅমল রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিম বাংলায় স্কুটার কারখানা স্থাপন করার ব্যাপারে রাজ্যসরকার কোন ব্যবস্থা গ্রহণ ক'রতেছেন কি ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** হ্যাঁ, হলদিয়া বন্দর এলাকায় একটি স্কুটার কারখানা স্থাপন করিবার জন্য রাজ্যসরকার প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতেছেন।

## Closure of Mohini Mills (Belghoria)

*60. (Admitted question No. *500.) **SHRI ARUN SEN :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether Messrs. Mohini Mills (Belghoria) has declared closure since 14th October 1969 ; and

(b) if so, what steps have been taken by the Government to re-open the said Mills ?

**Shri Krishnapada Ghosh** : (a) Yes.

(b) Several tripartite discussions were held for re-opening the mills but no settlement could be reached. Efforts for re-opening the mills are being continued.

## UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

### মুর্শিদাবাদ জেলায় বোয়ালিয়া ড্যাঙ্গ বিল ও পুটি জোল বিল

1. (Admitted question No. 286.) **শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার রাজধরপাড়া অঞ্চলে "বোয়ালিয়া ড্যাং বিল" এবং "পুটি জোল বিল" দুইটি সরকারী দখলে কি না ?

**The Minister for Land and Land Revenue :**

"পুটি জোল বিল" সরকারী দখলে আছে। "বোয়ালিয়া ড্যাং বিল" সরকারী দখলে নাই।

### ধুলিয়ান ও অরঙ্গাবাদে বিড়ি কারখানার সংখ্যা

2. (Amitted question No. 413.) **শ্রীসনৎকুমার রাহা :** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় ঔরঙ্গাবাদ ও ধুলিয়ানে লাইসেন্সপ্রাপ্ত কয়টি বিড়ির কারখানা আছে এবং তাহাদের প্রত্যেকটির অধীনে নিযুক্ত শ্রমিক সংখ্যা কত ?

**The Minister for Labour :**

ঔরঙ্গাবাদে তিনটি লাইসেন্সপ্রাপ্ত বিড়ির কারখানা আছে। ধুলিয়ানে কোনো লাইসেন্সপ্রাপ্ত বিড়ির কারখানা নাই। লাইসেন্সপ্রাপ্ত কারখানার নাম ও ৩১এ ডিসেম্বর, ১৯৬৯ তারিখের শ্রমিক সংখ্যা নিম্নে দেওয়া হইল—

(১) মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোম্পানী ( প্রাঃ ) লিমিটেড, ঔরঙ্গাবাদ—১৮।

(২) বান্ধব বিড়ি ফ্যাক্টরী প্রাইভেট লিমিটেড, ঔরঙ্গাবাদ—২৮।

(৩) অশোক বিড়ি ফ্যাক্টরী, ঔরঙ্গাবাদ—২৯।

### পশ্চিমবঙ্গে চালু চটকল ও শ্রমিকের সংখ্যা

3. (Admitted question No 491.) **শ্রীকালীপদ মণ্ডল :** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চালু চটকলের সংখ্যা কত ; এবং

(খ) এগুলিতে মোট কত শ্রমিক কাজ করে ?

**The Minister for Labour :**

(ক) তিরাত্তরটি।

(খ) ১৯৬৮ সালের হিসাব অনুযায়ী দৈনিক নিযুক্ত শ্রমিকের সংখ্যা গড়ে, ২,২৩,২৯৯ জন।

## Strike, lock-outs etc.

**4.** (Admitted question No. 7) **Shri PACHU GOPAL BHADURI :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state whether Government have any figure and, if so, what are the number of strikes, lock-outs, closures and gheraos in the State in 1967, 1968 and 1969 ?

**The Minister for Labour :** Yes. The figures are given below :

| I. Year. | No. of strikes. |
|---|---|
| 1967 | 232* |
| 1968 | 268* |
| 1969 | 766* |

| II. Year. | No. of lockouts. |
|---|---|
| 1967 | 206* |
| 1968 | 149* |
| 1969 | 137* |

*These figures include the cases brought forward from the previous Years.

| III. Year. | No. of closures. |
|---|---|
| 1967 | 122 |
| 1968 | 139 |
| 1969 | 164* |

**Out of 164 closures, 64 establishments were reopened in 1969.

| IV. Year. | No. of gheraos. |
|---|---|
| 1967 | 811 |
| 1968 | 30 |
| 1969 | 513 |

## মুর্শিদাবাদ জেলার সাপ্তাহিক পত্র পত্রিকায় সরকারী বিজ্ঞাপন

**5.** (Admitted question No. 553.) **শ্রীঅমলেন্দ্রলাল রায় :** তথ্য ও জনসংযোগ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি চলতি আর্থিক বৎসরের ১৫ই জানুয়ারি পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ সাপ্তাহিক পত্র পত্রিকাকে কত টাকার সরকারী বিজ্ঞাপন দেওয়া হইয়াছে ?

**The Minister for Information and Public Relations :**
নিম্নের তালিকায় বিবরণী দেওয়া হইল :

### বিবরণী

১৯৬৯-৭০ ( ১৫ই জানুয়ারি )

### পত্রিকার নাম ও ব্যয়ের পরিমাণ

(১) জনমত ( মুর্শিদাবাদ )—৪২৪ টাকা ২৫ পয়সা।

(২) মুর্শিদাবাদ সমাচার—১৮৬ টাকা।

(৩) মুর্শিদাবাদ দর্পণ—২৪৫ টাকা।

(৪) পরিক্রমা—৩১৬ টাকা ২৫ পয়সা।

(৫) কান্দী বান্ধব—১৫৫ টাকা।

(৬) বালুচর—৩৯ টাকা।

(৭) জঙ্গীপুর সংবাদ—৪৪ টাকা ৫০ পয়সা।

(৮) মুর্শিদাবাদ হিতৈষী—১৩ টাকা ৫০ পয়সা।

(৯) মুর্শিদাবাদ বার্তা—২১ টাকা।

## Adjournment Motion

**Mr. Speaker :** I have received 7 notices of Adjournment Motions on the subject of recent incidents in West Dinajpore and Cooch Behar districts from.

(1) Shri Mohammad Idris Ali,
(2) Dr. Zainal Abedin,
(3) Dr. Md. Fazle Haque,
(4) Shri Shamsuddin Ahmed,
(5) Shri A. K. M. Ishaque,
(6) Shri Abdus Sattar, and
(7) Shri Abdul Barkat Atawal Ghani Khan Chowdhury.

I am sorry, I have withheld consent. The hononrable members may kindly read the text of their motions.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** স্পীকার মহাশয়, এটা ভয়ঙ্কর অত্যাচার হচ্ছে।

**Mr Speakar :** You will get sufficient time to mention all about it at the time of debate on Governor's speech and also at the time of discussion on the Budget. So, I request the members to kindly read the text of the motion now.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মিঃ স্পীকার, স্যার, On a point of order, আপনি যে ওঁকে পড়তে বলছেন কিন্তু আপনার অফিস থেকে মিউটিলেটেড কাগজ তাঁর হাতে দেওয়া হয়েছে। যে মোসান তিনি এই হাউসে আনতে চেয়েছিলেন আপনার বা আপনার অফিসের অধিকার নেই সেই মোসনকে কাট ছাঁট করা বা তার থেকে কিছু কেড়ে নেওয়া।

**Mr. Speaker :** In exercise of the powers vested on me I have the right to do so. I don't want to enter into any discussion with you on this point. Please read the text of the motion.

**শ্রীআবদুস সাত্তার :** স্পীকার, স্যার, আপনি রুলস ফলো করবেন তো, আপনার রুলস ৫৯, ৬০, ৬৩-তে দেখুন। আপনি কনসেণ্ট উইথ্‌হোল্ড করতে পারেন; কিন্তু আপনার কোন অধিকার নেই কিছু কাট ছাঁট করে একটা কিছু খাড়া করতে পারেন। আপনি রুলস্‌ ফলো না করে নিজে নিজে কেটে দেবেন এটা কি করে হয়। এটা আইন মত হয়নি আপনি রুলস পড়ে দেখবেন।

**Mr. Speaker :** Please don't cast any aspersion on the Chair. I am on my legs, please take your seat.

(Noise and interruptions)

**শ্রীআবদুস সাত্তার :** এটা reflection on the Chair নয়। এই বলে আপনি যা বলবেন তাই মেনে নিতে হবে এটা হয় না।

**Mr. Speaker :** First of all, your are to take your seat because the Speaker is on his legs.

**Shri Abdus Sattar :** Rules are for the members as well as for the Speaker. Speaker cannot supersede the rule.

**Mr. Speaker**: In answer to what you say I refer to rule 314. Although no answer is necessary but as I do not want to be an autocrat I refer to the rule. Rule 314 says, "If in the opinion of the Speaker, any notice contains words, phrases or expressions which are argumentative, unparliamentary, ironical, irrelevent, verbose, or otherwise inappropriate, he may, in his discretion, amend such notice before it is circulated." I have done it according the rules. I had done the same thing, in the past also and there was no objection.

**শ্রীআবদুস সাত্তার**: আপনি যেটা বলছেন সেই রুল এখানে এ্যাপ্লিকেবল কি করে হয়?

**শ্রীযতীন চক্রবর্ত্তী**: আপনি সাত্তার সাহেব, অনুগ্রহ করে আমার একটা কথা একটু শুনুন। (নয়েজ—কেন শুনবেন....) আপনি জানেন আমাদের একটা রুলস্ কমিটি আছে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল**: আপনি হাউসের কনশেন্স কীপার?

**শ্রীযতীন চক্রবর্ত্তী**: একথা বলে কোন লাভ নেই, কেউ কারও কনসেন্স কীপার নয়, আমাদের একটা রুলস কমিটি আছে, (নয়েজ) আমার কথাটা একটু শুনুন, এত চেঁচালে কি হবে, আমাদের যে রুলস কমিটি আছে তাতে প্রত্যেক দলের সদস্যরা বসে মাত্র কিছুদিন আগে কিছু কিছু সংশোধন করেছি, সেই সংশোধনের মধ্যে এই সংশোধনীটাও করা হয়েছে।

(নয়েজ)

রুলস কমিটি যে সংশোধন করেছেন, ২২ তারিখে স্পীকার হাউসের সামনে বলেছেন, প্রসিডিংসে আছে, এবং সেগুলি গৃহীত হয়েছে। ....(নয়েজ), আপনারা চীৎকার না করে দয়া করে প্রসিডিংস দেখে নিন, আমি অসত্য কথা বলছি কিনা সেটা দেখে নিন, তা ছাড়া আমি আপনার দৃষ্টি রুলের ৩১৪ ধারার প্রতি আকৃষ্ট করছি।

**শ্রীআবদুস সাত্তার**: ৩১৪ ধারা এখানে এ্যাপ্লিকেবল হবে না।

**মিঃ স্পীকার**: রুলস কমিটিতে সব দলের লোক ছিল। সেদিন সেটা পাশ হয়ে গিয়েছে। It was presented at the House on the 22nd of January. Please see rule 63 as revised. In sub-rule (1) of rule 63 (b) after the existing proviso the following further provisos shall be added, namely "provided further that the Speaker may, instead of reading the notice himself, allow the member concerned to read the text of the motion but when more than one notice of such motion on a particular matter is received from members on a particular day the text of only one such motion, as the Speaker may select, may be allowed to be so read and further that when any portion of the text contains words, phrases or expressions which are argumentative, unparliamentary, ironomical, controversial, irrelevant, verbose, or otherwise inappropriate, the Speaker may amend the text in his discretion and the member concerned may be allowed to read the text of the motion so amended. Provided further that the Speaker may not allow any such text of a motion to be read if it is not in order,"

I have allowed you to read your motion please do it.

**শ্রীআবদুস সাত্তার**: যে গ্রাউণ্ডে আপনি কাট ছাঁট করেছেন, সেই গ্রাউণ্ডগুলিতো আমাদের বলবেন। কেন না যে গ্রাউণ্ড দেবেন সেই গ্রাউণ্ডস এ্যামেণ্ড করার দরকার আছে, এটাতো বলবেন, স্যার।

**মিঃ স্পীকার :** এটা ভারবোস হয়েছে ,কণ্টেভার্সিয়াল হয়েছে, ইনএপ্রোপ্রিয়েট হয়েছে, অর আদারওয়াইজ ইনয়্যাপ্রোপ্রিয়েট, আমার পাওয়ার আছে, তাই করেছি।

**শ্রীআবদুস সাত্তার :** আপনি বলেছেন ইন একসারসাইস অব ইওর ডিস্ক্রেশন, কিন্তু সেটাতো জুডিশিয়েল ডিস্ক্রিশন হবে ?

[ 2-10—2-20 p. m. ]

**শ্রীআবদুস সাত্তার :** যে ডিসক্রিশন আছে সেটা জুডিশিয়্যাল ডিসক্রিশন আছে, নট আর্বিট্রারী। সেই রুল্স্ অনুসারে করুন এবং বলতে তো দেবেন ?

( গোলমাল )

**Mr. Speaker :** I am not bound to give any explanations.

**শ্রীআবদুস সাত্তার :** আপনাকে রুল্স মেনে চলতে হবে, আপনি আপনার নিজের খুশীমত চললে চলবে না।

( গোলমাল )

**Mr. Speaker :** Please do not make any reflection on the Chair. I have cited rules. I may be right or I may be wrong, but that is my ruling. You please take your seat.

**শ্রীসনৎ কুমার রাহা :** মাননীয় স্পীকার, মহাশয়, আমি পয়েণ্ট অব অর্ডার তুলতে চাই। স্পীকার মহাশয় রুল্স কমিটির একটা রেজলিউশন পড়ে শোনালেন এবং স্পীকার একটা রুলিং দিয়েছেন তার উপর চ্যালেঞ্জ করলে স্পীকারের চেয়ারকে চ্যালেঞ্জ করা হয়। সুতরাং এটা আমার মনে হয় আউট অব অর্ডার করা হোক এবং এই বিষয়ে আপনার রুলিং চাইছি।

**Mr. Speaker :** I have already given my ruling. I am prepared to allow the honourable member to read the text of his motion as abridged by me. I have done according to my ideas and my knowledge of law but that is a ruling from the Chair which I hope you will kindly accept as a ruling.

**শ্রী এ. কে. এম. ইশাক :** মিঃ স্পীকার, স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, যখন মোশনগুলো কাটছাঁট করা হয়েছে এবং অভিযোগ আপনার কাছে যখন আমরা করলাম তখন আপনি ৩১৪ ধারা পড়ে শুনিয়ে বললেন এই ধারার ক্ষমতা বলে এই কাটছাঁট করা হয়েছে এবং আমরা যখন বললাম যে ৩১৪ ধারা অনুসারে এই কাটছাঁট করতে পারেন না তখন পরিষদীয়মন্ত্রী উঠে দাঁড়িয়ে বললেন যে নুতন করে রুল্সগুলি সংশোধন করা হয়েছে এবং বললেন যে ঐ সংশোধিত রুল অনুযায়ী কাট ছাঁট করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ, মহাশয়, তাহলে আমরা দেখছি যে প্রথমে যে কাট ছাট করলেন—

**Mr. Speaker :** I will not allow any discussion. Please read the text of the motion or I will go the next item of business. Now I am going to read the text of the motion of Dr. Zainal Abedin.

**Dr. Zainal Abedin** : Sir, I am reading it myself. This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that the houses and belongings of Alauddin and nine other villagers of Sonargaon in Raiganj, district West Dinajpur could not be saved by the Police from broad day-light lootings and ransacking by Marxist Communist followers even after lodging previous information about the threat of such lawlessness. It is reported that when an armed Police party arrested six accused persons and recovered some portion of the booty, a large crowd of C.P.M. supporters responsible for the crimes gathered on a call by beating of drums with deadly weapons and attacked the police party....

**Shri Jyoti Bhusan Bhattacharya** : I am on a point of order, Sir. Is the honourable member reading from the notice of the adjournment motion as approved by you ?

**Mr. Speaker** : Yes.

**Dr. Zainal Abedin** : Snatched away the arrested persons along with six rifles and two hundred and fifty rounds of ammunition from the police on 28-1-70. and the police had to open fire in self-defence after sustaining injuries there being yet no recovery of looted rifles and ammunition.

**শ্রীযতীন চক্রবর্ত্তী** : মাঃ অধ্যক্ষ মহাশয়, আপনি যে নিয়মের কথা বললেন সেই অনুসারে আপনি যেটা এ্যাপ্রুভড করেছেন সেটা যদি না পড়ে থাকেন............

**ডাঃ জয়নাল আবেদীন** : আমি সেটাই পড়েছি।

**শ্রীবিজয় সিং নাহার** : মিঃ স্পীকার, স্যার, আমাদের মেম্বারদের আরো মোশান আছে তাদেরও আপনি পড়তে দিন।

**মিঃ স্পীকার** : একই সাবজেক্ট ৬।৭ জন যদি পড়েন তাহলে অযথা হাউসের সময় যাবে।

**শ্রীবিজয় সিং নাহার** : স্যার, আমরা প্রত্যেকে নিজের নিজের মনে যে ব্যথা পেয়েছি তারই জন্য আমরা মোশান দিয়েছি। তা যদি পড়তে না দেওয়া হয় তাহলে আর একটা অন্যায় করা হবে।

**মিঃ স্পীকার** : আমি আপনাদের রিকোয়েষ্ট করছি আপনারা একই জিনিস বার বার পড়বেন না, তাতে অযথা সময় নষ্ট হবে।

**Shri Idris Ali** : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that when an armed police party arrested 5 accused persons from Gopalpur village of Raiganj P. S. in the district of West Dinajpur they were severely attacked and beaten by unruly C.P.M. crowd and they snatched away 6 arrested persons, 6 rifles and 250 rounds of ammunitions from the police, in utter........

**শ্রীনিখিল দাস** : মিঃ স্পীকার, স্যার, অন্ এ পয়েন্ট অফ অর্ডার, আপনি যা অনুমোদন করেছেন তার চেয়ে বেশী যদি কেউ পড়ে থাকেন তাহলে আপনি ডাইরেক্ট করে দিন যাতে সেটা একস্পাঞ্জ হয়ে যায়।

**Mr. Speaker :** Please do not read the portion I have not approved.

**Shri A. K. M. Ishaque :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that when on 28-1-70 some policemen of Raiganj P.S., West Dinajpur went to Gopalpur village to apprehend and/or arrest some criminals in connection with a dacoity case some anti-social people numbering under 1500 collected under C.P.I.(M) banner, obstructed the police in performance of their duties and snatched away 6 rifles from them.

**Dr Md. Fazle Haque :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that recently all movable belongings of 10 houses of Ekmukha village P.S. Kotwali, Dt. Cooch Behar, were robbed of all and the houses were burnt to ashes by C.P.M. followers resulting in the brutal killing of two innocent inmates it being also reported that similar attack was made by C.P.M. supporters upon innocent villagers of village Bara Maricka, P.S. Mathabhanga, Dt. Cooch Behar resulting in death of 3 persons.

[2-20—2-30 p.m]

**Shri Shamsuddin Ahmad :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, although intimated beforehand by one Alauddin of the incidents of Sonargaon and Khorigobindapur villages in Raigunj Sub-division in West Dinajpur District, where the properties of villagers were looted by the C.P.I(M) followers in a pre-planned way; and afterwards on 20-1-70 six rifles with 250 rounds ammunitions along with 6 arrested persons have been snatched away by those who were at the root of the incident.

**Shri Abdus Sattar :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that on 28-1-70 about 2000 C.P.I. (M) supporters armed with deadly weapons attacked the armed policemen who went to Sonargaon village under the Raigunj Police Station of West Dinajpur to arrest some persons wanted in connection with a dacoity case, snatched away 6 rifles and 250 rounds of ammunitions and had severely beaten up the policemen and officers and forcibly rescued the accused persons from their custody and as a result four people were reported to have been killed and 22 policemen were seriously injured. স্যার, আমি একটা কথা নিবেদন করবো যে আপনি কনসেণ্ট যেটা উইথহেল্ড, সেখানে বলা আছে রুলস ৬৩-তে there you must state the reasons for withholding the consent but here you have not stated the reasons স্যার, এটা কি ব্যাপার? আপনি কনসেণ্ট উইথহেল্ড করেছেন কিন্তু উইথহেল্ড করার কারণ কি সেটা দেখান নি। Rule 63 তে যেটা আছে you did not apply that.

**Mr Speaker :** You please sit down, (Abul Barkat Atawul Ghani Khan Chowdhury )

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namelv, that in Sonargaon village in West Dinajpur District a mob of 2000 C.P.I. (M) supporters are reported to have snatched away rifles and 250 rounds of bullets and rescued the accused persons, the present Government being incapable of doing elementary duties to protect the life and property of its nationals.

**শ্রী এ. কে. এম. ইসাক :** স্যার, যে এ্যাডজোর্নমেণ্ট মোশান আজ আমরা দিয়েছি সে সম্বন্ধে আপনি আপনার কনসেণ্ট ইউথহেল্ড করেছেন সেটা আপনার অধিকার আছে। কিন্তু এই যে নীল বইটা এতে একটা প্রভিসান আছে যদি এমন কিছু আরজেণ্ট ম্যাটার থেকে থাকে তাহলে তার উপর স্পীকারের ক্ষমতা আছে আলোচনা করতে দেওয়ার। আপনার হিসাবমত মানুষ যদি মারা যায় ঝগড়াঝাটিতে কারোর আক্রমনে তাহলে সেটা গুরুত্বপূর্ণ ঘটনা হচ্ছে না, সেটা কি আলোচনা করার মত হচ্ছে না? যদি সমাজ বিরোধীরা অসম্ভব প্রবল হয়ে ওঠে এবং সমাজে ভদ্রলোকের পক্ষে বাস করা অসম্ভব হয়ে ওঠে তাহলে কি আপনার মতে সেটা ইমপর্টেণ্ট ম্যাটার হচ্ছে না?

**মিঃ স্পীকার :** দ্যাট ইজ নট এ পয়েণ্ট অফ অর্ডার।

**শ্রী এ. কে. এম. ইসাক ঃ** এই যদি অবস্থা হয় তাহলে কেন অধিকারটুকু রাখা হচ্ছে, তুলে দিন এই অধিকার। মানুষ মরে যাচ্ছে। বিশৃঙ্খলার চরম সৃষ্টি হয়েছে। এই নিয়মগুলো তুলে দিন। আমরা জানি বিরোধীপক্ষের পুরো অধিকার রয়েছে এইসব কথা বলবার। আজকে এইসব বিষয়ে আলোচনা না করে আমরা পারি না।

**Mr. Speaker :** Please don't obstruct the business of the House. I have given the reasons for disallowing the motions but I have allowed those honourable members to read the text of their motions.

**শ্রীআবদুস সাত্তার :** স্যার, আজকে ল এ্যাণ্ড অর্ডারের অবস্থা কি? বর্তমানে যে অবস্থা চলেছে তাতে সি, পি, এমের লোকেরা পুলিশের বন্দুক ছিনিয়ে নিতে আরম্ভ করেছে। সশস্ত্র সংগ্রামের জন্য তারা প্রস্তুত হচ্ছে। আপনার উচিত ছিল হাউস এ্যাডজোরণ্ড করে এই প্রস্তাব নিয়ে আলোচনা করার সুযোগ দেওয়া। কিন্তু আপনি ডিফাইং অল দি রুলস অফ দি এ্যাসেম্বলী আমাদের প্রস্তাব আলোচনা করতে দিচ্ছেন না।

**মিঃ স্পীকার :** আপনি বসুন।

**শ্রীআবদুস সাত্তার :** আজকে বাংলাদেশে অরাজক অবস্থা চলেছে। রায়গঞ্জে যে ঘটনা ঘটে গিয়েছে তা খুবই গুরুতর। সেখানে পুলিশ মারা গিয়েছে। সেখানে পুলিশের বন্দুক ছিনিয়ে নেওয়া হয়েছে। নারকেলডাঙ্গায় গুরুতর ঘটনা ঘটে গিয়েছে। আমাদের আলোচনা করতে দিতে হবে।

**Mr. Speaker :** Please take your seat, Mr. Sattar. Otherwise I will have to take action.

(গোলমাল)

**শ্রীআবদুস সাত্তার :** আমরা আলোচনা চাই। আমাদের আলোচনা করতে দিতে হবে।

**Mr. Speaker :** You are first to carryout my order.

**শ্রীআবদুস সাত্তার :** এই অবস্থায় আলোচনা আমরা চাই।

**শ্রীবিজয় সিং নাহার :** ওঁদের (সরকার পক্ষের আসন দেখাইয়া) অপদার্থতা আপ বাংলাদেশের মাটিতে প্রোটেকশান দেবেন, এটা ভুলে যাবেন না।

(গোলমাল)

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker :** I have received 7 notices of calling attention on th following subjects ;—

(Noise)

**শ্রীআবদুস সাত্তার :** আপনি যদি আলোচনা করতে না দেন আমরা আজকে হাউস ছেে চলে যাচ্ছি।

(At this stage members on the Congress Benches walked out of th Chamber.)

[ 2-30—2-40 p.m. ]

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker :** I have received seven notices of calling attention o the following subjects, namely.

**Shri Muhammed Khuda Buksh :** Mr. Speaker, Sir, I tried repeatedly to catch your eyes but it is only now that I have succeeded in catching your eyes. The subject matter before the Honourable House, which ha resulted in so much acrimony and, perhaps, rancour, needs to be discusse in the dispassionate manner. It is no doubt the Hon'ble Speaker is in possession of the powers by which he can disallow motions that have been sought to be raised this afternoon. But, Sir, on the ground that an honourable member will have an opportunity to speak on the subject in the days to come robs the matter under discussion of its importance.

**Mr. Speaker :** There is no substance in it.

**Shri Muhammed Khuda Buksh :** With folded hands. I will request you to let me finish. Sir, Governor's Address and the Budget that will follow shortly contain matters and the honourable member will have no time to go into the picture that he would like to paint unless he is given an opportunity of exercising his right to move an adjournment motion

**Mr. Speaker :** Am I to hear your speech on the ruling ? The ruling that I have given is the Speaker's ruling. Please take your seat.

Now, I have received seven notices of calling attention on the following subjects, namely :

1. Ransacking in Majherhat Railway station from Shri Kripasindhu Saha.

2. Clash at Raiganj from Shri Kripasindhu Saha ;

3. Cease work by the teachers of a certain school of Bhatar Police tation of Burdwan District form Shri Aswini Roy ;

4. Reported attack on the car of the West German Consulate on 6-1-70 and injuries to its occupants from Dr. Zainal Abedin ;

5. Firing by armed men in village Songaon in West Dinajpur from arbasree Suresh Chandra Sinha and Amarendra Nath Ray Prodhan ;

6. Clash at Raiganj from Shri Ajit Kumar Biswas ; and

7. Hamla on Kenaram High School from Shri Amalendra Lal Roy.

I have selected the notice on the subject of "Reported attack on the ar of the West German Consulate on 25-1-70 and injuries to its occupants om Dr. Zainal Abedin.

The minister-in-charge may please make a statement on the subject o-day, if possible, or give a date.

**Shri Jatin Chakravorty :** The statement will be made on the 5th ebruary.

## Mention Cases

**শ্রীশচীন্দ্র নাথ মণ্ডল :** স্যার, আমি আপনার মাধ্যমে কয়েকটি ঘটনার প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী এবং খ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকায় একটি দুঃখজনক ঘটনা ঘটে, গত ২৭-১-৭০ তারিখে অর্থাৎ মঙ্গলবার প্রায় বেলা ১২টা নাগাদ শচীনদা স্কুলের প্রধান শিক্ষক মহাশয়কে সি, পি, এম. এর কয়েকজন লোক জোর করে তাঁকে বের করে নিয়ে যায় তাঁর বাড়ী থেকে এবং মারধর করতে থাকে। সেখান থেকে প্রায় ৭০ গজ দূরে তাঁকে নিয়ে গিয়ে ছুরি মারা হয়। আজ পর্যন্ত পুলিশ কোন ব্যবস্থা গ্রহণ করেনি, এখন পর্যন্ত কোন আসামী এ্যারেষ্ট হয়নি। আমি কিছুক্ষণ আগে টেলিফোন পেলাম যে শ্রীপুরে অনুরূপভাবে বসির মিঞা বলে একজনকে তার দোকান থেকে বের করে নিয়ে মারধর করা হয়। এই সব ব্যাপারের জন্য যদি ইমিডিয়েট ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে সেখানে বিরাট অশান্তি দেখা দেবে। এইদিকে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসরল দেব :** মাননীয় স্পীকার মহাশয়, আমরা যেসব মেনশন কেসেসগুলি করি সেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। অথচ আমরা দেখি যে সে সময়ে অধিকাংশ মন্ত্রীরা চেয়ারে থাকেন না। আমি একটি ঘটনার কথা বলছি। আমাদের ওখানে বারাসতে প্রিয়নাথ বেসিক প্রাইমারি বেসিক স্কুলের ব্যাপারে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। এডুকেশন ডাইরেক্টরেট সেখানকার প্রধান শিক্ষক-এর চাকরী থায়নি অথচ সেখানের কিছু সমাজবিরোধী লোক তাঁকে স্কুলে থেকে ঘাড় ধরে বের করে দেয়। পুলিশ তাকে কোন সাহায্য করেনি, এস, ডি, ও-র নাকের ডগার উপর দিয়ে তাকে এইভাবে হ্যারাস করে। এই সব সমাজবিরোধী লোকের উপর, যদি তাদের দয়ার উপর নির্ভর করে থাকতে হয় তাহলে সমাজ চলতে পারে না। আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং তিনি বলেছিলেন যে দু'দিনের মধ্যে ব্যবস্থা করে দেবেন কিন্তু ১৫ দিন অতিক্রান্ত হয়ে গেল তার কোন প্রতিকার করা হয়নি। এই শিক্ষকরাই পশ্চিম বাংলার যুক্তফ্রন্ট সরকার

কায়েম করেছে আজকে তাঁরাই গুণ্ডা ও সমাজবিরোধীদের হাতে লাঞ্ছিত হচ্ছে। স্কুল থেকে বিতাড়িত হয়ে তাঁরা আজকে অনাহারে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। এই অবস্থা আমাদের বাংলা দেশের মানুষ বেশী দিন বরদাস্ত করবে না।

**শ্রীকালীপদ মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এই সভার সামনে এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করছি। আমাদের সরকার নিডি ফিশারমেন্স স্কীমের মধ্যে দিয়ে বাংলা দেশের দুস্থ মৎস্যজীবীদের সাহায্য করবার জন্য কিছু টাকা দেবার পরিকল্পনা করেছিলেন। এই পরিকল্পনায় ঋণ পাবার আশায় বাংলা দেশের বহু মৎস্যজীবীরা দরখাস্ত করেছিল এবং এই দরখাস্তের তারিখ ছিল অক্টোবর মাস পর্যন্ত। আমাদের সরকারের তরফ থেকে ঘোষণা করা হয়েছিল যে এই সমস্ত দরখাস্তগুলির তদারকি করবেন একস্টেনশন অফিসারের পদের নীচের কোন লোক নয়। এখন দেখা যাচ্ছে যে কর্মচারীদের অভাবে হাজার হাজার দুঃস্থ মৎস্যজীবী সরকারের এই দয়া থেকে বঞ্চিত হচ্ছে। আমি এখানে দেখছি যে মৎস্যমন্ত্রী উপস্থিত আছেন, তাঁর কাছে অনুরোধ করবো যে এখন জানুয়ারী মাস চলছে, ৩১শে মার্চ ফিনান্সিয়াল ইয়ার শেষ হয়ে যাবে, সেখানে যাতে এই সবগুলি গ্রামসেবককে দিয়ে করান যদি হয় তাহলে এই সব দুঃস্থ মৎস্যজীবীরা এই সুযোগ পেতে পারবে। সেইজন্য আমি এই বিষয়ে আবার তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

[ 2-40—2-50 p.m. ]

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করতে চাই একটা বিশেষ ব্যাপারের প্রতি। বাঁকুড়া জেলায় বিগত কয়েক বছর ধরে স্পেশাল রিলিফের নামে কয়েক সহস্র বিধবা অসহায় মেয়েদের জাঁতাকলের জন্য সাহায্য করে আসছিলেন। কিন্তু কিছু দিন আগে বিশেষ কয়েকজন স্বার্থপর ব্যক্তি এদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আনেন অথচ ওখানে কোনরকম দুর্নীতি ছিল না বা দুর্নীতির তদন্তও হয়নি, সেই কারণে স্পেশাল রিলিফের টাকা বন্ধ করে দেয়া হয়েছে। বাঁকুড়া জেলার ওন্ডা, বিষ্ণুপুর থানায় কয়েক সহস্র বিধবা অসহায় মেয়েরা উপোস করে আছেন। অবিলম্বে যাতে জাঁতা খোলা হয় এবং তাদের সাহায্য করা হয় সেইজন্য যেন মন্ত্রিমহাশয় সচেষ্ট হন।

**Mr. Speaker:** Now I take up the next item i.e. West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1970. The Hon'ble Minister may introduce the Bill.

## Government Bill

## The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1970.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1970, be taken into consideration.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** মাননীয় স্পীকার মহাশয়, এই বিলে আমার কিছু বলার নেই তবে ছোট্ট একটা কথা বলতে চাই সেটা হচ্ছে গভর্ণমেণ্ট রিকুইজিসন করে এ্যাকুইজিসন করতে পারে তাড়াতাড়ি কাজের জন্য, বাড়ী তৈরীর জন্য করতে পারে, বাড়ী পুনর্গঠনের জন্য করতে পারে সেখানকার অধিবাসীদের জন্য। এখানে সল্ট লেক নিয়ে একটু অসুবিধা হচ্ছিল - সেই এলাকায় কোন অসুবিধা ছিল না, সেইজন্য for people residing এটা বাদ দেয়া হয়েছে। এটা অর্ডিনান্স আকারে করতে হয়েছিল, সেটা এখন বিল আকারে করতে হচ্ছে। এই হচ্ছে কারণ।

The motion of Shri Hare Krishna Konar that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

*Clauses 1, 2, 3, 4 and Preamble*

The question that clauses 1, 2, 3, 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Hare Krishna Konar:** Sir, I beg to move that West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** Shri Abdulla Rasul will now make a statement.

**শ্রীমুহম্মদ আবদুল্লা রসুল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় এগার মাস পূর্বে, ১৯৬৯ সালের ২৫এ ফেব্রুয়ারি পশ্চিমবংগ সরকারের মন্ত্রিসভায় যোগদানের এবং স্বরাষ্ট্র ( পরিবহণ ) দপ্তরের ভার গ্রহণের পর এই রাজ্যের পরিবহণ ব্যবস্থা সম্বন্ধে খোঁজ খবর নিতে গিয়ে আমি দেখেছিলাম এ বিষয়ে অবস্থা অত্যন্ত শোচনীয় এবং তার আশু উন্নতি একান্ত প্রয়োজন। এই শোচনীয় অবস্থা বিশেষভাবে লক্ষ্য করেছিলাম কলিকাতার ক্ষেত্রে।

কলকাতায় এবং কলকাতার বাইরে মফস্বলে ট্রাম, বাস, ট্যাক্সি প্রভৃতি যানবাহনে যাতায়াতের ব্যবস্থা এবং যাতায়াতের সময় যাত্রীদের অবস্থা পূর্বেও আমার অজানা ছিল না। যাত্রীদের দুর্ভোগের দৃশ্য অত্যন্ত পীড়াদায়ক বোধ হত এবং ব্যক্তিগতভাবে অনেক সময় আমি নিজেও তার শিকার ছিলাম। কিন্তু দুর্ভোগের কারণ ও তার উন্নতির উপায় সম্বন্ধে প্রশাসনিক দিক থেকে অবস্থাটা যাচাই করে দেখবার সুযোগ আমার পূর্বে ছিল না। মন্ত্রিসভায় যোগদানের পর সে সুযোগ এসেছিল। সে সুযোগ সবচেয়ে বেশি পেয়েছিলাম রাষ্ট্রীয় পরিবহণ ব্যবস্থা বা স্টেট বাস সার্ভিস এবং রাষ্ট্রীয় পরিচালনাধীন কলকাতা ও হাওড়ার ট্রাম সার্ভিস সম্বন্ধে।

তখন থেকেই সাধারণভাবে পরিবহণ ব্যবস্থার এবং বিশেষভাবে রাষ্ট্রীয় পরিবহণ ও ট্রাম সার্ভিসের উন্নতির দিকে লক্ষ্য রেখে পরিবহণ বিভাগের অফিসার ও কর্মচারীদের এবং বিশেষভাবে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার কর্মচারী ও শ্রমিকদের সংগঠনের সাহায্যে ও সহযোগিতায় কাজ আরম্ভ করি। সে সময়ে কলকাতায় চালু ট্রাম ও সরকারী বাসের সংখ্যা ছিল খুব কম। কলকাতা ট্রামওয়েজ কোম্পানি তার চুক্তির মেয়াদ শেষ হয়ে আসছে দেখে দীর্ঘকাল ধরে নতুন গাড়ি তৈরি করেনি, গাড়ি মেরামতি সম্বন্ধেও অর্থব্যয় করেছিল খুব কম, ট্রাম লাইন ও উপরের তারকে ভালোভাবে চালু রাখার পক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা সম্বন্ধেও অত্যধিক গাফিলতি করেছিল। তাছাড়া অন্যায় ও বেআইনীভাবে

চুক্তি ভঙ্গ করে বহু অর্থ কোম্পানির হেড অফিস লণ্ডনে পাচার করেছিল। অথচ এ সকল বিষয়ে যুক্তফ্রন্টের পূর্ববর্তী সরকার বিশেষ হস্তক্ষেপ করেন নি। বর্তমানে সে সব টাকা ফিরিয়ে আনারও কোন উপায় নেই।

এইভাবে বছরের পর বছর ধরে মেরামতি কাজ ফেলে রাখার কারণে সার্ভিস চালু রাখা কঠিন হয়ে পড়ে এবং একসঙ্গে মেরামতি কাজে বহু অর্থের প্রয়োজন দেখা দেয়। টাকা অবশ্য সরকারের কাছ থেকে ঋণ হিসাবেই নিতে হয়। কিন্তু সরকারী তহবিলে অর্থসঙ্কট থাকায় যথেষ্ট অর্থ সময়মতো পাওয়া সম্ভব হয় না, মাঝে মাঝে কিছু কিছু পাওয়া যায়। তা সত্ত্বেও সেইভাবেই বর্তমানে অবস্থার অনেক উন্নতি সাধন করা হয়েছে।

এক সময়ে যেখানে দৈনিক চালু গাড়ির সংখ্যা নেমে গিয়েছিল ২২০এ, কারখানায় ওভারটাইম দিয়ে দ্রুত মেরামতি কাজ করানোর ফলে বর্তমানে সেখানে দৈনিক গড়ে ৩৬০ খানা গাড়ি চালানো হচ্ছে এবং প্রয়োজন হলে ৩৮৫ পর্যন্ত দেবার ব্যবস্থা করা গেছে। লাইন ও ওভারহেড তারের অবস্থারও উন্নতি করা হয়েছে ও হচ্ছে। কিন্তু অর্থাভাবে এই কাজ যথেষ্ট দ্রুতগতিতে অগ্রসর হতে পারছে না।

গত পূজার মরশুমে যত সংখ্যায় ট্রাম চালু করা হয়েছিল তাতে গাড়ির অভাবের অভিযোগ অন্যান্য বছরের মতো এবার যাত্রীদের নিকট থেকে শুনতে হয়নি।

বেহালা এলাকায় ট্রামের লাইন সম্বন্ধে যে বিশেষ সংকট চলছিল তা দূর করবার জন্য লাইনের উন্নতির কাজ অগ্রসর হচ্ছে কিন্তু কাজের গতি যথেষ্ট দ্রুত করা সম্ভব হচ্ছে না। লাইনের শেষে গাড়ি রাখবার ও ঘুরিয়ে আনবার জন্য একখণ্ড জমিও কেনা হয়েছে। তাকে কাজে লাগাবার ব্যবস্থা যাতে অবিলম্বে করা যায় সেজন্যও চেষ্টা চলছে। তবে কোর্টের ইনজাংশন সম্প্রতি বাধা সৃষ্টি করেছে।

ট্রাম সার্ভিসের আয় দৈনিক গড়ে ৭৫ হাজার টাকার মতো ছিল, এখন উঠেছে প্রায় ৯০ হাজারে। আরো বাড়াবার চেষ্টা হচ্ছে। এ বিষয়ে পরিচালন ব্যবস্থার কিছু উন্নতি এবং শ্রমিক ও কর্মচারীদের সহযোগিতা অনেক সাহায্য করেছে।

ট্রামের শ্রমিকদের ও কর্মচারীদের ন্যায্য দাবীগুলির দিকেও এই সময়ে লক্ষ্য রাখা হয়েছিল। দু দফায় প্রত্যেকের জন্য মাসিক দশ টাকা করে কুড়ি টাকা মহার্ঘ ভাতা বৃদ্ধি করা হয়েছে। অর্থাভাবে আরো কিছু দাবি পূরণ করা যাচ্ছে না।

ট্রামওয়েজ কোম্পানীর সরকারী পরিচালনার মেয়াদ আগামী জুলাই মাসে শেষ হবার কথা। সেজন্য এই মেয়াদ আরো দু' বছর বাড়িয়ে নেবার প্রয়োজন দেখা দিয়েছে এবং সেজন্য সংশ্লিষ্ট আইনের সংশোধন দরকার। এই কোম্পানীর সমস্ত সম্পত্তি কিনে নেবার প্রশ্নও এখন সামনে এসে গেছে এবং সেজন্য এই বছরের অর্থাৎ ১৯৭০ সনের মধ্যেই কোম্পানীর মালিকদের নোটিশ দেওয়া প্রয়োজন হবে। তবে এ বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত গভরমেণ্ট গ্রহণ করেননি।

চলতি বছরে ট্রামের আয় ও ব্যয়ের হিসাবে প্রায় দেড় কোটি টাকা ঘাটতি পড়বে। ঘাটতি কমাবার জন্য কোন কোন বিষয়ে ব্যয় সংকোচ করার সাথে সাথে আয় বৃদ্ধির যে চেষ্টা হচ্ছে, তা ইতিমধ্যেই কিছু পরিমানে ফলপ্রসূ হয়েছে। বিভিন্ন বিষয়ে আরো কিছু অর্থ লগ্নী করতে পারলে ঘাটতি আরো কমানো যাবে। যাত্রীসংখ্যা আরো কিছু বাড়াতে পারলে আরো বেশি গাড়ী চালু করে যে আয় বৃদ্ধি করা যাবে, তাতে ঘাটতি সম্পূর্ন দূর করা করাও সম্ভব হবে বলে আমি মনে করি।

[ 2·50—3 p. m. ]

কলকাতায় রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার বাস সার্ভিসের অবস্থা অত্যন্ত শোচনীয়, এ কথা পূর্বে বলেছি। গত দশ বছরের মধ্যে পুরনো, অকেজো বাসের বদলে নতুন বাস চালু করার যেটুকু ব্যবস্থা হয়েছে তা নিতান্তই নগণ্য। দশ বছরের বেশি এই সব বাসকে চালু রাখা অসম্ভব না হলেও অত্যন্ত কঠিন ও ব্যয় সাপেক্ষ। অথচ এখন এমন কিছু বাস চালানো হচ্ছে যার বয়স তের বছরেরও উপর। ফলে রাস্তায় চলতে চলতে অনেক গাড়ি অচল হয়ে পড়ে এবং যাত্রীদের দুর্ভোগ বাড়ে। নতুন বাস দিতে না পারায় গত কয়েক বছরে সরকারী বাসের অভাব দূর করবার জন্য শত শত প্রাইভেট মালিকানার বাস কলকাতায় চালাবার জন্য পারমিট দেওয়া হয়েছে। আরো নতুন পারমিট দেবার ব্যবস্থা হচ্ছে।

কলকাতায় বাস সার্ভিসকে রাষ্ট্রীয়করণ করা হয়েছিল। এই রাষ্ট্রীয় পরিবহণ ব্যবস্থাকে এখন আবার পূর্ণাঙ্গ অবস্থায় ফিরিয়ে আনা দরকার। কিন্তু সেজন্য কয়েক শ নতুন বাস এবং তা কিনতে হলে কোটি কোটি টাকার লগ্নী প্রয়োজন। তার ব্যবস্থা করা বর্তমান সরকারের আর্থিক সামর্থ্যের বাইরে। অথচ এই সার্ভিস বজায় রাখবার ও তাকে উন্নত করবার জন্য কিছু পদক্ষেপ না করলে চলে না।

কলকাতার মতো বৃহৎ শহরে রাষ্ট্রীয় পরিবহণ ব্যবস্থা কোথাও স্বয়ংভর নয়, এখানেও হবে না। কিন্তু সার্ভিস চালু রাখার জন্য উপযুক্ত পরিচালন ব্যবস্থা থাকলে এবং ক্ষয়ক্ষতি পূরণের জন্য বার্ষিক সঞ্চয় দিয়ে তহবিল গঠন করা হলে ঘাটতির পরিমাণ চলতি বছরের আড়াই কোটি টাকা থেকে অনেক কমানো যেত। সেজন্য যে পরিমাণ লগ্নীর প্রয়োজন তা এখনি পাওয়া যাবে না। তাতে ঘাটতি আরো বাড়বে।

তবু সরকারী আর্থিক সংকট সত্ত্বেও যেটুকু উন্নতির ব্যবস্থা করা সম্ভব তার চেষ্টা করা হয়েছে ও হচ্ছে। মাত্র দশ লক্ষ টাকা পেয়ে নতুন ইঞ্জিন ইত্যাদি কিনে গত সেপ্টেম্বর ও অক্টোবর মাসে ২৫ খানা একতালা বাস চালু করা হয়েছিল। তারপর ব্যাংক থেকে ৫০ লক্ষ টাকা ঋণ নিয়ে আরো ৪০ খানা একতলা ও ২০ খানা দোতলা নতুন বাস তৈরি করে রাস্তায় ছাড়ার ব্যবস্থা হচ্ছে। ইতিমধ্যে অধিকাংশই বেরিয়ে গেছে, বাকিগুলি ফেব্রুয়ারির শেষ নাগাদ বা মার্চের প্রথম দিক পর্যন্ত বেরিয়ে যাবে। এ বিষয়ে শ্রমিক ইউনিয়নের সহযোগিতা প্রশংসনীয়। কারখানার শ্রমিকরা এজন্য অতিরিক্ত সময় কাজ করতে হলেও ওভারটাইম দাবি করবেন না জানিয়েছেন।

তাছাড়া লাখ দশেক টাকার বিদেশী মুদ্রার অভাবে প্রায় ৭০ খানা বাস বেকার পড়েছিল। বছরের পর বছর লেখালেখি করেও ভারত সরকারের কাছ থেকে এই সামান্য বিদেশী মুদ্রা আদায় করা যায়নি। কয়েকমাস পূর্বে দিল্লী গিয়ে মন্ত্রী পর্যায়ে আলোচনা করার পর এই মুদ্রা আমরা আদায় করতে পেরেছি এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ পাবার জন্য অর্ডার দিয়েছি। সেগুলি মার্চ নাগাদ আসবে বলে আশা করি। তখন এই ৭০ খানা বেকার বাসকে কাজে লাগানোর ব্যবস্থা হবে।

পূর্ব ইউরোপের কোন কোন দেশ থেকে যাতে অন্তত দু শ নতুন বাস আমদানি করা যায়, সেজন্য আমি চেষ্টা করেছিলাম। কিন্তু প্রথমত আমাদের প্রয়োজন মতো দোতলা বাস পাওয়া কঠিন, দ্বিতীয়ত যান্ত্রিক দিক থেকেও কতকগুলি অসুবিধা থাকতে পারে বলে আমরা এখনো এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তে আসতে পারিনি। তবে এখনো শেষ কথাও বলা হয় নি।

বাইরে থেকে নতুন বাস আমদানী করবার পক্ষে আমাদের সুবিধা ছিল এই যে, তাতে নগদ অর্থ বিশেষ লাগত না। দশ বছরের মেয়াদে দাম দিতে হত। সুদের হার অনেক কম হত এবং বিদেশী মুদ্রা সম্পর্কেও কিছু সুবিধা পাওয়া যেত। এ বিষয়ে আরো চেষ্টা করা হতে পারে।

শ্রমিকদের ন্যায্য দাবি পূরণের দিকে এই সময়ে আমাদের সরকার কিছু কিছু ব্যবস্থা করতে পেরেছেন। বিশেষ করে মহার্ঘভাতা সম্বন্ধে তবে অবশ্য সমস্ত ন্যায্য দাবি পূরণ করা এখনো সম্ভব হয়নি আর্থিক অসুবিধার কারণে।

বিশেষভাবে একটা দাবি এখন সামনে রয়েছে কলকাতার স্টেট বাস শ্রমিকদের চাকরির স্থায়িত্ব সরকারীভাবে স্বীকার করা সম্বন্ধে। আমার মতে কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার শ্রমিক ও কর্মচারীদের চাকরির তিন বছর পূর্ণ হবার সঙ্গে সঙ্গেই তাঁদের স্থায়ী কর্মচারী বলে গণ্য করা উচিত।

এখানকার এবং উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার শ্রমিকদের আর একটা দাবি এই যে তাঁদের ইউনিয়ন থেকে একজন করে প্রতিনিধিকে এই দুই সংস্থার বোর্ডের মেম্বার করে নেওয়া হোক। এটাও সঙ্গত দাবি এবং তা পূরণ করতে হবে।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার আর্থিক ও প্রশাসনিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি গত এক বছরের মধ্যে করা হয়েছে। যাত্রী বাস এখানে বেকার পড়ে থাকে না এবং পথে চলাকালে অচল হয়ে পড়ার ঘটনা খুব কম। তবে বাসের সংখ্যা অনেক বাড়ানো প্রয়োজন। সেজন্য বেশ কিছু টাকা লগ্নী করা দরকার। এই সংস্থাও কয়েক বছর ধরে ঘাটতিতে চলছে, তবে এখন ঘাটতির পরিমাণ কমে যাচ্ছে। আরো কিছু বাসের ব্যবস্থা করতে পারলে ঘাটতি পূরণ করা যাবে। সেজন্য বিভিন্ন উপায়ে চেষ্টা চলছে।

এই সংস্থার মালবহনের জন্যও কতকগুলি ট্রাক আছে। সেগুলি যাতে কম সময়ে যাতায়াত করে আয় বাড়াতে পারে তার ব্যবস্থা করা হয়েছে তাদের সুপার এক্সপ্রেস বলে গণ্য করিবে। ট্রাক সার্ভিসের আয় গত কয়েক মাসের মধ্যেই দেড়গুণের উপর উঠেছে, আরো কিছুদিন পরে ডবলে পৌঁছবে বলে আশা করি। সেই সঙ্গে ট্রাকের সংখ্যা বৃদ্ধিরও প্রয়োজন দেখা দিয়েছে।

উত্তরবঙ্গ সংস্থার চাকরি সম্বন্ধে নিয়ম কানুন চালু করা ও উন্নত করা দরকার। বিভিন্ন কারণে এই বিষয়টি বিলম্বিত হয়েছে। আশা করি এর মীমাংসায় আর বেশি বিলম্ব হবে না। আমি নিজে থাকতে কাজটি করে যেতে পারলে খুসি হতাম।

কলকাতা ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার প্রশাসনিক ব্যবস্থা ও শ্রমিক ইউনিয়নের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও সহযোগিতার সম্পর্ক গড়ে উঠতে আমি সাধ্যমতো চেষ্টা করেছি এবং বর্তমানে এই সম্পর্ক মোটামুটি প্রতিষ্ঠিত হয়েছে বলা যেতে পারে।

দুর্গাপুরে রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থার মধ্যে এখনো কিছু দুর্বলতা আছে। সে দুর্বলতা দূর করবার জন্য কিছু চেষ্টা হয়েছে। কিন্তু এখানেও বড় সমস্যা যথেষ্ট বাসের অভাব। সেজন্য আরো অর্থের প্রয়োজন। তার অভাবে এই সংস্থা বিশেষভাবে ঘা খাচ্ছে।

প্রশাসনিক সুব্যবস্থা, অপচয় রোধ ও ব্যয় সংকোচনের ব্যবস্থা ইত্যাদি বিষয়ে এই তিনটি সরকারী সংস্থার মধ্যেই অল্প বিস্তর করণীয় আছে। লগ্নীর পরিমাণ যদি যথেষ্ট বাড়ানো যেত তাহলে হিসাবমতো কাজ করে কোন কোন বিষয়ে উন্নতি ঘটানো সম্ভব হত। ব্যয়ের তুলনায় আয়ের অনুপাতও বৃদ্ধি পেত। তাছাড়া অপচয় ও ব্যয় সংকোচন সম্বন্ধে কোন কোন বিষয়ে তদন্তের প্রয়োজন আছে। কলকাতার সংস্থার স্টোর্সের এবং বেলঘরিয়া ডিপোর প্রেসের অবস্থা ও কাজকর্ম সম্পর্কে ইতিমধ্যেই একটা তদন্তের ব্যবস্থা করা হয়েছে। আশা করি এপ্রিলের মধ্যে এই তদন্তের রিপোর্ট পাওয়া যাবে।

বেসরকারী যাত্রী পরিবহণ সম্বন্ধে সকল বেলাতেই জনগণের দাবি হচ্ছে বাসের ও ট্যাক্সির সংখ্যা বাড়াতে হবে। আমি নিজে মফস্বলের প্রায় সমস্ত জেলার আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষের মেম্বারদের নিয়ে আলোচনা করে দেখেছি জনগণের এ দাবী অত্যন্ত সংগত। বাসে প্রায়ই দেখা অত্যধিক ভিড়, অনেকে ভিড়ের কারণে বাসে উঠতেই পারেন না। আবার অনেকে বাসের ছাদে বসেও যেতে বাধ্য হন। তাতে বিপদের ঝুঁকি থাকে।

সেজন্য বাসের সংখ্যা বৃদ্ধি অবিলম্বে প্রয়োজন। কিছু কিছু বৃদ্ধি করাও হচ্ছে। কিন্তু আমার তা যথেষ্ট মনে হয় না। আরো অনেক বেশি পারমিট দেওয়া প্রয়োজন। সর্বনিম্ন শর্তসাপেক্ষে যে কোন দরখাস্তকারীকে পারমিট দেওয়া হলে হয়তো যাত্রীদের সুবিধা হত। তাতে যতগুলি বাস প্রতিযোগিতায় টিকে থাকতে পারত সেগুলি চালু থাকত এবং লোকের দুর্ভোগ সেই অনুপাতে কমে যেত। কিন্তু আইন বা নিয়ম ছাড়াও যেন কোথাও এ বিষয়ে একটা বাধা রয়ে গেছে, তাকে দূর করা যায় নি।

আবার বাসের রুট ও পারমিট সম্বন্ধে আদালতের ইনজাংশনও কম বিঘ্ন সৃষ্টি করে না। কতকগুলি মালিক প্রতিযোগিতার ও মুনাফার পরিমাণ কমে যাবার ভয়ে ইনজাংশনের জন্য আদালতের দ্বারস্থ হয়ে এই বিঘ্ন সৃষ্টি করেছে। অনেক ক্ষেত্রে ইনজাংশন তুলিয়ে নেবার জন্য চেষ্টাও যথেষ্ট হয় না; সে বিষয়ে প্রশাসনিক গলদ থাকাও সম্ভব। এই অসুবিধা দূর করতে হলে কিছু আইনগত পরিবর্তনও দরকার মনে হয়। এ সকল বিষয়েও কিছু প্রচেষ্টা করা গেছে কিন্তু তা যথেষ্ট মনে করি না। পরিবহণ সম্বন্ধে মালিক-শ্রমিক বিরোধ এবং মালিকদের বা শ্রমিকদের সঙ্গে অথবা উভয়েরই সংগে যাত্রীদের বিরোধ হামেসাই ঘটে থাকে। শ্রমিকদের ও যাত্রীদের কতকগুলি সংগত দাবি থাকে, তা পূরণ করা না হলে বিরোধ ঘটে। কোন কোন সময় মালিকদের নিকট অসংগত দাবিও তোলা হয়।

এই সকল বিরোধের মীমাংসার পক্ষে সমগ্র রাজ্যের জন্য একটা শ্রমিক-মালিক চুক্তির প্রয়োজন। স্থানীয়ভাবে এ ধরনের চুক্তি করে স্থানীয় বিরোধের ফয়সলা অনেক ক্ষেত্রে করা গেছে। সমগ্র রাজ্যের ক্ষেত্রেও সেভাবে চুক্তির চেষ্টা করা হচ্ছে। কিন্তু বারবার আহ্বান করা সত্ত্বেও সরকারী প্রতিনিধিসহ ত্রিপাক্ষিক বৈঠক এ পর্যন্ত বসতেই পারেনি। এই অসুবিধা যত শীঘ্র সম্ভব দূর করা একান্ত প্রয়োজন। শ্রমিকদের দাবি সংক্রান্ত কোন কোন নিয়ম ইতিমধ্যে পরিবর্তন করা হয়েছে।

[3-00—3-04 p.m. ]

কলকাতা এবং হাওড়ায় ট্যাক্সির সংখ্যা দেড় হাজার বাড়াবার কথা আছে। ট্যাক্সির অভাবে বহু লোক নানাভাবে অসুবিধা ভোগ করে। সে অসুবিধা আশা করি ট্যাক্সির সংখ্যা বৃদ্ধির ফলে অনেকটা লাঘব করা যাবে।

আমাদের এই পরিবহণ দপ্তরের অধীনে জলপথ পরিবহনও একটা অংশ। এই বিষয়েও কিছু উন্নতির চেষ্টা করা হচ্ছে। তবে সরকারী মালিকানায় যেসব স্টিমলঞ্চ আছে তা অত্যন্ত প্রাচীন ও ধীরগতি। এ যুগের গতির প্রয়োজনের সঙ্গে তা তাল রাখতে পারে না। সময়মতো অল্প মেরামতি কাজ উপেক্ষা করে আসার ফলে লঞ্চগুলি ক্রমেই ধ্বংসমুখী হয়ে পড়ছে। কিন্তু একবার একটা নষ্ট হলে তার পরিবর্তে আর একটি কেনবার পক্ষে আর্থিক বাধা হবে গুরুতর। অথচ এ বিষয়ে প্রশাসন ব্যবস্থাকে সচেতন ও সক্রিয় করে তোলা সহজ নয়।

এই বিভাগের কর্মচারী ও ক্রুদের চাকরির স্থায়ীত্ব সম্বন্ধে দীর্ঘকাল কোন নির্দিষ্ট সিদ্ধান্ত ঘোষণা করা হয়নি, সম্প্রতি তা করা হয়েছে।

সামগ্রিকভাবে দপ্তরের কর্মচারীদের কাজের মধ্যে কিছু অনিয়ম ও বিশৃংখলা চলছিল এ বিষয়ে কর্মচারী ও অফিসারদের নিয়ে একত্র আলোচনা করে বিশৃংখলা কাটিয়ে তোলার একটা ব্যবস্থা হয়েছে। কাজের ধারার মধ্যে পারস্পরিক সহযোগিতা এবং কিছু উন্নতিও দেখা যাচ্ছে। এ বিষয়ে কর্মচারী অ্যাসোসিয়েশনের সহযোগিতা উল্লেখযোগ্য।

কর্মচারীদের মধ্যে থেকে দাবি তোলা হয়েছে সিনিয়রিটির ভিত্তিতে প্রমোশনের ব্যবস্থা চাই। নীতিগতভাবে বর্তমান পরিস্থিতিতে এ দাবি অগ্রাহ্য করার কারণ আমি দেখি না। তবে বিশেষ বিশেষ ক্ষেত্রে তার ব্যতিক্রমের প্রয়োজন হতে পারে সেটা হবে সাধারণ নিয়মের ব্যতিক্রম। আশা করি এ বিষয়ে প্রচলিত সরকারী সিদ্ধান্তের পরিবর্তন বিলম্বিত হবে না।

আর্থিক দিক থেকে পরিবহণ বিভাগের আয় বর্তমান আয়ের চেয়ে অনেক বেশি হওয়া উচিত বলে মনে করি। কিন্তু আয় বৃদ্ধির পথে বাধা অনেক। কোন কোন বিষয়ে নীতি পরিবর্তনের প্রয়োজন আছে যাতে প্রশাসন ব্যবস্থার ভিতরের এবং বাইরের দুর্নীতি অনেক পরিমাণে দূর করা যায়। ট্যাক্স, লাইসেন্স, রেজিস্ট্রেশন ইত্যাদি বিষয়ে অনেক ফাঁকি ও জাল জুয়াচুরি চলে। আইন আদালতের জটিলতাও কম বিঘ্ন সৃষ্টি করে না। এই অবস্থার উন্নতি ঘটানো সামগ্রিকভাবে প্রশাসনিক নীতি পরিবর্তন ছাড়া কঠিন।

মোটর ভেহিকল্‌স ট্যাক্স যেরূপ ব্যাপকভাবে ফাঁকি দেওয়া হয় তাতে তার গতিরোধ করার উপায় হোল বাঁধা হারে ট্যাক্স ধার্য না করে তার পরিবর্তে জ্বালানি তেলের উপর ট্যাক্স ধার্য করা। এ বিষয়ে আমার প্রস্তাব নিয়ে আলোচনা চলছে কিন্তু তার পরিণতি কী হবে জানি না। অবশ্য সর্বভারতীয় ক্ষেত্রে এই ট্যাক্স জারি করা না হলে, শুধু পশ্চিমবাঙলায় হলে তাতে অনেক অসুবিধা দেখা দেবে, নানা উপায়ে কিছু ফাঁকির চেষ্টাও চলবে। তবু এ প্রচেষ্টাকে পরীক্ষা করে দেখা হলে এ বিষয়ে একটা সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে।

আজ এই বিদায়ের দিনে আমার বক্তব্য আর না বাড়িয়ে আমি আমার মন্ত্রীত্বের কয়েক মাসে সংশ্লিষ্ট সকলের নিকট যে সাহায্য ও সহযোগিতা লাভ করেছি, পরিবহণ ও অন্যান্য বিভাগের শ্রমিক, কর্মচারী, অফিসার, বিধানসভার ও অধুনা-লুপ্ত বিধান পরিষদের সমস্ত মেম্বার ও কর্মচারী, এবং মন্ত্রিসভার সমস্ত সহকর্মী, সকলের নিকট থেকেই যে সহৃদয় ব্যবহার পেয়েছি, তার জন্য তাঁদের সকলকেই আমি আন্তরিক ধন্যবাদ জানাই।

**Mr. Speaker:** The House stands adjourned till 2 p.m. on Friday, the 30th January, 1970.

## Adjournment

The House was accordingly adjourned at 3-04 p.m. till 2 p.m. on Friday, the 30th January, 1970, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 30th January, 1970, at 2 p. m.

PRESENT

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 16 Ministers 2 Ministers of State and 188 Members.

**Mr. Speker:** Honourable Members, I have been informed that Hon'ble Health Minister and the Refugee Rehabilitation Minister are out of Calcutta. Questions concerning the Health Department and the Refugee Rehabilitation Dapartment are, therefore, held over.

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** মাননীয় স্পীকার মহাশয়, আমি তো এখানে আছি। আপনি কি বললেন যে আমি নাই, আমি উত্তর করবো বলেছি বলেই এসেছি।

**Mr. Spekear:** Here is a letter from Shri A. K. Banerjee, WBCS, Asstistant Secretary to the Secretary to the West Bengal Legislative Assembly. The subject is: Starred question No. 100 of Shri Monoranjan Bakshi due to reply on 30th January, 1970. It says "I am directed to refer to your Memo No. 863/QLA dated the 20th January, 1970 and to say that the Question concerns the refugees in this State in general, the required details are to be collected from other departments of this Government and the Government of India. As such, it is not possible to furnish the replies duly. I would, therefore, request you to place the matter before Hon'ble Speaker for granting at least a fortnight's time to enable us to furnish the replies."

**Shri Tarun Kumar Sen Gupta:** That is with regard to a particular question.

**Mr. Speaker:** The Health Minister says, "I am going out on tour and am leaving Calcutta to night. I am scheduled to return to Calcutta by 1st February, 1970. As I shall remain away on tour, I shall not be able to attend the Assembly on Friday, the 30th January, 1970, i.e., the Question day of my Department. I would therefore request you to approach the Hon'ble Speaker for kindly holding up the questions for answer on the next Friday.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় স্পীকার, মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আপনি যেটা বললেন—তাহলে কি বোঝা যাচ্ছে মিনিষ্টার না থাকলে আমাদের কোন কোয়েশ্চেনের জবাব পাবো না, এটা কি প্রথা হয়ে দাঁড়াচ্ছে?

**মিঃ স্পীকার:** এটা প্রাকটিস অব দি হাউস যে মিনিষ্টার না থাকলে উত্তর হয় না। কারণ উত্তরটা দেবে কে?

## Starred Questions
### ( to which oral answers were given )

### উদ্বাস্তু পুনর্বাসন

*65. (Admitted question No. *239.)

**শ্রীসনৎকুমার রাহা :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে পশ্চিমবাংলায় কত উদ্বাস্তু পরিবার এখনও কোন প্রকার পুনর্বাসন পায় নাই ; এবং

(খ) এই সকল উদ্বাস্তু পরিবারবর্গের পুনর্বাসনের জন্য কি কি ব্যবস্থা হইয়াছে ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** (ক) নবাগত উদ্বাস্তু সমেত প্রায় ৫ লক্ষ উদ্বাস্তু পরিবার।

(খ) পরিত্যক্ত শিবিরাঞ্চলে অবস্থানকারী ৭,৯২৭টি পরিবার এবং শিবির বহির্ভূত ১৫,২৮৮টি উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট ৪ কোটি ১৫ লক্ষ ৩৬ হাজার ২ শত টাকার একটি প্রকল্প মঞ্জুরীর জন্য প্রেরণ করা হইয়াছে।

অবশিষ্ট উদ্বাস্তুগণকে পুনর্বাসন সাহায্য দিবার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সহিত আলাপ-আলোচনা চলিতেছে।

**শ্রীমতি ইলা মিত্র :** মাননীয় মন্ত্রিমহাশয় কি এ কথা বলবেন যে কম্পিটেন্ট অথরিটি কেস যেগুলি আছে, সেই কেসগুলি যেমনভাবে ক্যাম্প কেসগুলি অগ্রাধিকার পাবে সেইরকমভাবে সি. এ, কেসগুলির অগ্রাধিকার নিয়ে বিবেচনা করছেন কি ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** মাননীয়া সদস্যা যা বললেন, শিবির বহির্ভূত বহু সি. এ. প্রটেকটেড কেস এর মধ্যে পড়বে।

**শ্রীমতি ইলা মিত্র :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে জানাচ্ছি যে পঞ্চান্ন গ্রাম-এর পরিকল্পনা ইতিমধ্যে আমাদের স্বর্গত মন্ত্রিমহাশয় যে করেছিলেন এবং সেই দেবার কাজ শেষ হবার কথা শুনেছিলাম সেটা এখন শেষ হয়ে গেছে ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** যদিও মাননীয়া সদস্যা জানেন এবং বোঝেন যে এই প্রশ্নে যা আছে তা থেকে এটা উঠে না—তবুও আমি বলছি যে পঞ্চান্ন গ্রাম সম্পর্কে আমাদের সরকারের তরফ থেকে সামগ্রিকভাবে এই পরিকল্পনাটি কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থিত করেছি এবং এটা কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে ক্যাম্প এবং কলোনীর বহির্ভূত ভাড়াটিয়া বাড়ীতে বা অন্যান্য জায়গায় যেসব বাস্তুহারা আছে তাদের সম্পর্কে পুনর্বাসনের ব্যবস্থা হচ্ছে কি না ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** যে সমস্ত উদ্বাস্তু ক্যাম্প এবং ভাড়াটিয়া বাড়ীতে আছেন যাদের সরকারী স্বীকৃতি নাই আমাদের সরকার আসার পর সমস্ত ধরনের উদ্বাস্তু যারা আত্মীয়স্বজনের বাড়ীতে বা অন্যত্র থাকেন এইসমস্ত পরিবারের জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আড়াই শত কোটি টাকার মঞ্জুর করার জন্য দাবী করেছি এবং তাদের উদ্বাস্তু হিসাবে সমস্ত সুযোগসুবিধা দেবার জন্য চেষ্টা করছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় মন্ত্রিমহাশয় একথা বলবেন কি যে উদ্বাস্তুর যে সংখ্যা দিলেন তার মধ্যে এক নম্বর হচ্ছে যে ১৯৬৪ সালে যে ১০ লক্ষ উদ্বাস্তু এসেছিল সেটা ইনক্লুড হয়েছে কিনা—দ্বিতীয় কথা হচ্ছে যারা পুনর্বাসন পেয়েছে পুনর্বাসন বলতে যা বুঝায় যাতে করে খেতে পারে এইরকমভাবে সেন্ট্রাল গভর্ণমেন্টের তরফ থেকে পুনর্বাসন হয়েছে কি না ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** না, সবাইয়ের পুনর্বাসন হয়নি। প্রথমেই বলেছি ৫ লক্ষ নবাগত উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসনের ব্যবস্থা হয়েছে কিন্তু সেইসব ভাই বোনেরাও-এর মধ্যে পড়ছে। আমাদের হিসাব অনুসারে ২৭ লক্ষ উদ্বাস্তু এবং ৫ লক্ষ উদ্বাস্তু পরিবার আছে যাদের কোনও পুনর্বসতি হয়নি এজন্যই কেন্দ্রীয় সরকারের কাছে আমরা দাবী জানিয়েছি।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে শিবির বহির্ভূত যারা তাদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চেয়েছেন—কিন্তু আগে যে পুনর্বাসনের জন্য টাকা চাওয়া হয়েছিল সেই টাকা সম্বন্ধে কেন্দ্রীয় সরকার কি উত্তর দিয়েছেন এবং সেই টাকা উদ্বাস্তুদের জন্য পাওয়া যাবে কি না সেটা জেনেছেন কি?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** যে আড়াই শত কোটি টাকা আমরা চেয়েছি তার মধ্যে কিছু কিছু ভাগ আছে। এইরকম কিছু কিছু জবর দখল কলোনী আছে তার জন্য ২৫ কোটি টাকা লাগবে। এটা সম্পর্কে কেন্দ্রীয় সরকার আমাদের বলেছেন অবিলম্বে আমাদের কি পরিকল্পনা আছে তা চেয়ে পাঠিয়েছেন—আমরা পাঠিয়ে দিয়েছি কেন্দ্রীয় সরকার এটা বিবেচনা করবেন—ননক্যাম্পাস যারা আত্মীয়স্বজনের বাড়ীতে আছে বা অন্যত্র আছে তাদের সম্পর্কে বিবেচনা করে দেখতে হবে এইটুকু বলেছেন—আর কিছু বলেন নি।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় পাঁচুবাবুর প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন যে আমাদের আমলে যে সমস্ত উদ্বাস্তু এসেছে, তাদের সাচ্চা উদ্বাস্তু বলে ধরে নিয়েছি, তাঁদের আমল মানে কি? আপনারা ১৯৫০ সালে পশ্চিম বাংলায় এসেছিলেন, সেই হিসাবে বলছেন, না কি ১৯৬৭ সালে একবার এসেছিলেন, সেই হিসাবে বলছেন। আবার তাঁরা ১৯৬৯ সালে এসেছেন, এই সময়টা ধরে কি বলছেন?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** ঠিকই শুনেছেন আমাদের বেলায়—আমাদের গভর্ণমেণ্ট তরফ থেকে প্রস্তাব দেওয়া হয়েছে। মাননীয় সদস্য মহাশয় চোখে দেখতে পান না জানতাম কিন্তু কানেও যে শুনেন না সেটা জানতাম না।

**শ্রীনেপালচন্দ্র রায়:** আমি পার্সনাল এক্সপ্লানেশন হিসাবে বলছি। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন আমি নাকি চোখে কম দেখি, কানে কম শুনি, আমি তাঁকে জানিয়ে দিচ্ছি, আমি তাঁদের বেশ ভাল দেখি এবং যে সমস্ত করছেন তার কথা কানে শুনতে পাই।

**শ্রী এ. এইচ. বেষ্টারউইচ:** স্পীকার মহাশয়, এইসব কথা কি পার্লামেণ্টারী?

**মিঃ স্পীকার:** আমি এইসব কথা কেটে দেব, চুরি ডাকাতি এইসব কথা বলা চলে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** পুনর্বাসন হয়নি বলে একটা সংখ্যা জানালেন, তার মধ্যে কি বিভিন্ন কেন্দ্র থেকে যে সমস্ত উদ্বাস্তু সময় সময় চলে আসছে, পশ্চিম বাংলার বাইরেও যাদের পুনর্বাসন দেওয়া হয়েছে, সেইসব কেন্দ্র থেকে যেসব উদ্বাস্তু চলে আসছে, এই সমস্ত উদ্বাস্তুর সংখ্যা দেওয়া হয়েছে?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** যদি কোন উদ্বাস্তু পশ্চিম বাংলার বাইরের কোন কেন্দ্র থেকে চলে এসে থাকে এবং সে অনেক দিন কোন নির্দিষ্ট জায়গায় থাকে এবং সরকারের জমিতে থাকে, তাহলে বিশেষ ক্ষেত্রে তাকে পুনর্বাসনের কথা বিবেচনা করে দেব, কিন্তু সে যদি নুতন করে উদ্বাস্তু হিসাবে এসে থাকে তার সম্পর্কে কোন পুনর্বাসন দেওয়া সম্ভব হবে না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** আপনি কি জানেন বাংলাদেশের বাইরে আন্দামানে যেসব উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া হয়েছিল, তাদের উপর সেখানকার শাসন কর্তৃপক্ষের নানাভাবে হয়রানির জন্য এবং সেই জায়গায় পাঞ্জাব থেকে আসা উদ্বাস্তুদের বসিয়ে তাদের উচ্ছেদ করা হচ্ছে? এই সম্পর্কে ইদানীং কোন কমপ্লেন আপনার দপ্তরে এসেছে কি?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** এই প্রশ্ন থেকে এটা উঠে না।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু:** ১৯৬৪ সালের পরে যে সমস্ত নবাগত উদ্বাস্তু এসেছে, তাদের কি সংখ্যার মধ্যে ধরেছেন না বাদ দিয়েছেন?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** নবাগত উদ্বাস্তুদের এর মধ্যে ধরা হয়েছে, আমাদের সরকারের তরফ থেকে নীতি হচ্ছে কোন নির্দিষ্ট সময় নির্ধারণ করা উচিত নয়, যে উদ্বাস্তু যখন আসবে, তাকে পুনর্বাসন দেওয়া হবে।

## কোচবিহার জেলার ছিটমহাল উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সাহায্য

***70.** (Admitted question No. *149.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার ছিটমহাল উদ্বাস্তুদের পুনর্বাসন-সাহায্য ও ঋণ প্রদানের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কি পরিমাণ আর্থিক সাহায্য পাওয়া গিয়াছে; এবং

(খ) এ পর্যন্ত কতগুলি পরিবারকে ঋণ প্রদান করা হইয়াছে?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** (ক) ৮০লক্ষ ৪১ হাজার টাকা ঋণদানের মঞ্জুরী পত্র কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়া গিয়াছে।

(খ) একটিও না।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কতগুলো পরিবারকে ঋণপ্রদানের ব্যবস্থা করা হয়েছে?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** ১৪৫টি সর্বমোট কৃষি পরিবার আর অকৃষিজীবি পরিবার হচ্ছে ২১টি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** আপনি 'খ' প্রশ্নের জবাবে বলেছেন যে একটাও নয়—দয়া করে জানাবেন কি যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা গত মার্চ মাসে স্যাংশন করা হয়েছে, সেই বাবৎ কোন টাকা কেন একটিও পরিবারকে প্রদান করা হল না?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** আগেই বলেছি যে ঋণ প্রদানের মঞ্জুরী পত্র পাওয়া গেছে—স্যাংশন পাওয়া গেছে কিন্তু এখনও আমাদের হাতে অর্থ এসে পৌঁছয়নি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** তাহলে টাকা আদায়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে জানাবেন কি?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** আমরা এখান থেকে স্ক্রুটিনি করে যেমন যেমন পাঠাবো, তেমন তেমন পরিবার পিছু টাকা কেন্দ্রীয় সরকার দেবে। আমাদের স্ক্রুটিনি করতে একটু দেরী হয়েছে, সেটা আপনিও জানেন যে তারিখে ঘোষনার ব্যাপার ছিল—আগের সরকার ঠিক করেছিলেন যে ১৯৬২ সালের পর যারা এসেছে তাদেরই শুধু এই সুযোগসুবিধা দেওয়া হবে। কিন্তু আমাদের নূতন সরকার সেটা ১৯৫০ সাল পর্যন্ত পেছিয়ে দিয়েছে। এই একটা কারণ যার ফলে স্ক্রুটিনির কাজটা আংশিকভাবে ব্যাহত হয়েছিল। দ্বিতীয়তঃ, হচ্ছে স্ক্রুটিনির ব্যাপার নিয়ে অনেক মত পার্থক্য ছিল। এখন আমরা স্ক্রুটিনি করছি এবং এর মধ্যেই কয়েকটি পরিবারের রেকমেণ্ডেশন কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিয়েছি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** জমির বায়না নামার ব্যাপারে, অর্থাৎ যে সব উদ্বাস্তুকে ঋণ দেওয়া হবে, সেসব উদ্বাস্তুর ক্ষেত্রে ঋণ প্রদানের যেসব জটিলতা দেখা দিয়েছে, সেটাকে সহজ করার কথা মন্ত্রিমহাশয় কি চিন্তা করেছেন?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** আপনি যদি নির্দিষ্ট করে বলেন কি জটিলতা, তাহলে আমি চেষ্টা করে দেখতে পারি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** অর্থাৎ যেসব উদ্‌বাস্তু এসেছে তাদের কথা হচ্ছে যে ৬বিঘা কি ১০বিঘা জমি দিন। কিন্তু সেইসব উদ্‌বাস্তুর পক্ষে সেই জমি কেনা সম্ভব নয়, সেই ক্ষেত্রে জমির বায়না-নামা দেখিয়ে সেইসব উদ্‌বাস্তুকে টাকা প্রদানের কোন ব্যবস্থা করা হচ্ছে কি না?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** জমি সম্বন্ধে বলা হয়েছে যে তিন একর পর্য্যন্ত জমি দেওয়া হবে এবং একটা টাকাও বলা হয়েছে যে সাড়ে সাত হাজার টাকা ম্যাকসিমাম টাকা তাদের দাম হবে, কোন প্রশ্নটা করছেন?

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** আপনারা সরকারের তরফ থেকে বলেছেন যে সমস্ত উদ্‌বাস্তু এসেছে তাদের যদি জমি থাকে, অর্থাৎ জমি দেখাতে পারে তাদের ঋণ দেওয়া হবে। কিন্তু আমরা জানি যে সমস্ত উদ্‌বাস্তু ছিটমহল থেকে এসেছে তারা নিঃস্ব হয়ে এসেছে। সেইঅবস্থায় এরা জমির বায়না-নামা দেখাবেন। তারা জমির জন্য যে এগ্রিমেন্ট করেছে, তা যদি দেখান হয় তাহলে সেই সব ক্ষেত্রে উদ্‌বাস্তুদের ঋণ দেওয়া হবে কি না?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** নিশ্চয়ই দেওয়া হবে। তারা যদি জমি দেখায় তাহলে তাদের নিশ্চয়ই ঋণ দেওয়া হবে।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গভর্ণমেণ্ট থেকে যে ঋণ কৃষি পরিবারকে দেওয়া হবে, এটা কি বায়না নামা স্কিমে নেওয়া হয়েছে না এ্যাকুইজিশন স্কিমে নেওয়া হয়েছে? অর্থাৎ ল্যাণ্ড এ্যাকুইজিশন কালেক্টারের থ্রু-দিয়ে জমি এ্যাকোয়ার করে কোন ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করে করছেন?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** বায়নানামা স্কিম হলেও আমরা মোটামুটি টাইটেলটা ঠিক আছে কি না এইগুলো দেখি। আমাদের এ্যাকুইজিশন প্রসিডিংসের মত কতগুলো এনকোয়ারী করতে হয়। এর আগে এইরকম অনেক ঘটনা ঘটে গেছে বলে আমাদের গভর্ণমেণ্টের একটা ইাণ্ড আছে যে বায়না-নামা স্কিম হলেও সেটা দেখা হবে স্ক্রুটিনি করে যে জমি ঠিক ঠিক দেওয়া হয়েছে কি না। এবং এ্যাকোয়ার করে দিলে তো আপনি জানেন কি করতে হয়।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** ১৯৫০ সালের পর থেকে যে কটা পরিবারকে সাহায্য দেওয়া হচ্ছে, তাদের টোটাল পরিবারের সংখ্যা কত হচ্ছে?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** যে সংখ্যা আমি বলেছি তা হচ্ছে ৭৫০টির কিছু উপর পরিবার। এছাড়া আরও এক হাজার পরিবার আছে যাদের সম্পর্কে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বক্তব্য রেখেছি।

### কলিকাতায় ফ্ল্যাট বাড়ি তৈয়ারী ও তাহার বিলি ব্যবস্থা

*71. (Admitted question No. *172.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** গৃহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সালে ও ১৯৬৯-৭০ সালে এ পর্যন্ত কলিকাতায় মোট কতগুলি ফ্ল্যাট বাড়ি তৈয়ারী হইয়াছে ও এইগুলি কলিকাতার কোথায় ও কোন্ অঞ্চলে তৈয়ারী হইয়াছে;

(খ) ইহাদের বিলিব্যবস্থা কিভাবে হইয়া থাকে; এবং

(গ) আগামী আর্থিক বৎসরে কতগুলি নূতন সরকারী ফ্ল্যাট বাড়ি তৈয়ারী হইবে ও কলিকাতার কোথায় ও কোন্ অঞ্চলে হইবে?

**শ্রীসোমনাথ লাহিড়ী :**

(ক) ১৯৬৮-৬৯ সালে

| | |
|---|---|
| বেহালা অঞ্চলে— | ২৫৬ |
| দমদম অঞ্চলে— | ৭২ |
| | ৩২৮ |

১৯৬৯-৭০ সালে

| | |
|---|---|
| বেহালা অঞ্চলে— | ২১৬ |
| ট্যাংরা অঞ্চলে— | ৮ |
| | ২২৪ |

(খ) নিম্ন ও মধ্যআয়সম্পন্ন ব্যক্তিদের জন্য নির্মিত ফ্ল্যাটসমূহ Screening & Seruting Committee-র সুপারিশ অনুসারে এবং রাজ্য সরকারী কর্মচারীদের জন্য নির্মিত ফ্ল্যাটসমূহ বিভিন্ন বিভাগ বা দপ্তরের সুপারিশ অনুযায়ী আবাসন বিভাগ বিলি বণ্টন করিয়া থাকেন।

(গ) বেহালা অঞ্চলে ১০৮টি, কাশীপুর অঞ্চলে ১৩৬টি এবং টালিগঞ্জ নেতাজী সুভাষ রোডে ১০৪টি ফ্ল্যাট বাড়ী নির্মিত (completely constructed) হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** মাননীয় মন্ত্রিমহাশয় জানবেন কি এই স্কুটনী কমিটিতে কে কে সদস্য আছেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** আমার যতদূর মনে আছে শ্রীমতী ইলা মিত্র চেয়ারম্যান, শ্রীজ্যোতি ভট্টাচার্য্য মেম্বার, শ্রীনিখিল দাস মেম্বার, শ্রীলক্ষ্মী সেন মেম্বার, শ্রীহেমন্তকুমার বসু মেম্বার, Deputy Secretary, Housing Department Member.

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** স্ক্রুটনী কমিটি কি বেসিসে করে থাকেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** সেটা স্ক্রুটনী কমিটি ভাল বলতে পারেন, প্রয়োজন ইত্যাদি নানা কথা স্বভবতঃ তাঁরা বিবেচনা করেন। যেহেতু আমি কমিটি মেম্বার নই সভায় উপস্থিত থাকি না কাজেই বলতে পারবো না।

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে ফ্ল্যাট বাড়ী গুলি হয়েছে এগুলির ভাড়া কি হারে নির্দিষ্ট হয়েছে ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** নোটিশ দিতে হবে।

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন ভাড়া নির্দ্ধারণের ব্যাপারে যে সমস্ত সরকারী ফ্ল্যাটের কথা বললেন, অন্যান্য ফ্ল্যাটের কথা যা বললেন এম, আই, জি, স্কীমে যেগুলি বেহালায় পাশাপাশি আছে সেখানে আয়তন অনুসারে উভয় প্রকার ফ্ল্যাটে সামঞ্জস্য বজায় রেখে ডিসক্রিমিনেসান, না করে ভাড়া নির্দ্ধারণ করা হয়েছে কিনা সেটা কি তিনি জানেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** আপনার এই প্রশ্ন থেকে ভাড়ার প্রশ্ন উঠে না। ভাড়া সম্বন্ধে প্রশ্ন করলে বিস্তৃত জবাব দেবো।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এল, আই, সি ফ্ল্যাটে অনেক এ্যামব্যাসাডার গাড়ীওলা বাবু থাকেন ? সে সমস্ত জিনিস আপনার নোটিশে এসেছে কি ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** এই রকমের অভিযোগ মাঝে মাঝে পেয়ে থাকি কিন্তু অভিযোগ প্রমাণ করা এখনও পর্য্যন্ত সম্ভব হয় নি।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** এই ব্যাপারে প্রতিকার করার জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করবেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** প্রতিকারের জন্য মাঝে মাঝে তদন্ত করা হয়। স্থানীয় যে সরকারী কর্মচারী কেয়ারটেকার আছেন তাঁকেও বিমাইণ্ড করা হয়। কখনও কখনও অভিযোগ পেয়ে হঠাৎ ইনস্পেকশানের ব্যবস্থা করা হয়। কিন্তু এখনও পর্য্যন্ত ১১টা ক্ষেত্র ছাড়া প্রমাণযোগ্য কোন অভিযোগ পাওয়া যায় নি।

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই এই ফ্ল্যাট বাড়ী ভাড়ার নির্দ্ধারণের ব্যাপারে আমাদের অভিযোগ হচ্ছে ডিসক্রিমিনেসান করা হচ্ছে বিশেষ করে সরকারী কর্মচারীদের যে ফ্ল্যাট দেওয়া হয়েছে এম, আই, জি স্কীমে যে ফ্ল্যাট দেওয়া হয়েছে তার আয়তন, ঘরের সংখ্যা ইত্যাদি তুলনা করলে দেখবেন তার মধ্যে বৈষম্য করা হয়েছে। এই সম্পর্কে তদন্ত করে বিহীত ব্যবস্থা করবেন কি?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** আমি আগেই বলেছি ভাড়া সম্পর্কে নির্দিষ্ট প্রশ্ন করলে কাগজপত্র দেখে সময়মত উত্তর দিতে পারবো। কারণ বিভিন্ন শ্রেণীর জন্য বিভিন্ন ভিত্তি ধরা আছে, সে ভিত্তি অফ হ্যাণ্ড বলতে পারবো না। ভাড়া সম্পর্কে নির্দিষ্ট প্রশ্ন করলে জবাব দেবো।

**শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্য :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কতগুলি ফ্ল্যাটে ভাড়া আছে আর কতগুলি ফ্ল্যাটে ভাড়া দেওয়া নেই?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** আমার কাছে ফিগার নেই আপনি আলাদা কোশ্চেন করলে উত্তর দিতে পারবো।

## দরিদ্র বালক-বালিকাদের ভরণপোষণ ও শিক্ষাদানের সরকারী পরিকল্পনা

*.2. (Admitted question No. *251.)

**শ্রীসনৎকুমার রাহা :** ত্রাণ ও সমাজকল্যাণ (সমাজকল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে যে সব অনাথ বালক-বালিকাদের ভরণপোষণ ও শিক্ষার কোন ব্যবস্থা নাই এবং যে সব দরিদ্র পরিবারবর্গ তাহাদের সন্তানাদির ভরণপোষণে অসমর্থ তাহাদের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করিতেছেন কি না; এবং

(খ) চিন্তা করিলে, তাহার বিবরণ।

**শ্রীকানাই ভৌমিক :** (ক) হ্যাঁ চিন্তা করিতেছেন।

(খ) (১) এই সব বালক বালিকাদের ভরণ পোষণ এবং শিক্ষার জন্য কয়েকটি সরকারী আবাস আছে, ইহা ছাড়া দুঃস্থ বালক বালিকাদের সরকারের তরফ হইতে প্রতিশীর্ষ অনুদান (Capitation allowance) মঞ্জুর করিয়া কয়েকটি বেসরকারী প্রতিষ্ঠানে ভরণ পোষণ ও শিক্ষার ব্যবস্থা করা হয়।

(২) সরকারের শিক্ষা দপ্তর ও অনাথ বালক-বালিকাদের ভরণ পোষণ ও শিক্ষার জন্য কয়েকটী Orphanage পরিচালনা করে, এ বিষয়ে বিস্তৃত বিবরণ সেই দপ্তরে পাওয়া যাইতে পারে।

**শ্রীঅশ্বিনী রায় :** সরকারী আবাসের কথা আপনি বললেন কতগুলি আবাস আছে এবং কোথায় কোথায় আছে জানাবেন কি?

**শ্রীকানাই ভৌমিক :** আমাদের রাজ্যে ৬টি আবাস আছে। একটি হল মেদিনীপুরে—গার্লস হোম সেখানে ৩২৬ জন আছেন, তারপর লিলুয়া হোমসে ৬০২ জন আছেন, ধুবাশ্রম আড়িয়াদহ ২৪ পরগণা ১৮৩ জন, ডেষ্টিটিউট হোম উত্তরপাড়ায় হুগলীতে ১৭০ জন, ডেফ-এণ্ড ডাম স্কুল-এ ২১ জন, এবং কুচবিহারের ব্লাইণ্ড স্কুলে ১২ জন এই মোট ১৩১৪ জন। এছাড়া ক্যাপিটেশান গ্রাণ্ড ১৮১ জনকে বিভিন্ন বেসরকারী হোমে দিয়ে রাখতে পেরেছি।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে সরকারী আবাসগুলিতে এদের রাখা হয়েছে তারজন্য মাথাপিছু কত করে খরচ হয়?

**শ্রীকানাই ভৌমিক :** সরকারী আবাসে খরচ কত সেটা নোটিশ না দিলে বলতে পারবো না। তবে বেসরকারী হোমে প্রত্যেকটি ছেলের পেছনে মাসে ৩৮ টাকা করে খরচ করা হয়।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু :** এই আবাসগুলিতে যে ছেলেদের ভর্তি করা হয় তার কি কোন নিয়ম আছে না এস, ডি, ও, না আপনার ডিপার্টমেণ্ট কোন কমিটি আছে এর জন্য ?

**শ্রীকানাই ভৌমিক :** এখনও কোন কমিটি নেই দরখাস্ত করলে বা এস, ডি, ও, পাঠান এবং এখান থেকে ডাইরেক্টলি তদন্ত হয়, হয়ে দেখে যেগুলির ঠিক হয়, সেগুলি ভর্তি করা হয়।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু :** মাননীয় মন্ত্রিমহাশয়, কি জানাবেন এই যে ইরেগুলারিটিস রয়েছে তদন্তের দরকার, আমরা এম, এল, এ, বা এস, ডি, ও, যদি রেকমেণ্ড করে দেন আপনাদের রাইটার্স বিল্ডিংস বা নিউসেক্রেটারিয়েট-এ এলে তা পাত্তা পাওয়া যায় না। এ সম্বন্ধে তদন্ত করবেন কি এম, এল, এ, বা এস, ডি, ও, যেগুলি রেকমেণ্ড করে পাঠাবেন সেগুলি ভর্তি করা হবে এ সম্বন্ধে নিশ্চয়তা দিতে পারেন কি ?

**শ্রীকানাই ভৌমিক :** এই ধরনের ঘটনা সম্পর্কে আমি মাননীয় সদস্যদের, তদন্ত করে দেখব, এটা বলতে পারি কিন্তু একথা বলতে পারিনা যে এম, এল, এ,-বা এস, ডি, ও, তদন্ত করে বললেই ভর্তি করতে পারবে। কারণ মাননীয় সদস্যরা জানেন এখানে মাত্র টাকা খরচ করা হয় ৬ লক্ষ কয়েক হাজার টাকা এবং আপনারা শুনলেন যে সারা বাংলাদেশে আমাদের গভর্ণমেণ্টের হোমে থাকেন ১৩১৪ জন মাত্র এবং বেসরকারীতে ১৮১ জনকে আমরা রাখতে পেরেছি। কাজেই এই কথা বলতে পারবো না যে এম, এল, এ বা এস, ডি, ও রেকমেণ্ডেসান করলেই ভর্তি করে নিতে পারবো। তবে এ সম্বন্ধে নিশ্চয়ই বিবেচনা করবো।

**শ্রীহরিপদ মুখার্জী :** পেণ্ডিং কেশ কতগুলি আছে বলতে পারেন ?

**শ্রীকানাই ভৌমিক :** নোটিশ দিলে বলতে পারি।

## হাওড়া দ্বিতীয় সেতুর নির্মাণকার্য

*73. (Admitted question No. *153.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতা-হাওড়া সংযোগ রক্ষার জন্য 'হাওড়া দ্বিতীয় সেতু' নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** "হাওড়া দ্বিতীয় সেতু" নির্মাণের কাজ এখনও আরম্ভ করা যায় নাই কারণ সেতু নির্মাণ কার্য্য আরম্ভ করার পূর্বে কলিকাতা পোর্টএ্যাক্ট-এর সংশোধন করা প্রয়োজন। জানা গিয়াছে যে কেন্দ্রীয় সরকার শীঘ্রই একটি অর্ডিন্যান্সের দ্বারা কলিকাতা পোর্ট এ্যাক্টের সংশোধন করিবেন। ইহা করা হইলে সবই যত শীঘ্র সম্ভব সেতু নির্মাণের কাজ আরম্ভ করিবার জন্য রাজ্য সরকার ব্রিজ কমিশনার্স নামে একটি স্বতন্ত্র সংস্থা স্থাপন করিবার ব্যবস্থা করিবেন।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** হাওড়া দ্বিতীয় সেতু নির্মাণ সম্পর্কে কেন্দ্র এবং পশ্চিমবঙ্গের সর্বশেষ যোগাযোগ তা প্রায় জুলাইতে হয়ে গিয়েছিল। কিন্তু তা সত্বেও পোর্ট এ্যাক্ট— সংশোধনের ব্যাপারে কেন্দ্রীয় সরকার টালবাহনা করছেন কেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** আমরা সেই জুলাই মাসেই কেন্দ্রীয় সরকারকে জানিয়েছিলাম পোর্ট এ্যাক্ট সংশোধন না করলে আমরা কাজ আরম্ভ করতে পারি না। কারণ তাদের হাতে এই কাজ দিতে গেলে তাদের এই কাজ নেবার ক্ষমতা এ্যাক্টে সন্নিবেশ করার ব্যবস্থা করতে হবে। সেই সময় থেকে আমরা তাগাদা দিতে সুরু করি। প্রথমত: পরীক্ষা করতে তাঁরা তিন চার মাস সময় নেন। তারপর পার্লামেণ্টের গত অধিবেশনে ওইটা আইন আকারে উপস্থিত করবো বলে বলেছিলেন। কিন্তু উপস্থিত হয় নি। আমি সেইসময় দিল্লীতে গিয়েছিলাম, তাঁদের তাগাদা

করেছিলাম। তাঁরা বলেছিলেন এইবার পার্লামেন্টে খুব বেশী এ্যাজেণ্ডা থাকাতে তুলতে পারলাম না। তখন আমি অনুরোধ করি ইউনিয়ন মিনিষ্টার অফ শিপিং এ্যাণ্ড ট্রান্সপোর্টকে বাজেট অধিবেশন অবধি অপেক্ষা করলে খুব বেশি দেরী হবে, সেটা ঠিক হবে না। আপনারা অন্তত এটা অর্ডিন্যান্স করে দিন। কিন্তু এখনও পর্য্যন্ত হয় নি। আজ সকালেও ইউনিয়ন মিনিষ্টার অফ শিপিং এ্যাণ্ড ট্রান্সপোর্টের সঙ্গে কথা বলেছি। আগেও কয়েকবার বলেছি। তিনি এবং তাঁর দপ্তরের সচিব জানিয়েছেন খুঁটিনাটি মঞ্জুর হয়ে গিয়েছে। সামান্য একটু আধটু কাজ বাকী আছে। সম্ভবতঃ সাত দিনের মধ্যে অর্ডিনান্স করে দিতে পারবেন বলে আশা করছেন।

**শ্রীঅমরেন্দ্র নাথ রায় প্রধান :** মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি হাওড়ার দ্বিতীয় সেতুর নামকরণ কি হবে, না এই নামেই থাকবে? এটা কি নেতাজী সুভাষচন্দ্রের নামে নামকরণ হবে?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** নামকরণের প্রশ্ন এখন উঠে না। আগে সেতু হোক তারপর নামের কথা উঠবে।

### বর্ধমান জেলায় ধান্য উৎপাদনে ব্যাঘাত হেতু ত্রাণের পরিকল্পনা

***75.** (Admitted question No. *560.)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত চাষের মরশুমে বৃষ্টির অভাবে বর্ধমান জেলার আউশগ্রাম, কাঁকসা, অণ্ডাল, ফরিদপুর ও দুর্গাপুর থানাসমূহের অসেচ এলাকায় ধান্য উৎপাদন সম্পূর্ণভাবে ব্যাহত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে ঐ সমস্ত এলাকায় বর্তমানে দুর্গতগণের মধ্যে খাদ্য বিতরণের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিতেছেন কি না?

**শ্রীআবদুররেজ্জাক খান :**

(ক) গত চাষের মরসুমে উক্ত থানাসমূহের বৃষ্টির অভাবে ধান্য উৎপাদন আংশিকভাবে ব্যাহত হইয়াছে।

(খ) সরকারী নিয়মানুযায়ী দুর্গতগণের সাহায্যের ব্যবস্থা করা হইয়াছে।

**শ্রীমনোরঞ্জন বক্সী :** সাহায্য কি রকম ধরনের করা হচ্ছে?

**শ্রীআবদুররেজ্জাক খান :** তার একটা বড় ফিরিস্তি আছে যেটা আমি ওখান থেকে পেয়েছি। তার সমস্ত এখানে সম্ভবপর নয়। তবে জি. আর. দেওয়া হয়েছে প্রধানত। তাছাড়া রিলিফ ওয়ার্কস স্কীম থেকে টাকা বরাদ্দ করা হয়েছে। আরও ব্যবস্থা করা হয়েছে।

### Alleged sabotage in the Farakka Barrage Project

***75A.** (Short Notice) ( Admitted question No. *681)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফরাক্কা ব্যারেজ সাবোতাজের কোন সংবাদ পাইয়াছেন কি;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে ঐ সম্পর্কে কোন স্তরের তদন্ত করা হইয়াছে কি; এবং

(গ) প্রয়োজনীয় অন্যান্য কি ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** (ক) কয়েকটি dynamo, fuel pump, battery এবং tyre চুরির ঘটনা ঘটেছে। ১৯৬৭ সালে ২টি, ১৯৬৮ সালে ৩টি এবং ১৯৬৯ সালে ৬টি, তারমধ্যে ডিসেম্বর মাসেই ৪টি ফুয়েল পাম্প চুরি গেছে। এগারটি মামলা আরম্ভ হয়েছে বা অনুসন্ধানের কাজ চলছে। একটি কেসে কয়েকজন লোককে গ্রেপ্তার করা হয়েছে। শ্রমিকের অভিমত এই যে এগুলি সাধারণ চুরির ঘটনা। Sabotage নয়। এছাড়া একটি ১০০ টন burge তারের দড়ি ছিড়ে ভেসে যায় এবং পরে এটিকে দশ মাইল দূরে পাওয়া যায়। ইঞ্জিনের গোলমালের জন্য দুটি Cutter Suction Dredger অকেজো হয়ে পড়েছে। একটি ৩৫ টন Floating Crane-ও অকেজো হয়েছে। এগুলির কারণ সম্বন্ধে ইঞ্জিনিয়ারর৷ অনুসন্ধান করছেন। তাছাড়া কতকগুলি sheet pipe নীলাম হয়েছিল তার মধ্যে গরমিল হওয়ায় কেস হয়েছে এবং তদন্ত চলছে।

(খ) না।

(গ) পুলিশ কর্তৃক তদন্ত চালানো হচ্ছে। সতর্কতামূলক ব্যবস্থা আরও শক্তিশালী করা হয়েছে। পুলিশ একটি বিশেষ তদন্তদল গঠন করে এই বিষয়ে ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** আপনি বললেন ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত ফারাক্কা ব্যারাজ এলাকায় মোট ১১টি সাধারণ চুরির মামলা হয়েছে। এই মামলাগুলিতে কতজনকে গ্রেপ্তার করা হয়েছে, তার সংখ্যা জানাবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** একটা Fuel Pump ব্যারাজ area-র মাটির নীচ থেকে খুঁজে পাওয়া যায় এবং এই উপলক্ষে ৪ জন ব্যারাজ employee-কে গ্রেপ্তার করা হয়েছে—বাকী গুলির তদন্ত হচ্ছে কোন গ্রেপ্তার হয়েছে বলে জানি না। Sheet pipe-এর ব্যাপারে একটি truck-কে ধরা হয় এবং তারজন্য একজন Assistant Engineer, একজন Storekeeper, আর representative of M/s. Iron Trading Coy-এর লোকেদের ধরা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** ১১টি মামলার এখনও কিছু ঠিক হয়নি, অনুসন্ধান চলছে। ৩টি ঘটনার কথায় বললেন ১০০ টনের একটা বার্জ তারের দড়ি ছিড়ে ভেসে যায়, ইঞ্জিনের গোলমালের জন্য দুটি Cutter Suction অকেজো হয়ে পড়ে ছিল কিন্তু sheet pipe চুরি করা হয়েছে। ফরাক্কা ব্যারাজ কর্তৃপক্ষ একটা sabotage বলছেন। Contractor Firm এবং অন্যান্য যে সমস্ত লোক কাজ করেন সেখানে তা ধরলে ১০ হাজার হয়। কিন্তু আপনি কি স্বীকার করেন যে তাদের এই যে sabotage-এর অভিযোগ আনা হয়েছে তা গুরুতর অন্যায়?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এ বিষয়ে ফরাক্কা ব্যারেজ Co-ordination Council আমায় দৃষ্টি আকর্ষণ করায় আমি একটা Press Statement করে বলি যে সেখানকার majority employee কোনরকম দোষ করেনি। তাঁরা একটা কথা বলায় চেষ্টা করেছেন যে যেমন কতকগুলি যে parts চুরি গেছে তারজন্য Foreign Exchange দরকার এর যেগুলি এখানে replace করা যায় না। এর অর্থে তাঁরা organised emplopee-কে দোষারোপ করেন নি। এই বিষয়ে আমিও একটা press statement করে সমস্ত খবরের কাগজে এইরকম report বেরিয়েছে যে এইরকম ব্যারেজ authority mean করেন নি এর majority workers বা organised employee এতে involved নয়।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** তাহলে এই দাড়াচ্ছে যে সেবোটেজ কথাটা ব্যবহার করা যারা ব্যবহার করছে তাদের সম্পূর্ণ দায়িত্ব।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** তারা কথাটা খুব চলতি অর্থে ব্যবহার করেছে যে এমন একটা পার্ট চুরী গেলে যেটা চুরি যাবার ফলে হোল মেসিনটা অকেজো হয়ে গেল টাগ টাগ নিয়ে আসছে কনক্রিট এবং সেই কনক্রিট দিয়ে তৈরী হচ্ছে ব্যারাজ—সেই টাগের ফুয়েল পাম্পটা চুরী গেলে

সেটা বাহিরে থেকে আমদানী করতে হবে, তার জন্য ফরেন এক্সচেঞ্জ চাই কিন্তু আপাততঃ সেই টাগ অকেজো থাকবে। কিম্বা ধরুন ড্রাগ লাইন তার ফুয়েল পাম্প চলে গেল তার ফলে সেটা অকেজো হয়ে রইল। এই ধরনের চুরি যেগুলি পার্টিকুলার পার্টের রিমুভাল, যে পার্টের হয়ত এমনি বাজারে খুব বেশী দাম না, ১০/১৫ হাজার টাকা দাম হয়ত বিক্রী করতে গেলে আর কম দাম কিন্তু ভাইটাল পার্ট চুরি যাওয়া মানে কাজটা বন্ধ হয়ে গেল। এ যন্ত্রটা অকেজো হয়ে পড়ে রইল কতদিন তা কেউ জানে না। এই অর্থে তারা সেবোটেজ কথাটা তারা ব্যবহার করেছিলেন। তারা এমপ্লয়িদের জেনারালি মোটেই ইম্পলিকেট করেননি, অর্গানাইজ সেকশনকে ইমপ্লিকেট করেনি। এবং সেই ইমপ্রেশান যাতে না হয় তারজন্য আমি একটা ষ্টেটমেণ্ট দিয়েছি। দেওয়ার আগে জেনারেল ম্যানেজার-এর সংগে কথা বলেছি—তিনি বলেছেন না আমরা এটা মীন করিনি। তাদের সংগে কথা বলেই আমি প্রেস ষ্টেটমেণ্ট করেছি।

**শ্রীসাধন কুমার সেন :** মাননীয় মন্ত্রিমহাশয়, বলবেন কি এই ধরনের চুরীগুলি হচ্ছে—এই চুরির ফলে এই পরিকল্পনার কাজে—অবস্থাটা কি দাঁড়াচ্ছে—যে সময় পরিকল্পনার কাজ শেষ হবার কথা সেই সময়ই পরিকল্পনার কাজ শেষ হবে কিনা এবং মাননীয় মন্ত্রিমহাশয়ও এইটা জানেন যে ওখানের কর্মীরা চাকুরীর নিরাপত্তার দাবীতে ভবিষ্যতে নিরাপত্তার দাবীতে আগামী ১৫ই ফেব্রুয়ারী থেকে তারা একটা ব্যাপক আন্দোলন সুরু করার চেষ্টা করছেন এবং তাদের যে দাবী এইজন্য মাননীয় মন্ত্রিমহাশয় কেন্দ্রীয় সরকারের কাছে কোন যোগাযোগ করছেন কি যাতে করে তাদের দাবী পুরন হতে পারে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী :** আপনার প্রশ্নের দুটো পৃথক করে উত্তর দিতে হবে। একটা হচ্ছে এই যে আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন আমার উত্তর থেকে যে চুরীর ঘটনা ১৯৬৭ সালে দুটো, ১৯৬৮ সালে তিনটা, ১৯৬৯ সালে ছয়টা আবার সেই ছয়টার মধ্যে ডিসেম্বর মাসে চারটা ফুয়েল জানুয়ারীতে একটা, দেড় মাসের মধ্যে ৫টা চুরী গেছে, এখন এর মধ্যে ইনভলব হয়েছে ১৯৬৯ সালের শেষ দিকে দুটো ড্রাগ লাইন অচল হয়ে গেছে, তিনটা ট্রাকটার অচল হয়ে গেছে, চারটা মেরিনটার অচল হয়েছে, দুইটা ড্রেজার ইঞ্জিন বিকল হয়ে গেছে বলে বলা হচ্ছে। সেগুলি কাজ করতে পারছে না সে সম্বন্ধে তদন্ত চলছে। এখন সুতরাং আমরা বুঝতে পারি কাজ যে টেম্পোতে চলছিল সেইগুলি অচল হয়ে গেলে কাজেরকিছু টেম্পো নষ্ট হয়ে যায়। কিন্তু এগুলি রিপ্লেস করার ক্ষমতা এখনও আমাদের আছে তবে আর থাকবে না। অর্থাৎ এখন যে সেট অব টাগ কাজ করছে তার ভিতর থেকে আবার যদি ফুয়েল পাম্প চুরী হয় তাহলে টাগ বন্ধ হয়ে যাবে বা সেল্লাপ ডাউন হয়ে যাবে এবং তারজন্য কাজের অনেক দেরী হবে। এখন ২০০ সিকিউরিটি ষ্টাফ আছে তারা এগুলি গার্ড দিচ্ছে। আগে অনেক কর্মীরা তারা জাহাজে থাকতো। এখন কাজ হয়ে গেলে তারা জাহাজ ছেড়ে চলে আসে, সুতরাং কাজ হয়ে গেলে এখন সিকিউরিটি ষ্টাফের উপরই নির্ভর। সেজন্য আমি আবেদন করেছিলাম সমস্ত অফিসারদের কাছে এবং এ সমস্ত ষ্টাফের কাছে যে তোমরা সকলে মিলে কঠোর দৃষ্টি রাখ যাতে চুরি না হতে পারে। Further যদি হতে থাকে তাহলে কাজের খুব ক্ষতি হবে। এখনো যা ক্ষতি হয়েছে তা replace আমরা করতে পারি। কিন্তু যদি এরপর further ক্ষতি হতে থাকে, তাহলে আর replace করা যাবে না। এই হলো এক নম্বর কথা।

আর দু-নম্বর কথা হচ্ছে Employee-রা ন্যায়সঙ্গতভাবে আতংকিত হয়ে পড়েছে—তাদের মধ্যে একটা আশংকা দেখা দিয়েছে—ফরাক্কা ব্যারেজের কাজ শেষ হয়ে গেলে আমাদের অবস্থা কী হবে। ১৯৭২ সালে কাজ শেষ হবার কথা। কাজ শেষ হলে তারা সবাই ছাটাই হয়ে যাবে—তখন তাদের অবস্থা কী হবে। তাদের মনের এই আশংকা খুবই ন্যায়সঙ্গত। তাদের এই আশংকার ভিত্তিতে আমি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই নিয়ে লেখালেখি করি report দেই, কথাবার্তা বলি। এই নিয়ে representation দেওয়া হয়। আমাদের সামনে হয়, সংসদ

সদস্যদের সামনে হয় একটা agreement হয়, ফরাক্কার কাজ শেষ হয়ে গেলে permanent set up কত কি থাকে, সেটা হিসেব করে দেখা হচ্ছে এবং তাদের absorbed করার পর যা বাকি থাকে তাদের absorbed করার জন্য Central Government একটা machinary set up করছেন।

থার্ড হচ্ছে সেখানে কিছু industry গড়ে তোলা ও port development করার মারফৎ বাকী লোককে absorbed করা যাবে। আমার point হচ্ছে permanent set up এর হিসেবে immediately finalise করো; ওখানে যা workshop হয়েছে, ফারাক্কার কাজ শেষ হয়ে গেলে সেখানে absorbed করো। সেটা civil কাজের জন্য চালু রাখা যায় কিনা তা দেখো। ব্যারাজ হবার ফলে ভাগীরথী navigable হয়ে যাচ্ছে। সুতরাং সেখানে একটা পোর্ট করা যায়, inland navigation-এর ব্যবস্থা করা যায়, তাতেও কত absorbed হতে পারে।

তারপর ফোর্থ—যারা বাকী থাকে তাদের কিছু কিছু লোককে absorb করতে পারি। সেখানে Central Government-এর একাই একটা cell খোলা দরকার; কাজ আরম্ভ করা দরকার। Central Government-এর various offices ও departments আছে, সেখানেও তারা ও opt. করতে পারে। এই agreement এর পরে employee-রা বলেন যে এটা কার্য্যকরী হচ্ছে না। আপনারা জানেন সেখানে একটা go-slow আন্দোলন হয়েছে ফলে কাজকর্ম সব অচল হয়ে পড়ে। আবার আমি দিল্লীতে যাই—মিনিষ্টার সেক্রেটারী সকলকে ডাকাডাকি করে জানতে পারি—ওখানে already cell set up হয়েছে। Officer ইত্যাদির ব্যবস্থা হয়েছে, permanent set up এসে গেছে। মিনিষ্টার সিংহল থেকে ফিরে এসে সব finalise করবেন, about 40% permanent set up হয়ে গেছে। Third & fourth-file দেখলাম ওটা industry department ও irrigation department-এর active consideration-এ আছে। ব্যারেজ employees co-ordination কমিটির রিপোর্ট হচ্ছে তারা এখন normally কাজ করছে। পুলিশ যে রিপোর্ট পাঠিয়েছে তাতে দেখছি— It is learnt that if no assurance is given to them by the 15th of February, 1970, there is every possibility that at the culmination of their movement they may resort to strike. কিন্তু আমার কাছে ব্যারেজ employee-রা ওকথা বলেন নি যে তারা ১৫ই ফেব্রুয়ারী থেকে ধর্মঘট করবেন বা গণ্ডগোল করবেন। কিন্তু পুলিস রিপোর্টে অন্যরকম দেখছি। শুধু ব্যারেজ যেটা,—সেটা আশাকরি আর যদি কোন গণ্ডগোল না হয়, আমাদের original plan ছিল ডিসেম্বরে complete করবো।

অর্থাৎ ডিসেম্বরে রেললাইন এবং রোড ওপেন হবে—ডিসেম্বর ১৯৭০, দ্যাট ওয়াজ আওয়ার অরিজিনাল প্লান, তবে যদি গণ্ডগোল হয় তাহলে কতদিন দেরী হবে জানি না। আর ক্যানেলের ব্যাপারে খুব অসুবিধা আছে। আমার উচিত সেগুলি আপনাদের জানিয়ে রাখা আজকে যখন সুযোগ পেয়েছি। ক্যানেলে এখনও পর্যন্ত মাত্র ৫২ পার্সেন্ট ওয়ার্ক হয়েছে। ক্যানেল কমপ্লিট হওয়ার কথা ছিল ১৯৭১ সালের জুন মাসে কিন্তু এখন মনে হচ্ছে যে ১৯৭১ সালের জুন মাসে তো হবেই না, ১৯৭২ সালের জুন মাসেও না হতে পারে, ১৯৭৩ সাল পর্যন্তও চলে যেতে পারে ক্যানেল কমপ্লিট হতে। তার কাজকর্ম কিছু কিছু বন্ধ হয়েছিল মাঝখানে। তাছাড়া অনেকগুলি জায়গায় গ্রামবাসীরা বলছেন ব্রীজ করে দিতে হবে। তিনটা ব্রীজ করার পরিকল্পনা ছিল—৬০ লক্ষ টাকা লাগে এক একটা ব্রীজ করবার জন্য, খুব চওড়া ক্যানেল এবং উঁচু করে ব্রীজ করতে হবে তলা দিয়ে নেভিগেসনের ব্যবস্থার জন্য। যাহোক তাদের সংগে একটা এগ্রিমেন্ট ল্যাণ্ড রেভিনিউ মিনিষ্টার করে এসেছেন—সম্পূর্ণ কাটা হবে না, কিছু ব্লকস রেখে দেওয়া হবে। ইতিমধ্যেই ভারত সরকার ৯টা জায়গায় এপাশের এবং ওপাশের জন্য ফ্রি পাওয়ার ফেরী ইনট্রোডিউস করবেন

এই প্রতিশ্রুতি দিয়েছেন। এখন বিভিন্ন কারণে ক্যানেল করার কাজটা পিছিয়ে যাচ্ছে এবং তা যদি পিছিয়ে যায় তাহলে ভাগীরথীর যে সেকসানিং ৪০ হাজার কিউসেক জল এসে পড়বে তার ফলে জলটা যাবে কি করে—তারজন্য ভাগিরথীর সেকসনিং-র কাজটা ব্যারেজ অথোরিটির কাজ নয়, সেটা ট্রান্সপোর্ট মিনিষ্ট্রি করছেন, ৬ কোটি টাকার প্লান—সেটাও ১৯৭২ সাল পর্যন্ত পিছিয়ে যেতে পারে। অবশ্য ক্যানেলের কাজ না হলে সেকসনিং হওয়ার কোন মানে হয় না—দুটো এক সংগে চলা দরকার। সুতরাং মোট কথা হচ্ছে এমপ্লয়ীদের সংগে ইন্ডিয়া গভর্ণমেণ্টের যা আণ্ডারষ্ট্যাণ্ডিং হয়েছে সেই আণ্ডারষ্ট্যাণ্ডিং বজায় থাকা উচিত, সেই আণ্ডারষ্ট্যাণ্ডিং সেনট্রাল গভর্ণমেণ্টের উচিত কার্যকরী করা। তারা আমাকে য়্যাসিওরেন্স দিয়েছেন যে কার্যকরী আমরা করব কিন্তু এমপ্লয়ীরা স্বভাবতঃই ডিমাণ্ড করতে পারে কোনটা কত তাড়াতাড়ি করছেন না করছেন কি বৃত্তান্ত। তবে আমরা আশা করছি যে এমপ্লয়ীরা কোন ডেসপারেট ষ্টেপ নেবার আগে পশ্চিমবংগ সরকারকে একটা চান্স দেবেন তাদের সংগে সেন্ট্রাল গভর্ণমেণ্টের যে এগ্রিমেণ্ট হয়েছে পশ্চিমবাংলা সরকারের মন্ত্রীর উপস্থিতিতে সেই এগ্রিমেণ্ট কার্যকরী করার ব্যাপারে কি ডিফিকালটিজ আছে সেই ব্যাপারে। আর সেন্ট্রাল গভর্ণমেণ্টকে আমি অনুরোধ করব তারা যেন তাদের এগ্রিমেণ্ট পুরোপুরি কার্যকরী করেন—যদি না করেন তাহলে দুটো পয়েণ্ট—একটা ভাইটাল পার্টস চুরি যাওয়া বন্ধ হতে হবে—তা যদি চলতে থাকে তাহলে ভবিষ্যতে কি হবে জানি না। দ্বিতীয়তঃ এমপ্লয়ীদের সংগে সেন্ট্রাল গভর্ণমেণ্টের চুক্তি সেন্ট্রাল গভর্ণমেণ্টকে কার্যকরী করতে হবে। সেখানে যদি গণ্ডগোল হয়ে যায় তাহলে কি হবে জানি না। ইন এনি কেস ব্যারেজ কমপ্লিট হয়ে যেতে পারে যদি গণ্ডগোল না হয় ডিসেম্বর মাসের মধ্যে, আর ক্যানেল কিন্তু ১৯৭২ সালের জুনের মধ্যে কোনক্রমে কমপ্লিট হবে না, ১৯৭৩ সাল পর্যন্তও চলে যেতে পারে এই আশংকা দেখা দিয়েছে এটা আমি মাননীয় সদস্যদের জানিয়ে রাখলাম।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:** মন্ত্রিমহাশয় দারুণ ডিসম্যাল পিকচার দিলেন আমাদের সামনে এবং ওঁর কথা শুনে ওয়াষ্ট কনফিউসন এসে গেল যে কি হল সেটা আমরা কিছু বুঝতে পারলাম না। তার কারণ উনি কতকগুলি কণ্ডিশন দিলেন, যেমন চুরি হবে না, লেবাররা ট্রাবল দেবে না, সেন্ট্রাল গভর্ণমেণ্ট একটা ভরসা দেবে—তারপর সেকসানিং যা কিছু হবার হবে। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি এই ফ্লোরে দাঁড়িয়ে উনি বলেছিলেন যে ১৯৭১ সালের মধ্যে চালু হবে—এখন কি সেই সব উল্টে গেল, আপনি ক্যাটাগরিক্যালী কিছু বলুন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এখনও আমার ভরসা আছে যে ১৯৭০ সালের ডিসেম্বরের মধ্যে ব্যারেজ কমপ্লিট হবে, রেল লাইন চালু হবে, রোড চালু হবে যদি ইতিমধ্যে অভাবনীয় কিছু না ঘটে যায়। একদিকে মেশিনপত্র-র ব্যাপারে, আর একদিকে এমপ্লয়ীদের সঙ্গে সেন্ট্রাল গভর্ণমেণ্টের রিলেসনের ব্যাপারে—এক নম্বর।

দুনম্বর হচ্ছে ক্যানেল কাটার কাজটা শেষ হতে দেরী হবে। ক্যানেল কাটার কাজে অনেক রকম বাধা সৃষ্টি হয়েছে। প্রথমতঃ কনট্রাকটরদের তরফ থেকে দেরী হয়েছে, দ্বিতীয়তঃ এমপ্লয়ীদের তরফ থেকে হয়েছে, গ্রামবাসীদের তরফ থেকে হয়েছে এবং গভর্ণমেণ্টের তরফ থেকেও হয়েছে, তাই ক্যানেলের কাজটায় দেরী হবে। তবে আমি আশা করি যে যদি ঠিকমত কাজ চলে তাহলে ১৯৭২ সালের জুন মাসের মধ্যে ক্যানেল কমপ্লিট হয়ে যেতে পারে এবং ১৯৭০ সালের ডিসেম্বর মাসের মধ্যে রাস্তা ও রেল লাইন খুলে যাবে।

***শ্রী কে, জি, বসু:** এই প্রশ্ন সম্পর্কিত ব্যাপারে আমি একটা তথ্য জানতে চাচ্ছি। মাননীয় মন্ত্রী কি জানাবেন পাইপ ও টিউব চুরির ব্যাপারে তিনি এখানে যে সংবাদ দিলেন এবং এই ঘটনাটি সংগঠিত শ্রমিক ইউনিয়ন ধরেছে এবং যাকে পুলিশের কাজ দেওয়া হয়েছে তিনি শ্রমিকদের সংগে শলাপরামর্শ করে দীর্ঘ দু'মাস ধরে চুরির কাজ চালিয়ে যাচ্ছেন—আমি কি জানতে পারি মন্ত্রিমহাশয়

আবার তাকেই কেন চুরি ধরার দায়িত্বে বসিয়ে দিলেন এবং এইব্যবস্থা তারপক্ষে সম্পন্ন করা কি সম্ভব হবে এবং দীর্ঘ দুমাস ধরে এই কাজ চালিয়ে যাচ্ছেন সেটা ধরা সম্ভব হয়নি কেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** প্রশ্নটার সবটাই ভুল। পাইপ চুরি হয়নি, সিট পাইপ চুরি হয়েছে যা দিয়ে সেগুলিকে গেঁথে কংক্রিট ড্যাম তৈরী করা হয়। সেগুলি গাঁথবার সময় একেবারে ভেঙেচুরে যায়। ফলে সেগুলি নিলামে বিক্রী হয়ে যায়। তারজন্য কিছু সিট পাইপ যার লেন্থ ছিল ৭ ফুট পর্যন্ত দেওয়া হয়েছিল এবং কিছু ১১ ফুট লেন্থের পাইপও ছিল, তারও কোন এ্যাকাউন্ট নেই। এর জন্য কে দায়ী সেটা দেখার জন্য পুলিশের কাছে বিষয়টি হ্যাণ্ড ওভার করা হয়েছে এবং তারজন্য পুলিশ ষ্টোর কিপার ও অ্যাসিষ্ট্যাণ্ট ইঞ্জিনিয়ারকে ধরেছে এবং সে সময় যে কনট্রাক্ট নিয়েছিল তার কিছু লোককেও ধরেছে। তারসংগে অন্য তদন্তের কিছু সম্পর্ক নেই। অন্য যে তদন্তের ভার পুলিশকে দেওয়া হয়েছে সেটা পুলিশ তদন্ত করছে এবং তার একটি মাত্র কেস ধরা পড়েছে এবং সে কেসে একজন এ্যাকিউজড হয়েছে, বাকি গুলি সম্বন্ধে এখন কিছু করে উঠতে পারে নি। এই ব্যাপারে ব্যারেজ অথারিটিকে তদন্তের দায়িত্ব আমরা দিই নি, দেওয়ার কথাও নয়' তাই পুলিশের কাছে হ্যাণ্ড ওভার করে দিয়েছি এবং পুলিশ তদন্ত করছেন।

## Unstarred Questions

( to which written answers were laid on the table )

### সরকারের অধীন শাল জঙ্গল

6. (Admitted question No. 16.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কোন্ জেলায় কত একর পরিমাণ শাল জঙ্গল সরকারের অধীনে আছে; এবং

(খ) ১৯৬৯ সাল পর্যন্ত কত পরিমাণ জমিতে সরকার নূতন জঙ্গল সৃষ্টি করিয়াছেন?

**The Minister for Forests:**

(ক) পশ্চিম বাংলায় যেসকল জেলায় সরকারের অধীনে শাল জঙ্গল রহিয়াছে তাহার হিসাব নিম্নে প্রদত্ত হইল:—

| | | একর |
|---|---|---|
| দার্জিলিং | .... | ৪৭,৯১৮ |
| জলপাইগুড়ি | .... | ২,৩২,১০০ |
| কুচবিহার | .... | ৮১১ |
| বাঁকুড়া | .... | ৩,৩৯,৮৭২ |
| বীরভূম | .... | ২৮,৬৫২ |
| বর্ধমান | .... | ৬৪,৭১৪ |
| মেদিনীপুর | .... | ৩,৯১,৪৯৫ |
| পুরুলিয়া | .... | ১,১৭,৯৪৬ |
| মুর্শিদাবাদ | .... | ৮৪ |
| পশ্চিম দিনাজপুর | .... | ৪৬ |
| | মোট: | ১২,৩৩,৬৪৮ একর। |

(খ) মোট: ২,৪৪,১৭০ একর।

## অকেজো নলকূপের সংখ্যা

**7.** (Admitted question No. 22.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে ১৯৬৯ সালের ডিসেম্বর পর্যন্ত মোট অকেজো নলকূপের সংখ্যা কত; এবং

(খ) ১৯৬৯ সালে এই রাজ্যের জেলাগুলিতে মোট কয়টি অকেজো নলকূপের সংস্কার করা হইয়াছে?

**The Minister for Health:**

(ক) ১৭,৬৫৫টি।

(খ) ১৯৬৮-৬৯ এবং ১৯৬৯-৭০ (ডিসেম্বর পর্যন্ত) মোট—৩৪১৯টি নলকূপের সংস্কার করা হইয়াছে।

## লোকাল ডেভেলপমেণ্ট স্কীম বাবদ খরচ

**8.** (Admitted question No. 26.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—গত ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কোন্ কোন্ ব্লকে মোট কত টাকা লোকাল ডেভেলপমেণ্ট স্কীম বাবদ খরচ করা হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

সরকারী আয়ব্যয়ের হিসাব আর্থিক বৎসর অনুযায়ী হইয়া থাকে। বিভিন্ন জেলায় ১৯৬৯-৭০ সালে কি পরিমাণ টাকা 'লোকাল ডেভেলপমেণ্ট স্কীম' বাবদ বরাদ্দ দেওয়া হইয়াছে তাহা নিম্নে দেখান হইল:—

| | জেলা | টাকা |
|---|---|---|
| ১। | বাঁকুড়া | ৩০,০০০ |
| ২। | মালদহ | ৩৭,০০০ |
| ৩। | বীরভূম | ১৫,০০০ |
| ৪। | হুগলী | ৫০,০০০ |
| ৫। | বর্ধমান | ৪০,০০০ |
| ৬। | হাওড়া | ২০,০০০ |
| ৭। | মেদিনীপুর | ৫০,০০০ |
| ৮। | পশ্চিম দিনাজপুর | ১৮,০০০ |
| ৯। | জলপাইগুড়ি | ১৩,০০০ |
| ১০। | মুর্শিদাবাদ | ২০,০০০ |
| ১১। | নদীয়া | ১৮,০০০ |
| ১২। | চব্বিশ পরগণা, | ৫০,০০০ |
| ১৩। | কুচবিহার | ১৮,০০০ |
| ১৪। | দার্জিলিং | ১৫,০০০ |
| | | ৩,৯৪,০০০ |

কোন্ কোন্ ব্লকে এ পর্যন্ত কত টাকা প্রকৃতপক্ষে খরচ করা হইয়াছে তাহা ১৯৬৯-৭০-এর আর্থিক বৎসর শেষ না হইলে সঠিক জানান সম্ভব নহে।

### গ্রামসভার অধীন রাস্তাগুলি আলোকিত করিবার ব্যবস্থা

**9.** (Admitted question No. 27.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে গ্রামসভার অধীন রাস্তাগুলি আলোকিত করিবার কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে প্রত্যেক গ্রামসভার এইজন্য কত ব্যয় হইয়াছে ?

**The Minister for Panchayats :**

(ক) সরকারী খরচে এ সম্পর্কে কোন ব্যবস্থা পঞ্চায়েত বিভাগ থেকে করা হয় নাই, তবে ই রাজ্যের সকল অঞ্চলপ্রধানকে তাঁহাদের স্ব স্ব এলাকায় গ্রামসভাগুলির যেখানে বিদ্যুৎ বরাহের ব্যবস্থা আছে সেখানে গ্রামের পথগুলিকে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করার জন্য ং যেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা নাই, সেখানে কেরোসিন তেলের বাতির সাহায্যে রাস্তা লোকিত করার পরামর্শ দেওয়া হইয়াছে।

(খ) এসম্পর্কে প্রয়োজনীয় তথ্য এখনও সংগৃহীত হয় নাই এবং উহা সংগ্রহ করা সময়সাপেক্ষ।

### বহরমপুর গোরাবাজার শক্তিমন্দির ফ্যামিলি প্লানিং সেণ্টারকে সাহায্য দান

**10.** (Admitted question No. 50.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— রমপুরের গোরাবাজার শক্তিমন্দির ফ্যামিলি প্ল্যানিং সেণ্টারকে বিভিন্ন পাঁচশালা পরিকল্পনায় ভিন্ন খাতে কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে ?

**The Minister for Health :**

বিভিন্ন পাঁচশালা পরিকল্পনায় বিভিন্ন খাতে উক্ত ফ্যামিলি প্ল্যানিং সেণ্টারকে ৬,৫০০ টাকা াবর্তক ( নন্‌-রেকারিং ) এবং ৫,৯১'৫৬ টাকা আবর্তক ( রেকারিং ) সাহায্য দেওয়া হইয়াছে।

### কলিকাতা মেলা, ১৯৬৯

**1 .** (Admitted question No. 74.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— ৬৯ সালে "কলিকাতা মেলা" উপলক্ষে কি বাবদে কত টাকা রাজ্য সরকারের খরচ হইয়াছে ?

**The Minister for Home (Tourism) :**

"কলিকাতা মেলা, ১৯৬৯" উপলক্ষে নিম্নলিখিত বাবদে রাজ্য সরকারের মাধ্যমে মোট ৫০,০০০ া ব্যয় হইয়াছে। ঐ সমস্ত অর্থই ঐ বিশেষ খাতে সহায়ক অনুদান ( গ্রাণ্ট-ইন-এইড ) হিসাবে ন্দ্রীয় সরকারের নিকট হইতে প্রাপ্ত :—

(১) অভ্যর্থনা, যানবাহন ও আবাস ( বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সহায়ক অনুদান সহ )— ১,৫৫৮'১৩ টাকা।

(২) স্মারক পদক—২,৬২৩'৫০ টাকা।

(৩) নাটক মঞ্চস্থ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য বিভিন্ন সংস্থাকে সহায়ক অনুদান—২২,৭৫০'০০ টাকা।

(৪) প্রচার—১০,৩০৭'০৬ টাকা।

(৫) বেতার মাধ্যমে "কলিকাতা মেলা" প্রচার নিমিত্ত ভারতীয় বেতার সংস্থাকে ও টেপ রেকর্ডারের খরচ বাবদ—৪,০০৫'০০ টাকা।

(৬) বিশেষ কর্মী নিয়োগ—১,৬২০'০০ টাকা

(৭) উদ্বোধন অনুষ্ঠান (মণ্ডপ সজ্জা, বাজীপোড়ান, মাল্যদান, ইত্যাদি সহ)—৭,১৩৬'৩১ টাকা।

মোট—৫০,০০০'০০ টাকা।

## পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের চেয়ারম্যানের বিরুদ্ধে মামলা

**12.** (Admitted question No. 123.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের চেয়ারম্যান শ্রী এন. সি. রায়ের বিরুদ্ধে সমবায় দপ্তরের চীফ অডিটার শ্রী ডি. এন. দাশগুপ্ত কোন মামলা করিয়াছেন কি না?

**The Minister for Co-operation:**

সমবায় দপ্তরের চীফ অডিটার শ্রী ডি. এন. দাশগুপ্ত পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের চেয়ারম্যান শ্রী এন. সি. রায়ের বিরুদ্ধে কমিশনের রিপোর্ট সম্পর্কে কোন মামলা করেন নাই। শ্রী রায় যে স্বতন্ত্র ব্যক্তিগত মন্তব্য করিয়াছেন, সেই সম্পর্কে শ্রীদাশগুপ্ত শ্রীরায়ের বিরুদ্ধে একটি মানহানির মোকদ্দমা দায়ের করিয়াছেন।

## পশ্চিমবাংলায় সরকারী ফ্ল্যাট বাড়ীর সংখ্যা

**13.** (Admitted question No 161)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** গৃহ নির্মাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার কোন্ জেলায় কতগুলি সরকারী ফ্ল্যাটবাড়ী তৈয়ারী হইয়াছে; এবং

(খ) বাংলা দেশের গ্রামে গ্রামে এইরূপ সরকারী পাকা বাড়ী তৈয়ারী করার কোন পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Housing:**

(ক)

| | | |
|---|---|---|
| (১) | কলিকাতা— | ৫,৬৩৩ |
| (২) | ২৪-পরগনা— | ৪,২৫৮ |
| (৩) | হাওড়া— | ৩,১৭২ |
| (৪) | নদীয়া— | ৮৮৮ |
| (৫) | মুর্শিদাবাদ— | ৪৮ |
| (৬) | বর্ধমান— | ৫,২৬৪ |
| (৭) | বীরভূম— | ৩০ |
| (৮) | বাঁকুড়া— | ৫০ |
| (৯) | হুগলী— | ৭১০ |
| (১০) | মেদিনীপুর— | ১৬ |
| (১১) | পঃ দিনাজপুর— | ৫৩৪ |
| (১২) | জলপাইগুড়ি— | ৩৬ |
| (১৩) | কুচবিহার— | ৮৪ |
| (১৪) | দার্জিলিং— | ৯৬ |
| | মোট— | ১৯,৮১৯ |

(খ) না। তবে সরকারের নিকট হইতে ঋণ লইয়া গ্রামবাসিগণ নিজেদের জন্য পাকা বাড়ী তৈয়ারী করিতে পারেন।

**Shifting of the headquarters of the Sadar Subdivision to Kharagpur from Midnapore**

**14.** (Admitted question No. 186.) Shri **GYAN SINGH SOHANPAL**: ll the Minister-in-charge of the Home (General Administration) partment be pleased to state—

(a) Whether there is any proposal to shift the headquarters of the Sadar (South) Subdivision to Kharagpur from Midnapore; and

(b) if so, when the proposal is likely to be given effect to?

**The Minister for Home (General Administration):**

(a) No.

(b) Does not arise.

**সিঙ্গুরে অবস্থিত সরকারী হিমঘর**

**15.** (Admitted question No. 195.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) হুগলীর সিঙ্গুরে অবস্থিত সরকারী হিমঘরটি চালু অবস্থায় আছে কিনা; এবং

(খ) না থাকিলে তাহার কারণ কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) না।

(খ) আলুবীজ সংরক্ষণ এবং পরবর্তীকালে চাষীদিগের মধ্যে বিতরণের নিমিত্ত হিমঘরটি সরকার ক গৃহীত হইয়াছিল। কিন্তু প্রকল্পটির আর কার্যকারিতা নাই।

**নয় বিঘা কৃষি জমির মালিকের সংখ্যা**

**16.** (Admitted question No. 222.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) নয় বিঘা কৃষি জমির মালিকের সংখ্যা কোন্ জেলায় কত—যাহাদের খাজনা মকুব করা হইবে এরূপ কোন তথ্য সরকারের আছে কি; এবং

(খ) যদি থাকে, তা'হলে এদের সংখ্যা কত?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) এইরূপ তথ্য সঠিকভাবে সংগ্রহ করিতে কিছু সময় লাগিবে। ব্যক্তিগতভাবে বিঘা কৃষি জমির মালিক হইলেই খাজনা মকুব হইবে না। পরিবার ভিত্তিক নয় বিঘা জমি বা ার কম জমি থাকিলে তবেই খাজনা মকুব হইবে। পরিবার ভিত্তিক জমির সম্পূর্ণ তথ্যাদি হের জন্য নির্দিষ্ট ফরমে রিটার্ণ দাখল করিতে বলা হইয়াছে।

**হিমঘর**

**17.** (Admitted question No. 227.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) স্টেট ওয়ারহাউসিং করপোরেশনের পরিচালনায় কোন হিমঘর আছে কিনা;

(১) রাজ্যসরকারের কৃষি বিভাগের প্রত্যক্ষ অধীনে কয়টি হিমঘর আছে,

(২) তাহাদের প্রত্যেকটির নাম কি; এবং

(৩) প্রত্যেকটি নির্মাণ করিতে কত টাকা ব্যয় হইয়াছে; এবং

(খ) এই হিমঘরগুলির পরিচালনা বিষয়ে রাজ্যসরকারের কি নূতন পরিকল্পনা আছে ?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) তারকেশ্বরে স্টেট ওয়ারহাউসিং করপোরেশনের একটি হিমঘর আছে ;

(১) চারটি হিমঘর আছে।

(২) কানাইনাটশাল, ব্রুকলীন, পদ্মা, গড়বেতা হিমঘর।

(৩) (ক) কানাইনাটশাল হিমঘর—দামোদরভ্যালী করপোরেশনের নিকট হইতে ইহা ৩ লা টাকায় নেওয়া হইয়াছে।

(খ) ব্রুকলীন হিমঘর—ইহা অবিভক্ত বাংলার সম্পত্তি ; খরচ জানা নাই।

(গ) পদ্মা হিমঘর—সরকার ইহা গ্রহণ করিয়াছেন। এখনও ক্ষতিপূরণ নির্ণয় করা হয় নাই তবে ক্ষতিপূরণের পরিমাণ আনুমানিক সাড়ে আট লাখ টাকা।

(ঘ) গড়বেতা হিমঘর—এখন পর্যন্ত ব্যয় ১৫,৮০,১০০ টাকা।

(খ) ব্রুকলীন হিমঘর পশুপালন ও পশুচিকিৎসা বিভাগে এবং পদ্মা ও কানাইনাটশাল হিমঘ সমবায় বিভাগে হস্তান্তর করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন। গড়বেতা হিমঘরটি এই বিভাগে দ্বারা পরিচালনা করার বিষয় বিবেচিত হইতেছে।

## হিজোল আদিবাসী প্রাথমিক বিদ্যালয়

**18.** (Admitted question No. 231.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কা মহকুমার হিজোল আদিবাসী প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে ছাত্রছাত্রী ও শিক্ষকের সংখ্যা কত ?

**The Minister for Education :**

মুর্শিদাবাদ জেলায় ঐ নামে কোন অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় নাই।

## জেলাওয়ারী নলকূপের সংখ্যা

**19.** (Admitted question No. 235.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ জেলায় কতগুলি পানীয় জলের নলকূপ কাজ করিতেছে এবং কতগুলি অকে অবস্থায় আছে ; এবং

(খ) অকেজো পানীয় জলের নলকূপগুলি পুনর্খনন করার ব্যবস্থা আছে কিনা ?

**The Minister for Health :**

| জেলার নাম | চালু নলকূপের সংখ্যা | অকেজো নলকূপের সংখ |
|---|---|---|
| ১। হাওড়া | ৩,৫৬৫টি | ১,২০৬টি |
| ২। জলপাইগুড়ি | ৯৩৭টি | ৪০৬টি |
| ৩। কোচবিহার | ২,৮৬৩টি | ৬৪৮টি |
| ৪। হুগলী | ১১,৭০১টি | ১,৭২৮টি |
| ৫। বর্ধমান | ৭,৫৩৯টি | ৪,০৩২টি |
| ৬। বীরভুম | ২,৪০৯টি | ৬২৮টি |
| ৭। বাঁকুড়া | ১,০৭০টি | ৪৫৮টি |
| ৮। মালদহ | ২,৫৫২টি | ৪৩৩টি |

| | | | |
|---|---|---|---|
| ৯। পশ্চিম দিনাজপুর | | ২,৭৮৩টি | ৭০৪টি |
| ১০। মুর্শিদাবাদ | | ৬,৬৮৫টি | ১,২০৯টি |
| ১১। নদীয়া | | ১১,১৬৩টি | ১,৬১৪টি |
| ১২। চব্বিশ পরগনা | | ১৩,৫২০টি | ২,৬৪৮টি |
| ১৩। মেদিনীপুর | | ১০,৮৩৪টি | ১.৮৭৩টি |
| | মোট | ৭৬,৬৫১টি | ১৭,৬৫৫টি |

(খ) হাঁা, প্রতি বৎসর রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে এবং বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষ অকেজো নলকূপগুলি পুনর্খনন করিবার ব্যবস্থা আছে।

## তৃতীয় বিভাগের কয়েদী

**20.** (Admitted question No. 240.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি তৃতীয় বিভাগের জেল কয়েদীদের মশারী ব্যবহার ও চা পানের সুযোগ দেওয়া হয় কিনা?

**The Minister for Home (Jails):**

না।

## বিভিন্ন শ্রেণী সরকারী হাসপাতালে রোগীদের জন্য মাথাপিছু বরাদ্দ

**21.** (Admitted question No. 254.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকারী বিভিন্ন শ্রেণী হাসপাতালে অন্তর্বিভাগীয় (ইণ্ডোর) বহির্বিভাগীয় প্রত্যেকটি রোগীর ঔষধের জন্য গড়ে কত মঞ্জুরী আছে?

**The Minister for Health:**

বর্তমানে রোগীপিছু কোন নির্দিষ্ট মঞ্জুরী নাই। বাজেটে বরাদ্দীকৃত অর্থ হইতে ঔষধপত্রাদি কেনা হয় ও সেগুলি বিভিন্ন হাসপাতালে সরবরাহ করা হয়। হাসপাতালগুলি এ ঔষধ প্রয়োজনানুযায়ী আন্তর্বিভাগীয় ও বহির্বিভাগীয় রোগীদের সরবরাহ করিয়া থাকে।

## গোপীবল্লভপুর ও ডেব্রা এলাকার অধিবাসীদের রিলিফ ব্যবস্থা

**22.** (Admitted question No. 294.)

**শ্রীসনৎকুমার রাহা:** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোপীবল্লভপুর ও ডেব্রা এলাকায় স্থানীয় অধিবাসীদের দুর্গতি মোচনের জন্য কোন সরকারী রিলিফ ব্যবস্থা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, কি কি রিলিফের ব্যবস্থা হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) হাঁা।

(খ) একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

*Statement referred to in reply to clause (kha' of unstarred question No. 22*

### গোপীবল্লভপুর এলাকায়

(১) ৩৬,৪৫০ ইউনিটকে মোট ৭২ মেট্রিক টন ৯ কুইণ্টাল খাদ্যশস্য (মূল্য ৬৪,১৫২ টাকা খয়রাতি সাহায্য হিসাবে বিতরণ করা হইয়াছে।

(২) টেস্ট রিলিফের কাজে নিযুক্ত শ্রমিকদের মজুরীর জন্য ৪১ মেট্রিক টন ৯ কুইণ্টাল গ (মূল্য ৩৬,৮৭২ টাকা) এবং নগদ ৬৭,৬৮৬ টাকা ব্যয় করা হইয়াছে।

(৩) অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদিগকে খয়রাতি সাহায্য এবং গৃহনির্মাণ অনুদান বাবদ ৫,১৭ টাকা দেওয়া হইয়াছে।

(৪) এতৎ ব্যতীত ৩৮ ব্যাগ পাউডার দুধ, ২ ব্যাগ ডিহাইড্রেটেড পোট্যাটো, ১৪৮ খান ধুতি, ১৮৮ খানা শাড়ী, ৬৬০ খানা ছেলেমেয়েদের জামা প্যাণ্ট এবং ২৮০ খানা কম্বল বিতরণ কর হইয়াছে।

### ডেবরা এলাকায়

(১) ৫৫,৮০০ ইউনিটকে মোট ১১১ মেট্রিক টন ৬ কুইণ্টাল খাদ্যশস্য (মূল্য ৯৮,২০৮ টাক খয়রাতী সাহায্য হিসাবে বিতরণ করা হইয়াছে।

(২) টেস্ট রিলিফের কাজে নিযুক্ত শ্রমিকদের মজুরীর জন্য ১৩৫ মেট্রিক টন গম (মূল ১,১৮,৮০০ টাকা) এবং নগদ ১,৩৫,০০০ টাকা ব্যয় করা হইয়াছে।

(৩) এতৎ ব্যতীত ৭২ খানা ধুতি, ১০০ খানা শাড়ী, ৩৩৭ খানা ছেলেমেয়েদের জামা প্যাণ্ট এবং ১৫৬ খানা কম্বল বিতরণ করা হইয়াছে।

### সাগরদিঘি থানার অন্তর্গত কলাগাছি বিল

**23.** (Admitted question No. 334.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাগরদিঘি থানায় কলাগাছি (দামোস্) বিলটি সরকার অধিগ্রহণ করিয়াছেন কি না;

(খ) বর্তমানে উক্ত বিলের জলা কে ভোগ করিতেছে; এবং

(গ) উক্ত জলাকে মৎস্য বিভাগ কর্তৃক চাষের জন্য ব্যবহার করিতে দেওয়া হইবে কি না?

**The Minister for Land and Land Revenue:**

(ক) হ্যাঁ। বিলটির প্রকৃত নাম বালাগাছি দামোস্।

(খ) হাইকোর্টে মামলার রায় অনুসারে বর্তমানে উক্ত জলা নিম্নলিখিত ব্যক্তিগণ ভোগ করিতেছেন:

(১) আব্দুল জব্বার বিশ্বাস,

(২) সাবের আলী বিশ্বাস,

(৩) আব্দুল ওহাব বিশ্বাস,

(৪) আব্দুল হামিদ বিশ্বাস, এবং

(৫) মহম্মদ ইয়াদ হোসেন।

(গ) মৎস্য বিভাগ হইতে এ বিষয়ে কোন প্রস্তাব পাওয়া যায় নাই।

### পশ্চিমবঙ্গে আবাদী জমির পরিমাণ

**24.** (Admitted question No. 479.)

**শ্রীকালীপদ মণ্ডল :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) পশ্চিমবঙ্গে আবাদী জমির পরিমাণ কত ; এবং

(খ) বর্তমান বছরে কত জমিতে ধান চাষ হইয়াছে ?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) ১,৩৭,৬০,৬৫০ একর।

(খ) ১৯৬৯-৭০ সালের বিবরণী এখনও পাওয়া যায় নাই।

### ফুলেশ্বরী শুট্‌কী মাছের বাজার

**25.** (Admitted question No. 484.)

**শ্রীকালীপদ মণ্ডল :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার ফুলেশ্বরে একটি বিরাট শুট্‌কী মাছের আমদানী বাজার আছে ; এবং

(খ) অবগত থাকিলে, এই বাজারটিকে আধুনিকীকরণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**The Minister for Fisheries :**

(ক) হাঁ।

(খ) উক্ত বাজারটির আধুনিকীকরণের কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের নাই।

**Tripartite Wage Fixation Committee for Kesoram Rayon, Tribeni, Hooghly**

**26.** (Admitted question No. 497.) **Shri ARUN SEN :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether any Tripartite Wage Fixation Committee has been formed for Kesoram Rayon, Tribeni, Hooghly ;

(b) if so, what are the terms of reference and the composition of the said Committee ; and

(c) if not, the reasons therefor ?

**The Minister for Labour :**

(a) No.

(b) Does not arise.

(c) The formation of the Tripartite Committee and the terms of reference are under active consideration of the Government.

### Tripartite Wage Committee for Jute Industry

**27.** (Admitted question No. 507.) **Shri ARUN SEN :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether any Tripartite Wage Committee has been formed for Jute Industry in West Bengal ; and (b) (i) if so, the terms of reference and the composition of the said Committee, and (ii) if not, the reasons therefor ?

**The Minister for Labour :**
(a) No.
(b) (i) Does not arise.
(ii) The matter is still under discussion.

**খয়রাতি সাহায্য দান**

**28.** (Admitted question No. 528.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—চলতি আর্থিক বৎসরের বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাগুলিতে মোট কতজনকে খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare ( Relief) :**
একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to unstarred question No. 28.*

| | District | Total number of persons given doles during the period from 1st April 1969 to 31st December 1969. |
|---|---|---|
| | | Rs. |
| 1. | Bankura .... ... ... ... .... | 9,028 |
| 2. | Burdwan ... .... .... ... .... | 4,58,914 |
| 3. | Birbhum .... .... .... .... .... | 34,231 |
| 4. | Hooghly .... ... .... .. .... | 74,197 |
| 5. | Midnapore .... ... ... ... .... | 69,945 |
| 6. | Purulia ... .... ... ... .. | 4,49,395 |
| 7. | Howrah .... .... ... .... .... | 32,879 |
| 8. | 24-Parganas .... .... .... .... .... | 3,14,866 |
| 9. | Nadia .... .... .... .... .... | 1,31,364 |
| 10. | Murshidabad .... .... .... .... .... | 2,90,974 |
| 11. | Malda .... ... .... .... .... | 2,02,058 |
| 12. | West Dinajpore .... .... .... .... | 95,847 |
| 13. | Jalpaiguri .... .... .... .... .... | 3,79,962 |
| 14. | Cooch Behar ... .... .... ... ... | 1,93,968 |
| 15. | Darjeeling ... ... ... ... ... | 73 |
| 16. | Calcutta .... .... .... .... .... | 5,448 |
| | | 27,43,149 |

**পশ্চিমবঙ্গে পশু চিকিৎসালয়**

**29.** (Admitted question No. 210.)

**শ্রীসনৎকুমার রাহা :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পশুচিকিৎসালয় কোন্ জেলায় কয়টি; এবং

(খ) কোন্ কোন্ জেলার পশুচিকিৎসালয়ে কত টাকার ঔষধাদি গত ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে দেওয়া হয়?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

(ক) এ সম্বন্ধে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এতদসংক্রান্ত হিসাবপত্র কেন্দ্রীয় ভেষজাগারে থাকে। কেন্দ্রীয় ভেষজাগার বর্তমানে পশুচিকিৎসা মহাবিদ্যালয়ের ছাত্র আন্দোলনের জন্য বন্ধ থাকায় এ বিষয় সঠিক তথ্য সরবরাহ করা যাইতেছে না। তবে বর্তমান ব্যবস্থা অনুযায়ী প্রতি পশুচিকিৎসা হাসপাতাল এবং ব্লক ডিসপেন্সারীগুলির জন্য বৎসরে ঔষধপত্রাদির জন্য নিম্নলিখিত হারে টাকা বরাদ্দ করা হয়:—

পশুচিকিৎসা হাসপাতাল—২,৫০০ টাকা।

ব্লক ডিসপেন্সারী—

(টক)—১—১,৫৬০ টাকা।

(টক)—২—৫০০ টাকা।

## পল্লী অঞ্চলে সিনেমা লাইসেন্স

**30.** (Admitted question No. 333.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পল্লী অঞ্চলে সিনেমার জন্য অস্থায়ী লাইসেন্স দেওয়া হয় কিভাবে;

(খ) পল্লীতে স্থায়ী সিনেমা লাইসেন্স দিবার জন্য কি কি সর্ত পালন করিতে হয়; এবং

(গ) অস্থায়ী সিনেমা লাইসেন্স হোল্ডারের লাইসেন্স পুনর্নবীকরণ করা হয় কি না?

**The Minister for Home (Political) :**

(ক) লাইব্রেরী টেবিলে রক্ষিত দি ওয়েষ্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেশন অফ পাবলিক একজিবিশন) রুলস্, ১৯৫৬-এর পার্ট বি ও পার্ট সি অংশ দ্রষ্টব্য।

(খ) লাইব্রেরী টেবিলে রক্ষিত দি ওয়েষ্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেশন অফ পাবলিক একজিবিশন) রুলস্, ১৯৫৬-এর চার নং কল ফর্ম ওয়ান-এর শিডিউল দ্রষ্টব্য।

(গ) হাঁ।

### Adjournment Motions

**Mr. Speaker :** I have received four notices of Adjournment Motion on the following subjects, viz., (1) attack on Police party by C. P. I. (Marxist) supporters in Birbhum district on 29th January, 1970 from Shri Gyan Singh Sohanpal, (2) attack on Police party at Illambazar, Birbhum, from Dr. Zainal Abedin, (3) attack on Police party at Illambazar, Birbhum from Shri Shamsuddin Ahmad and (4) incident at Hariharpur, district Midnapore.

As an ordinary parliamentary opportunity will occur shortly, namely, debate on the Governor's Address, I have withheld my consent. The Hon'ble Member may read the texture of the Motion.

**Shri Gyan Singh Sohanpal :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, viz., attack on Police party by C. P. I. (M) supporters with bows and arrows in Birbuhm district on January, 29 with a view to obstructing them from the discharge of their normal duties exemplifying the failure of the West Bengal Government to establish the rule of law in the State.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি যে আপনি এটা চেয়ার থেকে পড়ে দিন, কারণ এটা কেটে ছোট করা হয়েছে।

**Mr. Speaker :** Thank you. This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent pubiic importance and of recent occurrence, namely, that the violent clash between a large crowd consisting of supporters of Marxists Communists armed with deadly weapons......

**শ্রীআব্দুস সাত্তার :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মোশানটা হচ্ছে ডঃ জয়নাল আবেদিনের, আপনি স্যার, সেটা বিকলাঙ্গ করে দিয়েছেন you have that right কালকে আমরা দেখেছি। এখন স্যার, বিকলাঙ্গ জিনিষটা ডঃ আবেদিন রিফিউসড টু রিড ইট আউট....

**মিঃ স্পীকার :** উনি আমাকে বললেন, আপনি পড়ুন।

**শ্রীআব্দুস সাত্তার :** ডঃ আবেদিন রিফিউসড টু রিড ইট আউট এবং আপনাকে রিকোয়েষ্ট করে বললেন এটা পড়ে দিন। এটা কোন রুল অনুসারে হল সেটা স্যার, দয়া করে একটু বলুন।

**মিঃ স্পীকার :** আমি সব পড়ে দিতে পারি, সে অধিকার আমার আছে, আপনাদের কারুর পড়ার দরকার নেই। আপনি রুল ৬৩ দেখুন Provided that where the Speaker has refused his consent under rule 59 or is of opinion that the matter proposed to be discussed is not in order, he may, if he thinks it necessary, read the notice of motion and state the reasons for his refusing the consent or holding the motion as being not in order.

**শ্রীআব্দুস সাত্তার :** স্যার, আপনি যদি রুলটা মাইনুটলি দেখেন তাহলে দেখবেন যে সেখানে বলা আছে read the notice of the motion and state the reasons for refusing the consent or holding the motion as being not in order. স্যার, এখানে দুটি সেনটেন্সকেই একসঙ্গে নিতে হবে। আপনি যদি রিফিউস করেন তাহলে আপনাকে রিজিন ষ্টেট করতে হবে ফর রিফিউসিং দি কনসেণ্ট। Here, Sir, you have not stated the reasons for refusing the consent.

**Mr. Speaker :** I have already given my ruling and I repeat that ordinary parliamentary opportunity will occur shortly, namely, debate on the Governor's address and so I have withhheld consent. After yesterday's incident I cansulted books and I am satisfied that the Speaker has got the power to do so. I can produce books, papers, documents and all sorts of your law books to satisfy all of you that I have got that power.

Now, Dr. Abedin's notice is this : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that the violent clash between a large crowd consisting of supporters of Marxists Communists armed with deadly weapons and the police party on duty at Illambazar, Birbhum, on 29th January, 1970, resulting in the death of two and injuring many Policemen.

The adjournment motion was not filed in time but I did not want to be technical, I accepted it and even this adjonrnment motion I could refuse because there are clauses which have not yet been verified, and on that ground alone I can cite dozens of instances of Brirish House of Commons about refusal of adjournment motions.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the reported most brutal incident of Haripur of Mandar P. S., Midnapore, where all the belongings of one Shri Haripada Jana were looted by Marxist Communists and rape was committed upon his wife successively by them and ultimately the victims had to leave their hearth and home praying for protection elsewhere.

**Shri Shamsuddin Ahmad :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the incident of Ilambazar in Birbhum district happening within 24 hours after the incident of Ranigunje. People of Ilambazar are molested without mercy and their properties are looted by the armed supporters of C.P.I. (M) on 29th January, 1970. A regular fighting continued between the C.P.I.(M) armed mob who were armed with dangerous weapons—lathi, ballam, arrow, soda-water bottle, etc. The Police had completely failed to save the life and property of the villagers of Ilambazar. Such acts of lawlessness has become a day-today affair.

**Mr. Speaker :** For the information of the honourable members I would say that the amendments to the Rules of Procedure having been operative from 29th January, 1970 notices of adjournment motions may kindly be handed over two hours before the commencement of the day's sitting and notice of calling attention matters must be handed over one hour before the commencement of the meeting. Notices received after the prescribed time will not be entertained by the office.

**শ্রী এ. কে. এম. ইশাক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে নীতি করবেন সেই নীতি আমরা শিরধার্য্য করে নেবো। কেন না, শিরধার্য্য করাটা আমাদের একটা প্রিভিলেজ। আজ পর্যন্ত এই নোটিশগুলি আমরা এক ঘণ্টা আগে দিতাম এবং এই হাউস-এর জন্ম যে দিন থেকে সেই দিন থেকে চলে আসছে। কিন্তু আজকে হঠাৎ ২ ঘণ্টা আগে নোশান দিতে হবে এই নিয়মটা কেন করলেন? এটা কি যাতে অপোজিশান আরো বেশী এ্যাডজোর্নমেণ্ট মোশান দিতে না পারে সেই ব্যবস্থা করলেন কি?

**মিঃ স্পীকার :** আমি অত তর্কবিতর্কের মধ্যে যেতে চাই না। অনারেবল মেম্বার-এর ইনফরমেশান-এর জন্ম বলছি, উনি জানেন সবই। কথা হচ্ছে, আমাদের রুলস কমিটি বসেছিলো তাতে সব পার্টির মেম্বাররা ঐ সিদ্ধান্ত নিয়েছেন। আমি একটা কথাও বলি নি, হাউসে দেওয়া হয়েছে, বিলি করা হয়েছে যা হয়েছে তাই। আগে তিনটার সময় মিটিং হত তাই ১২ টার সময় দিতো।

**শ্রী এ. কে. এম. ইশাক :** আমি আপনার অবগতির জন্ম বলছি, ওরা তো এটা নিশ্চয়ই করতে পারেন কিন্তু ওরা এটা করছেন অপোজিশানকে এই অধিকার থেকে বঞ্চিত করার জন্য, এটাই আপনাকে জানাচ্ছি।

**মিঃ স্পীকার :** আপনি খবর নেবেন আগে ৩ ঘণ্টা ছিলো।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় স্পীকার, স্যার, ধরুন, কোন একটা ঘটনা মফঃস্বলে ঘটলো, সেই মেম্বার যদি ঠিক ২ ঘণ্টার আগে এসে না পৌছতে পারে হাউসে তাহলে আপনি একটা ক্ষমতা রাখুন তাকে স্পেশাল পাওয়ার এক্সারসাইজ করে তাকে অনুমতি দেওয়ার।

**মি: স্পীকার:** আমি তো বলেছি যে আমি করে দেবো, এইরকম ঘটনা ঘটলে আমাকে বলবেন।

**ডা: জয়নাল আবেদিন:** মাননীয় স্পীকার, মহাশয়, আমার একটা নিবেদন আছে আপনার কাছে। আমরা যে ফরমে এ্যাডজোর্ণমেণ্ট মোশান দেই আপনি সেটা পড়ে দিলেন। আপনি এটা কাটতে পারেন, ডিসএলাউড করতে পারেন এটা কালকে আমরা দেখেছি। আমার বক্তব্য হচ্ছে, আমরা একটা বিষয়ে যে ফরম-এ দেই আপনার কাটছাটের পরে তার মানেটা অন্য রকম দাঁড়ায়। কিন্তু প্রসিডিংস-এ একথা থাকছে না adjournment motion was received in this form and I have mutilated it in this form এটা প্রোসিডিংস-এ থাকছে না। প্রোসিডিংস-এ যে বক্তব্য থাকছে সেটা আমার বক্তব্য নয়, সেটা চেয়ারের বক্তব্য। স্পীকার হিসাবে আপনি যেটুকু কাটছাট করতে পারেন এবং আপনার ক্ষমতা প্রয়োগের পরে সেটাই থাকছে। আমার নিবেদন এটার উল্লেখ থাক। আমরা এখানে যে ফরমে দিয়েছিলাম সেটা কাটছাট করে মিউটিলেট করে নুতন ফরম দাঁড়াচ্ছে এবং আপনার কাটছাটের পরে সংশোধনীর পরে প্রস্তাবে যেটা দাঁড়ালো সেটা প্রোসিডিংস-এ উল্লেখ থাক।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার, মহাশয়, জ্যোতিবাবু ঐ যে মালদায় চোরদের ছাড়বার ব্যাপারে 'নো' দেবার পর সব গোলমাল হয়ে গেল—স্যার, আপনিও সেইরকম নো, ইয়েস দিয়ে সব গোলমাল করে দিন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker** : I have received 8 notices of Calling Attention on the following subjects, namely :

1. Clash between Police and public at Songaon of West Dinajpur —from Shri Kumud Ranjan Mondal ;
2. Cease work by the teacher of a certain school of Bhatar P.S. in Burdwan district—from Shri Aswini Roy ;
3. Lockout in Guest Keen Williams Co. Ltd. of Howrah—from Shri Kalipada Mondal ;
4. Clash between Police and public at certain places of West Dinajpur—from Shri Sanat Kumar Raha ;
5. Police firing in Birbhum district on 29th January, 1970—from Shri Gyan Singh Sohanpal ;
6. Reported attack on members of staff of the British High Commission on 26th January, 1970—from Shri Amalendra Lal Roy ;
7. Reported incident of looting in P.S. Mandar, Midnapore district from Dr. Zainal Abedin ; and
8. Reported clash between Police and C.P.I.(M) supporters at Ilam Bazar from Dr. Zainal Abedin.

I have selected the notice on the subject of lockout in Guest Keen Williams Co. Ltd. of Howrah from Shri Kalipada Mondal,

The Hon'ble Minister may please make a statement today, if possible, or give a date.

**Shri Jatin Chakraborty** : The statement will be made on 5th February.

## Mention Cases

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** অধ্যক্ষ মহাশয়, এই অল্প কিছুদিন আগে বিক্রয় কর আইন সংশোধন করে যে অর্ডিন্যান্স করা হয়েছে সরকারী তরফ থেকে এবং সেই অর্ডিন্যান্সের উদ্দেশ্য অবশ্য কনজিউমারদের উপর বিক্রয় কর ধার্য করা। কিন্তু যে অর্ডিন্যান্স জারী হয়েছে সেই অর্ডিন্যান্স জারী হবার ফলে রেশমের উপর বিক্রয় কর ধার্য হয়েছে। কিন্তু সেই বিক্রয় কর কনজিউমার যারা তাদের উপর কতটা বসেছে বা বসবে তা জানি না তবে দেখা যাচ্ছে যে এর ফলে হাজার হাজার রেশম শিল্পী, তাঁতী—যারা মুর্শিদাবাদ বা মালদা জেলায় আছে তাদের উপর বিক্রয় করের বোঝা চাপিয়ে দেবার চেষ্টা চলছে। রেশমী জিনিষের দাম অল্প কিছু দিনের মধ্যে বেড়ে গেছে এবং তাতে রেশম তাঁতীদের ভয়ংকর ক্ষতি হচ্ছে। মহাজনরা চেষ্টা করছে ঐ কর তাঁতীদের উপর চাপিয়ে দেবার জন্য। সেইজন্য আমি কুটিরশিল্প মন্ত্রী এবং অর্থ বিভাগের মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে রেশম শিল্পীদের স্বার্থে মহাজনদের উপর যত খুশী ট্যাক্স করুন তাঁতীদের ঘাড়ে বা ঐ গরীব মানুষের ঘাড়ে যাতে ট্যাক্স না পড়ে তাদের উপর যাতে অবিচার, অত্যাচার না হয় সেইরকমভাবে তাদের বাঁচাবার চেষ্টা করুন।

**শ্রীশামসুদ্দিন আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সংবাদপত্রের পৃষ্ঠায় প্রতিদিন দেখা যাচ্ছে যে বিভিন্ন রকম সমাজবিরোধী কার্যকলাপ অত্যন্ত বেড়েছে। তার পরিপ্রেক্ষিতে একটি টেলিগ্রাম আমি আপনাকে পড়ে শোনাচ্ছি যেটা আমি পেয়েছি মালদা জেলা মানিকচক থানা থেকে। For the last five months the anti-social elements make our lives miserable by looting crops, cutting trees and so on. Today they attempted to raid our residential houses at Village Chowki P.S. Manikchak, district Maldah, West Bengal. The respective Police Station and district authorities informed and requested to rescue my family for permanent protection of life and properties of the Village Chowki, P.S. Manikchak, district Malda, immediately solicited. এই সম্পর্কে আমার একটু বলার আছে। আমাদের কালিয়াচক-এর অবস্থা অবনতির দিকে যাচ্ছে। এই থানা এলাকায় একটি রেডিও দোকান থেকে ৬০।৭০ টি রেডিও লুট হয়ে গেছে, সেইগুলি প্রকাশ্য বাজারে বিক্রী হচ্ছে, কিন্তু আসামীকে ধরা হচ্ছে না, এইরকমভাবে বিভিন্ন গ্রামে সমাজবিরোধীরা কোন পার্টির নামে গণ-আদালত বসিয়ে তাদের বিচারের প্রহসন করছে এবং তাদের কাছ থেকে টাকা আদায় করছে, এই টাকা কোথায় যাচ্ছে, জানি না, এই অবস্থার প্রতিকারের জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি! কালিয়াচক থানার বাজারে অরাজকতা চলছে, সেদিকে দৃষ্টি দেবার জন্য আমরা সকাতরে স্বরাষ্ট্র মন্ত্রীর নিকট বার বার চিঠি দিয়েছি ডেপুটেশন দিয়েছি, কালিয়াচক থানায় যে সন্ত্রাসের সৃষ্টি হয়েছে তার অবসানের জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীনেপালচন্দ্র রায় :** স্যার, আপনি জানেন আমরা যখন ১৯৬৯ সালে প্রথম হাউসে আসি তখন থেকে আমাদের ডান দিকে যেসব সদস্য আছেন অর্থাৎ সরকার পক্ষের যাঁরা সদস্য আছেন তাঁরা সব সময় —কন্সপিরেসীর ভূত দেখছেন, আমরা ষড়যন্ত্র করছি বলে ভূত দেখছেন, আমি তখন বলেছিলাম আপনারা যেন পাঁচ বছর নিশ্চিন্ত হয়ে থাকতে পারেন, যদি না থাকেন আমরা আপনাদের বেঁধে রাখব।

**শ্রীযতীন চক্রবর্তী :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, রেফারেন্স করা হয় কখন? রেফারেন্স করা হয় সেইসব বিষয়ে যার পাবলিক ইমপর্টেন্স থাকে, রিসেন্ট অকারেন্স-এর উপর কলিং এটেনশন এ্যাডজোর্ণমেন্ট মোশন যদি আপনি না দেন তাহলে হা

রেফারেন্স হয়, উনি ১৯৬৯ সাল থেকে আরম্ভ করলেন, ইজ ইট এ ম্যাটার অব পাবলিক ইমপর্ট্যান্স?

**মিঃ স্পীকার:** মিঃ রায়, আপনি বসুন।

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, আমার বক্তব্যটাতো রাখতে দিন। স্যার, আপনি তো আমাদের রাইট রক্ষা করবেন, না কি বলতে পারব না।

**মিঃ স্পীকার:** আপনি ইমিডিয়েটলী বলে শেষ করুন।

**শ্রীনেপালচন্দ্র রায়:** আমরা প্রতিদিন খবরের কাগজে দেখতে পাচ্ছি এই যুক্তফ্রন্ট ভাঙল, এই জোড়া লাগল, এ নিয়ে বাংলাদেশের মধ্যে একটা অস্বাস্থ্যকর আবহাওয়ার সৃষ্টি হয়েছে, এইজন্য ওঁরা বহু চেষ্টা করছেন, আমরা কিন্তু চুপচাপ বসে আছি, আজকে হয়ত ভাঙবে কিংবা ভাঙবে না সেটা জানি না, কিন্তু পশ্চিমবাংলার মানুষ চায়, আপনি হাউসের কাস্টোডিয়ান, দণ্ড মুণ্ডের কর্তা, আমি আপনার কাছে আবেদন রাখছি, এঁরা কখনো যেন পাঁচ বছর আগে না ভাঙে, আমরা এটাই চাইছি, আপনি সে চেষ্টা করুন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আমি আজই হাড়োয়া থানা থেকে ঘুরে এসেছি। সেখানে গিয়ে যা দেখেছি, সেটা একটা হরিবল্ পিকচার। এখানে নানা ধরনের কথা বলা হয়েছে যে পুলিশ নিক্রিয়। আমরা সেখানে গিয়ে দেখলাম যে ভবানীপুর ইত্যাদি জায়গায় সেখানে একটা বিরাট জোতদার ছিল। কৃষকরা যে জোতদারের সঙ্গে যখন মোকাবিলা করার জন্য যায়, তখন বসিরহাট এস, ডি, পি, ও এবং অন্যান্য পুলিশ অফিসাররা গিয়ে সেখানে নৃশংসভাবে শিশু এবং নারীদের উপর টিয়ার গ্যাস চালিয়েছে। এবং সেই টিয়ার গ্যাসের শেল আমরা কিছু সংগ্রহ করেছি এবং তাতে দেখা গেছে যে সেইসব শেল সাধারণতঃ ইউজ করা হয় না। সেইসমস্ত শেল ব্যবহার করা হয়েছে সেই জোতদারদের বাড়ী রক্ষার জন্য এবং সেখানে এক প্লাটুন নেপালী বাংকার মোতায়নে করা হয়েছে। আমাদের যেসব ওয়ার্ককারকে ধরে মারা হয়েছে আপনি যদি অনুমতি দেন তো নিয়ে এসে দেখাতে পারি যে কি অমানুষিক মার মারা হয়েছে। আমাদের আমলে এই জিনিষ হবে কেন? আমি সেইজন্য স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে দাবি করবো যে ইমিডিয়েটলি জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দিন যথাবিহিত ব্যবস্থা করার জন্য।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফৎ হেলথ্ মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে মেয়োহাসপাতালে ষ্ট্রাইক চলছে। এটা একটা সুপ্রাচীন হাসপাতাল। একটা হাসপাতাল দুমাস যাবৎ বন্ধ রয়েছে। এর প্রায় একশত জন কর্মচারী সরকারী হাসপাতালের রেটে বেতন বৃদ্ধির জন্য দাবী করেছে। কর্তৃপক্ষ আর্থিক সংকটের জন্য তাদের বেতন বৃদ্ধি করতে পারেননি এবং এই অবস্থায় কর্তৃপক্ষ হাসপাতালটি বন্ধ করে দিয়েছেন। আমি সেই কারণে বলতে চাই যে অবিলম্বে তার যে অর্থের প্রয়োজন তা যেন সরকার ব্যবস্থা করেন, যদি সেটা সম্ভব না হয় তাহলে এ হাসপাতালটি টেক ওভার করে সরকারের পরিচালনাধীনে এনে হাসপাতালটি আবার খোলা। যদি অবিলম্বে না খোলা হয় তাহলে উত্তর কলকাতার মধ্যে প্রায় ২১০টির মত শয্যার ব্যবস্থা যেখানে আছে, সেখানের সাধারণ মানুষ যদি হাসপাতালের অভাবে চিকিৎসা থেকে বঞ্চিত হয় তাহলে একটা দুঃখের বিষয় হবে। সরকার এইবিষয়ে সিমপ্যাথেটিক কনসিডারেশন দেখিয়ে সেই হাসপাতাল যাতে আবার খোলা যায় তার ব্যবস্থা করুন।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্ধমান জেলার ভাতার থানার বড়বেলুন মোহিনী মোহন বিদ্যালয়ের শিক্ষকরা ডিসেম্বর এবং জানুয়ারী মাসের বেতন না পাওয়ার জন্য আগামী ২রা ফেব্রুয়ারী তারা

কর্মবিরতির নোটিশ সেই বিদ্যালয়ের সম্পাদকের কাছে দিয়েছেন। তাদের জানুয়ারী এবং ডিসেম্বর মাসের বেতন যাতে দিয়ে দেওয়া হয় তার জন্য ব্যবস্থা করা হোক এবং ১৯৬৯ সাল থেকে যে প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা পাওনা আছে সেটা জমা দেওয়ার কথা চার বছরের মধ্যে। শিক্ষকরা একটা হিসাব দিয়েছেন যে তাদের টিউশন ফি এবং সরকারী সাহায্যে যে টাকা পেয়েছে এবং শিক্ষকদের বেতন এবং অন্যান্য খরচ বাদে সেই উদ্বৃত্ত টাকা। তা সত্ত্বেও সম্পাদক তাদের বেতন দিচ্ছেন না, যার জন্য তারা কর্মবিরতির নোটিশ দিয়েছেন। উপরন্তু সম্পাদক মহাশয় ভয় দেখাচ্ছেন যে যদি কর্মবিরতি হয় তাহলে স্কুল থেকে তাদের ছাঁটাই করা হবে। এই ধরনের জুলুম চলেছে। সেই প্রতিকারের জন্য আপনার মাধ্যমে তাদের পত্রটি শিক্ষামন্ত্রীর কাছে দিচ্ছি।

**শ্রীবলাইলালদাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর ও মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি আমার কেন্দ্রে সংঘটিত হয়েছে। অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করে এর প্রতিকার প্রার্থনা করছি। জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে উড়িষ্যার জলেশ্বরপুর থানার সন্নিকটবর্তী সমুদ্রে কেবা কারা উড়িষ্যার মৎসজীবী-দের জাল কেটে নিয়ে গেছে এই অভিযোগে উড়িষ্যার পুলিশ আমাদের রামনগর থানার, কাঁথি থানার, দীঘা, জলধা, এবং জুনপুট প্রভৃতি এলাকায় সমুদ্রউপকূলে যে সমস্ত মৎস্যজীবী মৎস্য শিকার করে—গত ১২ই জানুয়ারী তাদের লঞ্চ এবং নৌকা এবং অনেক মৎস্যজীবীদের বাড়ী ব্যাপকভাবে তল্লাসী করে। আমাদের এখানকার পুলিশকে বিন্দুমাত্র এই খবর জানানো হয়নি। এখানকার এস, ডি, ও এবং এস, ডি. পি, ও কেউ এই সংবাদ জানেন না। লোকাল পুলিশের কোন সাহায্য না নিয়ে এবং সংবাদ না দিয়েই উড়িষ্যার পুলিশ ব্যাপকভাবে তল্লাসী চালিয়েছে এবং কয়েকজনকে গ্রেপ্তার করে নিয়ে গেছে। কিন্তু এইদিনকার তল্লাসীতে কোন সন্দেহজনক জিনিসপত্র না পেয়ে ফিরে যায়। তারপর ১৪ই জানুয়ারী আবার কাঁথি এবং রামনগর থানা এলাকায় এসে ঐ সকল লঞ্চ এবং নৌকা তল্লাসী করে, 'রামপ্রসাদ' নামক লঞ্চে এক টুকরা ছেঁড়া জাল এবং একটা নৌকা হ'তে সমুদ্রে যে জাল ফেলা হয় তার একটা বল পেয়ে সেখানকার ১১জন মৎস্যজীবীকে উড়িষ্যার পুলিশ গ্রেপ্তার করে নিয়ে গেছে। এরা 'রামপ্রসাদ' নামক লঞ্চ এবং কয়েকটি নৌকা সিজ করে নিয়ে গেছে। এখনও অনেকের নামে গ্রেপ্তারী পরোয়ানা আছে বলে শোনা যাচ্ছে। ফলে শত শত মৎস্যজীবী যারা সমুদ্রে মৎস্য শিকার করে তারা ভয়ে ঘর ছেড়ে পালিয়ে গেছে এবং তাদের মধ্যে ব্যাপকভাবে আতঙ্কের সৃষ্টি হয়েছে। এবং তারা এই মৎস শিকার করতে না পারার ফলে গুরুতর ভাবে আর্থিক ক্ষতিগ্রস্ত হচ্ছে। এটা উড়িষ্যা পুলিশের একটা সাজানো ঘটনা বলে অনেকের মধ্যে ধারণা সৃষ্টি হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৯ সালের ফেব্রুয়ারী মাসে ঠিক অনুরূপ একটা ঘটনা আপনার সামনে উপস্থিত করতে চাই। উড়িষ্যার রাজনগর থানার পুলিশ রামনগর থানার ও কাঁথি থানার ১২৪ জন মৎস্যজীবীকে সমুদ্রে মৎস্য শিকার করার সময় জোর করে ধরে নিয়ে যায় এবং তাদের গ্রেপ্তার করে নিয়ে গিয়ে নির্মমভাবে অত্যাচার করে এবং তাদের বহুটাকা মূল্যের জিনিষ লুটপাট করে নেয় এবং তাদের লঞ্চ এবং নৌকা আটক করে রাখে। তারা উড়িষ্যার সরকারী চাঁদবালি ফিশিং এলাকায় অনধিকার প্রবেশ করে মাছ চুরি করেছে এই মিথ্যা অভিযোগে উড়িষ্যা পুলিশ যে মামলা রুজু করেছে তা এখনও শেষ হয় নাই। সেই ১২৪ জন মৎস্যজীবী গত এক বছর কাল নানাভাবে হায়রান এবং ক্ষতিগ্রস্ত হচ্ছে। পুনরায় এইরকম ঘটনায় একটা উদ্বেগের কারণ হয়েছে। প্রতিবেশী রাজ্যের সংগে এইরূপ ঘটনা যাতে পুন: পুন: না ঘটে তার একটা স্থায়ী সমাধান হওয়া প্রয়োজন। সেইজন্য উভয় রাজ্যের মন্ত্রী পর্য্যায়ে এই সম্পর্কে আলোচনা এবং সমস্যা সমাধানের স্থায়ী ব্যবস্থা অবলম্বনের জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি এবং উড়িষ্যার পুলিশ যদি অবিলম্বে এখানকার ব্যাপক তল্লাসী এবং গ্রেপ্তার বন্ধ করে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য দাবি জানাচ্ছি।

## PRIVATE MEMBERS' BUSINESS

### Non-official Resolutions

**শ্রীযতীন্দ্র চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রাইভেট মেম্বার বিজনেস প্রস্তাব হয়েছে তার মধ্যে প্রথম প্রস্তাব আনবার আগে আমি অনুরোধ করবো বিরোধী বন্ধুদের এবং আপনাদের কাছেও অনুরোধ করবো যে দ্বিতীয় প্রস্তাবটা আপনি আগে যদি তুলবার অনুমতি দেন। কারণ এটা নন্ কনট্রোভারসিয়াল, এর সম্বন্ধে সরকার পক্ষ থেকে আমরা কিছু কিছু কাজ ইতিমধ্যে করছিলাম, সুতরাং সে প্রস্তাব যদি প্রস্তাবক উত্থাপন করেন তা হলে তা তাড়াতাড়ি সরকার পক্ষের বক্তব্য রেখে এটা আমরা সর্ববাদীসম্মতভাবে গ্রহণ করতে পারি।

**Mr. Speaker :** I want the consent of the House. If the House agrees I will do that.

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আমাদের তরফ থেকে কোন আপত্তি নেই। কিন্তু দ্বিতীয় প্রস্তাবের উপর কোন বক্তৃতা হবে না।

**Mr. Speaker :** I take it that the House has agreed to take up this resolution out of turn. I call upon Shri Abul Barkat Atawal Ghani Khan Chaudhury to move his resolution.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Ghawdhury :** Mr. Speaker, Sir, I beg to move that this Assembly urges that immediate steps be taken by the Government of West Bengal to move the appropriate authorities to set up at least ore Railway Booking office within the Assembly House premises for facilities of railway travel of the Members—in the pattern oj Railway Booking facilities available within the precincts of the Parliament. Sir, I do not want to make any speech as I consider the resolution to be non-political and non-controversial.

**শ্রীযতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব মাননীয় সদস্য রেখেছেন এ সম্পর্কে কারো দ্বিমত নেই। ইতিমধ্যে পরিষদীয় দপ্তরের পক্ষ থেকে এই সম্পর্কে কিছুটা লেখা লেখি আরম্ভ করেছিলাম। কারণ অনেক সদস্য এই অধিবেশন শুরু হবার আগে আমার কাছে জানিয়ে ছিলেন যে, অধিবেশন চলার সময় যদি তাঁদের নিজের নিজের কনষ্টিটিউয়েন্সিতে যেতে হয় তাহলে টিকিট করার অনেক ঝামেলা পোয়াতে হয়। তা ছাড়া অনেক সদস্য আমার কাছে গিয়ে উপস্থিত হন এবং যেটুকু আমার পক্ষে সম্ভব রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে আমি তাঁদের টিকিট রিজারভেশন করবার ব্যবস্থা করে দিই। যে প্রস্তাব আজকে এখানে করা হয়েছে তা অত্যন্ত উপযুক্ত এবং সময় উপযোগী প্রস্তাব। এবং আমি লোকসভায় গিয়ে দেখেছি সেখানে পার্লামেণ্টের ভেতর ওদের রেলওয়ে বুকিং কাউন্টার আছে যেখান থেকে টিকিট রিজারভেসান সমস্ত ব্যাপার সদস্যদের জন্য করা হয়। এখানে সরকার পক্ষ থেকে আমি প্রতিশ্রুতি দিচ্ছি যে আমাদের এই বিধানসভার কাছাকাছি দুটি রেলওয়ে হেডকোয়াটার আছে, ইষ্টার্ন ও সাউথ ইষ্টার্ন, তাদের উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে আমাদের এখানে একটি কাউণ্টার অন্তত দুটি রেলের জন্য যাতে হতে পারে সে সম্পর্কে ব্যবস্থা যাতে তাড়াতাড়ি হয় তা গ্রহণ করার জন্য সরকার পক্ষ থেকে প্রতিশ্রুতি দিচ্ছি। আমার বিশ্বাস এই প্রস্তাব যদি সর্ব্ববাদী সম্মতক্রমে গৃহীত হয় তা হলে আমার হাত শক্তিশালী হবে এবং আমি রেলওয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে এই ব্যবস্থা করতে পারবো। এই কথা বলে আমি আবেদন করছি এই প্রস্তাব যেন সর্ব্ববাদী সম্মতিক্রমে গৃহীত হয়।

**শ্রীসনৎকুমার রাহা :** মাননীয় অধ্যক্ষ, মহাশয়, এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমার মনে হল যে পার্লামেন্টে ৯।১০ মাস কাল হাউস চলে আমাদের এখানে ৩ মাস হাউস চলে এই অজুহাত যদি রেলওয়ে তুলে বন্ধ করে দেন, সেজন্য আমরা এখান থেকে যেন কালই বুকিং ফেসিলিটিস পাই।

**শ্রীরামকৃষ্ণ সারোগী :** মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আমার একটা জিনিস বলার আছে সেটা হচ্ছে, কলকাতা থেকে যে রাজধানী এক্সপ্রেস যায় ওটার মধ্যে আমাদের এসেম্বলী থেকে যে কুপন দেওয়া হচ্ছে ওই রাজধানী এক্সপ্রেসের এগেনস্টে টিকিট ইস্যু হচ্ছে না। এই সম্বন্ধে রেলের সঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয় আলাপ আলোচনা করে যাতে একটা ব্যবস্থা হয় সেটা বিবেচনা করে দেখবেন।

**Shri Abul Barkat Atawal Gani Khan Chawdhury :** I thank you, the Hon ble Minister, Parliamentary Affairs, for accepting my resolution.

The motion of Shri Abul Barkat Atawal Gani Khan Chawdhury to move that this Assembly urges that immediate steps be aken by the Government of West Bengal to move the appropriate authorities to set up at least one Railway Booking Office within the Assembily House premises for facilities of railway travels of the Members in the pattern of railways booking facilities available within the precincts of the Parliament was then put and agreed to.

**Dr. Md. Fazle Haque :** Sir, I beg to move that this Assembly is of opinion that the agricultural labourers throughout the State be provided with health service facilities in the pattern of the Employees' State Government should contribute the empleyees' share.
Insurance Scheme and further that State

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ভারতবর্ষ তো বটেই পশ্চিমবঙ্গ কৃষির উপর নির্ভরশীল দেশ। আমাদের পশ্চিমবঙ্গের মানুষকে যদি বৈষয়িক দিক থেকে ভাগ করা যায় তা হলে সাধারণতঃ দুটি ভাগে ভাগ করা যাবে। একটা হচ্ছে কৃষিজীবী আর একটা হচ্ছে অকৃষিজীবি। স্যার, আপনি জানেন যে, বাংলার শতকরা ৭০ ভাগ মানুষ কোন না কোন ভাবে কৃষির উপর নির্ভরশীল। আমরা এটা লক্ষ করছি যে স্বাধীনোত্তর যুগের পর বাংলার ভাগচাষী ও কৃষিজীবীরা দিনের পর দিন অধোগতির পথে চলে যাচ্ছে। এই কথা সত্য যে কিছু মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত ও শিক্ষক ও কেরানীকুল—যাদের কোন না কোন সংগঠন আছে—তারা সেই সংগঠনের মাধ্যমে আন্দোলন করে নিজেদের কিছুটা আর্থিক উন্নতি বিধান করতে সমর্থ হয়, কিন্তু কৃষিজীবীর শ্রমিক যারা তাদের কোন সংগঠন নেই, তাদের আন্দোলন করার কোন সুযোগ নেই, তাই দিনের পর দিন তাদের অবস্থা অধোগতির দিকে যাচ্ছে, তাদের প্রতি কোন নজর দেওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ, মহাশয় আপনি জানেন যে, যারা কলকারখানার শ্রমিক তাদের নির্দিষ্ট মজুরীর হার আছে, তাদের চাকরীর নিরাপত্তা আছে, তাদের চিকিৎসার সুব্যবস্থা আছে, তাদের বিরুদ্ধে অন্যায় অবিচার যাতে না হয় তার বিচারের সুব্যবস্থা আছে, কিন্তু কৃষি শ্রমিক যারা, যাদের কোন সংগঠন নেই, তাদের এই সবের কোন সুবিচার হয় না। অথচ ৫০ ভাগ আসে এই কৃষি থেকে। এই কথা আমরা সকলেই স্বীকার করি যে কৃষি শ্রমিকদের পরিশ্রমেই আমাদের সকলের অন্ন আসে। মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আপনি জানেন যেসব শ্রমিকরা কাজকর্ম করে তাদের নানারকম সুযোগ সুবিধা দেওয়া—ই, এস, আই, এ্যাক্ট অনুযায়ী মেডিক্যাল ফেসিলিটি দেওয়া হয়। কিন্তু শ্রমিকরা দূরের কথা যেসব মহিলারা কাজ করে মেডিক্যালের সুবিধা দূরের কথা তাদের ভূমিষ্ঠ সন্তানকে রেখে দিয়ে কাজে যেতে হয়। তাদের কোন ব্যবস্থা হয় নি। এই অবস্থা কিছুতেই চলতে দেওয়া উচিত নয়। আমার মনে হয় এটার পরিবর্তন করা দরকার। এটা ঠিক কথা যে গ্রামে গ্রামে বহু স্বাস্থ্য কেন্দ্র গড়ে উঠেছে। কিন্তু উপযুক্ত ব্যবস্থার অভাবে সুচিকিৎসার অভাব থেকে যাচ্ছে এবং তার থেকে জনসাধারণ আজও বঞ্চিত। পশ্চিমবঙ্গ সরকারের অনেক বীজ-খামার আছে। কোন কোন জেলায় বড় বড় বীজ-খামার আছে। আমি প্রস্তাব করছি সরকারী খামারে

এই ব্যবস্থা চালু করে সরকার এই ব্যাপারে পথপ্রদর্শক হন। তার ফলে, গ্রামের শ্রমিকরা আশার আলো দেখতে পাবে। তারা ভাবতে পারবে যে, আমাদের জন্য কিছু করা হচ্ছে। এই বিষয়ে সরকারের কাছে একটা প্রস্তাব রাখছি। এই ব্যাবস্থা চালু করার জন্য একটা Medical Benifit Council for agricultural labourers—এইটা কিভাবে কাজে পরিণত করা যায় সেটা তাদের উপর ভার দেওয়া হোক। যাতে গ্রামের কৃষক শ্রমিকরা সুযোগ সুবিধা পেতে পারে তারজন্য আমাদের ব্যবস্থা করা উচিত। আপনি জানেন, সম্রাটদের আমল থেকে আরম্ভ করে বৃটিশ আমল পর্য্যন্ত এমন কি এখনও পর্য্যন্ত চাষবাসের প্রথা একই রকম চাল রয়েছে। তার পরিবর্ত্তন কিছু হয় নি। হয়ত দামোদর পরিকল্পনা বা ময়ূরাক্ষী পরিকল্পনার মত কিছু কিছু হয়েছে ঠিকই, কিন্তু আজও কৃষকদের বরুণ দেবতার উপর নির্ভর করতে হয় একটু জলের জন্য। কৃষকদের জীবন ধারণের গ্লানি যদি দূর না করা যায় তাহলে আমাদের সমাজের মঙ্গল হতে পারে না। কারণ, আমাদের সমাজ কৃষি-ভিত্তিক। শুধু ব্যক্তি স্বাধীনতা ও ভোটের অধিকার দিলেই হবে না। আমরা সমাজতন্ত্রের কথা বলব। আর একদিকে চরম দরিদ্রতা আর অপর দিকে অপর্যাপ্ত ভোগ বিলাস চলেছে—এটা হতে পারে না। তাহলে, গণতন্ত্র বিপন্ন হয়ে পড়বে। তাই আমার নিবেদন এবং সরকারের কাছে প্রস্তাব করি, তাঁরা কৃষক এবং জনতার দরদী বলে বহুবার নিজেদের ঘোষিত করেছেন। এখন এই কাজের দ্বারা প্রমাণ করুন যে সত্যই তাঁরা তাই।

[At this stage the House was adjourned for 20 miuutes.]

**ডাঃ নিরঞ্জন ভক্ত:** স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপার আপনার কাছে রাখছি। আপনি ৩.৪০ মিঃ সময়ে বিরতি দিয়ে গেলেন। আমরা accordingly গিয়ে দেখলাম যে আমাদের জন্য একটা Special Member ক্যান্টিন করা হয়েছে যাতে আমরা ক্ষিপ্রগতিতে চা পান করতে পারি, কিন্তু ১২।১৪ মিনিট অপেক্ষা করেও এক কাপ চা আমরা পেলাম না।

**মিঃ স্পীকার:** এটা ভয়ঙ্কর অন্যায় ব্যাপার। আমি সব দেখব।

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, এই ভদ্রলোককে যে contract দেওয়া হয়েছে জানি না যতীন বাবুর বা অন্য কোন দলের লোক কিনা? কিন্তু নিমতলা শ্মশানে এর চেয়ে ভাল জিনিষ পাওয়া যায়।

**মিঃ স্পীকার:** এরা Writers Buildings-এ গর্ভমেন্টের কাজ করে।

**শ্রীনেপালচন্দ্র রায়:** জনপ্রতিনিধিকেও অন্যায় এর চেয়ে ভাল জিনিষ আজো দিতে পারে।

**মিঃ স্পীকার:** আমি দেখব।

**শ্রীনেপালচন্দ্র রায়:** লাইন দিয়ে কুপন নিতে হয়। আমরা M. L. A. রা পয়সা দিয়ে খাচ্ছি। কিন্তু এদের চাকরদের ধরতে হয় এক কাপ চা পাবার জন্য।

**মিঃ স্পীকার:** আমি দেখছি কি করতে পারি।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আমি একটা প্রিভিলেজের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার office থেকে post করা জিনিষ কোলকাতার মধ্যে ৬।৭ দিনের মধ্যে পৌঁছায় না। ইতিপূর্বে ২৭ তারিখে আমি যখন এই ঘটনার কথা বলেছিলাম তখন পরিষদীয় মন্ত্রী আমাকে মিথ্যা-বাদী বলার চেষ্টা করেছিলেন। সৌভাগ্যক্রমে আমি সেই মোড়ক দুটি আজ এনেছি। আপনার এখানে ১৭ তারিখে যে বিল post হয়েছে সেটা আমার এখানে কোলকাতার ঠিকানায় delivery হয়েছে ২৩ তারিখে। ১৯ তারিখে post হয়েছে ২৬ তারিখে পৌঁছাল, ২৭ তারিখে আমাদের এখানে আলোচনা হল। আমরা পরিষদীয় মন্ত্রীর মত অতটা সত্যাশ্রয়ী না হতে পারি, কিন্তু সভ্য হিসাবে আমাদের একটা ভদ্রতা আছে এবং সেজন্য কোন মেম্বার যদি কিছু বলে তাহলে সেটা বিবেচনা করা উচিৎ। সুতরাং আমি এটা enquiry করতে বলছি।

**মিঃ স্পীকার :** এটা খুব গুরুতর ব্যাপার। এটা Post Office এর ব্যাপার বলে তাদের চিঠি লিখে দেখি যাতে এরকম না হয়। আমরা আরও দেখছি যাতে হাতে হাতে দেওয়া যায় কিনা? এরা বলছেন আমাদের স্কুটার কেনার অর্ডার হয়েছে। স্কুটার অর নো স্কুটার একজন লোক বিলি করে এলে আর ঝামেলা থাকে না।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল :** স্যার, পার্লামেন্টের মেম্বারদের বাড়ীতে বাড়ীতে এই সমস্ত জিনিষ ডেলিভারী দেওয়া হয়।

**মিঃ স্পীকার :** সেখানে সুবিধা আছে, তারা সব একই বাড়ীতে থাকে এবং নাহলেও কাছাকাছি বাড়ীতে থাকে। আর এখানে কেউ যাদবপুর আর কেউ টিটাগড়ে থাকে সুতরাং এখানকার কথা আলাদা। যাই হউক আমি দেখছি।

**Shri A. H, Besterwitch:** Ever since I came here as a Member I have found that the arrangements for canteen for M. L. A.s as well as visitors are not satisfactory. It is surprising to note what sort of canteen is there. I was told that the canteen of Writers' Buildings has come here and I was expecting lot of good things from the canteen. To tell you frankly, daily I go there and come back without having a cup of tea. I have seen gentlemen sitting over there ordered three plates but only one plate was supplied. I have seen some ভদ্রলোক sitting over there going through some কাগজপত্তর। If this is the kind of canteen that we have here then it is better that it goes to Writers' Buildings. It is nothing but insult to the Members of the House. We have got to go over there and return without having a cup of tea, I request you that immediate action should be taken.

**Mr. Speaker:** Mr. Besterwitch, I have just been told that yesterday there was no sitting of the House and those canteen people brought those foodstuff and they could not be sold because there was no House yesterday. There are these difficulties. I am not supporting this ; I am not in favour of having this sort of arrangement. Better arrangements should have been made and should be made. Let me see what I can do, no matter the price. এ রকম চলবে না।

**শ্রী এ. কে. এম. ইসাক :** স্যার, আমি অবশ্য খাবারের ব্যাপারে খুব সেনসেটিভ নই। কিন্তু আপনি যে এক্সপ্লানেশান অফার করলেন তাতে I am very much aggrieved. এই এক্সপ্লানেশানে, কারণ এর আগেও বহুবার এই হাউস এ্যাডজোর্ণ হয়েছে তাতে তারপরের দিন ক্যানটিন ওয়ালারা আর খাবার আনেনি এই রকম কখনই হয়নি, ক্যানটিন ওয়ালারা কখনই এই গ্রাউণ্ড দেয়নি যে তার আগেরদিন তাদের খাবার বিক্রী হয়নি। সুতরাং আপনার এই এক্সপ্লানেশান যেখান থেকেই পান এটা হাউসে ডিষ্ট্রিবিউট করবেন না।

**Mr. Speaker:** Now see Shri Jamini Bhusan Saha may please move his motion.

**শ্রীযামিনীভূষণ সাহা :** মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাবের উপর আমার ছোট্ট একটী amendment আছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** On a point of order, Sir, আমাদের তরফ থেকে যে resolution move করা হয়েছে, তার উপর উনি কোন amendment দিতে পারেন না—এই হৈছে, যদি আপনি তাঁকে সেই অনুমতি না দেন এখন। Rule 174(2) আমি আপনাকে পড়ে শোনাচ্ছি—সেখানে বলছে—"If notice of such amendment has not been given

one day previous to the day on which the resolution is moved, any member may object to the moving of the amendment, and such objection shall prevail, unless the Speaker allows the amendments to be moved.

এই গ্রাউণ্ডে আমি আপনার protection চাচ্ছি যে তিনি এই ষ্টেজে কোন amendment move করতে পারেন না।

আপনাকে Rule 322 প্রতি একটু দৃষ্টি দিতে বলছি—আপনি আপনার direction exercise করতে পারেন। সেই Rule 322 তে বলছে—"Notice of an amendment to a motion shall be given one day before the day on which the motion is to be considered unless the Speaker allows the amendment to be moved without such notice."

এই গ্রাউণ্ডে, মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বেসরকারী resolution যা এখানে উত্থাপিত হয়েছে আমাদের তরফ থেকে তার উপর কোন amendment একদিন আগে পাই নি। সেই হেতু এই resolution-এর উপর এখন কেউ কোন amendment move করতে পারেন না। এই সম্পর্কে আপনার Ruling চাচ্ছি।

**শ্রীযামিনীভূষণ সাহা:** মিঃ স্পীকার স্যার, আমাকে কালকে এটা দেওয়া হয়েছে। কাজেই একদিন আগে কিভাবে এই সম্পর্কে amendment দেওয়া যায়। কালকে পেয়েছি।

**Mr. Speaker:** আমি আপনাকে বলি Rule does not permit you to move the amendment at all. But having regard to the special circumstances of the case may I appeal to the Members of this House just to agree and allow him to move the amendment. If you agree I can allow him, otherwise not.

(Cheers from the opposition)

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার কাছে নিবেদন করছি এই ষ্টেজে amendment এর চেহারাও দেখিনি। আমরা জানি এই হাউস একটা নির্দিষ্ট আইনে ও নিয়মে চলে এবং তার জন্য নির্দিষ্ট Rules কমিটি আছে। সেই আইনের বলে এই হাউস পরিচালিত হচ্ছে। কাজেই এই ষ্টেজে কোন amendment দেওয়া যায় না। আপনি শুধু এখানে আইন তুলে ধরবেন ও আইনের শাসন বজায় রাখবেন—এই নিবেদন আপনার কাছে রাখছি।

**শ্রীগোপাল বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে order paper এ কালকে মাত্র resolution টা পেয়েছি। যদি সেই Resolution-এর উপর কোন amendment দিতে হয়, তাহলে আজকে সেটা দিতে হয়। ২৪ ঘণ্টা আগে দিতে গেলে এটা পাবার আগে দেওয়া উচিত ছিল। কাজেই যদি প্রিভিলেজ দেখাতে হয়, সকলকে দেখাবেন। যিনি প্রস্তাব এনেছেন তাঁকে কেবল প্রিভিলেজ দেখাবেন, আর অন্য যাঁরা হাউসের মেম্বার আছেন, তাঁদের প্রিভিলেজ দেখাবেন না, তা হতে পারে না। যাতে সকলের প্রিভিলেজ রক্ষিত হয় তার ব্যবস্থা করুন। Resolution কালকে all on a sudden এসেছে, কালকে পেলে কালকেই দিয়ে দিতাম। ঐ আইন আছে বলে special power আপনার আছে, under special condition-এ আপনাকে আপনার discretion apply করতে হবে। কারণ একদিন আগে resolution পাইনি। সেইজন্য সময়মত তার amendmentও দেওয়া যায়নি। কাজেই হাউসের মেম্বারদের প্রিভিলেজ রক্ষার জন্য আপনার discretion apply করবেন ও ওঁর amendment allow করবেন—এই অনুরোধ আমি জানাচ্ছি।

**শ্রী এ. কে. এম. ইসাক:** স্যার, আমি একটা কথা আপনার সামনে রাখছি—যে নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী আপনার বহু ক্ষমতা আছে। আপনার ক্ষমতা আছে যদি কোন এ্যাডজোর্ণমেণ্ট মোশান আমরা আনি তাহলে সেগুলিকে আপনি য়্যালাউ করতে পারেন,

ডিসয়্যালাউ করতে পারেন। আমরা প্রকাশ্য দিবালোকে লুঠতরাজ, খুন খারাপী, মায় নারী ধর্ষণের ব্যাপারে এ্যাডজোর্ণমেণ্ট মোশান এনেছি·······

**মিঃ স্পীকার :** আপনি কি বলছেন, কোথা থেকে বলছেন বুঝতে পারছি না—এটা সম্বন্ধে বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায় :** আপনি স্যার, হাউসের কাষ্টোডিয়ান—আপনি আমাদের প্রিভিলেজ রক্ষা করুন।

**মিঃ স্পীকার :** আপনি ১০০ বার ধরে উঠবেন না মিঃ রায় please take your seat. I cannot allow you to disturb the business of the House.

**শ্রী এ. কে. এম. ইসাক :** স্যার, আমি যেটা বলছিলাম এখানে আপনি আমাদের জানিয়ে দিয়েছেন যে বিধিসংগতভাবে উনি তুলতে পারেন না। তারপর আমাদের দিকে চেয়ে বললেন আমরা যদি এগ্রি করি—আমি যেটা বলছিলাম, আপনার ক্ষমতা থাকা সত্বেও যখন আপনি আমাদের এ্যাডজোর্ণমেণ্ট মোশান য়্যালাউ করেন নি সেই একটা অবস্থা। দ্বিতীয়তঃ আপনার অধিকার থাকা সত্বেও আমাদের দিকে চেয়ে বলছেন আপনারা এগ্রি করলে এটা হতে পারে। মাননীয় স্পীকার মহাশয়, এই যদি য়্যাপ্রোচ হয় তাহলে আমাদের মনে য়্যাপ্রিহেনসন থেকে যাচ্ছে, আমরা ভীত হয়ে যাচ্ছি।

**Mr. Speaker** : Please do not try to advise me. I am quite competent to deal with any situation. I have already said that under the rules I cannot allow this amendment though I have got a discretion which at the last moment I do not like to exercise.

**ডাঃ নলিনাক্ষ্য সান্যাল :** মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আমাদের বন্ধু যে প্রস্তাব এনেছেন আমাদের সামনে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব। এর মধ্যে নীতিগত প্রশ্ন আছে এবং এই সঙ্গে একে কার্যকরী করবার জন্য যে প্রয়োজনীয় ব্যবস্থা তারও উল্লেখ রয়েছে। আমরা বাংলাদেশের ২৮০টি আসনের যেসব প্রতিনিধি এখানে আছি তার মধ্যে অধিকাংশই হচ্ছে পল্লীবাসীর প্রতিনিধি কিন্তু তা সত্বেও আমরা দুর্ভাগ্যক্রমে লক্ষ্য করছি যে যা কিছু অর্থের ব্যবস্থা, সুযোগসুবিধা তা শহরবাসীদের জন্যই অধিকতর ব্যয় হয়ে যায় এবং তাদের সুখসুবিধা দেখবার জন্য সরকার অত্যন্ত বেশী রকম উদগ্রীব বলে মনে হয়। যেভাবে আমাদের এখানে দরিদ্র শ্রমজীবীদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে সেটা আমরা অত্যন্ত ভাল বলে মনে করি এবং তাকে আমি অভিনন্দন জানাই এবং কংগ্রেস আমলেই সেই জিনিসটা করা সম্ভব হয়েছে কিন্তু আজকে চারিদিকে আমরা যখন পল্লীতে ঘুরি তখন দেখি যে কৃষিজীবীদের জন্য উপযুক্ত চিকিৎসার কোন ব্যবস্থা নেই এবং কৃষকদের মধ্যে যারা শ্রমিক কৃষক ভূমিহীন কিম্বা যাদের অল্প ভূমি আছে তারা দীর্ঘদিন রোগে ভোগে, তাদের মা মেয়েদের চিকিৎসার কোন সুব্যবস্থা নেই। আমি একথা বলতে চাই যে, যেভাবে আমাদের সীমিত অর্থসংস্থান এখানে স্বাস্থ্যের ব্যবস্থা রয়েছে দুর্ভাগ্যক্রমে সেখানে গ্রামের লোকদের সম্পর্কে অত্যন্ত ঔদাসীন্য আমরা দেখতে পাচ্ছি। পরশুদিন কাগজে দেখলাম মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় মেডিকেল কলেজের কাছে একটি সভা উদ্বোধন করতে গিয়ে স্বীকার করেছেন যে অর্থাভাবের জন্য গ্রামের সমস্ত জায়গায় স্বাস্থ্য-কেন্দ্র খোলার যে পরিকল্পনা আছে তা সম্ভব হচ্ছে না। আমরা জানি বড় বড় ব্লক এরিয়ায় কাঁচা রাস্তা ছাড়া অন্য জায়গায় যাবার আর কোন উপায় নেই এবং সেই সমস্ত ব্লকে ৩/৪ টির বেশী প্রাইমারী হেল্থ সেণ্টার নেই এবং খুব কম জায়গাতেই উচ্চ পর্য্যায়ের স্বাস্থ্যকেন্দ্র আছে। এ সম্বন্ধে বারম্বার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং প্রশ্নোত্তরের মাধ্যমেও জানতে চেয়েছি যে বাংলাদেশের বিভিন্ন ব্লক ও বিভিন্ন জেলার কোন কোন অঞ্চলে কোথায় কোথায় কত স্বাস্থ্যকেন্দ্র হয়েছে এবং কোথায় নেই। ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় ভিলেজ হেল্থ সেণ্টার অর্থাৎ গ্রামে গ্রামে স্বাস্থ্যকেন্দ্র করার

একটা পরিকল্পনা করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে সেই পরিকল্পনা বর্তমানে এখন স্থগিত আছে বা বতিল করে দেওয়া হয়েছে বলে আমরা শুনতে পাচ্ছি। তার উপর গ্রামাঞ্চলে যেসব জায়গায় হেল্থ সেণ্টার আছে সেখানে ডাক্তার নেই, ডাক্তার যদিও বা আছে কোন কোন জায়গায় ওষুধ নেই। পয়সা দিয়ে ওষুধ না কিনলে আর কোন জায়গায় চিকিৎসা হবে না। যাহোক, গ্রামের কৃষক ও শ্রমিকদের চিকিৎসার অভাবে আয়ু ক্রমশঃ কমে যাচ্ছে এটা আমরা দেখতে পাচ্ছি। আমাদের যেসব অঞ্চলে পাট উৎপাদন হয় সেইসব জায়গায় জল পচে দুষিত হয়ে যায় এবং সেই পচা জলের মধ্যে দাঁড়িয়ে আমাদের শ্রমিকদের দীর্ঘ সময় পরিশ্রম করতে হয় এবং অনেক সময় সেই দুষিত জল তারা পান করে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত এইসবের প্রতিকার করার কোন ব্যবস্থা করা সম্ভব হয়নি। শহরের শ্রমিকদের জন্য যে ব্যবস্থা আছে ঠিক তদনুরূপ ব্যবস্থা পল্লীর কৃষক, শ্রমিকদের জন্য যাতে করা হয় সেই দাবী আমাদের এই প্রস্তাবে করা হয়েছে এতে নূতন কিছু বলা হয়নি। শহরে যদি ইনসিওরেন্স স্কীমের মাধ্যমে শ্রমিকদের স্বাস্থ্যের সুব্যবস্থা সম্ভব হয়ে থাকে তাহলে পল্লী-গ্রামেও সেইরকম ব্যবস্থা কেন করা সম্ভব হবে না সেটা একটু ভাবা দরকার। শহরাঞ্চলে যেসব শ্রমিকরা শিল্পের সঙ্গে যুক্ত আছেন সেখানে শিল্প মালিকদের কাছ থেকে একটা অংশ আদায় করে নেওয়া হয় এবং তার সঙ্গে সরকার কিছু টাকা দিয়ে একটা ইনসিওর স্কীম তৈরী করে শ্রমিকদের জন্য চিকিৎসার ব্যবস্থা করেছেন। কিন্তু গ্রামাঞ্চলের শ্রমিকদের ক্ষেত্রে ঐরূপ ব্যবস্থা করা সম্ভব হয়নি। কারণ সেখানে শ্রমিকরা যাদের কাছে কাজ করে তাদের মালিকদের কাছ থেকে অনুরূপভাবে কিছু প্রিমিয়াম আদায় করে নেবার ব্যবস্থা এখন পর্যন্ত সম্ভব হয়নি। সেটা প্রতিষ্ঠার জন্যই আমরা এখানে প্রস্তাব করেছি যে যতক্ষণ পর্যন্ত কে কার কাছে শ্রমিক হিসাবে কাজ করছেন সেটা সিদ্ধান্ত না করতে পারি ততক্ষণ পর্যন্ত এই দেয় টাকাটা সরকার পক্ষ থেকে দেওয়া উচিত।

মোটামুটি আমাদের এই প্রস্তাবে যে অংশ রয়েছে সেটা একটা নীতিগত প্রশ্ন যে শহরে যেভাবে শ্রমিকদের কল্যাণের জন্য সরকারী পর্যায়ে দায়িত্ব নেবার ব্যবস্থা হয়েছে ঠিক তদনুরূপ পল্লীর দিকেও নজর দেওয়া হোক। আমরা পল্লীবাসীদের কাছ থেকে তাদের অনুগ্রহ বা ভোট নিয়েই এই বিধানসভায় আসতে পেরেছি। আমরা যারা এসেছি তাদের প্রত্যেকেরই দায়িত্ব আ'ছ পল্লীর দিকে নজর দিয়ে তাদেরও অনুরূপ সাহায্য ও সুবিধা দেওয়ার। তা যদি না হয় তাহলে আমাদের কৈফিয়ত দেবার আর কিছু থাকবে না। অনেক সময় আমাদের এখানে নানান জিনিষের অবতারণা করা হয়ে থাকে যা দেখে আমরা স্তম্ভিত হয়ে যাই। সমাজকল্যাণের যা কিছু কল্যাণকর কাজ তা যদি একপেশে দৃষ্টিভঙ্গীতে হয় তাহলে তাতে সমাজকল্যাণ হয় না। সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে যদি করা সম্ভব হয় তাহলে তা করা দরকার। যারা আশ্রিত বা যারা প্রজা তাদের সমানভাবে দেখে সরকার তাঁদের কল্যাণ ব্যবস্থা করবেন এই দাবিই আমরা জানিয়েছি এরমধ্যে তাছাড়া আর বেশী কিছু নেই। স্যার, এই প্রসঙ্গে অমি বলি যে আমরা দেখি কোলকাতায় যারা বাস চালান—সরকারী কর্মচারী—সরকারী পর্যায়ে তাদের আয় বেশী, নানান সুযোগ-সুবিধাও বেশী কিন্তু যারা বাইরে থাকেন তারা তদনুরূপ বা তার থেকে বেশী পরিশ্রম করেন কিন্তু সেইসব বাস কর্মীদের সেইরকমভাবে রক্ষা করবার ব্যবস্থা নেই। তাদের সোশ্যাল. সিকিউরিটি মেজার্স অত্যন্ত সীমাবদ্ধ। এর ফলে অনেক সময় তাদের মধ্যে ক্ষোভ দেখা যায়, সরকার সেদিকে নজর দিচ্ছেন না। স্যার, আপনি জানেন যে কোলকাতা শহরে যে ট্রাম ও বাস চলে সরকার কি কারণে জানি না তাদের জন্য মুক্ত হস্ত হয়ে থাকেন এবং তারজন্য বছরে ৬ কোটি টাকা লোকসান স্বীকার করে নিয়ে চলেছেন। আর এই টাকা আসছে পল্লীগ্রামের চাষী যারা নিজের হাতে শস্য উৎপাদন করে আমাদের মুখে খাদ্য যোগাচ্ছে, তাদের রক্ত জল করে, তাদের কাছ থেকে। কিন্তু তারা যদি অসুস্থ হয়ে পড়ে তাহলে তাদের চিকিৎসার কোন ব্যবস্থা থাকে না। স্যার, কয়েক মাস আগে আমার নির্বাচন কেন্দ্রের গ্রামে গ্রামে যখন

আমি ঘুরছিলাম তখন একটি বাড়ীতে কান্নার রোল শুনে মনটা ব্যাথিত হওয়ায় সেখানে গেলাম গিয়ে দেখলাম একটি বছর তিনেকের শিশু রক্ত আমাশার রোগী মারা গিয়েছে। বছ আষ্টেকের আর একটি শিশুর অবস্থাও মুমূর্ষু। আমি জিজ্ঞাসা করলাম কোন চিকিৎসার ব্যবস্থ করা হয়নি কেন। শুনলাম চিকিৎসা কোথায় হবে, এখান থেকে ১০ মাইল দূরে হাসপাতাল আমি তাকে গরুর গাড়ীতে করে করিমপুরের হাসপাতালে পাঠালাম এবং সেখানকার ডাক্তারবে একটি চিঠি দিয়ে দিলাম যাতে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়। শুনলে আশ্বস্ত হবেন ছেলেটি বেঁচে গেল। কাজেই চিকিৎসার ব্যবস্থা করা নিতান্তই জরুরী। আমরা বার বার ধর্ণা দিয়েও এ ব্যবস্থ করতে পারছি না। আমি স্বীকার করি যে সরকারের সঙ্গতি সীমাবদ্ধ কিন্তু সেটা ন্যায়সঙ্গত ভাবে বিচার করে ব্যবহার করা হবে সেটা দেখাও সরকারের কর্তব্য। সেইজন্য আমি মনে করি, যে প্রস্তাব আমাদের বন্ধু তুলেছেন সেটা সকলে গ্রহণ করবেন। একদিকে অন্য এ যেমন আমরা চেষ্টা করছি বা দাবি জানাচ্ছি কৃষকদের ন্যূনতম মজুরী স্থির করে দেওয়া দরকার বা যেমন শহরের মজুরদের জন্য ন্যূনতম মজুরীর দাবী জানিয়ে আন্দোলন করছি ঠিক তেমনি পল্লীর শ্রমিকদের জন্য কেন করা হবে না সেটা বিচার করার বিষয়। আজকে যে দাবী করা হয়েছে যে পল্লীর কৃষক সমাজকে বাঁচাতে গেলে কৃষি মজুর যারা আছে তাদের জন্য আমাদের শহরের শ্রমিকদের যে ই. এস. আই. স্কীমের ব্যবস্থা করা হয় এখানেও সে ব্যবস্থা করা হোক এই দাবী ন্যায়সঙ্গত এবং আমি মনে করি সমস্ত দলের সভ্যরাই এর পেছনে দাঁড়াবেন।

**শ্রীযামিনীভূষণ সাহা**: মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, প্রস্তাবটি যা এনেছেন আমি একটা সংশোধনীর মধ্যে যুক্ত করতে চেয়েছিলাম। যাই হোক, স্পীকার মহাশয় সেটা অনুমোদন করেন নি কারণ যথা সময়ে এটা পেশ করা হয়নি এবং বিশেষ করে প্রস্তাবকরা এতে আপত্তি জানিয়েছেন। এবং এ থেকে তাদের চেহারাটা পরিষ্কার হয়ে গেছে যে কি উদ্দেশ্যে এই প্রস্তাব নিয়ে এসেছে। এখন কথাটা হচ্ছে এই যে, আমি বলেছিলাম যেখানে এই ক্ষেত মজুরদের ষ্টেট ইন্সিওরেন্স স্কীম চালু করার ব্যাপারে তাদের কনস্টিটিউশানটা যেখানে বলা আছে ষ্টেট গভর্ণমেণ্ট দেবে সেখানে আমি বলেছিলাম যে এটা কেন্দ্রীয় সরকার দিক এবং এতে তাদের আপত্তি হল কেন বুঝতে পারলাম না। তাহলে এখানে বোঝা যাচ্ছে যে, উদ্দেশ্যমূলকভাবে তারা এই প্রস্তাব রচনা করেছেন। কারণ, এইজন্য যে চোখের জল ফেলা এটা একমাত্র কুম্ভিরাশ্রু ছাড়া আর কিছুই নয়। আমরা দেখছি ২০/২২ বছরের মধ্যে কংগ্রেস আমলে গ্রামেতে দিনের পর দিন এই কৃষিমজুর বলুন, গরীব চাষীই বলুন, ভাগচাষীই বলুন তাদের উপর অকথ্য অত্যাচার হয়েছে এবং তাদের জমি থেকে উৎখাত করা হয়েছে এবং এটা এদেরই কীর্তি। সুতরাং আজকে যে এটা উদ্দেশ্যমূলকভাবে হয়েছে এটা তারা ভাল ভাবেই জানেন। কারণ আমাদের বাংলা দেশের সরকারের এই ক্ষমতা নেই, তাদের টাকা নেই। এটা একমাত্র কেন্দ্রীয় সরকারই ব্যবস্থা করতে পারেন। সেজন্য এই কথা বলতে চাই যে এটা কেন্দ্রীয় সরকারের আইন, এমপ্লয়ীজ ষ্টেট ইন্সিওরেন্স স্কীম, এটা কেন্দ্রের আইন এবং ইণ্ডাষ্ট্রীয়াল কারখানার শ্রমিক সম্পর্কে এই আইন, যেখানে প্রযোজ্য হয়েছে সেখানে টাকা শ্রমিকের পক্ষ থেকে একটা অংশ নেওয়া হয় এবং সেই পরিমাণ টাকা যে মালিক তার কাছ থেকেও নেওয়া হয়। এখন প্রশ্ন হচ্ছে যে, সেই সুযোগসুবিধা আরো বিস্তার করতে হবে এবং সেই বিস্তার করতে গেলে এই আইনকে সংশোধন করতে হয় এবং যেহেতু এটা কেন্দ্রের আইন কাজেই কেন্দ্র এটা করতে পারে। যেহেতু এরা ক্ষেতমজুর, বছরে এরা ৩ মাস কাজ পায় এবং বাকী সারা বছরের মধ্যে ৭ মাস কোন কাজ পায় না, বেকার হয়ে বসে থাকে। আমি জানি বড় বড় ইংরাজী কথা বলেন যে ভূমিব্যবস্থার পরিবর্তন, ভূমি ব্যবস্থার পরিবর্তন কিন্তু আমরা তো ২২ বছর ধরে দেখলাম তার তো কিছুই হয়নি। সমাজতন্ত্রের কথা বলা হয়েছে—যদি সেই ভূমি ব্যবস্থার পরিবর্তন করতে হয় তাহলে এই ক্ষেতমজুর সম্পর্কে তাদের অবস্থার উন্নতি হওয়া দরকার। আমরা তাদের অন্য কোন

রিলিফ দিতে পারিনি, শ্রমিকরা লড়াই করে মালিকদের কাছ থেকে এই যুক্তফ্রণ্টের আমলে ৩০ টাকা চটকলের শ্রমিক, সূতাকল-এর শ্রমিকরা ২০ টাকা এবং ইঞ্জিনিয়ারিং শ্রমিকরা ২৭ টাকা থেকে ৫০ টাকা পর্যন্ত মাইনে বা বেতন বৃদ্ধি করে নিয়েছে। কিন্তু আজও ক্ষেত-মজুররা সেখানে তাদের কোন সুযোগসুবিধা নেই, তারা প্রায় ৭ মাস বেকার থাকে এবং ৭০ ভাগ কৃষিজীবী মানুষের উপর গ্রামাঞ্চলে বাস করে তারা কৃষক এবং তার মধ্যে ৩০ ভাগ ক্ষেত মজুর। সুতরাং এই যে ভয়াবহ চিত্র এর জন্য দায়ী কংগ্রেস এবং কেন্দ্রীয় সরকারই এই ব্যবস্থা করতে পারেন। তাই আমার বক্তব্য হচ্ছে, এখানে অপর পক্ষ যে প্রস্তাব এনেছেন তারা যদি রাজি হয়ে যেতেন যে কেন্দ্রীয় সরকার এই টাকাটা দিক, ওরা .তা অনেক কিছু করেছেন, ওরা জাতীয়করণ করেছেন ব্যাংককে, অনেক সুযোগসুবিধা দেবেন কৃষিক্ষেত্রে সে জন্য বলতে চাই যে এই টাকাটা ওরা বহন করুক। এটা ষ্টেট্ গভর্ণমেণ্ট কোথা থেকে বহন করবে। সেই পরিপ্রেক্ষিতে আমাদের ক্ষেত মজুরদের প্রতি পূর্ণ সহযোগিতা আছে এবং আমরা তাদের অবস্থার উন্নতি করতে চাই। সেজন্য গ্রামে গ্রামে ক্ষেতমজুর সমিতি গঠন হচ্ছে, তারজন্য সংগ্রাম হচ্ছে এবং তারা যেটুকু আদায় করতে পারে করবে। সরকারের তরফ থেকে সাহায্য দিতে পারে নি। আমরা সেই টাকা দিতে চাই কিন্তু তা আমরা পারি নি তবু আমরা বার বার বলেছি যে কেন্দ্রের কাছ থেকে টাকা আদায় করে যেমন বেকার ভাতা দেওয়ার প্রশ্ন আছে সেইরকম গ্রামাঞ্চলে যারা ক্ষেতমজুর আছে সেইসমস্ত ক্ষেতমজুর যারা ৭ মাস বেকার হয়ে থাকে তাদের ভাতা দেওয়ার ব্যবস্থা করা হোক। এখন প্রশ্ন হচ্ছে যে টাকা কোথা থেকে আসবে। ৫০ কোটির মত টাকা বেকার ভাতা দেবার প্রয়োজনীয়তা আছে এবং যদি বলি এই টাকাটা কেন্দ্র দেবে কিন্তু তা তারা দেবে না। কেন্দ্র দেবে না তবে এই টাকাটা কোথা থেকে আসবে। আমি সেজন্য আমার বক্তব্যে বলেছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এবং অন্যান্য বন্ধুদের কাছে যে আপনারা এটাকে মেনে নেবেন। যদিও আজকে এই প্রস্তাবটি মুভ করতে দেন নি—বুঝতে হবে যে এর পিছনে উদ্দেশ্য আছে তা না হলে তারা আজকে যে প্রস্তাব এনেছেন—কৃষিমজুরদের জন্য যে কান্না দেখাচ্ছেন, সেটা কুম্ভিরাশ্রু ছাড়া আর কিছুই নয়। এবং উদ্দেশ্যমূলকভাবে নিয়ে আসা হয়েছে। তাই, আমি হাউসে রাখছি যে সমস্ত সদস্যরা ভেবে দেখুন যে প্রস্তাবটা কিভাবে এসেছে এবং কিভাবে হওয়া উচিত। এখানে কেন্দ্রীয় সরকার কণ্ট্রিবিউসন দিন যেমন শ্রমিকদের দেওয়া হয়। এবং কৃষি মজুরদেরও সেইভাবে নিয়ে এর সংগে যুক্ত করুন। এইটুকুই আমি বলতে চাই।

**শ্রীসমর রুদ্র:** মাননীয় ডেপুট স্পীকার, মহাশয়, আমার একটা পয়েণ্ট অব প্রিভিলেজ আছে। সেই প্রিভিলেজটা হচ্ছে যে রুলস্ অব্ বিসনেসে আছে রুল ১৭৪(২)—এতে বলা আছে।

If notice of such amendment has not been given one day previous to the day on which the resolution is moved any member may object to the moving of the amendment and such objection shall prevail unless the Speaker allows the amendment to be moved. এই ১৭৪ ধারার ২ উপধারার এই অর্থ হয় যে রেজলিউসন যেদিন মুভ করা হবে তার একদিন আগে সংশোধনীর নোটিশ দিতে হবে। এর মানে হচ্ছে এই যে নিশ্চয় সদস্যরা এই যে প্রস্তাব আনছেন সেই প্রস্তাব ২৪ ঘণ্টা আগে আমাদের হস্তগত যদি না হয় তাহলে তাদের পক্ষে সংশোধনী দেওয়া সম্ভব হয় না, এটা ফিজিক্যালি ইম্পসিবল একেবারে এ্যাবসার্ট হয়ে দাঁড়াবে। প্রস্তাবটি হস্তগত হোল না, তার সংশোধনী দেবে কি করে? এখানে মাননীয় সদস্যদের যে একটা পবিত্র অধিকার সেটা ক্ষুণ্ণ হতে চলেছে। আজকে যে-কোন রেজলিউসন আসুক তার যদি সংশোধনী দিতে হয় তাহলে রেজিলিউসনটা আগে আমাদের পাওয়া চাই এবং এই যে অধিকার সেই অধিকার ক্ষুণ্ণ হতে দেওয়া চলে না। আমরা এমেণ্ডমেণ্ট দিতে পারবো কিন্তু ২৪ ঘণ্টা আগে আমাদের ঐ রেজলিউসনটা দিতে হবে। তা না হলে এমেণ্ডমেণ্ট দেবার মাননীয় সদস্যদের যে অধিকার যে সুযোগ তা থেকে তারা বঞ্চিত হবে—তাদের

অধিকারে হস্তক্ষেপ করা হবে। বিধানসভার নির্বাচিত প্রতিনিধিরা প্রস্তাবের উপর সংশোধনী দেবার অধিকার থেকে যদি বঞ্চিত হয় তাহলে বিধানসভা প্রহসনে পরিণত হবে। সেইদিক থেকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্পীকার মহাশয় যে কথা বলে গেছেন সেই কথায় পূর্ণ সমর্থন ও সম্মান প্রকাশ করছি এবং করে যাতে রুলস অব বিসনেস-এ এমন ধারা না থাকে এইরকম ব্যবস্থা করুন। এবং সে সম্বন্ধে প্রস্তাব গ্রহণ করা দরকার। তা না হলে সদস্যদের যে পবিত্র অধিকার ও সুযোগ তা থেকে তারা বঞ্চিত হবে। এইভাবে রুলস অব বিসনেসকে কি করে প্রয়োগ করা যায় স্বার্থকভাবে এবং যাতে সদস্যদের অধিকার রক্ষা করা যায় সেটা করতে হবে। আপনারা ঠাণ্ডা মাথায় চিন্তা করুন এইভাবে প্রস্তাব আসবে এবং সদস্যদের সংশোধনী রাখবার যে সুযোগ সেই সুযোগ থেকে যাতে বঞ্চিত না হয় এবং তা যদি হয় তাহলে রুলস অব বিজনেস পরিবর্তন করে কালোপযোগী, সময়োপযোগী এবং যুক্তিগ্রাহ্য করে তুলুন। আমি আশা করি এ বিষয়ে আপনার বক্তব্য বলবেন।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমার বক্তব্য হচ্ছে স্পীকার মহাশয় একটা পার্টিকুলার বিষয়ের উপর রুলিং দিয়ে গেছেন, স্পীকারের রুলিং হাউসে ক্রিটিসিজম্ হতে পারে না। আপনিও কোন ক্ষমতাবলে স্পীকারের রুলিংকে টার্ণ ডাউন করতে পারেন না।

**Shri A.H. Besterwitch :** Here the contention on both sides is with regard to the resolution and the amendment but I think the resolution was not received 24 hours before we started the discussion because we received the resolution at 4 O'clock and we started the discussion at 3 O'clock. How can the House go on with the resolution when we received the resolution 23 hours before we started the discussion? At the same time amendment is tabled today. After 4 O'clock we received the resolution. How can the resolution be taken now ?

**শ্রীকৃষ্ণগোপাল বসুঃ** মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে প্রিভিলেজ মোশন এনেছেন মাননীয় সমর রুদ্র মহাশয়, সেই সম্পর্কে কিছু বলার আগেই আর একজন সদস্য নেপাল রায় এখানে একটা বিভ্রান্তিকর সংবাদ দিলেন। স্পীকার এ ব্যাপারে কোন সিদ্ধান্ত দেন নি। সেই প্রসঙ্গ ছিল অন্য। এ্যামেণ্ডমেণ্ট আনতে পারবে কি পারবে না এটা সম্পর্কে স্পীকারের কাছে উত্থাপিত হয়নি, যাতে কোন বাইমাস্ না জন্মায় সেইজন্যই এটা বলছি, স্পীকারের নিকট এ্যামেণ্ডমেণ্ট সম্পর্কে কোন কিছু রাখা হয়নি।

**Mr. Deputy Speaker :** Honourable members, a rulling has already been given on the point whether the amendment that has been tabled by some members will be accepted or not. Mr. Speaker has given his ruling that he cannot accept any amendment and he has not allowed the member, who has tabled the amendment, to move his amendment. In that respect I have got nothing to say because that is the Speaker's ruling and that is binding on all of us.

The point that has been raised by Shri Samar Rudra is a different point. The point is, if a resolution is not circulated before 24 hours then is it feasible or practical that members will move or table a notice of amendment before 24 hours ? Particularly it is not possible. From that point of view I have asked the Secretariat to infrom me when this particular resolution was circulated in the House which was balloted on 22nd January and which was due to be circulated on 28th, But on 28th the House was adjourned for some reason and for that reason the Secretariat could nat circulate the main motion on 28th and the Secretariat has also informed me that it was not possible also to send this resolution by post because in that case it would have reached the members

two days latter. So the Secretariat of this House had no alternative but to circulate it on the 29th and it was circulated along with other papers. Unless I go through some papers and make an enquiry, it is not possible for me to come to any conclusion at what O'clock it was circulated, i. e., at what exact hour the resolution was circulated among the members.

If it is the contention of the members that it was not circulated 24 hours earlier then certainly the point that has been raised by the honourable member, Mr. Rudra, has a very good ground, and in that case whether the right of the members to give notice of amendment has been curtailed or not, will have to be looked into. At any rate, I am not going to admit the amendment which has already been rejected by the Speaker. But a very pertinent question has been raised as to what course will have to be followed in such cases in future, and if on the next Friday similar incident happens, and resolutions are circulated 20 or 15 hours earlier, then how the members will give notice of amendment ? So, the matter should be looked into so that this sort of difficulty does not arise in future. I also request the Secretary to place the matter before the Rules Committee to reconsider the matter and I think our Speaker, who is the Chairman of the Rules Committee, will also look into the matter. So far as the point raised, it is a very pertinent point and sometimes we also feel that certain motion is not circulated in time which puts both this side and also the Opposition to difficulty in giving amendment in proper time. This time it is a non-official business and so I find the other side has voiced a genuine grievance. I really appreciate the point that have been raised by Shri Rudra, and so the matter should be looked into and, if necessary, after the Committee gives the decision suitable amendment to rules be made or some arrangements be made to remove the difficulty. Secretary also must see that resolutions or motions are circulated at least 2 days earlier to give sufficient time to members so that they can give amendments. This is my observation but regarding the ruling of the Speaker, that stands.

**Dr. Nalinaksha Sanyal** : Sir, may I also submit to you for your consideration ? You will kindly see that Government Bills and motions also are made available to members at least 4 days in advance.

**Mr. Deputy Speaker** : I appreciate your point. That should be done. That is necessary both for this side and that side also. Sufficient time and scope should be given to honourable members to look into resolutions, Bills, and to table amendments and sufficient time should also be given to them for examining the amendments.

**Dr. Nalinaksha Sanyal** : We have, for example, in the blue list of business a number of Bills referred to although we have not yet received the Bills and we will not be surprised if it is said that such Bills will be taken up on such and such dates.

**Mr. Deputy Speaker** : Mr. Sanyal, I will direct the Secretary to see to this and also ask the Whip to circulate the Bills in time, and I hope you will get the Bills in time.

**Dr. Nalinaksha Sanyal.** - It should be made clear that unless the Bills are circulated to us in time, no Bill should be taken up.

**Mr. Deputy Speaker** : Mr. Sanyal, I understand the Bills that will taken up on the 6th have already been circulated.

**শ্রীগোপাল বসু :** মাননীয় ডেপুটি স্পীকার, মহাশয়, আপনি যা বলেছেন আমরা তা খুব অনুধাবন করেছি। আপনার বক্তব্য মেম্বারদের অধিকার রক্ষার কথাটা সর্বাগ্রে স্থান পেয়েছে। কিন্তু আজকের এই রেজলিউশন আলোচনায়, আমাদের প্রথম যে এ্যামেণ্ডমেণ্ট সেটা স্পীকার নাকচ করে দিয়েছেন। কিন্তু এই রেজলিউশন যদি এখন আলোচিত হয় এটা রুলস কমিটিতে বা প্রিভিলেজ কমিটিতে তাদের মতামত নিয়ে এটা আলোচিত হোক। এবং ততক্ষণ এটা স্থগিত থাকুক এই দাবি করবো। এইভাবে এই রেজিলিউসান যেভাবে আছে তেমনি এখানে আলোচনা করার সীমাবদ্ধতা এটাকে আপনাকে রহিত করতে হবে এই বলে যে এখানে অন দি স্পট যেহেতু আমাদের সময় ছিল না সুতরাং অন দি স্পট যে এ্যামেণ্ডমেণ্ট আসবে সেখানে আজকের দিনের জন্য specially for this particular case যেহেতু আমাদের সময় ছিল না এটা গ্রাহ্য করা হবে। আপনি অন্ততঃ রুলিং দিন on the floor of the House যে-কোন মেম্বার ইচ্ছা করলে কোন রেজলিউসন এ্যামেণ্ডমেণ্ট আনতে পারবেন। আমাদের প্রিভিলেজ বা আমাদের অধিকার ক্ষুণ্ণ হতে যাচ্ছে যখন তখন আপনি আপনার চেয়ারের অধিকারের বলে হাউসের অধিকার রক্ষা করার জন্য আপনার যে ক্ষমতা তার প্রয়োগ করুন। অন্ততঃ অন দি স্পট, ফ্লোর অফ দি হাউস, এ্যামেণ্ডমেণ্ট আনার একটা সুযোগ করে দিন। যদি তা না হয় তা হলে আলোচনা স্থগিত রাখুন। তা না হলে হাউসের কাছে ভোটে দিন যে এ্যামেণ্ডমেণ্ট আনবে কি আনবে না, হাউসের মতামত নিন। আমি মনে করি মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, স্পীকার মহোদয় এই ব্যাপারে আগে যা বলেছেন এবং ঐ দিকের যিনি মুভার বা প্রবক্তা তাঁর অভিমত নিয়েছেন। হাউসের অভিমত নেন নি। সেইজন্য নিবেদন করছি যে হাউসের যেখানে অভিমত নেই সেখানে আপনার যে ক্ষমতা, তা প্রয়োগ করে অন দি floor of the House এ্যামেণ্ডমেণ্ট আনার সুযোগ দিন অন্ততঃ এই অর্ডার দিন যে, যে-কোন মেম্বার এখুনি এই রেজলিউসানের উপর অন দি floor of the House তা মুভ করতে পারবেন, এ্যামেণ্ডমেণ্ট এটা করে দিন।

**শ্রীসমর কুমার রুদ্র :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমার প্রিভিলেজে আমার বক্তব্য এই যে আজকে দেখা যাচ্ছে যে ১৯টা রেজলিউসান এখানে আলোচনার জন্য রেখেছেন এবং এটা স্বীকার করেছেন যে মাননীয় সদস্যদের পবিত্র অধিকার আপনি ক্ষুণ্ণ হতে দেবেন না। আপনি অধিকার রক্ষা করবেন। আমার প্রশ্ন হচ্ছে যদি তা করতে গেলে যে প্রস্তাবগুলি আলোচিত হবে আর তার উপর যদি আমরা কোন সংশোধনী দিতে না পারি তাহলে যে প্রস্তাব আলোচনা হচ্ছে না এটা হৃদয়ঙ্গম করতে পাচ্ছি এবং অবস্থা এরূপ দাঁড়াচ্ছে যে কোন প্রস্তাব কোন মেম্বার সংশোধনী রাখতে পারছেন না। সেজন্য এ আলোচনা ব্যর্থ হয়ে যাবে। সেদিকে মাননীয় সদস্য গোপাল বাবু যে কথা বলেছেন তা সমর্থন করে এই প্রস্তাবের উপর বলতে হয় যে আলোচনা স্থগিত রাখুন। মাননীয় সদস্যদের সুচিন্তিত সংশোধনী সেগুলি দেবার সুযোগসুবিধা করে দিন, কারণ স্বীকার করলেন যে অধিকার অপহরণ করা ঠিক নয়। যদি অপহরণ করা হয় তাহলে আলোচনা নিস্ফল হবে। সেজন্য আপনার কাছে সবিনয়ে নিবেদন করবো যে এই প্রস্তাব-এর উপর আলোচনা স্থগিত রাখুন এবং রেখে এই বিধান সভাকে সার্থক করে তুলুন। এই আলোচনা যাতে নিস্ফলে পরিণত না হয় বা প্রহসনে পরিণত না হয় মাননীয় সদস্যরা যে প্রস্তাব রেখেছেন শুধু তার অধিকার রইল আর অন্য মাননীয় সদস্য যারা তাদের সংশোধনী দেবার অধিকার রইল না এর চেয়ে চরম ব্যর্থতা বিধান সভায় আর হতে পারে না।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি দৃষ্টি আকর্ষণ করছি রুলস ১৬৭ প্রতি। আপনি জানেন যে একটা রেজলিউসান অবজেকসান-এর একটা নির্দিষ্ট ধারা আছে রুলস অফ বিজনেস এবং সেটা হচ্ছে রুলস ১৬৭, যেটা মিনিষ্টার-এর সঙ্গে এটা রিলেট। তিনি অবজেকসান করতে পারেন। আজকে যখন রেজলিউসান ও করেছেন আমাদের তরফ থেকে ও পক্ষের যেমু

মন্ত্রিমহাশয় যিনি এই রেজলিউশানের সঙ্গে সংশ্লিষ্ট তিনি কোন অবজেকশান করেন নি এবং এই রেজলিউশানের উপর বক্তব্য বা বক্তৃতা আলোচনা বা আরম্ভ করা হয়েছে—এ্যলাউ করেছে সেক্ষেত্রে I invite your attention to rule 167, যেখানে বলা হয়েছে The Minister-in-charge of the Department to which a resolution relates may, immediately before the resolution is moved, object to the resolution or any part thereof on the ground that it cannot be discussed without detriment to the public interest. এটা পরিষ্কার হয়ে গেছে। Once the resolution has been allowed to be moved and speeches by different members have been made on that particular resolution. আজকে এই ষ্টেজে রেজলিউশান স্থগিত রাখার কোন প্রভিসন এই আইনে নেই। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে জনকল্যাণের নামে যে রেজলিউশান এসেছে গরীব সমাজের দরিদ্রতম অংশ তাদের সুযোগসুবিধার পথ রুদ্ধ করে দেওয়ার এই যে মউব্-এ এর আমি বিরোধিতা করছি এবং আপনার প্রোটেকশান চাচ্ছি।

**শ্রীসনৎ কুমার রাহা:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, On a point of privilege যে অধিকারের কথা আলোচনা করা হয়েছে সেই অধিকারের প্রশ্নে আমি নিজের সম্মতি জানিয়ে কয়েকটা প্রশ্ন তুলছি। এখানে মাননীয় স্পীকার একটা রুলিং দিয়ে গেছেন যার ফলে গোটা হাউসের মেম্বাররা বেকায়দায় পড়ে গেছেন এইজন্য যে প্রস্তাব এখানে এসেছে সেটা প্রিভিলেজের দিক থেকে নিশ্চয়ই আমাদের সংশোধন করবার অধিকার ছিল এবং সেই সংশোধনী দেবার অধিকার থেকে বঞ্চিত যদি হয়ে যাই তাহলে এই হাউসে এই প্রশ্ন আলোচনা হতে পারে মাত্র এর চেয়েও বেশী হতে পারে না। আমার ধারণা হাউসই হোল সুপ্রিম পাওয়ার করে হোল্ড করে regarding any resolution, any motion, any Bill. এই হাউসের মিনিষ্টার কনসার্ন হোন আর যেই হোন, এমন কি স্পীকারের রুলিং থাকলেও আমাদের গোটা হাউস যদি ডিসাইড করে যে এই হবে—সেখানে হাউসের কনভেনসান না থাকলেও যে রেজিলিউসান এসেছে সেই রেজিলিউসান ডিসকাস হোক আপত্তি নেই, কিন্তু এইটা একপেশে—ওয়ান সাইডেড রেজিলিউসান যার স্পিরিট সবভাল হবে কিন্তু একটা রেজিলিউসান করে গভঃ উপর বাইণ্ডিং করতে গেলে যে দায়িত্ব নিতে হয় সে দায়িত্ব নিয়ে রেজিলিউসান মুভ করে পাশের ব্যবস্থা করা উচিত. তা না হলে হাউস যদি মনে করে থাকেন যে, এই রেজিলিউসানের গুরু দায়িত্ব হাউস বহন করতে পারবে না, রেজিলিউসানের উপর সংশোধনী আনা উচিত সে সংশোধনী মেম্বাররা দিতে পারছেন না তাই যে দায়িত্ব দেওয়া হয়েছে, হাউসকে সে দায়িত্ব থেকে হাউসের অধিকার কেড়ে নেওয়া হয়েছে। আমার মনে হয় এই পার্টিশান আউট লুক নিয়ে আপনি সিদ্ধান্ত দেবেন যেহেতু আলোচনা চলছে। আমার মনে হয় ভাল আলোচনা যেটায় অংশ গ্রহণ করুন কিন্তু সংশোধন করার অধিকার সম্পর্কে যে প্রিভিলেজের প্রশ্ন উঠেছে এই ইস্যুতে তার আলোচনা আজকে স্থগিত রেখে ভবিষ্যতে যাতে এ ধরনের ঘটনা না ঘটে সেই সম্পর্কে বলুন ও আলোচনা হোক এ আমার বক্তব্য।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ওরা বড় বে কায়দায় পড়ে গেছেন এ্যামেণ্ডমেণ্ট দিতে পারছেন না। কাজেই এর জন্য আর যেন না কিছু তুলতে দেওয়া হয় কারণ স্পীকার এর আগেই বলে গেছেন।

**শ্রীগোপাল বসু:** আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি রুলস অফ বিজনেস-এর ৩২(১) এই বিজনেস রেজিলিউসান Resumption of adjourned debate on private members' resolution. এই সেসানে রেজিলিউসানের adjourn, এই ধারা বলে এই অনুরোধটা করতে চাই যে এ্যাডজোর্ন রেখে আমাদের সুযোগ করে দিন।

**শ্রীলক্ষী সেন :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, এই ব্যাপারে আমি দুইটা কথা বলতে চাই এর আগে মাননীয় সদস্য সমর রুদ্র যে প্রিভিলেজের প্রশ্ন তুলেছেন সেই সম্পর্কে মেম্বারদের মনোভা যথাযথভাবে ব্যক্ত রেখেছেন এবং তঁারা বলেছেন যে এইভাবে করলে মেম্বারদের অধিকার খ হচ্ছে। সেখানে প্রস্তাব রাখতে পারি বা সংশোধনী রাখতে পারি। কিন্তু রাখব সে সুযোগ সত্যসত্য ছিল না। এমন নয় যে দুর্বলতার জন্য সুযোগ পারছিলাম না। সে ক্ষেত্রে মাননীয় ডেপুটি স্পীকা স্যার, I beg to refer to rule 227 এখানে লেখা আছে If the Speaker i satisfied that there is a prima facie case that a breach of privilege ha been committed and that the matter is being raised at the earliest oppor tunity, he may allow the member to raise the matter as a question c privilege. সেজন্য হাউসে নিশ্চয়ই ডিসিসান নিতে পারে in accordance with the rul 228. এ ব্যাপারে আপনার মতামত চাচ্ছি যাতে হাউস ডিসিসান্ নিতে পারে।

**Mr. Deputy Speaker :** Rule 228 is not applicable in this particula case. But Mr. Gopal Basu has moved a motion under Rule 32 and th motion is for adjournment of this debate. He has pointed out Rule 3 which reads as follows when on a motion being carried, the debate on private member's resolution is adjourned to the next day, etc. He ha moved the motion for adjournment of the debate.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এ্যাডজোরমে মোশান করতে পারে না যেহেতু আমাদের এই প্রস্তাব ব্যালটে প্রায়রিটি পেয়েছে। আপনি রু ৩২টা দেখুন It shall not be set down for further discussion unless it ha gained priority at the ballot. যেহেতু আমাদেরটা ব্যালটে প্রায়রিটি পেয়েছে তাই এ ক্ষেত্রে মাননীয় গোপাল বসু যে প্রস্তাব উত্থাপন করেছেন সেটা প্রযোজ্য নয়।

**Mr. Deputy Speaker :** I draw your attention to Rule 317 accordin to which at any time after a motion has been made, a member may mov that the debate on the motion be adjourned.

**Dr. Nalinaksha Sanyal :** This rule relates to a state of affairs. Afte prolonged discussion the House gets tired and there is a general consensu that the debate must come to an end. Only day before yesterday I spok for nearly 75 minutes. At that stage you yourself invoked a particula rule and you yourself quoted it. There is the question of protecting th interest of the minority in this House. The Speaker has supreme respon sibility of seeing that reasonable debate is continued and permitted an merely by virtue of a majority on their side Government should not stultif the minority. I submit to you that if a straight literal interpretation i given to this rule—at any stage a motion for closure can be put by an honourable member to close the dabate and if it is the opinion of th Speaker that the matter has been sufficiently debated then it would b permissible. If the Speaker wants to give protection and there has no been sufficient debate on the matter, he may not put that matter to vote That is the state of affairs.

**Mr. Deputy Speaker :** Honourable members, the point that has bee raised relates to a particular state of affair that if the time limit that i fixed for discussion is almost over, then the closure motion is moved. Bu here the motion is not for a closure. Shri Basu has moved a motion fo adjournment because he feels that there are some genuine difficulties i discussing this matter. He has pointed out that a point of privilege ha

also been raised, that there have been some difficulties in the matter of circulation of resolutions and other papers, which were not circulated in time and I have given my considered opinion on that point of privilege. Thereafter, Shri Basu has further pointed out that they want to adjourn the discussion. It is not an objection raised by any Minister, it is also not a matter of closure but it is only a motion that has been moved by a particular member of the House that the discussion be adjourned, which I am placing before the House. Now, I can only take the sense of the House on the motion that has been moved by Shri Gopal Basu that the discussion on this resolution may be adjourned.

The motion of Shri Gopal Basu that the discussion on the resolution be adjourned, was then put and a division taken with the following result :—

**AYES**

Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Abul Hassan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Bandopadhaya, Dr. Gopal
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Gopal
Basu Shri Hemanta Kumar
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Besterwitch, Shri A. H.
Bhadra, Dr. Niranjan
Bhaduri, Shri Panchugopal
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharjya, Shri Mrigendra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Gopal Krishna
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr. Radhanath
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Paresh
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balailal
Dey, Shri Tarapada
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Hazra, Shri Haran Chandra
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu
Kuar, Shri Gangapada
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Mahata, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Amales Chandra
Malik, Shri Basudeb
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Kalipada
Mandal, Shri Rabindra Nath
Mitra, Shrimati Ila
Mitra, Dr. Sunil Kumar
Mohamad Ali, Shri
Mohammed Amin, Shri
Mondal, Shri Kumud Ranjan
Mookherjee, Shri Bama Pada
Muhammed Khuda Bukhsh, Shri
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shri Niranjan
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Panda, Shri Mohin Mohon
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Manash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish

Roy, Shri Satya Priya
Roy Barman, Shri Khiti Bhusan
Rudra, Shri Samar Kumar
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripasindhu
Sahadat Hossain, Shri S.
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Ahindra
Sen, Shri Lakshmi Charan
Singh, Shri Sudarson
Sinha, Shri Suresh Chandra
Soren, Shri Suchand
Talukdar, Shri Pralay

**NOES**

Abedin Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Ahmed Aftabuddin, Shri
Deb, Shri Harahari
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri
Gyan Singh, Sohanpal, Shri
Harun Ur Rashid, Shri
Ishaque, Shri A. K. M.
Khan Nasiruddin, Shri
Ray, Shri Kiran Chandra
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Sanyal, Dr. Nalinaksha
Shamsuddin Ahmad, Shri

The Ayes being 93 and the Noes 16, the motion was carried.

**Mr. Deputy Speaker :** The debate is adjourned.

**Mr. Deputy Speaker :** We pass over the next resolution. The resolution has been tabled by Shri Mohamed Abdul Latif.

**Shri Sanat Kumar Raha :** Sir, again the same question of privilege arises. আমি মনে করি মোশান পাশ করার ফলে যে স্পিরিটে এটা পাশ হল, সেই স্পিরিটে আর ফর্মাল রিজোলিউসন মুভ করা যায় না। কেন না আমরা অ্যামেণ্ডমেণ্ট দিতে পারি না।

**Mr. Deputy Speaker :** Let me take the sense of the House.

**Dr. Nalinaksha Sanyal :** Sir, the member is absent himself. There is nobody to move the motion. You may take the next resolution.

**Mr. Deputy Speaker :** Any member, with the permission of the Chair, can move the resolution.

**Dr. Nalinaksha Sanyal :** Nobody has taken your permission to move the resolution.

**Mr. Deputy Speaker :** In that case I shall take the sense of the House whether they want to discuss any other resolution.

**শ্রীসুবোধ ব্যানার্জি :** স্যার, লতিফ সাহেব যাবার সময় আমাকে বলে গিয়েছেন। এটা ক্যালকাটা টেলিফোন্সের ব্যাপার, এটা ওয়েষ্ট বেংগলের ব্যাপার নয়, কিন্তু, ওয়েষ্ট বেংগল গভর্ণমেণ্টের পি. ডবলিউ. ডিপার্টমেণ্টের টেক্ আপ করা উচিত। ইট ইজ মাই ডিপার্টমেণ্ট। লতিফ সাহেব যাবার আগে ফর্ম্যালী অন হিজ বিহাফ তিনি বীরেন রায়কে মুভ করতে বলে দিয়েছেন। This is the position. Now it is for you whether you will allow Mr. Ray to move the resolution on behalf of Mr. Latif.

**Mr. Deputy Speaker :** In that case permission of the Speaker should have been taken much earlier. I allow Mr. Roy to move this resolution.

**Shri Birendra Narayan Ray:** Sir, I beg to move that this Assembly requests the Government of West Bengal to take up with the Central Government the question of improvement of the telephone service in West Bengal so that the present telephone service in the State, particularly in Calcutta, is made more efficient, more workable and more dependable than at present. স্যার, কারণ আপনারা সকলেই জানেন যে, দু চার বছর টেলিফোনের জন্য দরখাস্ত করে কোন টেলিফোন কানেকশন পাওয়া যায় না, এবং যারা ব্যবসা বাণিজ্য করে, উকিল, ডাক্তার যারা টেলিফোনের সাহায্য নিয়ে ভালভাবে ব্যবসা বাণিজ্য করতে পারে, তারা কোন রকম সুযোগই পাচ্ছে না। আমরা আশা করেছিলেম অটো-এক্সেঞ্জ হলে এর অনেক ইমপ্রুভমেণ্ট হবে কিন্তু স্যার, আপনি জানেন যে এর কিছুই হয়নি। এবং প্রায়ই লাইন ডেড্ হয়ে থাকে এবং টেলিফোন কানেক্শনের জন্য লিষ্টও দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সেইজন্য আমি অনুরোধ করবো—আপনারা সর্বসম্মতিক্রমে এই resolution-টা গ্রহণ করুন।

এখানে যে Advisory কমিটি আছে তার সম্বন্ধেও অনেক দুর্নীতির কথা আমরা শুনতে পাই। তার সত্যি মিথ্যে জানি না, তবে তদ্বীর করলে নাকি তাড়াতাড়ি পাওয়া যায়। কেবল লিষ্ট করে নাম লিখে রেখে আমাদের আশ্বস্ত করা হয়। যুক্তিসঙ্গতভাবে কাজ হচ্ছে না। তাই সবাইকে অনুরোধ করবো—আপনারা সর্বসম্মতিভাবে এই resolution-টা গ্রহণ করুন এবং সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী মহাশয়ের through দিয়ে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানান।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** আমি এই প্রস্তাব সর্বান্তঃকরণে সমর্থন করছি। একবার অন্ততঃ এই ব্যাপারে বীরেন রায়ের সঙ্গে আমরা একমত হলাম।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, আমি একটা amendment দিয়েছিলাম। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে সেই amendment-টা আগের-ruling এর ফলে move করার সুযোগ হল না। আগের একই কারণ এখানে বর্তাচ্ছে। আমরা জানি টেলিফোন ব্যবস্থার সঙ্গে সামগ্রিকভাবে এটাও জড়িত। গ্রেটার ক্যালকাটাতে যেসব টেলিফোন করা হয়, তাতে লোক্যাল কলে তারা বেশী পয়সা দেয়। তা যাতে না হয়, একই হয়, সেই প্রস্তাবটা এখানে সংযোজন করলে পর সেটা সর্বজনগ্রাহ্য হতো। কাজেই সেই সংশোধনটা আনবার সুযোগ আমাকে দেওয়া হোক্।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, যে কারণে আপনি আগের resolution discussed হতে দিলেন না, সেই কারণে এখানে amendment দেওয়া হয় নাই। আমার দলের পক্ষ থেকে এটা গ্রহণের পক্ষে কোন আপত্তি নাই, এটা হয়ে যাক্—আমরা যাচ্ছি on the floor of the House. উনি move করতে পারেন। ওঁকে সেটা move করতে দিন, আমরা accept করবো তাহলে unanimous হয়ে যাবে।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, যে প্রস্তাব এখানে রাখা হয়েছে, আমরা তা সমর্থন করছি। আপনি এই প্রস্তাবটার ভোট দিন—We accept it.

**Mr. Deputy Speaker:** Hon'ble Minister concerned may like to say something.

**শ্রীসুবোধ ব্যানার্জি:** মাননীয় ডেপুটি স্পীকার, মহাশয়, প্রস্তাবটা সাধু। তবে পৃথিবীতে সব সাধু জিনিষই কার্য্যকর হয় না। বহুক্ষেত্রে দেখা যায় বহু সাধু প্রস্তাব paper resolutions হয়ে থাকে, তাকে বাস্তবে রূপ দেওয়া যায় না। এই প্রস্তাবে যে সাধু উদ্দেশ্য ব্যক্ত হয়েছে, তার সঙ্গে আমরা নিশ্চয়ই একমত এবং পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে নিঃসন্দেহে আমাদের এই august

ody যা পাশ করলো, তা আমি কেন্দ্রীয় সরকারের নিকট পাঠাবো এবং কেন্দ্রকে বলবো— াংলাদেশের টেলিফোন ভাল করা দরকার, নিশ্চয়ই সে কথা আমি তাঁদের বলবো। আর শ্রী:ক. জি. সু যে amendment দিতে পারেন নি, সেটা আমার চিঠির মধ্যে include করে দিলে াহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। সুতরাং এটা গৃহীত হতে পারে। এই প্রস্তাব সর্বসম্মতভাবে হীত হলে কেন্দ্রীয় সরকারের উপর চাপ দেওয়ার পক্ষে আমাদের সুবিধা হবে। এটা সর্বসম্মতিক্রমে হীত হোক এটাই আমি চাই।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় মন্ত্রিমহাশয় আমার ক্তব্যটা ঠিক ঠিক বুঝতে পারেন নি। আমি যে সংশোধনটা আনতে চেয়েছিলাম, সেটা এর সঙ্গে ংযোজিত হলে প্রস্তাবটা সর্বাঙ্গসুন্দর হবে। যে কারণে আপনি আগের প্রস্তাব মূলতুবী রাখলেন, সই একই কারণে এক্ষেত্রেও বর্তাচ্ছে। একই সভায় দুরকম নিয়ম চালু করা সঙ্গত হবে না। যাঁরা খ্যালঘিষ্ঠ তাঁদের দিকে তাকিয়ে আমি একথা বলছি যে তাহলে তাঁদের প্রতি কোন সুবিচার বে না। ওঁদের ক্ষেত্রে এক রকম নিয়ম আর আমাদের ক্ষেত্রে আর এক রকম নিয়ম এটা করা চিত হবে না। তাই আমি আবেদন করব যে কারণে আপনি আগেরটা স্থগিত রেখেছেন, লতুবী রেখেছেন, সেই কারণ এখানে বর্তায়। আমি সেই সুযোগ নিতে চাচ্ছি আপনার কাছে াতে আমরা এখানে সংশোধনী রাখতে পারি। কিন্তু ঐ পেছনের দরজা দিয়ে সুযোগ নিতে চাই না। াজেই আপনার আগের যে রুলিং, সেটা এখানেও বর্তায়—সেই কারণে এটা স্থগিত থাকুক এটাই ামার বক্তব্য।

**Mr. Deputy Speaker:** Mr. Basu, in that case there was a motion nder Rule 317 read with Rule 32. Here in this particular case I think o Member has yet moved any motion under that Rule.

**শ্রীসমর কুমার রুদ্র:** স্যার, আমি এই মোশানটা মুভ করছি।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** আমিও স্যার, এই প্রস্তাব মুভ করছি।

**Mr. Deputy Speaker:** If you move the motion then I put it to the ouse.

The motion of Shri Samar Kumar Rudra that the discussion on the solution be adjourned, was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 5.22 p.m. till 1 p.m. on Monday, the d February, 1970, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 2nd February, 1970, at 1 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 25 Ministers, 1 Minister of State and 192 Members.

### STARRED QUESTIONS

(to which Oral Answers were given)

### বে-আইনীভাবে তৈয়ারী বোমা ও বিস্ফোরক পদার্থ

*76. (Admitted question No. *14.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার কোন্ জেলায় কোন্ কোন্ স্থানে গত ১৯৬৯ সালের অক্টোবর মাস হইতে ডিসেম্বর পর্যন্ত বে-আইনী তৈয়ারী কত পরিমাণ বোমা ও বিস্ফোরক পদার্থ পাওয়া গিয়াছে; এবং

(খ) এই সম্পর্কে প্রত্যেকটি ক্ষেত্রে কোথায় কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে?

[1-00—1-10 p.m.]

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, এই প্রশ্নটির জন্য অনেক তথ্য দরকার, পরিসংখ্যান দরকার, সেই জন্য আমি সময় চাচ্ছি, এই সপ্তাহে উত্তর দিতে পারলাম না।

### শাসন বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ

*77. (Admitted question No. *57)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি শাসন বিভাগ হইতে বিচার বিভাগকে পৃথকীকরণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে এবং কোন সময়ের মধ্যে এই কাজ সারা রাজ্যে সম্পূর্ণ করা যাইবে বলিয়া আশা করা যায়?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এখন পর্য্যন্ত কলিকাতা প্রেসিডেন্সী টাউন এবং হুগলী, বাঁকুড়া, পুরুলিয়া, কুচবিহার ও মুর্শিদাবাদ জেলায় শাসন বিভাগ হইতে বিচারবিভাগকে পৃথক করা হইয়াছে। রাজ্যের অন্যান্য জেলাগুলিতেও এই পৃথকীকরণ ব্যবস্থা যথাসম্ভব সত্বর কার্যকরী করিতে সরকার আগ্রহশীল। আশা করা যায় অধিকাংশ জেলাগুলিতেই এই বৎসর চালু হইবে এবং যে কয়টি জেলাতে বাজেট বরাদ্দের ভিতরে এই বৎসর চালু করা সম্ভবপর হইবে না সেগুলিতে আগামী বৎসরেই চালু হইবে এবং এই কাজ শেষ হইয়া যাইবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কলিকাতা প্রেসিডেন্সি টাউন এবং হুগলী, বাঁকুড়া, পুরুলিয়া, কুচবিহার ও মুর্শিদাবাদ এই কটি জেলায় কার্য্যকরী করা হইয়েছে। এই যে কটি জেলা বাছাই করে নেওয়া হল সেটা কিভাবে বাছাই করে নেওয়া হল?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল**: একেবারে যেগুলিতে টাকা লাগবে না সেই সব জেলাগুলি বাছাই করে নিয়েছিলাম। তার কারণ, গতবারে ধর্মবীরের বাজেট আমলে টাকা ছিল না। কাজেই যেগুলিতে খুব কম টাকা লেগেছে, সেই সব জায়গাই আমরা বাছাই করে নিয়েছিলাম।

**শ্রীমহম্মদ ইদ্রিশ আলি**: এই যে ভাগ করা হয়েছে শুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্য ফর্ম ও স্বাক্ষীদের খরচপত্র সম্বন্ধে কোন কিছু স্যাঙসান করা হয়েছে কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল**: এর আগে কালেকটরেটের হাতে টাকা দেওয়া হত। এখন এই টাকা যেটা সাক্ষীদের জন্য স্যাঙসান হয়ে গেছে এটা ম্যাটার অব এ্যারেঞ্জমেণ্ট, এটা করা হবে।

**শ্রীমহম্মদ ইদ্রিশ আলি**: এই সমস্ত ব্যাপারে যেগুলি ক্রিমিন্যাল কেস, পুলিস কেসে ট্রায়াল ব্যাহত হচ্ছে, সাক্ষী আনতে পারছে না তাদের খরচ দেওয়া হচ্ছে না বলে, এ সম্বন্ধে কি মন্ত্রী মহাশয় অবগত আছেন?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল**: না, এখন কোন জায়গায় জেলা জজরা আমাদের এই মর্মে জানান নি।

**শ্রী মহম্মদ ইদ্রিশ আলি**: লালবাগ সাব-ডিভিশনে কতগুলি ক্রিমিন্যাল কেস পেণ্ডিং আছে এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় যদি চান তাহলে আমি তার নম্বর দিতে পারি যেগুলিতে সাক্ষী আনতে পারছে না এবং খরচ দিতে পারে নি বলে বিচার হচ্ছে না—এটা কি মন্ত্রী মহাশয় জানেন?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল**: ওটা দিলে নিশ্চয় আমরা দেখবো। যদিও এই দেখার ব্যাপারটা এখন সেপারেশান হয়ে যাবার পর হাইকোর্টের, কিন্তু তবুও আমরা খরচের ব্যাপারটা দেখতে পারবো।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী**: শাসন বিভাগ থেকে বিচার বিভাগকে পৃথকীকরণের দায়িত্ব নিয়ে মাননীয় মন্ত্রিমহাশয় একটি বিরাট কাজ করেছেন। আমি তাঁর কাছে একটা ক্লারিফিকেসান চাইছি। ১০৭/১৪৪/১৫১ ধারা এটা এক্সিকিউটিভের হাতে রাখার ফলে যে উদ্দেশ্যে বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে পৃথক করার প্রচেষ্টা করছেন, সেই উদ্দেশ্য ব্যাহত হবার আশংকা আছে বলে তিনি মনে করেন কিনা?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল**: মোটামুটি যে আইনটা আছে সেই আইনের ভিত্তিতে সারা বাংলাদেশে পৃথকীকরণ করে নিচ্ছি, পরের অবস্থা দেখা যাবে।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী**: অবস্থা এমন দাঁড়িয়েছে যে একজিকিউটিভ—তারা ১০৭ ধারায় বিভিন্ন পলিটিক্যাল পার্টিকে ধরছেন এটা নিশ্চয়ই বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে পৃথকীকরণের ব্যাপারে আমাদের যে উদ্দেশ্য তা ব্যাহত করছে, মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই এটা মনে করেন বলে আমরা আশা করতে পারি কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল**: এটা মোটামুটি ওপিনিয়নের ব্যাপার।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস**: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই পৃথকীকরণের ব্যাপারে কি কি অন্তরায় সৃষ্টি হচ্ছে এবং সেটা কিভাবে সমাধান করা যেতে পারে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল**: একটি অন্তরায়, সেটি হচ্ছে টাকা।

**শ্রীএস. এম. ফজলুর রহমান:** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে শাসন বিভাগ থেকে বিচার বিভাগকে পৃথকীকরণের কার্যে টাকা ছাড়াও স্থান সংকুলানের বর্তমানে অভাব আছে এ রকম ঘটনা আপনার নজরে এসেছে কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** না। যদি টাকা থাকে তাহলে বিল্ডিং তৈরী করিয়ে দেওয়া যাবে, তাহলে স্থান সংকুলানের অভাব হবে না। সেই জন্য সবটা লাম্প করে বলেছি যে ডিফিকালটি হচ্ছে টাকা।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মন্ত্রিমহাশয় কি জানাবেন এই বৎসর কয়েকটি জেলায় করা যাবে না বলে আপনি যা বললেন সেটা কোন্ কোন্ জেলা এবং কেন করা হবে না ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** ফাষ্ট ফেজ হয়েছে, আমাদের সেকেণ্ড ফেজ যেটা সেটায় আমরা মোটামুটি কতকগুলি জেলাকে নিয়েছি। সেই জেলাগুলি হচ্ছে—বর্ধমান, বীরভূম, মেদিনীপুর, মালদহ, ওয়েষ্ট দিনাজপুর, জলপাইগুড়ি, দার্জিলিং—এটা সেকেণ্ড ফেজে করার ব্যবস্থা করছি, বাকিগুলি বাদ থাকবে।

**শ্রীনেপাল চন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় এই যে টাকার কথা বললেন, এই টাকা কি সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছ থেকে পাবেন বলে আশা করছেন না আমাদের গভর্ণমেন্টের টাকা থেকেই হবে বলে মনে করছেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছ থেকে টাকা চাইবার জন্য আমি দু' তিনবার গিয়েছিলাম এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীর সঙ্গেও কথাবার্তা হয়েছিল। প্রথমে তিনি বলেছিলেন এটা দেবার জন্য চেষ্টা করবো তবে মোরারজী ফাইন্যান্স মিনিষ্টার তাঁর কাছে যান। তারপর উনি যখন ফাইন্যান্স মিনিষ্টার হলেন তখন আমি গিয়েছিলাম এবং বলেছিলাম যে এবারে আপনি তো ফাইন্যান্স মিনিষ্টার, আপনিই বলুন। তখন তিনি বলেছিলেন এটা চ্যবন সাহেব, মানে হোমের ব্যাপার, তাঁর কাছে যান এবং আমি তাঁর কাছেও গিয়েছিলাম। চ্যবন সাহেব বলেছিলেন যে এ টাকা আমরা অন্য কোথাও দিই না। কাজেই দিতে পারছি না।

**শ্রীমহম্মদ ইদ্রিশ আলি:** জুডিসিয়্যাল এণ্ড একজিকিউটিভ পৃথকীকরণের ফলে জুডিসিয়্যাল ম্যাজিষ্ট্রেটদের একটা অদ্ভুত ধরণের গাত্র দাহ হয়েছে যার ফলে বিভিন্ন দলের লোককে ১০৭ ধারায় প্রসিডিংস করে আটকে রাখছে.......

**Mr. Speaker:** This question does not arise.

**শ্রীমহম্মদ ইদ্রিশ আলি:** যদিও ১০৭ ধারার প্রসিডিংস বেলেবেল এবং সেক্ষেত্রে ম্যাজিষ্ট্রেটরা ইচ্ছামত একজন এক্স-জরবিটেন্ট—৫০ হাজার টাকা, ২০ হাজার টাকার বেল দিয়ে তাকে আটকে রাখার ব্যাবস্থা করছে.......

**Mr. Speaker:** This question does not arise.

[ 1-10—1-20 p. m. ]

**শ্রীএস. এম. ফজলুর রহমান:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে স্থান সংকুলান থাকা সত্বেও শাসন বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণ হচ্ছে না ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এই রকম জায়গা আমার ঠিক জানা নেই। তবে যদি উনি আমাকে দেন আমি দেখতে পারি।

**শ্রীঅবদুল কোয়ায়ুম মোল্লা:** মাননীয় মন্ত্রিমহাশয় এটা কি জানাবেন যে, যে পৃথকীকরণ হচ্ছে সেই criminal case গুলি Panel Lawyer-রা করছেন না C. S. I.-রা করছেন?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** C. S. I.-রা করছেন। কেননা, Panel Lawyer-দের দেবার মত বাজেটে টাকা নেই।

### Number of political murders

*78. (Admitted question No. *132.) **Shri GYAN SING SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) Whether the Government has any figure regarding the cases of murders committed in the State on political grounds from 1st January, 1969, to 31st December, 1969.

(b) if so, the number thereof;

(c) the total number of criminal cases instituted in this regard; and

(d) the total number of persons arrested in this connection?

**Mr. Speaker:** I have got a letter saying that cellection of materials has not yet been made. So it is held over. I call the next question.

### ষ্টেট ব্যাঙ্কে ডাকাতি

*79. (Admitted question No. *135.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ডিসেম্বর, ১৯৬৯ সালে কলিকাতা শহরের উপর অবস্থিত ষ্টেট ব্যাঙ্ক হইতে ডাকাতদল কত টাকা লইয়া গিয়াছে; এবং

(খ) উক্ত ডাকাতি সম্পর্কে এ পর্যন্ত কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে?

**শ্রীজ্যোতি বসু:**

(ক) ৪,৬২,২১৮ টাকা ৬৫ পয়সা।

(খ) মোট ৫ জনকে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এটা সত্য কি না যে, এই সব ডাকাতদলের হাতে কোন একটা বিশেষ রাজনৈতিক Party-র পতাকা ছিল এবং তারা শ্লোগান দিতে দিতে এসেছিল ডাকাতি করার আগে?

**শ্রীজ্যোতি বসু:** শ্লোগান দিয়েছিলো। কোন Party-র পতাকা ছিল বলে জানা নেই।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই যে সব লোক গ্রেপ্তার হয়েছে তাদের সংগে কি কোন রাজনৈতিক দলের সম্পর্ক আছে?

**শ্রীজ্যোতি বসু:** সম্পর্ক আছে বলে এখনো জানা যায়নি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি এই ৫ জন ডাকাতের নাম বলবেন?

**শ্রীজ্যোতি বসু:** নাম আমার কাছে নেই। নোটিশ দিলে বলতে পারি। এর মধ্যে একজন হলেন অনন্ত সিং। ১০-১-৭০-এ একে ধরা হয়েছে। এবং গ্রেপ্তার করা হয়েছে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যে একজন আসামীর নাম বললেন, অনন্ত সিং আমার প্রশ্ন হচ্ছে ইনি কি সেই বিপ্লবী অনন্ত সিং যিনি চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের সংগে জড়িত ছিলেন ?

**শ্রীজ্যোতি বসু :** হঁ্যা। সেই অনন্ত সিং,—যিনি চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের একজন নায়ক ছিলেন এবং তার এখন বা ১০।১৫ বছরের মধ্যে কোন রাজনৈতিক দলের সংগে কোন সম্পর্ক নেই।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই বিপ্লবী অনন্ত সিং গত সাধারণ নির্বাচনে চৌরঙ্গী কেন্দ্রে প্রার্থী হিসাবে দাড়িয়েছিলেন কি না ?

**শ্রীজ্যোতি বসু :** দাড়িয়েছিলেন।

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপ-মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি ? এই শ্রীঅনন্ত সিং চৌরঙ্গী নির্বাচন কেন্দ্রে যুক্তফ্রন্টের সমর্থিত প্রার্থী হিসাবে দাড়িয়েছিলেন এবং প্রতিযোগিতা করেছিলেন ?

**শ্রীজ্যোতি বসু :** দাড়িয়েছিলেন।

**শ্রীনেপাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই অনন্ত সিং-এর নাম কোন রাজনৈতিক দল নির্বাচনের সময়ে যুক্তফ্রন্টে দিয়েছিলো ?

**শ্রীজ্যোতি বসু :** উনি স্বতন্ত্র প্রার্থী ছিলেন, যুক্তফ্রন্টের দ্বারা সমর্থিত।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই ডাকাতি সংক্রান্ত ব্যাপারে হরপ্রসাদ গাঙ্গুলী কি যুক্ত ছিলো ?

**শ্রীজ্যোতি বসু :** এখন বলতে পারবো না। তদন্ত হচ্ছে।

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হা :** মাননীয় উপ-মুখ্যমন্ত্রিমহাশয় জানাবেন কি অনন্ত সিংয়ের বিরুদ্ধে ডাকাতির অভিযোগ কি এই প্রথম ?

**শ্রীজ্যোতি বসু :** আমি যতদূর জানি সর্বপ্রথম।

**শ্রীবিভূতি পাহাড়ী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কলকাতায় বিভিন্ন সময়ে এই রাণের ব্যাংকগুলি ডাকাতি হচ্ছে। সেই ডাকাতি যাতে না হয় তার জন্য স্বরাষ্ট্র বিভাগ কোন ভবিষ্যতে ব্যবস্থা গ্রহণ করেছেন কি না ?

**শ্রীজ্যোতি বসু :** এই প্রশ্ন কি ওঠে ? যদি আপনি বলেন তবে আমি বলে দিতে পারি।

**মিঃ স্পীকার :** আপনি যদি পারেন, বলুন।

**শ্রীজ্যোতি বসু :** আপনি যখন বলছেন তখন আমি বলে দিচ্ছি। এই ব্যাংকের যারা প্রতিনিধি আছেন, এই শেষ ডাকাতি হবার পর তাদের সংগে আমাদের আলোচনা হয়েছে যে কি ভাবে যতটা সম্ভব এগুলি ভবিষ্যতে বন্ধ করা যায়। তবে, তার খুটনাটি বিষয়বস্তু আমি এখানে বলতে পারবো না।

**শ্রীঅনিল কুমার মুখার্জি :** এই যে ডাকাতি হয়েছে তার সাথে নক্সালদের যোগ আছে কি ?

**শ্রীজ্যোতি বসু :** এই সমস্ত আমি জানি না আপনি কোনটার কথা বলছেন সেটা নির্দিষ্ট করে বলুন তাহলে বুঝতে পারি।

**শ্রীঅমিল কুমার মুখার্জি :** এই যে ষ্টেট ব্যাঙ্কে বা অন্য ব্যাঙ্কে ডাকাতি হয় তাতে নক্সালদের যোগ আছে কি ?

**শ্রীজ্যোতি বসু :** সমস্ত তদন্ত হচ্ছে এই অবস্থায় কিছু বলতে পারবে না।

**শ্রীকাশিকান্ত মৈত্র :** আমি মুখ্য মন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রী দুই জনকেই জিজ্ঞাসা করছি দুটি প্রশ্ন—এই যে ব্যাঙ্কের কর্তৃপক্ষকে ব্যাঙ্কের ডাকাতি সম্পর্কে স্বরাষ্ট্রদপ্তর থেকে এই ইঙ্গিত করেছিল অর্থাৎ সেখানে একটা সার্কুলার দেওয়া হয়েছে যে তাদের যে নিজেদের সংস্থা ছিল ঐ ব্যাঙ্কের টাকা পয়সা আয়রণ সেফ ষ্ট্রং রুম রক্ষা করবার জন্য ওয়াচ এণ্ড ওয়ার্ড থাকতো সেখানে এই সমস্ত কিছু সিকিউরিটির জন্য হোম ডিপার্টমেণ্ট থেকে একটা সার্কুলার দেওয়া হয়েছে যে আমাদের ক্যালকাটা পুলিশের লোক সেখানে ওয়াচ এণ্ড ওয়ার্ড হিসাবে রাখতে হবেতাতেব্যাঙ্ক কর্তৃপক্ষ আপত্তি জানিয়েছে যে সেখানে ষ্টেট গভর্ণমেণ্ট থেকে বা হোম ডিপার্টমেণ্ট থেকে বা পুলিশ দপ্তর থেকে লোক রাখলে তাদের কোন প্রতিপত্তি থাকবে না, একথা কি সত্য ?

**শ্রীজ্যোতি বসু :** এই রকম কোন অস্তত আমার কিছু জানা নাই।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলবেন কি যে ষ্টেট ব্যাঙ্কের ব্যাপারে ১০।১।৭০ তারিখে যাদের ধরা হয়েছিল আমি জিজ্ঞাসা করছি যে এটা কি সত্য যে ১০ জানুয়ারী গ্রেপ্তার করার আগে এই ডাকাতির নায়কদের কাউকে লালবাজারে ধরে আনা হয়েছিল এবং হোম ডিপার্টমেণ্টের বিশেষ নির্দেশে তাকে ছেড়ে দেওয়া হয়েছিল ?

**শ্রীজ্যোতি বসু :** একেবারে সত্য নয়।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** এই সম্পর্কে বাংলাদেশের কয়েকটি খবরের কাগজে এই যে মিথ্যা সংবাদ বেরিয়েছিল তার প্রতিবাদ করে যে এটা সত্য নয়, লাল বাজারে ধরে আনা হয়েছে এবং স্বরাষ্ট্রদপ্তরের ইঙ্গিতে ছেড়ে দেওয়া হয়েছে, এই প্রতিবাদ করা কেন হোল না ?

**শ্রীজ্যোতি বসু :** এটা অবশ্য শুনেছিলাম যে একটা কংগ্রেসী কাগজে বেরিয়েছিল—কিন্তু শুধু মাননীয় সদস্যকে আমি এই কথাই বলতে চাই যে এতো অসত্য লেখা হচ্ছে যে তার জন্য একটা স্পেশ্যাল ডিপার্টমেণ্ট কিভাবে করবো তা আমি বলতে পারি না—আমাদের যে কিভাবে কাজ করতে হয়, এতো মিথ্যা সব জিনিস, তাতে আমি মনে করেছিলাম যে, it should be treated with contempt that it deserves.

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে অনন্ত সিং এর আগে ১৯৫১-৫২ সালে কলেজ ষ্ট্রীটে ডাকাতির জন্য এ্যারেষ্ট হয়েছিল এবং তখন তিনি এই হাউসের মেম্বার ছিলেন ?

**শ্রীজ্যোতি বসু :** এ্যারেষ্ট হয়েছিল বলে আমার জানা নাই।

[ 1-20 – 1-30 p.m. ]

**শ্রীকালীপদ মণ্ডল :** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয় এইমাত্র প্রশ্নোত্তরে বললেন যে এইসব ডাকাতদের হাতে কোন পতাকা ছিল না, কিন্তু তারা শ্লোগান দিয়েছিল। আপনি জানাবেন কি, কি শ্লোগান দিয়েছিল ?

**শ্রীজ্যোতি বসু :** সে আমি বলতে পারি না, কোন দলের পতাকা ছিল না এটাই জানি।

## বাঁকুড়া জেলায় হত্যাকাণ্ডের সংখ্যা

*80. (Admitted question No. *157.)

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জানুয়ারী, ১৯৬৯ সাল হইতে এ পর্যন্ত বাঁকুড়া জেলায় মোট কতগুলি হত্যাকাণ্ডের ঘটনা ঘটিয়াছে ; এবং

(খ) এই হত্যাকাণ্ডের সংখ্যা ১৯৬৮ সালে কত ছিল ?

**শ্রীজ্যোতি বসু:**

(ক) মোট ৩০টি।

(খ) মোট ৩০টি।

**শ্রীঅনিল কুমার মুখার্জি:** বাঁকুড়া জেলায় যে ৩০টি হত্যাকাণ্ড অনুষ্ঠিত হয়েছে তার মধ্যে ওন্দা থানায় কটি বলতে পারেন কি ?

**শ্রীজ্যোতি বসু:—** স্থানভিত্তিক বলতে হলে নোটিশ চাই।

**শ্রীঅনিল কুমার মুখার্জি:—** যতদূর জানি ঐ থানায় গত ৬ মাসের মধ্যে দুটি হত্যাকাণ্ড ঘটেছে, যার ফলে সেই জায়গার লোকের মধ্যে একটা ত্রাসের সঞ্চার হয়েছে। এই দুটি খুনের কোন হদিশ পওয়া যায় নি, পুলিশের তেমন তৎপরতা দেখা যায়নি, আজ পর্যন্ত ঐ দুটি খুনের কোন হদিশ পাওয়া যায় নি। এর কারণ কি ?

**শ্রীজ্যোতি বসু:—** বিশেষ ঘটনা সম্পর্কে জানতে হলে নোটিশ দিতে হবে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:—** এই যে ৩০টি এবং ৩০টি হত্যাকাণ্ড তার মধ্যে কতগুলি রাজনৈতিক হত্যাকাণ্ড বলবেন কি ?

**শ্রীজ্যোতি বসু:—** আমি বলতে পারি না, নোটিশ চাই।

## ফসল-কাটার ব্যাপারে সংঘর্ষ

*81. (Admitted question No. *194.)

**শ্রীসনৎ কুমার রাহা:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে অদ্যাবধি ফসল-কাটার ব্যাপারে কতগুলি সংঘর্ষ হয় ; এবং

(খ) এই সকল সংঘর্ষের ফলে কত লোক হত – আহত ও গ্রেপ্তার হয় ?

**Mr. Speaker:** Question No. *81 is to be held over.

## চতুর্থ ক্রিকেট টেষ্ট ম্যাচে গণ্ডগোল সম্পর্কে রিপোর্ট

*82. (Admitted question No. *437.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় ইডেন উদ্যানে ১৯৬৯ সালের চতুর্থ ক্রিকেট টেষ্ট খেলার চতুর্থ দিনে খেলার মাঠের বাইরে যে ৬ জন ক্রীড়ামোদী টিকিট ক্রয়ের জন্য লাইন দিতে গিয়ে প্রাণ দেন এবং শতাধিক ব্যক্তি আহত হন পুলিশ লাঠি চালনা, কাঁদুনে গ্যাস প্রয়োগ ও ঘোড়সোয়ার পুলিশের আচরণের ফলে—সে সম্বন্ধে কোন রিপোর্ট সরকারের হাতে এসেছে কি না ;

(খ) এই ঘটনা সম্পর্কে বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন না করার কারণ কি ; এবং

(গ) এই ঘটনায় সি, এ, বি, ও পুলিশের বিরুদ্ধে কোন অভিযোগ সরকারের কাছে এসেছিল কি না ?

**শ্রীজ্যোতি বসু :**

(ক) হ্যাঁ, তবে কি কারণে ক্রীড়ামোদীরা হতাহত হইয়াছেন তাহা অনুসন্ধান করার জন্য একটি তদন্ত কমিশন গঠিত হইয়াছে।

(খ) এই ক্ষেত্রে বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করা প্রয়োজন মনে হয় নি তাই বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করা হয়নি। মেম্বর, বোর্ড অব রেভিনিউর প্রাক্তন সদস্য শ্রী কে, সেনকে তদন্তের ভার দেওয়া হয়েছে।

(গ) না।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে জিজ্ঞাসা করছি যেখানে প্রত্যক্ষ দেখা যাচ্ছে ৬ জন নিষ্পাপ ক্রীড়ামোদী মারা গেল, ১০০ জনের বেশী আহত হল, সেই রকম ক্ষেত্রেও যুক্তফ্রন্ট সরকার বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠনের প্রয়োজন বোধ করেন না। আমি তাঁকে জিজ্ঞাসা করছি—যুক্তফ্রন্ট সরকার কি কোন ফর্মুলা বার করতে পেরেছেন যার ভিত্তিতে বলতে পারেন যে এত পরিমাণ রক্ত ঝরলে, এত লোক মারা গেলে এত লোক আহত হলে, এত লোক নিহত হলে তবে বিচার বিভাগীয় তদন্ত হবে? আর তা না হলে প্রশাসনিক তদন্ত হবে? স্বরাষ্ট্র মন্ত্রীর কি কোন ফর্মুলা আছে ?

**শ্রীজ্যোতি বসু :** এই রকম কোন ফর্মুলা নেই, আমরা এক একটা ঘটনার উপর সিদ্ধান্ত গ্রহণ করি।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** আমি উপ-মুখ্যমন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, ৬ জন ক্রীড়ামোদী খেলা দেখতে গিয়ে মারা গেল, শতাধিক ব্যক্তি আহত হল, এই ঘটনা কি যথেষ্ট গুরুত্বপূর্ণ নয় যার ভিত্তিতে বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করতে পারেন ?

**শ্রীজ্যোতি বসু :** ভয়ানক গুরুত্বপূর্ণ ঘটনা, তবে যেভাবে আমরা তদন্ত করতে দিয়েছি, আমাদের মনে হয়েছে এটাই যথেষ্ট।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** ১৯৬৭ সালে ইডেন উদ্যানে যখন টেষ্ট খেলা হয়েছিল তখন এর থেকেও লঘু ঘটনা ঘটেছিল, সেখানে গুলি চলে, মানুষ মরে নি, কোন মানুষ নিহত হয়নি, তা সত্ত্বেও সেখানে হাই কোর্টের প্রাক্তন বিচারপতি কে. কে. সেনকে চেয়ারম্যান করে তদন্ত কমিশন গঠিত হয়েছিল। যে রিপোর্ট বের হয়েছিল সে রিপোর্টও হাউসে সার্কুলেট করা হয়েছিল। আমি জিজ্ঞাসা করছি, আমরা আজকে যারা যুক্তফ্রন্টের শরিক আছি, সেদিন আমরা বিরোধী পক্ষে ছিলাম, কংগ্রেস তখন ক্ষমতায় ছিল, তখন এই ধরনের ঘটনা ঘটাতেই কি সেদিন আমরা বিচার বিভাগীয় তদন্তের দাবী জানিয়েছিলাম? আর আজকে আমরা ক্ষমতায় আসায় তার চেয়ে অনেক গুরুত্বপূর্ণ ঘটনা ঘটলেও এ ব্যাপারে বিচার বিভাগীয় তদন্ত কমিশনের দাবী করছি না বা গঠন করছি না ?

**শ্রীজ্যোতি বসু :** বিচার বিভাগীয় হলেই যথেষ্ট হবে বা আমরা সন্তুষ্ট হবো, আর অন্য কোন রকম হলে সেই সন্তুষ্টি আসবে না বা ভরসা থাকবে না এই রকম কোন সিদ্ধান্তে আমরা পৌঁছই নি।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে এই ভিত্তিতে কি আমাদের যুক্তফ্রন্ট সরকার বা স্বরাষ্ট্র দপ্তর জুডিশিয়াল এনকোয়ারী, ডিপার্টমেণ্টাল, বা এ্যাডমিনিষ্ট্রেটিভ এনকোয়ারী মধ্যে যে কোয়ালিটেটিভ ডিফারেন্স আছে এটা কি স্বীকার করেন না?

**শ্রীজ্যোতি বসু:** এটা মতের ব্যাপার। আমি কিছু বলতে পারব না।

**শ্রীনেপাল চন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় যখন অপজিশনে ছিলেন তখন প্রতি ঘটনার ব্যাপারে তিনি বিচার বিভাগীয় তদন্ত চাইতেন, এবং তখন কংগ্রেস দিতে চাইতো না বলে চেঁচামেচি করতেন এবং ওয়াক আউট করতেন, এর কারণ কি?

**মিঃ স্পীকার:** This question does not arise.

**শ্রীসরল দেব:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে পি. কে. সেনের ভ্রাতাকে এই কাজে নিযুক্ত করা হয়েছে, সেখানে তাদের যে ভ্রাতৃসুলভ মনোভাব সেটা কি এতে দোষযুক্ত হবে না। উনি কি কে. সি. সেনকে এ্যাপয়েণ্ট না করে অন্য কাউকে তো করতে পারতেন না?

**শ্রীজ্যোতি বসু:** ব্যাক্তিবিশেষের উপর নির্ভর করে, বাবা হলে কি ছেলে হলে, তার উপর নয়।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** ১৯৬৯ সালের আগে ইডেন গার্ডেনে যে সমস্ত টেষ্ট খেলা হয়েছে তাতে কি কোন ক্রীড়ামোদীর মৃত্যু হয়েছে বলে কি তাঁর দপ্তরে কোন খবর আছে?

**শ্রীজ্যোতি বসু:** না।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে টেষ্ট খেলার চতুর্থ দিনে যে দিন ছয়জনের মৃত্যু হলো এবং ১৫০ জন আহত হলো সেদিন কি কোন যুক্তফ্রণ্টের মন্ত্রী বা অন্য কেউ সেই খেলা দেখতে গিয়েছিলেন?

**শ্রীজ্যোতি বসু:** আমার জানা নেই।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কি জানাবেন যে সেদিন যে মর্মন্তুদ ঘটনা ঘটেছিল, এবং মানুষের মনে যে প্রশ্ন সেদিন জেগেছিল—সেদিন কি কোন যুক্তফ্রণ্টের মন্ত্রী বা স্বরাষ্ট্র মন্ত্রী নিজে কি সেই খেলা দেখতে গিয়েছিলেন?

**শ্রীজ্যোতি বসু:** আমি যাইনি, আর কে গিয়েছিলেন আমি জানি না।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ১৯৬৯ সালের ইণ্ডিয়া-অষ্ট্রেলিয়া টেষ্ট সিরিজে ইডেন গার্ডেন ছাড়া ভারতের অন্য কোন খেলার মাঠে কি ক্রীড়ামোদীর মৃত্যু হয়েছিল?

**শ্রীজ্যোতি বসু:** আমি জানি না।

### Villages on Indo-Pak border

*83. (Admitted question No. *463.) **Shri NALINAKSHA SANYAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware of the insecurity prevailing in the villages on Indo-Pak border of West Bengal generally and in

the Karimpur thana area border villages in particular due to frequent inroads by Pakisthani thieves and dacoits generally bent upon removal of cattle and moveable household materials ; and

(b) what are the measures taken or proposed to be taken to ensure more effective protection to Indian citizens living in border area villages ?

**Shri Jyoti Basu :** (a) There are no frequent inroads by Pakistani thieves and dacoits across the bordar in West Bengal. There are, however, some cases of crime against property etc. but these are not of such a magnitude that these will create a sense of insecurity amongst the villagers in bordar area.

(b) As the existing measures are considered adequate for the purpose, no special measures are now necessary.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রিমহাশয়, কি অবগত আছেন যে গত ৫/১/৭০ তারিখ থেকে ১৩/১/৭০ তারিখের মধ্যে যে সময় আমি গ্রামে ছিলাম তখন এমন একটা রাত্রিও কাটেনি যখন কোন না কোন সীমান্ত গ্রামে পাকিস্তানীরা ঢুকে গরু এবং সম্পত্তি লুঠ করে নিয়ে গেছে ? আপনাকে আমি লিষ্ট নিয়ে দেখাতে পারি, এই বিষয়ে আপনার কি কোন খবর আছে ?

**শ্রীজ্যোতি বসু :** ঐ তারিখগুলোর কথা বলতে পারব না, আপনি লিষ্ট দিয়ে দেবেন আমি দেখবো। কিন্তু আমার কাছে যে রিপোর্ট আছে গরু চুরির ব্যাপার নিয়ে—যে এই রকম ঘটনা সেখানে হয় মাঝে মাঝে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে বেড় রামচন্দ্রপুর সীমান্ত গ্রামে ইন্দাজ শেখের বাড়ীতে একদিন রাত্রে যখন গরু চুরির শব্দ শুনে উঠে একজন লোককে জাপটে ধরে ফেলে তখন দেখা গেল সেই ধৃত লোকটা একজন বর্ডার সিকিউরিটি ফোর্সের কনষ্টেবল ?

**শ্রীজ্যোতি বসু :** আপনার থেকে তো ইনফর্মেশন পেলাম এবং আরও যদি ইনফর্মেশন চান আমার থেকে তাহলে নিয়ে জানাবেন, আমি বলে দেবো।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** এ সম্বন্ধে সরকারী পর্য্যায়ে জয়েণ্ট এনকোয়ারী হয়েছে, এটা অবগত আছেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** যদি এই প্রশ্নটা করতেন তাহলে সেই কাগজটা এনে বলে দিতে পারতাম।

[1-30—1-40 p.m]

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বর্তমানে সীমান্ত গ্রামে বর্ডার সিকিউরিটি ফোর্সের যে ক্যাম্প আছে তাদের সঙ্গে স্থানীয় ওয়েষ্ট বেঙ্গল পুলিসের যে সহযোগীতা প্রয়োজন তার অভাব আছে ?

**শ্রীজ্যোতি বসু :** আমি জানি না। তবে আপনি যদি বলেন তবে আমি খোঁজ নিয়ে দেখতে পারি। আমার কাছে এরকম রিপোর্ট নেই।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি গত ১২/১/৭০ তারিখে জামসেদপুর অঞ্চলের মধ্যে হরিপুর গ্রামে যেখানে আখ মাড়াই হয় সেখানে ৪ জোড়া বলদ লুঠ

করবার জন্য ২০।২৫ জন পাকিস্তানী অস্ত্রশস্ত্র নিয়ে গ্রামের লোকদের আক্রমণ করে এবং কয়েকজন আহত হয়, তাদের প্রতিরোধের ফলে মাত্র ১ জোড়া বলদ নিয়ে গেছে এ খবর রাখেন কি?

**শ্রীজ্যোতি বসু:** স্পীকার মহাশয়, ডঃ সান্যাল বহুদিন এখানে আছেন, উনি জানেন একটার পর একটা গ্রামের নাম করে গেলে সে প্রশ্ন যদি আগে থেকে না করেন তাহলে উত্তর দেওয়া যায় না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে চিঠি দিয়েছি এবং কি ভাবে এর প্রতিকার করা যায় এ সম্বন্ধে আমার বুদ্ধিতে যা আসে জানিয়েছি সেটা আপনার নজরে এসেছে কি?

**শ্রীজ্যোতি বসু:** আমার নজরে আসে নি তবে আপনি যদি দিয়ে থাকেন তাহলে এটা নিয়ে কি করা যায় তা দেখবো।

**শ্রীঅনিল কুমার মুখার্জি:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয় জানাবেন কি কংগ্রেস সিণ্ডিকেট ও ইণ্ডিকেট-এর মধ্যে বলদ নিয়ে যে ঝগড়া আছে সে সম্বন্ধে কি অভিযোগ আছে?

**শ্রীজ্যোতি বসু:** কোন অভিযোগ নেই।

**শ্রীসুরেশ চন্দ্র সিংহ:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জানাবেন কি সীমান্ত গ্রামের লোকেরা গরু চুরিতে প্রচণ্ডভাবে মার খাচ্ছে, এতে মনে হচ্ছে বি. এস. এফ. এর সঙ্গে পাকিস্তানের যোগাযোগ আছে। তাই বি. এস. এফ-এর সঙ্গে ওয়েষ্ট বেঙ্গল পুলিসের কো-অর্ডিনেট করিয়ে দিলে সেটা এফেকটিভ হবে সে রকম পরিকল্পনা চিন্তা করছেন কি?

**শ্রীজ্যোতি বসু:** আমার কাছে এ রকম কোন খবর নেই তবে মাননীয় সদস্যরা যারা বর্ডার থেকে আসেন তাঁরা যদি বলেন যে এরকম অবস্থা হচ্ছে বা এরকম একটা বিচ্ছিন্নতায় কাজ করছে বি, এস, এফ, তাহলে তদন্ত করে যদি কিছু করা যায় সেটা করুন।

**শ্রীনেপাল চন্দ্র রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সমস্ত পাকিস্তানী চোর বা ডাকত আমাদের পশ্চিম বাংলায় এসে চুরি বা ডাকাতি করছে তারা সবই কি গরু চুরি করছে না অন্য কিছু চুরি করছে?

**শ্রীজ্যোতি বসু:** এ প্রশ্ন ওঠে না তবে আপনি যখন বলছেন তখন বলতে পারি চুরি বা ডাকাতির পরিসংখ্যান আমাদের কাছে নেই সুতরাং এ প্রশ্নের আমি কি জবাব দেবো।

**শ্রীএম মোকসেদ আলি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গত সপ্তাহে নদীয়া জেলায় কোন একটি পত্রিকায় আরোহী নামে একটি ডাকাতের দল পাকিস্তানের, তারা বর্ডার পার হয়ে এখানে এসে লুণ্ঠন করেছে—এ সংবাদ রাখেন কি?

**শ্রীজ্যোতি বসু:** আমার জানা নেই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** গ্রামের সীমান্তে যে সিকিউরিটির ব্যবস্থা করা হয়েছে করিমপুর থানায় যে আর্মড পুলিশের ঘাঁটি আছে তাতে কতজন পুলিশ আছে?

**শ্রীজ্যোতি বসু:** আমি আগেই বলেছি নূতন করে কিছু করার অবস্থা হয়নি। আমি নির্দ্দিষ্টভাবে কিছু বলতে পারবো না। কটা থানা আছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে করিমপুর থানার গ্রামের লোকেদের গরু বাছুর চুরি হচ্ছে এমন কি তাদের কাঁসার থালা অবধি নেই এটা আপনার সীমান্ত পুলিশ কজন আছে সেই হিসাবে আমি প্রশ্ন করেছিলাম। কারণ এই ধরনের সব চুরি হয়ে যাচ্ছে। সেই জন্য এটা জানাবেন কি যে কতজন পুলিশ সেখানে আছে?

**শ্রীজ্যোতি বসু :** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীঅরুণ সেন :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ঐ অঞ্চল থেকে ক'জোড়া বলদ এপর্যন্ত চুরি গেছে?

**শ্রীজ্যোতি বসু :** নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় উপ-মুখ্যমন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি এই যে বর্ডার সিকিউরিটি ফোর্স-এর উপর ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট-এর সম্পূর্ণ তদারকি ক্ষমতা প্রয়োগ করবার ক্ষমতা আছে কিনা—না এটা ডুয়েল ডাইরেকশানে চলছে অর্থাৎ সেণ্ট্রাল এক বলছেন আপনারা আর এক বলছেন এরকম একটা কোহিসনের মধ্যে দিয়ে চলেছেএই বর্ডার সিকিউরিটি ফোর্স?

**শ্রীজ্যোতি বসু :** এটা বলতে পারি যে বর্ডার সিকিউরিটি ফোর্স কেন্দ্রের দ্বারা পরিচালিত হয়, আমাদের সঙ্গে সে রকম কোঅর্ডিনেশান এবং কোহিসান নেই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** এটাকে এফেকটিভ করবার কোন ব্যবস্থার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীজ্যোতি বসু :** আমার কাছে সব রিপোর্ট নেই তাই সব বলতে পারছি না, তবে এটুকু জানি যে ওদের সঙ্গে যে কনফারেন্স হয়েছে, ওই বি, এস, এফ-এর সঙ্গে যে কনফারেন্স হয়েছে তাতে আর কিছু করা যায় কি না এবং কি কি প্রয়োজন এসব নিয়ে কনফারেন্স-এ আলোচনা হয়েছে আমি খোঁজ খবর নিয়ে আপনাকে পরে জানাতে পারি।

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সেদিন তাঁর সঙ্গে এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে এ পক্ষের কয়েকজন এখানের নিরাপত্তার সম্বন্ধে রাইটার্স বিল্ডিংয়ে আলোচনা করতে গিয়েছিলাম সে সময় তার এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল। এবং তিনি বলেছিলেন অনুসন্ধান করে ব্যবস্থা করবেন বর্তমানে কি অবস্থা জানাবেন কি?

**Mr. Speaker :** This question does not arise.

## শহরাঞ্চলে সম্পত্তির ঊর্দ্ধ সীমা

*84. (Admitted question No. *477.)

**শ্রীকালীপদ মণ্ডল :** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, সরকার শহরাঞ্চলে সম্পত্তির উধ্বর্ সীমা বাঁধিয়া দিবার কথা বিবেচনা করিতেছেন?

[ 1·40—1·50 p.m. ]

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এ ব্যাপারে আইনগত দিকগুলির পরীক্ষা করা হইতেছে এবং কেন্দ্রীয় সরকারের সহিত পত্রালাপ চলিতেছে।

**শ্রীকালীপদ মণ্ডল :** আইনের কচকচানী নিয়ে যে আলোচনা চলছে কেন্দ্রীয় সরকারের সংগে তাতে আমি জানতে চাই যে এই যে, এই যে উচ্চসীমা সরকার স্থির করছেন সেটা আয়ের উপর না সম্পত্তির উপর হবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** প্রথমতঃ এটা ঠিক করা হচ্ছে যে রাজ্য সরকারের এই ব্যাপারে এক্তিয়ার আছে কি না। এই ব্যাপারে সংবিধানের অবস্থা কি সেটাও দেখা হচ্ছে। এইটা দেখার সংগে সংগে স্কীম নিয়েও আলাপ-আলোচনা করা হচ্ছে।

**শ্রীঅশ্বিনী রায়:** এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের মনোভাব জেনেছেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এই ব্যাপারে প্রধানমন্ত্রীর সংগে এবং পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান মিঃ গ্যাডগিলের সংগে কথা বলেছিলাম। তাঁরা বলেন যে এটা হওয়া খুবই দরকার এবং অত্যন্ত তাড়াতাড়ি হওয়া উচিত। আমি প্রধানমন্ত্রীকে বলেছিলাম আপনারা বলেন হওয়া উচিত কিন্তু করতে চান না। এই ব্যাপারে কতকগুলো জিনিষ আছে সেগুলো কেন্দ্রীয় সরকারের বলা প্রয়োজন। যেমন ধরুন বিড়লাদের বাংলাদেশে যেমন বাড়ী আছে, তেমনি তাদের বাড়ী বোম্বাইতে আছে, দিল্লীতে আছে, মাদ্রাজে আছে। কাজেই কেন্দ্রীয় সরকারের এ ব্যাপারে প্রয়োজন আছে। কারণ তারা এখানকার বাড়ীগুলো বিক্রী করে দিয়ে অন্য জায়গায় বাড়ী রাখার চেষ্টা করবে। সেইজন্য প্রধানমন্ত্রীকে বলেছিলাম এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের ইনিসিয়েটিভ নেওয়া দরকার। সেইজন্য কেন্দ্রীয় সরকারের সংগে পত্রালাপ করছি এবং আলোচনা করছি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** বিচার বিভাগীয় মন্ত্রীর ইচ্ছা এবং সদিচ্ছার উপর অভিনন্দন জানিয়ে আমি জিজ্ঞাসা করতে চাই যে এই যে জিনিষগুলো ব্যাখ্যার কথা বললেন এগুলো কবে শেষ হবে এবং সাধারণ মানুষ তার ফল ভোগ করবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** সেই সব জিনিষগুলো শেষ হলে মন্ত্রিসভার কাছে বিষয়টা যাবে এবং মন্ত্রিসভা তারপর সিদ্ধান্ত নেবেন বিবেচনা করে। তাই কতদিনে এটা শেষ হবে তা এখন বলা যাবে না।

**শ্রীঅজিত বিশ্বাস:** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ল্যাণ্ড সিলিং-এর ক্ষেত্রে যত দ্রুত সরকার নীতি অবলম্বন করতে পেরেছেন তুলনামূলকভাবে শহরাঞ্চলের সম্পত্তির ক্ষেত্রে সেটা তাড়াতাড়ি করতে পারছেন না এই কারণে যে এখানে হাত দিলে বড় বড় পুঁজিপতিদের সম্পত্তি ক্ষতিগ্রস্থ করা হবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এই ল্যাণ্ড সিলিংএর ব্যাপার খুব সহজ নয় এবং এটা পৃথিবীর মধ্যে একমাত্র মেকসিকো ছাড়া আর কোথাও নেই। এই রকম প্রাইভেট প্রপার্টির উপর আরবান সিলিং আর এক জায়গায় আছে। সেটা হচ্ছে যুগোশ্লাভিয়াতে। তবে সেটা ঠিক ক্যাপিটালিষ্টিক ষ্ট্রাকচারের দেশ নয়। তারা কাগজপত্র পাঠাচ্ছে, আমরা সেগুলো দেখছি।

**শ্রীআবদুস সাত্তার:** On a point of order, Sir, এ বিষয়ে বিচার বিভাগীয় মন্ত্রীর পর পর তিনটা প্রশ্ন আছে। শহরের সম্পত্তির ব্যাপারে ওঁর কাছে যে প্রশ্ন করা হয়েছে সেটাতে আমি জানতে চাই এই Subject-টা L, R.-এর under-এ, না বিচারের under-এ, না Finance Dept.-এর under-এ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এটা joint responsibility of the Govt.—যে কোন Dept. করতে পারে। আমি legel complexcity এবং তার implication সম্বন্ধে বলছি।

**শ্রীআবদুস সাত্তার:** ইহা কি সত্য যে, সরকার শহরাঞ্চলে সম্পত্তির উর্ধসীমা বাঁধিয়া দিবার কথা বিবেচনা করিতেছেন—এই ধরণের প্রশ্ন মোটামুটিভাবে Land L. R. কিম্বা Finance Dept.-এ পড়ে; কিন্তু আপনার under-এ কি ভাবে এল সেটা জানতে চাই?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এটা preliminary stage-এ বলে Exam. করছি, সুতরাং আমার Dept.-এ আসতে পারে।

**শ্রীআবদুস সাত্তার :** শহরাঞ্চলের সম্পত্তির ব্যাপারটা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এক্তিয়ারের ভেতরে constitution অনুযায়ী আছে কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** সেটাই Exam. করা হচ্ছে, তবে যতদূর জানি আমাদের jurisdiction-এর মধ্যে পড়ে।

**শ্রীসন্তোষ কুমার রায় :** কেন্দ্রীয় সরকার, এ বিষয়ে একটা model আইন তৈরী করে পাঠিয়েছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** একটা model law করে তাঁরা আমাদের কাছে পাঠিয়েছেন।

**শ্রীসরল দেব :** কেন্দ্রীয় সরকার, আইন ইত্যাদি কথা না বলে শহরের জমি নিয়ে কি ব্যবস্থা শীঘ্র গ্রহণ করছেন সেটা জানাবেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** আপনারাই আইন তৈরী করবেন, সুতরাং আপনাদের অপেক্ষায় সব কিছু আছে।

**শ্রীজয়নাল আবেদিন :** প্রভাবশালী মহলের চাপে পড়ে এই সরকার আইন তৈরী করতে দেরী করছেন একথা কি সত্য ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** না, সত্য নয়।

### শহরাঞ্চলের সম্পত্তির উচ্চতম সীমা বাঁধিয়া দিবার কর্মসূচি রূপায়ণ

*85. (Admitted question No. *59.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, শহরের সম্পত্তির উচ্চতম সীমা বাঁধিয়া দিবার কর্মসূচি রূপায়ণে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোনরূপ সাহায্য গ্রহণ করিবার কথা চিন্তা করিতেছেন কি না ?

### শহরাঞ্চলের সম্পত্তির ঊর্দ্ধ সীমা নির্ধারণ

*86. (Admitted question No. *246.)

**শ্রীসনৎকুমার রাহা :** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, শহরের সম্পত্তির ঊর্দ্ধ সীমা নির্দিষ্ট করার বিষয়ে সরকার কোন কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এ ব্যাপারে আইনগত দিকগুলির পরীক্ষা করা হইতেছে এবং কেন্দ্রীয় সরকারের সহিত পত্রালাপ চলিতেছে।

[ 1-50—2-00 p. m. ]

**শ্রীসনৎকুমার রাহা :** মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আপনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যে যোগাযোগ করেছেন তখন কোন কনক্রিট সাজেসন দিয়েছেন কি ? এখানে এন্যাক্টমেণ্ট ফ্রম সেণ্টার হবে, না ফ্রম ষ্টেট হবে, এই রকম কনক্রিট সাজেসন দিয়েছেন কিনা ? দ্বিতীয় নম্বর হচ্ছে, সম্পত্তির ব্যাখ্যা কি হবে ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** না, এখন পর্যন্ত কনক্রিট সাজেসন দেওয়া হয়নি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, গ্রামের জমির সিলিং কি হবে এবং শহরের কি হবে, কিভাবে তার মূল্য বাঁধা হবে তার কথা চিন্তা করছেন কিনা ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এটা কি হবে That is one of the considerations. এখন এটা কনসিডারেশনে আছে, সমস্ত হিসাব বিবেচনা করে দেখতে হবে।

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এটা এই বছরের মধ্যে অর্থাৎ ৭০ '৭১ সালের মধ্যে সহরাঞ্চলের সম্পত্তির সীমা নির্ধারণ করার কথা আপনার সরকার চিন্তা রছেন কি?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** আমাদের সরকার যত তাড়াতাড়ি পারেন এই ব্যাপারে ব্যবস্থা রবেন।

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সহরাঞ্চলের সম্পত্তির ঊর্ধসীমা ধার সিদ্ধান্ত গ্রহণ করতে গেলে কনষ্টিটিউশনের প্রপার্টি রুলএর এ্যামেণ্ডমেণ্টের প্রয়োজন আছে না?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** কনষ্টিটিউশনের প্রপার্টি রুলের এ্যামেণ্ডমেণ্টের প্রয়োজন আছে লই আমরা সেণ্টারের সঙ্গে কথাবার্তা বলছি।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে আপনি এটা বিবেচনা রছেন, এটা কোন ষ্টেজে আছে, ক্যাবিনেট ষ্টেজে আছে কিনা?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এটার প্রিলিমিনারি ইনভেষ্টিগেশন হচ্ছে, তারপরে ক্যাবিনেটে যাবে ই জিনিস।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সহরের সম্পত্তি বলতে কি ঝাবে? এটা আমরা জানতে চাই।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এটা হলে আমরা তখন ডেফিনেশনে বলে দেবো কোনটা সহরের পত্তি বোঝাবে।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** মাননীয় মন্ত্রিমহাশয় এই ব্যাপারে কোন ইংগিত দিতে পারেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এই ব্যাপারে ক্যাবিনেট কোন ডিসিশন না নেওয়া পর্যন্ত কিছু বলা য় না।

### Police attack inside the Assembly House

*87. (Admitted question No. *505) **Shri ARUN SEN:** Will the inister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether Government have taken any steps against the top Police officers who are directly or indirectly responsible for the "Police attack" inside the Assembly House on the 31st July, 1969; and

(b) (i) If the reply to (a) is yes, what are those steps, and (ii) if not, the reasons therefor?

**Shri Jyoti Basu:** (a) No action against any top police officers has en taken.

(b) (i) Does not arise.

(b) (ii) There was no necessity.

এই সম্পর্কে শুধু একটি কথা বলে দিতে চাই, যে মন্তব্য আর, গুপ্ত কমিশন বলে গিয়েছেন ভন্ন বিষয়ের উপর, অফিসারদের উপর, সেইগুলি আমরা এখন নিয়েছি, আলোচনা করছি াডমিনিষ্ট্রেশন শক্তিশালী করবার জন্য, দুর্বলতা দূর করবার জন্য, সাধারণ এ্যাডমিনিষ্ট্রেশন, টেলিজেন্স উইংস ইত্যাদির, এইগুলি আলোচনা করে যা করবার সেই সিদ্ধান্ত গ্রহণ করছি।

**শ্রীঅরুণ সেন:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, আর, গুপ্তের রিপোর্টে কয়েকজন ব বড় অফিসারের সম্পর্কে, যাদের গাফিলতি সম্পর্কে স্পষ্টভাবে বলা হয়েছে, তাদের বিরুদ্ধে স্টে নেওয়া হয়েছে কিনা বলবেন কি ?

**শ্রীজ্যোতি বসু:** এখানে কোন রেকমেণ্ডেশন করা হয়নি। তবে আগেই বলেছি যে কি মন্তব্য করা হয়েছে এবং তার থেকে এ্যাডমিনিস্ট্রেশনকে ষ্ট্রেনদেন করার জন্য যা করণীয় তা অন্তভা সেটা আমরা করবো।

**শ্রীঅরুণ সেন:** এদের কারো বিরুদ্ধে ডিসিপ্লিনারি প্রসিডিংস নেবার কথা চিন্তা করছে কি ?

**শ্রীজ্যোতি বসু:** না।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে তখন আর্টিবে ৩১১ অনুসারে কতকগুলি লোককে বরখাস্ত করা হয়েছিল, সেই আর্টিকেল ৩১১ অনুসারে এ অফিসারদের বিরুদ্ধে তা প্রয়োগ করবার ক্ষমতা কি সরকারের নেই ?

**শ্রীজ্যোতি বসু:** সে প্রশ্ন নয়। কি ক্ষমতা আছে, আইনতঃ তাতে প্রসিড করা যায় কি যায়। এখানে আই, পি, এস, অফিসারদেরও নানা রকম নিয়ম আছে তা প্রয়োজন মনে কর প্রয়োগ করা যেতে পারে। কিন্তু এখানে যাদের বরখাস্ত করা হয়েছে তাদের গিল্ট এস্ট্যাবি হয়েছে বলে আমরা মনে করি।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** স্যার, আপনি কি কোশ্চেন ৮৭ এবং ৮৮ এক সঙ্গে নিচ্ছেন ?

**মিঃ স্পীকার:** এই দুটো কোশ্চেন এলমোষ্ট এ্যালাইড সুতরাং দুটো এক সঙ্গে নেওয়া যে পারে।

### আর. গুপ্ত রিপোর্টের ভিত্তিতে পুলিশ বিভাগে পরিবর্তন সাধন

*88. (Admitted question No. *87 )

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন আর, গুপ্তের রিপোর্টের উপর ভিত্তি করিয়া রাজ্য সরকার পুলিশ বিভাগে কি পরিবর্তন সা করিয়াছেন ?

**শ্রীজ্যোতি বসু:** এখনও কোন পরিবর্তন সাধন করা হয় নাই।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয় কি দেখেছেন যে এই রিপোর্ট বাংলাদেশে সমস্ত বড় বড় পুলিশ অফিসারের বিরুদ্ধে সুস্পষ্ট ভাষায় দোষারোপ করা হয়ে যেমন আই. জি, এস. এম. ঘোষ, ডি. আই. জি. প্রেসিডেন্সি রেঞ্জ ডি. ধর, ডি. আই. ইনটেলিজেন্স ব্রাঞ্চ কে. গুপ্ত, সুপারিনটেণ্ডেণ্ট অব পুলিশ, ২৪-পরগনা জি. মুখার্জী, এ্যাডিশনা এস. পি, ডি. আই. বি, এ. বি. মিত্র, কমিশনার অব পুলিশ, পি. কে. সেন, ডি. সি. কোয়ার্টার্স, এস. মৌলিক ২৪-পরগনা, ডি. এস. পি. এ্যাডমিনিষ্ট্রেশান, আর্মড পুলিশ বি মোহন ব্যানার্জী, ডি. ই. বি. ২৪-পরগনা, হেড. কনষ্টবল সি. আই. ডি. পাণ্ডে, এদের বির সুস্পষ্ট ভাষায় অভিযোগ করা হয়েছে, দোষারোপ করা হয়েছে। অবশ্য কতকগুলি সু ভাবে প্রত্যক্ষভাবে পরিষ্কার ভাষায় করা হয়েছে আর কতকগুলি রেখে ঢেকে করা হয়েছে। যে পি. কে. সেনের ব্যাপারে করা হয়েছে। কিন্তু একটি কথা পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে যে স বড় বড় পুলিশ অফিসারের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে এবং কমিশন বা কমিটি এই জ করা হয়েছে যে এর ফ্যাইনডিং যা হবে সেই অনুযায়ী সরকার ব্যবস্থা নেবেন। তাহা

আমি জানতে চাইছি যে রিপোর্টে এই সমস্ত মন্তব্য যা করা হয়েছে সরকার কেন এই সমস্ত অফিসারদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করেন নি?

**শ্রীজ্যোতি বসু:** আমি আগেই বলেছি যে দোষারোপ বা অভিযোগ বা অফিসারদের বিরুদ্ধে আছে যার অনেকগুলির এখানে নাম করা হোল সেটা বিভিন্ন ধরনের এবং আমি মনে করি না সেই অভিযোগ যা করা হয়েছে তাতে তাদের চার্জসিট দেওয়া যায় বা ঐ ধরনের সাজার প্রয়োজন আছে। কিন্তু এ্যাডমিনিষ্ট্রেশান ষ্ট্রেনদেন করবার জন্য যেসব দুর্বলতার কথা রাখা হয়েছে বা সমালোচনার কথা আছে সেগুলি যাতে বন্ধ হয় সেসবগুলি চিন্তা করে যেখানে যা করণীয় ব্যবস্থা আমরা আলোচনা করে প্রায় কতকগুলি স্থির করে ফেলেছি আর কতকগুলি করবো বলে স্থির করেছি।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** এই রিপোর্টে পরিষ্কারভাবে বলা হয়েছে—There are some features about the whole affair which lead to a suspicion that there might have been some sort of pre-planned conspiracy to create trouble on this date and that this was not simply a spontaneous outburst. এই যে পটভূমি, এই পটভূমিতে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জানতে চাই বিশেষ করে বড় বড় পুলিশ অফিসারদের বিরুদ্ধে—পি. কে. সেন এবং ডি. আই. জি—আই. বি এবং আই. জি অব ওয়েষ্ট বেঙ্গল যিনি ছিলেন এই পটভূমিতে যে অভিযোগ বা দোষারোপ করা হয়েছে তা আরো গুরুতর হয়ে ওঠে না কি? আর সেই কারণে তাঁদের বিরুদ্ধে একটা ব্যবস্থা গ্রহণের প্রয়োজন নেই কি—যে সময় এই সমস্ত ঘটনা ঘটছিল আলিপুর তোলপাড় চলছিল কমিশনের রিপোর্টে অবশ্য পি. কে. সেনের লাঞ্চের টাইম দেয়নি, তিনি ১। ঘণ্টা ধরে লাঞ্চে গিয়েছিলেন, কমিশনের রিপোর্টে এটার উল্লেখ করা হয়নি অথচ ডি. সি হেড কোয়ার্টারের ক্ষেত্রে পরিষ্কার বলা হয়েছে যে তিনি লাঞ্চে গিয়েছিলেন সেই টাইমটা দিয়ে দেওয়া আছে। যখন সেখানে তুমুল কাণ্ড চলছে তখন এঁরা লাঞ্চে চলে গিয়েছিলেন এর পরেও কি বলবেন যে এটা প্রিপ্ল্যাণ্ড কন্সপিরেসি নয় এবং এঁদের বিরুদ্ধে সরকার কি কোন ব্যবস্থা নেবেন না?

**শ্রীজ্যোতি বসু:** আমি খালি এটুকু বলতে পারি যে উনি সেই রিপোর্ট থেকে যে সিদ্ধান্তে পৌঁচেছেন আমরা ঠিক সেই সিদ্ধান্তে পৌছাতে পারি নি এবং উনি যেভাবে ষড়যন্ত্রের সঙ্গে যুক্ত নামগুলি করেছেন আমরা সেটা করতে পারি নি, করলে নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করা হত—তবে ষড়যন্ত্র যে ছিল তা আমরা কিছু কিছু খোঁজ করেছি কিন্তু সেই সব বিষয়ে এখানে বলতে পারব না।

## Starred Questions

(to which answers were laid on the table)

### স্টেট বাসের টিকিটে বিজ্ঞাপন

***89.** (Admitted question No. *567.)

**শ্রীমনোরঞ্জন বড়াল:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্টেট বাসের টিকিটে বিভিন্ন কোম্পানীর বিজ্ঞাপন ছাপার হারের পরিবর্তন করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) এই প্রথা চালু হওয়ার সময় হার কত ছিল এবং বর্তমানে হার কত এবং (২) এই হার পরিবর্তনের কারণ কি?

**The Minister for Home (Transport):**

(ক) হ্যাঁ।

(খ) (১) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। (২) বাস টিকিটের উপর বিজ্ঞাপনের বিশেষ প্রচার মূল্য না থাকিলেও কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের দৈনিক প্রায় দশ লক্ষ বিক্রীত টিকিটের উপর বিজ্ঞাপন ছাপাইয়া যথা সম্ভব আয় বাড়াইবার চেষ্টা করা হইতেছে এই উদ্দেশ্যে বিজ্ঞাপনের হার সময়মত পরিবর্তন করিয়া বিজ্ঞাপন-দাতাদের আকৃষ্ট করিতে হয়।

## কলিকাতায় ৪৭নং রুটের বাস

***92.** (Admitted question No. *581.)

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতায় ৪৭নং (লেক টাউন-ঢাকুরিয়া), ৪৭ ক (লেক টাউন-যোধপুর পার্ক) রুটের বাসগুলির চলাচল মাসাধিককাল বন্ধ আছে; এবং

(খ) সত্য হইলে, (১) বন্ধের কারণ, এবং (২) চালু করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Home (Transport):**

(ক) হ্যাঁ। ৮-১২-৬৯ হইতে বাস চলাচল বন্ধ হয়। এবং ২৬-১-৭০ হইতে পুনরায় বাস চলাচল সুরু হইয়াছে।

(খ) (১) কমিশনের হার বৃদ্ধি, বোনাস, ছাঁটাই বন্ধ ইত্যাদির দাবী মীমাংসা না হওয়ায় কর্মচারীরা ধর্মঘট করিয়াছিল। (২) লেবার ডাইরেক্টরেট কয়েকটি ত্রিপক্ষীয় আলোচনার ব্যবস্থা করেন। শ্রমমন্ত্রী ২৪শে জানুয়ারী, ১৯৭০ তারিখে মীমাংসার জন্য আলোচনা করেন।

পরে মালিকপক্ষ এবং কর্মীগণের মধ্যে ২৫-১-৭০ তারিখের দ্বিপাক্ষিক বৈঠকে সমস্যাগুলি সমাধান হওয়ায় ২৬-১-৭০ হইতে পুনরায় বাস চালু হয়।

## পশ্চিমবঙ্গে জেলা পুনর্বিন্যাসের কাজ

***95.** (Admitted question No. *136.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রশাসনিক কাজকর্মের সুবিধার জন্য পশ্চিমবঙ্গে জেলা পুনর্বিন্যাসের কাজ আরম্ভ সরকার করিয়াছেন কিনা; এবং

(খ) কোচবিহার জেলার হলদিবাড়ী ও মেখলীগঞ্জ থানা দুটিকে জলপাইগুড়ি জেলার অন্তর্ভুক্ত করা এবং জলপাইগুড়ি জেলার কুমারগ্রামদুয়ার, আলিপুরদুয়ার ও কালচিনি থানাকে কোচবিহার জেলাভুক্ত করার কোন প্রস্তাব সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**The Minister for Home (General Administration):**

(ক) প্রধানতঃ আর্থিক কারণে জেলা পুনর্বিন্যাসের কাজ আরম্ভ করা সম্ভব হয় নাই।

(খ) কোচবিহার জেলার হলদিবাড়ী ও মেখলীগঞ্জ থানা দুটিকে জলপাইগুড়ি জেলার অন্তর্ভুক্ত করার একটি প্রস্তাব সরকারের নিকট সম্প্রতি আসিয়াছে। এই প্রস্তাবটি জেলাশাসক, বিভাগীয় কমিশনার ইত্যাদির সহিত পরামর্শ করিয়া পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

## ক্ষুদ্র শিল্প গড়িবার জন্য সরকারী ঋণ

***97.** (Admitted question No. *599.)

**শ্রীকালীপদ মণ্ডল:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র শিল্প গড়িয়া তোলার জন্য সরকার কি কোনও ঋণ দেবার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(খ) করিয়া থাকিলে, ঐ পরিকল্পনাটি কি; এবং

(গ) এ পর্যন্ত এ ব্যাপারে কোন ঋণ দেওয়া হইয়া থাকিলে কত টাকা ঋণ দেওয়া হইয়াছে?

**The Minister for Cottage and Small Scale-Industries:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৩১ সনের বঙ্গীয় শিল্প ঋণ আইনের মাধ্যমে ঋণ দেওয়া হইয়া থাকে। এই আইনের আমূল পরিবর্তন করিয়া নতুন বিল আনার চেষ্টা করা হইতেছে।

(গ) পূর্বেকার হিসাব এত অল্প সময়ের মধ্যে দেওয়া সম্ভব নয়। গত পাঁচ বৎসরের হিসাব লিপিবদ্ধ করিয়া একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল। চলতি বৎসরে এ পর্য্যন্ত ১৪'৭০ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে।

## নদীয়া ও মুর্শিদাবাদ সীমান্ত এলাকা দিয়া চোরাই চালান

***98.** (Admitted question No. *98.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে (১) ১৯৬৯ সালের ডিসেম্বর মাস হইতে পশ্চিম বাংলার নদীয়া ও মুর্শিদাবাদ সীমান্ত এলাকা দিয়া চোরাই পথে এরাজ্য হইতে পাকিস্তানে মাছ, চাল, কেরোসিন ও লবন পাচার হইতেছে, এবং (২) উক্ত সময়ের মধ্যে ঐ পর্যন্ত নদীয়া জেলার বেতাই সীমান্ত দিয়া বে-আইনীভাবে এরাজ্যে পাক-অনুপ্রবেশ বৃদ্ধি পাইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে এ পর্যন্ত কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Home (Police):**

(ক) (১) কেবলমাত্র মুর্শিদাবাদ সীমান্ত এলাকা দিয়া ১৫ কেজি লবন পাচারের চেষ্টার একটি ঘটনা সরকারের নজরে আসিয়াছে; (ক) (২) ইহা সত্য নহে;

(খ) সীমান্ত রক্ষী বাহিনী এ বিষয়ে সর্বদা সতর্ক দৃষ্টি রাখিতেছেন।

## গোপীবল্লভপুরে সন্ত্রাসবাদী কার্যকলাপ

***99.** (Admitted question No. *152.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ও তৎসংলগ্ন এলাকায় সন্ত্রাসবাদী কার্যকলাপের জন্য গত এক বৎসরে এ পর্যন্ত কতজন নিহত হইয়াছে; এবং

(খ) নিহতদের মধ্যে কতজন জোতদার ও কতজন ভূমিহীন কৃষক?

**The Minister for Home (Police):**

(ক) ৩ জন।

(খ) নিহতদের মধ্যে কেহই জোতদার বা ভূমিহীন কৃষক নহে।

### Sale of smuggled goods in Calcutta

***101.** (Admitted question No. *184.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government are aware that foreign goods such as fountainpens, wrist watches and transistor radios smuggled from abroad are being freely sold in the Calcutta market; and

(b) if so, what steps the Government have taken or propose to take to stop the sale of such goods in West Bengal?

**The Minister for Home (Police):**

(a) Sometimes the police receive such information.

(b) Except alerting the customs authority no special action has been taken, so far.

### ভিজিল্যান্স কমিশন

***102.** (Admitted question No. *321.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র ( সাধারণ শাসন ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে ভিজিল্যান্স কমিশনের নিকট কতগুলি কেস আছে ; এবং

(খ) তন্মধ্যে কতগুলি গেজেটেড অফিসারের বিরুদ্ধে ?

**The Minister for Home (General Administration):**

(ক) ভিজিল্যান্স কমিশন কর্তৃক ৩।১২।৬৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় যে, কমিশনের নিকট নিম্নলিখিত পর্যায়ে মোট ১৬১২টি কেস ছিল :—

| | | |
|---|---|---|
| (১) | প্রাথমিক তদন্তের পর্যায়ে ছিল এমন কেসের সংখ্যা .... | ১,১৫২ |
| (২) | বিধিসম্মত বিভাগীয় তদন্তের পর্যায়ে ছিল এমন কেসের সংখ্যা | ৩০১ |
| (৩) | ভিজিল্যান্স কমিশনের/বিভিন্ন জেলা ভিজিল্যান্স অফিসারদের পরামর্শক্রমে ফৌজদারী আদালতে সোপর্দ্দ ও বিচারাধীন কেসের সংখ্যা .... | ৫৬ |
| (৪) | ভিজিল্যান্স কমিশনের/বিভিন্ন জেলা ভিজিল্যান্স অফিসারদের পরামর্শক্রমে ফৌজদারী আদালতে দণ্ডনীয় পুলিশের তদন্তাধীন কেসের সংখ্যা .... | ১০৩ |
| | মোট কেসের সংখ্যা | ১,৬১২ |

(খ) উপরোক্ত কেসগুলির মধ্যে নিম্নলিখিত পর্যায়ে মোট ৪০৮টি কেস গেজেটেড অফিসারদের বিরুদ্ধে ছিল :—

| | | |
|---|---|---|
| (১) | প্রাথমিক তদন্তের পর্যায়ে ছিল এমন কেসের সংখ্যা ... | ৩৪৮ |
| (২) | বিধিসম্মত বিভাগীয় তদন্তের পর্যায়ে ছিল এমন কেসের সংখ্যা .... | ৫৪ |
| (৩) | ভিজিল্যান্স কমিশনের/বিভিন্ন জেলা ভিজিল্যান্স অফিসারদের পরামর্শক্রমে ফৌজদারী আদালতে সোপর্দ্দ ও বিচারাধীন কেসের সংখ্যা .... | ১ |
| (৪) | ভিজিল্যান্স কমিশনের/বিভিন্ন জেলা ভিজিল্যান্স অফিসারদের পরামর্শক্রমে আদালতে দণ্ডনীয় পুলিশের তদন্তাধীন কেসের সংখ্যা .... | ৫ |
| | মোট কেসের সংখ্যা | ৪০৮ |

## UNSTARRED QUESTIONS

( To which written answers were laid on the table )

### প্রাথমিক শিক্ষকদের দাবী পূরণের ব্যবস্থা

31. ( Admitted question No. 66. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—প্রাথমিক শিক্ষকদের (১) বর্ধিত হারে মাগ্‌গী ভাতা, (২) প্রভিডেণ্ট ফাণ্ড এবং গ্র্যাচুইটি—এই বিষয়গুলি পূরণ করিবার সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কি না এবং গ্রহণ করিয়া থাকিলে তাহা কবে নাগাদ পূরণ হইবে ?

**The Minister for Education :**

বর্তমানে প্রাথমিক শিক্ষকদের মোট মাসিক ৫২·৫০ টাকা হিসাবে ২৭-৩-৬৯ তারিখ হইতে মাগ্‌গী ভাতা প্রদানের নির্দেশ দেওয়া হইয়াছে এবং শিক্ষকদের প্রভিডেণ্ট ফাণ্ড ও গ্র্যাচুইটি প্রদানের ব্যবস্থাও চালু আছে। তবে মাগ্‌গী ভাতা ও গ্র্যাচুইটি-র পরিমাণ বৃদ্ধির প্রস্তাব পে-কমিশনের রিপোর্ট প্রকাশের পর বিবেচনা করা হইবে।

### পরিভাষা রচনার কাজে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক অর্থসাহায্যের আবেদন

32. (Admitted question No. 67.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পরিভাষা রচনার কাজে কলিকাতা বিশ্ববিদ্যালয় রাজ্য সরকারের নিকট অর্থসাহায্য চাহিয়াছেন কি ; এবং

(খ) রাজ্যসরকার কি বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় অর্থসাহায্য দিয়াছেন ?

**The Minister for Education :**

(ক) হ্যাঁ।

(খ) না।

### বহরমপুর বেসিক ট্রেনিং স্কুল

33. (Admitted question No. 69.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) বহরমপুর বেসিক ট্রেনিং স্কুলের বর্তমান সেশনে কতগুলি ছাত্রকে ভর্তি হইবার জন্য অনুমতি দেওয়া হইয়াছে ; এবং

(খ) কিভাবে এসকল ছাত্রের বাছাই-কার্য সম্পন্ন হইয়াছে এবং মোট কতজন ভর্তির জন্য আবেদন পেশ করিয়াছিল ?

**The Minister for Education :**

(ক) বহরমপুর বেসিক ট্রেনিং ইনষ্টিটিউটে বর্তমান সেশনে ৪০ (চল্লিশ) জন ছাত্রকে ভর্তি হওয়ার অনুমতি দেওয়া হইয়াছে। উক্ত ৪০ জনের মধ্যে ২৪ জন ডেপুটেড শিক্ষক ও ১৬ জন বহিরাগত।

(খ) সরকারের নির্দেশ অনুযায়ী গঠিত নির্বাচনী কমিটি ( সিলেকশান কমিটি ) কর্তৃক বহিরাগত প্রার্থীদের নির্বাচন কার্য সম্পন্ন হইয়াছে। প্রথমে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা যায়। পরে নির্বাচন কমিটি (সিলেকশান কমিটি) কর্তৃক মৌখিক পরীক্ষা (ইণ্টারভিউ) গ্রহণ করা হয়।

মোট ৮০৬ জন বহিরাগত প্রার্থী আবেদন পেশ করিয়াছিলেন।

### দার্জিলিং অবজারভেটরি হিল

34. (Admitted question No. 70.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (পর্যটন) দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিঙ-এর 'অবজারভেটরি হিল' কাহার তত্ত্বাবধানে আছে ; এবং

(খ) উক্ত 'অবজারভেটরি হিল'কে দার্জিলিঙ-এর একটি উপভোগ্য স্থানে পরিণত করিবা জন্য রাজ্যসরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি ?

**The Minister for Home (Tourism) :**

(ক) দার্জিলিঙ পৌর-প্রতিষ্ঠান।

(খ) আপাতত কোন প্রস্তাব নাই।

### চতুর্থ যোজনাকালে কেন্দ্রীয় সাহায্য

35. (Admitted question No. 126.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিমবা সরকার চতুর্থ যোজনাকালে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে উক্ত যোজনা বাবত কত কোটি টাক সাহায্য চাহিয়াছেন এবং কেন্দ্রীয় সরকার কত কোটি টাকা দিতে রাজী হইয়াছেন ?

**The Minister for Finance :**

পশ্চিমবঙ্গ সরকার চতুর্থ যোজনাকালে কেন্দ্রীয় সাহায্যের রীতি ও মান সম্পর্কে কেন্দ্রী সরকারের নিকট একটি সূত্র বা ফরমুলা সুপারিশ করিয়াছেন। কেন্দ্রীয় সাহায্যের মান যাহ স্থিরীকৃত হইয়াছে তাহাতে কেন্দ্রীয় সরকার ২২১ কোটি টাকা চতুর্থ পরিকল্পনার জন্য সাহায দিতে রাজী হইয়াছেন।

### লটারী হইতে সরকারী আয়

36. (Admitted question No. 128.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ এবং ১৯৬৯-৭০ সালের বর্তমান সময় পর্যন্ত লটারী হইতে পশ্চিমবঙ্গ সরকারের কি পরিমাণ আয় হইয়াছে ; এবং

(খ) ঐ বাবতে কি খাতে কত খরচ হইয়াছে ?

**The Minister for Finance :**

(ক) এ পর্যন্ত পাঁচটি খেলায় সরকারের নীট আয় হইয়াছে ৪৫ লক্ষ ৬১ হাজার ৪ শ ৭০ টাকা ৬৫ পয়সা।

(খ) একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

**Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 3**

বিবরণী

| আর্থিক বৎসর | পুরস্কার | প্রচার কার্য | অফিস-সংক্রান্ত ও বিভিন্ন বাহ্য খরচ | মোট |
|---|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১৯৬৮-৬৯ | ৪,২৩,০০০ | — | ১,১৩,৫৪৬ | ৫,৩৬,৫৪৬ |
| ১৯৬৯-৭০ .... | ১৭,৪৫,৭০০ | ১,০৮,২৮১ | ২,৩৮,৮৮৪ | ২০,৯২,৮৬৫ |

## পঞ্চম অর্থ কমিশনের নিকট রাজ্যসরকারের দাবি

37. (Admitted question No. 129.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পঞ্চম অর্থ কমিশনের নিকট পশ্চিমবঙ্গ সরকার কোন্ খাতে কত টাকা দাবি করিয়াছেন ; এবং

(খ) কমিশন কোন্ খাতে কত টাকা রাজ্যসরকারকে দিবার জন্য সুপারিশ করিয়াছেন ?

**The Minister for Finance :**

(ক) পঞ্চম অর্থ কমিশনের নিকট পশ্চিমবঙ্গ সরকার তাঁহার রাজস্ব খাতে আনুমানিক আয়-ব্যয়ের হিসাব সম্বলিত সমুদয় তথ্য বিস্তারিতভাবে পেশ করেন। তাহাতে রাজ্যসরকারের আর্থিক অবস্থা পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়া উপযুক্তমত অর্থ মঞ্জুর বিষয়ে বিধি-সম্মতরূপে সুপারিশ করিবার জন্য অনুরোধ করা হইয়াছিল। এ বিষয়ে বিস্তারিত বিবরণ সম্বলিত পুস্তিকা "মেমোরাণ্ডাম ফর দি ফিফ্থ ফাইন্যান্স কমিশন" ও "ফোরকাষ্ট অফ রেভেনিউ রিসিটস্ অ্যাণ্ড রেভেনিউ এক্সপেণ্ডিচার" বিধানসভার লাইব্রেরী গৃহের টেবিলে পূর্বেই দেওয়া হইয়াছিল।

(খ) কমিশন রাজ্যসরকারকে ১৯৬৯-৭০ সাল হইতে ১৯৭৩-৭৪ সাল পর্যন্ত পাঁচ বৎসরে নিম্নলিখিত অর্থ সাহায্যের জন্য সুপারিশ করিয়াছেন।

| | | কোটি টাকা |
|---|---|---|
| ইনকাম ট্যাক্স, ইউনিয়ন এক্সাইজ ডিউটি, এস্টেট ডিউটি ও রেলওয়ে প্যাসেঞ্জার ফেয়ার বাবত | .... | ২৯৬'৬৪ |
| সংবিধানের ২৭৫ ধারা অনুযায়ী অনুদান | .... | ৭২'৬২ |
| মোট | .... | ৩৬৯'২৬ |

## কান্দী মহকুমার বাঁধ

38. (Admitted question No. 203.)

**শ্রীসনৎকুমার রাহা :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমায় কতগুলি বাঁধ বা ঘের সরকারের স্বত্ব ;

(খ) কতগুলি ব্যক্তিগত বাঁধ ; এবং

(গ) এই সকল বাঁধের জন্য সরকারকে গত তিনবৎসর কিরূপ অর্থ ব্যয় করিতে হইয়াছে ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) সরকারে স্বত্ব ৩৯টি বাঁধ এবং ৬৯টি ঘের।

(খ) ৩৫টি।

(গ)

| | | | | টাকা |
|---|---|---|---|---|
| ১৯৬৬-৬৭ সালে | .... | ... | .... | ৫৫,৪৯০ |
| ১৯৬৭-৬৮ সালে | ... | .... | ... | ১,৫০,৪৬৫ |
| ১৯৬৮-৬৯ সালে | .... | .... | ... | ১০,৬৭,৭২১ |
| মোট | | ... | .... | ১২,৭৩,৬৭৬ |

## কুমারখণ্ড অঞ্চলে স্লুইস গেট

39. (Admitted question No. 205.)

**শ্রীসনৎকুমার রাহা:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কান্দী মহকুমায় কুমারখণ্ড অঞ্চলে মদগড়িয়াতে একটি স্লুইস গেট করার পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Irrigation and Waterways:**

হ্যাঁ, একটি প্রস্তাব আছে।

## সরকারী বেড্-এ চিকিৎসিত টি. বি. রোগীর সংখ্যা

40. (Admitted question No. 220)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কত সংখ্যক টি বি রোগী সরকারের আয়ত্তাধীন বেড্-এ চিকিৎসিত হইতেছেন ; এবং

(খ) ১৯৬৯ সালের ডিসেম্বর মাস পর্যন্ত যেসকল টি বি রোগী বেড্-এর জন্য আবেদন করিয়াছেন এইরূপ প্রার্থীর জেলা-ওয়ারী সংখ্যা কত ?

**The Minister for Health:**

(ক) ৪,১৫৫ জন।

(খ) সংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 40

Statement showing the number of applications received from T.B. patients seeking admission in State T.B. Hospitals as well as Government reserved beds in the non-Government Hospitals.

| District | No. of T.B. patients applied for admission. |
|---|---|
| 24-Parganas | 749 |
| Hooghly | 211 |
| Burdwan | 81 |
| Nadia | 479 |
| Midnapore | 265 |
| Birbhum | 15 |
| Bankura | 21 |
| Purulia | 23 |
| Jalpaiguri | 19 |
| Malda | 5 |
| Darjeeling | 16 |
| Cooch Behar | 16 |
| Howrah | 414 |
| Murshidabad | 68 |
| West Dinajpur | 21 |
| Calcutta | 1,178 |
| Total | 3,581 |

## হাসপাতালে ডাক্তার ও নার্সদের শূন্যপদের সংখ্যা

41. (Admitted question No. 253.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে ডিসেম্বর পর্যন্ত এই রাজ্যে যেসকল সরকারী হাসপাতালে ডাক্তার ও নার্সের পদ খালি রহিয়াছে তাহার সংখ্যা কত ;

(খ) উক্ত হাসপাতালসমূহে কতগুলি ডাক্তার ও নার্সের পদ খালি আছে ; এবং

(গ) ঐ সকল পদ পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছে ?

**The Minister for Health :**

(ক) ১৯৬৯ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ৩৫০টি সরকারী হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের পদ এবং ৫২টি হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রে নার্সের পদ খালি ছিল।

(খ) ডাক্তার ও নার্সের শূন্য পদের সংখ্যা যথাক্রমে ৪৫০ ও ৫৪২।

(গ) উক্ত ডাক্তারের শূন্য পদগুলি পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে বিজ্ঞাপিত করা হয়েছে এবং তাঁহাদের সুপারিশ পাওয়া গেলেই পদগুলি পূরণের ব্যবস্থা করা হবে। পাবলিক সার্ভিস কমিশনের অনুমোদন সাপেক্ষে কিছু ডাক্তার নিয়োগ করা হয়েছে এবং উপস্বাস্থ্য-কেন্দ্রের জন্য ৫০টি পার্ট-টাইম ডাক্তার নিয়োগের ব্যবস্থা হচ্ছে।

নার্সের শূন্য পদ পূরণের জন্য কলিকাতা, দার্জিলিং ও অন্যান্য ১৩টি সেবিকা-শিক্ষাকেন্দ্রে শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। এইসকল শিক্ষাকেন্দ্রে বছরে আনুমানিক ৬৪৩ জন নার্সকে শিক্ষা দেওয়া হয়। আশা করা যায়, নার্সের উক্ত শূন্য পদগুলি এই শিক্ষাপ্রাপ্ত নার্সদের দ্বারা পূরণ করা হ'বে।

## সাগরদীঘি থানায় লেভি ধার্য

42. (Admitted question No. 258.)

**শ্রীসনৎকুমার রাহা :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান মরসুমে সাগরদীঘি থানায় কত ব্যক্তির উপর লেভী ধার্য করা হইয়াছে ; এবং

(খ) উক্ত ধার্য লেভীর পরিমাণ কত ?

**The Minister for Food and Supplies :**

(ক) বর্তমান খরিফ মরসুমে সাগরদীঘি থানায় ৪৩১ জন উৎপাদকের উপর লেভী ধার্য করা হইয়াছে।

(খ) ধার্য লেভীর পরিমাণ ২,২১৮'৫৫ কুইণ্ট্যাল ধান।

## আজিমগঞ্জ হইতে নবগ্রাম থানার সীমানা-পর্যন্ত রাস্তা

43. (Admitted question No. 260.)

**শ্রীসনৎকুমার রাহা :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— আজিমগঞ্জ হইতে নবগ্রাম থানার সীমানা পাড়ার মোড় পর্যন্ত রাস্তাটি পাকা করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা ?

**The Minister of State for Public Works (Roads) :**

না, সরাসরি এরূপ কোন রাস্তা পাকা করার পরিকল্পনা নাই, তবে আজিমগঞ্জ হইতে পাঁচগ্রাম-নবগ্রাম-লালবাগ রাস্তা পর্যন্ত একটি সংযোগকারী রাস্তা (লিঙ্ক রোড) চতুর্থ পরিকল্পনায় গ্রহণ করার কথা বিবেচনা করা হইতেছে।

## সারগাছি হইতে চৈতন্যপুর রাস্তার সংস্কার

44. (Admitted question No. 289.)

**শ্রীসনৎকুমার রাহা :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সারগাছি হইতে চৈতন্যপুর হইয়া কালীতলা পর্যন্ত রাস্তাটির সংস্কার ও পাকা করিবার কোন সরকারী পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকিলে কবে উহা কার্যকরী করা হইবে ?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## বহরমপুর মহকুমার মালিক চন্দ মাঠের আয়তন

45. (Admitted question No. 292.)

**শ্রীসনৎকুমার রাহা :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর মহকুমার অন্তর্গত মানিকনগর মৌজার মধ্যে মালিক চন্দ মাঠের আয়তন কত ; এবং এই বিল মাঠটির জল নিষ্কাশনের কোন ব্যবস্থা আছে কিনা ; এবং

(খ) ব্যবস্থা থাকিলে, কিভাবে জল নিষ্কাশিত হয় ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) ও (খ) বহরমপুর মহকুমার বেলডাঙ্গা থানার অন্তর্গত মানিকনগর মৌজার মধ্যে মালিক চন্দ মাঠ আছে বলিয়া সরকারের জানা নেই। তবে মানিকনগর মৌজার (যাহার পরিমাপ ৪,৪৩৬·৯৩ একর) জল কিছু অংশ কোদালকাটি খাল এবং কিছু অংশ স্থতি নদীর মাধ্যমে নিষ্কাশিত হয়।

## চৌরীগাছা সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার

46. (Admitted question No. 326.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় চৌরীগাছা সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারে সংক্রামক ব্যাধির রোগীদের জন্য কোন বেড আছে কিনা ;

(খ) এই হেল্‌থ সেণ্টারে কোন কম্পাউণ্ডার আছে কিনা ; এবং

(গ) এই হেল্‌থ সেণ্টারের ঔষধপত্রাদি প্রায়ই পাচার হইয়া যাওয়ার কোন সংবাদ সরকার পাইয়াছেন কিনা ?

**The Minister for Health :**

(ক) না।

(খ) আছে।

(গ) না।

## পশ্চিমবঙ্গে ধান ও গম উৎপাদনের পরিমাণ

47. (Admitted question No. 329.)

**শ্রীসনৎকুমার রাহা :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে পশ্চিমবঙ্গে কত পরিমাণ ধান ও গম উৎপাদন হইয়াছে ;

(খ) উক্ত উৎপাদনের মধ্যে আউস, আমন এবং গমের পরিমাণ কত ; এবং

(গ) ১৯৬৮-৬৯ সালে উল্লিখিত শস্যের উৎপাদন কিরূপ ছিল ?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) ও (খ) এখনও নিরূপিত হয় নাই।

(গ) ১৯৬৮-৬৯ সালে ৫,১১৯·৬ হাজার মেট্রিক টন ধান্য উৎপাদিত হইয়াছিল। ঐ বৎসরে গমের উৎপাদনের পরিমাণ এখনও নিরূপিত হয় নাই।

## বহরমপুর পৌরসভার নির্বাচন

48. (Admitted question No. 336.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বহরমপুর পৌরসভার নির্বাচন কবে হইবে এবং কোন্ ভোটার তালিকার ভিত্তিতে হইবে ?

**The Minister for Local Self-Government :**

১৯৭০ সালের ১৮ই জুন বহরমপুর পৌরসভার নির্বাচনের দিন ধার্য করা হইয়াছে। উক্ত নির্বাচন ঐ এলাকার বিধান সভার জন্য বলবৎ ভোটার তালিকার ভিত্তিতেই হইবে।

## মুর্শিদাবাদ জেলায় কৃষি পরিবারের সংখ্যা

49. (Admitted question No. 338.)

**শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় কত কৃষি পরিবার আছে যাহাদের বর্তমান আইন অনুযায়ী খাজনা দিতে হইবে না এবং এই খাজনার পরিমাণ কত ?

**The Minister for Land and Land Revenue :**

প্রত্যেক রায়তের নিকট হইতে নির্দিষ্ট ফরমে রিটার্ন চাওয়া হইয়াছে। আইন অনুযায়ী কত কৃষি পরিবারের খাজনা মকুব হইবে বা ঐ খাজনার পরিমাণ কত হইবে তাহা এখন বলা সম্ভব নহে।

## বিভিন্ন জেলায় গ্রুপ কৃষি ও ব্যক্তিগত কৃষি ঋণ প্রদানের পরিমাণ

50. (Admitted question No. 405.)

**শ্রীসনৎকুমার রাহা :** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে এপর্যন্ত কোন্ জেলায় কত টাকা গ্রুপ লোন, কৃষিঋণ ও ব্যক্তিগত কৃষিঋণ দেওয়া হইয়াছে ; এবং

(খ) বিভিন্ন জেলায় জেলাভিত্তিক চাহিদা বা দাবী কি পরিমাণ ?

**The Minister for Relief and Social Welfare (Relief) :**

(ক) ও (খ) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## চালকলের সংখ্যা

51. (Admitted question No. 410.)

**শ্রীসনৎকুমার রাহা :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি চালকল আছে ; এবং

(খ) এই সব ধানকলগুলিতে ধান ক্রয়ের উপর কোন লেভি ধার্য করা হইয়াছে কিনা ?

**The Minister for Food and Supplies :**

(ক) ৭৪২টি।

(খ) চালকলগুলি নিজেদের কেনা ধান হইতে যে চাল তৈয়ারী করে, তাহার শতকরা ৬৫ ভা সরকার লেভি হিসাবে ক্রয় করেন। চালকল বা ধান ভানা কল (হাস্কিং মেসিন)—কোনটির ক্ষেত্রে ধানের উপর খাদ্য ও সরবরাহ বিভাগ কোন লেভি ধার্য করেন নাই।

## বহরমপুর পৌরসভা এলাকায় খাস জমির পরিমাণ

52. (Aimitted juestion No. 422.)

**শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাই.বন কি—

(ক) বহরমপুর পৌরসভা এলাকায় কত একর খাস জমি আছে ;

(খ) (১) উক্ত জমি সরকার বিলি করিয়াছে কিনা, এবং (২) করিয়া থাকিলে উক্ত জমির কিছু অংশ বহরমপুর পৌরসভাকে তাহার উন্নয়নের জন্য দেওয়া হইয়াছে কি না ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) ১৪ একর ৫ শতক।

(খ) (১) না।

(২) প্রশ্ন উঠে না।

## Wage Fixation Committee for Cotton Textile Industry

53. (Admitted question No. 496.) **Shri ARUN SEN:** Will the Minister in-charge of the Labour Department be pleased to state—

(a) whether any tripartite Wage Fixation Committee has been formed for Cotton Textile Industry in West Bengal ;

(b) if so, what are the terms of reference and the composition of the Committee ; and

(c) if not, the reasons therefor ?

**The Minister for Labour :** (a) No.

(b) Does not arise.

(c) Discussions in terms of the Tripartite Agreement on Cotton Textile Industry with the representatives of employers and employees are continuing.

## পশ্চিম বাঙলার নাম পরিবর্তনের প্রস্তাব

54. (Admitted question No. 516)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিম বাংলার নাম পরিবর্তন করিবার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ?

**The Minister for Home (Political) :**

না।

## সন্ধিপুর ও নয়াবসত হাসপাতাল

55. (Admitted question No. 570.)

**শ্রীসরোজ রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলায় গড়বেতা থানায় সন্ধিপুর হাসপাতাল এবং নয়াবসত হাসপাতাল দীর্ঘদিন তৈয়ারী হইয়া পড়িয়া আছে ;

(খ) সত্য হইলে ঐ দুইটি হাসপাতাল কতদিনে চালু করা হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) উক্ত থানায় গোয়ালবেড় ব্লক হাসপাতাল ও সাত বাঁকুড়া ব্লক হাসপাতাল-গৃহ তৈরী করা কাজ কতদিনে শুরু করা হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister for Health :**

(ক) এবং (খ) নয়াবসত উপস্বাস্থ্যকেন্দ্রটি নির্মাণের পর গত মার্চ মাসে পি ডব্লিউ ডিপার্টমেণ্ট-এর নিকট হইতে স্বাস্থ্য বিভাগ উহার দখল পান এবং গত আগষ্ট মাসে উহা চালু করিবার আদেশ দেন, কিন্তু ডাক্তারের অভাবে উহা চালু করা সম্ভব হয় নাই। ডাক্তার এবং অন্যান্য কর্মচারী নিয়োগের বন্দোবস্ত করা হইতেছে। তাঁহারা কার্যে যোগদান করিলেই স্বাস্থ্যকেন্দ্রটি চালু হইবে। সন্ধিপুর উপস্বাস্থ্যকেন্দ্রটি চালু করিবার আদেশ শীঘ্রই দেওয়া হইবে।

(গ) গড়বেতা ২ নং ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য কেওয়াকল মৌজায় জমি নির্বাচন করা হইয়াছে। ঐ স্থানে স্বাস্থ্যকেন্দ্রটির গৃহাদি নির্মাণের পরিকল্পনাটি সরকারের বিবেচনাধীন আছে। গড়বেতা ৩নং ব্লকে সাত বাঁকুড়া অঞ্চল অবস্থিত। এই ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য জমি এখনও নির্বাচন করা হয় নাই।

### হুগলী নদীর বাঁধগুলির রক্ষণাবেক্ষণের ব্যবস্থা

56. (Admitted question No. 480)

**শ্রীকালীপদ মণ্ডল :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—হুগলী নদীর পশ্চিম পার্শ্বের বাঁধগুলি রক্ষণাবেক্ষণের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

**The Minister for Irrigation and Waterways :**

বাঁধগুলি এবং ভাঙ্গন প্রতিরোধকারী কাজগুলি প্রয়োজন এবং অর্থবরাদ্দ অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা হয়।

### Primary and Subsidiary Health Centres in Nadia District :

57. (Admitted question No. 466.) **Dr. NALINAKSHA SANYAL** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the list of Primary and Subsidiary Health Centres in Nadia district and the number of qualified Medical Officers sanctioned for each as also actually working at each Health Centre at present ;

(b) the list of Anchals in Karimpur Block area of Nadia district where no Health Centre has been set up ;

(c) whether the Government of West Bengal has any scheme to provide for rural areas even a minimum of medical facilities by the end of the Fourth Five-Year Plan period ; and

(d) what steps have been taken or are proposed to be taken to ensure the supply of requisite number of Medical Officers at rural health centres ?

**The Minister for Health :**

(a)

| | No. of posts of Medical Officers santioned. | No. of Medical Officers at present working. |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| (i) *Primary Health Centre* | | |
| (1) Chakdah .... .... .... .... | 3 | 3 |
| (2) Dakshinpara .... .... .... .... | 2 | 1 |

| 1 | No. of posts of Medical Officers sanctioned. 2 | No. of Medical Officers at present working. 3 |
|---|---|---|
| (3) Habibpur .... .... ... | 2 | 2 |
| (4) Aranghata ... .... .... | 2 | 2 |
| (5) Kaliganj .... .... .... | 3 | 2 |
| (6) Krishnaganj .... .... .... | 3 | 2 |
| (7) Karimpur .... .... ... | 3 | 1 |
| (8) Bethuadahari .... .... .... | 4 | 3 |
| (9) Mahesganj ... .... .... | 2 | 1 |
| (10) Haringhata .... .... .... | 3 | 3 |
| (11) Chapra .... .... .... | 3 | 2 |
| (12) Tehatta .... .... .... | 2 | 1 |
| (13) Palashipara .... .... .... | 2 | 2 |
| (14) Santipur .... .... .... | 3 | 3 |
| (ii) *Subsidiary Health Centre.* | | |
| (1) Moshra .... .... .... | 1 | 1 |
| (2) Sutragachi .... .... .... | 1 | 1 |
| (3) Chowgacha .... ... .... | 1 | 1 |
| (4) Srinagar .... .... .... | 1 | 1 |
| (5) Badkulla .... .... .... | 1 | 1 |
| (6) Ramnagar .... .... .... | 1 | 1 |
| (7) Paharpur .... .... .... | 1 | 1 |
| (8) Paschim Noapara .... .... .... | 1 | 1 |
| (9) Gangapur .... .... .... | 1 | 1 |
| (10) Duttapulia .... .... .... | 1 | 1 |
| (11) Kamalpur .... .... .... | 1 | 1 |
| (12) Mira .... .... .... | 1 | 1 |
| (13) Panighata .... .... .... | 1 | 1 |
| (14) Jaranpur .... .... .... | 1 | ... |
| (15) Debagram .... .... .... | 1 | 1 |
| (16) Matiari .. .... .... | 1 | 1 |
| (17) Matiari-Banpur .... .... .... | 1 | 1 |
| (18) Bhajanghat .... .... .... | 1 | 1 |
| (19) Joyghata .... ... .... | 1 | 1 |
| (20) Jamsherpur .... ... .... | 1 | 1 |
| (21) Nalidanga .... ... .... | 1 | 1 |
| (22) Nadanpur at Gopa .... .... .... | 1 | 1 |
| (23) Sikarpur ... .... .... | 1 | 1 |
| (24) Dharmada .... .... .... | 1 | 1 |

| 1 | No. of posts of Medical Officers sactioned. 2 | No. of Medical Officers at present working. 3 |
|---|---|---|
| (25) Nakashipara at Dadpur .... .... | 1 | 1 |
| (26) Chak Ghurni .... .... .... | 1 | .... |
| (27) Majhergram .... .... .... | 1 | .... |
| (28) Sree Mayapur .... .... .... | 1 | 1 |
| (29) Kastadanga .... .... .... | 1 | 1 |
| (30) Berohi .... .... .... | 1 | 1 |
| (31) Nagarukhra .... .... ... | 1 | 1 |
| (32) Hridaypur .... .... .... | 1 | .... |
| (33) Ashanagar .... .... .... | 1 | 1 |
| (34) Bhaluka .... .... .... | 1 | 1 |
| (35) Nowpara .... .... .... | 1 | 1 |
| (36) Barnia .... .... .... | 1 | 1 |
| (37) Baganchora .... .... .... | 1 | 1 |
| (38) Gayespur .... .... .... | 1 | 1 |
| (39) Nabla .... .... .... | 1 | 1 |
| (40) Arbandi .... ... .... | 1 | 1 |

(b) (1) Muradia.

(2) Narayanpur.

(3) Dhoradah.

(4) Rahmatpur.

(5) Harekrishnapur.

(6) Madhugari.

(7) Dighalkandi.

(8) Hoghulbaria.

(c) The revised Rural Health Centre scheme envisages the establishment of at least one Primary Health Centre and two Subsidiary Health Centres with two non-dieted emergency maternity beds in each and every Block for providing minimum medical facilities to rural people. This target is expected to be reached by the end of the Forth Plan period.

(d) The following steps have been taken in this matter :—

(i) Rural Health allowance at Rs. 75 per month has been sanctioned.

(ii) Public Health pay at Rs. 50 per month has been sactioned.

(iii) Non-practising allowances at Rs. 75—150 for Gazetted Medical Officer and Rs. 40—75 for non-Gazetted Medical Officers have been sanctioned.

(iv) Free unfurnished residential quarters or house rent at the rate of 10 per cent. of their pay are made available to them when they serve in Health Centres.

(v) Every Medical Officer in course of his entire service career m render mufassal service for at least 8 years of which 2 ye should be in rural areas (where Health Centres are mos situated).

(vi) Part-time Medical Officers are employed to man Health Centr

(vii) Age-barred Medical Officers are entertained to serve in Heal Centres.

## বন্ধ কারখানার সংখ্যা

58. (Admitted question No. 92.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যে কোন্ শিল্পের কয়টি কারখানা বন্ধ আছে ;

(খ) ঐগুলির প্রত্যেকটিতে কত শ্রমিক কাজ করিত ; এবং

(গ) কোন্ কারখানাটি কি কারণে বন্ধ আছে ?

**The Minister for Labour :**

(ক) ও (খ) এ সম্পর্কে একটি বিস্তারিত বিবরণ [ক্রোড়পত্র ১ নং] লাইব্রেরী টেবিে উপস্থাপিত করা হইল।

(গ) এ সম্পর্কে একটি বিস্তারিত বিবরণ (ক্রোড়পত্র ২ নং) লাইব্রেরী টেবিলে উপস্থাপি করা হইল।

## দার্জিলিং টুরিষ্ট লজ্

59. (Admitted question No. 72.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে বিভিন্ন মরসুমে দার্জিলিং-এর রাজ্যসরকারের টুরিষ্ট লজ্ হইতে কত জন যাত্রী বাবত কি পরিমাণ আয় হইয়াছে : এবং

(খ) এই একই সময়ে উক্ত লজ্ পরিচালনা বাবত কত খরচ হইয়াছে ?

**The Minister for Home (Tourism):**

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল (অ্যানেক্সার এ অ্যাণ্ড বি)।

## বহরমপুর টুরিষ্ট লজ্

60. (Admitted question No. 73.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চালু হইবার পর হইতে গত ডিসেম্বর মাস পর্যন্ত বহরমপুরের টুরিষ্ট লজে প্রতি মাসে গড়পড়তা দৈনিক কতজন পর্যটক থাকিয়াছেন ;

(খ) এই সময় কত আয় ও কত ব্যয় হইয়াছে ;

(গ) পর্যটনকারীদের নিকট হইতে মাথা-পিছু কি বাবদে কত খরচ লওয়া হয় ;

(ঘ) এখানকার খাদ্য-তালিকা কি কি ; এবং

(ঙ) লজটি কিভাবে পরিচালিত হইতেছে ?

**The Minister for Home (Tourism):**

(ক) ও (খ) দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল (অ্যানেক্সার এ অ্যাণ্ড বি)।

(গ) প্রতি সিট বাবত ১২ টাকা বা ৪ টাকা (ডরমিটরি)। অতিরিক্ত ৩ টাকা শীতাতপ-নিয়ন্ত্রিত ঘরে প্রতি সিট বাবত লওয়া হয়। সার্ভিস চার্জ শতকরা ৫ টাকা।

(ঘ) প্রাতঃকালীন জলযোগ হইতে আরম্ভ করিয়া রাত্রিকালীন ভোজন অবধি খাদ্য সরবরাহের ব্যবস্থা আছে। খাদ্য-তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল (অ্যানেক্সার সি)। ইহা ছাড়াও 'অ্যালা কার্তে' খাদ্য-তালিকা অনুযায়ী বিভিন্ন খাদ্য পরিবেশন করা হয়।

(ঙ) লজটি টুরিষ্ট ডিপার্টমেন্টের অধীনে একজন ম্যানেজার দ্বারা পরিচালিত হয়।

[ 2-00—2-10 p. m. ]

## ADJOURNMENT MOTIONS

**Mr. Speaker:** I have received 3 notices of adjournment motions on the following subjects, namely :—

(1) Clash at Tangra—from Dr. Zainal Abedin.

(2) Reported violation of oath of secrecy by the Deputy Chief Minister—from Shri Santosh Kumar Roy.

(3) Situation at Tangra on 1-2-70—from Shri Md. Idris Ali.

I have withheld consent because the honourable Members will get opportunity to discuss them during the debtate on the Governor's address to-day after an hour or so.

I have received a notice of privilege motion.

**Shri Abdus Sattar:** ওটা স্যার পড়তে দিলেন না।

**Mr. Speaker:** I am very sorry.

**ডঃ জয়নাল আবেদিন:** স্যার, আমার য়্যাডজোর্নমেন্ট মোশানটাকে যেভাবে ছেটেকেটে দেওয়া হয়েছে তাতে এর কোন মানে হয় না। আমি যে উদ্দেশ্যে এটা রেখেছিলাম, to record my censure against Government এটাকে এমনভাবে মডিফাই করেছেন মানেটা একেবারে আলদা হয়ে যায়। কাজেই আপনি এটা পড়ে শোনান, আপনার পড়াটাই বোধহয় ভাল হবে বলে মনে হয়।

**মিঃ স্পীকার:** আপনারটা আমি মোশানের মত করে দিয়েছি। Text of the adjournment motion of Dr. Zainal Abedin—This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely—violent clashes between large groups of miscreants at Tangra area in Calcutta horryfying peace-loving citizens in the country.

**শ্রীআবদুস সাত্তার:** এই মোশানগুলি বিকলাঙ্গ করা আর কতদিন চলবে?

**মিঃ স্পীকার:** আমি অন্যায় করে কিছু করছি না, আমি মোশানটাকে মোশানের মত করে দিয়েছি। আপনি আমার ঘরে এলে বুঝিয়ে দেব।

**শ্রীআবদুস সাত্তার:** আপনি স্যার, দয়া করে চ্যাপ্টার ৯টা উঠিয়ে দিন—ভাল হয়।

**মিঃ স্পীকার:** আচ্ছা, আমি দেখব।

**Mr. Speaker :** Now Mohammad Idrish Ali may read the text of his adjournment motion.

**Mahammad Idrish Ali :** This House do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely—eruption of sudden violence in Tangra area on Sunday morning and it is reported that C.P.M. supporters attacked S. U. C. supporters throwing brickbats and soda-water bottles while S. U. C. supporters returned the same with double valocity and as a consequence firing of 42 rounds tear gas shells by the Police resulting injury of a Police Officer and a large number of common men and that it is a clear indication of civil war throughout West Bengal.

**Shri Santosh Kumar Roy :** Sir, this assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, where the Hon'ble Chief Minister, Shri Ajoy Kumar Mukherjee, makes a serious allegation against.......

**মিঃ স্পীকার :** এটা আপনাকে পড়তে দেব না, যেটা লিখে দিয়েছি সেটা পড়ুন।

**Shri Santosh Kumar Ray :** আপনি স্যার, contradiction কথাটা কেটেছেন, তাহলে এর কোন মানেই হয় না।

**Mr. Speaker :** You have got to carry out the Ruling of the Chair. I will not allow you to read that portion .

## Privilege motions

**Mr. Speaker :** I have received a notice of privilege motion from Shri Santosh Kumar Roy wherein he wants to raise a point of privilege on the ground that due to adjournment of the House on the 30th January, 1970, the House could not take up the fourth resolution in the list of resolutions circulated. I have looked into the matter and found that under rule 33 (4) of the Rules of Procedure and Conduct of Business of the Assembly only three resolutions are normally entered in the list of business. The question of breach of any privilege, therefore, does not arise.

I have also received another notice of privilege motion from Dr Zainal Abedin.

**শ্রীসন্তোষকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে রুলের ধারাটা এখানে বললেন তাতে দেখা যাচ্ছে তিনটি নন-অফিসিয়্যাল রিজলিউসানের আলোচনা হতে পারে। আপনি হয়ত জানেন সেদিন একটি রিজলিউসান এখানে আলোচনা হয়েছে এবং গৃহীত হয়েছে, তাছাড়া আর কোন রিজলিউসানের আলোচনা কিছু হয়নি। একটি রিজিলিউসানে দেখলাম সরকারী দল থেকে এ্যাডজোর্ণমেণ্ট অব ডিবেটের মোসান এনে বন্ধ করে দিলেন। সুতরাং তিনটি অসমাপ্ত থেকে গেছে। ফোর্থ রিজলিউসানটা আলোচনা করার অধিকার সদস্যদের ছিল। কিন্তু মন্ত্রিদের নির্দেশেই সেটা বন্ধ হয়ে গেছে।

**মিঃ স্পীকার :** ঐ মোসানটা হাউসে পাশ হওয়ায় আলোচনা বন্ধ হয়ে গেছে। তাতে আমি কি করবো ?

[ 2-10—2-20. p. m. ]

## Point of order

**শ্রীযতীন চক্রবর্তী :** স্যার, আপনাকে এই মাত্র মাননীয় সদস্য বললেন যে মন্ত্রীদের নির্দেশেই নাকি আপনি এটা করেছেন। আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে, এটা আপনার প্রতি অবমাননাকর কথা কিনা? আমার জিজ্ঞাস্য, যদি তাই হয় তাহলে আপনি এর জন্য কি ব্যবস্থা করেছেন?

**মি: স্পীকার :** প্রথমতঃ আমি হাউসে ছিলাম না। দ্বিতীয়তঃ উনি যেটা বলেছেন সে সম্পর্কে বলি যে, যিনিই হাউসে অধ্যক্ষের আসনে থাকুন না কেন তাঁর একটা ডিগনিটি আছে এবং সে ডিগনিটি আমারই সমান। সুতরাং এতে তাঁর প্রতি রিফ্লেকসান হয়েছে, এরকম রিফ্লেকসান করা অন্যায়, আমি এক্সপাঞ্জ করে দেব।

## Privilege Motion

**Mr. Speaker :** I have also received another notice of privilege motion from Dr. Zainal Abedin seeking to raise a question of breach of privilege of the Opposition members caused by the amendments made in the notices of amendments to the Motion of Thanks in reply to Governor's Address and also that some amendments have not yet been published. Attention of the honourable members are drawn to rule 314 of the Rules of Procedure of this House which has empowered the Chair to amend notices of all motions before circulation.

As regards the non-publishing of some amendments, I must inform the honourable members that amendments have been printed and circulated in two lists. The third list is also being circulated. তবে ইংরাজীতে লিখেছেন তো, মোশানটা বাংলার কাজেই পাশ করবেন কি করে amendment টা, এটা বাংলায় করে দিন।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আপনি আমার নিবেদন মনোযোগ সহকারে শুনবেন এই প্রত্যাশা নিয়েই আমি আরম্ভ করছি। স্যার, আপনি যে কথা বলেছেন যে ইংরাজীতে লেখা হয়েছে, ফরম যেটা পেয়েছি সেটাও ইংরাজীতে। আমি স্যার, ১৯৬২ সাল থেকে এই হাউসের সদস্য আছি এবং আমি দেখেছি যখন ওপক্ষ এদিকে ছিলেন তখন একাধিক এ্যামেণ্ডমেণ্ট ইংরাজী এবং বাংলায় দিয়েছেন। তাতে স্যার, তখন পাবলিশ করতে বাধা ছিল না এবং এ্যাডমিনিষ্ট্রেশানেরও কোন অসুবিধা আমি দেখিনি। আপনি যে ফরমটা দিয়েছেন সেটা ইংরাজীতে ছাপা। যদি বাংলায় দিতে হয় তাহলে আপনি বাংলার ফরম ছাপিয়ে দেননি কেন? তারপরে স্যার. আমার মুখ্য বক্তব্য হচ্ছে, আপনি যেভাবে এটাকে কেটে বিকলাঙ্গ করেছেন তাতে যে উদ্দেশ্য এবং মনোভাব নিয়ে আমরা সরকারের সমালোচনা করতে চেয়েছি তাতে সেটা প্রশংসার বাণীতে পরিণত হয়েছে। স্যার, আপনি জানেন যে গভর্ণারের এ্যাড্রেসের উপরে বিরোধীপক্ষের সমালোচনা করার অধিকার আছে। তবে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী দুটি কথা—অসভ্য এবং বর্বর সরকার বলে এই সরকারের সমালোচনা করে দিয়েছেন। কাজেই এর পরে আমাদের বক্তব্য রাখার কোন প্রয়োজনীয়তা নেই। কিন্তু তথাপি এই হাউসে সেই সুযোগ আছে বলে আমরা একাধিকবার এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছি। এখন এটাকে আপনি আপনার নিষ্ঠুর কলম দিয়ে এমন ভাবে কেটেছেন যাতে এটা প্রশংসার বাণীতে পরিণত হয়েছে, যেটা আমাদের উদ্দেশ্য নয়। তারপরে আপনি বলেছেন যে থার্ড লিষ্ট উইল বি পাবলিশড। এখানে আবার আপনি নির্দিষ্ট দিন ধরে দিয়েছেন যে এই দিনের মধ্যে এ্যামেণ্ডমেণ্ট দিতে হবে। বিরোধীপক্ষের হুইপ হিসাবে আমি অনেক সদস্যের এ্যামেণ্ডমেণ্ট আমার মারফত জমা দেবার জন্য পেয়েছি এবং দিয়েছি। আজকে এক লিষ্টে এটা প্রকাশ করা হয়নি বলে অন্যান্য সব সদস্যরা আমার প্রতি সন্দেহ প্রকাশ করতে পারেন যে আমি আমার দায়িত্ব পালন করতে পারিনি।

আমার ২ নম্বর কথা হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যে লিষ্ট এখানে পাবলিশ হয়েছে, মাননীয় এসেম্বলী সেক্রেটারীর কাছে যখন আমি এই চিঠি দিতে যাই তখন এ্যাসেম্বলী সেক্রেটারী বলেছেন যে, ইংরাজীতে এ্যামেণ্ডমেন্ট এ্যাডমিসিবল নয়, এটা আমরা ছাপাবো না। আজকে বিশিষ্ট কতগুলি কথা আনপার্লামেন্টারী ভেবে ছাপতে দেওয়া হয়নি নির্দিষ্ট আমেণ্ডমেণ্টে অথচ আমরা দেখছি যে সেই এ্যামেণ্ডমেণ্ট অন্য প্রকারে ছাপা হয়েছে। সুতরাং কথা আনপার্লামেন্টারী বলে সেটা বাদ দেওয়া হয়নি, সেটা সরকারকে ডাইরেক্টর আক্রমণ করা হয়েছে বলে, আপনি আপনার বিশেষ ক্ষমতা প্রয়োগ করে আমাদের এই অধিকার খর্ব করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে মনোভাব আমরা ব্যক্ত করতে চেয়েছিলাম আপনার নিষ্ঠুর খড়্গের জন্য আমরা তা করতে ব্যর্থ হয়েছি।

**মিঃ স্পীকার:** এই সব সার্কুলেট হয়েছে, আমি দেখছি কি করতে পারি।

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ঘটনা ঘটেছে, সেটা ডঃ জয়নাল আবেদিন সাহেব বললেন সে সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি দেখছি আমার নামে এ্যামেণ্ডমেণ্ট যেটা তা আমি দেইনি অথচ সেটা আমার নামে ছাপা হয়েছে, এটা একটা অদ্ভুত ব্যাপার। স্যার, এখানে তিনটি বেরিয়েছে কিন্তু আরো দিয়েছি। আমার নামে যেটি প্রথমে বেরিয়েছে তাতে আমি যে ল্যাংগুয়েজ দিয়েছি সেটা কোন অপরাধে এবং কেন বদলে দেওয়া হবে সেটা আমি জানতে চাই। আমার পত্র যেটায় আমি দিয়েছি—"Urgency of repair of all round bad conditioned roads in the city of calcutta.

এখানে অল রাউণ্ড ব্যাড কনডিশান কেটে "রেচেড" শব্দ দিয়েছেন কেন সেটা জানিনা এবং এটার অর্থের তফাত কি তাও জানিনা এবং এটাতে কোথায় অন্যায় হয়েছে তাও জানিনা কিন্তু কলম চালান হল। আজকে এই পদ্ধতি দেখে আশ্চর্য্য হচ্ছি। এটা অত্যন্ত অশোভন মনে হয় এবং হাউসের প্রতি এবং মেম্বারদের প্রতি অপমান করা হয়। তারপর স্যার, আমার নামে সেকেণ্ড যেটা বেরিয়েছে সেটাও আমি দেইনি। আমার অ্যামেণ্ডমেণ্ট ছিল That the complaceny over the bad policy of the Government is mainly responsible for more unemployment in the State. সেখানে দেখছি একেবারে অন্য কথা। যেখানে গর্ভমেণ্টের দোষ নেই সেটা আমার নামে ছাপিয়ে দেওয়া হয়েছে। এ একটা অদ্ভুত জিনিস এই দুটোতে দেখতে পাচ্ছি।

**মিঃ স্পীকার:** আই এ্যাম সরি, আমি জানিনা কি ব্যাপার। সুতরাং আপনারা যখন বলছেন তখন আমি এখুনি দেখতে পাচ্ছি না গভার্ণর'স এ্যাড্রেসটা ধরিয়ে দিয়ে দেখছি।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার সেজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানি আপনি সেটা মেনে নেবেন। এটা যদি ভুল হয়ে থাকে আমাদের বলে সেই ভুল সংশোধন করতে হবে। আমি একটা উদাহরণ দিচ্ছি, আমাদের সভ্য ডঃ নলিনাক্ষ সান্যাল এই এ্যামেণ্ডমেণ্ট এনেছিলেন।

"But regret that no reference has been made to what the Chief Minister described as uncivilised and barbarous state prevailing in West Bengal which is developing insecurity of life and property etc.etc." সেটা ওঁরা দিয়েছেন এই রকম ভাবে, "But regret that no reference has been made to developing insecurity of life and Property, forcible occupation of land etc. etc." এই কথাগুলি "No reference has been made to what the Chief Minister described as barbarous" এটা বাদ দিয়ে দিয়েছেন। এটা কি করে বাদ হতে পারে? এই রকম হলেতো অসম্ভব ব্যাপার, কোন কাজ করা যেতে পারে না। সে জন্য আমি বলছি—

এটাতো কখনই হয়নি। আপনি এখানে ১৯৬২ সাল থেকে আছেন এবং আমি এখানে ১৯৫৭ সাল থেকে আছি, কখনই এই রকম ভাবে কাটছাট হয়নি। আমি জানিনা হয়ত আপনি দেখবার সময় পাননি, আপনার অফিস থেকে এই রকম হয়েছে কিন্তু এগুলি কি করে বাদ যায়, এগুলি বাদ গেলেতো অসম্ভব ব্যাপার হয়ে দাঁড়ায়।

**শ্রীযতীন চক্রবর্তী :** আমিতো বলছি যে এটা সাইক্লোষ্টাইল হচ্ছে।

[ 2-20—2-30 p.m ]

**শ্রীজ্যোতি বসু :** মাননীয় স্পীকার মহাশয়, আপনি দয়া করে একটু শুনবেন, আমি একটা কথা বলছি যে, যে অভিযোগ বিরোধী পক্ষ থেকে শুনলাম সেটা গুরুতর অভিযোগ এবং আমি সব কথা বুঝতে পারলাম না—কিন্তু ভাষাকে যেভাবে পরিবর্তন করা হয়েছে এই এসেম্বলী সেক্রেটারিয়েট থেকে—তা শুনে মনে হচ্ছে এটা হয়না। তবে একটা কথা যদি কোন শব্দ আনপার্লামেণ্টারী হয় সেটা আলাদা কথা এবং সেখানে লিষ্ট আছে— সেখানে বাড়াতে পারেন বা কমাতে পারেন। এখানে যেগুলি বলা হোল এগুলি এর মধ্যে পড়ে না। আমি জানি না এঁরা মনোযোগ দিয়ে দেখেছেন কিনা। তবে একটা কথা যে আমরা তো এখানেই এগুলি নিয়ে নিতে পারি ওঁরা যা বলছেন সেই ভাষা নিয়ে নিতে পারি।

**মি: স্পীকার :** একথা আপনি বলেছেন কেন—আমি তাই তো বলতে যাচ্ছিলাম। হতে পারে ১০০।২০০ কত আসছে—আমি সমস্ত এলাউ করবো আপনি পড়ুন।

## Calling Attention to matter of urgent public importance

**Mr. Speaker :** The Minister-in-Charge of Home (Police) Department will make a statement on the subject of reported police atrocities on the poor fishermen in Midnapur district on 14th January, 1970 called attention by Shri Prasenjit Barman on the 27th January, 1970.

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, in response to the notice served by Shri Prasenjit Barman, an Hon'ble Member of this House, calling the attention of the Minister-in-charge, Home (Police) Department, regarding inhuman police atrocities on the poor fishermen fishing in the sea coast of West Bengal under Ramnagar and Contai P. S. of Midnapore District, I beg to make the following statement :—

There was a case of theft of fishing nets belonging to the Fishery Department of the Orissa Government from the Bay of Bengal about 10 miles of the Orissa sea coast near Talsari on the night of 10/11-1-70. A criminal case was started by the Orissa Police on the complaint of Shri R. K. Das, Superintendent of Fishery, Chandipur, Orissa. The complaint is that some unknown miscreants forcibly took away nylon nets with rope and floats, worth about Rs. 30,000/- of the Fishery Department, by showing daggers etc. to the crew of the launches who were engaged in deep sea-fishing. During investigation of the case the complicity of the local fishermen of Orissa as well as that of Ramnagar and Digha was suspected. Eleven accused persons were arrested by the Orissa Police in this connection and one launch named "Ramprosad" of Contai and a boat with a portion of the stolen properties were seized during the raids.

There was no oppression on the fishermen. Our Police merely assisted the Orissa Police in the arrest of some suspected persons, No

one has been assaulted or beaten. Instructions have also been issued to our local police officers to tell the Orissa Police that no further arrest from West Bengal areas should be made withont prior approval of the West Bengal Police.

**Mr. Speaker** : I have received one notice of Calling Attention on the subject of clash between C. P. I. (M) and S. U. C. supporters on Sunday in Central Calcutta from Shri Gyan Singh Sohan Pal. I have selected it. The Minister-in-charge may kindly make a statement on the subject to-day if possible or give a date.

**Shri Jyoti Basu** : Day after to-morrow.

**Mr. Speaker** : There will be no mention cases to-day. Now, Discussion on Governor's Address.

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**Mr. Speaker** : Shri Gopal Basu has already moved the motion of thanks on the 21st January, 1970. I have received 159 amendments to the Motion. Out of them 73 notices are in Bengali and they are in order. They are taken as moved. The rest are in English, and as such, do not fit in the Motion which is in Bengali.

**ডাঃ জয়নাল আবেদিন** : আমি প্রস্তাব করি যে উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক —

কিন্তু দুঃখের বিষয় যে,—

ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তি পরিচালনা ও তৎসমুদয় সম্পত্তি হইতে উদ্বৃত্ত উপস্বত্বসমূহ সৎ ও জনকল্যাণমূলক কাজে ব্যয় করিবার কোন বাস্তব পরিকল্পনা এবং বিপন্ন ও বেদখলকৃত ওয়াকফ সম্পত্তিসমূহ পুনরুদ্ধার করিবার উপযুক্ত প্রতিশ্রুতি রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে সমগ্র পশ্চিমবঙ্গে বলপূর্বক ধান কাটার যে তাণ্ডব হইতেছে এবং বিশেষভাবে সংখ্যালঘু সম্প্রদায়ের জমির উপর আক্রমণ পরিচালনা হইতেছে তাহার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের জনসংখ্যা জনিত সমস্যা এবং এই রাজ্যে পরিবার পরিকল্পনা কার্যাদির বাস্তব ও ব্যাপক এবং বিপুল উদ্যমে প্রয়োগ ও প্রচার করিবার এবং পরিবার পরিকল্পনা জনপ্রিয় করিয়া তুলিবার ব্যবস্থাদি বর্ণিত হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজনৈতিক দলগুলির জমি দখলের কথা বর্ণনা করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে সমগ্র পশ্চিমবঙ্গে অগণিত হত্যা, লুঠ, দাঙ্গা, অগ্নি-সংযোগ, ফসল লুঠ, মৎস্য লুঠ প্রভৃতির উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে অপরাধ দমনে পুলিশের নিষ্ক্রিয়তার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কোন কোন রাজনৈতিক দল কর্তৃক জনসাধারণের উপর যে ভয়াবহ অত্যাচার চালান হইতেছে তাহার কোনও উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যের উন্নয়ন ও প্রগতির ক্ষেত্রে বর্তমান মন্ত্রীসভার 'বহ্বারম্ভে' লঘুক্রিয়ার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যব্যাপী সহস্রাধিক রাজনৈতিক হত্যাকাণ্ডের বীভৎস সংখ্যা ও চিত্র প্রকাশ করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের সংবাদ ও প্রচার বিভাগ কর্তৃক কৃষি বিষয়ক বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিষয়ক তথ্যাদি গ্রামাঞ্চলে প্রচারের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যে প্রাপ্তবয়স্কের অশিক্ষিত জনসাধারণের শিক্ষা ব্যবস্থা দ্রুত সম্প্রসারণের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে ভোগ্যপণ্যের মূল্যবৃদ্ধির উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে মার্কসবাদী কমিউনিস্ট দল কর্তৃক গণ-আদালত স্থাপনের এবং উহার সাহায্যে জনসাধারণের নিপীড়নের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে শোচনীয় সরকারী ব্যর্থতার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যে শিক্ষাক্ষেত্রে যে নিদারুণ সঙ্কট ও অশান্তি স্থায়ীভাবে বিরাজ করিতেছে তৎসম্বন্ধে কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে মৎস্য সরবরাহ বৃদ্ধি করিবার প্রয়াসের যথাযথ উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের সংখ্যালঘু কমিশনের কার্যাবলী উল্লেখ করা হয় নাই এবং এই রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা এবং অধিকারসমূহ রক্ষা করিবার সরকারী প্রতিশ্রুতিও দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের ভয়াবহ শিক্ষিত ও অশিক্ষিতের বেকারীত্ব দূরীকরণের জন্য সরকারী ও বেসরকারী উদ্যোগে নূতন নূতন শিল্প স্থাপনের এবং শিল্পে শান্তিরক্ষার প্রয়াসের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যে মাদকদ্রব্য বর্জনের কোন ঘোষণা নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের যোগাযোগ ব্যবস্থার উন্নতির সর্বব্যাপী প্রয়াসের বিশেষত অদ্যাবধি অবহেলিত অঞ্চলসমূহে সড়ক ব্যবস্থা ত্বরায় নির্মাণ করিবার প্রতিশ্রুতি নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গে বিধ্বংসী বন্যার তাণ্ডব বন্ধ করিবার কোন স্থায়ী পরিকল্পনার ইঙ্গিত নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে সভ্যদেশের নাগরিকসুলভ 'সাংবিধানিক অধিকারসমূহ সংরক্ষিত করিবার সরকারী দায়িত্ব ঘোষণা করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যের সমাজবিরোধী ও দুষ্কৃতিকারীদের দমনের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কোন বিশেষ রাজনৈতিক দলকর্তৃক চরম অরাজকতার ও উহার দমনে পুলিশের নিষ্ক্রিয়তার কথার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের উপজাতি এবং তপশীল জাতিসমূহের উন্নয়নকল্পে উপযুক্ত ব্যবস্থাদি অবলম্বন করিয়া সাধারণভাবে সর্বপ্রকার বৈষম্য বিদূরিত করার কোন উল্লেখ নাই।

**শ্রীআজিজুর রহমান:** আমি প্রস্তাব করি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

গ্রামাঞ্চলে অবস্থিত প্রাইমারী স্কুলগৃহগুলির প্রকৃত অবস্থা কি উহার উন্নতি সাধনের জন্য বাস্তব কোন প্রকল্পের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

গ্রামাঞ্চলে গৃহ নির্মাণের জন্য আর্থিক সাহায্যের চিন্তার আভাষ পর্যন্ত মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

মফঃস্বল জিলাগুলিতে ও গ্রামাঞ্চলে চলাচল ব্যবস্থার অধিকতর সম্প্রসারণের কোনরূপ আভাষ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

কলকাতার বস্তিবাসীদের প্রকৃত অবস্থা ও কি পন্থায় তাহাদের আর্থিক ও বৈষয়িক অবস্থার উন্নতি সাধন করা যায় তাহার কোনরূপ উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

প্রচলিত পঞ্চায়েতরাজকে নিষ্ক্রিয় করিয়া গ্রামীণ বাংলার মৌলিক ও গণতান্ত্রিক অধিকারকে পদদলিত করার কোন আভাষ মহামান্য রাজ্যপালের ভাষণে নাই।

ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তির পরিচালনা ও কর্তৃত্ব ও উহার উপস্বত্ব সৎভাবে ব্যয় করিবার পরিকল্পনা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

ভবিষ্যতে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি যাহাতে ব্যাহত না হয় তাহার বাস্তব ব্যবস্থার জন্য কোনও কর্মপন্থার বিষয় মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

অবহেলিত এলাকায় এবং বঞ্চিত গ্রামাঞ্চলে অদূর ভবিষ্যতে সরকারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রচেষ্টার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

অবহেলিত মাদ্রাসা প্রতিষ্ঠানগুলির অভাব অভিযোগগুলির দূরীকরণ ও উহার আমূল সংস্কার সাধনের দ্বারা প্রকৃত উন্নতি বিধানের প্রয়াসের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে বর্তমানে শিক্ষাপ্রতিষ্ঠানগুলি ঘেরাও-এর ফলে শিক্ষাক্ষেত্রে যে সঙ্কট দেখা দিয়াছে সে বিষয়ে উল্লেখ তাঁহার ভাষণে নাই।

দরিদ্র অথচ মেধাবী ছাত্রছাত্রীদের শিক্ষাগ্রহণে সুযোগ সুবিধার কোনও প্রতিশ্রুতি মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মাননীয় রাজ্যপাল তাঁহার ভাষণে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি ব্যাহত হইবার ঘটনাসমূহের প্রকৃত কারণসমূহ পরিবেশন করেন নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের বর্তমান বীভৎস ও বর্বর রূপ অপ্রকাশ থাকায় তৎপরিবর্তে কিঞ্চিৎ প্রশংসার বাণী উল্লিখিত হইয়াছে।

মাননীয় রাজ্যপালের ভাষণে বেকারদিগের কর্ম সংস্থানের কোন বাস্তব পরিকল্পের কথা উল্লিখিত হয় নাই।

দরিদ্র মৎস্যজীবিদের অর্থনৈতিক মান উন্নয়নের কোনও বাস্তব পরিকল্পনা বা সুনির্দিষ্ট কর্মসূচী মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

এই রাজ্যে মৎস্যের উৎপাদন বৃদ্ধির কোনও পরিকল্প বা বাস্তব দৃষ্টিভঙ্গী মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবস্থা অতি অস্পষ্ট ও অস্বচ্ছভাবে প্রতিভাত হইয়াছে, অর্থনৈতিক বুনিয়াদ দৃঢ়ীকরণের কোনও বাস্তব বা স্পষ্ট আভাস উহাতে নাই।

শ্রমিক নিয়োগকারী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ ঘেরাও আন্দোলনে বিপর্যস্ত হইয়া বন্ধ হইয়া যাওয়ার জন্য অধিকতর শ্রমিক নিয়োগের পরিবর্তে বহু শ্রমিক যে বেকার হইয়া পড়িয়াছেন, মাননীয় রাজ্যপালের ভাষণে সে বিষয়ের উল্লেখ নাই।

শ্রমিক নিয়োগকারী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ ঘেরাও ও ধর্মঘটজনিত সমস্যায় প্রপীড়িত থাকায় উৎপাদন যে বিপুলভাবে ব্যহত হইয়াছে মাননীয় রাজ্যপালের ভাষণে সে বিষয়ের কোনও উল্লেখ নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে শ্রমবিরোধের প্রকৃত কারণসমূহের যথার্থ উল্লেখ নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলাজনিত ভয়াবহ পরিস্থিতির সত্যিকার রূপ বর্ণিত হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে এই রাজ্যে মজে যাওয়া নদীসমূহের সংস্কার সাধনের অদূর ভবিষ্যতে কিরূপ ব্যবস্থা অবলম্বিত হইবে তাহার উল্লেখ নাই।

উপজাতি, আদিবাসী, তপশীলি সম্প্রদায়ের জীবনযাত্রার সর্বস্তরের অনগ্রসরতা অনুধাবন করিয়া তাহাদের অনগ্রসরতার সমধিক উন্নতিসাধনের কোনও নিখুঁত প্রকল্পের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

**শ্রীমতী আভা মাইতি:** আমি প্রস্তাব করি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

১৯৬৭ ও ১৯৬৮ সালের বিধ্বংসী বন্যার দ্বারা পীড়িত ভগবানপুর থানাসহ মেদিনীপুর জেলার অধিবাসীদিগকে প্রদত্ত সরকারী ঋণ মকুবের বা স্থগিতের কোন উল্লেখ নাই।

ভগবানপুর থানাসহ মেদিনীপুর জেলার বিগত ১৯৬৭ ও ১৯৬৮ সালের বিভিন্ন বন্যাপীড়িত এলাকার ছাত্রছাত্রীদের স্কুল ও কলেজ বেতন মকুবের কোন উল্লেখ নাই।

কেলেঘাই নদী পরিকল্পনায় উদ্বাস্তু গ্রামবাসীদের পুনর্বাসনের কোন উল্লেখ নাই।

পশ্চিমবাংলায় আইন ও শৃঙ্খলা অবনতির কোন উল্লেখ নাই।

**শ্রীনারায়ণ নস্কর:** আমি প্রস্তাব করি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গে অবাধ লুঠ, দাঙ্গা, অগ্নিসংযোগ, নরহত্যা, শিক্ষাক্ষেত্রে সঙ্কট, কৃষিক্ষেত্রে অশান্তি এবং অনিশ্চয়তা এবং জঘন্য এবং ঘৃণ্যতম অপরাধের মকদ্দমা আদালত হইতে প্রত্যাহারের কোন উল্লেখ নাই।

**ডাঃ মহম্মদ ফজলে হক্:** আমি প্রস্তাব করি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের শহরাঞ্চলের বিশেষত, কলিকাতা মহানগরীর সম্পত্তি এবং অনাজিত উপার্জন সীমিত করিয়া আইন প্রণয়ণের কথা উল্লিখিত হয় নাই।

**শ্রীসামসুদ্দিন আহমেদ:** আমি প্রস্তাব করি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকায় বিশেষত কালিয়াচক থানার কালিয়াচক শেরশাহী আগামিন্দী, মাহওয়াবাদী, চাঁদপুর ইত্যাদি স্থানের সমাজবিরোধী ব্যক্তিগণ কর্তৃক নৈরাজ্যের সৃষ্টি করার এবং উহার দমনে পুলিশের নিস্ক্রিয়তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।

রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গে কোন বিশেষ দলের প্রতি পুলিশী পক্ষপাতিত্ব ও সাধারণ মানুষের উপর পুলিশী নির্যাতনের উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে ছোট ছোট কৃষকদের স্বার্থরক্ষায় সরকারী ব্যর্থতার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কোন রাজনৈতিক দলের আচরণে দেশবাসীর কিংকর্তব্যবিমূঢ় অবস্থায় কালাতিপাত করার কোন উল্লেখ নাই।

রাজ্যপালের ভাষণে উন্নয়নমূলক সরকারী কার্যক্রমের ব্যর্থতার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কৃষকদের সম্পত্তি ও প্রাণের নিরাপত্তার ভার ব্যর্থতার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের শিক্ষকদের যথোচিত মর্যাদা ও যোগ্য পারিশ্রমিক প্রদানের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যে যথেষ্ট সংখ্যায় রাজনৈতিক হত্যাকাণ্ড সংঘটনের কোন উল্লেখ নাই।

**শ্রীনেপাল রায় :** আমি প্রস্তাব করি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের প্রশাসনিক ব্যর্থতার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের সমাজবিরোধী এবং দুষ্কৃতকারী ব্যক্তিগণ কর্তৃক অবাধে লুঠ, দাঙ্গা, রাহাজানি, নারীনির্যাতন এবং নরহত্যা প্রভৃতি অপরাধ সংঘটনের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্য পুলিশের নিষ্ক্রিয়তার উল্লেখ নাই।

**ডঃ জয়নাল আবেদীন :** আমি প্রস্তাব করি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে শরিকী সংঘর্ষে রাজ্যের প্রশাসন যন্ত্রে সরকারী ব্যর্থতার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে মালদহ জেলার গাজোল থানার নারীলাঞ্ছনার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে বর্তমান যুক্তফ্রণ্ট সরকার কর্তৃক কেরোসিন তৈলের উপর কর ধার্য করার সংবাদ পরিবেশন করা হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে সরকার ধান্য ক্রয়-বিক্রয়ের সময়ে চাউলের কলগুলির মাধ্যমে যে কর ধার্যের ব্যবস্থা গ্রহণ করিয়াছেন তাহার কোন উল্লেখ নাই।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আজকে এক নাটকীয় পরিস্থিতিতে এবং অশান্ত পরিবেশে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে আলোচনা সুরু করতে গিয়ে প্রথমেই আমাকে রাজ্যপালের বক্তৃতাকে তথ্যগতভাবে অসত্য এবং রাজনীতিগতভাবে অসত্য বলে বর্ণনা করতে হবে। এটা রাজ্যপালের উপর কোনরকম অবমাননা করা হচ্ছে না। কেননা, রাজ্যপালের ভাষণ সরকারেরই ভাষণ। এই ভাষণে এমনভাবে কতকগুলি কথা বলা হয়েছে যার ফলে বাংলাদেশের প্রকৃত অবস্থা কি, মানুষ জানতে পারেনি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বাংলাদেশের প্রত্যেক জেলাতে মানুষ যে সমস্যার সম্মুখীন হচ্ছে, সেই সমস্যাগুলির প্রতিচ্ছবি রাজ্যপালের বক্তৃতায় কোন মানুষ খুঁজে পাবে না। আজকে বাংলাদেশের অবস্থা কি? মাত্র ১১ মাস আগে এভাবে রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা করতে হয়েছিল, তখন আমাদের সামনে যুক্তফ্রণ্ট সরকার ছিল, এখনও আছে। কিন্তু তখন তাঁদের পেছনে ২১৮ জন সদস্য ছিলেন, বিরাট সংখ্যাগরিষ্ঠতা লাভ করে তাঁরা বাংলাদেশের ক্ষমতার গদীতে অধিষ্ঠিত হয়েছিলেন। বাংলাদেশের মানুষ শতকরা ৫৮ জন এই যুক্তফ্রণ্ট-এর উপর আশীর্বাদ বর্ষণ করেছেন। বাংলাদেশের মানুষ-এর আশীর্বাদে যুক্তফ্রণ্ট গদীতে আসীন হয়ে অনেক রকম কথা বলেছিলেন, অনেক রকম নীতি তাঁরা ঘোষণা করেছিলেন। তাতে তাঁদের ৩২ দফা কর্মসূচীর কথা ছিল, তাতে তাঁরা বাংলাদেশের মানুষকে অনেক রকম আশা দিয়েছিলেন, অনেক রকম আশ্বাস দিয়েছিলেন। সেই সময় বক্তৃতা দিতে গিয়ে সর্বপ্রথম আমি সেই যুক্তফ্রণ্টকে স্বাগত জানিয়েছিলাম, আমার মনে আছে। মাননীয় অধ্যক্ষ, মহাশয় আমার সেই বক্তৃতার একটা কপি এখন আছে। ১৪ই মার্চ ১৯৬৯ সালে, রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা দিতে গিয়ে আমি এই কথা বলেছিলাম—"অধ্যক্ষ মহাশয়, আমি চাই যুক্তফ্রণ্ট সরকার বাংলাদেশে পাঁচ বছর ধরে সুষ্ঠুভাবে শাসন-কার্যভার চালিয়ে যান। থাকুক পাঁচ বছর ধরে অধিষ্ঠিত বাংলাদেশের গদীতে। আমি যখন সেই বক্তৃতা দিচ্ছিলাম, আমাকে সমস্ত দিক থেকে বাধা দান করা হয়েছিল, আজকে কেবল ৮০ জন ভদ্রলোক বাধা দান করছেন, এই তফাত আজকে। আমি আমার বক্তৃতায় তখন বলেছিলাম "এঁরা পাঁচ বছর থাকুন বাংলাদেশের গদিতে, দেখুন বাংলাদেশের মানুষের সমস্যার সমাধান কিভাবে করতে

পারেন। আমি আগেও বলেছি, এখনও বলছি যদি গণতান্ত্রিক উপায়ে শান্তিপূর্ণভাবে আইনশৃঙ্খলা বজায় রেখে কাজ করেন তাহলে আমাদের কোন আপত্তি থাকবে না।" আমি তখন আরও বলেছিলাম এবং বলতে বাধ্য হয়েছিলাম আমাদের পক্ষ থেকে ১১ মার্চ ১৯৬৯ সালে, কারণ তখন দেখেছিলাম যুক্তফ্রণ্টের এক শরিক, নামটা করেই দিচ্ছি মার্কসিষ্ট কমিউনিষ্ট, যারা আমরা আক্রান্ত হয়েছিলাম, সেই সময় বলেছিলাম কংগ্রেস কর্মী, কংগ্রেস সমর্থক, যারা নির্বাচনের সময় কংগ্রেসকে সাহায্য করেছিল, আমরা আক্রান্ত হচ্ছি সর্বপ্রকারে। পুলিশ এসে সাহায্য করছে না। পুলিশকে বলেও কিন্তু আমরা ভরসা পাই না। তখন আমাকে বলতে হয়েছিল – ইংরেজীতে বলেছিলাম—
I want peace. Are you opposed to it? I want law and order to be established. Are you opposed to it? I want every political party to be able to carry on its political activity. Are you opposed to this principle? In a democracy every political party should be able to carry on its political activity. Are you opposed to this principle? তারপরে দেখছি এখানে আছে নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপসন্‌স, ওদিক থেকে গোলমাল করে একজন বামপন্থী সদস্য বলেছিলেন We shall murder all Congressmen. (নয়েজ)
আপনি রবীনবাবু এতে চেঁচাচ্ছেন কেন? আপনি তো পার্টি থেকে সাস্‌পেণ্ড হয়েছেন, মার্কসিস্ট পার্টি থেকে সাস্‌পেণ্ড হয়েছেন ..........(নয়েজ)

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীলক্ষ্মীচরণ সেন:** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পার্টির একজন সদস্য সম্পর্কে উনি একটা ফল্‌স ষ্টেটমেণ্ট করেছেন এবং এই জন্য ওনাকে ঐ কথাটা উইথড্র করতে হবে এবং এটা এক্সপানজ করতে হবে প্রসিডিংস থেকে। কারণ, আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলতে পারি যে উনি এখানে একটা ফল্‌স ষ্টেটমেণ্ট করে গেলেন।

**Mr. Speaker:** Please do not disturb. There is no point of order in it. Mr. Ray, please continue your speech without reference to any political party.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মিঃ স্পীকার, স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, লিডার অব দি অপোজিশন, এই সভার একজন বিশিষ্ট সদস্যের বিরুদ্ধে একটা পার্সন্যাল চার্জ এনেছেন এবং আপনি দেখুন ৩২৮(২) "শ্যাল নট মেক এ পার্সন্যাল চার্জ এগেনষ্ট মেম্বার", যেটা তিনি করতে পারেন না। কাজেই এই পয়েণ্ট অব অর্ডারের রায় আপনাকে দিতে হবে।

**Mr. Speaker:** A member while speaking shall not refer to any matter of fact on which a judicial decision is pending, make a personal charge against a member.

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়:** আমি খালি এইটুকু প্রোটেকশন চাইছি যে আমি যখনই কিছু বলতে যাচ্ছি তখনই ঐ প্রাণীজন ভদ্রলোক (আঙুল দেখিয়ে) আমাকে বাধা দিচ্ছেন। আমাকে কি ওদের কথা শুনতে হবে - আমাকে বক্তৃতা করতে দেবেন?

**Mr. Speaker:** I would request Mr. Ray not to make any personal charge against anymember. If he has made any personal charge, he should express his regret and if he has not meant anything like that he should say that he never meant that.

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়:** মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আমি আমার বক্তব্য আবার শুরু করতে পারি কি? আমি বলতে চাইছিলাম—

**মি: স্পীকার :** আপনি এখানে কোন পার্সোন্যাল চার্জ করতে পারেন না, আউট সাইড দি স্কোপ অব ডিসকাশন।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** এটা পার্সোন্যাল চার্জ কিছু নয়, আমি কাউকে পার্সোন্যাল চার্জ করিনি।

**Shri Abdus Sattar :** Sir, on a point of order. Rule 332 says—a member may, with the permission of the Speaker, make a personal explanation although there is no question before the House, but in this case no debatable matter may be brought forward, and no debate shall arise. এত হৈ চৈ করার প্রয়োজন নেই। এটাই আইন।

**Mr Speaker :** That rule provides for a remedial measure but he has referred to rule 328 that a member while speaking shall not make a personal charge against a member. He has made a personal charge that the honourable member has been driven out of the party.

**Shri Abdus Sattar :** এটা পারসোনাল চার্জ নয়, it is a statement of facts.—

**Mr. Speaker :** But he has taken it as a personal charge. Why should you not withdraw it, why should you hurt anybody ?

**শ্রীবিজয় সিং নাহার :** স্যার, ওরা বারে বারে আমাদের ইন্ডিকেট সিন্ডিকেট ইত্যাদি অনেক কথা বলেন। আমাদের সিদ্ধার্থ বাবু যে কথা বলেছেন যে তিনি সাস্‌পেণ্ড হয়েছেন সে সম্বন্ধে তিনি ডিনাই করছেন না। সেটা উঠে তিনি ডিনাই করুন তালে সিদ্ধার্থ বাবু নিশ্চই বলবেন যে ভুল হয়েছে।

**শ্রীরবীন মুখার্জি :** মি: স্পীকার, স্যার, আমি একটা এক্সপ্লানেসান দিতে চাই।*

( গণ্ডগোল )

স্যার, আমি শুধু এ টুকুন জানতে চাই উনি আমার সম্পর্কে একটা মন্তব্য করেছেন। ওঁকে এটুকু আমি জানাচ্ছি সখের রাজনীতি করার পূর্বে যে দিন তিনি রাজনীতি ক্ষেত্রে এসেছেন তার অনেকদিন আগে থেকে আমি কমিউনিস্ট পার্টির সদস্য এবং বর্তমানেও কমিউনিষ্ট পার্টির সদস্য এবং আমরণ কাল পর্য্যন্ত কমিউনিষ্ট পার্টির সদস্য থাকবো বলে মনে করি।

**মি: স্পীকার :** ইউ হ্যাভ সেড যে কাণ্ডজ্ঞান বিহীন লোক, that is unparliamentary and at the same time উনি বলেছেন........

( গোলমাল )

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** স্যার, যদি কাণ্ডজ্ঞান বিহীন বলে থাকেন তাহলে আমার প্রথম কথা হচ্ছে এই কথাটা হচ্ছে আনপার্লামেন্টারী কিনা ? কারণ মাননীয় সদস্য এখানে বলেছেন যে, আমি কমিউনিষ্ট পার্টির সদস্য ছিলাম, এখনও আছিও · আমাকে সাস্‌পেণ্ড করা হয় নি। তার পরেও যদি বিরোধী দলের কোন নেতা দাঁড়িয়ে সেটা মেনটেণ্ড করেন তাহলে তাকে কাণ্ডজ্ঞানহীন ছাড়া কি বলবে ?

**মি: স্পীকার :** রবীন বাবু "কাণ্ডজ্ঞানহীন" যে কথাটা বলেছেন সেটা উইথ ড্র করুন। আর সিদ্ধার্থবাবু যেটা বলেছেন সেটা ঠিক নয় সেটা রবীনবাবু ডিনাই করেছেন। উনি বলছেন উনি কমিউনিষ্ট পার্টিতে যেমন ছিলেন তেমনই আছেন। কাজেই আপনার কথাটা অন্যায় হয়ে যায়। একজনের এগেনষ্টে পারসোনাল চার্জ হয়ে যায় সেটা আপনারা ঠিক করুন। If it has wounded his feelings, he should withdraw it.

**শ্রীরবীন মুখার্জি :** স্যার, আমি ঘোষণা করছি যে আমি সাস্‌পেণ্ডেড নই। আমি ওঁর সখের রাজনীতি করার বহু পূর্ব থেকে কমিউনিষ্ট পার্টিতে আছি।

---

* Expunged as ordered by the Chair.

**মিঃ স্পীকার ঃ** আপনি উইথ ড্র করুন না।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় ঃ** স্যার, উনি যখন ওটা বলছেন আমি ওকে অবিশ্বাস করছি না। কিন্তু সেটা করার আগে উইথ ড্র না করে আরো ব্যঙ্গ করে কতকগুলি কথা বলেছেন—সেটা এক্সপাঞ্জ হবে তো?

**মিঃ স্পীকার ঃ** "ভদ্রলোকের যত বয়স হচ্ছে তত কাণ্ডজ্ঞান কমে যাচ্ছে"—রবীনবাবু আপনি এটা উইথ ড্র করুন।

[ 2-40—2-50 p.m. ]

**শ্রীরবীন মুখার্জী ঃ** স্যার, উনি যখন উইথ ড্র করেছেন তখন আমি ধরে নিচ্ছি যে ওনার খানিকটা কাণ্ডজ্ঞান ফিরে এসেছে।

**মিঃ স্পীকার ঃ** আপনি আবার কেন ঐ কথা বললেন, ওটা উইথ ড্র করুন।

**শ্রীসিদ্ধার্থ রায় ঃ** স্যার, আমি পলিটিকাল চার্জ করেছিলাম পারসোনাল চার্জ করি নি।

**মিঃ স্পীকার ঃ** আপনি রেফারেন্সে-এ একজনের এগেনষ্টে কাণ্ডজ্ঞান নেই এই কথা বলতে পারেন না। এটা উইথ ড্র করুন।

( গোলমাল )

**শ্রীগোপাল বসু ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আমাদের পার্টির পক্ষ থেকে এই কথাই জানাতে চাই যে রবীনবাবু আমাদের পার্টির মেম্বার ছিলেন এবং এখনও আছেন। রবীনবাবুর একটা অপরাধ হচ্ছে এই যে তিনি সিদ্ধার্থবাবুর মত একবার এ দল একবার ও দল করতে পারেন না। রবীনবাবু সম্পর্কে যে কথা বলা হয়েছে সেটা উইথ ড্র করার মত কাণ্ডজ্ঞান যদি উনি দেখান, প্রমাণ করেন, তারপরে রবীনবাবু প্রত্যাহার করবেন।

**মিঃ স্পীকার ঃ** আপনি একজন মেম্বার, আপনি এটা উইথ ড্র করুন।

**শ্রীসমর রুদ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, On a paint of privilage. সদস্য হিসাবে আমাদের দাবী দাওয়ার প্রশ্ন তোলার অধিকার আছে। আমি আশা করি আপনি সে অধিকার থেকে আমাদের বঞ্চিত করবেন না। আমাদের রুলস ৩২৮ ধারার একটা উপধারায় দেখিয়েছেন যে সেখানে কোন সদস্য যদি কোন সদস্যের বিরুদ্ধে ব্যক্তিগত কোন কথা বলেন, আর একটা উপধারা আছে সেটা হচ্ছে যদি মানহানীকর এখানে কোন বিবৃতি দেন, ডিফারমেটরি ওয়ার্ডস ইউস করেন তাহলে যে সদস্যের বিরুদ্ধে মানহানীকর কথা বলেছেন তাঁর নিশ্চয়ই অধিকার আছে তার বিরুদ্ধে প্রতিবাদ করবার। মাননীয় সদস্য সিদ্ধার্থ রায় কংগ্রেস থেকে বহিস্কৃত হয়েছেন.......

( তুমুল গণ্ডগোল )

**মিঃ স্পীকার ঃ** আমার মনে হয় আপনার বলাটা আইনতঃ হয় নি। আপনি ওটা প্রত্যাহার করুন।

**শ্রীরবীন মুখার্জী ঃ** যাকগে উনি যখন ক্রুটি স্বীকার করেছেন তখন এই প্রসংগে আমি আর বলতে চাইছি না।

( গোলমাল। )

**Mr. Speaker** : Please allow the business of the House to continue. I have been able to do much as I can.

**শ্রী এ. কে. এম. ইশাক :** মিঃ স্পীকার, স্যার, আপনি মাননীয় সদস্য রবীন মুখার্জীকে কথা উইথ ড্র করতে বলেছিলেন আমাদের সামনে। আমরা এখানে বসে আছি। উনি কি সেই কথাগুলো উইথ ড্র করেছেন। যদি উনি করে থাকেন আমাদের কেউ শোনে নি। যদি উনি করে থাকেন তাহলে আমাদের সামনে কি সেই প্রেসিডিংসটা রাখবেন অথবা রেকর্ড বাজিয়ে শোনাবেন যে উনি সেই কথাটা উইথ ড্র করেছেন।

**মিঃ স্পীকার :** আমি আপনার কাছে এক্সপ্লানেশন দিতে পারব না। আপনি বসুন। কি বলেছেন না বলেছেন আমি শুনব। Mr. Ray I request you to continue your speech.

**শ্রী এ. কে. এম. ইশাক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে কথা বলবেন সেটা উনি এবং আমরা করব যেটা আচরণবিধি। উনি কি উইথ ড্র করেছেন ?

**মিঃ স্পীকার :** আমি দেখব সেটা। But you cannot obstruct the business of the House.

**শ্রী এ. কে. এম. ইশাক :** উনি উইথ ড্র করেন নি।

**Mr. Speaker :** Do you want that I adjourn the House ? Please do not blame me if the Governor's address is not discussed. I will make an enquiry from Mr. Ray whether he will continue his speech or not.

## Point of Order

**শ্রী এস. এম. ফজলুর রহমান :** মিঃ স্পীকার, স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। এই পয়েন্টটা ক্ল্যারিফাই হওয়া উচিত। ৩২৮ নম্বর যে রুল এই রুল-এর প্রভিশন ইজ ম্যাণ্ডেটরী। তাতে বলছে, a member while speaking shall not make a personal charge against a member. ৩৩২-এ কি বলছে, A member may, with the permission of the Speaker, make a personal explanation although there is no question before the House.

[2-50—3-15 p.m.]

এই rule যদি একসঙ্গে par করা যায় তাহলে এইরকম হয় যে ৩২৮ ধারায় আপনি এই mandatory provision-কে override করেছেন। যদি আপনি সেই language expunge করেন তাহলে ৩৩২ ধারা প্রয়োগের আর কোন প্রয়োজন নেই। ৩২৮ ধারায় যদি আপনি বলেন এটা unparliamentary তাহলে সেটা আপনি expunge করতে পারেন এবং ৩৩২ ধারার কোন provision এখানে apply করে না। আর ৩২৮ ধারার যে mandatory provision আছে সেই provision যদি কোন member override করেন তাহলে ৩৩২ ধারা অনুযায়ী member-এর privilege আছে ৩৩২ ধারা অনুসারে তিনি explanation দেবেন। এখানে যে সব আলোচনা হল তাতে আপনি ৩২৮ ধারা প্রয়োগ করছেন, না ৩৩২ ধারা প্রয়োগ করলেন বুঝতে পারছি না। যদি ৩২৮ ধারা প্রয়োগ করে থাকেন তাহলে ৩৩২ ধারার প্রশ্ন ওঠে না। Opposition leader য. বলেছেন তাতে আর ৩৩২ ধারার প্রশ্ন ওঠে না। আর যদি ৩৩৮ ও ৩৩২ ধারা থাকলো তাহলে পরস্পর বিরোধী এই রকম কথা চলবে। কাজেই point of order হিসাবে স্পষ্ট জানতে চাই যে ৩৩২ ধারা ৩৩৮ ধারা দুটোই আপনি প্রয়োগ করলেন কিনা ? এবং এটা ঠিক করলে ভবিষ্যতে আমাদের কার্যের সুবিধা হবে।

**Mr. Speaker :** I have heard your point of order. আমি ৩২৮ ধারা প্রথমে করেছি। সেখানে যে mandatory clause আছে তাতে you are good enough যে তিনি

বললেন যে আমি সদস্য আছি এবং তিনি যে remark করলেন তাতে আর কি হবে। In the meantime রবীন বাবু, Hon. member আমার মনে হ'ল বললেন **"এই ভদ্র লোকের যত বয়স হচ্ছে তত কাণ্ডজ্ঞান কমে যাচ্ছে। এতে আমি বললাম যে এটা আপনি withdraw করুন। তারপর তিনি withdraw করেছেন। যদি তিনি তা না করে থাকেন তাহলে Mr. Roy-এর সম্বন্ধে যা লেখা আছে তা আমি procedings থেকে কেটে দেবো।**

## Discussion on Governor's Address

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যখন আমি বক্তৃতা শুরু করেছিলাম তখন আমি এটা ধরেই নিয়েছিলাম যে ওখান থেকে ভয়ানক বাধা আসবে। ওটার পর আসল বক্তৃতা শুরু করবো তখন ত জানি বাধা আসবে, দেখেন ঐ ৮০টি ভদ্রলোক। এখানে আমি গত বৎসর কি বলেছিলাম সে কথা শুধু বলেছি কিন্তু এ বৎসর আমি কি বলবো সে কথা শুনলে মাথা ঘুরে যাবে আপনাদের। সুতরাং আমি জানি আপনারা কি অবস্থায় আছেন, সেই অবস্থায় আপনাদের দেখে আমাদের দুঃখ হচ্ছে, সমবেদনা হচ্ছে। বাংলা দেশের মানুষকে মিথ্যা আশ্বাস দিয়ে, মিথ্যা প্রতিজ্ঞা করে এখন বাংলা দেশের মানুষের কাছে যাওয়ার আপনাদের সাহস হচ্ছে না তাই আপনারা এই চক্রান্ত করছেন যাতে যুক্ত ফ্রণ্টকে ভেংগে দিয়ে বেরিয়ে চলে যাই।

( তুমুল হট্টগোল )

আপনাদের বেরোতে দেব না, ঐ বেঞ্চের সংগে আটকে রাখবো, পাঁচ বৎসর চেন দিয়ে বেধে রাখবো। আপনারা যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছেন, বেকারত্ব দূর করবেন, বেকার ভাতা দেবেন, শিল্পে সমৃদ্ধি আনবেন, বাংলা দেশের সমস্যার সমাধান করবেন। এই যে শিক্ষামন্ত্রি বসে আছেন, এখানে শিক্ষকদের যেসব প্রতিশ্রুতি দিয়েছেন তা পালন করতে হবে। আপনারা পালিয়ে যেতে পারবেন না। এই যুক্তফ্রণ্ট যদি ভাংগে তার জন্য দায়ী হচ্ছেন আপনারা, মার্কিষ্ট কম্যুনিষ্টরা পালিয়ে যেতে চাচ্ছে, আর মানুষের কাছে গিয়ে বলবে যে তাদের বিতাড়িত করেছে। সেইটাই যদি, মাননীয় অধ্যক্ষ, মহাশয়, এই মাননীয় বন্ধুদের অভিপ্রায় না হতো তাহলে তাদের নেতা জ্যোতি বসু মহাশয় ঐ রকম ভাষায় পত্র দিতেন না মুখ্যমন্ত্রিকে। কোন ভদ্রলোককে কোন ভদ্রলোক ঐ রকম ভাষায় পত্র দেয়না। যদি আপনাদের অভিপ্রায় থাকতো........

(তুমুল হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে ত চলবে, ওঁদের থামাতে পারবেন না, ক্যারাভ্যান উইল গো অন। মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আজকে আমার সময়ের কোন লিমিট নেই, ওঁরা চিৎকার করতে পারেন আমাদের মাত্র দুটি বক্তা আছেন সুতরাং আমাদের কোন লিমিট নেই। এখানে দেখুন একমাত্র এঁরাই চেঁচাচ্ছেন, আর কেউ চেঁচাচ্ছেন না, কারণ এই ১১ মাসের ভিতরে আপনাদের প্রকৃত চেহারা বাংলাদেশের মানুষের কাছে পরিষ্কার ভাবে রেখে দিয়েছেন। যারজন্য গত বৎসর বক্তৃতা দেবার সময় এখানে প্রত্যেকটি দিক থেকে বাধা এসেছিল কিন্তু আজকে আসবে না, আজকে আসবে খালি ঐ ৮০ জন মানুষের কাছ থেকে। এটা জেনে রাখুন যে আপনাদের বিরুদ্ধেও জনগণ জেগে উঠবে এতে কোন সন্দেহ নেই। আপনারা একটাও পালন করতে পারবেন না আপনাদের প্রতিশ্রুতি। এখন আপনাদের খালি স্লোগান মংগারিং। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মার্ক্সিষ্ট কম্যুনিষ্ট পার্টি তারা খালি স্লোগান মংগারিং-এর উপর এখানে বেঁচে আছে, স্লোগান মংগারিং ছাড়া এখন আপনাদের আর কোন উপায় নেই, খালি স্লোগান তুলতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর দু'মিনিট আছে, আমি ঐ মাননীয় বন্ধুদের কি অবস্থা হয়েছে তা বলেছি। সেদিন আমি একটা ট্যাক্সিতে উঠেছিলাম ..

( তুমুল হট্টগোল। )

ট্যাক্সিতে উঠে দেখি তার বাঁ দিকের খোপে মার্ক্সিষ্ট কম্যুনিষ্টরা যে লাল রংএর রুমাল বাঁধে সেটা সেই খোপে রয়েছে। তা আমি উঠলাম, একলা লোক, ভাবলাম কি জানি মার্ক্সিষ্ট ড্রাইভার, অত্যন্ত সন্তর্পণে ভদ্রভাবে তাকে জিজ্ঞাসা করলাম, ভাই আপনি কি মার্সিষ্ট কমিউনিষ্ট-এর সভ্য? তিনি বললেন যে পাগল হয়েছেন, ক্ষেপেছেন? আমি মার্ক্সিষ্ট কম্যুনিষ্ট পার্টির সভ্য নই। তবে এই দেখছেন লাল রুমালটা তার কারণ আছে। বাংলা দেশে এখন দু'রকমের লোককে ভয় করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এঁদের শোনাচ্ছি, সেই ট্যাক্সি ড্রাইভার বললেন বাংলা দেশে এখনও জানেন দু'রকম লোক আছে, একটি হচ্ছে পুলিশ, দ্বিতীয়টি হচ্ছে গুণ্ডা। গাড়ী চালাতে গেলে কখন গুণ্ডারা এসে ঘেরাও করে তার ঠিক নেই। গুণ্ডারা ঘেরাও করলেই গলায় রুমালটা বেঁধে ফেলি। তখন তারা বলে যে ও আমাদের ভাই, চলে যাক। দ্বিতীয়টি তিনি বললেন যে পুলিশ যদি আসে—১৪ ঘণ্টা গাড়ী চালাই কখন কোন সামান্য আইন অমান্য হয়ে যায়, পুলিশ এসে হাজির হলেই ঐ মার্ক্সিষ্ট কম্যুনিষ্টদের রুমালটা গলায় বেঁধে নিই, আর কোন ভয় নেই। আপনাদের ঐ অবস্থা হয়েছে। এক গুণ্ডারা আপনাদের ভয় করে আর পুলিশ আপনাদের ভয় করে। কেন? কারণ গুণ্ডাদের উপর পুলিশ কিছু করতে পারেনা আপনারা পুলিশকে নির্দেশ দিয়েছেন। আর গুণ্ডারা আপনাদেরই সহকর্মী। আজকে বাংলা দেশের যত গুণ্ডা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তারা ঐ ৮০ জনের সাথী। আজকে এখন এখানেই শেষ করি, আবার ১৫ মিনিট বাদে সুরু করবো।

[ At this stage the House was adjourned for 15 minutes ]

( After adjournment )

[ 3-15—3-25 p. m. ]

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম বিরতির পূর্বে যে যুক্তফ্রণ্ট-এর কোন এক শরিকের জন্য আজকে আমরা দেখতে পাচ্ছি যুক্তফ্রণ্ট সরকার প্রায় অচল অবস্থায় পরিণত হয়েছে। যুক্তফ্রণ্টের ঝগড়ার সঙ্গে আমাদের কোন সম্পর্ক নাই। তাদের পাঁঠা তারা ল্যাজে কাটুক আর মাথায় কাটুক আমাদের সঙ্গে কোন সম্পর্ক নাই। আমরা বরং চাই যে গণতান্ত্রিক নির্বাচিত যে যুক্তফ্রণ্ট সরকার সে সরকার প্রতিষ্ঠিত থাকুক কিন্তু সংবিধান অনুযায়ী কাজ করতে হবে এবং আইনের অনুশাসনের মধ্যে কাজ করতে হবে, গণতান্ত্রিক পদ্ধতি তাদের মেনে নিতে হবে। এই তিনটা জিনিষ না মানার জন্য তাদের মধ্যে অন্তর্দ্বন্দ চলছে এবং তা চলতে বাধ্য। একটা মিথ্যা প্রচার চালান হচ্ছে যে আমরা ঝগড়া লাগিয়ে দিচ্ছি। কংগ্রেস যুক্তফ্রণ্ট-এর মধ্যে ঝগড়া লাগিয়ে দিচ্ছে। আজকে যে যুক্তফ্রণ্ট বিযুক্ত তাকে বোঝাতে কোন রকম যুক্তি লাগেনা। কারণ যুক্তফ্রণ্টের নেতাদের বক্তব্যগুলি দেখলেই আমরা সকলে বুঝতে পারি কংগ্রেস যুক্তফ্রণ্টের ঝগড়ার মধ্যে নেই এবং আমাদের কোনএর মধ্যে ইন্টারেষ্ট নাই। যুক্তফ্রণ্ট থাকুক এটা আমরা চাই কিন্তু তাদের সংবিধান মেনে চলতে হবে এবং আইনের অনুশাসন মেনে চলতে হবে। যুক্তফ্রণ্ট সম্বন্ধে আমরা কোন কথা বলিনি, আমরা যা বলেছি যুক্তফ্রণ্টের কার্যকলাপে সমালোচনা করেছি। যুক্তফ্রণ্টের নেতা মারর্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতা প্রমোদ দাশগুপ্ত তিনি নিজেই বলেছেন "যে যুক্তফ্রণ্ট আর যুক্ত নয় পরস্পর পরস্পর-এর কুৎসা প্রচারের সহাবস্থা মাত্র।" তিনি যুক্তফ্রণ্ট আর এখন যুক্তফ্রণ্ট বলে আখ্যা দিতে প্রস্তুত নন। আজকে সরকারের কি অবস্থা, রাইটার্স বিল্ডিং-এ কাজকর্ম একেবারে অচল হয়ে গেছে। day to day administration has become impossible. কেবল পরস্পর পরস্পরের বিরুদ্ধে বিবৃতি দিচ্ছেন। এবং তার থেকে দেখতে পাচ্ছি এবং বুঝতে পারছি যে সংবিধান মানা হচ্ছে না অনেক ক্ষেত্রে। আজকে যুক্তফ্রণ্ট সংবিধান বিরোধী ব্যবস্থা অবলম্বন করছে। মন্ত্রিসভা একটা চুক্তি করে ঠিক করছে যে সংবিধান মেনে চলব না। সংবিধান-এ মুখ্যমন্ত্রির পাওয়ার পজিশান, হচ্ছে সুপ্রীম সংবিধানে মুখ্যমন্ত্রির পজিশান সম্বন্ধে কেউ কোন দিন প্রশ্ন করেনি। তারা কি চুক্তি করে বলে

সংবিধান সংশোধন করতে গেলে তার একটা পদ্ধতি আছে—একটা রিকুইজিট মেজরিটি নিয়ে সংবিধান সংশোধন করতে হবে। কেবল কয়েকটা দল মিলে বসে চুক্তি করে সংবিধান সংশোধন করে দিলেন এটা তো হতে পারে না। আজকে বাংলাদেশের এই যে অবস্থা তার জন্য কারা কারা দায়ী সেটা দেখা দরকার। কে দোষী—কংগ্রেস, না বাংলা কংগ্রেস, না কমিউনিষ্ট পার্টি অব ইণ্ডিয়া, না ফরোয়ার্ড ব্লক, না মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি? বাংলাদেশের মানুষ আজকে নিশ্চয়ই জানতে চাইবে আপনাদের কাছে যে এই যে বিভ্রান্তিকর বক্তব্য রাখা হচ্ছে এর জন্য প্রকৃতপক্ষে দোষী কে—কে আজকে বর্তমান সরকারকে এই রকম একটা অদ্ভুত পরিস্থিতির দিকে ফেলেছে এটা দেখা দরকার। আজকে আমরা কি দেখছি—আমরা দেখছি সরকারের যত প্রকৃত ক্ষমতা কুক্ষিগত হয়েছে একটিমাত্র দলের হাতে যে দল যুক্তফ্রণ্ট সরকারের সবচেয়ে বড় শরীক। (সি. পি. এম. বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মার্কসিষ্ট বন্ধুরা এই রকম বাধা দিলে আমার বক্তৃতা দিতে আরো ভাল লাগে, আমার এটা পছন্দ হয়, খারাপ লাগে না, ওঁরা যদি তা না করতেন তবে আমি তো নিশ্চয়ই ভুল কথা বলতাম। ওঁরা যে আমার বিরোধিতা করছেন এর থেকে প্রমাণ হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আমি অপ্রিয় সত্য কথাগুলি বলছি, আমি ঠিকমত বলছি ওঁদের সম্বন্ধে। আজকে একথা কেউ অস্বীকার করবেন না যে আজকে সরকারের প্রকৃত ক্ষমতা কুক্ষিগত হয়েছে ঐ মার্কসিষ্ট কমিউনিষ্টদের হাতে। আজকে একথা কেউ অস্বীকার করতে পারবেন না যে মার্কসিষ্ট কমিউনিষ্ট বন্ধুদের ভেতর একটা গ্রুপ আছেন যাঁরা চান যে সংবিধান ভেঙ্গে পড়ুক, যাঁরা চান অরাজকতা, যাঁরা চান বাংলাদেশের চতুর্দিকে আইন শৃঙ্খলা ভেঙ্গে পড়ুক এবং এটা এই কারণেই চান যে যদি সংবিধানের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে বাংলাদেশের সমস্ত সমস্যার সমাধান হয়ে যায় তাহলে তো ওঁদের ঐ মার্কসিষ্ট কমিউনিজমের বইগুলিকে গঙ্গার জলে ফেলে দিতে হবে এবং এটা প্রমাণ হয়ে যাবে যে গণতান্ত্রিক পদ্ধতিতে সংবিধান মেনে ভারতবর্ষের সমস্যার সমাধান করা যায়। কাজেই এটাতে তো ওঁরা সাহায্য করবেন না, কারণ করলে ওঁদের তথ্য, নীতি, বক্তব্য সেই সমস্তই গঙ্গার জলে ভাসিয়ে দিতে হবে। ওঁদের মানতে হবে যে ওঁরা যা বলেছিলেন তা ভুল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বৎসর মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতাকালে আমি চারটি প্রশ্ন রেখেছিলাম উপ-মুখ্যমন্ত্রি জ্যোতি বসু মহাশয়ের উত্তরের জন্য। মুখ্যমন্ত্রি উত্তর দিয়েছিলেন যে এই চারটে প্রশ্ন জ্যোতিবাবুকে করা হয়েছে, আমি উত্তর দেব না, জ্যোতিবাবু পরে উত্তর দেবেন কিন্তু জ্যোতিবাবু গত বছর সেই উত্তর দেননি, আমি এই বছর সেই উত্তর চাচ্ছি—আপনি কি সংবিধান মেনে চলতে রাজী আছেন, আপনি কি চিরকাল গণতন্ত্র মেনে চলবেন, আপনি কি মানবেন যে চিরকাল ঐ ব্যালট বক্সের মাধ্যমে ক্ষমতায় আসবার চেষ্টা করবেন আর সংবিধানে যে এডাল্ট ফ্রানচাইজের বেসিস আছে সেটাকে সম্পূর্ণভাবে মেনে নিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে চিরকাল শাসনকার্য চালাবেন, আপনি কি আইনের অনুশাসনের মাধ্যমে সরকার চালাতে রাজী আছেন, আপনি কি গণতান্ত্রিক পদ্ধতি অনুযায়ী কাজ করতে প্রস্তুত আছেন, আপনি কি বলবেন এটা আপনি মেনে নিলেন আপনাদের নীতি হিসাবে, আপনি কি বলবেন আপনাদের যে নীতি, যে নীতিতে আপনি বিশ্বাস করেন এবং যে নীতি ভবিষ্যতে আপনি সর্বদা বিশ্বাস করবেন সেটা হচ্ছে গণতান্ত্রিক নীতি- একথা কি বলবেন, কখনও বলবেন না, উত্তরও দেবেন না।

[ 3-25—3-35 p. m. ]

কেন, তিনি তো মার্কসিষ্ট কমুনিষ্ট - আপনারা কমুনিষ্টের বই পড়েছেন এবং আমরাও কিছু কিছু কমুনিষ্টের বই পড়েছি। যদি পড়ে না থাকেন তাহলে একটু পড়বেন এবং পড়বার পরে এদিকে চলে আসবেন। কাজেই আপনারা একটু ভাল করে পড়বেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি পড়েন তাতে দেখবেন গণতন্ত্রের মাধ্যমে যদি সমস্যার সমাধান সুরু হয় তাহলে তাঁদের নীতি, তথ্যে যে সমস্ত কথাবার্তা বলা হয় তা তাঁদের সম্পূর্ণ বিসর্জন দিতে হবে। তার জন্য আমরা

দেখতে পাচ্ছি আজ নয় যুক্তফ্রন্ট প্রতিষ্ঠিত হবার এক মাস পর থেকে আইন শৃঙ্খলার দিক দিয়ে বিরাট বিঘ্ন বাংলাদেশের সমস্ত জায়গায় সুরু হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি আবার আমাদের মাননীয় সভ্যদের সেই পুরান এথোরার কথা, কাঁকির কথা, দুর্গাপুরের কথা, হিন্দু হোষ্টেলের কথা ভেবে দেখতে বলব। এক বছর আগে এই সব ঘটনা হয়েছিল। তারপর এক এক করে ভাবতে ভাবতে চলে আসুন নারকেলডাঙ্গার ঘটনায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে যখন বক্তৃতা দিতে সুরু করেছি তখন এই মুহূর্তে আপনি এনটালিতে চলুন, সেখানে দেখতে পাবেন কি বিরাট মারামারি হচ্ছে। সেখানে ট্রাম, বাস, মটর ইত্যাদি কিছুই চলতে পারছে না। মার্কসিষ্ট কমুনিষ্ট পার্টির একজন বন্ধু বললেন ওখানে একদল লাঠি নিয়ে এসেছে। ওঁরা তো এটাই চাইবেন। আমি ব্যক্তিগতভাবে বাংলাদেশের বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে যে সমস্ত তথ্য, টেলিগ্রাম সংগ্রহ করেছি তার থেকে কি দেখতে পাচ্ছি—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩ মাসের ভিতর জোর করে ১ হাজার ৬১টি ধান লুঠের ঘটনা ঘটেছে। বাঁকুড়া, বীরভূম, বর্ধমান, হুগলী, মেদিনীপুর, মালদহ, নদীয়া, জলপাইগুড়ী, পুরুলিয়া, পশ্চিমদিনাজপুর ও ২৪ পরগনা ইত্যাদি প্রত্যেকটি জেলা থেকে এই ৩ মাসের ভিতর হয় টেলিগ্রাম নয় চিঠির আকারে অভিযোগ আমার কাছে এসেছে এবং আমি সেগুলি মুখ্যমন্ত্রির কাছে পাঠিয়ে দিয়েছি। মুখ্যমন্ত্রি মহাশয় এখানে উপস্থিত থাকলে তিনি সেটা বলতে পারতেন যে ১ হাজার ৬১টি অভিযোগ এসেছে। তার মধ্যে সবই প্রায় জোর করে ধান কেটে লুঠ করে নিয়ে চলে গেছে। এতে খালি ধান লুঠ করা হয়নি, ধান কেটে গরুর গাড়ীতে ওঠান হয়েছে এবং নিয়ে যাবার সময় গরুরগাড়ি, গরু সমেত ধান লুঠ হয়ে গেছে। এই সমস্ত স্পেসিফিক কেস আমি জ্যোতিবাবুকে দিয়েছি, মুখ্যমন্ত্রিকেও দিয়েছি, কিন্তু কোন প্রতিকার হয়নি। ওঁরা আমাকে দেখে হাসতে পারেন কিন্তু ওঁরা চান এই জিনিস চলুক এবং চারিদিকে অরাজকতা, হাহাকার বেড়ে যাক। আমরা বরাবর এর বিরোধিতা করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৫শে জানুয়ারী তারিখে যুক্তফ্রণ্টের সভা হল এবং তাতে ঠিক হল যে আমরা আর নিজেদের ভিতর মারামারি করবো না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৫ তারিখ থেকে ৩১শে জানুয়ারী পর্যন্ত এই ৭ দিনের ভিতর আমরা দেখতে পাচ্ছি সবশুদ্ধ ২৬টি জায়গায় মারামারি হয়েছে যেখানে একটি দল সব সময় রয়েছে তা হচ্ছে সি. পি. এম.। ২৫ তারিখে সি. পি. আই., সি. পি. এম. ক্লাশ হল ইন ফ্রণ্ট অব সি. পি. আই. অফিস। ২৬ তারিখে কলকাতার নারকেলডাঙ্গায় সি. পি. এম., ফরোয়াড ব্লকের মধ্যে মারামারি হয়েছে। ২৭ তারিখে ট্যাংরায় হয়েছে। ২৮ তারিখে আবার সি. পি. এম., ফরোয়ার্ড ব্লকের মধ্যে নারকেল ডাঙ্গায় মারামারি হয়েছে। তারপর ২৯ তারিখে কুমারটুলিতে এস. ইউ. সি, সি. পি. এম. ক্ল্যাশ হল, ৩০ তারিখে সি. পি. এম, জনসংঘ ক্ল্যাশ হল ক্যালকাটা করপোরেশনে, ৩১ তারিখে সি. পি. এম, এস. ইউ. সি. মারামারি হল ট্যাংরায়, ১ তারিখে সি. পি. এম., ফরোয়ার্ড ব্লকের মধ্যে মারামারি হয়েছে ট্যাংরায় এবং আজকে সি. পি. এম, এস. ইউ. সির মধ্যে এণ্টালিতে মারামারি হচ্ছে। এই নিয়ে ৭/৮ দিনের মধ্যে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সবশুদ্ধ ২৬টি মারামারি হয়েছে কলকাতা, ২৪-পরগণা, কুচবিহার, দার্জিলিং, বর্ধমান, জলপাইগুড়ি, বীরভূম, মেদিনীপুর, পশ্চিমদিনাজপুর এবং মালদহ ইত্যাদি জেলায়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কি এই প্রশ্ন করতে পারি, বাংলাদেশের মানুষ কি এই প্রশ্ন করতে পারে যে যখনই মারামারি হচ্ছে দেখা যাচ্ছে একটি দল সি. পি. এম. বরাবরই আছে, অন্য দলগুলি বদলে যাচ্ছে। কখনও ফরোয়ার্ড ব্লক, কখনও সি. পি. আই. কখনও কংগ্রেস এবং কখনও বা জনসংঘ। কিন্তু একটা কনস্ট্যাণ্ট ফ্যাক্টর সব সময় আছে এবং সেটা হচ্ছে সি. পি. আই (এম)। কেন বা কিসের জন্য এটা হচ্ছে এ প্রশ্ন আমি করতে পারি কি? স্যার, কারণটা খুব সোজা। শুধু সরকারের প্রকৃত ক্ষমতাই তারা কুক্ষিগত করছে তা নয় বাংলাদেশের প্রত্যেক স্তরে তারা দেখাতে চায় যে তারা ছাড়া আর কোন দল থাকতে পারে না, ভবিষ্যতে থাকবে না। যাঁরা ট্রেড ইউনিয়ান করেন তাঁরা হয়ত হাউসে ওপনলি তা স্বীকার করবেন না কিন্তু আমার সংগে যখন কথা বলেন সকলেই চুপিচুপি

স্বীকার করেন এবং আমার মনে হয় আপনার সঙ্গে যখন কথা বলেন তখনও তাঁরা তা স্বীকার করেন। তা ছাড়া হাইকোর্টে আমরা বিভিন্ন মামলার ক্ষেত্রেও দেখেছি যে প্রত্যেক ট্রেড ইউনিয়ানে এই মার্কসিষ্ট কম্যুনিষ্টরা ঢুকেছে এবং সেখানে গিয়ে গণ্ডগোল করছে। স্যার, আপনি এমন একটা শিল্পপ্রতিষ্ঠান নিন যেখানে সি. পি. এম. ইউনিয়ান ছাড়া আর কোন ইউনিয়ান নেই সেখানে দেখবেন কোন গণ্ডগোল নেই। কিন্তু যেখানে অন্য দল সংখ্যাগরিষ্ঠতা লাভ করে ট্রেড ইউনিয়ান সংস্থা চালাচ্ছে সেখানে সি. পি. এম. গিয়ে মারামারি আরম্ভ করছে। যেমন যদি আর. এস. পি., ফরোয়ার্ড ব্লক, সি. পি. আই., আই. এন. টি. ইউ. সি বা যদি এস. ইউ. সি'র ইউনিয়ান থাকে সেখানে গিয়ে মারামারি করছে। এর ফলে ভারতবর্ষের রাজনৈতিক মানচিত্রে শ্রমিক শ্রেণীকে দুভাগ করে দেওয়া হচ্ছে। এ. আই. টি. ইউ. সি.-তে দেখতে পাচ্ছি, তারা চান যে তারা যতগুলি ইউনিয়ান জোর করে বা বে-আইনীভাবে তৈরী করেছে তাদের সবাইকে রিপ্রেজেনটেশান দিতে হবে এ. আই. ইউ. সিতে, তা না হলে এ. আই. টি. ইউ. সি. তারা ভেঙ্গে দেবেন। তারা শ্রমিক শ্রেণীর মধ্যে বিভেদ করতে প্রস্তুত কেবলমাত্র একটা উদ্দেশ্যে সেটা হচ্ছে বাংলাদেশে সি. পি. এম. ছাড়া আর কেউ থাকবে না। আপনারা একসঙ্গে থাকুন, যুক্তফ্রন্ট থাকুন, আইন মেনে চলুক আমরা চাই কিন্তু আপনারা দেখবেন ভবিষ্যতে এই সি. পি. এম. কি দানবের আকার নিয়ে আপনাদের সম্মুখীন হয়। স্যার, ধান লুঠের কথা আমি আগেই বলেছি, তা ছাড়া কাটাকাটি, মারামারি ল-লেসনেস, আরসন বাড়ী-ঘরদোর পুড়িয়ে দেওয়া ইত্যাদির অভিযোগ গত তিন মাসের মধ্যে ১ হাজার ৪২টি আমার কাছে এসেছে চিঠিতে এবং টেলিগ্রামে। তার অনেকগুলি আমি মাননীয় মুখ্যমন্ত্রিকে দিয়েছি এবং কয়েকটি জ্যোতিবাবুকে পাঠিয়েছি, কিন্তু কোন প্রতিকার হয়নি। আজকে এই যে মার্কসিষ্ট কম্যুনিষ্টরা বাংলাদেশে দুর্দান্ত প্রতাপে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছে তার কারণ হল পুলিশের সাহায্য মার্কসিষ্ট কম্যুনিষ্ট বন্ধুরা ছাড়া আর কেউ পাচ্ছেন না এটা অত্যন্ত দুঃখ এবং লজ্জার কথা। আজকে পুলিশ এ্যাডমিনিষ্ট্রেশান মার্কসিষ্ট কম্যুনিষ্ট মন্ত্রীর হাতে থাকার জন্য সেইভাবে পুলিশ এ্যাডমিনিষ্ট্রেশানকে চালান হচ্ছে। স্যার, এরকমের হাজার হাজার অভিযোগ আমার কাছে এসেছে, আমি মনে করি স্যার, আপনার কাছেও এসেছে। আমি বিশ্বাস করবো না যদি বলেন এ অভিযোগ আসেনি। এ অভিযোগ বাংলাদেশের প্রত্যেকটি সভ্য মানুষের কাছেই এসেছে যে পুলিশকে ডেকে পাওয়া যায় না। তারা যদি দেখে যে মারামারির মধ্যে একটা দল সি. পি. এম. তখন তারা বলে যে ওখানে যাব না, ওখানে গেলে বিপদ। জ্যোতিবাবু যদি বলেন তাহলেই যাব, তা না হলে যাব না, এ তো প্রত্যহ শুনছি। তাহলে কি আমাকে বিশ্বাস করতে হবে যে সারা বাংলাদেশের মানুষ মিথ্যা কথা বলছে আর সি. পি. এম-ই সত্য কথা বলছে। স্যার, ওঁদের কিছু বলতে গেলে ওঁরা বলেন যে আপনাদের দালালরা এসে এইসব বলছে। আমি যখন মেদিনীপুরে গিয়েছিলাম তখন দেখি '৩৫ ডেসিমেল জমি যার সে ভূমিহীন ছিল, গভর্ণমেণ্ট ভেষ্টেড ল্যাণ্ড তাকে এ্যালট করা হয়েছে, ঐ বুধন টুডু মহাশয়ের এলাকাতে, তার জমি লুঠ হয়ে গিয়েছে। এইভাবে এক বা আধ বিঘা জমির মালিকদের ধানও লুঠ হয়ে গিয়াছে। এই কি শ্রেণী সংগ্রাম? মাননীয় সভাপাল মহাশয়, মার্কসিষ্ট বন্ধুরা হয়ত বলবেন যে আমরা এসব পড়ি না, কিন্তু আমি তাঁদের একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে, এ্যাঞ্জেলস তিন রকমের শ্রেণীসংগ্রামের কথা বলেছেন। আদর্শগত শ্রেণীসংগ্রাম, রাজনৈতিক শ্রেণীসংগ্রাম, অর্থনৈতিক শ্রেণীসংগ্রাম। এই যে '৫০ বা '৭৫ ডেসিমেল জমির ধান লুঠ করে নিয়ে গেল মার্কসিষ্ট কম্যুনিষ্ট বন্ধুরা সেটা কোন শ্রেণীসংগ্রাম, আদর্শগত, রাজনৈতিক না অর্থনৈতিক?

[ 3-35—3-45 p. m. ]

মেদিনীপুরে সেদিন ময়নাগড় থানায় যে ঘটনা ঘটেছে, দরিদ্র কৃষকের রমণীর উপর যে পাশবিক অত্যাচার হয়েছে আমি ধন্যবাদ দিচ্ছি ঘোষ মহাশয়কে, তিনি এখানে আছেন কিনা জানিনা। আমার কয়েকজন কর্মী মেদিনীপুর থেকে আমার সঙ্গে দেখা করতে আসছিলেন, তারা বললেন যে,

কামাখ্যাবাবুও ঐ একই ট্রেনে তাদের সঙ্গে এসেছেন। তারা আরো বললেন যে, কামাখ্যাবাবু তাকে নিশ্চয়ই কলকাতা নিয়ে যাচ্ছেন। তিনি যে সাহস করে নিয়ে এসেছেন জোর করে সংবাদপত্রের মাধ্যমে একথা পরিষ্কার করে জানিয়ে দিয়েছেন যে, কিভাবে একটা দরিদ্র কৃষক রমণী লাঞ্ছিত হয়েছে ঐ মার্কসিষ্ট গুণ্ডা কর্মীদের হাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিন তিনবার তাকে রেপ করা হয়েছে। দরিদ্র কৃষক রমণী, সেই দরিদ্র কৃষকের স্ত্রী—এ যদি আপনার বা আমার স্ত্রী হ'ত পারতাম চুপ করে বসে থাকতে? এ যদি জ্যোতিবাবুর বা হরেকৃষ্ণবাবুর স্ত্রী হ'ত পারতেন চুপ করে বসে থাকতে? সেই গরীব কৃষক রমণীকে নিয়ে এসে যখন দেখান হল, যখন বলা হল, তখন প্রথমে হোম মিনিষ্টার থেকে বলা হল যে, মিথ্যা কথা, স্বীকার করিনা, কিন্তু তারপর স্বীকার করতে হয়েছে। সুতরাং এই সরকারকে কি অসভ্য সরকার বলা অন্যায়? এই সরকারকে বর্বর সরকার বলা অন্যায়? আজকে এখানে অক্ষয় বর্মা মহাশয়, তিনি কুচবিহারের মেম্বার, বসে আছেন। স্যার, একটা প্রাপ্তবয়স্কা নারীকে উলঙ্গ করে ফেলে দিয়ে চলে গেছে। জিজ্ঞাসা করি এই সমস্ত কি ভদ্রলোকের কাজ? তারা আবার বলেন যে আমরা জনগণের প্রতিনিধি। এটা কোন ক্ষুধা মেটাতে গিয়েছিলেন আপনারা? এটা কি জমির ক্ষুধা? না, এটা যৌনক্ষুধা ছাড়া আর কোন ক্ষুধা মেটাতে যাননি। এই রকম কাজ তারা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা যৌনক্ষুধা ছাড়া আর কোন ক্ষুধা নয়। এই মার্কসিষ্ট কর্মীরা এই রকম পাশবিক অত্যাচার করেছেন বাংলা দেশের মেয়েদের উপর। এটা শুধু একটা ঘটনা নয়, এই রকম বহু ঘটনা আছে। কালনাতে এক পুত্রবধুর কোর্টের আদেশমত আইনগত অধিকার হল যে ধান কাটা হচ্ছে, সেই সমস্তই সে পাবে। আমার কাছে নথিপত্র আছে, কাগজে কে কি বলেছে তাও আছে। সেই পুত্রবধু চাইলেন তার প্রাপ্য ধান সেটা কোর্টের নির্দেশ মত তিনিই পাবেন। তারপর কি দেখা গেল আমাদের মাননীয় বন্ধুদের সহকর্মী সেখানকার, তারা গিয়ে কি করলেন, না, তাকে ধরে নিয়ে গিয়ে জুতোর মালা গলায় দিয়ে রাস্তা দিয়ে নিয়ে গেলেন বিচারের নাম করে। বিচার করবেন তারা পিপলস্ কোর্ট বসিয়ে; বিচার করে সেই সধবা রমণীর চুল কেটে তাকে নেড়া করে ছেড়ে দিলেন। আপনারা এসব সহ্য করবেন? এই রকম জিনিষ বাংলাদেশে হচ্ছে, আর যারা এসব কাজ করছে তাদের পুলিশ ধরতে পারছে না, গ্রেপ্তার করতে পারছে না। মাননীয় মুখ্যমন্ত্রি যখন এই অভিযোগ করেছিলেন, তাঁর এই অভিযোগ করার পরে ভূমিরাজস্ব মন্ত্রি হরেকৃষ্ণ কোঙার মহাশয় বলেছিলেন যে অজয়বাবু যে কথা বলেছেন সেটা সম্পূর্ণ অসত্য। তারপর যখন তদন্ত হল, ডিসট্রিক্ট ম্যাজিষ্ট্রেট রিপোর্ট পাঠালেন তাতে দেখা গেল যে মুখ্যমন্ত্রি যা বলেছিলেন তা বর্ণে বর্ণে সত্য। এখন কে নেবে এই দায়ীত্ব? কে নেবে এই ধর্ষিত রমণীর দায়ীত্ব? এদের পুত্রকন্যার উপর যে চিরকালের জন্য কালিমার ছাপ দেওয়া হল এই দায়ীত্ব আপনাদের মধ্যে থেকে কে নেবেন? জিজ্ঞাসা করতে পারি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজনীতি করা খুব ভাল জিনিষ, আমাকে যা খুসী বলতে পারেন। আমিতো অনেক গালাগালি শুনেছি। আমাকে ভূত বলেছেন, আমাকে ব্রিফলেস ব্যারিষ্টার বলেছেন, আজকে কাণ্ডজ্ঞানহীন বলেছেন এবং আরো অনেক কিছু বলা হয়েছে। আমি সব মেনে নিয়ে এই ধর্ষিত বাঙ্গালী রমণীর তরফ থেকে এই প্রশ্ন করছি যে তার দায়ীত্ব তার ভবিষ্যতের দায়িত্ব কে নেবেন?

তাদের পুত্র কন্যার ভবিষ্যতের দায়িত্ব কে নেবে? এই যে কালিমা লেপন করা হোল সে দায়িত্ব কে নেবে?—একটা ষ্টেটমেণ্ট কি হয়েছে পুলিশমন্ত্রির কাছ থেকে—কোন কনডেমনেশন হয়েছে—কিছু কি হয়েছে? আজকে প্রত্যেক জায়গায় মাননীয় অধ্যক্ষ মহাশয় এই অত্যাচার হচ্ছে। এটা খুব গুরুত্বপূর্ণ অভিযোগ—কিন্তু তার উত্তর পাই—ওতো জোতদার, ওতো দালাল—এই হচ্ছে অবস্থা খোঁজ করে দেখুন। আজকে দু বিঘা, এক বিঘা এমন কি ৭৫ ডেসিম্যালের জমির মালিকের উপরও এই অত্যাচার হয়েছে। ধরুন সে জোতদার, সে—কিন্তু সে কি আইনের মাধ্যমে নিজের অধিকারকে রক্ষা করতে পারে না। এইটাই কি আইন হয়ে গেছে যে যাদের ২০।৩০।৪০ বিঘা

জমি আছে তারা সরকারী প্রটেকসন পাবে না—তারা যথেচ্ছভাবে অত্যাচার করে যাবে। কিন্তু অন্য কোন দল এই করতে গেলে সেখানে পুলিশ গিয়ে হাজীর হবে। কেবল মার্কসিষ্ট কমিউনিষ্ট যথেচ্ছ করতে পারবে—তারা গণ আদালত করবে—তারা ল-লেসকে আইনে দাঁড় করাবে। এই সব ব্যবস্থা সেখানে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেত্তিয়া গ্রামে যখন অত্যাচার হয়েছিল তখন গান্ধীজী সেখানে গিয়েছিলেন এবং গিয়ে দেখেন একটিও পুরুষ সেখানে নাই—তারা সব গ্রাম ছেড়ে চলে গিয়েছিল নারী এবং ছেলেপুলেদের ছেড়ে। তার পর তারা যখন ফিরে এলো তখন গান্ধীজী তাদের জিজ্ঞাসা করলো তোমরা চলে গিয়েছিলে কেন? তারা বললো আমরা অহিংস, মারামারি করতে হবে তাই চলে গিয়েছিলাম। তখন গান্ধীজী বলেছিলেন অহিংস মানে এই নয়,—তোমাদের কি সাহস নেই? তাই আমাদের সেই রকম করতে হবে। জ্যোতিবাবু কোন প্রটেকসন দেবে না তখন আমাদের উল্টো খাপ খুলতে হবে নিজেদের প্রটেকসন করবার জন্য। এই অবস্থা হয়েছে বাংলাদেশে, এটা সিরিয়াসলি চিন্তা করতে হবে—এবং আপনাদের হাতে যখন ক্ষমতা তখন আপনাদেরকেই সিরিয়াসলি চিন্তা করতে হবে। এই যে অরাজকতা এটা আজকে কোন পথে দাঁড়িয়েছে—? আজকে জনতার আদালত—গণ আদালত বসানো হয়েছে এই ২৪ পরগণায়। সেখানে একটি লোককে নোটিশ দেওয়া হয়েছে যে তোমার জমিতে অমুক তারিখে লাল পতাকা বসানো হয়েছে। তুমি অমুক দিন অমুক মিটিংয়ে এসে কারণ দর্শাও কেন তোমার জমিতে লাল পতাকা বসানো হবে না। আমি এই নোটিশ ও সংবাদ ডি. আই. জি. মিঃ ধরকে জানাই—মনে হয় এবং আমার কোন সন্দেহ নাই যে কোন ব্যবস্থাই হয় নি। এইটাই কি আইন হয়ে গেছে যে বাংলাদেশে কোর্ট বলতে মার্কসিষ্ট কমিউনিষ্ট যে গণ কোর্ট বসিয়েছে? এটা কি তাদেরই রাজত্ব—তাদেরই আইন যে তারা পিপলস কোর্ট বসিয়েছেন? হরেকৃষ্ণবাবু হাসছেন—তা তো হাসবেনই কারণ তাঁদেরই তো কীর্তি। কিন্তু আমাদের কাছে এটা হাসির কথা নয়, কোন জাতীয়তাবাদী মানুষের কাছে হাসির কথা নয়। আমরা ভারতবর্ষের ভবিষ্যৎ বিশ্বাস করি—আমাদের কাছে এটা সর্বনাশ। আর একটি ঘটনা ২৪-পরগণায় এক জায়গায় ধান কাটা হয়েছে মার্কসিষ্ট কমিউনিষ্টএর গোলায় আনা হয়েছে। তারপর সেই লোককে নোটিশ দেওয়া হয়েছে যে তুমি অমুক তারিখে অমুক কমিটির সম্মুখে উপস্থিত হও—এই ধানের কত অংশ তোমাকে দেওয়া হবে তা ঠিক হবে। এই দুটি অরিজিন্যাল নোটিশ ডি. আই. জি. ডি. বি. ধর তাঁর কাছে পাঠিয়েছিলাম যে অনুসন্ধান করে দেখুন কি ব্যাপার—আজকে হাইকোর্ট আর একটা হয়েছে তার চীফ জাষ্টিস হচ্ছে শ্রীপ্রমোদ দাসগুপ্ত, আর তার রেজিষ্ট্রা'র হচ্ছে হরেকৃষ্ণ কোঙার মহাশয়।

[ 3-45—3-55 p. m. ]

এই হচ্ছে কি আজকে বাংলাদেশের অবস্থা? এটা আমাদের জানা দরকার এবং ভবিষ্যতে আমাদের বিচার করতে হবে কোন কোর্টের কাছে আমরা যাব। এদের কোর্টে গেলে আর একটা অসুবিধা। হাইকোর্টে গেলে ফি লাগে, অন্যান্য কোর্টেও ফি আছে, এদের কোর্টেও ফি আছে, মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টিকে ফি দিতে হয় তারপরে বিচার হবে। সেই টাকা কোথায় যাবে? আমি স্যার, আপনাকে বলছি, এটা কংগ্রেস থেকে বলছি বলেই ভাববেননা যে বাজে কথা বলছি। আমি অধ্যক্ষ মহোদয়, করজোড়ে অপেনাকে অনুরোধ করব যে আপনি নিজের নাম প্রকাশ না করে বাংলাদেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত ঘুরে এসে দেখুন আমার এই অভিযোগ সত্য কিনা। যদি আমার এই অভিযোগ সত্য না হয় তাহলে আমি আপনার কাছে ক্ষমা চাইব। আপনি নিজের আত্মীয় স্বজনকে জিজ্ঞাসা করবেন, বন্ধু-বান্ধবকে জিজ্ঞাসা করবেন কি হচ্ছে বাংলাদেশে। বাংলাদেশে যে দুরবস্থার সম্মুখীন হয়েছে তা থেকে বাঁচবার পথ অনেক ভেবেও পাচ্ছেনা। এটা কেবলমাত্র আমার কথা নয়, যুক্তফ্রন্টের ভিতরে এবং বাইরে সকলেই আজকে ভাবছেন—কোন্ পথে চলেছি, কোথায় গিয়ে হাজির হয়েছি। আমার কাছে ডালহৌসী স্কোয়ারের সওদাগরী অফিসের কিছু কর্মচারী এসেছিলেন। ওঁরা হয়তো বলবেন আপনি ত

কংগ্রেসে ছিলেন, না, আপনার সঙ্গে ওদের পরিচয় নাই, কিন্তু নির্বাচনের সময় এরা ওদেরই সমর্থন করেছিলেন, হাওড়া এবং হুগলীর লোক, তারা হয়ত নামু ঘোষকে কিংবা রাম চাটুয্যেকে সমর্থন করে থাকবেন, তাঁরা এসে বললেন আমরা ডেলী প্যাসেঞ্জার। আমাদের কিছু জমি আছে ৫।৭।১০ বিঘা, কিন্তু ধান লুট হয়ে গেছে। এটা কি নীতি? আমরা চার দিকেই এটা দেখতে পাচ্ছি কিন্তু এর প্রতিকার কি? (নয়েজ:—জায়গার নাম বলুন……) ওঁরা চেঁচাচ্ছেন—কোথায় হয়েছে, নাম বলুন, ভদ্রলোকের নাম বলুন। আমি এখানে নামটা বলি, আর কালকেই গিয়ে তার বাড়ী ঘেরাও করুন। নামটা তাই পাবেননা, কেননা আমরা বুঝে নিয়েছি, সহজে নামটা দিচ্ছিনা। আগে ভুলক্রমে নাম দিয়েছিলাম, তারপরে গুণ্ডা লাগিয়ে দিয়েছিলেন, তাকে ঘেরাও করেছিলেন। আমি জানি বাংলাদেশে কি হচ্ছে।

তারপর মামলা হচ্ছে, সিরিয়াস কেস্, যেটা নিয়ে মুখ্যমন্ত্রি আদেশ দিলেন, উপমুখ্যমন্ত্রীর আদেশ নাকচ করলেন। তখন উপমুখ্যমন্ত্রি বললেন এটা ঠিকই, ভুল হয়ে গেছে। ভুল? এই রকম জিনিষে ভুল? সিরিয়াস্ চার্জ, মার্ডার চার্জ, ডেকয়টি চার্জ, এই সব চার্জে ভুল হয় আর অর্ডার হয়ে যায় মামলা উড্ কর। যদি ধরে নিই ভুল হয়েছে সিন্সিয়ার্লি, তাহলে যে অফিসার রেস্পন্সিবল্ তাকে ইমিডিয়েটলী শো-কজ্ নোটিশ দিন। পেনডিং ক্রিমিনেল কেস্ উইথড্ হয়েছে, এটা কি রকম ভুল। আমি বলি এটা ইচ্ছাকৃত ভুল। মুখ্যমন্ত্রি মহাশয় ঠিক সময়ে খবর পেয়ে আদেশ নাকচ করে দিয়েছিলেন, তাই রক্ষা। আরও ভুল কি রকম দেখুন। ১০ হাজার মানুষ খালাস পেয়েছে, জুডিশিয়াল মিনিষ্টার এখানে আছেন, হোম মিনিষ্টার অর্ডার দিয়েছেন……

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** ওটা ক্যাবিনেটের রিজোলিউশন ছিল, That was the resolution of the Cabinet.

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** মাননীয় জুডিশিয়াল মিনিষ্টারের অনুমতি না নিয়ে ওটা হয়েছিল এবং তিনি এখানে হাউসে উত্তর দিয়েছিলেন যে ওঁকে জিজ্ঞাসা করা হয়নি, খালি তাই নয়, এল আর কে জিজ্ঞাসা করা হয়নি। আলিপুরের মামলার কথা কি মনে আছে? কোর্ট বলেছিলেন উইথড্ অর্ডার চলবেনা, উইথড্ অর্ডার নাকচ করে দিয়েছেন।

নাকচ করে দিয়েছে সেই উইথড্রয়েল অর্ডার। সে বলেছে যে এই রকম উইথড্রয়্যাল অর্ডার চলবে না, ক্যানসেল করে দিয়েছে কোর্ট থেকে। এই যে উইথড্রয়্যাল হচ্ছে কে দেখতে গেছে। এখানে ১০ হাজার মানুষকে খালাস করে দেওয়া হয়েছে গোড়ায়। তখন তো কিছু বলা যেত না, কিছু বললেই সকলে মিলে স্বভাবতঃই ভাবতেন আমরা এটা অভিসন্ধিমূলকভাবে কথা বলছি। কিন্তু ১০ হাজার লোক তো খালাস পেয়েছে। তারা কারা, তাদের বিরুদ্ধে কি অভিযোগ ছিল, তাদের বিরুদ্ধে কারা কারা অভিযোগ করেছিল। তারা আজ কোথায় ঘুরে বেড়াচ্ছে। অনেক পুলিশ—দুচারজন পুলিশ আমাকে বলেছেন যে মহাশয় বড় বিপদ। হঠাৎ একজন কনভিক্‌টেড আসামী এ্যাপিল পেন্ডিং, সেটাও উইথড্র করা হয়েছে—সে হঠাৎ হাজির হয়ে আমার সামনে বলে যে আপনাকে দেখে নেবো আপনি আমাকে জেলে পাঠিয়েছিলেন—আপনাকে আমি দেখে নেবো। এই রকমভাবে যারা ছাড়া পেয়েছে তারা পুলিশের কাছে গিয়ে বলছে দেখে নেবো। এতে কি পুলিশ এ্যাডমিনিষ্ট্রেশন চলতে পারে এবং পুলিশ কি কোন কাজ করতে পারে। এই রকমভাবে চতুর্দিকে অরাজকতা চলছে। পুলিশকে কেউ যদি ঘুস দিয়ে থাকে—যদি কেউ জানেন যে পুলিশকে ঘুস দেওয়া হচ্ছে তাহলে সেই পুলিশ অফিসার-এর বিরুদ্ধে এক্ষুনি এ্যাকশন নিন এবং আমরা তা সমর্থন করবো। তার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়—এই যে অবস্থা বাংলাদেশে চলছে, অর্থাৎ এই যখন সরকার বাংলাদেশের গদিতে, এই সরকারকে বর্বর অসভ্য সরকার বলা কি অন্যায় হয়েছে? আজকে মুখ্যমন্ত্রি যদি এই কথা উইথড্র করে নেন, তাহলে তো আমরাই বলবো যে এই

সরকার বর্বর সরকার, এই সরকার অসভ্য সরকার। আর মুখ্যমন্ত্রি সম্পর্কে কতরকম কথাবার্তা হয়েছে। আমাদের ভেতরে ঝগড়াঝাঁটি হয়, কিন্তু এই রকম শব্দ কখনও ব্যবহার করা হয়নি। সি. পি. এম. এর সম্পাদক শ্রীপ্রমোদ দাসগুপ্ত, ৩রা জানুয়ারী, তিনি তীব্র শ্লেষের সংগে বলেছিলেন পোষা কুকুর। কুকুর তো জানি বড়লোকরা খাবার দিয়ে পোষে। জানতে পারি কি যে উনি কোন বড়লোকের কুকুর। আপনারা মুখ্যমন্ত্রিকে জিজ্ঞাসা করেছেন যে তিনি কোন বড়লোকের পোষা কুকুর, এই তো অবস্থা। এই অবস্থার মধ্যে বাংলাদেশের যে শাসন ব্যবস্থা সেটা বিপথে যাচ্ছে, সেটা কি সত্য নয়। জানেন, কেবল মাত্র যুক্তফ্রণ্ট আসার ৬ মাসের মধ্যে মাননীয় ইনডাস্ট্রিজ মন্ত্রি ওখানে বসে আছেন, তাঁর হয়তো আজকে ভুল হবে- বেশী ভুল হবে না—ফরেন এক্সচেঞ্জ লস হয়েছে ৬ কোটি টাকা। আর এই ফেব্রুয়ারী মাসের পর থেকে আর প্রডাকশন লস হয়েছে ৯ কোটি টাকা। একটা নূতন কোন ব্যবসায়ী প্রতিষ্ঠান বা শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশে আপনাদের রাজত্বকালে? আপনাদের রাজত্বকালে ইনডাসট্রিয়াল লাইসেন্সের জন্য দরখাস্ত হয়েছে ঠিক কথা, ইনডাস্ট্রিয়াল লাইসেন্স ডিসপোজ্‌ড হয়েছে বেশী কিন্তু সেইগুলো দরখাস্ত করা হয়েছিল আগে। আপনাদের আমলে কটা ইনডাস্ট্রিয়াল লাইসেন্সের জন্য দরখাস্ত করেছে, এটা জানাবেন কি? বাংলাদেশের ভাইবোনেদের চাকরী বাকরী কোথায় হবে, কি ভাবে হবে, একটা নূতন চাকরীর ব্যবস্থা করা হয়েছে কি? কেবল মাত্র ১॥ কোটি বেকার, আপনাদের মতে যদি হয়ে থাকে— মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন বন্ধু বললেন যে ১॥ কোটি বেকার, আমরা হয়তো ২০ বছরে কিছু করতে পারিনি কিন্তু আপনারা এই কদিনে কটা বেকার সমস্যার সমাধান করতে পেরেছেন? আপনারা বলেছিলেন যে বেকার ভাতা দেবেন, কিন্তু আজ পর্য্যন্ত কোন বেকার ভাতা একটা মানুষকেও দেওয়া হয়েছে কি? আজকে আপনারা জানেন যে ক্যাপিট্যালের ফ্লাইট এ্যাজ সাচ হচ্ছে না হয়তো কিন্তু ক্যাপিট্যালের ফর্মেশন বাংলাদেশে একদম বন্ধ হয়ে গেছে। আমি জানতে চাই মন্ত্রিমণ্ডলীর কাছ থেকে যে ক্যাপিট্যাল ফর্মেশন যেটা—ক্যাপিট্যাল ফ্লাইট এক জিনিস আর ফর্মেশন আর এক জিনিস, ক্যাপিট্যাল মানেই শুধু টাকা নয়। যারা সামান্য ব্যবসা বাণিজ্য সংক্রান্ত আইন জানেন— মাননীয় জুডিশিয়্যাল মন্ত্রি বলতে পারবেন যে ক্যাপিট্যাল মানে খালি টাকা নয়, ক্যাপিট্যাল মানে মেশিনারী, বিল্ডিং ইত্যাদির প্ল্যাণ্ট। সেই ক্যাপিট্যাল মানে মেশিনারী, বিল্ডিং ইত্যাদির প্ল্যাণ্ট। সেই ক্যাপিট্যালের ফর্মেশন বাংলাদেশে বন্ধ হয়ে গেছে। কোন নূতন ক্যাপিট্যাল ফর্ম করছে না, এর উত্তর কে দেবে?

[ 3-55—4-05 ]

একটা মানুষের বেকারত্ব আপনারা দূর করতে পারেন নি বা একটা নূতন শিল্প প্রতিষ্ঠায় সাহায্য করতে পারেননি। কে আসবে এদেশে যেখানে বর্বর অসভ্য সরকার ক্ষমতার আসনে প্রতিষ্ঠিত। বৃটিশ হাইকমিশানের অফিসে ফরেন ডিপ্লোমেটস, ব্রিটিশ ফরেন ডিপ্লোমেটস কলকাতা সহরে দুপুর বেলা নিগৃহীত হল এর চেয়ে লজ্জার কথা কি হতে পারে? আমাদের মুখে কালিমা মাখিয়ে দিয়েছেন ওঁরা। ওঁরা যে ফ্রাংকেস্টাইন তৈরী করেছেন তাকে কেউ কনট্রোল করতে পারবে না। ফ্রাংকেস্টাইন বা যে তৈরী করেছেন তারাই একদিন আপনাদের গলাটিপে মেরে ফেলবে। দুজন ফরেন ডিপ্লোম্যাট মিঃ ফনউলার ও মিঃ ফোলার যে নিগৃহীত হল এর দায়িত্ব কে নেবে সেটা কি জিজ্ঞাসা করতে পারি? কলকাতায় যে অন্যান্য ফরেন ডিপ্লোম্যাট আছেন, রাশিয়ান ডিপ্লোম্যাট, আমেরিকান ডিপ্লোমাট বা অন্যান্য ডিপ্লোম্যাট তাদের উপর যে আক্রমণ হবে না এ আশ্বাস কে দেবে? কারা এটা করলো? এরকম তো কখনও হয়নি। এটা কারা করলো সেটা জানাতে হবে। এটা যে কত বড় কলঙ্কময় বিষয় তা ঐ ৮০ জন বন্ধু বুঝতে পারবেন না। আমারা বুঝতে পাচ্ছি। এতে বাংলা দেশ তথা ভারতবর্ষের সারা বিশ্বের কাছে মাথা নত হয়ে যাচ্ছে কারণ তারা মনে করছে যে কলকাতা সহরে অসভ্য মানুষের বাস, তারা ফরেন ডিপ্লোম্যাটদের প্রোটেকশান দিতে পারেনা। তারা রাস্তায় গাড়ী করে সাধারণত এ দিবসে রাজভবনে যখন আসছিলেন তখন

তাদের গাড়ী আটক করে নিগৃহীত করা হয়, জিনিসপত্র কেড়ে নেওয়া হয়, গাড়ী থেকে পেট্রোল কেড়ে নেওয়া হয়। অথচ এ সরকারের পক্ষ থেকে একটাও স্টেটমেণ্ট এ সম্বন্ধে করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ পক্ষের মাননীয় ৮০ জন ভদ্রলোকের কাছ থেকেও কোন স্টেটমেণ্ট আসেনি যে এরূপ হওয়া উচিত নয়। স্যার, এরা বুঝেছেন যে আর পারবো না। যুক্তফ্রণ্ট ভেঙ্গে যাবেই। ভেঙ্গে গেলে কোন রকমে পালিয়ে বাঁচবো। এচেষ্টা তারা এখন থেকে করতে চাচ্ছেন। তারা তো কেন্দ্রের বিরুদ্ধে যতদূর সম্ভব বিষোদ্গার করেছেন বা করছেন যে কেন্দ্র একেবারে বাংলাদেশকে একেবারে নস্যাৎ করে দিল, কেন্দ্র কিছু দিচ্ছে না। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে কেন্দ্রের বিরুদ্ধে নিশ্চয়ই অভিযোগ আছে কিন্তু রাজ্যপালের ভাষণে এমন একটা ছবি দেওয়া হয়েছে যেন কেন্দ্র থেকে কিছুই পাচ্ছি না। স্যার, আমি তাই কতকগুলি তথ্য আপনার কাছে রাখতে চাই রেকর্ড কারেক্ট রাখার জন্য। আর্টিক্যাল ২৭৫ আনডারে যেখানে Fifth Finance Commission আমাদের ৭২ কোটি ৬২ লক্ষ টাকা যেখানে ফোর্থ ফাইনান্স কমিশন under 275 grant ছিল নিল ফিফথ ফাইনান্স কমিশন পার ক্যাপিটা প্ল্যান আউটলে বাংলাদেশে যেটা হবে তা থেকে-সেণ্ট্রাল এ্যাসিসস্ট্যান্স ১৯৬৬—১৯৬৯ পর্যন্ত ক্যাপিটাল আউটলে ৪০ টাকা করে মাথা পিছু, এই তিনটি পরিকল্পনায় এই ৪০ টাকার ভেতরে সেণ্টাল্ এ্যাসিসটেন্স ২১ টাকা। ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্যার ক্যাপিটা আউটলে রুপিস্ ৬৯ যেটা হয়েছে সেই ৬৯ টাকার ভেতর ৪৮ টাকা কেন্দ্র দেবে। তার মানে প্রায় শতকরা ৩৯ ভাগ কেন্দ্র দেবে আমাদের প্যার ক্যাপিটা আউটলের উপর। এই প্রসঙ্গে যদি তুলনা করে দেখেন তাহলে দেখবেন ৩য় পঞ্চবার্ষিকি পরিকল্পনার সময় দেখবেন কেন্দ্র আমাদের মাত্র ৫১ ভাগ দিয়েছিলেন এবার সেটা হয়েছে ৬৯ ভাগ।

এ ছাড়া ফিফথ্ ফাইনেন্স কমিশন পার ক্যাপিট এ্যানুয়াল এভারেজ অফ ডিভলুউসান আমাদের হবে ২০·৬ as against Rs. 11·3 crores during the three year period 1966-69 as against the total of 197·41 crores which was West Bengal's share of devolution recommended by the 4th Finance Commission. West Bengal would be getting the total of Rs. 369 26 crores which would mean a step up of 187 per cent. এছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্র সরকার থেকে অনেকগুলি শিল্প প্রতিষ্ঠা হয়েছে বাংলাদেশে ৩১শে মার্চ ১৯৬৮ পর্যন্ত। কেন্দ্রের শিল্পে যেটা গ্রস ভ্যালু অফ প্রপার্টি সেটা হচ্ছে ৪০৩·৩০ লক্ষ টাকা এ্যাস অন ৩১.৩.১৯৬৮। এছাড়া মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা স্পেসাল নন প্ল্যান লোন দেওয়া হচ্ছে—৩ কোটি ৭০ লক্ষ টাকা যেটা স্যাংসান করা হয়েছে পশ্চিমবাংলাকে দেবার জন্য—এর ভেতর মাইনর ইরিগেশান প্রোগ্রামে ১ লক্ষ ৭০ হাজার টাকা এবং কংসাবতী প্রজেক্টে ২ কোটি টাকা। এছাড়া কলকাতা মেটরোপলিটান রিজিঅন্ যে কথা হচ্ছে যেখানে দেওয়া হয়েছে সেণ্টাল এ্যাসিস্টেন্স তাথেকে ১০ পারসেণ্ট যেটা রিজার্ভ থাকে তা থেকে টাকা দেওয়া হবে। ফর দি ক্যালকাটা মেট্রোপলিটান....আমরা নিশ্চয়ই আরো চাই, কিন্তু যেগুলি কেন্দ্রীয় সরকার দিয়েছেন সে কথা বলবনা এটা চলতে পারে না। এরা এখান থেকে পালিয়ে গিয়ে শ্রমিকদের কাছে নানান কথা বলবেন। আমি দেশহিতৈষী কাগজ পড়ি তাতে দেখেছি ওরা বলেছেন যে জুট ইনডাষ্ট্রি, টি ইনডাষ্ট্রি, ইঞ্জিনিয়ারিং ইনডাষ্ট্রি এবং কটন টেকস টাইলে যত শ্রমিক আছে তাদের সব বলেছেন যে আমরা তোমাদের সব মাইনে বাড়িয়ে দিয়েছি—আমরা সি, পি, আই, (এম) তাহলে, যতীন চক্রবর্ত্তী মহাশয়, কালী মুখার্জী, ইন্দ্রজীৎ গুপ্ত, সব শেষ হয়ে গেল। আর বলছেন তার জন্য আমদের আজ তাড়িয়ে দেবে, কৃষকদের কাছে হরেকেষ্ট বাবু সব বুলছে আমি ঐ দেশহিতৈষি কাগজে পড়েছি যে ভারতবর্ষের স্বাধীনতার ইতিহাসে এই প্রথম কৃষকের ধান কৃষক পেল। হাঁ কেন পাবেনা? তাদের লুঠের সুবিধা করে দিয়েছেন আর তাদের কাছে গিয়ে বলছেন যে ধান তোমাদের দিয়েছি বলে আমাদের তাড়িয়ে দেবে। সি, পি, আই, Revolutionist Party. তারা ইন্দিরা গান্ধীর পার্টির সঙ্গে নাকি

চক্রান্ত করছে এবং বলা হচ্ছে অন্যান্য দলের সঙ্গে চক্রান্ত করে আমাদের তাড়িয়ে দেবে। আমরা তোমাদের সঙ্গেই থাকব হে শ্রমিক কৃষক তোমাদের সঙ্গে জোট বাঁধব ওরা আমাদের ভেঙ্গে দিচ্ছে আমাদের রাখবে না। আমি যুক্তফ্রন্ট-এর শরিক দলদের করজোড়ে অনুরোধ করবো যে আপনারা ওদের পাশাপাশে দেবেন না। আপনারা রাখুন এই মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি বাংলাদেশের কাছে আজ প্রকৃত পরিচয় কি রেখেছেন আর ৬ মাস পার হলে পর এরা রাস্তায় বেড়াতে পারবে না। এরা প্রতিশ্রুতি রাখতে পারবে না। গুণ্ডামি করে মানুষকে ভয় দেখান যায়, মানুষের প্রেম-আশীর্ব্বাদ পাওয়া যায় না। প্রেম যতদিন না পাচ্ছেন ততদিন রাজত্ব করতে পারবেন না। ইতিহাসের পাতায় এক, দুই, তিন, বছর দু এক সেকেণ্ড এর মত। আপনারা ইতিহাসের ধ্বংস স্তুপের মধ্যে চলে যাবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। এই কথা বলে আমার যে কাট মোশান আছে তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 4-05—4-15 p.m. ]

**শ্রীসাধন গুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি। তবে এই প্রসঙ্গে ভাষণ দিতে গিয়ে যে বক্তৃতা শুনলাম তাতেই আমার মনে হচ্ছে যুক্তফ্রন্ট সরকার ঠিক পথে চলছে।

( বিরোধী আসন হইতে গোলমাল। )

কংগ্রেস কতখানি সর্বনাশ করেছে, সমস্ত চিৎকারেও সে সর্বনাশ ঘোচান যাবে না। দেশের যে সর্বনাশ করেছে সেটা সকলেই স্বীকার করেছেন, তাঁরা পর্যন্ত স্বীকার করেছেন। কাজেই এখানে একথার প্রতিবাদ করে লাভ নেই। কিন্তু যারা দেশের এই সর্বনাশ করল, যারা গরীব মানুষকে সংকটের শেষ সীমায় নিয়ে ফেলেছে তাদের কাছ থেকে সরকারের বিরুদ্ধে বিশেষতঃ আমাদের পার্টির বিরুদ্ধে এতখানি উষ্মা, এতখানি তীব্র ক্রোধ দেখে আমার মনে হচ্ছে আমরা ঠিকপথে চলেছি, যুক্তফ্রন্ট সরকার ঠিকপথে চলেছে। আজকে বিরোধী পক্ষের নেতা তিনি বলেছেন যে আমরা যদি তাঁর প্রতিবাদ না করতাম তাহলে ভাবতেন তিনি ভুল করছেন। সত্যই আমরা যখন প্রতিবাদ করেছি নিশ্চয় তিনি ভুল করেন নি। যাদের স্বার্থ তিনি দেখেন তাদের স্বার্থ তিনি ঠিকই দেখেছেন এবং সেইজন্যই আমরা যা কিছু প্রতিবাদ করেছি। তবে আমাদের পার্টির লোকদের বলব প্রতিবাদ করে লাভ নেই। কারণ ওঁদের সুযোগ দেওয়া উচিত। কারণ ওঁরা জনগণের কাছে যেতে পারছেন না নির্বাচনে শোচনীয়ভাবে পরাজিত হয়েছেন, একটা মিটিং করার ক্ষমতা নেই। তাই এই হাউসে যদি না বলতে পারেন তো কোথায় বলবেন? জমিদার জোতদারদের স্বার্থ রক্ষা করবেন, তাদের হয়ে বলবেন, এটা তো জনসাধারণের কাছে বলবার নয়। কাজেই এটা হাউসের সামনে বলেছেন। এইটুকু সুযোগ যদি না দিই তাহলে কি করে লোকে বুঝবে তাদের রূপটি কি, ভুমিকাটি কি। তাদের ভূমিকা আগে যা ছিল এখনও তাই আছে, এটা কি করে জানবে। কাজেই তাদের সুযোগ আমাদের দিতে হবে। কাজেই আমি কোন প্রতিবাদ করিনি।

এখানে এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে কয়েকটি বাস্তব অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। প্রথমতঃ, সংবিধানে প্যারাডক্স বা একটি পরস্পরা বিরোধী ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সংবিধানে প্রতিটি রাজ্যের উপর ন্যস্ত হয়েছে জনকল্যাণের সমস্ত দায়ীত্ব। কিন্তু অর্থ সেখানে নেই। অর্থ রয়েছে কেন্দ্রের হাতে। এই অবস্থা চলতে পারে না এবং এই অবস্থার জন্য সংবিধানের আমূল সংশোধন দরকার। রাজ্যপাল এই ব্যাপারের প্রতি তাঁর বক্তৃতায় দৃষ্টি আকর্ষণ করেছেন। সেইজন্য বাস্তবিকই তিনি ধন্যবাদার্হ। কেন্দ্রের কাছ থেকে আমরা কি পাচ্ছি? সিদ্ধার্থবাবু অনেক ফিরিস্তি দিয়েছেন কেন্দ্র কি কি দিয়েছেন সে সম্পর্কে। সে সম্বন্ধে

আমি পরে আসছি। কিন্তু আমরা দেখছি কি? আমাদের প্রত্যেকটি সমস্যা, যেগুলি তীব্র সমস্যা সেইগুলো তাঁরা দিনের পর দিন অবহেলা করে যাচ্ছেন, বিমাতৃসুলভ মনোভাব দেখাচ্ছেন। আমাদের মাষ্টার প্ল্যান পড়ে আছে। আমাদের ইঞ্জিনিয়ারিং ইনডাষ্ট্রিতে কেন্দ্রের থেকে কোন অর্ডার নেই। তাতে আমাদের বেকারী বাড়ছে।

আমরা 4th 5-year plan-এর জন্য কেন্দ্রের কাছ থেকে যথেষ্ট সাহায্য পাচ্ছি না। কোলকাতার কথায় opposition leader বলেছেন এত না কি দেওয়া হয়েছে কোলকাতার জন্য। কিন্তু কোলকাতার উন্নয়নের ব্যাপারে কি অবস্থা? ১০০ কোটি টাকা খরচ না করলে কোলকাতার উন্নয়ন হতে পারে না। সেটা প্রথমে ৮০ কোটি টাকায় কেটে দিতে হয়েছে, তারপর এখন ৪৩ কোটি টাকায় করতে হয়েছে। কেন্দ্রের কাছ থেকে কোন সাহায্য পাওয়া যায় নি। তিনি বলেছেন যে আমরা যেমন কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ করছি, তেমনি একটা ফিরিস্তি দিয়ে দেওয়া উচিত ছিল যে কত আমরা পেয়েছি। সেটা কেন দেব? আমরা যেটা পেয়েছি সেটা আমরা আমাদের অধিকারে পেয়েছি। এটা কেন্দ্রের দায়িত্ব। আমাদের রাজ্যের হাতে যখন কোন আর্থিক সম্পত্তি নেই, তখন এটা কেন দেব না। সুতরাং প্রশ্ন কি দিয়েছে তা নয়, প্রশ্ন হচ্ছে কি দেয়নি। বাংলাদেশে বাস্তুহারা সমস্যা আছে। আজ ২০।২২ বছরের মধ্যে বাস্তুহারাদের পুনির্বাসন হতে পারেনি। এ বিষয়ে কেন্দ্রের কাছ থেকে সাহায্য চেয়ে বিফল হতে হয়েছে। অন্যান্য বহু সমস্যা আসায় কেন্দ্রের সাহায্যের অভাবের জন্য ব্যবস্থা করতে পারিনি। সুতরাং এখানে যদি একটা ফিরিস্তি দিতে হয় যে এত টাকা আমরা কেন্দ্রের কাছ থেকে পেয়েছি তাহলে বাস্তব চিত্র একেবারে distorted হোত। তাই রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাই যে কেন্দ্রের কাছ থেকে যথেষ্ট সাহায্য আমরা পাইনি। কেন্দ্রের দায়িত্ব কেন্দ্র পালন করেন নি। কিন্তু তাই বলে যে আমরা বসে থাকবো সে কথাও রাজ্যপাল বলেননি। কেন্দ্রের বিমাতৃসুলভ মনোভাব সত্ত্বেও আমরা যথাসাধ্য করার চেষ্টা করছি। আমাদের সীমাবদ্ধ আর্থিক ও সাংবিধানিক ক্ষমতার মধ্য থেকে আমরা কৃষি উৎপাদন বাড়িয়েছি এবং procurement বাড়ান হয়েছে। বাংলাদেশ একমাত্র রাজ্য যেখানে সমস্ত জনসাধারণকে কোন না কোন রকমে খাদ্য বণ্টন আওতার মধ্যে আনা হয়েছে। এ জিনিষ কোন রাজ্যে হয়নি, যা এখানে হয়েছে। প্রাথমিক শিক্ষা অবৈতনিক compulsory করার চেষ্টা করছি। ১৫০০ নূতন স্কুল এ বছরের মধ্যে বসাবার পরিকল্পনা হয়েছে। এইভাবে অনেক রকমের চেষ্টা আমরা করে যাচ্ছি কেন্দ্রের অসহযোগিতা সত্ত্বেও এবং তার সঙ্গে সঙ্গে আর্থিক অপ্রতুলতাও আছে। আর একটা জিনিষ যেটা রাজ্যপালের ভাষণে আছে সেটা হচ্ছে যে প্রত্যেক সমস্যা সমাধানের ব্যাপারে যুক্তফ্রন্ট সরকার জনসাধারণের স্বার্থকে অগ্রগণ্য করেছে। এ জিনিষ আগে ছিল না, সেটা এখন আমরা পাচ্ছি। Agricultural production বাড়াতে গিয়ে কংগ্রেস সরকারের তরফ থেকে কোন কোন সময় চেষ্টা করা হয়েছিল। কিন্তু চেষ্টা কি করা হয়েছিল না agricultural loan, সার, সেচ ইত্যাদি যত সুযোগ সুবিধা তা সমস্ত বড় বড় জোতদার জমিদাররাই পেয়েছে। আমরা কি করেছি? আমরা রাজ্যপালের ভাষণ থেকে দেখাবো যে আমাদের কৃষকরা, যাতে গরীব কৃষক, যাতে বর্গাদাররাও পায় সেই ব্যবস্থা করেছি। মৎস্য উৎপাদন বাড়াতে গিয়ে আমরা দেখেছি কি করে জেলেদের অবস্থা ভাল করা যায়। শিক্ষার বিকাশ করতে গিয়ে আমরা ব্যবস্থা করেছি যাতে শিক্ষক এবং অন্যান্য স্কুল কলেজের যারা কর্মচারী তারা যাতে পেনশন পায়। সরকারী কর্মচারীদের ফ্যামিলি পেনশন যাতে বাড়ে সেকথা চিন্তা করছি।

[ 4-15—4-25 p.m. ]

বস্তির যে ট্যাক্স, এই ব্যাপারে যুক্তফ্রন্ট সরকার আর কংগ্রেস সরকারের দৃষ্টিভংগীর যদি আমরা তুলনা করি তাহলেই যুক্তফ্রন্ট সরকারের যথার্থ চরিত্র দেখতে পাবো। কংগ্রেস সরকার

বস্তির ট্যাক্স শতকরা ২৩'৫০ টাকা করে দিলো। ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকার এসে সেটা ১৮ টাকা করে দিলো। যখন যুক্তফ্রণ্ট সরকারকে উৎখাত করা হল তখন আবার সেটা ২৩৫০ টাকা করে দেওয়া হল, আবার যুক্তফ্রণ্ট সরকার এসে শতকরা ১৮ টাকা করে দিলো। এইভাবে যদিও আমরা কেন্দ্রের কাছ থেকে সহযোগিতা পাচ্ছি না কিন্তু তবুও আমরা প্রাণপণ চেষ্টা করে যাচ্ছি, জনসাধারণের যাতে উপকার হয় সেদিকে আমরা প্রখর দৃষ্টি রাখছি।

রাজ্যপালের ভাষণের উপর যে সমালোচনা হয়েছে, তার বিরুদ্ধে যে সমালোচনা উঠেছে তার কয়েকটা দিক আছে। একটা দিক হচ্ছে যে সমালোচনা সব সময়েই হয়, সামান্য ব্যাপার নিয়ে, যে একথা বলা নেই, একথা বলা হয়নি, এইভাবে এ্যামেণ্ডমেণ্ট আসে যে, অমুক জায়গায় এটা হয়নি—এইভাবে কয়েকটি এ্যামেণ্ডমেণ্ট আসে। এখন অনেক সমস্যা আছে, সব সমস্যা নিয়ে বলতে পারলে ভাল হয় কিন্তু একথা শতসিদ্ধ যে সমস্ত সমস্যা নিয়ে যদি রাজ্যপাল বলতে চান তাহলে রাজ্যপালের ভাষণটুকুই হবে আর তার সমালোচনার সময় থাকবে না। কাজেই এটা বড় সমালোচনা নয়। এখানে একটা বড় সমালোচনা হয়েছে যেটা অবাস্তব। অর্থাৎ বেকারীর ব্যাপারে একটা প্রকল্প করা হয়নি যাতে বেকারদের চাকরি দেওয়া যেতে পারে। কিন্তু আমি জিজ্ঞাসা করবো যে সত্যই কি তাঁরা বিশ্বাস করেন যে এই সমাজ ব্যবস্থার মধ্যে দিয়ে বেকারত্ব ঘুচাবার কোন প্রকল্প কোন রাজ্য সরকার নিতে পারে? ওঁরা ত ২২ বছর রাজত্ব করলেন, ওঁদের রেকর্ড কি? ওঁদের রেকর্ড হচ্ছে প্রথম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার ফলে ১৫ লক্ষ বেকার হল, দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনার ফলে ৩৫ লক্ষ বেকার হল, তার পরের তৃতীয় পরিকল্পনায় ৯০ লক্ষ লোক বেকার হল এবং তারপরের পরিকল্পনায় এবং আজকে বেকারের সংখ্যা প্রায় দেড় কোটিতে দাঁড়িয়েছে। এই ওঁদের রেকর্ড এবং আজকে ওঁরাই বলেছেন যে পশ্চিমবঙ্গের যুক্তফ্রণ্ট সরকার তারা বেকারদের চাকরী দেবার জন্য কোন একটা প্রকল্প নিতে পারলো না। চমৎকার কথা। এখানে যাদের চাকরী হবে, সেই ইঞ্জিনিয়ারিং শিল্প এখন পর্যন্ত কেন্দ্র থেকে কোন অর্ডার দেয় না। কেন্দ্র থেকে বেকার ভাতার কোন সাহায্য দিতে পারেনা তবুও তাঁরা এই সমালোচনা করেন। তাঁরা যদি সমালোচনা করেন তাহলে ২০ বছর পরে করবেন এবং তখন সেটা শোভনীয় হবে, আজকে তাঁদের এই সমালোচনা মোটেই শোভনীয় নয়। এবং এটা বুঝতে হবে যে এই বেকার সমস্যা দূর করার ব্যাপারে আজকে আমাদের যে সমাজ ব্যবস্থা তাতে তা দূর হতে পারেনা। তার কারণ হচ্ছে, যে সমাজ ব্যবস্থায় শিল্পের উন্নতি, যে সমাজ ব্যবস্থায় মানুষের ক্রয় ক্ষমতা নেই, সেখানে শিল্পের উন্নতি হতে পারেনা, সেখানে কলকারখানার উন্নতি হতে পারেনা, ব্যবসা বাণিজ্যের উন্নতি হতে পারেনা। সেই অবস্থায় বেকার সমস্যা দূর করার প্রচেষ্টা বানচাল হতে বাধ্য। কাজেই বেকার সমস্যা যদি দূর করতে হয় প্রথম কথা হচ্ছে ক্রয় ক্ষমতা বাড়াতে হবে জনসাধারণের, বিশেষ করে কৃষক সমাজের, যেখানে বাংলাদেশে শতকরা ৮০ জন কৃষক। তাদের অবস্থা যদি সামান্য ভাল হয় তাহলে তারা যা কিনতে পারবে সেই কেনার জন্য বহু শিল্প, নতুন নতুন ব্যবসা বাণিজ্য দেশে গড়ে উঠবে, সেই ভাবে বেকার সমস্যা দূর করা যেতে পারে অন্য কোন ভাবে নয়। এই হচ্ছে বাস্তব চিত্র। আমরাও সেই ভাবে বেকার সমস্যার সমাধান করবার চেষ্টা করছি। সেজন্য আমরা যে সমস্ত পরিকল্পনা নিয়েছি, যেমন জমির সিলিং কমানোর ব্যবস্থা করছি, জমির রিডিষ্ট্রিবিউশানের জন্য চেষ্টা করছি। এরই ভিতর দিয়ে বেকার সমস্যা এবং অন্যান্য সমস্যা দূর করবার চেষ্টা করছি।

এখানে আরেকটি সমালোচনা এসেছে এ্যামেণ্ডমেণ্টের ভিতর দিয়ে যার উপরে শ্রীসিদ্ধার্থ বাবু বক্তৃতা কেন্দ্রীভূত করেছেন সেটা হচ্ছে আইন ও শৃঙ্খলার ব্যাপার। সিদ্ধার্থ বাবু এখানে খুব ভয়াবহ চিত্র এঁকেছেন। একেবারে নাকি কোন আইন শৃঙ্খলা নাই দেশের ভিতরে। মহিলাদের উপর বলাৎকার করা হচ্ছে, কোথাও ধান লুঠ হচ্ছে এবং প্রায় ১ হাজার ৬১ টি ঘটনার কথা বলেছেন, এবং প্রায় ১ হাজার ৪২ টী আগুন লাগানোর ঘটনার কথা বলেছেন।

আবার কোথাও নাকি গণ-আদালতের কথা বলেছেন, যে গণ-আদালত বসান হচ্ছে। যদিও কোন খুটিনাটি ঘটনার কথা বলেন নি, যার থেকে এর সত্যাসত্য বোঝা যাবে। আমরা জানি এগুলি একেবারে অসত্য। এর সাথে মার্কস্‌বাদী কমিনিষ্ট পার্টীর কোন সংস্রব নাই। অনেকগুলি ঘটনা যা ঘটেছে হয়ত পারিবারিক ঝগড়া থেকে হয়েছে কিম্বা অন্যান্য কারণে ঘটেছে। যেহেতু তাদের হাতে কাগজ তাই ইচ্ছ মত সাজিয়ে লিখে দিলেন একটা অভিযোগ এবং এই সমস্ত অভিযোগের জবাব দেওয়া অসম্ভব। আমি বলি এতে তাদের বিচলিত হওয়ার কি আছে। এই যদি যুক্তফ্রন্টের অবস্থা হয়, এই যদি মার্কস্‌বাদী কমিউনিষ্ট পার্টীর অবস্থা হয় যে দেড় বিঘা জমির ধান লুঠ করা হচ্ছে মহিলাদের উপর অত্যাচার করা হচ্ছে, চারিদিকে আগুন লাগান হচ্ছে তাহলে তো যুক্তফ্রন্ট শেষ হয়ে যাবে, মার্কস্‌বাদী কমিউনিষ্ট শেষ হয়ে যাবে। এমন একটা সুযোগ মার্কস্‌বাদী কমিউনিষ্টদের শেষ করার সুযোগ তাহলে তাদের এত বিচলিত হবার কি আছে? তাঁরা বলছেন আমরা নাকি জনসাধারণের কাছে যেতে পারিনা, আর ছয় মাসের মধ্যে নাকি একেবারেই যেতে পারবনা। আমি বলি ছয় মাসের তো আর দেরি নাই দেখা যাক কি হয়। এই ছয় মাসের মধ্যে অনেক সত্যাসত্য প্রমাণ হয়ে যাবে।

[ 4-25—4-35 p.m. ]

কিন্তু আমরা যতদূর জানি যুক্তফ্রন্ট গরীব মানুষের আশীর্বাদ পেয়েছে এইজন্য যে, যে গরীব মানুষ একদিন মাথা তুলে দাঁড়াতে পারত না, আজকে যুক্তফ্রন্টের কল্যাণে তারা দাঁড়াতে পেরেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এই কথা জানাতে চাই এই যে আইন শৃঙ্খলা বিপন্ন হওয়ার চিৎকার, এই চিৎকারের পিছনে সত্যতা কিছু নেই। কিছু ধনীক শ্রেণীর কাগজে সাজানো গল্প আছে, কিছু ধনীক শ্রেণীর দলের চিৎকার আছে, এ ছাড়া এর মধ্যে সত্যতা নেই। জনসাধারণের সংগে আমরা অনেকদিনই যুক্ত আছি, জনসাধারণ আমাদের জানে, আমরা জনসাধারণকে জানি। আজকে এই যে চিৎকার উঠছে আইন শৃঙ্খলা বিপন্ন বলে এই আইন শৃঙ্খলা জিনিষটা একটা আপেক্ষিক জিনিষ— আইন শৃঙ্খলা আমাদের দেশে ২০০ বছরেও ছিল না। আপনার মনে আছে হয়ত মাননীয় অধ্যক্ষ মহোদয়, বেশীদিনের কথা নয়, হয়ত ৩০।৪০ বছর আগের কথা—চাকরটাকে মনীব একটা লাথি মারলেন, সে পায়ে ধরে বলে, হুজুর মা বাপ, কোন কারখানায় মালিক শ্রমিককে লাথি মারলেন, শ্রমিক বলে হুজুর মা বাপ, জমিদার কৃষককে মারপিট করে মৃতপ্রায় করে দিয়েছে এবং তাতে কৃষক প্রতিবাদ করার সাহস পায়নি, বরং জমিদারের পা ধরে ক্ষমা চেয়েছে—এই অবস্থা খুব বেশীদিন আগে ছিলনা এবং যুক্তফ্রন্ট আসার আগেও এই অবস্থা জনসাধারণের আন্দোলনের ভেতর দিয়ে কিছুটা কেটে গেলেও কিন্তু এই অবস্থা ছিল যে জমিদার জোতদারদের বিরুদ্ধে গরীব কৃষক, ক্ষেতমজুর যদি সঙ্ঘবদ্ধভাবে গণ আন্দোলন করত, মালিকের বিরুদ্ধে শ্রমিক যদি সংঘবদ্ধভাবে গণ আন্দোলন করত যেখানে মালিকের সঙ্কট দেখা দিয়েছে সেখানে পুলিশ গিয়ে সেই আন্দোলন ঠেঙিয়ে বন্ধ করেছে। আপনার মনে আছে হিন্দ মোটরসে তারা বোনাস দিতে অস্বীকার করলেন, বিড়লা সাহেব, তাঁর ২।।০ কোটি টাকা মুনাফা হওয়া সত্বেও, সেই সময় পশ্চিমবাংলার কংগ্রেসী সরকার যাতে সিদ্ধার্থবাবু ছিলেন বা যার সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন তাঁরা বিড়লা সাহেবের বোনাস না দেয়ার বিরুদ্ধে কোন ব্যবস্থা করেননি, বরং যারা ষ্ট্রাইক করেছিল তাদের বস্তির উপর পুলিশ পাঠিয়ে হামলা করেছে। আজকে তাঁরা মহিলাদের নির্যাতনের কথা বলেছেন। এই সেদিন ১৯৬৬ সালে যখন গণ আন্দোলন উত্তাল হয়ে উঠল কংগ্রেসী কুশাসনের বিরুদ্ধে সেই সময় কত গ্রামে কত আর্মড পুলিশ গিয়ে কৃষক রমণীর উপর অত্যাচার, বলাৎকার করেছে—বাঁকুড়াতে করেছে, অন্য জায়গাতে করেছে। তার বিরুদ্ধে কোন প্রতিবাদ কংগ্রেসের কাছ থেকে আসেনি, বা সিদ্ধার্থবাবুর কাছ থেকে আসেনি বা কারো কাছ থেকে আসে নি। এর থেকে বোঝা যায় যে দরদটা কাল্পনিক ধর্ষিতা নারীর প্রতি নয়, বা আধ বিঘা জমির মালিকের প্রতি নয়—হয়ত তার অস্তিত্ব আছে কিনা সন্দেহ কিন্তু আসল দরদটা হচ্ছে যে জোতদারের

জমি দখল হয়ে যাচ্ছে, মালিকের কাছ থেকে জোর করে আদায় করে নিচ্ছে সমস্ত দাবী অথচ পুলিশ সেখানে য'চ্ছেনা সেটাই হচ্ছে আসল উষ্মার কারণ। কংগ্রেসের আমল থেকে আজ পর্যন্ত এমন কোনদিন ঘটেছে, অন্য কোন রাজ্যে ঘটেছে যে শ্রমিক লড়াই করে একটা বছরের মধ্যে অনিচ্ছুক মালিকের হাত থেকে ৫০ কোটি টাকা অতিরিক্ত আদায় করেছে? এমন কোনদিন ঘটেছে যে গরীব কৃষক জোতদারদের কাছ থেকে অন্ততঃ ৩০ কোটি টাকার ফসল ছিনিয়ে নিতে পেরেছে—এ কোন রাজ্যে ঘটেনি, কোন রাজ্যে ঘটবেনা যেখানে যুক্তফ্রণ্ট নেই, যেখানে বিপ্লবী আদর্শের যুক্তফ্রণ্ট নেই সেখানে এই জিনিষ ঘটবেনা।

কাজেই এখানে আসলে উষ্মা হচ্ছে সেইখানে—সেই উষ্মা প্রকাশ করার জন্য যে সমস্ত কাল্পনিক গল্প, যত সমস্ত কাল্পনিক অভিযোগ এবং কুৎসা প্রচারের আশ্রয় ওঁরা নিয়েছেন। ওঁরা ব'ছেন পুলিশের সাহায্য নিয়ে নাকি মার্কস্‌বাদী কমুউনিষ্ট পার্টী এই রকম করছে। তাঁরা জানেন না পুলিশের সাহায্য নিলে কি হয়? ওঁরা তো ২২ বছর পুলিশের সাহায্য নিয়ে এসেছেন। আমাদের প্রত্যেকটি রাজনৈতিক দলের নেতাদের তাঁরা পি. ডি. এ্যাক্টে আটক রেখেছিলেন, অন্যায়ভাবে আটক করে রেখেছিলেন। কাজেই পুলিশের সাহায্য নিয়ে দল বড় হয় না, একথা কেউ কোন দিন শুনে নি। কাজেই আমরা যদি বড় হতে চাই তাহলে পুলিশের সাহায্য নেব না, পুলিশের সাহায্য প্রত্যাক্ষাণ করে জনসাধারণের সাহায্য নেওয়াই বড় সাহায্য হবে এবং আমরা জনসাধারণের সাহায্যেই বড় হচ্ছি। আমার সময় ফুরিয়ে এল। কাজেই এই অবস্থায় আমি এইখানেই শেষ করছি এবং শেষ করার আগে আবার আমি রাজ্যপালের ভাষণের জন্য যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানাচ্ছি।

**শ্রী এস. এম. ফজলুর রহমান:** মাননীয় সভাপাল মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণ সম্বন্ধে কয়েকটি কথা আমি সমালোচনার সুরে বলতে চাচ্ছি। রাজ্যপালের ভাষণে মূল ৪টি বিষয় সম্বন্ধে উল্লেখ থাকা প্রয়োজন। প্রথম হল, এই যে পলিসি অব দি গভর্ণমেণ্ট অর্থাৎ সরকারের নীতি। দ্বিতীয় হল, লেজিসলেটিভ প্রোপোজাল অর্থাৎ কি কি আইন করতে যাচ্ছেন এবং সেই আইনগুলি জনসাধারণের কল্যাণের দিক দিয়ে লক্ষ্য রাখা হচ্ছে কিনা। তৃতীয় হল, ফিন্যানসিয়্যাল রেকমেণ্ডেসন অর্থাৎ আর্থিক সুপারিশ এবং চতুর্থ টি হল, এ্যাচিভমেণ্ট অব দি গভর্ণমেণ্ট ডিউরিং দি প্রিভিয়াস ইয়ার—এই চারটি বিষয় গভর্ণরের ভাষণে উল্লেখ থাকে। আমি এই চারটি বিষয়ের প্রতি লক্ষ্য রেখে মহামান্য রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন সেদিক দিয়ে কিছু সমালোচনা এখানে করতে চাই। তিনি যে ভাষণ এখানে করেছেন আমি নূতন কোন বিষয়ের অবতারণা না করে সেই ভাষণের বিভিন্ন অনুচ্ছেদে যে অক্ষমতা, অযৌক্তিকতা, হৃদয়হীনতার বিষয়ের উল্লেখ রয়েছে তারই উপর বক্তব্য রেখে আমি সর্বপ্রথমে মাননীয় সভাপাল মহাশয়, ভাষণের ৪ এবং ৫ নম্বর অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। চতুর্থ অনুচ্ছেদে কি বলা হচ্ছে—বলা হচ্ছে সারা ভারতে যে পদ্ধতি রূপ পাচ্ছে পশ্চিমবঙ্গের যুক্তফ্রণ্ট সরকার তারই একটা অংশ। ১৪টি রাজনৈতিক দলের সম্মিলিত সরকার একটি অভিনব পরীক্ষা এবং এই পরীক্ষা নিরীক্ষার মধ্য দিয়ে যুক্তফ্রণ্টের প্রশাসনিক কার্য্যক্রমের নীতিগুলি যে একটি অভিনব পরীক্ষা এটা দেখা যাচ্ছে এবং সেই যে পরীক্ষা নিরীক্ষা চলেছে তার ফলশ্রুতি কি হবে তার কোন উল্লেখ নেই। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যখন কোন নূতন জিনিস আবিষ্কার হয় মানুষের কল্যাণের জন্য তখন নূতন উদ্ভাবনী শক্তির দ্বারা একটা সিদ্ধান্তে উপনীত হয় এবং নানা রকম পরীক্ষা নিরীক্ষা হয়, যেমন ধরুন ক্যানসার। ক্যানসারের ব্যাপারে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে নূতন ভেষজ আবিষ্কার করার চেষ্টা চলেছে। কার উপর প্রথম এই পরীক্ষা নিরীক্ষা হয়—পরীক্ষা হয় গিনিপিগের উপর, পরীক্ষা হয় খরগোসের উপর, পরীক্ষা চলে ইঁদুরের উপর, পরীক্ষা চলে বানরের উপর।

[ 4-35—4-45 p.m ]

এদের জীবন নষ্ট করে, এদের ব্যাধিক্রান্ত করে যদি সুফল সিদ্ধান্তে আসে তাহলে সে পরীক্ষার সুফল মানব কল্যাণের জন্য ব্যবহৃত হয়। এখানে স্যার, আপনার বিবেচনার জন্য ছেড়ে দিচ্ছি যে যুক্তফ্রন্ট সরকারের যে শাসন পদ্ধতি, যে নীতি, কার্যক্রম তা যে পরীক্ষার মধ্যে চলেছে যাতে এখনও সিদ্ধান্তে উপনীত হতে পারেনি সেটা যাদের উপরে চলেছে? এই ইঁদুর, খরগোস, বাঁদরগুলি কারা? সে কি জনসাধারণ নয়? এই জনসাধারণের উপর পরীক্ষা নিরীক্ষা করে তারা একটা স্থির সিদ্ধান্তে উপনীত হবেন এবং এটা গিয়ে যে বাধা আছে তারা তা অতিক্রম করে চলে যাবেন। তারা যে কাজ করতে চাচ্ছেন তা ফলপ্রসূ করতে গিয়ে তাদের দিক থেকে সর্বপ্রকারে প্রচেষ্টা চলবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। কি প্রচেষ্টা চলবে বা কি ফলপ্রসু হবে তার ইঙ্গিত এই পাঁচ নং অনুচ্ছেদে উল্লেখ করেছেন—"যে অর্থনৈতিক পরিস্থিতিতে এই রাজনৈতিক পরিবর্তন ও সমন্বয়সাধনের প্রয়াস চলেছে তারও নিজস্ব অসুবিধা এবং অনিশ্চয়তা আছে"। তাহলে দেখা যাচ্ছে তারা পরীক্ষা নিরীক্ষার মধ্যে একটিমাত্র সিদ্ধান্তে উপনীত হতে পারছেন সেটা হল তারা নৈতিক নিশ্চয়তার সাথে স্বীকার করেছেন অনিশ্চয়তা। কোথায় অনিশ্চয়তা—রাজনৈতিক অর্থনৈতিক এবং সামাজিক ক্ষেত্রে অনিশ্চিয়তা। তাহলে এই অনিশ্চয়তার মধ্যে থেকে জনসাধারণ, যাদের উপর পরীক্ষা নিরীক্ষা চলেছে তারা কি বেঁচে থাকবে? না, তারা বেচে থাকতে পারে না। অনিবার্যভাবে তাদের মৃত্যুকে বরণ করে নিতে হবে। এখানেও রাজ্যপালের ভাষণের মধ্যে একটা আশ্বাসের বাণী শোনানো হচ্ছে তা হল আশা এবং আশাবাদই আমাদের লক্ষ্য হওয়া উচিত, কেন না জনগণের উপর আস্থার অভাবজনিত নৈরাশ্যবাদের কোন স্থান নেই। সোজা কথা হচ্ছে leave in hope, do not die of despair. আশায় আশায় হে জনতা, হে কোটি কোটি নাগরিক তোমরা আমাদের প্রতিনিধিত্ব করতে দিয়েছ—তোমরা আমাদের শাসন ক্ষমতায় বসিয়েছ, আমাদের পরীক্ষা-নিরীক্ষা চলছে, ফলশ্রুতি কি হবে তার নিশ্চয়তা নেই। তবে একটি মাত্র নিশ্চয়তার সাথে আমরা বলতে পারি তা হল আশায় আশায় বেঁচে থাকুন, নিরাশায় মৃত্যু বরণ করবেন না। সমাজের প্রতি এই যে হৃদয়হীনতা, সমাজ এবং মানুষের প্রতি এই যে ঔদাসিন্য সকল নাগরিকের আশা আকাঙ্খাকে চূর্ণ করে তাদের প্রতি এই যে উপেক্ষা করার উক্তি এই উক্তির প্রতিকার আজকে এই সভার সদস্য যাঁরা তাঁরাই বিচার বিবেচনা করবেন। স্যার, আপনিও বিচার করে দেখুন যে মহামান্য রাজ্যপালের ভাষণ আজকে কি অবস্থায় এসে দাঁড়িয়েছে। তিনি বেশ সুকৌশলে, রচনাশৈলীতে এবং সুন্দর সুন্দর শব্দ বিন্যাশে এই অপরাধ ও ত্রুটিবিচ্যুতিকে ছোট এবং লঘু করবার চেষ্টা করেছেন বিক্ষিপ্ত ভাবে ২।৪টি কথা বলে। স্যার, এতে আমার একটি মাত্র কথাই মনে পড়ছে যে অপরাধী—বিবাদী এবং আসামীকে কাঠগোড়ায় দাঁড় করিয়ে তার মুখ দিয়ে এই সরকারের স্বীকারোক্তি যা আছে সেই স্বীকারোক্তি জনসাধারণের কাছে প্রচ্ছন্নভাবে তাদের অপরাধ ক্ষমা করবার জন্য তাদের কাছে আত্মনিবেদন করেছেন।

এটা মনে হচ্ছে যেন তিনি ওকালতি করছেন, তাদের কথা বলছেন ওকালতি করে। কিন্তু সেই ওকালতি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। তিনি অপরাধকে লঘু করবার চেষ্টা করছেন, ত্রুটিবিচ্যুতিকে লঘু করবার চেষ্টা করেছেন, কিন্তু সেই ত্রুটিবিচ্যুতি লঘু করবার একটা কথা আমার মনে পড়ে যায়। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন ভারতীয় দণ্ডবিধি আইনের ৩০৪ ধারায় culpable homicide not amounting to murder আর ৩০২ ধারায় culpalble homicide amounting to mudrer. কাজেই ৩০৪ ধারাকে লঘু করতে গিয়ে মহামান্য রাজ্যপাল মহাশয়, ৩০৪ ধারাকে লঘু করে এই সরকারকে আসামীর কাটগড়ায় দাঁড় করিয়ে দিয়ে বিবাদীর কাঠগড়ায় দাড় করিয়ে দিয়ে ৩০২ ধারায় তিনি তার দণ্ডকে কমিয়ে এনে প্রাণদণ্ডের ব্যবস্থা করে দিলেন। আর তৃতীয়তঃ আমি আপনার কাছে এই নিবেদন করতে চাই যে ৩২দফা কর্মসূচীর যে প্রতিশ্রুতি জনসাধারণকে দিয়েছেন, জনসাধারণ তাতে প্রলুব্ধ হয়েছে এবং বিশ্বাস করেছেন যে তাদের সরকারের গরীয়সীন হবার জন্য সাহায্য করছেন, তাই আজ জনসাধারণকে দেয়

সেই প্রতিশ্রুতির কথা বলতে চাই। আর অন্যদিকে ১৪ শরিকের যুক্তফ্রন্ট সরকার আজ ১৪ দফার নাগপাশে আবদ্ধ হয়ে পড়েছেন। এই নাগপাশে আবদ্ধ হয়ে ছটফট করছেন, চিৎকার করছেন যন্ত্রণায় এবং নিজেদের মধ্যে মারামারি করছেন, কাটাকাটি করছেন, পরিত্রাণ পাবার জন্য তার উপায় খুঁজে বেড়াচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, আর নয়, আর পারি না, পারবো না। কিন্তু উপায় নেই, পরিত্রাণ নেই রক্ষা করবার জন্য আর কেউ নেই। এই যে একটা সুর, এই সুরটি, মাননীয় সভাপাল মহাশয়, is it not a dying declaration of a man who is going to die? এটা কি মুমূর্ষ নয়? যুক্তফ্রন্ট সরকারের ডাইং ডিক্লারেশান নয়? এটা ডাইং ডিক্লারেশান ছাড়া আর কিছু নয়। মাননীয় সভাপাল মহাশয়, আমি নদীয়া জেলার লোক, মহাপ্রভুর দেশের লোক, সেখানে তান্ত্রিক সাধনা বলে একটা জিনিষ আছে। তান্ত্রিক সাধনা কি? তান্ত্রিক সাধনা, হচ্ছে দুর্যোগ ভরা তিমির রাত সেখানে সূচীবিদ্ধ অন্ধকারে যারা তান্ত্রিক সাধক তারা শবের উপর বসে শ্মশানে জপমন্ত্র করে এবং মন্ত্র উল্লেখ করতে করতে সেই মৃত শব জাগ্রত এবং জাগ্রত হয়ে চিৎকার করে বলে যে সুধা দাও, অমৃত দাও। যদি তান্ত্রিক সাধক তার মুখে সুধা না দিতে পারে তখন সেই জীবন্ত শব, জাগ্রত শব সাধককে গ্রাস করে ফেলে. আজকে এদের দশাও হচ্ছে সেই রকম। আজকে জাগ্রত জনতা তারা ৩২দফা কর্মসূচীতে প্রলুব্ধ হয়ে যে আশা আকাঙ্খা পূর্ণ করতে চেয়েছিলো, আজকে কোটি কোটি মানুষ তারা চিৎকার করছে, হাহাকার করছে যে সুধা দাও, অমৃত দাও, অন্ন দাও, বস্ত্র দাও, দাও শিক্ষা, দাও শান্তি, দাও সোয়াস্তি, দাও নিরাপত্তা ইত্যাদি। আজকে যুক্তফ্রন্ট সরকারের মহামান্য রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ পাচ্ছি না যে অমৃত দিলেন কিনা? অমৃত দিতে পারেননি, দিতে পারবে না। দিতে পারবেন না বলেই আজকে এই ৩২দফার নাগপাশে আবদ্ধ হয়ে মুমূর্ষ চিৎকার করছেন। মাননীয় সভাপাল মহাশয়, আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে রাজ্যপালের ভাষণ কি উত্তাপবিহীন, কি উত্তেজনাবিহীন। আমি আর কয়েকটি অনুলিপি উল্লেখ করে আমার বক্তব্য শেষ করতে চাই। প্রথম হচ্ছে যে দেশের আইন শৃঙ্খলা সম্পর্কে বিস্তারিতভাবে বিরোধী পক্ষের মাননীয় নেতা বলে গিয়েছেন। কাজেই আমি ছোট খাটো দৃষ্টান্ত দিয়ে আর এই সভার Proceeding ভারাক্রান্ত করতে চাই না। সাধারণভাবে দু'চারটি কথা বলতে চাই। এই সরকারের স্বীকারোক্তির উপর নির্ভর করে আমি যা বলতে চাই সেটা হল ১০ দফা। ১০ দফায় যে কতকগুলি বড় ধরনের অপরাধের সংখ্যা হ্রাস পেয়েছিলো। এখানে স্মরণ রাখবেন, পেয়েছিলো "past tense", অবশ্য অন্যান্য কতকগুলি অপরাধ অব্যাহত আছে।

[4-45—4-55 p.m.]

তাহলে দেখা যায় কি হ্রাস পেয়েছিল—আর কি অব্যাহত আছে। ১৯৬৯ সালে মার্ডারের সংখ্যা ছিল ৫৭৫—এটা ডিষ্ট্রিক্টের কথা বলছি, সহরের কথা নয়, এবং অন্যান্য থেপ্ট ছিল ২৩৮৮৩। সমস্ত ডিষ্ট্রিক্টে বছরে এই ছিল সংখ্যা—এর মধ্যে অন্য চুরি, ডাকাতি, খুন এই সব ছিল না। সর্বসাকুল্যে অপরাধের সংখ্যা ৩৮ হাজার। আজকে ১৯৬৯ সালের রাজ্যপালের ভাষণে রয়েছে যে বড় সংখ্যা হ্রাস পেয়েছে—কিন্তু অন্যান্য কতকগুলি অপরাধ অব্যাহত আছে। অর্থাৎ সেখানে অপরাধ কমেনি দুর্বার গতিতে চলেছে—যেটা কমতির দিকে ছিল সেটা আর নাই এই হল রাজ্যপালের ভাষণের ১০ দফায় স্বীকারোক্তি। ১৯৬৯ সালের ইতিহাস ও পরিসংখ্যান দেখে দেখা যায় যে ১০ মাসে মার্ডারের সংখ্যা ৫৮৯। চুরি ইত্যাদি অন্যান্য অপরাধ নিয়ে ২৪৪৩০। সর্বসাকুল্যে এই ১০ মাসে ৩৪ হাজার ৫০০ শত। ১৯৬৮ সালে সারা বছরে ৩৬ হাজার আর ১৯৬৯ সালে ১০ মাসে ৩৪ হাজার ৫ শত এবং সেখানে এই যে হারভেষ্টিং সিজন- এতে চুরি খুন জখম লুটতরাজ এবং অন্যান্য নারী অত্যাচার এগুলি নেই। সরকারের লিপিবদ্ধ অভিযোগ যা আছে অর্থাৎ লিখিত অভিযোগ যা প্রতিদিন সংবাদপত্রে দেখা যায় যেখানে এমন দিন নেই এমন রাত নেই, এমন ঘণ্টা নেই যেখানে সংবাদপত্রে রক্তরেখার চিহ্ন নেই—এমন সংবাদ নেই যা অশ্রু-জলে সিক্ত, হতাশায়

ভরপুর হয়ে নেই। আর এমন সংবাদ নেই যেখানে তার প্রতিকার, তার প্রতিবিধানের কোন প্রচেষ্টা আছে। সভাপাল মহাশয়, এই হল দেশের অবস্থা। আর আমি শেষ অনুচ্ছেদটি উল্লেখ করে, যেখানে আমাদের ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রকের স্বীকারোক্তি রয়েছে, আমার বক্তব্য শেষ করছি। সেই স্বীকারোক্তি হোল কি—বর্তমানে ভূমি সংস্কার আইনগুলি ক্রটিবিচ্যুতিপূর্ণ। আমাদের সরকার সেই ক্রটিবিচ্যুতিগুলির প্রতিকারের জন্য কঠোর প্রয়াস করে চলেছে। তিনি বলেছেন সেইসব জমির মালিক যাদের জমি নির্ধারিত সীমার নীচে তাদের অধিকার অব্যাহত রেখে দেওয়া হয়েছে এবং সংঘর্ষের বিপদ এড়ানো গেছে। তার মানে হোল কি—সিলিংয়ের নীচে আমাদের বিরোধী পক্ষের নেতা যা বললেন যে এক ছটাক হতে পারে আধ ছটাক হতে পারে —অর্থাৎ সিলিংয়ের নীচে নির্দিষ্ট সীমায় যারা ছিল তাদের কোন রকম রক্ষার ব্যবস্থা হয়নি। এই হচ্ছে স্বীকারোক্তি এবং তারা এই কথা বলছেন যে ভূমি সংস্কার আইনের ক্রটিবিচ্যুতি ছিল। ক্রটি-বিচ্যুতি সত্বেও তাঁরা এই কাজ চালিয়ে গেছেন। সভাপাল মহাশয়, দেখতে পাওয়া যায়, তাঁরা সমস্যা সমাধানের জন্য তিনটি পথ অবলম্বন করে থাকেন এবং সেই পথ হচ্ছে অসংযত অসংহত। দণ্ডমুণ্ডের কর্তা রাজস্ব মন্ত্রিমহাশয়ও স্বীকার করেছেন যে আইন মানেন না, হাই কোর্টের আইন সেটা, জন-সাধারণের আইন নয়। যে তিনটি পথ বা উপায় রচনা করেছেন তার এক নম্বর হচ্ছে বিধি বহির্ভূত বিধি, দুইনম্বর হচ্ছে ক্ষমতার অপপ্রয়োগ, তিন নম্বর হচ্ছে অপ্রয়োজন্য দণ্ডবিধি। এই তিনটি পথ বা উপায় তাঁরা অবলম্বন করে থাকেন। কোন আইনসম্মত পথ না নিয়ে। সিলিং ব্যাপারে কোন তাঁরা মানেন না। যাদের এক ছটাক আধ ছটাক জমি আছে তাদের সকলের প্রতিই তাঁদের নিজস্ব আইন করে চলেছেন আর তাদের কাজের প্রতিচ্ছবি সকল জায়গায়ই ভেসে উঠেছে, সকল জায়গায়ই অরাজকতা বিরাজ করছে। অতএব দুঃখভারাক্রান্ত চিত্তে সরকারপক্ষকর্তৃক আনীত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব সমর্থন করতে পাচ্ছি না।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ এই বিধান সভায় রেখেছেন, সেই ভাষণের শেষ দিকে তিনি অত্যন্ত পরিষ্কারভাবে বলেছেন যে আমরা এক কঠিন সময়ের মধ্য দিয়ে চলেছি। বর্তমানে বাংলাদেশ যে পরিস্থিতির মধ্যে দিয়ে চলেছে তা লুকিয়ে লাভ নাই। বাংলাদেশের জনসাধারণের সঙ্গে সুর মিলিয়ে আমি অত্যন্ত ভারাক্রান্ত চিত্তে একথা রাখছি যে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতির আকাশে বিরাট ঘনঘটা ও দুর্যোগের মেঘ দেখা দিয়েছে। শুধু তাই ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বাংলাদেশের শাসনভার গ্রহণ করার জন্য যুক্তফ্রন্ট তৈয়ারী হয়েছে। আজকে যুক্তফ্রন্ট সরকাররূপ তরণীর যিনি হাল ধরেছেন, সেই মাঝির হালের পাল্লার কোন মিল নেই, তালের মিল নেই, একথা আজ পরিষ্কার হয়ে গিয়েছে। ডেপুটি স্পীকার মহাশয়, এই পটভূমিকায় দাঁড়িয়ে সরকারের দলীয় সদস্য হিসাবে রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি অত্যন্ত বেদনাহত চিত্তে। আমরা যুক্তফ্রন্ট সরকার তৈরী করার জন্য গ্রামে গ্রামে গিয়ে মানুষের কাছে একথাই বলেছিলাম, যে আমরা কংগ্রেসের চেয়ে ভাল কাজ করব, আমাদের তোমরা নির্বাচন কর, ভোট দাও। ভোট তাঁরা দিয়েছেন, বিপুলভাবেই দিয়েছেন। তাদের হাত দিয়ে যুক্তফ্রন্ট পেয়েছেন প্রদীপের আলো, সেই আলো দিয়ে বাংলাদেশের অশিক্ষার কুসংস্কারের অন্ধকার দূর করার জন্য, পতিতের বেদনা দূর করার জন্য, সমস্ত রকম অজ্ঞানের অন্ধকার দূর করার জন্য। কিন্তু একথা অস্বীকার করা যাবেনা যে সেই প্রদীপের আগুন নিয়ে এক দল আর এক দলের ঘরে আগুন লাগাতে সুরু করেছে। এই অবস্থার মধ্য দিয়ে আমরা চলেছি। আজকে বেদনাহত চিত্তে রাজ্যপালের ভাষণ সমর্থন করতে উঠে একথা বলতে বাধ্য হচ্ছি। আপনি জানেন স্যার, বাংলাদেশে বেকারের স্তূপ হয়ে গিয়েছে, অসংখ্য বেকার রয়েছে। কিছুদিন আগে আমাদের শ্রমমন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন যে বাংলাদেশে বহু বেকার রয়েছে। এই বেকারদের জন্য আমরা বেকার ভাতা দাবী করেছি। আমি জানিনা এই বেকার ভাতা দেওয়া সম্ভব হবে কিনা। পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও বেকারের কথা স্বীকার করা হয়েছে। আপনি জানেন স্যার, শিক্ষিত ডিপ্লোমা প্রাপ্ত বেকার দলে দলে রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, যুবক যুবতী চাকুরির খোঁজে

বেড়াচ্ছে। আমরা তাদের জন্য কিছুই করতে পাচ্ছিনা। আমি আজকে এই সভায় দাঁড়িয়ে প্রস্তাব করব, যুক্তফ্রন্ট সরকারের কাছে আপনার মাধ্যমে প্রস্তাব রাখব যে অশিক্ষিত যে বেকার আছে তাদের জন্য একটা উচ্চ পর্য্যায়ের তদন্ত কমিটি গঠন করা হোক। ডেপুটি স্পীকার মহাশয়, আমরা গ্রামে বাস করি, পশ্চিমবাংলায় যাতে ধান উৎপাদন বেশী হয় তার জন্য আমাদের গত এক বছর ধরে চেষ্টা করে আসছেন।

[ 4-55—5-05 p.m. ]

আমরা চাই উৎপাদন ভাল হোক, সুচারুভাবে সম্পন্ন হোক এবং সঙ্গে সঙ্গে যারা ক্ষেত মজুর তাদের ন্যায্য দাবি তারাও পাক। তাই বলে এই নয় যে একদল লোক সেখানে গিয়ে যাদের কম জমি আছে, সেখানে গিয়ে উৎপাত করবে, পীড়ন করবে। এতে করে আজকে চাষীদের যে উৎসাহ জেগেছে তা ব্যাহত হবে এবং আজকে এই জিনিস ঘটছে, এটা লুকিয়ে লাভ নেই। এই অবস্থার মধ্যে দিয়ে আমরা চলেছি। আজকে আমরা জানি যারা নেতা, যারা দেশকে নেতৃত্ব দেন, তারা উপরে থাকেন, আমরা থাকি নিচের তলায় এবং আমরা মাটির সঙ্গে জড়িত আছি। যারা নেতা তারা শুধু একালের নয়, তারা সর্বকালের এবং সর্বজনের নেতা। বর্তমানে যে দুর্গম গিরি, সেই গিরি থেকে দাঁড়িয়ে লক্ষ্য করুন যে পূর্বদিকে সূর্য্য উদয় হচ্ছে—নূতন যুগের পরিবর্তন আসছে তাকে আহ্বান করুন, তা না করে তার পরিবর্তে তারা আরম্ভ করেছেন কি? শরিকী মারামারি, কাটাকাটি, রক্তপাত ইত্যাদি। আমরা এই জন্য কি যুক্তফ্রন্ট তৈরী করেছি ঐ আদিম যুগে ফিরে যাবার জন্য? মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের নেতৃবর্গকে এবং মন্ত্রী মণ্ডলীকে এই কথা বার বার জানিয়ে দিতে চাই যে তারা চিন্তা করুন যে পল্লীগ্রামে যারা বাস করছে—তাদের মনে রাখা উচিত যে that government is the best government which governs the least. তারা আশা করে আছে, তাকিয়ে আছে ঐ নিরীহ চাষী, নিরীহ শিশু, নিরীহ নারী, ঐ অসংখ্য মানুষ, ছাত্রছাত্রী, তারা চায় আমাদের কল্যাণ হোক। তারা কেউ চায় না ঐ শিক্ষক শিক্ষিকারা চায়না যে আমরা ঘেরাও হবো এবং জোর করে লিখে দিতে হবে যে আমরা পদত্যাগ করলাম—জোর করে লিখে দিতে হবে যে আমরা এই কাজ করতে বাধ্য হলাম। আমরা ঘেরাও এর বাড়াবাড়ি পছন্দ করিনা। নিশ্চয়ই শ্রমিকের কল্যাণ হোক, অন্যায় এবং অকল্যাণের অবসান হোক, এটা আমরা চাই কিন্তু এই যে বাড়াবাড়ি এটা নোংরামি এবং এই যে একটা সন্ত্রাসের রাজত্ব দেখা দিয়েছে, এটার অবসান ঘটুক এটা আমরা চাই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যদি আমি এই কথা বলি যে ঐ মহীশুর, ঐ অন্ধ্র এবং তামিলনাড়ুতে তাদের গোটা পঞ্চবার্ষিক পরিকল্পনায় তাদের শিল্পোন্নয়ন যা ছিল তা শেষ করেছে, কিন্তু পশ্চিমবাংলায় শিল্পে এতটুকু উন্নতি হয়নি বরঞ্চ বড় বড় এবং ছোট ছোট কারখানা এখান থেকে উঠে যাচ্ছে। কাজেই আজকে বেকার সমস্যার সমাধান হবে কোথা থেকে। আজকে যদি শরিকী সংঘর্ষে লিপ্ত থাকি তাহলে আমরা কি জবাব দেবো জনসাধারণের কাছে। কংগ্রেস আমলে কি হয়েছে, তারা কি করেছে, কতখানি করতে পেরেছে, এই প্রশ্ন এখন আমাদের সামনে নয়। আমরা ভাল করতে চেয়েছিলাম, কিন্তু আমরা কি একটুও এগোতে পেরেছি? আজকে মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করবো তাঁরা যেন শরিকী সংঘর্ষের অবসান ঘটবার জন্য চেষ্টা করেন এই বাংলাদেশের মানুষের মুখের দিকে তাকিয়ে। আজকে এইভাবে জোড়াতালি দিয়ে কি ভাবে চলতে পারে? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই বিধানসভায় আটক করে তাঁকে অপমান করা হয়েছে, তাঁর জামা ছিঁড়ে দেওয়া হয়েছে। আজকে আমরা দেখছি যে পশ্চিম বাংলার জনগণের মাঝে একটা নৈরাশ্য রয়েছে, হতাশা রয়েছে, বিশৃঙ্খলা রয়েছে, এর মাঝখানে কি করে আমি বলতে পারি যে বাংলাদেশে আইন শৃঙ্খলা বজায় রয়েছে? কাজেই আমি অনুরোধ করবো মন্ত্রিমণ্ডলীকে যে যদি পারেন সংশোধন করুন, তা যদি না পারেন, তাহলে এখানে এই কথা ঘোষণা করে যেতে চাই যে what connot be mended must be ended.

এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মহম্মদ সামসুদ্দিন আহমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়ে আমি এই কথাই স্মরণ করছি যে গণতান্ত্রিক দেশে গণতান্ত্রিক উপায়ে সরকার গঠিত হয় জনসাধারণের কল্যাণার্থে। আমরা লক্ষ করেছি গত কয়েক মাসে—আমরা অপেক্ষা করেছি, জনসাধারণ অপেক্ষা করছে, কিন্তু এই সময়ের ভিতর গণতান্ত্রিক পদ্ধতিতে গঠিত সরকারের কাছ থেকে অনেক বুলি এবং অনেক সুন্দর সুন্দর কথা শুনেছি। কিন্তু মানুষ আশাবাদী, আশা করে বহু সময় কাটিয়েছে। কিন্তু কি লক্ষ্য করেছে বর্তমান ক্ষেত্রে, কেবল মাত্র আইন শৃঙ্খলার ঘটনাই নয়, শিক্ষা ক্ষেত্রে, সামাজিক ক্ষেত্রে, অর্থনৈতিক ক্ষেত্রে, বিভিন্ন ক্ষেত্রে মানুষ আজ প্রতি পদে পদে নিরাশ হয়ে পড়েছে। আমি এই প্রসঙ্গে দু'একটি কথা বলতে চাই। সেটা হচ্ছে মালদহ জেলার ঘটনা। ঐ খানের গাজল থানায় নারী ধর্ষিত হয়েছে, থানার ও. সি. যখন বিবেকের দংশনে যখন সত্য ঘটনা উদ্ঘাটন করতে গেছে তখন এই সরকারের মধ্যে সি, পি, এম, দল দলের লোকদের প্ররোচনায় সেই ও. সি-কে সেখান থেকে সরানোর ব্যবস্থা করেছিল। কিন্তু সৌভাগ্যক্রমে মুখ্যমন্ত্রী সেখানে স্বশরীরে উপস্থিত হয়েছিলেন এবং তার কাছে সমস্ত ঘটনা উদ্ঘাটিত হয়েছিল। তাঁর হস্তক্ষেপের ফলে সেই নারীধর্ষিত ঘটনার যাতে সুচারুরূপে তদন্ত হয় সেই ও, সি, সেখানে আছেন। এই কথা আমরা সকলেই জানি। আমার কালিয়াচকে লক্ষ্য করেছি যে দিন-দুপুরে পুলিসের চোখের সামনে মানুষের দ্রব্যাদি লুণ্ঠিত হচ্ছে। যারা মারাত্মক অস্ত্র নিয়ে চলছে তাদের আমি মানুষ বলি না। বর্তমানে যেদেশে আমরা বাস করি সেটা স্বাধীনদেশ, সেই দেশের মানুষ ঠিকই কিন্তু যে মানুষ মানুষকে বর্শা, বল্লম দিয়ে আঘাত করে, তাদের জিনিষপত্র ছিনিয়ে নেয় তাদের কি বলে মানুষ বলবো বুঝতে পাচ্ছি না। তারা কারা আমি জানি না তবে তাদের গলায় লাল রুমাল দেখেছি। তারা মারাত্মক অস্ত্রশস্ত্র সজ্জিত আছে। ঐ লাল রুমাল বাঁধা লোকেরা যাদের এক কালে আমরা দেখেছি দাগী আসামী হিসাবে যারা জুয়ার আড্ডাখানার লোক, এক কালের যারা ছিল নানা কুকর্মের সাকরেদ, সেই লোকদের লালরুমাল গলায় বেঁধে মারাত্মক অস্ত্র সজ্জিত হয়ে লুঠ করছে। কালিয়াচক থানায় একটা রেডিওর দোকানের মালিক যিনি তাঁর সারা জীবনের সঞ্চয় ৫০।৬০ হাজার টকা দিয়ে দোকান করেছিলেন সেই দোকান পুলিসের সামনে লুণ্ঠিত হয়েছে দুপুর বেলায় খোলা বাজারে তার মালপত্র বিক্রি হচ্ছে, কিন্তু আজও কাউকে গ্রেপ্তার করা হয় নি। সেই দোকানের সেলসম্যানকে এমনভাবে আঘাত করা হয়েছে যে সে এখনও হাসপাতালে মুমূর্ষু অবস্থায় আছে। সমাজের যারা ভাল মানুষ তারা গুণ্ডাদের জন্য মুখ খুলতে পাচ্ছে না। আমার নিজের কনষ্টিটিউয়েন্সির কথা বলছি সেখানে দেখেছি গণ-আদালত বসিয়ে সেখানে লোককে হাজির করে বলা হচ্ছে যে অতীতে তোমরা এই করেছো সেজন্য কান ধরে উঠ এবং বস। ভবিষ্যতে আর এমন করবে না। আমি দেখেছি তাদের কাছ থেকে জরিমানা আদায় করা হচ্ছে কিন্তু সেটা কোন্ খাতে যাচ্ছে জানি না। তারপর আরো লক্ষ্য করছি যে ছোট ছোট কৃষক ও কর্মচারী যারা ২/৫ বিঘা জমির মালিক তারা হয়ত চাষ আবাদ করেছিল, কিন্তু তারা যখন জমির ধান নিতে গেল তখন

[5-05—5-15 p.m.]

দেখলো সব ধান ঐ লাল রুমাল বাঁধা লোকেরা নিয়ে গেছে এবং কৃষকের ন্যায্য পাওনা তা সে পায় নি। এই ঘটনা আমার এলাকায় নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। এ সম্বন্ধে বারবার কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি, স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে চিঠি ও টেলিগ্রাম পাঠিয়েছি এই ব্যাপারে, সদুত্তর পাই নি বা আশ্বাস দেওয়া হয় নি। এছাড়া আমাদের মানিকচক্ থানা থেকে সেদিন একটা টেলিগ্রাম পেয়েছিলাম যে সেখানে জোর করে গাছ কেটে নেওয়া হচ্ছে। সেখানে ঘর বাড়ী ঘেরাও করে বসে আছে। একজন হয়ত ব্যবসায়ী তাকে জোর করে বের করে এনে বলা হচ্ছে যে এই অপরাধ করেছো, হাজার টাকা জরিমানা করা হল অমুক জায়গায় টাকা পৌঁছে দেবে। সাধারণ লোক এদের ভয়ে ভীত হয়ে আছে। নানাদিকে লোকের কাছ থেকে এভাবে টাকা নিয়ে যাচ্ছে। আমি আর একটা ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি মুখ্য মন্ত্রীর ও স্বরাষ্ট্র মন্ত্রীর। সেটা হচ্ছে, আমার ওখানে

একজন ব্যবসায়ী মালদহ শহর থেকে ১৫ হাজার টাকা রেশমের কারবার করে ফিরে আসছিল। বৈকাল ৩টায় লাল রুমাল বাঁধা লোক এসে তার কাছ থেকে সে টাকা ছিনিয়ে নিয়েছে—এটা দিনাজপুরের ব্যাপার। পুলিস প্রথমে হস্তক্ষেপ করে নি। পরে আসামী ধরতে গিয়ে O. C.-কে শৃগাল তাড়া করে তাড়িয়ে দেওয়া হয়েছে। সামাজিক মানুষ তাদের ভয়ে সত্য কথা পুলিসকে জানাতে এলে পুলিস তাদের বিরুদ্ধে যায়। অর্থাৎ ঐ লাল রুমাল বাঁধার চক্রান্তে পুলিস কুক্ষিগত হয়েছে। ঐ Police এবং C.P.M. সাপোর্টার যারা তাদের দ্বারা প্রভাবিত হয়ে নিরপরাধ লোকেদের বিরুদ্ধে case দাঁড় করিয়ে হঠাৎ রাতে তাদের গ্রেপ্তার করছে, সমাজবিরোধীদের করছে না। আমার ওখানে কয়েকটা মারাত্মক case হয়েছে, সেখানে Police-এর হাত থেকে আসামীকে ছিনিয়ে নিয়েছে এবং বারবার জানানো সত্বেও কোন কিছু হয়নি। সেটা নাকি Political ব্যাপার। কালিয়াচক থানায় দেখা যাচ্ছে সমস্ত রেশম ইন্ডাষ্ট্রিতে যদি শ্রমিকদের কোন বিরোধ থাকতো তাহলে অন্য কথা ছিল কিন্তু তা নয় সাধারণ মানুষ রেশমের ব্যবসা করে তাদের সে ব্যবসা, সম্পত্তি, জীবন যা কিছু আছে—তার জন্য তারা বাড়ীতে নিশ্চিন্তে থাকতে পারে না। এ অবস্থা আমি লক্ষ্য করেছি। সুতরাং একথা বলতে চাই আজকে আইন শৃংখলা প্রসঙ্গে অনেক আলোচনা হয়েছে কিন্তু মানবতার প্রশ্নে এসে দেখি যে ১৪ দল মিলে যে যুক্তফ্রন্ট হয়েছিল যা এখনও চলছে জানিনা কি অবস্থায় চলছে। আজকে যদি নিরপেক্ষ ভাবে Enquiry করা যায় তাহলে এটা প্রমাণ পাওয়া যাবে যে প্রতিটি মানুষ আজ ভয়ে সন্ত্রস্ত, তারা গুণ্ডাদের ভয়ে প্রকাশ্যে কথা বলতে সাহস পাচ্ছে না কারণ বললে তাদের প্রাণ যাবে।

আমি এইবার শিক্ষাক্ষেত্রের কথায় আসছি। শিক্ষাক্ষেত্রে চরম বিশৃংখলা আজ প্রবেশ করেছে। আমি একজন শিক্ষক এবং শিক্ষক জীবন আমার পনের বছর কেটেছে। শিক্ষা জগতে আজ দেখছি গত কয়েকমাসে শিক্ষা ক্ষেত্রে চরম বিশৃংখলা এবং রাজনৈতিক অনুপ্রবেশ এমনভাবে ঘটেছে যে এর নাগপাশ থেকে শিক্ষা প্রতিষ্ঠানকে রক্ষা করতে পারা বোধ হয় সম্ভব নয়। একমাত্র সি, পি, এম, সদস্যরা তারা আতঙ্কে ভয় দেখিয়ে ম্যানিজিং কমিটি গঠনের জন্য যে নূতন আইন রচিত হয়েছে সেই আইন অনুযায়ী অনুষ্ঠিত ইলেকশানকে প্রহসনে পরিণত করেছে। সেখানে যারা নমিনেশন পেপার ফাইল করেছে তাদের বাড়ীতে মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে ভয় দেখিয়ে তাদের নমিনেশন উইথ ড্র করান হয়েছে এই নজীর আছে, প্রমাণ আছে। কেন এই ইলেকশান প্রহসনে পরিণত হল? কারণ হচ্ছে আইনে উপযুক্ত প্রভিসনের অভাবে। আমরা গ্রামদেশে দেখছি শতকরা ৭০ জন অভিভাবক নিরক্ষর। যখন ভোট পরিচালনা হয় এবং ব্যালট পেপারে শুধু নাম থাকে প্রতিদ্বন্দি প্রার্থীদের যেখানে শতকরা ৭০ জন অভিভাবক নিরক্ষর সেখানে তারা তো নিজেদের ভোট প্রয়োগ করতে পারেন না। সুতরাং নির্ভর করতে হয় ইলেকসান অফিসারদের উপর। এবং ইলেকসান অফিসাররা ওদেরই লোক। তাহলে শতকরা ৭০ ভাগ ভোট কোথায় গিয়েছে সেটা সহজেই বোঝা যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় যখন আইন রচনা করেছেন তখন এই কথাটা চিন্তা করে আইনে সন্নিবেশিত করা হয় নি। এর ফলে আজকে এই ভাবে ওরা ম্যানেজিং কমিটিতে ঢুকছে।

(কম্যুনিষ্ট বেঞ্চ হইতে: আপনার দল হল তাহলে হেরে গিয়েছে?) আমি হেরে যাই নি। আমার দল ঠিক আছে। আমি দল নিয়ে স্কুলে যাই না। শিক্ষক হিসাবে যাই। আর আইন সভায় এসে আইনসভার সদস্য হিসাবে আসি। অনেক গ্রামেই প্রফেসনাল গ্রাজুয়েট পাওয়া যায় না। এমন অনেক ক্ষেত্র আছে যে অল্প শিক্ষিত লোকেরা স্কুল গড়ে তুলেছে। কিন্তু তারা আজ সম্পূর্ণ বঞ্চিত। রাজ্যপালের ভাষণে বলা হয়েছে নূতন আইন প্রণয়ন করে যা ত্রুটি বিচ্যুতি ছিল তা দূর করা হয়েছে। কিন্তু আমি দেখতে পাচ্ছি ত্রুটি বিচ্যুতি আরও বেড়ে গিয়েছে নূতন আইন প্রণয়ন করার ফলে। শিক্ষা প্রতিষ্ঠানে যেভাবে রাজনৈতিক অনুপ্রবেশ হয়েছে যদি এই অবস্থা চলতে থাকে তাহলে আমরা দেখতে পাব অদূর ভবিষ্যতে যে শিক্ষা প্রতিষ্ঠান আর শিক্ষা প্রতিষ্ঠান

থাকবে না রাজনৈতিক আড্ডাখানায় পরিণত হবে। তাই আমি শিক্ষামন্ত্রিকে অনুরোধ করব তিনি যেন শিক্ষা ক্ষেত্রে রাজনৈতিক অনুপ্রবেশ বন্ধ করার জন্য ব্যবস্থা অবলম্বন করেন।

তারপর আমি জেলা স্কুল বোর্ড সম্বন্ধে বলব। জেলা স্কুল বোর্ডগুলোতে গলদ ছিল তাই সেগুলো ভেংগে দেওয়া হল একথা বলা হয়। ভাল কথা, যদি গলদ থাকে না, হয় ভেংগে দেওয়া হল। কিন্তু আজকে আমরা দেখছি যে সেখানে যে এ্যাডভাইসরী বোর্ড গঠন করা হয়েছে তাতে পার্টিবাজী করা হয়েছে পার্টিতে পার্টিতে স্কুলের সামনে ধাক্কাধাক্কি মারামারি করা হচ্ছে আমরা তাতে আশ্চর্য্য হচ্ছি না। সেখানে বিভিন্ন এ্যাডভাইসরী কমিটিতে যে সদস্য নেওয়া হচ্ছে তাতে কংগ্রেসের কোন সভ্য নেওয়া হয় নি।

[5-15—5.25 p.m.]

শুধু যদি party basis-এ নেওয়া হয়ে থাকে তাহলে কেন নেওয়া হয়নি এই প্রশ্ন আমি করছি। শুধু পার্টিবাজী করার অসুবিধা হবে বলে নেওয়া হয়নি। অর্থাৎ কংগ্রেস প্রবেশ করলে মানুষ সত্যিকারের পথ দেখবে বলে কংগ্রেসকে বাদ দিয়ে Advisory Board গঠন করা হয়েছে। শিক্ষা ব্যাপারে এটা কেবল আমার মত নয়, যাঁরা শিক্ষানুরাগী তাঁদের যদি অভিমত নেওয়া যায় তাহলে তারাও এ বিষয়ে নানারকম মত প্রকাশ করছেন। সুতরাং শিক্ষা জগতে যে নৈরাজ্য চলছে সেটা যদি দূর না করা যায় তাহলে ভবিষ্যৎ নাগরিকদের কি হবে সেটা চিন্তা করার জন্য আমি অনুরোধ করছি এবং শিক্ষামন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। সেজন্য রাজনৈতিক গুণ্ডাবাজীর দ্বারা এই যে নৈরাজ্য এসেছে সেটা বন্ধ করুন। রাজ্যপালের ভাষণে দেখছি যে ১৫০০ নূতন স্কুল হবে। এটা হোক সকলেই চায়। কিন্তু আমার constituency-র কথা বলছি, যে গ্রামে কোন স্কুল ছিল না সেই গ্রামে ৫/৭ বছর ধরে যে organised school হয়েছে রাতারাতি সেখানে স্কুল করে আগের স্কুলকে বাতিল করা হল। আমি আপনার মাধ্যমে আমার জেলা ও থানা সম্বন্ধে ২।১টি কথা বলে শেষ করব। আমার কালিয়াচক থানা একটা industrial থানা। এখানে তাঁত, রেশম ও আম এই তিনটা জিনিষই প্রধান। এখানে খাদ্যশস্যের উৎপাদন হয় না। বিশেষ করে গত বন্যায় যা কিছু সমস্ত ধ্বংস হয়ে গেছে। তাই আমি ইতিপূর্বে প্রস্তাব করেছিলাম যে মালদহের রেশম ও আমের জন্য একটা উন্নত ধরণের আলাদাভাবে পরিকল্পনা নিয়ে এদের সাহায্য করলে ফল ভালই হবে। সর্বশেষে রাজ্যপালের ভাষণে ৩২ দফা বর্ণিত যে আশা আকাঙ্খার কথা তুলে ধরা হয়েছিল তা দেখতে পাচ্ছি না তাই রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করতে পারছি না। এই বলে আমি শেষ করছি।

**শ্রীমিহির কুমার সাহা:** স্যার, South gate-এর সামনে ৫০০-র বেশী উদ্বাস্তু এসেছেন তাঁদের সঙ্গে যদি আমাদের উদ্বাস্তু মন্ত্রী দেখা করেন, বা তাঁদের প্রতিনিধিদের সঙ্গে তিনি meet করেন, তাহলে ভাল হয়।

**শ্রীসাধন কুমার সেন:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তা সমর্থন করছি। রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের বাস্তব পরিস্থিতি মোটামুটি সঠিকভাবে চিত্রিত হয়েছে। বিরোধীদলের সদস্য মাননীয় ফজলুর রহমান সাহেব একটা সঠিক কথা বলে ফেলেছেন, তিনি বলেছেন তান্ত্রিকরা তন্ত্রসাধন করে মৃতকে পুনরুজ্জীবিত করার পরে সেই জীব প্রচণ্ড বুভুক্ষা নিয়ে সব কিছু খেতে চায় এবং তা না দিতে পারলে তান্ত্রিককেই তখন গিলে ফেলে। আমরা পশ্চিমবাংলার বামপন্থী দলগুলিও নাকি ঠিক তেমনিভাবে ৫ কোটি বাঙ্গালীকে জাগিয়ে তুলেছি এবং এখন তারা তাই সহস্র রকম দাবী নিয়ে জেগে উঠেছেন। ফজলুর রহমান সাহেব আশা করেছেন এবারে জাগ্রত জনতা আমাদের গিলে ফেলবেন। এর মধ্যে ফজলুর রহমান সাহেবের সঠিক স্বীকৃতি রয়েছে দুটি। এক নম্বর—কংগ্রেসী শাসনের ২২ বছরে পশ্চিমবঙ্গের জনসাধারণকে

তারা মৃত প্রায় করে ফেলেছিলেন এবং দুই নম্বর যুক্তফ্রন্ট সত্যি সত্যি জনতার—মধ্যে এক অভূতপূর্ব জাগরণ এনেছে। বস্তুত গত ১১ মাসের শাসনে যদি যুক্তফ্রন্ট সরকারের কোন সাফল্য থেকে থাকে তা হচ্ছে জনতার এই জাগরণ। আর যুক্তফ্রন্ট শত বিভেদ এবং বিপদের মধ্যেও যদি টিকে থাকে তা থাকবে ঠিক এই কারণেই।

২২ বৎসরে কংগ্রেস যে সাফল্য অর্জন করতে পারেনি, এই যুক্তফ্রন্ট সরকার মাত্র ১১ মাসের মধ্যে সেই সাফল্য অর্জন করেছে। ভূমিহীন কৃষক, জোতদারদের বে-আইনী ভাবে লুকিয়ে রাখা ৩ লক্ষ একর জমি এই সময়ের মধ্যে দখল করেছে। পশ্চিমবাংলার ভাগচাষী উচ্ছেদ প্রায় বন্ধ হয়ে গিয়েছে। গরীব কৃষকের ৯ বিঘা জমির খাজনা মকুব হয়েছে। আগে গরীব কৃষকদের কাছে সরকারী ঋণ পৌঁছাতো না, এখন তাদের কাছে পৌঁছাতে শুরু করেছে। পল্লীবাংলার নিস্তরঙ্গ জীবনে আজ নূতন জোয়ার এসেছে, এজন্য আমরা যথার্থই গর্বিত। আমরা দেখেছি কলে কারখানায় মেহনতি মানুষের নূতন সংগ্রাম সুরু হয়েছে, আমরা দেখেছি চটকলে, সুতাশিল্পে, ইঞ্জিনিয়ারিং শিল্পে, উত্তরবঙ্গের চা-বাগানে লক্ষ লক্ষ শ্রমিক ঐক্যবদ্ধ হয়ে সংগ্রাম করে বিরাট সাফল্য অর্জন করেছে। যারা দুচোখ মেলে দেখেন তারা নিশ্চয়ই যুক্তফ্রন্টের সরকারের এইসব সাফল্যকে ছোট করে দেখবেন না। কিন্তু নিশ্চয়ই আমরা এই সাফল্যে আত্মসন্তুষ্টির মনোভাব গ্রহণ করব না, আমরা জানি আমাদের সামনে বহু সমস্যা রয়েছে, কয়েক লক্ষ একর জমি এখনও বে-আইনী ভাবে জোতদারদের হাতে রয়েছে। লক্ষ লক্ষ গরীব কৃষক ঋণের দায়ে আকণ্ঠ ডুবে আছে এবং তাদের জমি মহাজনের কাছে বিক্রি হয়ে যাচ্ছে। বহু বহু গ্রামে আজও একটি প্রাইমারী স্কুল নেই, বহু গ্রামে পানীয় জলের একটি টিউবওয়েল নেই, বহু শ্রমিক এখনও লে-অফ, ছাটাই, লক আউট, ক্লোজারের বলি হচ্ছেন।

[ 5-25—5-35 p.m. ]

সুতরাং আমরা জানি সংগ্রাম শেষ হয়নি সবেমাত্র সুরু হয়েছে। এ সংগ্রামকে এগিয়ে নিয়ে যেতে হবে। আর সেইজন্য যুক্তফ্রন্টের ঐক্যকে বাড়াতে হবে, সিমেণ্টের মত মজবুত করতে হবে। যুক্তফ্রন্টকে জনসাধারণের ধারালো হাতিয়ারের মত গড়ে তুলতে হবে, আমরা যুক্তফ্রন্টের শরিকদল হিসাবে যদি আমাদের ফ্রণ্টের ত্রুটিগুলি আত্মসমালোচনা করি, তা এই কারণেই করি যাতে ফ্রণ্টের কাছে দরিদ্র নিপীড়িত মানুষের প্রত্যাশা পূর্ণ হয়। নিজেদের এই সমালোচনা আমরা নির্ভীকভাবেই করি। এ সমালোচনা যুক্তফ্রন্টকে ভাঙবার জন্য নয়, তাকে জনগণের বলিষ্ঠ হাতিয়ারে পরিণত করার জন্য। এ সমালোচনা করা আমাদের কর্তব্য। এ সমালোচনা করার দায়িত্ব আমরা বিরোধী-দলের উপরে ছেড়ে দিতে পারি না।

আমরা জানি প্রয়োজনের ক্ষেত্রে বহুজায়গায় যুক্তফ্রণ্টের নীতি থেকে বিচ্যুতি ঘটেছে। আমরা সে বিষয়ে চোখ বুজে থাকতে পারি না। পুলিস সম্পর্কে যুক্তফ্রণ্টের নীতি হচ্ছে শোষকের স্বার্থে দাঁড়াবে না। কিন্তু পুলিস অসংখ্য ক্ষেত্রে যে নীতি লঙ্ঘন করেছে। এখনও পুলিস অনেক সময়ই জোতদারের স্বার্থে—খনি মালিকের স্বার্থে ব্যবহৃত হচ্ছে, শরিকী বিরোধের ক্ষেত্রে পুলিস পক্ষপাত-মূলক আচরণ করছে। অত্যাচারিতের পাশে পুলিসকে পাওয়া যাচ্ছে না। আমরা জানি যুক্তফ্রণ্টের নীতি হচ্ছে পল্লীবাংলার জোতদার, মহাজন গোষ্ঠীর বিরুদ্ধে সমস্ত কৃষকসমাজকে ঐক্যবদ্ধ সংগ্রামে নামানো, সে নীতি বহু ক্ষেত্রে লঙ্ঘিত হচ্ছে। শ্রেণী-সংগ্রাম সম্পর্কে ভুল দৃষ্টিভঙ্গীর জন্য অনেক সময়েই কৃষকের বিরুদ্ধে কৃষককে নিযুক্ত করা হচ্ছে। এর ফলে কৃষক ঐক্য বিনষ্ট হচ্ছে। কৃষকের রক্ত মাটিতে ঝরছে আর জোতদার, মজুতদার গোষ্ঠী লাভবান হচ্ছে। যুক্তফ্রণ্টের নীতি কলে, কারখানায় সমস্ত শ্রমিককে ঐকবদ্ধ করে মালিকের কাছ থেকে ন্যায্য দাবী আদায়ের সংগ্রামে তাদের সংগঠিত করা। কিন্তু আমরা দেখছি যে কোনভাবে ইউনিয়ন দখলের সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গী নিয়ে শ্রমিকদের একাংশকে অপরাংশের বিরুদ্ধে নিযুক্ত করা হচ্ছে। ফলে শ্রমিক সংগ্রাম ব্যাহত হচ্ছে আর এই বিভেদের সুযোগে মালিকেরা ফয়দা তুলে নিচ্ছে। শিক্ষা ক্ষেত্রেও অনুরূপভাবে বহু

গুরুতর বিচ্যুতি ঘটছে। এই সব বিচ্যুতি অবশ্যই সংশোধন করতে হবে। মধ্যবর্তী নির্বাচনের সময়ে যুক্তফ্রন্টের নীতি সম্পর্কে আমরা জনসাধারণের মধ্যে প্রচার করেছি, ৩২ দফা কর্মসূচীতে তা লিপিবদ্ধ রয়েছে। সুতরাং কেউ যদি আজ ভ্রান্তভাবে সেই নীতি থেকে বিচ্যুত হয়, যুক্তফ্রন্টকে অবশ্যই তার সংশোধন করতে হবে। যেন তেন প্রকারেন গদি আঁকড়ে থাকাই যুক্তফ্রন্টের লক্ষ্য হতে পারে না। যুক্তফ্রন্টকে এমনভাবেই টিকে থাকতে হবে যাতে করে সে ৩২ দফা কর্মসূচী পূরণ করতে পারে এবং পশ্চিমবাংলার সংগ্রামী মানুষের নেতৃত্ব দিতে পারে। তা করতে হলে এই সব বিচ্যুতির অবশ্যই অবসান ঘটাতে হবে। এই বিচ্যুতিগুলি যে দৃষ্টিভঙ্গী থেকেই আসুক না কেন বুঝতে হবে এতে শোষিত শ্রেণীগুলিরই ক্ষতি হচ্ছে। এবং শোষক শ্রেণীর শোষণে সুবিধা হচ্ছে। পৃথিবীর ইতিহাসে অনেক সময়ে দেখা গেছে গরীব মানুষের স্বার্থের কথা বলে অতি বামপন্থী কৌশল নেওয়া হয়েছে। যার ফলে বাস্তব ক্ষেত্রে জনসাধারণের সংগ্রাম বিচ্যুত, বিচ্ছিন্ন এবং পরিশেষে বিধ্বস্ত হয়েছে। এদিকে যুক্তফ্রন্টের অবশ্যই সতর্কদৃষ্টি রাখতে হবে। পশ্চিম বাংলার কৃষক সমাজের মহৎ জাগরণ, শ্রমিক শ্রেণীর বিপুল সংগ্রাম যেন সেভাবে ক্ষতিগ্রস্ত না হয়। আজ শরিকীসংঘর্ষ দৈনন্দিন ঘটনায় পরিণত হয়েছে। তা যুক্তফ্রন্টের ভাবমূর্তিকে ম্লান করে দিচ্ছে। সমস্ত কর্মকাণ্ডকে পঙ্গু করে দিচ্ছে এই শরিকীসংঘর্ষ, এই মুহূর্তে বন্ধ করতে হবে। এজন্য যুক্তফ্রন্টের অভ্যন্তরে একটা প্রয়াস চলছে, সন্দেহ নেই। এই বিষয়ে বিভিন্ন প্রস্তাব নিয়ে যুক্তফ্রন্টের আলোচনা চলছে। প্রস্তাব উঠেছে, প্রত্যেক জায়গায় যুক্তফ্রন্টের অন্তর্ভুক্ত দলগুলির প্রতিনিধি নিয়ে একটা কমিটি গঠন করতে হবে, সে কমিটি লক্ষ্য রাখবে যাতে করে পুলিশ যুক্তফ্রন্টের নীতি থেকে বিচ্যুত না হয়, তেমনিভাবে প্রত্যেক মন্ত্রীর সাথে একটা পরামর্শদাতা কমিটি থাকবে, এই কমিটিতেও যুক্তফ্রন্টের বিভিন্ন দলের প্রতিনিধি থাকবেন, যাতে মন্ত্রিরা যুক্তফ্রন্টের নীতি সঠিকভাবে প্রয়োগ করতে পারেন সে বিষয়ে এরা সাহায্য করবেন। প্রস্তাব উঠেছে শরিকে শরিকে বিবৃতি, পাল্টা বিবৃতি বন্ধ করতে হবে, আরো কিছু প্রস্তাব রয়েছে, এই সব প্রস্তাব নিয়ে এখন যুক্তফ্রন্টে আলোচনা চলছে, যুক্তফ্রন্ট নিশ্চয়ই এই সব প্রচেষ্টার মধ্য দিয়ে সব বিচ্যুতিকে কাটিয়ে উঠবে।

মনে রাখতে হবে বর্তমানে যুক্তফ্রন্ট ছাড়া কোন গতি নেই। এই সব বিচ্যুতি দেখে যদি কংগ্রেসী সদস্যরা একটু হাসতে চান, তাহলে এইবেলা তারা খানিকটা হেসে নিন, কিন্তু তারা জেনে রাখুন যুক্তফ্রন্ট নিশ্চয়ই এই বিচ্যুতিগুলিকে অতিক্রম করে তার লক্ষ্যের দিকে এগিয়ে যাবে, এই যুক্তফ্রন্ট কোন আকস্মিক ঘটনা নয়। দীর্ঘদিন ধরে জনগণ যে সংগ্রাম করে এসেছেন, তারই তরঙ্গশীর্ষে যুক্তফ্রন্টের জন্ম হয়েছে। তাই কোন বিভেদপন্থী নেতা বা দলের ইচ্ছায় যুক্তফ্রন্ট ভেঙ্গে যেতে পারে না। পশ্চিমবাংলার সংগ্রামী মানুষ এই ফ্রন্টকে রক্ষা করবে, সমস্ত ত্রুটি সংশোধন করে সঠিক পথে একে নিয়ে যাবে, সারা ভারতে আজ এক নূতন পরিস্থিতির সৃষ্টি হয়েছে। প্রধান বিপদ আসছে আজ সিণ্ডিকেট কংগ্রেস, জনসংঘ এবং স্বতন্ত্র জোটের কাছ থেকে। তাদের প্রতিক্রিয়াশীল আঁতাতের বিরুদ্ধে আজ এই মুহূর্তে ভারতের বামপন্থী গণতান্ত্রিক শক্তিগুলিকে ঐক্যবদ্ধ হতে হবে। সারা ভারতেই আজ এই ঐক্যের প্রয়াস চলছে। সেই প্রক্রিয়া থেকে যদি কেউ দূরে সরে থাকতে চান তাতে তিনি শক্তিশালী হবেন না বরং তার বিলুপ্তি ঘটবে। সেই সর্বভারতীয় প্রক্রিয়ার অঙ্গরূপেই এই যুক্তফ্রন্টের সৃষ্টি হয়েছে এই যুক্তফ্রন্টকে ভাঙ্গা যাবে না। বরং এই যুক্তফ্রন্টকে আরো শক্তিশালী করতে হবে। রাজ্যপালের ভাষণে একথা সঠিকভাবেই বিবৃত হয়েছে। তাই সে ভাষণের জন্য মাননীয় রাজ্যপাল মহাশয়কে আমি ধন্যবাদ জানাচ্ছি।

[5.35—5-45 p.m.]

**Shri Muhammed Khuda Buksh**: Mr. Deputy Speaker, Sir, I have heard the speeches and I must say from the bottom of my heart that my predecessors have elevated the debate to a very high plane and I am

praying, Sir, I say nothing that detracts from the very high standard already set. Sir, we are meeting in almost a new Assembly, we are meeting for the first time without our collleagues of the Council. Sir, the abolition of the other House has certainly been a bold step but whether it has been a wise step, time will only show. The removal of the air-raid baffle walls and the return of the flowers in their most gorgeous and resplendent bloom give the House a new look, or, perhaps I may say, that they restore to an extent, the old look. But Sir, talking about the old look, the House of Fazlul Haque, Azizul Haque, Shayamaprasad Mukherjee, Tulsi Goswami and Saheed Surhawardy, perhaps, Sir, will not be restored in our life time. Sir, what lends the greatest novelty to this House are the two Congresses that can only be identified by their faces, but not by their names. A most welcome novelty is that the press have at last come into their own ; they have now a small meeting place of their own in this Great Meeting Palace of the Nation. Sir, there is another novelty which, I am afraid, may turn out a bit controversial, and that is the canteen exclusively for the use of Members. I have had it confirmed from my chubby and boyish looking friend the Hon'ble Minister for Parliamentary Affairs that he sought to exclude Members' wives from that canteen, but I hope, Sir, he will waive this in favour of the wives who are still their husbands' girl friends, otherwise who is going to certify that everything is first class as has been ordained by our gracious and gourmet Speaker. I am afraid, the Hon'ble Minister for Parliamentary Affairs is skating on very thin ice because the precincts do not belong to him and the last word belongs to the Speaker.

Looking nearer home, my own position has also aquired a new dimension as I am now the only person left to represent one who is sick and tired and fed up to the backteeth of all the parties, namely, Mr. Common Man. Sir, I only echo the sentiment of the entire House when I say that there has been a grievous deterioration of the law and order situation in the country making it a happy hunting ground for those who enjoy fishing in troubled waters. The incidents that happened in the Assembly on two occasions on the 31st July last and on the 21st January last are without parallel and are glaring examples of the state of law and order and they also present different facets of police behaviour in this country.

Sir, on the 31st July we saw an exhibition of police madness and on the 21st January we saw an exhibition of police cadness. The Hon'ble Home Minister in his telegraphic reply to Mr. N. C. Chatterjee, M.P., has categorically said that those persons who had been responsible for an incident involving no other than the Chief Minister and the Hon'ble Leader of the House, were not members of a particular political party, which shows and proves that they have been identified. Sir, if they have been identified, I wonder, if they have been placed under arrest, or have offences of battering and assault upon Chief Minister, been removed from the list of cognisable offences. I must say about the July 31st incident that the Hon'ble Home Minister acquitted himself with great presence of mind and aplomb and credit. But I wish, Sir, I could say the same in respect of the incident that happened involving the Hon'ble Chief Minister. What I want to draw your pointed attention to, Sir, is that the Chief Minister has lodged his F.I.R. on the floor of the House and the same F.I.R. has been corroborated by Members inhabiting

different localities of this House. Sir, it is within your powers and, as such, I feel that you should, in exercise of your powers as Speaker summon those that are responsible, summon them before the bar of the House to receive condign and exemplery punishment and the police likewise should also be summoned for gross dereliction of duty and naked disobedience. It is sad, Sir, it is heartrending to relate what came up on the surface as the creem of every 'ism' in practice in West Bengal was goondaism. Sir, we have not heard the last about the serious differences among the constituents of the Front Government. Serious doubts have been expressed in responsible quarters about the continuance of the Front. Even our friend the mentor of Chowringhee Square has in a particularly virulently worded and vitriolie piece of advice has asked the United Front to pack up and go. I understand even the Hon'ble Speaker of this House is contemplating drastic measures to meet a situation that might come upon, might overwhelm us at any time. Sir, it is here that I want to mention a subject which has been raised by my friend, the Leader of the Opposition, about section 29(3). There is absolutely no doubt, there should be no doubt that the Chief Minister is in point of fact in possession of the powers contemplated and given under section 29(3). But my submission is that surely he being the Leader of the House and the Leader of the Cabinet should have supervisory powers, powers of superintendence, but in exercise of this power he must be able to keep the rest of the team with him. Therefore, in his exercise of this power over the head and behind the back of any department has not been judicious.

[ 5-45—5-55 p.m. ]

Sir, nobody knows what the tomorrow will bring forth about the United Front but I as a common man, am praying to Allah that the Front lasts—lasts long enough for the people to realise the true implications of the factors that have acted and inter-acted to reduce the Front to a house divided against itself much to the disappointment of the people. If I were called upon to produce a formula for the preservation of the unity of the Front, I would humbly suggest, Sir, the creation of a new portfolio—Ministry of Home (Co-ordination) and the introduction of a true Independent member for its stewardship. An Independent has no party and, therefore, no party axe to grind. The Co-ordination Minister responsible to both the Chief Minister and the Deputy Chief Minister having free and unfettered access to the two divisions of the Home Ministry if he were worth his salt as an Independent addressed himself to his task conscientiously, sincerely and objectively, it would help in establishing........

**Shri Jatin Chakravorty :** Your application will be duly considered.

**Shri Muhammed Khuda Buksh :** I have tendered the application to the nation. Sir, as I was saying, it would help greatly in establishing liaison and promoting reapprochement in the realm of the mind of the Cabinet. The Chief Minister and the Deputy Chief Minister are drifting farther and farther apart. An independent Co-ordination Minister could arrest this process, immediately and bring about a sense of unity amoug the bifurcated, now compartmentalise and, may I add, mutually distrustful departments of the old Home Ministry. A true Independent who would fill the bill and would answer all the descriptions

would be difficult to come by. Sir, the recent defection of an Independent has rather narrowed down the choice. But I can't help that as a common man I believe, each individual is free, each party is free. And common man needs the services of all individuals and parties and, therefore, accords the same status and patronage of all individuals and parties and promises equal support to all truly socialistic programmes, whether initiated by persons or parties. A common man believes that all persons and parties must have scope to function and render service to man without let or hindrance from any quarter. The idea of monopoly in the domain of service is a total anathema to man. Common man would respectfully submit that all political leaders are workers and must function in an atmosphere of enlightened trade unionism. Rights and privileges claimed by one must readily be conceded to others. Common man is a friend of everybody but enemy of wrong-doer. He is the living echo of the sentiments contained in Swami Vivekananda's sayings—চালাকির দ্বারা কোনো মহৎ কার্য সাধিত হয় না। A common man will be in the vanguard of total mobilisation for democratic socialism. There cannot be peace without Democracy and there cannot be Democracy without Socialism.

Sir, coming to his Excellency's most excellent speech I am filled with consternation when I come to the bottom lines of page 2 where he speaks about the need of amending the Constitution in a particular respect and blithely adds "in other respects". Perhaps the Hon'ble the Chief Minister will throw some light on what the "other respects" are. Until we know that we shall not be able to formulate our attitudes. ....( At this stage the red light was lit ).... Sir, I am glad that His Excellency recognises the need for placing all **barga** cultivation on surer foundations. I hope the Government will duly bring in comprehensive legislation in this behalf. But where His Excellency's most excellent speech comes a cropper is where it deals with the sphere of Health. His Excellency ought to know that all rural and mufassil hospitals are short of medicines and stores. Even the domiciliary system of treatment for all T.B. patients has broken down for want of medicines. There is a smack of school boy's howler flavour in the last line of page 8 where ...( At this stage the red light was again lit )...

**Mr. Deputy Speaker** : Your time is up. Please take your seat.

[ At this stage the honourable member having reached the time limit resumed his seat ]

**ডাঃ জয়নাল আবেদিন :** ডেপুটি স্পীকার মহাশয়, আমার একটা বক্তব্য আছে, রেষ্টুরেণ্ট সম্বন্ধে অবশ্য আগেও নিবেদন করা হয়েছে। এখানে কোন খাবার পাওয়া যাচ্ছে না। আমি জানি না পরিষদীয়মন্ত্রি সব খেয়ে ফেলেছেন কি না। খাবার পাওয়া যাবে কিনা এ সম্বন্ধে আপনার কাছে এ নির্দেশ চাচ্ছি।

**Mr. Deputy Speaker** : I think it is within the jurisdiction of the Speaker and I would request Mr. Speaker to look into the matter. I assure you that I will also look into your grievance and I think office will look into it.

**শ্রীজয়নাল আবেদিন :** স্যার, কোথায়ও খাবার পেলাম না।

**শ্রীযতীন চক্রবর্তী:** আমি একটা কথা বলে দিই—স্পীকারের নির্দেশে ২টি রেষ্টুরেণ্ট খোলা হয়েছিল—একটি সাধারণ ভিজিটারদের জন্য যাঁরা এখানে আসেন, আর একটি এম. এল. এ. দের জন্য। আগে যে ক্যানটিন ছিল সেটাকে বাতিল করে দেওয়া হয়েছে। আজকে এই কথা জেনে মেম্বারদের কাছ থেকে আমি নিজে গিয়েছিলাম এবং দেখলাম সত্যসত্যই এই অভিযোগ সত্য। এটা অত্যন্ত খারাপ ব্যবস্থা হয়েছে। আমি অবশ্য এখানে খাই না বাড়ী থেকে নিয়ে আসি। কাল থেকে না হোক, দু এক দিনের মধ্যে ভাল বন্দোবস্ত করা হবে। অন্য ক্যানটিনের ব্যবস্থা করা হবে।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের প্রদত্ত ভাষণের উপর ধন্যবাদ জানাতে উঠে আমার একটা কাহিনীর কথা মনে পড়ে গেল। ডেনমার্কের রাজ্যে যখন অন্যান্য অস্বাভাবিক ঘটনা উপস্থিত হয়েছিল তখন ডেনমার্কের রাজকুমার তার বন্ধু দার্শনিক হোরেসিওকে জিজ্ঞাসা করেছিলেন, এইসব ঘটনার কারণ কি? হোরেসিও জবাব দিয়েছিলেন, এটা ঘটবে কেন আমার দর্শন পুস্তককে তো এই রকম নাই। তখন হ্যামলেট তাকে বলেছিলেন—There happen more things in heaven and earth, Horatio, than are written in your books of Philosophy. হায় হোরাসিও তোমার ফিলজফি বইতে যা কিছু লেখা আছে তার চেয়ে অনেক কিছু বেশী জিনিষ স্বর্গে এবং মর্তে ঘটে থাকে। রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানাতে উঠে যদি আপনার মাধ্যমে তাঁকে কিছু বলতে হয় তাহলে এই কথা বলতে পারি—There happen more things in West Bengal, your Excellency, than are reported by your honourable Ministers. রাজ্যপাল মহোদয় আপনার মন্ত্রিমণ্ডলী, আপনাকে যে সমস্ত রিপোর্ট দিয়েছেন তার চেয়ে অনেক বেশী কিছু ঘটনা এই পশ্চিমবাংলায় নিত্য নৈমিত্তিক ঘটে থাকছে। এটা আজকে কারও অজানা নাই যে প্রতিদিন পশ্চিমবাংলায় যে সমস্ত ঘটনা ঘটছে সেই সমস্ত ঘটনা যদি না ঘটতো তাহলে পশ্চিমবাংলার লোক অত্যন্ত আনন্দিত হোত এবং যুক্তফ্রণ্ট সরকার বাংলাদেশের জনসাধারণকে যে প্রতিশ্রুতি দিয়ে এখানে সরকার প্রতিষ্ঠিত করেছিল আমার মনে হয় যুক্তফ্রণ্ট সরকার যদি সেই কর্তব্য পালন করতো তাহলে খুব ভাল হোত। কিন্তু রাজ্যপালের সুদীর্ঘ ভাষণে সেই সমস্ত কথার কোন উল্লেখ না থাকার জন্য অত্যন্ত দুঃখ ভোগ করছি। কে মার খাচ্ছে, কারা মারছে কোথায় ঘটনা ঘটছে তা আমি উল্লেখ করছি না। কিন্তু যদি একটি প্রাণও গিয়ে থাকে, একটী নারীও ধর্ষিতা হয়ে থাকে, যদি একটি বাড়ীও লুণ্ঠিত হয়ে থাকে তাহলে আমার মনে হয় যে, কোন কল্যাণকামী সরকার সেটাকে ডিসক্রেডিট বলে মনে করে। তার জন্য সেই সরকারের দুঃখ প্রকাশ করা উচিত ছিল। তাই আমি এই জন্য অত্যন্ত দুঃখিত। ইতস্ততঃ এবং বিক্ষিপ্ত যে সমস্ত ঘটনা ঘটছে তার জন্য দুঃখ প্রকাশ করছি এবং তার জন্য আমার মন্ত্রিমণ্ডলী সজাগ থাকবে যাতে এই রকম ঘটনা না ঘটে—এই কথাই থাকা উচিত ছিল।

[ 5-55—6-05 p.m. ]

কিন্তু তবু স্যার, কংগ্রেসীদের সুদীর্ঘ ভাষণ শুনে আমাদের মনে হয়েছে যে তাঁরা যুক্তফ্রণ্ট সরকারের আমলে বাংলাদেশে যে আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে, তার জন্য তাঁরা অত্যন্ত উল্লসিত এবং এটাই যেন তাঁদের মুখ্য আলোচ্য বিষয়। তাঁরা যেন যুক্তফ্রণ্ট সরকারের আমলের কোন ভাল কাজই দেখতে পাচ্ছেন না। আমরা যদি রাজ্যপালের ভাষণ আলোচনা করি এবং শুধু আলোচনা করাই নয় যদি বাংলাদেশের অবস্থার দিকে চেয়ে দেখি তাহলে দেখবো ইতিপূর্বে বাংলাদেশের খাদ্যাবস্থা যা ছিল সেচ ব্যবস্থা যা ছিল, কৃষি ব্যবস্থা যা ছিল তার তুলনায় এই সমস্ত ক্ষেত্রে অভূতপূর্ব উন্নতি ঘটেছে যা কংগ্রেসী ২২ বছরের রাজত্বে শতাংশের একাংশও হয়েছে কিনা সন্দেহ। আজকে ভূমি রাজস্বের কথা বলতে গিয়ে ঐ পক্ষ থেকে নানাভাবে ভূমিরাজস্বমন্ত্রিকে আক্রমণ করা হয়েছে।

কিন্তু আমি বলছি বিগত ২২ বছরের শাসনে কেন, কংগ্রেস রাজত্ব যদি ৫০ বছরও বহাল থাকত, তাহলেও কি তাঁরা ৩ লক্ষ একর বেনাম জমি উদ্ধার করে চাষীদের মধ্যে বিলি করতে পারতেন? ৩ একর জমি পর্যন্ত খাজনা কি মুকুব করতে পারতেন? এগুলি স্বীকার করা দরকার, স্মরণ করা দরকার যদি এখনও কংগ্রেস জনসাধারণের সঙ্গে একটুকু সংযোগ রক্ষা করে থাকেন।

শিক্ষা ক্ষেত্রে বলতে গেলে আমি বলবো যে, যুক্তফ্রন্টই সর্বপ্রথম বাংলাদেশের জনসাধারণকে শুনিয়েছেন যে ৮ম শ্রেণী পর্যন্ত বিনা ব্যয়ে ছেলেমেয়েরা পড়তে পারবে। একথা কি আমরা কংগ্রেসীদের মুখে কোনদিন শুনতে পেয়েছি? আপনি জানেন স্যার, যে, যদি ৮ম শ্রেণী পর্যন্ত বাংলাদেশের ছেলেমেয়েদের শিক্ষা অবৈতনিক করতে হয়, তাহলে যে কয়েক কোটি টাকার দরকার ছিল তার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন আমরা করেছিলাম। তখন তাঁরা কিন্তু এই আবেদনে কর্ণপাত করেন নি। তবে রাজ্যপাল মহাশয় শিক্ষার উপর যে অনুচ্ছেদে বক্তৃতা দিয়েছেন সেখানে আমি একটি কথা বলতে চাই। কলেজীয় শিক্ষার সাবলীলতা সম্পর্কে যে কথা তিনি বলেছেন কলেজীয় শিক্ষায় সে রকম সাবলীলতা নেই। আমি একটি বৃহৎ কলেজের অধ্যাপক। আমি জানি এই সমস্ত বড় বড় কলেজগুলিতে এখন পর্যন্ত ছাত্রদের স্থান সংকুলান হয় না। আমি যখন কলেজে পড়তাম, তখন একটি কলেজে ৫ হাজার পর্যন্ত ছাত্র অধ্যয়ন করত। কিন্তু সেই কলেজে যখন অধ্যাপক হিসাবে যোগ দিলাম সেখানে দেখলাম ইউ, জি, সি, দেড় হাজার মাত্র ছাত্র সংখ্যা লিমিট করে দিয়েছেন। এর ফলে বহু ছাত্র এ্যাডমিশন হতে বঞ্চিত হয়ে ফিরে যাচ্ছে। এই সমস্ত দেখে বড় দুঃখ লাগে। আমি তারজন্য আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রি মহাশয়ের কাছে অনুরোধ জানাব যে কলকাতার বড় কলেজগুলিতে যেন অন্ততঃ দেড় হাজারের পরিবর্তে আড়াই বা তিন হাজার ছাত্র একসঙ্গে পড়াশুনা করতে পারে, সেজন্য ইউ, জি, সি-কে তিনি যেন অনুরোধ জানান। ইউনিভারসিটি শিক্ষা সম্পর্কে বলতে গেলে বলতে হয় কলকাতা বিশ্ববিদ্যালয় প্রাচ্যের শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়, এ নিয়ে আমরা গর্ব করে থাকি, কিন্তু সেখানকার শিক্ষার ধারার কোন রকম উন্নতি লক্ষ করতে পাই না। ১০ বৎসর আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সায়েন্স কলেজের কেমিষ্ট্রির ছাত্র ছিলাম, কেমিষ্ট্রি লেবরেটরীতে যে সমস্ত যন্ত্রপাতি নিয়ে কাজ করে এসেছি, এখন পর্যন্ত দেখি সেই সমস্ত যন্ত্রপাতির কোনরূপ পরিবর্তন হয়নি। অথচ রাসায়নিক গবেষণায় অন্যান্য ইউনিভারসিটিতে কত সুব্যবস্থা অনুসরণ করা হচ্ছে। সেখানকার ল্যাবরেটারীগুলিকে উন্নত করা হয়েছে, শুধু বিদেশেই নয়, আমাদের দেশেও অনেক ইউনিভারসিটিতে যেমন পুণা, বোম্বাই, মাদ্রাজ এবং দিল্লী ও মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরীগুলিকে সুসজ্জিত করা হয়েছে। কিন্তু আমাদের কলকাতা বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরীগুলিকে সেভাবে সুসজ্জিত করার জন্য চেষ্টা করছে না, সেভাবে গড়ে তোলার জন্য চেষ্টা করছে না।

শিল্পক্ষেত্রে আমার একথা স্বীকার করতেই হবে যে পশ্চিমবাংলার শিল্পক্ষেত্রে অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছে। কিন্তু এই অনিশ্চিত অবস্থার কারা দায়ী একথা আমাদের উপলব্ধি করা দরকার। আমরা স্বীকার করি যে আজকে আমাদের এখানে এই শ্রমিক অসন্তোষের ফলে হয়তো কিছু অসুবিধার সৃষ্টি হয়েছে। কিন্তু তবুও কি আজকে কংগ্রেসীরা জানেন না কতকগুলি কংগ্রেসী রাজ্য থেকে—সেখানকার মুখ্যমন্ত্রিরা এবং শিল্পমন্ত্রিরা এই পশ্চিমবাংলার শিল্পপতিদের প্রলুব্ধ করছে যাতে তাদের নানা রকম সুযোগ সুবিধা দান করে অন্যান্য রাজ্যে তাদের শিল্প প্রতিষ্ঠানকে সরিয়ে নিতে পারেন। আপনারা কি স্বীকার করবেন যে কেন্দ্রীয় সরকার আজকে চান না যে পশ্চিমবঙ্গে নূতন কোন শিল্প প্রতিষ্ঠান গোড়ে উঠুক। একথা তারা যে কেন স্বীকার করতে পারলেন না তারজন্য আমরা অত্যন্ত দুঃখিত। এবং উন্নয়নের ক্ষেত্রে কলকাতা যেটা ভারতের বৃহত্তম শহর বলে খ্যাত এবং যেখানে ৭০ লক্ষ লোকের বাস এবং যেটা পূর্বভারতের রাজধানী এবং একদা ভারতবর্ষের রাজধানী ছিল, সেই কলকাতাকে কি রকমভাবে কেন্দ্রীয় সরকার চক্রান্ত করে জনসাধারণের

কাছে – বিদেশীদের কাছে হেয় প্রতিপন্ন করবার চেষ্টা করছে। আপনারা শুনলে আশ্চর্য হবেন যে বাংলাদেশের টুরিষ্ট ম্যাপ থেকে কলকাতাকে বাদ দেবার চেষ্টা হচ্ছে। কলকাতার বন্দর যেটা এখনও রপ্তানির শ্রেষ্ঠ বন্দর এই বন্দরের গুরুত্ব কমিয়ে দেওয়া হচ্ছে। দমদম বিমান ঘাঁটির গুরুত্ব কমিয়ে নেওয়া হচ্ছে এবং এখানে যে চক্ররেল স্থাপনের পরিকল্পনা ছিল আজ তারজন্য কেন্দ্রীয় সরকার নানা রকম টালবাহানা করছে। এবং একমাত্র উন্নয়নের কাজ ঐ ঝুলন্ত সেতু যেটা কলকাতার যানবাহন সমস্যার জন্য নিপীড়িত জনসাধারণের কাছে একটা ঝুলন্ত স্বপ্ন হিসাবে ঝুলিয়ে রেখেছেন। আজকে সিদ্ধার্থ বাবু অনেকক্ষণ ধরে বলে গেলেন যে কেন্দ্রীয় সরকার অনেক কিছু দিচ্ছে। এবং পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা সম্বন্ধে নানারকম অরাজকতা সৃষ্টি হয়েছে এই সম্বন্ধে তিনি ব্যারিষ্টারীচালে অনেক কিছু বলে গেলেন। আজকে আমি বলবো যে কংগ্রেসীদের মধ্যে ইণ্ডিকেট সিণ্ডিকেটের ভাগাভাগির ফলে আজকে সিদ্ধার্থবাবু ইন্দিরা গান্ধীর তরণীতে উঠে বলছেন "আর কতদূরে নিয়ে যাবে মোরে ওগো সুন্দরী' এবং আমরা তীরে বসে হাত তালি দিচ্ছি আর বলছি "দেখি নাই কভু দেখি নাই, এমন তরণী বাওয়া"। সিদ্ধার্থ রায় মহাশয়কে জিজ্ঞাসা করি যে আসাম যখন ইন্দিরা গান্ধীকে Support করেছিল, তখন আসামে দ্বিতীয় তৈল শোধনাগার সহ কয়েক কোটি টাকার নূতন plan করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। দেখা যাচ্ছে কলকাতার উন্নয়নের জন্য যখন ১০০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, তাকে কিভাবে কেটে প্রথমে ৮০ কোটি টাকা এবং পরে ৪৩ কোটি টাকা করা হয়েছে এবং সেটাও আজ অনিশ্চিৎ অবস্থার মধ্যে ঝুলছে। আমি তাঁকে জিজ্ঞাসা করি যদি তাঁর বাংলাদেশের প্রতি দরদ থাকে তাহলে তিনি ঐ ইন্দিরা গান্ধীকে বলে কলকাতার জন্য ১০০ কোটি টাকা মঞ্জুরীর ব্যবস্থা করে যুক্তফ্রণ্ট সরকারের সমালোচনা করতেন। এবং কংগ্রেস যে এখনও বেঁচে আছে বা বাংলাদেশের প্রতি যে কংগ্রেসের দরদ আছে সেটি প্রমাণ হতো। শুধু ফাঁকা বুলি দিয়ে যুক্তফ্রণ্ট সরকারকে হেয় প্রতিপন্ন করবেন না। পরিশেষে একটা কথা বলি, যে বাংলাদেশে যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে কারোর দয়ায় নয়। যুক্তফ্রণ্ট প্রতিষ্ঠিত হয়েছে জনসাধারণের ঐকান্তিক ইচ্ছার উপর। আজকে হয়তো আমাদের সরকার পরিচালনার ক্ষেত্রে—যেকথা রাজ্যপাল বলেছেন ট্রায়াল এ্যাণ্ড এরার যে জিনিষটা রয়েছে এবং তার মাধ্যমে আমাদের হয়তো অঘটন ঘটেছে, এবং আমি একান্তভাবে বিশ্বাস করি যে যা ভুল বুঝাবুঝি রয়েছে তা পরিষ্কার হয়ে এই যুক্তফ্রণ্ট সরকার শক্তিশালী হয়ে উঠবে। এই বিশ্বাস রেখে এবং রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 6-05-6-15 p.m. ]

**শ্রীনাথানিয়েল মুর্মু:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তা সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা কথা বলবো। গত বছর যখন এই বিতর্ক হয়েছিল তখন ওপক্ষের ইসাক সাহেব ও নেপাল রায় মহাশয় বলেছিলেন যে ভেড়ি লুঠ হচ্ছে যেভাবে যুক্তফ্রণ্টের আমলে তাতে কলকাতার লোক আর মাছ পাবে না ১ বছর পরে। এইভাবে তাঁরা হুঁসিয়ারী দিয়েছিলেন। কিন্তুএক বছর পার হলো ভেড়ি দখল করেছে, তার ফল পেয়েছে বাংলা দেশের গরীব চাষীরা। তারা জমিগুলি দখল করার সুযোগ পেয়েছে, অপর দিকে কলকাতার দিকে মাছের চালান ঠিকই আছে। আবার দেখছি শ্রীসিদ্ধার্থ রায় বলছেন খুব জোর গলায় বাংলা দেশের নারীদের নারীত্ব হরণ করা হচ্ছে, কিন্তু স্যার আপনার মনে আছে আপনি তখন বিরোধী দলের সদস্য। এখানে মমতা পাল হাড়োয়ার সেই নাবালিকা যার উপর পুলিশ অত্যাচার করেছিল তার জন্য তখন সিদ্ধার্থবাবুকে চিৎকার করতে শুনিনি। কাজেই আজকে যে আইন শৃঙ্খলার ব্যাপার হুঁসিয়ারির ব্যাপার এ সবই রাজনৈতিক বাজীমাত করার জন্য ওরা করছেন, আমাদের এতে বলার কিছু নেই। রাজ্যপালের ভাষণে পরিষ্কার যেটা বলা আছে সেটা হচ্ছে বাংলা দেশের ১৪টা দল মিলে একটা প্রোগ্রামের ভিত্তিতে একজোট হয়ে তারা সরকার গঠন করেছেন এবং তার একটা

বিরাট অভিনব পরীক্ষা চলেছে। স্যার, আপনি জানেন পরীক্ষায় কেউ কোন সময় পাশ কোন সময় ফেল করে। বাংলা দেশের এই অভিনব পরীক্ষার ফল কি হবে বলতে পারবো না, কিন্তু ১১ মাস যুক্তফ্রন্ট গদীতে থাকার ফলে যে কথা সাধন বাবু বললেন যে বাংলা দেশের মার খাওয়া খেটে খাওয়া মানুষ, যারা চিরদিন বড় লোকের পায়ের তলায় ছিল তারা আজ নিজেদের ন্যায্য অধিকার সম্বন্ধে সচেতন হয়েছে। যে সমস্ত চাষীরা বড় লোকদের অত্যাচারে জর্জরিত ছিল সেই চাষীরা আজ সেই অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। তারা ভেস্টেড্ জমি উদ্ধার করছে। এটাই হল ১১মাসের যুক্তফ্রন্ট সরকারের এ্যাচিভমেন্ট। এই যে গরীব মানুষের বুকে সাহস উৎসাহ জোগান এই যে নৈতিক সাফল্য এটা শুধু বাংলাদেশে নয় এটা ভারতবর্ষের রাজনৈতিক ক্ষেত্রে একটা মোড় ঘোরাবে। কারণ ওদের সাফল্য কত ফলন বাড়লো, কত বৈদেশিক মুদ্রা আসলো সেই হিসাব শিখেছেন, কিন্তু মার খাওয়া মানুষ কি পরিমাণে মাজাসোজা করে দাঁড়ালো সেটা বাংলা দেশ নয়, সারা ভারতবর্ষের ধনবাদকে চ্যালেঞ্জ করার জন্য কিভাবে তৈরী হচ্ছে এই মাপকাঠি আমরা গণ আন্দোলনের মাধ্যমে খতিয়ে থাকি। আজকে যুক্তফ্রন্টের মধ্যে যে সংকট চলছে সে সংকটকে আমি অস্বীকার করি না, আমার দলও করে না, বা এই হাউসের যদি কেউ করে তবে সত্যের অপলাপ করা হবে। কিন্তু এই সংকট শেষ কথা নয়। স্যার আপনি জানেন ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট যে কোন কারণেই হোক গদী থেকে ছিটকে পড়েছিল কিন্তু তার ফলে কংগ্রেসীরা সুবিধা করতে পারে নি, কংগ্রেসীরা তার চেয়ে এবারে অনেক কম সংখ্যায় এসেছে। এই সংকটে যদি যুক্তফ্রন্ট ছিটকে যায় তাহলে ওদের কোন লাভ হবে না ওরা আরও কম সংখ্যায় আসবে। আর একটা কথা বলে শেষ করছি। সেটা হচ্ছে সেদিন আমি একটা সিনেমা দেখতে গিয়েছিলাম "অরণ্যের দিনরাত্রি"। সেখানে একটা খেলার কথা আছে। সেটা হচ্ছে ৪টা বড়লোকের নাম করতে হবে। একজন সেক্সপিয়ার, কালিদাসের নাম করলেন, তারপরে আর একজন কার্ল মার্ক্স-এর নাম করলেন। এই করে কমপিটিসান হচ্ছে যে বলতে পারবে না সে হেরে যাবে। তাদের এক বন্ধু নামটা কিছুতে খেয়াল না করে হঠাৎ অতুল্য ঘোষের নাম করলেন। এত বড় সিনেমা হল, যেখানে পিন ড্রপ সাইলেন্স এই কথা শুনে সকলেই হো হো করে হেসে ফেললেন। এই যে বুদ্ধিজীবিদের বিরাট ইণ্ডিকেসান কে গদি দখল করবে সেটা "অরণ্যের দিনরাত্র" দেখেই বুঝতে পারা যাচ্ছে। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ ইদরিস আলি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে যেটা আমার প্রথমে দৃষ্টিতে আসে তা হল এই যে, এই ভাষণ রচিত হয়েছে যুক্তফ্রন্ট সরকারের ব্যর্থতা, অপদার্থতা এবং দুরভিসন্ধিমূলক পার্টিবাজি, শরীকি সংঘর্ষ, যার ফলশ্রুতিতে সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি বিপন্ন। এই অস্বস্তিকর পরিস্থিতি ঢাকবার অপচেষ্টার জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় আজ লুট, ধানচুরি, মাছের ভেড়ি লুঠ, ব্যাংক ডাকাতি, ট্রেনের ওয়াগান ভাঙ্গা, বাড়ী লুট, দোকান লুট, খুন, জখম, রাহাজানি, ছিনতাই, নারীধর্ষণ, ঘেরাও, অগ্নিসংযোগ, ট্রেন আটক ইত্যাদি যুক্তফ্রন্ট সরকারের দৈনন্দিন কর্মসূচি। মহামান্য রাজ্যপালের ভাষণের চার দফায় বলা হয়েছে যে বর্তমান যুক্তফ্রন্ট সরকার চৌদ্দটি সম্মিলিত রাজনৈতিক দলের অভিনব পরীক্ষা। এই অভিনব পরীক্ষার কর্মসূচীর হাত থেকে আমাদের মাননীয় স্পীকার মহাশয়, অব্যাহতি পাননি। কিছু দিন আগে এই এ্যাসেমব্লিতে পুলিশ এ্যাটাক করলে মাননীয় স্পীকার, যিনি ঐতিহাসিক রুলিং দিয়েছেন বলিয়া প্রচার করেন তিনি কোন রকমে মুষিকের মত লাফ দিয়ে ডাঃ জয়নাল আবেদিনের ঘাড়ে চেপে চম্পট দিয়েছিলেন। আমরা জানি এইটা চৌদ্দটি দলের অভিনব পরীক্ষা। উপাধ্যক্ষ মহাশয়, গত ২১শে জানুয়ারী এ্যাসেম্বলী হাউসের মধ্যে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীকে সি, পি, আই, এম, কর্মীরা আক্রমণ করেছিল। ওটাও এই ১৪টি রাজনৈতিক দলের অভিনব পরীক্ষা। বাংলাদেশের লোক এই পরীক্ষার হাত থেকে অব্যাহতি চায়। যতদিন না এর থেকে অব্যাহতি পায়, ততদিন তাদের বাঁচার পথ নেই। আজ

জনসাধারণ ত্রাহি ত্রাহি রব ছেড়েছে। ১৪টি রাজনৈতিক দলের এই অভিনব পরীক্ষা আর যাতে চালান না হয় সেইজন্য বাংলার জনগণের পক্ষ হইতে অনুরোধ করছি। মাননীয় উপাধ্যক্ষ্য মহাশয়, রাজ্যপালের ভাষণে উন্নয়নমূলক বলে যে সমস্ত বিভিন্ন ঘটনার উল্লেখ করা হয়েছে, তাতে বাংলাদেশের জনসাধারণকে ধাপ্পা দেওয়া হয়েছে। যার ফাঁক দিয়ে উঁকি মেরে সরকারের ব্যর্থতা পরিস্ফুট হয়েছে। আমি আর কয়েকটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। ভাষণের ২২ দফায় বিচার বিভাগীয় প্রসাশনের কথা বলা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনিও একজন বিশিষ্ট ব্যবহারজীবি; আপনি জানেন যে বিচার বিভাগীয় প্রশাশন যেভাবে চলেছে, যার ফলে বাংলাদেশের কোন জায়গায় কেহই বিচার পাচ্ছেন না। মার্ডার কেশ, চুরি, ডাকাতি, ইত্যাদি গুরুত্বপূর্ণ ফৌজদারী কেস উইথড্র করে নেওয়া হচ্ছে। এবং কোন এস, এল, আর, ও, কোর্টে বিচার পাওয়া যাচ্ছে না। টাকা উঠানোর জন্য দরখাস্ত করলেও ৬মাসের মধ্যে অর্ডার হচ্ছে না। যেহেতু যুক্তফ্রন্ট সরকারের নির্দেশ এস, এল, আর, ও, মহাশয়ের মুখ্য কাজ জমি বণ্টন। জমি বিলি করা হচ্ছে কিন্তু কমিউনিস্ট পার্টির সমর্থকদের মধ্যে যারা সরকারের বৃহত্তম শরীক। পরিষ্কার পার্টিবাজি করছে। মুর্শিদাবাদ জেলায় যে সমস্ত, খাসজমি বণ্টন করা হয়েছে তার চৌদ্দ আনার বেশী জমি দেওয়া হয়েছে কমিউনিস্ট পার্টির ওয়ারকার বা সমর্থকদের। যুক্তফ্রন্ট সরকার দেশে অসহনীয় অবস্থার সৃষ্টি করে তুলেছে। জনস্বাস্থ্যের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে হাসপাতাল আছে তো ঔষধ নাই। রুগী ছটফট করছে। মুর্শিদাবাদ জেলার সদর হাসপাতাল বহরমপুর। সেখানে ডিপথেরিয়া এবং টিটেনাস রোগের চিকিৎসা করা হইয়া থাকে। বর্ষাকালে যখন প্রচুর পরিমাণে ডিপথেরিয় রোগে শিশুরা আক্রান্ত হতে লাগল তখন বহরমপুর হাসপাতালে উপযুক্ত প্রয়োজনীয় ঔষধ ও ইনজেকসান না থাকায় রুগীরা বিনা চিকিৎসায় হাসপাতালে ভর্তি হয়ে গরু ছাগলের মত মারা গিয়াছে। যুক্তফ্রন্টের অভিনব পরীক্ষার ফলে স্বাস্থ্যবিভাগও সাংঘাতিকভাবে বিপর্যয়গ্রস্থ হয়েছে।

[6-15—6-25 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মুর্শিদাবাদ শহরে একটা টুরিষ্ট লজ করার প্ল্যান যুক্তফ্রন্ট সরকার নিয়েছিলেন এবং সেই বাবদে যুক্তফ্রন্ট সরকারের অন্যতম শরিক বলশেভিক পার্টির বরদা মুকুটমনি যিনি পর্য্যটনমন্ত্রী ছিলেন কয়েকদফা লালবাগে গিয়েছেন এবং বেশ মোটা টি, এ, নিয়েছেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, সে সম্বন্ধে কোন রিপোর্ট নেই, সরকারী ভাষণে কোন আভাষ নাই। বরদা মুকুটমনি মহাশয়, এইসভার সদস্য না থাকায় তিনি পদত্যাগ করে চলে গিয়েছেন। যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচী ছিল, কিন্তু রাজপালের ভাষণে দেখছি তার মধ্যে ৩১ দফা, এক দফা কম। আর এক দফা জুড়ে দিলেই ফ্রন্টসরকারের কর্মসুচীর সংখ্যার সঙ্গে মিলে যেত। এবং এই ভাষণ থেকে মনে হচ্ছে বরদা মুকুটমনি বিদায় নিয়েছেন এবং সঙ্গে নিয়ে গিয়েছেন পর্যটন বিভাগ সেইজন্য ঐ সম্বন্ধে উল্লেখ করা হয়নি। এটাও ১৪টি রাজনৈতিক দলের অভিনব পরীক্ষা। এই পরীক্ষা যত শীঘ্র বন্ধ হয় ততই দেশের মঙ্গল। এই কথা বলে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন আমি তার বিরোধিতা করছি।

**শ্রীকুমুদ রঞ্জন মণ্ডল:** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি। কিন্তু তার ভাষণে কিছু ক্রটি বিচ্যুতি থাকার জন্য আমি সমালোচনা করতে বাধ্য হচ্ছি। তবে সরকারের যে প্রগতিশীল কার্য্যকলাপ তিনি লক্ষ্য করেছেন আমি সে মতকে যথেষ্ট সমর্থন করছি। তবে বাংলাদেশের আইন শৃঙ্খলার প্রকৃত যে চিত্র যে অবস্থা তা তাঁর বক্তৃতার মধ্যে স্থান পায়নি। অবশ্য আমরা দেখেছি যে কংগ্রেসের তরফ থেকে বলা হয়েছে দেশে কিছু নেই, মানুষ চলতে পারে না, গাড়ী ঘোড়া চলতে পারে না—সব বন্ধ হয়ে গিয়েছে। ওদের চেঁচামেচির যথেষ্ট কারণ আছে সত্যি। বেআইনীভাবে জমি রাখা হয়েছিল সেগুলো নিয়ে নেওয়া হয়েছে, বেআইনীভাবে ভেড়ী রাখা হয়েছিল সেগুলো নিয়ে নেওয়া হয়েছে, ধান বেআইনীভাবে

মাথা হত দেওলা দিয়ে দেওয়া হয়েছে। তবে একথাও ঠিক যে যদি কোন সভ্য মনে করেন যে আইন শৃঙ্খলার অবনতি হয় নি আদৌ আমি তার সংগে একমত নই।

( কংগ্রেস তরফ হইতে :—সাধু, সাধু। )

"সাধু" আপনাদের কাছ থেকে শুনতে চাই না। কারণ হল এই যে যুক্তফ্রণ্টের মধ্যে যে সব শরিক আছে সেই শরিকের নেতাদের কাছে যে সব বক্তৃতা আমরা শুনেছি সেখান থেকে প্রমাণ হয়ে যায় যে দেশের আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে। আমরা দেখেছি যে যুক্তফ্রণ্টের অন্যতম মন্ত্রী সুবোধবাবু বললেন যে, জ্যোতিবাবু পুলিশ উঠিয়ে নিন পাঞ্জা কষাকষি করে দেখি কার কত ক্ষমতা আছে। আলিপুরদুয়ারের ঘটনায় দেখেছি অন্যতম মন্ত্রী ননীবাবু বলেছেন যে পুলিশ নিরপেক্ষ দৃষ্টিভংগী রাখছে না এবং মানুষের উপর অত্যাচার করেছে এবং সেখানে দশ বারোজনের প্রাণ নষ্ট হয়েছে। এ থেকে প্রমাণ হয়ে যায় আইন শৃঙ্খলার অবমতি যে হয়নি একথা বলতে পারি না। তবে কংগ্রেস যে কথা বলছেন দেশে আর কিছু নেই সেটা ঠিক নয়। আমি দক্ষিণ ২৪-পরগণার কয়েকটি ঘটনা আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই। ক্যানিং, বাসন্তী ও গোসবা এলাকায় এক ভীষণ অরাজকতা সৃষ্টি হয়েছে। সুন্দরবন অঞ্চলের যারা গরীব চাষী, যারা ২।৪।৭ বিঘা জমির মালিক তারা ঘরে তাদের ধান আনতে পারছে না—রাস্তাঘাটে সে সমস্ত লুট করে নিয়ে যাওয়া হচ্ছে। স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে প্রতিকার হচ্ছে না। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ২।৫ বিঘা জমির চাষীরা মাত্র ২।৩ মাইল দূর থেকে ধান নিয়ে যেতে পারছে না। আমরা জানি যুক্তফ্রণ্ট সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ছোট, মাঝারী, মধ্যবিত্ত মানুষেরা এই সরকারর দ্বারা উপকৃত হবেন, কিন্তু এখন দেখছি তা হচ্ছেন না। আমি বলছি সরকারের মধ্যে যে বিশৃঙ্খলা দেখা দিয়েছে তাকে কেন্দ্র করেই এই সব ঘটনা হচ্ছে। আমি বলব আপনারা পুর্বে যে প্রতিশ্রুতি দিয়াছিলেন যে সেই প্রতিশ্রুতি পালন করে যাতে যুক্তফ্রণ্ট সরকার শক্ত হয় সেই ব্যবস্থা করুন। বারুইপুরে দেখেছি পুলিশ Super ও জেলাশাসকের সামনে ৮০।৯০ খানা বস্তীর ঘর পুড়িয়ে দেওয়া হয়েছে। এবিষয়ে পুলিশের দৃষ্টি আকর্ষণ করে কিছু হয়নি। ডলেয়ায় যুদ্ধ declere করা হল যে অমুক দিন সেখানে যুদ্ধ হবে। বন্দুক আর গুলির বৃষ্টি সেখানে হল। অথচ পুলিশ সেখানে দাড়িয়ে সব দেখল। রাজ্যপালের ভাষণে আইন শৃঙ্খলার কোন স্থান নেই। আমরা ধর্মবীরকে বলেছিলাম তিনি অন্যায় করেছেন, মিথ্যার আশ্রয় নিয়েছেন। আমাদের রাজ্যপালও যদি সত্যের অপলাপ করেন তাহলে তিনিও একদিন মিথ্যাবাদী হয়ে যাবেন এবং বাংলাদেশ ছেড়ে চলে যাবেন।

**শ্রীকালীপদ মণ্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশ গ্রহণ করতে উঠে সর্বপ্রথমে একটা কথা না বলে আমি পারছি না। এই ভাষণে সরকারের বিভিন্ন বিভাগের কৃতিত্বের পরিচয় বিশেষ ভাবে দেখা হয়েছে। কিন্তু এই সরকারের পূর্ত্ত বিভাগ গত ৯ মাস ধরে বাংলাদেশের বুক থেকে বিদেশী শাসকদের যে সব মূর্তিগুলি অপসারণ করেছে এবং বাংলাদেশের ঐতিহাসিক স্থানগুলি সংরক্ষণের যে ব্যবস্থা করেছেন এবং সঙ্গে সঙ্গে প্রাচীন মসজিদ, মন্দিরগুলি সংরক্ষণের যে ব্যবস্থা করেছেন সেটা বাংলাদেশের সরকারের কৃতিত্বের একটা পরিচয়, কিন্তু রাজ্যপালের ভাষণে এসম্পর্কে একটা কথা বলা নেই। এটা যদি থাকতো তাহলে এই ভাষণ আরও সুন্দর ও সুষ্ঠু হোত।

[ 6-25—6-35 p.m. ]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বিভিন্ন বিভাগের কৃতিত্বের কথা বলা হয়েছে, তারমধ্যে সর্ব্বপ্রথম বাংলাদেশে কৃষি ব্যবস্থার যে উন্নতি হয়েছে—দুই বছরের যে লক্ষ্য সেই লক্ষ্য প্রথম বছরেই ৬০ লক্ষ মেট্রিক টনে পৌছে গিয়েছে এবং আগামী দুই বছরের লক্ষ্য যেটা সেটায় পুর্ণমাত্রায় পৌছাবে এই আশা প্রকাশ করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের নেতা

শ্রীসিদ্ধার্থবাবু তাঁর সুদীর্ঘ ভাষণের মধ্যে দিয়ে শুধু স্বরাষ্ট্র বিভাগের ব্যর্থতার কথা বলেছেন, অন্যদিকে সরকার যে সাফল্য অর্জন করেছে তার কথা উল্লেখ করেননি। আজকে ১১ মাসের শাসনের মধ্যে ৩ লক্ষ একর বেনামী জমি উদ্ধার করে ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করা হয়েছে এ সম্বন্ধে একটা কথাও বলেননি। এই জমি বন্টনের ব্যাপারে বিভিন্ন জায়গায় জবরদস্তি, জুলুমবাজী হয়েছে রাজ্যপালের ভাষণের মধ্যে এটার উল্লেখ দেখতে পাচ্ছিনা, এটা থাকলে ভাল হতো। বাংলাদেশের বেকার সমস্যার কথা রাজ্যপাল স্বীকার করেছেন। কিন্তু এই বেকার সমস্যা সমাধান করতে হলে তার যে পথনির্দেশ; বাংলাদেশে (অন্যান্য) নূতন নূতন শিল্প গড়ে উঠা, তার সম্ভাবনা রয়েছে এ বছর সেই শিল্প কেন গড়ে উঠেনি এবং তিনি যদি তার পথনির্দেশ দিতে পারতেন তাহলে বাংলাদেশে যে ৫০ লক্ষ বেকার আছে তাদের মনে অন্ততঃ একটু আশার আলো দেখাতে পারতেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন; পুলিশের কাজ ও কর্মপদ্ধতি সম্পর্কিত অভিযোগের মোকাবিলা করতে অধিকতর প্রয়াস করতে হবে—আমার সরকার সেকথা জানেন এবং আইন শৃঙ্খলা রক্ষার জন্য, অপরাধ নিবারণের জন্য জনসাধারণ ও সকল সম্প্রদায়ের অধিকার সংরক্ষণের জন্য এবং সাধারণভাবে জনসাধারণের স্বার্থে সর্বপ্রয়োজনে কাজ করার জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। আমি বুঝতে পারি না রাজ্যপাল আবার নূতন করে নির্দেশ তাঁর ভাষণের মধ্যে কেন দিলেন। তাহলে কি একথা সত্য যে, যে কাজের জন্য পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছিল সেগুলি তারা ঠিকভাবে করছেনা, স্বরাষ্ট্র বিভাগের যে ব্যর্থতা রয়েছে তার জন্য আবার নূতন করে স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে? আমরা দেখছি পুলিশকে জনসাধারণের স্বার্থে কাজ করতে বলা হয়েছে। আজকে সারা পশ্চিমবাংলায়, তরাই থেকে আরম্ভ করে ২৪-পরগণা, বর্দ্ধমান, এমন কি কলকাতায় পুলিশ বিভাগের ব্যর্থতা কিছু কিছু ধরা পড়েছে এটা ত অস্বীকার করার উপায় নেই। ভাষণের এক জায়গায় বলা হয়েছে যে, বড় অপরাধের সংখ্যা কমে গিয়েছে। তাহলে যে সমস্ত হত্যা হয়েছে, কলকাতার বুকের উপর, যে সমস্ত ডাকাতি হয়ে গেল তাহলে সেগুলি কি ছোট অপরাধ, সেগুলি কি বড় অপরাধ নয়? যাই হোক, বাংলাদেশের মানুষ যুক্তফ্রণ্ট সরকারের দ্বারা উপকৃত হবে এই আশা তাদের মধ্যে জেগেছিল কিন্তু আজকে আমাদের সরকারের কোন কোন বিভাগের কিছু কিছু ত্রুটি বিচ্যুতির জন্য মানুষের চোখে যুক্তফ্রণ্টের যে ইমেজ ছিল সেই ইমেজ আজকে নষ্ট হতে চলেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে একথা বলার কারণ যদি এই স্বরাষ্ট্র বিভাগ সঠিক ভাবে কাজ করতে পারতো তাহলে সাধারণ মানুষের মনের মধ্যে এই হতাশা উঁকি মারতে পারতো না, এই হতাশা আজকে দেখা দিতো না। আমি এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ্।

**শ্রীহরিপদ মুখার্জী:** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, ঐ বিরোধী দলে যারা বসে আছেন তাদের সমস্ত কথাবর্তা শুনে আমার একটা কথা মনে হচ্ছিল যে এদের কানু বিনা গীত নাই। আমি মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ প্রস্তাব এসেছে তার উপর সমর্থন করতে গিয়ে শুধু এই কথাই বলব যে ওঁরা যেভাবে এখানে হৈ চৈ সুরু করেছেন তাতে সত্যই আমাদের নিজেদের গর্বিত মনে হচ্ছে। যে শ্রেণীকে ওরা প্রতিনিধিত্ব করেন সেই শ্রেণীর উপর সত্যি সত্যি আঘাত এসেছে। আমরা জানি ঐ যে আইন শৃঙ্খলার কথা তোলা হচ্ছে কাদের আইন কাদের শৃঙ্খলা প্রশ্ন এখানে এসে যাচ্ছে। আমরা জানি শোষক শ্রেণী তাদের নিজেদের স্বার্থ রক্ষা করবার জন্য সেখানে যারা শোষিত হয় তাদের উপর সেই আইন কানুন প্রয়োগ করে। ওঁরা যে গণতন্ত্রের কথা বলছেন সমাজের ১০ জনের গণতন্ত্র, আর আমরা বলছি সমাজের ৯০ জনের গণতন্ত্র। তাতে যদি ঐ ১০ জনের কিছু অধিকার ক্ষুণ্ণ হয় আমরা তাতে নিশ্চয়ই কুণ্ঠিত হব না।

তাই এই ১১ মাস যুক্তফ্রন্ট শাসনের আমলে সর্বত্রই জাগরণ। ঐ যে পিছিয়ে পড়া চটকলের ২॥০ লক্ষ শ্রমিক তারা যুক্তফ্রন্টকে হাতিয়ার হিসাবে নিয়ে লড়াইয়ের ময়দানে নেমে ঐ জবরদস্ত চটকল মালিকদের যে সংগঠন আই, জে, এম, তার মধ্যে ফাটল ধরিয়ে দিয়েছে। ওরা কেন এত ব্যস্ত হয়ে পড়েছেন তা বুঝতে পারছি। ওদের নিচের তলায় মাটি সরে যাচ্ছে যত মেহনতী মানুষেরা ঐক্যবদ্ধ হচ্ছে, আর ওরাও সেই সংগে স্রোতের মধ্যে ভেসে যাচ্ছে। তাই ১১ মাস যুক্তফ্রন্টের আমলে বড় বড় শিল্পে বিরাট সংগ্রাম দেখলাম। ঐ চটকলে, ঐ চা-বাগানে, ঐ সুতাকলে, ঐ ইঞ্জিনিয়ারিং শিল্পে ওরা ওঁদের পায়ের তলায় মানুষকে আর আটকে রাখতে পারছেন না। ফলে ঐ লাল ঝাণ্ডার সঙ্গে তেরঙ্গা ঝাণ্ডা জুড়তে হয়েছে। সেখানে যুক্তফ্রন্টকে সংগ্রামের হাতিয়ার হিসাবে নিয়ে পশ্চিমবাংলার মেহনতী মানুষ সংগ্রামের দিকে এগিয়ে চলেছে এবং জয়ের পর জয়লাভ করছে। আর ঐ যদি গ্রামের দিকে তাকান তাহলে দেখবেন ঐ জমিদারী বিল করে পাশ হয়ে গেছে। এতদিন ধরে ৭৫ বিঘার বেশী তাদের হাতে জমি তারা ভোগ করছিল, তাদের হাত থেকে নেন নি, বরঞ্চ তাদেরই মন্ত্রীরা বা মন্ত্রীর আত্মীয়রা ঐ সোনার ফসলের ক্ষেতে নোনাজল ঢুকিয়ে, মেছো ভেড়ী করে নিজেরা মুনাফা লুটছিলেন। আর আজ যুক্তফ্রন্টের আমলে শুধু আমলাতন্ত্রের উপর ভরসা করে নয়, সেই সমস্ত মেহনতী মানুষ জনসাধারণকে ডাক দিয়েছে, কৃষকদের ডাক দিয়েছে, তারা এগিয়ে এসেছে, তাদের সম্মিলিত প্রচেষ্টায় আজ ঐ জমিচোরদের হাত থেকে জমি বের করে নিয়েছে এবং তার ফলে এদের মধ্যে এত আর্তনাদ উঠেছে। আজকে দেখুন বর্দ্ধমানের চৈতন্যপুরের ঐ জমিদাররা ভেবেছিল যে পুরানো আমল এখন বুঝি আছে, এখন তাদের হাতে বন্দুক, গুলি করে কৃষকদের রক্তে মাটি রাঙিয়ে দিয়ে তারা ঐ সংগ্রামী কৃষকদের হটিয়ে দেবে, কিন্তু পারে নি। সেই সংগ্রামী কৃষকরা রক্তের শপথ নিয়ে এই চোরাই জমি দখল করে নিয়েছে এবং সেখানে সোনার ফসল ফলিয়েছে, আজ তাদের নিজেদের খামারে সেই ফসল তুলেছে। আমরা দেখছি সর্বত্র নতুন জাগরণ এসেছে। শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত, কেরানী, কর্মচারীদের মধ্যে সর্বত্রই এক নতুন জোয়ার এসেছে। এদের মধ্যে হয়ত কিছু কিছু বাড়াবাড়ি কোথাও হয়ে যেতে পারে। নিশ্চয়ই আমরা তার জন্য আত্মসন্তুষ্ট থাকবো না, আমরা নিজেদের দোষত্রুটিগুলি দেখতে ভুলব না। আমরা আত্মসমালোচনা করে সেই সমস্ত দোষত্রুটি দূর করবো, কিন্তু ওদের খুশীমত কোন কাজ আমরা নিশ্চয়ই করবো না, এ বিশ্বাস আমরা রাখি। ওরা বলছেন কেন্দ্রীয় সরকারের কথা বারেবারে ওঠে কেন।

[ 6-35—6-45 p.m. ]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি চন্দননগরের লোক—আমি জানি কত বড় বঞ্চনা, কত বড় ধাপ্পা ওখান থেকে কেন্দ্রীয় সরকার দিয়েছেন। চন্দননগরের জন্য যে ঝা কমিশন নিয়োগ করা হয়েছিল পণ্ডিত জওহরলাল নেহেরু পার্লামেন্টের ফ্লোরে বলেছিলেন এ টু জেড ঝা কমিশন-এর সমস্ত শর্তগুলি আমরা পূরণ করব। কিন্তু আমাদের চন্দননগরের ক্ষেত্রে একটাও কিছু পূরণ করা হয় নি—আজও সিউয়ারেজের টাকা আসে নি, আজও মিউনিসিপ্যালিটির নিম্নতম কর্মচারীদের বস্তীর জন্য কোন টাকা দেওয়া হয় নি। আজও আমরা গঙ্গার পারের ভাঙনগুলি দেখছি। আমার কনষ্টিটিউয়েন্সী চাঁপদানী, শেওড়াফুলিতে কি বিরাট ভাঙন হয়েছে—এখানে কি কেন্দ্রীয় সরকারের কোন দায়িত্ব নেই? এখানে শিক্ষার সমালোচনা করা হয়েছে। আজ যে আমরা অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়াবার সুযোগ দেবার একটা চেষ্টা করছি তাতে কেন্দ্রীয় সরকারের কি কোন দায়িত্ব নেই? কৈ তাঁরা তো সে কথা বলেন নি। তাঁরা অন্য কথা বলে চিৎকার করছেন। এতদিন ধরে ঐ স্কুলগুলিকে তাঁরা রাজনীতির আড্ডা করে রেখেছিলেন। আমি জানি, আমার কনস্টিটিউয়েন্সী শেওড়াফুলিতে ১৯৬৭ সালের নির্বাচনে ওঁদের শ্রীব্যোমকেশ মজুমদার সমস্ত স্কুলের হেড মাষ্টার, হেড মিস্ট্রেসদের বাধ্য করেছিলেন ওঁদের প্রচারপত্র বিলি করবার জন্য।

তখন তো রাজনীতির আড্ডা হচ্ছে বলে চিৎকার করেন নি। আজ ঘুঘুর বাসা যখন ভাঙা হচ্ছে তখন আঁতকে উঠছেন, চিৎকার করছেন, আর্তনাদ করছেন। কিন্তু আমি জানিয়ে রাখি এই সমস্ত ঘুঘুর বাসা ভাঙা হবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে ওঁদের আর্তনাদের কারণ জানি যে এর পরে নির্বাচনী বৈতরনী পার হবার জন্য যে ঘাটিগুলি করে রেখেছিলেন, গ্রামের সমস্ত স্কুলে, সেই সমস্ত স্কুলের প্রাথমিক শিক্ষকদের মধ্যে আজ নতুন চেতনা এসেছে, আজ ওঁদের এজেন্ট হিসাবে কাজ করতে আর কেউ রাজী হবেন না। আজকে তাঁরা আসছেন তাঁদের দাবী দাওয়া নিয়ে—আজ শিক্ষার দাবীকে জাতীয় দাবী হিসাবে প্রতিষ্ঠিত করে সত্যসত্যই শিক্ষা জগতে কিছু পরিবর্তন আনবার জন্য সর্বস্তরের শিক্ষক, ছাত্র, জনসাধারণ সবাই আসছে—তাই কি ওঁরা আঁতকে উঠছেন এবং বলছেন শিক্ষাপ্রতিষ্ঠানগুলি রাজনীতির ঘাঁটি হয়ে যাচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, উদ্বাস্তুদের অবস্থা আমরা জানি। আমার এলাকায় যে সমস্ত উদ্বাস্তু এলাকা আছে সেখানে জলের অভাব—সেখানে কিছু ব্যবস্থা করবার জন্য রাজ্য সরকারের কাছে দরবার করেছি, তাদের কাছে অর্থ নেই। এই উদ্বাস্তু সমস্যা কারা সৃষ্টি করেছে? কেন্দ্রীয় সরকারের এই উদ্বাস্তু সমস্যা সমাধানের কি কোন দায়িত্ব নেই? আজ বলছেন আমাদের যতটুকুন কর্তব্য ছিল তা করা হয়ে গেছে। আজকে বিভিন্ন মিউনিসিপ্যাল এলাকাগুলিতে কি অবস্থা আমরা দেখছি। সেখানে উদ্বাস্তুরা ট্যাক্স দিতে পারে না। একেই তো স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির অবস্থা খুব খারাপ। তাদের অর্থাভাব—সেই অর্থাভাবের মধ্যে আবার যদি তারা ট্যাক্স না পায় এবং ডেভলপমেণ্ট ওয়ার্ক তাদের কিছু করতে হয় তাহলে তা করবার মত সাধ্য মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের নেই। আমরা দেখেছি এই মিউনিসিপ্যালিটি ও কর্পোরেশানগুলিকে তারা কি রকমভাবে চুরির ঘাঁটি করে রেখেছিলেন। আমার কনষ্টিটিউয়েন্সীতে বস্তিবাটি মিউনিসিপ্যালিটির স্পেশাল অডিট রিপোর্ট দেখেছি, সেখানে বলা হয়েছে একেবারে বে-আইনীভাবে চুরি, রাহাজানি এই সমস্তগুলি ঐ মিউনিসিপ্যালিটির মধ্যে ঘটেছে। সেখানে একটা ডিম্যাণ্ড রেজিষ্টার নেই। সেখানকার এখন যে যুক্তফ্রন্ট বোর্ড রয়েছে সেই বোর্ড মানুষের কাছে ট্যাক্স চাইবে অথচ কোন হিসাব দিতে পারে না। এই রকম সেখানে অবস্থা। সেখানে একই কাজের জন্য দুবার টাকা তাঁরা দিয়েছেন। তাঁরা এই সব দিকে কিছুই দেখেন না, যদিও অডিট রিপোর্টে সেদিকে দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল। তাই এই যে চিত্র আমরা দেখছি এর মধ্যে পশ্চিমবাংলার সংগ্রামী মানুষরা এগিয়ে চলেছে। আজকে ঐ কৃষকরা ৩০ কোটি টাকার ফসল জোতদারদের কাছ থেকে আদায় করেছে। বাংলাদেশের সংগ্রামী শ্রমিকরা তাই আজকে ৫০ কোটি টাকা অনিচ্ছুক মালিকদের হাত থেকে আদায় করেছে এবং শ্রমিকরা আজ যে সংগ্রামের মধ্য দিয়ে সাফল্য লাভ করেছে সেই সংগ্রাম থেকে ওদের মুখ কেউ ফেরাতে পারবে না, কোন শক্তি নেই আজকে ওদের সংগ্রামকে ব্যাহত করে। তাই পরিশেষে আমি আবার রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহারুন অল রসিদ**ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তার সমালোচনা করতে গিয়ে প্রথমেই আমি বলতে বাধ্য হচ্ছি যে এটা একটা মামুলী ভাষণ, এর নূতনত্ব কিছু নেই। এই ভাষণের মধ্যে পশ্চিবাংলার মুসলিম সম্প্রদায়ের মধ্যে নিরাশা সৃষ্টি করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত মার্চ মাস হইতে ১৯৭০ সালের জানুয়ারী পর্যন্ত বিভিন্ন জায়গায় বিশেষ করে তেলিনীপাড়া, টিটাগড়, হরিহরপুর, জগদ্দল ও সাঁকরাইলের সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামায় বহু মুসলিম প্রাণ হারিয়েছে, তাদের লক্ষ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়েছে। কিন্তু দুঃখের বিষয় মাননীয় রাজ্যপালের ভাষণে সেই সমস্ত মৃত্যুর জন্য কোথাও দুঃখ প্রকাশ করা হয়নি এবং তাদের আত্মীয় স্বজনকে সান্তনা দেওয়া হয়নি। তাদের ক্ষতিপূরণ দিয়েছেন, কিন্তু তিনি কোন সুস্পষ্ট উল্লেখ করেন নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

গত মার্চ মাসের বর্ষাকালীন অধিবেশনে আমি এই হাউসে তুলে ধরেছিলাম যে মুসলিম সম্প্রদায়কে তৃতীয় শ্রেণীর নাগরিক হিসাবে পরিণত করা হয়েছে। তাদের কপালে যে কলঙ্কের টিকা দেওয়া হয়েছে সে কলঙ্কের টিকা মুছে ফেলবার জন্য আমি এই হাউসে দাবী জানিয়েছিলাম। আপনারাজানেন মুসমিল সম্প্রদায়ের নাগরিকদের জমিজমা বিক্রী করতে গেলে তারা এই দেশের নাগরিক কিনা তার প্রমাণস্বরূপ তাদের সিটিজেনসিপ সার্টিফিকেট দেবার ব্যবস্থা ছিল। আমরা দৃঢ়ভাবে এই হাউসের সামনে তার প্রতিবাদ করেছিলাম। তার ফলে এখন জমিজমা বিক্রী করার ক্ষেত্রে নাগরিকত্বের সার্টিফিকেট তুলে দেওয়া হয়েছে বটে, কিন্তু ডিউ টু এ্যাবলিসন অব ফরম্যাল সেটেলমেণ্ট-এর জন্য কমপেনসেসনের যে অধিকারী তারা হয়েছে সেই কমপেনসেসনের টাকা তুলবার জন্য আজ তাদের সেই সার্টিফিকেট প্রথা আবার বহাল হয়ে গেছে বা সার্টিফিকেট দিতে হয়। আমি দেখছি আমার কেন্দ্রের বহু মুসলিম ভাই সেই ক্ষতিপূরণের টাকা পাচ্ছে, আমি তাদের সিগনেচার এ্যাটেস্টেট করে দিলে। আমি অন্ততঃ পক্ষে ডেলি ১৫।২০টি সার্টিফিকেট তাদের জন্য দিই। আমি ডিষ্ট্রিক্ট কমপেনসেসান অফিসে এটার প্রতিবাদ করে পাঠিয়েছিলাম। তারা বলেছেন আমাদের কাছে এমন কোন সারকুলার আসেনি। আমি সেই জন্য ভূমি ও ভূমি-রাজস্ব মন্ত্রীর কাছে দেখা করতে গিয়েছিলাম। তিনি বললেন যে আমি শীঘ্রই এর জন্য সারকুলার দিচ্ছি, কিন্তু দুঃখের বিষয় এখন পর্যন্ত সেই সারকুলার দেওয়া হয়নি।

[ 6-45-6-55-p.m ]

আমি আজকে দাবী জানাচ্ছি যে অতিশীঘ্র এই প্রথা তুলে দেওয়া হোক। স্যার, ভারতীয় সংবিধানে হিন্দু, মুসলমান, জৈন, খৃষ্টান, বৌদ্ধ সকলকে ধর্মীয় ক্ষেত্রে সমান অধিকার দিয়েছে কিন্তু অত্যন্ত দুঃখ এবং লজ্জার সঙ্গে জানাচ্ছি যে মুসলমান সম্প্রদায়কে ঠিক পূর্ণ ধর্মীয় অধিকার দেওয়া হয়নি। মাননীয় পরিষদীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে তিনি আমাদের একটা দাবী মেনে নিয়েছেন ১৮।১৭।১৮ তারিখের ব্যাপারে কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে আজও মুসলমান সম্প্রদায়কে কোরবানী করতে গেলে থানা থেকে বা মিউনিসিপ্যাল অথরিটি থেকে পারমিট নেবার প্রথা প্রচলিত আছে। সেই পারমিট না নিলে কোরবানী থেকে বঞ্চিত করা হয়। আমি স্যার, আপনার মাধ্যমে যুক্তফ্রণ্ট সরকারের কাছে দাবী জানাচ্ছি যে যেন এই বৎসর থেকে পারমিট প্রথা তুলে দেওয়া হয়। তারপরে স্যার, গত মার্চের অধিবেশনে আমি এই হাউসে বলেছিলাম যে কোলকাতা ও শহরতলী এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে প্রায় ৪০০ মসজিদ অপবিত্র হয়ে আছে—মুসলমানদের হস্তচ্যুত হয়ে আছে, সেই মসজিদগুলি যেন পুনরুদ্ধার করা হয় এবং পবিত্রতা রক্ষা করবার সুব্যবস্থা করা হয়। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি মাননীয় রাজ্যপালের ভাষণে এইসব মসজিদের পবিত্রতা রক্ষা করবার জন্য কোন ব্যবস্থা অবলম্বনের উল্লেখ নেই। তারপরে স্যার, গত বর্ষার অধিবেশনে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে প্রশ্ন করছিলাম যে পশ্চিমবঙ্গের বিভিন্ন মেডিক্যাল কলেজে প্রিমেডিক্যাল ক্লাসে মোট কত সংখ্যক মুসলমান ছাত্রকে ভর্তি করা হয়েছে। ৫টি কলেজের মধ্যে ৯টি ছাত্রকে ভর্তি করা হয়। স্যার, মুসলমান সম্প্রদায় এডুকেশন্যালী ব্যাকওয়ার্ড ক্লাস। এদের শিক্ষার দিকে সুযোগসুবিধা কিভাবে দেওয়া হবে সেটা মাননীয় রাজ্যপালের ভাষনে নেই। যদি একটা ক্লাসকে এই ভাবে সুকৌশলে শিক্ষার ক্ষেত্র থেকে বঞ্চিত করা হয় তাহলে অদূরভবিষ্যতে এই সম্প্রদায়ের মেরুদণ্ড ভেঙ্গে পড়বে। মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং যুক্তফ্রণ্ট সরকারকে অনুরোধ জানাবো যেন এই ব্যাকওয়ার্ড ক্লাসের মুসলমানদের মেডিক্যাল কলেজে ভর্তি হবার ঠিক সুযোগসুবিধা দেওয়া হয়। স্যার, গত বর্ষার অধিবেশনে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী এই হাউসে জানিয়েছিলেন যে মুসলমান সম্প্রদায় থেকে কিছু লোক আমরা পুলিশ ডিপার্টমেন্টে রিক্রুট করবো কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে আমরা কোথাও দেখতে পেলাম না যে এই সম্প্রদায়ের কত পারসেন্ট লোক পুলিশ বিভাগ, প্রশাসন বিভাগ বা

অন্যান্য বিভাগে নেওয়া হবে। মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে যুক্তফ্রণ্ট সরকারকে অনুরোধ জানাচ্ছি যে তারা যেন তাদের প্রতি সুবিচার করেন। সব শেষে যে এ্যামেণ্ডমেণ্ট সেগুলি সমর্থন করে এবং এই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমালোচনা করে শেষ করছি।

**শ্রীমতী পারুল সাহা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে যুক্তফ্রণ্টের আমলে পশ্চিমবঙ্গে যুক্তফ্রণ্ট সরকারের সাফল্য এবং তার লক্ষ্যের কথা ঘোষিত হলেও পশ্চিমবঙ্গের বর্তমান অবস্থার সামগ্রিক এবং বাস্তব চিত্র প্রতিফলিত হয়নি। মন্ত্রিমণ্ডলী রাজ্যপালের ভাষণকে অনুমোদন করেছেন। কিন্তু আমরা জানি যে আমাদের সর্ববৃহৎ শরিকদল, মার্কসবাদী পার্টির চাপ সৃষ্টির ফলেই পশ্চিমবঙ্গের সামগ্রিক এবং বাস্তবচিত্র রাজ্যপালের ভাষণে ঠাঁই পায়নি। কারণ, যদি সামগ্রিক এবং বাস্তবচিত্র প্রতিফলিত হয় তাহলে মার্কসিষ্ট পার্টির দলীয় স্বার্থে যুক্তফ্রণ্টকে ব্যবহার করার চিত্র প্রকাশিত হয়ে পড়বে। আমরা জনসাধারণের ভোট নিয়েছিলাম যুক্তফ্রণ্ট হিসাবে এবং যুক্তফ্রণ্টের ৩২ দফা কর্মসূচীকে বাস্তবে রূপদান করবো এই প্রতিশ্রুতি দিয়ে। কিন্তু নির্বাচনে জয়ী হয়ে এই সর্ববৃহৎ শরিকদল মার্কসিষ্ট পার্টি নিজেদের দলীয় স্বার্থে যুক্তফ্রণ্টকে ব্যবহার করে এসেছেন। তার ফলে যুক্তফ্রণ্ট সরকার বিভিন্ন ক্ষেত্রে অনেক সাফল্য লাভ করা সত্বেও যতটুকু সাফল্য লাভ করতে পারতেন ততটুকু পারেননি, ৩২ দফা কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রে অনেক বাধার সৃষ্টি হয়েছে এবং যুক্তফ্রণ্টের ভাবধারা বা ভাবমূর্তি কলুষিত হয়েছে। আমরা সরকারে আছি তাই অত্যন্ত দুঃখের সংগে হলেও রাজ্যপালের এই ভাষণকে সমর্থন জানাতে হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের বর্তমান শিক্ষাক্ষেত্রে যে অরাজকতা সৃষ্টি হয়েছে সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রী দলের স্বার্থে শিক্ষা দপ্তর ব্যবহার করার ফলে পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে এক চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে। আমি বিশেষ জোর দিয়েই বলতে চাই শিক্ষা মন্ত্রীর দলীয় স্বার্থে শিক্ষা দপ্তরকে ব্যবহার করার ফলে শিক্ষা ক্ষেত্রে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে এবং বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়েছে। এই সমস্যাগুলির মধ্যে অন্যতম প্রধান সমস্যা হচ্ছে বিদ্যালয়ে 'ঘেরাও'। আমরা যেখানে শিক্ষকদের চাকুরীর নিরাপত্তা বৃদ্ধি ও সুনিশ্চিত করার জন্য এবং পরিচালনা সমিতিকে দুর্নীতি মুক্ত করার জন্য আইন রচনা করেছি সেখানে এই 'ঘেরাও'র ফলে বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি হচ্ছে, বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নষ্ট হচ্ছে, শিক্ষকদের চাকুরীর নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। কংগ্রেস আমলে পরিচালনা সমিতি নিজেদের খেয়াল খুসিমত বিদ্যালয় পরিচালনা করতেন এবং শিক্ষকদের বরখাস্ত করতেন। আমরা সংগ্রামী শিক্ষক হিসাবে এ, বি, টি, এ,-এর নেতৃত্বে ঐ সমস্ত দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ ও সংগ্রাম করেছি। অত্যন্ত লজ্জার কথা, ক্ষোভের কথা হলেও আমি বলতে বাধ্য হচ্ছি যে এ, বি, টি, এ,-এর নেতা, বর্তমান শিক্ষামন্ত্রী মহাশয়ের আমলেই বিশেষ এক স্বার্থান্বেষী মহলের বে-আইনী 'ঘেরাও' এবং জুলুমের ফলে পশ্চিমবঙ্গের ৫০ জনের বেশী শিক্ষক শিক্ষিকা পদত্যাগ পত্রে সই করতে বাধ্য হয়েছে। এই শিক্ষক শিক্ষিকারা যখন 'ঘেরাও' হয়েছিলেন তখন স্বরাষ্ট্র দপ্তর থেকে সাহায্য চেয়েছিলেন কিন্তু স্বরাষ্ট্র মন্ত্রী দলের স্বার্থে ঐ সমস্ত শিক্ষক-শিক্ষিকাদের রক্ষা করার জন্য পুলিশ প্রেরণ করেননি। আমি একথা বলিনা যে শিক্ষক-শিক্ষিকারা যদি অন্যায় করে থাকেন, তাঁরা যদি দুর্নীতিপরায়ণ হয়ে থাকেন তাহলে তাঁদের বিরুদ্ধে কোন শাস্তির ব্যবস্থা করা হবে না, সে জন্য সরকার নিশ্চয়ই বিভাগীয় ব্যবস্থা নিতে পারেন। কিন্তু সংকীর্ণ দলীয় স্বার্থ সিদ্ধির উদ্দেশ্যে নিজের দলের লোকদের লেলিয়ে দিয়ে 'ঘেরাও' করিয়ে শিক্ষক-শিক্ষিকাদের জব্দ করার, অপমানিত, লাঞ্ছিত, ও নির্যাতিত করার নাম কি গণতান্ত্রিক আন্দোলন? শিক্ষামন্ত্রী বলেছিলেন যে 'বিদ্যালয়ে 'ঘেরাও' অন্যায়, অথচ আমরা বারবার বলেছি যে বিদ্যালয় ঘেরাও বে-আইনী বলে ঘোষণা করা হোক। কিন্তু তা করা হয়নি। তা' করা হলে তাঁর দলের স্বার্থ ব্যাহত হবে। বর্তমান শিক্ষাদপ্তর যে মার্কসিষ্ট দলের শক্তিবৃদ্ধি করার জন্য ব্যবহৃত হচ্ছে তার আর একটি প্রকৃষ্ট প্রমাণ হচ্ছে কলেজের Governing body গুলিতে শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার মানদণ্ডে অনুপযুক্ত তাঁদের দলের লোকদের সরকার-

মনোনীত সদস্য হিসাবে প্রতিষ্ঠিত করা। আমরা কংগ্রেস আমলে এই Governing body গুলীতে শিক্ষার সংগে সংশ্লিষ্ট নন এমন ব্যক্তিদের nominee করার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করেছি। অথচ দেখতে পাচ্ছি যে আমাদেরই যুক্তফ্রন্টের আমলে যেখানে আমরা জাতীয় শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের প্রতিশ্রুতি দিয়েছে, যেখানে আমরা একটা সুষ্ঠু শিক্ষা ব্যবস্থার প্রতিষ্ঠা করার প্রতিশ্রুতি দিয়েছে সেখানে Governing body গুলিতে একটা বিশেষ দলের লোক বলে শিক্ষার সংগে সংশ্লিষ্ট নন ও প্রকৃত শিক্ষানুরাগী নন—এক কথায় অযোগ্য ব্যক্তিরা ঠাঁই পান।

[ 6-55 –7-01 p.m. ]

এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগের ক্ষেত্রে আমরা দেখেছি বিশেষ দলের লোককে ডেকে ডেকে নিয়োগ করা হয়। আমার এলাকার ঝাউডাঙ্গা সম্মেলনী হাইস্কুলে নানা গণ্ডগোলের জন্য এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ করা হয়। আমার এলাকায় গাইঘাটার মধ্যে গোবরডাঙ্গা হিন্দু কলেজ থাকা সত্ত্বেও, যথেষ্ট জ্ঞানীগুণী এবং শিক্ষিত লোক থাকা সত্ত্বেও বারাসাত থেকে মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির লোক এনে এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ করা হোল, অথচ সেক্ষেত্রে স্থানীয় কোন লোককে এ্যাপয়েণ্ট করা হোল না। যে হাইস্কুল খুব ভাল রেজাল্ট করতো, মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির হস্তক্ষেপের ফলে, সে স্কুল উৎসন্ন যেতে বসেছে। এই ধরণের বহু অভিযোগ আছে। আমার এলাকায় আর একটি ঠাকুরনগর গার্লস হাই স্কুল—সেখানে নির্বাচন হবার কথা ছিল ১১ই জানুয়ারী। কিন্তু বর্তমানের ২৪-পরগণার ডি, আই, যাঁকে সি, পি, এম-দের দলীয় স্বার্থে কাজ করার জন্য আগের ইন্সপেক্‌-ট্রেসকে সরিয়ে মেদিনীপুর থেকে এনে বসানো হয়েছে, একথা বলার যথেষ্ট সংগত কারণ আছে যে, অত্যন্ত অন্যায়ভাবে, বিদ্যালয়ের এ্যাডমিনিষ্ট্রেটর এবং প্রধানা শিক্ষিকার, প্রতিবাদ না থাকা সত্ত্বেও ঐক্যমতে প্রস্তুত এবং তাঁর অনুমোদিত শিক্ষানুরাগীর তালিকা কেটে দিয়ে ইলেকসন বন্ধ করে দিলেন। কারণ সেখানে মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির পছন্দমত লোকের নাম নাই।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুদিনের মধ্যেই পশ্চিমবঙ্গে দেড় হাজার প্রাইমারী স্কুল রেকগনিসন পেতে চলেছে। আমরা আশঙ্কা করছি, অনুরূপভাবে মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি তাদের দলীয় প্রভাব বৃদ্ধির উদ্দেশ্যে প্রাইমারী টিচার এ্যাপয়েণ্টমেণ্ট এবং প্রাইমারী স্কুলের রেকগনিসন-এর ক্ষেত্রেও এডুকেশন ডিপার্টমেণ্টকে ব্যবহার করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রণ্ট-এর ৩২ দফা কর্মসূচীতে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। আমরাও স্বীকার করি এবং আমাদের যুক্তফ্রণ্ট সরকারও স্বীকার করেন যে যথাশীঘ্র এ প্রতিশ্রুতিকে কার্যকরী করা উচিত। কিন্তু আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয় আমাদের যুক্তফ্রণ্ট সরকারের কারও সংগে পরামর্শ না করে 'রিসোর্সেস কমিটির' মতামত না নিয়ে নিজেদের দলীয় প্রভাব বৃদ্ধির উদ্দেশ্যে হঠাৎ ঘোষণা করে দিলেন যে অষ্টম শ্রেণী পর্যন্ত ১৯৭০ সালের জানুয়ারী থেকে ফ্রী করা হবে। কিন্তু বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে দেখতে পাচ্ছি যে—প্রয়োজনীয় 'রিসোর্সের' অভাবে আমরা অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে এখন ফ্রী বলে ঘোষণা করতে পারছি না, যদিও এর প্রয়োজন সম্পর্কে আমাদের কারও দ্বিমত নেই। আমি আশা করবো এতদিন যা হয়েছে—দলীয় স্বার্থে শিক্ষা দপ্তরকে ব্যবহার করা—তা আর শিক্ষামন্ত্রী মহাশয় করবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভিন্ন দপ্তর সম্পর্কে আমার বহু বক্তব্য থাকলেও আমি এখন প্রশাসন সম্পর্কে আমার বক্তব্য রাখতে চাই। সাধারণ মানুষ, কংগ্রেসের অপ-শাসনে জর্জরিত। লোক আশা করেছিল যে যুক্তফ্রণ্ট সরকারের আমলে একটা সুষ্ঠু প্রশাসন ব্যবস্থা গড়ে উঠবে, জনজীবনের অবস্থা ভাল হবে এবং সমাজবিরোধীদের শাস্তি হবে। কিন্তু কি দেখতে পাচ্ছি? এই প্রশাসন দপ্তরকে দলীয় স্বার্থে ব্যবহার করার ফলে পশ্চিমবাংলায় সর্বত্র আইনশৃঙ্খলা বিপন্ন হচ্ছে। জনজীবনের নিরাপত্তা বলে কিছু নেই এবং সত্যিকারের অপরাধী যারা তারা শাস্তি পাচ্ছে না। নিরপরাধীরা বিশেষ কোন দলের বিরাগভাজন হলে শাস্তি পাচ্ছেন। সমাজবিরোধীরা দলের পক্ষছায়ায় থেকে নিজেদের কাজ চালিয়ে যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আমি আর এক মিনিট সময় নেবো। আমার কাছে যে পরিসংখ্যান আছে তাতে দেখতে পাচ্ছি, ১৯৬৯ সালের ডিসেম্বর পর্যন্ত নারী নির্যাতনের ঘটনা ঘটেছে ১৬টি এবং ১৯৭০ সালের জানুয়ারীতে ২টি মোট ১৮টি নারী নির্যাতনের ঘটনা ঘটেছে। তারপর, হাসপাতালে ডিসটারবেন্স হয়েছে ডিসেম্বর পর্যন্ত ২৫টি এবং জানুয়ারীতে একটি, মোট ২৬টি। শিক্ষা ক্ষেত্রে ডিসটারবেন্স হয়েছে ডিসেম্বর পর্যন্ত ৪৩টি এবং জানুয়ারীতে ২০টি মোট ৬৩টি। বিভিন্ন জায়গায় সংঘর্ষ হয়েছে ডিসেম্বর পর্যন্ত ২৭৩টি এবং জানুয়ারীতে ৩১টি মোট ৩০৪টি। মার্ডার কেস ডিসেম্বর পর্যন্ত ২৭৭টি এবং জানুয়ারীতে ৩৫টি, মোট ৩১২টি। আর ইনজুরী হয়েছে ১২ শতর উপর।

সবশেষে আমি আশা করব এতদিন পর্যন্ত এই সব বিষয় সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বিত না হলেও এবার স্বরাষ্ট্রদপ্তরকে জনসাধারণের স্বার্থে কাজে লাগিয়ে স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয় যুক্তফ্রন্ট সরকারের সুনামকে রক্ষা করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, তাকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** The House stands adjourned till 1 p.m. on Tuesday, the 3rd February, 1970.

## Adjournment

The House was accordingly adjourned at 7-01 p.m. till 1 p.m. on the 3rd February, 1970, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 3rd February, 1970, at 1 p.m.

PRESENT

Mr. Speaker ( Shri Bejoy Kumar Banerjee ) in the Chair, 16 Ministers, 2 Ministers of State and 200 Members.

## STARRED QUESTIONS

( to which oral answers were given )

### উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ

*26. (Admitted question No. *438)

**শ্রীকাশীকান্ত মৈত্র :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত নয় মাসে যুক্তফ্রন্ট সরকারের শাসনকালে মোট কতগুলি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বাতিল ক'রে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করা হইয়াছে এবং কি কি সর্তে তা করা হয়েছে, এবং

(খ) যেসব ম্যানেজিং কমিটি বাতিল হয়ে এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত হয়েছেন সেইসব এ্যাডমিনিষ্ট্রেটরদের নাম, ঠিকানা ও যোগ্যতার বিবরণ ?

(লাইব্রেরী টেবিলে উপস্থাপিতব্য))

**শ্রীসত্য প্রিয় রায় :**

(ক) ২৩৮টি। যদিও কমিটিগুলি বাতিল করিবার সময় কোন সর্ত আরোপ করা হয় নাই তবুও নূতন নিয়ম অনুসারে ১৯৭০ সালের ৩০শে এপ্রিলের মধ্যে ঐ সমস্ত বিদ্যালয়ের পরিচালক সমিতি গঠন করিতে হইবে।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** শিক্ষামন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে মাধ্যমিক বিদ্যালয় এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ম্যানেজিং কমিটিকে সুপারসিড করে এ্যাডমিনিসট্রেটর নিয়োগ করা হয়েছে সেখানে কো আইনন্ প্রয়োগ করা হয়েছে ? ১৯৫০ সালের ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন Act-এর অধীনে যে আইনগুলো, যে ষ্ট্যাটুটরি রুলস করা হয়েছিল সেই আইনে করা হয়েছে, না ১৯৬৯ সালের ১৫ই জুলাই তারিখে ক্যালকাটা গেজেট নোটিফিকেসনে যে বিশেষ রুল বিজ্ঞাপিত হয়েছিল সেই রুল অনুযায়ী হয়েছে ?

**শ্রীসত্যপ্রিয় রায় ঃ** ২টি নিয়মেই করা হয়েছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** ১৯৬৯ সালের ১৫ই জুলাই তারিখে এক্সট্রাঅর্ডিনারী ক্যালকাটা গেজেটে যে ষ্ট্যাটুটরি রুলস্ বিজ্ঞাপিত হয়েছিল সেই রুলের ৮ ধারা অনুযায়ী বলা হয়েছে যখন কোন ম্যানেজিং কমিটিকে বাতিল করা হবে তখন উপযুক্ত কারণ দেখিয়ে তবে বরখাস্ত করা চলবে এটা কি সত্য ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** নোটিশ চাই।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** শিক্ষা মন্ত্রিমহাশয়ই তো আইন প্রণয়ন করছেন কাজেই নোটিশের প্রয়োজন কেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নূতন আইনে শো কজ করতে হবে এরকম কোন নিয়ম নাই। পুরাণ আইন আমাকে দেখতে হবে। তবে প্রত্যেকটি জায়গায় সুপারসিড করবার আগে এনকোয়ারী করা হয় এবং তার ভিত্তিতে করা হয়।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** শিক্ষামন্ত্রিমহাশয় আইন দেখতে পারেন ১৯৬৯ সালের যে আইন তার রুলস্ সিক্স-এ বলা হয়েছে কোন ম্যানেজিং কমিটিকে বরখাস্ত করার আগে শো কজ করতে হবে এবং ১৯৫০ সালের যে আইন আছে তাতেও বলা হয়েছে যে এই রকম ক্ষেত্রে শো কজ করতে হবে। আমার প্রশ্ন হচ্ছে এই যে ২৩৮টি মাধ্যমিক বিদ্যালয় এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটিকে বাতিল করা হয়েছে তাদের সকলের ক্ষেত্রে শো কজ করা হয়েছিল কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মধ্যশিক্ষা পর্ষদ এগুলি বাতিল করে এবং আমরা শুধু রিকমেণ্ড করি। মধ্যশিক্ষা পর্ষদ এটা করেছে কিনা আমাকে তা জানতে হবে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি In not even a single case has opportunity, far less due opportunity, been afforded to any of the Managing Committees which has been superseded by the West Bengal Board of Secondary Education. আমি আপনাকে জানাচ্ছি যে কোন ক্ষেত্রেই করা হয়নি এবং মহামান্য হাইকোর্ট থেকে কয়েকশত রুল এই মর্মে জারী হয়েছে যে ১৯৬৯ সালে যে আইন জারী করা হয়েছিল তার বলে কিছু করা হয়নি।

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমি মধ্যশিক্ষা পর্ষদ থেকে তদন্ত করে জানাব।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে যে মাসে সরকার থেকে সমস্ত ম্যানেজিং কমিটির কাছে এমন কোন সার্কুলার দেওয়া হয়েছিল কিনা যে সমস্ত ম্যানেজিং কমিটির অনুমোদিত হোক বা অননুমোদিত হোক, সমস্ত ম্যানেজিং কমিটিকেই স্কুল চালিয়ে যাবার ক্ষমতা অপহরণ করা হচ্ছে ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এই রকম কোন সার্কুলার দেওয়া হয়েছিল কিনা জানি না, তবে নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে নদীয়া জেলায় এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত করার ব্যাপারে বি. ডি. ও. বা এ. আই-কে না দিয়ে বেসরকারী ব্যক্তিদেরকে দেওয়ার কারণ কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** সাধারণতঃ যেখানে বি. ডি. ও. ; এস. ডি. ও.-কে পাওয়া গেছে, সেখানেই দেওয়া হয়েছে। যেটা দেখা গেছে, আমরা যে ২৩৮টি স্কুলে করেছি, সেখানে শিক্ষা বিভাগের কর্মচারী দেওয়া হয়েছে ১১৮ জন। সরকারী কর্মচারী, যেমন অন্যান্য বিভাগের বি. ডি. ও. এস. ডি. ও. ইত্যাদি ৫৩ জন এবং অন্যান্য দেওয়া হয়েছে, যেমন এ্যাডভোকেট, কলেজের অধ্যাপক, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ইত্যাদি ৬৮ জন। কাজেই যেখানে যেখানে বিদ্যালয় পরিচালনার সুবিধা হবে, সেই অনুযায়ী মধ্যশিক্ষা পর্ষদ এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত করছেন, আমাদের সুপারিশ অনুযায়ী।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্যঃ** এই বেসরকারী ব্যক্তিদের যে মনোনয়ন দেওয়া হয়েছে এই এ্যাডমিনিষ্ট্রেটার হিসাবে, এই সব লোকদের নাম কোথা থেকে এসেছে জানাবেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** সমস্ত নাম যাদের করা হয়েচে, তাদের সম্বন্ধে লিখিতভাবে লাইব্রেরী টেবিলে রাখা হয়েছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** শিক্ষামন্ত্রীর কাছে সবিনয়ে জিজ্ঞাসা করছি—তিনি বললেন যে তিনি জানেন না যে বোর্ড এইগুলো করেন। ২৩৮টি স্কুলের সুপারশেসন বোর্ড এইগুলো করেছে, তিনি

জানেন না। আমি তাঁকে বলছি, তাঁর কাছে যদি এই হাউসের সভ্য হিসাবে আমি এই ফ্যাকটস দিতে পারি, কতকগুলো তথ্য দিয়ে যে এতগুলো স্কুলে হয়েছে, মামলা মকর্দমা হয়েছে এই রকম, এ্যাডমিনিষ্ট্রেটার এ্যাপয়েন্টেড হয়েছে, সেখানে কোন শো কজ নোটিশ না দিয়ে, তাহলে কি সেই সব জায়গায় তিনি এ্যাডমিনিষ্ট্রেটার সরিয়ে নিতে রাজী আছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** নিয়ে নেবার ক্ষমতা সরকারের হাতে নেই, মধ্যশিক্ষা পর্ষদ করে, এই সম্পর্কে অভিযোগ থাকলে জানাবেন, মধ্যশিক্ষা পর্ষদের সংগে যোগাযোগ করবো।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই যে এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত করা হয়েছে—এ. বি. টি. এ.-র মেম্বাররা নিযুক্ত হয়েছেন, এসিস্টেন্ট টিচার্স নিযুক্ত হয়েছেন এ্যাডমিনিষ্ট্রেটর হিসাবে এদের নিয়োগের ক্ষেত্রে কি এ্যালাউন্স পান সেটা জানতে চাচ্ছি এবং সঙ্গে সঙ্গে এটাও জানতে চাইছি যে কোন স্কুলের শিক্ষক বা সহকারী শিক্ষক যারা অন্য স্কুলের এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত হয়েছেন, তারা শিক্ষক হিসাবে যে স্কুলে নিযুক্ত আছেন, সেই স্কুলের বেতন পাবেন এবং কাজ করবেন না, এটা সত্য কি না?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এ সম্পর্কে মধ্যশিক্ষা পর্ষদ একটা স্থির করেছিলেন, কিন্তু ভাতা পাওয়া যায় কি না জানি না। কাজেই কোন এ্যাডমিনিষ্ট্রেটার কোন ভাতা পান বলে জানা নেই। যেমন সরকারী কর্মচারীরা সরকারের চাকরী করেই বিদ্যালয়ের পরিচালনার দায়িত্ব নেয়। এস. ডি. ও., বি. ডি. ও. তাঁরা বেতন পান। তেমনি স্কুল বা কলেজের অধ্যক্ষ, অধ্যাপক বা শিক্ষক তারা এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত হলে তাদের নিজেদের কাজকর্ম করে তারা বিদ্যালয়ের পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন।

**শ্রীনেপাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই বিভিন্ন স্কুলে এ্যাডমিনিষ্ট্রেটার এ্যাপয়েন্ট করা হয়েছে, এটা কোন নীতির বলে করা হয়েছে, শুধু কি একটা রাজনৈতিক দলের লোককেই এ্যাপয়েন্ট করা হয়, না মেরিট অনুসারে এ্যাপয়েন্ট করা হয়?

**শ্রীসত্যপ্রিয় রায়:** কোন রাজনৈতিক প্রশ্ন এখানে নেই। বিদ্যালয়ের কল্যাণের দিকে লক্ষ্য রেখে এটা করা হয়।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক সমস্ত স্কুলে নির্বাচনের জন্য একটা সার্কুলার গেছে এবং সেই সার্কুলার ১০ই জানুয়ারীর মধ্যে নির্বাচন সমাধা করবার জন্য সমস্ত স্কুলকে বলা হয়েছে এবং যে সমস্ত স্কুলগুলোয় নির্বাচনের যাবতীয় প্রোগ্রাম, ফাইনাল ভোটার লিষ্ট, প্রভিশন্যাল ভোটার লিষ্ট এ্যাপ্রুভ হয়ে গেছে, সেই সমস্ত স্কুলে ম্যানেজিং কমিটিকে সুপারসিড করে এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ করা কি ঠিক, আর ন্যায়সংগত কি না?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা সাধারণ প্রশ্ন, এটি প্রত্যেকটি বিদ্যালয়ের কথা বিবেচনা করে সিদ্ধান্ত নিতে হয়।

**শ্রীপিযূষকান্তি মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি নির্বাচনের ২ মাসের মধ্যে এবং কমিটি অনুমোদিত হওয়ার ১০ দিনের মধ্যে সে কমিটি বাতিল হয়ে গেছে।

**শ্রীসত্যপ্রিয় রায়:** তা হতে পারে। কোন ঘটনা সেটা জানালে সে সম্পর্কে তথ্য দিতে পারবো।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সমস্ত স্কুল নির্বাচনের প্রোগ্রাম গ্রহণ করেছে সেই সমস্ত স্কুলের ম্যানেজিং কমিটি সুপারসিড করা ন্যায় সঙ্গত কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা নিয়মের উপর হবে না বাস্তব অবস্থার উপর হবে। সেই বিস্তালয় যেভাবে ম্যানেজিং কমিটির নির্বাচনের ব্যবস্থা করেছে সেখানে যদি দুর্নীতি থেকে থাকে তাহলে যাতে নির্বাচন সঠিকভাবে হতে পারে সেখানে করা যেতে পারে। এটা বিশেষ বিশেষ বিস্তালয়ের উপর নির্ভর করে। আপনি কোন বিশেষ বিস্তালয়ের কথা বলছেন বললে সেটা বলবো।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:** মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয়, যখন কালীকান্ত মৈত্র অনুরোধ করলেন যে কতগুলি ব্যাপার তিনি সরকারের তরফ থেকে এ্যাসিওরেন্স দিতে পারেন কিনা যে সরকার এ বিষয়ে লক্ষ্য রাখবেন তখন আপনি বললেন এটা মধ্যশিক্ষা পর্ষদের অধীন। আমি তাই জিজ্ঞাসা করছি মধ্যশিক্ষা পর্ষদ একটা ষ্ট্যাটুটারি বডি কিন্তু তার সঙ্গে শিক্ষা বিভাগের যে সম্পর্ক সেই সম্পর্ক হিসাবে শিক্ষা মন্ত্রকের তরফ থেকে শিক্ষা মন্ত্রিমহাশয়ের এরকম এ্যাসিওরেন্স দেবার ইচ্ছা আছে কিনা সেটা আমাদের জানতে হবে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সে রকম আইনগত ক্ষমতা আমাদের সরকারের নেই।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় জানাবেন কি এই হাউসের সদস্য শ্রী কে, জি, ঘোষকে ৮টি স্কুলের এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করা হয়েছে এবং সেটা কোন নীতিতে করা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা সত্য নয়।

**শ্রীবিমলকান্তি বসু:** মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের 'খ' অংশে বললেন যে এ্যাডমিনিষ্ট্রেটারের নাম ঠিকানা এবং যোগ্যতার বিবরণ দেওয়া হয়েছে। কিন্তু টেবিলে যেটা উপস্থাপিত করা হয়েছে যোগ্যতার বিবরণ সম্পর্কে সেখানে কিছু নেই সে সম্পর্কে জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** ২৩৮ টার মধ্যে ওখানে বেশীর ভাগ দেওয়া আছে এবং ২১১টা অল্প সময়ের জন্য সংগ্রহ করতে পারি নি বিস্তালয়ের নাম দিয়েছি। কিন্তু বেশীর ভাগ, তাদের কি যোগ্যতা, কি কাজ করতেন তা দেওয়া আছে।

**শ্রীঅমরেন্দ্র নাথ রায়প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মাত্র ২১১ জন ছাড়া বেশীর ভাগের যোগ্যতা দেওয়া আছে, কিন্তু দেখা যাচ্ছে D. I. এবং A. I.-এর যোগ্যতার কথা লেখা আছে, যারা Public School Teacher তাদের যোগ্যতা সম্পর্কে কোন কথা লেখা নেই?

**শ্রীসত্যপ্রিয় রায়:** যা সংগ্রহ করা সম্ভব হয়েছে তা দেওয়া হয়েছে। এর পরে যে গুলির যোগ্যতা উল্লেখ নেই সেখানে চেষ্টা করছি তার পরবর্তী কালে তাদের যোগ্যতা যাতে দিতে পারি। তবে সকলেই শিক্ষক বা অধ্যক্ষ বা বিশ্ববিস্তালয়ের উচ্চ শিক্ষিত লোক এ কথা পরিষ্কার জানাতে পারি।

**Mr. Speaker**: I wil abide by the decision of the House. If the House so direct, I will certainly give you more than half an hour. What more can I do?

**শ্রী এস, এম, ফজলুর রহমান:** I want to move a point of privilege—এই মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় মাননীয় সদস্য কালীকান্তের 'খ' প্রশ্নের জবাবে বলেছেন যে, যে সব ম্যানেজিং কমিটি বাতিল হয়ে এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত হয়েছে সে সব এ্যাডমিনিষ্ট্রেটারের নাম ঠিকানা যোগ্যতার বিবরণ দিয়েছি আবার এক্ষুনিই মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় অস্বীকার করলেন যে অনেক ক্ষেত্রে যোগ্যতার বিবরণ দেওয়া নেই। প্রথম Privilege হল এই যে যোগ্যতার বিবরণ দেওয়া নেই তা সত্বেও উত্তরে যোগ্যতায় বলেছেন—যোগ্যতার বিবরণ সহ বিবরণ দেওয়া হল—whether it is a breach of privilege of the House. সেকেণ্ড হচ্ছে যোগ্যতার বিবরণ নেই—জানা সত্বেও শিক্ষা মন্ত্রিমহাশয় উত্তরে যোগ্যতার বিবরণ দেওয়া হয়েছে এই কথা, এই সাপ্রেসান অফ ফ্যাক্টস্

হিসাবে যেটা দাখিল করলে বা দিলে সেটা breach of privilege of the House হচ্ছে কিনা ?

**Mr. Speaker :** It is strictly not a question of privilege. Certainly the Hon'ble Minister never wanted to furnish a reply which is incorrect and which is untrue. If that can be proved that he has done so deliberately, I will certainly take action, In this case I do no know what he has furnished but he has clarified that all these questions have not been properly answered.

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মিঃ স্পীকার স্যার, আমি রুল ২২৫-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে বলা আছে কোশ্চেন আওয়ার শেষ হওয়ার আগে প্রিভিলেজের প্রশ্ন তোলা যায় না।

**মিঃ স্পীকার :** ওটা আমি জানি।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** স্যার, শিক্ষা মন্ত্রিমহাশয় শৈলেন বাবুর প্রশ্নের উত্তরে বললেন W. B. S. B. of Edn. এটা Statutory Body এবং শিক্ষা মন্ত্রকের এ ব্যাপারে কিছু করবার ক্ষমতা নেই। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে বলছি W. B. Board of Secondary Education Act, 1963, এই আইনটা যদি ভাল করে দেখেন এবং 1950 পুরান আইনটা যদি দেখেন তাহলে দেখবেন সেই Act-এর মধ্যে বলা আছে রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের শিক্ষা মন্ত্রক in suitable cases he may give suitable directions declaring the policy of the Government. আমি জিজ্ঞাসা করছি মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় হাউসে যদি এ এ্যাসিওরেন্স দেন তাহলে কাজ হবে। যে কোন ক্ষেত্রে শিক্ষা পর্ষদ কোন ম্যানেজিং কমিটিকে বরখাস্ত করবার আগে সে ম্যানেজিং কমিটির বিরুদ্ধে কি অভিযোগ আছে সে সম্বন্ধে তদন্ত করে তবে বরখাস্ত করবেন এ এ্যাসিওরেন্স তিনি দিন—তাহলে মনে হয়, যে অভিযোগ বিক্ষোভ উঠেছে সেটা বন্ধ হবে। বহু ক্ষেত্রে সরকারী স্কুলের একজন শিক্ষক আর এক জায়গায় প্রধান শিক্ষক বা শিক্ষিকার উপর কর্তৃত্ব করেন যে স্কুলে ধরুন থ্রি টায়ারস সিসটেম আছে—সায়েন্স স্ট্রীম, আর্টস স্ট্রীম, কমার্স স্ট্রীম অর্থাৎ তাঁকে এ্যাডমিনিসট্রেটর নিয়োগ করা হয় তাহলে শিক্ষামন্ত্রী তাঁর বিবেক অনুযায়ী কি মনে করেন প্রশাসনিক ঔচিত্য লংঘিত হয়েছে কিনা ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** এটা সম্পর্কে আগেই প্রশ্ন করেছিলেন মাননীয় সদস্য। প্রধান শিক্ষকতা করেছি ৪০ বছর। প্রধান শিক্ষক হিসাবে মনে করি না যে সহকারী শিক্ষক যাঁরা তাঁরা অধীনস্থ কর্মচারী বা সেই দিক থেকে তাঁদের মর্য্যাদা অল্প। তাঁদের সহকর্মী হিসাবে কাজ করেছি এবং তাঁদের সহকর্মী হিসাবেই মনে করি। ৪০ বছর ধরে প্রধান শিক্ষকতা করেছি। সেই অভিজ্ঞতা নিয়ে বলতে পারি সরকারী শিক্ষকদের প্রচুর যোগ্যতা আছে এবং তাঁদের কোন বিদ্যালয়ের পরিচালনাভার দেওয়া হলে সেটা কোন রকম অন্যায় বা অযৌক্তিক হয় বলে মনে করি না।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** আই. এ. এস. এবং ডব্লিউ. বি. সি. এস-দের প্রশাসনিক অভিজ্ঞতা মন্ত্রীদের চেয়ে অনেক বেশী। তাহলে কি মন্ত্রিমহাশয় মনে করেন যে মন্ত্রীদের উপর বসে তাঁরা খবরদারী করবেন ?

**Mr. Speaker :** The question need not be answered now during question hour.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** মন্ত্রিমহাশয় বললেন যে এ্যাডমিনিষ্ট্রেটরদের মধ্যে কিছু আছেন সরকারী স্কুলের আর কিছু বেসরকারী স্কুলের। মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বহু সরকারী স্কুলের কর্মচারীদের এ্যাডমিনিষ্ট্রেটর করা সত্ত্বেও তাঁরা নিজে থেকে রেজিগনেশন দেওয়ার জন্য বেসরকারী লোককে এ্যাডমিনিষ্ট্রেটর করা হয়েছে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** এই রকম নানা অসুবিধার কারণে করা হয়েছে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মন্ত্রিমহাশয় যে তালিকা দিয়েছেন তাতে অনেকের যোগ্যতা নেই। তাহলে কি ধরে নেব যে তাদের কোন যোগ্যতা নেই।

**শ্রীসত্যপ্রিয় রায় :** এই যে লিষ্ট এটা বোর্ড থেকে আনতে হয়। বোর্ড কম্পলিট করতে পারে নি। মাননীয় সদস্যরা যদি চান তাহলে নিশ্চয় দেব। অফিসারদেরটা দেওয়া আছে ডেজিগনেশন। তবে ওঁরা প্রত্যেকেই বিশ্ববিদ্যালয়ের উচ্চশিক্ষিত ব্যক্তি একথা বলতে পারি দু' একজন যদিও বাদ থাকে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** আপনি বলেছেন যে আপনি বহুদিন প্রধান শিক্ষকের কাজ করেছেন এবং আপনার সহ শিক্ষকদের সহকর্মী হিসাবে গণ্য করেছেন। কিন্তু একথা কি সত্য নয় তাঁর স্কুলের একজন সহ-শিক্ষক তাঁর অত্যাচারের বিরুদ্ধে High Court-এ গিয়ে অন্যায়ের প্রতিকারের দাবী করেছিলেন ?

**Mr. Speaker :** That question does not arise.

**শ্রী এস, এম, ফজলুর রহমান :** যাদের Administrator নিযুক্ত করেছেন তাঁরা বা তাঁদের কেউ আপনার পরিচিত পূর্ব থেকে বা বর্তমানে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** শিক্ষকদের মধ্যে প্রায় সকলেই আমার পরিচিত। তাঁদের selection করা হয়েছে তাঁদের নিষ্ঠা, সততার উপর এবং দুর্নীতি দূর করার জন্য তাঁদের নির্বাচিত করা হয়েছে ?

## কংসাবতী ড্যাম ও কুমারী ড্যামের একত্রীকরণ

*103. (Admitted question No. *15.)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী ড্যাম ও কুমারী ড্যাম একত্রীকরণের কাজ কবে শেষ হইবে ;

(খ) উক্ত কাজে কত পরিমাণ অর্থ ব্যয় হইবে ; এবং

(গ) উক্ত কাজ শেষ হইলে কোন্ কোন্ অঞ্চল উপকৃত হইবে ?

**শ্রীকানাই ভৌমিক :**

(ক) ইং ১৯৭২ সালের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(খ) আনুমানিক ১০ কোটি ৪ লক্ষ ৯০ হাজার।

(গ) নিম্নলিখিত থানাগুলির অন্তর্গত অঞ্চলগুলি উপকৃত হইবে :

বাঁকুড়া জিলার ওণ্ডা, কোতুলপুর, খাতা, রায়পুর, ইন্দপুর, বাঁকুড়া, বিষ্ণুপুর, জয়পুর, সিমলাপাল, তালডাংরা ও রাণীবাঁধ ;

মেদিনীপুর জেলার চন্দ্রকোণা, বিনপুর, গড়বেতা, শালবনী, মেদিনীপুর, ঝাড়গ্রাম, জামবনী, সাঁকরাইল, কেশিয়ারী ও খড়্গপুর।

হুগলী জিলার গোঘাট।

**শ্রীমনোরঞ্জন বক্সী :** এই ড্যামের কাজ যখন শেষ হবে তখন কত একর জমি সেচের দ্বারা উপকৃত হবে ?

**শ্রীকানাই ভৌমিক :** এই project শেষ হলে ৮লক্ষ একর জমিতে সেচ ব্যবস্থা হবে। এর মধ্যে বাকুড়া জেলার ৩ লক্ষ একর, মেদিনীপুরের ৪ লক্ষ ২২ হাজার ৯১৯ একর এবং হুগলী জেলায় ৩২ হাজার ৫২০ একর জমি উপকৃত হবে। এ ছাড়া already যেটুকু কাজ হয়েছে, তাতে আমরা এখন ২ লক্ষ ৪৫ হাজার একর জমিতে জলসেচ করতে পারছি, এবং এবছরে ৩ লক্ষ একর জমিতে জল দিতে পারব।

**ডাঃ নিরঞ্জন ভক্ত :** আপনি বললেন বাঁকুড়া জেলার ওন্দা, কোতলপুর, খাতরা ইত্যাদি থানাগুলি উপকৃত হবে। কিন্তু আপনি কি জানেন বাঁকুড়া জেলায় বিষ্ণুপুর মহকুমার শাখা ক্যানেলগুলি এখনও কাটা হয়নি এবং এটা সত্য হলে কবে কাটা শেষ হবে ?

**শ্রীকানাই লাল ভৌমিক :** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীগঙ্গাপদ কুঁয়ার :** মেদিনীপুর জেলা বলার সময় কেশপুর থানার কথা বলেছিলেন, কিন্তু সেখানকার Engineer বললেন কেশপুর থানা উপকৃত হবে না এ সম্পর্কে কিছু বলবেন কি ?

**শ্রীকানাইলাল ভৌমিক :** Notice দিলে বলতে পারব।

## মুর্শিদাবাদ জেলার সহকারী স্কুল পরিদর্শক ঘেরাও

*104. (Admitted question No. *77.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬৯ সালে ২৪শে ডিসেম্বর তারিখে মুর্শিদাবাদ জেলার কান্দি শহরে পি-টি স্কুলের পরীক্ষা চলার সময় একদল লোক মুর্শিদাবাদ জেলার সহকারী স্কুল পরিদর্শক শ্রীশচীন শীলকে ঘেরাও করিয়াছিল ;

(খ) "ক"-এর উত্তর হ্যাঁ হইলে—

(১) কাহারা, এবং

(২) কেন ঘেরাও করিয়াছিল ; এবং

(গ) ঘেরাওকারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা করা হইয়াছে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :**

(ক) হ্যাঁ।

(খ) (১) জজান কেনারাম হাই স্কুলের বরখাস্ত প্রাক্তন প্রধান শিক্ষক শ্রীযাদবেন্দ্র নারায়ণ রায়ের নেতৃত্বে স্থানীয় কিছু উগ্রপন্থী সমর্থক শ্রী শীলকে ঘেরাও করিয়াছিল।

(২) বরখাস্ত প্রাক্তন প্রধান শিক্ষক শ্রীযাদবেন্দ্র নারায়ণ রায়কে পুনর্বহাল করার দাবী লইয়া ঐ ঘেরাও হইয়াছিল।

(গ) শ্রী শীল জেলা শাসককে সমুদয় বিষয়টির বর্ণনাসহ একটি পত্র দিয়াছেন এবং যথাযোগ্য ব্যবস্থা অবলম্বনের নিমিত্ত জানাইয়াছেন। জেলা শাসকের পক্ষ হইতে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে তাহা জানা নাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** এই যে প্রাক্তন প্রধান শিক্ষককে ঘেরাও করা হয়েছিল তাঁর বিরুদ্ধে তহবিল তছরুপের অভিযোগ ছিল কিনা এবং তার ভিত্তিতে তদন্ত হয়েছিল কিনা। এই তদন্ত একজন Deputy Magistrate এবং Deputy Collector করেছিলেন, এবং D. I. B থেকে ওটা করা হয়েছিল। দু'জনেই তাঁকে দোষী সাব্যস্ত করেছিলেন। এই Report Department-এ গেছে, এবং Department দীর্ঘকাল সেই Report-এর ভিত্তিতে কোন ব্যবস্থা নেননি একথা কি সত্য ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** আপনি যা জানতে চেয়েছেন তা আমাদের সংগ্রহ করতে হবে। নোটিশ দিলে আমরা তা জানাতে পারবো। কান্দি শহরের জজান পি, টি, স্কুলের পরীক্ষা চলাকালীন শ্রী শীল চার ঘন্টার অধিক সময় ঘেরাও ছিলেন এবং তাহাকে ঐ সময় অকথ্য ভাষায় গালাগালি, ধাক্কাধাক্কি ও লাঞ্ছিত করা হয়। স্থানীয় উকিলের লিখিত পরামর্শমত শ্রীযাদবেন্দ্র নারায়ণ রায়কে বিদ্যালয়ে যোগদানে নিজের অনিচ্ছা সত্ত্বেও তিনি অনুমতি দিতে বাধ্য হয়েছিলেন। শ্রী শীল জজান কেনারাম হাইস্কুলের এ্যাডমিনিষ্ট্রেটার ছিলেন, উপরোক্ত ঘটনার পর তিনি উক্ত স্কুলের এ্যাডমিনি-

হেডমাষ্টার পদে ইস্তফা দিয়া শিক্ষা অধিকর্তা ও মধ্যশিক্ষা পর্ষদের নিকট পত্র দিয়াছেন। জেলা শাসককে সমুদয় বিষয়টি বর্ণনাসহ পত্রদ্বারা জানাইয়াছেন এবং যথাযোগ্য ব্যবস্থা অবলম্বনের জন্ত অনুরোধ জানাইয়াছেন। এটা আমি জানি আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তর নেই এতে। আমাকে নোটিশ দিলে সমস্ত খবর সংগ্রহ করে বলতে পারবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** একথা কি সত্যি যে জোর করে একটা কিছু লিখিত আদায় করে নেওয়া হয়েছিল, তারপর ২৭শে জানুয়ারী তারিখে এই বরখাস্ত প্রধান শিক্ষক লাঠিয়াল নিয়ে এই স্কুল চলাকালীন তার উপড় চড়াও হয়েছিল এবং তারপর থেকে সেখান ১৪৪ ধারা জারি হয়েছে এবং স্কুল বন্ধ আছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** না, এই রকম ঘটনা এখানে নেই। যাই হোক আমি তদন্ত করবো।

**শ্রীঅমলেন্দ্র লাল রায়:** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই ঘেরাও যে সময় হয়েছিল সেই সময় ওখানে পরীক্ষা চলছিল, আপনি বলেছেন এবং রিপোর্টে আপনি যেটা পড়লেন তাতে দেখা গেল যে জনৈক সরকারী উকিল নাকি সেখানে উপস্থিত ছিল এবং তার সামনে কিছু লিখে দেওয়া হয়েছিল, আপনি কি এটা তদন্ত করে দেখবেন যে আদৌ তিনি সরকারী উকিল নন এবং যিনি সেখানে সরকারী উকিল বলে হাজির হয়েছিলেন তিনি এই যাদবেন্দ্র রায়ের উকিল, অন্যান্য মামলার ওকালতি করে থাকেন তার পক্ষে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা তদন্ত করে দেখবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** এই যে ২৪শে ডিসেম্বর ঘেরাওএর ঘটনা হয়েছে এবং শ্রীশীলকে অকথ্য ভাষায় গালাগালি করেছে, আপনি বলেছেন যে সেই সময় তা জেলাশাসককে জানিয়েছিলেন। আজকে ৩রা ফেব্রুয়ারী এই সময়ের মধ্যে জেলাশাসক যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারলেন না সেটা কি তার সময়ের অভাব, না এ কাজকে তিনি অন্যায় বলে মনে করেন না?

**শ্রীসত্যপ্রিয় রায়:** না, ব্যবস্থা গ্রহণ করেন নি তা নয়। তার পক্ষ থেকে আর কোন অভিযোগ আমরা পাইনি। কাজেই আমরা আর তদন্ত করিনি এবং সেই জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা জানতে পারিনি। মাননীয় সদস্য যদি চান তাহলে আমরা পরে সংবাদ সংগ্রহ করতে পারি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** আপনি (খ) এর ২নং উত্তরে বলেছেন কিছু উগ্রপন্থীরা ঘেরাও করেছিল। এই উগ্রপন্থী বলতে আপনি কাকে বোঝাচ্ছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়** বিশেষ কিছু বোঝাচ্ছি না। যারা শালীনতাবোধ হারিয়ে যেখানে সাধারণ আচার বিধিকে লঙ্ঘন করে এই কাজ করেছে তাদেরই উগ্রপন্থী বলা হচ্ছে।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে শিক্ষা প্রতিষ্ঠানে তিনি ঘেরাও বন্ধ করবেন কি না?

**শ্রীসত্যপ্রিয় রায়:** ঘেরাও বন্ধ করার জন্য আমাদের শিক্ষা দপ্তরে যে সব আইন করা দরকার তা করা হয়েছে। তবে এটা আমাদের কাজ নয়। ঘেরাও অবশ্য এখন বিদ্যালয়ে কমে গিয়েছে। এটা বলতে পারি যখন নিখিল বঙ্গ শিক্ষক সমিতির সদস্য হিসাবে কাজ করেছিলাম। তখন এর চেয়ে অনেক বেশী ঘেরাও হয়েছে। কিন্তু এখন মাত্র ৫০টি ঘেরাও-এর কথাও ওঁরা বলছেন এই এক বছর ধরে এবং তা কুমীরের ছানা দেখানোর মত অবস্থা হয়েছে। বিদ্যালয়ে বাস্তবিক ঘেরাও-এর সংখ্যা অনেক কমে গিয়েছে এবং যাতে ঘেরাও না হয় সেকথা ঘোষণা করেছি এবং বোর্ডও এর ব্যবস্থা করছেন।

**পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়গুলিকে অবৈতনিক করার পরিকল্পনা**

*105. (Admitted question No. *145.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলিকে অবৈতনিক করার কোন পরিকল্পনা সরকার কর্তৃক গ্রহীত হইয়াছে কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** সরকার ১।১।৭০ তারিখ হইতে সমস্ত প্রাথমিক বিদ্যালয়কে অবৈতনিক করার পরিকল্পনা করিয়াছেন। বিষয়টি এখন একটি Cabinet Committee-এর বিবেচনাধীন আছে।

**শ্রীঅমরেন্দ্র নাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি যে এই পরিকল্পনা গ্রহণ করার ক্ষেত্রে কত টাকার প্রয়োজন হবে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** শুধু প্রাইমারী বলতে যা বোঝায় যে ১ম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত আমরা হিসাব করে দেখেছি প্রায় ১ কোটি ৩৭ লক্ষ টাকা লাগবে।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:** আপনারা অবৈতনিক প্রাইমারী শিক্ষা দেবেন বলে স্থির করেছেন, যেহেতু অবৈতনিক হবে বলে আর নতুন কোন স্কুল করা হবে না বলে কি স্থির করেছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** না, এই রকম কিছু ঠিক করিনি, অবৈতনিক করা হচ্ছে শিক্ষা প্রসারের প্রথম ধাপ হিসাবে। শিক্ষা প্রসারের দিকে লক্ষ্য রেখেই সব কিছু ঠিক করা হবে।

**ডাঃ নিরঞ্জন ভক্ত:** ১।১।৭০ সাল থেকে আপনার পরিকল্পনা চালু হবে এই বলে আপনার সাব কমিটি কনসিডার করছেন, এই সাব কমিটি কনসিডার করতে কত সময় নেবে, তারা কবে পর্যন্ত তাদের রেকমেণ্ডেশান দেবেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** পরিকল্পনা সরকার বিবেচনা করেছেন, কতদিন সময় লাগবে তা নির্দিষ্ট করে কিছু বলা সম্ভব নয়।

**শ্রীবিমল কান্তি বসু:** মাননীয় মন্ত্রিমহাশয়, বললেন যে মোটামুটি যেসব স্কুল চালু আছে সেগুলি অবৈতনিক শিক্ষা চালু করতে এক কোটি ৩৭ লক্ষ টাকা লাগবে। আমি বলতে চাই যেগুলি অনুমোদনের জন্য বিবেচনাধীন আছে সেগুলিকে কি ধরে এই টাকা লাগবে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা মোটামুটি হিসাব ধরা হয়েছে, যেগুলি রেকগনিশান পাবে সেগুলিও ধরেই এই টাকা লাগবে।

**শ্রীগিরীশ মাহাতো:** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি যে পুরুলিয়া জেলায় কোন শ্রেণী পর্যন্ত গ্রামাঞ্চলে অবৈতনিক শিক্ষা চালু করা হবে বলে পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** পুরুলিয়া জেলায় ১ম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা দেওয়া হবে।

**শ্রীগিরীশ মাহাতো:** শহর অঞ্চলে কি বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা অবৈতনিক চালু করা হবে।

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমাদের বাংলাদেশে ৮৯ টী মিউনিসিপ্যালিটির মধ্যে মাত্র ১৭টী মিউনিসিপ্যালিটিতে অবৈতনিক শিক্ষা চালু আছে আমরা ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা চালু করবার পরিকল্পনা বিবেচনা করছি।

**শ্রীবলাই লাল দাস মহাপাত্র:** আপনি ১-১-৭০ তারিখ থেকে প্রাথমিক শিক্ষা অবৈতনিক করছেন, এতে মাহিনা লাগবে না বই-এর দাম লাগবে না কিন্তু যেসব ছেলেরা খাদ্য অভাবের জন্য স্কুলে যেতে পারেনা তাদের জন্য কি মিড-ডে.-মিলের পরিকল্পনা চালু করছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমরা এখন পর্যন্ত ১১ লক্ষ ছাত্র ছাত্রীকে মিড-ডে-মিল দিচ্ছি এবং এটাকে যাতে ৩০ লক্ষ করা যায় তার জন্য বিবেচনা করছি। এবং গভর্নর সাহেবকে অনুরোধ করেছি যে গভর্ণরস ফাণ্ড তোলার জন্য আমরা তাঁকে অনুরোধ করেছি এবং রাজস্ব যাতে বাড়ে তার জন্য, চেষ্টা করছি।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মাননীয় মন্ত্রিমহাশয় যে সাবকমিটির কথা বললেন—তাতে কয়জন সদস্য আছেন এবং কারা ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** ১১ জন সদস্য নিয়ে ঐ সাবকমিটি করা হয়েছে এবং তারা সকলেই মন্ত্রি।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় ঐ যে বললেন—অষ্টম শ্রেণী থেকে অবৈতনিক করবার প্রয়োজনীয় খরচের অভাবে ঐ পরিকল্পনা কার্য্যকরী করা হচ্ছে না—এই ব্যাপারে কি কেন্দ্রীয় সরকারের সাহায্য চাওয়া হইয়াছিল এবং হয়ে থাকলে তাঁরা কত দিতে রাজী হয়েছিলেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে আমি পত্র দিয়েছিলাম। তাঁরা সাধারণত: যে উত্তর দিয়েছেন—তা হলো এই—কোন রাজ্যের মুখ্য-মন্ত্রীই এই ব্যাপারে National Development Council এর কাছে কোন দাবী উত্থাপন করেন, যদি এই দাবী কেউ উত্থাপন করেন তখন তা বিবেচনা করে দেখবো। দ্বিতীয় কথা—প্রধানমন্ত্রী লিখেছেন—বিনাপয়সায় মেয়েদের শিক্ষা দেওয়া সম্পর্কে যদি এই রাজ্যের মুখ্যমন্ত্রী তাঁকে কিছু বলেন—তাহলে সেই পয়সা দেওয়ার ব্যাপারটী তিনি সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীকে সেই পত্রের সারমর্ম জানিয়ে দিয়েছি।

**শ্রীসামসুদ্দিন আহমেদ:** মাননীয় শিক্ষা মন্ত্রী আগেই Class VIII পর্য্যন্ত অবৈতনিক শিক্ষা প্রবর্তনের অনেক অসুবিধার কথা বলেছেন। এ কথা কি তিনি বিবেচনা করেছেন যে পুরোপুরি Class VIII যদি অবৈতনিক না করা যায়, অন্তত: Class V পর্য্যন্ত অবৈতনিক শিক্ষা প্রবর্তন করা যায় কি না ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এই সমস্ত বিষয়টাই কেবিনেট সাবকমিটির কাছে বিবেচনাধীন আছে।

**শ্রীঅনাদি দাস:** এই যে আপনি উল্লেখ করলেন—National Development Council এ আমাদের চীফ মিনিষ্টার এই প্রশ্ন তোলেন নাই, এই সম্পর্কে কেবিনেট থেকে কি কো পরামর্শ করা হয়েছে ?

**মিঃ স্পীকার:** একথা বলবেন না, আইনে এটা বলার নিষেধ আছে।

## বাঁকুড়া জেলায় ডি, ভি, সি, সেচ এলাকা

*106. (Admitted question No. *162.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) বাঁকুড়া জেলার কোন কোন অঞ্চল ডি, ভি, সি, ক্যানেলের জল সেচের জন্য পাই থাকে ;

(খ) ডি, ভি, সি, ক্যানেল কি এই জেলায় আরও বেশী এলাকায় সেচের জল দেবে ; এবং

(গ) এই বিষয়ে কি কোন সরকারী পরিকল্পনা আছে ?

**শ্রীকানাই ভৌমিক:** (ক) বাঁকুড়া জেলার বড়জোড়, সোনামুখী, পাত্রসায়র ও ইন্দাস থানা অঞ্চল, ডি. ভি. সি. ক্যানেল হইতে সেচের জল পাইয়া থাকে।

(খ) হ্যাঁ।

(গ) আছে। এই বৎসরে ৪টী শাখাখাল খননের জন্য হাতে নেওয়া হয়েছে। খননকার্য সম্পূর্ণ হলে প্রায় ৫০০০ একর অতিরিক্ত জমি সেচের জল পাবে।

### স্বরূপখালি-হিজোল জলনিকাশী ক্যানেলের পুনর্খনন

*107. ( Admitted question No. *198. )

**শ্রীসনৎকুমার রাহা:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—কান্দী মহকুমার স্বরূপখালি হইতে হিজোল পর্যন্ত যে জলনিকাশী রাস্তা বা ক্যানেল ছিল তাহা পুনর্খনন করা হইবে কিনা?

**শ্রীকানাই ভৌমিক:** জল নিকাশী চ্যানেলটি পুনর্খনন করার কোন প্রস্তাব নাই।

**শ্রীসনৎকুমার রাহা:** আপনি কি জানেন লোক্যাল বি-ডি-ও-থেকে এই বিষয়ে সরকারের সুপারিশ করা হয়েছিল জল নিকাশের জন্য ঐ রাস্তাটা বা ক্যানেলটা পুনর্খনন করার জন্য?

**শ্রীকানাই ভৌমিক:** এই সম্পর্কে একটা রিপোর্ট আমি আপনাদের পড়ে শোনাচ্ছি।

At present there is no proposal for excavation of the drainage channel from Swarupkhal to Hijal drainage area. The Hijal beel area is linked up with the flood problem of Kandi area. Unless flood protection scheme in Kandi area—Phase No. 1—is implemented no useful purpose will be served by excavating the proposed drainage Channel. As recommended by the West Bengal Flood Enquiry Committee, 1959, the detailed estimate for flood protection scheme for Kandi area, phase No. 1, is under preparation. The object of the scheme is to protect the area between Monicornika and the river Mayurakshi from flooding during extraordinary flood without causing any adverse effect on Hijol Beel area. The area beyond the flooding Hijol Beel area is expected to get some relief. After the scheme is finalised it will be considered for early implementation.

### মেদিনীপুর ক্যানেলের ভাঙন

*108. (Admitted question No. *483.)

**শ্রীকালীপদ মণ্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে ভাগীরথী নদী সংলগ্ন মেদিনীপুর ক্যানেলের দুই পার্শ্বে ভাঙন সুরু হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, ঐ ভাঙন রোধ করিবার জন্য অবিলম্বে কী ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**শ্রীকানাই ভৌমিক:** (ক) মেদিনীপুর ক্যানেলরিচ ৮-এর উভয় পার্শ্বে কোন ভাঙন হয় নাই। কিন্তু ঐ ক্যানেলের পার্শ্বেই পুরান খালের উভয় পার্শ্বে ভাঙন দেখা গিয়াছে।

(খ) পুরান খালের পার্শ্বে ভাঙন প্রতিরোধের জন্য প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুত করা হইতেছে।

## শো ট্যাক্স

*109. (Admitted question No. *583.)

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কি চলচিত্র-গৃহে প্রদর্শনী (শো-ট্যাক্স) ট্যাক্স ধার্য করিয়াছেন;

(খ) করিয়া থাকিলে—

(১) কোন বৎসর হইতে চালু হইয়াছে,

(২) চালু হওয়ার সময় হইতে প্রতি বৎসরে সরকারের মোট কত আয় হইয়াছে, এবং

(৩) ট্যাক্সের হার;

এবং

(গ) আদায়কৃত ট্যাক্সের শিল্প উন্নয়নকল্পে কোন অনুদান দিয়া থাকিলে প্রতি বৎসরে তাহার পরিমাণ?

## দুর্গাপুর কংগ্রেস অধিবেশন, ১৯৬৫

*110. (Admitted question No. *620.)

**মোল্লা হুমায়ুন কবীর:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৫ সালে দুর্গাপুরে কংগ্রেস অধিবেশনের সময় বিভিন্ন খাতে সরকারের যে অর্থ খরচ হইয়াছিল সেই অর্থ সম্পূর্ণ আদায় হইয়াছে কিনা;

(খ) আদায় না হইয়া থাকিলে কত টাকা পাওনা আছে; এবং

(গ) ঐ অর্থ আদায়ের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**Mr. Speaker**: Perhaps these questions relate to Chief Minister, and as the Chief Minister will be bnsy to-day it will not be possible for him to come. So, these questions are held over.

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল:** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, প্রিভিয়াসলি একদিন আমরা দেখেছিলাম আমাদের স্বাস্থ্য মন্ত্রিমহাশয়-এর অনুপস্থিতিতে আপনি অনুরূপভাবে তাঁর কোশ্চেন হেল্ড ওভার করেছিলেন, তারপরে আমরা সেটার জবাব পেলাম না। এইভাবে যদি আপনি হেল্ড ওভার করেন মিনিষ্টাররা অনুপস্থিত থাকলে তাহলে সেগুলি আপনি রিপিট করে ছাপিয়ে দেবেন কি?

**শ্রীযতীন চক্রবর্তী:** আমি স্যার, মাননীয় সদস্যকে জানাচ্ছি আমাদের স্পোর্টস মিনিষ্টারের যে জবাব দেবার কথা ছিল সেটা আমি সেদিনই বলে দিয়েছি যে ২৪ তারিখে হবে। আজকের বুলেটিনে দেখতে পাবেন তারজন্য ২৪ তারিখে ফিক্স করা আছে।

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল:** হেল্ড ওভার কোয়েশ্চেনগুলি পরবর্তী পার্লিয়েষ্ট ডে-তে দেবার একটু চেষ্টা করবেন।

**শ্রীযতীন চক্রবর্তী:** পরবর্তী দিনে যেদিন তাঁর জবাব দেবার কথা সেদিন দেবেন।

**মিঃ স্পীকার:** আপনি যে অভিযোগ তুলেছেন তার তদন্ত করা দরকার। অনারেবল মিনিষ্টার যদি থাকেন তাহলে তাঁকে কোয়েশ্চেনের জবাব দিতে হবে। সেদিন অনারেবল মিনিষ্টার রাম চ্যাটার্জী মহাশয়-এর কোয়েশ্চেন হেল্ড ওভার হয়ে গিয়েছিল, উনি ছিলেন না। এইভাবে যদি চলে তাহলে সেটা খুব মুস্কিলের ব্যাপার।

**শ্রীযতীন চক্রবর্তী:** বুলেটিনে দিয়ে দেয়া হয়েছে যে ২৪ তারিখে সেই হেল্ড ওভার কোয়েশ্চেনগুলির জবাব দেয়া হবে।

## দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন

*111. (Admitted question No. *84.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের আগামী জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের উদ্দেশ্যে রাজ্যসরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এই সম্বন্ধে রাজ্য সরকারের পক্ষ হইতে একটি কমিটি গঠন করা হইয়াছে। এই কমিটি একটি সুসংগত কার্য্যসূচী গ্রহণ করিয়াছে। এই কার্য্যসূচীকে রূপায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট অর্থ সাহায্য চাওয়া হইয়াছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** আপনি যে কর্মসূচীর কথা বললেন কি ধরণের কর্মসূচী সেটা আমাদের জানাবেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** যে কর্মসূচী গ্রহণ করা হয়েছে সেটা আমি বলছি।

(1) Issue of postage on his birth centenary day—Central Government :o be moved, (2) national holiday to be observed on that day—Central Government to be moved, (3) installation of his statue somewhere in Central Parliament, Central Government to be moved, (4) museum at he Step Aside, Darjeeling and opening of it on his birth centenary or on some other day, (5) organising State function at Calcutta, (6) setting up of a public library at Calcutta, (7) setting up of a Chair at the University of Calcutta on Social Science or on Literature, Deshabandhu Chair—Central Assistance to the extent of Rs. 4 lakhs to be sought for, 8) publication of commemoration volume on his birth centenary, Deshabandhu in the eyes of his contemporaries, (9) publication of his works, (10) to have a documentary film on his life, (11) ১১ নম্বর হচ্ছে কলকাতায় তাঁর একটা বাষ্ট বা ষ্টাচু প্রতিষ্ঠা করা, এই কর্মসূচী সাধারণভাবে ঐ কমিটির পক্ষ থেকে গ্রহণ করা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এখানে যে বিস্তৃত কর্মসূচী গ্রহণ করা হয়েছে তার মধ্যে আর একটি বিষয় অন্তর্ভুক্ত করা সম্ভব হবে কিনা—মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন দেশবন্ধু চিত্তরঞ্জনের স্মৃতি রক্ষার জন্য যে ব্যবস্থা আছে সেটা হচ্ছে চিত্তরঞ্জন সেবাসদন, চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতাল—এই দুটি প্রতিষ্ঠানের অবস্থা শোচনীয় হয়ে পড়েছে। ৫ লক্ষ টাকা বছরে ওখানে ঘাটতি যাচ্ছে এবং ডিসেম্বর মাসে বন্ধ হয়ে যাবার কথা হয়েছিল রোগীদের মাছ দেওয়া যায় নি বলে। এটা হয়ত মন্ত্রিমহাশয় শুনে থাকবেন। মোটের উপর কথা হচ্ছে হাসপাতালটির অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে। আমরা যখন দেশবন্ধু চিত্তরঞ্জনের জন্ম শতবার্ষিকী পালন করবো তখন যদি সম্ভব হয় যাতে এটা ভালভাবে চলে সে ব্যবস্থা করার জন্য মন্ত্রিমহাশয় ভাববেন কি, বা মন্ত্রিমহাশয়ের সংগে যোগাযোগ করে টাকা পয়সার ব্যবস্থা যাতে করা যায় সেটা অনুগ্রহ করে এর ভিতর অন্তর্ভুক্ত করতে পারবেন কি ?

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমাদের যে কমিটি করা হয়েছে তার মধ্যে দেশবন্ধু পাঠাগার, দেশবন্ধু গার্লস কলেজ, চিত্তরঞ্জন সেবাসদন এবং বঙ্গীয় সাহিত্য পরিষদ এদের ডেকে অভিমত চাওয়া হবে। কাজেই সে সময় এই সব কথা প্রশ্নের ভিত্তিতে লেখা হতে পারে। কিন্তু শতবার্ষিকীতে ঐ হাসপাতালের চলতি খরচ এর সংগে মিট করবার জন্য কোন ব্যবস্থা করা সম্ভব হবে কিনা যাদের টাকা হবে তাদের সংগে ঠিক করে করা যেতে পারে।

**কুমার শ্রীজগদীশচন্দ্র সিংহ :** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন দেশবন্ধু চিত্তরঞ্জনের জন্ম শতবার্ষিকী উৎসব পালনের দায়িত্ব কি শিক্ষাদপ্তরের, না অন্য কোন দপ্তরএর সংগে জড়িত আছে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** ক্যাবিনেটে এই ব্যাপারটি উঠেছিল এবং তাদের নির্দেশ অনুযায়ী সাব-কমিটি গঠন করা হয়েছে এবং তাতে পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ও আছেন।

**কুমার শ্রীজগদীশচন্দ্র সিংহ :** শিক্ষাদপ্তর এ বিষয়ে অগ্রণী, না অন্য কোন দপ্তর এর সংগে আছে ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** উৎসবের দায়িত্ব কেন্দ্রের, তার সংগে শিক্ষাদপ্তর ব্যবস্থা করেন। কাজেই সেখান থেকে শিক্ষা দপ্তরের সংগে যোগাযোগ করা হয়েছিল ।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের জন্ম শতবার্ষিকীতে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে কোন স্মারক ডাকটিকিট তৈরী করে বিক্রী করবেন, এই রকম কোন ব্যবস্থা করবার জন্য রাজ্যসরকারের তরফ থেকে অনুরোধ করা হবে কি ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** সেটা তো আমি আগেই বললাম। আমাদের প্রথম আইটেমই হচ্ছে ইসু অব পোষ্টেজ অন হিজ বার্থ সেন্টিনারি ডে।

**শ্রীনিতাইপদ সরকার :** যদিও প্রশ্নটি অপ্রাসংগিক তবুও আমি এখানে সেটা তুলতে চাচ্ছি—মন্ত্রিমহোদয় জানাবেন কি লেনিন জন্মবার্ষিকী সম্পর্কে কোন প্রোগ্রাম বা ভবিষ্যৎ কোন কর্মসূচী আছে কিনা ?

**মিঃ স্পীকার :** এর সংগে এ প্রশ্ন এ্যারাইজ করে না। এতে দেশবন্ধুর কথা লেখা আছে, লেনিনের কথা এ প্রশ্নে নাই ?

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** মন্ত্রিমহোদয় যা বললেন তা থেকে এটা বোঝা গেল যে জন্মবার্ষিকীর দায়িত্ব প্রধানতঃ কেন্দ্রীয় সরকারের উপর বর্তাচ্ছে। আমি বলছি এতে বাংলাদেশের বিশেষ দায়িত্ব রয়েছে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে এই শতবার্ষিকীর জন্য সরকার থেকে কোন টাকা বরাদ্দ করেছেন কিনা বা এর জন্য কিছু স্থির হয়েছে কিনা ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** এখনও হয়নি, এটা কেন্দ্রীয় সরকারের সংগে আলোচনা করে রাজ্য-সরকার ও কেন্দ্রীয় সরকার মিলিত ভাবে করবেন।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, দেশবন্ধু জন্মশতবার্ষিকী কমিটিতে কে কে আছেন।

**শ্রীসত্যপ্রিয় রায় :** যাঁরা এই কমিটিতে আছেন তাঁরা হলেন—

Shri S. P. Roy, Education Minister, Shri S. Benerjee, P. W. D, Minister, Shri S. Ghosh, C & S. I. Minister, Dr. S. N. Sen. Vice-Chancellor, Calcutta University, Dr. Suniti Kumar Chatterjee, National Professor and Professor, Tripura, Shankar Sen Sharma of Deshbandhu Satabdi Samity with powers to co-opt.

## নূতন অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার ও হাই স্কুলের সংখ্যা

*112. (Admitted question No. *175.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে মার্চ মাস হইতে ১৯৭০ জানুয়ারী পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট কতগুলি জুনিয়ার হাই ও হাই স্কুলকে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করিবার অনুমোদন দেওয়া হইয়াছে ; এবং

(খ) উক্ত সময়ের মধ্যে কতগুলি (১) জুনিয়ার হাই ও (২) হাই স্কুলকে বাঁকুড়া জেলায় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করিবার অনুমোদন দেওয়া হইয়াছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** (ক) জুনিয়র হাইস্কুল হইতে দশম শ্রেণীযুক্ত মাধ্যমিক বিদ্যালয় হিসাবে অনুমোদনের জন্য ৯৬টি বালক বিদ্যালয় ও ৩০টি বালিকা বিদ্যালয়কে মধ্য শিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছে। উক্ত সময়ে ১০৩টি দশম শ্রেণীযুক্ত বিদ্যালয় একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয় হিসাবে অনুমোদনের জন্য আবেদন করিয়াছিল। ইহাদের মধ্যে ২৬টি বিদ্যালয়কে একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয়ে উন্নীত হইবার জন্য মধ্য শিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছে।

| | | | |
|---|---|---|---|
| (খ) বাঁকুড়া জেলা :— | | কতগুলি বিদ্যালয়কে মধ্যশিক্ষা পর্ষদের নিকট অনুমোদনের জন্য সুপারিশ করা হইয়াছে। আবেদনের সংখ্যা | |
| (১) জুনিয়র হাইস্কুল হইতে দশম শ্রেণী যুক্ত বিদ্যালয় | | | |
| বালক | — | ১৫ | ১ |
| বালিকা | — | ২ | ২ |
| (২) দশম শ্রেণীযুক্ত বিদ্যালয় হইতে একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয় — | | ১ | ... |
| | — | ৭ | ২ |
| (৩) একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয়ে অতিরিক্ত শাখা | | | |

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে বিদ্যালয়গুলিকে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে তাদের কি কি কনডিসান্স বা যোগ্যতার মানদণ্ড হিসাবে দেখা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** সাধারণ নিয়মে যা দেখা হয় তা হল যোগ্য শিক্ষক আছেন কিনা, বিদ্যালয় ভবন আছে কিনা, শিক্ষার সাজসরঞ্জাম আছে কিনা এবং বিশেষ করে যা দেখা হয়েছে তা হল ছাত্র সংখ্যা যা তাতে করে এরকম বিদ্যালয়ের পরিচালনার আর্থিক দায়িত্ব গ্রহণ করতে পারে কিনা। কাজেই ছাত্র সংখ্যার উপরে জোর দেওয়া হয়েছে।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ছাত্র সংখ্যা কত চাওয়া হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এক এক শ্রেণীতে এক এক রকম সাধারণভাবে করা হয়েছে, নোটিশ দিলে জানাবো।

**ডাঃ নিরঞ্জন ভক্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় 'খ' এর উত্তরে যা বললেন সেটা ব্লক ভিত্তিক নাম করে জানাতে পারেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** না। ব্লক ভিত্তিক নাম নেই।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ডি. পি. আই'-এর রেকমেণ্ডেসান সেকেণ্ডারী এডুকেশান বোর্ডে পাঠাবার পূর্বে এখনও এডুকেশান ডিপার্টমেণ্টের অনুমোদনের জন্য অপেক্ষা করে কি এবং বহু স্কুল তার অনুমোদন ডি. পি. আই রেকমেণ্ডেসান করা সত্ত্বেও ডিপার্টমেণ্টের রেকমেণ্ডেসানের অভাবে ও তার পূর্বে ফাইনান্স ডিপার্টমেণ্টের অনুমোদন নেবার প্রয়োজনে আটকে আছে এটা জানেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** ফাইনান্স ডিপার্টমেণ্টের অনুমোদনের প্রয়োজন নেই। ডি. পি. আই. শিক্ষা দপ্তরের পক্ষ থেকে দেন কাজেই সেখানে শিক্ষা দপ্তরের অনুমোদনের প্রয়োজন আছে। কিন্তু সেজন্য কোন কেস এখন পড়ে নেই এইটুকু বলতে পারি।

**Mr. Speaker.:** The question hour is over.

## STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

### উপদেষ্টা পরিষদ্ গঠন

*114. (Admitted question No. *596.)

**শ্রীকালীপদ মণ্ডল :** শিক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জেলা স্কুল বোর্ডগুলি বাতিল হইবার পর প্রতি জেলায় একটি করিয়া উপদেষ্টা পরিষদ্ গঠন করার কথা ছিল ;

(খ) সত্য হইলে, সকল জেলায় ঐ উপদেষ্টা পরিষদ গঠিত হইয়াছে কিনা ; এবং

(গ) হাওড়া জেলায় ঐ পরিষদের সদস্য কাহারা ?

**The Minister for Education :**

(ক) হাঁ।

(খ) সকল জেলাতেই উপদেষ্টা পরিষদ (Advisory Committee) গঠিত হইয়াছে।

(গ) হাওড়া জেলার ঐ পরিষদের সদস্যদের বর্তমান তালিকা নিম্নে দেওয়া হইল :

১। ডিষ্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার হাওড়া ( ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট কর্তৃক মনোনীত )

২। নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির হাওড়া জেলা শাখার সম্পাদক।

৩। নিখিল বঙ্গ শিক্ষক সমিতির হাওড়া জেলা শাখার সম্পাদক।

৪। শ্রী বি. মিত্র. হাওড় নরসিংহ দত্ত কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের প্রধান—উক্ত কলেজের অধ্যক্ষ কর্তৃক মনোনীত।

৫। জেলা বিদ্যালয় পরিদর্শিকা, হাওড়া

৬। জেলা বিদ্যালয় পরিদর্শক, হাওড়া

৭। শ্রী চণ্ডী রায়চৌধুরী, ৩৪/১, লালাবাবু সায়ের রোড, পোঃ বেলুড়মঠ, হাওড়া।

৮। শ্রীসুভাষ চ্যাটার্জি, এস, ইউ, সি, অফিস, ৪৫, উমাচরণ বোস লেন, হাওড়া-১।

৯। শ্রীশ্যামসুন্দর ধাওয়া, গ্রাম—রাণাপাড়া, পোঃ– দেওড়া ( ভায়া আমতা ) জেলা—হাওড়া।

১০। শ্রীব্রজমোহন রায়, পি, এস, পি, অফিস, ৪, নিত্যধন মুখার্জি রোড, হাওড়া।

১১। শ্রীশৈলেন্দ্রনাথ দাস, ১০১/৪, বেলিলিয়াস লেন, হাওড়া।

১২। শ্রীহরিচরণ দাস, ৪, মল্লিগথ পোহন লেন, হাওড়া—৬

১৩। শ্রীদুলাল মণ্ডল, মানিকপুর, পোঃ ডেণ্টামিল, হাওড়া।

১৪। শ্রীরামপ্রসাদ মুখার্জি আর, এস, পি, অফিস, ৫৩৩, জি, টি, রোড, হাওড়া।

১৫। শ্রীরমাপ্রসাদ মজুমদার, আর, এস, পি, অফিস, ৫৩৩, জি, টি, রোড, হাওড়া।

১৬। শ্রীঅরবিন্দ ঘোষাল, ২২, নীলমনি মল্লিক লেন, হাওড়া।

১৭। শ্রীসত্যেন ঘোষ, গ্রাম—ঝিগাছা, পোঃ—সাঁতরাগাছি, হাওড়া।

১৮। শ্রীসত্যনারায়ণ হোস, গ্রাম—জয়পুর, পোঃ–জয়পুর ফকিরদাস, হাওড়া।

১৯। শ্রীমতী অনিমা বিশ্বাস, ৪৯/৩, জয়নারায়ণ আনন্দ দত্ত লেন, হাওড়া।

২০। শ্রীকান্ত পাঠক, সি/ও মার্কসিষ্ট ফরওয়ার্ড ব্লক অফিস, বালি অঞ্চল, পোঃ বেলুড়, জেলা—হাওড়া

২১। শ্রী দেবী ব্যানার্জি, গ্রাম এবং পোঃ বলুহাটি, হাওড়া।

২২। শ্রীঅশোক ঘোষ, গ্রাম ও পোঃ পাঁচলা, হাওড়া।

২৩। শ্রীমদন দাস, ১১, ধর্মতলা লেন, পোঃ শিবপুর, জেলা—হাওড়া।

## ১৯৬৯-৭০ সালে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়কে স্বীকৃতি দান

***115** (Admitted question No. *621.)

**মোল্লা হুমায়ুন কবীর :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯-৭০ সালের আর্থিক বৎসরের এ পর্যন্ত সরকার কতগুলি (১) মাধ্যমিক বিদ্যালয়কে ও (২) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে স্বীকৃতি দিয়াছেন ?

**The Minister for Education :**

১৯৬৯-৭০ সালে নিম্নলিখিত সংখ্যক বিদ্যালয়সমূহকে অনুমোদনের জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইয়াছে।

| | অনুমোদনের জন্য আবেদনপত্রের সংখ্যা। | অনুমোদনের জন্য কত সংখ্যক বিদ্যালয়কে সুপারিশ করা হইয়াছে। |
|---|---|---|
| দশম শ্রেণীযুক্ত বিদ্যালয় ( বালক ) | ৩০৯ | ৯৬ |
| দশম শ্রেণীযুক্ত বিদ্যালয় ( বালিকা ) | ৭২ | ৩৩ |
| ৪-শ্রেণীযুক্ত জুনিয়ার হাই ( ৫ম হইতে ৮ম শ্রেণী পর্যন্ত ) | ৬৮৪ | ৩৬২ |
| ২-শ্রেণীযুক্ত জুনিয়ার হাই ( ৫ম ও ৬ষ্ঠ শ্রেণী পর্যন্ত ) | ১৯৩ | ১৭৮ |
| দশম শ্রেণী হইতে একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয় | ১০৩ | ২৬ |
| একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয় অতিরিক্ত শাখা | ২২১ | ৭৩ |

## ফারাক্কা ব্যারেজের ফলে ভাগীরথী নদ র জলপ্রবাহের পরিমাণ

***116.** (Admitted question No. *108.)

**শ্রী অমলেন্দ্রলাল রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফারাক্কা ব্যারেজ সম্পূর্ণ হইলে ভাগীরথী দিয়া দৈনিক কি পরিমাণ জল (১) বর্ষা, (২) খরা সময়ে ও (৩) বছরে অন্যান্য সময়ে প্রবাহিত হইবে ; এবং

(খ) ঐ জল যাহাতে ভাগীরথী, গঙ্গা বা পদ্মার যে সকল শাখা বর্তমানে মজিয়া গিয়াছে বা সারা বছর প্রবহমান থাকে না, সেগুলিতেও প্রবাহিত হয় এবং মুর্শিদাবাদ জেলার সেচ ও জলপথে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয় তজ্জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কিনা ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) ফারাক্কা ব্যারেজ সম্পূর্ণ হইলে এই ব্যারেজ হইতে ভাগীরথী নদীতে দৈনিক ৪০,০০০ কিউসেক জল প্রবাহিত হইবে।

বর্ষাকালে বিশ্বনাথপুর প্রবেশ মুখ হইতে সর্বাধিক ৮০,০০০ কিউসেক পর্যন্ত জল ভাগীরথীতে প্রবাহিত করার সম্ভাবনা আছে।

(খ) ঐ প্রকল্প সম্পূর্ণ হইলে ভাগীরথীর প্রভূত উপকার হইবে। কলিকাতা হইতে মুর্শিদাবাদ পর্যন্ত জলপথে যোগাযোগেরও অনেক উন্নতি হইবে। তবে গঙ্গা বা পদ্মার কোন শাখানদীর কোন উপকার হইবে না। সেচ ব্যবস্থার উন্নতির প্রশ্ন উঠে না কারণ এই প্রকল্প কলিকাতা বন্দরের যোগাযোগ ব্যবস্থার জন্য।

## UNSTARRED QUESTIONS.

( to which written answers were laid on the table )

### পোকা লাগিয়া শস্যহানি

61. ( Admitted question No. 29. )

**শ্রীঅমলেন্দ্র লাল রায়ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত বৎসর ( ১৯৬৯ সালে ) পোকা লাগিয়া ব্যাপকভাবে শস্যহানি হইয়াছিল ;

(খ) সত্য হইলে, ফসল রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার কান্দী মহাকুমায় বিঘাপ্রতি গড়পড়তা আমন ধানের ফসল কত হইয়াছে ?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রায় ৭$\frac{১}{২}$ মণ।

### তিস্তা ও মহানন্দা ব্যারেজ প্রকল্প

62. ( Admitted question No. 30. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, তিস্তা ও মহানন্দা ব্যারেজ প্রকল্প রূপায়ণে রাজ্যসরকার কতদূর অগ্রসর হয়েছেন ?

**The Minister for Irrigation and Waterways :**

প্রকল্পটি এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

### সল্ট লেক সিটির "এ" সেক্টর

63. ( Admitted question No. 48. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সল্ট লেক সিটির "এ"সেক্টরে রাস্তা, ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী, পানীয় জল ইত্যাদির ব্যবস্থা করা হইয়াছে কি ;

(খ) একথা কি সত্য যে, বসিয়া যাওয়ার আশঙ্কায় "এ" সেক্টরে এখন পর্যন্ত কোন প্লট-হোল্ডার বাড়ি নির্মাণ করিতেছেন না ; এবং

(গ) ঐ সিটির "বি" সেক্টরে কি শর্তে কবে জমি বিলি করা হইবে ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) হ্যাঁ, হইতেছে।

(খ) না, ইহা সত্য নহে।

(গ) ইহা সরকারের বিবেচনাধীন।

## বক্সাদুয়ারের তিব্বতী শরণার্থী শিবির

64. (Admitted question No. 121.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বক্সাদুয়ারে অবস্থিত তিব্বতী শরণার্থী শিবিরে বর্তমানে কতজন বাস করিতেছেন;

(খ) ঐ শরণার্থীদের জন্য বাৎসরিক কত খরচ হয়; এবং

(গ) তিব্বতী শরণার্থীদের স্থায়ীভাবে পুনর্বাসন দেওয়ার কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কি?

**The Minister for Relief and Social Welfare:**

(ক) বর্তমানে কেহই নাই। পূর্বে বক্সা শিবিরে ৮৭১ জন তিব্বতীয় লামা ছিলেন।

(খ) বাৎসরিক খরচ আনুমানিক পাঁচ লক্ষ টাকা। ভারত সরকার সমস্ত ব্যয়ভার বহন করেন।

(গ) ভারত সরকারের পরিকল্পনা অনুযায়ী ১৯৬৯ সালের অক্টোবর ও ডিসেম্বর মাসে এবং ১৯৭০ সালের জানুয়ারী মাসে ঐ সমস্ত লামাকে স্থায়ীভাবে পুনর্বাসনের জন্য মহীশূর রাজ্যের "মুন্ডগড" এবং "বাইলাকুপাতে" স্থানান্তরিত করা হইয়াছে।

## মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন সার্কেলে মোট খাস জমি

65. (Admitted question No. 223.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মুর্শিদাবাদ জেলায় কোন্ সার্কেলে কত কৃষিযোগ্য খাস জমি আছে ও বিলি হইয়াছে, কত অ-কৃষি-জমি খাসে আছে এবং বিলি হইয়াছে, কত "মেছোঘেরী" নামীয় জমি অন্যায়ভাবে ব্যক্তিগত দখলে আছে এবং কত "মেছোঘেরী" সরকারের হাতে ন্যস্ত আছে?

**The Minister for Land and Land Revenue:**

একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষার পরিকল্পনা

66. (Admitted question No. 144.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, সরকার বর্তমান বৎসর হইতে অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে ছাত্রছাত্রীদের শিক্ষা দিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন?

**The Minister for Education:**

বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। সুতরাং এই সম্পর্কে কিছু বলা এখন সম্ভব নহে।

## পশুপালনের জন্য গোচারণভূমি

67. (Admitted question No. 212.)

**শ্রীসনৎকুমার রাহা:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশুপালনের জন্য গোচারণভূমির উন্নতিসাধন ও সম্প্রসারণের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

এ রাজ্যে ক্রমবর্ধমান জনসংখ্যা এবং কৃষিজমির অপ্রতুলতার দরুণ গোচারণভূমির উন্নতি সাধন ও জমি সংরক্ষণের ব্যবস্থা প্রয়োজনানুসারে করা সম্ভবপর হইতেছে না। তবে পশুখাদ্য উৎপাদন ও সংগ্রহের জন্য বিভিন্ন প্রকল্প চালু আছে এবং নূতন প্রকল্প লওয়া হইতেছে।

### পেনসনভোগীদের পেনসন বা ভাতা বৃদ্ধি

68. (Admitted question No. 221.)

**শ্রীসনৎকুমার রাহা :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত ও পেনসনভোগী কর্মচারীদের জন্য দুর্মূল্য হেতু পেনসন বৃদ্ধি বা পেনসনের সহিত ভাতা বৃদ্ধির কোন সরকারী প্রস্তাব আছে কিনা ?

**The Minister for Finance :**

না।

### ব্যাঙ্ক জাতীয়করণে পশ্চিবঙ্গ সরকারের সুবিধা

69. (Admitted question No. 238.)

**শ্রীসনৎকুমার রাহা :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বড় কুড়িটি ব্যাঙ্ক জাতীয়করণ করার ফলে পশ্চিমবঙ্গ সরকার এই জাতীয়করণের কি কি সুবিধা পাইবেন ইহা সরকার চিন্তা করিয়াছেন কিনা ?

**The Minister for Finance :**

চৌদ্দটি ব্যাঙ্কের জাতীয়করণ হইয়াছে। ব্যাঙ্কিং বিষয়টি ভারত সরকারের নিয়ন্ত্রণাধীন। চৌদ্দটি ব্যাঙ্ক জাতীয়করণ দ্বারা পশ্চিমবঙ্গ সরকারের সুবিধা হইবে কিনা, হইলে কি কি সুবিধা হইবে, সে বিষয়ে ভারত সরকারের নিকট হইতে কোন নির্দেশ পাওয়া যায় নাই। তবে ব্যাঙ্ক জাতীয়করণের ফলে স্বল্পমেয়াদী ঋণদানের ক্ষেত্র প্রসারিত হইবার যথেষ্ট সম্ভাবনা আছে বলিয়া আমরা মনে করি। কিন্তু কিভাবে উক্ত ক্ষেত্র সম্প্রসারিত হইবে সে বিষয়ে এখনও কোন সুনির্দিষ্ট কার্যপ্রণালী ভারত সরকার গ্রহণ করিয়াছেন কিনা তাহা আমরা জানি না।

### মুর্শিদাবাদ জেলার অনুমোদিত প্রাইমারী স্কুলের সংখ্যা

70. (Admitted question No. 246.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার মোট কতগুলি সহর ও গ্রামের প্রাথমিক বিদ্যালয় সরকারী অনুমোদনের জন্য বিবেচনাধীন আছে ?

**The Minister for Education :**

মুর্শিদাবাদ জেলায় যে সকল গ্রামে বিদ্যালয় নাই এবং গ্রামের এক মাইলের মধ্যে কোন অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় নাই সেইরূপ ৮৫টি গ্রামে ১৯৭০ সালের জানুয়ারী মাস হইতে ৮৫টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন বা অনুমোদন সরকার মঞ্জুর করিয়াছেন।

মুর্শিদাবাদ জেলায় সহরাঞ্চলসমূহে মোট ২০টি নতুন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন সরকারের বিবেচনাধীন আছে।

## বহরমপুর বেসিক ট্রেনিং-এ ভর্তি বিষয়ে অভিযোগ

71. (Admitted question No. 244.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বহরমপুর বেসিক ট্রেনিং-এ ভর্তি বিষয়ে দুর্নীতি চলিতেছে এই মর্মে সরকার সম্প্রতি কোন অভিযোগ পাইয়াছেন কিনা; এবং

(খ) অভিযোগ পাইয়া থাকিলে, এ বিষয়ে কোন তদন্তের আদেশ হইয়াছে কিনা?

**The Minister for Education:**

(ক) না;

(খ) প্রশ্ন উঠে না।

## বিজ্ঞান বিভাগের শিক্ষকের জন্য অর্থ বরাদ্দ

72. (Admitted question No. 248.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান বিভাগের শ্রেণীর জন্য যে শিক্ষক প্রয়োজন তার জন্য সরকার পৃথক অর্থ দিবার ব্যবস্থা করেন কিনা; এবং

(খ) বিজ্ঞান শিক্ষাধারা প্রবর্তনের জন্য সরকার কি কি সাহায্য করিয়া থাকেন?

**The Minister for Education:**

(ক) হাঁ, ব্যবস্থা করা হইয়া থাকে। যে সমস্ত একাদশ শ্রেণীযুক্ত মাধ্যমিক বিদ্যালয় ১৯৬৬ সাল পর্যন্ত বিজ্ঞান শাখা খুলিবার অনুমতি পাইয়াছে সেই সমস্ত বিদ্যালয় বিজ্ঞান শিক্ষকের ঘাটতি বেতন পাইয়া থাকে।

(খ) (১) বিজ্ঞান বিষয়ে পাঠদানের জন্য যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম ক্রয় করিবার জন্য অর্থ সাহায্যের ব্যবস্থা আছে।

(২) ১৯৬৬ সাল পর্যন্ত বিজ্ঞান শাখা খুলিবার অনুমতিপ্রাপ্ত বিদ্যালয়কে বিজ্ঞান শিক্ষকদের ঘাটতি বেতন ছাড়াও বাৎসরিক ২,০০০ টাকা কনটিনজেন্সি বাবদ অনুমোদন দেওয়া হয়।

(৩) ১৯৬২ সাল পর্যন্ত বিজ্ঞান শাখা খুলিবার অনুমতিপ্রাপ্ত বিদ্যালয়ের গৃহ নির্মাণ বাবদ ও আসবাবপত্র ক্রয় করিবার জন্য ১,০৫,০০০ টাকা দেওয়া হইয়াছে। কর্তৃপক্ষকে উহার ১২½% কনট্রিবিউশান দিতে হইয়াছে।

বর্তমানে অর্থের অভাবে এই বাবদে নূতন বিদ্যালয়গুলিকে সাহায্য দেওয়া যাইতেছে না। এই সম্বন্ধে সরকার বিবেচনা করিতেছেন।

## বহরমপুর আদালতে প্রতীক্ষালয়

73. (Admitted question No. 313.)

**শ্রীসনৎকুমার রাহা:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সিভিল কোর্ট ও ক্রিমিন্যাল কোর্টে মক্কেলগণের প্রতীক্ষালয় আছে কিনা; এবং

(খ) মেয়েদের জন্য বাথরুম আছে কিনা?

**The Minister for Judicial:**

(ক) বহরমপুর সিভিল কোর্টে একটি প্রতীক্ষালয় আছে। ক্রিমিন্যাল কোর্টে কোনও প্রতীক্ষালয় নাই।

(খ) সিভিল এবং ক্রিমিন্যাল কোর্টের কোনটিতেই মেয়েদের জন্য বাথরুম নাই।

### প্রাকৃতিক অঞ্চলের উন্নয়ন পরিকল্পনা

74. ( Admitted question No. 416. )

**শ্রীসনৎকুমার রাহা :** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মাসানজোর, ২৪-পরগণা জেলার বকখালি, বাঁকুড়ার পাহাড়িয়া প্রাকৃতিক অঞ্চলের উন্নয়ন করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Home (Tourism) :**

মাসানজোর বাঁকুড়ার পাহাড়িয়া প্রাকৃতিক অঞ্চলের উন্নয়নকল্পে স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের কোন সরকারী পরিকল্পনা বর্তমানে নাই, তবে ২৪-পরগণা জেলার সুন্দরবন অঞ্চলের বকখালিতে পর্যটকদের ভ্রমনের সুবিধার্থে বিভাগীয় ৪র্থ পরিকল্পনায় ইহা অন্তর্গত হইয়াছে। ইতিমধ্যে বকখালিতে পরীক্ষামূলক নলকূপ খননের কাজ অগ্রসর হইয়াছে এবং দিবাকালে ও রাত্রিভাগ যাপনের জন্য ভ্রমণকারীদের আবাসস্থল নির্মাণের নক্সা প্রস্তুত হইয়াছে।

### ভাতাড় ও আউসগ্রাম থানায় দো-ফসল চাষে জল সরবরাহ

75. ( Admitted question No. 472. )

**শ্রীঅশ্বিনী রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি বর্ধমান জেলার ভাতাড়, আউসগ্রাম ও সদর থানায় দো-ফসল চাষের জন্য জল সরবরাহ করেন ; এবং

(খ) উত্তর হঁ্যা হইলে, ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালে প্রতি থানায় প্রতি বৎসরে সেচপ্রাপ্ত জমির পরিমাণ কত ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) হঁ্যা ; তবে আউসগ্রাম থানায় ১৯৬৭ ও ১৯৬৮ সালের রবিচাষের জন্য জলসরবরাহ করা হয় নি।

(খ) থানা অনুসারে সেচপ্রাপ্ত জমির পরিমাণ নিম্নরূপ :—

| থানা | বৎসর | খরিফ | রবি |
|---|---|---|---|
| | | একর | একর |
| ভাতাড় | ১৯৬৭ | ৬১,৩২৭ | ১৪০ |
| | ১৯৬৮ | ৬৩,৭৩২ | ৪২০ |
| | ১৯৬৯ | ৬৪,৪৮৮ | ৪৩৯ |
| আউসগ্রাম | ১৯৬৭ | ৩৭,৯৩০ | শূন্য |
| | ১৯৬৮ | ৩৯,২০৭ | শূন্য |
| | ১৯৬৯ | ৪০,২৪৫ | ২৬৩ |
| বর্ধমান সদর | ১৯৬৭ | ৫৩,১২৬ | ৯২৭ |
| | ১৯৬৮ | ৫৩,০৪৬ | ১,৫০১ |
| | ১৯৬৯ | ৫৩,৩৫৭ | ২,৪২৬ |

### তালগুড় ও খেজুরগুড় শিল্পের শিক্ষাকেন্দ্র

76. ( Admitted question No. 562. )

**শ্রী মনোরঞ্জন বক্সী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের জানুয়ারী হইতে এ পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কোন্ কোন্ স্থানে কতগুলি তালগুড় ও খেজুরগুড় শিল্পের শিক্ষাকেন্দ্র খোলা হইয়াছে ;

(খ) উক্ত শিক্ষা কেন্দ্রগুলির প্রত্যেকটিতে শিক্ষার্থীসংখ্যা কত ; এবং

(গ) (১) এইসকল শিক্ষার্থীদের কোন সরকারী সাহায্য করা হয় কিনা, এবং
(২) করা হইলে, প্রত্যেক শিক্ষার্থীর জন্য মাথাপিছু গড়ে ঐ সাহায্যের পরিমাণ কত ?

**The Minister for Cottage and Small-scale Industries :**

(ক) ও (খ) সংশ্লিষ্ট ক্রোড়পত্রে দেওয়া হইল।

(গ) (১) ও (২) সরকারী সাহায্য দেওয়া হয় না। তবে চলতি খেজুরগুড় মরসুমে খাদি কমিশন হইতে প্রাপ্ত টাকা হইতে ৩৫ জন শিক্ষার্থীর প্রত্যেককে তিন মাসের জন্য মাসিক ৫০ টাকা হিসাবে পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পরিষদ বৃত্তি দিয়াছে।

Statement referred in reply to clauses (Ka) and (Kha) of unstarred question

No. 76

১৯৬৯ সালের জানুয়ারী হইতে এ পর্যন্ত পশ্চিমবঙ্গে যে তালগুড় ও খেজুরগুড় শিল্প শিক্ষাকেন্দ্র খোলা হইয়াছে তাহার নাম ও ঠিকানা এবং শিক্ষার্থীর সংখ্যা—

(১) বনমহরাপুর তালগুড় শিল্প শিক্ষাকেন্দ্র, পোষ্টঅফিস ও গ্রাম বনমহরাপুর, জেলা বীরভূম - ৮।

(২) দীঘা তালগুড় শিল্প শিক্ষাকেন্দ্র, পোষ্টঅফিস ও গ্রাম দীঘা, জেলা বীরভূম—৭।

(৩) চকতারা বৈদ্য তালগুড় শিল্প শিক্ষাকেন্দ্র, গ্রাম চকতারা বৈদ্য, পোষ্টঅফিস গ্রাম বসুর চক, জেলা ২৪-পরগণা—৭।

(৪) আড়াডাঙ্গালী তালগুড় শিল্প শিক্ষাকেন্দ্র, গ্রাম আড়াডাঙ্গালী পোষ্ট অফিস মহবনা, জেলা বীরভূম—৪।

(৫) পারা তালগুড় প্রদর্শন কেন্দ্র, পোষ্টঅফিস ও গ্রাম পারা, জেলা পুরুলিয়া—১৫।

(৬) গঙ্গানন্দবাদ খেজুরগুড় শিল্পশিক্ষাকেন্দ্র, গ্রাম গঙ্গানন্দবাদ, পোষ্টঅফিস ব্রজলালচক, জেলা মেদিনীপুর—১০।

(৭) ঘরদত্তপাড়া খেজুরগুড় শিল্প শিক্ষাকেন্দ্র, গ্রাম ঘরদত্তপাড়া, পোষ্টঅফিস হাঁপানিয়া, জেলা বর্ধমান—১০।

(৮) করিমনগর খেজুরগুড় শিল্প শিক্ষাকেন্দ্র, গ্রাম করিমনগর, পোষ্টঅফিস গ্রাম বসুর চক, ২৪-পরগনা—১০,।

(৯) গোপালপুর খেজুরগুড় শিল্প শিক্ষাকেন্দ্র, গ্রাম গোপালপুর, পোষ্টঅফিস নপাড়া বড় গ্রাম, জেলা পুরুলিয়া—৫।

## ময়ূরাক্ষী নদীর উপর ব্রীজ

77. ( Admitted question No. 605. )

**শ্রীসনৎকুমার রাহা :** পূর্ত ( সড়ক ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—ভরতপুর হইতে কান্দী রাস্তার ময়ূরাক্ষী নদীর উপর যে দুইটি ব্রীজ করার পরিকল্পনা ছিল তাহা কতদিনে কার্যকরী করা হইবে ?

**The Minister of State for Public Works ( Roads ) :**

আপাতত একটি মাত্র সেতু মঞ্জুর করা হয়েছে এবং তার কাজ শুরু হয়েছে ; অর্থাভাব হেতু ঐ রাস্তায় আর কোন সেতু মঞ্জুর করা সম্ভবপর হয় নি।

## মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্মচারীদের কলম ধর্মঘট

78. ( Admitted question No. 680. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয়, অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মাসাধিককাল যাবত মুর্শিদাবাদ জেলা স্কুলবোর্ডের কর্মচারীরা কলম ধর্মঘট করিয়া থাকায় জেলার সাড়ে ষোল শো প্রাথমিক বিদ্যালয় এবং প্রায় ছয় হাজার প্রাথমিক শিক্ষকের খুবই অসুবিধা হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে—

(১) ঐ ধর্মঘটের কারণ কি, এবং

(২) ঐ ধর্মঘট মীমাংসা করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister for Education :**

(ক) হ্যাঁ।

(খ) (১) শহর ভাতার ( টাউন অ্যালাউয়েন্স-এর ) দাবিতে এই কলম ধর্মঘট চলিতেছে।

(২) উপরোক্ত ধর্মঘট মীমাংসা করিবার জন্য মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্মচারী প্রতিনিধিদের সহিত আলোচনা করিয়া এই আশ্বাস দেওয়া হইয়াছিল যে, পে-কমিশনের রিপোর্ট বাহির হইবার পর সরকার এই বিষয়ে যথোচিত সিদ্ধান্ত গ্রহণ করিবেন। কিন্তু তৎসত্ত্বেও ধর্মঘট এখনও চলিতেছে। সেজন্য স্কুল বোর্ডের কর্মচারীদের উপর ধর্মঘট চালাইয়া যাইবার কারণ দর্শাইবার নোটিশ জারি করার জন্য জেলা পরিদর্শককে নির্দেশ দেওয়া হইয়াছে। সঙ্গে সঙ্গে জেলার প্রাথমিক শিক্ষকগণের বেতন দানের বিকল্প ব্যবস্থা করার জন্যও জেলা বিদ্যালয় পরিদর্শককে বলা হইয়াছে।

## মুর্শিদাবাদ জেলার রাস্তা মেরামতের জন্য অর্থ বরাদ্দ

79. ( Admitted question No. 523. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলার কোন্ রাস্তা মেরামতের জন্য কত অর্থ বরাদ্দ করা হইয়াছিল ; এবং

(খ) ১৫ই জানুয়ারী পর্যন্ত এগুলির জন্য বরাদ্দ অর্থের কত অংশ খরচ হইয়াছে ?

**The Minister of State for Public Works ( Roads ) :**

(ক) ও (খ) সারা বৎসরের আর্থিক বরাদ্দ এখনও স্থির হয় নাই ; তবে চলতি বৎসরের ১৫ই জানুয়ারী পর্যন্ত কোন্ রাস্তার জন্য কত খরচ হইয়াছে তাহার একটি বিবরণ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received 3 notices of Calling Attention on the following subjects, namely :—

1. Alleged clashes at Tangra and Narkeldanga on 1-2-1970—from Shri Kumudranjan Mondal.

2. Alleged irregularities in train services in Bandel—Ajimganj line—from Shri Mollah Humayun Kabir.

3. Attack on Powerloom factory in Nabadwip—from Shri Gyan Sing Sohan Pal.

I have selected the notice on the subject of alleged irregularities in train services in Bandel—Ajimganj line—from Shri Mollah Humayun Kabir.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a suitable date.

**Shri Jatin Chakravorty :** On the 9th.

**Mr. Speaker :** There is no mention cases now.

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি মাননীয় সমস্ত সদস্যের কাছে একটা সুখবর দিচ্ছি। গত শুক্রবার এখানে যে বেসরকারী প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে যে বিধানসভায় রিজারভেশানের জন্য যাতে একটা রেলওয়ে কাউণ্টার খোলা হয়। আজকে সকালে ইষ্টার্ণ রেলওয়ে এবং সাউথ ইষ্টার্ণ রেলওয়ের কমারশিয়াল সুপারিনটেনডেণ্টদের ডেকে তাঁদের সংগে কথাবার্তা হয়েছে, আগামী ১১ই তারিখ থেকে এই বিধানসভায় সাউথ এনেক্সী যেখানে পোষ্ট অফিস আছে তার সামনে ইষ্টার্ণ এবং সাউথ ইষ্টার্ণ রেলওয়ের সহযোগিতায় একটি বুকিং কাউণ্টার খোলা হচ্ছে মেম্বারদের সুবিধার জন্য।

**শ্রীজয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় গৃহীত সর্বসম্মত প্রস্তাবের ভিত্তিতে মাননীয় পরিবহণমন্ত্রি তৎপরতার সংগে তাঁর দায়িত্ব পালন করেছেন এর জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং কর্তৃপক্ষ তৎপরতার সংগে এটা মঞ্জুর করেছেন—সেজন্য রেলওয়ে কর্তৃপক্ষকেও আপনার মাধ্যমে ধন্যবাদ জানাচ্ছি।

## Debate on Governor's Address

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এই হাউসে রাখা হয়েছে আমি তার বিরোধীতা করছি এবং রাজ্যপালের ভাষণে যেটা সরকার পক্ষের ভাষণ সেই যেটা অসত্য এবং কাল্পনিক উক্তিতে ভরা তা পড়লেই বোঝা যাবে। স্যার, আমি গতদিন এই হাউসে রাজ্যের আইন শৃঙ্খলা এবং বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে। আমি কয়েকটি বিষয়ের উপর আমার আলোচনা সীমাবদ্ধ রাখবো। প্রথমে আমি শিক্ষার বিষয় সম্বন্ধে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেটা নিয়ে কিছু বলবো। রাজ্যপালের ভাষণের মধ্যে ১৪ দফায় বলা আছে শিক্ষাক্ষেত্রে পুরুলিয়া জেলায় অবৈতনিক আবশ্যিক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে এবং এই সংগে সমস্ত গ্রামীণ এলাকা এই ব্যবস্থার আওতায় এসেছে। শহরাঞ্চলে ৮৯টি পৌর-প্রতিষ্ঠান-এর মধ্যে ১৭টি অবৈতনিক আবশ্যিক প্রাথমিক শিক্ষা প্রকল্পের আওতায় আনা হয়েছে। আমি স্যার, নিবেদন করবো যে গ্রামাঞ্চলে কংগ্রেস আমলেই এই প্রাথমিক শিক্ষা ফ্রি এবং কম্পালসরি করা হয়েছিল এবং এই যুক্তফ্রন্ট সরকার গ্রামাঞ্চলে শিক্ষাকে অবৈতনিক কিম্বা কম্পাল-সরি করার কোন ষ্টেপ তারা নেননি। এবং আমি আরও বলবো যে তিনি একটা নূতন জিনিস বলেছিলেন এই হাউসের সামনে যে ১৯৭০ সালের মধ্যে ক্লাশ ৮ পর্য্যন্ত ফ্রী করে দেবেন। মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় নিজে এই কথা বলেছিলেন—কিন্তু দুঃখের বিষয় এই রাজ্যপালের ভাষণে শিক্ষা মন্ত্রিমহাশয়ের সেই উক্তির ব্যাপার পাচ্ছি না। তিনি জনগণের কথা বলেন—কিন্তু একথা তিনি জনগণকে ভাঁওতা দেওয়ার উদ্দেশ্যে এই কথা বলেছিলেন। আরও আশ্চর্যের বিষয় শিক্ষামন্ত্রি এই হাউসে দাঁড়িয়ে বছরের পর বছর শিক্ষা ব্যাপার নিয়ে আলোচনা করেছেন এবং বছরের পর বছর যিনি বলেছিলেন যে কংগ্রেস শিক্ষাকে কুক্ষিগত করে ফেলেছে আজকে সেই লোকই মন্ত্রি হয়ে দেখি যে কি প্রাথমিক কি মাধ্যমিক সব শিক্ষার ব্যাপারে আজকে তাঁর একমাত্র লক্ষ্য এবং চেষ্টা হচ্ছে কি করে তাঁর পার্টিকে রক্ষা করা যায় দলবাজী করা যায়। আজকে দেখতে পাচ্ছি যে প্রাইমারী এডুকেসন এ্যাক্ট অনুসারে যে স্কুলবোর্ড গঠিত এবং যা ভোটের মাধ্যমে গঠন করা হয়েছিল সেখানে সেই প্রাইমারী বোর্ডকে সুপারসিড করে দিলেন এবং সেই প্রাইমারী বোর্ডকে সুপারসিড করে পরে

সেই জায়গাতে ডি. আই-কে এ্যাডমিনিষ্ট্রেটার করে এ্যাডভাইসারী কমিটি করেছেন এবং সেই এ্যাডভাইসারী কমিটির সভ্য কে? কমিউনিষ্ট পার্টির লোকরা সেই সভ্য। নির্বাচনের মাধ্যমে যারা ছিলেন তাদের বাদ দিয়ে তাঁরা আমলাতন্ত্রের হাতে শিক্ষার ভার দিলেন তাদের দলের লোকদের নিয়ে এ্যাডভাইসারী বোর্ড করলেন। আর তাঁরাই কোন মুখে বলেন কংগ্রেস কুক্ষিগত করেছিল। আপনারা দেখাতে পারেন যে কংগ্রেস আইন বাদ দিয়ে নিজেদের দলের লোকদের রেখেছিলেন সেই একজাম্পল সত্যপ্রিয়বাবু কি দিতে পারেন? আজকে সমস্ত আচরণবিধি জলাঞ্জলী দিয়ে সেখানে দলবাজী করার উদ্দেশ্যে প্রাথমিক স্কুল বা বোর্ড যা ছিল তাকে সুপারসিড করে এ্যাডভাইসারী কমিটি করেছেন এবং এই ব্যাপারে সেখানে বাম কমিউনিষ্ট পার্টি'র লোকদের রাখা হয়েছিল এবং তাতে অন্যান্য শরিক দল তাতে বিক্ষুব্ধ হয়েছিল বলে অন্যান্যদেরও সেখানে নেওয়া হয়েছে। এটা কি ডেমোক্রাটিক গভর্ণমেণ্ট? এই রকম পার্টিবাজী করার ইতিহাস আর নাই। শিক্ষামন্ত্রি বলেছেন যে ১৫০০ স্কুল করবেন—এই আশ্বাস তিনি দিয়েছেন। কিন্তু কংগ্রেসী আমলে ৩৪,৫০০ স্কুল তারা করেছিল আর এই যুক্তফ্রণ্ট সরকারের আমলে একটি স্কুলও তাঁরা করতে পারেননি। কেবল পরস্পর গালাগালিতে মত্ত আছেন—তাতেই আবার তাঁরা গর্ব করছেন এবং এইসব স্কুল করবেন বলে বাণী আওড়াচ্ছেন। তাঁরা এই হাউসের সামনেই বলেছিলেন যে ক্লাশ ৮ পর্যন্ত অবৈতনিক করা হচ্ছে—আজকে তাদের বলা উচিত ছিল যে ক্লাস ৮ পর্যন্ত অবৈতনিক করেছি যেটা ১৯৬৯ সালে প্রতিশ্রুতি দিয়েছিলেন—তা কি করেছেন? কংগ্রেস যা করেছিল আজকে সেইটাকেই নিয়ে আপনারা জয়গান করছেন আর ক্লাস ৮ পর্যন্ত যে কম্পালসারি করার কথা বলেছিলেন সেটা ভাঁওতা ছাড়া আর কিছুই নয়। আর আপনি যদি সমগ্র ভারতবর্ষের ইতিহাস নেন, তাহলে দেখবেন যে আজকে পশ্চিমবাংলা, আসাম, বিহার এবং উড়িষ্যা বাদ দিয়ে, অন্যান্য প্রদেশে ক্লাস এইট পর্য্যন্ত ফ্রী হয়ে গেছে। আমি আরও বলব এঁরা ক্লাস এইট পর্য্যন্ত ফ্রী করতে পারেননি, কিন্তু কংগ্রেস মেয়েদের ক্ষেত্রে ক্লাস এইট পর্য্যন্ত ফ্রী করে দিয়েছে। কংগ্রেস আমলেই যা কিছু হয়েছে। কিন্তু আপনার প্রিয় মন্ত্রি সত্যপ্রিয়বাবু ক্লাস এইট পর্য্যন্ত ফ্রি করতে পারেননি, ক্লাস এইট তো দূরের কথা, ক্লাস ফাইভ কিংবা ক্লাস সিক্স পর্য্যন্ত করতে যদি পারতেন তাহলে বলতাম কিছু করেছেন, কিন্তু তা পর্য্যন্ত পারেননি। আর ক্লাস এইট পর্য্যন্ত ফ্রি করা, এটা যেন যুক্তফ্রণ্ট সরকারের নীতি, কিন্তু তা নয়। একটু তলিয়ে দেখলেই দেখা যাবে, এটা সংবিধানের আর্টিকল ৪৫-এ বলা আছে—"The State shall endeavour to provide, within a period of ten years from the commencement of this Constitution, for free and compulsory education for all children until they complete the age of fourteen years." এটা সংবিধানের ডিরেক্টিভ প্রিন্সিপল, কিন্তু এঁরা বলছেন এটা হচ্ছে যুক্তফ্রণ্টের নীতি। আজকে কংগ্রেস আমলে যে স্কুল ছিল, সেই স্কুলই আছে। এঁরা কেবল নিজেরা পরস্পর মারামারি করে, এক পাও এগুতে পারেননি। অথচ চোরের মার বড় গলা, সেই পন্থা অবলম্বন করে চীৎকার করে যাচ্ছেন বড় গলায়, আর জনগণকে কাজের ফিরিস্তি দিচ্ছেন। কেবল প্রাথমিক শিক্ষাই নয়, মাধ্যমিক শিক্ষাকেও কুক্ষিগত করার জন্য কাজ করে চলেছেন। তিনি একটা হিসাব দিয়েছেন, সেই হিসাব থেকে দেখছি ২৩৮টি স্কুলকে সুপারসিড্ করে দিয়ে সেখানে ম্যানেজিং কমিটি বসিয়েছেন, নইলে নিজের দলের লোককে বসিয়েছেন। এই হচ্ছে তাদের শিক্ষানীতি। ২৩৮টি স্কুলের ক্ষেত্রে সুপারসিড করে দিয়ে আমলা চক্রের কবলে পড়ে, সেখানে হয় আমলাকে বহাল করেছেন না হয় নিজের দলের লোককে লাগিয়ে দিয়েছেন। আমি বলবো এই যে রিপোর্ট, সেই রিপোর্ট হচ্ছে তাঁর পার্টি'র লোককে বসানর ব্যাপার।

(ভয়েস :—বেশ করেছেন)

বেশ করেছেন? ভাল কথা। আমি শিক্ষামন্ত্রিকে বলব যে এটা আমার সার্টিফিকেট নয় কিন্তু মুখ্যমন্ত্রি মহাশয় কি বলেছেন দেখুন। শিক্ষামন্ত্রি নিজের প্রতিও তিনি মর্য্যাদা বা সম্মান

দেখাতে পারেননি। মুখ্যমন্ত্রি মহাশয় বলেছিলেন—এই শিক্ষামন্ত্রি অযোগ্য লোক. তাঁর ডিউটি তিনি পালন করছেন না। আমার মনে হয় কোন ডেমোক্রেটিক কাণ্ট্রিতে মুখ্যমন্ত্রি যদি তাঁর আর একজন মন্ত্রি সম্বন্ধে এইরূপ উক্তি করেন যে তিনি অযোগ্য লোক, কর্তব্যপালন করছেন না—এটা আমরা দেখেছি যে শিক্ষামন্ত্রি মহাশয় শিক্ষকদের বেতন বৃদ্ধির ব্যাপারে প্রতিবন্ধক সৃষ্টি করেছিলেন—মুখ্যমন্ত্রির একথা বলার পর, তাঁর তখনি উচিত ছিল রেজিগনেশন সাবমিট করা। লজ্জার মাথা খেয়ে মুখ্যমন্ত্রি সেকথা শুনে রইলেন, বেহায়া না হলে একথা হজম করতে পারতেন না। এটা বেশীদিনের কথা নয়, সেদিন মুখ্যমন্ত্রি মহাশয় বলেছিলেন যে শিক্ষামন্ত্রি শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য চালিয়েছেন। নিজের দলের লোকদের বসিয়ে নিজের দলকে বাড়াবার জন্যই সত্যপ্রিয়বাবু এই কাজ করে চলেছেন।

এটা আমার কথা নয়, সরকার পক্ষের বিভিন্ন শরিকদল আগে বলেছেন, গতকাল বলেছেন এবং মুখ্যমন্ত্রী নিজে বলেছেন যে এখানে নৈরাজ্য বিরাজ করছে। আজকে যাঁরা আসামীর কাঠগড়ায় দাঁড়িয়ে সমস্ত কিছু বিসর্জন দিয়ে এখানে চীৎকার করছেন তাঁদের আমি বলব মুখ্যমন্ত্রির ওই উক্তির পর তাঁদের সত্যপ্রিয় রায়কে বলা উচিত ছিল যে, তুমি বেরিয়ে এস, তোমার বিরুদ্ধে যখন এই অভিযোগ। আমাদের কথায় হয়ত কিছু এসে যায় না, কিন্তু স্বয়ং মুখ্যমন্ত্রীমহাশয় যখন বলেছেন শিক্ষামন্ত্রির অযোগ্যতা সম্বন্ধে তখন আমার মনে হয় তাঁর সেখানে থাকা উচিত নয়। কালকে ওই পক্ষ থেকে বলা হয়েছে কিভাবে নৈরাজ্য সংস্থাপিত হয়েছে। প্রত্যেকটি স্কুল, কলেজে মাষ্টাররা অধ্যাপকরা, অধ্যক্ষরা ঘেরাও হচ্ছেন এবং জোর করে তাঁদের কাছ থেকে রেজিগনেসন লেটার আদায় করা হচ্ছে। এই যদি এই রাজ্যের অবস্থা হয় তাহলে আপনারা কি আশা করতে পারেন এখানে শিক্ষা সুষ্ঠুভাবে হবে? আজকে ওঁদের খপ্পরে পড়ে শিক্ষা ত্রাহি ত্রাহি করছে। তাই বলছি শিক্ষাকে যদি বাঁচাতে হয়, দেশের লোককে যদি শিক্ষা দিতে হয় তাহলে উচিত হবে শিক্ষাকে রাজনীতির উর্ধে রাখা এবং সেইভাবেই বাংলাদেশকে চলতে হবে। কিন্তু আমরা দেখছি শিক্ষাকে রাজনীতির উর্ধে রাখা হয়নি এবং শিক্ষা রাজনীতির খপ্পরে পড়ে সত্যিকারের ত্রাহি ত্রাহি করছে। আমি মুখ্যমন্ত্রিকে বলব আপনি যখন এই সরকারের নেতৃত্ব দিচ্ছেন তখন শিক্ষাকে বাঁচাতে হলে এই শিক্ষামন্ত্রির হাত থেকে শিক্ষার ভার নিয়ে শিক্ষা যাতে সুষ্ঠুভাবে হয় তার ব্যবস্থা করুন। মুখ্যমন্ত্রিমহাশয় যখন নৈরাজ্যের কথা বলেছেন তখন যিনি দেশের কল্যাণ চান, দেশের ভাল চান, কিভাবে দেশের লোককে শিক্ষিত করা যায় সেটা চান, দেশকে অগ্রসর করাতে হবে এই মনোভাব নিয়ে যিনি শিক্ষাকে রূপ দিতে পারবেন তাঁর হাতে এই ভার দিতে হবে। অনেক যোগ্য লোক আপনাদের মধ্যে রয়েছে তাঁদের কাউকে এই ভার দিন। এমন লোকের হাতে এই ভার দেবেন না যিনি নিজের পার্টি ছাড়া আর কিছু চিন্তা করতে পারেন না। যে পার্টি দেশের সর্বনাশ ডেকে এনেছে, যে সরকার মানুষের জীবনে নিরাপত্তা দিতে পারেনা, সেই সরকারকে আমি বলব তোমাদের থাকার কোন অধিকার নেই। আমাদের মুখ্যমন্ত্রির নেতৃত্বে এই সরকার গঠিত হয়েছে, তাঁর নেতৃত্বে এই সরকার চলছে তবুও আমি তাঁকে ধন্যবাদ দেব কারণ মানুষের জীবনে নিরাপত্তা দিতে না পারার জন্য তিনি বলেছেন এই সরকার বর্বর সরকার। কি কারণে এই সরকার বর্বর সরকার? শুধুমাত্র একটি দলের জন্য এবং সেই দল হচ্ছে সি. পি. এম.। মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির আচরণে উত্তপ্ত হয়ে এবং তাঁরা যে সন্ত্রাসের রাজত্ব দিকে দিকে ছড়াচ্ছেন যার ফলে মানুষের জীবনে নিরাপত্তা নেই তারজন্য তিনি অসভ্য সরকার বলেছেন। আজকে মুখ্যমন্ত্রী যখন এই সরকারকে বর্বর বলেছেন তখন আমি তাঁকে বলছি তিনি যাদের বর্বর বলছেন তাদের হাত থেকে কি করে এই সরকারকে বাঁচাতে পারা যায় সেই ব্যবস্থা কেন তিনি করছেন না? যে দল লুঠ করছে, ডাকাতি করছে এবং পুলিশ যেখানে নিষ্ক্রিয় থাকছে সেই পুলিশ রাখার কোন কারণ নেই। তাঁরা বক্তৃতার মাধ্যমে পুলিশের জয়গান করেছেন। আজকে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা পুলিশ খাতে ব্যয় করা হচ্ছে অথচ দেশের ডেভলপমেণ্ট-এর কাজ

কিছু হচ্ছে না। আজকে যে পুলিশের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে সেই পুলিশ যদি জনগণের জীবন রক্ষা না করতে পারেন, তাদের সম্পত্তি রক্ষা না করতে পারেন, ডাকাতি, খুন, রাহাজানির মামলার ক্ষেত্রে পুলিশ যদি ইনএ্যাকটিভ হন তাহলে আমি বলব পুলিশকে উঠিয়ে দিয়ে আপনাদের দলের লোককে থানায় বসিয়ে দিন।

যদি দলের লোকেদের না বসান এবং পুলিশ যদি রাখেন তাহলে জনগণের ট্যাক্স দেওয়া এই লক্ষ লক্ষ টাকার অপব্যয় হবে এবং এই পুলিশ বাহিনী রেখেও কোন লাভ হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি এবার শিক্ষা বিভাগের একটা উদাহরণ আপনার সামনে তুলে ধরতে চাই। পরানপুর হাইস্কুল, পি. এস. রাতুয়া, মালদহ, সেখানে দেখা যাচ্ছে একটা ম্যানেজিং কমিটি ছিল। সি. পি. এম.-এর এম. এল. এ. মহম্মদ আলি, ঐ স্কুলের ম্যানেজিং কমিটিকে সুপারসিড না করে সেকেণ্ডারী বোর্ড থেকে চিঠি নিয়ে গিয়ে এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত করা হয়েছে। তারপর সেখানে গিয়ে পিয়নের কাছ থেকে চাবি নিয়ে সেই স্কুলের অফিস বন্ধ করে দিয়েছেন। তারপর সেই ম্যানেজিং কমিটির মেম্বার এবং হেডমাষ্টার হাইকোর্টে কেস করেন। তখন দেখা যাচ্ছে এ ভদ্রলোকের নেতৃত্বে প্রায় ৫০০/৬০০ জন তাঁর দলের লোক সেই স্কুলঘর আক্রমণ করে এবং হেডমাষ্টার মহাশয়কে মারধোর করে। তাকে বাঁচাতে গিয়ে একজন এক্স সার্ভিসম্যান এ্যাসাল্টেড হন। এই ভাবে দেখা যাচ্ছে তাঁরা কত নিচে নাবতে পারেন। তারপর যখন হাইকোর্ট থেকে নির্দেশ জারী হলো, তখন কি করলেন, তাদের দলগত অধিকার নিয়ে কি ভাবে অরাজকতা এনেছেন এমন কি হেডমাষ্টারকে মারতেও দ্বিধা করেনি। শিক্ষাক্ষেত্রে এই রকম যে অরাজকতা আনা হয়েছে তার ভূরি ভূরি দৃষ্টান্ত পাওয়া যাবে। এই ভাবে শিক্ষার ব্যাপারে আমার মনে হয় যে নীতি অবলম্বন করা হয়েছে, এই নীতির ফলে আজকে দেশের শিক্ষা একটা সংকট জনক অবস্থায় এসে পৌচেছে। এতে শিক্ষার কোন প্রসার হতে পারে না, সে সম্বন্ধে আমার মনে হয় দেশের জনসাধারণ এই বিষয়ে একমত হবেন। এরপর আমি ভূমির ব্যাপার নিয়ে আপনার সামনে দু-একটি কথা বলতে চাই। এটা সকলেই স্বীকার করবেন এবং আমার বন্ধুগণও স্বীকার করবেন যে ভূমি সমস্যা নিশ্চয়ই একটা জটিল সমস্যা এবং দেশের অর্থনীতি এই ভূমি সংস্কারের উপর অনেকটা নির্ভর করে। আমাদের সামনে একটা প্রশ্ন জেগেছে যে বর্তমানে যিনি ভূমিরাজস্বমন্ত্রি আছেন, তাঁর দৃষ্টিভঙ্গি দেশের অর্থনৈতিক দিকটা বিচার বিবেচনা করে তিনি ভূমি সমস্যার সমাধান করছেন, না দলের দিকে তাকিয়ে করছেন। যদি একটু ভাল করে দেখা যায় তাহলে দেখা যাবে তাঁর প্রত্যেকটি কাজ ভূমি সংস্কারের নামে যা করছেন তা অর্থ নৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে করছেন না, তাঁর দৃষ্টিভঙ্গি পার্টিবাজী করার দৃষ্টিভঙ্গি। দেখলে দেখা যাবে যে জমি ভেস্টেড বলে তিনি বলেছেন, সে জমিগুলো ডিস্ট্রিবিউশন হবে ভূমিহীন কৃষকদের নামে।

কে পেয়েছেন? সেখানে যারা তার দলের লোক কিম্বা তার দলের লোককে যারা চাঁদা দিয়েছে তারাই জমি পেয়েছে। অনেক ক্ষেত্রে ভূমিহীন কৃষক অনেক দিন চাষ করেছে কিন্তু যেহেতু সে তাদের দলের লোক নয় সেজন্য সে জমি থেকে তাকে হটিয়ে দিয়ে নূতন লোককে জমি দেওয়া হয়েছে। এই রকম ভূরি ভূরি উদাহরণ মুর্শিদাবাদ ও অন্যান্য জেলায় আছে। ভূমি বিতরণের ক্ষেত্রেও দেখা গেছে অনেকে এক বিঘা ১৫ কাঠা করে জমি ডিস্ট্রিবিউসান করেছেন। একজন চাষী যার লাঙ্গল বলদ নেই তাকে যদি ১ বিঘা জমি দেওয়া হয় এবং সেই জমি চাষ করার তার যদি ক্ষমতা না থাকে তাহলে সে কি ভাবে চাষ করবে? সেই জমি চাষ করাবার কোন ব্যবস্থা করেননি। কনসোলিডেসান অফ হোল্ডিং যেটা কংগ্রেস আমলে পাশ হয়েছে সেই কনসোলিডেসান অফ হোল্ডিং যদি না হয় তাহলে এই ভাবে ডিস্ট্রিবিউসান করে উৎপাদন বাড়তে পারবে না, ভূমি সমস্যার সমাধান হবে না, এবং দেশের অর্থনৈতিক উন্নতি হবে না, কেবল রাজনীতি করা হবে ভোট নেওয়া হবে। আজকে ভূমি বণ্টনের ব্যাপারে যে সমস্ত গণ্ডগোল চলেছে সেখানে এক দলবাজী করা ছাড়া আর আপনারা কিছু করেন নি। এখানে রাজ্যপালের ভাষণে

দেখা যাচ্ছে যে তিনি ৩ লক্ষ একর জমি উদ্ধার করেছেন। আমি চ্যালেঞ্জ করছি যে এই যে তিনি ৩ লক্ষ একর জমির কথা বলেছেন তিনি ডিস্ট্রিক্ট ওয়াইজ যদি আমাদের ফিগার দিন যে ১৯৬৯ সালের আগে কত জমি উদ্ধার করা হয়েছিল। এই ৩ লক্ষ জমি উদ্ধার করার কথাটা ভাঁওতা ছাড়া আর কিছু নয়। আমাদের মোট সারপ্লাস ল্যাণ্ড হচ্ছে ৭ লক্ষ ১৬ হাজার ৬১৫ একর, তার মধ্যে কৃষি জমি হচ্ছে ৪ লক্ষ ৭১ হাজার ১৬৮ একর, বাগান বা অর্চাড হচ্ছে ১২ হাজার ৪৪৩ একর, পতিত জমি ১ লক্ষ ৫৫ হাজার ৫৪১ একর। এই যে ৭ লক্ষ ১৬ হাজার ৬১৫ একর তারমধ্যে কৃষি জমি ৪ লক্ষ ৭১ হাজার ১৬৮ একর, সেখানে কংগ্রেস সাড়ে ৪ লক্ষ একর জমি উদ্ধার করেছিল। অথচ উনি হিসাব দিলেন যে ৩ লক্ষ একর জমি উনি উদ্ধার করেছেন। আমি বলবো এই হিসাব উনি লোককে ভাঁওতা দেবার জন্য বলেছেন। এর কোন ভিত্তি নেই—উনি একটা কাল্পনিক হিসাব করেছেন। জমি বিতরণের ব্যাপারে আমি আরো বলবো যে তারা কেবল তাদের দলের লোককেই দেন নি এই জমির ভাগের ব্যাপার নিয়ে বিভিন্ন লোকের উপর নোটিশ জারী করেছেন তার নমুনা আমার কাছে আছে। শ্রীসুনীলকুমার যোদ্দার, সদস্য, খাদ্য ত্রাণ কমিটি, কালীতলা অঞ্চল, তিনি কমিউ-নিষ্ট পার্টির লোক, তিনি জানাচ্ছেন, শ্রীসুখচরণ মণ্ডলকে—আপনাকে জানান যায় যে, বারাসাত নিবাসী গোবিন্দ বাবুদের যে জমি আপনি ভাগে চাষ করিয়াছেন ঐ জমির ধান্য কাটিয়া বাড়ীতে মজুত রাখিয়া দিবেন। আপনি আমাদের বিনা অনুমতিতে ধান্যের ভাগ, অংশ, উক্ত মহাজনকে দিবেন না। প্রকাশ থাকে যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির কালীতলা অঞ্চলের ব্রাঞ্চ কমিটির নির্দেশ জানিবেন। ইতি—সম্পাদক, সুনীল যোদ্দার, কালীতলা।

তারপর তিনি আর একটা চিঠিতে বলছেন শ্রীসুনীল কৃষ্ণ যোদ্দারকে যে—আপনাকে জানান যায় যে কলিকাতা নিবাসী উমাদাস মুখার্জি যে জমি আপনার ভাগে চাষ করিয়াছেন ঐ জমির ধান্য আপনি কাটিয়া বাড়ীতে মজুত রাখিবেন। আমাদের বিনা অনুমতিতে উক্ত মহাজনের কোন ভাগ অংশ দিবেন না। প্রকাশ থাকে যে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির কালীতলা ব্রাঞ্চ কমিটির নির্দেশ জানাইবেন। ইতি—সম্পাদক, সুনীল যোদ্দার।

তারপর আর একটা চিঠিতে তিনি বলছেন—মহাশয়, আপনাকে জানান যায় যে আপনার ভাগ চাষের যে জমিতে বিল, মাছের পুকুর আছে ঐ পুকুর আপনি বিক্রয় করিয়া সঙ্গে সঙ্গে আমাকে জানাইয়া রাখবেন যে কত টাকায় বিক্রয় করিলেন। এটা আমাদের নির্দেশ জানিবেন। ইতি—সম্পাদক, সুনীল কুমার যোদ্দার—কালীতলা। স্যার, এই ধরনের নোটিশ দিয়ে তারা দেশের লোকের দুর্বিসহ করে তুলেছে। স্যার, কি ভাবে এরা মানুষের জীবন ভয়াবহ করে তুলেছে তার নমুনা এই চিঠি থেকে পাওয়া যায়। আইন শৃঙ্খলার ব্যাপার নিয়ে গত দিন আলোচনা হয়েছে, আজকেও হবে বলে আমার মনে হয় এবং যত দিন যুক্তফ্রন্ট সরকার থাকবে ততদিন আইন শৃঙ্খলার কথা আলোচনা হবে। স্যার, আজকেও সংবাদ পত্রে আপনি দেখেছেন যে এণ্টালি থানা তারা ঘেরাও করেছে—কতদিন তারা হাঙ্গামা সেখানে করেছে, তারা বলেছে যে এই হাঙ্গামা চলছে চলবে। আমাদের মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রি চিঠির আদান প্রদান করছেন অথচ বাক্যালাপ নেই—এই খবর আমরা পাচ্ছি। তবুও তাঁরা এক সঙ্গে ঘর সংসার করছেন। স্যার, এ সম্বন্ধে আমি একটা উদাহরণ দেবো। আমাদের বহরমপুরে এক ভদ্রলোক আছেন তাঁর ওয়াইফের সঙ্গে ৪১ বৎসর কথা নেই। তিনি তাঁর স্ত্রীর বিরুদ্ধে বহুবার ডাইরী করেছেন ও তাঁর স্ত্রীও তাঁর বিরুদ্ধে বহুবার ডাইরী করেছেন। তাঁদের মধ্যে ৪১ বৎসর কথা নেই অথচ তাঁদের ছেলেপুলে হচ্ছে। এদেরও অবস্থা হচ্ছে তাই। মুখ্যমন্ত্রি উপ-মুখ্যমন্ত্রির মধ্যে ঝগড়া বেশ চলছে, পরস্পর পরস্পরকে গালা-গালি করছেন, পরস্পর পরস্পরকে খুন করছেন। অথচ দুঃখের বিষয় এই যে তাঁরা লজ্জা জলাঞ্জলি দিয়ে এক সঙ্গে ঘর সংসার করছেন। দেশের কল্যাণের দিকে ওদের লক্ষ্য নেই ওঁরা কেবল ঝগড়া ঝাঁটি করবেন একজন আর একজনকে আক্রমণ করবেন। আমি মুখ্যমন্ত্রিকে বলবো আপনি যখন বুঝতে পারছেন যে এই সরকার থাকলে দেশে অরাজকতা আসবে দেশের নিরাপত্তা বিঘ্নিত হবে,

দেশের লোকের সম্পদ, জীবন রক্ষা করতে পারা যাবে না, তখন তিনি এই অসভ্য সরকারের যে অসভ্য মন্ত্রি আছে তাদের দূর করে দিয়ে, যাতে সুসভ্য সরকার বাংলাদেশে প্রতিষ্ঠিত হয়, যাতে বাংলাদেশের লোক নিরুপদ্রবে বাঁচতে পারে তারজন্য সচেষ্ট হোন। বাংলাদেশের লোক যাতে সত্যই শান্তিতে চলাফেরা করতে পারে সেদিকে লক্ষ্য রেখে আমি যুক্তফ্রণ্ট সরকারের অন্যান্য শরিকদের বলবো যারা আজকে কাঠগড়ায় দাঁড়িয়ে আছে, ঐ সি, পি, এম, ওরা হচ্ছে, দেশের শত্রু জাতীয় শত্রু। সেই শত্রুকে ধ্বংস করার জন্য আপনারা সকলে একজোট হোন। এই কথা বলে আমি যে সব এ্যামেণ্ডমেণ্ট এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে যুক্তফ্রণ্টের শরিক দলগুলির পক্ষ থেকে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে আমি সে প্রস্তাব সমর্থন করছি। এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি রাজ্যপালের ভাষণের এক জায়গা বিরোধী পক্ষের কাছে উত্থাপন করে বলতে চাই আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে যে বিভিন্ন বিভাগের প্রশংসার কথা আছে তাতেই ওঁরা চটে গিয়ে "গেল গেল" রব তুলছেন। ওঁরা আইন শৃঙ্খলার কথা তুলছেন এবং বলছেন আজ বাংলাদেশে যুক্তফ্রণ্টের আমলের এই ১১ মাসের মধ্যে আইন শৃঙ্খলা রসাতলে গিয়েছে, ব্যক্তিগত সম্পত্তির অধিকার নেই। সম্পত্তির অধিকারের প্রশ্নে রাজ্যপাল যেকথা বলেছেন সেটা দেখা দরকার। ভারতবর্ষ আজ দুটো পরিবর্তনের মধ্যে দিয়ে চলেছে, জনগণ অগ্রগতির পথে এগিয়ে চলেছে। কিন্তু পূর্ণ গণতান্ত্রিকতার পথে তাদের অগ্রগতি আমাদের অভ্যস্ত কতগুলি পুরোনো পদ্ধতির এবং সম্পর্কের অবনতি ঘটাচ্ছে এবং তার পরিবর্তে নূতন পদ্ধতি ও সম্পর্কের অভ্যুদয় ঘটেছে। এই ঘটনা তাদের বিচলিত করে তুলেছে। আমরা দেখেছি যুক্তফ্রণ্ট সরকারকে হাতিয়ার করে গ্রামঞ্চলের লক্ষ লক্ষ চাষী গত বাইশ বছর ধরে জোতদার, জমিদাররা যে তাদের জমি থেকে উচ্ছেদ করেছে, ফসলের ভাগ তাদের দেয় নি, এর বিরুদ্ধে লড়ছে। এই রাষ্ট্রযন্ত্র তাদের নিজেদের শ্রেণী স্বার্থের পক্ষে ব্যবহার করে তাদের উপর নির্মমভাবে অত্যাচার চালিয়েছে। আজকে তাই যুক্তফ্রণ্ট সরকারকে হাতিয়ার করে লক্ষ লক্ষ ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর, ভাগচাষী যে বেনামী জমি জোতদাররা অধিকার করে রেখেছিল সেই জমি তারা দখল করেছে এবং সেখানে তারা সোনার ফসল ফলিয়েছে এবং এই যুক্তফ্রণ্টের আমলে তারা দুলক্ষ বেনামী জমি এবং ন্যস্ত জমি সেই ভূমিহীন কৃষক ভাগচাষীদের মধ্যে, গরীব কৃষকদের মধ্যে বিতরণ করেছেন এবং এই লক্ষ লক্ষ মণ ফসল জমিদার এবং জোতদার মহাজনদের হাতে গিয়ে পড়েনি। এই ফসল এইবার চাষীদের হাতে এসেছে। এবং শহরাঞ্চলে আমরা দেখছি মালিকদের বিরুদ্ধে চটকলের শ্রমিকরা, সূতাকলের শ্রমিকরা, ইঞ্জিনিয়ারিং শ্রমিকরা এবং চা শ্রমিকরা বিভিন্ন লাগাতর ধর্মঘট করে এবং ধর্মঘটের হুমকি দিয়ে অনিচ্ছুক সেই সব মালিকদের কাছ থেকে ৫০ কোটি টাকা আদায় করেছে এবং এই যে ফসলের দাম ও টাকা এই নিয়ে একশ কোটি টাকা জোতদার জমিদার মহাজনদের হাত থেকে এবং কলকারখানার মালিক এক চেটিয়া পুঁজিপতিদের হাত থেকে নিয়ে এই সমস্ত গ্রামের সাধারণ মানুষ এবং গরীব মানুষদের মধ্যে বিতরিত হয়েছে। এর ফলে সমস্ত গ্রামাঞ্চলে একটা সামাজিক পরিবর্তন এসেছে এবং সেই পরিবর্তনের কথা রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন এবং তা দেখেই আমাদের ওই বিরোধী পক্ষের সব কংগ্রেসীরা তা সেই নিজলিঙ্গাপ্পা গ্রুপের হোক বা ইন্দিরা গান্ধী গ্রুপের হক তাঁরা চিৎকার করছেন এবং আজকে দেখছি তাদের মধ্যে থেকে পাঁচজন ভাগ হয়ে মধ্যপন্থী হয়েছেন। এই তিনভাগ কংগ্রেসীরাই যুক্তফ্রণ্ট মন্ত্রিসভার যে সাফল্য বিভিন্ন বিভাগে সেই সাফল্য দেখে চিৎকার করতে শুরু করে দিয়েছেন। তাঁরা আইন শৃঙ্খলার কথা তুলেছেন, সংবিধানের কথা তুলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং আমরাও জানি যে এই শ্রেণী বিভক্ত সমাজে আইন এবং শৃঙ্খলা যে শ্রেণীর হাতে রাষ্ট্রশক্তি থাকে যে শ্রেণী রাষ্ট্রযন্ত্র ব্যবহার করে সেই শ্রেণী স্বার্থে রাষ্ট্রযন্ত্র ব্যবহার করা হয়, আইন শৃঙ্খলাকে সেই স্বার্থের সপক্ষে ব্যবহার করা হয়, এবং সেই শ্রেণীর পক্ষেই আইন তৈয়ারী করা হয়। শোষকশ্রেণী শোষিতশ্রেণীর বিরুদ্ধে আইন

শৃঙ্খলা তৈয়ারী করে রাষ্ট্রযন্ত্র ব্যবহার করে। আমরা দেখেছি ভারতবর্ষ যখন পরাধীন ছিল ইংরাজ আমলে, তখন আমরা দেখেছি বৃটিশ সেই সাম্রাজ্যবাদী একচেটিয়া পুঁজিবাদী স্বার্থে আমাদের ভারতবর্ষে যে আইন শৃঙ্খলা রচিত হয়েছিল সেটা তাদেরই স্বার্থে। সেদিন ভারতবর্ষের জনগণের স্বার্থে কোন আইন রচিত ছিল না। সেই রচিত আইনের দ্বারা ভারতবর্ষের জনসাধারণের উপর অত্যাচার নিপীড়নের steam roller চলেছিল। কিন্তু জনসাধারণ সেটা মেনে নেয়নি। এই আইন যেহেতু শোষক শ্রেণীর স্বার্থে ব্যবহৃত করা হোত যেহেতু জনসাধারণ এর বিরুদ্ধে আন্দোলন করেছে, বিদ্রোহ করেছে। সেই আইন ভারতবর্ষের সাধারণ মানুষের স্বার্থে রচিত হয়নি। পরবর্তী যুগে রাজনৈতিক ক্ষমতা হস্তান্তরিত হলে শাসন ক্ষমতা সেই শোষক শ্রেণীর হাতে এল। একচেটিয়া পুঁজিপতি জমিদার জোতদারের হাতে আজ রাষ্ট্রশক্তি দেশের আইন শৃঙ্খলা এবং সংবিধানের কথা কাল বিরোধী নেতা উত্থাপন করিয়াছিলেন। এই আইন ও সংবিধান ভারতবর্ষের রাষ্ট্রযন্ত্র যে শ্রেণী অধিকার করে আছে তাদের স্বার্থেই এই আইন শৃঙ্খলা ব্যবহার করা হচ্ছে। কাল সিদ্ধার্থবাবু বলেছেন যুক্ত-ফ্রন্টের শরীক দলগুলি, বিশেষ করে C. P.M. সংবিধান মানবে কিনা? সংবিধান কখনও কোন দেশের রাষ্ট্রব্যবস্থায় চিরন্তন নয়। প্রতিক্রিয়াশীল শক্তি এই সংবিধান রচনা করেছেন। যেখানে তাদের শ্রেণীস্বার্থ রক্ষিত হয়নি সেখানে এই শক্তির স্বার্থ যাতে আরো বেশী করে রক্ষিত হয় সেই ভাবে তাঁরা সংবিধান পরিবর্তন করেছেন। ভারতবর্ষের সংবিধান সংসদীয় গণতন্ত্র এ সম্বন্ধে আমরা C. P. M.-এর পক্ষ থেকে আমরা বলতে পারি যে এই সংবিধানের দ্বারা ধনী শ্রেণীর স্বার্থ রক্ষা করা হচ্ছে—শ্রমিক, কৃষক, শোষিত শ্রেণীর স্বার্থ রক্ষিত হচ্ছে না। নিশ্চয় আমরা সংবিধান পরিবর্তন করতে চাই এবং এই সংবিধান পরিবর্তন করার জন্য আমরা যখন বিধানসভায় সংগ্রাম করছি—তেমনি বাহিরে গণআন্দোলনের মাধ্যমে আমরা আন্দোলন করব। শ্রমিক, কৃষক, মেহনতী মানুষের দাবীদাওয়া আদায়ের জন্য আমরা সংগ্রাম করব। এবং সেখানে সংবিধানের যে বাধা উপস্থিত হবে তাকে সরিয়ে দিয়ে কৃষক, শ্রমিক, মেহনতী মানুষের স্বার্থে আমরা সংবিধান পরিবর্তন করতে চাই। সেজন্য আমরা বলতে চাই সংবিধান চিরন্তন নয়। আইন শৃঙ্খলার ক্ষেত্রেও তাই। ২২ বছরের ইতিহাসে আমরা দেখেছি গ্রামাঞ্চলে জমিদার, জোতদার এই সংবিধানকে কেন্দ্র করে বুর্জোয়া আইন তৈরী করে তাদের স্বার্থে তারা তা প্রয়োগ করেছে। শতকরা ১০ জন লোকের স্বার্থে এই আইন। তারা ২২ বছর ধরে এই আইনের সুযোগ নিয়ে রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করেছে এবং পুলিশ, গুলি, tear-gas দিয়ে তারা গণআন্দোলনকে ধ্বংস করেছে। সুতরাং এর বিরুদ্ধে গ্রামে গ্রামে যে শ্রেণীসংগ্রাম চলছে তা চলবে। সিদ্ধার্থবাবু বা কারুর ইচ্ছায় এই শ্রেণীসংগ্রাম বন্ধ হবে না। ইতিহাসের অমোঘ নিয়মে এই শ্রেণীসংগ্রাম অগ্রসর হচ্ছে এবং তা যত অগ্রসর হবে ততই তাঁরা 'গেল গেল' রব তুলবেন।

অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই সেই যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পরে এই কংগ্রেসের নেতৃত্বে জোতদার শ্রেণী, জমিদার শ্রেণী, সহরের চটকল মালিক এবং ধনিক শ্রেণী তারা উস্কানী দিয়েছিল, গ্রামে গ্রামে যেসব বেনাম জমি তারা দখল করে রেখেছিল আজ যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পরে তা উদ্ধার করার জন্য গ্রামে গ্রামে জন জাগরণ এসেছে। আমরা এর জন্য গর্বিত। আমরা এর জন্য ধন্যবাদ জানাই গ্রামের কৃষকদের, ক্ষেত-মজুরদের, ভাগচাষী ভুমিহীন কৃষককে। এই যে জন জাগরণ, এই জন জাগরণে তাঁরা ভয় পেয়েছেন, এই জাগরণকে স্তব্ধ করে দেবার জন্য তারা বারবার চেষ্টা করেছেন। এবং আপনি শুনলে অবাক হবেন যে এই ভুমিহীন কৃষক, ভাগচাষীদের মধ্যে যখন জমি বিলি করা হল, তারা যখন সেই জমিতে ফসল ফলালো আর সেই ফসল তারা যখন কাটতে গেল, এই কংগ্রেসীরা, এই বিরোধী নেতা সিদ্ধার্থবাবুর নেতৃত্বে, ঐ সাত্তার সাহেবের নির্দেশে সেই সমস্ত গ্রামের জোতদাররা গ্রামে যত বন্দুক আছে সেই বন্দুক জড় করে তাদের উপরে গুলি চালিয়ে নির্মমভাবে তাদের হত্যা করেছে, তাদের জখম করেছে। স্বরাষ্ট্র দপ্তরের পক্ষ থেকে একথা ঘোষণা করা হয়েছিল যুক্তফ্রন্ট সরকারের নীতি গনিক

এবং মালিকের সঙ্গে যখন সংগ্রাম হবে যুক্তফ্রন্ট সরকার নীতিগতভাবে মালিকের বিরুদ্ধে শ্রমিকের পক্ষে রাষ্ট্রযন্ত্রকে প্রয়োগ করবেন, পুলিশকে কিছুতেই মালিকের পক্ষে ব্যবহার করতে দেওয়া হবে না। গ্রামে গ্রামে জোতদার ও জমিদারদের বিরুদ্ধে যখন চাষীরা, হাজার হাজার কৃষক, লক্ষ লক্ষ কৃষক তারা যখন সেই দখলি জমির ফসল কাটতে গেল ওঁরা বন্দুক নিয়ে কৃষকদের আক্রমণ করলো। ধুলায় লুটয়ে দিলো কত রমণীকে, কত পুরুষকে। ওখানে আইন ও শৃঙ্খলাকে ওঁরা নিজের হাতে নিয়ে গ্রামে গ্রামে সেই সমস্ত গরীব নিপীড়িতজ নগণের উপর গুলি চালিয়েছে। আপনি শুনলে অবাক হবেন, অধ্যক্ষ মহাশয়, যে বিভিন্ন শিল্পাঞ্চলে যে সমস্ত গুণ্ডারা মালিকের দালালি করতো তাদের এই ফসল কাটার সময় গ্রামে গ্রামে নিয়ে গিয়েছেন। আপনি জানেন অধ্যক্ষ মহাশয়, বেলঘেরিয়ায় ইনু মিত্রের নেতৃত্বে যে সব গুণ্ডারা কাজ করতো, আজকে ওঁদের হৃদয় বিগলিত হয়ে যাচ্ছে কারণ সেই গুণ্ডার সর্দার ইনু মিত্র আজকে জেলে। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এই ইনু মিত্রকে যখন গ্রেপ্তার করা হয় তখন সিদ্ধার্থ বাবু ওকে ছাড়িয়ে আনবার জন্য গিয়েছিলেন।

**মি: স্পীকার:** ওসব কথা বলবেন না, উনি এখন এখানে নেই। আপনি অন্য কথা বলুন।

**শ্রীরাধিকা রঞ্জন ব্যানার্জী:** আমি জানি, অধ্যক্ষ মহাশয়, একথা বললে উনি চটে যাবেন, ঐ গুণ্ডা দলে যেসব লোক ছিল তাদের সমস্তকে গ্রামে গ্রামে পাঠিয়ে দেওয়া হল এবং জোতদাররা সেই সমাজবিরোধী লোকদের কৃষকের বিরুদ্ধে লেলিয়ে দিয়ে তাদের হত্যা করা হয়েছে, জখম করা হয়েছে। আরো জানেন বোধ হয় গতবারে কালী পূজার বিসর্জনের দিন এই কংগ্রেসের নেতৃত্ব ঐ গুণ্ডার ইঙ্গিতে, চটকল মালিক এবং সি, আই-এর এজেন্ট যারা তারা সংঘবদ্ধভাবে সেই শিল্পাঞ্চলের যে শ্রমিক আন্দোলন—ঐক্যবদ্ধভাবে শ্রমিক শ্রেণী আন্দোলন করে মালিকের যে দম্ভ তাকে চুরমার করে দিয়ে তাদের কাছ থেকে ৫০ কোটি টাকা তারা নিয়ে নিয়েছে। সেই শ্রমিক আন্দোলনকে দ্বিধা বিভক্ত করবার জন্য ধ্বংস করার জন্য এঁরা বিভিন্ন জায়গায় কমুন্যাল রায়ট লাগিয়ে ছিল, জগদ্দলে লাগিয়েছিল, টিটাগড়ে লাগিয়েছিল। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই বিরোধী পক্ষ থেকে যে কথা বলা হউক না কেন আইন ও শৃঙ্খলার কথা যতই বলা হউক না কেন, মানব সমাজের ইতিহাস হল শ্রেণী সংগ্রামের ইতিহাস। এবং এই শ্রেণীর বিভক্ত সমাজের আইন ও শৃঙ্খলা সব সময় শোষক শ্রেণীর হাতে থাকে। যে শ্রেণী শাসন করছে তাদের হাতে থাকে এবং রাষ্ট্রযন্ত্রকে সেই শ্রেণীর স্বার্থের পক্ষে ওরা ব্যবহার করে। সেই আইনকে ওরা ব্যবহার করে। যুক্তফ্রন্ট এর আমলে সেই রাষ্ট্রযন্ত্রকে, সেই পুলিশকে ওরা ব্যবহার করতে পারছেন না জোতদার, জমিদার, আর কলকারখানার মালিকেরা, তাই ওরা পাগলা কুকুরের মত ক্ষেপে গেছে। তাই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির হাতে যেহেতু স্বরাষ্ট্রদপ্তর আছে তাই ওরা পাগলের মত স্বরাষ্ট্র দপ্তরের উপর আক্রমণ করছে। কেন ওরা পুলিশকে ব্যবহার করতে পারছে না। আমি এই কথা বলতে চাই আপনার মাধ্যমে ওদের কাছে যে যতদিন পর্যন্ত এই যুক্তফ্রন্ট সরকার থাকবে তার নীতি যতদিন পর্যন্ত এই থাকবে, সে মালিক এবং শ্রমিকদের সংগ্রামে মালিকদের পক্ষে যুক্তফ্রন্ট সরকার পুলিশ ব্যবহার করতে দেবে না। স্বরাষ্ট্রদপ্তর ব্যবহৃত হবে না। ওরা যতই চীৎকার করুক স্বরাষ্ট্র দপ্তর যেমনভাবে নির্মম ভাবে ঐ জোতদার, জমিদার এবং একচেটিয়া পুঁজিপতিদের বিরুদ্ধে এই রাষ্ট্রদপ্তর ব্যবহৃত হচ্ছে, ঠিক তেমনি রাষ্ট্রদপ্তর ব্যবহৃত হবে, যতদিন পর্যন্ত এই যুক্তফ্রন্ট সরকার থাকবে। মাননীয় স্পীকার মহাশয়, সেই কারণে আইন ও শৃঙ্খলা একটা শ্রেণীর পক্ষে কাজ করে ওদের হাতে এক চেটিয়া পুঁজিপতি দেশী বিদেশী এবং জোতদার এবং জমিদার তাদের হাতে যেহেতু রাষ্ট্রীয় ক্ষমতা আছে ততদিন পর্যন্ত ওরা তাদের স্বার্থে ব্যবহার করবে। আমরা এই রাষ্ট্রযন্ত্রকে তাদের ব্যবহার করতে দিতে পারি না যুক্তফ্রন্ট সরকার। সেই কারণেই তো ওরা পাগলা কুকুরের মত ক্ষেপে গেল। উপায় নাই, আমরা কিছু করতে পারব না। আমরা ওদের পক্ষে ওকালতি করতে পারব না। আমাদের দপ্তর ওদের সাহায্যে জোতদার, জমিদার,

ধনিক শ্রেণীর পক্ষে আমরা ব্যবহার করতে দিতে পারব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্তার সাহেব অনেক স্কুল সম্বন্ধে এখানে অভিযোগ করেছেন। স্কুল সম্বন্ধেও সাত্তার সাহেব পাগলের মতই কথা বলছেন। এ'দিক থেকে কে একজন বললেন তার স্কুলে নাকি এ্যাডমিনিষ্ট্রেটার বসিয়ে দিয়েছেন সুতরাং তাই উনি ক্ষেপে গিয়েছেন। তারপর উনি স্কুলবোর্ডগুলির কথা বলেছেন। ২৪-পরগণার স্কুল বোর্ড সুপারসিড করে দেওয়া হয়েছে, করাপশনের জন্য এবং নেপোটিজমের জন্য। কাজেই শ্রীসিদ্ধার্থ রায় এবং সাত্তার সাহেব যে সমস্ত অভিযোগ করেছেন তার উত্তরে আমি এই কথা বলতে চাই যুক্তফ্রন্টের মন্ত্রিসভা যে নীতি চালাচ্ছে, রাষ্ট্রযন্ত্রকে যেভাবে ব্যবহার করেছে সেই ভাবেই করবে। আমি এই কথা বলি যে তাদের পক্ষে ব্যবহৃত হবে না। শ্রমিক এবং ভূমিহীন কৃষক এবং ভাগচাষী ও গরীবের পক্ষে রাষ্ট্রযন্ত্র ব্যবহৃত হবে। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 25 minutes)

(After adjournment)

**শ্রীপীযুষ কান্তি মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বাঙ্গে ব্যাধিগ্রস্ত ও জরার কবলে আক্রান্ত হয়েছে এই United Front, শুধু সর্বাঙ্গে নয়—এদের অন্তরেও ব্যাধি দেখা দিয়েছে। তার পুঁতিগন্ধে আজ সমস্ত দেশে সমস্ত গণমানসে এক দারুণ প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। ত্রুটিহীন যাদের কাজ—তাদের সম্পর্কে কোন আলোচনা করা যায় না। কিন্তু সাধারণ কাজ করতে গেলে তাকে যে ত্রুটিহীন করবার একটা চেষ্টা থাকে, এই ইউনাইটেড ফ্রন্টে সেই রকম চেষ্টার বিন্দুমাত্র নমুনাও কোন ক্ষেত্রে দেখা যায় না। এ অদ্ভুত এক সরকার, বিচিত্র এর কর্মপদ্ধতি। জগতের ইতিহাসে এরকম কোন সরকার আমার জানা নাই। এরা অপরাধকে দু-ভাগে বিভক্ত করেছে। যেমন যদি রাজনীতিবিদরা হত্যা করে বা রাজনৈতিক কারণে হত্যা করে, তার দু-রকম ব্যাখ্যা করা হয়েছে। রাজনৈতিক কারণে হত্যা করলে বা রাজনীতিবিদরা হত্যা করলে সেই অপরাধের গুরুত্ব কমে যায় এবং রাজনৈতিক না হলে সেই অপরাধের গুরুত্ব সমান থাকে। যেমন হত্যা যদি কোন রাজনীতিবিদ্ করে বা কেউ রাজনৈতিক কারণে করে, তাহলে সেটা হত্যা নয়। বা কেউ রাজনৈতিক কারণে লুটপাট, গৃহে অগ্নি সংযোগ বা রাহাজানি করে, সেটা অপরাধ নয়, আর যদি রাজনৈতিক কারণে লুটপাট রাহাজানি, গৃহে অগ্নি সংযোগ করতে গিয়ে কেউ নারীর উপর ব্যাভিচার করে, সেও অপরাধ হয় না—বা অপরাধের গুরুত্ব কম বা অন্যান্য ক্ষেত্রেও যে অপরাধ করে তাও অপরাধ বলে গণ্য হয় না। অর্থাৎ যদি চোর সে নিজের জন্য চুরি করে এবং সে যদি C. P. (M) দলভুক্ত না হয়, তাহলে সেটা অপরাধ। আর যদি সেই চোর C. P. (M) দলভুক্ত হয়, তাহলে তার চুরিটা অপরাধ বলে গণ্য হয় না। একই কাজের জন্য C. P. (M) দলভুক্ত হলে অপরাধ হয় না, আর বিশেষ দলভুক্ত না হলে তার বাইরে হলে, সেটা অপরাধ। এমন অনেক ঘটনা জানি—বহু হত্যাকারী অপরাধ অনুষ্ঠানের পরে নিজেকে বাঁচাবার জন্য C. P. (M) দলে নাম লিখিয়েছে। একটা উদাহরণ দিচ্ছি। আমাদের ওখানে বাবু দত্ত নামে একটি ছেলে ছুরিকাঘাতে একজনকে হত্যা করে গ্রেপ্তারের ভয়ে সে নিজেকে C. P. (M) দলভুক্ত বলে ঘোষণা করেছে এবং গ্রেপ্তার এড়িয়ে প্রকাশ্যে ঘোরাফেরা করে বেড়াচ্ছে। এই যে রাজ্যের অবস্থা,—এর ফলে সমস্ত রাজ্যেও অরাজকতা বিরাজ করছে এবং দেশের আইন ও শৃংখলা একেবারে ভেঙ্গে পড়েছে। একটু আগে একজন বক্তা বলে গেলেন গণ-আন্দোলন বন্ধ করবার জন্য—কংগ্রেস সরকার যে সব ব্যবস্থা অবলম্বন করেছিল, United Front সরকার তা করতে পারে না। গণতান্ত্রিক গণ-আন্দোলনের মাধ্যমে লুঠপাট, খুনজখম, রাহাজানি, অগ্নি সংযোগ সব কিছু ন্যায় সঙ্গত। এমন কি নারীর উপর ব্যাভিচার করাও ন্যায়-সঙ্গত, ডাকাতি করাও ন্যায়সঙ্গত। C. P. (M) দলভুক্ত একজন ডাকাতকে এই C. P. (M)-রা ইচ্ছে করে মেরে ফেলে দিয়েছে injection দিয়ে। কারণ যাতে তাদের আভ্যন্তরীন দলীয় গোপন সংবাদ বেরিয়ে না পড়ে।

এখন সি. পি. এম দল ডা: জ্যাকিল এণ্ড মি: হাইডের রোল প্লে করছে—দিনের বেলায় ভদ্র সেজে কাজ করছে, আর রাতের বেলায় এই সমস্ত বীভৎস কাজ করছে। এইভাবে তারা জনজীবনে অসহ্য অবস্থার সৃষ্টি করেছে—এই অবস্থা চলতে দেওয়া যায় না। মি: স্পীকার স্যার, রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন The Police have been asked to serve the cause of the people and not to act for the suppression of the legitimate aspirations of the people and democratic movements. যদি ডেমোক্রাটিক হত্যা সংঘটিত হয় বা অন্যায় সংঘটিত হয় তাহলে সেটা অপরাধ নয় একথা তিনি পরিষ্কার করে বলছেন এবং রাজ্যপাল এই কথা তাঁর নিজের ভাষণের মধ্যে বলেছেন। এখানে বলছেন some major crimed showed a decline. A few other crimes, however, remained steady. মাননীয় স্পীকার মহাশয়, আজকে সমস্ত দেশের, গ্রামাঞ্চলের অবস্থা কি? কোন লোক অত্যাচারিত উৎপীড়িত হলে পরে যদি সে থানায় যায় সংগে সংগে বলে যে সি. পি. এম-এর লীডার কে আছে—অমুকের সংগে আপোষ করে ফেলুন, আমরা আপনাদের রক্ষা করতে পারব না, অর্থাৎ প্রত্যেক থানায়, গ্রামে, অঞ্চলে আজ এর ফলে জনগণের মানসিক অবস্থা নষ্ট হয়ে গেছে। আজকে যেকোন ক্ষেত্রে স্বাধীনভাবে মতপ্রকাশ করবার, চিন্তা করবার, কাজ করবার ক্ষমতা ব্যাহত হচ্ছে। ওঁরা বলছেন গণতান্ত্রিক আন্দোলন বন্ধ করতে দেবনা কিন্তু গণতান্ত্রিক নীতি যদি এই হয় যে স্বাধীনভাবে কাজ করতে দেব না, চিন্তা করতে দেব না, স্বাধীনভাবে মত প্রকাশ করতে দেব না তাহলে পরে দেশ কোথায় গিয়ে দাঁড়াবে সেটা চিন্তা করে দেখুন। মাননীয় স্পীকার মহাশয়, আরো দু' একটা কথা বলে নেয়া দরকার—জ্যোতিবাবু নাগরাকাটায় মিটিং করতে গিয়েছিলেন জলপাইগুড়ি জেলায়—তিনি উত্তেজনাপূর্ণ বক্তৃতার পর সেদিন বিকাল থেকে সেখানে হত্যা এবং বীভৎস কাণ্ড সুরু হয়ে গেছে। শুধু তাই নয়, অন্য পার্টির মতাবলম্বী কোন লোককে সেখানে থাকতে দেওয়া হবে না। নাগরাকাটা স্কুলের একজন টিচার সুরনারায়ণ মিশ্র, তিনি সি. পি. এম-এর মেম্বার নন্ বলে তাঁকে স্কুলে যেতে দেওয়া হবে না, তাঁকে আটক করেছে। তিনি মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছেন কিন্তু উপায়হীন, কিছু করা যায় নি, তিনি ছুটি নিয়ে চলে গেছেন, সেখানে আর কোনদিন কাজ করতে পারবেন না। শুধু এই ঘটনা নয়, ন্যাশনাল প্ল্যানটেসন ওয়ার্কাস তাদের একটা ইউনিয়ন আছে, সেই ইউনিয়নের কর্মী মিলন কুমার রায় এবং রথীন্দ্র কুমার দে এই দুই জনের বাড়ীতে গত ১৫ তারিখে তারা হামলা করে যে এখানে কংগ্রেসী বা সি. পি. এম-এর লোক ছাড়া আর কেউ থাকতে পারবে না, সবাইকে বের করে দেয়া হবে। তখন এই দুইজন বাড়ীতে ছিলেন না, তাদের স্ত্রীরা সেটা প্রতিরোধ করেন। এটা পুলিশকে জানানো হয়, পুলিশ বললো আমরা কিছু করতে পারব না, আপনারা নিজেরা সংগঠিত করে যদি কিছু করতে পারেন তো করুন, আমরা আপনাদের রক্ষা করতে পারবো না। তারপর আজকে যে ২/৪/৫ বিঘা জমি আছে সেই জমি জবর দখল করা হচ্ছে, বলা হচ্ছে বেনামী জমি দখল—মোটেই তা নয়। ২৫/৩০ বছর ধরে যে লোক ১০ বিঘা জমি আবাদ করছে সেই জমি জবর দখল করা হচ্ছে। একটা লোকের একটা বাড়ী ছিল ইটের তৈরী যেহেতু পাকা বাড়ী সেহেতু সে বড় লোক এবং বুর্জোয়া—এই বলে তাকে সেই বাড়ী থেকে উৎখাত করে সি, পি. এম-রা সেই বাড়ী দখল করেছে। যদি সি. পি. এম-এর সদস্যরা চুরি করে বেনামী জমি রাখে তাহলে সে গরীব লোক কিন্তু ৫ বিঘা জমির মালিক যদি সে সি. পি. এম দলভুক্ত না হয় তাহলে সে প্রতিক্রিয়াশীল, বুর্জোয়া জোতদার—এই হচ্ছে আমাদের দেশের আমাদের সমাজের অবস্থা। মাননীয় স্পীকার মহাশয়, কিছুদিন পূর্বে আলীপুরদুয়ারে সি. পি. এম-এর ৩০০/৪০০ লোক ৩ মাইল ৪ মাইল দুর থেকে বোমা, তীর ধনুক, শরকি এবং লাঠি নিয়ে আক্রমণ করে একটা ক্লাবের ছেলেদের।

সেই ক্লাবের তখন ১৪/১৫ বছর বয়সের ১০/১২ জন ছেলে ছিল, তারা আক্রান্ত হল। কিন্তু তারা আক্রান্ত হবার পর অসীম সাহসের সংগে ৩০০ জন জনতাকে ভেড়ার দলের মত একেবারে

তাড়িয়ে নিয়ে গেল ৩ মাইল দূরে। আবার আক্রমণ করে এবং যাবার সময় থানা পর্যন্ত লুঠ করে নিয়ে যায়। এস. ডি. ও. বললেন আপনি একদল ছেলের নাম দিন, ওদের ধরতে হবে। তিনি আরো বললেন আপনাদের ২ জন আমাদের সংগে না থাকলে ওদের ৫ জনকে ধরতে পারব না। হি ইজ এ্যান আই. সি. এস. অফিসার তিনি এই কথা বললেন। যে বোমা যারা তৈরী করে তারা অপরাধ করে এবং তাদের ধরতে হবে। কাজেই চলুন আমার সংগে ধরা যাবে। কোন জায়গার নাম বলব না তাহলে তারা আগে জানতে পেরে সরে যাবে। তারপর সেই অফিসার বললেন পীযূষবাবু আপনাদের সাহায্য ছাড়া সকলকে আমরা ধরতে পারব না। হি ইজ এ্যান আই. সি. এস. অফিসার এই কথা বললেন। মাননীয় স্পীকার মহাশয়, শুধু জনগণ নয়, সরকারী কর্মচারীদের মরাল ব্রেকডাউন করে দেওয়া হয়েছে। তারা যদি কোন ন্যায় কাজ করতে যায় তাহলে তাদের উপর অত্যাচার হবে। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন, To remove inefficiency in the field of secondary education and improve the management of schools, my Governmedt has framed a set of rules relating to their managing committees. মাননীয় স্পীকার মহাশয়, যারা বিশেষ করে বিশেষ একটি দলে আছেন এবং তারা যদি কোন স্কুলের শিক্ষক হন তাহলে তাদের ক্লাস করতে হয় না। মাসে এক আধ দিন হাজিরা দিয়ে এলেই চলে। সে টিচারটি কখন এলেন বা কখন গেলেন সেটা প্রধান শিক্ষকের দেখার অধিকার নেই। আমি একবার একটা স্কুলে ইনসপেকসানে গিয়েছিলাম। সেখানে দেখলাম একজন টিচার নাম প্রেজেন্ট লেখা আছে, কিন্তু টিচারটি স্কুলে নেই। আমি হেডমাষ্টার মহাশয়কে জিজ্ঞাসা করলাম যে টিচারটি কোথায় গেছেন? উনি বললেন একটি মিটিং করতে গেছেন। আমি তখন হাজিরা বইটাতে নোট করে এলাম যে কোন এ্যাপ্লিকেসন দিয়ে গেছেন কিনা দেখলাম না, কাজেই এ্যাবসেণ্ট করে দিন। তার পরের দিন একটি এ্যাপলিকেসান এল থ্রু দি হেড মাষ্টার। তিনি বললেন আমাকে ব্যাক ডেটে করতেই হবে, এছাড়া অলটার্নেটিভ আর কিছু নেই, তা না হলে আমার আর এখানে হেডমাষ্টারি করতে হবে না। তার কারণ, এটা আমার উপর ঝামেলা করা হবে। যে যখন ইচ্ছামত চলে যায়, ইচ্ছা মত কাজ করে এর উপর কোন রকম কিছু বলবার অধিকার নেই। শুধু তাই নয়, স্কুলগুলির মধ্যে চরম দুরবস্থা ঢুকে গেছে।

* * * * *

এর চেয়ে আর দারুন দুর্নীতি আর কিছু থাকতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্য সম্পর্কে বলছেন "In sphere of health my Government's efforts to improve and expand the facilities for medical education and treatment. স্বাস্থ্যমন্ত্রী এখানে বসে আছেন, কি রকম মেডিকেল ট্রিটমেণ্টর ইমপ্রুভ করেছেন সে সম্পর্কে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে বলেছেন যে আগে যেখানে হাজার প্রতি একটি ক'রে বেড ছিল এখন সেখানে হাজার প্রতি ’৮-এ এসে দাঁড়িয়েছে।

**শ্রীমির আবদুস সৈয়দ :** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার পীযূষবাবু এইমাত্র আমাদের পার্টি শুধু নয়, এডুকেসান মিনিষ্টারকে পর্যন্ত ইনভলভ করে একটি উক্তি করেছেন। হয় তিনি তার প্রমাণ দেবেন, আর নাহলে আশা করছি তিনি তাঁর এই উক্তি প্রত্যাহার করে নেবেন।

**মিঃ স্পীকার :** আমি দেখব উনি কি বলেছেন।

**শ্রীসাধন গুপ্ত :** স্যার, তিনি শুধু মাননীয় শিক্ষামন্ত্রীর নামেই একটা এ্যালিগেসান করেন নি, তিনি বলেছেন একটা চিঠি তিনি লিখেছেন। একথা যখন বলেছেন, ডকুমেণ্ট যখন রেফার করেছেন তখন তাঁকে অন্ততঃ সেই চিঠি এখানে হাজির করতে হবে তা না হলে প্রত্যাহার করতে হবে। এই হচ্ছে আমার পয়েণ্ট অব অর্ডার।

---

* Expunged as ordered by the chair.

**Mr. Speaker:** If he has referred to any document or any letter it is usual that he should produce that to substantiate his allegation. If he cannot produce that letter or document I will expunge it from the proceedings.

**শ্রীপীযুষকান্তি মুখার্জী:** মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মেডিক্যাল কলেজ বৃদ্ধি করেছেন....(গোলমাল) ষ্ট্যানডার্ড অব মেডিক্যাল এডুকেশান আমাদের দেশে নেমে যাচ্ছে। জগতের কোন কোন স্থানে সেই মেডিক্যাল এডুকেশনকে স্বীকার করছে না। (গোলমাল) স্যার, যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করতে পারছি না।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** স্যার, উনি যে চিঠির কথা উল্লেখ করেছেন সে চিঠি তিনি দেখাতে পারেন নি। আপনি অবশ্য বলেছেন যে তা একসপাঞ্জ করা হবে। আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে, একজন সভ্য কোন ডকুমেণ্টের কথা রেফার করার পর সেই ডকুমেণ্ট যদি না দেখাতে পারেন অথচ মিথ্যা, অসত্য ও ভিত্তিহীন অভিযোগ করেন তাহলে সেটা শুধু একসপাঞ্জ করে দিলেই কি তার প্রতিকার হবে? এই হচ্ছে আমার পয়েণ্ট অব অর্ডার।

**Mr. Speaker:** It is usual that he should produce that incriminating letter. He knows the rule, but he is uneble to do that. So what else can I do. I can only expunge it from the proceedings. The allegation which he has made on the basis of a letter goes for nothing.

**শ্রীগঙ্গাপদ কুয়ার:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল কর্তৃক প্রদত্ত ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে এসেছে আমি তা সমর্থন করছি। এই প্রসংগে কংগ্রেসী বন্ধুরা গতকাল সিদ্ধার্থ বাবু প্রমুখ এবং এইমাত্র পীযুষ বাবু যে সব কথা বললেন বা যে সমালোচনার কথা রাখলেন তা আমি মন দিয়ে শুনেছি। স্যার, তাতে আমি দেখতে পেয়েছি যে তাঁরা এক চক্ষু হরিণের মত রাজ্যপালের ভাষণের সমালোচনা করেছেন। এই যুক্তফ্রণ্ট সরকারের কোন ভাল কাজ তাঁদের দৃষ্টিতে পড়েনি। তাঁরা কেবলমাত্র যেসব জায়গায় যুক্তফ্রণ্টের ভুল আছে, ত্রুটিবিচ্যুতি আছে, সেগুলি তুলে ধরেছেন। যুক্তফ্রণ্ট সরকার প্রথম ৪/৫ মাসের মধ্যে যেসব জনহিতকর কাজ করেছেন, যেসব প্রগতিশীল আইন রচনা করেছেন এবং জনসাধারণের মনে যে আশা আকাংখা এবং উৎসাহের জোয়ার সৃষ্টি করেছেন সেটা কংগ্রেসের ২০ বছরের শাসনকালে সম্ভব হয়নি।

অথচ তারা সেই সমস্ত সাফল্যের দিক ইচ্ছা করেই যেন এড়িয়ে গেছেন। তাছাড়া রাজ্যপালের ভাষণে যুক্তফ্রণ্টের ভবিষ্যৎ কর্মসূচীর ইংগিত দেওয়া হয়েছে এবং তাতে নানা রকম উন্নয়নমূলক কাজের কথা বলা হয়েছে। আমি তার দু' একটির উল্লেখ করছি—পরিবার পিছু মোট জোতের সীমা নির্ধারণ করা, বিপদে পড়ে দরিদ্র চাষীদের দ্বারা হস্তান্তর জমি পুনরুদ্ধার এবং দরিদ্র জমির মালিকদের বৈধ স্বার্থ রক্ষা তা উপেক্ষা না করে বর্গাদারগণের কার্যকরী নিরাপত্তার জন্য তাদের কাছে প্রকৃত অধিকার প্রদান, এই ধরণের আরো বিভিন্ন কাজের উল্লেখ রয়েছে ভবিষ্যৎ কার্যক্রম হিসাবে। অথচ তারা সেই সমস্ত দিক একেবারেই ভুলে গেছেন, সেদিকে কোন বক্তাই উল্লেখ করেন নি। আমরা জানি যে আমাদের যুক্তফ্রণ্ট সরকারের ত্রুটিবিচ্যুতি আছে, দুর্বলতা আছে কিন্তু কংগ্রেস আমলে কোন সমালোচনা সহ্য করতে পারতেন না। তারা নিজেদেরকে 'সিজার ওয়াইফ' মনে করতেন এবং ভাবতেন যে তাদের কোন ভুল হতে পারে না। অথচ আমরা মনে করি যে আমাদের দোষত্রুটি আছে বা থাকবে এবং আমরা সেটা পরস্পর সমালোচনা করবো এবং সেই সমালোচনার মাধ্যমে নিজেদের শুধরে নেবার চেষ্টা করবো। আজকে অপর পক্ষ থেকে যে আইনশৃংখলা নিয়ে প্রশ্ন উঠেছে আমাদের পক্ষ থেকে আমরা মনে করি যে দেশে স্বাভাবিক অবস্থা নেই, আইনশৃংখলার যথেষ্ট অবনতি হয়েছে এবং এর জন্য আশু প্রতিকার হওয়া দরকার। আমরা জানি যে যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার সময়ে যুক্তফ্রণ্ট সরকারের কাছে জনসাধারণ অনেক প্রত্যাশা করেছিলো এবং সেই প্রত্যাশা পূরণ করার যা চেষ্টা করেছি তা নিশ্চয়ই প্রশংসার দাবী রাখে। কিন্তু এই সময়ের মধ্যে যদি নিজেদের মধ্যে সমস্ত প্রকার বিভেদ ভুলে গিয়ে আরো বেশী সচেষ্ট হতাম, আরো বেশী

ঐক্যবদ্ধভাবে এগিয়ে যেতে পারতাম তাহলে নিশ্চয়ই আমরা আরো বেশী জনসাধারণের কল্যাণের জন্য কাজ করতে পারতাম। আমাদের ৩২ দফা কর্মসূচীর মধ্যে প্রথম যে জিনিষটা আছে, আমরা জনসাধারণকে বলেছিলাম যে আমরা সৎ এবং সদিচ্ছার প্রশাসন ব্যবস্থা কায়েম করবো। সরকারের বিভিন্ন দপ্তরের কাজকর্ম যাতে ত্বরান্বিত করা যায় এবং সমস্ত ফেলে রেখে কাজ ত্বরান্বিত হতে পারে তার চেষ্টা করবো। কিন্তু আমরা সে দিক থেকে যেটুকু চেষ্টা করেছি সেটা আদৌ প্রশংসার যোগ্য নয়, পরন্তু আমরা দেখছি যে আমরা নিজেদের মধ্যে পরস্পর বিভেদ বিসম্বাদে লিপ্ত হয়েছি, বিভিন্ন জায়গায় শান্তিশৃংখলা বিঘ্নিত হচ্ছে। সরকারী প্রশাসক যারা তাদের সব সময় ঐ সমস্ত শান্তিশৃংখলা দমন করার জন্য নিয়ত ব্যাপৃত থাকতে হচ্ছে। বিভিন্ন সময়ে তাদের আমরা এই ধরণের কাজে খুঁজে পাই না। দুঃখের সংগে উল্লেখ করবো যে আমাদের শরিকদলের মধ্যে যে বৃহৎ দল আছে, যার কাছে আমরা সব চেয়ে বেশী দায়িত্ব আশা করি এবং যার উপর শান্তিশৃংখলা রক্ষার দায়িত্ব ন্যস্ত আছে তাদের আগ্রাসী মনোভাবের জন্য আমরা দেখতে পাচ্ছি যে জনসাধারণের প্রথম যে দাবী দেশের মধ্যে শান্তিশৃংখলা প্রতিষ্ঠিত করা সেই জিনিষটা হয়নি। আমরা চাই যে ৩২ দফা কর্মসূচী দ্রুত রূপায়ণ হোক, আমরা চাই গরীবদের মধ্যে তাড়াতাড়ি করে ভূমি বিতরণ করার ব্যবস্থা করা হোক, আমরা চাই যেসমস্ত জমি লুকিয়ে রাখা হয়েছে সেই সমস্ত জমি সঙ্ঘবদ্ধভাবে বের করার চেষ্টা করা হোক। আমরা এটা মনে করি যে আমাদের মধ্যে যে সমস্ত শরিকদল আছে আমাদের সেই প্রশ্নে কোন মতভেদ নেই। আমরা সেই কাজ আরো বেশী তাড়াতাড়ি করতে পারি বিভিন্ন আইন প্রণয়নের মাধ্যমে। যদি এতে সংবিধান সংশোধনের প্রয়োজন দেখা দেয় তাহলে তাও করতে হবে। আজকে দুঃখের সংগে বলতে হচ্ছে যে আমরা খানিকটা লক্ষভ্রষ্ট হয়েছি। আমরা চেয়েছিলাম যে সমস্ত আইনকানুন সংশোধনের দরকার হবে, সংবিধান সংশোধনের দরকার হবে বা আমাদের যে সমস্ত দাবীদাওয়া আদায়ের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার অবিচার করছে, আমাদের অসহায় মনোভাব দেখাচ্ছে সেই সমস্ত দাবীদাওয়া আদায়ের জন্য আমরা সংঘবদ্ধভাবে সমস্ত জনগণকে নিয়ে, সমস্ত শরিকদলকে নিয়ে একযোগে আন্দোলন চালিয়ে যাবো, এই প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম। আজকে নিত্যপ্রয়োজনীয় জিনিষের দাম বেড়ে যাচ্ছে, বেকার সমস্যা হু হু করে বেড়ে চলেছে। গ্রামাঞ্চলে বহু জায়গায় উপর্যুপরি বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগের ফলে তিন চার বছর আমরা ধান বা ফসল হচ্ছে না, শীতের ফসল হচ্ছে না। পর্যাপ্ত সেচ ব্যবস্থা না থাকার জন্য যে ফসল হচ্ছে না এই সব ব্যবস্থার আশু সমাধান দরকার। কিন্তু টাকা নাই বলে সেই সমস্ত জিনিষের প্রতিকার আমরা করতে পারছি না। আর একটি কথা—এই সমস্ত কাজ যদি আমরা সংঘবদ্ধভাবে করতাম তাহলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আন্দোলন করে এই সমস্ত দাবী আমরা আদায় করতে পারতাম। কিন্তু তা না করে নিজেদের মধ্যে পরস্পর সংঘর্ষ করে যদি সময় না নষ্ট করতাম তাহলে ফল আরও অনেক ভাল হত। আজকে খুব বেদনার, সংগে আমি লক্ষ্য করছি যে আমাদের বৃহত্তম শরিকদল মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির বন্ধুরা এ ব্যাপারে যে ধরণের দৃষ্টিভঙ্গী করছেন তা যদি না করতেন তাহলে আমাদের যুক্তফ্রন্ট সরকার আরও জনপ্রিয় হোত—কিন্তু সেটা হচ্ছে না। তবুও আমরা আশা রাখি যে আমরা সবাই মিলে সংঘবদ্ধভাবে এগিয়ে যেতে পারবো—এজন্য বহু লোক অপেক্ষা করে রয়েছে যে ভবিষ্যতে আমাদের কি অবস্থা হবে। আজকে ভারতবর্ষের যে অবস্থা তাতে যে কোন একটি দলের কি কেন্দ্রে, কি বিভিন্ন রাজ্যে, পক্ষে সরকার পরিচালনা করা সম্ভব নয়। অবস্থা দিনের পর দিন যেভাবে মাথাচাড়া দিচ্ছে তাতে আমরা যদি সংঘবদ্ধভাবে এবং সুনির্দিষ্ট কর্মসূচী নিয়ে না যেতে পারি তাহলে দেশের উন্নতি আমরা কোন দিনই করতে পারবো না। অথচ আমাদের এখানে যেসব কাজ হচ্ছে তার বেশীরভাগ হচ্ছে পরস্পরের মধ্যে সংঘর্ষ বিবাদ—খবরের কাগজে লক্ষ্য করেছি যে কোন কোন জায়গায় কিভাবে সংঘর্ষ বেঁধেছে, কত লোক মরেছে, কত আহত হচ্ছে আমাদের শরিক দলের মধ্যে কত ক্ষয়ক্ষতি জন নাশ ঘটছে।

তাই আমি সবাইকে নিবেদন করবো আসুন আমরা যে ৩২ দফা কর্মসূচী গ্রহণ করেছি সেই কর্মসূচীর সফল রূপায়ণের ব্যাপারে ঐক্যবদ্ধভাবে এগিয়ে যাই—এই বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তা সমর্থন করছি।

**শ্রীআজিজুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই বিতর্কে অংশ গ্রহণ করতে উঠে দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে ধন্যবাদ মানুষের অন্তরের স্বতঃস্ফূর্ত প্রকাশ, কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণ অনুধাবন করলে বা বিশ্লেষণ করলে দেখা যাবে যে তার গতি, তার প্রকৃতি এবং বিগত ১ বছরের এই রাজ্যের নিখুঁত ছবি ও খতিয়ান এবং তার পরিসংখ্যান দেবার তাতে কোন প্রচেষ্টা হয়নি। বরং সুনিপুণভাবে সতর্কতার সহিত প্রকৃত অবস্থাকে ধামাচাপা দেবার চেষ্টা করা হয়েছে। গতকাল সরকার পক্ষের একজন মাননীয় সদস্য তাঁর ভাষণে দুঃখ প্রকাশ করেছেন এবং তাঁরাই স্বরাষ্ট্র বিভাগকে তীব্রভাবে আক্রমণ করেছেন। কাজেই একথা বলতে দ্বিধা নেই যে সরকার পক্ষের সদস্যেরই যদি এই উক্তি হয় তাহলে মাননীয় রাজ্যপালের ভাষণ ধন্যবাদের অপেক্ষা নিশ্চয়ই রাখেনা। রাজ্যপালের ভাষণে বিগত এক বৎসরে শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, বাণিজ্য এবং প্রশাসনিক অবস্থার কতখানি উন্নতি হয়েছে, কতখানি অগ্রগতি হয়েছে, এবং উন্নতি অগ্রগতি যদি না হয়ে থাকে, যদি ব্যাহত হয়ে থাকে তাহলে ব্যাহত হওয়ার কারণ কি, এগুলি থাকা উচিত ছিল মাননীয় রাজ্যপালের ভাষণে। আমরা দেখেছি যে দেশের প্রকৃত অবস্থা, প্রতিকূল অবস্থার কথা লিপিবদ্ধ নাই বা উল্লেখ নাই। বিগত এক বৎসরে ক্ষমতাসীন সরকার দেশের শিল্প, দেশের বাণিজ্য, দেশের স্বাস্থ্য এবং শিক্ষা, দেশের প্রশাসনিক অবস্থার ক্ষেত্রে নিজেদের অক্ষমতা ঢাকবার যে প্রচেষ্টা করেছেন, রাজ্যপালের ভাষণে সেটাই প্রতিফলিত হয়েছে। কংগ্রেসী শাসনে এই রাজ্যের অগ্রগতি দুর্বার ছিল, সেই অগ্রগতি শুধু স্তব্ধ হয়নি বরং বিগত এক বৎসরের শাসনে সেই অগ্রগতিকে ব্যাহত করা হয়েছে। গতকাল সরকার পক্ষের একজন মাননীয় সদস্য বলেছেন যুক্তফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকে সরকার নাকি বাস্তুঘুঘুদের বাসা ভাঙতে বদ্ধপরিকর হয়েছেন। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি বাস্তুঘুঘুর বাসা আবার বদলে তাঁরা নিজেরাই মাকর্সার জাল তৈরী করে তাতে জড়াজড়ি করে লুটোপুটি খাচ্ছেন এবং সেই অবস্থার মধ্যে ফেলে দিয়ে দেশের সমাজ জীবনকে বিপর্য্যস্ত করা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ভূমি এবং ভূমি রাজস্বমন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙার মহাশয় একদিন সাংবাদিকদের বলেছিলেন—এটাই হচ্ছে আমাদের বিউটি যে আমরা শরিকে শরিকে মারামারি করি, কাটাকাটি করি, সংঘর্ষ করি আবার এক মুহূর্তে মিলেও যাই। সত্যই আশ্চর্য্য লাগে, যেখানে বাংলাদেশের মাটি একই রক্তে রঞ্জিত হচ্ছে, যেখানে বাংলাদেশের আকাশে বাতাসে সর্বত্র প্রপীড়ন ও নিপীড়নের ও নিগ্রহের অবস্থা চলেছে, যেখানে পত্নী স্বামীকে হারাচ্ছে, পিতা পুত্রকে হারাচ্ছে, যেখানে গভীর শোকে আকাশ বাতাস কলুষিত ও বিষাক্ত সেখানে হরেকৃষ্ণবাবু সৌন্দর্য্য দেখছেন। এতে আর আশ্চর্য্যের কি আছে? বৃটিশ শাসন আমলে জমিদারের অত্যাচারে কোন এক স্থানের প্রজারা তাদের জমিদারকে বলেছিল—মাননীয় জমিদারবাবু, আপনি যদি ভগবান হন তাহলে আপনার সৃষ্টিকে রক্ষা করুন, আপনি যদি দেবতা হোন, তাহলে আপনার অনুসরণকারীদের রক্ষা করুন, আর যদি আপনি ভগবান এবং দেবতা না হয়ে জমিদার বাবু হন, তাহলে আপনার প্রজাদের রক্ষা করুন। জমিদার তার উত্তরে বলেছিলেন আমি ভগবান নই, আমি দেবতাও নই, আমি জমিদারও নই। আমি অত্যাচারী—অত্যাচারই আমার পেশা ও নেশা। এই অত্যাচারের পটভূমিকাই আজ বাংলাদেশের সাধারণ মানুষকে জর্জরিত, নিপীড়িত এবং প্রপীড়িত করে ফেলেছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজনীতি দুই স্তরে করা যায় এবং তার মধ্যে একটি হচ্ছে জাতীয় এবং আর একটি হচ্ছে দলীয় রাজনীতি। আমাদের যুক্তফ্রন্টের বন্ধুরা বলেন তাঁরা সর্বহারাদের জন্য

আন্দোলন করছেন। কিন্তু বাংলাদেশের অবস্থা অবলোকন করলে এবং দৈনিক সংবাদপত্র পড়লে যে জিনিস দেখা যায় সেটা কি সর্বহারাদের জন্য আন্দোলন। যদি আমরা দেখি এক শরিক দল অপর এক শরিকের বুকে ছুরি মারে, এক শরিক আর এক শরিকের বাড়ী লুঠ করে, পুড়িয়ে দেয় তাহলে সেটা কি সর্বহারাদের জন্য আন্দোলন, না শ্রেণী আন্দোলন। যখন আমরা দেখি এক দল ট্রেড ইউনিয়ন দখল করেছে এবং রাজনৈতিক কারণে অন্য দলকে কোণঠাসা করবার চেষ্টা করছে তখন বোঝা যায় এটা সর্বহারাদের আন্দোলন, না অন্য কোন প্রচেষ্টা--এটা জাতির মুক্তির প্রচেষ্টা, না অন্য কোন প্রচেষ্টা বা এটা কি জাতির অর্থনৈতিক উন্নয়নের মানদণ্ড, না অন্য কোন প্রচেষ্টা। যুক্তফ্রন্ট সরকারের মনে রাখা দরকার দল বড় নয়, দেশ বড়। তাঁদের মনে রাখা দরকার দেশের মানুষের সেবার দ্বারা দেশের মানুষের প্রকৃত কল্যাণ সাধনের দ্বারা প্রতিষ্ঠা লাভ করা যায়। শুধুমাত্র দলের প্রতিষ্ঠা লাভ করার জন্য যদি এক দল আর একদলকে নিষ্পেষণ করে তাহলে তাঁদের মনে রাখতে হবে যে এইভাবে কোন দলের ভবিষ্যত প্রতিষ্ঠা করা যায় না। স্যার, আজকে দেশের শিক্ষার অবস্থা কি? আমরা দেখছি বিগত কংগ্রেস শাসনের সময় আমরা যা কিছু প্রাইমারী স্কুলের উন্নতি করেছি অর্থাৎ আমি তাদের ঘরবাড়ীর কথা বলছি এখন দেখছি তাই রয়েছে। আমরা দেখছি প্রাইমারী স্কুলের ঘরবাড়ীগুলো ঝড় বৃষ্টিতে ধ্বসে পড়েছে এবং সেখানকার শিক্ষকদের রাজনৈতিক আন্দোলনে গ্রহণ করে সুকুমার বালক-বালিকাদের ভবিষ্যত পথ বন্ধ করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন অনেক প্রাইমারী স্কুল এখনও পর্যন্ত অনুমোদন পায়নি অথচ ওই মার্কসিস্ট কমিউনিষ্ট দলের কর্মীরা স্কুল করে দেবে বলে যেখানে সেখানে টাকার বিনিময়ে স্কুলের ব্যবস্থা করছে। এর ভুরি ভুরি প্রমাণ আমার কাছে রয়েছে এবং টাকার অঙ্কও আমার জানা আছে। তাঁরা বলছেন আমাদের দলের বিরুদ্ধে তোমরা স্কুল করবে এই অধিকার তোমাদের কে দিল? অনেক স্কুল এখনও অনুমোদন পায়নি এবং অনুমোদন পাবে কিনা জানা নেই, অথচ ওই দলের কর্মীরা টাকার বিনিময়ে এবং সরকারের সুযোগ নিয়ে স্কুল স্থাপন করে চলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সংবাদপত্রে পড়েছি ৪০০ মাধ্যমিক স্কুলকে মঞ্জুরী দেওয়া হয়নি। আমি আপনাকে বলছি গ্রামের এই স্কুলগুলো কিভাবে গড়ে ওঠে। গ্রামের এই স্কুলগুলো সেখানকার গরীব মানুষের চাঁদার সাহায্যে এবং মুষ্টিভিক্ষার সাহায্যে গড়ে ওঠে কিন্তু আপনি অবাক হবেন এই রকম ৪০০ স্কুল আজকে অনুমোদনের অভাবে পড়ে রয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রি একজন অভিজ্ঞ শিক্ষাবিদ, তিনি দীর্ঘদিন শিক্ষাক্ষেত্রে রয়েছেন এবং লেখাপড়া করছেন, তিনি জানেন যে গ্রামের দিকে স্কুল কিভাবে গড়ে ওঠে। কিন্তু আজকে ৪০০ স্কুলকে কি অবস্থায় আজকে রেখেছেন যার ফলে গ্রামবাংলার শিক্ষা আজকে কোথায় যেতে পারে তা একটু চিন্তা করে দেখবেন। আমি আর একটা কথা বলতে চাই কিছু সংখ্যক মাদ্রাসা স্কুল বিবেচনাধীন অবস্থায় রয়েছে, তা কতদিনে চলবে আমরা জানিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁর ভাষণে বলেছেন যে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি রক্ষণে আমার সরকার যথেষ্ট কৃতিত্ব দাবি করতে পারেন দুঃখের বিষয়, হুগলী ও ২৪-পরগণা জেলার কিছু কিছু সাম্প্রদায়িক হাঙ্গামা ঘটেছিল। অবশ্য কঠোরভাবে এগুলির মোকাবিলা করা হয়েছিল এবং যথাসম্ভব স্বল্পতম সময়ের মধ্যে পরিস্থিতি আয়ত্বে আনা হয়েছিল। সাম্প্রদায়িক হাঙ্গামা অবিলম্বে দমন করা হয়, এবং পূর্বের মত আর দীর্ঘস্থায়ী হয় না। রাজ্যপালের এই ভাষণ অত্যন্ত অসত্য ভাষণ এবং এর আমি তীব্র বিরোধিতা করি। কারণ ঐ সব জায়গায় ১৫ দিনের মধ্যেও হাঙ্গামা বন্ধ করা যায়নি, আমাদের দলের সংশোধনী প্রস্তাব যা দেওয়া হয়েছে তার পূর্ণ সমর্থন জানিয়ে এবং রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅহীন্দ্র সরকার:** মাননীয় স্পীকার মহাশয়, আমরা এইমাত্র খবর পেলাম যে স্বনামধন্য দার্শনিক বার্টরাণ্ড রাসেল ইহলোক ত্যাগ করেছেন। সেই জন্য আমি প্রস্তাব করছি যে আজকের মত হাউস বন্ধ করে দিন।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** এই খবর যদি সত্য হয় তাহলে নিশ্চয়ই এই House বন্ধ হওয়া উচিত।

**Mr. Speaker:** I am in the hands of the Members of this House. If they want that the House should be adjourned I am prepard to do so, but I do not know whether it is a fact or not.

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** মাননীয় সদস্য তিনি যখন বলছেন নিশ্চয়ই জেনেই বলেছেন, সুতরাং এই হাউস এ্যাডজোর্ণ করে দেওয়া হোক।

**Mr. Speaker:** I am very sorry to hear that. The House stands adjourned till 1 p. m. tomorrow.

### Adjournment

The House was accordingly adjourned at 4-4 p.m. till 1 p.m. on Wednesday, the 4th February, 1970, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 4th February, 1970, at 1 p.m.

PRESENT

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 24 Ministers, 2 Ministers of State and 215 Members.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

[ 1-00—1-10 p.m. ]

### ভূমিসংস্কার কার্য

*31. (Admitted question No. *37.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভূমিসংস্কার বিলম্বিত করার উদ্দেশ্যে জমির মালিকেরা সংবিধানের ২২৬ ধারার আশ্রয় গ্রহণ করিতেছেন ; এবং

(খ) কেন্দ্রীয় সরকার কি পশ্চিমবঙ্গ সরকারকে জানাইয়াছেন যে, ভূমিসংস্কার কার্যে পরিণত করার জন্য বর্তমানে যেসব আইনকানুন চালু আছে তাহাই যথেষ্ট এবং এই জন্য সংবিধান সংশোধনের কোনও প্রয়োজন নাই ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :—**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। তবে রাজ্য সরকার এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহিত একমত নহেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসমস্ত ক্ষেত্রে হাই কোর্টের মামলা হয়েছে সেসমস্ত ক্ষেত্রে যে জমিগুলি নিয়ে মামলা সে জমিগুলি কি West Bengal Estates Acquisition Act, Land Reforms Act-এ যে বিধান আছে সে বিধান বলে সে সমস্ত জমি সরকারের হাতে ন্যস্ত হয়েছে বলেছেন সেজন্য সে জমিগুলি সরকার চাষীদের মধ্যে বিলি করেছিলো ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** বেশীরভাগ জমি Estates Acquistion Act যা সরকারের হাতে যে জমি ভেষ্ট করেছে সে জমির উপর হাইকোর্ট থেকে আর্টিকেল ২২৬-এ এক্সপার্টি ইনজাংসান নিয়ে আটকে রেখে দেওয়া হয়েছে। সম্প্রতি কালে দেখা যাচ্ছে এরূপ কেস আছে যে বিগ রায়ত মনে করে তদন্ত করবার জন্য নোটিশ দেওয়া হয়েছে। এই নোটীশের এগেনষ্টে হাইকোর্ট-এ ২২৬ বলে ইনজাংসান দিয়ে দরখাস্ত করে তদন্ত পর্যন্ত বন্ধ করে দেওয়া হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** তাহলে এই পরিস্থিতিতে যে অবস্থা দেখতে পাওয়া যাচ্ছে তাতে সরকার আইনসঙ্গত ভাবে যে জমি পেয়েছেন অর্থাৎ সরকারে ন্যস্ত হয়েছে, সে জমি আইন সঙ্গত ভাবে গরীব চাষীদের ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টে যে বিধান আছে তাতে বিলি করা হয়েছে এবং তারা ১০ টাকা লাইসেন্স ফি নিয়ে—যেটা ধার্য্য আছে সেই টাকা নিয়ে জমি পেল তার উপর কি হল সেটা বুঝতে পারা যাচ্ছে না। ২২৬ ধারা বলে যাদের কাছ থেকে টাকা নিলেন তাদের জমি দিতে পারলেন না, এই অদ্ভুত পরিস্থিতির উদ্ভব হয়েছে। এর প্রতিকার কি ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি আগেই এর কথা বলেছি। আগে বলেছি দু রকম—দু রকম নয় তিন রকম পড়ে, অর্থাৎ খাস জমি দখল নিয়ে আইন, আইনে লাইসেন্স ফি নিয়ে বণ্টন করে দেওয়া হয়েছে, চাষী চাষ করছে এমন সময় ইনজাংসান দিয়ে হাত পা বেঁধে দেওয়া হয়েছে, অর্থাৎ ইনজাংসান এসে গেল চাষী দখল নিয়ে চাষ করতে পারে না এরূপ হয়েছে। আমরা গভর্ণমেণ্ট বেকায়দায় পড়েছি। এরূপ হয়েছে দখল নেবার আগে ভেষ্ট করে গেছে বটে কিন্তু দখল নেবার আগে ইনজাংসান হয়েছে, যে ভেষ্ট করবার জন্য যে তদন্ত হবে সে তদন্তের উপর ইনজাংসান হয়েছে, এরূপ হয়েছে ১১০০ একজনের উপর ভেষ্ট করেছিল তিনি সমস্ত কোর্টে হেরে গেছেন। সুপ্রিম কোর্টেও হেরে গেছেন, সুপ্রিম কোর্ট থেকে অর্ডার দেওয়া হয়েছে যে তিন মাসের মধ্যে গভর্ণমেণ্টকে পজেসান দিতে হবে। সে সুপ্রিম কোর্ট থেকে ফিরে এসে আবার হাই কোর্ট থেকে ইনজাংসান নিয়েছে এরূপ ঘটনা আছে। এরজন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি। আমি ভূমি-রাজস্বমন্ত্রী হিসাবে লিখেছিলাম, প্রাইমমিনিষ্টারের সঙ্গে কথা বলেছি এবং খাদ্য ও কৃষি দপ্তরের মন্ত্রীর সঙ্গে কথা বলেছিলাম। দিল্লীতে ভূমি সংস্কারের উপর চীফ মিনিষ্টারদের যে কনফারেন্স হয়েছিল সেই কনফারেন্সে আমরা সরকারীভাবে আমাদের বক্তব্য জানিয়েছি যে সংবিধানের ২২৬ ধারা যেভাবে অপব্যবহার করা হচ্ছে তাতে ওটাকে যদি প্রয়োজনীয় সংশোধন না করা হয় যাতে অন্ততঃ ভূমি সংস্কারের ক্ষেত্রে জমিদার জোতদাররা এইভাবে ব্যবহার করতে না পারেন তারজন্য তার সংশোধন করা একান্ত প্রয়োজন। তাতে ওঁরা যেটা জানিয়েছেন সেটা হচ্ছে এই যে ওঁরা মনে করছেন যে আর্টিকেল ২২৬ সংশোধন না করলে চলবে, শুধু রাজ্যসরকারের আইনে বার টু জুরিসডিকসান অব সিভিল কোর্ট দিলেই হয়ে যাবে। তার উত্তরে আমরা জানিয়েছি যে তা হয় না। কারণ, বার টু জুরিসডিকসান অব সিভিল কোর্ট যদি এষ্টেটস এ্যাকুইজিসান আইনে করা যায় তাহলে কিছু মামলা আটকে গেছে যেগুলি জেলাতে অন্য কোর্টে হচ্ছে, অন্য ধারায় হচ্ছে, আর্টিকেল ২২৬-তে আটকে গেছে বেশীর ভাগ জমি, সেগুলি বার টু জুরিসডিকসান অব সিভিল কোর্ট করলেও হয়না। এটা জানান সত্ত্বেও কেন্দ্রীয় গভর্ণমেণ্ট আমাদের সংগে একমত হননি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** আমি জানতে চাই, যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তাতে আইনতঃ জমি সরকারে ন্যস্ত হল, আইনতঃ সরকার জমি বিলি করলেন, আইনতঃ কিছু টাকা দিয়ে জমি নিল, তারপর তাকে জমিতে যেতে দেওয়া হচ্ছে না, তাহলে রুল অব ল-এর মর্যাদা কিভাবে রক্ষা করা হবে বা করা হচ্ছে কিনা সে সম্বন্ধে বলুন ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এ সম্বন্ধে মন্ত্রী হিসাবে আমার বলার খুব মুস্কিল আছে। কারণ, হাইকোর্ট যাই অর্ডার দিক না কেন সেখানে যদি অন্যায় অবিচার হয়, বিচার বিভাগের গলা টিপে মেরে ফেলা হয় তবুও গভর্ণমেণ্টের পক্ষে কিছু করার কোন উপায় নেই। তবে দেশের জনসাধারণ, কৃষক সাধারণ কি করবেন সেটা তাদের সংগঠন শক্তি, তাদের ইচ্ছার উপর নির্ভর করছে। মাননীয় সদস্য জানেন দেশের জনসাধারণ যাতে আইনের মর্যাদা থাকে তার জন্য তারা প্রয়োজনীয় ব্যবস্থা কিছু জায়গায় গ্রহণ করেছেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় বললেন খুব ইলাবোরেটলি, কিন্তু একটা জায়গায় একটা ক্ল্যারিফিকেসান পেলাম না সেটা হচ্ছে হাইকোর্ট-এ যে ইনজাংসান জারি করেছেন এক্সপার্ট আপনাদের জুডিসিয়াল ডিপার্টমেণ্ট থেকে সেই ইনজাংসানকে ভেকেট করবার জন্য কোন এ্যাপিল আপনাদের ল ইয়ার করেছেন কিনা সেটা আমাদের জানা দরকার। কেননা শুধু হাইকোর্টে ইনজাংকসান আছে বলে বসে থাকলে চলবে না, জনসাধারণ যেমন এগোবে তেমনি তার সংগে সংগে সরকারকেও জনসাধারণের হাতিয়ার হিসাবে আইনগুলি নিয়ে এগোতে হবে।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় সদস্যের নিশ্চয়ই মনে আছে যে গত অধিবেশনে আমি এ সম্বন্ধে লিখিত একটা বিবৃতি দিয়েছিলাম যে হাইকোর্টে এই মামলাগুলিকে গভর্ণমেণ্টের তরফ থেকে

দেখার ব্যবস্থা ছিল অত্যন্ত দুর্বল এবং ত্রুটিপূর্ণ এবং সময়মত না দেখার জন্য বেশীর ভাগ ক্ষেত্রে মামলায় গভর্ণমেণ্ট হেরেছেন। আমরা এটাকে শক্তিশালী করার চেষ্টা করছি, এর বেশী আমি বলতে পারছি না। কিন্তু কলকাতা হাইকোর্টে একটা বিশেষ নিয়ম আছে তাতে মুস্কিল হয়ে যাচ্ছে যে যারা ইনজাংকশন নিচ্ছে অর্থাৎ তারা কি যুক্তি দিয়েছেন সেই কাগজপত্র যদি গভর্ণমেণ্ট না পায় তাহলে গভর্ণমেণ্টের পক্ষে উত্তর দেওয়া খুব মুসস্কিল আছে। কলকাতা হাইকোর্টে নাকি সে নিয়ম নেই। অথচ আমরা সেই যুক্তিগুলি পাই অনেক দেরীতে যার জন্য ঠিক প্রয়োজনীয় যুক্তি দিয়ে মুক্ত করতে দেরী হয়ে যায়। তা সত্বেও গত কয়েকমাস আমরা চেষ্টা করছি এবং আমরা সম্প্রতি এটা ভাবছি এবং স্থির করেছি যে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্ট থেকে যদি অন্ততঃ কয়েকজন ল ইয়ার শুধু এই মামলাগুলি তদারক করার জন্য নিযুক্ত করা যায় তাতে হয়ত কিছুটা ইমপ্রুভমেণ্ট হতে পারে।

[1-10—1-20 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষ :** মন্ত্রী মহাশয় নিজেই তাঁর অক্ষমতার কথা এই হাউসে তুলে ধরলেন যে আইনের বিধি নিষেধের জন্য আজকে হাজার হাজার দরিদ্র কৃষক জর্জরিত হচ্ছে। এর প্রতিকারের জন্য তিনি কি চিন্তা করেছেন? মারামারি কি লাঠালাঠি আলাদা কথা। কিন্তু আইনের দিক থেকে কি প্রোটেকশান দেওয়ার কথা চিন্তা করছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** যদি অন্য ধারায় করে সেটা এড়াতে পারা যায়। আমি আপনাদের কাছে প্রস্তাব আনবো ষ্টেট এ্যাকুইজিশন এ্যাক্টের এ্যামেণ্ডমেণ্ট চেয়ে bar to the jurisdiction of the civil court, এই সম্পর্কে। কিন্তু আরটিকেল ২২৬ বাদ করে দেওয়ার অধিকার আমার নেই আমি করতে পারি না। ২২৬-এর যে অপব্যবহার করছে এর বিরুদ্ধে জনমত সৃষ্টি করা ছাড়া এবং কেন্দ্রীয় গভর্ণমেণ্টকে তার সংশোধনের জন্য বলা ছাড়া জনসাধারণের প্রকৃত ফাণ্ডামেণ্টাল রাইটস্ রক্ষা করেই, কি করার আছে জানি না। এটা যদি না হয় তাহলে একমাত্র কান্নাকাটি করা ছাড়া আর বিচারের বাণী নীরবে কাঁদে বলা ছাড়া আর কিছু পথ খুঁজে পাচ্ছি না।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ :** কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিকারের জন্য প্রার্থনা করেছেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** হ্যাঁ, করেছি।

**শ্রীআবদুস সাত্তার :** ২২৬-এর কেসের যেকথা বললেন হাইকোর্টে সে সম্পর্কে আমি জানতে চাই যে আপনার ডিপার্টমেণ্টে এই রকম কোন সংবাদ আছে কি যে কত কেস পেনডিং এবং কত ল্যাণ্ড ইনভলভড?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** আমি ঠিক সঠিক সংখ্যা বলতে পারব না। তবে....

**মিঃ স্পীকার :** উনি কি করে সেটা এই প্রশ্ন থেকে বলতে পারবেন? এটা এখানে আসতে পারে না।

**Shri Abdus Sattar :** Sir, the hon'ble Minister was prepared to answer but you did not allow him.

**Mr. Speaker :** I have got every right, whoever the Minister may be, to control him to answer quistions in a proper way.

**শ্রীযতীন চক্রবর্তী :** আমাদের মিনিষ্টাররা স্পীকারের কথা শুনবেন এবং মানবেন। আমরা গভর্ণমেণ্ট বেঞ্চের লোক আমরা স্পীকারের কথা মান্য করি। আপনাদের মত আমরা উচ্ছৃঙ্খল নই।

**Shri Abdus Sattar:** I do not challenge your authority, Sir. But the Minister was prepared to answer but you stood on his way. শৃঙ্খলতার শিক্ষা যতীন চক্রবর্তীর কাছ থেকে নেব না যাঁর সারা জীবন উচ্ছৃঙ্খলতায় ভরা।

**শ্রীসরোজ রায়:** 'খ'তে হ্যাঁ বলেছেন। কেন্দ্রীয় সরকারের থেকে যখন এই সংবাদ দেওয়া হয় তখন সেটা বাংলাদেশের সমস্ত খবরের কাগজওয়ালারা ফলাও করে প্রকাশিত করে। ফলে বাংলাদেশের কৃষকদের সামনে একটা বড় সম্ভবনা দেখা যায় যে ২২৬ ধারার সংশোধনের যে বড় করে উঠেছে সেটা ষ্টেট গভর্ণমেণ্টের কাছে কোন বাধা হচ্ছে না। কিন্তু আজকে বোঝা যাচ্ছে সেটা একটা বড় বাধা। এই খবরটা সম্ভবতঃ খবরের কাগজে দু'মাস আগে বেরিয়েছিল। এইটার ব্যাপারে আপনি কি তারপরে কোন ষ্টেটমেণ্ট করেছিলেন?

**Mr. Speaker:** It is not relevent. The Minister is not called upon to reply. I have got to control the Minister also because he cannot reply to irrelevant supplementaries.

**শ্রীসরোজ রায়:** আমার প্রশ্নটা irrelevant নয়। আমি প্রশ্ন করছি এটা সম্পর্কে কোন Statements আগে দেওয়া হয়েছিল কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আপনার অভিমত গ্রাহ্য করেই আমি এর জবাব দেবনা।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আপনি বললেন কেন্দ্রীয় সরকারের নেতাদের সঙ্গে কথাবার্তা বলার সময় আপনি সংবিধানের ২২৬ ধারার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলেন এবং এই অভিমত রাজ্য সরকারের পক্ষ থেকে ব্যক্ত করেন যে ২২৬ ধারায় থাকার ফলে High Court থেকে কথায় কথায় interference হচ্ছে rule of law এর নামে। আপনি জানেন ২২৬ ধারা এবং সংবিধানে ৩২ ধারা Concept of judicial superintendence of interference তার মধ্যে বর্ণিত হচ্ছে এবং এই আইনের আওতার ফলে High Court or Supreme Court শুধু মৌলিক অধিকারের ক্ষেত্রে নয় যেখানে কোন প্রতিষ্ঠান বা public body বা Statutory body এমন কোন কাজ করেননি যে কাজটা সংবিধানের বিরোধী নয়। কোন রাজ্য বা কেন্দ্রীয় আইনের বিরুদ্ধে High Court ২২৬ ধারায় interference করতে পারেন এবং একমাত্র fundamental right-এর ক্ষেত্রে Supreme Court ৩২ ধারায় concept of judicial superintendence of interference করতে পারেন। এখন তিনি যে প্রস্তাব রাখলেন কেন্দ্রীয় সরকারের কাছে তার মানে কি এই যে রাজ্য সরকার নীতিগত ভাবে High Court কর্তৃক তদারকীর ক্ষমতা concept of judicial superintendence of interference ইত্যাদি সমস্ত ক্ষমতা ভূমিরাজস্ব ক্ষেত্রে নাকচ করার পক্ষপাতী হয়ে এ জিনিষ করেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** প্রশ্নটা খুব গুরুত্বপূর্ণ বলে আমি এর জবাব দিতে চাই। মানুষের প্রকৃত fundamental right রক্ষিত হোক এটা আমরা চাই। আমরা বলি Estate Acquisition Act-এ বাড়তি জমি নেবার প্রশ্নে ২২৬ ধারার অপব্যবহার করা হচ্ছে। আমরা মনে করি এর দ্বারা fundamental right রক্ষিত হচ্ছে না। আমরা আইনের ভাষা বলিনি কেমন করে আইন সংশোধন করবেন। আমরা চাই ভূমি রাজস্বের ক্ষেত্রে সিলিং এর প্রয়োগের ক্ষেত্রে যাতে জোতদাররা এই ধারা ব্যবহার না করতে পারে সেইভাবে সংশোধন করা হোক।

[1-20—1-30 p. m.]

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী মহাশয়কে খুব পরিষ্কার ভাবে বলেছি যে Article 32 only applies in regard to enforcement of fundamental

rights and that lies within the purview and jurisdiction of the Supreme Court of India alone. But so far as Article 226 is concerned, that encompasses a right conferred on the High Court (State High Court) to interfere in the name of doctrine of judicial review or doctrine of judicial superintendence. There the question of fundamental rights is not necessarily always invoked or involved. Only when an aggrieved party can canvass before a Court of Law, namely the High Court, that a certain action of the State Government or its agent or its official or any public body or any corporation or any statutory body is inconsistent with any of the provisions of any State law or any Central law involving fundamental rights and if he can convince prima facie the Hon'ble High Court about the justifiability of his contention the High Court can under Article 226 interfere and grant appropriate relief. I only suggested to the Hon'ble Minister that in regard to the cases of jotedars—up till now the term 'jotedar' has not been defined—the other day the Deputy Chief Minister said that the Government thinks that whoever owns 75 acres of land can be termed as jotedar.

**Mr. Speaker :** Mr. Maitra, please be short,

**Shri Kashi Kanta Maitra :** When the Land and Land Revenue Minister referred to the term 'jotedar' I thought that the State Government should have come forward with a statutory definition of the term. But that not having been done, I will only confine myself to this question that when any aggrieved party makes grievance before the Court—so long as the High Court remains under the Constitution—that a certain decision of the Land Reforms Officer or the Revenue Officer or the Junior Land Reforms Officer or the Senior Land Reforms Officer of the State Government is not in conformity with the provisions of Estates Acquisition Act or the Land Reforms Act, he can certainly make a petition under Article 226. Now I am only asking that does the suggestion of the Land Revenue and Land Minister before the Central Government and the Prime Minister that there has to be some orientation with regard to the right conferred by Article 226 involve that the concept of judicial review is going to be given a go by? That was my only question not with regard to the involvement of fundamental rights.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** মাননীয় সদস্য অনেকগুলি কথা ঘুরিয়ে ফিরিয়ে বললেন বটে কিন্তু বাংলা দেশের সাধারণ মানুষের কাছে এই প্রশ্নই দেখা দিয়েছে যে তারা দেখেছে যে এক হাজার, দু' হাজার, পাঁচ হাজার বিঘা এই রকম জমির মালিক যারা তারা সোজাসুজি এই কথা বলছেন যে আমার জমি অন্যায়ভাবে নেওয়া হইয়াছে এবং অমনি হাইকোর্ট ইনজাংশন জারি করে দিচ্ছে।

**Shri Kashi Kanta Maitra :** Sir, I challenge the Hon'ble Minister if he can cite a single instance where the High Court under Article 226 has interfered in cases in which the person concerned owns five thousand bighas or acres of land as has been just now stated.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** মিঃ স্পীকার, স্যার, গতবারে আমি নাম দিয়ে বলেছিলাম এবং আপনি স্মরণ করলে নিশ্চয়ই মনে করতে পারবেন। এই এক হাজার দু' হাজার, পাঁচ হাজার বিঘা জমির মালিক নিশ্চয়ই হাইকোর্টে গিয়ে বলেন না যে they are really the owners of these lands একথা তাঁরা বলেন না। তাঁরা বলেন যে আমার জমির উপর অন্যায়ভাবে

হস্তক্ষেপ করা হইয়াছে এবং হাইকোর্ট আমাদের কাছে জানতে চাননা কি ব্যাপার, কি ধরণের জমি নেওয়া হইয়াছে, তারা সিম্পলি ইনজাংশন দিয়ে দেয়। আমি গতবারে নাম দিয়ে বলেছিলাম মেজর মহম্মদ এষ্টেট, তিনি সুপ্রীম কোর্টে হেরে গিয়ে আবার হাইকোর্টে যান এবং ইনজাংশন পেয়ে যান। তিনি এই রকম একটা সিংগিল ইনিষ্টান্স কেন, আমি তাঁকে ২৮টি ইনিষ্টান্স দিয়ে দিতে পারি।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** স্যার অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, প্রত্যেক দিন আমরা দেখছি একটা কোশ্চেন আধ ঘণ্টা ধরে আলোচনা হচ্ছে, আর কোশ্চেন হচ্ছে না ডিস্কাশন হচ্ছে কোশ্চেন আওয়ারে স্পেসিফিক কোশ্চেন হওয়া উচিত। যদি কেউ মনে করেন যে ইমপরটেণ্ট কোশ্চেন তাহলে তিনি হাফ এন আওয়ার ডিসকাশান চাইতে পারেন। সে প্রভিশান আছে। হাফ এন আওয়ার ডিসকাশান ডিমাণ্ড করলে নিশ্চয়ই আপনি কনসিডার করবেন। আমরাও ইম্পর্টেণ্ট ডিভিশান নিতে পারি।

**মিঃ স্পীকার:** আপনার সঙ্গে আমি সম্পূর্ণ একমত। এবার next question starred *32

### খাদ্যশস্য ঘাটতির পরিমাণ

*32. (Admitted question No. *141)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিমবঙ্গে ১৯৬৯-৭০ সালে মোট খাদ্যশস্য ঘাটতির পরিমাণ কত?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** ১৯৬৯-৭০ সালে পশ্চিমবঙ্গের প্রধান তণ্ডুল জাতীয় শস্য অর্থাৎ আমনের ফলন কত হইয়াছে শস্যকর্তন সমীক্ষার ফলের ভিত্তিতে তাহার কোন হিসাব এখনও পর্যন্ত পাওয়া যায় নাই বলিয়া বর্তমান বৎসরে এই রাজ্যে মোট খাদ্যশস্যের ঘাটতি কত হইবে তাহা এখনই সঠিক বলা সম্ভবপর নহে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি এই যে খাদ্য ঘাটতির কথা বল্লেন, সেটা কি কি তথ্যের ভিত্তিতে ঠিক করা হবে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** খাদ্য কত ফলন হয়েছে স্ট্যাটিসটিক্যাল ব্যুরো, এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট ও আমাদের খাদ্য বিভাগ থেকে এবং প্রত্যেক জেলা শাসককে তাঁদের সঙ্গে পরামর্শ করে প্রত্যেকটি জেলার ফলন কত আমন, কত আউস, কত বোরো হয়েছে তার হিসাব করে পাঠাতে আমরা সরকারপক্ষ থেকে নির্দেশ দিয়েছি—এই হিসাব এলে পর সঠিক হিসাব পাওয়া যাবে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** খাদ্য ঘাটতির জন্য আপনারা কি কেন্দ্রীয় সরকারের কাছে কোন খাদ্য চেয়েছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** আমরা মন্ত্রিসভায় আলোচনা করে একটা মোটামুটি ভাবে কত ফলন হতে পারে তার ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের কাছে একটা হিসাব গত সেপ্টেম্বর মাসে দিয়েছি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** আপনি বল্লেন যে একটা মোটামুটিভাবে হিসাব করেছেন—এই মোটামুটি হিসাব কিভাবে করেছেন বলবেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** আমরা আমাদের এই পশ্চিমবাংলায় মোট খাদ্যশস্য ৫৫।০ লক্ষ টন চাল হবে আশা করছি এবং তার থেকে ১০ পার্সেণ্ট বাদ দিলে পশ্চিমবাংলায় খাদ্যশস্য দাঁড়ায়

৫২ লক্ষ ৬০ হাজার টন চাল এবং পশ্চিমবাংলায় ১৯৭০ সালে লোকসংখ্যা হচ্ছে ৪॥০ কোটি। ১৬ আউন্স করে খাদ্য ধরলে মাথাপিছু, ৭৪ লক্ষ ৬০ হাজার টন চালের প্রয়োজন হবে। মোট ২২ লক্ষ টন পশ্চিমবাংলায় চালের ঘাটতি হবে। এজন্য আমাদের মন্ত্রিসভা বসে সর্বসম্মতিক্রমে আমরা এই ঘাটতির কথা কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিয়েছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী**: মাননীয় মন্ত্রিমহাশয় বল্লেন যে এই খাদ্যশস্য যে পদ্ধতিতে এইভাবে ঠিক করেছেন সেটা ক্যাবিনেটে বসে সিদ্ধান্ত নিয়েছেন সেটা কিসের বেসিসে ঠিক করেছেন? কোন্ ডাটার বেসিসে ঠিক করেছেন? কারণ আমরা জানি এগ্রিকালচার ডিপার্টমেন্টের যে ফিগার এবং স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর যে ফিগার এই এগ্রিকালচার ডিপার্টমেন্টের সংগে স্ট্যাটিসটিক্স রিগার্ডিং ফুড প্রোডাক্সন বিরাট ডাইভারজেন্স দেখা যায়—এটা কি ঠিক?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়**: এগ্রিকালচার ডিপার্টমেন্টের একটা হিসাব পাওয়া গেছে এবং স্ট্যাটিসটিক্যাল ব্যুরোর একটা হিসাব পাওয়া গেছে—এই দুটোর মধ্যে বেশ কিছু তফাৎ ছিল। সেজন্য আমরা ক্যাবিনেটে বসে এই দুই ডিপার্টমেন্টের ফিগার নিয়ে এবং জেলা শাসকদের সংগে বসে একটা ফাইনাল ফিগার ঠিক করে ফেলতে পারব যে ফিগারটা মোটামুটি সঠিক হবে।

[ 1-30—1-40. p. m. ]

**শ্রীকাশীকান্ত মৈত্র**: মাননীয় খাদ্যমন্ত্রি কি জানাবেন তাঁর আগে প্রাক্তন খাদ্যমন্ত্রি শ্রীসুধীন কুমার পদত্যাগপত্র দাখিল করবার প্রাক্কালে যে বিবৃতি দিয়েছিলেন—তা বাংলাদেশের কাগজে বেরিয়েছিল, তাতে তিনি বলেছিলেন বাংলাদেশে খাদ্য ঘাটতি হবে না?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়**: আমার যতদূর জানা আছে তাতে খাদ্য ঘাটতি হবে না—এমন কথা শ্রীসুধীনকুমার বলেন নাই। তিনি বাজেট অধিবেশন বক্তৃতায় বলেছিলেন দিল্লীর কাছে দাবী করে যে ২৪ লক্ষ টন খাদ্য ঘাটতি হবে।

**শ্রীআবদুস সাত্তার**: গভর্ণর তাঁর ভাষণে বলেছেন—১৯৬৯-৭০ সালে দরকার হচ্ছে ৭৪ লক্ষ টন এবং আরো বলেছেন ৭০ লক্ষ টন এই বছর উৎপন্ন লক্ষ্যে পৌছান যাবে এই বিশ্বাস আপনাদের আছে। তাহলে দেখা যাচ্ছে গভর্ণরের স্পীচ্ অনুসারে এ বছর ঘাটতি হচ্ছে ৪ লক্ষ মেট্রিক টন। সে ক্ষেত্রে আপনারা ২২ লক্ষ টন কেন্দ্রের কাছে চাইলেন কেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়**: ওখানে এখন বলা হয়েছে আমন ফসল যা হবে, আমাদের যে বোরো, আউশ এবং গম যা হবে, যেটা এখনো হয় নাই সেটা আগামীতে এসে যাবে সেই নিয়ে গভর্ণর বলেছেন তিনি expect করছেন ৭০ লক্ষ টন হতে পারে।

**শ্রীআবদুস সাত্তার**: Agriculture Department যে কথা বলেছেন সেটা কি তাঁরা ভুল বলেছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়**: তাঁরা ভুল বলেননি একটা আনুমানিক ফিগার দিয়েছেন।

**শ্রীসনৎকুমার রাহা**: আপনি বলেছেন বাংলাদেশে ৭৪ লক্ষ টন খাদ্যশস্য দরকার, তার মধ্যে ৫২ লক্ষ টন আপনাদের হয়েছে, আর ২২ লক্ষ টন খাদ্য চেয়েছেন, তাহলে আমাদের বাংলাদেশে কত লক্ষ টন গম ব্যবহার হয় জানাবেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়**: আমরা সাধারণতঃ সেন্ট্রাল গভর্ণমেণ্ট থেকে সাড়ে দশ লক্ষ টন গম পেয়ে থাকি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মন্ত্রিমহাশয় কি দয়া করে জানাবেন এই যে Statistical Bureau ও Agricultural Department এই দুটোর হিসেবের মধ্যে এত বড় গরমিল হলো যে কাগজে ফলাও করে বেরিয়েছিল—Agriculture Department ও Statistical Bureau—এর জন্য দায়ী কারা ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** যাতে এই রকম difference না হয় তার জন্য প্রত্যেক District Magistrate-এর under-এ বসে সব ঠিক করতে বলেছি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** তাহলে প্রথমে আপনারা এই কাজটা করেন নাই, কাগজে বেরুবার পর আপনারা এই কাজটি করেছেন এই কথাই বলতে চাচ্ছেন ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** নান্টুবাবু যেকথা বলেছেন তা ঠিক নয়। এই যে Agriculture Department ও Statistical Bureau-এর মধ্যে difference of opinion হয়েছে so for as this 1969-70 production is concerned এই রকম কোন difference-এর আগে আমাদের হয় নাই। গতবারে সামান্য difference হয়েছিল এবার যাতে সেই সামান্য differenceও না হয় তার জন্য District Magistrate, Agriculture Department ও Statistical Bureau যে Collection প্রত্যেক district এ করছেন এক সঙ্গে, সেই figure এখনো আমাদের কাছে আসেনি। আমরা আশা করছি আগামী মার্চের মধ্যে সে সব পেয়ে যাব।

## জেলাওয়ারী ধানসংগ্রহের পরিমাণ

*33. (Admitted question No. *170)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** খাদ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে এ পর্যন্ত কোন্ জেলায় কত পরিমাণ ধান সংগ্রহ করা হইয়াছে ; এবং

(খ) এই সংগ্রহকার্যে কোন নূতন পদ্ধতি অবলম্বন করা হইয়াছে কিনা, না, পুরাতন ডি পি এজেন্টদের মাধ্যমেই ধানসংগ্রহের কাজ চলিতেছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** (ক) ১৯৬৯-৭০ সালে ( অর্থাৎ ১লা নভেম্বর ১৯৬৯ হইতে যে খরিফ বৎসর শুরু হইয়াছে ) ১৪/১/৭০ তারিখ পর্যন্ত কোন্ জেলায় কত পরিমাণ ধান সংগ্রহ করা হইয়াছে তাহার জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল :—

| জেলার নাম | | ধান সংগ্রহের পরিমাণ ( মেঃ টনে ) |
|---|---|---|
| বর্ধমান | .... | ৩৩৪৮১ |
| বীরভূম | .... | ৭৭৮০ |
| বাঁকুড়া | .... | ৩১৮৪৩ |
| পুরুলিয়া | .... | ১৭৯৩৫ |
| মেদিনীপুর | .... | ২২৩৭৭ |
| হুগলী | .... | ৬৪৭৫ |
| হাওড়া | .... | ১৫ |
| ২৪-পরগণা | .... | ৪০৭৩ |
| নদীয়া | .... | ৫৪ |
| মুর্শিদাবাদ | ... | ৩৮৪৪ |
| মালদহ | .... | ১০১৫ |

| জেলার নাম | | ধান সংগ্রহের পরিমাণ (মেঃ টন) |
|---|---|---|
| পশ্চিম দিনাজপুর | .... | ১৭৭৩৮ |
| কুচবিহার | .... | ১৩৯১৮ |
| জলপাইগুড়ি | .... | ৪৫৪৭ |
| দার্জিলিং | .... | ৭৭৯ |
| | মোট : | ১৬৫৮৭৪ |

ধান চালে মিলিয়া চালের হিসাবে ২০।১।৭০ তারিখ পর্যন্ত এই রাজ্যে মোট সংগৃহীত হইয়াছে ১৯৫৫৮১ মেঃ টন।

(খ) গত বৎসর যে যে পদ্ধতিতে সংগ্রহকার্য চালান হইয়াছিল, এবারেও সেইসব পদ্ধতি অবলম্বন করা হইয়াছে। তবে এবারের নূতনত্ব হইল, মোট ৩৭০০ সংগ্রহ কেন্দ্রের মধ্যে ১২১টিতে ফুড কর্পোরেশন সরাসরি ধান চাল ক্রয় করিতেছেন, কোন ডি, পি, এজেন্টের মাধ্যমে নয়। (গত বৎসর এইরূপ সরাসরি ক্রয়ের কেন্দ্র ছিল মাত্র দুই।) বাকী ৩৫৭৯ কেন্দ্রগুলিতে ডি, পি, এজেন্ট নিযুক্ত হইয়াছেন।৩৮৫টি সমবায় সমিতি (গত বৎসর এই সংখ্যা ছিল ৫০২) এবং ৩১৯৪টী ডি, পি, এজেন্ট কেন্দ্র মারফত কেনা হইতেছে (গত বৎসর এই সংখ্যা ছিল ১৯১২)। ইহা ছাড়া অধিকাংশ চালকলও ক্রয়কেন্দ্র খুলিয়া কিনিতেছেন।

তাছাড়া, চালকলগুলির উৎপাদনের উপর লেভি শতকরা ৫০ হইতে ৬৫ ভাগ করা হইয়াছে এবং সেচ এলাকায় ৭ একরের উপর ধানের জোতগুলিকেও লেভির আওতায় আনা হইয়াছে, যেখানে গত বৎসর সেচ এলাকায় ৮ একরের উপর ধানের জোতগুলিকে লেভির আওতায় আনা হইয়াছিল। এবং অসেচ এলাকায় ১০ একরের বেশী জমির মালিকের উপর লেভী ধার্য্য করা হইয়াছে এবং জমির বর্ধিত হার অনুসারে লেভীর হারও বৃদ্ধি পাইবে।

[ 1-40—1-50 p. m. ]

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বিভিন্ন জায়গায় এজেন্ট এবং ডি. পি. এজেন্টদের সংখ্যা on account বাড়ান হয়েছে এবং চালকলের মাধ্যমে চাল সংগ্রহ করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে চালকল থেকে যারা সংগ্রহ করে তাদের সংখ্যা কত এবং কি পরিমাণ চাল সংগৃহীত হয়েছে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** এই ব্যাপারে যে চাল সংগৃহীত হয়েছে আজ পর্যন্ত তার পরিমাণ হল ২ লক্ষ ৪৭ হাজার ৩২৭ টন। এফ. সি. আই. মারফত যেটা আছে সেটা এখন বলা সম্ভব নয়। নোটিশ দিলে পরে বলতে পারি।

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** আমার প্রশ্ন হচ্ছে চালকল মারফত কত চাল সংগৃহীত হয়েছে এবং তার পরিমাণ কত?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস :** কি পরিমাণ খাদ্য সংগৃহীত হয়েছে তার পরিমাণটা আমি বুঝতে পারলাম না। মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনি কত টার্গেট ধরেছিলেন এবং সেই টার্গেট মাফিক কতটা সংগৃহীত হয়েছে, আর কতটা গ্যাপ আছে সেটা একটু বলবেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** আমরা তো বলেছি যে আমাদের টার্গেট হচ্ছে ৬ লক্ষ টন এবং তার মধ্যে ৩১শে জানুয়ারী তারিখ পর্যন্ত ২ লক্ষ ৪৭ হাজার ৩২৭ মেট্রিক টন চাল সংগৃহীত হয়েছে।

**শ্রীসাধন গুপ্ত:** চালকলগুলি যে চাল কিনছে সেটা কি সরকারী রেটেই কিনছে, না আজকাল ফলন বেশী হওয়ায় মার্কেট রেট কিছু কম আছে বলে সেই রেটে কিনছে, কারণ কোন কোন জায়গা থেকে অভিযোগ পেয়েছি যে সরকারী পারচেজের কোন ব্যবস্থা না থাকায় চালকলগুলি কিছু কম রেটে ধান কিনছে সেটা কি ঠিক ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** ২/৪টি জায়গা থেকে খবর এসেছিল যে সরকারী দামের চেয়ে দাম পড়ে গেছে এবং সেখানে আমরা সরকার থেকে ধান কেনবার জন্য এজেন্ট নিয়োগের ব্যবস্থা করেছি। তবে এই কথা ঠিক যে এমন দু চারটি জায়গা ছিল যেখানে আমরা এজেন্ট তখন দিতে পারিনি, পরে ব্যবস্থা করেছি।

**শ্রীএম, মকসেদ আলি:** আপনি বললেন নদীয়া জেলায় মাত্র ৫৪ টন সংগৃহীত হয়েছে, এত কম সংগৃহীত হওয়ার কারণ কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** নদীয়া জেলা আপনারা জানেন যে ঘাটতি এলাকা এবং সেজন্য এদের যে কোটা আছে সেটা এরা লেভী করে আদায় করে দেন। লেভী সংগ্রহ সুরু হয়েছে এবং ৫০ টন আদায় হয়েছে, পরে এটা বাড়বে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এই যে সংগ্রহ অভিযান এটা প্রথম থেকে ঠিক মত হয়নি যার ফলে বিভিন্ন জেলাতে ডিসট্রেস সেল বলে এক ধরনের সেল হয়েছিল ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** আমি একটু আগেই বলেছি যে ২/১টি জায়গায় এরকম ঘটেছিল, আমরা সে খবর পেয়ে সংগে সংগে কেনার ব্যবস্থা করেছি।

### খাদ্য সংগ্রহ

*34. (Admitted question No. *150)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই মরসুমে ১৫ই জানুয়ারী ১৯৭০ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট খাদ্যসংগ্রহের পরিমাণ কত ; এবং

(খ) পশ্চিমবঙ্গে বর্তমান বৎসরে খাদ্য উৎপাদনের পরিমাণ কত ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** (ক) পশ্চিমবঙ্গে এই মরশুমে ( অর্থাৎ ১লা নভেম্বর ১৯৬৯ হইতে যে খরিফ মরশুম শুরু হইয়াছে ) মোট চাউলের হিসাবে ১৭৫৯৪৪ মেঃ টন ১৫ই জানুয়ারী ১৯৭০ পর্যন্ত সংগৃহীত হইয়াছে।

ধান চাল ছাড়া অন্য কোন খাদ্য রাজ্য সরকার সংগ্রহ করেন না।

(খ) ১৯৬৯-৭০ খরিফ বৎসরে এই রাজ্যের প্রধান তণ্ডুল জাতীয় শস্য অর্থাৎ আমনের কত ফলন হইয়াছে শস্য কর্তন সমীক্ষার ভিত্তিতে তাহার কোন হিসাব এখনও পর্যন্ত পাওয়া যায় নাই। অতএব এই বৎসরে পশ্চিমবঙ্গে খাদ্য উৎপাদনের পরিমাণ এখনই সঠিক বলা সম্ভবপর নহে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** আমার আগের প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে কৃষি দপ্তরের সঙ্গে খাদ্য দপ্তরের পরিসংখ্যান নিয়ে যে গোলমাল হচ্ছে এখন এ বৎসর থেকে এটা ঠিক করা হবে অর্থাৎ খাদ্য দপ্তর, কৃষি দপ্তর পরিসংখ্যান দপ্তর একসঙ্গে বসে আলোচনা করে

এটা ঠিক করবেন। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বৈজ্ঞানিক ভিত্তিতে পরিসংখ্যান করা হয়, না, আলাপ আলোচনার মাধ্যমে করা হয়?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** বৈজ্ঞানিক ভিত্তিতে করা হয়।

**শ্রীসনৎকুমার রাহা:** অনেক লাইসেন্স পারমিট হোল্ডার যারা সিউড়ী এবং বীরভূমে গিয়ে চাল কিনেছে তারা সরকারী রেট থেকে মনকরা তিন টাকা বেশী দিয়ে কিনেছেন এবং বাজারে চালের দাম উঠেছে, এ সংবাদ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** না। তবে এ বিষয়ে অনুসন্ধান করা হবে।

### হিমঘর

*35. (Admitted question No. *197)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকারের অধীনে কয়টি হিমঘর আছে; এবং

(খ) সব কয়টি হিমঘর চালু আছে কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য:**

(ক) চারটি হিমঘর আছে।

(খ) কেবলমাত্র কৃষ্ণনগর হিমঘর চালু আছে।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাকী তিনটি হিমঘর কি কারণে চালু নেই?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য:** বাকী যে তিনটি হিমঘর আছে তারমধ্যে একটা পণ্ডা, সেটা কিছুদিন আগে এ্যাকোয়ার করা হয়েছে, আর একটা কানাইনাটশালাতে আছে এবং বাকীটা গড়বেতাতে নতুন তৈরী করা হয়েছে এবং সেটা চালাবার চেষ্টা করা হচ্ছে। কারণ হচ্ছে, সরকারী হিমঘরগুলি চালানোর প্রয়োজন নেই।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই ৪টি হিমঘরের জন্য সরকারকে মোট কত টাকা ব্যয় করতে হয়েছিল?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য:** আমি অফ-হ্যাণ্ড বলতে পারবো না নোটিশ দিলে জানাবো।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে হিমঘর চালু আছে সেখান থেকে সরকারের মোট কত রাজস্ব আদায় হয়?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য:** নোটিশ চাই, তবে যেটি চালু আছে সেটি আমাদের আর একটি ডিপার্টমেণ্ট—এ্যানিম্যাল হাসবেনড্রি—তারা ডিম মাখন রাখার জন্য ব্যবহার করছেন।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তাদের সঙ্গে ভাড়া না লীজ, কি চুক্তি হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য:** ভাড়া দিচ্ছেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে যেগুলি বন্ধ আছে তার কারণ সরকার মনে করেন না তাদের চলা উচিত। আমার জিজ্ঞাস্য, এত টাকা খরচ করে হিমঘর তৈরী করার পর সেটা ফেলে রাখার জন্য যে ব্যবস্থা আমারা করছি সেটার বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয় চিন্তা করেছেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য :** আগেকার সরকার রেঙ্গুন আলুর বীজ এবং আলু রাখবেন বলে এগুলি তৈরী করার পরিকল্পনা করেছিলেন। পরবর্তীকালে দেখা গেল যে রেঙ্গুন থেকে বীজ আলু পাওয়া যাচ্ছে না এবং অন্য বীজ আলু রাখার ব্যবস্থা সরকারের নেই। এই অবস্থায় আমাদের যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসে। তারপর এই তিনটি হিমঘর চালু করতে গেলে আরো ক্ষতির পরিমাণ হবে বলে উপস্থিত নতুন যে হিমঘর গড়বেতাতে হয়েছে সেটা চালু করে কতখানি আমরা লাভ করতে পারি সেটা দেখে আর দুটি হিমঘর চালু করার বিষয় বিবেচনা করা হবে।

[ 1-50—2-00 p.m. ]

**শ্রীঅমলেশ চন্দ্র মজুমদার :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই দুর্নীতির মধ্যে রাজ্যসরকারের কোন উচ্চ পদস্থ সরকারী কর্মচারী জড়িত আছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** এই ব্যাপারে গতবারে বলেছি। এ সম্পর্কে দুর্নীতি সন্দেহ করা হয়েছে বলে সমস্ত জিনিষটায় একটা তদন্তের জন্য কমিশনের কাছে পাঠান হয়েছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বলেছেন যে হিমঘরগুলি প্রয়োজন নেই বলে বন্ধ আছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই বন্ধ হিমঘরগুলি চালানোর জন্য বা এর মেইনটেনেন্স -এর ক্ষেত্রে আমাদের মাসিক কত খরচ হচ্ছে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** নোটিশ দিলে বলতে পারি।

**শ্রীদেবব্রত দত্ত :** মাননীয় মন্ত্রি মহাশয়, আপনি একটু আগে বললেন যে হিমঘরগুলির প্রয়োজন নেই। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি যে কানাইনাটশালায় যে হিমঘর রয়েছে সেখানে আলু চাষীরা আলু রাখতে পারে অথচ সেখানে যদিও সরকার বীজ তুলছে না কারণ আমি জানি যে এগ্রিকালচার ফার্ম আছে বর্ধমানে তারা সীডস দেয়নি যে বীজ সরকারী ফার্মে প্রডিউস হয় সেই বীজ রাখে। সুতরাং কানাইনাটশালায় হিমঘর থাকা সত্বেও সেই হিমঘর ব্যবহার করা হচ্ছে না কেন, সেখানে অন্তত: আলু রাখতে পারে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** মাননীয় সদস্য যে কথা বললেন যে আমাদের ফার্মে যে আলু তৈরী হয় তার সংখ্যা খুব কম। একটা হিমঘরে রাখার মত ফার্মে আমাদের আলু তৈরী হয় না। কাজেই আমরা অন্য হিমঘরে ভাড়া দিয়ে রাখি।

**শ্রীসনৎ কুমার রাহা :** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন যে হিমঘর সরকার পক্ষ থেকে চালু করার প্রয়োজনীয়তা নেই। এই হিমঘরগুলি কোন বড় ব্যবসায়ীকে ব্যবহার করার জন্য কোন অফার সরকারকে দিয়েছেন যে তারা ভাড়া নিতে চান ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** এই রকম কোন অফার আসেনি বা আমরা কোন অফার চাইনি। আমরা কো-অপারেটিভ ডিপার্টমেণ্টকে লিখেছি তারা সেটা বিবেচনা করছেন।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী :** মাননীয় মন্ত্রি মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন যে হিমঘরগুলিতে সাধারণত ব্যবসায়ী যারা আছেন তারা কৃষকদের কাছ থেকে আলুর যে রেট নেন, পশ্চিমবঙ্গ সরকার কৃষকদের কাছ থেকে কোন রেটে নিচ্ছেন ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** পশ্চিমবঙ্গ সরকার এখন কোন হিমঘর চালাচ্ছেন না।

**মৎস্যের মূল্য**

*36. (Admitted question No. *443)

**শ্রীঅশ্বিনী রায়:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত তিন মাসে কলিকাতায় মাছের দর উত্তরোত্তর বৃদ্ধি পাইয়াছে ;

(খ) সত্য হইলে, দরবৃদ্ধি রোধের জন্য কী ব্যবস্থা হইয়াছে ; এবং

(গ) ১৯৬৮ এবং ১৯৬৯ সালের উক্ত তিন মাসের প্রতি মাসে বিভিন্ন মৎস্যের দর কত ছিল ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** (ক) দাম বেড়েছে। তবে গত তিন মাস দাম একই আছে। জানুয়ারী হইতে দাম কমের দিকে।

(খ) কলিকাতার বাজারে মাছ সরবরাহ বৃদ্ধি করিয়া দরবৃদ্ধি রোধের জন্য সরকার ত্রিবিধ নীতি অনুসরণ করিতেছেন, যথা—রাজ্যের আভ্যন্তরীণ মৎস্যচাষ ক্ষেত্রগুলির যথাসম্ভব উন্নয়ন ও মৎস্যচাষের ব্যবস্থা করা ; যন্ত্রচালিত ও সাধারণ নৌকার সাহায্যে মোহনা ও উপকূলবর্তী অঞ্চলে এবং ট্রলারের সাহায্যে গভীর সমুদ্রে মাছ ধরার ব্যবস্থা করা এবং পূর্ব পাকিস্তান হইতে বার্ষিক অন্ততঃ ১৫,০০০ মেট্রিক টন মাছ আনয়নের জন্য কেন্দ্রীয় সরকারকে দ্রুত ব্যবস্থা গ্রহণে সচেষ্ট করা।

(গ) হাতিবাগান বাজারে মাছের খুচরা দর কলিকাতার অন্যান্য বাজারের তুলনায় সাধারণ ভাবে বেশী থাকে। ঐ বাজারে উক্ত সময়ের মাছের খুচরা দর লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যে তালিকা দিয়েছেন তাতে গতবারের তুলনায় সর্বনিম্ন ২ টাকা দর বেড়েছে এবং সর্বোচ্চ ২ টাকা দর বেড়েছে এবং গত ৩ মাসে ২ টাকা দর থেকে কমেনি। এখন এই যে ২ টাকা বাড়ল এটা কমাবার জন্য এখানে কোন রকম আশু ব্যবস্থা নেওয়া যাবে কি না ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** যাতে কমান যায় সে জন্য প্রধানতঃ পশ্চিমবঙ্গের বাইরে থেকে সরবরাহটাই বেশী আছে কিন্তু এবারে সরবরাহ পশ্চিমবঙ্গের বাইরে থেকে গত বছর যা এসেছে তা থেকে ৫/৬ শত মণ মাছ কম এসেছে যার জন্য দর বেশী বৃদ্ধি হয়েছে। আমরা বিভিন্ন রাজ্যসরকারকে লিখছি এবং আমরা ষ্টেট ফিসারী, সেন্ট্রাল ফিসারী কর্পোরেশানের ডাইরেক্টর প্রভৃতিকে জানিয়েছি যাতে তারা সরবরাহে আমাদের রাজ্যকে সাহায্য করে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** আপনি আর একটা প্রশ্নের জবাবে বলেছেন যে যাতে পাকিস্থানের মাছ আনা যায় তার জন্য কেন্দ্রীয় সরকারকে লেখা হয়েছে। এখন সেটা কি স্তরে আছে—কেন্দ্রীয় সরকার অনুমতি দিয়েছেন কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** কেন্দ্রীয় সরকারের যিনি বৈদেশিক মন্ত্রী শ্রীদীনেশ সিং পাকিস্থান হাইকমিশনারকে লিখেছেন—কিন্তু পাকিস্তান এখনও কিছু খবর জানায় নি, এ ব্যাপারে আমি প্রধান মন্ত্রীর সঙ্গে দেখা করে অনুরোধ করেছি যাতে পাকিস্থানের সঙ্গে কথা বলেন—তিনি নেগোসিয়েসন করেছেন তবে কি হবে না হবে এটা জানি না।

**শ্রীঅশ্বিনী রায়:** আধুনিক যন্ত্রপাতি, ট্রলার এই দিয়ে মাছ চাষ এগুলি কতদূর এগোনো গেছে এবং বাস্তবে কার্যকরী হয়েছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** আমরা সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে ডিপ্ সি ফিশিং স্কীম পাঠিয়েছি এবং হারবারের যে প্রজেক্ট রিপোর্ট তাও সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে পাঠিয়েছি—পোর্ট অথরিটি স্যাংসন দিয়ে দিয়েছে। এখন যিনি খাদ্যমন্ত্রী তথা ফিসারী মিনিষ্টার শ্রীজগজীবন রাম তাঁর এটা আণ্ডার কনসিডারেশান-এ আছে। আমরা আশা করছি তিনি শীঘ্রই এটা মঞ্জুর করে দেবেন। তার ফাইন্যান্সে আমাদের স্যাংসন হলে ট্রলার যাতে পাওয়া যায় তার চেষ্টা করবো।

**শ্রীসাধন গুপ্ত :** কলকাতায় যে সমস্ত গভীর জলের মাছ আছে তাদের ধরতে পারলে জনসাধারণের উপকার হয় তার চেষ্টা করবেন কি ?

( উত্তর নাই )

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মন্ত্রিমহাশয় যে সমস্ত ব্যবস্থা করেছেন সবগুলিই ভাল—কিন্তু একটা কথা মন্ত্রিমহাশয়ের নিশ্চয় মনে আছে। ১৯৬৭ সালের তদানীন্তন মৎস্যমন্ত্রী শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় যে ভাণ্ডারদহ স্কীমে মাছ আনবার পরিকল্পনা করেছিলেন সেটা তিন বছর হয়ে গেল তার কি ব্যবস্থা হোল ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** এ বিষয়ে আলোচনা করেছিলাম, কিন্তু পশ্চিমবঙ্গের মৎস্য বিভাগের টাকা এতো কম যে এতে হাত দেওয়া যাচ্ছে না।

**শ্রীনলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে পাকিস্থানে বর্তমানে মাছের দর আমাদের বাংলা দেশের চেয়ে বেশী হবার দরুন মুর্শিদাবাদ এবং নদীয়ার কোন কোন অংশ থেকে পাকিস্তানে মাছ চালান যাচ্ছে যা প্রশ্নের উত্তরে পাওয়া গেছে। তাতে দেখা যাচ্ছে যে পাকিস্থান থেকে মাছ পাবার কোন আশা ভরসা পাওয়া যাচ্ছে না—সেই পরিপ্রেক্ষিতে ডিপ্ সি ফিসিং একমাত্র উপায়—এ নিয়ে প্রচেষ্টা করেছেন কি বাংলাদেশে তাড়াতাড়ি মাছের চাহিদা মেটাবার জন্য ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** শ্রীশৈলেন অধিকারী মহাশয়ের প্রশ্নের উত্তরে আমি বলেছি যে ডিপ্ সি ফিসিং এর আমরা বন্দোবস্ত করছি—আমরা প্রজেক্ট রিপোর্ট পেয়েছি এবং এটা সেন্ট্রাল গভর্ণমেণ্টের আণ্ডার কন্সিডারেসন-এ আছে।

[2-00—2-10 p.m.]

**Shri A. H. Besterwitch :** On a point of order, Sir. Whenever Dr. Sanyal gets up for putting supplementaries he starts delivering speeches and he at least speaks for five minutes. Will this be stopped or not ?

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** একথা কি সত্য যে আজকাল গভীর সমুদ্রে মাছ আর পাওয়া যায় না, গভীর সমুদ্রের মাছগুলি ওদিকে ডাঙায় পড়ে খাবি খাচ্ছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** সে বিষয়ে আমার জানা নাই।

**শ্রী এস. এম. ফজলুর রহমান :** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন কলকাতার বাজারে বৃহৎ যে মাছ আসে, সেই মাছ কোল্ডষ্টোরেজের মালিকরা কোল্ডষ্টোরেজে বন্ধ করে রেখে বাজারে সেই মাছের দর বৃদ্ধি করার সুযোগ নিচ্ছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** এই রকম খবর আমার কাছে আপাততঃ নেই। কয়েকমাস আগে কোল্ডষ্টোরেজের মালিকদের ডেকে এ বিষয়ে সতর্ক করে দিয়েছি।

**Mr. Speaker :** The question hour is over.

## Starred Questions

(to which answers were laid on the table)

### নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি

*37. (Admitted question No. *452)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, (১) খাদ্য সামগ্রীর দর অস্বাভাবিকভাবে বাড়িয়াছে ও বাড়িতেছে ; এবং (২) কাপড় ইত্যাদি নিত্য প্রয়োজনীয় জিনিসের দর ক্রমাগত বাড়িতেছে ;

(খ) অবগত থাকিলে, ইহার প্রতিকার-ব্যবস্থা কিভাবে লওয়া হইয়াছে ?

**The Minister for Food and Supplies :**

(ক) (১) এই রাজ্যের খোলাবাজারে চাল, অধিকাংশ ডাল, গুড়, চিনি ইত্যাদি নিত্যপ্রয়োজনীয় খাদ্য দ্রব্যের বর্তমান দাম গত বৎসরের তুলনায় হয় স্থিতিশীল আছে নতুবা নিম্নমুখী হইয়াছে। কিন্তু সরিষার তেল ও মশলাপাতির দাম বেশ কিছুটা বাড়িয়াছে।

(২) অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মধ্যে জ্বালানী কয়লার ও নিকৃষ্ট শ্রেণীর কেরোসিনের (লাল কেরোসিনের) দাম স্থিতিশীল আছে। উৎকৃষ্ট শ্রেণীর কেরোসিনের দাম যেটুকু বাড়িয়াছে তাহার কারণ হইল গত বৎসরের মার্চ মাস হইতে কেন্দ্রীয় আবগারী শুল্ক এবং এবৎসরের ১লা জানুয়ারী হইতে রাজ্য সরকারের বিক্রয় করের প্রবর্তন।

মোটা কাপড় ও নিম্ন মধ্যম শ্রেণীর কাপড়ের উপর কেন্দ্রীয় সরকারের মূল্য নিয়ন্ত্রণ বলবত আছে এবং দামও স্থিতিশীল আছে মিহি ও অতিমিহি কাপড়ের দাম কিছুটা বাড়িয়াছে। এই শ্রেণীর কাপড়ের উপর কেন্দ্রীয় সরকারের মূল্য নিয়ন্ত্রণ নাই এবং মূল্য বৃদ্ধির প্রধান কারণ হইল তুলা ও সুতার দর বৃদ্ধি।

(খ) (১) বাংলাদেশে সরিষা ও মশলার উৎপাদন প্রয়োজনের তুলনায় নগণ্য। এই জিনিষগুলির জন্য বাংলাকে ভারতের অন্য রাজ্য হইতে আমদানীর উপর নির্ভর করিতে হয়। উৎপাদনকারী রাজ্যগুলিতে এই দ্রব্যগুলির দাম বৃদ্ধি পাওয়ায় এবং ইহাদের উপর কোনরূপ নিয়ন্ত্রণ না থাকায় এখানেও মূল্য বৃদ্ধি ঘটিতেছে। রাজ্য সরকার অবশ্য এখানকার ব্যবসায়ীদের সতর্ক করিয়া দিয়াছেন এবং ফুড কর্পোরেশন মারফত কিছু সরিষার বীজ আমদানী করিবার চেষ্টা করিতেছেন।

(২) বস্ত্র শিল্পের মত সর্বভারতীয় শিল্প কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীনে কাজেই রাজ্য সরকার এ বিষয়ে পৃথকভাবে কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিতে পারেন না।

## নিত্য ব্যবহার্য খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি

*38. (Admitted question No. *51)

**শ্রীঅমলেন্দ্র রায় :** খাদ্য বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে নিত্যব্যবহার্য খাদ্যদ্রব্যের মূল্যের উর্দ্ধগতির কারণ কি ; এবং (খ) মূল্যবৃদ্ধি-রোধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Food and Supplies :**

(ক) ও (খ) এই রাজ্যের খোলা বাজারে চাল, অধিকাংশ ডাল, গুড়, চিনি ইত্যাদি নিত্য ব্যবহার্য্য খাদ্য দ্রব্যের বর্তমান দাম গত বৎসরের তুলনায় হয় স্থিতিশীল আছে নতুবা নিম্নমুখী হইয়াছে। কিন্তু সরিষার তেল ও মশলাপাতির দাম বেশ কিছুটা বাড়িয়াছে। বাংলাদেশে সরিষা ও মশলার উৎপাদন প্রয়োজনের তুলনায় নগণ্য। এই জিনিষগুলির জন্য বাংলাকে ভারতের অন্য রাজ্য হইতে আমদানীর উপর নির্ভর করিতে হয়। উৎপাদনকারী রাজ্যগুলিতে এই দ্রব্যগুলির দাম বৃদ্ধি পাওয়ায় এবং ইহাদের উপর কোনরূপ নিয়ন্ত্রণ না থাকায় এখানেও মূল্যবৃদ্ধি ঘটিতেছে। রাজ্য সরকার অবশ্য এখানকার ব্যবসায়ীকে সতর্ক করিয়া দিয়াছেন এবং ফুড করপোরেশন মারফত কিছু সরিষার বীজ আমদানী করিবার চেষ্টা করিতেছেন।

## নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি

*39. (Admitted question No. *169)

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মসলা ও সরিষার তৈল ইত্যাদি নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, তার প্রতিরোধের কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

**The Minister for Food and Supplies :**

(ক) এই রাজ্যের খোলা বাজারে চাল, অধিকাংশ ডাল, গুড়, চিনি, মোটা কাপড় ইত্যাদি নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বর্তমান দাম গত বৎসরের তুলনায় হয় স্থিতিশীল আছে নতুবা নিম্নমুখী হইয়াছে। কেবল সরিষার তেল ও মশলা পাতির দাম বেশ কিছুটা বাড়িয়াছে।

(খ) বাংলাদেশে সরিষা ও মশলার উৎপাদন প্রয়োজনের তুলনায় নগণ্য। এই জিনিষগুলির জন্য বাংলাকে ভারতের অন্য রাজ্য হইতে আমদানীর উপর নির্ভর করিতে হয়। উৎপাদনকারী রাজ্যগুলিতে এই দ্রব্যগুলির দাম বৃদ্ধি পাওয়ায় এবং ইহাদের উপর কোনরূপ নিয়ন্ত্রণ না থাকায় এখানেও মূল্যবৃদ্ধি ঘটিয়াছে। রাজ্য সরকার অবশ্য এখানকার ব্যবসায়ীদের সতর্ক করিয়া দিয়াছেন এবং ফুড করপোরেশন মারফত কিছু সরিষার বীজ আমদানী করিবার চেষ্টা করিতেছেন।

## পরিকল্পনা রূপায়ণ ও শিল্পস্থাপনার জন্য বাস্তুচ্যুত ও জমিচ্যুত ব্যক্তিদের ক্ষতিপূরণ দান

*41. (Admitted question No. *603)

**শ্রীমতী আভা মাইতি :** ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেলেঘাই পরিকল্পনায় যথাক্রমে বাস্তুচ্যুত ও জমিচ্যুত ব্যক্তিদের কি হারে ক্ষতিপূরণ দেওয়া হইতেছে ;

(খ) বর্ধমান জেলাস্থ দুর্গাপুরে শিল্প ও শিল্পনগরী স্থাপনার জন্য তথাকার ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কি হারে জমি ও বাস্তুর ক্ষতিপূরণ দেওয়া হইয়াছিল ; এবং

(গ) মেদিনীপুর জেলার হলদিয়াতে বন্দর ও অন্যান্য শিল্পস্থাপনার জন্য তথাকার ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কি হারে জমি ও বসতবাটীর ক্ষতিপূরণ দেওয়া হইয়াছিল ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) বর্তমানে কেলেঘাই পরিকল্পনার জন্য West Bengal Land (Requisition and Acquisition) Act, 1948-এর বিধান অনুযায়ী ভূমি গ্রহণের কাজ সবেমাত্র সুরু হইয়াছে। উক্ত আইনানুযায়ী ভূমি গ্রহণ নোটিশের তারিখের প্রচলিত বাজারদর অনুসারেই ক্ষতিপূরণ দেওয়া হইবে।

(খ) দুর্গাপুরে শিল্প ও শিল্পনগরী স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি Land Acquisition Act, 1894-এর বিধান অনুযায়ী acquire করা হইয়াছিল। ঐ প্রশ্নের জন্য reconnaissance notification-এর তারিখ অর্থাৎ ১২।১।৫৫ তারিখের প্রচলিত বাজারদর অনুসারে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

(গ) হলদিয়া বন্দর ও অন্যান্য শিল্পসংস্থাপনের জন্য প্রয়োজনীয় জমি Land Acquisition Act, 1894-এর বিধান অনুযায়ী reconnaissance notification-এর তারিখে অর্থাৎ ৫।৫।৬৯-এর প্রচলিত বাজারদর অনুসারে ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে।

## গো-চারণ ভূমি, শ্মশান প্রভৃতির ব্যক্তিগত ব্যবহার

*42. (Admitted question No. *211)

**শ্রীসনৎ কুমার রাহা :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গো-চারণ ভূমি, শ্মশান ও কবরস্থানের বহু জমি ব্যক্তিগত ভোগে ব্যবহৃত হইতেছে—এ বিষয়ে সরকার অবহিত আছেন কিনা ; এবং

(খ) থাকিলে, এগুলি রক্ষা ও সংরক্ষণের ব্যবস্থা লওয়া হইবে কিনা ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) সাধারণভাবে পশ্চিমবঙ্গে গোচারণ ভূমি, শ্মশান ও কবরস্থানের জমি ব্যক্তিগত ভোগে ব্যবহৃত হইতেছে না। তবে বিক্ষিপ্তভাবে কয়েকটি স্থানে এই সকল জমির দখল লওয়ার সংবাদ পাওয়া গিয়াছে।

(খ) সরকার এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা লইতেছেন।

### Khas Land in Karimpur Block

*43. (Admitted question No. *615)

**Dr. NALINAKSHA SANYAL :** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the extent of Khas land in each of the Anchal areas of Karimpur Block of Nadia district under each of the following categories (i) vested and taken possession of by Government ; (ii) vestable but not yet actually taken possession of by Government ; (iii) settled with tenants on temporary or on permanent basis ; and (iv) possession or settlement stayed on account of suits and court injunctions :

(b) whether the local M L.A. was consulted in the matter of selection of parties for settlement of the vested khas land in Karimpur Block ;

(c) whether Government received ony suggestions for acquisition of surplus vestable land and distribution thereof made by the local M.L.A. in a series of letters addressed to the Minister-in-charge and the additional District Magistrate (State Acquisition) at Krishnagar ; and

(d) if so, what action, if any, has been taken or is proposed to be taken on those suggestions ?

**The Minister for Land and Land Revenue :**

(a) A statement has been laid on the library table.

(b) The M.L.A. not being available at the time of selection could not be consulted.

(c) & (d) Some informations about possible benami land is reported to have been received. Suggestion for distribution of Char lands and other lands have, also been received and are under active consideration.

### মেদিনীপুর জেলার লোকসেবা পরিষদের জমি

*44. (Admitted question No. *114)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মেদিনীপুর জেলায় লোকসেবা পরিষদের হাতে কি পরিমাণ জমি আছে এবং ঐ জমি কি উদ্দেশ্যে ব্যবহৃত হয় ; এবং

(খ) উক্ত লোকসেবা পরিষদ কাহাদের লইয়া গঠিত ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) ৬২·১৫ একর জমি। লোকসেবা পরিষদ "লোক ভারতী" সংস্থাটি পরিচালনা করেন। ঐ সংস্থাটির ঘোষিত উদ্দেশ্য হইল শিক্ষার বিস্তার।

(খ) লোকসেবা পরিষদের ট্রাষ্টীদের মধ্যে আছেন—

(১) ডাঃ পি. সি. ঘোষ, প্রেসিডেণ্ট

(২) শ্রীমতী সাধনা ঘোষ, সেক্রেটারী

(৩) শ্রীচারু ভাণ্ডারী

(৪) শ্রীকুমার জানা, এবং

(৫) শ্রীদিগম্বর প্রধান।

### ধান সংগ্রহকার্যে নিযুক্ত এগ্রিকালচার এক্সটেনশন অফিসার

*45. (Admitted question No. *176)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলার বিভিন্ন ব্লকে এগ্রিকালচার এক্সটেনশন অফিসারদের (এ ই ও) খাদ্য সংগ্রহের কার্যে নিযুক্ত করা হয়; এবং

(খ) যদি সত্য হয়, তাহলে কোন্ যোগ্যতার ভিত্তিতে তাহাদের নিযুক্ত করা হয়?

**The Minister for Agriculture:**

(ক) ব্লকে নিযুক্ত Agricultural Extension officer দিগকে কেবলমাত্র লেভি ব্যাপারে Requiring Authority হিসাবে দুই মাসের জন্য প্রতি সপ্তাহে দুইদিন করিয়া কার্য্য করিবার ব্যবস্থা করা হইয়াছে। সপ্তাহের কোন দুইদিন তাঁহারা ঐ কার্য্য করিবেন তাহা B.D.O. গণ A.E.O. গণের সহিত পরামর্শক্রমে স্থির করিবেন। কিন্তু কোন Agriculture কর্মীকে dehoarding কার্য্যে নিযুক্ত করা হয় না।

(খ) এই বিষয়ে কোন যোগ্যতার ভিত্তির প্রশ্ন নাই। খাদ্য সংগ্রহ কার্য্যের জন্য বহুসংখ্যক কর্মীর প্রয়োজন। সেজন্য কয়েকটি বিভাগ ছাড়া সরকারের প্রায় সর্ববিভাগের কর্মীদের ঐ কার্য্যে নিযুক্ত করা হয়। কোন্ বিভাগের কোন্ কর্মীকে ঐ কার্য্যে নিযুক্ত করা হইবে তাহা জেলা শাসকদের বিবেচনার উপর ছাড়িয়া দেওয়া হইয়াছে।

### Package Programme

*46. (Admitted question No. *624)

**Dr. NALINAKSHA SANYAL:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the present position of the Package Programme for promoting jute production in West Bengal and the areas proposed to be covered by the same during the crop season, 1970;

(b) what are the promotional help to agriculturists under the programme given in 1969 and proposed to be extended during 1970;

(c) which Anchal areas of Karimpnr Block in Nadia district are proposed to be coverd by such programme this year and which were so helped in previous years; and

(d) what are the criteria for selection of areas for undertaking promotional measures under the Jute Package Programme?

**The Minister for Agriculture:**

(a) At present the package programme on jute is being undertaken in 5 principal jute growing districts of this State viz., Nadia, Murshidabad, West Dinajpur, Jalpaiguri and Cooch Behar. The programme will be continued in the above 5 districts during 1970 crop season also.

(b) Promotional help provided to the agriculturists in package programme areas during 1969 season are the following :—

(1) Free use of seed drill and wheel hoe for line sowing of jute.

(2) Distribution of improved jute seeds at 50% subsidised rate.

(3) Free use of hand sprayers and power sprayers for foliar application of urea.

(4) Free use of plant protection equipments.

(5) Ready supply of pesticides on cash payment at Government rate.

(6) Establishment of Demonstration Centres of 10 acres each through which technical guidance is imparted to the agriculturists by trained personnel like V.L.W. (Jute), Asstt. Agricultural Extension Officers in blocks.

All the above promotional measures are expected to be continued in package areas during 1970 crop season.

(c) Package programme on jute was undertaken in all the Anchals of Karimpur Block during 1969 crop season and it is expected that the programme will be continued over the entire Karimpur Block during 1970 season also.

(d) Compact jute growing areas with adequate retting facilities.

### Unstarred Questions

( to which written answers were laid on the table )

### ইসলামপুর ও মির্জাপুরের রেশম শিল্প

80. (Admitted question No. 41.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় ইসলামপুর ও মির্জাপুরের রেশম শিল্পের উন্নতির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Cottage and Small-Scale Industries :**

ইসলামপুর ও মির্জাপুর রেশম শিল্পের উন্নতির জন্য শিল্পীদের লইয়া দুইটি সমবায় সমিতি গঠিত হইয়াছে। এই সমিতির সভ্যদের রেশম সূতা সরবরাহ এবং উৎপন্ন রেশম বস্ত্র বিক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে। এ ছাড়া শিল্পীদের উন্নত ধরনের প্রয়োজনীয় সরঞ্জাম ও ন্যূনতম জীবন-বেতন দেওয়া হইয়া থাকে।

### এ, এন, এফ, স্কীমে মৎস্যজীবীদের সাহায্য

81. (Admitted question No. 52.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ, এন, এফ, স্কীমে মৎস্যজীবীদের সাহায্য দিবার জন্য কি পদ্ধতিতে দরখাস্ত (১) আহ্বান ও (২) বাছাই করা হইয়া থাকে ; এবং

(খ) ঐ স্কীমে প্রত্যেককে কত টাকা সাহায্য দেওয়া হইয়া থাকে ?

**The Minister for Fisheries :**

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের দরিদ্র মৎস্যজীবী ও তাঁদের সমবায় সমিতিগুলিকে ঋণদান প্রকল্পের অধীনে ঋণ গ্রহণেচ্ছু মৎস্যজীবিগণের নিকট হইতে প্রতি বৎসর এপ্রিল এবং মে মাসে

প্রধান প্রধান দৈনিক সংবাদপত্রগুলিতে এবং জেলার স্থানীয় সংবাদপত্রগুলিতে বিজ্ঞাপন প্রকাশের দ্বারা ঋণের জন্য দরখাস্ত আহ্বান করা হইয়া থাকে। এ বৎসরে দরখাস্ত করিবার শেষ তারিখ ছিল ৩১শে জুলাই, ১৯৬৯ সাল।

দরখাস্তগুলি স্থানীয় ব্লক ডেভেলপমেন্ট অফিসে সংগৃহীত হয়। মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত অফিসারগণ দরখাস্তকারিগণের সাহায্য পাইবার যোগ্যতা সম্বন্ধে অনুসন্ধান করেন এবং ঋণ পাইবার অগ্রাধিকার প্রদর্শন করিয়া দরখাস্তকারিগণের নামের একটি খসড়া তালিকা প্রণয়ন করেন। ঐ তালিকা এবং অনুসন্ধানকারী অফিসারের রিপোর্ট সংশ্লিষ্ট ব্লকের জন্য গঠিত ব্লক ফিসারী অ্যাডভাইসারি কমিটির নিকট উপস্থাপিত করা হয়। ব্লকের বিধানসভা সদস্যগণ, ব্লক ডেভেলপমেন্ট অফিসার এবং মৎস্য অধিকারের একজন অফিসারকে লইয়া রাজ্যের প্রতি ব্লকের জন্য উল্লিখিত কমিটি গঠন করা হইয়া থাকে। সংখ্যাধিক্যের ভোটে কমিটি দরখাস্তকারিগণের অগ্রাধিকার ও ঋণের পরিমাণ সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

(খ) প্রচলিত শর্তাবলী অনুযায়ী সাধারণভাবে মাথাপিছু ৪০০ টাকা এবং বিশেষ ক্ষেত্রে ১,০০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হইয়া থাকে। এই প্রকারের মাধ্যমে যাহাতে সবচেয়ে বেশী সংখ্যক দুঃস্থ মৎস্যজীবিগণকে সাহায্য করা যায় সেই উদ্দেশ্যে এই বৎসর সমুদ্রোপকূলে মৎস্য শিকারে নিযুক্ত দরিদ্র মৎস্যজীবিগণকেই মাথাপিছু, ২০০ টাকা এবং অন্যান্য দরিদ্র মৎস্যজীবি

## প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি

82. (Admitted question No. 63.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি প্রস্তাবিত ১,৫০০ নূতন প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগের পদ্ধতি কি হইবে?

**The Minister for Education:**

প্রস্তাবিত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলিতে প্রচলিত নিয়মানুসারে ছাত্র-সংখ্যানুপাতে শিক্ষক নিয়োগ করা হইবে। উপযুক্ত সংখ্যক (১) শিক্ষিকা ও (২) তপশীলভুক্ত জাতি ও উপজাতি শিক্ষক নিয়োগের প্রতিও বিশেষ দৃষ্টি রাখা হইবে। শিক্ষণশিক্ষাপ্রাপ্ত শিক্ষক পাওয়া যাইলে শিক্ষণ-শিক্ষাপ্রাপ্ত নহেন এরূপ শিক্ষক নিয়োগ করা চলিবে না। শিক্ষণশিক্ষাপ্রাপ্ত নাহন এরূপ শিক্ষক নিয়োগ করিতে হইলে নিয়োগের পূর্বেই শিক্ষাধিকর্তার অনুমোদন লইতে হইবে। যিনি অন্তত স্কুল ফাইন্যাল পাশ এবং শিক্ষণশিক্ষাপ্রাপ্ত নহেন তাঁহাকে প্রধান শিক্ষকের অথবা টিচার-ইন-চার্জ-এর পদে নিয়োগ করা চলিবে না।

## কুটির ও ক্ষুদ্রশিল্পের প্রসারার্থে ঋণ দিবার প্রস্তাব

83. (Admitted question No. 61.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত নভেম্বর মাসে কুটির ও ক্ষুদ্রশিল্পের প্রসারার্থে নতুন উদ্যোগীদের উদার ভাবে ব্যাংক হইতে ঋণ দিবার জন্য যে প্রস্তাব তিনি দিল্লিতে প্রধানমন্ত্রীর নিকট করিয়াছিলেন তাহার ফলাফল কি হইয়াছে?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

প্রধানমন্ত্রীর নিকট হইতে যে উত্তর পাওয়া গিয়াছে তাহাতে জানা যায় যে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি ক্ষুদ্রশিল্পের প্রসারার্থে শতকরা ৮·২৫ হইতে ৯·৫০ পয়সা হার পর্যন্ত সুদে ঋণ দিবার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। সুদের হার কমাইবার জন্য আমরা যে প্রস্তাব করিয়াছিলাম তাহা তাহারা গ্রহণ করেন

নাই। তাহাদের মতে রাজ্য সরকার প্রয়োজন বোধে বিভিন্ন ক্ষুদ্রশিল্পকে সুদের হার লাঘব করিবার নিমিত্ত অনুদান ( সাবসিডি ) দিতে পারেন।

রাজ্য সরকার তিনটি ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটস-এর অন্তর্গত সামান্য কয়েকটি শিল্পকে ব্যাঙ্ক রেটের উপর শতকরা ২ টাকা হারে অনুদান দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। কিন্তু এই সীমিত অনুদান ক্ষুদ্রশিল্পের প্রসারের পক্ষে যথেষ্ঠ নয়। প্রধানমন্ত্রীর পত্রের উত্তরে আমি তাহাকে জানাইয়াছি যে রাজ্যের অর্থাভাবহেতু অনুদান বাবদ ভারত সরকারের আর্থিক সাহায্য একান্ত প্রয়োজন।

## কুটির ও ক্ষুদ্র শিল্পের কাঁচামাল

84. (Admitted question No. 62.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কুটির ও ক্ষুদ্র শিল্পের জন্য সাধারণত কি কি কাঁচামাল প্রয়োজন হয়; এবং

(খ) তন্মধ্যে কোন্ কাঁচামাল বিদেশ হইতে আমদানী করিতে হয়?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(ক) সাধারণত লৌহ ও ইস্পাতজাত পদার্থ, লৌহেতর ধাতু, রাসায়নিক পদার্থ, চর্বিজাত পদার্থ, প্লাষ্টিক পাউডার ও শীট, সুতা, হাতীর দাঁত এবং আরও বহুপ্রকার কাঁচামাল ব্যবহৃত হয়।

(খ) বহুপ্রকার কাঁচামাল যা আমাদের দেশে পাওয়া যায় না, কিংবা যে সমস্ত কাঁচামাল আমাদের দেশে প্রয়োজনের তুলনায় অল্প সে সমস্ত কাঁচামালই বিদেশ হতে আমদানী করতে হয়। সাধারণত নিম্নোক্ত শ্রেণীর কাঁচামাল আমদানী করা হয়:

(১) লৌহ ও ইস্পাতজাত কিছু মাল।

(২) কয়েকপ্রকার লৌহেতর ধাতু। যেমন, দস্তা, তামা, টিন প্রভৃতি।

(৩) কয়েক প্রকার রাসায়নিক পদার্থ, যথা, অ্যারোমেটিক কেমিক্যালসের কয়েক প্রকার ন্যাচারাল এসেন্সিয়াল অয়েলস, রেসিনয়েডস ইত্যাদি।

(৪) কয়েক প্রকারের প্লাস্টিক যেমন, সেলুলোস নাইট্রেট পাত প্রভৃতি।

(৫) ট্যালো, পারা, পাম অয়েল, নারিকেলের শাঁস, হাতীর দাঁত প্রভৃতি।

## জাতীয় গ্রন্থাগারকে অর্থ সাহায্য

85. (Admitted question No. 65.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার জাতীয় গ্রন্থাগারকে অর্থ সাহায্য করেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে, কি বাবদে করা হয়?

**The Minister for Education:**

(ক) হাঁ।

(খ) গ্রন্থাগারের পাঠ কক্ষ ( রিডিং রুম ) চালু রাখার জন্য।

## ভূমি সংস্কার কার্যে অন্তরায়

86. (Admitted question No. 122.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভূমি সংস্কার সম্পূর্ণ করিবার ক্ষেত্রে কোনরূপ অন্তরায় আছে কি;

(খ) থাকিলে, তাহা কি কি ; এবং

(গ) ঐ সকল অন্তরায়ের মধ্যে কোনগুলি দূরীকরণে কেন্দ্রীয় সহায়তা প্রয়োজন ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) হ্যাঁ।

(খ) অন্তরায়গুলি নিম্নরূপ :—

(১) বর্তমান আইনের ত্রুটি ও দুর্বলতা।

(২) মৌলিক অধিকার সংক্রান্ত সংবিধানের অধ্যায়টির অন্যায় সুযোগ গ্রহণ করিয়া মালিকগণ কর্তৃক হাইকোর্টে মামলা দায়ের করা এবং সেই উপায়ে ভূমি সংস্কার কার্যে বাধাদান।

(গ) ২নং অন্তরায় দূরীকরণে কেন্দ্রীয় সহায়তা প্রয়োজন।

### পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদনের পরিমাণ

87. (Admitted question No. 159.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় ১৯৬৮-৬৯ ও ১৯৬৯-৭০ সালে এ পর্যন্ত মোট কত মেট্রিক টন মাছ উৎপাদন হইয়াছে ;

(খ) এই উৎপাদন কোন্ জেলায় কত ; এবং

(গ) এই উৎপাদনে এই রাজ্যে কত টন ঘাটতি আছে এবং তাহা পূরণের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে ?

**The Minister for Fisheries :**

(ক) ১৯৬৮ সালে উৎপাদনের পরিমাণ ছিল ২,২৮,০০০ মেট্রিক টন ; ১৯৬৯ সালের মাছের উৎপাদনের সংখ্যাতত্ত্ব এখনও তৈয়ারী হয় নাই।

(খ) জেলাভিত্তিক উৎপাদনের হিসাব এখনও তৈয়ারী হয় নাই।

(গ) পশ্চিমবঙ্গে ১৯৬৮ সালের মাছের চাহিদার পরিমাণ ছিল ৬,৭৮,০০০ মেট্রিক টন, তন্মধ্যে রাজ্যে উৎপন্ন মাছের পরিমাণ ছিল ২,২৮,০০০ মেট্রিক টন ; সুতরাং ঘাটতি ছিল ৪,৫০,০০০ মেট্রিক টন। ১৯৬৯ সালের হিসাব এখনও তৈয়ারী হয় নাই।

পূর্বে পশ্চিমবঙ্গে মাছের ঘাটতির একটা বড় অংশ পূরণ করা হইত পাকিস্তান হইতে আমদানী করা মাছের সাহায্যে, কিন্তু বর্তমানে ঐ আমদানী সম্পূর্ণ বন্ধ। এই ঘাটতি পূরণ করিবার জন্য সরকারী পরিচালনায় বিভিন্ন জেলাতে ফিস্ ফার্ম তৈয়ারী করা হইয়াছে। ঋণ পরিকল্পনার আওতায় মৎস্যজীবীদের নৌকা, জাল ও সূতা ইত্যাদি ক্রয় করিবার জন্য স্বল্প সুদে টাকা ধার দিয়াও মাছের যোগান বাড়ানোর চেষ্টা করা হইতেছে। তাহা ছাড়া গভীর সমুদ্রে মাছ ধরার সুবিধা সৃষ্টির জন্য ভারত সরকারের অর্থে এই রাজ্যে একটি গভীর সমুদ্রে মাছ শিকারের বন্দর ( ডিপ্ সি ফিসিং হারবার ) নির্মাণের ব্যবস্থা করা হইতেছে। ইহা ছাড়াও ভারতবর্ষের অন্যান্য প্রদেশ হইতে মাছ আমদানী করা হয় সেন্ট্রাল ফিশারিজ কর্পোরেশন ও আড়ৎদারদের মারফত।

### তন্তুবায় সম্প্রদায়ের জন্য প্রয়োজনীয় কাঁচামাল

88. (Admitted question No. 182.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের তন্তুবায় সম্প্রদায় তাহাদের কাঁচামাল কোথা হইতে সংগ্রহ করে ;

(খ) পশ্চিমবঙ্গ সরকারের নিকট হইতে তাহারা কাঁচামাল পায় কিনা; এবং

(গ) যদি না পাইয়া থাকে সরকার এই বিষয়ে কিছু চিন্তা করিতেছেন কি?

**The Minister for Cottage and Small-Scale Industries :**

(ক) সমবায় সমিতিভুক্ত তন্তুবায় সম্প্রদায় প্রয়োজনীয় কাঁচামাল তাহাদের নিজ নিজ সমিতি হইতে সংগ্রহ করে। সমবায় সমিতি বহির্ভূত তন্তুবায় সম্প্রদায় বাজার হইতে কাঁচামাল সংগ্রহ করে। তাহারা কোন কোন ক্ষেত্রে দাদন হিসাবে মহাজনের নিকট হইতেও কাঁচামাল পাইয়া থাকে।

(খ) না।

(গ) ন্যায্য দামে সূতা ও রং তন্তুবায় সম্প্রদায়কে সরবরাহ করার পরিকল্পনা সরকারের আছে; কিন্তু অর্থাভাবে এই সব পরিকল্পনা কার্যকর করা সম্ভব হয় নাই।

পশ্চিমবঙ্গের চারটি তন্তুজীবী অধ্যুষিত অঞ্চলে পরীক্ষামূলকভাবে সরকার অয়ার হাউস স্থাপনের চিন্তা করিতেছেন। সেই সকল অয়ার হাউসের মাধ্যমে ওয়েস্ট বেঙ্গল স্মল ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন কর্তৃক ন্যায্যদামে তন্তুবায় সম্প্রদায়কে সূতা সরবরাহ করা হইবে।

## বোয়ালিয়া ড্যাংগ বিল ও পুটিজোল বিল

89. (Admitted question No. 287.)

**শ্রীসনৎকুমার রাহা:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় রাজধরপাড়া অঞ্চলে বোয়ালিয়া ড্যাংগ বিল ও পুটিজোল বিল দুইটি সরকারী মৎস্যচাষের কাজে লাগানোর কোন পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Fisheries :**

না।

## কাবিলপুর মৌজার জলা

90. (Admitted question No. 351.)

**শ্রীসনৎকুমার রাহা:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাগরদীঘি সার্কেলের অন্তর্গত কাবিলপুর মৌজায় ৫৩৪, ১০৪০ দাগ নং যে জলা আছে তাহা বর্তমানে কাহার অধীনে আছে; এবং

(খ) এই জেলায় সরকার নিজ দায়িত্বে মৎস্য চাষ করিবার বিষয় চিন্তা করিতেছেন কি?

**The Minister for Fisheries :**

(ক) সরকারে ন্যস্ত উক্ত জলা হাইকোর্টের একটি আদেশবলে মুর্শিদাবাদ জেলার রণজিৎপুর নিবাসী শ্রীআবুল জব্বার বিশ্বাস ও অন্য চারজন বার্ষিক ১৮,৪১১ টাকা খাজনায় ১৩৭৭ সালের আষাঢ় মাস পর্যন্ত ভোগ করিতেছেন।

(খ) না, বর্তমানে এরূপ কোন পরিকল্পনা নাই।

## প্রশাসন ও বিচার বিভাগ পৃথকীকরণের ফলে নতুন ম্যাজিষ্ট্রেট নিয়োগ

91. (Admitted question No. 418.)

**শ্রীসনৎকুমার রাহা:** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রশাসন বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণের ফলে কোন্ কোন্ জেলায় কতজন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং কতজন এক্সিকিউটিভ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে নিয়োগ করিতে হইয়াছে?

**The Minister for Judicial:**

প্রশাসন বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণের পরে হুগলি, বাঁকুড়া, পুরুলিয়া, কোচবিহার এবং মুর্শিদাবাদ জেলায় নিযুক্ত জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট এবং এক্সিকিউটিভ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটের সংখ্যা নিচে দেওয়া হইল :—

| জেলা | | | জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট [ যাহারা ওয়েষ্ট বেঙ্গল সিভিল সার্ভিস ( জুডিসিয়াল ) হইতে নিযুক্ত হইয়াছেন ] | একজিকিউটিভ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট ( যাহারা ওয়েষ্ট বেঙ্গল সিভিল সার্ভিস একজিকিউটিভ এবং ওয়েষ্ট বেঙ্গল জুনিয়র সিভিল সার্ভিস হইতে নিযুক্ত হইয়াছেন ) | মোট সংখ্যা |
|---|---|---|---|---|---|
| হুগলী | .... | .... | ১১ | ৩ [ ওয়েষ্ট বেঙ্গল সিভিল সার্ভিস ( একজিকিউটিভ ) ]<br>১ ( ওয়েষ্ট বেঙ্গল জুনিয়র সিভিল সার্ভিস ) | ১৫ |
| বাঁকুড়া | .... | .... | ৬ | .... | ৬ |
| পুরুলিয়া | .... | .... | ৭ | .... | ৭ |
| কোচবিহার | ... | .... | ১১ | .... | ১১ |
| মুর্শিদাবাদ | .... | .... | ১১ | ১ ( ওয়েষ্ট বেঙ্গল জুনিয়র সিভিল সার্ভিস ) | ১২ |

## মুর্শিদাবাদ জেলায় চালু বাস

92. (Admitted question No. 538.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন রুটে যে সকল বাস চালু আছে, সেগুলি কোন্‌টির মডেল কোন সালের ?

**The Minister for Home (Transport):**

গাড়ির মডেল সম্বলিত তালিকা পৃথকভাবে পেশ করা হইল।

## শ্রীত্রৈলোক্য চক্রবর্তী ( মহারাজ )-এর পাসপোর্ট

93. (Admitted question No. 550.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিখ্যাত বিপ্লবী নেতা শ্রীত্রৈলোক্য চক্রবর্তী (মহারাজ)-কে ভারতে আসিবার পাসপোর্ট দিতে পাকিস্তান সরকার অস্বীকার করিয়াছেন ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহিত আলাপ-আলোচনা করিয়াছেন কিনা এবং না করিলে, ভারত সরকারকে বিশেষ অনুরোধ জানাইবেন কি ?

**The Minister for Home (Political):**

(ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রীয় সরকারকে বলা হইয়াছিল।

## মৎসচাষ উন্নয়নকল্পে ব্যয়বরাদ্দ

94. (Admitted question No. 576.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বৎসরে ( ১৯৬৯-৭০ ) কোন্ জেলায় কত টাকা মৎস্যজীবীদের সাহায্য বাবদ বরাদ্দ ও লোন দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত বৎসরে কোন্ কোন্ জেলায় কত টাকা মৎস্যচাষ উন্নয়নকল্পে বরাদ্দ ও খরচ করা হইয়াছে?

**The Minister for Fisheries:**

(ক) চলতি আর্থিক বৎসরে ( ১৯৬৯-৭০ ) বিভিন্ন জেলায় বরাদ্দকৃত অনুদান ও সাহায্যের পরিমাণ নিম্নে বর্ণিত হইল :—

| জেলার নাম | অনুদান ও ঋণখাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ টাকা |
|---|---|
| (১) চব্বিশ পরগনা ( উত্তর ) | ৭২,০০০·০০ |
| (২) চব্বিশ পরগনা ( দক্ষিণ ) | ৮৩,৬০০·০০ |
| (৩) মেদিনীপুর ( পূর্ব ) | ৬৩,০০০·০০ |
| (৪) মেদিনীপুর ( পশ্চিম ) | ৯,৫০০·০০ |
| (৫) নদীয়া | ৬১,৫০০·০০ |
| (৬) মুর্শিদাবাদ | ৫০,৫০০·০০ |
| (৭) হুগলী | ৪৬,০০০·০০ |
| (৮) হাওড়া | ৩৩,০০০·০০ |
| (৯) বীরভূম | ২,৫০০·০০ |
| (১০) বর্ধমান | ১৮,০০০·০০ |
| (১১) কোচবিহার | ১৭,০০০·০০ |
| (১২) মালদহ | ৯,০০০·০০ |
| (১৩) দার্জিলিং | ১,০০০·০০ |
| (১৪) পশ্চিম দিনাজপুর | ১১,৫০০·০০ |
| (১৫) বাঁকুড়া | ৪,০০০·০০ |
| (১৬) পুরুলিয়া | ১,৫০০·০০ |
| মোট | ৪,৮৪,৬০০·০০ |

বিভিন্ন জেলায় বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পর্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে তাহার হিসাব দেওয়া এখন সম্ভবপর নয়, তবে চলতি আর্থিক বৎসরের ( ১৯৬৯-৭০ ) মধ্যে সমস্ত অর্থই খরচ করা হইবে বলিয়া আশা করা যাইতেছে।

(খ) জেলাভিত্তিক বরাদ্দ ও খরচ করা টাকার পরিমাণের একটি তালিকা নিয়ে দেওয়া হইল :—

| | জেলার নাম | | | বরাদ্দ অর্থ | খরচ ( নভেম্বর ১৯৯৯ পর্যন্ত ) |
|---|---|---|---|---|---|
| | | | | টাকা | টাকা |
| (১) | মেদিনীপুর | .... | .... | ৭৩,০৬৩'০০ | ৪৯,২২৭'২১ |
| (২) | নদীয়া | ... | .... | ২,৭০,৭২২'০০ | ২,২২,২৮৬'৪৩ |
| (৩) | কোচবিহার | .... | ... | ২৬.১৭৫'০০ | ১৯,৯৪৭'২০ |
| (৪) | পশ্চিম দিনাজপুর | ... | .... | ৭১,০০৭'০০ | ১৫,০৭৯'৩৪ |
| (৫) | দার্জিলিং | ... | ... | — | — |
| (৬) | বীরভুম | ... | .... | ১০,২৯২'০০ | ১০,০০০'৯৩ |
| (৭) | মুর্শিদাবাদ | ... | ... | ২,১২,৭৮২'০০ | ২৬,৬২৯'০৭ |
| (৮) | বাঁকুড়া | ... | .... | ২৬,৪০৭'০০ | ৯,৯০৬'৪৮ |
| (৯) | মালদহ | .... | .... | ৩২,৭০৬'০০ | ২২,৩০২'৮৩ |
| (১০) | বর্ধমান | ... | .... | ৫৬,৭০০'০০ | — |
| (১১) | জলপাইগুড়ি | .... | ... | ৬,৭০০'০০ | — |
| (১২) | কলিকাতা | ... | ... | ৩০,১০০'০০ | ৩,৪৪৪'৭৩ |
| (১৩) | হুগলী | ... | .... | — | — |
| (১৪) | হাওড়া | .... | .... | — | — |
| (১৫) | চব্বিশ পরগনা | .... | ... | ২০,২৩৮'০০ | — |
| (১৬) | পুরুলিয়া | .... | ... | ৯৭,১৬১'০০ | ৭৬,২২৫'২৭ |

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমাদের কাছে রিভাইজ্‌ড প্রোগ্রাম যেটা দেওয়া হয়েছে, তাতে দেখছি ৯ তারিখে অর্থাৎ সরস্বতী পূজার আগের দিন আমাদের হাউস বসাবার চেষ্টা করছেন আমাদের পরিষদীয় মন্ত্রিমহাশয়। ইতিপূর্বে জানুয়ারী ৯ তারিখে যে বুলেটিন বেরিয়েছিল,

( নয়েজ )

আপনার অফিস থেকে যে ইস্তাহার বেরিয়েছিল, তাতে দেখা গেছল, ৬ তারিখে শুক্রবার, ১১ তারিখে আবার আমরা মিট করছি, শনিবার রবিবার বন্ধ ছিল, সরস্বতী পুজো, অত্যন্ত জরুরী পুজো, বাঙালীর ঘরে ঘরে এই পুজো হয়, পুজোর আগের দিন অনেক কাজ করতে হয়, কাজেই ৯ তারিখে বসলে অসুবিধা হবে।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** এটা নিয়ে মাননীয় সদস্যকে আমি অনেকবার বলেছি, ঐ ভদ্রলোক নলিনাক্ষ সান্যাল মহাশয় যে প্রশ্ন তুলেছেন এটা অতি সহজ, সেটা হচ্ছে, স্যার, ওঁকে দয়া করে একটু বসতে বলুন, এটুকু ভদ্রতা জ্ঞানও নেই ওঁর ?

( নয়েজ )

**মিঃ স্পীকার :** ওঁর যা বলবার ওঁকে বলতে দিন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, আমার বক্তব্য হচ্ছে ২৫ তারিখের আগে যদি কতকগুলি অর্ডিন্যান্সকে বিলে পরিণত করার জন্য সময়ের অভাব হয়ে থাকে তাহলে আমি প্রস্তাব করছি যে আগের শনিবার ১৪ তারিখে সকাল বেলা আমরা বসতে পারি।

**শ্রীযতীন চক্রচর্ত্তী :** আমি সংক্ষেপে এ বিষয়ে উত্তর দিতে চাই। যখন আমরা কোন পরিবর্ত প্রোগ্রামে করি, প্রথমে বিরোধী দলের যিনি হুইপ বা নেতা আছেন তাঁর সংগে বসে আলোচনা কে করি এবং সেভাবে প্রোগ্রাম বদলাই। এবং এটা আমরা বরাবরই করে আসছি। উনি বলছেন তারিখে নাকি ওঁর কি সাংঘাতিক ঘটনা এবং ১০ তারিখে পূজো।

তার জন্য নিশ্চয়ই আমরা পূজো করতে আরম্ভ করিনা এবং তার জন্য বিধানসভা বন্ধ হবে ন এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ওঁদের সংগে আলাপ আলোচনা করে - অর্থাৎ বিরোধী দে যাঁরা আছেন নেতৃস্থানীয়, তাঁদের সংগে আলোচনা করে করেছি। উনি যদি দলের হুইপের কথা নেতাদের কথা না মানেন আমি কি করতে পারি ? He has no locus standl.

( Noise and interruptions )

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker :** The Hon'ble Minister in charge of the Home (Police Department will please make a statement on the subject of clash betweer C. P. I. (M) and S. U. C. supporters in Central Calcutta—called attentior by Shri Gyan Singh Sohonpal on the 2nd February, 1970.

**শ্রীপান্নালাল মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয় এই হাউসের কাে ঘোষণা করতে চাই যে মার্টিন লাইনের হাওড়া-আমতা, হাওড়া-শিয়াখালা মার্টিন লাইট রেলওে প্যাসেন্জারস' এ্যাসোশিয়েশন কোঅর্ডিনেশন কমিটির তরফ থেকে প্রায় এক হাজার যাত্রী তাঁদে দুর্দশার প্রতিকারের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করার জন্য বিধানসভার গেটে অপেক্ষা করছেন। তাঁদে দুর্দশার কথা জানাবার জন্য স্মারকলিপি সমেত তারা মুখ্যমন্ত্রি এবং উপ-মুখ্যমন্ত্রি এবং পরিবহন মন্ত্রি সংগে দেখা করতে চান এবং তাদের বক্তব্য বলতে চান যাতে তাদের প্রতিকারের ব্যবস্থা হয় মুখ্যমন্ত্রি তো আসেননি সেইজন্য উপ-মুখ্যমন্ত্রি যদি যান—

**মিঃ স্পীকার :** উনি এখন কলিং এ্যাটেনশন নোটিশের জবাব দিচ্ছেন আপনি তো জানালেন এখন মন্ত্রিমণ্ডলী যা করবার করবেন।

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, in response to the notice servec by Shri Gyan Singh Sohonpal, an Honourable Member of this House calling my attention to a matter of urgent public importance, namely clash between C P. I. (M) and S. U. C. supporters in Central Calcutta or Sunday, the 1st of February, I beg to make the following statement :

There is a rubber factory in the Tangra area of Central Calcutta The workers of this factory belong to two rival trade unions controllec by two political parties. There has been friction between these twc unions since September last. The supporters of these unions clashed or the 1st February. The police intervened and after using tear ga brought the situation under control. Three members of the police forc and three members of the public received injuries in the clash. Twc criminal cases have been registered by the police in connection with thi incident and ten persons belonging to both parties have been arrested The situation is now peaceful. Police vigilance is being maintained.

**Mr. Speaker :** I have received five notices of calling attention on th following subjects, namely :—

(1) Police firing at Narikeldanga on 3-2-70—from Shri Gyan Singh Sohonpal.

**(2) Alleged deadlock in the Malda District Hospital—from Shr Suresh Chandra Sinha.**

(3) Reported looting of fish and forcible harvesting in certain areas of West Dinajpur—from Shri Suresh Chandra Sinha.

(4) Influx of Hindus from East Pakistan—from Shri Suresh Chandra Sinha.

(5) Cease work by the teachers of the Barabelun Mohanimohan Vidyamandir, Dist. Burdwan—from Shri Aswini Roy.

I have selected the notice on the subject of alleged deadlock in the Malda District Hospital—from Shri Suresh Chandra Sinha. The Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Jatin Chakravorty :** The Statement will be given on the 11th.

**Discussion on Governor's Address**

**Mr Speaker :** I now call upon Kumar Jagadish Chandra Sinha to initiate discussion on the Governor's Address.

[2-10—2-20 p.m.]

**শ্রীজগদীশচন্দ্র সিংহ**—মাননীয় স্পীকার স্যার, গত ২১শে জানুয়ারী মহামান্য রাজ্যপাল আমাদের এসেম্বলীর সামনে যে বক্তব্য রেখেছেন সেটা অসত্য ও ত্রুটিপূর্ণ। নানান জায়গায় তিনি যা বলেছেন তাতে সরকার যে সমস্ত কাজ করছে গত ১ বছরে, আগামী বৎসরে কি করবেন। গত ১ বছর কি করেছে তার একটা মোটামুটি ফিরিস্তি তিনি দিয়েছেন। গত ১ বছরে যে কাজ করেছেন তার কথা বলতে গিয়ে তিনি প্যারা থ্রিতে যে কথা বলেছেন সেখানে যদি দেখেন The people is on the march, but its progress towards full democracy is unsetting some of the old patterns and relations to which we have been accustomed and creating new patterns and relations which are in the process of emergence. স্যার, যুক্তফ্রণ্ট সরকার বাংলাদেশে নূতন গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চাচ্ছেন। নূতন গণতন্ত্র কি এবং ফুলডেমক্রেসি বলতে কি সেটা আমরা বুঝতে পাচ্ছি না। তবে আপনাদের সেই রঙীন চশমায় যদি দেখি তা হলে ডেমক্রেসি কি তা বুঝতে পারবো না ও তা হলে তার চেয়ে দুর্ভাগ্যের কিছু আর নেই। স্যার, আজকে আমরা ফুলডেমক্রেসি বা পিউপুল ডেমক্রেসি যেটা মার্কসিষ্ট কমুনিষ্ট পার্টি সারা ভারতবর্ষে প্রচার করে বেড়াচ্ছেন এটা সে দিকে যাচ্ছে কিনা তা মাননীয় রাজ্যপালের ভাষণ থেকে আমরা বুঝতে পাচ্ছি না। রাজ্যপালের ভাষণে ২ পাতায় যদি দেখেন তা হলে দেখবেন সেখানে রয়েছে A process of trial and error is inevitable and has to be gone through in the search for new modes of smooth and harmonious functioning, modes which must be appropriate to the times and the needs of the people.

মিঃ স্পীকার, স্যার, এই সভার সামনে আমি বলছি এই যে process of trial and error এই process of trial and error আজকে বাংলাদেশের জনসাধারণ হাড়ে হাড়ে মর্মে বুঝতে পাচ্ছে এই process of trial and error কি এবং তার ভোগী হচ্ছেন এই হাউসের ভেতরে আমাদের মাননীয় মুখ্য মন্ত্রীর, তাঁর উপর অত্যাচার করা হয়েছে। সরকারী কর্মচারীরা আজকে ইনসিকিওরড ফিল করছেন। সেই কারণেই মাননীয় মুখ্যমন্ত্রী বর্তমান যুক্তফ্রণ্ট সরকারকে অসভ্য এবং বর্বর সরকার আখ্যা দিয়েছেন। আমি আশা করি যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ভুল করেছেন কি করেন নি তার জবাব তিনি দেবেন। আমরা মনে করেছিলাম মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের ভেতরে অন্ততঃ মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন সে কথাটা তিনি প্রয়োগ করেন যে বর্ত্তমান যুক্তফ্রণ্ট সরকার একজন অসভ্য এবং বর্বর। কিন্তু তিনি সে সম্বন্ধে একেবারে নিশ্চুপ।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি প্যারাগ্রাফ ১৪ যদি দেখেন তা হলে দেখতে পারবেন সেখানে তিনি বলেছেন যে My Government has however, extended the scope of admission of students to colleges by introducing quite a number of new shifts in the existing colleges and by opening Commerce Units and Honours Courses in new subjects in the Goverment sponsored institutions and colleges. স্যার আমরা এডুকেসানের দিকে তাকালে দেখতে পাই যে সেকেনডারি এডুকেসান আজকে প্রায় বন্ধ হতে চলেছে। গত কাল কোশ্চেন এনসারের সময় শিক্ষা মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে ২৩৮টা স্কুলের ম্যানেজিং কমিটি সুপারসিডেড হয়েছে। এবং সেখানে এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত হয়েছে। এই এ্যাডমিনিষ্ট্রেটার কারা হয়েছে সে সম্বন্ধে প্রশ্ন করলে তিনি বলেছেন যে বিভিন্ন দলের লোককে নেওয়া হয়েছে। কিন্তু আমাদের অভিজ্ঞতা থেকে দেখতে পাচ্ছি যে একমাত্র সি, পি, এম, ছাড়া অন্য কোন দলের সভ্যকে এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত করা হয় নি। হয়ত ২/১টা ক্ষেত্রে ফরোয়ার্ড ব্লক এবং বাংলা কংগ্রেসকে নেওয়া হয়েছে। স্যার আপনি যদি যুক্তফ্রণ্টের অন্যতম নেতা অপর শরিক দলের শ্রীভবানী সেন মহাশয়ের একটা বই দেখেন তাহলে দেখবেন তিনি সেখানে পরিষ্কার বলেছেন যে শিক্ষা ক্ষেত্রে দলীয় স্বার্থ আজকে কি রকম ভাবে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির মন্ত্রী মহাশয় তার দপ্তরকে ব্যবহার করেছেন। এ পর্যন্ত প্রায় ৫১টা স্কুলের হেড মাষ্টার মহাশয়কে জোর করে বরখাস্তের কাগজে সই করিয়ে নেওয়া হয়েছে তাদের একমাত্র দোষ তারা সি, পি, এম দলের নন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মন্ত্রী চারু মিহির সরকার মহাশয় উপস্থিত আছেন তিনি বলুন তাঁর কলেজ বগুলায় সি, পি, এম-এর লোকেরা কি এভাবে অত্যাচার করেছে যার ফলে সে কলেজ আজ বন্ধ হবার উপক্রম হয়েছে। এই যে তথ্যগুলি নিয়ে আসছি এটা শুধু আমার কথা নয় এটা যুক্তফ্রণ্টের অপর শরিক দলের সি, পি, আই-এর ভবানী সেন মহাশয় তাঁর বই-এর মধ্যে বলে গেছেন। হেডমাষ্টার এসোসিয়েশানের বুলেটিন যদি দেখেন তা হলে দেখবেন যে ১৯৬৯ সালের নভেম্বর মাসে এই যে ৫১টা কেসের কথা বলা হয়েছে সি, পি, এম জবরদস্তি করে শিক্ষা ক্ষেত্রে অরাজকতা সৃষ্টি করে শিক্ষা প্রসার যাতে না ঘটে তার চেষ্টা করেছিল। যদি কেউ সি, পি, এমের আদর্শে প্রচারে সহায়তা না করে তা হলেই তাদের সেখান থেকে সরে যেতে হবে। তাই সেখানে জবরদস্তিভাবে তাদের তাড়ান হয়েছে। স্যার, সেকেণ্ডারী বোর্ড অফ এডুকেসান একটা ষ্টেটুটারি বডি। তাকে অকর্মণ্য করে দেওয়া হয়েছে। কোন চিঠি দিলে তার জবাব পাওয়া যায় না। সেখানে খোঁজ নিলে দেখা যাবে মন্ত্রী মহাশয়ের কাছে রেফার করেছে, রাইটার্স বিল্ডিং থেকে জবাব আসে নি। রাইটার্স বিল্ডিং থেকে জবাব আসবে কি করে, সেখানে তো কোন কাজ হয় না, সেখানে দলীয় মারামারি চলছে। সেখানে মন্ত্রী মহাশয় নিজের পার্টির কাজ করছেন, টাইপিষ্টরা টাইপ করে যাচ্ছেন কিন্তু তারা প্রত্যেকে নিজ নিজ দলের কাজ করছেন।

**মিঃ স্পীকার :**—আপনি কি সব মন্ত্রীর কথা বলছেন?

**শ্রীজগদীশচন্দ্র সিংহ :**—হাঁ, আমি সব মন্ত্রীর কথা বলছি। আপনিও স্যার, সেটা সমর্থন করছেন সেজন্য আমরা কৃতজ্ঞ। কাজেই জবাব কি করে সেকেণ্ডারী বোর্ডে আসবে? মন্ত্রীরা সরকারের কাজ করেন না, দলের কাজ করছেন।

[2-20—2-30 p.m.]

**মিঃ স্পীকার :**—আপনি বলছেন বলেই তো বললাম। আমি কি বলতে পারি?

**শ্রীজগদীশচন্দ্র সিংহ :**—সেকেণ্ডারী বোর্ডের প্রশাসনিক ক্ষমতা এবং ক্যালকাটা ইউনিভারসিটি এ্যাক্টের সংশোধনের মধ্য দিয়ে তাঁর ক্ষমতা কুক্ষিগত করার ব্যবস্থা করেছেন।

এই হচ্ছে ওঁদের অবস্থা। এই অবস্থা সেকেণ্ডারী এডুকেশন বোর্ডের হয়ে দাঁড়িয়েছে। ইউ-নিভারসিটি এবং বিভিন্ন কলেজে সীট বাড়িয়ে দিয়েছেন বলে গর্ব করেছেন এবং বলেছেন আমরা নূতন ভর্তির সুযোগ করে দিয়েছে। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি সেখানে সি, পি, এমের যে ইউনিয়ন আছে বি, পি, এস, এফ, তার নাম তাদের মনোনীত ছাত্র ভর্তি হবে এবং এই ইউনিয়নকে আগে চাঁদা দিতে হবে তারপর দরখাস্ত দেওয়া চলবে। আমি জানি এরা বিদ্যাসাগর কলেজে ২৫ টাকা করে চাঁদা আদায় করেছে। আমি জানি ইউনিভারসিটি ল কলেজেও এই অবস্থা চলেছে, আমি জানি ক্যালকাটা ইউনিভারসিটির পলিটিক্যাল সায়েন্সেও এই অবস্থা চলছে। বিভিন্ন ক্ষেত্রে যদি এই অবস্থা চলতে থাকে তাহলে শিক্ষা ক্ষেত্রে ওঁদের কাছ থেকে উন্নতি আমরা আশা করব কি করে? স্কুলে অবস্থা শোচনীয় এখন কলেজেও এই অবস্থা হতে চলেছে। আমরা জানি যুক্তফ্রণ্ট গোড়ায় বলেছিলেন, The present system of education that still remains primarily in the character of colonial system of education should immediately be replaced by a national democratic and scientific system of education. এটা তো ভাল কথা। এর থেকে ভাল কথা আর কিছু হতে পারে না? কিন্তু আমরা সমস্ত ক্ষেত্রে কি দেখছি? এই ন্যাশন্যাল এবং ডেমোক্রেসী শব্দ দুটোর ব্যাখ্যা যদি আমাদের মার্কসিস্ট কম্যুনিষ্টদের কাছ থেকে শিক্ষা করতে হয় তাহলে তার নারাজ। আজকে ন্যাশন্যাল শব্দটা যারা জাতীয়তাবাদে বিশ্বাস করে না, স্বীকার করেন না, যাদের অপর দেশে টিকি বাঁধা আছে, যাদের সেখান থেকে হুকুম নিয়ে কাজ করতে হয়, যাদের বিদেশের মনোনীত পথে না গেলে ডেমোক্রেসী থাকে না এবং তাদের মনোনীত এডুকেশন না হলে সেটা সায়েনটিফিক এডুকেশন হয় না, তাহলে তা চলতে পারে না। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা আজকে অত্যন্ত খারাপ পর্য্যায়ে এসে পড়েছে। যে আশা এবং আকাঙ্খা নিয়ে বাংলাদেশের যুক্তফ্রণ্ট সরকার বাংলাদেশের জনসাধারণের সামনে এসে দাঁড়িয়েছিল সেটা তারা বাস্তবে রূপায়িত করবে, দলীয় ঝগড়া মারামারি করে সেটা তারা নষ্ট করবেন না, ধুলিসাৎ করবেন না এটা আশা করি। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কলেজের শিক্ষক মশাইদের একটা নূতন পে-স্কেল চালু করেছেন। খুব ভাল কথা। এর থেকে ভাল প্রস্তাব হতে পারে না। কিন্তু এই চালু করেছেন এখনও পর্য্যন্ত তাঁরা টাকা পাচ্ছেন না। প্রতিমাসে ৬০ টাকা হিসাবে এ্যাড হক যেটা সেটাও তাঁদের সরকারের দয়ার উপরে নির্ভর করতে হয়। সেই টাকাও প্রতিমাসে তাঁরা ঠিক সময়ে পাচ্ছেন না।

তার আজ কোন সুব্যবস্থা দেখছি না। এ সম্বন্ধে শ্রমমন্ত্রী মহাশয় কোন সুনির্দিষ্ট কার্য্যসূচী এই হাউসের সামনে রাখেন নি। রাজ্যপালের ভাষণেও এ সম্বন্ধে কোন উল্লেখ নেই। আমরা আশা করেছিলাম এ সম্বন্ধে কিছু উল্লেখ তিনি করবেন। শিল্পের ক্ষেত্রে মন্দার কথার বিষয়ে আজ আলোচনা করার প্রয়োজন আছে। এর এই মন্দা কেন হচ্ছে এ সম্বন্ধে বিবেচনা করতে হবে। আমরা দেখতে পাচ্ছি আমাদের শ্রম বিভাগের দুর্নীতির ফলে যেভাবে তাঁরা কাজ করে চলেছেন তাতে শুধু দলীয় স্বার্থ প্রতিষ্ঠিত হচ্ছে। এইমাত্র একটা calling attention-এর জবাব উপমুখ্যমন্ত্রী মহাশয় বললেন নারকেল ডাঙ্গায় S. U. C. এবং C. P. M. ২টি Union-এর গোলমালের ফলে এ জিনিষ হয়েছে। কিন্তু এটা কেন হচ্ছে? এ বিষয়ে আমি যুক্তফ্রণ্ট সরকারের অন্যতম শরীকদলের নেতা শ্রীভবানী সেনের বই থেকে কয়েকটা লাইন পড়ে শোনাচ্ছি —"ট্রেড ইউনিয়ন আন্দোলনে C.P.M. তার বিভেদমূলক ভূমিকা প্রকট করে তুলেছে, যে কোন উপায়ে ট্রেড ইউনিয়নগুলির উপর একাধিপত্য প্রতিষ্ঠার জন্য পাগল হয়ে উঠেছে। অতীতে তীব্র সংগ্রামের মাধ্যমে যেটুকু জঙ্গী শ্রমিকশ্রেণীর ঐক্য অর্জিত হয়েছে তাকে ধ্বংস করছে আর এইভাবে নিজেরাই নিজেদের পায়ের তলা থেকে আসলে মাটি সরিয়ে দিচ্ছে।" জুট শ্রমিকদের কথা বিবেচনা করুন। এখানে রাজ্যপালের ভাষণে দেখছি তিনি বলেছেন যা কিছু ভাল হয়েছে

তা সবই C.P.M. সংযুক্ত যে সমস্ত ইউনিয়ন আছে তাদের কথায় হয়েছে। একটা Press Statement ৭ই আগষ্ট তারিখে দেওয়া হয়েছিল এবং সেই Press Statement-এ পরিষদ বিভাগীয় মন্ত্রী মহাশয়ের সই আছে। সেখানে দেখছি C.P.M. ছাড়া অন্য অনেকে সেই press statement-এ সই করেছিলেন—যেমন শ্রীকালী মুখার্জী, শ্রীইন্দ্রজিৎ গুপ্ত, শ্রীফণী ঘোষ, শ্রীকমল সরকার, শ্রীদয়ারাম বেরী এবং শ্রীযতীন চক্রবর্তী। Central Government-এর intervention-এ দিল্লী এই শ্রম বিরোধের মীমাংসা হয়েছিল। অথচ রাজ্যপাল সেটা ভুলে গিয়ে অন্য কথা বললেন যে C.P.M.-এর নির্দেশে এবং শ্রমমন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপের জন্য এই জিনিষ হয়েছে। এ জিনিষ যে কতটা অসত্য সেটা তিনি ভালভাবে জানেন। এই প্রসঙ্গে আমি Hasting House Saxbey Farmer LTD.-এর কথা বলব। এটা C.P.M.-এর শ্রমিক Union বলে এটা গ্রহণ করা হয়েছে। অন্যান্য বহু শিল্প তাঁরা গ্রহণ করতে পারেন, কিন্তু তা করেন নি। যাহোক আমি আশা করব এটা যেন সত্যি সত্যি Hasting House-এ পরিণত না হয় অর্থাৎ যেভাবে সরকারের অন্যান্য শিল্প সংস্থা চলছে এর অবস্থা যেন এরকম না হয়।

স্যার, আমাদের কৃষিক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। যুক্তফ্রন্ট সরকার কিছু কিছু কাজ করেছেন এবং যে কাজ করেছেন আজকে যেগুলি আমরা যখন সরকারে ছিলাম সেই সময় যে সমস্ত জিনিস সরকারী ফাইলে রাখা হয়েছিল সেইগুলিই ওঁরা আজকে কার্যকরী করেছেন এবং সেইজন্য জয়ঢাক পিটাচ্ছেন।

[2-30—2-40 p.m.]

ওঁরা এখানে গ্রিণ রেভোলিউশনের কথা বলেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই গ্রিণ রেভোলিউশনের কথা যা বলেছেন সেটা আজকে যাতে বাড়ান যায় এবং যাতে বেশী ফসল পেতে পারেন তার জন্য আমরা এক্সপার্টের কোন এখানে দাম দিই না। আজকে বি, এসসি, এগ্রিকালচার, প্রায় ৪৮০ বেকার হয়ে রয়েছে এবং ৮০ জনের উপর যাদের মাষ্টার্স ডিগ্রি এগ্রিকালচারে আছে তাদের কর্মসংস্থানের কোন ব্যবস্থা নেই। তাদের আনডার এমপ্লয় করা হলে, তারা লেখা পড়া শিখেছে এবং বিজ্ঞানসম্মত উপায়ে চাষের উন্নতি করতে পারে কিন্তু এই বিষয় সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। আমি আশা করবো এখানে কৃষিমন্ত্রী মহাশয় এই বিষয়ে বিবেচনা করবেন এবং তাঁর নির্দেশে তাদের এখানে অন্ততঃ যাতে করে এই শিক্ষিত যুবকদের কাজে ব্যবহৃত করা যায় সে বিষয় তিনি সচেষ্ট হবেন।

স্যার, আমি জমির ব্যাপারে দেখছি যে, যে সমস্ত জায়গায় সরকারী নির্দেশ ভূমি রাজস্ব বিভাগের কর্মচারীরা, সরকারী খাস জমি বিলি করেছে সেখানে শ্রেণী সংগ্রামের নাম করে, সেখানে জোতদারদের ভয় দেখিয়ে তারা ভূমিহীন কৃষকদের সংগ্রামের নাম করে, সেখানে জোতদারদের ভয় দেখিয়ে তারা ভূমিহীন কৃষকদের কাছ থেকে জমি দখল করে নিচ্ছে, ভূমিহীন কৃষকদের জমি দখল করছেন।

(হট্টগোল।)

রবীন বাবুকে পার্টি থেকে বের করে দিয়েছে বলে তিনি এত চিৎকার করেছেন। সেইজন্য যারা ভূমিহীন কৃষক আছে তাদের জমি, অল্প জমি যা সরকারের কাছ থেকে পেয়েছে, সেই জমি ছিনিয়ে নিয়ে আজকে দলের স্বার্থে ব্যবহার করছে এবং এইভাবে সি, পি, এমরা অরাজকতা সৃষ্টি করছে। এই ব্যাপারে আজকে যদি বাংলাদেশের পুলিশ নিষ্ক্রিয় হয়ে থাকে তাহলে বাংলা দেশের দুর্ভাগ্য। স্যার, মহামান্য রাজ্যপাল আর একটা কথা বলে গিয়েছেন, "My Government is aware that it has to make greater efforts for dealing with complaints against the work and functioning of the Police and they have been directed to do their best for maintaining law and order

preventing the commission of crimes, protecting the rights of the people and all communities and serving the cause of the people in general."

আপনি জানেন এর থেকে আর বড় কথা আর কিছু হতে পারে না। আজকে কোন কেস নিয়ে থানায় গেলে থানায় এফ, আই, আর, বা ডায়রি করে না। প্রথমেই তারা জিজ্ঞাসা করে আপনি কি সি, পি, এম, এর সদস্য। এটা অতি সত্য কথা। আজকে ভবানী সেন মহাশয়ের বই থেকে কোট করে বলছি, 'যুক্তফ্রণ্টের একটি নীতি হল যে গণতান্ত্রিক সংগ্রামের শরিক জনগণের বিরুদ্ধে পুলিস হস্তক্ষেপ করবেন না।' কিন্তু এখন এ নীতিকে বিকৃত করে যা করা হয়েছে তা হল যে, যুক্তফ্রণ্টে অন্যান্য শরিক দলের উচ্ছেদ অভিযানে সি, পি, এমের পক্ষে সর্বদাই পুলিসকে থাকতে হবে। গত মে মাস পর্যন্ত যখন ভ্রাতৃপ্রতিম পার্টিগুলির বিরুদ্ধে সি, পি, এমএর অভিযান তীব্রতর করে তোলা হয়, তখন সি, পি, এম,-এর লোক হলে কোন হামলা-কারীকেই পুলিস সন্দেহ করতে, অভিযুক্ত করতে, এমন কি গ্রেপ্তার পর্যন্ত করতে পারে না। আর আজকে এখানে আমি যুক্তফ্রণ্ট সরকার বলবো না কারণ তারা এখন অযুক্ত হয়ে গিয়েছে।

যে বাংলাদেশ বিবেকানন্দের বাংলাদেশ দেশবন্ধু চিত্তরঞ্জনের বাংলা, যে বাংলাদেশ নেতাজী সুভাষচন্দ্রের বাংলা, সেই বাংলা এই দুর্নীতি এই অসহনীয় ভবিষ্যতে বরদাস্ত করবে না এর অবসান ঘটাবে। এই কথা বলে আজকে আমি আমার বক্তব্য শেষ করব এবং যে মাননীয় রাজ্যপাল-এর ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এখানে এসেছে তার বিরোধিতা করছি।

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে তার প্রতি পূর্ণ সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটা কথা এখানে নিবেদন করতে চাই কুৎসার জবাব আমি দেব না। কুৎসার বন্যার মাঝে টালিগঞ্জ এবং রায়নায় নির্বাচনের ভিতর দিয়ে জনসাধারণ তার জবাব দিয়েছে এবং ভবিষ্যতে প্রয়োজন হলে তারা আরও জবাব দেবে। আমি শুধু এখানে যে সমস্ত মূল প্রশ্ন বিভিন্ন সদস্য এখানে উত্থাপন করেছেন সে সম্পর্কে কিছু বলব। প্রথমে আমি একটা কথা যেটা আমি বলতে চাই রাজ্যপাল যেটা তাঁর ভাষণে বলেছেন যে এটা একটা নভেল এক্সপেরিমেণ্ট It challenge to us সেটা বোঝা দরকার। কারণ মুখে ভুবনেশ্বর আর আবাদীর সমাজতন্ত্র ইত্যাদি যত বড় বড় গালভরা কথাই বলা হউক না কেন গত ২২ বছর ধরে কেন্দ্রে এবং রাজ্যে নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে যে শাসন চালিয়েছেন সেটা কাদের স্বার্থে সেটা তাদের বিভিন্ন দপ্তরের নথিপত্র থেকে তার প্রমাণ পাওয়া যায়। আমি বলতে চাই রিজার্ভ ব্যাংকের রিপোর্ট দেখলেই বোঝা যায়। সেখানে দেখা যাচ্ছে যে ২২ বছর যে দেশপ্রেমের কথা মাননীয় জগদীশ সিংহ কে বলতে চাই যে কংগ্রেসের এই দেশপ্রেমের ফলে ১৯৪৮ সালে জুন মাসে বিদেশী পুজি ২৫৬ কোটী টাকা ভারতবর্ষে খাটত সেই দেশ প্রেমের ফলে আজ হাজার কোটী টাকা দাড়িয়েছে। ইংরেজ এবং অন্যান্য বিদেশী এদেশে রাজ্য শাসনের জন্য প্রধানতঃ আসেনি, এসেছে ব্যবসাবাণিজ্য এবং সেখানকার পুঁজি বিনিয়োগের ভিতর দিয়ে দেশকে লুণ্ঠন করতে। স্বাধীনতার ২২ বছর পরে ছোট ছোট দেশ সিংহল পারস্য বার্মা প্রভৃতি দেশ যে সমস্ত বিদেশী পুঁজি জাতীয়করণ করতে পেরেছে আর ভারতবর্ষের মত একটা বিরাট দেশ সেখানে জাতীয়করণ তো দূরের কথা সেই পুঁজিকে আরও চারগুণ বাড়িয়ে দিয়েছে। আজকে এ কথা কেউ অস্বীকার করতে পারে যে বিড়লার ১৯৪৭ সালের ১৫ অগষ্ট পর্যন্ত মূলধন ছিল ২২ কোটী টাকা সেই বেড়ে বেড়ে আজ ৪৬৪ কোটী টাকায় রূপান্তরিত হয়েছে। যে টাটার স্বাধীনতার আগে ৪৪ কোটী টাকা মূলধন ছিল তার বেড়ে ৪৬৪ কোটী টাকায় রূপান্তরিত হয়েছে। দুটী পরিবারের হাতে ৯০০ কোটী টাকা কেন্দ্রীভূত হয়েছে একথা আজ কেউ অস্বীকার করতে পারে? তিনটা পরিকল্পনায় ২০ হাজার কোটী টাকা ব্যয় করে যে পরিকল্পনা সমুদ্র মন্থন করে তার

সমস্ত অর্থ নিয়ে কার সিন্দুকে জমা হয়েছে সে কি পরিকল্পনা কমিশনের রিপোর্টে নেই। রাজন্যবর্গ ও অন্যান্য জোতদার জমিদার যাদের হাতে প্রচুর সম্পদ আছে, একটা পয়সা দিলেও যাদের অধস্তন ৫০ পুরুষ তারা রাজার হালে নবাবের হালে থাকতে পারে তাকে এই দরিদ্র দেউলে দেশের গলায় পা দিয়ে বছরে ৫ কোটী টাকা রাজন্য ভাতা দেওয়া হয়েছে এটা অস্বীকার করতে পারেন?

[ 2-40—2-50 p.m. ]

সেইজন্য যুক্তফ্রন্টের প্রথম মৌলিক পার্থক্য হচ্ছে এই যে এই প্রথম তাঁরা চেষ্টা করছেন শ্রমিক, কৃষক, যেমনকি মানুষ ছোট মাঝারি ব্যবসাদার যারা বঞ্চিত, শোষিত উপেক্ষিত অত্যাচারিত হয়ে এসেছে তাদের স্বার্থ রক্ষা করবার জন্য এই নতুন চ্যালেঞ্জ। এই জন্য তাঁরা আজ পৃথিবীতে সর্বত্র সামাজিক সম্পর্ক পরিবর্তন করে নূতন ব্যবস্থায় দেশকে রচনা করবার কাজ, বিপ্লবের পরে সব বাধা দূর করে তারপরে তা সুরু করা হয়। আর এখানে সংবিধানের ভেতর থেকে চেষ্টা করা হচ্ছে। বাধা আসছে আজ তাদের কাছ থেকে যাঁরা আজ সংবিধানের পদমূলে মানুষকে জবাই দেবার জন্য বার বার বলছেন। সিদ্ধার্থ শঙ্কর রায় গতবারে বলেছিলেন আমাদের জ্যোতিবাবুর কাছ থেকে জবাব চেয়েছিলেন, এবারও জবাব চেয়েছেন। আমি তাঁকে এই জবাব দিচ্ছি এই সংবিধান, আমি জানি না, ১৯৫০ সালে তাঁর কত বয়স ছিল, তিনি কি জানেন অন্যান্য বুর্জোয়া দেশে স্বাধীনতার পরে সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে Constituent Assembly গঠন করে এবং তার পরে সেখানে সংবিধান রচনা করা হয়। আর এখানে সংবিধান রচনা করা হয়েছে ইংরেজের আমলে এক সীমিত ভোটাধিকারের ভিত্তিতে, তৎকালীন যে প্রাদেশিক Council ছিল, তার থেকে indirect election-এর ভিত্তিতে এই Constituent Assembly গঠিত হয়। আমাদের বর্দ্ধমান থেকে Constituent Assemblyর সদস্য ছিলেন খান বাহাদুর নাজিরুদ্দিন আহমেদ, যিনি ২২ বছর ইংরেজ আমলে public prosecutor ছিলেন। আর এই যে সংবিধান মডার্ণ ডাঃ আম্বেদকর, বরোদার গাইকোয়রের পালিত পুত্র, যিনি Scheduled Caste-এর ভেতর একটা বিভেদ সৃষ্টি করেছিলেন, তিনি আমাদের এই সংবিধান রচনা করেছিলেন।

**Dr. Nalinaksha Sanyal:** On a point of order, Sir. I find that some disparaging remarks have been made against Dr. Ambedkar. I submit, Sir, that he is no more in the land of living. He is one of the most respected leaders of a very important community in India. His knowledge of constitutional law has never been challenged by anybody, not even by the Communist Party to which the speaker belongs, I would request the honourable Member, through you, to withdraw the disparaging remarks made against Dr. Ambedkar.

**Mr. Speaker:** No disparaging remarks should be made against any one, specially against one of the position of Dr. Ambedkar.

**শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী:** If it offends anybody's sentiment, I withdraw the remarks. ঘটনা হচ্ছে এই। অতএব এই সংবিধানের নাম করে এর বেদীমূলে শ্রমিক কৃষক, মেহনতি জনতা এদের স্বার্থ বলি দেওয়ার কথা তখন ওঠেনি। সংবিধান রচনা করে মানুষ তার নিজের প্রয়োজনে, যে সংবিধান ভারতবর্ষের শতকরা ৯৯ জন লোকের অগ্রগতির পথে বাধা হয়ে দাঁড়ায়, মানুষের নিজেদের প্রয়োজনে নতুন সংবিধান রচনা করবার সার্বভৌম অধিকার সেখানে আছে। এটা কেউ কেড়ে নিতে পারে না। নিজেকে সংবিধানের পদমূলে বলি দেবার জন্য কখনো নিজের সংবিধান রচনা করা হয় নাই। প্রয়োজন হলে গোটা সংবিধানকে নূতন করে ভারতের শতকরা ৯৯ জন লোকের স্বার্থে রচনা করবার অধিকার এখানকার জনগণের আছে এবং প্রয়োজনে সেই অধিকার জনগণ প্রয়োগ করবে।

গণতন্ত্র সম্বন্ধে তাঁরা কথা বলেন, যাঁরা গণতন্ত্রের শিক্ষা আমেরিকা এবং ইংরেজের পদমূলে বসে, সাম্রাজ্যবাদীদের পাদমূলে বসে শিক্ষা করেছেন। তাঁরা হয়ত ভাবতে পারেন বর্তমান যে বুর্জোয়া ডেমোক্রেসি, সেটা কার্যতঃ শতকরা একজনের স্বার্থে শতকরা ৯৯ জন লোকের উপর শোষণ ও অত্যাচারের শাসন চালিয়ে যাওয়া, এই যে গণতন্ত্র, সে গণতন্ত্র আমরা মানি না।

আমরা মানি যে ৯৯ জনের জীবনের দাবীতে, তাদের স্বার্থে এই ইনস্ট্রুমেণ্ট অব কোয়ারসান একজনের বিরুদ্ধে প্রয়োগ করা উচিত। এই রাষ্ট্রে শোষিত মানুষের বিরুদ্ধে এতদিন এই ইনস্ট্রুমেণ্ট অব কোয়ারশন ব্যবহৃত হয়ে এসেছে এবং আজকে এই কমিউনিষ্ট পার্টিই একমাত্র বলতে পারে যে আর প্রয়োজন হবে না এই সমস্ত মানুষের উপর এই ইন্‌ট্রুমেণ্ট অব কোয়ারসন রাখার। এখন প্রশ্ন হচ্ছে কার জন্য কাদের বিরুদ্ধে এটা ব্যবহৃত হবে—এখানে মৌলিক পার্থক্য এসেছে। এখন প্রকাশ্যে যুক্তফ্রণ্ট সরকার ঘোষণা করেছে যে এই রাষ্ট্রযন্ত্র যা এতদিন কায়েমীস্বার্থে শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত চাষীদের বিরুদ্ধে ব্যবহার করা হয়েছে, এই রাষ্ট্রযন্ত্র-এর সমস্ত সীমাবদ্ধতা সত্ত্বেও তার অসংখ্য ত্রুটি বিচ্যুতি থাকা সত্ত্বেও এই যন্ত্রকে যথাসম্ভব শ্রমিক, কৃষক এবং মেহেনতী মানুষের স্বার্থে ব্যবহার করা হবে তাদের সংগ্রামের হাতিয়ার হিসাবে ব্যবহার করা হবে এবং এরই জন্য এত আর্তনাদ। তাঁরা ২২ বছরেও যা পারেন নি এই ১১ মাসের মধ্যে শ্রমিক, কৃষক, মাঝারী মানুষ জীবনের নূতন সাধ পেয়েছে। কত বিঘা জমি পাওয়া গেছে, তাদের চাকরীতে কত মাইনা বেড়েছে এটা বড় কথা নয়, তার চেয়ে বড় কথা হচ্ছে এক নূতন জাগরণ শ্রমিক, কৃষক, মেহেনতী মানুষের মধ্যে এসেছে। তারা বুঝেছে যে তাদের জীবনের সংগ্রামকে এগিয়ে দেবার একটা হাতিয়ার তারা পেয়েছে। যে সমস্ত দেবতারা অ ত্মতৃপ্ত হয়ে একদিন স্বর্গরাজ্যে বিচরন করছিলেন তাদের সেই স্বর্গরাজ্যের ভিত কেঁপে উঠেছে বলে তারা ধ্বংস করার নাম করে উল্লাসে মত্ত হয়ে উঠছেন কিন্তু মনে রাখতে হবে এই জিনিস চিরকাল থাকবে না, সেইজন্য এই নব জাগরণ এটাই হচ্ছে ভবিষ্যৎ। সমস্ত দিক থেকে বড় কথা হচ্ছে একটা নূতন সূর্যদয়ের প্রতিশ্রুতি নিয়ে এই জাগরণ এসেছে। অবশ্য যে কোন জায়গায় একটা নব জাগরণ হলে পর তার ভেতর কিছু ত্রুটি বিচ্যুতি আসে এবং সেই ত্রুটি বিচ্যুতি আন্দোলনের প্রাথমিক অবস্থায় আসে। আপনারা এখানে এই শীতাতপ নিয়ন্ত্রিত ঘরে বসে নিজেরা আলোচনা করতে পারেন কিন্তু যুগ যুগ ধরে যে কৃষক, শ্রমিক যারা অত্যাচারিত, লাঞ্ছিত হয়েছে, যাদের ঘরবাড়ী ভেঙ্গে দেয়া হয়েছে, যাদের জমিতে লোনা জল ঢুকিয়ে মেছোঘেরী রাতারাতি তৈরী করা হয়েছে—সেই সমস্ত মানুষ যখন তাদের নিজেদের জীবনের দাবীকে প্রতিষ্ঠিত করবার জন্য এগিয়ে আসে তখন সেই দীর্ঘদিনের পুঞ্জীভূত বিক্ষোভ ফেটে পড়ে এবং সেই বিক্ষোভ এ ফুলের মালা পড়ে নিজেদের চিত্ত বিনোদন করার জন্য আসে না, সে জিনিস অন্যভাবে আসে। যদি বলেন হ্যাঁ, এই যে জাগরণ এই জাগরণকে স্বাগত জানাই, তারপরে সেই জাগরণ যাতে সুস্থ খাতে ব্যবহার করা যায় তারজন্য তাকে রাজনৈতিক সচেতন করবার জন্য যদি কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম হত তাহলে তার অর্থ বুঝি কিন্তু যদি সি. পি. এম. কে লক্ষ্য করে কুৎসা দিতে গিয়ে শ্রমিক, কৃষকদের নূতন জাগরণ, নূতন অভ্যুদয়কে কালিমা লিপ্ত করতে চান, ইতিহাসের চাকাকে আটকে রাখতে চান—তারা মনে করছেন এই জগন্নাথের রথকে তারা কয়েকজন নিজেদের স্বার্থে বোধ হয় আটকে রাখতে পারবেন, তা তারা পারবেন না।

[ 2-50—3-15 p. m. ]

ইতিহাসেও অনেকবার এইরকম আগে ও শেষে দেখা গেছে। যখন এই রকমভাবে ইতিহাস গতিতে এগিয়ে যায়, যখন গণতান্ত্রিক শক্তি এগিয়ে যায় তখন সেই গণতান্ত্রিক শক্তির যেটা প্রাণ তাকে লক্ষ্য করে সেখানে আক্রমণ সুরু হয়, আক্রমণ সব সময় এ্যাণ্টি কমুনিজমের মুখোস ধরে শুরু হয়, শেষ হয় সমস্ত গণতন্ত্রকে ধ্বংস করে, নিধন করে। এমনি করে হিটলারের অভ্যুত্থান হয়েছিল, এমনি করে সর্বত্রই হয়। আমরা জানি আজকে ভারতবর্ষে একটা রাজনৈতিক পট

পরিবর্ত্তনের যুগ-সন্ধিক্ষণ এসে হাজির হয়েছে। তাই কংগ্রেস আজ দ্বিধা বিভক্ত, ত্রিধা বিভক্ত এবং সেইজন্য তাঁরা আজকে সেখানে ভাবছেন যে কায়দায় ২২ বছর চালিয়ে এসেছেন সেই কায়দা এখন আর চলবে না। সিণ্ডিকেট পন্থীরা তাই আজ ভারতবর্ষে যেভাবে বিপ্লবের পদধ্বনি শুনতে পাচ্ছেন এবং সেইজন্য তারা আজকে ভাবছেন যে সমস্ত গণতান্ত্রিক শক্তিকে বেআইনী করে পুলিশের দমন নীতির দ্বারা একে চূর্ণবিচূর্ণ করে দিয়ে নিজেদের শোষণের রাজত্ব কায়েম করতে হবে এবং তার জন্য লাইক মাইণ্ডেড পার্টি হিসাবে জনসংঘ, স্বতন্ত্র এদের সাথে হাত মিলিয়ে তাঁরা চাচ্ছেন ভারতবর্ষকে একটা ফ্যাসিষ্ট কায়দার দিকে এগিয়ে নিয়ে যাবার জন্য। আর অন্যদিকে যাঁরা ইন্দিরাপন্থী তাঁরা ভাবছেন যে বর্তমান অবস্থায় কংগ্রেসকে যদি টিকিয়ে রাখতে হয় তাহলে সেটা টিকিয়ে রাখা একমাত্র সম্ভব কংগ্রেসের যে ইমেজ জনমানসে সম্পূর্ণভাবে নষ্ট হয়ে গেছে, আজ যে গেল গেল রব উঠেছে তারই সীমিত পদক্ষেপের ভিতর দিয়ে একে টিকিয়ে রাখা সম্ভব। কিন্তু আজকে যারা বড় বড় একচেটিয়া পুঁজিপতি তাদের স্বার্থে কোন মৌলিক আঘাত হয়না অথচ জনমানসে যাতে একটা নূতন করে ইলিউসান সৃষ্টি করা যায় সেই রকম কিছু ষ্টাণ্ট পলিটিক্স দিয়ে কংগ্রেসকে কিছুদিন কায়েম করার চেষ্টা করছেন। কিন্তু এখন তা সম্ভব নয়। ভারতবর্ষের আগামী দিনের ভবিষ্যৎ হচ্ছে নূতন ভবিষ্যৎ। সেই ভবিষ্যৎ না আছে সিণ্ডিকেট পন্থীদের হাতে, না আছে ইন্দিরা পন্থীদের হাতে, সে ভবিষ্যৎ আছে ঐ শ্রমিক, কৃষক মেহনতী মানুষের নব অভ্যুত্থান ও নব জাগরণের ভিতর এবং সে অভ্যুত্থান বাংলাদেশে হয়েছে। সেইজন্য বাংলাদেশ আজ গর্বিত। ভারতের জাতীয় আন্দোলনের সময় সেদিন যেমন গোটা ভারতবর্ষ বাংলাদেশের দিকে তাকিয়েছিল ইংরেজের বিরুদ্ধে মুক্তি সংগ্রামের জন্য এবং সেদিন যেমন গোটা ভারতবর্ষকে ইংরাজের বিরুদ্ধে সংগ্রামে এগিয়ে দিয়েছিল বাংলাদেশ, তেমনি আজকে শোষণ মুক্ত সুখী সম্পদশালী ভারতবর্ষ গড়বার যে স্বপ্ন বিগত ২২ বছর ধরে দেখে আসছিল কুচক্রীদের চেষ্টার দরুন তা চূর্ণবিচূর্ণ হয়েছে, কংগ্রেস তাকে চূর্ণবিচূর্ণ করে দিয়েছে। আজ সেই স্বপ্নকে স্বার্থক করবার জন্য শক্তি উদ্বোধন হয়েছে এখানে এবং তার জন্য আজকে এইভাবে তারস্বরে চীৎকার সুরু করে দিয়েছে গেল গেল বলে এবং তার জন্য আক্রমণ করছেন। আক্রমণ কোন ব্যক্তি বিশেষের বিরুদ্ধে নয়, আক্রমণ ঐ শ্রমিক, কৃষক এবং ঐ মেহনতী মানুষের বিরুদ্ধে, যারা এগিয়ে এসেছে নিজেদের ভাগ্য নিজের হাতে রচনা করবার জন্য, কোন মুষ্টিমেয় নেতার দিকে তাকিয়ে নয়, যখন লক্ষ লক্ষ কোটি কোটি শ্রমিক, কৃষক নিজেদের ভাগ্য নিজের হাতে গড়বার জন্য এগিয়ে এসেছে তখন আর্তস্বর উঠছে। আমরা তা ভুলিনি এবং আমরা জানি যে শুধু আজ রাজনৈতিক চেতনা প্রয়োজন এবং আমরা এও জানি মিলিটেনসি মাইনাস পলিটিক্স কোথায় নিয়ে যেতে পারে এবং তারই মর্মান্তিক ইতিহাস এই ভারতবর্ষের বুকে হয়ে গেছে। আমরা জানি ১৯৪৫ সালে রসিদ আলির আন্দোলনের ভিতর দিয়ে, ২৯শে জুলাই এর ভিতর দিয়ে একেবারে ঐ নোয়াখালী পর্যন্ত আত্মঘাতী সংগ্রামের ভিত্তিতে রক্তের বন্যার সমস্ত সংগ্রাম চলে গিয়েছিল ইংরাজের বিরুদ্ধে এবং সেই আত্মঘাতী সংগ্রাম ইংরাজের কুচক্রী পরিকল্পনা ও চক্রান্তের জন্য সম্ভব হয়েছিল। আজকেও তাই ভারতবর্ষে এই গণ অভ্যুত্থান সুরু হয়েছে এটা মনে রাখতে হবে। যারা শাসন, শোষণের মসনদে বসে থাকতে চান তারা একে ভাঙবার জন্য এমন কোন হীন, জঘন্য চক্রান্ত নেই যা তারা করতে পারেন না এটা আমাদের মনে রাখতে হবে। ভারতবর্ষে আজ মার্কিন সাম্রাজ্যবাদী নীরব গ্যালারীর দর্শকের মত বসে নেই, পি. এল ৪৮০-র বহু টাকা তাদের হাতে আছে এবং দীর্ঘদিন সুযোগ সুবিধা পেয়ে ভারতবর্ষের রন্ধ্রে রন্ধ্রে বহু এজেণ্ট তারা তৈরী করেছে। ছোট ছোট দেশে যদি তারা সি. আই. এ. দিয়ে সেখানকার রাজ্যকে ভাঙা গড়ার যদি চেষ্টা করে থাকতে পারে তাহলে ভারতবর্ষ এত বড় একটা বিরাট সম্পদশালী দেশ, তাকে তার নিজের কব্জার মধ্যে আবদ্ধ করে রাখবার জন্য তারা সেখানে নীরব হয়ে বসে নেই, তাদের চক্রান্ত চলছে।

তার চক্রান্ত চলেছে। তাই আজ আমি শুধু এইটুকুই বলতে চাই আপনার মাধ্যমে যে

সত্যিকারের অর্থে যুগসন্ধিক্ষণে আজকে ভারতবর্ষ দাঁড়িয়ে আছে। সেদিন আমরা রাজনৈতিক সচেতন ছিলাম না, সেজন্য ১৯৪৫ সাল থেকে আরম্ভ করে ১৯৪৬ সাল পর্যন্ত ভারতের সামনে যে অপূর্ব সম্ভাবনা এসেছিল তাকে সেদিন আমরা কাজে লাগাতে পারিনি। আজকে আমরা আমাদের ক্ষুদ্রতা থেকে উর্দ্ধে উঠে এই সম্ভাবনাকে আমরা যেন পূর্ণভাবে কাজে লাগাতে পারি। অনেকে বলেছেন একথা নতুন নয় চ্যবন সাহেব প্রথম বলেন। যেন সি. পি. এম তার ক্ষমতার দম্ভে সকলকে গ্রাস করতে চায়। সি. পি. এম প্রথম পার্টি যারা নির্বাচনের পরে বলে যে নিজেদের শক্তি সম্বন্ধে বেশী করে ভেব না। মনে রেখ মিড-টার্ম ইলেকসান কংগ্রেস শতকরা ৪১টি ভোট পেয়েছে এবং আমরা যুক্তফ্রণ্টের শরিকদলরা একপেন্সেস না হয়েও ঐ শতকরা ৪১ জন কংগ্রেসের অনুবর্তী শ্রমিক, কৃষক বা মানুষকে আমাদের দিকে টেনে এনে প্রত্যেকেই আমরা বাঁচতে পারি তুলনামূলকভাবে, আনুপাতিকভাবে, এই হচ্ছে আমাদের পথ। ওরা বলেছেন যে আমরাই নাকি ভেঙ্গে দিতে চাই। আমরা জানি যে যুক্তফ্রণ্ট থাকতে আমরা সকলে সেখানে লাভবান হচ্ছি এবং আমরা জানি যে আজ যে প্রোপাগাণ্ডা ব্যারেজ চলছে তার আক্রমণের লক্ষ্য আমরা। যুক্তফ্রণ্ট গেলে আমরাই হব আক্রমণের সবচেয়ে মূল শত্রু। চক্রান্ত হচ্ছে আইসোলেট এ্যাণ্ড এ্যাটাকের। সেইভাবে আইসোলেট করতে পারে নি বলেই আমাদের উপর আক্রমণ চলেছে। তবে আমরা নির্বোধ নই। যতই প্ররোচনা আসুক আমরা কোন প্ররোচনায় কান দিয়ে নিজেই নিজের মৃত্যুকে ডেকে আনবো না। আমরা জানি যে হাজার প্রচার করলেও আমাদের ঐক্য গড়ে উঠবেই মানুষের চেতনার ভেতর দিয়ে, যার প্রমাণ বার বার দেখা যাচ্ছে। সেইজন্য আমাদের বিশ্বাস ঐ মানুষের প্রতি। কোনদিন দল হাতে রেখে পুলিশকে ব্যবহার করে দল বাড়ানো যায় না। যদি তাই যেত তাহলে কংগ্রেস তা করতে পারতো. কারণ একক দল হিসাবে সর্বরকমে বা সম্পূর্ণভাবে প্রশাসনকে তারা ব্যবহার করতে পেরেছে। স্যার, এই প্রসঙ্গে আমি বলি যে এই অধিবেশনে যেদিন উন্মত্ত পুলিশ এসেছিল সেদিন তারা বলেছিল জ্যোতিবাবুর মুণ্ডু চাই। কাজেই পুলিশমন্ত্রী হিসাবে তিনি পুলিশকে ব্যবহার করছেন এটা ঠিক নয়। তা ছাড়া মার্কসবাদ আমাদের এইটুকু জ্ঞান দিয়েছে যে শাসনযন্ত্র সম্পূর্ণ অন্য উদ্দেশ্যে—শোষণ এবং শাসনের উদ্দেশ্যে যে শাসনযন্ত্র তৈরী হয় সে শাসনযন্ত্রকে না ভেঙ্গে সম্পূর্ণ বিপরিত উদ্দেশ্যে তাকে ব্যবহার করা যায় না, এই প্রাথমিক জ্ঞান আমাদের আছে। আর সেইজন্যই এই যন্ত্রকে ব্যবহার করার উপর আমরা নির্ভর করে নেই। আমাদের প্রধান ভরসা জনসাধারণ এবং সেই জনসাধারণের অগ্রগতি এগিয়ে যাবেই, শত কুৎসার বন্যাতেও ইতিহাসের অগ্রগতি কেউ রুখতে পারবে না। যারাই এ্যান্টি কমিউনিজিমের পতাকা নিয়ে এই ইতিহাসের রথচক্রকে রুখতে গিয়েছে ইতিহাসের জঞ্জালেই তাদের স্থান হয়েছে। তাদের স্থান হিটলার তোজোর পাশেই।

(At this stage the House was adjournment for 15 minutes.)

(After Adjournment)

[3-15-3-25 p.m,]

**Shri Nepalchandra Roy :** Sir, there is no quorum in the House.

[At this stage the quorum bell was rung.]

**Mr. Speaker :** Shri Subodh Chandra Maiti may like to speak.

**শ্রীসুবোধচন্দ্র মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রত্যেক বাজেট সেশানের সময় রাজ্যপালের ভাষণ সরকারের একটা দর্পণস্বরূপ যাতে বিগত দিনের কাজকর্ম এবং আগামী বছরে সরকারের যে নীতি তার একটা পরিষ্কার ছবি পাওয়া যায়। সেজন্য রাজ্যপালের ভাষণের একটা মূল্য আছে। আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, এই যুক্তফ্রণ্ট গঠিত হবার ঠিক পরেই কোন লোক Rip Van Winkle-এর মত ঘুমিয়ে পড়ে থাকতেন বা আমাদের দেশের কুম্ভকর্ণের মত যদি

৬ মাস ঘুমিয়ে থাকতেন এবং রাজ্যপালের ভাষণের সময় জেগে যদি তাঁর ভাষণ পড়তেন তাহলে তিনি দেখতেন যে না পশ্চিমবাংলার সব ঠিক পথেই চলেছে। এখানে আজকে পথে-ঘাটে সর্বত্র বিপ্লব। কি বিপ্লব? না, সবুজ বিপ্লব সব জায়গায়, সবুজ বিপ্লব আর কি বিপ্লব? না, রক্তাক্ত বিপ্লব। চারিদিকে বিপ্লবের ছবি দেখতে পেতেন। তারা মনে করতেন এই সরকার ঠিক পথেই বিপ্লবকে চালিয়ে নিয়ে যাচ্ছেন। কিন্তু এই দেশের মানুষ আজকে তিক্ত অভিজ্ঞতা সঞ্চয় করেছেন এবং তার পরিপ্রেক্ষিতে এরা কি দেখছেন? দেখছেন প্রত্যেকদিন খবরের কাগজের পাতা উল্টে দেখছেন যে খুন, জখম, ডাকাতি, হানাহানি, মারামারী, নরহত্যা। এমন দিন নেই যেদিন কাগজের পাতা খালি যায়। এর নাম কি জনকল্যাণ? এই রকম ভাবে কি জনকল্যাণ করা হয়েছে? যদি জনকল্যাণের কথা বলেন তাহলে হ্যাঁ, জনকল্যাণ তারা করেছেন, কি না, পশ্চিমবঙ্গে যে আইন কংগ্রেস আমলে হয়েছিল, যাতে কৃষকের জমি দেবার ব্যাপার ছিল, তারা ৩ লক্ষ জমি সংস্কার করে সেটা বিলি করেছে। এই প্রসঙ্গে বলি যে সেখানে এই শ্রেণী সংগ্রাম দেখা দিয়েছে। সেখানে কি ছবি দেখতে পাচ্ছি, না যদি একজন যে জোতদার, যে জমি লুকিয়ে রেখেছিলো, জমি চুরী করে রেখেছিলো, সে অন্যায় করেছে, তার জমি ছিনিয়ে নেওয়া হল। সেটা কাদের বিলি করা হল? না, বিলি করতে হলে Trade Mark প্রথমে দরকার, কোন একটা যুক্তফ্রন্টের বড় শরিকের অন্ততঃ তার member হওয়া চাই না হলে তিনি জমি পান না। আমি নিজের অভিজ্ঞতা থেকে বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে লোকটা সেই জোতদারের জমি, ঐ জমিদারের জমি আজ ২০ বছর ধরে চাষ করে আসছে সে যদি ভূমিহীন হয়, সে যদি এক বিঘা জমির মালিক না হয় তাহলে সে এবারকার এই ভূমি ব্যবস্থায় জমি পায়না। যদি সে C P M বা বড় কোন দলের অন্তর্ভুক্ত না হয় তবে তাকে জমি দেওয়া হবে না। তাহলে সেই ব্যক্তি ভূমিহীন কৃষক তার অবস্থাটা কি দাঁড়ায়। এর নাম কি শ্রেণী সংগ্রাম? গরীবের অশ্রু ফেলা—এটা একবার চিন্তা করে দেখুন। এতো গেল বড় যারা তাদের কাছ থেকে জমি কেড়ে নেবার কথা। আজকে এখানে হরেকৃষ্ণবাবু আইন আনছেন পারিবারিক ভিত্তিতে ceiling হবে। তা যখন হবে নিশ্চয়ই সেটা দেশের জনসাধারণ সেটা মেনে নেবে। সেটাতো আজও হয়নি। আজ ৭৫ বিঘা জমি পর্যন্ত রাখতে পারবে। সেই ৭৫ বিঘা জমির মধ্যেকার লোক, সেই লোকের জমি থেকে ধান চাল যাবে কেন?

আজও আছে, যে ৭৫ বিঘা জমি একজন রাখতে পারবে। কিন্তু এই ৭৫ বিঘা জমির মধ্যেকার লোকের রাখা জমি তা থেকে ধান চলে যাবে কেন, না সে লাল সেলাম দিতে পারছে না। এই রকম কত উদাহরণ চান, কত উদাহরণ নেবেন গ্রামদেশে যান সেখানে এই রকম কত উদাহরণ পাবেন। ভাল করে শুনে রাখুন যে যদি ৭৫ বিঘা জমির মালিক লাল সেলাম দিয়ে গলায় লাল রুমাল বেঁধে বলে আমি কমিউনিষ্ট পার্টির (মার্কসিষ্ট)-এর শ্রেণীভুক্ত হয়েছি তাহলে তার জমি থেকে তার ধান লুট হবে না—ভাগচাষী তার বাড়ীর খামারে এসে ধান অর্ধেক দিয়ে যাবে যেহেতু তিনি কমিউনিষ্ট মার্কসিষ্টকে সমর্থন করেছেন। অধ্যক্ষ মহাশয়, আমি একটা অদ্ভুদ ঘটনার কথা বলি আমার কনষ্টিটিউয়েন্সির এক ব্যক্তি সুন্দরবনে তিনি গত দিন এসেছিলেন বল্লেন যে তাঁর জমি থেকে এস, ইউ, সি ধান লুট করেছেন—তার জন্য আমি করেছি কি—আমরা সংঘবদ্ধভাবে জোতদাররা সি, পি, এম-এর মেম্বার হয়ে গেছি আমাদের গায়ে আঁচড় পড়ছে না আমরা রাতারাতি সি, পি, এম হয়ে গেছি। তারা সব বড় বড় জোতদার তারা সি, পি, এম-এর খাতায় নাম লিখিয়ে সেখানে যা কিছু সব ভোগ করছে। এর নাম কি শ্রেণী সংগ্রাম। এই শ্রেণী সংগ্রামের নামে কি করা হচ্ছে? এতে কি জনসাধারণের কল্যাণ হচ্ছে? বিনয়বাবু শ্রেণী সংগ্রামের অনেক কথাই বল্লেন আমি গভীর মনোযোগ সহকারে শুনেছি। কিন্তু তাঁর এই শ্রেণী সংগ্রাম করে যে জনকল্যাণ তা কোন জায়গায় দেখতে পাচ্ছি না। তাঁদের সেই ৩২ দফা কর্মসূচী সিকায় ঝুলে রয়েছে। একটি দফাও কার্যকরী হচ্ছে—কারণ সবাই পরস্পর দলাদলিতে লিপ্ত হয়ে রয়েছেন। আমি জিজ্ঞাসা করি মাননীয় রাজ্যপালের ভাষণ সমর্থন করবো কি করে? এই রাজ্যপালের ভাষণে যে ছবি আমরা পাচ্ছি আর

গভর্ণমেণ্টের যিনি মুখ্যমন্ত্রী তিনি যে ছবি জনসভায় ও বিভিন্ন জায়গায় দিচ্ছেন সে দুটি পরস্পর বিরোধী। তাহলে কোনটা ভাল মনে করবো? তিনি বলছেন এই সরকার অসভ্য বর্বর। তা যদি হয় এবং এর জন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে এবং তাঁর দলকে অনশন করতে হোল আর সেই অনশন সত্যাগ্রহ করতে হোল কিসের জন্য যে আইনশৃঙ্খলা নাই। তিনি চান আইনশৃঙ্খলার মাধ্যমে জনকল্যাণ হোক—সেইজন্যই তিনি অনশন সত্যাগ্রহ করেছেন। তাই আমি এই রাজ্যপালের ভাষণ সমর্থন করতে পারছি না—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতীন্দ্র মিশ্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্যের প্রথমে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তা সমর্থন করে আমি আমার বক্তব্য রাখতে চাই। গত ১০।১১ মাসের মধ্যে যে বেদনাদায়ক ঘটনাগুলি ঘটেছে আলোচনা প্রসঙ্গে বিভিন্ন বক্তার মুখ থেকে তা শুনলাম। পশ্চিমবঙ্গে যে অশান্তির আগুন জ্বলছে আমার মনে হয় বেশীর ভাগ ঘটনা হোল ভূমি সমস্যা ও ভূমিদখলকে কেন্দ্র করে। এটি একটি গভীর সমস্যা।

[ 3-25—3-35 p. m. ]

আজকে যদি লর্ড কর্ণওয়ালিশ বেঁচে থাকতেন, তাহলে কি বলতেন জানিনা। তিনি হয়ত কখনও কল্পনাও করতে পারেননি যে ১৭৯৩ সালে পারমানেণ্ট সেটেলমেণ্ট, বা চিরস্থায়ী বন্দোবস্ত চালু করতে গিয়ে সেই দুর্বিষহ অভিশাপের বোঝা এতকাল ধরে বাংলাদেশের জনসাধারণকে এভাবে নিষ্পিষ্ট করে দেবে, এভাবে জর্জ্জরিত করে দেবে। কেননা আজকে যা কিছু ঘটনা এই সমস্যাকে কেন্দ্র করে। এই যে অশান্তির আগুন এ শুধু আজকের সমস্যা থেকে উদ্ভুত নয়। ১৭৯৩ সালে পারমানেণ্ট সেটেলমেণ্ট চালু হওয়ার পর থেকে ১৮৮৬ সালে যখন বেঙ্গল টেনান্সি এ্যাক্ট হয়. তখন একজন লেফটেনাণ্ট গভর্ণর একথাই বলেছিলেন যে ১৭৯৩ থেকে ১৮৫৯ পর্য্যন্ত এই ৬৮ বছরের মধ্যে বাংলাদেশের জনসাধারণের ক্রয় ক্ষমতা একেবারে নিঃশেষ হয়ে গেছে এবং বৃটিশ ঔপনিবেশিক ব্যবসা-বাণিজ্যের স্বার্থেই জনসাধারণের ক্রয় ক্ষমতাকে বাঁচিয়ে রাখা প্রয়োজন। রুরাল পিপলের ক্রয় ক্ষমতা যদি নিঃশোষিত হয়ে যায় তাহলে ব্যবসা বাণিজ্যের স্বার্থ থাকে না। সেই স্বার্থেই ১৮৮৬ সালে বেঙ্গল টেনান্সি এ্যাক্ট হয়। তারপরেও মাঝে মাঝে আইন হয়েছে, এ্যামেণ্ডমেণ্ট হয়েছে নিঃশোষিত জনসাধারণকে বাঁচাবার জন্য। ১৯২৮ সালে এ্যাক্ট হয়েছে, ১৯৩৭ সালে প্রাদেশিক স্বায়ত্বশাসন পাওয়ার পর আবার ১৯৩৮ সালে এ্যামেণ্ডমেণ্ট হয়েছে। কিন্তু তারপরও দেখা গেছে কোনও এ্যাক্ট, কোনও আইন কোনও এ্যামেণ্ডমেণ্টই লক্ষ কোটি শোষিত বুভুক্ষু জনতাকে তাদের নিষ্পেষণ এবং সর্বস্বান্ত হওয়া থেকে বাঁচবার জন্য প্রটেকশন দিতে পারেনি, কেবল ব্যর্থই হয়েছে। ১৯৫৩ সালে এই হাউসে ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট একুইজিশন বিল ইনট্রোডিউস করতে গিয়ে, তখনকার ষ্টেট রেভিনিউ মিনিষ্টার এস. কে. বসু বলেছিলেন এবং তিনিও এই রেফারেন্স দিতে বাধ্য হয়েছিলেন, তিনি তখন বলেছিলেন—

"The Bill seeks to replace the Cornwalis plan by a system under which the cultivators who till the soil would hold the land directly under the State on payment of rent........তিনি আরও বলেছেন "The patent fact which may be stated without any fear of contradiction is that the system of land tenure which comes into existence out of historical factor helped to produce a colonial economy and a morribund social order."

দেখতে পাচ্ছি তাঁরাও একথা স্বীকার করেছেন। ১৭৯৩ সাল থেকে ১৯৫৩ সালের নভেম্বর পর্য্যন্ত কোথাও কোন এ্যাক্ট বা এ্যামেণ্ডমেণ্ট কোন বিল দরিদ্র জনসাধারণকে, গ্রামীন অর্থ নীতির কাঠামোকে এবং সর্ব্বোপরি তাদের বেঁচে থাকার ন্যূনতম স্বার্থকে কি রক্ষা করতে পেরেছে? উলটে যে চিত্র দেখতে পাচ্ছি তা আরও ভয়াবহ। মানুষ শেষ হয়ে গেছে। দিনের

পর দিন যে কৃষক চাষ করেছে. দু মুঠো অন্নের জন্য হাহাকার করে পথে পথে ঘুরে বেড়িয়েছে। জমিদার জোতদারকে খাজনা ইত্যাদি ছাড়াও আবহওয়ার বা ফিউডাল লেভি দিতে দিতে সে সর্ব্বস্বান্ত হয়ে গেছে। অভুক্ত কৃষক শীর্ণ হাতে লাঙ্গলের ফলায় কঠিন ধরিত্রীর মাটিকে বিদীর্ণ করে সোনার ফসল ফলায়। তাকে দু মুঠো অন্নের জন্য তার ক্ষুধার্ত স্ত্রী ও শিশুর ক্ষুধার অন্নের জন্য হাহাকার করে বাংলাদেশের পথে প্রান্তরে শিয়াল কুকুরের মত ঘুরতে হয়েছে, কারও দয়া হয়নি, করুণা হয়নি। কৃষকের শিশু শীর্ণ মায়ের শুকনো স্তনবৃন্ত মুখে দিয়ে কুঁকড়ে শুকিয়ে মরে গিয়েছে, কোন প্রতিকার হয়নি। সুতরাং যেখানে এ্যাক্ট পারলনা, এ্যামেণ্ডমেণ্ট পারলনা, সেক্ষেত্রে সংগ্রামের প্রয়োজন আছে। আজকে জনজীবনে এই যে সংগ্রাম ও অশান্তি যাকে একটা ভলকানিক ইরাপশন বলতে পারা যায়, তা হল মানুষের দীর্ঘকালের অবদমিত আশা আকাঙ্খারই বিস্ফোরণ। যা সহজ এবং স্বাভাবিক তাই হয়েছে। তা না হলে, মানুষ শাসন এবং শোষণ থেকে মুক্তির সন্ধান পেত না কখনও। মানুষ চিরকাল এইভাবে সংগ্রামের মধ্য দিয়ে তার অধিকার অর্জন করেছে যে অধিকার আইন বা আদালত দেয়নি। আজ ফসলের মাঠে মাঠে যে লড়াই করতে হচ্ছে, এ লড়াইয়ের নেতৃত্ব দেবে কে? নেতৃত্ব দেবে ফ্রণ্টের ১৪ শরিক। আমরা নির্বাচনের সময় নির্ব্বাচক মণ্ডলীর কাছে গিয়ে ৩২ দফা কর্মসূচীর ভিত্তিতে এই প্রতিশ্রুতি দিয়েছিলাম যে এই সব কর্মসূচীর সফল রূপায়ণের মধ্য দিয়ে আমরা শোষিত জনসাধারণকে নেতৃত্ব দেব। যেহেতু আমরা ইকনমিক ইমানসিপেশন বা অর্থনৈতিক মুক্তিকে গণতন্ত্রের পক্ষে অপরিহার্য বলে মনে করি। তা দিতে আমরা সাহায্য করবো একথা বলেছিলাম। কিন্তু দেখা গেল যে আমরা সেই প্রতিশ্রুতি এবং বিশ্বাস থেকে দূরে সরে গেছি। আমরা ছেলেবেলায় শিখেছিলাম—

"পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতাহি পরমস্তপঃ
পিতরি প্রীতিমাপন্নে প্রিয়ন্তে সর্ব্বদেবতা।"

কিন্তু গত ১০/১১ মাসে দেখলাম—

পার্টি স্বর্গঃ পার্টি ধর্মঃ পার্টিহি পরমস্তপঃ

এতকাল ধরে মানুষের উপর জগদ্দল পাথরের মত যে দুর্বিষহ বোঝা, শাসনব্যবস্থা কায়েমী স্বার্থ চেপে বসেছিল, তার বিরুদ্ধে সুসংবদ্ধ নেতৃত্ব দেওয়ার যে প্রয়োজন ছিল, তা এক একটি দলের স্বার্থ ভ্রান্ত পথে চলে গেল।

আমরা এক একটা পার্টি ভাবলাম যে আমাদের কথাই শেষ কথা। কিন্তু এই কথা আমাদের জানতে হবে এবং বুঝতে হবে, মানুষের ইতিহাসে কখনও কোন ইজম্ সভ্যতার শেষ কথা বলে দেয় নি এবং এই কথা বলতে পারে না। তাহলে সভ্যতার কবরখানা খোঁড়া হয়ে যায়, অগ্রগতি ঘটে না। এখানে আমাদের মিলিত শক্তি দিয়ে ঐক্যবদ্ধভাবে কর্ম্মসূচী প্রতিপালনের মধ্যে দিয়ে নেতৃত্ব দিতে পারতাম—আন্দোলনকে আমরা সুষ্ঠুভাবে নিয়ে যেতে পারতাম। তবু কেন এই রকম হলো? আজকে তিন লক্ষ একর জমি উদ্ধারের কথা বলা হয়েছে, এর মধ্যে অনেক ভুল আছে। অনেক দরিদ্র কৃষক, অনেক সাধারণ নিম্নমধ্যবৃত্ত নিজের জীবিকার জন্য যারা পাগল, তাদের উপরও অসঙ্গত ও অন্যায় কারণে হামলাবাজী হয়েছে। একে বিপ্লব বলতে পারা যায় না। যখন এই দু তিন চার বিঘা জমির নিরীহ মালিকের উপর কিংবা ভাগচাষীর উপর দু চারশো, পাঁচশো জন মিলে সশস্ত্র হামলা করেছে, তখন এই হামলাবাজীকে বিপ্লব না বলে কাপুরুষতাই বলব। ১০ কাঠা জমির ধান কেটে নেওয়া হলো কেন, বিশ্লেষণ করতে হবে। প্রমত্ত দাম্ভিকতা যে কি ক্ষতি করতে পারে, দেশের সমসাময়িক কালের ইতিহাসে কংগ্রেস থেকেই আমরা তা দেখেছি। এবং বর্তমান যুক্তফ্রণ্টের সবচেয়ে বড় দলের দাম্ভিকতা এবং অহংকার সেই পথকে ত্বরান্বিত করছে। রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে বেশীর ভাগ সদস্যের আলোচনায় কমুনিষ্ট মার্কিষ্ট বন্ধুদের উপর আক্রমণ বেশি

হয়েছে দেখতে পাচ্ছি কেন? কারণ বড় দল হিসাবে তাদের কাছ থেকে সঠিক নেতৃত্ব প্রত্যাশা করেছিল জনসাধারণ। দলীয় স্বার্থের উর্দ্ধে ১৪ পার্টির যে মিলিত দায়িত্ব তাতে তারা সঠিক নেতৃত্ব দিতে ভুল করবেন না। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে দেখতে পাওয়া যাচ্ছে - তাঁরাই দলের স্বার্থে হিংসাত্মক ঘটনাগুলির সহিত জড়িত রয়েছেন সুতরাং স্বভাবতঃই তাঁদের বিরুদ্ধে সমালোচনার চাপ এখানে প্রবল হবেই। আজকের ইতিহাসের পটভূমিতে বলতে চাই যে আত্মঘাতি হঠকারিতার পথ নয় এবং এই কথাই বলতে চাই যে, বিচার বিবেচনা করে যে সম্মিলিত কর্মসূচী যা গ্রহণ করা হয়েছে সেই ৩২ দফা কর্ম্মসূচীকে আসুন রূপায়িত করার চেষ্টা করি। সমস্ত বিদ্বেষ যেন আমরা ভুলে যাই, যদি আমরা তা না পারি তাহলে আমরা আমাদের প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হবো। আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** মাননীয় স্পীকার মহাশয়, অসভ্য যুক্তফ্রণ্ট সরকারের এই বর্বর মন্ত্রিসভার তৈরী এই রাজ্যপালের ভাষণ যেটা এই সভায় রাখা হয়েছে, তার উপর আলোচনা করতে গিয়ে যেটা প্রথমেই মনে হয়, যে এ ভাষণ-এর থেকে ভাল বোধ হয় হতে পারে না এবং হওয়া সম্ভব নয়। এক বছর আগে যখন আমি রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করছিলাম তখন আমি একটা বিশেষ দিকে এই যুক্তফ্রণ্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য রেখেছিলাম। সেটা ছিল সুন্দরবনের কথা যার বিরাট একটা সম্ভাবনা রয়েছে। যুক্তফ্রণ্ট মন্ত্রিসভার কৃপাদৃষ্টি যদি সেদিকটায় থাকতো তাহলে আজকে আমাদের অনেক সমস্যার সমাধান হ'তো। যে সকল সমস্যা মন্ত্রিসভার কাছে একটা পাথরের মত বোঝা হয়ে রয়েছে, সেই বোঝা আর থাকতো না অনেক লাঘব হ'তে পারতো। সেখানে বহু মাছচাষের ব্যবস্থা রয়েছে, আমি অনুরোধ করেছিলাম যে সেদিকে লক্ষ্য দিন, কিন্তু তা বিন্দুমাত্র করা হয়নি যেখানে চাষের জমি প্রচুর রয়েছে, সেখানে চাষীরা ফসল ফলালে বাংলাদেশের খাদ্য সমস্যার বিরাট ঘাটতি পূরণ করা সম্ভব হতো এবং সেই দায়িত্ব সুন্দরবন নিতে পারতো। কিন্তু অতি দুঃখের কথা যে একটা বছর শেষ হয়ে গেল, যুক্তফ্রণ্ট সরকারের অনেক খিস্তি খেয়ুড় থেকে আরম্ভ করে অনেক কাগজ পত্র এবং লম্বা চওড়া বক্তৃতার ফুলঝুরি দেখেছি এবং লক্ষ্য করেছি গতবারের রাজ্যপালের ভাষণে সুন্দরবনের কথা কিছুটা ছিল কিন্তু এবারে রাজ্যপালের ভাষণে সেটুকুও একেবারে তুলে দেওয়া হয়েছে, বোধ হয় তার দরকার নেই, সেখানে সুন্দরবন সম্বন্ধে কোন কথা নেই। কেননা আজকে সেই সম্ভাবনাময় উৎসগুলির ওপর বারে বারে নির্বিচারে আক্রমণ, অত্যাচার চালিয়ে সেখানে একটা বিরাট হাহাকারের রাজত্বে পরিণত করা হয়েছে, এবং সেই জিনিসকে ঢাকা দেবার জন্য আজকে কথায় কথায় লক্ষ লক্ষ বিঘা জমি উদ্ধার কাল্পনিক কাহিনী শুনিয়ে অনেক বাহবা নেবার চেষ্টা হচ্ছে। আমার বক্তব্য জমি নিশ্চয়ই কলকাতা থেকে পাওয়া যায় না, যদি পাওয়া গিয়ে থাকে তাহলে তা সুন্দরবনের এলাকা থেকেই পাওয়া গেছে। অথচ এই উজ্জ্বল সম্ভাবনাপূর্ণ সুন্দরবনের সমস্যাগুলির দিকে তাকাবার ফুরসুত এদের নেই।

[ 3-35—3-45 p.m. ]

মাননীয় স্পীকার মহাশয়, সেই জমি উদ্ধারের কাহিনী আপনার মাধ্যমে এই সভার কাছে রাখতে চাই। যুক্তফ্রণ্ট গঠিত হবার পর দেখা গেছে যে হাজার হাজার অতি গরীব দুস্থ লোক লাঠি, বল্লাম, সড়কি নিয়ে জমি উদ্ধারের কাজে গেছে যে বড় বড় ফিসারিগুলি এতদিন জোতদার, বড় লোকেরা নানাভাবে নিজেদের কুক্ষিগত করে রেখেছিল তাদের মাছ, ধান, সর্বস্ব লুঠ করেছে। আমরা ভেবেছিলাম ফিসারিগুলি উঠে গেল, গরীব লোক যারা এতদিন লাঞ্ছিত, বঞ্চিত ছিল তারা কিছু জমি পাবে। দেখে আনন্দ পেয়েছিলাম। কিন্তু দেখা যাচ্ছে সেই ফিসারি এখনও আছে, সেগুলি আজ লোনা জলে ভরে আছে। আগে যে মালিক ছিল সেই মালিক আর সেখানে নেই,

যে মন্মথ কয়াল ছিল তার জায়গায় সি. পি. এম. কয়াল বসে গেছে যে মহেন্দ্র ঘুঘু ছিল তার জায়গায় সি. পি. এম ঘুঘু বসে আছে, সেখানে যে মাণিক পরামাণিক ছিল তার জায়গায় এসেছে সি পি. এম পরামানিক। এই চিত্র দেখা যাচ্ছে। সুন্দরবনে যেসমস্ত ফিসারিজ ছিল সেখান থেকে প্রচুর মাছ সংগ্রহ করা হত তার দিকে যদি সরকার নজর রাখতেন তাহলে ১ বছর আগে আমি যেকথা বলেছিলাম মৎস সমস্যার সমাধান হত। কিন্তু তা হয়নি। মাননীয় স্পীকার স্যার, সমাজতন্ত্রের লম্বা চওড়া বক্তৃতা এখানে রাখা হয়েছে কিন্তু খবরের কাগজে আমরা দেখলাম যে ৩ কোটি ৬০ লক্ষ টাকা লোকসান দিয়ে কলকাতার অধিবাসীদের জন্য ট্রাম বাসের ভাড়া যাতে না বাড়ে তার ব্যবস্থা করা হচ্ছে। লক্ষ লক্ষ টাকা টি. এ, ডি এ. দিয়ে পে-কমিশনের সামঞ্জস্যহীন ব্যবস্থা আমরা দেখছি যদিও সে ব্যবস্থা কার্যকরী হবে কিনা সন্দেহ আছে। ১৯৭০ সাল থেকে যেখানে ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করার কথা ছিল সেটা হবে না, সেটা আজকের দিনে সকলেই বুঝতে পারছেন। ২ দিন আগে যেকথা বলেছেন ২ দিন পরে সেকথা থাকছেনা এটা তাঁরা নিজেরাই স্বীকার করবেন। নূতন সমাজতন্ত্রের যে কাহিনীর কথা বলা হয়েছে সেই সমাজতন্ত্রের কাহিনীর কথা এখানে কিছু বলব। এখানে যেটুকু হয়েছে সেটুকু হয়েছে কলকাতার অধিবাসীদের জন্য। গ্রামের লোক কি পেয়েছে সেটা আমাদের জানার দরকার আছে। আমরা জানি ৮/১০ জন করে জোতদার যা এক একটা অঞ্চলে ছিল সেই সমস্ত জোতদারদের বাড়ী লুঠ হয়েছে, মাথা কাটা গেছে, তাদের সর্বস্ব ধ্বংস হয়ে গেছে। এরকম কোন খবর পাওয়া যায়নি। কিন্তু যারা জোতদার নয়, যাদের জোতদারদের চেয়ে অনেক কম জমি আছে তাদের উপর হামলা হয়েছে। গ্রামাঞ্চলে চাষের উপর নির্ভর করে যে লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ যাদের চাষই একমাত্র পেষা, যে চাষের জন্য অনেক সাধনার প্রয়োজন সেই তাদের উপর বার বার অত্যাচার আক্রমণ হওয়ার ফলে তাদের চাষ করার আগ্রহটা চাষ করার মজাটা যুক্তফ্রণ্ট সরকারের এই ১১ মাসের কুশাসনের ফলে নষ্ট হয়ে গেছে। আজকে শ্রেণী সংগ্রাম এবং সমাজতন্ত্র প্রতিষ্ঠার লম্বা চওড়া কথা বলা হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি যে গ্রামে যে সমস্ত ঘটনা ঘটছে সেসমস্ত ঘটনার কথা কেউই অস্বীকার করতে পারবেন না। আজকে দেখতে পাচ্ছি বোমা, বন্দুক, পাইপ গান, ইত্যাদি কথায় কথায় সেখানে বেরুচ্ছে। বলা হয় বড় লোকদের যদি বন্দুক থাকতে পারে তাহলে গরীব লোকদের হাতে লাঠি, বল্লম, সোড়কি, থাকবে না কেন? আজকে যেকটা শরীকি সংঘর্ষের কথা খবরের কাগজে পাওয়া যায় সেখানে দেখা যায় যে বল্লম, ছোরা, সোড়কি শুধু নয়, প্রচুর বোমা বন্দুক ব্যবহার হচ্ছে। আমি আগে এই সভায় বলেছিলাম যে সব বন্দুক কেড়ে নেওয়া হোক। কিন্তু তা হয়নি। হ'লে শরিকী সংঘর্ষ জমবেনা। গত ১৫শে জানুয়ারী ক্যানিং এলাকায় একটা ঘটনা ঘটছে প্রায় আধ মাইল দূরে আমডাবোড়িয়ায় একটা বিস্ফোরণ হয় এবং কয়েকজন লোক এতে জখম হয়, শুধু জখম নয় দুজনই নিহত হয়। স্থানীয় হাসপাতালে দিলে পাছে জানাজানি হবে সেই কারণে কলকাতার মেডিকেল কলেজে ভর্তি করা হয়। সেখানে বিপুল চক্রবর্তী নামে একজন ও অন্য একজন মারা যায়। মাননীয় স্পীকার মহাশয়—এই সুশাসন এই যুক্তফ্রণ্ট-এর সুশাসনের ফলে লোকে মারা গেলেও খবর পাওয়া যায় না। মানুষ বোমার ঘায়ে বা গুলিতে মারা গেলেও এ খবর রাখা এই সরকারের কর্তব্য কিনা সেটার জানার দরকার আছে। মাননীয় স্পীকার স্যার, আইন কানুনের কথা বেশির ভাগ কংগ্রেসী সদস্যরাই তুলবেন কারণ অপোজিসানের একটা ভূমিকা আছে। তবে কেবল সেজন্য নয় যে সমস্ত কাহিনী ভিন্ন ভিন্ন সভায় যারা বলে থাকেন তাদের কথা আলাপ আলোচনা করে একটা কথা শুনতে পাওয়া যায়। কথাটা হয়ত আনপার্লামেন্টারি বলে এক্সপাঞ্জ হতে পারে একটা সভায় একজন মাননীয় মন্ত্রিমহাশয় বক্তৃতা শুনেছিলাম। তিনি বলেছিলেন যে গ্রামের মানুষ কত অসহায়, নারী নির্যাতন, মানুষের উপর অত্যাচার হচ্ছে। অথচ পুলিস আছে।

কংগ্রেস আমলে পুলিস অন্যান্য জনসাধারণের কথা না শুনলেও এম. এল. এ.-রা থানায় গেলে বা জানালে তাদের কথা শুনতেন এবং অত্যাচার হলে যেতেন। কিন্তু এখন ১৪টা দলের শাসন।

আমরা ১৪ শালা। এখন পুলিশ কোন শালাকে আপন শালা করবে সেটাই তাদের চিন্তার বিষয়। এই ধরনের কথা যদি এ ডিপ্যাজ হয় তাতে আপত্তি নেই কিন্তু আমি কথা শুনেছি। ঘরের বাইরে মন্ত্রিমহাশয়রা যে কথা বলেন সেটা যদি অন্যায় না হয় তাহলে নিশ্চয়ই এই কথা বলা আমার অন্যায় হবে না। মাননীয় স্পীকার স্যার, শিক্ষা ক্ষেত্রে যে অরাজকতার দেখা দিয়েছে, সে সম্বন্ধে দু' একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। শ্রীসত্যপ্রিয় রায় মহাশয় যার আহ্বানে এক সময় আমরা যারা শিক্ষক ছিলাম তাঁরা আন্দোলনে যোগ দিয়েছি, অনশন করেছি, শ্লোগান দিয়েছি। তিনি ছিলেন তখন শিক্ষক। এখন শিক্ষামন্ত্রি হওয়ার ফলে গায়ে তিনি ভস্ম মেখে কলির ভস্মলোচন হয়েছেন। মহাদেবকে আরাধনায় সন্তুষ্ট করে মহাভারতে পড়েছি বর পেয়েছিলেন যার মাথায় তিনি হাত দেবেন তিনি ভস্মীভূত হয়ে যাবেন—এখন সত্যপ্রিয়বাবু মন্ত্রি হয়ে কলির ভস্মলোচন সেজে এ, বি, টি, এ, কলেজের অধ্যক্ষ তরুন মজুমদারকে প্রথম তাড়ালেন। শিক্ষা ক্ষেত্রে সরকারী হস্তক্ষেপ করে আজ বে-আইনি ভাবে দুশো আটত্রিশটা জায়গায় এ্যাডমিনিষ্ট্রেটর বসিয়েছেন হেডমাষ্টারদের তাড়িয়ে দিয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যপালের ভাষণে আমরা যা আশা করেছিলাম তার কিছুই নেই, সে কারণ একে সমর্থন করার প্রশ্ন ওঠে না। তাই এর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায়:** মাননীয় স্পীকার, রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে এই সভার সামনে দুচারটে কথা উপস্থিত করছি। মাননীয় স্পীকার, গত দুদিন ধরে বিরোধী পক্ষের বক্তৃতা আমি মনোযোগ দিয়ে শুনেছি। শুনে আমার মনে হয়েছে সিদ্ধার্থ বাবুর সঙ্গীরা সম্প্রতি বিড়লা মন্দিরে গিয়েছিলেন এবং সেখানে গিয়ে গোয়ার সার কারখানার জন্য পূজা দিয়ে এসেছেন—"ওঁ সমাজতন্ত্রায় নমঃ" দেবার পর গৃহদেবতা নির্দেশ দিয়েছেন "যাও সিদ্ধার্থ, পশ্চিমবাংলার বিধান সভায় গিয়ে যত পার যুক্তফ্রন্ট ভাঙবার চেষ্টা কর।" তিনি চিত্তবিগলিত হয়ে এসেছেন এবং যুক্তফ্রন্ট ভাঙবার জন্য আক্রমণ করে যাচ্ছেন, ল-এণ্ড অর্ডারের যত পার চিৎকার করে যাচ্ছেন, তিনিও তাই শুরু করেছেন। যদি তা না হত, যদি দায়িত্বশীল অপজিসান হতে পারতেন, কারণ যখন unresponsive government বলে তিনি ইরেসপনসেবল অপজিসানের কাজ করছেন। ডেমক্রেসিতে অপজিসানের এক বিরাট ভূমিকা আছে, কারণ ডেমক্রেসিতে অপজিসান ইস এ পার্ট অফ গভর্নমেন্ট, সে দায়িত্ব যদি থাকত তাহলে সেক্ষেত্রে গভর্নমেন্ট সাফল্যে দুএকটা কথাও আলোচনা করতেন। স্যার, গত ১০ বৎসর ধরে এরা খাদ্য মূল্য স্থির রাখার ব্যাপারে কি না নাজেহাল হয়েছেন। ১৯৬৯ সালের নির্বাচনের সময় এঁরা সারা গ্রামাঞ্চলে বলে বেড়িয়েছেন এদের ক্যাম্পেন ছিল যে যুক্তফ্রন্টকে ভোট দিলে চালের দাম ৪ টাকা থেকে ৮ টাকা হবে।

[3-45—3-55 p.m.]

কিন্তু সেই ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট ক্ষমতায় আসার পর আজ ১০ বছর পরে খাদ্যমূল্য স্থিতিশীল রেখেছে। এটা ওঁদের নজরে পড়ে নি। যদি সত্যাশ্রয়ী মন হত তাহলে তাঁরা দেখতে পারতেন এবং এর জন্য যুক্তফ্রন্টকে ধন্যবাদ জানাতেন। কিন্তু সেটা তাঁদের কাছ থেকে আশা করা বেয়াকুফী তাই আমিও বেয়াকুফ। ওঁরা কিছুতেই বুঝবেন না যে এই প্রথম বাংলাদেশে আট বছর পরে গ্রামাঞ্চলের সমস্ত জনসাধারণকে বাংলাদেশের সমস্ত জনসাধারণকে কোন না কোন রকম রেশনের আওতায় আনা হল। এটাও ওঁদের নজরে পড়ল না যে গভর্ণরের বক্তৃতায় বলা হয়েছে যে এক লক্ষ একর জমিতে নূতন করে সেচ ব্যবস্থা হবে। এই প্রতিশ্রুতি গভর্ণর তাঁর এ্যাড্রেসে দিয়েছেন, কিন্তু এটা ওঁদের নজরে পড়ে নি। নজরে পড়বার কথা নয়। ল্যাণ্ড রিফর্মস নিয়ে অনেক কথা হয়েছে। ৯ লক্ষ বিঘা জমি জনসাধারণের মধ্যে বিলি করা হয়েছে। এতে ওঁদের প্রাণ কাঁদবেই এবং আতঙ্ক হবেই। কারণ বহুদিনের নিস্তরংগ জীবনে চাষী মরে গিয়েছে। আজ হিমালয়ের কাঁপন সুরু হয়েছে, সে কাঁপনে ওঁদের বুক কাঁপবেই। কিন্তু

আমরা জানি এই ভূমি সংস্কার জনসাধারণকে উদ্বেল করে তুলেছে, নূতন জাগরণ সৃষ্টি হয়েছে। ৯ বিঘা পর্য্যন্ত জমির খাজনা মকুব ওঁরা ২০ বছরে ভাবতে পারেন নি। জনসাধারণমুখী মন হবার জন্য যে মন থাকা দরকার সে মন ওঁদের থাকবার কথা নয়, যে দরদ যে আন্তরিকতা সাধারণ খেটে খাওয়া মানুষদের কাছে নিয়ে যায় সেটা ওঁদের থাকবার কথা নয়। সে জীবনদর্শন ওঁদের কোন দিন দেখা যায় নি। সেইজন্য তাঁরা যুক্তফ্রন্ট সরকারের কাজকর্মকে ওভেশন দেন নি। ওঁরা আশঙ্কা করেছিল ধান কাটা নিয়ে রক্তারক্তি হয়ে যাবে। ওঁদের সে আশাকে সমস্ত চূর্ণ বিচূর্ণ করেছে গ্রামাঞ্চলের জনসাধারণ এবং যুক্তফ্রন্ট সরকারের সুস্থ নীতি। ধান কাটা নিয়ে যে কিছু হয় নি এমন কথা বলব না। কিন্তু সারা বাংলাদেশে যত জমি আছে, যে পরিমাণ জমিতে চাষ হয়েছে এবং যে পরিমাণ জমির ফসল কৃষকরা পেয়েছে সেই তুলনায় পাশাপাশি রেখে বলুন কত পারসেন্ট ধান উঠেছে এবং কত পারসেন্ট ইনভলভ। সেকথা বলেন নি। যুক্তফ্রন্টের সমালোচনা করবার জন্য যদি সমালোচনা করেন তাহলে আমার বলার কিছু নেই। তাহলে যা ইচ্ছা বলতে পারেন। শুধু কি তাই ওঁরা আইন নিয়ে অনেক কথা বলেছেন, পুলিশ এ্যাডেমিনিস্ট্রেশন নিয়ে অনেক কথা বলেছেন, কিন্তু একবারও বলেন নি পি, ডি, এ্যাক্টকে রাজনৈতিক অপোজিশনের বিরুদ্ধে ব্যবহার করা হয় নি। ওঁদের বিরুদ্ধে ব্যবহার করা হয় নি। ওঁদের সময় যাঁরা জনসাধারণের আন্দোলন পরিচালনার দায়িত্ব নিয়েছিলেন তাঁদের বিরুদ্ধে পি, ডি, এ্যাক্ট ব্যবহার করে দিনের পর দিন আটকে রেখেছিলেন। কিন্তু আজকে তো ওঁরা দিব্যি হেসে খেলে বেড়াচ্ছেন। এই যে গণতান্ত্রিক নীতি যে পি, ডি, এ্যাক্ট রাজনৈতিক অপোজিশনের বিরুদ্ধে ব্যবহার করা হবে না এইকথা বার বার বলেও সেকথা তাঁরা রাখেন নি। বার বার সমস্ত প্রতিশ্রুতি ভংগ করে রাজনৈতিক অপোজিশনের বিরুদ্ধে পি, ডি এ্যাক্ট ব্যবহার করেছিলেন। কিন্তু তা যুক্তফ্রন্টের করার দরকার হয় নি, যুক্তফ্রন্টে বিরোধীদের পি, ডি, এ্যাক্টে ধরেন নি। এটা ওঁদের নজরে পড়ল না। তারপর ওঁদের সময় সাম্প্রদায়িক দাঙ্গার ব্যাপারে কি দেখতাম আমরা? দিনের পর দিন যে দাঙ্গা চলত। শ্রেণী বিভক্ত সমাজে নানা রকম ইকনমিক ইমব্যালেন্স থাকায় বিশেষ করে ভারতবর্ষে যে অর্থনৈতিক ইতিহাস এবং বিদেশী শাসনের নানা ধরণের কূট কৌশলের জন্য যতদিন শ্রেণীহীন সমাজ প্রতিষ্ঠিত হবে না, সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে না, ততদিন পুরোপুরিভাবে সাম্প্রদায়িক সংঘর্ষ রোধ করা যাবে না, সে দোষ থেকে যাবে। কিন্তু ওঁদের সময় যখন সাম্প্রদায়িক সংঘর্ষ হয়েছে সে সময় দেখেছি দিনের পর দিন সপ্তাহের পর সপ্তাহ ওঁরা তা নিয়ন্ত্রণ করতে পারেন নি। কিন্তু লজ্জার সংগে স্বীকার করতে হয় আমরা সেকথা স্বপ্নেও ভাবতে পারি না। সেদিন জনসাধারণের জীবন জীবিকার আন্দোলন যত বেড়েছে তত সাম্প্রদায়িক দাঙ্গা মাথা চাড়া দিয়ে উঠেছে। কিন্তু আজকে আমরা কি করেছি? আজকে দাঙ্গা দেখা দিলেই অত্যন্ত কঠোরভাবে সেই দাঙ্গা দমন করবার জন্য পুলিশকে নির্দেশ দিয়েছি। জনসাধারণকে ডাক দিয়ে বলেছি, 'এস কাঁধে কাঁধ মিলিয়ে এই সাম্প্রদায়িকতা বন্ধ করি, এটা হচ্ছে বড়লোকের হাতিয়ার, এটা তোমার হাতিয়ার নয়।'

অত্যন্ত দুঃখের মধ্যে সেদিন শিলিগুড়িতে সমতলভূমির মানুষের সঙ্গে পাহাড়ীভূমির মানুষের সংঘর্ষ হয়ে গেল। কিন্তু তা আমরা জনসাধারণের সহযোগিতায় অত্যন্ত অল্প সময়ের মধ্যে তাকে দমন করেছি। এখনও তাঁদের নজরে পড়ে না। Education-এর কথা তাঁরা অনেক বলেছেন। কিন্তু এটা ওঁরা দেখেননি যে পুরুলিয়া জেলা যেটা অত্যন্ত backward জেলা সেখানে আজ পর্যন্ত free primary education-এর ব্যবস্থা ছিলনা, সেখানে আমাদের সরকার সে ব্যবস্থা করেছেন। পরিচালক সমিতি বাতিল করা হয়েছে বলে অনেকে বলেছেন। পরিচালক সমিতি সম্পর্কে আমরা ভালভাবে জানি যে প্রত্যেকটা District-এ যে board ছিল সেই বোর্ডগুলি নানা রকমের দুর্নীতি ও রাজনৈতিক কারসাজির হাতিয়ার ছিল। এ জিনিষ বাংলাদেশে সমস্ত মানুষ জানে। কাজেই সরকারের শিক্ষামন্ত্রি এগুলিকে বাতিল করে দিয়ে দুর্নীতির বাস্তুঘুঘুদের ভাঙ্গার যে চেষ্টা করছেন সে বিষয়ে আমরা তাঁকে সোচ্চার সমর্থন করছি। কারণ আমরা দুর্নীতির বাসা ভাঙতে চাই—we are

not soory for that. শিল্পের প্রসারের কথায় বলব যে, এ নিয়ে নানা ধরণের আলোচনা হচ্ছে। উরা বলেছেন শুধু মাত্র শ্রমিক আন্দোলনের জন্য শিল্প প্রসার হচ্ছে না। কেন্দ্রীয় সরকারের recession policy-র জন্য হচ্ছে না। কিন্তু একটা কথা যুক্তফ্রন্টকে অত্যন্ত seriously ভাবতে হবে যে এই শিল্পোন্নয়ন না হবার জন্য তাদের pace একেবারে বন্ধ হবার জন্য নিদারুণ বেকারীতে বাংলাদেশের যুবকেরা অত্যন্ত আতঙ্কিত। আজ আমাদের চিন্তা করতে হবে যে এরজন্য আজ আমরা একটা volcano-র উপর দাঁড়িয়ে আছি। আমরা যদি আশা করে থাকি যে বাংলার যুবকেরা চিরকাল চুপ করে থাকবে, চিরকাল তারা ভোটের সময় আমাদের হয়ে campaign করে যাবে, কোনদিন কিছু চাইবে না, তাহলে আমরা ভুল করব। কাজেই এই সমস্যার জন্য সরকারকে অত্যন্ত সুগভীরভাবে চিন্তা করতে হবে কোন দিক দিয়ে এই সমস্যার সমাধান করা যায়। এদিকে আমি আপনার মাধ্যমে সমস্ত হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমি এ পর্যন্ত যা বললাম তাতে একথা বলতে চাই যে শুধুমাত্র যুক্তফ্রন্ট সরকার Land reforms-এর ক্ষেত্রে কি করেছে না খাদ্যের দাম একটা স্থিতিশীলতার মধ্যে এনেছেন। গ্রামাঞ্চলে T. R.-এর কাজ অনেক করেছেন। আপনারা গণতন্ত্রের নামে গ্রাম্য মানুষকে অত্যাচারে অত্যাচারিত করে রেখেছিলেন, তাদের জীবনে আশা আকাঙ্ক্ষা আছে বলে তারা মনে করছিল না। কিন্তু এই প্রথম তাদের বাঁচার দিন এসেছে এবং এই প্রথম তারা চিন্তা করছে সংগ্রাম করে বাঁচতে হবে। আমরা যখন একথা বলছি তখন আমাদের ভালভাবে সমস্ত অবস্থা বিচার করতে হবে। আজ একথা বললে চলবে না যে আমাদের অনাবিল সাফল্য হয়েছে। অসাফল্যও আমাদের আছে। বিভিন্ন সমালোচনা এই হাউসে হয়েছে। জনসাধারণের মধ্যে আজ নানা রকম প্রশ্ন দেখা দিয়েছে; কিন্তু যদি সেগুলিকে অস্বীকার করার চেষ্টা করেন যে সে সব হচ্ছে opposition-এর সমালোচনা, তাহলে ভুল করবেন। opposition-এর সমালোচনার উদ্দেশ্য এক, কিন্তু বাংলাদেশের বিভিন্ন মানুষ যুক্তফ্রন্ট পরিচালন পদ্ধতি সম্পর্কে প্রশ্ন করছেন। সে সব গভীরভাবে আমাদের চিন্তা করতে হবে। Education সম্পর্কে ২।৩টি কথা আপনার মাধ্যমে আমি উপস্থিত করব। সিদ্ধার্থবাবু যখন কথা বলেন তখন কোন দিক থেকে চেঁচামেচি হলে তিনি বলেন আমি বুঝতে পারছি আমি ঠিক আছি। আমি বিনয়ের সঙ্গে একথা বলছি আমাদের মতে This is not Logic. This is a logic of unreason. This logic clouds the vision. এর জন্য সত্যানুসন্ধান করতে হবে। যাহোক Education বিভাগ সম্পর্কে ৪।৫টি কথা আপনার সামনে আমি রাখছি।

[3-55—4-05 p.m.]

একথা ঠিক যে জেলা স্কুল বোর্ডগুলিকে বাতিল করে ঠিক কাজ করা হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রি ন্যায্য মনে করেছেন, সেই প্রাথমিক শিক্ষাবোর্ডগুলি যখন বাতিল করা হয়েছে সেখানে পুনর্গঠনের সময় সেখানে মাধ্যমিক শিক্ষক আন্দোলনের নেতাদের স্থান দেওয়ার কথা তিনি ন্যায্য-ভাবেই ভেবেছিলেন। কিন্তু আমার জিজ্ঞাস্য কলেজ এবং বিশ্ববিদ্যালয় সংস্থাপক সমিতির স্থান কেন সেখানে হয়নি? যদি না হয় তাহলে জনসাধারণের মনে কোন প্রশ্ন দেখা দেওয়া কি অসঙ্গত হবে? এই প্রশ্ন আজকে ভাবতে হবে। মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক সমিতিকে বহুক্ষেত্রে বাতিল করা হয়েছে। বাতিল করেছেন ভাল করেছেন, কারণ বাতিল না করলে পুনর্গঠনের কাজকে ত্বরান্বিত করা যেতনা। কিন্তু সেই বাতিল করতে গিয়ে স্পনসর্ড কলেজের বহু গভর্ণিং বডিকে গঠন করেছে, ঠিকই করেছেন কিন্তু যখন এই সমস্ত করছেন তারই সঙ্গে সঙ্গে প্রশ্ন উঠেছে পুনর্গঠনের সময় তার পরিপূর্ণ নীতি কি? যেমন একটি উদাহরণ দিই, মালদহ কলেজের গভর্ণিং বডির পুর্ণগঠন করা হয়েছে, চিরকালের নিয়ম যে শিক্ষকরা তাঁদের মনোনীত প্রতিনিধি নির্বাচন করবেন। সেখানে দু'জন শিক্ষক প্রতিনিধি নির্বাচিত ছিলেন, মাননীয় শিক্ষামন্ত্রি তাঁদের বাতিল করে শিক্ষকদের দু'জন প্রতিনিধি মনোনয়ন করে দিয়েছেন। কোন কালে একথা ভাবা গিয়েছে? কাজেই এই ঘটনার পরে মানুষের মনে বিভ্রান্তি দেখা দেয়, যদি মনে হয় যুক্তফ্রন্টের নীতিকে, শিক্ষানীতিকে ঠিকমত

কার্যকরী করা হচ্ছে না তাহলে কি শুধু বলবো যে, যে প্রশ্ন করেছে সে দালাল, যে প্রশ্ন তুলেছে সে শোধনবাদী, যে আমার বিরুদ্ধে প্রশ্ন করবে সেই আমার শত্রু? এই কথা বললেই কি যথেষ্ট বলা হবে, না সমস্ত জিনিসটি, সমালোচনাকে ধীরস্থিরভাবে শুনে জবাব দিতে হবে? যদি ভুলত্রুটি হয়ে থাকে সেই ভুলত্রুটি রেকটিফাই করার ব্যবস্থা করতে হবে, কোন দিকে আমরা যাবো সেকথা আমাদের ভাবতে হবে। তার একটা উদাহরণ দিচ্ছি। মাননীয় শিক্ষামন্ত্রি ঠিক করেছেন যে মাধ্যমিক শিক্ষা পরিচালক সমিতি যখন পুনর্গঠিত হবে তাতে পার্সন্স ইন্টারেষ্টেড ইন এডুকেশন ব্যাখ্যা করে দিয়েছেন যে অন্ততঃ গ্র্যাজুয়েট হতে হবে এবং কোন স্পেশাল লোক থাকবে না। একটা শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার ব্যাপারে এটা ঠিকই হয়েছে কিন্তু তার পাশাপাশি দেখুন পুরুলিয়া কলেজে শ্রীপ্রহ্লাদ বারুইকে সেখানে গভর্ণিং বডির সভ্য করা হয়েছে। ব্যক্তিগতভাবে এই কৃষককর্মীর বিরুদ্ধে আমার কিছু বলার নেই, কৃষককর্মী হলেই গভর্ণিং বডিতে স্থান পেতে পারবেন না এমন কথা আমি বলছিনা, কিন্তু জিজ্ঞাসা করছি যে নীতিটা কি? মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে পার্সন্স ইন্টারেষ্টেড ইন এডুকেশন হতে হলে, গভার্ণিং বডিতে যেতে হলে বি, এ, পাশ হতে হবে, আর কলেজ পরিচালনা করতে হলে কোন রকমের শিক্ষাগত যোগ্যতা না থাকলেও তিনি যোগ্য প্রমাণিত হবেন কোন নীতির মাধ্যমে সেকথা আমাদের পরিষ্কার করে বুঝতে হবে। যদি আমরা না বুঝি জনসাধারণকে কি করে বোঝাবো? কাজেই এই প্রশ্ন অন্ততঃ জনসাধারণের মধ্যে ধীরে ধীরে দেখা দিচ্ছে। বহু উদাহরণ দেওয়া যায়, উদাহরণে ভারাক্রান্ত করবো না। ল এ্যাণ্ড অর্ডার নিয়ে ওঁরা অনেক প্রশ্ন তুলেছেন, জমি বিলি নিয়ে অনেক প্রশ্ন তুলেছেন। ওঁদের কথা ঠিক নয়, কিন্তু তারই সংগে সংগে একথাও ঠিক যে বহু মধ্যবিত্ত মানুষের জমির উপর যবরদস্তি হয়েছে একথা অস্বীকার করা চলেনা যেকোন ভাবেই হোক যুক্তফ্রন্টকে আজকে ভাবতে হবে যে একটা বিধি ব্যবস্থা কঠোরভাবে করতে হবে যাতে কিনা এই সাধারণ মধ্যবিত্ত—আমাদের নীতি নয় তাদের উপর অত্যাচার করা, তারা অত্যাচারে না পড়ে তার বিধি ব্যবস্থা কি হবে সে কথাও ভাবতে হবে।

**মিঃ স্পীকার:** আপনার সময় হয়ে গিয়েছে, ইওর টাইম ইজ আপ, ভেরি সরি।

**শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায়:** আর আমাকে দু'মিনিট সময় দেবেন। ল এ্যাণ্ড অর্ডারের উপর অনেক কথা হয়েছে। কিন্তু আজকে, মাননীয় স্পীকার মহাশয়, এই হাউসের কাছে জানতে চাই এই সেদিনও মেদিনীপুরের একজন কৃষক রমণী ধর্ষিতা হয়েছেন, তাঁকে এখানে আনা হয়েছিল, আমি মানতে রাজী আছি যারা করেছে তারা পাষণ্ড।

**মিঃ স্পীকার:** ইওর টাইম ইজ আপ।

**শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায়:** আর এক মিনিট স্যার, কিন্তু সেই কথা সরকারের পক্ষ থেকে দায়িত্বশীল নেতাদের পক্ষ থেকে বলা হোক যে যারা এই কাজ করেছে বা যে কোন পার্টির পতাকা ধরে থাকুক না কেন সেই রক্ত রঞ্জিত লাল পতাকা তাদের হাতে শোভা পায় না, তাদের তা ধরবার অধিকার নেই, তারা পাষণ্ড, তারা বর্বর, তাদের সংগে আমাদের কোন সম্পর্ক নেই। এই কথা যদি জোরের সংগে না বলতে পারি তাহলে বাংলা দেশের মানুষের কাছে, বাংলা দেশের মাতৃজাতির কাছে কোন মুখে গিয়ে দাঁড়াবো একথা আজকে জানা দরকার। মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের যুক্তফ্রন্টের এই ভাবগতিকে রক্ষার জন্যে, পরিপূর্ণভাবে ফ্রন্টকে রক্ষার জন্যে এমন সমস্ত ব্যবস্থা করতে হবে যাতে কিনা ভবিষ্যতে ইতিহাস আমাদের বক্তব্য বুঝতে পারে, আমাদের কাজকে বুঝতে পারে। আর তা যদি আমরা না করতে পারি ইতিহাস তার স্থান করে দেবে, ইতিহাস নিষ্ঠুর শিক্ষক, কাকেও ক্ষমা করেনা। এই কয়েকটি কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাবের উপর যে আলোচনা হয়েছে সেই ধন্যবাদ সূচক প্রস্তাবের আমি প্রতিবাদ

করছি এবং বিরোধীতা করছি। প্রতিবাদ করছি এই জন্য যে আমাদের বর্তমান যুক্তফ্রন্ট সরকার যে সব আশা ভরসা এবং প্রতিশ্রুতি দিয়েছিল তারা প্রতিদিন তা লংঘন করছেন এবং ভংগ করছেন। আমি দুই একটা কথা বলতে চাই আমাদের এলাকা সম্বন্ধে। আমাদের লেবার ইনড্রাসট্রিয়াল ফিল্ডে এবং এগ্রিক্যালচার ইণ্ডাষ্ট্রিয়াল ফিল্ডে শ্রেণী সংগ্রামের নামে কি ধরণের জুলুমবাজী চলছে তা আমরা প্রত্যক্ষ করছি। গত পূজার সময় শ্রীপুর কলিয়ারী বলে একটা কলিয়ারী আছে সেখানে কিছুদিন ধরে একটা ঝগড়া চলছিল, সেই সূত্রে সি, পি, এম, এমন সন্ত্রাসবাদী বোমাবাজী লুঠতরাজ এমন কি হিন্দু মুসলমান রায়ট বাধিয়ে দিয়েছিল। সেখানে শিল্পমন্ত্রী সুশীল ধাড়া মহাশয় নিজে গিয়েছিলেন, তিনি নিজে দেখে এসেছেন। সেখানে তাঁকে একজন মেয়ে তাঁকে বলেছেন যে তার এক মাসের শিশু কোলে তারগলায় হাঁসুলি তারা ছিনিয়ে নিয়েছে এবং তিনি তাদের পায়ে পরে বলেছিলেন তাকে ছেড়ে দিতে কিন্তু তিনি তাদের হাত থেকে রেহাই পাননি। তারপরে আর একটি মেয়ে অশ্রুপাত করতে করতে অনুরোধ করেছিলেন যে আমার যা কিছু গহনাপত্র আছে সব দিয়ে দিচ্ছি কিন্তু আমার গায়ে হাত দেবেন না কিন্তু তারা তা মানে নি, তার উপর অত্যাচার করেছে। আপনি শুনলে আরো আশ্চর্য হয়ে যাবেন কোলিয়ারী ফিল্ডে এস, এস, পি এবং সি, পি, আই দুটি ইউনিয়ন ছিল, সেই ইউনিয়নকে ধ্বংস করার জন্য সি, পি, এম-রা বিভিন্ন জায়গা থেকে ফোর্স নিয়ে হামলাবাজী করে এক সন্ত্রাসবাদের রাজত্ব সৃষ্টি করেছে। তার বেলা দশটা থেকে চারটে পর্যন্ত লুঠতরাজ করেছে, নারী ধর্ষণ করেছে, ঘরবাড়ী জ্বালিয়ে দিয়েছে কিন্তু কিছুই তার প্রতিকার করা হয় নি। পুলিশ সেখানে উপস্থিত ছিল, বিভিন্ন সরকারী কর্মচারী উপস্থিত ছিল, সুশীল ধাড়া মহাশয় যখন তাদের জিজ্ঞাসা করেছিলেন যে এইসব আপনারা নিজেরা দেখেছেন বোমা ফাটতে, লুঠ করতে এবং মারধোর করতে, আর আপনারা কিছু করলেন না। সেখানকার পুলিশ অফিসাররা বললো স্যার, আমাদের উপর হুকুম ছিল না, আমরা কি করতে পারি। এর নাম কি শ্রেণী সংগ্রাম? সেখানে কিন্তু এই কোলিয়ারীর একটি নাট বল্টুও নষ্ট হয় নি। কোলিয়ারীর কোন কর্মচারীদের তাদের চোখে পড়ল না। সেখানে যে দশদফা দাবী ছিল যে ডিসপুট ছিল সেসব নিয়ে কোন কিছুই হল না। এই হচ্ছে কোলিয়ারী ফিল্ডে যা আমরা দেখেছি। তারপর গ্রামের দিকে দেখি যে দিনের পর দিন হামলা চলছে। ভাগচাষীদের জমি দখল করে নিচ্ছে তারপর জে, এল, আর, ও-এর কাছে দরখাস্ত করছে—নানা ছুতায় হামলা চালাচ্ছে সি, পি, এম-এর লোকেরা। নন্দীপুর বলে একটা গ্রাম আছে, সেখানে কিছু বাংলা কংগ্রেসের নেতা আছে, তাদের বিরুদ্ধেও এই সব হামলা চলছে। তারা আমাদের সমর্থক নন, সেখানেও দু'দু'বার কোলিয়ারী থেকে হামলা করা হয়েছে। গ্রামবাসীদের ধরে নিয়ে যাচ্ছে। বীরকুণ্ঠি বলে একটা গ্রাম আছে, অতি শান্তিপ্রিয় গ্রাম। সেখানে কোলিয়ারীর থেকে যেয়ে হামলা করা হয়েছে, লুঠতরাজ করা হয়েছে, সেখানে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে সন্ধ্যার দিকে মেয়ে ছেলেরা দেবতার স্থানে প্রদীপ জ্বালাতে পারে না। এই রকমভাবে গ্রামে অত্যাচার করা হয়েছে। এখন ধান কাটা শেষ হয়ে গেছে কিন্তু সি, পি, এম-রা হঠাৎ রাত্রি-বেলা শ্রীধর মণ্ডলের বাড়ী এবং গৌর মণ্ডলের বাড়ীতে ডাকাতি করল, বোমা মারল, তাদের আহত করল, এখনও পর্যন্ত তারা হাসপাতালে রয়েছে। এই চিত্র আমরা দেখছি।

[4-05—4-15 p.m.]

এই তো আমরা চিত্র দেখছি বাংলাদেশের সর্বত্র। এটা আজকে শুধু আমার কথা নয়। অনেক বক্তার জ্বালাময়ী বক্তৃতা আমরা অনেক শুনেছি। আমাদের বর্তমানের সদস্য যাঁরা এখানে আছেন, তাঁরা জানেন। আমাদের বিনয়চৌধুরী মহাশয়ও নিশ্চয়ই জানেন—"বর্দ্ধমান থানার অন্তর্গত বাম চান্দাইপুর মৌজার আন্দাজ ২৮ বিঘা জমির ধান সি, পি, এম দলের ৪০/৫০ জন লোকে লুঠ করে নিয়ে যাওয়ার অভিযোগ শ্রীষষ্ঠিচরণ ঘোষ থানায় করলে পর সঙ্গে সঙ্গে গত ২২শে ডিসেম্বর

জনৈক ডেপুটী ম্যাজিষ্ট্রেট পুলিস সহ ঘটনাস্থলে উপস্থিত হন। দলিলপত্র দেখে তাঁর পৈত্রিক জমির ধান তাকে ফেরত দেওয়ার আশ্বাস দেওয়া হয়েছিল। কিন্তু আশ্চর্য্যের বিষয় আজ পর্যন্ত একটী দানা ধানও ফেরত দেওয়া হয়নি।

(A voice : আপনি কী থেকে পড়ছেন ? )

অবহেলিত নিপীড়িত ও শোষিতদের মুখপত্র—স্পষ্ট কথা—নামক একটী পত্রিকা থেকে পড়ছি। এর সম্পাদক হচ্ছেন শ্রী শ্রীকুমার মিত্র, বর্দ্ধমান।

"অধিকন্তু শ্রী ঘোষ পার্টি অফিসে আন্দাজ তিনশত মণ ঐ লুঠ করা ধানের জন্য তাগাদা দেওয়ায় তার জীবন বিপন্ন করার হুমকী দেওয়া হচ্ছে বলে জানা যাচ্ছে। এই বিষয় উদ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।"

স্যার, আর এ‍কটা ঘটনা এখানে বিবৃত করছি। এর একটি কপি আপনার কাছেও গেছে। এই ভদ্রলোকের নাম হচ্ছে ভবানী প্রসাদ কোঙার—গ্রাম ও পোষ্ট ভিটা, থানা ও জেলা বর্দ্ধমান। তাঁর অপরাধ হচ্ছে—তাঁর গ্রামের পশ্চিম ধার দিয়ে বর্দ্ধমান-কুসুমগ্রাম একটা পাকা রাস্তা গিয়েছে। দক্ষিণ পূর্ব ধার দিয়ে ৮নং মেন ক্যানেল গিয়েছে। ঐ ক্যানেল ও রাস্তার দুধারে রাস্তা মেরামত ও বাঁধ নির্মাণের জন্য সরকার কর্তৃক তাঁর জমি গৃহীত হয়েছে। তাঁর নিজ জমির সোজা সেই ১০।১৫ কাঠা জমি তিনি চাষ করেছিলেন। তাঁর পৈত্রিক জমি মাত্র সাড়ে ছয় বিঘা। দরিদ্র চাষী কিছু ধান পাবার আশায় সেই জমি তিনি চাষ করেছেন। গত কয়েক বৎসর ধরে তিনি সেই জমি চাষ করে আসছেন। গত ১৫শে এপ্রিল তারিখে সি, পি, এম, এর কিছু লোক জবরদস্তি করে সেই জমির ধান লুট করে নিয়ে যায়। তারপর সেই গ্রামের বৈদ্যনাথ দাস ও গনেশ দাস সি, পি, এম সমর্থক ৮০ জন লোক নিয়ে মিছিল করে মারবো, কাটবো ধরবো ইত্যাদি বলে শ্লোগান দেয়। তারপর ২২।১।৭০ তারিখে সেই ভদ্রলোক যখন জমি চাষ করবার জন্য হাল নিয়ে যাচ্ছিলেন, সেই সময় বলদের পায়ে লেগে কিছু ঘুঁটে ভেঙ্গে যায়। এই ছুতোয় বৈদ্যনাথ দাসের ঘরবাড়ী বেলা দশটার সময় ৭০/৮০ জন লোক আক্রমণ করে এবং মেয়েছেলের উপর অত্যাচার করা হয়। থানায় গেলে তাঁরা বলেন আমরা কি করবো ? সবই তো দেখছেন, পড়ছেন, যেখানে মন্ত্রীসভার নিরাপত্তা নাই,—সেখানে আমরা কি করতে পারি ? তারপর জেলা ম্যাজিষ্ট্রেট ও এস পি মহাশয়ের কাছেও গিয়ে কোন ফল হয় নাই। স্বয়ং মুখ্যমন্ত্রীর কাছেও তিনি গিয়েছেন।

একটা চিঠি থেকে একটু পড়ে দিচ্ছি তিনি বলছেন—"এমতাবস্থায় সি, পি, এম-এর স্থানীয় লোকেরা প্রায়ই আমাকে মারিব, খুন করিব, ঘরে আগুন দিব, ধান লুট করিব বলিয়া শাসাইতেছে। তাই স্বাধীন ভারতের একজন সৎ নাগরিক হিসেবে আমার ধন, প্রাণ পুত্র-পরিবার সকলের জীবনের নিরাপত্তার জন্য মুখ্যমন্ত্রী শ্রীঅজয় কুমার মুখার্জীর সঙ্গে দেখা করিয়া প্রতিকারের আবেদন করি। কিন্তু তিনি নিরাপত্তার কোন প্রতিশ্রুতি দিতে অক্ষমতা প্রকাশ করায় আপনাদের নিকট ইহার বিচার ও প্রতিকারের জন্য আবেদন করিতেছি। যদি আপনারা অক্ষম হন, তবে ভারতের বাহিরে কোন এক দেশে আমাকে পাঠাইবার ব্যবস্থা করিয়া আমার পরিবারের সকলের জীবন রক্ষা করিতে সাহায্য করুন।"

এর পরে যদি আপনারা বলেন দেশে শান্তি ও শৃঙ্খলা আছে, তাহলে আর বলবার কিছু নাই। এই কথা কয়টি বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে, তার তীব্র প্রতিবাদ করে আমি আমার আসন গ্রহণ করছি।

**ডঃ গোবর্দ্ধন ডিঙ্গল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় রাজ্যপালের ভাষণ সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে আমার এলাকায় কতকগুলি বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বিরোধিপক্ষ থেকে আমাদের যুক্তফ্রন্ট সরকারকে হেয় করবার জন্য

বিভিন্ন প্রচেষ্টা ওঁরা করছেন। এই অল্পদিনের মধ্যে আমাদের যে সাফল্যতা এই ভাষণের মধ্যে উল্লিখিত আছে, তা ওঁরা দেখতে পাননি। দীর্ঘ ২২ বছর এই বাংলাদেশের শাসনে অধিষ্ঠিত থে.ক আজকে বাংলাদেশকে ওঁরা খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করতে পারেন নি, উপযুক্ত সেচের ব্যবস্থা করতে পারেন নি, আজকে শ্রমিক কৃষকের মুখে হাসি ফোটাতে পারেন নি। তা সত্ত্বেও আজকে আমাদের নেতৃবৃন্দের মাধ্যমে এই যে বলিষ্ঠ পদক্ষেপ এইসব জিনিস সাফল্যের সঙ্গে এগিয়ে যাচ্ছে সেটা ওঁদের লক্ষ্য থেকে বহির্ভূত হয়েছে। ওঁরা কোনদিন ভাবতে পারেন নি বাংলাদেশে খাদ্যাভাব যে ১০০ কোটি টাকার গাঁটছড়ায় বাঁধা আছে, কোনদিন সেটা কমিয়ে এনে ৫০ কোটি টাকায় ওঁরা করতে পারেন নি। ১৯৬৭ সালে আমাদের যুক্তফ্রন্ট সরকার হয়েছিল, পেছন থেকে তাকে ছুরি মারা হয়েছে, আবার ১৯৬৯ সালে জনগণের রায়ে যুক্তফ্রন্ট অধিক সংখ্যায় এই হাউসে ফিরে এসে ক্ষমতায় আসীন হয়েছেন ও এই কয়েক মাসের মধ্যে উচ্চ ক্ষমতা সম্পন্ন বীজ দিয়ে এবং ব্যাপকভাবে শুধু একটা জায়গায় নয়, সারা বাংলাদেশের বিভিন্ন জেলায় একই সঙ্গে অধিক ফসল ফলানোর যে পরিকল্পনা তার আজকে সার্থক রূপায়ন হতে চলেছে এটা নিশ্চই ওঁরা স্বীকার করবেন। আজকে ৩ একর জমির খাজনা মকুবের যে বলিষ্ঠ পদক্ষেপ আমরা নিয়েছি এবং বহু প্রকল্প করে আজকে অধিক জমিতে সেচ দেবার যে ব্যবস্থা হয়েছে এগুলি সত্যিকারের প্রশংসার কথা। কিন্তু আমরা আশা করেছিলাম অন্ততঃ সিদ্ধার্থ বাবুর দলের পক্ষ থেকে এর জন্য আমরা প্রশংসা পাব, কিন্তু তার কোন কিছু এখানে দেখছিনা। কিছু জায়গায় শরিকি সংঘর্ষ এবং কতকগুলি দুঃখজনক পরিস্থিতি হয়েছে যার জন্য আমরা লজ্জিত, এগুলি আমাদের মধ্যে হওয়া উচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি—আজকে আমরা যুক্তফ্রন্ট স্থাপন করেছি, আজকে পার্টির বিভিন্ন মত, পথ, থাকা সত্ত্বেও আমরা ব্যবহারিক ক্ষেত্রে আমাদের রচিত ৩২ দফার মাধ্যমে আমরা ব্যবহারিক জীবন যাপন করব এবং চলব এই শপথ আমরা নিয়েছিলাম। আজকে সেই সব ৩২ দফার সফল রূপায়ণ প্রাকটিক্যাল ক্ষেত্রে হচ্ছে না, আমাদের সরকারের বৃহত্তম শরিকদলের পক্ষ থেকে কোথাও কোথাও কিছু অঘটন হচ্ছে, সেজন্য দুঃখপ্রকাশ করছি। আমাদের রাজ্যপালের ভাষণে আমাদের একজন মাননীয় সদস্যের অকাল মৃত্যুতে শোক প্রকাশ করা হয়েছে কিন্তু তার সঙ্গে যদি আমরা দেখতাম যে আমাদের ভুল ত্রুটি ঝগড়া ঝাঁটির মধ্য দিয়ে শরিকি সংঘর্ষের মধ্য দিয়ে আমাদের যুক্তফ্রন্টের সমর্থক এবং কর্মী যারা অকালে প্রাণ হারিয়েছে তাদের জন্যও শোক প্রকাশ করা হয়েছে তাহলে এই ভাষণ সর্বাঙ্গসুন্দর হত।

[4-15—4-25 p.m.]

সেই জন্য আমরা খুব লজ্জিত। এটা হয়ত ভুলক্রমে বাদ পড়ে গেছে। ১৯৬৯ সালে প্রথম যখন যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছিল তখন প্রথম প্রথম খুব সৌহার্দ্যের সঙ্গে সমস্ত দপ্তরের কাজ চলছিল। কিন্তু শেষের দিকে কয়েকটি মাস ধরে আমরা বিভিন্ন জেলার ঘটনার মধ্য দিয়ে এবং প্রত্যেকদিন কাগজের মাধ্যমে কিছু কিছু দুঃখজনক ঘটনা দেখতে পাচ্ছি। এতে আমাদের যুক্তফ্রন্ট সরকারের ভাবমূর্তি কার্যক্ষেত্রে ব্যাহত হচ্ছে সেটা আমরা বিশেষভাবে অনুধাবন করছি। আমরা আশা করি আমাদের শরিক দলগুলির মধ্যে বৃহত্তম শরিক দল আজকে বলিষ্ঠ নেতৃত্ব নেবেন এবং সকলকেই স্বীকার করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই, যে কোন কারণেই হোক না কেন যদি কোন ভুল ভ্রান্তির মাধ্যমে কোন কিছু অঘটন ঘটে বা পার্টির পক্ষ থেকেই হোক না কেন, সহজেই হোক বা যাই হোক, এ সম্বন্ধে সমস্ত সদস্যেরই সোচ্চার থাকা উচিত। আমরা দেখছি শিক্ষাক্ষেত্রে ব্যাপক দুর্নীতি হচ্ছে। আমাদের কাকদ্বীপ এলাকায় আমরা জানি ২০০ জায়গায় ৩৫ পর্যন্ত ইংরাজীতে মার্কস পেয়েছে যেসব

ছাত্র. তাদের পর্যন্ত এ্যালাও করা হয়েছে। সেখানে ২৪ ঘণ্টা শিক্ষক মণ্ডলীকে ঘেরাও করে রাখা হয়েছে এবং যার ফলে সমস্ত ছাত্রকেই এ্যালাও করতে বাধ্য হয়েছেন। এই কথা পুলিশকে জানান হয়েছে, কিন্তু তার কোন প্রতিকার হয়নি। তারা হেল্‌পলেস, তাদের অসহায় অবস্থার কথা জানিয়েছেন। এছাড়া আমাদের ভূমি ও ভূমি রাজস্ব বিভাগ থেকে অনেক কিছু অঘটন শোনা যাচ্ছে। আমাদের এখানে পরেশ দাস নামে একজন মাননীয় সদস্য আছেন। ২৪ পরগণা এবং মেদিনীপুর মিলিয়ে তাঁর মাত্র ২৮ বিঘা জমি আছে। এর মধ্যে সাগর থানায় মাত্র ৯ বিঘা জমি আছে। সেই ৯ বিঘা জমি নাকি ভেষ্টেড হয়ে গেছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরকে জানান হয় এবং তারপর সেটা আবার সংশোধন হয়েছে। এটা শুধু মাননীয় সদস্যের বলে কথা নয়, এই ভাবে দেশের জনগণকে অশেষ কষ্ট পেতে হচ্ছে এবং সেটেলমেণ্ট দপ্তর থেকে এইরকম ইচ্ছাকৃতভাবে ভুল ভ্রান্তি হচ্ছে। কর্তব্যরত সংশ্লিষ্ট অফিসার যাঁরা আছেন, তাঁরা কেন এই সমস্ত জিনিষ করছেন তাঁদের শাস্তিমূলক ব্যবস্থা হওয়া উচিত। এমন নজীর তুলে ধরা চাই যাতে ভবিষ্যতে অনুরূপ ভুল ভ্রান্তি বাংলাদেশে না ঘটে। এছাড়া আমাদের অনেক কিছু পরিকল্পনা আছে। সুন্দরবন হচ্ছে বাংলাদেশের শস্য ক্ষেত্র। কাজেই সেই সুন্দরবনকে সর্ব্বাঙ্গসুন্দর করবার জন্য সেখানে বাঁধ, খাল বিল ইত্যাদি নির্ম্মাণ ও খনন করবার জন্য খয়রাতি সাহায্য ব্যাপকভাবে দেওয়া দরকার। একমাত্র সর্ব্ব-ভারতীয় মেলা হচ্ছে বাংলাদেশের গঙ্গাসাগর মেলা। কিন্তু এই গঙ্গাসাগর মেলাও আজ অবহেলিত হচ্ছে, কেন্দ্রের কাছ থেকে কোন সাহায্য পাওয়া যাচ্ছে না। সর্ব্বভারতীয় মেলার জন্য সাহায্যের যে স্বীকৃতি আছে সেটা আমাদের বাংলাদেশ পাচ্ছে না। সেই জন্য আমাদেরই ষ্টেট থেকে সেটা বেয়ার করতে হচ্ছে। তাই প্রতি বছর গঙ্গাসাগর মেলার সময় বহু দুঃখ ভোগ করতে হয়। অবশ্য এই বছর খুব কমই দুঃখ ভোগ করতে হয়েছে আমাদের যুক্তফ্রণ্ট সরকারের জন্য। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে এই যে যেখানে যেখানে দুঃখজনক পরিস্থিতি সৃষ্টি হয়েছে তার অবসানকল্পে আমাদের মাননীয় সদস্যমণ্ডলী এবং মন্ত্রীমণ্ডলীর কাছে বিশেষ অনুরোধ যে তাঁরা যেন দৃঢ় ও বলিষ্ঠ পদক্ষেপে এইসব কিছুর সমাপ্তি ঘটান। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:**—মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে গিয়ে আমি প্রথমেই বলব যে এটা যেন একটা বাজ পড়েছে—একটা বৈপ্লবিক ডিসিসান, শহরের সম্পত্তি বেঁধে দেওয়া। স্যার, আমরা আশা করেছিলাম যে কংগ্রেসের পক্ষ থেকে শুধু সমালোচনাই উঠবে না, তার সাথে সাথে যুক্তফ্রণ্ট যে ভাল কাজ করেছে সেই ভাল কাজের কিছু কিছু নমুনার কথাও তাঁরা বলবেন। স্যার, আমরা জানি যে বাংলাদেশের মানুষ আমাদের পাঠিয়েছে, তারা বহু আশা এবং প্রত্যাশা নিয়েই যুক্তফ্রণ্ট তৈরী করেছে এবং সর্বোপরি যুক্তফ্রণ্ট ভাল কাজ করবে সেইজন্যই আমাদের পাঠিয়েছে। তা না হলে কংগ্রেসকে পাঠাতে পারতো এবং সেটা তারা করতে পারেনি বলেই আজকে ও পক্ষের গায়ে এত জ্বালা এটা আমরা ধরে নিচ্ছি। মাননীয় স্পীকার মহাশয়, আমরা যুক্তফ্রণ্টে আছি কিন্তু তবুও বাংলাদেশের মানুষের খাতিরে যদি আমাদের কোন দল ভুলত্রুটি করে তাহলে আমরা নিশ্চয় তার সমালোচনা করবো। তবে আমরা আশা করেছিলাম যে ওঁরা সমালোচনার সাথে সাথে ভাল কাজের কথা বলে একটা নজির সৃষ্টি করবেন। স্যার, শিক্ষাদপ্তরের ব্যাপার নিয়ে আমি প্রথমে বলব। ওঁরা শিক্ষা দপ্তরের প্রচুর বদনাম করে গিয়েছেন। শিক্ষা দপ্তর যে সমস্ত ভাল কাজ করতে চেষ্টা করছে সে কথা তাঁরা উল্লেখ করেন নি। স্যার, আমরা দেখেছি যে যুক্তফ্রণ্ট সরকার ৪র্থ শ্রেণী পর্য্যন্ত বাংলাদেশের সমস্ত গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে শিক্ষা প্রবর্তন করছে। তা ছাড়া ৮ম শ্রেণী পর্য্যন্ত করারও একটা পরিকল্পনা আছে যেটা আগামী দিনে হওয়ার সম্ভাবনা আছে। স্যার, এই পরিপ্রেক্ষিতে একটা কথা বলি, সিদ্ধার্থবাবু বা নেপালবাবুরা যদি বলতেন যে আসুন আমরা এই ৮ম শ্রেণী পর্য্যন্ত

শিক্ষা প্রবর্তন করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কাছে যা পাওনা সেটা পাইয়ে দেবার জন্য হাত মেলাচ্ছি, তাহলে বুঝতাম, কিন্তু সে প্রস্তাব কংগ্রেসের পক্ষ থেকে আসে নি, তাঁরা শুধু সমালোচনাই করে গিয়েছেন। স্যার, আমরা যুক্তফ্রন্টের শরিকদল ফরোয়ার্ড ব্লক, আমরাও শিক্ষা দপ্তরের সমালোচনা করে বলব যে কংগ্রেস আমলে যা না ঘটেছে এই যুক্তফ্রন্টের আমলে তার কিছু ব্যতিক্রম ঘটেছে। আমরা গ্রামাঞ্চলে দেখেছি ৪/৫ বৎসর যাবৎ যে সমস্ত স্কুল চলছে, যাদের কোন স্বীকৃতি নেই, সেই সমস্ত স্কুলকে বাদ দিয়ে ইলেকসানের সময় যেসব নতুন স্কুল তৈরী হয়েছিল দলীয় লোকেদের দিয়ে সেই সমস্ত স্কুলের স্বীকৃতি দেবার চেষ্টা করছে। এই ভাবে যদি ওঁরা সমালোচনা করতেন তাহলে বুঝতাম ওঁদের গাটস আছে—অর্থাৎ প্রশংসাও যেমন করতে পারেন, সমালোচনাও তেমনি করতে পারেন। ঠিক তেমনি শ্রম দপ্তরের ব্যাপারে বলি যে সেই দপ্তরের সমালোচনার সাথে সাথে যদি এইটুকু বলতেন যে চটকলের শ্রমিকদের যে ৩০ টাকা করে ভাতা দেওয়া হয়েছে সেটা সমর্থন করেন তাহলে বুঝতাম, কিন্তু তাঁরা সমর্থন করেন নি, সেটা সমর্থন করা উচিত ছিল। তা ছাড়া মালিকদের ঘর থেকে টাকা যাচ্ছে বলে তারা চক্রান্ত করে ঐ যে ১॥ লক্ষ বদলি শ্রমিককে ছাঁটাই'এর মুখে ঠেলে দিচ্ছেন সে সম্বন্ধে যদি বলতেন যে আসুন আমরা মালিকদের বিরুদ্ধে লড়াই করি তাহলেও বুঝতাম, কিন্তু আমরা জানি যে সে সহযোগীতা আমরা পাব না। সে সৎ সাহস ওঁদের নেই, ওরা শুধু সমালোচনা করবার জন্যই সমালোচনা করছেন। স্যার, এই প্রসঙ্গে আমার একটা কথা মনে পড়ছে, সেটা বলি। স্কুলে যখন ছোট ছোট ছেলেরা মারামারি করে তখন একজন আর একজনের সঙ্গে না পারলে মাস্টার মহাশয়ের সহযোগীতা প্রার্থনা করে। ওদের অবস্থাও ঠিক তাই। ওঁরা কেবল কোথায় ভুলত্রুটি হয়েছে সেটাই বড় করে দেখাবার চেষ্টা করছেন। স্যার, আমি আবার বলি বাংলাদেশের মানুষ যুক্তফ্রন্টকে পাঠিয়েছে, যুক্তফ্রন্ট একসাথে কাজ করবে এবং ভুলত্রুটি যদি কিছু হয় আমরা তার নিশ্চয় সমালোচনা করবো। এই প্রসঙ্গে বলি আমাদের একটি বৃহৎ দল শ্রেণী সংগ্রামের কথা বলেছেন। শ্রেণী সংগ্রামের মানে এই নয় যে কৃষকের বিরুদ্ধে কৃষককে বা শ্রমিকের বিরুদ্ধে শ্রমিককে লড়িয়ে দেওয়া, আমরা মনে করি দল বৃদ্ধির জন্যই এই সংগ্রাম হচ্ছে। আসুন এই ভাবে আমরা সমালোচনা করি, কিন্তু তা না করে সমালোচনার জন্যই ওঁরা সমালোচনা করছেন। স্যার, আমরা জানি যে স্বরাষ্ট্র দপ্তর সম্পর্কে অনেক অভিযোগ উঠেছে। বাংলাদেশের বিভিন্ন জায়গায় স্বরাষ্ট্র দপ্তর যেন একটা বিশেষ রাজনৈতিক দলের পুতুল হয়ে দাঁড়িয়েছে।

[4-25—4-35p.m.]

একথা ভেবেছিলাম যে এক একটা দপ্তর এক একটি দলের হয়ে কাজ করবেন। তারা চেয়েছিলো সমস্ত দল, সমস্ত Government সমস্ত দলের কাজ করুক। আমি এ কথা পরিষ্কার জানি যে সরকারী কর্মচারীরা যখন যে সরকার আসে সেই সরকারের হয়ে কাজ করে, কিন্তু আজকে তার ব্যতিক্রম দেখতে পাচ্ছি, এবং এক্ষেত্রে নিশ্চয়ই বাধা দেবো। আমরা Forward Block মনে করি যদি যুক্তফ্রন্টের কোন দল যুক্তফ্রন্টের ভাবমূর্তিকে নষ্ট করে আমরা সেখানে তা তুলে ধরবো এবং তাকে বাধা দেবো যুক্তফ্রন্টের যে ৩২ দফা কর্মসূচী সেই কর্মসূচীকে রূপায়ণ করার ক্ষেত্রে। আমরা জানি যে আজকে বিভিন্ন জায়গায় যে সমস্ত সংঘর্ষ ঘটছে সেটা নিশ্চয় স্বরাষ্ট্র দপ্তরের নজর দেওয়া উচিত ছিল। আমি বলছি, হুগলী জেলার পাণ্ডুয়ার একটা গ্রামে মুকুন্দ মিস্ত্রী, তার মাত্র ১॥০ বিঘা জমি ছিল। সে কি ছিল জোতদার? সে কি ছিল জমিদার? সে ছিল একজন ordinary মানুষ এবং ভূমিহীন কৃষক। আজকে তাকে হত্যা করা হয়েছে। আজকে বিশেষ রাজনৈতিক দল তাকে হত্যা করেছে। আমরা আশা করতে পারি যখন হত্যাকাণ্ড চলছে, স্বরাষ্ট্র দপ্তরের পুলিশ অন্যায়ভাবে Protection দেবার চেষ্টা করে। আজকে আশ্চর্য হয়ে যাচ্ছি যে এখন পর্যন্ত সেখানে যে সমস্ত লোকেদের গ্রেপ্তার করার কথা ছিলো তাদের গ্রেপ্তার করা হয়নি। অথচ আমি দেখেছি যে ১৯ নম্বর বাস Strike চলেছিল, সেখানে মালিকরা গিয়ে

পুলিশকে বললো যে আমাদের বাস চালাতে দিচ্ছে না, মালিকরা বাস বন্ধ করে দিলো, সেখানে আমরা দেখেছি যে ৫টি কর্মীর উপর ১০ জন পুলিশ গিয়ে ঝাঁপিয়ে পড়লো। এই জন্য কি স্বরাষ্ট্র দপ্তর আছে? আমরা Forward Block থেকে ঘোষণা করছি যে, যুক্তফ্রণ্টের ভাবধারাকে যদি কেউ নষ্ট করে বেরিয়ে যাবার চেষ্টা করে থাকে আমাদের কাছ থেকে তারা বেরোতে পারবে না। আমরা যুক্তফ্রণ্টের মধ্যে তাদের ধরে রাখবো। যদি প্রয়োজন হয় আঘাতের বিরুদ্ধে পাল্টা আঘাত দিয়ে যুক্তফ্রণ্টের ৩২ দফা যে কর্মসূচী সেই কর্মসূচীকে রূপায়ণ করতে বাধ্য করবো।

**Shri Deoki Nandan Poddar :** मिस्टर स्पीकर सर, पिछले साल मैं ने इसी सदन में इस संयुक्त मोर्चे का स्वागत किया था किन्तु इस साल करने में असमर्थ हूँ। इस साल सदन में राज्यपाल ने जो भाषण पढ़ा, उसे मैंने अच्छी तरह से सुना किन्तु उसको सुनने के बाद मुझे बड़ी निराशा हुई। राज्यपाल ने जो वक्तव्य यहाँ दिया है, उसे सुनकर ऐसा मालुम होता है कि संयुक्त मोर्चे की सरकार—मंत्री मण्डलने जो वक्तव्य तैयार किया है, वह वक्तव्य बहुत ही भ्रमात्मक और झूठा वक्तव्य है। यह मैं अपने मुँह से क्यों कहूँ, स्वयं संयुक्त मार्चे के मुख्य मंत्री और संयुक्त मोर्चे के दूसरे शरीक कहते हैं कि यह वक्तव्य झूठा है। क्योंकि मुख्य मंत्री ने खुद इस सरकार की अराजकता के कारण अनशन किया था—भूख हड़ताल की थी। वह भूख हड़ताल मुख्य मंत्री ने इसलिए की थी कि पश्चिम बंगाल में दिन ब दिन अराजकता बढ़ता ही जा रहा है। दलगत स्वार्थ और तथा कथित वर्ग संघर्ष के नाम पर दल को आगे बढ़ाते हुए, जन-साधारण को क्षति पँहुचाई गई है। जन-साधारण के जान-माल को लूटा गया है, जन-साधारण की हत्या की गई है।

जब मुख्य मंत्री ने खुद स्वीकार किया है कि मेरे राज्य में अनुशासन और अमन-चैन नहीं है तो मंत्री मण्डल द्वारा तैयार किये हुए वक्तव्य में, जिसमें कहा गया है कि इस राज्य में अमन-चैन और शान्ति है, यह वक्तव्य झूठा है या सच है, यह सदन बताए, आप बतावें, मैं अकेले क्या कहूँ? मैं तो आपके माध्यम से जनता के सामने अपनी आवाज को पँहुचाना चाहता हूँ कि जो मंत्री मण्डल-संयुक्त मोर्चे की सरकार एक तथ्य प्रचार करके एक भ्रामक वक्तव्य दिलवा सकती है, जन साधारण में वर्ग संघर्ष के नाम पर दलगत संघर्ष करवा सकती है, वह कहाँ तक पश्चिम बंगाल की उन्नति कर सकती है, वह कहाँ तक यहाँ शान्ति के साथ शासन चला सकती है? इसका फैसला आपको करना होगा।

मिस्टर डिप्टी स्पीकर सर, मैं बड़ा बाजार की स्थिति के बारे में २—१ बातें अपने मंत्री-मण्डल के सामने रखना चाहता हूँ। जन-साधारण के सामने

रखना चाहता हूँ। वहाँ पर किस तरह से दल मत स्वार्थ के नामपर अनाचार का जोर बढ़ा हुआ है। यह समाचार पत्रों के जरिए आपके पास भी अवश्य पँहुचा होगा। अभी दो दिन पहले सोशलिष्ट पार्टी के झण्डे के नीचे, तथा कथित अपने को नेता कहने वाले रविशंकर पाण्डे ये जो अपने को संयुक्त सोशलिष्ट पार्टी का नेता कहते हैं, एक दुकान में डकैती करते हुए गिरफ्तार किए गए, कुछ साथियों के साथ। आज के अखबार में निकला है कि उनकी जमानत तक नहीं हुई है। करीब एक महीने से कलाकार स्ट्रीट में घरेवर कर्मचारी संघ के नामपर ये आन्दोलन चला रखे हैं। लेकिन वहाँ वास्तव में किसी प्रकार का आन्दोलन नहीं है बल्कि यह उनकी अराजकता है। दलगत स्वार्थ के लिए सोसलिस्ट पार्टी ने इनको अपना झण्डा दे रखा है कि मेरे झण्डे के नीचे अत्याचार और गुण्डागर्दी करो। इन्होंने कलाकार स्ट्रीट के मकानों में रहने वालों के साथ अत्याचार किया है, बम-बाजी की है, वहाँ पर आतंक फैलाया। आज भी तीन आदमी मारवाड़ी रीलीफ सोसाइटी हास्पीटल में पड़े हुए हैं, जिनकी अवस्था बड़ी शोचनीय है। दूर जाने की जरूरत नहीं है। मैं बड़ा बाजार के बारे में बताना चाहता हुँ कि वहाँ कैसे निकृष्ट कार्य किये जा रहे हैं। वहाँ पर डकैती जैसा निकृष्ट कार्य किया जा रहा है। संयुक्त मोर्चे के नाम पर, संयुक्त मोर्चे के शरीक के नाम पर उन्हें सरकार का समर्थन मिलता है। संयुक्त मोर्चे के नाम पर सी० पी० एम० को समर्थन मिलता है।

आज सी० पी० एम० नहीं चाहती है कि देश में शान्ति और अमन-चैन कायम रहे। स्वराष्ट्र दफ्तर नहीं चाहता है कि देश में शान्ति व्यवस्था बनी रहे। वह तो चाहती है कि यहाँ गुण्डागर्दी और अराजकता फैला रहे ताकि वे अपने दलगत स्वार्थ की सिद्धी कर सकें।

इतना ही नहीं आज-कल एजुकेशनल इन्स्टिटयूशन में भी दलगत स्वार्थ चल रहा है। जहाँ हमारे बच्चे—देश के भविष्य पढ़ने लिखने जाते हैं, वहाँ की स्थिति आज ऐसी है। वहाँ पर राजनीति के नाम पर मार-पीट करते है। दलगत स्वार्थ के लिए लड़ाई करते हैं। वहाँ पर शिक्षकों कर गुटबना हुआ है। जिस जगह पर ऐडमिनिस्ट्रेटर नियुक्त किए गए हैं, वहाँ पर पढ़ाई लिखाई के नाम पर एक गुट बन गया है और वह गुट दलगत संघर्ष में रत होगया है। वहाँ पढ़ाई-लिखाई के नाम पर बम बाजी हो रही है। हमने एक दिन शाम को दो बजे टाँटिया हाई स्कूल के शिक्षक-दल और छात्र दल में बम चल रहा था देखा। इस तरह से तो आज-कल एजूकेशनल इन्स्टियूशन चल रहे हैं, तो हम फिर कैसे विश्वास करें कि हमारे बच्चे जो आगे चलकर हमारी जगह

लेंगे, हमारे देश के कर्णधार बनेंगे, कैसे तरक्की करेंगे, क्योंकि आज तो उनको गुण्डागर्दी और बम-बाजी करने को सिखाया जाता है। आज उन्हें अनुशासन हीनता की शिक्षा दी जाती है। अगर हमारे शिक्षक वर्ग ही अनुशासित नहीं रहेंगे तो भला छात्र वर्ग कैसे सुधरेगा ?

जबकि आज देश में शासन और शान्ति व्यवस्था हो नहीं है, तो फिर इस मंत्रीमण्डल का क्या भरोसा ? जिसका मुख्य मंत्री ही कहता है कि यहां अराजकता है, हमारे राज्य बर्बरता राज्य है। फिर इस सरकार का क्या भरोसा किया जाय ? मंत्री मण्डल ने जो वक्तव्य तैयार करके राज्यपाल को पढ़ने के लिए दिया, उसमें कहीं भी मुख्य मंत्री के अनशन का उल्लेख नहीं है। क्या इस राज्य के इतिहास के पन्ने में यह नहीं लिखा जायगा ? मुख्य मंत्री ने इस राज्य में अनुशासन हीनता का बात कही है। किन्तु मंत्रीमण्डल ने जो वक्तव्य तैयार किया है, उसमें इसका कहीं भी उल्लेख नही है। तो भला यह वक्तव्य किस तरह से सच्चा माना जा सकता है ? इसे किस तरह से अच्छा माना जा सकता है ? इसका फैसला तो आप खुद करें। इसका फैसला जन-साधारण करेगा कि यहाँ पर अराजकता और अशान्ति है या नहीं ? अगर ऐसा नहीं है, तो वर्ग संघर्ष के नाम पर दलगत स्वार्थ के लिए आपस में झगड़ा मार-पीट क्यों होती है ? एक दूसरे से क्यों लड़ते हैं ? सी० पी० एम०—फारवार्ड ब्लाक, सी० पी० एम०—एस० यू० सी० आपस में क्यों लड़ते हैं ? ये सभी पार्टियाँ तो एक ही मोर्चे में शरीक हैं। जन-साधारण में यह भ्रम फैलाना चाहते है कि मजदूरों की भलाई के लिए बहुत कुछ किया जा रहा है, किन्तु जब कहीं पर एक पार्टी की यूनियन बनी हुई है तो फिर उस यूनियन को गिराने के लिए लड़ाई क्यों की जा रही है ? यह सबतो एकमात्र दलगत स्वार्थ के लिए ही किया जा रहा है। जन साधारण को ऊँचा उठाया जाय, मजदूरों की तरक्की हो यह तो सभी चाहते हैं। इस में दो मत हो ही नहीं सकता है। हमलोग भी चाहते हैं कि मजदूरों की उन्नति हो, उनकी आर्थिक अवस्था में सुधार हो। लेकिन संयुक्त मोर्चे के शरीकों में आये दिन मार-पीट क्यों होती रहती है ? अगर आपलोग कांग्रेस से लड़ें तो किसी हद तक ठीक भी हो सकता है, क्योंकि कांग्रेस पार्टी इस सरकार में विरोधी पार्टी है। लेकिन आपस के आदमियों को मारकर जन-साधारण को ऊँचा कैसे उठा सकते हैं ? क्या मार-पीट करना ही संयुक्त मोर्चे की पालिसी है, क्या यह सी० पी० एम० की पालिसी है ? मैं तो विरोधी पार्टी का हूँ। मैं जानना चाहूँगा कि जन-

साधारण को ऊँचा उठाने के लिये—उनकी उन्नति के लिए आपलोग क्या करना चाहते हैं ? एस० यू० सी० और सी० पी० एम० के सपोर्टर आपस में क्यों मार-पीट करते हैं ? मोर्चे में शरीक दूसरी पार्टियाँ आपस में क्यों लड़ती हैं ?

[ 4-35—4-45 p.m. ]

कोल-फिल्ड में संयुक्त सोसलिस्ट पार्टी और सी० पी० एम० गुण्डागर्दी कर रखी है। वहाँ पर सी० पी० एम० का जोर नहीं था किन्तु सी० पी० एम० ने पुलिस के जरिए उसे दबाया है। गुण्डागर्दी करके सोसलिस्ट पार्टी की यूनियन को तोड़ने की चेष्टा करते हैं। जहाँतक मजदूरों को ऊँचा उठाने की बात है, वह तो हम भी चाहते हैं, आपकी चाहते हैं और सभी लोग चाहते हैं। आज देश का हर आदमी चाहता है कि देश में शान्ति रहे और गुण्डागर्दी न हो। तो फिर दलगत स्वार्थ के लिए क्यों लड़ते हैं ?

जब कारपोरेसन में बड़ा बजार के लोग जुलूस लेकर गए अपनी माँग की पूर्ति के लिए कि उनको जल नहीं मिलता है तो उनपर आक्रमण किया गया।........( व्यवधान )

आपको सुनना पड़ेगा। मुझे बड़ा दुख होता है। आपलोग सरकारी पक्ष के बेन्च पर बैठे हुए हैं, शोरगुल करते हुए आप लोगों को शर्म आनी चाहिए। जब बड़ा बजार के लोग पानी की माँग को लेकर गए तो उनपर सी० पी० एम० के गुण्डों के द्वारा आक्रमण क्यों किया गया ? माँग पूरी की जाय, यह तो आप लोगों का नारा है। तो जब हम माँग रखते हैं, तो उसके लिए मारा क्यों जाता है ? प्रहार क्यों किया जाता है ? इसलिए कि बड़ाबजार सी० पी० एम० को सपोर्ट नहीं करता है। अरे ! यह अच्छी तरह से समझ कीजिए की बड़ा बजार गुण्डों को सपोर्ट कभी नहीं करेगा। क्योंकि कोई भी व्यापारी गुण्डागर्दी पसन्द नहीं करता है। आज तो हालत यह है कि कोई कृषक भी आपको सपोर्ट नहीं करता है। आपलोगों ने जमीन को लूटा है। लेकिन उसे क्या गरीबों में बाँटा है ? अपने दलगत स्वार्थ के लिए ही यह सब आपने किया है।

मिस्टर डिप्टी स्पीकर सर, पश्चिम बंगाल सरकार वाणिज्य-उद्योग को बढ़ाने की बात तो करती है। इण्डस्ट्रीयलाइजेशन की बात तो करती है। मगर व्यापारियों की सुरक्षा और उनको हित की रक्षा करने में असमर्थ रहती है। आज देखा गया है कि व्यापारियों के घरों में आक्रमण किया गया है। उनका घेराव किया गया है। जगह जगह कल-कारखाने बन्द कर दिए गए हैं। कल-कारखाने बन्द हो जाने से वाणिज्य-व्यवसाय-इण्डास्ट्रीयलाइजेशन कैसे बढ़ेगा ?

आपने नारा दिया था कि हमलोग बेकारों को इम्प्लायमेन्ट देंगे। अन् इम्प्लायमेन्ट के प्राब्लम को सालभ करेंगे। लेकिन अनइम्प्लायमेन्ट का सवाल बढ़ता ही जा रहा है। इसका बढ़ना तो बहुत ही स्वाभाविक है, क्योंकि जब कल-कारखाने ही बन्द हो जायेंगे, नये कारखाने लगाए हो नहीं जायेंगे तो फिर इस समस्या का समाधान कैसा होगा ?

आज व्यापारी वर्ग की सुरक्षा का कोई प्रबंध नहीं है। एक दुकान पर २०-२० गुण्डे एक साथ चढ़ जाते हैं, और वहाँ पर तोड़-फोड़ करते है। लाल झण्डे का सहारा लेकर ऐसा किया जाता है। शर्म होनी चाहिए कि लाल झण्डे का प्रयोग देश की भलाई के लिए न करके देश की जनता के उत्पीड़न के लिए किया जाता है। देश में अराजकता फलाने के लिए किया जाता है। मेरा तो विचार है कि देश का सर्वनाश बाद में होगा लेकिन आपलोगों का सर्वनाश—संयुक्त मोर्चे का सर्वनाश पहले होगा।

यह कहकर मैं राज्यपाल के भाषण के उपर जो धन्यवाद प्रस्ताव लाया गया है, उसका विरोध करता हूँ।

**Mr. Deputy Speaker :** Now honourable Member, Shri K. G. Basu, will give a personal explanation.

**শ্রীকৃষ্ণগোপাল বসু :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা পার্শন্যাল এক্সপ্ল্যানেশন দিতে চাই। অত্যন্ত দুঃখের সংগে আপনার মাধ্যমে এই কথাটা জানাতে বাধ্য হচ্ছি এই হাউসের সামনে যে এই অধিবেশনের মধ্যে কিছু কিছু অসত্য কথা বলা হয়েছে এবং বিশেষভাবে আমার সম্পর্কে একটা কথা বলা হয়েছে যে আমি নাকি আটটি বিদ্যালয়ের এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত হয়েছি। এটা সংবাদপত্রেও প্রকাশিত হয়েছে। তাই আমি এই হাউসের অবগতির জন্য জানাতে চাই যে আমার এলাকায় কাশীপুর পলিটেকনিক ইনস্টিটিউশন-এ এ্যাডমিনিষ্ট্রেটার হিসাবে নিযুক্ত হওয়া ছাড়া আর অন্য কোন বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটার আমি নিযুক্ত হইনি। এখানে যা বলা হয়েছে তা সম্পূর্ণ আজগুবি, এবং এই খবর কোথা থেকে পেলেন জানিনা।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যুক্তফ্রন্ট সরকারের শরীকদলের পক্ষ থেকে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উঠেছে, তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তৃতা আরম্ভ করছি। একটু আগে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্য পোদ্দার সাহেব খুব হাত পা ছুড়ে বক্তৃতা করছিলেন, তা দেখে মনে হচ্ছিল যে বাংলাদেশে বোধ হয় আর আইন শৃঙ্খলা নেই। সেদিন মাননীয় সিদ্ধার্থবাবুও খুব হাত পা ছুঁড়ে বক্তৃতা করছিলেন অনেক কৃষক রমণীর শ্লীলতাহানি হয়েছে এই অভিযোগ এনে। ২০ বছর আগে কি একদিনও একজনও মহিলার শ্লীলতাহানি হয়নি? একজনও মানুষ মরেনি, এই ১১ মাসের মধ্যে আইন শৃঙ্খলা সমস্ত ভেঙ্গে গেছে? অথচ নেতারা বিভিন্ন জায়গায় ঘুরেছেন এবং নানারকম চিঠি চাপ্টা নিয়ে ফিরে এসেছেন। তাদের সুন্দর দেহে তো এতটুকু আঘাতের চিহ্ন দেখতে পাওয়া যায়নি, তাদের চেহারা দেখেই বোঝা যায় যে দেশে আইন শৃঙ্খলা মোটেই ভেঙ্গে পড়েনি। জমি বিলি সম্পর্কে অনেক অভিযোগ এখানে অনেকে করেছেন। মুর্শিদাবাদ জেলা সম্পর্কে একজন বলেছেন যে সেখানে নাকি জমি বিলি সম্পর্কে দুর্নীতি হয়েছে এবং সি. পি. এম-এর লোকেরা নাকি জমি নিয়েছে। নেতারা বোধ হয় জানেন না যে ভূমি বিলির ব্যাপারে কারা কার মেম্বার থাকেন, তা তারা জানেন না। কোন

সি. পি. এম-এর সদস্য সেখানকার মেম্বার নন। সেখানকার সদস্য হচ্ছেন, কৃষক, সংগঠনের যারা লোক তারা সেখানকার মেম্বার থাকেন। যে যে পার্টির কৃষক সংগঠন আছে, তাদের নেতারা থাকেন এবং এম. এল. এ-রা তার মেম্বার থাকেন। আমি জানিনা মুর্শিদাবাদ জেলার বিধানসভার সদস্য সেই কুমার সাহেব জমি বিলির ক্ষেত্রে কোনদিন গেছেন কিনা। অন্ততঃ মুর্শিদাবাদ জেলার কথা আমি বলতে পারি সেখানে দুর্নীতি কিছু হয়নি। হয়তো ভুলভ্রান্তি থাকতে পারে কিন্তু অন্ততঃ শতকরা ৯০টি ক্ষেত্রে আমি এই আশ্বাস দিতে পারি মাননীয় ডেপুটি স্পীকার আপনাকে যে সেখানে ঠিকমত জমি বিলি করতে পারা গেছে। যদি কোন এম. এল. এ মনে করেন যে জমি বিলির ক্ষেত্রে দুর্নীতি হয়েছে তাহলে একজন এম. এল. এ-র পূর্ণ ক্ষমতা রয়েছে সেই দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ এনে জেলা শাসক বা এস ডি ও-র দৃষ্টিগোচরে আনা এবং তারা তা শুনতে বাধ্য। আমার মনে হয় না আমার জেলায় এম. এল. এ.-রা জমি বিলির ব্যাপারে কোনদিন গেছেন। আমাদের ফজলুর রহমন সাহেব বলেছেন যে তান্ত্রিক শবদেহ জাগিয়ে তুলতে পারে। সত্যই তো ২০ বছর যাদের মেরে রাখা হয়েছিল, যুক্তফ্রন্ট সরকার তাদের জাগিয়ে তুলেছে। তারা খাই খাই করছেন ঠিকই, কিন্তু যুক্তফ্রন্ট সরকার তাদের গুলি করে মারবে না, টিয়ার গ্যাস দিয়ে তাদের চোখকে বন্ধ করে দেবে না, তাদের খেতে দেবে এবং এই ১১ মাসে তা করেছে। আগে এককালের ঐতিহ্য ছিল যে খাদ্য দপ্তর যিনি নেবেন, তার মন্ত্রি এক বছরের মধ্যেই অপ্রিয় হয়ে উঠবে। কিন্তু আমাদের খাদ্যমন্ত্রী আজকে সবচেয় জনপ্রিয় মন্ত্রি, কারণ তাদের রেশন দেওয়া হচ্ছে, গুলি বা টিয়ারগ্যাস দেওয়া হয়নি। আজকে শিক্ষা বিভাগ সম্পর্কে অনেক সমালোচনা করা হয়েছে। সাত্তার সাহেবও করেছেন, তাঁর দুঃখ থাকতে পারে কারণ তাঁর জীপ গাড়িতে চড়ে ঘুরে বেড়ানো বন্ধ হয়ে গেছে। তিনি চেয়ারম্যান ছিলেন, তিনি বলেছিলেন যে ভোটের মাধ্যমে তিনি চেয়ারম্যান হয়েছিলেন। কিন্তু ভোট যেটা ছিল সেটা ইনডিরেক্ট ভোট, কাজেই সেটা বানচাল করে দিয়ে ভালই হয়েছে। সাত্তার সাহেবের ভুলে গেলে চলবে না যে তার কতগুলো আত্মীয় স্বজনকে স্কুল বোর্ডে ঢুকিয়েছেন এইগুলো ভুলে গেলে চলবে না। বাড়ী তৈরীর টাকা পয়সার হিসাব তাকে দিতে হবে। কাজেই দুঃখ করে লাভ কি আছে। আজকে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বলতে চাই যে আজকে যুক্তফ্রন্ট সরকার যে কাজ ১১ মাসের মধ্যে করেছে সেই ১১ মাসের সমীক্ষা করতে হবে। তাতে উনারা বলেছেন যে পরীক্ষা নীরিক্ষা চলছে। পরীক্ষা নীরিক্ষা হচ্ছে সত্য। কংগ্রেসীরা পরীক্ষা নীরিক্ষা করেছিলেন পি. ডি. এফ.-এর সংগে গাঁঠছড়া বেঁধে, ফেল করেছে তিন মাসের মধ্যেই—মন্ত্রিত্ব গেছে। কিছু ভুলভ্রান্তি হতে পারে, কিন্তু পরীক্ষা নীরিক্ষায় যুক্তফ্রন্ট সরকার ১১ মাসে উতরে গেছে। খাদ্যের দাম কমেছে, জমির খাজনা মাপ করেছে, শিক্ষা ব্যাপারে উন্নতি করেছে এবং যুক্তফ্রন্ট সরকার সব দিক দিয়ে উন্নত হয়েছে। ভুল ভ্রান্তি হয়তো থাকতে পারে, সেটা নিশ্চয়ই আমরা স্বীকার করবো। তাই মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিকে জানাতে চাই যে যদি আজকে ল্যাণ্ড রিফর্ম ভাল ভাবে না করা হয়, শুধু বেনামী জমি দখল নয়, পূর্ণাঙ্গ ভূমি সংস্কার আইন অবিলম্বে করা দরকার।

[ 4-45—4-55 p. m. ]

যদি ভূমি সংস্কার-এর পূর্ণাঙ্গ আইন আনা যায় তা হলে অনেক খিরিকি সংঘর্ষ কমে যাবে। মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে যুক্তফ্রন্ট সরকার আজকের কাগজে দেখলাম, সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধি করবেন। এটা আনন্দের কথা। কিন্তু সঙ্গে সঙ্গে খেয়াল রাখতে হবে। বাংলাদেশে ৪ কোটী মানুষ তাদের মধ্যে কিছু লোককে ড্রাই ডোল দেওয়া হয়, এই ৪ কোটী মানুষের মধ্যে টেষ্ট রিলিফের জন্য আরো অর্থ বৃদ্ধি করতে হবে। ড্রাই ডোলের অর্থ যে ২ টাকা আছে তা বৃদ্ধি করতে হবে। যুক্তফ্রন্ট সরকার অর্থাৎ আমরা যে ভাল কাজ করেছি তার মধ্যে কিছু কিছু অন্যায় কাজও করেছি। গণ-আন্দোলনের উপর লাঠি গুলি চালাব

না এই প্রতিজ্ঞা করেছিলাম কিন্তু গণ-আন্দোলনে নামে লাল ঝাণ্ডা নিয়ে ট্রেন আটক করা হয়েছে, কিম্বা গণ-আন্দোলনের নামে গরীব মানুষের জমির ধান কেটে নিয়ে গেছে সেই ধান ফেরত দিতে হবে। আজকে আমরা এ্যাডমিনিষ্ট্রেসানের উপর হস্তক্ষেপ করেছি। ম্যাজিষ্ট্রেটের কাছে আমরা ৩ দল ৩ বার গিয়ে তিন রকম কথা বলে এ্যাডমিনিষ্ট্রেসনের উপর হস্তক্ষেপ করেছি। এরজন্য সমস্ত দলই দায়ী। আমাদের এক দলই জোতদারের হাতে লাল ঝাণ্ডা তুলে দিয়েছে যখন গরীব মানুষ কৃষক জমির জন্য আন্দোলন করেছে। তাই স্যার আপনার মাধ্যমে আমি যুক্তফ্রন্ট সরকারের কাছে এই আশা করবো যে ১১ মাসের যে যুক্তফ্রন্ট সরকার সেই সরকার শরিক দল যে প্রতিজ্ঞা আগে আমরা করেছিলাম তা সফল করবার জন্য সচেষ্ট হব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো।

**শ্রীঅক্ষয় কুমার বর্মা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে আলোচনা হল এবং গত দিন যে আলোচনা হয়েছে তা প্রধানতঃ বাংলা দেশের আইন শৃঙ্খলার পরিস্থিতি নিয়েই আলোচনা হয়েছে। আমি সে বিষয় আমার প্রারম্ভিক বক্তৃতার মধ্যে যাচ্ছি না, বিশেষ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে আপনার মাধ্যমে সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার প্রথম বক্তব্য হল নির্বাচনের পূর্বে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পূর্বে এই যুক্তফ্রন্ট বাংলা দেশের মানুষকে প্রতিশ্রুতি দিয়েছিল এবং তপশীল সম্প্রদায়, উপজাতি সম্প্রদায়ের লোককে প্রতিশ্রুতি দিয়েছিল এই যে, যদি বাংলা দেশে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয় তা হলে এই তপশীলী সম্প্রদায়, আদিবাসী এবং সমাজের অন্যান্য পশ্চাদপদ জনসংখ্যার দিকে বিশেষ নজর দেবো। বিশেষ কথাটা সেখানে প্রয়োগ করা হয়েছে, অবশ্য কেন করা হয়েছে সেটা সবাই বুঝতে পারছেন। কিন্তু কি বিশেষ নজর দিয়েছে তপশীল জাতি ও উপ-জাতিদের উন্নয়নের জন্য? বিশেষ নজরের মধ্যে আমরা দেখতে পাচ্ছি গতবার রাজ্যপাল তাঁর ভাষণে কিছু কিছু কথা উল্লেখ করেছেন, কিন্তু এবার সেই বিশেষ নজরের মধ্যে তপশীল সম্প্রদায় ও উপজাতিদের জন্য এই সরকার কি করলেন বা কি প্রকল্পের মাধ্যমে এদের উন্নয়নের ব্যবস্থা করলেন বা কি করতে যাচ্ছেন এই রকম ধরনের কোন উল্লেখ রাজ্যপালের ভাষনে দেখতে পাচ্ছি না। এটা কি বিশেষ নজর দেবার লক্ষণ? আর একটা কথা হাউসের কাছে নিবেদন করতে চাই। ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়, তখন তারা ধরে নিয়েছিলেন যে, যে নীতি যাই করুন না কেন যুক্তফ্রন্ট সরকার তপশীল সম্প্রদায় ও উপজাতির জন্য কিছু করবেন না। আমি উদাহরণ দিয়ে বলছি, ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার গঠিত হয় তখন আমাদের কুচবিহার ডিষ্ট্রিকট ট্রাইবাল ওয়েলফেয়ার কমিটি গঠিত হয়। সেখানে একটা আশ্চর্য্য জিনিস লক্ষ্য করলাম। তুফানগঞ্জ মহকুমা থেকে ১৯৬৬ সাল পর্যন্ত তপশীলী শ্রেণীর লোক থেকে সেই কমিটিতে প্রতিনিধিত্ব করবার জন্য নেওয়া হত কংগ্রেস আমলে। কিন্তু ১৯৬৭ সালে তুফানগঞ্জ থেকে যে ব্যক্তিকে প্রতিনিধিত্ব করবার জন্য নির্বাচিত করা হল তিনি একজন অতপশীলী লোক। এতে আপত্তি বিশেষ নেই, কিন্তু আপত্তির বিষয় হচ্ছে এই যে তপশীল সম্প্রদায়ের লোক যারা প্রতি নিধিত্ব করবার অধিকার পেয়েছিল সে অধিকার থেকে তাদের বঞ্চিত করা উচিত হয় নি। কাজেই এই যে অধিকার সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবের যে রিপ্রেজেনটেশান তা থেকে বঞ্চিত করা এ থেকেই বুঝতে পাচ্ছেন যে যুক্তফ্রন্ট সরকারের সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবদের প্রকৃত কল্যাণ করার উদ্দেশ্য নেই। তারপর আর একটা কথা হচ্ছে সেটা ভাল কথা, অসামাজিক ব্যক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা হবে। কিন্তু আমরা কি দেখলাম? তাই আপনার মাধ্যমে হাউসের কাছে বলছি যে, আমি কুচবিহারের একজন উকিল। আমি দেখেছি সরকার বাহাদুর Criminal case withdraw করলেন, 447 মত অন্যান্য caseও ছেড়ে দিলেন। থালা বাসন সহ Redhanded ধরে এনে দিল, চার্জসিট হল, কিন্তু কিছু দিন পরে দেখা গেল কেস উইথড্রন, ব্যাপার কি? দেখা গেল, টুকাই বর্মন

C.P.M. এর লোক। তারপর ডাকাতি, রাহাজানি case এমনি করে অনেক case যেগুলি ঘৃণ্য অপরাধ বলে মনে করি ও অসামাজিক কাজ বলে মনে করি। এ সমস্ত মকর্দমা যুক্তফ্রণ্ট সরকার withdraw করার order দিলেন। তাহলে ঐ সরকারের যে প্রতিশ্রুতি অসামাজিক ব্যক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা হবে এ প্রতিশ্রুতি কোথায় থাকলো? আর একটা কথা হচ্ছে, কিছু দিন আগে Section 409, গম চুরির ব্যাপারে এবং আরো Saction দিয়ে মকর্দমা করা হয়েছে Special Tribunalএ বিচারের জন্য। order হয়েছে কিন্তু সরকারের পুলিস এমন পুলিস যে তার বিরুদ্ধে চার্জসিট দিলনা, ম্যাজিস্ট্রেট case ডিসমিস করে দিল। অথচ বিচারের জন্য গভর্ণমেণ্ট থেকে Special Tribunal এ ব্যবস্থা করা হয়েছিল। তাহলে এই যে গুণ্ডা বদমাইস যাদের বিরুদ্ধে চার্জসিট সাবমিটেড হয়েছিল সে সমস্ত লোকের বিরুদ্ধে মকর্দমা withdraw করে নেওয়া হল। আমার নিবেদন হচ্ছে যারা ভোট দিয়েছিলো তারা তো এ সব বিচার করে ভোট দেয় নি এবং আরো লক্ষ্য করেছি যে প্রতিকার পাবার জন্য যারা মোকর্দমা করেছিল তারা প্রতিকার পায় নি। স্যার, ডেমক্রেসি সম্বন্ধে একটা সুন্দর কথা শুনলাম, আগে ডেমক্রেসি ছিল Government of the people, by the people, for the people। এখন Government of the C.P.M. supporters, Government by the C.P.M. supporters, and Government for the C.P M. supporters. এই তো অবস্থা।

[ 4-55-5-05 p.m. ]

দ্বিতীয় কথা হচ্ছে উদ্বাস্তুদের উন্নয়নের জন্য সরকার কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন দেখতে পাচ্ছি। কিন্তু একটা নিবেদন করছি যে, ১৯৬৮ সালে আমাদের কুচবিহারের তুফানগঞ্জে ভীষণ বন্যা হয়ে গিয়েছে। এমন জায়গায় বন্যা হল যে সেখানে বেশিরভাগ উদ্বাস্তু বাস করতেন। রামপুর, ভেলুক-মারী, খলিমারী, মহেশকুটি প্রভৃতি জায়গায় উদ্বাস্তুরা সাধারণত বসবাস করতেন। তারা জংগল কেটে সেই সব জায়গায় বাস করতে আরম্ভ করলেন। কিন্তু দেখা গেল ১৯৬৮ সালের বন্যায় সমস্ত বাড়ী ঘর ভেসে নষ্ট হয়ে গেল। তারা দু দুবার উদ্বাস্তু হলেন। এই সমস্ত ব্যক্তিরা কিছু কিছু সরকারী সাহায্য পেলেন। কিন্তু বর্তমানে তাদের অবস্থার কথা আপনার মাধ্যমে নিবেদন করছি। তারা নুতন করে উদ্বাস্তু হলেন। তাদের জমি জমা, বাড়ী ঘর সব ভেসে গেল। এখন এক এক সংগে ৭০/৮০ জনকে কলোনীতে বাস করতে হচ্ছে। হালের গরু নেই, এদের মধ্যে অধিকাংশই কৃষক। তাদের জমি নেই, তার উপর সরকারের জি, আর, নেই। তারা ভাবছেন নতুন করে উদ্বাস্তু হয়ে গেলাম। আজকে নিবেদন করছি যে, সরকারকে সাহায্য দিতে হবে। শুধু কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে, শুধু রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য সব কিছুর ব্যবস্থা না করে, রাজ্য সরকারের করণীয় কাজ কিছু আছে তা করতে হবে। এগুলো করবার ব্যবস্থা করতে হবে এবং তা যদি করতে পারেন তবে যুক্তফ্রণ্ট সরকার নিশ্চয় জনসাধারণের সমর্থন পাবেন।

আর একটা কথা বলব। বার বার বিরোধী পক্ষকে সরকার পক্ষ থেকে বলা হয়েছে যে দোষ ত্রুটিগুলো বিশেষ করে এবং বড় করে বলা হয়েছে। আমি বলছি তা নয়। দোষ ত্রুটি দেখিয়ে সরকারের জ্ঞান চক্ষুর উন্মিলনের চেষ্টা করা হয়েছে।

**শ্রীপান্নালাল দাশগুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের বক্তৃতার উপর ধন্যবাদ-জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমি একটি কথা বলছি। তৃতীয় নম্বর অনুচ্ছেদে রাজ্যপাল বলেছেন, 'আজ ভারতবর্ষে আমরা দ্রুত পরিবর্তনের মধ্য দিয়ে চলেছি। জনগণ অগ্রগতির পথে এগিয়ে চলেছেন, কিন্তু পূর্ণ গণতন্ত্রের পথে তাঁদের অগ্রগতি আমাদের অভ্যস্ত কতকগুলি পুরানো পদ্ধতি ও সম্পর্কের অবসান ঘটাচ্ছে এবং তার পরিবর্তে নতুন পদ্ধতি ও সম্পর্কের অভ্যুদয় ঘটছে।' এটা সময়ের মূল্যায়ন হিসাবে খুব একটা উপযুক্ত কথা। এই দ্রুত পরিবর্তনশীল পরিস্থিতিতে

আমাদের কতগুলো জিনিষের মৃত্যু ঘটবে এবং আশা করব কতকগুলো নতুন জিনিষের জন্ম হবে। এই যে মরে যাওয়ার ব্যাপারটা ঘটছে তাতে আমাদের পশ্চিমবাংলায় কেন গোটা ভারতবর্ষে একটা ছবি ফুটে উঠেছে। এই পশ্চিমবাংলার গ্রামদেশে একটা বড় রকমের ভূমিকম্প ঘটে গিয়েছে এবং একথা বলে বলব এই ভূমিকম্প বাংলাদেশের গ্রামদেশে যত ঘটেছে, শহরে ততটা নয়। শহর কলকাতায় যেসব হাঙ্গামা ঘটেছে তা যুক্তফ্রন্ট সরকারের আগে, যা ঘটেছিল তার তুলনায় এখনকার হাঙ্গামা অতি কম। এমনকি শ্রমিকদের মধ্যেও এত জাগরণ আসে নি, যত জাগরণ গ্রামদেশের নীচু তলার লোকদের মধ্যে এসেছে। এইটা একটা মস্তবড় ফ্যাকটার। এটা দেখবার বিষয় যে এই যে ভূমিকম্প এসেছে সেটা শ্রেণীবিভক্ত সমাজে কিভাবে রিঅ্যাক্ট করছে।

একদিকে আমরা দেখি নীচুতলার মানুষ যারা হাজার হাজার বছর ধরে নির্যাতীত ছিল তারা নানান প্রশ্ন নিয়ে অগ্রসর হচ্ছে। যদিও খাসজমি উদ্ধার, বেনামী জমি আবিষ্কার ইত্যাদি গুলি নিয়ে ৩ লক্ষ একর জমি পাওয়ার ব্যাপার নিয়ে হাঙ্গামার সৃষ্টি হচ্ছে। বাংলাদেশের ১ কোটি ২০ লক্ষ একর জমির ভেতরে ৩ লক্ষ জমি পাওয়া যাওয়ার দিক থেকে মস্ত বড় কথা নয়। কিন্তু যেটা মস্ত বড় কথা সেটা হচ্ছে ক্রমশঃ গ্রামদেশে নীচুতলার লোকগুলি সামনে এগিয়ে আসছে। তাদের চলাফেরার ভঙ্গী আমি নিজে দেখেছি এবং এটা একটা দেখবার মতন জিনিষ। কিন্তু সঙ্গে সঙ্গে এটা দেখেছি যে মধ্যবিত্ত শ্রেণী যাদের হাতে জমি এবং যারা অপেক্ষাকৃত সমৃদ্ধ চাষী ভয় পেয়ে গেছে। এটা একটা factor এবং তাতে দেখা যায় মধ্যবিত্ত শ্রেণী ও নীচুতলার লোকদের মধ্যে দূরত্বটা ক্রমশঃই বেড়ে যাচ্ছে। সেটা সম্বন্ধে কি নীতি হবে এটা আমরা জানি। বেনামী ও খাসজমি আমাদের বের করতে হবে। এটা বার করলে মোট জ 3/5% Land আমরা ভূমিহীনদের মধ্যে বিতরণ করব। আমরা জানি মোট জমির শতকরা ৯৫ ভাগ জমির ফসল হয় এবং ৯৫ ভাগ জমি চাষের যারা প্রকৃত মালিক তারাই কেটেছেন—এ বিষয়ে কোন সন্দেহ নেই। যদিও মাত্র ৩ লক্ষ একর জমির ধান নিয়ে যে dispute ছিল, তা নিয়েই আইনসঙ্গত বা আইন বহির্ভূত সংগ্রাম হয়েছে কিন্তু confidence-এর ক্ষেত্রে সারা পশ্চিমবাংলার গ্রামদেশেই ভাঙন দেখা দিয়েছে। এ সমস্ত গ্রামে এর ফলে আগামী চাষের কাজ ভাল হবে না। কারণ যারা জমিতে সার বীজ ইত্যাদি দিতে চায় তারা একটু ভয়ে ভয়ে আছে এবং এমন ভাবে আতঙ্ক ছড়িয়ে যাচ্ছে যে তা যতটা সম্ভব দূর করা দরকার। শ্রেণী সংগ্রামের অর্থ এই নয় যে একমাত্র নীচুতলার লোকই খালি রাজত্ব করবে, আর কোন শ্রেণীর স্থান নেই। এমন ধরনের যুক্তি লেনিনবাদে, মার্কসবাদে নেই। Dictatorship of the proletariat-ও একথা বলে না একমাত্র শ্রমিক শ্রেণীই রাজত্ব করবে। একটা শ্রেণীর রাজত্বকে dictatorship of the proletariate বলে না। গ্রামদেশে নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত শ্রেণী যারা আছে তাদের সঙ্গে নীচুতলার মানুষের মধ্যে আবার একটা সম্পর্ক স্থাপন করতে হবে। এই ভূমিকম্পের পর নূতন ভিত্তির উপর একটা উৎপাদন ও বন্টন ব্যবস্থা করতে হবে, পুরাণ ভিত্তির উপর এটা চলতে পারে না। কি ধরনের relation হতে পারে? একটা পুরানো প্রথা নষ্ট হয়ে যাচ্ছে। একটা নূতন জিনিষের অভ্যুদয় কি ভাবে হবে সে সম্বন্ধে আমি একটা suggestion দিচ্ছি। আমরা জানি ভূমি সংস্কারের জন্য বড় বড় আইন আসছে, আরও detailled আইন আসছে। কিন্তু আইনের দ্বারা নতুন সমাজ সৃষ্টি হয় না। আইন কতকগুলি বাধা দূর করতে পারে। মানুষের সহযোগিতা, ইচ্ছা ও প্রেরণার মধ্য দিয়েই নতুন সমাজ আমাদের তৈরী করতে হবে। গ্রামদেশে বিভিন্ন শ্রেণীর এই দূরত্ব দূর করার জন্য আমি একটা প্রস্তাব গ্রামের লোকদের দিয়েছি। সেটা ওঁরা সহানুভূতির সঙ্গে শুনেছেন। আমি বলেছি প্রতি জমির মালিক তার গ্রাম্য সমবায়ের হাতে তার জমির একটা অংশ দিয়ে দিক আর ওরা যারা ক্ষুদ্র ক্ষুদ্র জমির মালিক তারাও সমস্তটাই দিয়ে দিক। তার মানে প্রত্যেক গ্রামে একটা করে Private sector এবং একটা করে co-operatiove sector তৈরী হোক। Co-operative sector-এও ব্যাপকভাবে তৈরী হোক যাতে গ্রামের সব লোক কোন না কোন ভাবে তার সঙ্গে জড়িত থাকবে। এমন একটা system বার করতে হবে যাতে সমস্ত

াকাকে একত্র involved করতে পারা যায়। এইভাবে যদি সবার স্বার্থের একটা ঐক্য ভূমি এবং াই co-operative sector-কে যদি সমস্ত শক্তি, মন প্রাণ দিয়ে সকলের, দেশের স্বার্থে আমরা ড় করে তুলতে পারি তাহলে Private sector-এর চেয়ে এটা বেশী লাভবান হবে।

কো-অপারেটিভ সেকটারকে যদি বড় করা যায় তাহলে অধিকতর লাভবান করা যায়। তার বিধা কতকগুলি আছে। আমাদের ব্যাংকিং ফিনান্স বা কো-অপারেটিভ ব্যাংক বা ষ্টেটহের ালিকে একত্র মবিলাইজ করে, নানা রকম ইনডিউসমেন্ট তৈরী করে এবং কিছুটা প্রেসার তৈরী রে আমরা কো-অপরেটিভ সেকটারটাকে বড় করতে পারি। এইভাবে হয়ত আমরা অগ্রসর হতে ারি। আর একটা জিনিস আমরা দেখছি যাকে নূতনের জন্মের স্থান বলা চলে। এই যে গ্রামদেশে ান কাটাকাটি হল, গরীব কৃষকরা যেয়ে দলে দলে ধান কেটে নিয়ে এসে একখানে জড় করেছিল াদের কাছে আমি নিজে জিজ্ঞাসা করেছি যে এই ধানটাকে তোমরা কি করবে, কেমন করে বিলি ন্দোবস্ত করবে। যাদের সামান্য জমি তাদেরকে আমি একথা বলি যে তোমরা প্রতি গ্রামে একটা রে ধর্মগোলা তৈরী কর। এই ধান কাটা ও কোথাও সঞ্চিত করা যদিও ন্যায়সঙ্গত হতে পারে ন্তু এটা হয়তো আইনসঙ্গত নয়। কিন্তু আমরা বিধান সভায় গিয়ে এমন ধরণের আইন তৈরী রতে চাই যাতে প্রতি গ্রামে একটা করে ধর্মগোলা বা গ্রেণ গোলা তৈরী হয় এবং সেই গ্রেণ গালাগুলি ধীরে ধীরে দরিদ্র চাষীদের জন্য ব্যাংক গোলা হিসাবে চালু করা যায়। কো-অপরেটিভ ডপার্টমেন্ট থেকে এমনভাবে আইন পাশ করা যেতে পারে যাতে প্রতি গ্রামে একটি করে এই রণের ধর্মগোলা হবে এবং সেখানে লেভির জন্য যে ধান আমরা তুলে নিই তার ১০ পার্সেন্ট, কি ৫ পার্সেন্ট গ্রাম্যগোলায় রাখতেই হবে, এমন একটা নিয়ম করা যেতে পারে। এইভাবে আমরা দি অগ্রসর হই তাহলে এই যে ছোট ছোট ভূমিকম্পের মধ্যে দিয়ে একটা বৈপ্লবিক অভ্যুত্থানের চহারা আমরা দেখছি তার মধ্যে দিয়ে জনসাধারণে একটা নূতন জিনিস বা তাদের নিজেদের প্রচেষ্টায় তৈরী হয়ে এসেছে তাকে আইনে এনে এবং র‍্যাশনালাইজ করে, ষ্টেট রিকগনিশন এনে াদের সিসটেমেটাইজ করে ফেলতে পারলে আমরা অন্য দিক থেকে গ্রামবাসীকে এগিয়ে নিয়ে যতে পারবো। লালবাতি জ্বলে গিয়েছে আমি এই কয়েকটি কথা বলে গভর্ণরের বক্তৃতাকে মর্থন জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ সোহরাব:** মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং ার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে আমি তার তীব্র বিরোধিতা করছি। বিরোধিতা রছি এইজন্য যে তাঁর ভাষণ যুক্তফ্রন্ট সরকারের গত বৎসরের কার্যাবলী এবং আগামী বৎসরের য কার্যসূচী দেওয়া হয়েছে বাস্তবের সংগে তার কোন মিল নেই, এটা অসত্য এবং অলীক। াজকে ধরে গত তিন দিন থেকে তাঁর ভাষণের উপর যে আলোচনা চলছে সেটা থেকে এটা স্পষ্ট প্রমাণিত হয়েছে যে বাংলাদেশে আজকে আইন শৃঙ্খলার অবনতি হয়েছে। আমাদের তরফ থকে আমরা চিত্রগুলি তুলে ধরেছি। যুক্তফ্রন্টের অনেক শরিক এটা স্বীকার করেছে এবং যারা াই নাটের গুরু, এই অবনতির একমাত্র কারণ, যারা মার্কসিষ্ট কম্যুনিষ্ট দল তারাও স্বীকার করেছে যবশ্য প্রত্যক্ষভাবে নয়, পরোক্ষভাবে এবং তার নাম দিয়েছে শ্রেণী সংগ্রাম, গণজাগরণ। কিন্তু এটা সকলের কাছেই স্বীকৃত হয়েছে যে বাংলাদেশে আইন শৃঙ্খলার অবনতি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি মার্কস সাহেব বেঁচে থাকতেন তাহলে তার এই সমস্ত ফলোয়াররা এই ার্কিজিমের যে অবস্থা বাংলাদেশে সৃষ্টি করেছে তাতে আমার মনে হয় যে তাকে লজ্জায় মাথা হেঁট রতে হোত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন শৃঙ্খলা নিয়ে, এই গণজাগরণ নিয়ে শ্রেণী সংগ্রাম রছেন। আমরা এলাকায় যে বিড়ি শিল্প যা সারা বাংলাদেশে বিখ্যাত, শুধু বাংলাদেশে কেন ারা ভারতবর্ষে বিখ্যাত, সেখানে এই বিড়ি শ্রমিকদের মধ্যে হিংসা, দ্বন্দ্ব আরম্ভ করিয়ে দিয়ে, শ্রমিকে শ্রমিকে মারামারি করে যুক্তফ্রন্টের বিভিন্ন শরিকদল এই শিল্পকে আজকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছেন।

স্যার, এরপর আমি শিক্ষা জগতে যে অরাজকতা চলেছে সেই সম্বন্ধে আমার বক্তব্য পেশ করবার চেষ্টা করবো।

মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে অযোগ্যতা দূর করবার জন্য এবং বিদ্যালয়গুলির পরিচালনার উন্নতি সাধনের জন্য আমার সরকার পরিচালন সংক্রান্ত নিয়মাবলী সংশোধন করেছেন। এই যে ভাষণ এটা যে কত বড় ধাপ্পাবাজী তার আর শেষ নাই। পুরানো নিয়মে যে ম্যানেজিং কমিটি তৈরী হত তার পরিবর্তন করে যে নূতন নিয়মাবলী করেছেন এর ফলে আমার মনে হয় পরিচালনার ক্ষেত্রে একটুও উন্নতি হবে না, হবে শুধু দলাদলি আর দলবাজী। এবং আমরা জানি মাননীয় শিক্ষামন্ত্রী এটাই চান। আমি এই প্রসংগে বলতে চাই নিয়মাবলীতে ১২ জনের কমিটি করা হয়েছে, তাতে আগে যে সেক্রেটারী থাকত এখনও সেক্রেটারী করা হবে, অপরপক্ষে গ্রামের মধ্যে এই শিক্ষা নিয়ে দলাদলি করবার জন্য পার্সেন ইন্টারেস্টেড, ইন এডুকেসন ক্যাটাগারিতে মাত্র দশ জনের সংখ্যার কথা বলা হয়েছে। এর ফলে প্রত্তিটি জায়গায় কোন্ দশজনকে নেয়া হবে এই নিয়ে দলাদলির সৃষ্টি হচ্ছে। তাছাড়া যদি কেউ দশ হাজার টাকা জমা দেন তাহলে লাইফ মেম্বার হবেন। তাহলে পার্সেন ইন্টারেস্টেড ইন এডুকেসন এই ক্যাটিগরী বিলুপ্ত হবে। অপরপক্ষে ডোনার ক্যাটিগরী পুরাতন নিয়মে বাদ যেত। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তা ছাড়া এই যে তাড়াহুড়া করে যে নিয়মাবলী চালু করা হল তা বোর্ড অব সেকেণ্ডারী এডুকেসন-এর নামে প্রত্তিটি স্কুলে পাঠান হচ্ছে। আপনি আশ্চর্য হবেন কোন বোর্ডের সভায় এই নিয়মাবলী বা রুল্‌স এ্যাপ্রুভ করা হয়নি, এমন কি প্লেস করা পর্যন্ত হয় নি ফর কনসিডারেসন। স্যার, আজকে তাই আমরা দেখতে পাচ্ছি শিক্ষা জগতে কেবল দলবাজী আর নৈরাশ্যের সৃষ্টি হচ্ছে। সরকার পক্ষের মাননীয় সদস্য কাশীকান্ত মৈত্র মহাশয় প্রশ্ন করেছিলেন তার উত্তরে বলা হয়েছে ২৩৮টি ম্যানেজিং কমিটি সুপারসীড করা হয়েছে। শিক্ষামন্ত্রী স্বীকার করেছেন যে তাঁরই রেকমেণ্ডেসনে বোর্ড করেছেন। বোর্ড মানে কি সেই শিক্ষা দপ্তরের মনোনীত বোর্ডের প্রেসিডেণ্ট? ২৩৮টি ম্যানেজিং কমিটি সুপারসীড করা হয়েছে এই ৭ মাস ধরে কিন্তু কোন বোর্ডের মিটিং-এ এগুলি প্লেস করা হয়নি। আমরা জানি প্রেসিডেণ্টের ইমার্জেন্সী পাওয়ার আছে সত্য, কিন্তু আনলিমিটেড টাইমের জন্য নয়? তাঁকে লিমিটেড পিরিয়াডের ইমার্জেন্সী অ্যাকটিভিটিজ য়্যাপ্রুভ করিয়ে নিতে হবে, কিন্তু আজ পর্যন্ত তা করা হয়নি। নন-অফিসিয়াল যে সমস্ত য়্যাডমিনিষ্ট্রেটর করা হয়েছে তাদের সকলকেই গ্রাজুয়েট হতে হবে, কিন্তু আমি আপনার সামনে প্লেস করছি যে তিনি কি বলতে পারেন যে ২৪ পরগণার সুখচর কে. সি. বিদ্যায়তনের য়্যাডমিনিষ্ট্রেটর তিনি কোন বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট? আমরা জানি তিনি একজন ম্যাট্রিকুলেট এবং এও জানি দলাদলি এবং দলবাজীর জন্য তাঁকে অ্যাডমিনিষ্ট্রেটর করা হয়েছে। আপনি স্যার, দেখতে পাবেন যে ২৩৮টি যে ম্যানেজিং কমিটি সুপারসীড করা হয়েছে নন-অফিসিয়াল য়্যাডমিনিষ্ট্রেটর দিয়ে তাদের মধ্যে সকলেই হয় এ. বি. টি. এ-র মেম্বার না হয় সি. পি. এম-এর সাপোর্টার। স্যার শিক্ষাক্ষেত্রে দুর্নীতি সম্বন্ধে আরো ২।১টি উদাহরণ আমি দিচ্ছি। শিক্ষক নেতা সন্তোষ ভট্টাচার্যকে আহিরীটোলা বংগ বিদ্যালয়ের হেড মাষ্টার নিযুক্ত করেন, রাজনৈতিক কারণে তাঁকে য়্যাপয়েণ্টমেণ্ট দেয়া হয়েছিল। সেখানকার হেড মাষ্টার হাইকোর্টের থেকে রুল পান, তখন উপায় না দেখে সন্তোষবাবুকে টিচার ইন চার্জ করে য়্যাপয়েণ্টমেণ্ট দেয় হয়। তাঁকে এইভাবে রাতারাতি য়্যাপয়েণ্টমেণ্ট দেয়া হোল। কিন্তু স্যার, আপনি জানেন যে কোন ভ্যাকান্সী হলে ৬০ টাকার উপর যদি মাইনা হয় তাহলে পেপার য়্যাডভারটাইজ করতে হয় কিন্তু এখানে সেসব কিছুই করা হল না, তাঁকে টিচার ইন চার্জ করে দেয়া হয়। কিন্তু স্যার, আমরা জানি এই সন্তোষবাবু এখনও মুর্শিদাবাদ জেলার একটি স্কুলে পার্মানেণ্ট ভাকান্সীতে নিযুক্ত আছেন যদিও আইনানুসারে একজন শিক্ষক দুটি স্কুলে থাকতে পারেন না লিভে থাকলেও তিনি সার্ভিস করতে পারেন না—এই হচ্ছে প্রেজেণ্ট রুল, কিন্তু তাঁর ক্ষেত্রে কিছুই মানা হয় নি। তারপরে স্যার, আপনি দেখছেন আজকে বিদ্যালয়ে বিদ্যালয়ে প্রধান শিক্ষক

শিক্ষিকাদের ঘেরাও করা হচ্ছে এবং তাঁদের রেজিগনেশন দিতে বাধ্য করা হচ্ছে। সকলে তো আর হাইকোর্টে যেতে পারেন না। অনেক জায়গায় আবার হাইকোর্ট থেকে রুল পেলেও অ্যাডমিনিস্ট্রেটর তাঁদের কাজে যোগদান করতে দেন না, দিলেও তাঁদের মাইনা দেয়া হচ্ছে না। আমরা জানি সুখচর কে. সি. বিদ্যায়তনে এই রকম অবস্থা হয়েছে।

[ 5-15—5-25 p. m. ]

জোর করে প্রধান শিক্ষকের কাছ থেকে যখন resignation নেওয়া হয়েছিল, তখন সেখানে যে কমিটী ছিল, সেই কমিটী তা accept করেন নাই। তারপর রাতারাতি ঐ কমিটীর স্থলে এক ম্যাট্রিকুলেট C. P. (M.) ভদ্রলোককে Administrator নিযুক্ত করে সেই resignation accept করা হলো। তারপর হাইকোর্ট থেকে তিনি যখন রুল পেলেন তাঁকে আবার স্কুলে যোগদান করতে দেওয়া হলো সত্য, কিন্তু অদ্যাবধি ৭।৮ মাসের বেতন তাঁকে দেওয়া হচ্ছে না।

আর একটী ঘটনা—নবদ্বীপের তারাসুন্দরী বিদ্যালয়ের হেডমিস্ট্রেসকে নিয়ে যে রাজনীতির খেলা চলছে, সে কথা বোধ হয় আপনিও জানেন।

এই শিক্ষাক্ষেত্রে বাংলাদেশে আজ একটা দলবাজি চলছে। ফলে শিক্ষাক্ষেত্রে এক নৈরাজ্য বিরাজ করছে। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন শিক্ষাকে নিয়ে আর দলবাজি না করেন। তিনি তো বহুদিন ধরে শিক্ষা সম্পর্কে, শিক্ষক সমাজের আন্দোলনে নেতৃত্ব দিয়ে এসেছেন। মন্ত্রিত্ব পাবার আগে শিক্ষাকে রাজনীতির ঊর্দ্ধে রাখতে হবে বলে চীৎকার করে বলেছেন। শিক্ষাক্ষেত্রে freedom first, freedom second and freedom last ইত্যাদি বড় বড় কথা বলেছেন। আজ গদি পেয়ে সে সব আগেকার বড় বড় বুলি সব ভুলে গিয়ে শিক্ষাক্ষেত্রে দলবাজির অনুপ্রবেশ ঘটিয়েছেন। তাই আজকে আপনার মাধ্যমে তাঁকে বলবো শিক্ষকদের বিভিন্ন দাবীদাওয়া এবং শিক্ষাক্ষেত্রে আরো অনেক আবশ্যকীয় জিনিষ যা আজও পূরণ হয় নাই, শিক্ষার উন্নতি করতে গেলে যা একান্ত দরকার, তিনি সেই জিনিষগুলি পূরণ করবার দিকে এগিয়ে আসুন এবং শিক্ষাক্ষেত্রে একটা শান্ত পরিবেশ সৃষ্টি করবার ব্যবস্থা করুন। আজকে আমরা কি দেখছি? আগেকার দিনে Grant in aid, Teacher's dearnes allowance যেমন ছিল, আজও তেমনি হয়েই আছে। তিনি তো বহুদিন ধরে শিক্ষা ও শিক্ষকদের আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন। আজ ১১ মাস গদীতে বসে তিনি সেই সবের কী improvement করেছেন? ১৯৬২ সাল থেকে যে মেমো বাকী পড়ে আছে, কোটী কোটী টাকা স্কুলের শিক্ষকরা পাচ্ছে না, তার জন্য কোন ব্যবস্থা তিনি আজ পর্যন্ত করতে পারেননি। তিনি class viii পর্য্যন্ত অবৈতনিক শিক্ষাব্যবস্থা প্রবর্তন করবেন বলেছেন, তার জন্য তাঁকে সাদর Welcome করছি। এটা প্রবর্তন করবার আগে একটা কাজ করা জরুরী প্রয়োজন। সেটা হচ্ছে, যে সমস্ত স্কুল recognition-এর জন্য দরখাস্ত করেছে তাদের এখনো তিনি recognition দিচ্ছেন না। সেই সমস্ত স্কুলের ঘরবাড়ী সব তৈরী হয়েছে, প্রয়োজনীয় ছাত্রসংখ্যা আছে, শিক্ষক প্রভৃতি আছে, অথচ আজ তাদের recognition দেওয়া হচ্ছে না। এটা কি শিক্ষা expansion হচ্ছে? তাঁকে দেখতে হবে যাতে শিক্ষাক্ষেত্রে একটা সুন্দর সুষ্ঠুরূপ বাংলাদেশে ফুটে ওঠে। এই দিকে তাঁকে দৃষ্টিপাত করতে হবে।

শিক্ষাক্ষেত্রে দলবাজি করবার কোন স্থান নাই। তাই আপনার মাধ্যমে সেদিকে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বহুলোক বহু শিক্ষাবিদ স্বীকার করেছেন, এমন কি আমাদের মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন যে শিক্ষা ক্ষেত্রে একটা নৈরাজ্য সৃষ্টি হয়েছে এবং দলবাজির ফলে শিক্ষাক্ষেত্রে একটা অশান্ত পরিবেশ সৃষ্টি হচ্ছে। শিক্ষাক্ষেত্রে যে দুর্নীতি ঢুকেছে' তা দূর করবার জন্য শিক্ষাকে রাজনীতির ঊর্দ্ধে রাখা একান্ত প্রয়োজন। যাতে করে বাংলাদেশের ছোট ছোট ছেলেমেয়েরা ভবিষ্যতে যারা আসছে তারা সুনাম ও সুশৃঙ্খলার সঙ্গে এগিয়ে যেতে পারে।

রাজ্যপালের ভাষণের মধ্যে এই সমস্ত প্রসঙ্গে কোন আলোকপাত করা হয় নাই বলে এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য এইখানে শেষ করছি।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় রাজপালের ভাষণকে সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে এই কক্ষে কিছু নিবেদন করছি। যুক্তফ্রণ্ট গঠিত হয়েছিল বাংলাদেশের নির্যাতিত মেহেনতী মানুষের আশা আকাঙ্খাকে মূর্ত করতে। আমাদের মধ্যে অনেক দলাদলি, আমাদের রাজনৈতিক চিন্তাধারার পার্থক্য থাকা সত্বেও ৩২ দফা কর্মসূচীর ভিত্তিতে সাধারণ মানুষের অবস্থাকে উন্নত করবার জন্য আমরা যুক্তফ্রণ্ট সরকার গঠন করেছিলাম। ৩২ দফা কর্মসূচীর ভিত্তিতে আমরা সাধারণ মানুষের কাছে গিয়েছিলাম এবং ঐ দলে ওঁরা ছিলেন তখন ১২৭—আজ সাধারণ মানুষের যুক্তভাবে আন্দোলন এবং যুক্তভাবে আমাদের কার্যক্রম ঘোষণার জন্য ওঁরা ৫৫তে পরিনত হয়েছেন। সেজন্য আজকে ওঁদের এত উল্লসিত হবার কারণ নেই। আমি আবার বলছি যে আমাদের যে ৩২ দফা কর্মসূচী সেই কর্মসূচীর কতকগুলি কার্যক্রম অনুসরণ করেছি কিন্তু সময়বদ্ধ যদি তাকে না করতে পারি, টাইম বাউণ্ড যদি তাকে না করতে পারি তাহলে মানুষের আশা আকাঙ্খাকে আমরা মূর্ত করতে পারব না, নৈরাশ্যে তাদের হৃদয় ভরে যাবে। সেজন্য আমি মনে করি রাজ্যপালের ভাষণে অন্ততঃ আমাদের কার্যক্রমের একটা সময়বদ্ধতা থাকা উচিত যে কোন মাসের মধ্যে তা হবে। দ্বিতীয়তঃ গতবারের রাজ্যপালের ভাষণের সাথে এবারকার রাজ্যপালের ভাষণের একটা পার্থক্য আছে—সেটা হল কেন্দ্রীয় সরকারের প্রতি আমাদের কি মনোভাব হবে। গতবারের রাজ্যপালের ভাষণে পরিষ্কার ছিল যে আমরা কেন্দ্রের সাথে অর্থ ছিনিয়ে আনতে আমাদের অধিকার প্রতিষ্ঠা করতে আমরা সক্রিয়ভাবে মোকাবিলা করব। এবং জনসাধারণকে সেইভাবে আমরা আহ্বান জানিয়েছিলাম কিন্তু এবার সুর অনেক নরম কেন তা জানি না। বোধ হয় ভারতে কংগ্রেসী দলের মধ্যে ভাঙ্গন লেগেছে বলে। আজ ইন্দিরাগান্ধী প্রগতিশীলতার নামাবলী গায়ে দিয়ে ময়দানে এসে দাঁড়িয়েছেন, কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের বিবেচনা করবার সময় এসেছে। আজকে আমেদাবাদ এবং বোম্বাই দুটো অধিবেশনে এ. আই. সি. সি ১০ দফা প্রোগ্রামের কথা ঘোষণা করেছে। ব্যাঙ্কের সীমিত জাতীয়করণ ছাড়া অন্যান্য বড় বড় কথা যা বলেছিলেন তা কিছুই কার্যকরী হয় নি। বোম্বাই অধিবেশন থেকে ফিরে এসে ইন্দিরাগান্ধী গোয়ায় সারের কারখানা স্থাপন করবার ব্যবস্থা করেছেন, একই সাথে লিভার ব্রাদার্সের বনস্পতির মূল্য বৃদ্ধি করবার ফতোয়া দিয়েছেন, টাটা কোম্পানী তাদের ষ্টীলের দাম বাড়িয়েছে। আজকে আমরা দেখি ইন্দিরাগান্ধী পশ্চিমবাংলায় দলীয় কাজে আসছেন তারজন্য তারকেশ্বর লাইনে ১।।. লক্ষ টাকা খরচ করা হচ্ছে রাস্তাগুলি ভাল করে তৈরী করতে এবং জায়গায় জায়গায় কাঁটা তার দেয়া হচ্ছে, যাতে দর্শকরা সেখানে যেতে না পারে তার ব্যবস্থা করা হচ্ছে। একথা আমি বলছি যে আজকে আমাদের সক্রিয়ভাবে মোকাবিলা করতে হবে কেন্দ্রের সাথে যে সংবিধান আমাদের সাধারণ মানুষের মৌলিক অধিকারের পথে এবং ভূমি এবং অন্যান্য সমস্যার সমাধানের পথে অন্তরায় হয়ে আছে যার ফলে চারিদিকে ইনজাংসন চলছে। সেজন্য কেন্দ্রীয় সরকারের সাথে মোকাবিলা করবার জন্য আমাদের জনতার কাছে আহ্বান জানাতে হবে। তারপর আমরা আমাদের সাফল্যের কথা বলেছি জমির খাজনা মকুব, বাংলাভাষা প্রবর্তন, কয়েক লক্ষ বিঘা জমি উদ্ধার, ভূমিহীন গরীব চাষীদের মধ্যে ভূমি বণ্টন, ট্রেড ইউনিয়ন প্রথা প্রবর্তন এবং সাম্রাজ্যবাদীদের মূর্তি অপসারণ প্রভৃতি ব্যাপারে আমরা সাফল্য অর্জন করেছি কিন্তু এর সাথে আরো যে সমস্ত কার্যক্রম আছে তা সময়বদ্ধ করা দরকার। আমাদের রাজ্যপালের ভাষণের আর একটা ক্রটির কথা আমি তুলে ধরতে চাই। সেই ক্রটিটাকে হয়ত রূপরেখা দেওয়া হয়েছে কিন্তু সেই ক্রটিটা আমাদের দেখা দরকার—সেটা হয় গ্রাম বাংলার সাথে সহরের আয়ের তারতম্য অর্থাৎ কৃষিজাত দ্রব্য এবং শিল্পজাত দ্রব্যের মধ্যে সমতা রাখার

ব্যাপারে। আমি উদাহরণ দেব—চটকলের শ্রমিকদের ৩০ টাকা থেকে ৩৫ টাকা মজুরী বৃদ্ধি করেছেন কিন্তু তাতে মালিকের কি হয়েছে? একটা চটকলে সমস্ত ব্যয়ের মধ্যে কাঁচাপাটে শতকরা ৫৮ ভাগ লাগে এবং শ্রমিক, কর্মচারীদের বেতন প্রভৃতি নিয়ে ১৩ ভাগ লাগে। শ্রমিকদের বেতন প্রভৃতি বাড়ানোর জন্য মালিকদের কিছু আসে যায় না, তারা সেই টাকা সুকৌশলে তুলে নেয়।

[ 5-25—5-35 p.m. ]

অতএব আমি বলব যে আজকে পাট চাষীরা নিদারুণ অসহায় অবস্থার মধ্যে পড়েছে। আজকে গ্রাম বাংলা যুক্তফ্রন্টের দিকে তাকিয়ে আছে। গ্রাম বাংলায় শুধু পাটের নিম্নতম দাম ঠিক করলেই চলবে না, তার সাথে সাথে কেনা বেচার মধ্য দিয়ে মালিক এবং মালিকের দালাল যে সমস্ত বড় ধনী লোক রয়েছে তাদের যদি আজকে সরকার নিয়ন্ত্রিত করতে না পারে তাহলে একদিকে যেমন শ্রমিকদের মজুরী বৃদ্ধি পাবে তেমনি আর এদিকে দেশের সাধারণ চাষীদের একটা বড় অংশ সেই পাটের দাম দিনের পর দিন কমে যাবে। আমি বক্তব্য শেষ করার আগে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের যে ভূমি নীতি, আমরা যারা শ্রেণী সংগ্রামে বিশ্বাস করি তাঁরা এটা জানেন যে আজকে গ্রামাঞ্চলে শ্রেণীস্তর ঠিকমত করে বিশ্লেষণ করতে হবে। আমি মনে করি গ্রামের দিকে সবচেয়ে বড় শ্রেণী শত্রু হচ্ছে সুদখোর মহাজন, বড় বড় জোতদার। তাই আজকে ভূমিহীন চাষী, ভাগচাষী, ছোট ছোট জোতচাষীদের নিরাপত্তার জন্য বড় বড় জোতদার, সুদখোর মহাজনদের হাত থেকে টেনে নিয়ে আসতে হবে। আমাদের আজকে এই রাজনৈতিক চিত্র পরিষ্কার থাকা সত্ত্বেও, বিভিন্ন শরিকদল শ্রেণী সংগ্রামে লিপ্ত থাকা সত্ত্বেও এই কথা অস্বীকার করলে চলবে না যে শ্রেণী সংগ্রামের ভিতর দিয়েই সত্যিকারে কৃষক, শ্রমিকদের স্বার্থ রক্ষিত হবে। আজকে এই কথা অস্বীকার করলে চলবে না আমাদের পার্টি সত্যিকারের মেহনতী মানুষের সাথে দিনের পর দিন সংগ্রাম করছে। আমাদের পার্টি সোসালিজমের মধ্য দিয়ে এগিয়ে চলেছে এবং তথাকথিত প্রগতিবাদী নাম করে আমাদের পার্টির ৩০ জন কর্মির রক্তের লাল আভায় মাটি আজ রঞ্জিত হয়েছে তারই মূল্যায়ন আমাদের করতে হবে। এবং এরই মধ্য দিয়ে সত্যিকারে সুস্থ রাজনীতি চালাতে হবে। এই কথা বলে আমি আপনার মাধ্যমে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশ্যামাপ্রসাদ বর্মন:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করতে গিয়ে আমি এখানে দু'একটি কথা বলতে চাই। আমি এই প্রসঙ্গ বিশেষ করে স্বরাষ্ট্র দপ্তর সম্বন্ধে কিছু বলব। মাননীয় রাজ্যপালের ভাষণটি একেবারে ধাপ্পাবাজী ছাড়া আর কিছু নয়। ভাষণের মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে তিনি একটি জায়গায় বলেছেন শান্তিপূর্ণভাবে ধান কাটা শেষ হয়ে গেছে এবং শান্তি ও শৃঙ্খলা ঠিকভাবে বজায় আছে। এটা কত বড় একটা হিপোক্রাসি ও হোক্স তা আমরা বুঝতে পারি যখন দেখি যে যুক্তফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী তিনি দফায় দফায় ষ্টেটমেণ্ট দিচ্ছেন, এমনকি এর প্রতিবাদ পর্যন্ত হচ্ছে এবং আবার দেখা যাচ্ছে শাসন ভেঙ্গে পড়েছে, পুলিশ নিষ্ক্রিয় হয়ে গেছে এবং তারই প্রতিবাদে তিনি অনশন পর্যন্ত করেছেন, জেলায় জেলায় অনশন হয়েছে—এর চেয়ে আর কি প্রকৃষ্ট প্রমাণ হতে পারে যেখানে গভর্ণমেণ্টের মুখ্যমন্ত্রী নিজে বলছেন প্রশাসন ভেঙ্গে গেছে, আইন শৃঙ্খলা নেই, লুটপাট হচ্ছে সেখানে আমরা কার কথা বিশ্বাস করবো? এই ভাষণ যদিও মন্ত্রীমণ্ডলীর দ্বারা রচিত তাহলে আমরা কি বলব যে আমাদের লিডার অব দি হাউস মুখ্যমন্ত্রী নিজেই যেসব ষ্টেটমেণ্ট দিচ্ছেন সেগুলি মিথ্যা? মিথ্যা নয়। শুধু তাই নয়, তিনি অনশন করেছেন এবং আরো কি করবেন সেটা আমরা জানি না। তার,

আমি পুলিশের শাসন সম্বন্ধে দু একটি কথা বলব। পশ্চিমবাংলার মধ্যে পশ্চিম দিনাজপুর একটি ছোট্ট জেলা এবং সেই পশ্চিম দিনাজপুরের মধ্যে রায়গঞ্জ একটি ছোট্ট মহকুমা। সেই মহকুমায় আমার বাড়ী। সেখানে আমাদের জীবনের কোন নিরাপত্তা নেই। আমরা স্বাধীনভাবে নিরাপদে চলাফেরা করতে পারি না। আমার মনে হয় রাস্তার বাহিরে গেলে কেউ হয়ত আমাদের ছোরা মারবে এই অবস্থা সেখানে দাঁড়িয়েছে। নকশালবাড়ীর অত্যাচারের কথা আমরা শুনেছি। কিন্তু রায়গঞ্জও একটি ছোটখাট নকশালবাড়ীতে পরিণত হয়েছে। এই যুক্তফ্রণ্টের শরিকরাই সেটা সৃষ্টি করেছে। গত বৎসর আগষ্ট মাসে একটা হরতাল হল, সেই হরতালে সি. পি. এম. কংগ্রেস দুদলে সংঘর্ষ হল। সেই সংঘর্ষকে মিটিয়ে দেবার জন্য এখানে S. D. O., S. D. P. O., এস. পি. গিয়েছিলেন, কিন্তু দেখা গেল সি. পি. এম-এর ওয়ার্কাররা বলছে গুলি করুন। এখানে কে গুলি করার হুকুম দিতে পারে সেটা দেখুন। তাঁরা—অফিসাররা সেখানে থাকা সত্ত্বেও একজন কর্মী বলছে, কেন গুলি করার হুকুম দিচ্ছেন না। এমন কি তাঁদের নেকটাই ধরে টেনে তাঁদের অপদস্ত করেছে, তাঁদের প্রহার করেছে, সেটা আমি নিজের চোখে দেখেছি। সবচেয়ে দুর্ভাগ্যের বিষয়, সি, পি, এম'এর ওয়ার্কাররা এমনভাবে পুলিশের উপর ইটপাটকেল ছুড়তে আরম্ভ করলো যে তাতে একজন পুলিশ মারা গেল। তারপরে দুর্গাপূজার নিরঞ্জনের দিনে দুর্গা ঠাকুর যখন ট্রাকে করে বা কাঁধে করে নিয়ে যাওয়া হয় তখন একটা সংঘর্ষ হয় এবং তার ফলে একটা টকি হাউস একেবারে আগুনে পুড়ে যায়। এর ফলে কত হাজার টাকার যে সেখানে ক্ষতি হয় তার ঠিক নেই। তা ছাড়া ব্যবসায়ী যাঁরা ছিলেন অবাংগালী মারোয়াড়ী ব্যবসায়ী—তাঁদের দোকান লুঠ করে আগুন ধরিয়ে দিল। কাজেই আমাদের প্রশাসন শান্তিতে আছে বা আমরা সভ্য রাষ্ট্রে আছি বা থাকতে পারি একথা কি বলতে পারি? তারপরে স্যার, গত সপ্তাহে দিনাজপুরে যে রাইফেল ছিনিয়ে নিল এবং ৪ জন লোক মারা গেল—যার সম্বন্ধে এডজর্নমেণ্ট মোশান দেওয়া ছিল সে সম্বন্ধে বলি যে, সেখানে ৬টি রাইফেল ছিনিয়ে নেওয়া হয় পুলিশের কাছ থেকে আর সেগুলি পাওয়া গেল আমি জানি যুক্তফ্রণ্টের শরিকদল সি. পি. এম., এম. এল. এ'র বাড়ীর কাছে। এটা যারা ছিনিয়ে নিল তাদেরকে ধরবার উপায় আছে। যামিনী মজুমদার-সি. পি. এম'এর বিশিষ্ট কর্মী, তিনি জ্যোতিবাবুকে বলেছেন এবং লিখিত দরখাস্ত দিয়েছেন এস. পি'র কাছে—এই ৬টি রাইফেল ফেরৎ দেবে। এই ভদ্রলোক নিশ্চয়ই জানেন যে কে ছিনিয়ে নিয়েছে এবং কার কাছে আছে।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** স্যার, উনি যামিনীবাবুর সম্বন্ধে যে অভিযোগ করছেন সেই অভিযোগ তিনি প্রত্যাহার করুন, কারণ যে ভদ্রলোক এখানে উপস্থিত নেই তাঁর সম্বন্ধে এখানে অলিক অভিযোগ আনা উচিত নয়।

**শ্রীশ্যামাপ্রসাদ বর্মণ:** স্যার, আমি যেটা বলেছি যে, এই যে রাইফেলগুলি পাওয়া গেল তার একদিকে বাড়ীতে থাকেন সি. পি. এম'এর এম. এল. এ. আর এক দিকের বাড়ীতে থাকেন শ্রীনির্মল কুণ্ডু মহাশয় আর এক দিকে আমার বাড়ী, এখন কে দায়ী? যে লুঠের ভাগ নিয়েছে—C. P. M—আর এখন ফেলে দিল নির্মলবাবুর বাড়ীর কাছে, মানসবাবু এবং আমার বাড়ীর কাছে। এখন আমাদের এ্যারেষ্ট করুক—কে বা কাহারা সেগুলি নিয়েছেন, তদন্ত করুক।

[ 5-35—5-45 p.m. ]

আমি আগেই বলেছিলাম যে এর প্রকৃষ্ট প্রমাণ আছে। ডকুমেণ্টারী এভিডেণ্টস্ আছে, যে মার্কসবাদী ওয়ারকার; আমাদের মজুমদার মহাশয় তিনি লিখিতভাবে জানিয়েছেন। এগুলি উদ্ধার করে দেবেন। তিনি জানেন, সেগুলি কারা নিয়েছেন, অনুসন্ধান করা হোক, ইনকোয়রী করা হোক কি করে হল এবং কেন ছিনিয়ে নিয়েছিলো সেগুলি নিশ্চয়ই উনি জানেন। স্যার, এই যে রাইফেল ছিনিয়ে নিলো সেটা কিজন্য নিলো পুলিশ সাব-ইনেসপেক্টর, C. I. এরা গিয়েছিলেন সেখানে লুটের যে মালগাড়ী গোবিন্দপুরের একটা গ্রামে ছিল সেগুলি উদ্ধার করার জন্য, এবং

আসামীকে ধরার জন্য; সেখানে গিয়ে তারা দেখলেন যে ঐ গ্রামের অমুকের বাড়ীতে মাল রয়েছে। রায়গঞ্জের শনগাও নামে একটা গ্রাম, সেখানে মাইনরিটি কমিউনিটির লোক বাস করেন। তাদের ৪টি পরিবদলের বাড়ীতে লুটতরাজ হয়েছে। আমি স্যার, সংক্ষেপে ঘটনাটা বলছি। ঘটনাটা ২২শে জানুয়ারী হয়েছে, কি কি নিয়েছে সেটা শুনুন। নগদ টাকা নিয়েছে ২২ হাজার সোনার গহনা নিয়েছে ২০ ভরি, রূপোর গহনা নিয়েছে ১২৫ ভরি, চাল ৫৩ মণ, বিজের ধান ২০ মণ, সাইকেল ৮টা, উষা মেসিন নিয়েছে, টর্চলাইট ৫টা, দেওয়াল ঘড়ি টা, বিছানাপত্র যা ছিল, এমন কি ছোট ছোট ছেলে-মেয়েদের বই পাঠ্য পুস্তক পর্য্যন্ত নিয়েছে। তারপর লেপ, কাঁথা, সমস্ত যা কিছু ছিল সব লুট করেছে। এযে অমানুষিক কাণ্ড, নৃশংস কাণ্ড করেছে। তাদের এমন কোন কাপড় নেই গায়ে দেবার। এই লুঠের জিনিষ উদ্ধার করার জন্য তারা গিয়েছিলেন। আমাদের ওখানকার P.S. P-র একজন ভাল কর্মী, তিনি কোন Party করতে যাননি, তিনি গিয়েছিলেন—L. I-এর Agent, হিসাবে সেখানে গিয়েছিলেন। তাকে এমন ভাবে প্রহার করা হয়েছে যে তার শরীরে এমন জায়গা ছিলনা যে মারের দাগ পড়েনি। আমি একথা বলতে চাই যে আমাদের রায়গঞ্জে আমরা নিরাপদে চলাফেরা করতে পারিনা। এইজন্য বলছি, এই যে স্বরাষ্ট্র দপ্তর এটা একেবারেই ভেংগে পড়েছে। এ বিষয়ে আমার বিশেষ কিছু বলার দরকার হবেনা, কারণ এবিষয়ে মুখ্য মন্ত্রীই বলেছেন যে এটা ভেংগে পড়েছে। স্যার, আমাদের একজন বন্ধুলোক শ্রীমোহিতরঞ্জন শিকদার, তার এমন অবস্থা হয়েছে যে সে বাড়ীর বাইরে বেরোতো পারে না। বাইরে যেতে গেলে তাকে বলে যে, মেরে ফেলবো, কেটে ফেলবো, এই রকম সব কথা বলে। স্যার, ওরা বলছে যে জমির ধান কেটে নিচ্ছে খুব শান্তিপূর্ণভাবে। এখন কি হচ্ছে? এখন হচ্ছে পুকুরের মাছ ধরছে।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে যে পয়েণ্ট অব অর্ডার তুলেছিলাম সেই সম্পর্কে আপনার সুচিন্তিত রুলিং পাই নি। আগের বক্তৃতায় যে মাননীয় সদস্য শ্রীযামিনী মজুমদারের সম্বন্ধে, যিনি এখানে উপস্থিত নাই, গুরুতর অভিযোগ করেছেন সেই অভিযোগ এই হাউসের নীতি বহির্ভূত। তাঁর এই বক্তৃতা প্রসিডিংস থেকে কেটে দেওয়া হোক। স্যার, এটা বিবেচনা করুন।

**Mr. Deputy Speaker:** Mr. Mukherjee, if the honourable Member who has just made some allegations against a person who has no right to be present here, does so in bonafide beliefe taking full responsibility on his shoulder, he is allowed to do so. If he takes the responsibility, he can make *bonafide* allegations against a person.

(Noise and interruptions)

**শ্রীএস. এম. ফজলুর রহমন:** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার—শ্রীযুক্ত মুখার্জি যে পয়েণ্ট রেজ করেছেন সেটা পয়েণ্ট অব অর্ডারই নয়, that is out of order. কারণ হোল উনি বলছেন যে ব্যক্তি উপস্থিত নাই - কোন মেম্বার যদি সিটিং মেম্বার হন যদি তিনি কোন আউট সাইডার না হন তাহলে তাঁর সম্বন্ধে মেনসন করতে পারেন—তিনি এ্যাবসেণ্ট থাকতে পারেন—পরে তিনি এক্সপ্লানেসন দিতে পারেন He can give a personal explanation.

**Mr. Deputy Speaker:** Mr. Mukherjee has raised a pertinent question and I have given my ruling and set at rest the matter already. No further discussion on the point, please. I now call upon Shri Girish Mahato.

**শ্রীগিরিশ মাহাতো:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণকে আমি আন্তরিকভাবে সমর্থন করি। অনেকে অভিযোগ করেছেন যে এতে রাজ্যের বর্তমান অবস্থার ছবি নাই। মাননীয় রাজ্যপালের ভাষণ উল্লেখ করে বলেছেন বহু ক্রটিবিচ্যুতি রয়েছে এবং সেখানে

আশাবাদের দিকটা তুলে ধরেছেন। তিনি ঠিকই করেছেন। আমাদের যুক্তফ্রন্টের শাসনে বহুবিধ ত্রুটিবিচ্যুতি বহু গোলযোগ ঘটেছে তা আমরা স্বীকার করে নিয়েছি। আমাদের যুক্তফ্রন্টের যে বর্তমান অবস্থা তার যে ত্রুটি সেটাকে বড় করে তুলে ধরে লাভ কি—বরং তা অবসান করে যুক্তফ্রন্ট সরকারকে শক্ত আরও শক্তিশালী করা উচিত। কারণ যুক্তফ্রন্ট সরকার আজ অত্যন্ত প্রয়োজন হয়েছে শুধু পশ্চিমবাংলায় কেন ভারতবর্ষেও যুক্তফ্রন্ট সরকার ছাড়া উপায় নাই। আজ প্রমাণিত হয়েছে যে কংগ্রেস শাসনের সম্পূর্ণ অযোগ্য। কংগ্রেস জনগণকে বিশ্বাসঘাতকতা করেছে। তাই আজকে যুক্তফ্রন্ট সরকারের শাসনকে শক্তিশালী করতে হবে। এই যে ১৪টি পার্টির শাসন তা ভারতবর্ষের রাজনৈতিক জীবনে এক অভিনব পরীক্ষা। এই যুক্তফ্রন্ট সরকারের শাসন এতো অল্প দিনের হলেও তারা জনগণের বহু কিছু করেছে তার প্রমাণ আমরা পুরুলিয়া জেলায় পেয়েছি। এছাড়া রাজ্যপাল বলেছেন যে এ বছর পশ্চিমবঙ্গের খারিপ শস্য খুব ভাল হবে এবং রবি শস্যও ভাল হবে। কিন্তু অভাগা পুরুলিয়া জেলায় এ বছর খারিপ শস্যের খুব ভয়াবহ অবস্থা—সেখানে শতকরা ৪০ ভাগ ধান হয় নি।

[ 5-45—5-55 p m ]

আমাদের ওখানে রবিশস্য বা গ্রীষ্মকালের খাবার একেবারে নাই। এই ভয়াবহ খাদ্য পরিস্থিতিতে আমাদের যুক্তফ্রন্ট সরকার ঐতিহাসিক সাহায্য করেছিল। আশা করি এই দারুন খাদ্য পরিস্থিতিতেও পুরুলিয়া জেলাকে সাহায্য করবেন। রাজ্যপাল তাঁর ভাষণে পশ্চিমবাংলার উন্নয়নের কথা উল্লেখ করেছেন। আশার কথা তিনি সমস্ত পশ্চিমবাংলার উন্নয়নের কথা বলেছেন ঠিকই, কিন্তু অনুন্নত, বঞ্চিত যে জেলাগুলি যারা আজ পর্যন্ত উন্নতির কোন সুযোগ পায়নি, সেই জেলাগুলিকে পশ্চিমবঙ্গ সরকারের সর্বতোভাবে উন্নয়নের জন্য সাহায্য করা উচিত। আমাদের যুক্তফ্রন্টের বিরোধী পক্ষের বন্ধুরা এখানে খুঁটিনাটি সমালোচনা করছেন। কিন্তু আমি তাদের স্মরণ করিয়ে দিই যে তাঁরা শাসনের সুযোগ পেয়েও ভারতবর্ষের তথা পশ্চিমবঙ্গের শাসনকে উন্নতি করতে পারলেন না। তাঁরা নিজেরা কোন উন্নতি করতে পারেননি বলেই আজকে তাঁরা যুক্তফ্রন্টের শাসনের খুঁটিনাটি আলোচনা করছেন। তা করুন, ক্ষতি নেই, কিন্তু এটা তাঁরা যেন জেনে রাখেন যে তাঁদের সে দিন আর নাই। কংগ্রেস আর কখনো ক্ষমতায় আসতে পারবেনা, ইতিহাস তাঁদের বর্জন করেছে। আমরা সকলে মিলে চাই যুক্তফ্রন্টের শাসনকে আরও শক্তিশালী করতে। একথা বলে আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি।

**শ্রীসুরত আলি খান:** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার একটু নিবেদন আছে। দেখুন আমার বয়স ৮১ বৎসর, বর্তমানে আমার স্মৃতিশক্তি শ্রবণশক্তি এবং দৃষ্টিশক্তি আমার বিরুদ্ধে ধর্মঘট করেছে। তার উপর যদি চারদিকে হৈ চৈ করে উঠেন, আমার পক্ষে বক্তৃতা দেওয়া কতদূর সম্ভব আপনি বিবেচনা করুন। এখন গভর্ণরের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, আমি সেটা সমর্থন করিনা। কেন করিনা? এখন যে সরকার চলেছে যুক্তফ্রন্ট সরকার, দেখছি দেশে আইন শৃঙ্খলা ভেংগে পড়েছে, কিন্তু গভর্ণরের ভাষণে তা নাই। কাজেই আমি ভাষণকে সমর্থন করিনা। আমি দেখছি, যে দলের সদস্যই সরকার পক্ষের বক্তৃতা করতে উঠেন, প্রথমেই বলেন যে কংগ্রেস কিছুই করেনি, কংগ্রেস দেশকে ধ্বংস করল, কংগ্রেস উন্নতিকর কিছুই করেনি, এই বলে বক্তৃতা আরম্ভ হয়। কিন্তু কংগ্রেস যে কিছুই করেনি আর যুক্তফ্রন্ট সরকার যা কিছু করেছে, তার একটা দৃষ্টান্ত আমি দিচ্ছি। দেখুন ১৯৪৭ সালে দেশ বিভাগ হল তখন বাংলার অর্ধেক থেকে দুই তৃতীয়াংশ চলে গেল পাকিস্তানে। ১৯৬৭ সালের পূর্বে দেশের যে অবস্থা ছিল—১৯৬৭ সাল পর্যন্ত তার যে ছবি, সেটা আপনারা অনুভব করুন। বর্তমান স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য হচ্ছে ১৯৪৭ সালের পূর্বে কতগুলো স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতাল ছিল আর ১৯৬৭ সাল পর্যন্ত কতগুলো হয়েছে। কিছু করেনি কি কংগ্রেস? এই বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর কাছে তালিকা আছে। এটা খুব সত্য কথা যে ১৯৬৭ সালের পর থেকে দেশের উন্নতিমূলক কাজ কিছুমাত্র হয়নি, সেটা সরকার পক্ষও স্বীকার করেছেন,

তাতে বলবার কিছু নেই। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ১৯৪৭ সালের পূর্বে কতগুলো বিদ্যালয় ছিল এবং কতগুলো প্রাইমারী বিদ্যালয় ছিল, কতগুলো মাধ্যমিক বিদ্যালয় ছিল, কতগুলো কলেজ ছিল, আর ১৯৬৭ সাল পর্যন্ত কতগুলো প্রাইমারী বিদ্যালয় হয়েছে এবং কতগুলো উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হয়েছে, কতগুলো কলেজ হয়েছে, সেই তালিকা আমাদের শিক্ষা মন্ত্রীমহাশয় এর কাছে রয়েছে। পরিবহণ মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, যে ১৯৬৭ সালের পূর্বে কত রাস্তাঘাট ছিল আর এখন কত রাস্তাঘাট হয়েছে এখানে হয়তো অনেকে শহরের লোক আছে তারা হয়তো জানেন না, কিন্তু যারা পাড়াগাঁয়ে বাস করেন বা করছেন তারা জানেন যে ২২ বছর পূর্বে রাস্তা দিয়ে চলতে গেলে কি রকম দুর্দশাগ্রস্ত হতে হতো তখনকার লোককে, জলকাদায় হাঁটা যেত না, গামছা পরে নানারকম অমানুষিক অবস্থার মধ্য দিয়ে রাস্তায় মানুষকে চলতে হতো।

(নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁহার আসন গ্রহণ করেন।)

**Shri Prem Thapa :** Mr. Deputy Speaker, Sir, on the very onset I extend my support to the motion of thanks to the Governor for the address he had delivered here in this House, Sir, the United Front Government has been doing laudable service to the toiling masses of this State, the peasants, the workers and the under-privileged. The progressive changes it has brought about in every sphere of people's life in a short period of one year are significant. But Sir, these changes are not to the liking of the vested interests, the capitalists and the enemies of the people who have lost their hold on this State.

[ 5-55—6-05 p.m. ]

They are, therefore, trying their utmost through various measures, like hooliganism, goondaism and vandalism to create such conditions as would help topple the United Front Government. The constituents of the Front should, therefore, forget their petty party rivalries and remain vigilant to foil the conspiracies of the enemies.

I come from one of the most peaceful districts of the State, the district of Darjeeling where people of different communities live in perfect peace and amity. But the recent unfortunate incidents there, have tarnished the fair name of Darjeeling. Sir, as I represent Siliguri constituency I shall be failing in my duty if I do not speak on what led to the disturbances there at Siliguri which spread over to the hill areas also. I squarely blame the Police and civil authorities of Siliguri for this unfortunate disturbance that rocked the whole of Darjeeling district for a couple of days. Sir, it all started due to the brutal attack on two Nepali postal peons by some anti-socials on the evening of 6th January. One of the victims succumbed to his injuries at Siliguri Hospital in the afternoon of 7th January. People of all walks of life condemned this brutal attack and wanted immediate arrest of assailants. P & T employees demonstrated, College students participated in it. But even after more than 24 hours of the assault, Police remained ineffective and they were reluctant to round up the assailants. This infuriated a section of the Nepalese people and as I was there on the spot, I apprehended that anti-socials and vested interests might exploit the situation and fan up communal trouble to discredit the United Front and break the unity of the hill and the plains people. I contacted S.D.O., Siliguri, over phone and requested him to take immediate action and round up the miscreants. But unfortunately, the S.D.O. turned a deaf ear to my request. I was informed that Police authorities knew who the assailants were but for reasons best known to them they were hesitant to arrest the assailants.

Mr. Deputy Speaker Sir, Siliguri is one of the biggest cosmopolitan towns in North Bengal and is very sensitive. Anti-socials and vested interests and the agents of those parties who had suffered defeat in 1967 elections and also in the mid-term polls due to strong unity of the hill and the plains people and, lost no time to incite the hill and the plains people and, organised themselves for loot, plunder and destruction. On the 8th January, Siliguri was virtually ruled by hooligans and frenzied mob. Violence, stone-throwing, brick-batting and destruction of properties took place. Complete lawlessness prevailed. The Government machinery had completely failed. The United Front leaders, including I, were assaulted. Even the Government jeep in which we were travelling was set on fire. Some of my Bengali friends rescued me from the mob and saved my life. Police resorted to indiscriminate firing killing four and injuring some. Then the Army had to be called in and curfew clamped down. Though the Police got the information of assault on my person they did not take the least pain to enquire about my safety. Provocative rumours about Siliguri incidents began to spread in the hills and rumours of the same type flowed over Siliguri from the hills. On the 9th January, some miscreants reaction Kalimpong and there was destruction of some properties and one Cinema house. Mr. P. L. Subba, who is Member of this house from Kalimpong Constituency, was assaulted by a mob in the presence of police officers. The officers remained silent spectators, and so he had to run away to save his life. Kalimpong also went under curfew.

Mr. Deputy Speaker, Sir, had the police and the other authorities been active at the very beginning, there would not have been so much damages of properties and loss of so many valuable lives at Siliguri. Fortunately, Sir, no untoward incident occurred in Darjeeling and Kurseong by the timely intervention of the U. F. leaders and other social workers. I was informed that the so-called Congress workers and leaders of Darjeeling kept themselves very busy those days inciting the youths to create trouble at Darjeeling also. As soon as normalcy prevailed in the hill areas, the Jana Sangh of Siliguri, sent there organisers for the first time to the hills for their organisational works, after condemning me and other U. F. leaders, holding us responsible for this disturbance in a press conference. Sir, I suspect a great conspiracy behind this disturbance. The conspirators wanted to disrupt the unity of the hill and the plains people to discredit the United Front. But, so far as I know, this conspiracy has utterly failed. The unity of the plains and the hill people has remained unaffected and will certainly be stronger in years to come. Sir, I urge upon the Government to hold a judicial enquiry into this Siliguri incident covering the whole of Darjeeling District, and to punish the miscreants for their black game. Adequate compensation to the dependants of those who died due to stabbing and police firing should be granted. The person whose properties were destroyed and looted should also be prorerly compensated.

Mr. Deputy Speaker, Sir, the hill people have very high hopes in the United Front Government for the fulfilment of their age-long demands of autonomy for the district of Darjeeling and the inclusion of Nepali language in the 8th Schedule of the Constitution which the United Front has incorporated in its 32 point programme. I request the Government to take up the causes of the backward hill people in right earnest during the ensuing budget session, and move the Central Government for the speedy fulfilment of the long-standing demand of the hill people of Darjeeling.

Thank you, Sir.

**Shri Ramkrishna Saraogi:** मिस्टर डिप्टी स्पीकर महोदय, माननीय राज्यपाल ने जिस सरकार की ओर से भाषण दिया, उसको हमारे मुख्य मंत्री ने असभ्य और बर्बर सरकार कहा है। यद्यपि मुख्य मंत्री ने इसे बर्बर और असभ्य सरकार कहा है किन्तु आपके माध्यम से मैं जानना चाहता हूँ कि क्या पश्चिम बंगाल में सही अर्थों में कोई सरकार है? सरकार वह होती है जो कानून बनावे और उसका पालन करवाये। सरकार वह होती है, जो नागरिकों की सुरक्षा का दायित्व स्वीकार करे और सरकार वह होती है, जो अमन-चैन कायम रखे। किन्तु पिछले ११ महीनों के भीतर हमने देखा कि जिन पार्टियों और जिन लोगों ने वर्तमान सरकार का गठन किया है। वे इस विधान सभा में बैठ कर कानून बनाते हैं और वे ही पार्टियाँ और वे ही लोग व्यक्ति बाहर जाकर कानून तोड़ने में सबसे आगे होते हैं। अमन चैन कायम रखने के लिए करोड़ों रुपयों का वार्षिक खर्च किया जाता है, किन्तु पिछले ११ महीने के भीतर हमने देखा कि अमन-चैन के नाम पर पश्चिम बंगाल के हर गाँव और हर शहर में लुट-मार और मारपीट चल रही है। अनेक लोग मारे गए और अनेक लोग घायल हुए हैं। जहाँ तक नागरिकों की सुरक्षा का सवाल हैं, आज पश्चिम बंगाल का एक भी नागरिक अपने को सुरक्षित नहीं पा रहा है। सुबह जब एक कारखाने में काम करनेवाला मजदूर अथवा किसी आफिस में काम करनेवाला क्लर्क भी नौकरी पर जाता है तो भगवान का नाम लेकर घर से बाहर निकलता है ताकि भगवान सही-सलामत शाम को उसे घर पहुँचा दे क्योंकि न मालुम कब किस पार्टी का बम उसके सिर पर पड़े और वह असहाय व्यक्ति मारा जाय।

[6-05 – 6-15 p.m.]

हमने सुनी, मिस्टर डिप्टी स्पीकर सर, जन-जागरण की चर्चा। हमने देखा, सरकारी पक्ष के लोग यहाँ बैठकर जन जागरण की दुहाई दे रहे हैं किन्तु कहाँ है जन-जागरण। आज जन जागरण नहीं, जन-मरण हो रहा है। आज मजदूर को मजदूर से, किसान को किसान से, क्लर्क को क्लर्क से और गरीब को गरीब से लड़ाया जा रहा है अपने राजनैतिक दल को बढ़ाने को लिए और तमाशा यह है कि इसे से जन-जागरण कहते हैं। और इस सारी स्थिति को साफ करते हुए फ्रान्ट के ही एक माननीय मिनिस्टर ने कुछ दिन पहले कहा था कि पश्चिम बंगाल में सारा उत्पात हमारे सी॰ पी॰ एम॰ दोस्तों के द्वारा किया जा रहा है। इसका एक नमूना हमने पिछले नवम्बर और दिसम्बर में बड़ा बाजार अंचल में देखा। दीवाली का समय था जब कि वहाँ के लाखों-लाख नागरिक अपने त्योहार को

मना रहे थे, तभी सी० पी० एम० द्वारा एक बेबुनियादी और बेईसाफी आन्दोलन उठाया गया वह आन्दोलन मुटिया वर्ग के नामपर किया गया जिस में कहा गया था कि मुटियों को बोनस मिलना चाहिए। लेकिन आपको मालुम है कि मुटिया बँधा हुआ नहीं होता है और वह किसी एक ही दुकान पर काम नहीं करता है। एक मुटिया कई दुकानों पर काम करता है। वह पीस-मील काम करता है। अगर एक तैक्सी वाला सालभर काम करता है और फिर यात्री वर्ग से बोनस की मांग करता है तो क्या यह न्याय संगत माना जा सकता है? लेकिन हमारे सी० पी० एम० दोस्तों ने व्यापारियों के सामने एक मास के बोनस की मांग रखी। इसके साथ ही व्यापारी—छोटे-छोटे दुकानदार जो थे, उनका घेराव करना शुरू किया। बहुतों को पीटा गया और कई दुकानें लूटी गयी। गले में लाल रूमाल बाँध कर जन-गण के नाम पर सारे बड़े बाजार में आतंक जमाने की चेष्टा की गई। साधारण नागरिक त्रस्त हो गये, बाजार बन्द होने लगे, उपद्रवों के कारण लोगों का सड़क पर चलना मुश्किल हो गया, न पुलिस का पता और न सरकार का पता। दुकानदारों ने आखिरकार मुकाबिला किया तो उन्हीं पर गोलियां चली। दो बेकसूर मारे गये। लेकिन गुनहगार सी० पी० एम वाले नेता बने अपना प्रभाव जमाने की चेष्टा करते ही रहे।

मिस्टर डिप्टी स्पीकर सर, इस सिलसिले में इन मार्क्सवादी कम्यूनिष्टों ने जनता-अदालत कायम की। हमने स्माल कोर्ट का नाम सुना है, हमने सिविल कोर्ट का नाम सुना है, हमने हाई कोर्ट और सुप्रीम कोर्ट का नाम भी सुना है। लेकिन जन अदालत की स्थापना सरकार या विधान सभा के कौन से निर्णय से स्थापित हुई, यह आजतक बताया नहीं गया। मैं आपसे कहूँ कि इस जन-अदालत में व्यापारियों पर फाइन करके पाँच लाख के लगभग रूपये इन सी० पी० एम० वालों ने इकट्ठे किये। व्यापारी ने जब हमारे माननीय उप मुख्य मंत्री के पास गए तो उनसे कहा गया कि फैसला करलो। व्यापारियों ने कहा कि आखिर हम फैसला किस बात का करें जबकि मुटिया इम्प्लाइज नहीं हैं। वे तो पीस मील काम करते हैं। लेकिन उप मुख्यमन्त्री का दबाव था कि एक महीने की आमदनी का एडहाक-पेमेन्ट दे कर फैसला करो और बाध्य होकर, लाचार होकर व्यापारी वर्ग को बिना मतलब एडहक रूपया देना पड़ा। आज इस तरह का जन-जागरण मार्क्सवादी कम्यूनिष्ट पार्टी कर रही हैं।

एक जन जागरण राजतंत्र में विजया दशमी पर हुआ। रायगंज में जो उपद्रव हुआ था वह दो दलों के बीच मूर्ति विसर्जन के प्रश्न पर हुए झगड़े को लेकर हुआ

था। उपद्रव में एक युवक मारा गया और जिसकी यह हत्या निन्दनीय थी। लेकिन अत्यन्त दुख के साथ मुझे कहना पड़ता है कि इस झगड़े को मारवाड़ी विरोधी रूप दिया गया और सारागुस्सा मारवाड़ी विरोधी रूप दियागया और सी० पी० एम० दोस्तों ने वहाँ के छोटे छोटे मारवाड़ी दुकानदारों पर उतारा। और वह केवल इसलिए कि उनको इस बात का पता था कि वे असहाय हैं। वे मारपीट नहीं कर सकते, वे लाठी या चाकू लेकर नहीं चलते। उन्होंने इस बात को समझ लिया था कि अगर हम इन व्यापारियों को मारेंगे तो इनको मदद करने वाला भी कोई नहीं है। वहाँ की २८ दुकानें लूटी गई और कम से कम ११ लाख रूपये का नूकसान उन असहाय दुकानदारों का हुआ। पुलिस की मौजूदगी में यह अन्याय, यह अत्याचार घण्टों चलता रहा। इस सम्बन्ध में हमने मुख्य मंत्री से बात की थी और उप-मुख्य मंत्री को भी एक स्मारकपत्र दिया था कि इन दुकानदारों का सर्वनाश हो गया है। इनके पुनर्वासन की व्यवस्था की जाय। कम से कम इनको सरकार की तरफ से ऋण इनको तो अवश्य दिया जाय जिससे ये अपने पैरों पर खड़े हो सकें। एक के बाद दूसरा पीटीशन भी किया गया। लेकिन आजतक कोई कर्मवाई नहीं की गयी। लूट का कोई माल बरामद नहीं किया गया। कोई सहायता सरकार की ओर से इन निरपराध साधारण श्रेणी के दुकानदारों को नहीं दी गयी। एक मारवाड़ी एम० एल० ए० होने के नाते में उनसे मिला था। वे चाहते थे कि उन्हें ऋण मिले और वे फिर काम आज शुरु कर सकें। लेकिन यह सरकार तो उन्हें द्वितीय श्रेणी का नागरिक मानती है और मर्कसवादी नेता यह सहन नहीं कर सकते थे कि ये उखड़े हुए लोग फिर जमें। अब हम कैसे मानें कि पश्चिम बंगाल में कोई सरकार है?

मिस्टर डिप्टी स्पीकर सर, हमने अभी चर्चा की जनता अदालत की। लेकिन इससे काफी आगे हमारे सी० पी० एम० भाई बढ़ गए हैं। उन्होंने जनता अदालत के अलावा अब जनता स्टेशन भी बनाना शुरू किया है। रानाघाट—लालगोला सेक्शन पर सुवर्ण मृगी और पिरताला स्टेशन को जनता स्टेशन बना दिया है। वहाँ पर लाल स्कार्फ गले में बाँधकर, हाथ में लाल रूमाल की झण्डी लेकर मनमाने ढंग से गाड़ी रोकी जाती है। टिकट ईसू किया जाता है। वह टिकट भारतीय रेलवे बोर्ड का नहीं होता है। वह टिकट ईसू होता है, वहाँ के अंचल प्रधान की सही से। और पैसा सी० पी० एम० के कोष में जाता है। कोई इन्हें रोकता नहीं। इस प्रकार की स्थिति में इन लोगों ने पश्चिम बंगाल को डाल दिया है तो मैं कहूँ, मिस्टर डिप्टी स्पीकर सर, आज सरकार यहाँ है कहाँ? और मैं जिस जनता स्टेशन को

बात अभी कह रहा था, उसका जिक्र हिन्दुस्तान के अनेकानेक पेपरों में छपा है। दिल्ली के प्रमुख दैनिक समाचार पत्र हिन्दुस्तान में बड़े बड़े हेडिंग में इसका उल्लेख किया गया था। इस स्थिति की एकमात्र जिम्मेदार यहाँ पर एक पार्टी है और वह सी० पी० एम० है जो अपना प्रभुत्व यहाँ जमाना चाहती है। सारी कानून व्यवस्था को भंग करके उपद्रव को फैला रही है। सब तरफ आतंक की सृष्टि कर रही है। वे लोग अपने को मार्कसवादी कहते हैं। किन्तु हम देखते हैं कि महान् विचारक मार्कस के नाम का सबसे बड़ा दुरुपभोग दुनिया में यह पार्टी कर रही है। सी० पी० एम० को मार्कसवादी कहना मार्कस के सिद्धान्तों का उपहास है। मैं तो इन्हें माओ पन्थी कहूँगा, जो कि माओ की चाल पर चल रहे हैं। और देश में अव्यवस्था फैलाने पर उतारू हैं।

सारे पश्चिम बंगाल को इन्होंने खुली अराजकता का क्षेत्र बना दिया है। जबतक ये शासन के बाहर थे, तबतक इन्होंने जनता के दुखों की दुहाई देकर जनता को भरमाया और अब जनता के वोटों से ये गद्दी पर बैठे हैं। तो ये वर्ग संघर्ष के नाम पर जनता की हत्या कर रहे हैं। शासन में रहकर मार्कसवादी कम्यूनिष्ट केवल भूमिका बना रहे हैं कि, पश्चिम बंगाल को दूसरा वियतनाम बनाया जाय। इन्हें शासन से मतलब नहीं, इन्हें जनता से मतलब किस प्रकार जल्दी से जल्दी नहीं, इन्हें संविधान और गणतन्त्र से मतलब नहीं। ये हिन्दुस्तान को लाल बनाना चाहते हैं, केवल लाल, वह लाल जो रुस और चीन के रंग से मिलता है।

इन शब्दों के साथ राज्यपाल के भाषण पर जो धन्यवाद प्रस्ताव रखा गया है, मैं उसका विरोध करता हूँ।

**শ্রীসুবোধগোপাল গুছাইত :** মিঃ ডেপুটি স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সমর্থন করতে উঠে বলতে চাই রাজ্যপালের ভাষণে আমাদের পশ্চিমবাংলার সমস্যার আংশিক প্রতিফলন হয়েছে। আরও অন্যান্য সমস্যা সম্পর্কে আলোচনা করা উচিত ছিল এবং কয়েকটা সমস্যা সম্পর্কে খুব স্পষ্টভাবে বলা উচিত ছিল। আমাদের একজন Forward Block-এর বন্ধু বলেছেন একটা গুরুত্বপূর্ণ সমস্যা, সেটা সম্পর্কে অনেকদিন আগে মন্ত্রীসভা বলেছিলেন একটা বিল আনবেন, সেই Urbean Properties Bill সম্পর্কে একটা কথাও এখানে বলা হয়নি। এবং Agriculture Bill সম্পর্কে কোন উল্লেখ নেই। এটা খুবই দুঃখের বিষয়। আপনি জানেন আমাদের এই পশ্চিমবাংলায় গত কয়েক বছর ধরে মেদিনীপুর, দার্জিলিং, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, মালদহ, ইত্যাদি জেলায় ব্যাপক বন্যা হয় এবং এই সমস্ত বন্যা বিধ্বস্ত এলাকার হাজার হাজার লোক সরকারী লোন পেয়ে বেঁচে ছিল। কিন্তু দুঃখের বিষয় যুক্তফ্রন্টের ঘোষিত নীতি হওয়া সত্ত্বেও যে লোনের টাকা মকুব করা হবে তা করা হয়নি। আমরা জানি লোনের টাকার জন্য ব্যাপক নোটিশ হচ্ছে এবং কাঁথি মহকুমায় হাজার হাজার লোকের উপর নোটিশ হচ্ছে। মাল ক্রোকের ভয়ে তারা আমাদের বলছেন যেখানে যুক্তফ্রন্ট বলেছিলেন লোনের টাকা মকুব হবে সেখানে আবার নোটিশ হচ্ছে কেন? এ সম্পর্কে রাজ্যপালের ভাষণে সুস্পষ্টভাবে কিছু বলা উচিত ছিল?

[ 6-15 – 6-26 p. m. ]

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার কাছে আরো বলতে চাই যে গ্রামাঞ্চলের লোকের ধারণা যে, যে সরকারই হোক না কেন ওঁরা একটু বেশী গুরুত্ব দেন সহরাঞ্চলকে, কলকাতা এবং সহরাঞ্চলকে একটু বেশী গুরুত্ব দেন। গ্রামের গরীব লোক কিম্বা অশিক্ষিত লোক তারা কিছুটা তুলনামূলকভাবে অবহেলিত হয় বলে তাদের ধারণা। যদিও রাজ্যপালের ভাষণে এর কিছুটা উল্লেখ করা হয়েছে, যেমন পানীয় জলের সমস্যা, যেমন রাস্তাঘাটের দুরবস্থার কথা, কিন্তু তার প্রতিকার সম্পর্কে সুষ্ঠু কোন আশ্বাস দেওয়া হয়নি। শুধু এই কথা বলা হয়েছে যে পানীয় জলের সমস্যা আছে, রাস্তাঘাটের দুরবস্থা, কিন্তু আর্থিক সীমাবদ্ধতার জন্য এবং কেন্দ্রীয় সরকারের যথেষ্ট সাহায্য না পাওয়ার জন্য তা ঠিকভাবে হচ্ছে না যদিও আমাদের সরকার যথাসাধ্য চেষ্টা করছেন। আমি জানি কেন্দ্রীয় সরকার যথেষ্ট সাহায্য দিচ্ছেন না, অর্থের স্বল্পতা আছে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি বোধ হয় নিজেও জানেন যে গ্রামাঞ্চলে বহু গ্রাম আছে যেখানে নলকূপ নেই, পানীয় জলের ব্যবস্থা নেই বা যে সব নলকূপ সেখানে আছে তা খারাপ হয়ে গিয়েছে। আমাদের মাননীয় মন্ত্রী সেদিন জবাব দিয়েছেন যে সাড়ে সতেরো হাজার নলকূপ খারাপ হয়ে আছে, অকেজো, তার মধ্যে মাত্র শ'তিনেক সারান হয়েছে—কি ভয়াবহ। টাকা নেই একথা বললে চলবেনা ওদের কাছে। গ্রামের লোক অনেকেই বলে আমাদের যে, আপনাদের সরকারের টাকা নেই কিন্তু সরকারী কর্মচারী, যারা জনসাধারণের একটা ক্ষুদ্র ভগ্নাংশ মাত্র, তাদের বেতন বাড়ানর সময় আপনাদের ত টাকার অভাব হয় না, আর কলকাতার রাস্তায় যে ট্রাম চলে আর যে বাস চলে তার ক্ষতি পূরণ করবার জন্য আপনারা সাড়ে তিন কোটি দিতে পারেন আর নলকূপ বসাবার জন্য কিছু টাকা খরচ করতে পারেন না? সুতরাং আমি মনে করি এবিষয়ে একটা সুস্পষ্ট প্রতিশ্রুতি দেওয়া উচিত ছিল।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে বিষয়টা নিয়ে বহু বক্তা—বিপক্ষ দলের লোক এবং যুক্তফ্রন্টের দলের লোক, যে বিষয়ে উদ্বেগ প্রকাশ করে ইতিপূর্বে বারবার আলোচনা করেছেন সেটা হচ্ছে যে পশ্চিমবাংলায় একটা অরাজকতা বা আইন শৃঙ্খলার অবনতির জন্য গুরুতর পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং এ বিষয়ে রাজ্যপালের ভাষণে সমালোচনা করা হয়েছিল। আমাদের বিরোধী পক্ষ আর কংগ্রেস পক্ষের লোকেরা শুধু আমাদের খারাপ দিকটাই বলছেন। ভাল দিকটা বলেন না, ভাল আমি জানি যে আমাদের এই যুক্তফ্রন্ট সরকার গত এক বছরের মধ্যে এমন কাজ করেছে যা কংগ্রেস সরকার হলে কখনই করতে পারতো না। আমাদের আজকে ধানের দাম, চালের দাম যেভাবে রাখা হয়েছে, আমি জানি বাস্তুহারাদের বাস্তু দেওয়া, ভাড়াটিয়াদের স্বার্থ দেখা, আমি জানি সাম্প্রদায়িক দাংগা সম্পর্কে অথবা এ্যান্টি সোসিয়াল এলিমেন্ট যাতে উঠতে না পারে তার জন্য তাদের ব্যাপক হারে পি, ডি, এ্যাক্টে গ্রেপ্তার করে রাখা এবং এছাড়া আরো ভাল কাজ করেছে, কিন্তু একথাও সত্য যে আমাদের সরকার ভাল কাজ করছেন সেই সকল ভাল কাজ আমাদেরই শরিক দলের কিছু কিছু কাজের জন্য আমাদের নাম মসীলিপ্ত হয়েছে এবং ভাল কাজ চাপা পড়তে বসেছে। আজকে একথা অস্বীকার করে লাভ নেই পশ্চিমবাংলায়, সাধারণভাবে—সে সেক্সন কতটা সে সম্পর্কে তর্কের সৃষ্টি হতে পারে, কিন্তু একটি অংশের মনে একটা সন্ত্রাসের মনোভাব সৃষ্টি হয়েছে। কিন্তু একথাও অস্বীকার করে লাভ নেই যে যুক্তফ্রন্টের ঘোষিত নীতি সাধারণ আদালতের আইনের কথা বাদ দিলেও যুক্তফ্রন্টের ঘোষিত নীতিকে বহু ক্ষেত্রেই ব্যতিক্রম করা হয়েছে। আমরা আশা করেছিলাম যেটুকু ভুল যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে হয়েছে রাজ্যপালের ভাষণে সেই সম্পর্কে, সেই ত্রুটি স্বীকার করে সে সম্পর্কে প্রতিকারের ব্যবস্থা সুস্পষ্টভাবে বলা হবে। শুধু আমরা নয়, পশ্চিমবঙ্গের জনসাধারণ অপেক্ষা করছিল যে যুক্তফ্রন্ট এত ভাল কাজ করেও যুক্তফ্রন্টের আমলে এই যে অস্বাস্থ্যকর অবস্থা বহু জায়গায় হয়েছে এটা দমনের জন্য

রাজ্যপাল কি করতে চান, সরকার কি করতে চান সে সম্পর্কে সুস্পষ্ট প্রতিশ্রুতি দেবেন, কিন্তু দুঃখের বিষয় সেই প্রশ্নটি চাপা দেওয়া হয়েছে বা এড়িয়ে যাওয়া হয়েছে। আরো আশা করেছিলাম যে রাজ্যপালের ভাষণে সুস্পষ্ট করে একথা বলা হবে যে প্রকৃত পক্ষে আইনের শাসন চলবে গণ কমিটির শাসন চলবেনা, আদালতের শাসন চলবে, কনষ্টিটিউশনের শাসন চলবে। আমরা আশা করেছিলাম যে স্পষ্ট এই প্রতিশ্রুতি থাকবে কোন দপ্তরকে, বিশেষ করে প্রশাসন দপ্তরকে দলীয় স্বার্থে ব্যবহার করা চলবেনা। আমরা আশা করেছিলাম যে ভবিষ্যতে পুলিশ বিভাগ বা অন্যান্য বিভাগ নিরপেক্ষভাবে কাজ করবে, আমরা আশা করেছিলাম যে ভয় দেখিয়ে তার পার্টি চাঁদা তোলা হবেনা।

আমরা আশা করেছিলাম এই প্রতিশ্রুতি দেওয়া হবে যে কৃষকদের নিয়ন্ত্রণের নামে কৃষককে কৃষকদের বিরুদ্ধে লেলিয়ে দেওয়া হবেনা। আমরা আশা করেছিলাম এই প্রতিশ্রুতি দেওয়া হবে যে জমি দখলের নামে যাদের ২৫ একরের কম জমি আছে তাদের জমি জোর করে দখল করা হবে না এবং জোর করে যে জমির ধান নিয়ে নেওয়া হয়েছে তা ফিরিয়ে দেওয়া হবে। আমি প্রজা সোসালিষ্ট পার্টির সদস্য হিসাবে বলতে পারি যে কিছু কিছু দোষ ত্রুটী আমাদের আছে তা সত্বেও মাননীয় রাজ্যপালের ভাষণকে আমি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মহম্মদ এক্রামল হকঃ** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের বিতর্কে অংশ গ্রহণ করে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা এখানে রাখতে চাই। বিগত দুই দিন ধরে মনোযোগ সহকারে বিরোধী পক্ষের এবং সরকার পক্ষের বন্ধুদের বক্তৃতা শুনলাম। একটা সুর প্রতিধ্বনিত হচ্ছে, আমার মনে হয় এই হাউসে আর কোন দিন তা প্রতিধ্বনিত হয়নি। সাধারণতঃ নিয়ম হচ্ছে বিরোধী পক্ষ সরকার পক্ষকে সর্বতোভাবে সমালোচনা করে। কিন্তু এখানে দেখছি সরকার পক্ষের কতকগুলি দল বৃহত্তম দলকে নগণ্য ভাবে সমালোচনা করছে। এটা দেখে আমি স্তম্ভিত এবং হতাশ হয়েছি। স্যার, আমি বুঝতে পারছি না যখন এই সভাতে রাজ্যপালের ভাষণ উপস্থিত করা হয়েছিল সেই বক্তব্য মাননীয় মুখ্যমন্ত্রি কি করে অনুমোদন করেছিলেন। কেন তিনি রাজ্যপালের ভাষণের মধ্যে রাখেননি যে বাংলাদেশে লুঠতরাজ, নারীধর্ষণ, শ্রমিক সংঘর্ষ এবং আইন ও শৃঙ্খলার আরও অবনতি হয়েছে। পক্ষান্তরে তিনি গণ-অনশন এবং গণ-প্রতিরোধ করে আমাদের আরও স্তম্ভিত করেছেন। গণ-অনশন কেন তিনি করেছিলেন তা আমি বুঝতে পারছিনা একটা জিনিস আমরা লক্ষ্য করছি যে শীততাপনিয়ন্ত্রিত কক্ষে বসে মুখ্যমন্ত্রি এবং উপমুখ্যমন্ত্রি চিঠির লড়াই করছেন সাংবিধানিক আইন তুলে। তাঁরা পশ্চিম বাংলার লোককে হতবাক করেছেন। তারা আজ পশ্চিম বাংলায় শ্রেণী সংগ্রামের নামে কৃষক কৃষকের বিরুদ্ধে, ভাগচাষী ভাগচাষীর বিরুদ্ধে সংগ্রাম চালাচ্ছে, এই শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে তারা রাজনৈতিক সমীক্ষা চালাচ্ছে। আজ এই দেখে বাংলাদেশের মানুষেরা দিশেহারা হয়ে পড়েছে। জনতার রায়ে রাজ সিংহাসনে বসে ৩২ দফা কর্মসূচীর প্রতিশ্রুতি দিয়ে শরিক দলের সংঘর্ষে এবং দলাদলিতে লিপ্ত থেকে আজ সাধারণ মানুষকে এক অদ্ভুত পর্যায়ে নিয়ে যাচ্ছেন।

[ 6-25—6-35 p.m. ]

তাই স্যার, একটা কথা আমার মনে হচ্ছে—বিগত election এর সময় একটা প্রবাদবচন চালু হয়েছিল—"সবার উপরে গদি সত্য তাহার উপরে কিছু নাই"। সুতরাং গদির মোহ যে কত বড় মোহ, তা শরিকদলের ক্রিয়াকলাপে আমরা সবাই উপলব্ধি করছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এই প্রসঙ্গে আমার এলাকার কয়েকটি জমি দখলের কাহিনী এখানে রাখছি। আপনি শুনে স্যার স্তম্ভিত হয়ে যাবেন। সাধারণতঃ ভূমি বণ্টনের যে কমিটি আছে, তাতে বিভিন্ন দলের সদস্য থাকেন। সেই সদস্যদের মাধ্যমে জমি বিতরণ হয়ে থাকে। গত মাসের ৯ই তারিখে একটা চিঠি J.L.R.O. ছেড়েছিলেন গদাদাসপাড়ার গোবিন্দ মণ্ডলের নামে কিছু জমি দেওয়া হবে

বলে। কিন্তু আশ্চর্যের ঘটনা রাতারাতি সেটা বদলে C.P. (M) এর একজনের নামে সেই জমি বিতরণের এক অভিনব পন্থা অবলম্বন করা হয়। তারপর আমাদের ওখানে হাজি হামিদুল্লা নামে এক ভদ্রলোক গত ১৪ বছর হলো তার সমস্ত জমাজমি সম্পত্তি এক হিন্দু ভদ্রলোকের সঙ্গে বিনিময় করে পূর্ব পাকিস্থানে চলে গেছেন। সেই মুসলীম ভদ্রলোক জানেনও না যে তার নামে সেই জমি রেকর্ড হয়েছে। কি করে হাজি হামিদুল্লার নামে সেই ছেড়ে চলে যাওয়া বিনিময় করা জমি রেকর্ড হতে পারে এটা আশ্চর্য্যের ব্যাপার। অথচ যে ভদ্রলোক পূর্ববঙ্গ থেকে সমস্ত জমিজমা ছেড়ে বিনিময়ে এখানে চলে এসেছেন তার এখানে অন্য কিছু নাই—সেই বিনিময়ে পাওয়া জমি এখন তার হাতছাড়া হয়ে গেছে। একবার বাস্তুহারা হয়ে এখানে এসেছেন আবার এখানে এসেও বাস্তুহারা হলেন। এ সম্বন্ধে সরকারের নীতি কি হবে এই বিষয়ে আমি সরকারের কাছ থেকে একটা পূর্ণ বিবরণী দাবী করছি। সে জমি এখন সরকারে Vest করেছে।

আজকে কাগজে দেখলাম কতকগুলি Criminal Case withdrawn হয়েছে। কবে, কি ভাবে কি চার্জ করা হয়েছিল—এবং আজ তা কেনই বা withdraw করা হলো—আমি আশা করি আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রি তাঁর উত্তরে সেগুলি এখানে রাখবেন।

পরিশেষে আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব আনা হয়েছে, তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রবোধ পুরকাইত:** মিঃ ডেপুটি স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ সূচক প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে আজ কয়েকদিন ধরে বিরোধী দলের নেতা এবং অন্যান্য খুদে নেতারা যুক্তফ্রন্টের বিরুদ্ধে কেবলমাত্র কয়েকটি বিষয়ে অসত্য কথা আনবার চেষ্টা করছেন, সেটা হলো এই যে যুক্তফ্রন্ট সরকার - এই সরকার চলাকালীন দেশে আইন শৃঙ্খলা বলে কিছু নেই—সাধারণ মানুষের নিরাপত্তার অভাব এবং সর্বত্র নানা প্রকার লুটতরাজ হচ্ছে ইত্যাদি। এটাই হলো ওদের মূল প্রতিপাদ্য বিষয়।

( A Voice : ঠিক কথা ! )

এই যে যারা আইন শৃঙ্খলার কথা তুলেছেন, এই আইন শৃঙ্খলা বলতে আমরা কী বুঝি। আমরা যে সমাজে এবং, যে রাষ্ট্রব্যবস্থার মধ্যে বাস করছি—এই ব্যবস্থা যদি আমরা বিচার করে দেখি, এই যে যাঁরা আইন শৃঙ্খলার কথা তুলছেন, আইন শৃঙ্খলার প্রশ্ন নিয়ে নিরাপত্তার কথা তুলেছেন এবং লুটতরাজের কথা বলছেন, জায়গাজমির কথা বলছেন—এই পটভূমিকায় সাধারণ মানুষের ভেতর যে একটা আশা আকাঙ্খা দেখা দিয়েছে এগুলি নিয়ে সামগ্রিক ভাবে বিচার বিবেচনা করলে দেখবো বর্তমান সমাজ দুটো ভাগে ভাগ হয়ে পড়েছে। একদিকে মালিক, জোতদার, মহাজন, কলওয়ালা শ্রেণী, আর অন্যদিকে আমরা মেহনতী কৃষক, মজুর, ছোট চাষী, শ্রমিক—এই শ্রেণীতে ভাগ হয়ে গেছে। তাই মালিক ও মেহনতী এই দুই শ্রেণীর কাছে আইন শৃঙ্খলার অর্থ দুরকমে—যে মালিক শ্রেণীর কাছে আইন শৃঙ্খলা হলো যে মালিক শ্রেণী, জোতদার, মহাজনরা, অবাধে শোষণ করবে; তারা মহাজনী ব্যবস্থা চালু করে রাখবে, সাধারণ মানুষকে শোষণ করবে, জোতদাররা জমি লুকিয়ে রাখবে, জমি থেকে ছোট ছোট চাষাকে, বর্গা চাষীকে উচ্ছেদ করে দিতে পারবে এবং এর বিরুদ্ধে চাষীরা মালিক, মহাজন, জোতদারদের বিরুদ্ধে কথা বলবেনা, সংগঠিত হবে না, প্রতিবাদ করবে না। এইটাই ওদের শান্তি। কাজেই এর অন্যথা হলে মালিক মহাজন জোতদারদের শান্তি শৃঙ্খলা ও আইন শৃঙ্খলার প্রশ্ন আসবে। তখনই ওরা চিৎকার করে দেশে আইন শৃঙ্খলা নেই, শান্তি নেই। চারদিকে গেল গেল রব। অপরদিকে মালিক শ্রেণী, কলওয়ালা এদের বিরুদ্ধে যখন শ্রমিক আন্দোলন করে, তাদের ন্যায্য দাবী নিয়ে এগিয়ে যায়, তারা সংগঠিতভাবে দাবী আদায়ের চেষ্টা করে, সেক্ষেত্রে মালিকরা আইন শৃঙ্খলার প্রশ্ন তোলে এবং আইন শৃঙ্খলা বলতে তারা এই জিনিসটা বোঝে যদি মালিকরা অবাধে শ্রমিক আন্দোলন ভেঙ্গে দিতে পারে, ন্যায্য দাবীকে নস্যাৎ করে দিতে পারে তাহলে মালিকের

কাছে সেটাই হচ্ছে শান্তি, সেটাই হচ্ছে আইন শৃঙ্খলা। অপরদিকে মেহেনতী মানুষ, চাষী, বর্গা, ছোট ছোট জমির মালিক তাদের কাছে আইন শৃঙ্খলা হচ্ছে এই যে জোতদার, মহাজনদের কাছে তাদের স্বাধিকারকে প্রতিষ্ঠা করা, শ্রমজীবী মেহেনতী মানুষ তাদের ন্যায্য অধিকার নিয়ে সমাজের বুকে যাতে প্রতিষ্ঠিত হতে পারে—সেই সব ক্ষেত্রে মালিক শ্রেণী যাতে তাদের উপর অত্যাচার না করে এবং অবাধে তারা তাদের অধিকারকে সমাজে প্রতিষ্ঠা করতে পারে এবং এক্ষেত্রে যাতে মালিকরা তাদের ন্যায্য দাবী থেকে দূরে সরিয়ে নিতে না পারে। তাই আজকের দিনে কংগ্রেসের পক্ষ থেকে বিরোধী পক্ষের ভূমিকায় দাঁড়িয়ে তারা যে আইন শৃঙ্খলার কথা তুলছেন তাতে বুঝতে হবে তারা কাদের আইন শৃঙ্খলার কথা বলছেন। এ ওঁদের দীর্ঘদিনের শাসনের ইতিহাস আমরা যদি দেখি তাহলে আমরা দেখব যে ওঁরা এমনি করে আইন শৃঙ্খলার কথা বলতেন - চাষীরা সংগঠিত হয়ে যখন জোতদারদের বিরুদ্ধে আন্দোলন করেছে, ভূমি থেকে উচ্ছেদের বিরুদ্ধে যখন আন্দোলন করেছে, তখন ওঁরা পুলিশ দিয়ে সেই আন্দোলনকে দমন করেছেন, মালিকদের, জোতদারদের পক্ষ অবলম্বন করে মালিকদের, জোতদারদের স্বার্থ রক্ষার কাজ করেছেন। অপরদিকে কলকারখানায় মালিকের বিরুদ্ধে যখন সংগঠিত শ্রমিক আন্দোলন হয়েছে তখন আইন শৃঙ্খলার প্রশ্ন তুলে ওঁরা মালিকদের পক্ষ অবলম্বন করেছেন। তাই দীর্ঘ দিনের অভ্যাসবশে ওঁরা যে জোতদার এবং জমিদারদের প্রতিনিধিত্ব করেন রাজ্যপালের ভাষণের বিরোধীতা করতে গিয়ে মূলতঃ সেই জোতদার, মহাজন, কলওয়ালা, পুঁজিপতি শ্রেণীর স্বার্থ রক্ষা করার জন্য আইন শৃঙ্খলার কথা তুলেছেন। তাই আজকের দিনে আমরা মনে করি যে যুক্তফ্রন্টের কাজের সমালোচনা করার কোন অধিকার কংগ্রেসের নেই। আজকের দিনে যুক্তফ্রন্ট শ্রমজীবী মেহেনতী মানুষের পক্ষ অবলম্বন করে কাজ করে যাচ্ছে এবং যাবে। এক্ষেত্রে আমরা দেখছি পুলিশের যে মানসিকতা বৃটিশ সাম্রাজ্য-বাদীদের রক্ষা করার জন্য তারা যে কাজ করে এসেছে, দীর্ঘদিন ধরে ঐ কংগ্রেসী বন্ধুদের পুঁজিপতি শ্রেণীর স্বার্থে এই পুলিশকে ব্যবহার করেছে—পুলিশের দীর্ঘদিনের মালিকশ্রেণীর স্বার্থের এই যে মানসিকতা সেই মানসিকতা থেকে তারা মুক্ত হতে পারে না। তাই আজকের দিনে যুক্তফ্রন্ট শাসন ক্ষমতা এসেছে সেখানে পুলিশ যে আমাদের মেহেনতী মানুষ, শ্রমজীবী মানুষের জন্য কাজ করবে এ আমরা ভাবতে পারি না। তবে যুক্তফ্রন্টের যেভাবে কাজ করা উচিত ছিল, যেভাবে পুলিশ বাহিনীকে নিয়ন্ত্রণ করে, আমলাতন্ত্রকে নিয়ন্ত্রণ করে মেহেনতী মানুষের আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া উচিত ছিল সেটা পারে নি এবং আমরা মনে করি না যে পুলিশ আমাদের গণ-আন্দোলনকে সাহায্য করবে। তাদের কেবল মাত্র বলে দেয়া হয়েছিল যে ন্যায়সংগত গনআন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না। কিন্তু পুলিশ এই নীতি অনুসারে কাজ করছে না। তাই যুক্তফ্রন্ট সরকারকে দেখতে হবে আমলা, কর্মচারী এবং পুলিশ কর্মচারী যাতে যুক্তফ্রন্টের নীতি অনুসারে কাজ করে। আমরা দেখছি অন্যান্য বুর্জোয়া যে গণতান্ত্রিক দেশগুলি আছে সেদেশে যে পুলিশবাহিনী আছে সেই পুলিশবাহিনী যেভাবে কাজ করে আজকে আমাদের ভারতবর্ষ গণতান্ত্রিক দেশ হলেও আজকে এখানকার পুলিশ সেই বৃটিশ সাম্রাজ্যবাদী ব্যবস্থায় যে মন নিয়ে তারা গড়ে উঠেছিল, যে প্রশাসনের মধ্যে তারা গড়ে উঠেছিল সেই একই ব্যবস্থা অনুসারে চলছে। কিছুদিন আগে ফ্রান্সে যে ক্ষমতা দখলের লড়াই হয়েছিল সেখানে দেখেছি সেই বুর্জোয়া গণতান্ত্রিক দেশের পুলিশ নির্বিচারে সাধারণ মানুষের আন্দোলন ভাঙতে যায় নি, যে ব্যাপক আন্দোলন হয়েছিল সেই আন্দোলনের তুলনায় তারা কিছুই করেনি, কিন্তু আজকের দিনে আমাদের দেশের পুলিশ দেখা যাচ্ছে যে, রাম অপরাধ করলে শ্যামের উপর মিথ্যা কেস চাপিয়ে দেয় এবং তার উপর নানারকম আইনের বিধিব্যবস্থা চাপিয়ে দেয়। তাই পুলিশের এই কার্যকলাপ কঠোর হাতে বন্ধ করতে হবে। তা না হলে পুলিশের এই কার্যকলাপ নিয়ে মালিকশ্রেণী আইন শৃঙ্খলার প্রশ্ন তুলে যুক্তফ্রন্ট সরকারের ঐক্যকে দুর্বল করে দেবে।

[ 6-35—6-45 p.m. ]

*যে করল অপরাধ তার কিছু হলো না, দেখা গেল পুলিশ অন্য একজনের উপর কেস চাপিয়ে দিল।* ধরুন একজন কেউ চড় মারল, চড় মারার অপরাধে যতটা তার অপরাধী হওয়া দরকার ঠিক ততটুকুই অভিযোগ করাই পুলিশের দরকার। কিন্তু চড় মারার অপরাধে দেখা গেল কারো মাথায় বোমা ফাটিয়ে দিচ্ছে বলে পুলিশ কেশ করছে এই রকম অবস্থা হচ্ছে। তাই এই পুলিশ বিভাগের কাজকর্ম যুক্তফ্রন্ট সরকার তার ঘোষিত নীতি অনুসারে চালিয়ে যাবেন এবং এই কাজ করতে গিয়ে আমাদের হয়ত ত্রুটি বিচ্যুতি থাকতে পারে এবং সেটা আমাদের যুক্তফ্রন্ট সরকারের শরিক দলগুলির ভিতর সুষ্ঠু মীমাংসা করবো এবং সেইপথেই যুক্তফ্রন্ট সরকার এগিয়ে যাবে। এর সুযোগ নিয়ে বিরোধী কংগ্রেসপক্ষ যেভাবে সমালোচনা করছেন তাতে দেখা যাচ্ছে যে, আমাদের ভিতর একটা বিচ্ছেদ সৃষ্টি করবার জন্য এবং মালিক, জোতদার শ্রেণীকে আবার শাসন ক্ষমতায় আনবার চেষ্টা করছেন। তাই ওদের কথায় আমরা বিভ্রান্ত না হয়ে যুক্তফ্রন্ট সরকারের ঘোষিত নীতি অনুসারেই চলব। এই কথা বলে আমি এইখানেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীখান নাশিরুদ্দিন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করতে উঠে আমি সমালোচনার ভূমিকা নিচ্ছি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের ১২ নম্বর অনুচ্ছেদে একটি কথা বলেছেন। আমি স্যার, সেটা আপনার সামনে তুলে ধরবার চেষ্টা করছি। সেটা হচ্ছে, সাম্প্রদায়িকতার প্রশ্নে আমার সরকার যথেষ্ট কৃতিত্বের দাবী করেন। কিন্তু দুঃখের বিষয় সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা ২৪-পরগণা ও হুগলী এইসব জায়গায় ঘটেছে। এর মধ্যে আবার দুঃখের বিষয় এসে হাজির হয়েছে। কিন্তু আমার সরকার তা কঠোর হস্তে দমন করেছেন। তাহলে সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামা এমনি বন্ধ করতে পারা যায় নি, কঠোর হস্তে বন্ধ হয়েছে। এটা কংগ্রেস আমলের হিসাব, এটা আমরা ঠিক বুঝতে পারছি না যে আমাদের দৃষ্টিভঙ্গী এই হাউসে সবচেয়ে নিরপেক্ষ—আপনারা একটু সবুর করুন, তাহলে দেখতে পাবেন আমি সবাইকেই বলছি, কংগ্রেসের মত এক তরফা শুধু খালি সি, পি, এম, সি, পি, এম, করব না, এর মধ্যে যুক্তফ্রন্টের ছোটখাট শরিকদলগুলির হাতও আছে, কোন দল বাদ নেই, তার সঙ্গে আমি অবশ্য কংগ্রেসের কথা বলতেও ছাড়ব না। সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামার হিসাব নিয়ে যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে কংগ্রেস আমলে যত না হয়েছিল এই যুক্তফ্রন্ট সরকারের ১১ মাসের শাসনে তার চেয়ে অনেক বেশী হয়েছে। তবে রাজ্যপালের ভাষণ পড়ে আমি খুশী হয়েছি যে তিনি সত্যিকথা স্বীকার করতে গিয়ে দুঃখ প্রকাশ করেছেন। দেশের মধ্যে যে আইন শৃংখলা নেই এই কথা আমি বলব এবং বিরোধীপক্ষের সভ্যগণও এই কথা বলবেন। কিন্তু এই হাউসের যিনি লিডার সেই মুখ্যমন্ত্রী মহাশয়ও বলে দিয়েছেন যে এই সরকার অসভ্য সরকার এবং দেশে আইনশৃংখলা কিছু নেই। তাছাড়া এই অধিবেশনের সুরুতেই দেখা গেছে যে তাঁকে ধাক্কা দিয়ে তাড়িয়ে দেবার চেষ্টা করা হয়েছে। কাজেই এর পরেও কি বলতে হবে আইনশৃংখলা আছে? স্যার, দু'একদিন আগেকার একটি ঘটনার কথা শুনুন—আমাদের দেশে কেমন আইনশৃংখলা আছে সেটা একটু শুনুন।

গত ২৯।১।৭০ তারিখে মৌলানা খালেক বলে এক ভদ্রলোক তাঁর নিজস্ব কারে—ডবলু বি সি ৫১৫৭—রানাঘাট থেকে নদীয়ায় যাচ্ছিলেন। সেখানে কতকগুলি লোক—তাদের কাছে লাল রুমাল ছিল, অন্য দলেরাও অবশ্য লাল রুমাল রাখছে, ইঁট হাতে নিয়ে চাঁদা আদায় করছে সরস্বতী পূজার। তারা বলছে যে যদি চাঁদা না দাও তাহলে পিটিয়ে মারবো। এটা স্যার, ৩১ দিন আগের ঘটনা, এইভাবে তারা জোর করে সরস্বতী পূজার চাঁদা আদায় করছে। আর এটাই হচ্ছে এ দেশে যে আইন শৃংখলা আছে তার জাজ্বল্যমান প্রমাণ। গত ২২।১।৭০ তারিখে এই হাউসের একজন সুশিক্ষিত, সুসভ্য, বৈপ্লবিক সমাজতান্ত্রিক দলের সভ্য অমল রায় মহাশয় এই হাউসেরই

শ্রীআজিজুর রহমান মহাশয়কে বলেন যে বেশী কথা বললে পাকিস্তানে খেদাবো। হাউসের একজন সদস্যর প্রতি এর চেয়ে অমর্য্যাদাকর কথা আর কিছু আছে বলে আমার জানা নেই। তাহলে কি এটাই ধরে নেব যে যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচীর মধ্যে এটা একটা দফা যে, যে দলে যাবে না তাকেই সে মুসলমান হলে পাকিস্তানে খেদানো হবে? তারপরে স্যার, শিক্ষার ক্ষেত্রে মুসলমানদের জন্য রাজ্যপালের ভাষণে কোন কথা নেই। আমরা জানি যে প্রাইমারী শিক্ষার ২য় শ্রেণী পর্যন্ত বাংলা ও এবং নেপালী ভাষার বই সরকার থেকে বিনামূল্যে দেওয়া হয়। কিন্তু উর্দু ভাষীদের জন্য বিনামূল্যে বই দেবার কথা উঠছে না, অথচ লক্ষ লক্ষ ছেলে রয়েছে, এটা মুসলমানদের ক্ষেত্রে একটা দুর্ভাগ্যের কথা। তারপরে স্যার, কোরবানীর পারমিট প্রথা অগণতান্ত্রিক, আমরা আশা করেছিলাম যুক্তফ্রন্ট সরকার এলে পারমিট প্রথার উচ্ছেদ হবে—গরু গোশ খাওয়া সম্বন্ধে একটা বড় পার্টির বাধা নেই—কিন্তু দেখা গেল যথা পূর্বং তথা পরং। গত বার এ নিয়ে গণ্ডগোল হয়েছিল, এখন এই কোরবানী আগতপ্রায়, এই অগণতান্ত্রিক পারমিট প্রথা উঠিয়ে দেওয়া হোক। স্যার, দাঁত ভাল করতে গিয়ে কুঠ হল, কুঠ কি করে সারবে। কংগ্রেসের পতনের পর যুক্তফ্রন্ট এলে মুসলমানরা কিছু সুবিধা পাবে ভেবেছিল কিন্তু তা হ'ল না। ভূমি-সংস্কারের নামে পশ্চিম দিনাজপুরের কাকী, ২৪-পরগণার পাথরপ্রতিমা এলাকা কত দাঙ্গাতে মুসলমান নিধনের চক্রান্ত চলেছে সেটা ইতিপূর্বে হাউসের সামনে তুলে ধরবার চেষ্টা করেছিলাম।

এই ভূমি সংস্কার আইন সম্বন্ধে আর একটা কথা বলবো স্যার, মুসলমানদের একটা ওয়াকফ প্রপার্টি আছে -

[ 6-15—6-55 p.m. ]

**শ্রীমোল্লা হুমায়ুন কবীর:** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমার কথা হচ্ছে····

**মিঃ ডেপুটি স্পীকার:** আপনি বসুন। আগে ওনাকে বলতে দিন।

**শ্রীসুবোধ পুরকায়েত:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, উনি সাম্প্রদায়িক বক্তৃতা দিচ্ছেন।

**শ্রীখান নাশিরুদ্দিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি মুসলমানদের কথা বললেই সাম্প্রদায়িকতা হয় এবং যদি সেটাতে রুলিং দেন এবং সেই অধিকার যদি আমার না থাকে তাহলে আমি বলবো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতায় এই গল্‌ফ ক্লাবে ৭৭ বিঘা জমি ওয়াকফ প্রোপার্টি আছে যার মূল্য কয়েক কোটি টাকা। আমাদের এই দেশে মুসলমানরা যে গরীব সে সম্বন্ধে কারো অজানা নেই। এই যে ওয়াকফ প্রোপার্টি আছে, সেটা এই গরীব মুসলমানদের ছেলেমেয়েদের শিক্ষার ক্ষেত্রে যদি সংস্কার করা হত, এই গল্‌ফ ক্লাব না থেকে মুসলমানদের উন্নতিকল্পে দেওয়া হত, তাহলে ভাল হত এবং এর ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে হাউসের সামনে নিবেদন করছি

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভূমি সংস্কার আইনে যা দেখতে পাচ্ছি যে, কবর দেবার ঠাঁই আর থাকবে না। এখন মুসলমান মরলে কবর দেওয়া হয়, সেই কবর দেবার ঠাঁই আর থাকবে না যদি কবরস্থান এই ভূমি সংস্কার আইনে দখল করে নেওয়া হয় এবং কবর না দিলে মুসলমানদের কি গতি হবে, এটা স্যার একটু বলুন। কবরস্থান যে অনেক দখল করা হয়েছে সে সম্বন্ধে আমি গত অধিবেশনে অনেক ফিরিস্তি দাখিল করেছি। কিন্তু আজ পর্য্যন্ত সেই কবরস্থান পুনরুদ্ধার করা হলনা। সেইজন্য আমি আবার বলতে বাধ্য হচ্ছি যে এ সম্বন্ধে একটু দেখা হোক। স্যার, আর একটা কথা, আমার থানার খোদমকসেদ আলি নামে একজন মুসলমান সে পেটের দায়ে তার হালের বলদ খেয়াড়ে যাবার জন্য গোপনীয় স্থানে মুসলমান পল্লীর মধ্যে রান্না ঘরের মধ্যে জবাই করলো। ইতিপূর্বে স্যার, দেখেছি যে সে বরাবরই কংগ্রেস করেছে। এখন

তার কি হল, না তার রূপ দিনে দিনে হঠাৎ পরিবর্তন হয়েছে, সে জন্য কংগ্রেসরা তাকে এবং তার স্ত্রীকে এত মার মেরেছে যে এখনও সে শয্যাশায়ী হয়ে আছে, এই হচ্ছে এই কংগ্রেসীদের চরিত্র। স্যার, আমরা আশা করে'ছিলাম যে বৈপ্লবিক সমাজতান্ত্রিক নেতারা এবং সি. পি. এম. নুতন ভাবে আমরার থানায় গজিয়েছে, তারা বোধ হয় এবারে ছুটে এসে বলবেন কিন্তু দেখা গেল সব নিশ্চুপ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ধর্মীয় ব্যাপারে সি. পি. এম-এর আর একটি ভূমিকার কথা বলবো—গোলাম ইয়াজদানি নামে একটি লোক মারা গিয়ে'ছলো, ডোমকলের আক্রমণে মারা গেছে, সি. পি. এম. তাকে নিয়ে এসে কবর দেওয়া হয়। স্যার, কবর দেওয়ার সময় দোয়া পড়তে হয় কিন্তু সেই দোয়া পড়তে কেউ আসেনি, কারণ কি? না, সি. পি. এম আল্লা মানেনা, সে জন্য তারা দোয়া পড়তে আসেনি। স্যার, আপনি একটু ভাল করে শুনুন। এই যে সি. পি. এম. কর্মীরা তারা লালফ্লাগ সমেত ঢেকে কবরে ঢুকিয়ে দিয়েছে আর বলছে, মাও-সে-তুং জিন্দাবাদ, সি. পি. এম. জিন্দাবাদ। এই রকম শ্লোগান তারা দোয়ার পরিবর্তে দিয়েছে। মুসলমানদের ধর্মীয় ক্ষেত্রে এই হল সি. পি. এম-এর বক্তব্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত পুজোর পরে দেখলাম ষ্টেটস্‌ম্যান-এ বেরিয়েছে, এবারে নাকি কলকাতায় সবচেয়ে বেশী পুজো হয়েছে। তারপর বলা হয়েছে পুজোর সংখ্যা না হয় হল—কিন্তু দেখা গেল যে কলকাতার বুকে লালফ্লাগ ঝুলিয়ে দিয়েছে, সবই সি. পি. এম.। এটা কি করে সম্ভবপর যে পুজো বাড়ছে আবার লাল ফ্লগের দলও বাড়ছে—এটাতো স্যার, কনট্রাডিকটরী কথা হয়ে যাচ্ছে। তাহলে দেখা যাচ্ছে আসলে তারা কিন্তু সি. পি. এম. নয় স্বার্থের খাতিরে সি. পি. এম. হয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আর আমার সময় নেই। আমার কিছু বলবার থাকলেও সময়ের অভাব। যাহোক মাননীয় রাজ্যপালের ভাষণের আমি তীব্র সমালোচনা করি এবং এই ত্রুটিপূর্ণ ভাষণে আমাদের আপত্তি রয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্যার, আমার এখানে ব্যক্তিগত এক্সপ্ল্যানেসন দেওয়া দরকার। কারণ খানিকক্ষন আগে মাননীয় সদস্য আমার সম্পর্কে নাম করে যে সমস্ত কথা বলেছেন তার প্রতিবাদ করতে হবে। অবশ্য বাইরে বসে ভাবতাম পাগলে কি না বলে ছাগলে কি না খায়.......

**Mr. Deputy Speaker :** Mr. Roy, by this remark you are refeiing to an honourable Member.

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** আমি অনারেবল মেম্বারকে বলছি না—এই রকম একটা প্রবাদ আছে।

**Mr. Deputy Speaker :** Mr. Roy, give only personal explanation. You cannot make any comment.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** বোধহয় ওঁর ধারণা যে কালটুপি এবং কাল পোষাক পরলেই মুসলিম হওয়া যায়........

**Mr. Deputy Speakar :** Do not reflect on any Member when you are giving personal explanation.

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্যার, কিন্তু উনি যখন বল্লেন তখন আমি প্রটেকসন পাইনি, এই রকম জিনিস রেফার করলেন আগে থেকে শেষ পর্যন্ত তখন কিছুই প্রটেকসন পাইনি। উনি যখন বলেছেন তখন প্রমাণ করতে হবে যে আমি বলেছি পাকিস্তানে পাঠাবো। আমি একথা বলিনি।........

আমি নিশ্চয়ই একথা বলিনি। এখানে টেপ রেকর্ডার আছে। সেটা এখানে এনে প্রমাণ করতে হবে; তা যদি না হয় তাহলে ওঁর বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

**Mr. Deputy Speaker :** You deny it ?

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** এই রকম মিথ্যা কথা সত্যিই যদি বলেন তাহলে আমাদের টেপ রেকর্ডার আছে সেটা এনে দেখুন। তাঁর যদি এই রকম জঘন্য মনোবৃত্তি থাকে তাহলে ওঁর বিরুদ্ধে ব্যবস্থা করতে হবে।

**Mr. Deputy Speaker :** You are giving an explanation denying the allegation that has been made by the honourable Member. I won't allow any Member to discuss this matter. The matter should be dropped here. Let us proceed.

**Shri A. H. Besterwitch :** That is not the question. The question is that a reflection is made and some remarks have also been made. There are records and the taperecord is also there. I think the tape record should be brought and if it is not correct this should be sent to the Privilege Committee.

**Mr. Deputy Speaker :** There should not be any excitement over this issue. Mr. Roy has denied the allegation and has categorically stated that he has not said it. Mr. Nasirudding Khan may be misled. However, Mr. Roy has denied the allegation. So the matter should be dropped here. Do not get excited over this small issue.

**শ্রীগোপাল বসু :** স্যার, উনি যেটা বলেছেন সেটা প্রমাণ হয়ে গেছে। খানিকক্ষণ আগে আমাদের বেঞ্চ থেকে আমাদের মাননীয় সদস্য মোল্লা হুমায়ুন কবীর সাহেব একটা প্রিভিলেজের প্রশ্ন তুলেছিলেন আমাদের নাসিরুদ্দিন সাহেবের বক্তৃতার উপর এবং এখানে প্রবোধবাবুও আপত্তি জানিয়েছিলেন। আমরা জানি এই হাউসে সবাইয়ের বাক স্বাধীনতা আছে। নাসিরুদ্দিন সাহেব অনেক কথা বলেছেন এবং এমন কয়েকটি কথা বলেছেন যেটা আমাদের বাংলাদেশের যে সাধারণ স্বাস্থ্য সেই স্বাস্থ্যহানি করে। তাঁর বক্তৃতার জায়গায় জায়গায় সাম্প্রদায়িক কথা আছে। এটা অস্বীকার করার উপায় নাই, এবং বাংলাদেশের উত্তরবঙ্গ থেকে সুরু করে দক্ষিণবঙ্গ পর্যন্ত অনেকগুলি সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে, এই ঘটনা আদৌ সত্য নয়। অথচ এই সব কথা বলার পর এসব কাগজে বেরোবে। সেজন্য বলছি বাংলাদেশে সাধারণ সাম্প্রদায়িক সম্প্রীতি যাতে থাকে, সেজন্য এগুলি বলার স্বাধীনতা থাকলেও, এই হাউসে বলার প্রিভিলেজ থাকলেও কাগজের সাংবাদিক যাঁরা আছেন তাদের অন্ততঃ বলুন যে এই বিষাক্ত আবহাওয়া কাগজে বার করবেন না, এটা অসত্য ঘটনা, এটা যেন কাগজে প্রতিফলিত না হয়। আর অমলবাবু সম্পর্কে যা বলেছেন সে সম্বন্ধে আপত্তি তিনি করেছেন। এ জিনিষ সাধারণ রাজনীতির স্বার্থে দেশের সাম্প্রদায়িক স্বার্থে বাইরে প্রকাশিত না হওয়াই উচিত। এটা আমি আপনার মাধ্যমে সাংবাদিকদের কাছে অনুরোধ রাখতে চাই। আশা করি আপনিও এটা নজরে আনবেন।

[ 6-55—7-05 p. m. ]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় নাসির খান এক সময় বলেছেন, এক সময় কোন জায়গায় গরু জবাইয়ের সময় নাকি লাল রুমাল বাঁধা কতকগুলি লোক এসে, তাঁকে এবং তার পরিবারকে মেরেছে। বিপ্লবী সমাজতন্ত্রী দলের কর্মীরা এবং সি. পি. এম. কর্মীরা তার কোন আপত্তি করেনি। এই থেকে তিনি বলতে চেয়েছেন সমাজতন্ত্রীদল কামিউন্যাল একথা বলার তাঁর কোন অধিকার নাই। অথচ একথা তিনি আইনসভায় বলেছেন, এর উপর আমি আপনার রুলিং চাই।

**Mr. Deputy Speaker :** This is a personal opinion expressed by an honourable Member. The Press people are here and they have noted

everything. I know that responsible Members must not say anything that will tarnish the good feeling between different communities. I am sure that the honourable member Shri Nasiruddin Khan has expressed his views not with any intention as such. It is his personal belief. Now, Shri Gopal Basu has pointed out that at least we should follow a code of conduct here and must not speak in such a language as can injure the feellings of any community outside. I also agree with him that we should not speak in such a fashion, which if reported in the Press, might injure the feelings of another community. I think Shri Nasiruddin Khan has not said anything with any such intention or malice. In any case, I would request him to speak in such a way that the peaceful atmosphere and feelings between different communities are not only maintained but also strengthened, and, I am sure, that he has not stated anything with the intention of damaging this peaceful atmosphere.

**শ্রীগোপাল বসু :** আমি আর একটু বলতে চাই। অমলবাবু এখান থেকে একটা আপত্তি করেছেন। নাসিরউদ্দিন সাহেব অমলবাবু সম্বন্ধেই উক্তি করেননি, যে উক্তি করেছেন সেটা একটা রাজনৈতিক পার্টির উপর কলঙ্ক লেপন করে। এমন কথাও তিনি একটা বলেছেন যে কথাটা অত্যন্ত ছোট হলেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। অমলবাবু যে আপত্তি করেছেন, সেটা অত্যন্ত ন্যায়সঙ্গত আপত্তিই করেছেন। আমি অনুরোধ করছি নাসিরউদ্দিন সাহেবকে যে তিনি যেন রাজনৈতিক সততার খাতিরে একথাটা প্রত্যাহার করে নেন, সেটা আপনি বলুন।

**Mr. Deputy Speaker :** I would request all the honourable Members including Shri Nasiruddin Khan not to use such expessions as might injure the feelings of individual Members or of any political party. If by the remarks of Shri Nasiruddin Khan the feelings of any honourable Member or any political party are injured I would expect that he would stand up and make the position clear that he had made such remarks not with the intention of injuring the feelings of any honourable Member or of any political party.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে মাননীয় সদস্য অমল রায় মহাশয় যে ব্যক্তিগত কৈফিয়ত দিলেন, এই ব্যক্তিগত কৈফিয়তে যদি কেউ ব্যক্তিগতভাবে আনন্দিত হন তা হচ্ছে আমি। সেদিনও ডিবেটের সময় আমার কানে এসেছিল এবং আমি প্রবলভাবে আপত্তি জানিয়েছিলাম এবং অনেক সদস্যও আপত্তি তুলেছিলেন। আজকে যদি এই কথা সত্য বলে প্রমাণিত হয় যে তিনি বলেননি তাহলে ব্যক্তিগতভাবে এবং সাধারণ সদস্য হিসাবে এই হাউসের, এটায় আমাদের আনন্দ প্রকাশের কারণ আছে, এই মনোভাব যদি না থাকে, আমরা আরও বেশী আনন্দিত হবো—আজকে ওরা বলেছেন যে টেপ রেকর্ডার বাজিয়ে—আপনি তো জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে বক্তৃতা করার সময় এই পক্ষ এবং অপর পক্ষ থেকে বসে যেগুলো রিমার্ক করা হয় সেইগুলো টেপ রেকর্ডারে যাওয়ার প্রশ্ন নয়। দ্বীতিয় কথা হচ্ছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এফেক্টটা-এর হয়ে যায়, একটা বক্তৃতা হয় এবং এফেক্টটাও হয়ে যায়। সেই জন্য—

**Mr. Deputy Speaker :** I just accept the statement that he has not made the allegation. I think all honourable Members shonid accept this denial and therefore, there cannot be any further discussion on this, when the honourable Member, Mr. Roy, says that he has not said such thing as has been alleged, we should be magnanimous enough to accept that denial.

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ। আপনি এই হাউসের সদস্যদের প্রিভিলেজ রক্ষার জন্য আছেন। কোন সদস্য তাঁর বক্তব্য সাধারণভাবে বলতে গিয়ে যদি কোন সদস্যের ব্যক্তিগত সেন্টিমেণ্টে উণ্ড করেন, সেটা আপনি চাননা, তা আপনি বললেন। কিন্তু সাম্প্রদায়িকতা কেউ উচ্চারণ করলেও, সেটা সাম্প্রদায়িক নয়, তা যদি কেউ বলেন তাহলে আমরা সন্তুষ্ট হবো। কিন্তু এখানে বিশেষ একজন ব্যক্তি অমল রায় মহাশয়, মাননীয় সদস্য, তাঁর সম্পর্কে আমাদের নাসীরুদ্দিন সাহেব যা বক্তব্য রাখলেন তার পাণ্টা অমল রায় মহাশয় যে কৈফিয়ত দিলেন, সেই কৈফিয়তে হাউসে আমরা সন্তুষ্ট হচ্ছি। কিন্তু প্রিভিলেজ যদি দিতে হয়, প্রটেকশন যদি দিতে হয়, তাহলে নাসিরুদ্দিন সাহেবের বলা উচিত, আমিও তার জন্য দুঃখ প্রকাশ করছি এবং উইথড্র করে নিচ্ছি। এটা না হলে প্রিভিলেজ প্রটেকশন হয় না।

**শ্রীখান নাসিরুদ্দিন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথা আমি নিজ কানে শুনেছি এবং আপনি তখন উপস্থিত ছিলেন এবং আমার পাশে বসেছিলেন, আপনি শুনেছেন কি না জানিনা, তা সত্বেও উনি যদি বলেন বলিনি, আমি খুসী হলাম।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** তাহলে এই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক এবং ঐ টেপরেকর্ডার আনতে হবে এবং শুনতে হবে যে কি হয়েছে।

**Mr. Daputy Speaker:** I would request Mr. Khan to accept the denial, specially when the speaker himself—against whom the allegation has been made—has said that he has not made such a statement, and it should be unequivocally accepted that Mr. Roy has not stated that.

**শ্রীখান নাসিরুদ্দিন:** এতৎসত্বেও যখন বলছেন তখন—উনি যখন অস্বীকার করছেন তখন আমি এই কথা মেনে নিলাম।

**Shri Amalendralal Roy:** I have never said that.

**Mr. Deputy Speaker:** I think he is accepting the denial, and I appeal to the good senses of all honourable Members not to dilate on the point any more. I now call upon Mr. M. A. Sayeed.

**শ্রীমোল্লা হুমায়ুন কবির:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ—মাননীয় সদস্য নাসিরুদ্দিন সাহেব—দেশের বর্তমান অবস্থার সমালোচনা করতে গিয়ে বিশেষ একটা জাতির সমস্যা, যে সমস্যা ধনতান্ত্রিক, সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থার জন্য এসে গেছে, সেই সমস্ত সমস্যাটাকে সাম্প্রদায়িক দৃষ্টিভংগিতে এই সভার কাছে—যে বিধান সভা ১৯৬৭ সালে একটা নতুন ইতিহাস তৈরী করেছে, সেই বিধান সভার কাছে নগ্ন ভাবে—

**Mr. Deputy Speaker:** No more discussion please, I have disposed off the matter.

**শ্রীমোল্লা হুমায়ুন কবির:** এই রকম নগ্নভাবে একটা সাম্প্রদায়িক চিন্তা, যেখানে এই গভর্ণমেণ্ট একটা সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা তৈরী করবার চেষ্টা করছে, তখন এর প্রতিকার অবশ্যই করতে হবে।

**Mr. Deputy Speaker:** Please take your seat and do not disturb the peace of the House. The matter has been discussed for long and we have come to an understanding and the honourable Member has accepted the position. I now call uppon Mr. M. A. Sayeed.

[ 7-05—7-15 p. m. ]

( Shri Mir Abdus Sayeed rose to speak )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মিঃ স্পীকার স্যার, আপনার পাশে বসে একের পর এক মন্তব্য করে যাচ্ছেন এটা ওঁকে স্মরণ করিয়ে দিন যে এটা বিধানসভা এটা ওঁর জমিদারি নয়।

**Mr. Deputy Speaker :** Mr. Roy and Mr. Khan, I request both of you to forget the past. Mr. Roy you have denied and Mr. Khan has accepted the denial.

**শ্রীপিযুষকান্তি মুখার্জি :** মিষ্টার ডেপুটি স্পীকার স্যার, এভাবে যদি বলেন যে একটাও মুসলমানকে থাকতে দেবো না তাহলে............ ।

**ডাঃ জয়নাল আবেদিন :** মিষ্টার ডেপুটি স্পীকার স্যার মাননীয় সদস্য শুনেছেন তিনি ঐ কথা বলেছেন। এ ধরনের রিমার্কস যদি করেন যে মুসলমানদের থাকতে দেবো না তাহলে জানতে চাই মুসলমানরা কি ওঁর দয়ায় আছে।

**Mr. Deputy Speaker :** Every honourable Member, whether he is a Muslim or a Non-Muslim, is here on his own rights.

( Noise and interruptions )

An allegation has been made that a statement has been made by Mr. Roy wounding the sentiment of some honourable Members of this House. I have not heard personally anything, but an allegation has been made that a statement has been made by Mr. Roy injuring the feelings of some honourable Members of this House. I would like to know whether he has made such remark. ( Noise and interruptions ). I have asked Mr. Roy to clarify what he has exactly uttered.

**শ্রীগোপাল বসু :** অমলবাবু যা বলেছেন তা আমি শুনেছি। অমলবাবু বলেছেন উনি ওখান থেকে আপনার পাশে বসে বসে কতকগুলি এমন বক্তব্য করেছেন সেগুলি আপত্তিজনক। উনি সেগুলি শুনেছেন, শুনে এটা বলেছেন যে এটা কারো জমিদারি নয়, এটা বিধান সভা, কাজেই ওঁর যে সমস্ত রিমার্কস সেগুলি অমলবাবু শুনেছেন সেগুলি আপত্তিজনক। এ সমস্ত রিমার্কসগুলি জমিদারিতে হতে পারে একের সম্মান অন্যের উপর নির্ভর করে না। কিন্তু এটা বিধান সভা এখানে একের Remarks-এর উপর অন্যের সম্মান নির্ভর করে। এখানে প্রত্যেকে আমরা প্রত্যেকের সম্মান দেবো, তা না হলে স্বেচ্ছাচারীভাবে অপরের Prestige নষ্ট হতে দেবো না।

( গোলমাল )

সেজন্য অমলবাবু আপনার দৃষ্টি আকর্ষণ করে বলেছেন যে ওখানে বসে আপত্তিজনক কথা রিমার্কস করছেন। সেজন্য ওকে ইঙ্গিত করেছেন সেজন্য অন্যায় কিছু হয়নি।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, একটা মুসলমানকে থাকতে দেবো না একথা তিনি বলেছেন।

**Mr. Deputy Speaker :** Mr. Roy, please clarify the position.

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** আমি পরিষ্কার একথা বলেছি যে উনি যে ভাষায় কথা বলেছেন সে ভাষায় যারা কথা বলে তারা একজনও মুসলমানেরও প্রতিনিধিত্ব করে না।

( নয়েজ )

**Mr. Deputy Speaker :** I think we are misunderstanding each other. After the clarification made by Mr. Ray, I think, no other honourable Member has got any grievance and we can proceed peacefully now. I call upon Mr. Sayeed to speak.

**শ্রীমীর আবদুস সৈয়দ :** মিষ্টার ডেপুটি স্পীকার স্যার, আবহাওয়া উত্তপ্ত হয়ে গেছে এবং হওয়াটা স্বাভাবিক। এর আগে যে বক্তৃতা হল সে বক্তৃতা রাজনৈতিক অভিসন্ধিমূলক বক্তৃতা নয় এটা আমরা মনে করি না। কারণ কংগ্রেস বেঞ্চে যারা বসেন আমরা তিন দিন ধরে তাদের বক্তৃতা শুনেছি, সেখানে নায়ক উত্তম কুমার থেকে আরম্ভ করে ভিলেন বিকাশ রায়, ভানু ব্যানার্জী সকলের রোল প্লে করা হয়েছে। স্যার, ওঁদের জমি ভেড়ী চলে যাচ্ছে ওরা তো চেঁচাবেই। আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি কালকে আমাদের প্রগতিশীল মুসলীম লীগের বন্ধু আজকে আবার নাজিমদ্দিন সাহেব প্রগতিশীল মুসলিম লীগের সদস্য হিসাবে, মুসলমানদের দরদী হিসাবে এখানে কয়েকটা কথা বলেছেন। কিন্তু ১৯৬৭ সালের আগে পর্যন্ত পার্টিশনের পরে ২০ বৎসর ধরে এই মুসলমানরা বিশেষ করে কংগ্রেসী আমলে পদদলিত হয়েছে, নিঃশেষিত হয়েছে। তাদের সমস্ত অধিকার কেড়ে নেওয়া হয়েছে। আপনি জানেন যে রায়টের কথা উল্লেখ করেছেন, যুক্তফ্রণ্টের আমলে নাকি রায়ট্ করা হয়েছে সে সম্বন্ধে মনে করিয়ে দিতে চাই ১৯৪৬ সালে রায়টের কথা নিশ্চয়ই মনে আছে। ১৯৫০ সালের দাঙ্গা, ১৯৬৪ সালের দাঙ্গা নিশ্চয়ই মনে আছে, ১৯৬৫ সালে হিন্দুস্থান পাকিস্তান বিরোধের সময় হাজার হাজার মুসলমানকে বন্দী করা হয়েছিল পাকিস্থানের চর বলে যারা কোনদিন পাকিস্থানের বর্ডার দেখেনি, তারাও ভয়ে হোক যে কোন কারণে হোক এদের ভোট দিয়েছে। আমি তাদের সে কথা মনে করিয়ে দিতে চাই—৪/৫ দিন ধরে কোন পুলিশ মিলিটারী আসে নি। বহু ঘর বাড়ী পুড়েছে প্রাণ বিনষ্ট হয়েছে। আজকে সে কথা জানা উচিত। আজকে বলছে বাংলাদেশে যুক্তফ্রণ্ট দাঙ্গা বাঁধিয়েছে কিন্তু আমি স্মরণ করিয়ে দিতে চাই যে গুজরাটে কংগ্রেস সরকার সেখানে স্বরাষ্ট্র দপ্তর কংগ্রেসীদের হাতে, সেখানে রায়ট হয়েছে, সেখানে ১০ দিন কি অবস্থা হয়েছিল? কংগ্রেসী আমলে রায়ট যেভাবে বাড়তে দেওয়া হয়েছে—এখন সে ভাবে হয়নি তবে সে সম্ভাবনার কথা বলেছেন তাও আছে কারণ যতদিন পর্যন্ত পুঁজিপতি, জোতদার, জমিদার আছে, যতদিন পুঁজিপতি সমাজ ব্যবস্থা আছে, যতদিন জোতদার জমিদার গোষ্ঠীর সমাজ ব্যবস্থাকে বাঁচিয়ে রাখবার জন্য তাদের ধারক এবং বাহক আছে ততদিন তারা গণতান্ত্রিক আন্দোলন স্তব্ধ করার জন্য বিহারী-বাঙ্গালী, আসামী-বাঙ্গালী, বা হিন্দু-মুসলমানের দাঙ্গা লাগাবার চেষ্টা করবেন। কিন্তু গণতান্ত্রিক মানুষ এগিয়ে চলেছে তাদের বেশী ঠেকান যাচ্ছে না। তাই নূতন করে নানানভাবে চেষ্টা করা হচ্ছে যুক্তফ্রণ্ট সরকারকে কি ভাবে হেয় করা যায়। তারা টিটাগড়ে রায়ট সৃষ্ট করেছে, তারা চন্দননগরে, চাঁপদানীতে, জগদ্দলে রায়টের কথা বলেছেন, এই ভাবেই তারা রায়টের সৃষ্টি করেছেন।

[ 7-15—7-25 p.m. ]

হ্যাঁ, হয়েছে। কিন্তু মনে রাখতে হবে ১৯৬৪ সালের রায়টের সময় এই কংগ্রেসে যাঁরা বসে আছেন চারদিন ধরে যখন বনগাঁ থেকে হাওড়া বঙ্গবঙ্গ পুড়ছিল তখন তাঁরা ভুবনেশ্বরে বসে করতালি বাজাচ্ছিলেন। আর টিটাগড়ে যখন গণ্ডগোল হল আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী জ্যোতি বসু ছিলেন না আমাদের মাননীয় ল্যাণ্ড এণ্ড ল্যাণ্ড রেভেনিউ মিনিষ্টার হরেকৃষ্ণ বাবু এক ঘণ্টার মধ্যে সেখানে গিয়েছেন, আমি গিয়েছি, মহাম্মদ আমিন গিয়েছেন, সেখানে সমস্ত যুক্তফ্রণ্টের এম, এল, এ,-রা ঝাঁপিয়ে পড়েছি, সমস্ত বামপন্থী কর্মীরা ঝাঁপিয়ে পড়েছি। দুঘণ্টার মধ্যে রায়ট বন্ধ করেছি। চন্দননগরে চাঁপদানীতে যখন রায়ট হয় আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী উপস্থিত ছিলেন, দুঘণ্টার মধ্যে তিনি চন্দননগর থানায় উপস্থিত হয়েছিলেন। যুক্তফ্রণ্টের সমস্ত এম, এল, এ, এবং সমস্ত কর্মীরা মিলে রায়ট থামাবার চেষ্টা করেছি এবং দুঘণ্টার মধ্যে রায়ট থামাবার ব্যবস্থা হয়েছে। কায়েমী স্বার্থের দালাল যারা, পুঁজিপতি স্বার্থের দালাল যারা, জোতদার জমিদারদের দালাল যারা তারাই এই রায়ট সৃষ্টি

করেছিল জগদ্দলে। যার ফলে একশত বাড়ী পুঁড়েছিল এবং ৩৮টি প্রাণহানী ঘটেছিল এক ঘণ্টার মধ্যে। সেই সময় জ্যোতিবাবু ছিলেন না এখানে, দিল্লী গিয়েছিলেন। সমস্ত ২৪-পরগণার এম, এল, এ,-রা যুক্তফ্রণ্টের অংশীদার বামপন্থী দলগুলি সেই রায়ট প্রশমিত করার ব্যবস্থা করেছি। কেন এটা হয়েছিল? বৃটিশ সাম্রাজ্যবাদীরা উপনিবেশিকতা বজায় রাখার জন্য এই সব করেছিল। হিন্দু-মুসলমান, শিয়া-সুন্নি, জৈন-শিখ এই সব গণ্ডগোল বাধিয়ে দিয়েছিল। কংগ্রেসী যারা তারা সেই স্বার্থ কিভাবে রক্ষা করতে হয় সেটা বৃটিশ প্রভুর কাছ থেকে ভালভাবেই শিখেছে। যদি কায়েমী স্বার্থকে রক্ষা করতে হয়, সাম্রাজ্যবাদী স্বার্থকে রক্ষা করতে হয়, জমিদার জোতদারের স্বার্থ বজায় রাখতে হয় তবে গণতান্ত্রিক আন্দোলন বন্ধ করতে হবে এবং গণতান্ত্রিক আন্দোলনকে থামাবার জন্য দাঙ্গা করা দরকার। সেইজন্য হিন্দু-মুসলমান, আসামী-বাঙ্গালী, বিহারী-বাঙ্গালী দাঙ্গা বাধানোর চেষ্টা হয়েছে। যুক্তফ্রণ্ট সরকার এবং তার শরিক দলগুলি আমরা মনে করি গণতান্ত্রিক আন্দোলনে একদিকে শ্রমিক শ্রেণীকে তাদের দাবী-দাওয়ার লড়াইকে এগিয়ে নিয়ে যেতে হবে আর অন্যদিকে লক্ষ লক্ষ কৃষকদের জমির লড়াইকে এগিয়ে নিয়ে যেতে হবে। সেইপথে আজকে চলেছি আমরা। সেইজন্য এই যে গণজাগরণ উঠেছে এর থেকে ওরা ভয় পেয়েছে। ওরা কায়েমী স্বার্থকে রক্ষা করতে চায় তাই নূতন করে ভিতরে ভিতরে দাঙ্গা বাধাবার চেষ্টা করছে—হিন্দু-মুসলমান, বিহারী-বাঙ্গালী, আসামী-বাঙ্গালীদের মধ্যে। তাই রাজ্যপালের ভাষণের উপর এই যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব তার উপর বলতে যেয়ে বলতে চাই, আমি ব্যক্তিগতভাবে এবং আমাদের পার্টির তরফ থেকে বলতে চাই স্বরাষ্ট্রমন্ত্রী, বাংলাদেশের যুক্তফ্রণ্ট সরকারের উপ মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তিনি অভিনন্দনের পাত্র। অন্য কোন ব্যাপারের মধ্যে যেতে চাই না। কিন্তু যেভাবে তিনি সাম্প্রদায়িকতা রোধ করার জন্য, হিন্দু-মুসলমান, বিহারী-বাঙ্গালী, আসামী-বাঙ্গালীদের মধ্যে ভ্রাতৃত্বভাব বজায় রাখার জন্য ব্যবস্থা করেছেন তারজন্য তিনি নিশ্চয় আমাদের অভিনন্দনের যোগ্য। আমার মনে হয় এইটাই আজকে লক্ষ্যের বিষয়। আমাদের মনে রাখা উচিত যারা এই দাঙ্গা করছেন কেন তারা করছে। আজকে নাসিরুদ্দিন সাহেব ভুলে গিয়েছেন আমেদাবাদের কথা। আর একটা কথা ভুলে গিয়েছেন বাংলা-দেশের জাতীয়তাবাদী আন্দোলনের মহান নেতা যিনি এই সেদিন এসেছিলেন ভারতবর্ষে সেই খান আবদুলগফফর খান, বাদশা খান সাহেব তিনি সারা ভারতবর্ষ ঘুরে এসে, গুজরাট, মহারাষ্ট্র, উত্তর প্রদেশ প্রভৃতি সব জায়গা ঘুরে এসে সার্টিফিকেট দিয়ে গিয়েছেন যুক্তফ্রণ্ট সরকারকে। তিনি বলেছেন, ভারতবর্ষের মধ্যে কোন প্রদেশে যদি সাম্প্রদায়িক মৈত্রী থেকে থাকে সেটা বাংলাদেশে। যদি কোন জায়গায় মাইনরিটিসদের ধন সম্পত্তি রক্ষিত হয়ে থাকে তবে সেটা বাংলাদেশেই আছে। এই সার্টিফিকেট তিনি যুক্তফ্রণ্ট সরকারকে দিয়ে গিয়েছেন। তাই আমি তাঁকে বলব ওদের Sound box নিজের Sound box-এ লাগিয়ে গান গাইবার চেষ্টা করছেন। কংগ্রেসের নেতা, জাতীয় আন্দোলনের মহান নেতা বাদশা খান এই সব কথা বলেছেন। আমরা জানি গণআন্দোলনের ফলে মেহনতী মানুষ, শ্রমিক, কৃষকের মধ্যে যে জাগরণ বাংলাদেশে এসেছে আজ তাকে দেখে জমিদার, জোতদার, পুঁজিপতিদের দালাল যারা ঐখানে বসে আছেন তাঁরা আতঙ্কিত। ওঁরা Riot করেছিলেন। Riot-এর ২।৩।৪ দিন পরে ওঁরা পুলিশ পাঠিয়ে দিতেন, curfew জারী করতেন এবং মুসলমানদের কাছে গিয়ে বলতেন যে আমরা তোমাদের বাঁচালাম। যে মুসলমানদের এদেশে জন্ম তারা ২০ বছর কংগ্রেসী আমলে চিন্তা করতে পারেনি যে এদেশ আমাদের দেশ এবং আজ না হয় কাল আমাদের পাকিস্থানে চলে যেতে হবে। ভোটের সময় কংগ্রেসীরা বলত আমাদের ভোট না দিলে পাকিস্থানে পাঠিয়ে দেব। সেই মুসলমান যারা তখন দাঁড়াতে পারতো না আজ তারা দাঁড়াচ্ছে। তাই আজ তারা শ্রমিক, কৃষকের সঙ্গে শ্রেণী সংগ্রামে অংশগ্রহণ করছে এবং তারজন্য আমার বন্ধুরা আজ আতঙ্কিত। আমি এবার মাননীয় সদস্য পান্নালাল দাশগুপ্ত মহাশয় যে কথা বলেছেন তার উল্লেখ করে শেষ করব। রাজ্যপালের ভাষণ থেকে তিনি বলেছেন—

Today we are passing through a period of rapid changes in India. The people is on the march, but its progress towards full democracy is unsettling some of the old patterns and relations to which we have been accustomed and creating new patterns and relations which are in the process of emergency. In this process it was inevitable that there should be stresses here and strains there.

এটা স্বাভাবিক যে বাংলাদেশে গণজাগরণের ফলে যে নূতন শক্তির উদ্ভব হচ্ছে এর কায়েমী শক্তিকে ভাঙ্গার জন্য যে শক্তির উদ্ভব হচ্ছে সেই শক্তির জাগার সময় একটা strain হবে here and there. যখন সন্তানের জন্মলাভ হয় তখন মায়ের প্রসব যন্ত্রণা হয় ; কোন ডাক্তার নেই যে সেই যন্ত্রণা রোধ করতে পারে। কেননা লোকেরা সেই সময় মায়ের যন্ত্রণার দিকে দেখে না এবং যে নূতন সন্তান আসছে তাকে স্বাগত জানাবার জন্য শাঁক বাজায়। তাই আজ নূতন সন্তান জন্মাচ্ছে বলে এরা আতঙ্কিত ; এরা বলছে যে আইন শৃঙ্খলা নেই, সব ভেঙ্গে গেল। কায়েমী স্বার্থ ও পুঁজিবাদী সমাজ ব্যবস্থাকে ভেঙ্গে চুরমার করে নূতন সমাজ ব্যবস্থাকে তৈরী করার জন্য বাংলাদেশে নূতন সন্তান জন্ম গ্রহণ করছে এবং তাই গণতান্ত্রিক আন্দোলনের জোয়ার দেখে তাঁরা ভয় পাচ্ছেন। তাই তাঁরা অন্যের রেকর্ড বাজাবার চেষ্টা করছেন। ওঁদের Sound box ভোঁতা হয়ে গেছে, Sound box-এ কোন আওয়াজ হচ্ছে না। এবং তাই তাঁরা Sound box ধার করার চেষ্টা করছেন। আমি তাই বলব আপনারা বাহিরে যান দেখবেন কৃষক, শ্রমিক, মেহনতী মানুষ আজ তারা নূতন আশা নিয়ে এগিয়ে চলেছে এবং শ্রেণী সংগ্রাম তীব্র থেকে তীব্রতর হচ্ছে। এমন একটা সময় এসেছে যখন কেন্দ্রে কংগ্রেস শাসন ভেঙ্গে যাচ্ছে, তখন এই চেষ্টা আমরা করি যাতে তাদের ভেঙ্গে টুকরো টুকরো করে দিয়ে নূতন সমাজ ব্যবস্থা কায়েম করার দিকে আমরা এগুতে পারি। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি শেষ করছি।

[7-25—7-35 p.m.]

**শ্রীসরল দেব :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণকে সমর্থন করে দু'একটি কথা আপনার সামনে বলতে চাই। আমাদের বিরোধী কংগ্রেসী বন্ধুরা দীর্ঘ ১১ মাসে যুক্তফ্রণ্টের সরকারের যে সাফল্য সেই সাফল্য অন্ধ ধৃতরাষ্ট্রের মত দেখতে পাবেন কি করে ? তাঁদের চোখ কানা তাই তাদের দেখা সম্ভব হয় নি। যুক্তফ্রণ্টের শাসন প্রতিষ্ঠিত হবার সাথে সাথে পশ্চিম বাংলার জনজীবনে এক নূতন জীবনের স্পন্দন সুরু হয়েছে যার ফলে শ্রমিকশ্রেণী পশ্চিম বাংলার, জুটকলের শ্রমিক, সুতা কলের শ্রমিক, ইঞ্জিনিয়ারিং শিল্পের, চা বাগানের তরাইএর শ্রমিকরা তাদের সঙ্ঘবদ্ধ লড়াইয়ের মধ্যে দিয়ে মালিকশ্রেণীর কাছ থেকে দাবী আদায় করতে পেরেছে। পশ্চিমবাংলার সরকারী কর্মচারী, শিক্ষকশ্রেণীও পেরেছে। আমাদের খাদ্য সমস্যা, আমাদের এই খাদ্য বিভাগ এক অভূতপূর্ব কৃতিত্বের দাবী রাখে। কৃষিবিভাগ তারা ইতিমধ্যে তাদের টারগেটে পৌছে গিয়েছে আজো আমরা পশ্চিম বাংলায় সরিষা, ডাল এবং লঙ্কার জন্যে বাংলাদেশের বাইরের উপর নির্ভরশীল। পশ্চিম বাংলার কৃষক যে উৎপাদন করে তাদের উৎপাদনের সামগ্রিক জিনিস তারা কেন তার সঙ্গে সমতার কথা রাজ্যপালের ভাষণে দেখিনি বলে দুঃখিত। আজকে পশ্চিম বাংলার যে গ্রামীণ বেকার যুবক, পশ্চিমবঙ্গের হতাশমান যুবক তাদের কথা আমরা নির্বাচনের পূর্বাহ্ণে এবং পরে বহুবার বলেছি, যে যুব সমাজে হতাশা এসেছে সেই যুব-সমাজের জন্য সুস্পষ্ট কোন পরিকল্পনা রাজ্যপালের ভাষণে না দেখার জন্য আমরা ব্যথা বেদনা অনুভব করেছি। আজকে যদি রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে তাদের জন্য সুস্পষ্ট পরিকল্পনা থাকতো তাহলে আমরা আনন্দিত হতাম। তা না থাকার ফলে আমরা শঙ্কিত হচ্ছি যে একটা বিস্ফোরণ ঘটে যাবে। আমরা দেখছি এই ক্ষুদ্র কুটির শিল্প বিভাগ

১৯৬৪-৬৫ সালে পশ্চিমবাংলায় এই বেকার হতাশমান যুবকদের জন্য ৩১ লক্ষ টাকা খরচ করেছিলেন, অপর পক্ষে আজকে আমরা দেখতে পাচ্ছি পশ্চিম বাংলায় ১৯৬৯-৭০ সালের জন্য ১৪ লক্ষ ৭০ হাজার টাকা মঞ্জুরী করেছে। এই হতাশমান বেকার যুবকদের জন্য সুস্পষ্ট কোন পরিকল্পনার ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। একথা ঠিক পশ্চিম বাংলায় আজকে ভূমিহীন কৃষক, আজকে জমিদার জোতদারদের হাত থেকে যেটুকু উদ্ধার করতে পেরেছে তাতে তারা অভিনন্দন যোগ্য, সেই বাহাদুর কৃষকদের আমরা অভিনন্দন জানাচ্ছি। আরো অভিনন্দন জানাই পশ্চিম বাংলার সরকারকে ৯ বিঘা জমির খাজনা আমরা মুকুব করতে পেরেছি। এটা যেমন সাফল্যের, আর একটা দিক দেখে আমরা ব্যথিত এবং শঙ্কিত। কৃষক সংগ্রামের নাম করে আজকে কৃষকে কৃষকে, শ্রমিকে শ্রমিকে লড়াই করছে। বিশেষ করে শিক্ষা দপ্তরের ব্যর্থতা আমাদের মনে আশা দেয়নি। আমি দেখেছি আমার নির্বাচন কেন্দ্রে বারাসত গভর্ণমেণ্ট কলেজে ৫ জন গভর্ণমেণ্ট নমিনি আর ৪ জন সি, পি, এম, সেখানে শিক্ষিত অনেক মানুষ থাকা সত্ত্বেও তাঁরা সেখানে সুযোগ পাননি। আচার্য প্রফুল্লচন্দ্র কলেজে ৫ জন, ৫ জনই সি, পি, এম, সদস্য। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে গিয়ে দেখেছি আমার নির্বাচন কেন্দ্রে একটি বেসিক প্রাইমারী শিক্ষক ১১ বছর ধরে বামপন্থী আন্দোলনে সহযোগিতা করেছেন, তাকে ঘাড় ধরে বের করে দিয়েছে। বিচার চেয়েছে, বিচার পায়নি। এই হাউসের সদস্য নিতাই সরকার তাঁকেও পর্যন্ত ঘেরাও করা হয়েছে। আমার নির্বাচন কেন্দ্রে বোদা হাই স্কুলের হেড মাস্টার ব্রিটিশ আমলে জেল খেটেছে, কংগ্রেস আমলে জেল খেটেছে, বাংলা দেশে যুক্তফ্রণ্ট তৈরী করার জন্য মদত দিলো। অপরাধ ভদ্রলোক দক্ষিণপন্থী কম্যুনিষ্ট পার্টি করেন, অনন্ত গিরি, তাকে মেরে তাড়ান হল। বিচার চাইলাম শিক্ষামন্ত্রীর কাছে। তেমনি আজকে দেখছি পশ্চিম বাংলায় প্রশাসন দপ্তরে— বিগত বাজেটে স্বরাষ্ট্র দপ্তরকে দুই হাত তুলে অভিনন্দন জানিয়েছি কিন্তু আজ পশ্চিম বাংলায় শ্রেণীসংগ্রামের নামে কি দেখছি? সেদিন যখন সপ্তপার্টির ফরমূলা যুক্তফ্রণ্টের মিটিং এ আবিষ্কৃত হল, সাথে সাথে সোনারপুরে দেখেছি যে ভূমিহীন কৃষকদের রক্তে সোনারপুরের মাটি রক্তে রাঙ্গা হয়ে উঠল। এই সেদিন ২৫ তারিখে কলকাতায় যুক্তফ্রণ্টের বৈঠকে নির্দ্ধারিত হল যে যুক্তফ্রণ্ট নিজেদের ভুলভ্রান্তিকে সংশোধন করে আমরা আগামীদিনে জনগণের আশীর্বাদ নিয়ে যুক্তফ্রণ্টকে জনগণের চোখের মনির মত রক্ষা করব, কেননা যুক্তফ্রণ্ট ছাড়া পথ নেই। যখন কংগ্রেস পতন ত্বরান্বিত হতে চলেছে আজকে সেই সুযোগ সারা ভারতবর্ষের মেহনতি মানুষ নেবে। কিন্তু কি দেখলাম ২৫ তারিখে আলোচনা শেষ হল বেলা চারটায়, ২৬ তারিখে সাড়ে দশটায় দুর্গাপদ সর্দ্দার আমাদের ফরওয়ার্ড ব্লকের একজন বিশিষ্ট কর্মী খুন হল। ১৭ বছরের বিধবা রমণী আজকে আমাদের কাছে কেঁদে বলছে আমরাই এই সরকার প্রতিষ্ঠা করেছিলাম। আজকে যুক্তফ্রণ্ট এই ১১ মাসে বিড়লা টাটা ডালমিয়া কানোরিয়া বাজোরিয়াকে কি খুন করতে পেরেছি, আমরা তাদের হাত থেকে সম্পদ ছিনিয়ে নিতে পেরেছি? এখনও তা পারিনি। অপর পক্ষে বিগত ১১ মাসে আমাদের সংঘর্ষের মধ্যে দিয়ে বহু গরীব প্রাণ পৃথিবী থেকে বিদায় নিতে বাধ্য হয়েছে। অত্যন্ত বেদনাদায়ক ঘটনা। কিন্তু আজ আমরা এই সমালোচনা করছি যুক্তফ্রণ্টকে ভাঙার জন্য নয়। এই সমালোচনা করছি যুক্তফ্রণ্টের ভুলভ্রান্তিকে সংশোধন করে পশ্চিম বাংলার মানুষের যে আশা যে আকাঙ্ক্ষা তাকে বাস্তবে রূপ দেবার জন্য। গারোলিয়াতে একটি প্রাইমারী স্কুল আছে। আমাদের শিক্ষাদপ্তর তাকে মঞ্জুর করেছেন। The School received the recognition in 1969 by the memo no. 1205, dated 8/2/69. এটি হচ্ছে গারোলিয়ার হিন্দু প্রাইমারী গার্ল স্কুল। আমার মনে হল ঐ স্কুলে বোধহয় সি, পি, এম, এর কেউ সদস্য শিক্ষকার মধ্যে নেই সেই জন্য স্কুল সাংশান হওয়া সত্ত্বেও আজ এক বছর যাবত সেখানকার ১২ জন শিক্ষক তারা বেতন পাচ্ছে না। এটা অত্যন্ত বেদনাদায়ক ঘটনা। কংগ্রেসীরা যেমন প্রশাসন দপ্তর নিজেদের স্বার্থে জোতদার জমিদার ধনিক শ্রেণীর স্বার্থে

ব্যবহার করেছিল, নিশ্চয়ই যুক্তফ্রণ্ট তা করতে চায়না। আমরা জানি যুক্তফ্রণ্ট সরকার সমাজতান্ত্রিক সরকার নয়। আমাদের নির্দিষ্ট কর্মসূচীর ভিত্তিতে আমাদের মধ্যে নীতিগত পার্থক্য থাকা সত্ত্বেও আমরা একটি জায়গায় এসে দাঁড়িয়ে ছিলাম যে পশ্চিমবাংলা মেহনতী মানুষের কৃষকের জীবনে যে নতুন জীবনের স্পন্দন এসেছে সেই স্পন্দনকে এগিয়ে নিয়ে যাবে। এই ছিল আমাদের ৩২ দফা কর্মসূচীর মূল লক্ষ্য। কিন্তু অত্যন্ত দুঃখের কথা ও বেদনার কথা বিগত ১১ মাস ধরে আমরা সেই কর্মসূচীকে ইস্পাতের গড়া ঐক্যের মধ্যে দিয়ে আমরা এগিয়ে নিয়ে যেতে পারিনি। যার ফলে বাংলাদেশের যুক্তফ্রণ্টের জীবনে এটা সংকট দেখা দিয়েছে। আজকে সেই সংকটের হাত থেকে যুক্তফ্রণ্টকে রক্ষা করতে হবে। কারণ যুক্তফ্রণ্ট পশ্চিম বাংলার নিপীড়িত নিঃস্পেষিত পদদলিত ঐ শোষিত মানুষের জীবনের আশা আকাঙ্খার একটা প্রদীপ। সেই প্রদীপ যাতে নিভে না যায় তার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। তাই আমরা দেখছি বিগত ১১ মাস ধরে শিক্ষাদপ্তর দলীয় স্বার্থে বিভিন্ন জায়গায় ব্যবহৃত হয়েছে, যুক্তফ্রণ্টের যে ভাবমূর্তি তা ম্লান হতে চলেছে। আজকে আমি তাই যুক্তফ্রণ্টের বড় শরিক মার্কসবাদীদের এই হাউস থেকে এই আবেদন জানাবো যে, আমাদের যে ইস্পাতে গড়া ঐক্য, যে ঐক্য নির্বাচনের পূর্বাহ্ণে গড়ে তুলেছিলাম, আমাদের সংযত আচরণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার মানুষের যে আশা আকাঙ্খা তাকে রূপ দিতে হবে। যদি এই কাজ না করতে পারি তাহলে বাংলাদেশের মানুষের কাছে কৈফিয়ত দিবার কিছু থাকবেন না। যুক্তফ্রণ্টের ভাবমূর্তি ম্লান হয়ে গেছে, সেই ভাবমূর্তিকে আমাদের তুলে ধরতে হবে। আজকে দলীয় স্বার্থে প্রশাসন যন্ত্রকে ব্যবহার না করে আজকে দেশের নিপীড়িত শোষিত মানুষ মাঠে ময়দানে যে শ্রেণী সংগ্রাম সুরু করেছে সেই শ্রেণী সংগ্রামকে সংযত পথে প্রবাহিত করতে হবে। সেদিন বিধানসভার অভ্যন্তরে আমাদের মুখ্যমন্ত্রীকে লাঞ্ছিত করা হয়েছে, তা কোন শ্রেণী সংগ্রাম বলতে পারি না। একটা ইউনিয়নকে দাবীয়ে আর একটা ইউনিয়নকে দখল করতে যাওয়াকে শ্রেণীসংগ্রাম বলতে পারি না। মার্কস্ বলে দুনিয়ার মজদুর এক হও। আমরা যখন দুনিয়ার মজদুরকে এক হওয়ার জন্য শ্লোগান দিচ্ছি তখন আজকে পশ্চিম বাংলার শ্রমিক শ্রেণীকে মেহনতি কৃষককে এক জায়গায় আনতে পারব না ?

[ 7-35—7-50 p.m. ]

রাজ্যপালের ভাষণে স্বরাষ্ট্রমন্ত্রী সঠিক ঘটনা এবার বলতে পারেন নি। কিন্তু বিগত অধিবেশনে এথোরার ঘটনা সঠিক বলতে পারার জন্য আমরা তাকে ধন্যবাদ জানিয়েছিলাম। ভুল ভ্রান্তির জন্য আত্মসমালোচনার সুর তাঁর বক্তৃতায় সেদিন দেখতে পেয়েছিলাম। আনন্দিত হয়েছিলাম। গত ১১ মাসের সাফল্যের একটা কথা বলি—নতুন মানুষ—একটা শ্রেণী সংগ্রামের মধ্য দিয়ে চলেছে আজ। কিন্তু দলবৃদ্ধির নাম করে তাদের হাতে পশ্চিমবাংলার কয়েকশত মানুষ আজ খুন হয়েছে। পশ্চিমবাংলার সামান্য ৫ কাঠা—১০ কাঠা জমির মালিকের জমি আজ লুট হয়েছে, তারা দখল করেছে। এই সামান্য জমির মালিক এসে আমাদের কাছে protection চেয়েছেন। পুলিশের কাছে বলেও কোন কাজ হয় না। হরেকৃষ্ণবাবুর—ভূমিনীতিকে অভিনন্দন জানাতে গিয়েছিলাম। কিন্তু অত্যন্তঃ দুঃখের কথা, বেদনার কথা, সেই জোতদারের পক্ষে মার্কসিষ্ট কমুনিষ্ট পার্টিকে দেখলাম। কৃষক নেতা আব্দুল রউফ ও কান্তি ভৌমিক—তাদের হাতে মারধোর খাবার পরে পুলিসের দরজায় ধর্না দিয়েও কোন প্রতিকার পান নাই। এই ব্যাপারে C.P. (M) এর বড় দল হিসেবে তাদের দায়িত্ব আছে। তাদের কাছে অনুরোধ করি—আপনারা আপনাদের Cadre-দের সংযত করার ব্যবস্থা করুন এবং যুক্তফ্রণ্টের ভাবমূর্তিকে উজ্জ্বল করে তুলুন। আমরাও আপনাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে শ্রেণী সংগ্রামকে সাফল্যের পথে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবো। আমরা পশ্চিমবাংলার সাধারণ মানুষের আশা আকাঙ্খাকে বাস্তবে রূপে দিতে চাই। যে যাতে চলার পথে এগিয়ে যেতে পারে—তার ব্যবস্থা আমাদের করতে হবে।

আমরা যেন সবাই মিলে বাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষাকে বাস্তবরূপ দেবার চেষ্টা করি। তা যদি আমরা না করি এবং কেবল দলের স্বার্থে—প্রশাসন যন্ত্রকে ব্যবহার করি, তাহলে শরিকদলগুলির কেউই আপনাদের সাধুবাদ জানাবে না।

এই কথা কয়টি বলে এই ধন্যবাদসূচক প্রস্তাবকে আমি সমর্থন জানাচ্ছি।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আজকে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে আমি পূর্ণ সমর্থন করি। কিন্তু সমর্থন করতে গিয়ে প্রথমে একটা কথা উল্লেখ করতে চাই। একটু আগে একজন বলে গেলেন যে, হিন্দু এবং মুসলমানের মধ্যে, গরীব গরীবের মধ্যে বিভেদ সৃষ্টি করা হচ্ছে এই কায়েমী স্বার্থের একটা চেষ্টা। আমার পূর্ববর্তী বক্তা স্বেচ্ছায় হোক, জানিতভাবে হোক্ বা অজানিত ভাবে হোক তাদের প্রচেষ্টার ষড়যন্ত্রের শিকার হয়ে পড়েছেন। গরিব হিন্দু ও গরিব মুসলমান যে কোন সম্প্রদায়েরই হোক না কেন যখন সে জমির জন্য লড়াই করে, তখন তারা একটা ঐক্য তৈরী করে দেয়, ডান বাম কিছু তখন রাখা উচিত নয়। যখন তারা একসঙ্গে মালিকের বিরুদ্ধে লড়াই করছে, তখন হিন্দু মালিক কিংবা মুসলমান মালিক তারা বোঝে না। তারা দেখে কেবল শোষক অত্যাচারী মালিকের বিরুদ্ধে লড়তে হবে। তাই বন্ধুবরকে সাবধান করে দিচ্ছি, এটা ঐক্যের সংগ্রাম চলছে। তিনি যেন অন্যায় ভাবে শোষকের ক্রীড়নক না হন। আমি বাংলাদেশের জনস ধারণকে এই ঐক্যের জন্য অভিনন্দন জানাই। একথা ভুলতে পারি না যে আজকে যুক্তফ্রন্ট যুক্তফ্রন্ট বলে আমরা গর্ব করি। এর প্রতিষ্ঠাতা ও সৃষ্টিকর্তা হচ্ছে বাংলাদেশের জনসাধারণের নেতৃত্ব। এই অন্য কোন নেতৃত্ব দেখাতে পারেনি। ১৯৬৭ সালে আমরা বিভক্ত ছিলাম। তখন বাংলাদেশের প্রাণের স্পন্দন আমরা ধরতে পারিনি, বুঝতে পারিনি। কিন্তু ২০ বছর কংগ্রেসী শাসনের যে অত্যাচার ও অবিচার, সেই অত্যাচার ও অবিচার তাদের মনের মধ্যে জাগিয়েছে পরিবর্তন চাই-ই চাই, এই শাসনকে শেষ করতে হবে কিন্তু সে রাস্তা তারা পায়নি। তাই যেমন করেই হোক যুক্তফ্রন্ট তারা তৈরী করে দিয়েছিল ১৯৬৭ সালে। আমাদের যারা নেতৃত্ব করেন তাদের কৃতিত্ব সেখানে নেই, বাংলাদেশের মানুষের মনে যে পরিবর্তনের আকাঙ্খা সেই আকাঙ্খাই সেখানে রূপ নিয়েছিল। এবারে ১৯৬৯ সালে তারা সেই আশা করেই যুক্তফ্রন্ট সরকারকে তৈরী করে তাকে প্রতিষ্ঠিত করেছিল যে পরিবর্তনের দিকে তারা আমাদের আরও নিয়ে যাবেন। জনসাধারণের মনে অনেক আশা, অনেক আকাঙ্খা, পরিবর্তনের জন্য প্রচেষ্টা আছে কিন্তু সরকারী যন্ত্র চাই। তারজন্য বিপ্লব বিপ্লব আমরা বলি কিন্তু বিপ্লবের পথ আমরা দেখাতে পারি নি। ১৯৬৬ সালে বাংলাদেশে মানুষ খাদ্য আন্দোলনে যেভাবে যোগ দিয়েছিল তাতে তাদের চেহারা পরিস্ফুট হয়ে উঠেছিল, সেটা আমরা দেখাতে পারি নি। তাই অলটারনেটিভ না পেয়ে, কোন বিকল্প না পেয়ে ভোটের মাধ্যমে তারা কংগ্রেসকে পরাজিত করেছিল—পরাজিত করেছিল এইজন্য নয় যে একজনের বদলে আর একজন আসবে, তারা সংগ্রাম চেয়েছিল, তারা চেয়েছিল যুক্তফ্রন্ট সরকারকে তাদের সংগ্রামের হাতীয়ার হিসাবে। কিন্তু তা করতে গেলে যে ঐক্য, যে চেতনা, যে সততা, যে পবিত্রতা দরকার তা আমরা বজায় রাখতে পারি নি। তাই দেখি—আমি অভিযোগ করেছিলাম তদানীন্তন খাদ্যমন্ত্রির দুর্নীতি সম্পর্কে। যুক্তফ্রন্ট থেকে সেই দুর্নীতি মুখ্যমন্ত্রির কাছে বিচারের জন্য প্রেরিত হয়েছিল কিন্তু আজও তার বিচার হয়নি, তদন্ত হয়নি, হবেও না বলে আমি মনে করি, কারণ ওখানে এমন একটা ডিপার্টমেণ্ট জড়িত যে তাহলে সেই ডিপার্টমেণ্টের সব কথা হয়ত বেরিয়ে পড়তে পারে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কিভাবে চলছে? উত্তরপাড়ার একটা কারখানায় শ্রমিক ইউনিয়নে ইউনিয়নে বিরোধ হয়েছিল, বিরোধ হয়েছিল বুঝলাম, হওয়া উচিত ছিল না, তার পরেও যে মামলাগুলি পুলিশ আনল সেই মামলা এক পক্ষের প্রত্যাহার করা হয়ে গেল, আর এক পক্ষের মামলা প্রত্যাহৃত হল না। আমাদের অফিস উত্তরপাড়ায় ভেঙ্গে দেয়া হয়েছে, এখনও ভাঙ্গা অবস্থায় পড়ে আছে, যে কোন লোক, যে

কোন মাননীয় সদস্য গিয়ে তা দেখতে পারেন। এই কি আমাদের ঐক্য, এই কি শ্রেণী সংগ্রাম পরিচালনা করবার জন্য আমাদের প্রচেষ্টা? আমরা তাই বলি যে আমরা যেটা চালাচ্ছি সেটা আমাদের দায়িত্ব বা আমাদের কর্তব্যপরায়ণতা নয়, মানুষের ঐক্যবদ্ধ প্রচেষ্টা, মানুষের যে পরিবর্তনের আকাঙ্খা তাই আমাদের পরিচালিত করছে। আমি আপনার কাছে, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সম্প্রতি যে ভিয়েতনামের প্রতিনিধিবৃন্দ এসেছিলেন তাঁদের কয়েকটা কথা উল্লেখ করতে চাচ্ছি। সেখানেও যুক্তফ্রণ্ট, এখানেও যুক্তফ্রণ্ট—সেখানে তাঁরা অস্ত্র নিয়ে লড়ছে, আমরা এখানে কিছু সংস্কার করতে চাচ্ছি, কিন্তু সেখানে যুক্তফ্রণ্ট যেভাবে আছে আমরা এখানে যুক্তফ্রণ্ট সেইভাবে রাখতে পারি নি। তাঁরা বলছেন যে সেখানে আমরা কোন দল কোন দলের বিরুদ্ধে বলি না, প্রোগ্রামের ভিত্তিতে আমরা লড়ছি, যতক্ষণ প্রোগ্রাম আছে, ততক্ষণ আমরা ঐক্যবদ্ধ আছি, প্রোগ্রাম থেকে যদি কেউ ছিটকে যায় তাহলে সে ছিটকে গেল। সেখানে প্রোগ্রামটা বড় এবং সেখানে ১২ জন ক্যাবিনেটের মধ্যে কমিউনিষ্ট মতাবলম্বী মন্ত্রি তাঁরা বলছেন মাত্র দু জন এবং তাও নট ইমপরট্যাণ্ট পোর্টফোলিও। কি করে হতে পারে? আজকে তারা অস্ত্র নিয়ে লড়ছে ১॥ কোটি লোকের বিরুদ্ধে ৫ লক্ষ মার্কিন সৈন্য। কাজেই হিসাব করে দেখলে দেখা যাবে যে ৩০ জন লোক পিছু একটি করে সৈন্য লড়াই করছে একেবারে আধুনিক মারাত্মক অস্ত্র শস্ত্র নিয়ে। এই ৩০ জনের মধ্যে শিশু, বৃদ্ধ, নারী, পুরুষ সকলেই আছে। তারা সেখানে ঐক্য বজায় রাখতে পারে, আর আমরা এখানে ঐক্য বজায় রাখতে পারি না। আমাদের কিছু প্রোগ্রাম নেই। আমরা ঠিক করেছি বেকার সমস্যার সমাধান করতে হবে, কিন্তু প্রতিটি প্রোগ্রাম কিভাবে করতে হবে আজ পর্যন্ত আমরা তা জানি না। আমরা অনেক কথা ঠিক করেছি, কিন্তু কিভাবে করতে হবে তার বেসিস পর্যন্ত এখন রচিত হয়নি, কেবল নিজেদের মধ্যে দলাদলি বেড়ে গেছে। মেদিনীপুর জেলার ভগবানপুর থানার কাঁকড়া গ্রামের জনৈক সিণ্ডিকেটপন্থী কংগ্রেস সদস্য তাঁর এ্যাসেম্বলী কনসটিটিউএন্সিতে রিলিফের টাকা তছনছ করছেন। তাঁরই শাকরেদ এখন ওঁর বিরুদ্ধে আন্দোলন করতে চলেছে। দুর্ভাগ্যবশতঃ সেই আন্দোলনের নেতৃত্ব আজকে এমন একজন দিচ্ছেন যিনি কিছুদিন আগে পর্যন্ত সি, পি, এম, এর মেম্বার ছিলেন। আজকে সেই আন্দোলনের ফলে পুলিশ কি বলছে? পুলিশ সেখানে গেলেই তারা বলে আমরা সি, পি, এম, এর সমর্থক। ওখানে গোপনে গোপনে তারা এখন আভা মাইতির শাকরেদদের সঙ্গে ষড়যন্ত্র করছে। যারা দুর্নীতি পরায়ণ, লুঠ করে তাদের সঙ্গে ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। এখানে রিপোর্ট পাঠাচ্ছে ওখানে নকশালবাড়ী চলছে, সেই গোপীবল্লভপুর আর ভগবানপুর নকশাল বাড়ীতে পরিণত হয়ে যাচ্ছে। তার ফলে সেখানে এক রাত্রিতে ১৫০/২০০ জন লোককে ধরা হয় এবং শীতল ঘোষ ডবল এম. এ. তাঁকে পর্যন্ত জেলে পোরা হয় এমন কি ডিভিসন ১ পর্যন্ত দেওয়া হয়নি, জামিন দেওয়া হয়েছে। তাকে তমলুক ডিভিসনে পর্যন্ত ঢুকতে দেওয়া হয়নি। আমরা যদি মিলিতভাবে কাজ করতে পারতাম তাহলে আমাদের কত ভাল হত এবং কেউ যদি কোথাও দালালি করতো, কেউ যদি কোথাও ধনিকদের দিকে তাকাতো তাহলে সে রাতারাতি এক ঘরে হয়ে যেতে পারত। কিন্তু আমরা আজকে দলবাজীর নাম করে যারা প্রতিক্রিয়াশীল তাদের ওখানে থাকবার সুযোগ করে দিচ্ছি। আমরা যদি ঐক্যবদ্ধভাবে কাজ করতে পারতাম তাহলে রাতারাতি ওখানে ঐক্য প্রতিষ্ঠিত হতে পারত। বাংলাদেশের জনসাধারণকে আর একবার ধন্যবাদ জানাই যে এই রকম একটা ভাষণ মাননীয় রাজ্যপালের মুখ থেকে বের করতে পারা গেছে। তিনি সেণ্টারের বিরুদ্ধে কথা বলেছেন। কিন্তু সেণ্টারের বিরুদ্ধে কথা বলতে গেলে কিভাবে আমাদের লড়তে হবে তার একটা প্রোগ্রাম চাই। সেই প্রোগ্রাম মত কাজ করতে গিয়ে যদি সেণ্টার আমাদের বিরুদ্ধে যায়, কনসটিটিউশান যদি আমাদের বিরুদ্ধে যায়, আমাদের যদি বাতিল করে দেয় তাহলে আমরা বাংলাদেশের জনসাধারণ চাষী, মজুর, শ্রমিক সবাই মিলে তাকে রেজিষ্ট করবো। বিপ্লবই তো সেখানে সুরু হয়ে যাবে এবং

আমরা সেই বিপ্লবই চাই। বাংলাদেশে আজ অপূর্ব সুযোগ পেয়েছে। আজ গোটা ভারতবর্ষকে তারা নেতৃত্ব দিতে পারে এবং নূতন রাস্তা দেখাতে পারে। কিন্তু দুঃখের বিষয় সেই রাস্তা আজ আমরা অবহেলায় পার্টিবাজী করে নষ্ট করে ফেলছি। আমরা আজ দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছি, আমাদের মধ্যেও অনেক দুর্নীতি আছে। সেগুলিকে উচ্ছেদ করতে হবে। বিপ্লব আমাদের সত্যিকারে কাছেই আছে। সেই জন্য আমরা সমালোচনা করি। মানুষের আকাঙ্খাকে আমাদের আজকে বুঝতে হবে এবং আমরা ভবিষ্যতের জন্য আশা রাখি। আমার বক্তব্য শেষ করার আগে আমি আবার স্মরণ করে যেতে চাই যে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে এসেছে তাকে সমর্থন করি এবং ভবিষ্যতে যাতে আমরা ঠিকমত চলতে পারি সেই আশা রেখে আমি আবার এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** There will be no oral questions tomorrow. The House stands adjourned till 12 noon on Thursday, the 5th February, 1970.

## Adjournment

The House was accordingly adjourned at 7·50 p.m. till 12 noon on Thursday, the 5th February 1970, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 5th February, 1970, at 12 noon.

PRESENT:

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 26 Ministers, 2 Ministers of State and 213 Members.

## UNSTARRED QUESTIONS

( to which written answers were laid on the table )

[12-00—12-10 p.m.]

### Number of villages having no Primary Schools

95. (Admitted question No. 19.) **Shri Monoranjan Baksi:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the district-wise number of villages in West Bengal where there is no primary school and

(b) the reasons for not starting any primary schools in these villages?

**The Minister for Education:** (a) The distict-wise number of villages having no primary schools are not readily available. But according to the report of the Second All-India Educational Survey district-wise numbers of habitations where there were no primary schools on 31st December, 1966, were as follows:

| | | | |
|---|---|---|---|
| 1. | Bankura | .... | 190 |
| 2. | Birbhum | .... | 86 |
| 3. | Burdwan | .... | 160 |
| 4. | Cooch Behar | .... | 95 |
| 5. | Darjeeling | .... | 190 |
| 6. | Hooghly | .... | 60 |
| 7. | Jalpaiguri | .... | 163 |
| 8. | Howrah | .... | 6 |
| 9. | Malda | .... | 187 |
| 10. | Midnapore | .... | 349 |
| 11. | Murshidabad | .... | 145 |
| 12. | Nadia | .... | 74 |
| 13. | Purulia | .... | 173 |
| 14. | 24-Parganas | ... | 541 |
| 15. | West Dinajpur | .... | 345 |
| | Total | ... | 2,764 |

(b) Necessary steps were not taken so long to set up schools in these villages.

## দার্জিলিং-সিংলা বাজার রোপওয়ে

96. (Admitted question No. 75.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দার্জিলিং হইতে সিংলা বাজার পর্যন্ত রোপওয়ে কবে চালু হইবে ; এবং

(খ) উহাতে যাতায়াত করিবার জন্য যাত্রীপিছু যে ভাড়া ধার্য হইবে তাহা অন্যান্য যানবাহনের ভাড়ার সহিত সমতা রাখিয়া ধার্য করা হইবে কি ?

**The Minister for Forests :**

(ক) চালু হইয়াছে।

(খ) অন্যান্য যানবাহনের ভাড়ার সহিত মোটামুটি সমতা রক্ষা করিয়া যাত্রীপিছু ভাড়া ধ.. করা হইয়াছে।

## জেলাওয়ারী চাউল উৎপাদনের পরিমাণ

97. (Admitted question No. 127.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী হিসাবমত বর্তমান মরশুমে কোন্ জেলায় কি পরিমাণ চাউল উৎপন্ন হইয়াছে এবং ১৯৭০ সালের ১৫ই জানুয়ারী পর্যন্ত সরকার কর্তৃক সংগৃহীত হইয়াছে।

**The Minister for Food and Supplies :**

১৯৬৯-৭০ খরিফ বৎসরে এই রাজ্যে আমন ধানের কত ফলন হইয়াছে শস্য কর্তন সমীক্ষার ভিত্তিতে তাহার কোন হিসাব এখনও পর্যন্ত পাওয়া যায় নাই। অতএব বর্তমান মরশুমে জেলাওয়ারী চাউল উৎপাদনের পরিমাণ এখনই সঠিক বলা সম্ভবপর নহে।

পশ্চিমবঙ্গে এই খরিফ মরশুমে ১লা নভেম্বর, ১৯৬৯ হইতে ১৫ই জানুয়ারী ১৯৭০ পর্যন্ত চাউলের হিসাবে মোট ১৭৫,৯১৩ মেঃ টন সংগৃহীত হইয়াছে।

## "পে কমিশনের" জন্য অর্থব্যয়ের পরিমাণ

98. (Admitted question No. 148.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৭ সালে গঠিত "পে কমিশনের" জন্য পশ্চিমবঙ্গ সরকার এ যাবত কি পরিমাণ অর্থ ব্যয় করিয়াছেন।

**The Minister for Finance :**

৩১শে ডিসেম্বর ১৯৬৯ তারিখ পর্যন্ত কমিশনের জন্য মোট ৫,৬৩,৩৮২'৮৯ টাকা খরচ হইয়াছে। উহা ছাড়া বাড়ী ভাড়া, ইলেকট্রিক বিল, ষ্টেশনারী ইত্যাদির বাবত আরো কিছু খরচ হইয়াছে, যাহার হিসাব এখনো পাওয়া যায় নাই।

## সরকারী ডেয়ারী হইতে দৈনিক দুগ্ধ সরবরাহের পরিমাণ

99. (Admitted question No. 280.)

**শ্রীসনৎকুমার রাহা :** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের ডেয়ারী হইতে বর্তমানে কত দুধ প্রত্যহ সরবরাহ করা হয় ;

(খ) ১৯৭০ সালের ১৫ই জানুয়ারী পর্যন্ত দুধের জন্য কতজনের দরখাস্ত সরকার পাইয়াছেন ; এবং

(গ) কলিকাতায় আরও দুধ সরবরাহ কেন্দ্র খুলিবার সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

(ক) দৈনিক গড়ে ১,৭০,০০০ লিটার।

(খ) প্রায় ৭০,০০০।

(গ) হ্যাঁ।

## খড়সাডাঙ্গায় আদিবাসী প্রাথমিক বিদ্যালয়কে সরকারী সাহায্য

**100.** (Admitted question No. 284.)

**শ্রীসনৎকুমার রাহা :** তফসীলী জাতি ও আদিবাসীমঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর থানায় খড়সাডাঙ্গায় আদিবাসী প্রাথমিক বিদ্যালয়কে সরকার কোন সাহায্য করিয়াছেন কি ; এবং

(খ) করিয়া থাকিলে, কবে করিয়াছেন ?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## রেশম তাঁতীর মজুরি হ্রাস

**101.** (Admitted question No. 29?.)

**শ্রীসনৎকুমার রাহা :** অর্থবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রেশম বস্ত্রের উপর বিক্রয়কর বৃদ্ধির ফলে রেশম তাঁতীর মজুরি হ্রাস পাইয়েছে ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister for Finance :**

(ক) বিক্রয়কর বৃদ্ধির ফলে রেশম তাঁতীর মজুরি হ্রাস পাইয়াছে বলিয়া অর্থ (কর) বিভাগে কোন সংবাদ নাই।

(খ) এমতাবস্থায় কোন ব্যবস্থা লওয়ার প্রশ্ন এখন উঠে না।

## চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় টাকা ঘাটতির পরিমাণ ও উহা পূরণের পরিকল্পনা

**102** (Admitted question No. 293.)

**শ্রীসনৎকুমার রাহা :** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে এই রাজ্যে কত টাকা ঘাটতি পড়িবে এবং এই ঘাটতি পূরণের জন্য সরকার কি পরিকল্পনা করিয়াছেন ?

**The Minister for Finance :**

চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই রাজ্যে কত টাকা খরচ হইবে, তাহার জন্য কোন ঘাটতি হইবে কিনা এবং ঘাটতি হইলে কিভাবে তাহা পূরণ করা হইবে তাহা লইয়া এখনও পরিকল্পনা কমিশনের সহিত আলোচনা চলিতেছে এবং এ বিষয়ে এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত হয় নাই।

## মুর্শিদাবাদ জেলার আর, টি, এ-র বিধিভঙ্গের অভিযোগে জরিমানা বাবত আদায়ীকৃত অর্থের পরিমাণ

**103.** (Admitted question No. 299.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আর, টি, এ-র বিধিভঙ্গ করার জন্য মুর্শিদাবাদ জেলা আর, টি, এ, গত দুই বৎসরে জরিমানা বাবদ কত টাকা আদায় করিয়াছে ; এবং

(খ) উক্ত আদায়ী অর্থ কি উদ্দেশ্যে ব্যয়িত হইয়াছে ?

**The Minister for Home (Transport):**

(ক)

১৯৬৭-৬৮—৪,২০০ টাকা

১৯৬৮-৬৯—৪,৩০৫ টাকা

মোট আদায়ের পরিমাণ—৮,৫০৫ টাকা

(খ) উক্ত আদায়ী অর্থ নির্দিষ্ট সরকারী আয়ের খাতে (রিসিট হেড-এ) জমা পড়ে এবং সরকারের সাধারণ তহবিল হিসাবে বিভিন্ন উদ্দেশ্যে ব্যয়িত হয়।

## এক্স-রে যন্ত্র নির্মাণ বাবদ সরকার কর্তৃক অর্থ মঞ্জুরের পরিমাণ

**104.** ( Admitted question No. 359. )

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এক্স-রে যন্ত্র নির্মাণের জন্য রাজ্য সরকার গত তিন বৎসরের কোন্ বৎসর কত টাকা দিয়াছেন ;

(খ) বর্তমানে এক্স-রে যন্ত্র নির্মিত হইতেছে কিনা ; এবং

(গ) রাজ্য সরকারের বছরে কয়টি নূতন এক্স-রে যন্ত্র দরকার হয় ?

**The Minister for Health:**

(ক) এক্স-রে যন্ত্র নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের তত্ত্বাবধানে "দি ইলেক্‌ট্রো-মেডিকেল এ্যাণ্ড এ্যালাইড্ ইনডাস্ট্রিজ লিঃ" নামে একটি সরকারী কোম্পানী রহিয়াছে। উক্ত সংস্থাকে গত তিন বৎসরে রাজ্য সরকার নিম্নরূপ টাকা দিয়াছেন :—

| আর্থিক বৎসর | টাকা |
|---|---|
| ১৯৬৬-৬৭ | ৮,০০,০০০ |
| ১৯৬৭-৬৮ | ৭,০০,০০০ |
| ১৯৬৮-৬৯ | ১,৬৪,৬০০ |

(খ) হইতেছে।

(গ) গড়ে ৭টি।

## যুব কল্যাণ পরিষদের জন্য সরকারী ব্যয়

**105.** ( Admitted question No. 384. )

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার জেলায় জেলায় যুব কল্যাণ পরিষদ (ইয়োথ্ ওয়েলফেয়ার কাউনসিল) গঠন করিয়াছেন কিনা ; এবং

(খ) ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে সরকার এই পরিষদগুলির জন্য কোন জেলায় কত ও মোট কত ব্যয় করিয়াছেন ?

**The Minister for Education (Sports):**

(ক) হ্যাঁ।

(খ) যুব কল্যাণ পরিষদগুলির মারফত প্রশ্নাধীন বিভিন্ন বছরে সরকারী ব্যয়ের তালিকা নিম্নে প্রদর্শিত হইল :—

| | যুব কল্যাণ পরিষদ<br>জিলা | | | ১৯৬৬-৬৭<br>টাকা | ১৯৬৭-৬৮<br>টাকা | ১৯৬৮-৬৯<br>টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১। | বাঁকুড়া | .... | .... | ১,৪০০ | ১,৪০০ | ১,২০০ |
| ২। | বীরভূম | .... | .... | ১,৬০০ | ১,৪০০ | ১,২০০ |
| ৩। | বর্ধমান | .... | .... | ২,০০০ | ১,৮০০ | ১,৪০০ |
| ৪। | কোচবিহার | .... | .... | ১,২০০ | ১,৩০০ | ১,২০০ |
| ৫। | দার্জিলিং | .... | .... | ১,৩০০ | ১,৩০০ | ১,২০০ |
| ৬। | হাওড়া | .... | .... | ১,৯০০ | ১,৬০০ | ১,৪০০ |
| ৭। | হুগলী | .... | .... | ২,০০০ | ১,৭০০ | ১,৫০০ |
| ৮। | জলপাইগুড়ি | .... | .... | ১,৪০০ | ১,৪০০ | ৪,৪০০ |
| ৯। | মালদা | .... | .... | ১,৪০০ | ১,৪০০ | ১,২০০ |
| ১০। | মেদিনীপুর | .... | .... | ৩,৬০০ | ৩,৩০০ | ২,৫০০ |
| ১১। | মুর্শিদাবাদ | .... | .... | ১,৮০০ | ১,৬০০ | ১,৪০০ |
| ১২। | নদীয়া | .... | .... | ১,৯০০ | ১,৭০০ | ১,৫০০ |
| ১৩। | পুরুলিয়া | .... | .... | ১,৩০০ | ১,৩০০ | ১,২০০ |
| ১৪। | পশ্চিম দিনাজপুর | .... | .... | ১,২০০ | ১,৩০০ | ১,২০০ |
| ১৫। | ২৪-পরগণা | .... | .... | ৩,৩০০ | ৩,৩০০ | ২,৯০০ |
| | | | | ২৭,০০০ | ২৫,৮০০ | ২৫,৪০০ |

**কৃষ্ণনগর সদর হাসপাতাল থেকে পুলিশ মর্গ স্থানান্তরিত করার সরকারী ব্যবস্থা**

**106.** (Admitted question No. 436.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কৃষ্ণনগর র হাসপাতাল থেকে পুলিশ মর্গটিকে স্থানান্তরিত করার জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**The Minister for Health:**

কৃষ্ণনগরের পুরাতন সদর হাসপাতাল হইতে পুলিশ মর্গটিকে স্থানান্তরিত করিবার এবং শক্তিনগরে স্থিত নূতন সদর হাসপাতালে শীততাপনিয়ন্ত্রিত মর্গ স্থাপন করিবার প্রস্তাব বিশেষভাবে সরকারের বিবেচনাধীন আছে।

**পে-কমিশনের রিপোর্ট কার্যকরী করার জন্য সরকারী ব্যবস্থা**

**107.** (Admitted question No. 582.)

**শ্রীঅশ্বিনী রায়:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নিয়োজিত পে-কমিশনের রিপোর্ট সরকারের নিকট পেশ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত কমিশনের রিপোর্ট সরকার কোন তারিখে পাইয়াছেন;

(২) রিপোর্টের সুপারিশগুলি কার্যকরী করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(৩) সুপারিশগুলি কার্যকরী করার সম্ভাব্য সময় ?

**The Minister for Finance :**

(ক) পে-কমিশনের আংশিক রিপোর্ট সরকারের নিকট পেশ করা হইয়াছে।

(খ) (১) ৩১শে ডিসেম্বর ১৯৬৯ তারিখে।

(২) এবং (৩) আংশিক রিপোর্ট কেবল সরকারী কর্মচারীদের বেতন ইত্যাদি সম্পর্কিত এই আংশিক রিপোর্টে বিভিন্ন সদস্যেরা যে বিভিন্ন সুপারিশ করিয়াছেন সেগুলি কার্যকরী করিতে কত টাকা লাগিবে রিপোর্টে তাহার কোন উল্লেখ নাই। আংশিক সুপারিশগুলি বর্তমানে সরকারের পরীক্ষাধীন। রিপোর্টের বাকী অংশ দিবার জন্য কমিশনকে ৩১শে জানুয়ারী পর্যন্ত সময় দেওয়া হইয়াছে। সম্পূর্ণ রিপোর্ট পাইবার পর সুপারিশগুলি কার্যকর করার প্রশ্ন উঠিতে পারে।

## বনপাস অঞ্চলের কামারপাড়া স্বাস্থ্যগৃহ নির্মাণ প্রকল্প

**108.** (Admitted question No. 585.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার ভাতাড় থানার বনপাস অঞ্চলের কামারপাড়ায় স্বাস্থ্যগৃহ পুনর্নির্মাণের প্রকল্পটি গৃহীত হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে এবং কবে নাগাদ শেষ হইবে বলিয়া অনুমিত হইয়াছে, এবং

(২) আনুমানিক মোট ব্যয়ের পরিমাণ ?

**The Minister for Health :**

(ক) প্রকল্পটি পরীক্ষাধীন আছে।

(খ) (১) এখন সঠিক বলা সম্ভব নহে।

(২) ১,১৫,১০০ টাকা।

## মার্টিন বার্ন পরিচালিত লাইট রেলওয়ের পরিচালনভার

**109.** (Admitted question No. 588.)

**শ্রীজয়কেশ মুখার্জিঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয়, অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মার্টিন বার্ন পরিচালিত হাওড়া-আমতা, হাওড়া-চাপাডাঙ্গা, হাওড়া-শিয়াখালা এই স্পেশাল লাইট রেলওয়েটির পরিচালনার ভার আগামী ৩১শে মার্চ, ১৯৭০ এক্সটেনশনের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে, এবং

(খ) অবগত থাকিলে, সরকার যাত্রীসাধারণের সুবিধার প্রতি লক্ষ্য রাখিয়া কি কি ব্যবস্থা গ্রহণ করিবার চিন্তা করিতেছেন ?

**The Minister for Home (Transport) :**

(ক) হাওড়া-চাঁপাডাঙ্গা রেলপথ একটা স্বতন্ত্র লাইট রেলপথ নহে। উহা হাওড়া-আমতা লাইট রেলওয়ের একটা সম্প্রসারিত লাইন মাত্র। আরও জানালাম যে, ২৮-৩-১৮৯৫ তারিখের ১১১ নং (হাওড়া-আমতা লাইন) এবং ঐ তারিখের ১১২ (হাওড়া-শিয়াখালা লাইন) সরকারী বিজ্ঞপ্তিতে

সন্নিবেশিত চুক্তি অনুযায়ী এবং ১৮৮৩ খ্রীষ্টাব্দের বঙ্গীয় ট্রামওয়ে আইনের ৪১ ধারার নির্দেশানুসারে এই রেলগুলির পরিচালনভারের পুণর্নবীকরণ অথবা পরিচালনাভারের মেয়াদ সম্প্রসারণের কোন প্রয়োজন হয় না। তবে উপরোক্ত আইনের বিধানমতে সরকারী বিজ্ঞপ্তির (তারিখ ১৬-৩-১৮৯৫) তারিখ হইতে ২১ বৎসর বাদ দিয়া প্রতি ৭ বৎসর অন্ত উপযুক্ত নোটিশ দিয়া ঐ রেলওয়ে লাইন ক্রয় করিবার অধিকার জেলাপরিষদের আছে।

(খ) বর্তমানে কোন প্রশ্ন ওঠে না, তবে লাইট রেলওয়ের বর্তমান সার্ভিস লোকসংখ্যার অনুপাতে পর্যাপ্ত নহে ও যাত্রীসাধারণের সুবিধার্থে হাওড়া আঞ্চলিক পরিবহণপ্রাধিকার কয়েকটি বাসরুট (যথা, হাওড়া ষ্টেশন হইতে মুন্সিরহাট, হাওড়া ষ্টেশন হইতে জগদীশপুর পুরাতন হাট) খুলিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন কিন্তু আইনগত অসুবিধা অথবা মহামান্য হাইকোর্টের ইনজাংশন থাকায় ঐ সকল রুটে স্থায়ী বাস পারমিট মঞ্জুর করা এখনও সম্ভব হয় নাই।

## টি আর কাজের জন্য জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ

**110.** (Admitted question No. 534)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চলতি আথিক বৎসরে টি আর কাজের জন্য কোন্ জেলার জন্য কত টাকা বরাদ্দ ছিল এবং ১৫ই জানুয়ারী পর্যন্ত মোট কত টাকা খরচ হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

পূর্ব হইতে জেলাভিত্তিক কোন টাকা বরাদ্দ করিয়া রাখা হয় না; জেলাশাসকদের চাহিদা অনুযায়ী বিচার-বিবেচনা করিয়া টাকা মঞ্জুর করা হইয়া থাকে।

১৫ই জানুয়ারী পর্যন্ত চলতি আর্থিক বৎসরে সহায়ক কাজের (টি আর) জন্য যে খরচ হইয়াছে তাহার একটি জেলাভিত্তিক বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**Mr. Speaker:** There will be no questions today.

### Calling Attention to Metters of Urgent Public Importance.

**Mr. Speaker:** The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of the reported attack on the 26th January, 1970, on the car of the West German Consulate causing damage to it and injury to its occupant, called attention by Dr. Zainal Abedin on the 29th January, 1970.

**শ্রীযতীন চক্রবর্তী:** স্যার, এটা হোম মিনিষ্টারের দেবার কথা ছিল, কিন্তু তিনি এখনও হাউসে এসে পড়েননি, প্রধানমন্ত্রী আসছেন সেইজন্য বোধ হয় আটকে গিয়েছেন, আমি এখনই খবর নিচ্ছি।

**Mr. Speaker:** The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of the lock-out in Guest, Keen and Williams Company Ltd., Howrah, called attention by Shri Kalipada Mondal on the 30th January, 1970.

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্যার, যতীনবাবু বললেন যে আমাদের ডেপুটি চিফমিনিষ্টার প্রধানমন্ত্রীর জন্য আটকে পড়েছেন, আমাদের মিনিষ্টারের সংখ্যা কম নয় কিন্তু দেখছি সবেধন নীলমণি তিনি উপস্থিত, এই ব্যাপারটা কি সেটা একটু বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায়:** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, মন্ত্রীদের কাছ থেকে যে জবাব পাচ্ছি সেটা অত্যন্ত শোচনীয়। ওঁরা ইচ্ছা করে কোশ্চেনের জবাব দিচ্ছেন না। আমরা যখন ওদিকে ছিলাম ওঁরা এই অভিযোগ বার বার করেছেন।

**মিঃ স্পীকার :** এটা প্রিভিলেজ নয়। Now I would like to hear with regard to the calling attention motion concerning the Labour Department,

**শ্রীযতীন চক্রবর্তী :** স্যার, আপনার কাছে এবং মাননীয় সদস্যদের কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি এবং বলছি এটা আমাদের একটু ভুল হয়েছে। একটা ইম্প্রেসান ছিল যে কোশ্চেন যেহেতু হবে না সে হেতু গোড়া থেকেই আমাদের আলোচনা সুরু হবে, এটাই আমাদের ধারণা ছিল। আমি অবশ্য আমার দপ্তর থেকে মন্ত্রীদের জানিয়ে দিয়েছিলাম, কিন্তু আমার মনে হয় যেহেতু কোশ্চেন হবেনা সেহেতু কলিং এ্যাটেনশান হবে না এটাই তাঁরা মনে করেছেন। আপনি যদি অনুমতি দেন তাহলে পরে নিশ্চয় বিবৃতি দেবেন।

**মিঃ স্পীকার :** আপনি যোগাযোগ করে ওঁদের নিয়ে আসবার ব্যবস্থা করুন।

I have received four notices of calling attention on the following subjects, namely :—

1. Cease work by the teachers of the Barabelun Mohinimohan Vidyamandir, Dt. Burdwan—from Shri Aswini Roy ;
2. Activities of the C. P. I. (M.L) in P. S. Gopiballavpur—from Shri Dhananjoy Kar ;
3. Armed raid at Gunahara under Keshpur P. S. in Midnapur district—from Shri Gyan Singh Sohan Pal ; and
4. Clash between C. P. M. and Forward Bloc supporters in West Dinajpur district—from Shri Kumud Ranjan Mondal.

I have selected the notice on the subject of cease work by the teachers of the Barabelun Mohinimohan Vidyamandir, Dt. Burdwan, from Shri Aswini Roy.

The Minister-in-charge will please make a statement today or give a suitable date.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** বুধবার ১১ই তারিখে হলে ভাল হয়, কারণ খবর আনিয়ে দিতে হবে।

**Mr. Speaker :** There is no mention case today.

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিরোধীতা করতে উঠে আমি শুধু কয়েকটি point-এর উপর বলবো। কারণ এর আগে অনেক ডিবেট হয়েছে। মাননীয় বিরোধী দলের নেতা ভালভাবে এবং পরিষ্কার করে বুঝিয়ে বলেছেন। আমি শুধু একটি কথা বলবো যে বাংলাদেশের মন্ত্রীসভার এবং সরকারের কি এতই অবনতি হয়েছে—যে সমস্ত খেতাব রায়বাহাদুর, রায়সাহেব এগুলি অবশ্য এখন আর নেই, কিন্তু এখানে ঐ ধরণের নানা রকম ভারতরত্ন ইত্যাদি title দেওয়া হয়। আমার কথা হচ্ছে সেগুলি তারা কি হিসাবে দেন ? কারণ এক ভদ্রলোক যার নাম করলে অপবিত্র হয়—ঋত্বিক ঘটক এবং তিনি নাকি "পদ্মশ্রী" পেয়েছেন। আমরা ৫।৭ দিন আগে কাগজে দেখেছি যে আমাদের ডেপুটি চীফ মিনিষ্টার, তাঁর ৩০ বছর পরে নেতাজী সম্বন্ধে ভুল ভেঙেছে এবং গান্ধী সম্বন্ধে ভুল ভেঙেছে। এখন সেই ভদ্রলোক তিনি মহাত্মা গান্ধীর মত লোককে, যিনি Father of the Nation. এই মহান নেতাকে নাকি in writing "শুয়োরের বাচ্চা" বলেছেন এবং সেই ভদ্রলোককে আবার "পদ্মশ্রী" দেওয়া হয়েছে। এটা কি হল সেটা আমি বুঝতে পারছিনা।

**মিঃ স্পীকার ঃ** আপনি কি বলছেন। কি করে 'পদ্মশ্রী' পেলেন আমি জানি না। 'পদ্মশ্রী' ব্যাপারতো এখানে কি ? এসব সেন্ট্রালের ব্যাপার তাঁদের বলুন আমাদের এখানে বলে কি হবে।

**শ্রীসাধন গুপ্ত :** আমি ভেবেছিলাম Governor's Address-এর উপর debate হচ্ছে। কিন্তু এখন দেখছি President যে address পার্লামেন্টে দেবেন তার উপর debate নিয়ে যাওয়া হচ্ছে। কারণ 'পদ্মশ্রী' সেটা State Government দেয়না। সেটার criticism এখানে করে লাভ কি। সেই 'পদ্মশ্রী' কাকে দেওয়া হয়েছে তাই নিয়ে চলছে। আমার মনে হয় এটা অবান্তর।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** অধ্যক্ষ মহাশয় on a point of order, এই ব্যাপারটা হচ্ছে যে এই হাউসে রায় সাহেবের কংগ্রেস সেটাও জানি, তারপর কংগ্রেস জিরো সেটাও জানি। কিন্তু নেপাল বাবু কোন কংগ্রেসের 420-এর নাকি ?

**মিঃ স্পীকার ঃ** উনি Member of the house, এবং কংগ্রেসের member, উনি বুঝেছেন আমি এসব বুঝিনা। আপনি Governor's Address এর উপর বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায় :** Governor's Address-এ কথাটা mention করা উচিত ছিলো এবং লেখা উচিত ছিলো সেন্টারকে। এই ধরনের অমানুষিক কথা—যে নিজে শুয়োরের বাচ্চা হয় সে বলতে পারে তা নাহলে এই রকম কথা বলতে পারে না।

**মিঃ স্পীকার ঃ** মিঃ রায়, এটা কি হচ্ছে ? আপনি একটু দেখে শুনে বলুন। যাই হোক, সেন্টার দিয়েছে আমরা কি করতে পারি। আর ঋত্বিক ঘটক তাঁর তো যথেষ্ট নাম আছে, তিনি কি বলেছেন না বলেছেন আমি জানি না।

[ 12-10—12-20 p.m. ]

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার—একজন ভদ্রলোক যিনি এই হাউসের মেম্বার নন—যিনি কোন প্রতিবাদ করতে পারবেন না তাঁর সম্বন্ধে অশ্লীল উক্তি কোন মেম্বার করতে পারেন কিনা ?

**মিঃ স্পীকার ঃ** না, উক্তি করতে পারেন—তবে এই রকমভাবে না, এবং করা উচিত নয়, এ ছাড়া আপনার আর যা কিছু বলবার আছে বলুন।

**শ্রীনেপাল চন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যা বলতে চাচ্ছিলাম, সরকার পক্ষ বিশেষ করে সি. পি. এম. তাদের যিনি উদ্বোধন করেছেন—আমি ভেবেছিলাম হয়তো না বলা উচিত। কিন্তু তা সত্ত্বেও আমাকে বলতে হচ্ছে মাফ করবেন, এরা হচ্ছে যেমন একটি অন্ধ মানুষ, সে দিনও বুঝে না রাতও বুঝে না—কেউ উঠিয়ে দিলে উঠে, বসিয়ে দিলে বসে। এঁরা দিন রাত মনে করতে পারছেন না সব সময়ই দিন রাত মনে করছেন। প্রতি দিন খবরের কাগজে দেখছি নরহত্যা, লুণ্ঠন, নারীর মার্য্যাদা হানি দেখতে পাচ্ছি। তা সত্ত্বেও ওঁরা বলছেন ঠিক চলছে, ডেমোক্রাসি ঠিক আছে, গণতন্ত্রে কোন রকম আঘাত দেওয়া হয়নি। ওঁরা বলেছেন যে লেবারদের অনেক টাকা পাইয়ে দিয়েছেন। আমরা ধন্যবাদ জানাই যে টি এবং জুট ইণ্ডাষ্ট্রিতে এবং অন্যান্য কিছু ইণ্ডাষ্ট্রিতে লেবারদের টাকা পাইয়ে দিয়েছেন—খুব ভাল কথা, আমরা এতদিন পারি নি ওঁরা টাকা পাইয়ে দিয়েছেন অস্বীকার করি না। কিন্তু সংগে সংগে প্রত্যেক জিনিসের দাম এমনভাবে বাড়িয়ে দিয়েছে যে ঐ ২১.৩০ টাকা বেশী পাবে—কিন্তু দেখা গেল বাজারে জিনিস কিনতে গেলে দ্বিগুণ টাকা দিয়ে সেই জিনিস কিনতে হোল। আপনারা সেই দিকে নজর দিন, সে দিকে তো আপনারা নজর দিচ্ছেন না। এই সংগে আমি একথাও বলছি যে ওঁরা যেভাবে বিভিন্ন ক্ষেতখামারে লুঠের রাজত্ব

আরম্ভ করেছেন তাতে দেখা যাচ্ছে গত ১৯৬৭ সালে এই যুক্তফ্রন্ট সরকারের আমলে জনসাধারণ ৫ টাকা কিলো খেয়েছে এবারে ১০ টাকা কিলো চাল লোকে পাবে না। বাংলাদেশের অর্ধেক ধান লুট হয়েছে, আগুন লেগেছে, সরিকী ঝগড়ায় মাটির সংগে মিশে গেছে। গতকাল খাদ্যমন্ত্রি মহাশয় বললেন ঘাটতির কথা—আর কিছু দিন আগে খাদ্যমন্ত্রী সুধীন বাবু বলেছিলেন খাদ্যে ঘাটতি নাই, বাংলাদেশের সমস্ত মানুষকে পেট পুরে খাওয়াতে পারবেন। সংগে সংগে একথাও বলছি যে কলকাতা সহরে যে সমস্ত বাজার আছে বিশেষ করে পোস্তা এবং বড়বাজারে এমন কাণ্ড হোল যা সকলেই জানেন। ধরুন স্যার, রিক্সা চড়তে গিয়ে ৮ আনা ভাড়া হোল আর সংগে সংগে সে যদি আট আনা বোনাস চায় তাহলে সেটা কিরকম কথা হবে? আপনি বাজারে গিয়ে ঝাঁকা মুটে করলেন চার আনায় তার সংগে যদি তারা বোনাস চায় যে বোনাস দিয়ে বাড়ী ঢোক—এই কি আইন? কলকাতা সহরে একদল গুণ্ডা সি. পি. এম. নাম নিয়ে লাল টুপি পরে গলায় লাল রুমাল দিয়ে মাসের পর মাস ভীষণ গোলমাল আরম্ভ করেছে। আমাদের ডেপুটি চীফ মিনিষ্টার এখানে নাই, তিনি দালালী করেছেন পোদ্দার সাহেব এম. পি. তাঁকে মধ্যস্থতা করেছেন আর কাউকে মধ্যস্থতা করতে দিলেন না, কই একজন প্রোলিটারিয়েট মধ্যস্থতা করতে দিলেন না, একজন বড় লোককে দিলেন যিনি এক বিখ্যাত ধনী বংশের ধনী লোক, তাকে দিলেন মিটমাট করে দেবার জন্য। এই আন্দোলন করে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা সাধারণের পকেট থেকে গিয়েছে। কারণ যারা দোকানদার তারা সুযোগ বুঝে সব মালের দর বাড়িয়ে দিয়েছে। কোন মাল যদি আট আনা বেড়ে থাকে তাহলে তারা বাড়িয়ে দিয়েছে ১ টাকা। লংকার দর ১০ টাকা কেজি হয়ে গেল, যে আলু চার আনা কেজি কলকাতার মানুষ খেতে পারত, সেই আলু এক টাকা করে তাদের কিনতে হয়েছে, প্রতিটি জিনিষের দর এইভাবে বেড়ে গিয়েছে। জিরা, মৌরীর দর প্রায় ৬ টাকার কাছাকাছি এসে গিয়েছে। আজকে দেশের মানুষের অবস্থার কথা চিন্তা করুন। দেখছি সরকারী কর্মচারীদের মাইনে কিছু বাড়িয়ে দিয়েছেন। কিন্তু মাইনে বাড়িয়ে যদি লুটেরাদের হাতে ছেড়ে দেন, কণ্ট্রোল না করেন, তাহলে কোন লাভ নাই মুখ্যমন্ত্রী মহাশয় যখন অনশনে লড়ছিলেন তখন দেখছি সি পি এম মার্কা বন্ধুরা ভীত হয়ে গেছলেন। বোধ হয় গেল গেল। কিন্তু আমি বলছি গেল গেল বললে হবেনা, শেকল দিয়ে আমরা এদের পাঁচ বছর বেঁধে রাখব, অন্য কিছুতেই যেতে দেবনা। এরা শেষ পর্যন্ত ভীত হয়ে ইন্দিরাদির কাছে গিয়ে বললেন আমাদের বাঁচাও, ইন্দিরাদির পায় ধরলেও বাংলার মানুষ এদের ছাড়বেনা, এদের পিটিয়ে সোজা করে দেবে। (গোলমাল) আজকে বাংলা দেশে যারা মাইনরিটি মুসলমান এবং অবাঙ্গালী, বড়বাজারে তাদের কি অবস্থা। সি পি এম লালটুপি ধারী গুণ্ডারা যারা বহুদিন জেল খেটেছে, নরহত্যা করেছে, সেই সমস্ত গুণ্ডারা বড়বাজার এলাকায় মানুষের ধন প্রাণ লুট করেছে। কিন্তু হোম ডিপার্টমেণ্টের মন্ত্রী জ্যোতি বাবু একথা কোন দিন বলেননি যে অন্যায় হচ্ছে। নির্বাচনের সময় মুসলমান নেতাদের নিয়ে এসে একথাই বলান হয়েছিল যে সি পি এম-ই একমাত্র মুসলমানদের ত্রাণকর্ত্তা, এটাই তাদের বুঝান হয়েছিল। আজকে বাংলা দেশের মুসলমানরা বুঝতে পারছে এই ডাকাতের দল কি সর্বনাশ করছে। তাই আমি বার বার করে মাইনরিটির কথা বলছি এবং একজাম্পল দিয়ে দিচ্ছি কোথায় কি হয়েছে। (গোলমাল) এদের এখন স্যার, ধান লুট করা হয়ে গেছে। এখন কোথায় যাচ্ছেন? এখন যাচ্ছেন পুকুরে মাছ চুরি করতে। জমিদারের পুকুর, মাছ লুট করতে হবে, অন্যান্য ফসল লুট করতে হবে, এই ভাবে যদি লুটেরারা বাংলাদেশে কায়েম থাকে তাহলে বাংলাদেশের মানুষের কি অবস্থা হবে? এটা আমার কথা নয়, ষ্টেটসম্যান কাগজে বেরিয়েছে গতকাল ৪ঠা ফেব্রুয়ারীতে, কিভাবে ওয়েষ্ট দিনাজপুরে, জলপাইগুড়িতে, কুচবিহারে লুট হয়েছে, সেটা ষ্টেটসম্যান কাগজে বেরিয়েছে।

**মিঃ স্পীকার:** কোথায় কি খবর বেরিয়েছে, সেটা বলুন, আপনি তো শুধু কাগজ দেখাচ্ছেন।

[ 12-20—12-30 p.m. ]

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** স্যার ষ্টেটস্‌ম্যান কাগজের লাষ্ট পেজে ফোর্থ কলামে লিখেছে, looting of fish in two districts, forcible hervesting of mustard seeds reported. এবারে আমি এদের সম্বন্ধে আপনার কাছে আরও কয়েকটি কথা বলতে চাই যে, কলকাতার বুকের উপর এঁরা কিভাবে চলছে। কোলকাতার ২৬টি থানার মধ্যে একটি থানা হচ্ছে কাশীপুর। সেখানকার একজন অধিবাসী যাঁর নাম হচ্ছে সুকুমার চক্রবর্তী, তিনি ৮নং রাধামোহন লেনে থাকেন। তাঁর বাবার নাম হচ্ছে কানাই চক্রবর্তী। তিনি ফুড ডিপার্টমেন্টের একজন কর্মচারী। এই সুকুমার চক্রবর্তী একজন শিক্ষক, তাঁর বাড়ীতে একটি কোচিং ক্লাস রয়েছে সেখানে ছেলেমেয়েরা পড়তে আসে। পাড়ার একদল গুণ্ডা সেই কোচিং ক্লাসের মেয়েদের টিটকারী দিত বলে তিনি থানায় জানিয়েছিলেন। এই অপরাধে তার বাড়ীতে আক্রমণ হোল এবং তাঁর মেয়েদের অপমান করল সি. পি. এম-এর গুণ্ডাদল। সেখানে কে সাহায্য করল? শিশির তালুকদার যার পরিচয় অনেকেই জানেন তিনি এখন সোস্যাল ওয়াকার অব সি. পি. এম. এবং আর একজন হচ্ছেন বিজয় ভট্টাচার্য যিনি কর্পোরেশনের ১ নম্বর ওয়ার্ডের কাউনসিলর। ৩ মাস আগে ৭।৯।৬৯ তারিখে ওই ভদ্রলোকের বাড়ীতে ফার্স্ট এ্যাটাক হয়। ২০।১০।৬৯ তারিখে আবার তাঁর বাড়ীতে এ্যাটাক হয় এবং তখন তাঁর একজন অবিবাহিত বোন যাঁর নাম হচ্ছে রেবা চক্রবর্তী তাঁকে এমন মার মারল যে তাঁকে হাসপাতালে ভর্তি করতে হয়েছিল। তারপর ১।২।৭০ তারিখে অর্থাৎ এই ৩ দিন আগে রাত ৯টার সময় তাঁর বাড়ীতে থার্ড এ্যাটাক হয়। পুলিশ পার্টি এল রাত ১টার সময় এবং সেই ভদ্রলোককে থানায় নিয়ে গেল। সি. পি. এম-এর ওয়ার্কাররা বলল ওই ভদ্রলোক বন্দুক নিয়ে আমাদের মারতে এসেছিলেন। স্যার, ওই ভদ্রলোকের সাত পুরুষে কোন বন্দুকের লাইসেন্স নেই। সাব-ইন্সপেক্টর এ. সরকার বললেন সেই ভদ্রলোককে যে, আপনি বাড়ী ছেড়ে চলে যান। স্যার, এই যদি অবস্থা হয় তাহলে আমি বলব অপদার্থ হোম মিনিষ্টারের আর থাকা উচিত নয়। জ্যোতিবাবু যেভাবে এই ডিপার্টমেন্ট চালাচ্ছেন তাতে আমি বলব এটা একটা অপদার্থ ডিপার্টমেন্ট। তারপর পুলিশ ডিপার্টমেন্টে কি ঘটনা ঘটেছে ওঁদের সেই কীর্তি একবার শুনুন। আপনার ছেলে বা আমার ছেলে যদি পুলিশ ডিপার্টমেন্টে চাকুরীর জন্য এ্যাপলিকেশন করে তাহলে তাদের চাকুরী হবেনা।

**মিঃ স্পীকারঃ** আমার ছেলেকে আমি পুলিশে যেতে দেবই না। সে যাবে কেন, সে তো বিলেতে রয়েছে।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** স্যার, আজকে পুলিশ ডিপার্টমেন্টে যত সার্জেন্ট রিক্রুটেড হচ্ছে তারা সব সি, পি, এম-এর কর্মী। এঁদের কোন যোগ্যতা নেই তবুও তাদের নেওয়া হচ্ছে। পুলিশের এস, বি-তে যারা ঢুকেছে তারা সব সি, পি, এম-এর লোক। আই, বি, ডিপার্টমেন্টে-এ সব সি, পি, এম-এর লোক ঢুকেছে। কাজেই ওই দিকে যাঁরা বসে রয়েছেন তাঁদের বলছি আপনারা হুঁসিয়ার হোন, এরপর আপনাদের অস্তিত্ব থাকবে না। সেই জন্য স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই—ফরওয়ার্ড ব্লকের এক বন্ধু বললেন যে যুক্তফ্রন্ট কত ভাল কাজ করেছে, তার কথা তো বললেন না? সত্যই স্যার, যতীন বাবুকে আমি গত পরশুদিন বলছিলাম আপনারা যা ভাল কাজ করেছেন, তার জন্য একটা মনুমেন্ট তৈরী করা উচিত। আপনারা যত মানুষ খুন করেছেন, যত ধন সম্পত্তি লুঠ করেছেন, তা জনসাধারণকে মনে করিয়ে দেবার জন্য একটা মনুমেন্ট আপনাদের তৈরী করা উচিত। স্যার, সেই জন্য রাজ্যপালের ভাষণ যা তিনি এখানে দিয়ে গেছেন, তার আমরা সম্পূর্ণ বিরোধিতা করছি। এবং আমি মনে করি যে রাজ্যপালের মত একজন জ্ঞানী গুণী ব্যক্তি তিনি কি করে যে এই যুক্তফ্রন্ট সরকারের দেওয়া ভাষণ এখানে পড়লেন জানি না। আমরা তখনই বিরোধিতা করতাম কিন্তু আমাদের মানাবকতা বোধ রয়েছে, তাই আমরা তখন বিরোধিতা করিনি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজয়কেশ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন এবং তাকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব এসেছে, আমি তার পূর্ণ সমর্থন জানাচ্ছি। কয়েকটি কথা বলার দরকার আছে—সাত্তার সাহেব সেদিন বলেছিলেন যে স্বামী স্ত্রীর মধ্যে ঝগড় ঝাঁটি হয়, মামলা মকর্দমাও হয়, কিন্তু আবার বছরে বছরে ছেলেপুলেও হয়, এটা কি করে হয় তিনি বুঝতে পারেন না, কেন হয়, তিনি এখনও সাবালক হননি, বয়সটা তাঁর কম কিনা তাই। সাবালক হলে বুঝতে পারবেন। দিল্লীতে কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে দেখুন তাহলে পরে বোধগম্য হবে। সিদ্ধার্থ-বাবু সেদিন এখানে বললেন যে যুক্তফ্রণ্টকে তিনি রেখে দেবেন, ভাঙতে দেবেন না যেমন করে হোক। এমন কি সি, পি, আই, এম-কে চেন দিয়ে বেঁধেও যুক্তফ্রণ্ট সরকারকে যুক্ত করে রেখে দেবেন। কি চমৎকার কথা, এখানে ভণ্ডামী করার একটা সীমা থাকা উচিত। কথায় আছে মার চেয়ে যার বেশী দরদ তাকেই বলে ডান। আমরা এই মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টিরা সবচেয়ে বেশী যন্ত্রণা সহ্য করে, পুলিশী নির্যাতন সহ্য করে, জেল খাটা থেকে আরম্ভ করে পুলিশের সামনে বুক পেতে দেওয়া পর্যন্ত সমস্ত কিছু সহ্য করেছি। আমাদের বিরুদ্ধে এমন কেউ কোন দল নেই যে নিন্দা কুৎসা করেন নি। কিন্তু সমস্ত অবস্থার মধ্যে দিয়ে ১৯৫১ সাল থেকে শুধু নির্বাচন নয়, বিভিন্ন আন্দোলনের মধ্য দিয়ে যে যুক্তফ্রণ্ট গড়ে তোলার চেষ্টা করেছি, আজ সেই যুক্তফ্রণ্ট সরকার আমরা দেখতে পাচ্ছি। এই হচ্ছে আমাদের সংগ্রামের সাফল্য। সুতরাং আমাদের এই কথা বোঝাতে হবে না এবং যে কংগ্রেস জমিদার জোতদারের প্রতিনিধি, সেই কংগ্রেসের বিরুদ্ধে আমরা সংগ্রাম শুরু করেছিলাম। আজ আমরা দেখছি সেই কংগ্রেস আজকে ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি এই বাংলাদেশেই কংগ্রেস ভেঙ্গে সিণ্ডিকেট হয়েছেন, ইণ্ডিকেট হয়েছেন এবং আবার ভিণ্ডিকেট হয়ে নেপালবাবুরা এসেছেন। সুতরাং আরও কত যে ভাঙ্গবে তার ঠিক নেই, কংগ্রেসের মৃত্যু হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মানুষ মরলে ভুত হয় এবং সেই ভুত করে কি? দুর্বল নুতন বৌ খুঁজে খুঁজে বেড়ায়, তারপর তার ঘাড়ে চোড়ে মাটিতে মুখ গুজড়ায়। এখন তো কংগ্রেসের মৃত্যু হয়েছে, সুতরাং কংগ্রেসের আত্মা জমিদার জোতদার, মহাজন, পুঁজিপতিরা এখন ভুত হয়েছে, তারা এখন কোথায় কোন পার্টি দুর্বল সেটা খুঁজে বেড়াচ্ছে এবং তাদের মধ্যে ঢুকে পড়তে পারলে তাদের কাজটা হাসিল করা যায়, সেটাই তারা খুঁজে বেড়াচ্ছেন, কিন্তু তাতে সুবিধা হবে না, আমরা এ সম্বন্ধে বিশেষভাবে লক্ষ্য রাখছি। সেইজন্য বলছি যে যুক্তফ্রণ্টের কি হবে না হবে, সেটা আমাদের ব্যাপার আমরা বুঝবো। সুতরাং সিদ্ধার্থবাবু যে চেন দিয়ে বাঁধার কথা বলেছেন, আমি তাঁকে পরিষ্কার বলছি, সে চেষ্টা যদি তারা করেন সেটা তাঁর গলার ফুলের মালা হয়ে দাঁড়াবে না—কাতা দড়ি হয়ে গলায় চেপে বসবে। আমাদের কখন কি করতে হবে না হবে সেটা আমরা বুঝবো।

[ 12-30—12-40 p.m. ]

রাক্ষসীদের দেশে রাজপুত্র গেল, গিয়ে খুঁজে পেল প্রাণ ভোঁমরা। সে প্রাণ ভোঁমরা যখন একটা একটা করে ডানা ভাঙ্গে হাত-পা ভাঙ্গে ঘাড় ভাঙ্গে তখন দেখ গেল এক একটা রাক্ষসীর হাত-পা ভাঙছে নুলো হয়ে যাচ্ছে, খোঁড় হয়ে যাচ্ছে, তারা প্রাণপণে আর্তচীৎকার করছে, তাণ্ডব নৃত্য করছে। আমার সিদ্ধার্থবাবুকেও কংগ্রেসপক্ষের বন্ধুদের দেখে তাই মনে হল। এরকম নাচন কোদনের কারন কি? ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে আপনারা সব Administrator বসিয়ে দিয়েছেন, খুব অপরাধ করেছেন। আমি গতবারে বলেছিলাম ঐ ঘুঘুর বাসা ভাঙ্গা হবে এবং এখন তাই হচ্ছে। ২৩৮টি জায়গায় Administrator বসান হয়েছে, কেন বসান হয়েছে? না সেই Managing Committee-গুলি দীর্ঘকাল ধরে কংগ্রেস কুক্ষিগত করে রেখেছিল সেজন্য। নির্বাচনের নিয়ম কানুন আছে, পুর্ণগঠন করতে হয়। কিন্তু সে সব নেই পাছে হাত ছাড়া হয়ে যায় সেজন্য কুক্ষিগত করে রেখেছেন, শিক্ষকরা যেহেতু কংগ্রেস করেনি সেহেতু তাদের চাকরীর কোন

নিরাপত্তা নেই। প্রফুল্ল ঘোষ নিরাপত্তা আইন তৈরী করেছিলেন প্রয়োগ করেছিলেন বিধান বাবু। এই বিধানসভার মার্কসিষ্ট সদস্য তারাপদ দে-কে বিধানবাবুর নিরাপত্তা আইনে বিনাবিচারে দমদম জেলে আটকে ছিলেন Managing Committee তাঁর চাকরী খতম করে দিলেন। এই দিয়ে বুঝলাম, তারপর দেখলাম ঝাঁপড়দহ ডিউক গার্লস স্কুল—সেখানকার হেড মিষ্ট্রেস সবিতা চ্যাটার্জিকে শিক্ষার জন্য কিছুদিনের ছুটি দেওয়া হয়েছিল, তার ফিরতে ৮দিন দেরী হয়েছিল। তিনি এসে দেখেন বিজলী কুমারী বসে আছেন, তাঁর চাকরী নেই, বিজলী কুমারীর সাথেও শেষ পর্যন্ত টাকা পয়সা নিয়ে টানাটানি হল। তিনি রেজিগনেশান দিয়ে চলে যেতে বাধ্য হলেন। তারপরে এসে হাজির হন ডলি দত্ত প্রধানা শিক্ষয়িত্রী হিসাবে। যোগ্যতা না থাকা সত্বেও তাঁকে অস্থায়ী প্রধানা শিক্ষয়িত্রী করা হোল। কিন্তু তার জন্য কোন এ্যাডভ্যার্টাইসমেন্ট করা হয়নি খবরের কাগজে। তাঁকে তার নিয়েছেন প্রধানা শিক্ষয়িত্রী হিসাবে। অস্থায়ীভাবে মাইনে এলাউন্স সবই পাচ্ছেন, এমনি পাঁচ বৎসর চলছে এখনও কোন স্থায়ী শিক্ষয়িত্রীর ব্যবস্থা হয়নি। তারপর ঝাপড়দহ স্ত্রী শিক্ষা নিকেতন। সেখানে দেখা যায় A.B.T.A.-র ডাকে সারা বাংলাদেশের শিক্ষক তারা ধর্মঘট করলেন—ধর্মঘট মিটলে সমস্ত জায়গায় শিক্ষকরা তাদের জায়গায় ফিরে গেলেন কিন্তু স্ত্রী শিক্ষা নিকেতনের শিক্ষকরা দেখলেন যে স্কুল তালা দেওয়া—বন্ধ, সেখানে যাবার উপায় নেই। দেখা গেল তাদের সব চাকরী চলে গেছে। কয়েকদিন পরে অন্য মাষ্টার নিযুক্ত হল, এমনি করে রাজনীতির খেলা চললো ১৯৬৭ সালে। এবারে আমি U.P. স্কুলের সম্বন্ধে বলছি ঝাঁপড়দহ তেঁতুলতলা পাঠশালা। সেখানে দেখা গেল একজন কংগ্রেসের শিক্ষক তিনি বাংলা কংগ্রেসের হয়ে গেছেন সঙ্গে সঙ্গে তিন মাইল দূরে ট্রান্সফার করা হল। তিনি যেতে রাজী হলেন না কিন্তু আজ পর্যন্ত তার কোন কাজের ব্যবস্থা করা হয়নি। এই তো হল ম্যানেজিং কমিটি। এরকম ভাবে স্কুল বোর্ড, স্কুলের ম্যানেজিং কমিটি চলেছে। আরো দেখলাম যে মাষ্টার মহাশয়দের Provident fund-এর টাকা আইনসঙ্গত ভাবে Post office বা Bank-এ জমা হবে কিন্তু ৩। বছরের পর বছর তা জমা পড়ছে না। যে টাকা নিয়ে এমন কি বউ-এর গহনা পর্যন্ত হচ্ছে। মাষ্টার মশাইরা ধার চাইলে Provident fund থেকে টাকা পায় না। এ টাকা যদি Bank বা Post office-এ জমা থাকতো তাহলে সুদে বাড়তে পারতো, কিন্তু তা হয়নি। তারপরে সরকার থেকে যে অনুদান দেওয়া হচ্ছে সে অনুদান যথেচ্ছভাবে খরচ করা হচ্ছে। এমনিভাবে যে সমস্ত স্কুল সুনাম করেছে এক একটা দুর্নীতির ঘাঁটি হয়ে রয়েছে সেখানে ঐ সমস্ত বাস্তুঘুঘুরা বসে রয়েছে তাদেরই তাড়াবার ব্যবস্থা হয়েছে। তারা ঐ কংগ্রেসীরা। আমি কয়েকটা নাম ধরে বলছি নলিনাক্ষ বাবু যদিও আসেননি তিনি বলতে পারবেন। চোগলাবেড়িয়া উচ্চমাধ্যমিক স্কুল যেটা ওনার এলাকা সে স্কুলের প্রধান শিক্ষককে দুর্নীতি এবং অর্থ অপচয়ের অপরাধে গ্রেপ্তার করা হয়েছে কিনা? ধুবুলিয়ার শ্যামাপ্রসাদ বিদ্যালয়ের একজন শিক্ষক দুর্নীতির দায়ে ধরা পড়ে গেলেন, বাধ্য হলেন পদত্যাগ করতে এবং শেষ পর্যন্ত Managing Committeeও পদত্যাগ করতে বাধ্য হল দুর্নীতির—জন্য—একথা কি সত্য নয়? তেমনিভাবে জগদীশ সিংহ মহাশয় বলতে পারবেন কেননা এটা তিনি বগুড়া কলেজের কথা তুলেছেন, প্রশ্ন করি বগুড়া কলেজের অধ্যক্ষ গ্রেপ্তার হলেন কেন। সুতরাং এসব বোঝা দরকার। হুগলীর ইটাচোনা কলেজ, স্কুল, বেসিক স্কুল ইত্যাদি ৪টা শিক্ষা প্রতিষ্ঠান দু-একজন লোকের হাতে—খুড়ো ভাইপোর হাতে ছিল। সে টাকা কোথা থেকে আসে, কার টাকাই বা কে খরচ করছে তার হিসাব পাওয়া যায় না। এ সমস্ত ঘুঘুদের বাঁচিয়ে রাখার জন্য কি যুক্তফ্রন্ট তৈরী হয়েছিল? তাই প্রথমে বলেছিলাম যে এসব ভেঙ্গে দেওয়া হোক। দেখা যাচ্ছে এখন তা হচ্ছে। এমনি করে আমরা দেখতে পাচ্ছি পঞ্চায়েৎ, জেলা পরিষদ সমস্ত জায়গায় বাস্তুঘুঘুদের বাসা ভাঙ্গা হচ্ছে, অনেকে বলছেন Administrator বসালেন দুর্নীতি স্বীকার করলেন, কিন্তু একটি নোটিশ দেওয়া উচিত ছিল। এখানে কথা হচ্ছে যে সোকজ নোটিশের কথা আমরা গত বিধানসভায় পাশ করেছি। আমরা যে আইন পাশ করেছি সেটা অনুমোদন লাভ করে নি। সেজন্য Administrator বসান হয়েছে, পুরান আইন অনুসারে—কংগ্রেস যা করেছে।

মধ্যশিক্ষা পর্ষদ থেকে Administrator বসান হয়েছে। এটা আমাদের উপর নয় কংগ্রেস এই উল্টা আইন করেছিল, আমরা করি নি। আজকে যে শিক্ষানীতি যুক্তফ্রণ্ট গ্রহণ করেছে, তার ফলে কি হচ্ছে দেখুন। এখন অনেক স্কুলে Managing Committee-র নির্বাচন হয়ে গেছে, কংগ্রেস সেখানে কটা জায়গায় জিতেছে সেটা একবার দেখুন। বেশীর ভাগ জায়গায় কারা নির্বাচিত হচ্ছে সেটা লক্ষ্য করুন। যদি শিক্ষনীতি ভুল হত, যদি শিক্ষা ব্যবস্থা যা গ্রহণ করা হয়েছে ঐ Administrator বলুন আর অন্য কিছু বলুন যেটুকু গ্রহণ করা হয়েছে তা যদি জনসাধারণের পছন্দ মত না হত তাহলে কি হত?

[12-40—12-50 p.m.]

তাহলে সম্পূর্ণভাবে জনসাধারণ আমাদের প্রত্যাখান করে দিতেন এবং কংগ্রেসকে আবার নূতন করে ম্যানেজিং কমিটিতে বসাতেন। কিন্তু তাদের দুর্নিতির ফলে জনসাধারণ তাদের প্রত্যাখান করেছেন। স্কুল যেখানে পড়া হবে, কিন্তু সেখানে মাষ্টারকে ছাড়িয়ে দেওয়া হল, পড়াশুনোর সুযোগ নেই। ছাত্ররা যাচ্ছে আসছে, মাইনে দিচ্ছে, পড়াশুনোর সুযোগ পাচ্ছে না। যখন তখন মাইনে বাড়িয়ে দেওয়া হচ্ছে ডেভেলপমেণ্টের নাম করে, ওমুক ওমুকের নাম করে। এই ছিল শিক্ষা ব্যবস্থার হাল। এই রকম বহু জায়গার উদাহরণ দেওয়া যায়। আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু যেই বাস্তুঘুঘুদের বাসাগুলো ভাঙ্গা হচ্ছে ওমনি কংগ্রেস ছটফট করছে তাদের লুঠের জায়গা কমে যাচ্ছে দেখে। সিদ্ধার্থবাবুর সঙ্গে সবাই মিলে চেঁচামেচি করছে। আজকে একথা কারো অজানা নেই যে ভারতবর্ষের মধ্যে প্রথম আমরা বিধান সভায় পাশ করে দিয়েছি যে নয় বিঘা পর্যন্ত জমির খাজনা লাগবে না এবং যাদের বাস্তুভিটার ব্যবস্থা নেই সে যদি কোন বাস্তুতে বাস করে থাকে তাহলে সে বাস্তু তার পাবার অধিকার স্বীকার করে আইন করে দিয়েছি। খাদ্য সঙ্কট যখন রয়েছে তখন হাজার হাজার জমি পড়ে থাকবে আর ক্ষেত মজুরের হাত থাকবে খালি, মানুষ ভুখা থাকবে তা হতে পারে না। তারজন্য আমরা পতিত জমি চাষের জন্য ব্যবহার করার আইন পাশ করেছি। কিন্তু সবচেয়ে বড় কথা এই যে, ওই যে ঘুঘুর বাসা ভেঙ্গে দেব বলেছিলাম সেটা করছি। আজ আমরা রাজ্যপালের হিসাবে ৩ লক্ষ একর জমি দখল করেছি এবং বণ্টন করা হয়েছে। যেট রাজ্যপাল বলতে পারেন সেইটাই বলেছেন। কিন্তু আমি বলি অন্তত তিন লক্ষ থেকে সাড়ে তিন লক্ষ একর জমি কৃষকরা দখল করেছেন এবং এই জমি বিভিন্ন রকম বাধা, আইনগত বাধার ফলে সরকার নিতে পারেন নি, হাইকোর্টের ইনজাংসান বা বিভিন্ন কোর্টের ইনজাংশনের ফলে সরকার নিতে পারছেন না, সেই রকম জমিও কৃষকরা ঐক্যবদ্ধভাবে দখল করেছে। আমি গতবারে বলেছিলাম জোতদারদের হাতে যে ৬০ হাজার বন্দুক আছে তা কেড়ে নেওয়া হক অথবা চাষীদের হাতে বন্দুক তুলে দেওয়া হক। আজকে চাষীরা বন্দুক ছাড়াই নিজেদের ঐক্যের জোরে এই জমি দখল করেছে, এই জমি আবাদ করেছে, এই জমির ফসল কেটে ঘরে তুলেছে। আরও যত জমি আছে তা দখল করা হবে। কোন জমি ছাড় রাখা হবে না। প্রত্যেকটি পতিত জমি কাজে লাগান হবে। এই আইন আসছে যে আইনে পরিবার ভিত্তিক সিলিং হবে। আজকে যেসব জমি আটকে রাখা হয়েছে তা তাদের হাত থেকে মুক্ত করে কৃষকদের হাতে, ক্ষেত-মজুরদের হাতে বণ্টন করে দেওয়া হবে। আমরা দেখছি অন্ততঃ ২০ লক্ষ বিঘা জমি কৃষকদের হাতে এসেছে এবং ২০ লক্ষ বিঘা জমিতে দুই থেকে আড়াই লক্ষ টন চাল এসেছে কৃষকদের হাতে যেটা জোতদারদের হাতে যেত এবং সেটা তারা ব্লাক মার্কেটে চালিয়ে দিত। এবং আজকে আমরা দেখতে পাচ্ছি এই কৃষকদের হাতে যা এসেছে ধান তাতে এবারে অনেক ক্ষেতমজুর, ভুমিহীন কৃষক তারা নবান্নের চাল নিজেদের মেহনতেই পেয়েছে। শুধু তাই নয়, এই কৃষকদের হাতে অর্থ আসা মানেই গ্রামের তাঁতি, জোলা, কামার, কুমোর ইত্যাদির হাতে অর্থ আসা। এটা দেখতে পাচ্ছি যে আজকে ক্ষেতমজুর, ভুমিহীন চাষী তাদের হাতে কিছু ধান আসায় তারা খড়ও কিছু পেয়েছে যা দিয়ে তারা ঘর ছাইবে এবং এতে বেকার সমস্যারও কিছুটা

সমাধান হবে। এখানে এইভাবে আমরা দেখতে পাচ্ছি একটা নূতন অর্থনীতি গ্রামে গড়ে উঠছে। লোকেরা বুঝতে পারছে যে যদি সমস্ত চোরদের হাত থেকে সব জমি আমরা নিতে পারি এবং তা যদি কৃষকদের মধ্যে বণ্টন করা যায় তাহলে গ্রামে একটা নুতন অর্থনীতি রূপায়িত হবে। সেজন্য আজকে গ্রামের সমস্ত মানুষ ঐক্যবদ্ধ হচ্ছে যাতে বাকী সমস্ত জমি তারা দখল করতে পারে। সেদিন নেপালবাবু বলেছিলেন যে এদের জন্য মনুমেণ্ট তৈরী করতে হবে। হ্যাঁ, মনুমেণ্ট তৈরী হবে ঐ কংগ্রেসের মৃতদেহের উপর। জোতদার, জমিদারদের সম্পূর্ণ উৎখাত করে দিয়ে গ্রামে ও শহরের শ্রমিকরা ঐক্যবদ্ধ হয়ে এই মনুমেণ্ট গড়ে তুলবে একথা মনে রাখবেন। এই কথা বলে আমি আবার রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**শ্রীজ্যোতি বসুঃ** স্পীকার মহোদয়, আমি অত্যন্ত দুঃখিত যে আজকে আমার একটা calling attention ছিল, তখন আমি সময় মত আসতে পারিনি কারণ আমি একটু আটকে গিয়েছিলাম। সেইজন্য এখন আমি আপনার অনুমতি নিয়ে বলে দিতে চাই।

Mr. Speaker Sir, in response to the notice served by Shri Zainal Abedin, an honourable Member of this House, calling my attention to an urgent matter of public importance, namely damage caused to the car of the West German Consul General in an incident near the S.S.K.M. hospital on the 26th January, 1970, I beg to make the following statement :—

On the 26th January, 1970, a race meeting was held at the Calcutta Turf Club. Members of the public attending this meeting were annoyed with the running of one particular race. This led to distrubances within the race course. While the police were dealing with these distrubances a group of people near the S.S.K.M. hospital stopped certain passing vehicles. One of these vehicles unfortunately happened to be that of the West German Consul General. The persons who stopped the car wanted to take some petrol from it. The driver of the car, however, managed to make good his escape. In that process, however, the car was damaged by the crowd. The wife of the Consul General was not injured, as has been alleged. Neither was the Consul General injured. This incident was over in a very short time and the police, who were dealing with disturbances inside the race course, had no knowledge of it at that time. A case has been registered over this incident and the Investigating Officer called on the Consul General and expressed his regret over the incident. I also take this opportunity of expressing the regret of Government.

**Shri Krishnapada Ghosh :** Sir, with reference to the Calling Attention Notice by Shri Kalipada Mondal Re : lock-out in M/s. Guest, Keen, Williams Ltd., Howrah, I beg to state that the Management of M/s. Guest, Keen, Williams Ltd., Howrah, declared a lock-out of their factory with effect from 14-12-69 on the alleged ground of indiscipline, stay-in strike, etc. resorted to by the workmen. On 18-12-69, I met the representatives of the management and all the six unions of the workmen in an effort to bring about a settlement. As no meeting ground between the parties could immediately be found, the Labour Directorate continued the effort at settlement through conciliation on my direction. One of the Joint Labour Commissioners met the parties separately on 19-12-69 and 23-12-69. The management are not agreeable at the moment to lift the lock-out unless the unions agree to fulfil certain pre-conditions. The Labour Directorate is continuing the effort for settlement through conciliation.

[ 12-50—1-00 p. m. ]

## Discussion on Governor's Address

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণে আমরা ভেবেছিলাম তাঁর সরকার যে নির্বাচন কালীন প্রতিশ্রুতি ৩২ দফা দিয়েছিলেন তার কি কি এর মধ্যে করতে সক্ষম হয়েছেন, আর কি কাজ করতে যাচ্ছেন তার উল্লেখ এই ভাষণের মধ্যে থাকবে আমরা আশা করেছিলাম। কিন্তু দুঃখের বিষয় কর্মসূচীর প্রথম দুই দফা যে কর্মসূচী, যে বিষয়ে আমাদের দীর্ঘ আলোচনা হয়ে গিয়েছে সে সম্বন্ধে আমাদের রাজ্যপালের ভাষণে কোন উল্লেখ নাই। বরঞ্চ ৩২ দফা কর্মসূচীর মধ্যে বলা ছিল যে যুক্তফ্রন্ট সরকার সং এবং পরিচ্ছন্ন প্রশাসন ব্যবস্থা চালু রাখবেন। কার্যকালে আমরা দেখছি সভায় বিভিন্ন দলের যে কার্য্যসূচী প্রকাশিত হয়েছে তাতে বুঝতে পাচ্ছি বাংলাদেশে পরিচ্ছন্ন শাসন ব্যবস্থা নাই। শাসন ব্যবস্থাকে প্রশাসন ব্যবস্থা কুক্ষিগত করে রেখে সৎ সরকারী কর্মচারীদের মনোবল ভেঙ্গে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় দফা যে কর্মসূচীতে বলা হয়েছিল যে দুর্নীতি বন্ধ করে ট্রাইবুনাল গঠন করা হবে, আমরা জানিনা কি কারণে আজ ট্রাইবুনাল গঠন করা হয়নি। আমরা সংবাদপত্র মাধ্যমে দেখেছি যে সংযুক্ত সোসালিষ্ট পার্টি এই ট্রাইবুনাল গঠন করার প্রতিশ্রুতি না দিলে তাঁরা মন্ত্রী সভায় ঢুকবেন না। আজও তাঁরা মন্ত্রী সভার বাইরে আছেন। তবুও ট্রাইবুনাল গঠন করা হয়নি। আমরা আশা করেছিলাম মাননীয় রাজ্যপালের ভাষণে এর উল্লেখ থাকবে। জানিনা আজ হয়ত কেরালার মুখ্যমন্ত্রী অচ্যুত মেনন তাঁর বিবৃতিতে যে কথা উল্লেখ করেছিলেন যে কেরালায় ট্রাইবুনাল গঠন করতে গিয়ে কেরালার যুক্তফ্রন্টের মন্ত্রীসভা অচল হয়েছিল এবং তা ভেঙ্গে পড়েছিল। হয়ত একই আশঙ্কা করে এখানকার সরকার দুর্নীতি দূর করবার জন্য ট্রাইবুনাল গঠনে এখনও উদ্যত হননি। মাননীয় স্পীকার মহাশয়, কারণ আমরা অনেকে জানি এই সভায় আপনার কাছে মাননীয় সদস্য অনাদি দাস, মুকন্দ আলি যুক্তফ্রন্টের প্রাক্তন খাদ্যমন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছিলেন, কিন্তু আমরা দেখেছি এই সভায় তার কোন বিচার হয়নি। আপনি ন্যায় পরায়ণ ব্যক্তি, আমরা আশা করেছিলাম যে আপনি আপনার মতামত এখানে রাখবেন। আমরা সংবাদপত্রে দেখেছিলাম মাননীয় মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রী এ বিষয়ে ফলাফল ঘোষণা করবেন সুধীন কুমার মহাশয়ের পদত্যাগ পত্র গৃহীত হবার আগে। কিন্তু আজ পর্যন্ত সেই তদন্তের ফলাফল আমরা জানতে পারলাম না। আমরা তদন্তের অভিযোগ শুনেছিলাম সুধীনকুমারের বিরুদ্ধে। কিন্তু আমাদের আশঙ্কা যে তদন্ত করা সম্ভব হয়নি। কেরালার মুখ্যমন্ত্রী অচ্যুত মেনন সাহেব যেকথা তাঁর বিবৃতিতে উল্লেখ করেছিলেন এখানেও সুধীন কুমারের বিরুদ্ধে তদন্ত করতে গেলে যুক্তফ্রন্টের মন্ত্রীসভায় আরো মন্ত্রী আছেন যাঁদের বিরুদ্ধে তদন্তের অভিযোগ খালি শুধু দুর্নীতির অভিযোগ নয় দুর্নীতির বিরুদ্ধে তাঁদের দায়রায় সোপর্দ হয়েছেন তাদের পর্যন্ত বিচার বা তদন্তের কোন ব্যবস্থা যুক্তফ্রন্ট সরকার করেন নি। আমরা আশা করেছিলাম রাজ্যপালের ভাষণে এই ত্রুটির কথা উল্লেখ থাকবে। কিন্তু তা না থাকায় আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বহু সংশোধনী প্রস্তাব এসেছে। সুতরাং বিস্তারিত বিষয়ের মধ্যে আমি যেতে চাই না। খালি তিনটী সংশোধনী প্রস্তাব যা আমি এখানে রেখেছিলাম সে সম্বন্ধে আমার বক্তব্য আমি সীমাবদ্ধ রাখছি।

আমার পূর্ববর্তী বক্তা জয়কেশ বাবু শিক্ষা সম্বন্ধে অনেক কথা বলে গেছেন। রাজ্যপালের ভাষণে শিক্ষা সম্বন্ধে অনেক প্রশস্তি গাওয়া হয়েছে। এর সম্বন্ধে আমি একটী কথা মাত্র উল্লেখ করতে চাই। যদি রাজ্যপাল তাঁর সরকারের মুখ্যমন্ত্রী শ্রীঅজয় কুমার মুখার্জী শিক্ষা-মন্ত্রী সম্বন্ধে যে মন্তব্য করেছেন, সেইটুকু মাত্র তাঁর ভাষণে উল্লেখ করতেন, তাহলে আমার আর শিক্ষা সম্বন্ধে কিছু বলার কোন প্রয়োজন হতো না। ২৮শে ডিসেম্বর মুখ্যমন্ত্রী বলেছেন তিনি দীর্ঘসূত্রতা, গাফিলতি ও

অযোগ্যতার অভিযোগে অভিযুক্ত। মুখ্যমন্ত্রীর কাছে এই সার্টিফিকেট পাবার পর আমার আর নূতন করে তার সম্বন্ধে বলবার কিছু নাই। তাদের ৩২ দফা কর্মসূচীর মধ্যে শিক্ষাও স্থান পেয়েছে। আমাদের শিক্ষামন্ত্রী একজন শিক্ষাব্রতী, শিক্ষার সঙ্গে দীর্ঘদিন যুক্ত এবং শিক্ষক আন্দোলনেও সক্রিয় অংশ গ্রহণ করেছেন। তিনি যে সমস্ত কথা আগে বলেছিলেন, আমরা আশা করেছিলাম তিনি শিক্ষাদপ্তরের ভার নিয়ে এক বছরের মধ্যে শিক্ষকদের অভাব অভিযোগ দূর করবার ব্যবস্থা করবেন। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে দেখছি যে কথা এখানে বলা হয়েছে খারাপ District School Board দূর করে দিয়ে একটি গণতান্ত্রিক বোর্ড বা কমিটি তাদের কাজ পরিচালনা করবেন। কার্য্যকালে দেখলাম যে সীমিত গণতান্ত্রিক ব্যবস্থা ঐ স্কুল বোর্ডের মধ্যে ছিল, তা বাতিল করে দিয়ে সেখানে একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। আজ সেই উপদেষ্টা কমিটি সম্বন্ধে বলবার কিছু নাই। তাঁর দলের বাইরের সদস্য এই উপদেষ্টা কমিটি সম্বন্ধে যে সমালোচনা ও ক্ষোভের ঝড় এখানে উঠিয়েছেন, তাতে আর সে সম্বন্ধে নুতন কিছু আমার বলবার নাই।

Secondary School বোর্ডের দুর্নীতির সম্বন্ধে বহু কথা আগেই আলোচনা হয়েছে। সেটা শিক্ষামন্ত্রী অবগত আছেন। তিনিও এই Secondary School বোর্ডের সঙ্গে দীর্ঘদিন যুক্ত ছিলেন। আমরা আশা করেছিলাম অন্ততঃপক্ষে শিক্ষা দপ্তরের ভার পাবার পর Secondary School বোর্ডের দুর্নীতি, অযোগ্যতা ও নৈরাজ্য দূর করবার জন্য তিনি একটি কার্য্যকরী ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করবেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি সেকেণ্ডারী স্কুল বোর্ডের সভাপতিকে অপসারণ করা ছাড়া তিনি আর কিছু করতে পারেননি। শ্রীভবানী সেন মহাশয় যুক্তফ্রণ্ট সরকারের বিরুদ্ধে সি পি এমের জেহাদ বইতে অন্যান্য বিষয়ের সঙ্গে বিভিন্ন স্কুলে যে সমস্ত ঘটনা ঘটেছে তার বিস্তারিত বিবরণ দিয়েছেন। তার থেকে দু-একটি উদাহরণ এখানে উল্লেখ করে আমার বক্তব্য শেষ করবো। ২৪-পরগণা জেলার বারাসত বোধাই হাইস্কুলের বিষয়ে বলেছেন—জবরদস্তি করে প্রধান শিক্ষককে অপসারণ করা হয়েছে। শুধু তাই নয় ম্যানেজিং কমিটিকে ঘেরাও করে প্রধান শিক্ষকের পদত্যাগ পত্র জোর করে গ্রহণ করানো হয়েছে। এটা আমার বক্তব্য নয় বা কোন প্রতিক্রিয়াশীলদেরও বক্তব্য নয়।

যুক্তফ্রণ্ট সরকারের ৩২ দফা কর্মসূচীর মধ্যে ছিল অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা মাইনেতে পড়ানোর ব্যবস্থা হবে। আমাদের গ্রামাঞ্চলে মেয়েদের অষ্টম শ্রেণী পর্য্যন্ত শিক্ষা ব্যবস্থা বিনা বেতনে কংগ্রেস আমলে হয়ে গেছে। আমরা আশা করেছিলাম যুক্তফ্রণ্ট সরকার গ্রামাঞ্চলে ও সহরাঞ্চলে বাকি অন্যান্য উপর শ্রেণী পর্য্যন্ত ছেলেমেয়েদের শিক্ষা অবৈতনিক করবেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এসম্বন্ধে কোন উল্লেখ নাই।

[ 1-00—1-10 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপর মাননীয় রাজ্যপাল অত্যন্ত সুকৌশলে শিল্পোন্নয়ন সম্বন্ধে তাঁর বক্তব্য রেখেছেন। তিনি তাঁর সরকারকে তারিফ করতে পারেন নি কারণ তাঁর সরকারকে তারিফ করার উপায় নেই। আমরা শিল্প বিভাগের যে বিবৃতি দেখছি সংবাদপত্রে তাতে দেখেছি যে বাংলাদেশ থেকে খালি যে মূলধন চলে যাচ্ছে তাই নয়, ৬টা বৃহৎ শিল্প বাংলাদেশ থেকে সরে যাওয়ার অনুমতি পেয়েছেন। রাজ্যপাল মহাশয় বলেছেন যে, পশ্চিমবাংলায় শিল্পোন্নয়নের ভাল রেকর্ড আছে এবং রাজ্যে নুতন শিল্প গড়ে উঠার যথেষ্ট অর্থনৈতিক সুবিধা আছে, কিন্তু বর্তমান সরকার যে শিল্পোন্নয়নের বৃদ্ধি করতে সক্ষম হয়েছেন সে সম্বন্ধে কোন বক্তব্য তিনি রাখেন নি। বরঞ্চ আমরা দেখছি যে ফ্লাইট অব ক্যাপিটাল হওয়ার জন্য কর্ম সঙ্কোচন হয়েছে যার ফলে বেকারের সংখ্যা বেড়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যুক্তফ্রণ্টের প্রোগ্রামের মধ্যে দেখছি যে তাঁরা বেকার ভাতা দেবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং এই ভাঁওতা দিয়ে বহু বেকার যুবককে তাঁরা দলে টানবার চেষ্টা করেছেন, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে আজ পর্য্যন্ত বেকার ভাতা দেয়ার কোন ব্যবস্থা

নাই। মাননীয় রাজ্যপালের ভাষণে পরিষ্কারভাবে কিছু আছে, না মন্ত্রীসভার কোন বিবৃতি হিসাবে বেকার ভাতা সম্বন্ধে কোন উল্লেখ আছে। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে শ্রম সমস্যা সম্বন্ধে তাঁর সরকারের তারিফ করেছেন। আমরা শ্রম বিষয় সম্বন্ধে তাঁর সরকারের যে নীতি দেখেছি—২।৪টা ভাল ভাল কাজ হয়ত হয়েছে, শ্রমিকরা বেশী মজুরী হয়ত পাচ্ছে, কিন্তু তার সঙ্গে সঙ্গে আমরা দেখেছি যেটা আমার বক্তব্য নয়, তাঁদেরই শরিকদলের কাগজের যে বক্তব্য সেই বক্তব্য আমি আপনার সামনে তুলে ধরছি—তাতে দেখছি বিভিন্ন অঞ্চলে তাঁরা মালিকদের সঙ্গে একসঙ্গে যুক্ত হয়ে শ্রমিকের ন্যায়সঙ্গত দাবীকে বানচাল করবার জন্য পুলিশ লেলিয়ে দিয়েছেন, নিজেদের দলের শ্রমিক লেলিয়ে দিয়েছেন এবং হত্যা করেছেন শ্রমিকদের। আমি এখানে ২।৩টা কথা আপনার কাছে উল্লেখ করছি কয়লাখনি অঞ্চলের যার সম্বন্ধে এর আগে প্রশ্ন রাখা হয়েছিল—আমরা সংবাদপত্রের মাধ্যমে দেখেছি সেখানে সি. পি. এম একটা সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে, সেখানে বিরোধী যে সি. পি. আই ইউনিয়ন এবং এস. এস. পি ইউনিয়ন আছে তাদের কর্মীদের নির্যাতন শুধু নয়, তাদের হত্যা পর্য্যন্ত করেছেন এবং বিভিন্ন শ্রমিক বস্তী থেকে সেখানকার শ্রমিকদের উৎখাত করবার ব্যবস্থা করেছেন—ভবানী সেন মহাশয়ের কাগজ থেকে এটা দেখছি।

(এই সময় লালবাতি জ্বলিয়া উঠে)

**মিঃ স্পীকার:** আপনারা এতক্ষণ বল্লে কি করে হবে—আরো তো অনেক স্পীকার আছেন।

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপেই বলব। আমি যা বলছিলাম, এটা আমাদের কাগজের কথা নয়, সারা দেশের বুর্জোয়া কাগজের কথা নয়—এ হচ্ছে তাঁদেরই দলের কালান্তর কাগজের বিবৃতি যে কোকোকোলার শ্রমিক ইউনিয়নের বিরুদ্ধে কিভাবে স্বরাষ্ট্র দপ্তরের পুলিশ লেলিয়ে দিয়ে শ্রমিক নেতাকে হত্যা করা হয়েছিল। ৩রা নভেম্বর যে ঘটনা ঘটেছিল ৪ঠা নভেম্বর-এর কালান্তরে তার বিস্তারিত ঘটনা বেরিয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বরাষ্ট্র দপ্তর নিয়ে বহু আলোচনা, সমালোচনা এখানে হয়েছে। শুধু আমাদের দলের সদস্যদের দ্বারাই সমালোচনা হয়নি, আপনাদের শরিকদলের সদস্যদের দ্বারাই বহু সমালোচনা, ক্ষোভ প্রকাশ করা হয়েছে এই সভার মধ্যে সেটা আমরা সবাই দেখেছি। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা বলছেন এটা হচ্ছে শরিকী ঝগড়া বা স্বামী-স্ত্রীর ঝগড়া। অধ্যক্ষ মহাশয়, ওঁরা এটাকে লঘুতর করবার চেষ্টা করছেন এই বলে যে এটা হচ্ছে শ্রেণী সংগ্রাম। এটা যদি শ্রেণী সংগ্রাম হত তাহলে আমরা কি দেখতাম? ধনীর বিরুদ্ধে গরীবের লড়াই। কিন্তু আমরা যা দেখতে পাচ্ছি, তাঁদের দলের লোকদের কথা থেকে যা শুনতে পাচ্ছি সেটা হচ্ছে এক দল আর এক দলের উপর আক্রমণ করছে, হামলা করছে, একদল গরীব কৃষক আর একদল গরীব কৃষকের উপর হামলা করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি ঘটনা উল্লেখ করছি। বহু রাজনৈতিক হত্যা ঘটেছে। ১০০টির মত রাজনৈতিক হত্যাকাণ্ড বাংলাদেশে হয়েছে, হাজার রকমের ঘটনা ঘটেছে বলে ভবানী সেন মহাশয় দাবী করেছেন তাঁর বইয়ের মধ্যে। আমি একটী ঘটনার কথা এখানে উল্লেখ করছি। ২০শে জানুয়ারী কুচবিহারের একটি গ্রামে একটি গুরুতর ঘটনা ঘটেছে। মানুষ মাথায় লাঠি মারে শুনেছি, ছোরা মারে শুনেছি, কিন্তু এটা বিভৎস হত্যাকাণ্ড—তার নাকি যৌনাঙ্গ কেটে নেওয়া হয়েছে। আমরা শুনেছি তারা নাকি ফরোয়ার্ড ব্লকের ২জন কর্মী। এই যদি শ্রেণী সংগ্রাম হয় তাহলে মুখ্যমন্ত্রী যেকথা বলেছেন বর্বর—এর থেকে বেশী বর্বরতা আর কি হতে পারে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট সরকার যে পথে অগ্রসর হচ্ছে—মানুষ কংগ্রেসের কাছ থেকে যে আশা করেছিল, তারা যা পূরণ করতে পারে নি, ভেবেছিল যুক্তফ্রন্ট সরকার তা পূরণ করবে। কিন্তু ওরা যে পথে আজকে বাংলাদেশকে ঠেলে দিচ্ছে সেটা কারো অজানা নেই এবং তার ফলে আজকে যুক্তফ্রন্ট সরকার ভাঙতে বসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি কথা অচ্যুত মেনন সাহেবের বইতে পাচ্ছি যেটা রণদিভে সাহেব যুক্তফ্রন্টের মধ্যে বক্তৃতা আকারে রেখেছিলেন

সেটা হচ্ছে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির যুক্তফ্রণ্টের মধ্যে কাজ হল জনসাধারণের বিক্ষোভের পথকে উন্মুক্ত করা, তাদের সমস্যা লাঘব করা। অর্থাৎ সমস্যা দূর করবার চেষ্টা না করে সমস্যা জিইয়ে রেখে বিপ্লবের মাধ্যমে তাঁরা এগিয়ে যেতে চান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতে আমাদের ভয় পাওয়ার কিছু ছিল না যদি তাঁরা এই অরাজকতার মাধ্যমে সমাজবাদী বিপ্লব ঘটাতে পারতেন তাহলে আমরা নাহলেও আরো যে সমস্ত সমাজবাদী দল আছেন তারাও অভিনন্দিত করতো। কিন্তু আজকে আমরা অন্যান্য দলের ক্ষোভ, বিক্ষোভ বিধানসভায় যা দেখতে পাচ্ছি তাতে আশঙ্কা হচ্ছে এই নৈরাজ্যের পথে সমাজবাদী শ্রেণী চরিত্রকে বিশ্বাস করে যে শ্রেণী চরিত্র ও বিপ্লবের পথে নেতৃত্ব দিচ্ছেন তাতে করে সমাজবাদ আসবে না, হয়ত ফ্যাসিজিম আসবে। তারই ভয়ে ভীত হয়ে বিভিন্ন শরিকদল নিজেরা ক্ষোভে আজ ফেটে পড়ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আমার সংশোধনী-গুলি এই ভাষণের মধ্যে যুক্ত করবার জন্য অনুরোধ করে বক্তব্য শেষ করছি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি দুটি নূতন আইন করার প্রস্তাব উপস্থিত করছি। একটি হচ্ছে শ্রমিক কর্মচারীদের ভবিষ্যৎ নিরাপত্তার জন্য বাধ্যতা-মূলক গ্রাচুইটি আইন করা খুব অত্যাবশ্যক। দ্বিতীয়টি হচ্ছে বাংলাদেশে গরীব কৃষক এবং ভূমিহীন কৃষকদের মধ্যে জমির প্রচণ্ড ক্ষুধার কথা স্মরণ করে। বর্তমানে যেটা ৭৫ বিঘার সিলিং করেছেন সেটা কমিয়ে ৪৫ বিঘা পারিবারিক ভিত্তিতে করা খুব প্রয়োজন বলে আমি মনে করি। যুক্তফ্রণ্টের কোন কোন মহল থেকে এই সিলিং কমাবার বিরোধিতার কথা আমি শুনেছি। আমি মনে করি যুক্তফ্রণ্টের উপর যেমন দক্ষিণ পন্থীদের আক্রমণ আসছে তেমনি অতি বাম তরফ থেকেও আসছে। তার ফলে এই পরিষদ এবং সংসদের বাইরেও আক্রমণ হতে পারে এবং হচ্ছে এবং বলা হচ্ছে ভূমি বিপ্লব কথা।

[ 1-10—1-20 p. m. ]

কাজে কাজেই যুক্তফ্রণ্ট বা যুক্তফ্রণ্ট সরকার বড় জোতের মালিকদের সমর্থক একথা যেন না ওঠে, এইজন্যই আমি এই আইনের কথা উপস্থিত করছি। তারপর সিদ্ধার্থবাবুদের যে আক্রমণ সে সম্পর্কে আমার যা মনে হয়েছে সেটা হচ্ছে, সিদ্ধার্থবাবু বলেছিলেন যে একটা নাটকীয় পরিস্থিতিতে তিনি বলছেন, আমার মনে হয়েছে, পরিস্থিতিটা তিনি যেভাবে নিয়ে উপস্থিত করেছিলেন তাতে প্রথমে যাত্রাদলের বিবেকের পার্টই করেছিলেন, কিন্তু তারপরে হয়ে দাঁড়িয়েছে প্রহসনের ক্লাউনের পার্ট। যাত্রাদলের বিবেকের পার্ট যা করেছিলেন তা হচ্ছে, তিনি বাংলাদেশের গ্রামাঞ্চলের হাজারখানেক সংঘর্ষের কথা বলেছিলেন। কিন্তু গ্রামাঞ্চলের যে শ্রেণী সম্পর্ক বদলে গিয়েছে যেটা তার আসল বক্তব্য সে দিক থেকে শোষক শ্রেণীর পক্ষ থেকে, তাদের বিবেকের দংশনের দিক থেকে এসে তিনি যে ওকালতি করতে চেয়েছিলেন সেটা তিনি ভালোভাবে রাখতে পারেননি। কারণ তিনি ঠিক এই সময় ১৯৬৯ সালে উত্তরপ্রদেশে সিণ্ডিকেট কংগ্রেসের শাসনে তিন মিনিটে একটা করে খুন হয়েছে, সেকথা বলেননি। সবচেয়ে বড় কমিউন্যাল কারনেজ হয়েছে গুজরাটে সিণ্ডিকেট কংগ্রেসের শাসনে সেকথাও বলেননি। তা ছাড়া অন্ধ্রে তাঁদের পক্ষের কংগ্রেসের শাসনে কৃষি আন্দোলন এবং কৃষি বিপ্লব দমনের নামে যে নরমেধ যজ্ঞ হয়েছে সেকথারও তিনি উল্লেখ করেননি। তাই আমি বলতে চাচ্ছি যে গ্রামে শ্রেণী সম্পর্ক বদলে গিয়েছে যুক্তফ্রণ্ট সরকার আসার পরে বা তাদের আইন করার ফলে। আজকে শ্রমিক কৃষকদের ন্যায্য দাবীর আন্দোলনে শোষকদের সমর্থনে পুলিশ পাঠাবেন না একথা বলার পরে শ্রমিক কৃষকরা যে সমস্ত লাভ করেছে তাতে তাঁদের বুকে জ্বালা ধরেছে। সেইজন্য তাঁর যে বিবেকের পার্টটা সেটা দেখে আমার মনে হয়েছে শোষক শ্রেণীর ব্যারিষ্টারের বিবেকের দংশন। দ্বিতীয়তঃ সি. পি. এম-এর বে-নামীতে তিনি সমস্ত যুক্তফ্রণ্ট এবং যুক্তফ্রণ্ট সরকারকে যে আক্রমণ করেছেন সে সম্পর্কে বলতে চাই যে এতে তাঁর

ভূমিকা হয়ে দাঁড়িয়েছে অনেকটা ক্লাউনের মত। আমি এই কথাটা এইজন্যই বলছি যে যুক্তফ্রণ্টের শরিকদলের ভেতরে মারামারি এবং তার মীমাংসা সেটা তাদের আভ্যন্তরীণ ব্যাপার, যুক্তফ্রণ্ট তারজন্য চেষ্টা করছে। শরিকীসংঘর্ষ আমরা কেউ চাই না, শরিকী সংঘর্ষ বন্ধ হোক এটাই আমরা চাই। তবে তার ব্যবস্থার কথা যুক্তফ্রণ্টকে ভাবতে দিলেই তিনি ভালো করতেন, সে সম্পর্কে ক্লাউনের মত মায়া কান্না কাঁদবার কোন প্রয়োজন ছিল না। তবে এর সংগে সংগে আমি একথাটাও বলতে চাই যে যুক্তফ্রণ্টের কিছু কিছু ব্যাপার আভ্যন্তরীণ নয় জনস্বার্থের সংগে সম্পর্কযুক্ত তার ভেতরে অনেক গুরুত্বপূর্ণ ব্যাপার আছে যেটার আলোচনা এই পরিষদে উঠতে পারে। এই প্রসংগে আমি বলতে চাই যে যুক্তফ্রণ্টের সমস্ত সংসদীয় নেতারা যুক্তফ্রণ্টকে বাঁচিয়ে রাখতে চান একথা আমি বিশ্বাস করি এবং তাঁদের প্রত্যেকের মুখ থেকেও এরকমের ঘোষণা আমরা পেয়েছি। কিন্তু একদিকে যদি যুক্তফ্রণ্টের কোন দলের সংসদীয় নেতা যুক্তফ্রণ্টকে বাঁচিয়ে রাখার কথা বলেন এবং অপরদিকে যদি সেই দলেরই সংগঠনিক নেতা যুক্তফ্রণ্ট বাতিল হয়ে গিয়েছে, অন্য ধরনের ফ্রণ্ট হচ্ছে বলেন তাহলে তাতে একটা বিভ্রান্তি ঘটে। আমি এ সম্পর্কে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, যুক্তফ্রণ্ট আদৌ বাতিল হয়নি। যুক্তফ্রণ্ট বাতিল হলে তার বিকল্প যদি কেউ ভাবতে চান তাহলে সেটা হবে বামদিকে নকশালবাড়ী আর দক্ষিণদিকে দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার যমের বাড়ী, তা ছাড়া বিকল্প নেই। আমাদের যতদিন পর্য্যন্ত না গণতান্ত্রিক বিকল্পের কাজ সমাধা হচ্ছে ততদিন যুক্তফ্রণ্টের প্রয়োজন হবে।

আলজিরিয়াতে ৭ বছরের রক্তক্ষয়ী সংগ্রাম যুক্তফ্রণ্টের নেতৃত্বে করে মুক্তি সংগ্রাম সার্থক হয়েছে এবং গণতান্ত্রিক বিপ্লব সম্পন্ন হয়েছে। আমাদের কাছাকাছি দক্ষিণ ভিয়েৎনামে অনেকগুলি দল যুক্তফ্রণ্ট গড়ে তারা মুক্তি সংগ্রাম করছে এবং বহু মুক্ত এলাকাতে যুক্তফ্রণ্ট শাসন করছে। কিউবাতে ১৯৫৯ সালে যুক্তফ্রণ্টের নেতৃত্বে মুক্তি সংগ্রাম হয়েছে এবং গণতান্ত্রিক বিপ্লব হয়েছে। কাজে কাজেই যখন কেন্দ্রের কংগ্রেস ভাবছে এবং সাম্রাজ্যবাদ সামন্ততন্ত্রবাদ একচেটিয়া মূলধনী তাদের আক্রমণের তোড়জোড় চলছে এবং সেট, ৩টি রাজনৈতিকদল তারা জোট বেঁধে তোড়জোড় করছেন। সেটা হচ্ছে—সিণ্ডিকেটপন্থী কংগ্রেস, জনসংঘ, এবং স্বতন্ত্র। এই তিনটি দল একত্র হয়ে তারা প্রতি-আক্রমণের মহড়া দিচ্ছেন। সেই সময়ে আমাদের প্রয়োজন হচ্ছে শুধু বাংলাদেশের যুক্তফ্রণ্টকে রক্ষা করা নয়, তাকে আরো বেশী দৃঢ় করা এবং প্রসার করা। সর্বভারতীয় ক্ষেত্রে কর্মসূচীর ভিত্তিতে এবং শত্রু বা আক্রমণের লক্ষ্যে রিডিফাইন করে সেখানে যুক্তফ্রণ্ট করবার জন্য সর্বভারতীয় ক্ষেত্রে এগিয়ে যাওয়া দরকার। সে জন্য যারা যুক্তফ্রণ্টের জন্য বিকল্প কথা, যুক্তফ্রণ্ট এই ফরমে নেই বাতিল হয়ে গেছে বলছেন, আমি তাদের বলবো যে, আপনারা যুক্তফ্রণ্টের বিকল্পের কথা কি বলছেন? রায়গঞ্জে পুলিশের কাছ থেকে রাইফেল ছিনিয়ে নিয়ে তার বিকল্প পথের মহড়া হয়েছে কি? নিশ্চয়ই নয়। যুক্তফ্রণ্টের বিকল্প আমাদের পক্ষে, আমরা যারা গণতান্ত্রিক বিপ্লব সম্পন্ন করার কথা ভাবছি, সমাজতন্ত্রের লক্ষ্যে এগিয়ে নিয়ে যাবার কথা ভাবছি, আমাদের কাছে যুক্তফ্রণ্টের বিকল্প আর কিছু নেই। যুক্তফ্রণ্ট করতে হবে, একে রাখতে হবে এবং তাকে আরো বেশী দৃঢ় করতে হবে। এই কথা বলার পরে আমি আর একটা বিষয়ে যুক্তফ্রণ্টের সম্পর্কে পাবলিক ইমপোর্ট আছে, এখন বলতে চাই যে, যুক্তফ্রণ্টের সম্পর্কে বিরোধী পক্ষ থেকে অনেক সন্দেহ, অনেক সংশয় সৃষ্টি করা হয়েছে। আমি বিরোধী পক্ষের যুক্তি নিতে চাইনা কিন্তু জনগণের মধ্যে অনেক সংশয় এসেছে, অনেক দায়ীত্বশীল মহল থেকে অনেক অভিযোগ এসেছে, তার ভিতরে মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী, তাদের পাবলিক ডায়লগ—সে সম্পর্কে তাদের বক্তব্য তাঁরা বলবেন। কিন্তু যে বক্তব্য আমি উপস্থিত করতে চাচ্ছি, সেটা হচ্ছে যে, যুক্তফ্রণ্টের কোন কোন মন্ত্রক যুক্তফ্রণ্টের শরিকী সংঘর্ষের দায়ীত্ব তাদের আভ্যন্তরীণ ব্যাপার হিসাবে নেবেন। কিন্তু কোন কোন মন্ত্রক সম্পর্কে এমন কথা উঠেছে যে, জনস্বার্থে ব্যবহার না হয়ে শুধু যুক্তফ্রণ্টের স্বার্থে ব্যবহার না হয়ে কোন একটা দলের স্বার্থে কোন কোন মন্ত্রক ব্যবহার করা হচ্ছে। তেমনি একটা মন্ত্রকের কথায়

বলছি, যেটা পুলিশ মন্ত্রক। সে সম্পর্কে এই রকম সন্দেহের কথা উঠেছে যে, বহু ক্ষেত্রে দায়ীত্বশীল মহল থেকেও বলা হয়েছে, যেমন—কয়লা খনি অঞ্চলে পাট মোহনা, কাজোরা, নিয়াসোল ইত্যাদি, যেমন কোকোকোলায় সেখানে ষ্ট্রাইক হয়েছে এবং সম্প্রতি সেখানে গোলমাল হয়েছে এবং এটা ছাড়াও ট্যাংরাতে এবং অন্যান্য জায়গায় গোলমাল হয়েছে সেখানে পুলিশ ব্যবহার ঠিক মত হচ্ছে না। আমি ব্যক্তিগতভাবে মনে করি যে যুক্তফ্রণ্টের কোন শরীক দল বা যুক্তফ্রণ্টের কোন মন্ত্রক সম্পর্কে যদি কোন অভিযোগ উঠে তাহলে সেই অভিযোগ সত্য প্রমাণ না হওয়া পর্য্যন্ত তাদের নিশ্চয়ই বেনিফিট অব ডাউট দেবো। আমি মনে করি সন্দেহ আবহাওয়া পরিষ্কার করার জন্য যুক্তফ্রণ্টের কোন বিশেষ মন্ত্রককে অভিযোগ থেকে মুক্ত করতে হলে, একজোনারেট করতে হলে, সে সম্পর্কে এনকোয়ারী হওয়া দরকার। এ্যাসেম্বলী থেকে কমিশান এ্যাপোয়েণ্ট করে এনকোয়ারী হওয়া দরকার। আমি মনে করি একজোনারেট করার জন্য এবং দোষী হলে তার সংশোধন হওয়া দরকার। যদিও আমি পুলিশ মন্ত্রকের নাম করেছি কিন্তু যে কোন মন্ত্রক সম্পর্কে কথা উঠতে পারে। সে সম্পর্কে যুক্তফ্রণ্ট সরকারের কোন ভয় থাকা উচিত নয় এবং কেউ যেন না ভাবে যে আমরা ভয় পাই। আমাদের সম্পর্কে পাবলিক এনকোয়ারী হলেও আমরা ভয় পাই না। আমরা ভুল করতে পারি এবং ভুল সংশোধনও করতে পারি এই সৎসাহস নিয়ে যুক্তফ্রণ্টকে এগিয়ে নিয়ে যেতে হবে এবং যুক্তফ্রণ্টের ভিত্তি আরো দৃঢ় হবে। তবে আমি একথাও বলতে চাই যে বাংলাদেশে যুক্তফ্রণ্টের যে এক্সপেরিমেণ্ট, তার যে কৃতিত্ব সেই কৃতিত্ব নিয়ে আমরা সর্বভারতীয় ক্ষেত্রে যুক্তফ্রণ্ট গঠনের কাজে আমরা এগিয়ে যেতে পারবো। এ কথা বলে আমি আবার গভর্নরের ভাষণের ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 1-20—1-30 ]

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury :** Mr. Speaker Sir, I am opposing the present Motion. Sir, Governor's speech is a deceptive document. This is a politically motivated, mischievous and wrong document. This is a misguiding document. This is a document which has given political assasination of events withont any basis. This is a document which in meant for catching the imagination of people. This is a cheap vote-catching document. Mr. Speaker, Sir, the present Government, instead of trying to achieve technological revolution without which radical transformation of society is impossible venture to embark on a revolution of lawlessness. Sir, the word "revolution" would suggest something like turning a wheel. If you turn the wheel and momentum takes over you never know where it will stop. Besides, revolutions develop a dynamics of the road. Sir, the wheel of revolution of lawlessness is in full swing. The result is we are all suffering from the phobia of insecurity. To-day such an environment is created that everybody is holding his breathe for fear of insecurity—insecurity everywhere. Mr. Speaker, Sir, the feeling of violence, torture and oppression is the order of the day. The democratic set-up is in melting pot. I am told, the CPIM Ministers are proud of these affairs. Sir, in my district, in Kaliachak area complete lawlessness is prevailing. A few sections of anti-social elements of CPIM are making various tortures on the innocent people. They have adopted various nefarious tactics to smash the morale of the people so that people can surrender to them. (Voice : Example please.) I can offer direct challenge to anybody in this House to visit Kaliachak and then make this comment.

Mr. Speaker, Sir, a few civil men wearing red scarf are making the life of innocent people of Kaliachak miserable. Sir, our present Home Minister does not believe that his red scarf volunteers can do any wrong like the British sovereign. So law of the realm cannot touch them. When our Home Minister moves inside the town and inside the country, hundreds of policemen go with him. So naturally he cannot share our anxieties for lawlessness. Justice is the end of every Government. Justice is the end of every civilised society. This has to be pursued until it is obtained. The present United Front Government has thrown over board the feeling of anybody getting his redress and ventilating his grievances unless they join the camp. Like fascism, communism kills, tortures terrorise men in defiance of their own rule. This is the distasteful history of misrule of the United Front Government in West Bengal. Mr. Speaker, Sir, CPI(M) ruling class thinks that the people of West Bengal will surrender to them. They think they will surrender to their motivated propaganda. They think they will surrender to their violence. They think they will surrender to there tactics. They think they will stick to their strategy. But, Sir, in the chequered history of West Bengal, the people of West Bengal did not surrender to anybody. They did not surrender to the mighty Britishers. They did not surrender to Congress. They will never surrender to the red scarf volunteers of CPI(M). Sir, in agricultural sector the present Government has destroyed the peasants' economy, an economy which has reached a take-off stage from traditional stagnated period. The present United Front Government is imposing stagnated traditional way of life to the vast multitude of people which offers less scope or no scope at all for technical advances, division of labour and encouraging pre-dominantly sub-standard economy which prevents generation of capital which is essential for the accumulation of capital inside the country. Sir, to-day possession is not the vital issue of humanity. The vital issue is development in relation to the growth of economy and population. There cannot be development in the present circumstances in the stagnated economy. Distribution of land is a necessity but this could have been done in a much saner and better way, in a democratic way. The present United Front Government is not pursuing the interest of the peasants but they are pursuing the interest of red scarf volunteers. They are suppressing the basic facts. They are camouflaging the issues. They are misguiding the nation.

[1-30—1-40 p.m.]

Mr. Speaker Sir, in the industrial sector also we notice the same camouflaging affairs. Industrial development of the under-developed lands has become one of the world's crusades of our time. It is an effort in which under-developed lands place major hopes for finding a solution to the problems like poverty, insecurity and overpopulation. Our present society is facing tremendous intensity of economic crisis. The present Government instead of overcoming the crisis have intensified the crisis. They have created deadlock in every sector. It is because they have failed to rule the country effectively. They have failed to maintain their cohesive functioning of the Government. They have failed to put aside the ambition of the different constituents of the United Front Government. In these circumstances it is madness to think of industrial recovery, Sir, the present Government is spreading a few myths about the Central Government's relations with the present Government. Every where the Central Government and the State Governments have never

seen things eye to eye. As things developed in India financial relations have become more complicated than what is in the United States, in Canada and in Australia. To-day repeated demands for flow of funds is an axiomatic truth and one has to overlook the composition of the ruling class. Sir, the formidable problem of co-ordination has to be tackled. The country's capacity to work in federal structure will be tested and I find no reason why we will not be able to stand the test. Our main task to-day is to re-vitalise our economy. The needs of the under-developed countries always make heavy demands on their governments. It is a fact but it is silly to shift the entire responsibility on the Central Government. Sir, we will try to uphold our democratic instimesasi, we will try to uphold the rule of law and we will try to uphold the democratic sense of value. The present Chief Minister is the main architect of the unholy alliance of the present United Front Government. We are not interested in the so-called cold war between the Chief Minister and the Deputy Chief Minister concerning their powers. But we can tell you from our experience that the Chief Minister has failed to rule the country effectively. He has failed to give us a clean government. This Government is full of corruption, nepotism and favouritism. Sir, we are not interested in the quarrels but certainly we will say that either you rule the country effectively or you quit.

Thanking you, Sir.

**শ্রীব্রজেন্দ্রনাথ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২১/১/৭০ তারিখে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সরকার পক্ষের সদস্য হিসাবে আমি তাকে সমর্থন জানাচ্ছি। এই ভাষণ সম্পর্কে বিরোধী পক্ষের বেঞ্চ থেকে যতগুলি বিতর্ক উত্থাপন করা হয়েছে, আমরা দেখেছি যে তার মধ্যে গঠন মূলক কিছু নেই। তাদের বক্তৃতার মধ্যে সব সময়েই একটা নেতিবাচক উক্তি স্পষ্ট করে সব সময়ই পাওয়া যায় সেটা হচ্ছে, এখানে কিছু হচ্ছে না, কিছু হবেনা এবং কিছু হয়নি। এই কথা বলার কোন অর্থই হয়না, কারণ তাদের যদি সামর্থ থাকতো এবং ক্ষমতা থাকতো তাহলে বিগত নির্বাচনে তাদের শোচনীয়ভাবে পরাজিত হতে হতো না এবং যেমন ভাবে হেরেছেন, তেমনি আবার নির্বাচনের পরে সারা পশ্চিমবাংলায় তাদের সমর্থক একেবারে নির্মূল হয়ে গেছে। এই যখন চিত্র, তখন তারা যে কথাই বলুন না কেন বাংলাদেশের জনসাধারণ তা বর্জন করবে। তাদের দিয়ে যে আর কিছু হওয়া সম্ভব নয়, এই কথা আজ স্পষ্ট হয়ে গেছে। কাজেই তাদের এই নেতিবাচক উক্তি, তাদের এই অকারণ সমালোচনা, এর কোন অর্থ হয় না। বর্ত্তমানে পশ্চিমবাংলা তথা ভারতবর্ষে যে রাজনৈতিক পরিবর্ত্তন চলছে, তাতে আমি মনে করি যে যুক্তফ্রণ্ট ছাড়া আর কোন গতি নেই। কারণ একক দলের পক্ষে রাজত্ব করার ক্ষমতা আপাততঃ দেখতে পাচ্ছি না। আগামী ১০ বছরের মধ্যে এই ছাড়া কোন গতি আছে বলে আমি মনে করি না। এই যদি অবস্থা হয় তাহলে কংগ্রেসীদের এখানে যুক্তফ্রণ্টকে অকারণ সমালোচনা না করে বাংলাদেশের সাধারণ মানুষের মঙ্গলের জন্য, জনগণের উপকারের জন্য আরও বেশী সক্রিয় হওয়া উচিত ছিল। কিন্তু আমি জানি সারা পশ্চিমবাংলায় কোথাও, কি গ্রামাঞ্চলে, কি শহরাঞ্চলে কংগ্রেসী বলে কিছু আছে বলে আমার জানা নেই। জনদরদী, গরীবের প্রতিনিধি, সাধারণ মানুষের প্রতিনিধি, এই সবকথা বিধান সভায় বসে বললেই কাজ হবে না, গ্রামে গিয়ে, শহরে গিয়ে, কলকারখানায় গিয়ে যদি তারা এই কথা বলতে পারতেন তাহলে বুঝতাম। সুতরাং অকারণ বিরূপ সমালোচনা করে কোন লাভ নেই, তাদের এই সব করার কানাকড়ি মূল্য আছে বলে মনে করি না। কারণ এই পরিবর্ত্তিত রাজনৈতিক অবস্থার মধ্যে দিয়ে জনসাধারণ যা প্রত্যাশা করছে, রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণেই তিনি তা বলেছেন। তিনি বলেছেন যে পশ্চিমবাংলায় যুক্তফ্রণ্ট যে ভাবে কাজ করছে এটা অভিনব এবং বহু দল মিলে এই শাসন ব্যবস্থা

পরিচালনা করা খুবই কষ্টকর। এই অভিনব অবস্থা যদি টি"কিয়ে রাখতে পারা যায় এবং রাখা উচিত, যদি তা না পারি, তাহলে বাংলাদেশের জনসাধারণ দারুন ক্ষতিগ্রস্ত হবে।

[ 1-40—1-50 p. m. ]

আমি বিশেষ করে একটা কথা উল্লেখ করব যে রাজ্যপালের ভাষণে একটা বিষয়ের প্রতি ইঙ্গিত নেই সেটা হচ্ছে বর্তমানে পশ্চিমবাংলায় যে আইন শৃঙ্খলা সে কোন কোন অঞ্চলে এই আইন শৃঙ্খলা গুরুতর আকার ধারণ করেছে এবং সংঘর্ষ হয়েছে। এবং তার জন্য অনেক বিশৃঙ্খলতা হয়েছে, এর কোন আভাষ তিনি দেন নি। আমি নিজের এলাকার কথা বলব—গত ২৫-১১-৬৯ তারিখে আমার এলাকায় থানা কমিটির মিটিং হয়ে গেল, কিন্তু ২৬-১১-৬৯ তারিখে ঐ থানা থেকে মাত্র ৭ মিনিটের রাস্তা, বামুনপুকুর এলাকায় এক গ্রামে এক গরীব চাষী যার বিশেষ কিছুই জায়গা জমি নেই, সেই জিতেন দাসের ঘরবাড়ী পুড়িয়ে দেওয়া হল এবং দিল ঐ মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির লোকেরা এবং আরো ৫।৭টা বাড়ী এইভাবে তারা পুড়িয়ে দিল। আমি যেখানের কথা বলছি সেটা ঐ থানা থেকে মাত্র ৭ মিনিটের রাস্তা এবং এই অঘটন ঘটেছিল বেলা দশটা থেকে বেলা চারটে পর্য্যন্ত। কিন্তু কোন একসন নেওয়া হয় নি। তারপর বসিরহাট থেকে যা এক ঘণ্টার রাস্তা এস. ডি. ও এবং এস. ডি. পি.কে ইনফর্মেসন করাতে তারা এক বিরাট পুলিশ বাহিনী নিয়ে এলেন সন্ধ্যা ছটায় এবং নিয়ে এসে তারা কাটা ঘায়ে প্রলেপ দিয়ে গেলেন। আমি এখানে বলতে বাধ্য হচ্ছি যে পুলিশের অপদার্থতার জন্য এটা হয়েছে, কারণ তারা ৫।৭ মিনিটের মত যে রাস্তা তাদের কাছে এইরূপ অঘটন কি করে হতে পারে। আর একটা ঘটনার কথা আমি বলছি—উচিন্দা গ্রামে পুলিশের নিষ্ক্রিয়তার জন্য এই ধরণের ঘটনা ঘটেছে এবং এর জন্য জনসাধারণ অত্যন্ত বিক্ষিপ্ত হয়েছে। আজকে যদি আমরা শান্তি ফিরিয়ে না আনতে পারি, যদি না এই সমস্ত হামলা বন্ধ করতে পারি তাহলে আমরা কিছুতেই উন্নতি করতে পারব না। আমি এই কথা বলেই রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকাশীকান্ত মৈত্র**ঃ মাননীয় স্পীকার স্যার, রাজ্যপাল এই বিধানসভায় এসে তাঁর ভাষণ পাঠ করে সাংবিধানিক দায়িত্ব এবং কর্তব্য পালন করেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আমি অকপটভাবে বলছি যে বিধানসভায় অতীতে আর কোন রাজ্যপাল দেশের সত্যকারের সামাজিক সাংস্কৃতিক জীবন সম্বন্ধে এত তথ্য গোপন করেন নি এবং এত অল্প কথায় কোন চিত্র উত্থাপন করেননি। এরজন্য বিস্ময় রয়েছে, ক্ষোভ রয়েছে কিন্তু আমি বলতে চাই যে, রাজ্যপালের ভাষণ— যে ভাষণ রেখেছেন সেটা তো তাঁর ভাষণ নয়, সেটা যুক্তফ্রন্ট মন্ত্রিসভার বক্তব্য। রাজ্যপাল তিনি কেবল একজন বাহন এবং যুক্তফ্রন্টের বক্তব্য দেশের কাছে বিধান সভার মাধ্যমে রেখেছেন। সেইখানেই বেশী আশ্চর্য্য, দুঃখ এবং ক্ষোভ যে যুক্তফ্রন্ট গত ১১ মাসে যেভাবে কাজ করে চলেছে তার সত্যকারের প্রকৃত প্রতিফলন কেন রাজ্যপালের ভাষণে থাকবে না? আজকে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা এবং যুক্তফ্রন্টের নেতারা জনসাধারণের বিবেচনায় তাদের চোখে অনেক উচ্চ স্থান দখল করতে পারতেন এবং অকপটে দেশের কথা ভাষণের মাধ্যমে স্বীকার করতে পারতেন কিন্তু তা করেননি। ব্যর্থ অতীতেও অনেকে হয়েছে এবং শপথ নিন অতীতের ব্যর্থতাকে কাটিয়ে কলুষ থেকে মুক্ত হয়ে নিজেদের মুক্ত করা যায় এবং যুক্তফ্রন্টের আশা আকাঙ্ক্ষা যাতে রূপায়িত করা যায়, বাঙলা দেশের চোখের সামনে এবং ভারতবর্ষের সামনে দেখিয়ে দেব আমরা এই Non-Congress Coalition Government ভারতবর্ষ মুক্তির বাহন এবং হাতিয়ার। কিন্তু আমরা তা পারিনি আমরা ব্যর্থ হয়েছি। যে ভাষণ রাখা হয়েছে তা ভণ্ডামীতে, অসাধুতায় পূর্ণ। আজকে বাংলাদেশের সামনে যে চিত্র, আজকে প্রত্যেক যুক্তফ্রন্ট মন্ত্রী এবং শরিক দলের কাছে আবেদন করছি বিবেচনা করবার জন্য। এটা মার্কসিষ্ট কমিউনিষ্ট পারটি যেন মনে না করেন এ আক্রমণ তাদেরই বিরুদ্ধে, আজকে আমি প্রত্যেক রাজনৈতিক দলের নেতাদের এই অনুরোধ করব তাঁরা এই বিষয়টা চিন্তা

করুন। যুক্তফ্রণ্ট মন্ত্রীসভা গঠন হলেই সব শেষ হয়ে গেলনা, আজ আপনারা হিসাব করে দেখুন, মাননীয় সদস্যদের বলছি, আপনারা বিবেচনা করে দেখুন প্রত্যেক জেলাতে, অঞ্চলে, গ্রামে প্রত্যেক মানুষের ধারণা হয়েছে যে মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টি যে সমস্ত দপ্তর handle করছেন সেই সমস্ত দপ্তরে নিজেদের অফিসারদের বসাচ্ছেন অর্থাৎ *ip so facto* members of the C. P. M. যেখানে পি. এস. পি. মন্ত্রী সেই দপ্তরের কর্মচারীরা সব পি. এস. পি., যেখানে দক্ষিণ পন্থী কমিউনিষ্ট মন্ত্রী সেই দপ্তরে সমস্ত কর্মচারী হচ্ছে দক্ষিণপন্থী কমিউনিষ্ট। এই যে চিন্তাধারা হয়ে আসছে এতে দেশে কোন শাসন চলতে পারেনা। আজকে নন-পার্টিজান এ্যাডমিনিষ্ট্রেসান রাখাটাই ছিল আমাদের সবচেয়ে বড় স্বপ্ন এবং সবচেয়ে বড় লক্ষ্য, সেই ঔদার্যোর পরীক্ষায় আমরা ব্যর্থ হয়েছি, এইকথা বলতে আমার কোন দ্বিধা নেই। দ্বিতীয়তঃ, দেশের অর্থ নৈতিক চিত্র কি, আমরা আস্তে আস্তে ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছি। Smokeless burning of decay. আগুন দেখছিনা, ধোঁয়া দেখতে পাচ্ছিনা, কিন্তু বলছি This is nothing but smokeless burning of decay.

এর মধ্য দিয়ে আমরা চলেছি। আমি সেদিন মাননীয় শ্রম মন্ত্রী এবং মাননীয় শিল্প মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চেয়েছিলাম যে বাংলাদেশে এই যে বেকারীর ভয়াবহ অবস্থা সে সম্বন্ধে আপনারা কি করছেন। আমি জানি এটা শুধু শিল্প মন্ত্রী বা শ্রম মন্ত্রীর কারোর একার দায়িত্ব নয়, সমস্ত যুক্তফ্রণ্ট মন্ত্রীসভার দায়িত্ব, কিন্তু আমি বলছি গত কয়েক মাস দেশে যেভাবে অরাজকতা এসেছে, যেভাবে ট্রেড ইউনিয়ান আন্দোলনকে সাময়িক স্বার্থসিদ্ধির জন্য উস্কানি দিয়ে তাদের আমরা চাংগা করে তুলেছি, যেভাবে তাদের আমরা দুর্বিনীত, ইরেস্পনসিবল করে তুলেছি তাতে একদিন দেখবেন এরাই তাঁদের উপর বোমারাং হয়ে আসবে। এই শিক্ষা মহান বিপ্লবী নেতা লেনিনের হয়েছিল। যাঁরা ওয়ার্ল্ড কমিউনিজম পড়েছেন তাঁরা জানেন যে রাশিয়াতে কি ভয়াবহ দৃশ্য হয়েছিল, কিভাবে মানুষ মরেছে, ফেমিন হয়ে গেছে, যারজন্য লেনিনকেও সাম্রাজ্যবাদী দেশের কাছ থেকে ভিক্ষা চাইতে হয়েছিল দেশকে বাঁচাবার জন্য, লেনিনকে তাঁর পথ থেকে সরে আসতে হয়েছিল এবং নয়া অর্থ-নৈতিক পলিসি তাঁকে ইনট্রোডিউস করতে হয়েছিল, প্রাইভেট সেক্টরকে আবার ডাকতে হয়েছিল, Ultimately he repudiated himself. তিনি নিজেকে নিজে নস্যাৎ করেছিলেন দেশকে বাঁচাবার জন্য, বিপ্লবকে বাঁচাবার জন্য। আমি তাই আজকে বলি ২৫ লক্ষ বেকার তরুণ যুবক যারা দুঃসহ বেকারীর জ্বালা নিয়ে পথে পথে ঘুরে বেড়াচ্ছে, কোন দিকে তারা কোন জায়গায় তারা বিচার পাচ্ছে না। আপনাদের সরকারের পক্ষ থেকে আপনারা সেদিন বলেছেন যে ২০ পার্সেণ্ট ভেকেন্সী ফিল আপ করবেন, আবার এদিকে বলছেন অটোমেসনের বিরোধিতা করব। অটোমেসন কি অপরাধ করল? আজকে কোন জায়গায় নূতন রিক্রুটমেণ্ট হচ্ছে না। প্রাইভেট সেক্টরে যেসব কলকারখানা ছিল, আমি তথ্য দেব, শ্রদ্ধেয় শ্রমমন্ত্রী, শিল্পমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসে সেই প্রশ্নের জবাব দেবেন—আজকে বাংলাদেশে যেসমস্ত কলকারখানা ছিল সেখানে ৭০/৮০ ভাগ বাঙ্গালী ছেলে চাকরী করে খেত সেই সব কলকারখানা আজ বাংলাদেশ থেকে উঠে যাচ্ছে। আজকে জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসে ৫/৬ হাজার কর্মচারীর উপর লে-অফের নোটিশ আসছে, তার মানে ৩০ হাজার মা ভাই বোন চোখের জল ফেলবেন, না খেয়ে মরবেন। শুধু তাই নয়, আমি এক এক করে আপনাকে বলছি ট্যাডমেড কোম্পানী কাদের কোম্পানী, না বাঙ্গালী কোম্পানী, এখানে ৮০/৯০ ভাগ বাঙ্গালী ছেলে কাজ করে সেটাও এখান থেকে উঠে যাচ্ছে। ক্যালকাটা কেমিক্যালের এখানে হেড অফিস রয়েছে, সেটাও এখান থেকে সাউথে চলে যাচ্ছে। বেঙ্গল ল্যাম্প বাংলাদেশের বাইরে চলে যাচ্ছে সাউথে, বেঙ্গল ইমিউনিটি বাংলাদেশের কারখানা, যেখানে প্রচুর বাঙ্গালী ছেলে কাজ করে, সেটাও চলে গেল উত্তর প্রদেশে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে গেষ্ট-টেটনার ডুপ্লিকেটিং কোং লিমিটেড সেখানে ৭০ ভাগ বাঙ্গালী ছেলে চাকরি করেন, সেই গেষ্টেটনার

কোম্পানীর হেড অফিস বাংলার বাইরে ফরিদাবাদে চলে যাচ্ছে। তারপর ইউনিয়ন কারবাইড একটা বিরাট কোম্পানী, তাদের এক্সপানসন ওয়ার্ক এখানে বন্ধ হয়ে গেল। রেমিংটনে যেখানে শতকরা ৭০/৮০ ভাগ বাঙ্গালী ছেলে চাকরি করছেন—সেখানে ট্রেডইউনিয়ন নেতাদের দায়িত্বহীনতার জন্য এবং শ্রম দপ্তর ও যুক্তফ্রন্ট নেতাদের সে সাহস নেই, সে সততা নেই, সে কথা বলার যেমন লেনিন বলেছিলেন, সেই বলার অভাবে, রেমিংটন এখন শুনছি নৈনিতে চলে যাচ্ছে। শুধু তাই নয়, গ্রাফাইট কোম্পানী লিমিটেড, আমার বন্ধু দিলীপ বাবু এখানে আছেন, তিনি আমার চেয়ে ভাল জানেন, দুর্গাপুরে গ্রাফাইট কোম্পানীর অফিস আছে, এই গ্রাফাইট কোম্পানী এখানকারই বাঙ্গুরদের কোম্পানী, এই গ্রাফাইট কোম্পানীর অফিস আমি শুনছিলাম এরা মনোপলি লাইসেন্স পেয়েছে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছ থেকে, কিন্তু প্রোডাকশন ফল্ করার ফলে এবং অরাজকতার ফলে এমন একটা অবস্থা হয়েছে যে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট চাপ দিয়েছেন তোমাদের লাইসেন্স না দিয়ে অন্য কোম্পানীকে দেব। আজকে শুনলে অবাক হয়ে যাবেন ব্যাঙ্গালোরে এই গ্রাফাইট কোম্পানীর হেড অফিস চলে যাচ্ছে। বাংলার দুর্গাপুর এবং আসানসোল অঞ্চল থেকে কাঁচামাল বাংলাদেশের বাইরে ব্যাঙ্গালোরে নিয়ে যাবে এই হচ্ছে অবস্থা। শুধু তাই নয়, এলুমিনিয়াম মহারাষ্ট্রে চলে যাচ্ছে। এইভাবে দেখা যাচ্ছে এ্যালকালি লিমিটেড যাদের ৮ কোটি টাকার প্রজেক্ট বাংলাদেশের ভারতবর্ষের কাছে ছিল সেই প্রজেক্টের হাজার হাজার তরুণ বাঙ্গালী বেকার যুবক চাকরী পেত সেই কারখানা বাংলাদেশে না করে বাংলাদেশের বাইরে চলে যাচ্ছে। আমি বলছি তা সত্বেও আপনারা স্বীকার করবেন না, বলবেন Industrial investment climate is quite congenial.

[1-50—2-00 p.m.]

আপনি চিন্তা করে দেখুন। Look at diatomic, look at the double standard of reality. আমি দেখেছি উত্তরপ্রদেশে। আমি দেখেছি নাম্বুদ্রিপাদ সাহেব যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি বলেছিলেন আইন-শৃঙ্খলা মেনটেন করতে হবে। তিনি ঘেরাওকে প্রশ্রয় দেন নি, উৎসাহ দেন নি এবং তিনি বিড়লাকে ডেকে নিয়ে গিয়ে বলেছিলেন, আমাদের এখানে কল কারখানা করুন, কি সুযোগ-সুবিধা চাই বলুন। কারণ তিনি বুঝেছিলেন বাংলার মত কেরলার হাজার হাজার লক্ষ লক্ষ বেকার যুবকদের মুখে ভাষা দিতে হবে, তাদের বঞ্চনার বোঝা নামাতে হবে। তাই তিনি বিড়লাকে সেখানে নিয়ে গিয়ে একথা বলেছিলেন যে এখানে কল কারখানা করুন। আর আজ এখানে বাঙ্গালীদের কল্যাণ চলে যাচ্ছে। শুধু তাই নয়। চা বাগান যেটা বাংলাদেশের সম্পত্তি যেটা গভর্ণমেণ্ট প্রপারটি, লীজ হোল্ড প্রপারটি বাজোরিয়া, বিড়লা, গোয়েঙ্কারা ষ্টেট ব্যাঙ্ক থেকে, লাইফ ইন্সিওরেন্স করপোরেশন থেকে, বাংলাদেশ থেকে কোটি কোটি টাকা নিয়ে বোম্বাইতে কানোরিয়া মিল তৈয়ারী করে সেখানে লালবাতি জ্বালিয়ে দেয়। দু কোটি টাকা বাংলাদেশের বাইরে নিয়ে গিয়েছে। কত দৃষ্টান্ত চান। সময় পেলে বলতে পারি। আজকে কেরালায় যে মিনিফ্রন্ট হয়েছে অচ্যুত মেনন সেখানে বলছেন, তাঁর শ্রমমন্ত্রী সেখানে বলছেন ঘেরাও করা উচিত নয়। সেখানে তাঁরা ঘেরাওয়ের বিরুদ্ধে বলছেন। অচ্যুত মেনন বলছেন দেশে যদি ল এ্যাণ্ড অর্ডার না থাকে তাহলে সেখানে ইনডাষ্ট্রিয়াল ক্লাইমেট হবে না, দেশে কোন প্রগতি হতে পারে না। অচ্যুত মেননের পক্ষে যদি একথা সত্যি হয় তবে কেন বাংলাদেশের পক্ষে হবে না। কিসের ভয়ে, কাদের ভয়ে একথা আমরা বলতে পারছি না। এই হাউসে শুনলাম শ্রমিকে শ্রমিকে সংঘর্ষ, শরিকী লড়াই এটা শ্রেণী সংগ্রাম। আমি মার্কসবাদী, লেনিনবাদী নই। কিন্তু আমি বলছি like a student I read all the Marxist literature. আমি লেনিনের লেখা ছাত্রের মত পড়ি, সেই মহান বিপ্লবীর রচনা আমি পড়ি। আমি আজকে সমস্ত পক্ষকে বলছি এ পক্ষ ও পক্ষ—সবাইকে জিজ্ঞাসা করছি এটা যদি ক্লাস ষ্ট্রাগল বলেন তাহলে গভর্ণরের এ্যাড্রেসের মধ্যে নেই কেন? There ought to have been open jurisdiction for internecine strifes. তা হয় নি কেন? তাহলে

কেন যুক্তফ্রন্ট এই শ্রেণী সংঘর্ষ থামাবার জন্য আজকে দফায় দফায় বৈঠক করছে। তাহলে এটা শরিকী সংঘর্ষ, অবশ্যই ক্লাস ষ্ট্রাগলস নয়। আজকে এস, এস, পি অভিযোগ করছে সি, পি, এম-এর বিরুদ্ধে এই বলে যে জোতদারের দল। বাংলা কংগ্রেসের বিরুদ্ধে সি, পি, এম, অভিযোগ করছে যে জোতদারের পার্টি। আর, এস, পি অভিযোগ করছে সি, পি, এমের বিরুদ্ধে, ২৪-পরগণার ঘটনা নিয়ে সি, পি, এম অভিযোগ করছে ফরওয়ার্ড ব্লকের বিরুদ্ধে। তাহলে আমি জিজ্ঞাসা করি প্রত্যেকটি রাজনৈতিক দল শরিক দল এ ওর বিরুদ্ধে জোতদারের দালাল বলেন এবং এরা হচ্ছে শ্রেণী শত্রু তখন আবার কি করে বলছেন we want to preserve this United Frout just like the apple of the eye. চোখের মনির মতো একে বাঁচাতে হবে একথা কি করে বলেন? এবং এই যে বলছেন যুক্তফ্রন্ট জনসাধারণের আশা আকাঙ্ক্ষার প্রতীক এবং প্রতিফলনের হাতিয়ার, সেটা এ্যাবসার্ড, সেটা contradiction in terms, terminology and full of inexactitudes। আপনারা বলুন এটা শরিকী সংঘর্ষ, এর মধ্যে কোন রকম ক্লাস ষ্ট্রাগলস নেই, এটা এ্যাবসলিউটলি পার্টি ষ্ট্রাগল চলছে, এটা নিজেদের দম্ভ, শক্তি বাড়াবার এক অন্তায়, অসঙ্গত চেষ্টা চলেছে, এটা কোন ক্লাস ষ্ট্রাগলস নয়। আমার কাছে এখানে ৩১ তারিখের আনন্দবাজার পত্রিকা আছে। আমি দেখছিলাম ৩০ তারিখে যুক্তফ্রন্টের যে বৈঠক হয়েছে সেখানে আমাদের মাননীয় উপ-মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বিভিন্ন পক্ষের জেরার উত্তরে বলেন, যুক্তফ্রন্টের কোন দলকেই আমরা জোতদারের দালাল মনে করি না। যদি তা হত তাহলে নিশ্চয় তাদের সঙ্গে এক সঙ্গে ফ্রন্ট করতাম না। যদি উপ-মুখ্যমন্ত্রী বলেন যুক্তফ্রন্টের কোন দলই জোতদারের দালাল নয়, তা হলে এই যে কথা দিনের পর দিন বলা হচ্ছে জোতদারের দালাল বাংলা কংগ্রেস, সি, পি, আই, এস, এস, পি—এ প্রশ্ন তো আসে না। একে আর অপরকে নস্যাৎ করে দেওয়ার চেষ্টা কেন তাহলে? তাহলে কোনটা সত্য আমি জানতে চাই। আপনি যদি বলেন এটা ক্লাস ষ্ট্রাগলস, আমি বলবো এটা আদৌ সত্য নয়। আপনারা জানেন একে ক্লাস ষ্ট্রাগলস বলে না। রবষ্টনের থিসিস যেটা তিনি সোভিয়েট রাশিয়া থেকে পাঠিয়েছিলেন, তাতে তিনি বলেছিলেন comfortable parliamentary majority, overwhelming majority থাকবে, যে দেশে তার পেছনে থাকবে পাবলিক স্থাংশন সেখানে মাস মুভমেন্ট করে সেখানে পারলিয়ামেণ্টারী গণতন্ত্রের মাধ্যমে আমরা গোটা দেশের মৌলিক পরিবর্তন—অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক পরিবর্তন করতে পারব। তখন তাকে আমরা হাতিয়ার করব একথা তিনি বলেছিলেন। তাঁর থিসিসের নাম ছিল, Non-capitalist development of under-developed countries in the world. সেটা কি নস্যাৎ হয়ে গিয়েছে? আজকে ২৮৪ জনের মধ্যে কংগ্রেস মাত্র ৫৫ জন। বাকী সমস্ত যুক্তফ্রন্টের সমর্থক। বাইরে অগণিত জনতার অকুণ্ঠ সমর্থন। পুলিশ রাজ্য সরকারের হাতে। কেন্দ্রীয় পুলিশ আমাদের হাতে নয়। তাহলে জিজ্ঞাসা করছি কিসের ক্লাস ষ্ট্রাগলস? আইন তৈয়ারী করেই তো করতে পারেন। কিন্তু এই সব বলে লোককে ধোকা দিচ্ছেন কেন? আমাকে ক্ষমা করবেন, আমি জিজ্ঞাসা করি যুক্তফ্রন্ট মন্ত্রীসভার মন্ত্রীরা কি বলতে পারেন প্লেন ড্রেসের পুলিশ তাদের পাহারা দেন কিনা? ডাইনে পুলিশ, বাঁয়ে পুলিশ, উপরে পুলিশ, নীচের তলায় পুলিশ এই নিয়ে জনগণতন্ত্র করবেন? Don't talk of this। আমি তাই বলছি রেখে দেন কথা আপনাদের। আপনারা যদি না নেন তাহলে ঘোষণা করুন যে না, নেই। যদি মন্ত্রীদের প্রোটেকশন দাবী হতে পারে তাহলে জনগণের সেই প্রোটেকশনের অধিকার আছে। তাই আজকে বলছি এ সমস্ত কথা আপনারা ছাড়ুন, বাংলা দেশকে বাঁচাবার জন্য আপনারা এগিয়ে আসুন।

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য্য:** আমি বলছি যে কোন প্লেন ক্লোদ পুলিশ থাকেনা।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্পীকার স্যার, আমি মাননীয় জ্যোতি ভট্টাচার্য্য মহাশয়কে বলতে চাই please don't interfere. আপনার বিরুদ্ধে আমি ব্যক্তিগত অভিযোগ করিনি, আমি কারো বিরুদ্ধে ব্যক্তিগত অভিযোগ করিনা, আমি যে অভিযোগ করেছি, তা নীতিগত অভিযোগ, যুক্তফ্রন্টের

মন্ত্রী সভার বিরুদ্ধে। যদি কিছু আপনাদের বলবার থাকে তাহলে মুখ্যমন্ত্রী যখন ভাষণ দেবেন তখন বলবেন। আপনার পার্সোনাল এক্সপ্লানেশনের কোন কোশ্চেন এখানে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি প্রশ্ন আপনার মাধ্যমে জানতে চাই। যুক্তফ্রন্টের নেতাদের কাছে আমি জিজ্ঞাসা করি, আপনারা বলুন যে এই রকম একটা সংকটের মধ্যে থেকে বাঁচবার জন্য আপনাদের হাতে যেখানে পুলিশ আছে, এখানেত কেন্দ্রীয় সরকার কিছু করতে আসছে না। আমি বলছি আপনাকে যে ইন্দিরা গান্ধীর সরকার টলটলায়মান, সে কাউকে ঘাটাবেনা, চ্যবন সেও ঘাটাবে না। অথচ এই চ্যবন ১৯৬৭ সালের মন্ত্রীসভা সামান্যতম অজুহাতে ভেংগে দিয়েছিল। আপনারা যুক্তফ্রন্ট থেকে কেন চ্যবনের সংগে কথা বলতে চাচ্ছেন? আমাদের কি এইভাবে বোকা বানাতে চান? প্রকাশ্যে বলতে হবে কেন যাচ্ছেন। কিসের জন্যে? যুক্তফ্রন্টের কথা বলতে যাচ্ছেননা, পলিটিক্যাল ডিসকাশন? কি পলিটিক্যাল ডিসকাশন? যে চ্যবন আমাদের গভর্ণমেন্টকে ভেংগে দিয়েছিল, যে ইন্দিরা গান্ধী ষড়যন্ত্র করে বাংলা দেশে প্রফুল্ল ঘোষ মহাশয়কে বসিয়েছিল পি, ডি, এফ, কোয়ালিশন করে, আপনারা তাদের দিকে চেয়ে আছেন, তাদের পরিবর্তন আসবে বলে মনে করছেন। আজকে চ্যবনের কোন দায়-দায়িত্ব নেই বাংলাদেশকে ঘাটাবার, কারণ other provinces are enjoying at the cost of Bengal. বাংলা শেষ হয়ে যাচ্ছে আস্তে আস্তে। উত্তর প্রদেশ কারখানা গড়ছে, মাদ্রাজ কারখানা গড়ছে, কেরেলায় করছে, মহারাষ্ট্রে করছে, হরিয়ানায় করছে, কিন্তু বাংলা দেশে ৫০ লক্ষ বেকার যুবক যুবতী না খেয়ে ন্যায় ভুখাহ্-র দলে গিয়ে চিৎকার করছে তবু আপনারা বলেন dictatorship of the proletariat. আমি বলছি বাংলার এই ৫০ লক্ষ লোক এক বিরাট শক্তি, এরা মরে যায়নি। তাই আজকে আপনাদের কাছে বলছি যে এই সমস্ত ছেঁদো কথা ছেড়ে দিন। দেশ আজ সংকটের মুখে। মাননীয় শ্রদ্ধেয় মন্ত্রী হরেকৃষ্ণ বাবু, আমি তাঁকে অত্যন্ত শ্রদ্ধা করি। তাঁর চিন্তা ধারা, ব্যক্তিগত মত পার্থক্য থাকা সত্বেও তবু একটা কথা বলা প্রয়োজন। এই বিধান সভার বিভিন্ন সভ্য আদালতের কথা উঠলেই তাঁরা বলেন যে আদালতে আইনের ব্যাভিচার হচ্ছে। আমি জিজ্ঞাসা করতে চাই, স্যার, এইমাত্র প্রবীন নেতা ও বন্ধু পাঁচুগোপাল ভাদুড়ী বললেন যে আমি এই বিধান সভার কাছে দুটি প্রস্তাব রাখছি দুটি আইনের খসড়া তৈরী করে। অরুণ সেন মহাশয়, আমাদের মাননীয় বন্ধু তিনি একটি বিল দিয়েছেন, নন অফিসিয়াল বিল, মাননীয় আইন মন্ত্রী আইন আনছেন, বিল আনছেন, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা বিল আনছেন। প্রত্যেকটা সেসনে ডজন ডজন আইন তৈরী হচ্ছে they are breeding like pigs, laws are being bred like pigs. তাহলে আমি জিজ্ঞাসা করছি আপনাদের বিবেকের কাছে, প্রত্যেকের কাছে যে, এই আইন তৈরী হচ্ছে এই আইন নিয়ে ত ডিসপিউট উঠবেই। আপনার হাতেই সব ক্ষমতা থাক, some disputes will be there either between the individual and the State, or between the individual and the Corporation or between the individual and the groups. Who is to solve these disputes? Who is to act as arbitrator? Who is to act as Justice? Some impartial arbitration should be there whether call it Judicial Court or call it People's Court. I do not mind but there must be some institution which would act impartially to administer justice between man and man, between citizen and citizen and between citizen and the Corporation. তাই আজকে বলছি যে এইভাবে আদালতকে আপনারা দেখছেন। এখানে রবীন্দ্র সরোবরের ঘটনায় জাষ্টিস ঘোষকে নিয়ে যে কমিশন হয়েছিল তার রিপোর্ট পেয়ে আপনারা খুসী হয়েছেন। বলছেন এই ত আমরা 'এতবড় রিপোর্ট' পেয়েছি। রবীন্দ্র সরোবরের এ্যাডভান্টেজ যদি আমরা নিতে পারি, দেশকে দেখাতে পারি, আর পরক্ষণেই হাইকোর্টের রুল জারী হলেই বলবেন যে হাইকোর্টে ব্যাভিচার হচ্ছে, এ হতে পারেনা।

[ 2-00—2-10 p.m. ]

এ হতে পারে না। এই ডবল ষ্ট্যাণ্ড অব মরালিটি চলতে পারেনা। আজকে হরেকৃষ্ণবাবুকে বলছি তিনি জেনে রাখুন, আমি এখানে নাম করতে চাই না, নদীয়া জেলার কাঁকুরগাছীতে তাঁর দলের একজন লোক ৬০/৭০ বিঘা জমি মহারাজকুমারের খাসের জমি - গভর্ণমেণ্ট ভেষ্টেড ল্যাণ্ড— তার হাতে চলে গিয়েছিল। লোয়ার কোর্টে তিনি ইনজাংসান দিয়ে জমি দখল করেছিলেন। তার ফলে লোককে কি বলব আদালতে ব্যাভিচার হচ্ছে, ঐ জমি ফেরত দিতে হবে? এখানে দলের লোককে আপনি নিশ্চয় বলবেন না যে জোতদারের দালাল আর অন্য একজন লোক গেলেই বলবেন জোতদারের দালাল। এ জিনিষ চলে না। মাননীয় সভাপাল মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে আপনি এবং এখানকার সভ্যরা সুযোগ দিয়েছেন আমাকে এখানে বলবার, আমি আবার বলছি, আমরা সত্যি সত্যি দারুণ সংকটের মধ্যে দিয়ে চলেছি। আমি বলছি যে এই বাংলাদেশে, এই ভারতবর্ষে বিদ্রোহী সন্ন্যাসী স্বামী বিবেকানন্দ, যাঁর চেয়ে বড় সমাজতন্ত্রবাদী বা সাম্যবাদী এশিয়ায় জন্ম গ্রহণ করেনি, তিনি বলেছিলেন একদিন যে, সত্যের জন্য কোন কিছুকে পরিত্যাগ করা যায় না। কোন কিছুর জন্যই সত্যকে আমরা পরিত্যাগ করতে পারিনা। আমি জিজ্ঞাসা করছি সেই বাংলাদেশকে সেই বিপ্লবের পটভূমিতে আমার বাংলাদেশের বিপ্লবী বিভিন্ন দলের বন্ধু বা সদস্যদের কাছে যে, সেই বাংলাদেশে কি ভোটের জন্যই কি আমরা সব কিছু ত্যাগ করতে পারি এবং ভোটের জন্য সত্যকে কি আমরা পরিত্যাগ করবো। আজকে শুধু ভোটের জন্য একদল লোককে বা কর্মচারীদের জন্য শুধু তাদের ভোট পাবার জন্য আমরা যেন সমস্ত সত্যকে জলাঞ্জলি না দিই। আজকে দেশের কাছে সবচেয়ে বড় প্রশ্ন, যুক্তফ্রণ্ট নেতাদের কাছে, মন্ত্রীসভার কাছে এবং আমার দেশের নওজোয়ানদের কাছে যে আমরা প্রিন্সিপ্যালকে, এক্সপিরিয়েন্সকে উপরে স্থান দেব কিনা, আমরা ক্যারেকটারকে ক্যারিয়ারের উপর স্থান দেব কিন, আমরা কনভিকসানকে কনভিনিয়ান্সের উপর স্থান দেব কিনা, আমরা আমাদের আচরণকে, আমরা আমাদের কনডাক্টকে, কনসেনসের প্রাধান্য দেব কিনা? এই কয়েকটি কথা বলে আমি আপনাকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং আসন গ্রহণ করার আগে বিনয়ের সংগে বলছি যে এখনও বন্ধুদের ফেরবার পথ আছে, এখনও সময় আছে। লেট আস, আসুন আমরা এক সংগে দাঁড়িয়ে বাংলাদেশের জনগণের কাছে আশ্বাস দিয়ে বলি যে সমস্ত ভুল করেছি, আমরা ভায়োলেন্স চেয়েছি। আমরা গণতন্ত্রের পথে যাব, আমরা শান্তিপূর্ণ পথে আইন তৈরী করে চাষীর হাতে জমি দেব, আইন তৈরী করে শ্রমিককে প্রোটেকসান দেব। আর তা যদি না করি we would be just on the wrluk of precipice and one faulty step will lead us to disaster and it will surely inevitably slow down our progress.

**শ্রী এ. কে. এম. ইশাক :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর আমার বক্তব্য রাখার আগে আমি মাননীয় সদস্য কাশীকান্ত মৈত্র মহাশয়কে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় ওঁদের চরিত্র সম্পর্কে কিছু বিশ্লেষণ করে গিয়েছেন আমি আর বিশ্লেষণ করবো না। ওঁরা ক্ষমতায় প্রতিষ্ঠিত হবার পর প্রায় এক বছর পার হয়ে গিয়েছে। যেদিন ওঁরা প্রথম ক্ষমতায় প্রতিষ্ঠিত হলেন সেদিন আমরা ওঁদের ভরসা দিয়েছিলাম যে আপনারা জনপ্রিয়তা অর্জন করেছেন, এই জনপ্রিয়তা আপনারা বাংলাদেশকে গড়ার কাজে লাগান, আমরা আপনাদের সহায়তা দেব। এক বছর পার হয়ে গিয়েছে, কিছু পরিচিতি ওঁরা বাংলাদেশের মাটিতে রেখেছেন। এবারে এই হাউসে দাঁড়িয়ে গভার্ণার এ্যাড্রেসের উপর আলোচনা করতে গিয়ে অনেকে অনেক নরহত্যা, অনেক লুণ্ঠনের কথা, অনেক নারী ধর্ষণের কথা আলোচনা করেছেন। আমি এইসব আলোচনার মধ্যে যাব না। আমি শুধু কয়েকটি কথা বা প্রশ্ন ওঁদের জিজ্ঞাসা করবো। অর্থনৈতিক উন্নতি য. ওঁরা করেছেন তার সমালোচনার কোন প্রয়োজন নেই, কারণ ওঁদের তরফ থেকেই তার সমালোচনা করা হয়েছে। আমি শুধু জিজ্ঞাসা করতে চাই যে

গণতান্ত্রিক আবহাওয়া কি আপনারা বজায় রেখেছেন? গণতন্ত্রকে সুদৃঢ় করবার জন্য, সবল করবার জন্য কোন প্রচেষ্টা করেছেন, না, গণতন্ত্রকে হত্যা করবার প্রচেষ্টা করেছেন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কয়েকটি ঘটনার কথা আপনার কাছে রাখবো। গত মধ্যবর্তী নির্বাচনে আলীপুর প্যাণ্ডেলে প্রথম দিন ভোট গণনা হলো কংগ্রেসের প্রার্থী জিতলোনা, দ্বিতীয় দিন ভোট গণনা হলো কংগ্রেসের প্রার্থী জিতলো না। তৃতীয় দিন ভোট গণনা হলে আমিই প্রথম ২৪প-রগণা থেকে নির্বাচিত হলাম। যখন নির্বাচিত হচ্ছে যাচ্ছি, -বাইরে খবর যাচ্ছে আমি এগিয়ে আছি, তখন এমন অশ্লীল অশ্রাব্য ভাষায় গালাগালি সুরু হলো—যা কখনো কেউ শোনেনি, তারপর যখন ভোটের শেষ ফলাফল ঘোষণা করা হলো, আমি জিতেছি খবর পেলাম, তখন সেখানে এমনিই অবস্থা যে আমি ঐ রাজপথ দিয়ে বেরুতে গেলে হয় তারা আমাকে মারধোর করবে, না হয় মেরে ফেলবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি আমি নির্বাচিত জনপ্রতিনিধি হয়েও, আমাকে পেছনের কোন পথ দিয়ে চোরের মত পালিয়ে যেতে হয়েছিল, সামনের পথ দিয়ে যেতে পারিনি। নির্বাচনের সময় বাংলাদেশের প্রায় প্রত্যেকটা এলাকায় আমি কিছু কিছু গিয়েছি, আমি কখনো দেখিনি এইভাবে terrorise করা হয়। বিশেষ রাজনৈতিক দলের কর্মীরা মিলিটারী ড্রেস পরে, হাতে লাঠি, বর্শা, বল্লম ইত্যাদি নিয়ে অবাধে ঘুরে বেড়াচ্ছে। এতে করে রাজনৈতিক আবহাওয়া আরো দূষিত করে ফেলেছে।

ছোট ছোট চাষী—যারা ১০ বিঘা ১৫ বা ২০ বিঘার মালিক এদের কাছে একটি বিশেষ রাজনৈতিক দলের কর্মীরা যাচ্ছে ধান কাটবার আগে এবং তাদের বলছে—যদি আমাদের পার্টিতে যোগদান কর, তাহলে ধান কাটতে পারবে; আর যদি আমাদের পার্টিতে যোগ না দেও, তাহলে ধান তুলতে পারবে না। হাড়োয়া, সন্দেশখালি লাগোয়া যে কয়টি থানা আছে সবত্র জোর করে তারা লোকদের তাদের ঐ বিশেষ পার্টিতে যোগ দিতে বাধ্য করছে এবং এইভাবে তারা ঐ বিশেষ পার্টিকে অধিকতর শক্তিশালী করে তুলতে চাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই—এই কি গণতান্ত্রিক কাঠামোকে সুদৃঢ় করবার প্রচেষ্টা, এই কি গণতান্ত্রিক কাঠামোকে বজায় রাখবার প্রচেষ্টা? সেদিন আমি বসিরহাটে গিয়েছিলাম চারজন বর্গাদারের একটি লিষ্ট হয়েছে। কিষাণ সমিতির পক্ষ থেকে নোটীশ এসেছে, তাদের বলা হয়েছে—তোমরা যে ধান তুলেছ, সেই ধানের মধ্যে বিঘা প্রতি ৫ কিলো করে ধান আমাদের এই পার্টি অফিসে জমা দিয়ে যাও। শুধু একজন বর্গাদার নয় ঐ এলাকায় যত বর্গাদার আছে, তাদের কাছে ঐ রকম নোটীশ গিয়েছে। আমাদের এলাকার বাইরে যে জমি চাষ করতে চায়, বাইরের মালিক, বর্গাদার ধান তুলতে পেরেছে হয়তো ভাগে চাষী ৫ আড়ির অর্দ্ধেক আড়াই আড়ি পেয়েছে; আর ঐ বাকি আড়াই আড়ি পার্টি অফিসে জমা দেবার নির্দেশ এসেছে লিখিতভাবে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করছি এই কি গণতন্ত্রকে সুদৃঢ় করবার প্রচেষ্টা?

আমাদের বিচারালয় গণতন্ত্রকে বজায় রাখবার ও সুদৃঢ় করবার একটা মস্তবড় প্রতিষ্ঠান। আগে ওঁরা চীৎকার করতেন কেন আদালতের কথা মানা হচ্ছে না। ওঁদের সেই চীৎকারকে আমরা মনে মনে সমর্থন জানাতাম। আদালতের যদি কোন রকম অবমাননা ঐ তরফ থেকে করা হয়ে থাকে, তাহলে আজ কী অবস্থা দাড়াচ্ছে? আলিপুরের অতিরিক্ত পঞ্চম জেলা জজ একটি রায় দিলেন। সেই রায় বিশেষ একটী রাজনৈতিক দলের পছন্দ হলো না। যে দিন রায় দেবার কথা সেদিন তিনশো সাড়ে তিনশো লোক নিয়ে গিয়ে তারা দাঁড় করিয়েছে আদালত প্রাঙ্গণে, বারাণ্ডায় ও কোর্টের ভেতরে। তবুও টেরারাইজড হলেন না জজ সাহেব, তিনি রায় দিলেন, রায় পছন্দ হল

[2-10—2-20 p.m.]

না-কোর্টের ভেতরে, কোর্টের বারান্দায় অত্যন্ত অশ্লীল, অশ্রাব্য ভাষায় বিচারককে গালাগালি দেওয়া হল এবং বলা হল এ বুর্জোয়া জজ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলিপুরের নবম য়্যাডিসানাল

ডিষ্ট্রিক জজ, দ্বিতীয় য়্যাডিশানাল ডিস্ট্রিক্ট জজ একইভাবে লাঞ্ছিত হয়েছেন। খবরের কাগ
খবর বেরিয়েছে—সমস্ত মাননীয় সদস্যরা জানেন যে প্রত্যেকটা জজ সাহেবকে শেষ পর্যন্ত পু
প্রহরায় বাড়ী পাঠাতে হয়েছে। প্রশ্ন করছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কি গণতন্ত্রকে সুদৃঢ় কর
প্রচেষ্টা, এই কি গণতান্ত্রিক আবহাওয়া বাঁচিয়ে রাখার প্রচেষ্টা? মাননীয় অধ্যক্ষ মহাশয়, লুণ্ঠন হ
নিজের বাড়ীতে কোন ভদ্রলোক তিষ্ঠতে পারছেন না, চিঠি যাচ্ছে যে তোমার বাড়ী অমুক সময়
হবে। আদালতে হয়ত গেছে সে কোনরকম আশ্রয় পাবার জন্য—বাড়ী লুঠ হয়ে গেছে, সম্পত্তি
হয়ে গেছে, হয়ত বাড়ী পুড়িয়ে দিয়েছে, তবুও ধারণা হয়ত আদালতে গিয়ে কিছুটা আশ্রয় পা
আদালতে কেস দায়ের করল, ওয়ারেন্ট ইস্যু হল, ওয়ারেন্ট নিয়ে পুলিশের কাছে এল, সেই ওয়া
একজিকিউট করা যাচ্ছে না। যদি ওয়ারেন্ট নিয়ে পুলিশের কাছে যায়, পুলিশ জিজ্ঞাসা কর
তাদের বাম কমুনিষ্ট মস্তানের কাছ থেকে চিঠি এনেছো কি? মস্তানদের কাছ থেকে চি
আনা যদি কোন রকম সম্ভব হয় তাহলে হয়ত সে এগুবে, তা না হলে এগুবে না। এ দু এ
বিচ্ছিন্ন ঘটনা নয়, শত শত, হাজারে হাজারে এই সমস্ত ঘটনা আমাদের হাতে আসছে। মান
অধ্যক্ষ মহাশয়, জিজ্ঞাসা করি আপনাকে এই কি গণতান্ত্রিক আবহাওয়া বাঁচিয়ে রাখবার প্রচেষ্
মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার বক্তৃতা শেষ করবার আগে আর একটা ঘটনা দিয়ে জিজ্ঞাসা ক
গণতান্ত্রিক আবহাওয়া ওঁরা কি বাঁচিয়ে রাখছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত নির্বাচনে অ
মুসলমান ওঁদের সমর্থন করেছিলেন—এই যে ধান কাটার ঘটনা ঘটছে, পরের জমি দখল ক
নেওয়ার ঘটনা ঘটছে, পরের বাড়ীতে যেয়ে জোর করে লুঠ করার ঘটনা ঘটছে, পরের বাড়ী জো
করে পুড়িয়ে দেওয়ার ঘটনা ঘটছে এর ফলে মুসলমান শ্রেণীর একটা বিশেষ অংশ প্রচুর সংখ
তারা বিনিময় করার কথা চিন্তা করছেন। তাঁদের কাছে অনুরোধ করি এই আবহাওয়া দূর কর
এমন আবহাওয়ার সৃষ্টি করুন যেন মাইনরিটি কমিউনিটি ভয় না পায়, তারা দেশ ছেড়ে চলে না
—এই বলে গভর্ণরের বক্তৃতার বিরোধিতা করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Shri Kalimuddin Shams:** मिस्टर स्पीकर सर, आज गवर्नर
खुतबापरशुक्रिया के तहरीक में हम एक बात बताना चाहते हैं कि गव
साहब ने अपने खुतबा में जो कुछ भी हमारी सरकार की कार गुजारी
उसको बयान करना चाहा है। यकीनन ११ महीने अन्दर हम इस काबिल
नहीं हुए कि उन तमाम खराबियों को जो कि कांग्रेस ने २२ वर्षो तक जा
रखा था, उसको हम दूर कर सकते हैं। लेकिन हम उम्मीद करते हैं
हम इन तमाम चीजों को छोड़कर बहुत जल्द ३२ प्वाइन्ट की तरफ ब
बढ़ेंगे।

मिस्टर डिप्टी स्पीकर सर, गवर्नर साहब ने जहां दूसरी बातों के लि
तवज्जह दिलाया है, वहीं हमें बड़ा अफसोस है कि कलकत्ता-पोर्ट जो इण्डि
का सबसे बड़ा पोर्ट है, मगर सेन्टर गवर्नमेन्ट का सिर्फ इसी करके इस पोर्ट
न कि सिर्फ 'सी' ग्रेड में करना चाहती है, बल्कि इसे एक कैनाल में कन्व
कर देना चाहती है। हमें अफसोस है कि गवर्नर के इस स्पीच में सें
गवर्नमेन्ट के उपर इस बात के लिए दबाव नहीं डाला गया है। आज कलक
पोर्ट को खत्म करने का जो प्लान बनाया जा रहा है, उसको फौरन रोका ज

नहीं तो मगरबी बंगाल की मुतयैदा मुहाज की सरकार जनता को साथ लेकर मरकज के खिलाफ सदाय से आवाज बुलान्द करेगी।

मिस्टर डिप्टी स्पीकर सर, उसके अलावा जो हमने देखा, हमारे गवर्नर की स्पीच में उन तमाम बातों का जिक्र तो किया गया है, मगर हमें यह देखकर दुख होता है कि कलकत्ता की बस्ती इलाके जो गन्दी हालत में हैं उनका कोई भी जिक्र नहीं आया है। उनके सुधार के लिए आज तक कोई इन्तजाम सेन्टर की तरफ से नहीं हुआ है। क्या ही अच्छा होता अगर गवर्नर साहब के कुतबा में इस बात का जिक्र होता कि सेन्टर गवर्नमेन्ट ने आज तक यहाँ की बस्ती के सुधार के लिए कोई इन्तजाम नहीं किया है, वह जल्द से जल्द करना चाहिए।

गवर्नर साहब की स्पीच में पे-कमीशन के बारे में साफ तरीके से यह जिक्र किया गया कि पे-कमीशन का रीपोर्ट आ गया है। मगर पे-कमीशन के सिल-सिले में हम एक बात बात बताना चाहते है कि पे-कमीशन को मगरबी बंगाल की मुहतैदा मुहाज की सरकार अगर इम्प्लीमेन्ट करती है, तो यहाँ के जितने भी डवलपमेन्ट स्कीम हैं वे खत्म हो जाते हैं। मेरे कहने का माने यह नहीं है कि जो सरकारी कर्मचारी हैं, उनको छोड़ दिया जाय। मगर सरकारी कर्मचारी जिन्हें खाने को आधी रोटी मिलती है, हम उन्हें कहना चाहते हैं कि कुछ दिनों तक, जब तक हमारी सरकार इस पोजीशन में नहीं है कि हम आगे बढ़ सकें, तब तक उन्हें आधी रोटी खाने दिया जाय। और पे कमीशन ने जो सिफारिस किया है, उस रुपये को गवर्नमेन्ट इम्प्लाइज को न देकर उससे नये नये डवलपमेन्ट, नई नई फेक्ट्री, नई नई तमाम चीज कायम किया जाय ताकि हमारे नौजवानों को जिन्हें हमने ११ महीने पहले कहा था कि जब हमारे हाथ में सरकार आयेगी-जन-साधारण की सरकार आयेगी तो तुम्हारी नौकरी का इन्तजाम हम सर सकेंगे—उन्हें अब काम में लगाया जाय।

पे कमिशन के रिकमेण्डेशन को इम्प्लीमेन्ट न करके बल्कि उन लोगों को कहा जाय कि तुमतो आमदनी की एक फीसदी जितना मिल रहा है, उन नाटी पर भरोसा करो और बसा करो। और आगे जितने लोग बेकार बैठे हुए हैं, उनके लिए इम्प्लायमेन्ट का रास्ता निकाला जाय।

मिस्टर डिप्टी स्पीकर सर कुतबा में एजुकेशन डिपार्टमेन्ट के बारे में कुछ बातें हुई हैं। मगर मैं कहना चाहता हूँ कि हमारी सरकारको कुछ दुखारी

है, शायद इसी वजह से जो फ्री डिस्ट्रीब्यूशन किताबों की स्कूलों में बंगाल जबान की हुई है, उसके साथ ही साथ उर्दू और हिन्दी जबान की किताबें का फ्री डिस्ट्रीब्यूशन नहीं हो सका। हमें यह जानकर दुख हुआ कि सिर्फ बंगला जबान की किताबों का ही फ्री डिस्ट्रिब्यूशन हुआ। लेकिन अब हम समझते हैं कि आइन्दा हमारी सरकार इस बात की कोशिश करेगी कि सभी जबानों की किताबोंका फ्री डिस्ट्रीब्यूशन एक साथ ही होगा।

आज बंगाल के अन्दर ला एण्ड आर्डर की बात कही जा रही है। मगर हम अपने कांग्रेसी साथियों से पूछना चाहते हैं—उनसे पूछना चाहते हैं जो ला एण्ड आर्डर की बात करते है कि क्या २२ वर्ष तक ला एण्ड आर्डर की हालत ठीक थी हो इसमें शक नहीं कि उन्हीं पुलिस आफिसरों को लेकर हम आगे बढ़ रहे हैं, जो कल तक अंग्रेजो की दलाली कर रहे थे और उसके बाद कांग्रेस की दलाली करते रहे।

गवर्नर ने अपनी स्पीच में फिरका वाराना फिसाद की बात कही है। उन्होंने कहा है कि फिरका वाराना फिसाद जो कुछ हुए हैं, उसकी वजह से उनके दिल में दुख हुआ है, मगर उन्होंने खुशी जाहिर की है कि इस सरकार ने उसे जल्द से जल्द कन्ट्रोल कर दिया है। इसमें कोई शक नहीं मिस्टर डिप्टी स्पीकर सर, जहाँ भी फिरका वाराना फिसाद हुए हैं चाहे वह तेलनी पाड़ा में हुआ हो, चाहे वह जगदल में हुआ हो चाहे वह टीटागढ़ में हुआ हो, चाहे वह मँगरा में हुआ हो और चाहे वह कलकत्ता की गली-कूचे में हुआ हो, लेकिन उसे एक फौरन एक दो घण्टे में ही कन्ट्रोल किया गया है। मगर मिस्टर डिप्टी स्पीकर सर, १९६४ ईस्वी में ग्रेट किलीं आफ कलकटा कांग्रेस के जमाने में एक हफ्ते तक पूरे कलकत्ते में आग ही आग वजर आ रही थी। उस समय किसी के जान-माल की कोई सलामती न थी। एक हफ्ते तक सन् १९६४ ईस्वीके अन्दर, हमारे पास रीपोर्ट है, उस रीपोर्ट में सिर्फ सात आदमी मारे गये थे। मगर हमें कहते हुए दुख मालुम हो रहा है कि जो फिसाद हुए—कम्युनल राइट हुए युक्त फ्रान्ट की सरकारके जमाने है उनको दो घण्टे के अन्दर ही हमने कन्ट्रोल जरूर कर दिया, मगर उसी जगदल में जहाँ राइट दो घण्टे के अन्दर ही कन्ट्रोल हुआ है ३८ आदमी मारे जाते हैं। जब कि कलकत्ते में सात दिनों तक फिसाद हुए फि भी सिर्फ सात ही आदमी मारे गए थे।

इसमें आपको प्रेम प्रेम कहने की जरूरत नहीं है। वड़े अफसोस की वात यह है कि सेन्टर गवर्नमेन्ट ने कुछ ऐसे कानून वनाये हैं कि हम उन पुलिसवालों को अभी तक ठीक नहीं कर सकें हैं, जितने पुलिसवालो अभी तक हमारे अफसर में हैं। अगर हमारे पास ऐसा कोई कानून होता—युक्त प्रान्ट की सरकारके पास तो उन तमाम पुलिस आफिसरों को जो कांग्रेस की दलाली कर रहे थे और आज हमें पावर में देखकर हमारी दलाली करना चाहते हैं। मगर जहां जहां कम्युनल रायटस हुए वहां वहां हमने देखा कि तरक्की पसन्द और प्रोग्रेसिभ माइण्डेड हिन्दू भाइयों ने और पोलिटिकल पार्टी के वर्कर्स ने आगे वढ़कर वहां के माइनारोटी मुसलमानों को वचाने की कोशिश की है। और जब तक पुलिस वहां पर नहीं आई है, तबतक मुसलमानों के जान और माल को नुकसान नहीं हुआ है। मगर जब वहां पर पुलिस आगई और वह पुलिस आगे आगे वढ़ती गई और पीछे गुण्डे आग लगाना, मारना शुरु किया। हम समझते हैं कि हमारी युक्त प्रान्टकी सरकार को वदनाम करने में जहां कांग्रेसी आगे वढ़ रहे हैं वहीं ये पुलिस भी जो कलतक कांग्रेस की दलाली कर रही थी, वह भी आगु वढ़ रही है। मिस्टर डिप्टी स्पोकर सर, हम उम्मीद करते हैं कि युक्त प्रान्ट की सरकार जहां हम दावे साथ कह सकते हैं कि दो घण्टे में फिसाद को कन्ट्रोल करती है, वहीं हम यह भी दावे के साथ कहेंगे कि अगर कांग्रेस के जमाने में सन् १९६४ में सात दिन के अन्दर सिर्फ सात आदमी मरते हैं तो हम भी जब कि दो घण्टे के अन्दर कन्ट्रोल करते हैं तो एक भी आदमी को नहीं मरने देंगे।

[ 2-20—2-30 p.m. ]

इसमें कोई शक नहीं कि पुलिस जो कुछ कर रही है, उसके लिए हमें आगे वढ़ने की जरूरत है। हमारे अन्दर फुट फैदा कराकर पुलिस हमें वदनाम करना चाहती है। फिरका वाराना-कम्युनल रायट्स को रोकना है और युक्त प्रान्ट की सरकार उसे रोकेगी। इसके लिए मेरा कहना यह है कि इसको रोकने के लिए एक अलग पुलिस डिपार्टमेन्ट होना चाहिए जो कम्युनल रायटस को फौरन रोके। और उस पुलिस डिपार्टमेन्ट में हिन्दू-मुसलमान-सिक्ख-इसाई भर्ती करके रखे जाँय ताकि जब कभी कहीं पर कम्युनल रायटस हो जाँय उन्हें भेजा जाय। जब तक ऐसा नहीं किया जायगा, तबतक हमारी सरकारको वदनाम करने की कोशिश करेंगे।

हम अपनी तकदीर खत्म करने के पहले गवर्नर साहब के स्पीच के ऊपर जो धन्यवाद प्रस्ताव आया है, उसका समर्थन करता हूँ। और मैं उम्मीद करता हूँ कि हमारी युक्त फ्रान्ट की सरकार मुसलमानों के जो मामले हैं—सिडियूल्ड कास्ट और सिडियूल्ड ट्राइब्स के जो मामले हैं, उनपर तौर करेगी और उनकी तरक्की के लिए ठीक तौर से काम करेगी।

Shri Gyan Singh Sohanpal: माननीय डिप्टी स्पीकर महोदय, आज जब मैं राज्यपाल के भाषण के संबंध मे कुछ बोलने के लिए खड़ा हुआ हूँ तो मुझे वह दिन याद आता है, जिस वक्त पहली बार मैं इस पवित्र मन्दिर में आया था। मुझे याद है, आज से तकरीबन ११ महीने पहले मध्यवर्ती चुनाव के बाद जनता के चेहरे पर बड़ी रोनक थी—मन में बड़ी बड़ी आशाएँ थी। मैंने उनको कहते हुए सुना है कि आज वर्षों बाद हमारी हुकूमत है, आज हम बहुत खुश हैं। इस पवित्र मन्दिर में आकर मैं ने देखा कि हमारे जो नुमाइन्दे यहाँ चुनकर आये, हमारे जो आनरेबल मेम्बर यहाँ आये, उनके दिलों में—उनके चेहरों पर एक नई रोनक थी। एक चीज थी—एक उमंग था। वो कुछ करना चाहते थे -वो कुछ कर दिखाना चाहते थे। उस समय एक अजीब करिश्मा नजर आती थी।

अभी राज्यपालने सदन के सामने जो भाषण दिया है, उसे हो सकता है कि हमारे कुछ उधर के साथी उचित समझते हैं। लेकिन जब मैं आया हूँ, तो मेरी यह ड्यूटी हो जाती है कि उनके भाषण में जो फाल्तू चीजे हैं उसे स्पष्ट कर दूँ All that glitters is not gold. हर चीज जो चमकती है, वह सोना नहीं होती। इसलिए मैंने अपने भाषण में उनसे कहा था कि the people of West Bengal have sent us here to this temple of democracy to look after their welfare, to protect and safeguard their interests, to ameliorate their grievances and to alleviate their sufferings. It would be an act of treachery, a downright betrayal of the confidence reposed on us by the people of West Bengal if we do not act in the manner they want us to do and if we fail to take positive steps to safeguard their interests and to improve their lot.

आज हम देखते हैं कि इस ११ महीने की हुकुमत में हमने अपने फर्ज को किस तरह से निभाया है। हमने क्या किया है, इन ११ महीनों में। आज हमें इस बात पर विचार करना है। लेकिन उससे पहले हमारे एक आनरेबल मेम्बर श्रीकाशीकान्त मैत्र ने युक्त फ्रन्ट सरकार की सही तस्वीर आपके सामने

रख दिया है। उसके बाद कुछ जरूरी नहीं कि और भी कुछ कहा जाय। लेकिन थोड़े से लफ्जों में मैं दो एक बातें आपके सामने रखना चाहता हूँ। मैंने सोचा था कि हमारे युक्त फ्रन्ट के जो मंत्री हैं, वे देश की उन्नति के लिए कुछ काम करेंगे वो ऐसा काम अपने हाथ में लेंगे जिससे गरीबों का दुख दूर हो सकेगा।

मिस्टर डिप्टी स्पीकर सर, मैं आपके माध्यम से एजूकेशन डिपार्टमेन्ट की कुछ बातों को आपके सामने रखना चाहता हूँ। हम समझते थे कि एजूकेशन मिनिस्टर एक बहुत बड़े और योग्य टीचर हैं। वो एजूकेशन डिपार्टमेन्ट के कामको बहुत अच्छी तरह से निभायेंगे। हमने सोचा था कि यहाँ पश्चिम बंगाल में जितने स्कूल और कालेज हैं, उनकी ओर भी उन्नति होगी। उसमें हमारे बच्चे और हमारी बहनें सही मानें में शिक्षा पा सकेंगी। लेकिन हमने क्या देखा? इन ११ महीनों में उन स्कूलों में अजीब धन्धा शुरू हो गया। हर जगह झगड़ा— कालेज बन्द होते जा रहे हैं। स्कूलों में झगड़ा होता है। वहाँ पढ़ाई के बजाय और दूसरे काम शुरू हो गए हैं। स्कूलों को दूसरे कामों में लगाया जा रहा है। टीचर राजनीति करने लग गए हैं। ऐसा मालुम होता है कि एक पार्टी का जोर फैलता जा रहा है। ऐसा करिश्मा एजूकेशन डिपार्टमेन्ट ने कर रखा है।

मिस्टर डिप्टी स्पीकर सर, लेबर डिपार्टमेन्ट के बारे में मैं आपके सामने कुछ कहना चाहता हूँ। मजदूरों की हालत आपके सामने रखना चाहता हूँ। इस लेबर डिपार्टमेन्ट की पालिसी की वजह से हम देखते हैं कि यहाँ फैक्टरियाँ बन्द होती जा रही हैं। यहाँ से कल-कारखानें बन्द करके लोग कहीं और बाहर जाने की कोशिश कर रहे हैं। जिसका नतीजा यह हो रहा है कि यहाँ के लोग बेकार होते जा रहे हैं। पश्चिम बंगाल की हालत जो आज हमारे सामने से गुजर रही है, उसे देखकर हमें बड़ी हैरानी होती है। पश्चिम बंगाल के नौजवान बेकार बैठे हुए हैं। यह युक्त फ्रान्ट की सरकार ने कहा था कि हम बेकारों को बेकारी एलाउन्स बेकार-भाता देंगे। लेकिन आज ११ महीने के बाद भी इस सरकार ने कुछ नहीं किया, वह खामोश हो कर बैठी हुई है। इसके लिए यह सरकार सेन्टर को दोष देने की कोशिश कर रही है। क्या यह इनकी ३२ दफा कर्मसूची में नहीं है। उस समय जनता के सामने क्यों नहीं कहा गया कि इसके लिए हम जब केन्द्रीय सरकार से रुपया पायेंगे तब बेकार-भाता देंगे।

लैण्ड एण्ड लैण्ड रेवेन्यू की बातें जब हम करते हैं तो देखते हैं कि किसान आपस में लड़ रहे हैं। यह बड़ी अच्छी बात होती अगर बड़े बड़े जोतदार

और जमीन्दारों की जमीनें छीन ली जातीं और उन्हें बेकार कर दिया जाता। इससे हमें बड़ी खुशी होती। लेकिन आज ऐसे लोगों की जमीनें छीनी जा रही हैं, जिनके पास सिलिंग से कम जमीन है। खड़गपुर में एक राम मन्दिर है। उसकी कुछ जमीन झारग्राम सब डिविजन मे है। उस राम मन्दिर की जमीन पर धान उगाया गया था। लेकिन इन लाल झण्डेवालों ने उसे काट लिया। यह कितने शर्म और दुख की बात है। इसे क्या कहा जाय? आज इस तरह की धाँधली इस डिपार्टमेन्ट में चल रही है।

लोकल सेल्फ गवर्नमेन्ट की बातको देख लीजिए। पश्चिम बंगाल में जितनी म्युनिसिप्लेटियाँ आज हैं, उनकी क्या हालत है? गरीबों से टेक्स वसूला जाता है, मगर उनकी उन्नति के लिए कोई भी काम नहीं किया जाता है। ये म्युनिसिप्लेटियाँ उन्नति का कोई काम ही नहीं करना चाहती हैं।

[2-30—2-40 p.m.]

मिस्टर डिप्टी स्पीकर सर, मैं पुलिस डिपार्टमेन्ट के बारे में क्या बताऊँ? होम डिपार्टमेन्ट के बारे में क्या कहूँ? मैं समझता हूँ इन डिपार्टमेन्टों के संबंध में—इस हुकुमत के संबंध में आज कुछ भी कहने की जरूरत नहीं है। इस सरकार के मुख्य मंत्री ने ही सिर्फ दो लफ्जों में इस सरकार की सही तस्वीर खींच दी हैं। उन्होंने कहा है कि यह सरकार असभ्य है और यह बर्बरस गवर्नमेन्ट है। इसके बाद और कुछ भी कहने की जरूरत नहीं है। यह कितने शर्म की बात है? इसके लिए मेरे पास कोई अल्फाज नहीं है।

आज पश्चिम बंगाल की यह हालत है कि जगह-जगह खून हो रहा है। आज जगह जगह लूट-मार हो रहा है। लोगों की इज्जत लूटी जा रही है। बहन बेटियों की इज्जत लूटी जा रही है। खड़गपुर में अंधेरे में कोई भी बहू-बेटी बाहर नहीं निकल सकती है। गरीब आदमी जब काम पर जाता है तो चीजें जबरदस्ती छीन ली जाती हैं और अगर वह मुकाबिला करना चाहता है तो उसको मारा जाता है—उसका स्टैब किया जाता है। आज ऐसी हालत सिर्फ खड़गपुर की ही नहीं है बल्कि सारे पश्चिम बंगाल की है। छोटे छोटे व्यापारी जब अपने बिजनेसके लिए कुछ रुपये लेकर हाट जाते हैं तो उनके रुपये को लूट लिया जाता है। इस तरह से पश्चिम बंगाल एक गुण्डा राज्य हो गया है। ऐसी सरकार न रहे तो ही अच्छा है। ऐसी सरकार की जरूरत हमारी जनता को नहीं है, जो कि उनकी रक्षा नहीं कर सकती है।

ऐसी सरकार के गवर्नर महोदय ने जो भाषण सदन के सामने दिया है और उस पर जो धन्यवाद प्रस्ताव उपस्थित किया गया है, उसे मैं कभी भी समर्थन नहीं कर सकता हूँ।

**শ্রীনিখিল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য সুরু করছি। স্যার, আপনি জানেন যে ১৯৬৯ সালের মধ্যবর্তী নির্বাচনে কংগ্রেস শোচনীয়ভাবে পরাজিত হবার পর যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং ৩২ দফা কর্মসূচীর ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছে। কংগ্রেসের তরফ থেকে এই ৩২ দফা কর্মসূচীর নানা কথা, নানা ব্যাখ্যা শুনলাম। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে এই ৩২ দফা কর্মসূচী ওঁরা পড়ে দেখেন নি। ৩২ দফা কর্মসূচীর যে মূল কথা তা বলার চেষ্টা করা হয়েছে। সারা ভারতবর্ষে আজকে যে অর্থনৈতিক সংকট চলছে যে সংকট বাড়ছে, যে সংকট ঘনীভূত হচ্ছে যে ধনবাদ যে অর্থনৈতিক অবস্থা কংগ্রেস কায়েম করেছে তার জন্যই আজ ভারতবর্ষ জীর্ণ ও দরিদ্র হয়ে দাঁড়িয়েছে। এবং এই দারিদ্রতা থেকে মুক্তি পেতে হলে জনসাধারণকে দীর্ঘ রক্তক্ষয়ী সংগ্রাম করতে হবে এবং সেই সংগ্রামের মাধ্যমেই জনসাধারণ মুক্তি পেতে পারে এবং তা সমাজতান্ত্রিক ব্যবস্থার মধ্যেই করতে হবে। একথা আমরা জানি যুক্তফ্রণ্ট সরকার পরে এসে বলেছিল যে এই ধনবাদ, এই বুর্জুয়া বৈষম্য নীতি এই বুর্জুয়া সংবিধান ঐ ৩২ দফা কর্মসূচীকে সীমিত করে দিচ্ছে—তাকে যদি কার্য্যকরী করতে হয় তাহলে সেই সংবিধান পরিবর্তন করতে হবে—সেই আইন সেই সংবিধান পরিবর্তন না করে তাকে কার্যকরী করা সম্ভব নয়। তাঁকে যদি কার্য্যকরী করতে হয়, সেই কার্য্যকরী করার একমাত্র পথ হচ্ছে জনতার আন্দোলন। জনতার সংগ্রাম গণ-সংগ্রাম। এটার মূল কথাই হয় ৩২ দফা কর্মসূচী যুক্তফ্রণ্টের। এটা জনগণ প্রাণ দিয়ে গ্রহণ করেছে। এর উপর বিশ্বাস রেখে, আস্থা রেখে কংগ্রেসকে পরাজিত করে যুক্তফ্রণ্টকে সরকারে বসিয়েছে। সংবিধানের কথা শুনছি, আইন-শৃংখলার কথা শুনছি। আপনার মাধ্যমে স্পীকার মহাশয়, আমি একটা কথা শুধু বলতে চাই সংবিধান যেমন আছে তেমনি থাকবে, আইন যেমন আছে তেমনি থাকবে, শৃঙ্খলা যেমন আছে তেমনি থাকবে, টাটা-বিড়লা যেমন আছে তেমনি থাকবে, আর বাংলা দেশের দারিদ্র দূর হয়ে যাবে, একথা যদি কেউ ভেবে থাকেন, তাহলে তিনি মূর্খের স্বর্গে বাস করছেন। আইন পাল্টাবে, সংবিধান পরিবর্ত্তিত হবে, সংবিধানকে পরিবর্ত্তিত করতে হবে, এই প্রতিশ্রুতি যুক্তফ্রণ্ট তার ৩২ দফা কর্মসূচীতে দিয়েছে, যে কথাটা কংগ্রেসী বন্ধুরা তলিয়ে দেখেননি। একথা আমি আজকে সভার কাছে রাখতে চাই। আপনি জানেন সমাজে দুটি পরস্পর বিরোধী স্বার্থ কাজ করছে। একটি শোষকের স্বার্থ, ধনিকের স্বার্থ, বড় লোকের স্বার্থ, আর একটা শ্রমজীবি জনতার স্বার্থ। এই দুটি স্বার্থকেই রক্ষা করে কোন সরকার চলতে পারে না। সরকার এক হলে ধনিকের স্বার্থের দিকে যেতে হবে অথবা শ্রমজীবি জনতার স্বার্থের দিকে যেতে হবে। কংগ্রেস সরকার গত ২২ বছর ধরে ধনিকের স্বার্থেই বাংলাদেশে আইন রচনা করেছে। যুক্তফ্রণ্টকে যদি শ্রমজীবি জনতার স্বার্থে সরকার পরিচালনা করতে হয়, শ্রমজীবি জনতার স্বার্থে বাংলাদেশকে নূতনভাবে গড়ে তুলতে চায়, এবং নূতনভাবে গড়ে তুলতে গিয়ে যে প্রশ্নগুলির সম্মুখীন যুক্তফ্রণ্ট হচ্ছে, সেগুলি আলোচনা করা দরকার, সমালোচনা করা দরকার, ভালভাবে বুঝা দরকার এবং বুঝে দোষ ত্রুটি যদি কোথাও থাকে তাহলে সে সংশোধন নিশ্চয়ই আমাদের করতে হবে। আমরা সেই পুরাণো সম্পদ সম্পর্ক বজায় রাখতে চাই, পুরাণো আইন শৃঙ্খলার কনসেপশন যদি বজায় রাখতে চাই, পুরাণো সংবিধানের কনসেপশন যদি বজায় রাখতে চাই, যুক্তফ্রণ্ট তার ৩২ দফা কর্মসূচীতে একথা বলেছে যে সংবিধান বড় লোকের সংবিধান, এই সংবিধান না পাল্টালে শ্রমজীবি জনতার মঙ্গল করা যায় না, আইন না পালটালে শ্রমজীবি জনতার মঙ্গল করা যায় না। আদালত যে

ব্যাখ্যা করেছে সেটা টাটা বিড়লার পক্ষে যাচ্ছে। একথা পরিষ্কার বলে দেওয়া হয়েছে, বৃটিশ আমলে যে আমলাতন্ত্র গড়ে উঠেছিল, যে আমলাতান্ত্রিক যন্ত্র গড়ে উঠেছিল, যে আমলাতন্ত্র ২০ বছরের কংগ্রেসী শাসনে পচে গলে গিয়েছে, সেই যন্ত্রকে যদি আমূল পরিবর্তন া করা যায় তাহলে জনসাধারণের মঙ্গল সাধন করা সম্ভব নয়। পুলিশী যন্ত্র যা চিরকাল াসকদের পক্ষে ব্যবহৃত হয়েছে, পুলিশী যন্ত্র যা চিরকাল গরীবদের মেরেছে, সেই পুলিশী যন্ত্রকে ভংগে নূতনরূপে যদি না গড়া যায় তাহলে সেই যন্ত্র বড় লোকদের পাশে গিয়ে দাঁড়াবে। এই মস্যাগুলি জেনেশুনে আমরা বৃহৎ কাজে হাত দিয়েছি এই ভরসা নিয়ে যে শ্রমজীবি জনতার লড়াই লেছে মাঠে-ঘাটে-কলকারখানায় সেই লড়াই বাড়তে বাড়তে যাবে। সেই লড়াইয়ে ভীত হয়েছে ারা? ঐ জগদীশ সিংহ বাবু, টাটা-বিড়লাগোষ্ঠী এবং তাদের দালাল কংগ্রেস, তাঁরাই ভীত য়েছেন। কেন্দ্রীয় কংগ্রেস সরকার ভীত হয়েছেন। কি সিণ্ডিকেট, কি ইণ্ডিকেট কি মধ্যপন্থী ংগ্রেস যার টিকি বাঁধা আছে আমেরিকার বড় লোকের কাছে কি দেশীয় বড় লোকের কাছে ারাই ভীত হয়েছেন। আজকে এই গরীবের লড়াই বাংলাদেশের মাটি ফুটে উঠেছে, কলকারখানার াটি ফুটে উঠেছে তাতে আতংকিত হয়ে ভীত হয়ে চীৎকার করছে কারা? এরাই চীৎকার করছে, ার এদের সংগে সুর মিলিয়েছে ষ্টেটস্‌ম্যান কাগজ, আনন্দবাজার কাগজ, যুগান্তর কাগজ, বসুমতী াগজ, যারা চিরকাল টাটা, বিড়লার স্বার্থ রক্ষা করার দায়িত্ব নিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ই কথাগুলি সামনে রেখে যুক্তফ্রন্ট সরকার সাফল্যের দিকে যাচ্ছে। মানুষের মনে নূতন প্রেরণা াগাচ্ছে এবং মানুষের আন্দোলন যাতে নূতন পথে প্রবাহিত হয় তার জন্য সাহায্য করছে এবং াই আন্দোলনই ধাপে ধাপে এগিয়ে চলেছে।

2-40—2-50 p.m.]

ক্রটির দিক আমাদের রয়েছে এবং সেকথা রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে, আমরা ট্রায়াল ব এররস্‌-এর মধ্য দিয়ে চলেছি, ক্রটি-বিচ্যুতির মধ্য দিয়ে চলেছি। আমাদের যে ক্রটি বিচ্যুতি য়েছে সেই ক্রটি বিচ্যুতি আমরা শোধরাতে চেষ্টা করব। আমাদের ক্রটি বিচ্যুতির কথা আপনার ধ্যমে স্বীকার করতে আমার এতটুকু লজ্জা বা দ্বিধা নেই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কথা ঠিক যে যুক্তফ্রন্ট মন্ত্রীসভা যেভাবে চলা উচিত ছিল সেইভাবে আমরা চলতে পারিনি। একথা ক সামগ্রিকভাবে যুক্তফ্রন্ট মন্ত্রীসভার যে দায় দায়িত্ব ছিল সেটা তাঁরা পালন করতে পারেননি। াঁদের এক একটি দপ্তর নিজস্ব দপ্তরে পরিণত হয়েছে সেটা আমরা লক্ষ্য করেছি। আমরা এটা ক্য করেছি গণ-আন্দোলন যখন বাড়তে শুরু করেছে, শ্রেণী আন্দোলন যখন তীব্র থেকে তীব্রতম ত চলেছে তখন সেই শ্রেণী সংগ্রামকে ঠিক পথে না চালিয়ে, তাকে যোগ্য নেতৃত্ব না দিয়ে সেখানে ীয় স্বার্থ প্রবল হয়ে উঠেছে এবং তার ফলে অসামাজিক জীব যারা রয়েছে তারা সেই আন্দোলনকে করতে চেষ্টা করেছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ঠিক এর পাশাপাশি আমরা লক্ষ্য রছি আমরা যাঁরা যুক্তফ্রন্টের ভেতরে রয়েছি তাঁদের অনেকের মনে পুরাণ ধ্যান ধারনা রয়েছে ং তার ফলে তাঁরা নূতন যুগের নূতন আইন শৃংখলা, নূতন যুগের নূতন আন্দোলনের ধারা মনে াণে গ্রহণ করতে পারেননি। এর ফলে কি হয়েছে? এর ফলে চাষী যখন জমি দখল করতে গেছে, র যখন বন্ধ কারখানার সামনে মাথা খুঁড়ে কারখানা দখল করতে গেছে তখন সেই আন্দোলনে াদের যেভাবে চলা উচিত ছিল সেই ধারায় আমরা চলতে পারিনি, পুরান বাধা পথে এসে ড়িয়েছে। আমাদের এই ক্রটি বিচ্যুতির কথা আমরা জানি এবং একথাও জানি যে, আমাদের সেই াণ ধ্যান ধারণা কাটিয়ে উঠতে হবে। আমাদের এখানে ১৪টি দলের সরকার নয়, এটা শ্রমিকের কার, জনগনের সরকার। তারা তাদের নিজেদের তাগিদে এই সরকার প্রতিষ্ঠা করেছে। ১৪টি মিলে এই সরকার প্রতিষ্ঠা করেনি, জনতার আশীর্বাদে এই সরকার প্রতিষ্ঠিত হয়েছে, ইতিহাসের তায় এই সরকারের কথা লেখা থাকবে। স্যার, আমি এবারে বিধান সভায় দাঁড়িয়ে বিভিন্ন

'লের নেতাদের কাছে যে আবেদন করব সেই আবেদন হচ্ছে আমার প্রাণের ভেতরের আবেদন। ামি আমার দলের হয়ে এই আবেদন নেতাদের কাছে রাখছি যে, আপনারা ভুলে যান দলীয় ার্থের কথা, ভুলে যান সেই সমস্ত কোমলতা, দুর্বলতা যদি কোথাও কিছু জোতদারের প্রতি থাকে, শল্পপতিদের প্রতি থাকে, পুরাণ আইন শৃংখলা, ধ্যান ধারনার প্রতি থাকে। মানুষ যখন আমাদের পছনে রয়েছে তখন কেন আমরা পারবনা? ভিয়েতনামে যদি ১৭টি রাজনৈতিক দল মিলে িবারেসন ফ্রন্ট করে আমেরিকান সাম্রাজ্যবাদকে বিধ্বস্ত করতে পারে তাহলে কেন আমরা ারবনা? সেইজন্য আমি নেতাদের কাছে এই আবেদন রাখছি যে, আপনারা সমস্ত কিছু ভুলে গয়ে যাদের কাছে প্রতিশ্রুতি দিয়েছেন তাদের সংগ্রামকে, লড়াইকে মাথায় করে সামনে এগিয়ে ান এবং এটা করতে পারলে আমরা নূতন সমাজ গড়ে তুলতে পারব এবং সেটা যেন আমরা করতে ারি। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগফুরুর রহমান:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের বরোধিতা করতে গিয়ে আমার এলাকার ২।১টি কথা আমি এই হাউসে রাখার ইচ্ছা করছি। আমি ালদহ জেলার মালদহ কনষ্টিটিউএন্সী থেকে নির্বাচিত হয়েছি। আমাদের সেই এলাকায় সম্বৎপুর াধ বলে একটা বাঁধ ইরিগেসন ডিপার্টমেণ্ট থেকে তৈরী করা হয়েছিল আমাদের মুখ্যমন্ত্রী যখন িরিগেশন মিনিষ্টার ছিলেন। এই বাঁধ তৈরীর সময় তিনি ওই এলাকায় গিয়ে বিনা নোটিশে জমি সংগ্রহ রে এই বাঁধ তৈরী করেন। ২২ স্কোয়ার মাইল বাঁধ তৈরী হয় এবং এই বাঁধ তৈরী করতে ১৯ লক্ষ াকা খরচ হয়েছে। কিন্তু একটি মাত্র স্লুইস গেট থাকার জন্য বৃষ্টির জল নিকাশীর কোন ব্যবস্থা নেই। ২ স্কোয়ার মাইল-এ একটা গেট জলনিকাশী করা কোন দিন সম্ভব হয় না। যার ফলে সেখানকার জনসাধারণ প্রতি বৎসর প্রায় অর্ধেক জমির ফসল পায় আর অর্ধেক ফসল বৃষ্টির জলে নষ্ট হয়ে যায়। সেখানকার জনসাধারণ এই নিয়ে বারে বারে আবেদন নিবেদন করেছে। ১৯৬৭ সালে যখন আমাদের িরিগেশন মিনিষ্টার মালদহে যান তখন সেখানকার জনসাধারণ তাঁর কাছে ডেপুটেশনে যায় এবং তাঁর াংগে দেখা করে অনুরোধ করে যাতে সেখানে ক্যানেল এবং আর একটি স্লুইস গেট করা হয়। কিন্তু ঃখের বিষয় সেখানে কিছুই হয়নি। ১৯৬৯ সালে যখন ইরিগেশন মন্ত্রী সেখানে যান তখনও তাঁর কাছে ডেপুটেশনে যাওয়া হয় এবং তাঁর কাছে আবেদন নিবেদন করা হয় কিন্তু কিছুই হয়নি। এই বছর যা ান হয়েছে তা এক মাস দুমাসের মধ্যেই শেষ হয়ে গেছে, কারণ সমস্ত পচে নষ্ট হয়ে গেছে। ক্যানেল রে, ক্রশ বাঁধ দিয়ে এবং একটা স্লুইস গেট দিয়ে যাতে এই বৃষ্টির জলকে নিকাশ করা যায়, তার াবস্থা করার জন্য আমি মাননীয় ইরিগেশন মন্ত্রিমহাশয়কে আবেদন জানাচ্ছি আপনার মাধ্যমে। ারও একটা ইরিগেশনের কথা বলতে চাই। মালদহ জেলার হরিশচন্দ্রপুর থানায় বাঁধ একটা তৈরী য়েছে এবং তাতে প্রায় ৫৫ লক্ষ টাকা খরচ হয়, কিন্তু দুঃখের বিষয় প্রত্যেক বছর কি জন্য জানিনা, ক্যানেল কাটা হচ্ছে, কেন করা হচ্ছে কিছুই বুঝতে পারছি না। একটা এলাকা নাকি বানের জলে ভেসে যাচ্ছে। কিন্তু ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, ডিষ্ট্রিক্ট এগ্রিকালচারাল অফিসার, বি. ডি. ও, একজিকিউটিভ এনজিনিয়ার, ইরিগেশন, এমন কি আমাদের মন্ত্রী মহাশয়ও রিপোর্ট করছেন। ঐ এলাকায় ৭৫ লক্ষ টাকার ধান পাওয়া গেছে। কিন্তু প্রত্যেক বারই কিছু টাকা স্যাংশন করা হচ্ছে—১৯৬৭ সালে ঐ াধটা কাটার জন্য ১৮লক্ষ টাকা খরচ করা হয়, তারপরে ২০লক্ষ টাকার এবং ১৯৬৯সালে ক্যানেল কাটার জন্য ৯ লক্ষ টাকা খরচ হয়েছে যে এলাকা বন্যায় ডুবে যাচ্ছে। ঐ টাকা দিয়ে যদি ঐ এলাকাটা বাঁধ দেওয়া হতো তাহলে ঐ এলাকাটা বন্যার কবল থেকে রক্ষা পেত এবং আমাদের এই যে রিপোর্ট — যভাবে ৭৫ লক্ষ টাকার ধান পাওয়া গেছে—এই বন্যা থেকে রক্ষা পেত এবং আরও একটা এলাকা বিশেষ লাভবান হতো, কাজেই এই বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি স্বাস্থ্য বিষয়ে আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকাতে তিনটি স্বাস্থ্যকেন্দ্র যার জন্য জমি রেজিষ্ট্রী হয়ে আছে কিন্তু এখনও পর্য্যন্ত সেই স্বাস্থ্যকেন্দ্রের কোন ব্যবস্থা করা হয়নি। সেইগুলো হচ্ছে সুলতানগঞ্জ, আড়াডাংগা এবং ওল্ড মালদা থানায়

মৌলপুর মৌজা। এইগুলো যাতে ত্বরান্বিত করা হয়, কারণ সেখানকার জনসাধারণ অশেষ দুর্গতির মধ্যে বহুদিন ধরে ভুগছে।

[2-50—3-00 p.m.]

আমি স্বাস্থ্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাবো, যে স্বাস্থ্য কেন্দ্রগুলির জন্য দলিল রেজেষ্ট্রি করে দেওয়া হয়েছে অথচ এখনও তার কাজ আরম্ভ হয় নি, তার কাজ যাতে তাড়াতাড়ি আরম্ভ হয় সেজন্য যেন সক্রিয় হন। এর পর কৃষি সম্বন্ধে ২।১ কথা বলতে চাই। কৃষকরা ক্রমাগত দেনাগ্রস্ত হয়ে পড়ছে। আমি ইতিপূর্বে সম্বলপুর বাঁধের কথা বলেছি। সেখানে যে ভাবে বন্যা বৃষ্টিতে ডুবে যায় এবং অনাবৃষ্টির জন্য যে ভাবে ফসলহানি ঘটে তাতে কৃষকরা দেনায় জড়িয়ে পড়ছে। এই দেনার জন্য কৃষকের উন্নতি হচ্ছে না, তারা নিজেরা জানেনা যে তাদের কত দেনা হয়েছে। সরকারী, বেসরকারী ভাবে তারা যে দেনা করে তার খবর তারা নিজেরাই জানে না। রেভিনিউ officer লোন আদায় করতে গেলে কোন লোন দেবে তা ঠিক করতে না পারায় নাভাস হয়ে যায়। আমি হাউসের কাছে নিবেদন রাখবো কৃষকরাই দেশের মেরুদণ্ড তাদের অভাব যাতে দূর করতে পারি তারজন্য সরকার যেন সচেষ্ট হন। প্রত্যেক District-এই কৃষকের এ অবস্থা। তারা দেনায় ডুবে আছে, সে সম্বন্ধে একটু খোঁজ খবর নেওয়া দরকার। আমাদের সরকার পক্ষ ৯ বিঘা জমির খাজনা মাফ দিয়েছেন। তার মানে ৩, ৪, ৫ টাকা মাফ দেওয়া হয়েছে। আমি মনে করি এটা খুব বড় নয় কিন্তু তবুও যা করেছেন খুব ভাল, এই ৯ বিঘা জমির খাজনা মাফ দেওয়া ছাড়া, কৃষকের সারের সুবিধার জন্য, হাইইল্ডিং চাষের জন্য সরকার যদি তাদের সার, যন্ত্রপাতি ইত্যাদি দিয়া সাহায্য করেন তাহলে কৃষকরা সত্যকারের নিজের পায়ে দাঁড়াতে পারবে। আর একটা কথা হাউসের সামনে রাখতে চাই। সেটা হচ্ছে এই যে আমার এলাকায় রিভার পাম্প দিয়ে ইরিগেশনের ব্যবস্থা করা হয়েছিল। দুঃখের বিষয় তা অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। আমি অনুরোধ করবো এক্ষুনি যে সুলতানগড়ে খোলনামা রিভার পাম্প যেটা অন্যত্র নিয়ে যাওয়া হয়েছে তাতে ঐখানকার লোক দুঃখিত হয়েছে, চাষ আবাদের ক্ষতি হয়েছে। আমি ইরিগেশান মন্ত্রীকে অনুরোধ করবো সে পাম্প-গুলি যাতে থাকে তার ব্যবস্থা যেন করেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের বিরোধীতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রীফকিরচন্দ্র রায়:** মাননীয় ডেপুটী স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের জন্য ধন্যবাদ জ্ঞাপক যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে সে প্রস্তাব আমি সমর্থন করি। ১৯৬৭ সালে যখন সাধারণ নির্বাচন হয় তখন কংগ্রেস বিরোধী বামপন্থীরা একজোট হতে পারেননি তারা দুট ফ্রণ্টে বিভক্ত হয়েছিলেন। নির্বাচনে দেখা গেল সে বিভক্ত হয়েও তাদের কংগ্রেস হারাতে পারলেন না লোকে তাদেরই জিতিয়ে দিল। এটা বামপন্থী নেতৃত্বের গৌরবের কথা যে তাঁরা জনসাধারণের ইচ্ছা ঠিক বুঝেছিলেন এবং সে ইচ্ছাকে সম্মান দিয়ে তাঁদের বিরোধ পিছনে রেখে যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট তৈরী করলেন। আজকে যুক্তফ্রণ্টের যে বিরোধ সেটা শুধু আভ্যন্তরীণ বিরোধ নয় সে বিরোধ বাইরে ছড়িয়ে পড়েছে। যুক্তফ্রণ্ট যাদের সদিচ্ছার উপর গঠিত হয়েছে তাদের একান্ত ইচ্ছা যে যুক্তফ্রণ্টের নেতারা এই বিরোধের অবসান ঘটান, অবসান ঘটিয়ে যেখান থেকে যুক্তফ্রণ্ট করে নির্বাচনে লড়েছিলেন সেখান থেকে এক হয়ে গভর্ণমেণ্ট চালান, জনসাধারণের একটা বিপুল অংশ এরূপ মনে করেন, সে অংশের পক্ষ থেকে যুক্তফ্রণ্টের নেতা, উপনেতা এবং যুক্ত বিভিন্ন শরিকদলের কাছে আমি আবেদন করছি যে তাঁরা এই অন্তর বিরোধ শেষ করুন, কারণ এ বিরোধ যতদিন থাকবে, কমাণ্ডার যদি ডিভাইডেড হয়ে যায় তাহলে যুদ্ধ যেমন ঠিক চলতে পারে না, যে উদ্দেশ্য নিয়ে যুক্তফ্রণ্ট গঠিত হয়েছিল এ বিরোধ যদি দীর্ঘদিন থাকে তবে সে ব্যর্থ হয়ে যাবে। যুক্তফ্রণ্ট সফল কি বিফল হয়েছে এ নিয়ে কথা উঠেছে, নিন্দা করতে গিয়ে ত্রুটি করে ফেলেছেন ফজলে রহমান সাহেব। তিনি বলেছেন সংসাধনায় সিদ্ধিলাভ করেছেন যুক্তফ্রণ্ট। অর্থাৎ বাংলার সমাজে

বিশেষ করে পল্লী অঞ্চলে যে জীবনমৃত জনসাধারণ ছিল এই যুক্তফ্রণ্ট তাদের জাগাতে পেরেছে। এটা খুব সত্য কথা যে আজকে পল্লী অঞ্চলে যারা তপশীলী জাতি হাঁড়ি, ডোম, বাগদী, সাঁওতাল, মেথর, তাদের ভেতর এরূপ আলোড়ন দেখা গেছে যা পূর্ব্বে দেখা যায়নি। আমি নেতাদের অনুরোধ করবো এই আলোড়ন যেন ঠিক পথে পরিচালিত হয়। আলোড়ন যদি উত্তেজনা হয়—উত্তেজনা বহু দেখেছি অসহযোগ আন্দোলনের সময়, ৪২ সালে ও লীগ আমলে দেশ স্বাধীন হবার পর বিভিন্ন সময় উত্তেজনা দেখেছি কিন্তু সে উত্তেজনার মধ্যে যে নেতৃত্ব দরকার সে নেতৃত্বের উদ্ভব হয়নি। সমাজ বিপ্লব কয়েকজন ভদ্রলোকের জন্য নয়। নূতন করে সমাজ তাদের জন্য গড়ে তুলতে হবে যারা নিম্ন শ্রেণীর লোক। যদি নেতৃত্বের মাধ্যমে সে অনুকূল পরিবেশ যুক্তফ্রণ্ট করতে না পারেন তাহলে এ জাগরণ ঠিক পথে পরিচালিত হবে না। অনুরোধ করবো নেতাদের তাঁরা যেন এদিকে নজর দেন এবং যে আভ্যন্তরীণ বিরোধ রয়েছে যা কাগজের মারফত লোকের কাছে যাচ্ছে সে বিরোধের অবসান ঘটান।

**শ্রীমহাম্মদ ইলিয়াস রাজি:** মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব তাকে সমর্থন জানাচ্ছি। স্যার আপনি জানেন, যে রাজ্যপাল তাঁর ভাষণে বাংলাদেশের আসলচিত্র তুলে ধরেছেন। তিনি বলেছেন বাংলাদেশে বর্ত্তমানে যে বেকার সমস্যা সেটা একটা ভয়াবহ রূপ ধারণ করেছে। এটা অস্বীকার করে লাভ নেই যে বাংলা দেশে লক্ষ লক্ষ মানুষ বেকার আছে, এ বেকার সমস্যা ১ বছরে হয়নি, যুক্তফ্রণ্ট শাসন ক্ষমতায় আসবার পরে এটা হয়নি।

[3-00—3-10 p. m.]

গত ২০ বছর ধরে কংগ্রেস দেশে যে শাসন চালাচ্ছে, তার যে রাষ্ট্রীয় সমাজ ব্যবস্থা, সেই ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার স্বাভাবিক নিয়মের ফলে আজকে দেশ একটা ভয়াবহ বেকার সমস্যার সম্মুখীন হয়েছে। অথচ আজকে কংগ্রেসী বন্ধুরা যুক্তফ্রণ্ট সরকারের উপর চাপ দিচ্ছেন অথবা যুক্তফ্রণ্ট সরকারের সমালোচনা করছেন এই বলে যে ৩২ দফা কর্মসূচীর মধ্যে বেকার ভাতা দেওয়ার যেকথা বলা হয়েছে সেটা যুক্তফ্রণ্ট সরকার কেন করছেন না। যুক্তফ্রণ্ট সরকার বাংলাদেশের মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছে তাকে পালন করবার জন্য নিশ্চয় চেষ্ট করছে এবং ভবিষ্যতে চেষ্টা করবে। কিন্তু এটাও ঠিক যে বাংলাদেশের মানুষ আজ বুঝতে পারছে যে এই যে ভয়াবহ বেকার সমস্যা, এই যে এত দারিদ্র, এটা কার সৃষ্টি। বাংলাদেশের মানুষ এটাও বুঝতে পেরেছে যে কংগ্রেস গণতন্ত্রের কথা বলে গণতন্ত্রকে রক্ষা করার জন্য তারা যে সব বড় বড় কথা বলছে, এই কংগ্রেসই গণতন্ত্রের নামে বাংলাদেশের মানুষের উপর কি অত্যাচার চালিয়েছে, কি জুলুম করেছে, কিভাবে পুলিশ লেলিয়ে দিয়েছে। একথা বাংলাদেশের মানুষ ভুলে যায়নি। আমাদের অজানা নেই ১৯৫৯ সালে বাংলাদেশের মানুষ খাদ্যের দাবীতে যখন আন্দোলন করছিল এই কলকাতা শহরে হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ যখন জমায়েত হয়েছিল সেই সমস্ত মানুষের উপর কংগ্রেস গুলি চালিয়ে ৭০/৮০ জনকে খুন করেছিল। বাংলাদেশের মানুষ সেকথা ভুলে যায়নি, ভুলতে পারে না, আজকে এটা মনে রাখা দরকার। যুক্তফ্রণ্ট সরকারের কাজের মধ্যে ভুলত্রুটি আছে, এটা অস্বীকার করি না। আমাদের শরিকদের মধ্যে হয়ত কিছু গণ্ডগোল সংঘষ হচ্ছে। কিন্তু এই সংঘর্ষ, মারামারি হলেও আমরা মনে করি যে এই কলহকে আমরা মিটিয়ে ফেলতে পারব। আমাদের যেসব নেতা আছেন তাঁদের কাছে আবেদন করি আমাদের যে কলহ সেটা মিটিয়ে বাংলাদেশের মানুষকে যে প্রতিশ্রুতি দিয়েছেন, বাংলাদেশের মানুষ নিজের বাঁচার তাগিদে যে যুক্তফ্রণ্ট সরকার তৈয়ারী করেছেন এবং যুক্তফ্রণ্ট সরকার কায়েম করেছেন সেটার কাজ সুষ্ঠুভাবে চালান। সমস্ত ভারতবর্ষ আজকে এই বাংলাদেশের দিকে তাকিয়ে আছে এবং দেখছে যে বাংলাদেশে যুক্তফ্রণ্ট সরকার কি করছে, বাংলাদেশের মানুষের সমস্যার সমাধান কিভাবে করছে।

এইজন্য আজকে আমাদের সমস্ত রকম বিবাদ, কলহ ভুলে গিয়ে অন্তর্দ্বন্দ্ব ভুলে গিয়ে যে প্রতিশ্রুতি বাংলাদেশের মানুষকে আমরা দিয়েছি সেই প্রতিশ্রুতিকে রক্ষা করার জন্য আজকে আমাদের যুক্তফ্রন্টকে ঠিকপথে পরিচালিত করতে হবে এবং যুক্তফ্রন্টের নেতৃত্বে বাংলাদেশের মানুষকে তার যে সংগ্রাম সেই সংগ্রামে জয়ী হতে হবে। এইজন্য আমি যুক্তফ্রন্টের নেতৃবৃন্দের কাছে আবেদন জানাই যে বিভিন্ন শরিকদলগুলির নেতৃবৃন্দ মিলিতভাবে যুক্তফ্রন্টকে সবল নেতৃত্ব দিতে সক্ষম হবে এবং বাংলাদেশের মানুষ সবল নেতৃত্ব পেয়ে এগিয়ে যাবে এবং শুধু বাংলাদেশের মানুষ কেন সারা ভারতবর্ষের মানুষকে এই যুক্তফ্রন্ট সবল নেতৃত্ব দিতে সক্ষম হবে এবং সেই সবল নেতৃত্ব সমস্ত দেশের মানুষের যে কামনা ও বাসনা তা সফল করে জয়ী হবে। এই বলে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুদর্শন সিংহ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের সমর্থনে যে প্রস্তাব এসেছে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আজ যে কয়েকটি কথা বলবো তার মধ্যে হয়ত কিছু সমালোচনার সুর থাকবে। কিন্তু সেটা রাজ্যপালের ভাষণের কোন বিরোধিতা নয় বা সরকারের বিরোধিতা নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ কয়েকদিন ধরে এই হাউসে শুনছি যে বিরোধী দলের নেতৃবৃন্দ আমাদের মুখ্যমন্ত্রী যে কয়েকটি কথা বলেছেন বর্বর ও অসভ্য তাই নিয়ে তাঁরা আলোচনা করছেন। আজকেও দেখলাম শ্রীকাশীকান্ত মৈত্রের ভাষণকে উল্লেখ করে বিরোধী পক্ষ কিছু আনন্দ করছেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বাংলাদেশে যে রাজনৈতিক পরিস্থিতি সেই পরিস্থিতি আগামী বহুদিনের যুক্তফ্রন্টের রাজনীতি হবে। এখানে গণতন্ত্রে বিরোধী দলের একটা বিশেষ ভূমিকা আছে এবং সেই ভূমিকা গণতন্ত্রের সাফল্যের মানদণ্ড, কিন্তু বিরোধী দলের যদি সেই নৈতিক দায়িত্ব না থাকে তাহলে সে সেই দায়িত্ব পালন করতে পারে না এবং তখন নিজেদেরই আত্ম সমালোচনা করতে হতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী যে বর্বর ও অসভ্য বলেছেন এই উক্তি নিয়ে সমস্ত ভারতবর্ষে বহু সমালোচনা করলেন, যুক্তফ্রন্টের অনেক সমালোচনা করেছেন, কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী একথা ত নিজেই বলেছেন যে যুক্তফ্রন্ট তার চোখের মণি, যুক্তফ্রন্ট ছাড়া চলতে পারেন না। এই সেদিনও তিনি গ্রামে গ্রামে জনসাধারণের সামনে বলেছেন যে তিনি তাদের চাকর এবং সেইটাই তিনি তাদের সচেতন করে দিতে এসেছেন। সুতরাং তারা যে ভূমিকা নিয়েছেন সেটা বিরোধী পক্ষের নৈতিক ভূমিকা নয়। তাই আজ এই দু'বছরের মধ্যে তারা জনসাধারণের কাছে হেয় হয়ে গিয়েছে এবং তাদের কথার আর কেউ মূল্য দেয়না। তাঁরা অনুন্নত কয়েক হাজার লোক নিয়ে আসতে পারেন? বিধান সভার বাইরে তাঁরা কোন কথা বলতে পারেন না তাই বিধান সভার ভিতরে এইভাবে যুক্তফ্রন্ট সরকারের সমালোচনা করছেন। কাশী বাবু যে সমালোচনা করেছেন তিনি একজন যুক্তফ্রন্টের শরিক হিসাবেই সেই সমালোচনা করেছেন, গতবারে যখন যুক্তফ্রন্ট সরকার ভেঙ্গে দেওয়া হল তখন তিনি যুক্তফ্রন্টের হয়ে মাথায় লাঠি নিয়েছিলেন, আজকে তিনি নীতির কথা নিয়ে সমালোচনা করেছেন কিন্তু বিরোধী পক্ষের সমালোচনা হচ্ছে যে কে অসভ্য বললো ইত্যাদি। তাহলে তাদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে এবং ঐ দৃষ্টিভঙ্গী নিয়ে গণতন্ত্র সাফল্য লাভ করতে পারে না। আজকে যারা বিরোধী দলে আছেন তাদের কোন নৈতিক ভূমিকা না থাকায় এবং তারা শোষক পক্ষে থেকে গত ২০ বছরে দেশকে শোষণের মধ্যে নিয়ে এসে আজকে দারিদ্রের চরম অবস্থায় নিয়ে এসেছে একথা দেশের মানুষ ভুলে যায়নি। সেইজন্য যুক্তফ্রন্ট সরকারকে ঠিক পথে চালাবার জন্য যদি মাননীয় সদস্য উক্তি করে থাকেন তাহলে সেটায় যুক্তফ্রন্ট সরকারের মঙ্গলই হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রন্ট জনতার ফ্রন্ট, কোন রাজনৈতিক দলের ফ্রন্ট নয়। রাজনৈতিক দল জনতার চাপে যুক্তফ্রন্ট করেছে।

[3-10—3-20 p.m,]

স্যার, আমরা প্রায়ই বলি যে যুক্তফ্রন্ট হচ্ছে লড়াই-এর হাতিয়ার, নিশ্চয়ই যুক্তফ্রন্ট আমাদের লড়াই-এর হাতিয়ার। কিন্তু এর সঙ্গে ভুললে চলবে না যে যুক্তফ্রন্ট হচ্ছে জনসেবার হাতিয়ার, এই

জনসেবার হাতিয়ার হিসাবেই আমাদের যুক্তফ্রন্টকে এগিয়ে নিয়ে যেতে হবে। জনসেবার জন্ম যদি যুক্তফ্রন্ট পরিচালনা না করতে পারি, মুখ্যমন্ত্রী-উপমুখ্যমন্ত্রীরা যদি সে দায়িত্ব না নিতে পারেন তাহলে জনতার কাছে আমরা দায়ী হব। গত ২০ বছরের কংগ্রেসী অপশাসনের ফলে একটা জিনিষ তারা আমাদের দান করেছে সেটা হচ্ছে রিক্সাওয়ালা থেকে আরম্ভ করে ভূমিহীন কৃষক তার একটা কথা বুঝেছে যে আমারও একটা ভোট ইন্দিরা গান্ধীরও একটা ভোট, আমারও একটা ভোট মুখ্যমন্ত্রীরও একটা ভোট। এই বৈপ্লবিক চিন্তাধারায় তারা উপনীত হয়েছে। সুতরাং আমরা যদি তাদের ভাল করতে না পারি তাহলে আজকে কংগ্রেস যে অবস্থায় উপনীত হয়েছে আমরাও সেই অবস্থায় উপনীত হব। এই কয়েকটি কথা বলে আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Abul Hassan:** मिस्टर डिप्टी स्पीकर सर, मैं राज्यपाल के धन्यवाद ज्ञापन प्रस्ताव का समर्थन करता हूँ। साथ ही आपके माध्यम से कुछ बोलना चाहता हूँ। हम इस सदन में बैठे बैठे सुन रहे हैं कि आइन-शृंखला की बात, शान्ति और अदन कानून की बात, लूट-मार करने की बात, रमणियों की इज्जत लूटने की बात—ये तमाम बातें इसी ११ महीने के अन्दर हुई। मगर मैं उन मेम्बर साहबान से जरा पूछना चाहता हूँ, उन्हें याद दिलाना चाहता हूँ, थोड़ी तौर लम्बी हो जाय तो शायद मुझे माफ करेंगे। मैं जादा दूर नहीं जाना चाहता मिस्टर डिप्टी स्पीकर सर, आप भी जानते हैं, इसी बंगाल में आपकी पीठ पर शायद लाठी पड़ी थी। और वही कांग्रेस सरकार का जमाना था। मिस्टर डिप्टी स्पीकर सर, ये आइन और कानून की बात करते हैं लेकिन शायद भूल जाते हैं कि बंगाल के लोग हिन्दुस्तान के लोग अब इतने बेवकूफ नहीं है, जिन्हें कांग्रेसी लोग समझते आये हैं या समझ रहे है। थोड़े दिन के पहले बंगाल असम्बेली के स्पीकर के घर पर बम की वर्षा की गई थी। मै पूछना चाहता हूँ कि उस वक्त आइन और कानन की बात क्यों नहीं उठी थी?

मिस्टर डिप्टी स्पीकर सर, आप जानते हैं कि आइन-कानून की बात आज उठाई जाती है मगर मैं उनमें पूछना चाहता हूँ कि कांग्रेस के जमाने में वह कहाँ थी? अपनी हिफाजत के लिए चटकल के मजदूरों ने जब १९५३ सालमें बोनस की माँग की थी तो उस समय औरतों के साथ क्या हुआ था? और आज युक्त फ्रान्ट सरकार के जमाने में ये कहते हैं कि औरतों की इज्जत महफूज नहीं है। मैं ये कहते हैं कि औरतों की इज्जत महफूज नहीं है। मैं उन्हीं से पूछना चाहना हूँ कि जब चटकल की औरतों बोनस की माँग के लिए मैनेजर की आफिस में गई थीं—अपना डेपूटेशन लेकर वो गई थीं, तो उनको रीहाई नहीं दी गई। अदन-कानून की बात बोलते हैं, जमहूरियत की बात बोलते हैं? मगर जमहूरियत के नाम पर उन औरतों को नंगा करके हुकूम चन्द

जूट मिल में, हमारे सरावगी भाई ने कहा था कि हम मारवाड़ी मेम्बर हैं—गोइनका साहब ने पिटवाया। सन् १८५३ साल में द्रौपदी के वेष में उनको पीटे उनको नंगा करके मारा गया था। उनके कपड़े उतार करके उनको वेइज्जती करके उनको मारा गया। तब शायद आइन और कानून नहीं टूटा था। रमणियें को वेइज्जती नहीं हुई थी। उसी १८५३ साल में दुसरी में नस्कर पाड़ा जूट मिल मिस्टर जालान के मिल में औरतों को वेइज्जती रात को की गई थी। उनके कपड़े उतार कर उनके वदन पर लाटी के हूरे से मारा गया। तब शायद अमन वो कानून नहीं टूटा था। शायद वो माँ-वहनें हमारे हिन्दुस्तान की माँ-वहनें नहीं थीं।

मगर आज उन्हें इसलिए दुख हो रहा है कि अपनि स्वार्थ की रक्षा करते हुए युक्त फ्रान्ट की सरकार की पुलिस उन शर्मायादारों की हिफाजत करने नही जाती है। उनके बुलाने पर मजदूरों की पिटाई नहीं कर रही है। जोतदारों के बुलाने पर किसानों के गालों नहीं मार रही है। इसलिए इतना आतंक है। मिस्टर डिप्टी स्पीकर सर, क्यों नहीं होगा? अब तो युक्त फ्रान्ट की सरकार की पुलिस किसान और मजदूर को नहीं पीठ रही है। जिसका नतीजा यह है कि २० साल की आजादी में आज बंगाल के जो कारखाने हैं वो बन्द होते जा रहे हैं, तमाम उद्योग खत्म होते जा रहे हैं इसी पालिसी की वजह से सारे मिल बन्द हुए हैं। साढ़े तीन लाख चटकल वर्करों में से आज करीब दो लाख रह गए हैं। वह बंगाल के शर्मायादारों की हिफाजत करने के लिए, धनतांत्रिक व्यवस्था को मजबूत करने के लिए कांग्रेस की नीति है कम मजदूर हों और उनसे ज्यादा काम लिया जाय। और चटकल मालिकों की आमदनी बढ़ जाये। इसीलिए २० साल के अन्दर चटकल मजदूर को छटाई करके उन्हे रास्तेपर भीख माँगने के लिए छोड़ दिया। उसके बाद कहते है कि गणतंत्र हमारे देश में है। उसके बाद ये कहते हैं कि हमारे देश में डिमोक्रेसी है। इसके बाद जब युक्त फ्रान्ट की सरकार यहाँ आई तो उसने एलान किया कि कोई गणतांत्रिक आन्दोलन पर पुलिस का आक्रमण नहीं होगा।

इससे चटकल के मजदूर भरोसा पाये, सूता कल के मजदूर भरोसा पाये। चाय बगान के मजदूर भरोसा पाये। चाय बगान की छ औरतों को कांग्रेसी पुलिस ने बर-बर करके मारा था।

आपको याद होगा, मिस्टर डिप्टी स्पीकर सर, युक्त फ्रान्ट की सरकार के आने के पहले २० साल तक कांग्रेसी सरकार ने जमीन का सुधार किया था।

मरहूम विधान बाबू ने कानून बनाया था और उसी कानून के जरिए जमीन चोरी करके उन्हीं की हुकूमत में बेनामी करके रख दिया गया। लेकिन युक्त फ्रान्ट की सरकार ने एलान किया कि किसान तुम जमीन दखल करो। युक्त फ्रान्ट की पुलिस तुम्हारे ऊपर गोली नहीं चलाएगी। मिस्टर डिप्टी स्पीकर सर, याद होगा आपको पुलिस की गोली से गुण्डों की लाठियों से किसान मारे जाते थे और शहीद हो जाते थे। ये आज भी चाहते हैं कि युक्त फ्रान्ट की सरकार की पुलिस किसानों को पीटे—मजदूरों को पीटे, मगर ये कभी नहीं होगा। ये कभी जमाना नहीं आयेगा। जोतदार की रक्षा करनेवाले, जमीन्दार का पहरेदारी करनेवाले यहाँ से लेकर जो दिल्ली तक हैं, उनकी पिटाई किसान और मजदूर अब करेंगे। इसमें जरा भी शक नहीं है।

[3-20—3-34 p.m.]

आपने देखा है कि अभी कुछ दिनों के पहले ५० करोड़ रुपया मजदूरों ने निकाला है। मैं कहता हूँ यह सही बात है। इससे इन्कलाब नहीं हो गया, मगर संकट का नाम लेने वालों को याद दिलाना चाहता हूँ कि ५० करोड़ रुपया शर्मायादारों की तिजोरी से निकाल कर देश के बाजार में लाए। इससे कांग्रेसी भाइयों का कलेजा फट गया। अरे बाप रे बाप, ५० करोड़ रुपया। इन्होंने सोचा कि क्यों नहीं युक्त फ्रान्ट की पुलिस ने शर्मायादारों की तिजोरी की हिफाजत की। लेकिन उनको मालुम होना चाहिए कि युक्त फ्रान्ट की सरकार ने युक्त फ्रान्ट ने अपने ३२ दफा कर्मसूची में घोषणा की है कि मजदूर संगठित होकर अपनी मांग के लिए तुम लड़ो। युक्त फान्ट की पुलिस या युक्त फान्ठ के लोग या युक्त फान्ट के जो मिनिस्टर हैं वो पुलिस को रोक रखेंगे। तुम्हारी ताकत हो तो अपनी मांग को अदायी करलो। तब मालिक बोले थे, सरावगी भाई ने कुछ कहा था, पोद्दार भाई ने कुछ कहा था, कांग्रेस के लोग कहे थे कि एक पैसा देने में सभी मिलें बन्द हो जांयगी। मगर मैं दावे के साथ कह सकता हूँ कि ३० रुपया देने के बाद भी आज मिलें चल रही हैं ३० रुपया जो मजदूरों ने पाया वह क्या ज्योति बाबू के घर में गया? क्या वह हरेकृष्ण कोनार के घर में गया या किसी और मंत्री के घर में गया? वह किसी के घर में नहीं गया। वह रुपया देश के बाजारों में देश के दुकानदारों के पास गया देश के लोगों के पास गया। गाँव के किसान धान पाये इससे गाँवके लोगों के जीवन में परिवर्तन आया है। इससे समा जवाब नहीं हो गया। मगर २० साल से किसानों की औरतें जो एक कपड़े के लिए तरसती थीं, किसान

खरीद नहीं पाता था। औरतें कहती थीं एकटी लाल पाड़ेर कापड़ एने दाव आमि उ पूजोते परबो। मगर गांव का किसान नहीं खरीद पाता था। जो लोग कहते हैं कि गांव की अर्थ नीति, देश की अर्थ नीति में जगह जगह संकट मगर ५० करोड़ रुपया मजदूरों ने धर्मायादारों से लिया। इस रुपये को लेकर वह बाजार कपड़ा खरीदने गया तो उसका असर मिलों पर तो जरूर पड़ा। धान किसान पाया तो उसका असर देशकी अर्थ नीति पर क्या नहीं पड़ा? क्या देश की अर्थ नीति की उन्नति नहीं हुई?

मैं उन कांग्रेसी भाइयों से पूछना चाहता हूँ कि क्या वजह है कि महाराष्ट्र की की मीलें बन्द है? क्या वजह है कि महाराष्ट्र के ४० सूताकल बन्द हो गए है—अहमदाबाद की मीलें बन्द है। वहां तो युक्त फ्रान्ट की सरकार नहीं है। वहां तो ला एण्ड आर्डर बन्द नहीं हुआ है। वहां तो कानून की श्रृंखला है।

आपके दिवालिएपन पौलिसी की वजह से २०-२२ सालके अन्दर भी गांव के २० फीसदी किसानों के पास ऐसी ताकत नहीं थी जो कुछ खरीद सकें। अगर उनकी खरीदने की ताकत बढ़ती तो आज मीलें रात दिन चलती रहतीं। किसान साड़ियां खरीदते, कपड़े खरीदते। अधिक गल्ला पैदा होता। और तब फिर अमेरिका के पास भीख मांगने नहीं जाना पड़ता भीख मांगते ये लोग देश को बंधक में डाल दिया।

११ महीने में दंगा बहुत हो गया यह जो लोग कहते हैं, मैं उनसे पूछना चाहता हूँ। ज्यादे दूर जाने की जरूरत नहीं, कांग्रेस के जमाने में जो लोग मुसलमानों के नुमाइन्दे का दम भरते थे, जो लोग मुसलमानों का नाम लेकर बैठे हैं, मैं उनसे कहना चाहता हूं कि एक जमाना आ रहा है जब मुसलमान के नाम पर, बंगाली के नाम पर, बिहारी के नाम पर और ज्यादा दिन नहीं चलेगा। बंगाल के लोगों में नया उमंग पैदा हो चुका है। धीरे धीरे हिन्दू-मुसलमान, बंगाली-बिहारी, सिक्ख इसाई एक साथ मिलकर जो आज देश का सर्वनाश कर रहे हैं, उन्हें ठीक कर देंगे।

याद कीजिए, अगर मुसलमान को अपने जायदाद बेचना चाहता था, कांग्रेस के जमाने में तो कानून था, सर्टिफिकेट लेने को। हिन्दुस्तान के मुसलमानों को अपनी जायदाद बेचने के लिए सर्टिफिकेट लेना पड़ता था, मगर अब वह कानून नहीं है। यह बड़े फक्र की बात है कि युक्त फ्रान्ट की सरकार ने ऐलान कर दिया है कि वह पुराना कानून उठा दिया गया है। आपलोग हिन्दुस्तान के

वासिन्दें हैं। आपको अपनी जायदाद बेचने का अधिकार है। यह आपलोगों ने नहीं कराया है। कांग्रेस के जमाने में तो परमिट राज्य चलता था।

सन् १९५० साल से सन् १९६४ साल में बाबू प्रफुल्ली जो उधर बैठे थे, उस समय आग की होली खेली जा रही थी। विजय सिंह नाहर इसी कलकत्ते में मौजूद थे, मगर उनका दर्शन नहीं हो पाया था। लेकिन आज युक्त फ्रन्ट की सरकार के समय जब कभी कहीं दंगा होता है, उसकी खबर मिलते ही उसके हर मिनिस्टर, उसके हर लोग वहाँ पहुँच जाते हैं और दंगा को रोक दिया जाता है।

एर पर आमि राज्यपालेर भाषणेर उपर ये धन्यवाद-ज्ञापन प्रस्ताव एसेचे तार्के समर्थन करचि।

(At this stage the House was adjourned till 5 p.m. to-day)

(After adjournment.)

[ 5-00 – 5-10 p.m. ]

**ডাঃ জয়নাল আবেদিন**—মাননীয় উপাধ্যক্ষ মহোদয় যুক্তফ্রণ্ট সরকার রচিত রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে আমি সেদিন যেকথা বলেছিলাম আজ আবার তারই পুনরাবৃত্তি করছি। বাংলাদেশে ওয়ারেন হেষ্টিংসের সময় এডমণ্ড বার্ক যে ভূমিকা নিয়েছিলেন আজকে আমরা দেখছি যুক্তফ্রণ্ট সরকারের শাসনে এই সরকারের মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখার্জি যে ছটি কথা সমালোচনার স্বরে যুক্তফ্রণ্টের মধ্যে রেখেছেন 'এই সরকার অসভ্য এবং বর্বর'। এই কথা বলে তিনি সেই ভূমিকা নিয়েছেন এবং এর চেয়ে বেশী সমালোচনা আমরা ১০০ জন করলেও করতে পারব না। আমি তাঁর বক্তব্য সমর্থন করে, তাঁর সিদ্ধান্তকে সমর্থন জানিয়ে মুখ্যমন্ত্রীকে সমর্থন জানাচ্ছি যে তিনি ঠিকই বলেছেন, 'এই সরকার অসভ্য এবং বর্বর'। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মারামারি, ল-লেসনেস্, দাঙ্গা-হাঙ্গামা সম্বন্ধে কথা হয়েছে এবং এই দাঙ্গাহাঙ্গামা সংঘটিত হয়েছে জমিকে কেন্দ্র করে এবং জমি দখলের নাম দিয়ে। যদি ধরে নেওয়া যায় যে ভূমিহীনরা সংগঠিত হয়ে জমি দখল করতে যাচ্ছে তাহলে তাদের পতাকা নিয়ে যাবার প্রয়োজন হয় না। জমিচাষ পতাকা দিয়ে চলে না। তবে তাদের সঙ্গে পতাকা কেন? যেখানে এই দাঙ্গা সংঘটিত হয়েছে সেখানে দেখবেন ৬ দিকে দুই পতাকাধারীদের মধ্যে হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি বাংলাদেশে বারভুঁইয়ার শাসন হয়ে গেছে। আজকে দেখছি চৌদ্দভুঁইয়ার শাসন প্রবর্তন হয়েছে বাংলাদেশে। ১৪টি দলের মধ্যে একটি দল সব জায়গায় সব সময়ই কমন থেকে গেছে, আর একদিকে তার মোকাবিলায় এগিয়ে গেছে অন্য পতাকাধারী দল। ওরা জমি উদ্ধার করতে গিয়ে মানুষের হাতে পতাকা তুলে দিয়েছে দল উদ্ধার করার জন্য। তাই দল উদ্ধার করতে গিয়ে এই সংঘর্ষ। কাজেই দারিদ্র মোচনের জন্য, অর্থনৈতিক সংকট মোচনের জন্য যদি এগিয়ে যেত তাহলে আমরা বুঝতাম যে অর্থনৈতিক সমস্যার কিছু সুরাহা হবে। কিন্তু দেখছি রাজনৈতিক সংগ্রামে এই সরকারের লক্ষ্য মৎস্যের যুগের দিকে এবং সে বক্তব্য এখানে অধিকাংশ সদস্যই রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী এখানে বসে আছেন। আপনি জানেন এককালে আমি চিকিৎসা বিজ্ঞানের ছাত্র ছিলাম। কিন্তু এই অবস্থা কখন আমি দেখিনি। এটা মিস-ফিট হয়ে গেছে। উনি শ্রমিক বোঝেন, কৃষক বোঝেন, কিন্তু

হঠাৎ স্বাস্থ্য দপ্তরের দায়িত্ব নিয়ে আজকে রাজ্যে যতগুলি মেডিকেল কলেজ আছে সেখানে ডাক্তার রোগীদের মার দিয়ে এই সংগ্রাম প্রতিফলিত হচ্ছে। আজকে আমরা দেখছি এ শ্রেণীর কর্মচারীর সঙ্গে আর এক শ্রেণীর কর্মচারীর সংঘর্ষ হচ্ছে। হাসপাতালগুলি মানুষের সে করার জন্য প্রতিষ্ঠিত, কিন্তু সেখানে আজকে অরাজকতা সৃষ্টি হচ্ছে। সেখানেও ঐ একই দ শ্রমিক কর্মচারী, ডাক্তার, নার্সদের ইউনিয়ন কার দখলে যাবে এই নিয়ে আর এক দলের পিছনে লাগছে। আজকে মেডিকেল কলেজগুলিতেও একটা অরাজকতা সৃষ্টি হয়েছে। সেইজন মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে নিবেদন করবো যে, আপনার যে লাইন রক্তারক্তি, তাঁর ধমুং লাঠালাঠি সেই লাইনে আপনি যান, এই লাইনের দায়িত্ব আপনি পালন করতে পারবে না। আর তা পারেন নি বলেই আমাদের প্রতিটি প্রশ্নের উত্তরে তিনি বলেছেন প্রতি মেডিক্যাল কলেজে কোন না কোন সময়ে দাঙ্গা বা সংঘর্ষ বাধিয়ে দিয়েছেন। সবচেয়ে ঘৃ দাঙ্গা আমরা দেখেছি ন্যাশানাল মেডিক্যাল কলেজে যার কথা গতবারেই আমরা বলেছি। স্যা আমরা জানি যে রাজ্যে বিচারালয় আছে। আজকে কাশীকান্তবাবু বলেছেন যে এই বিধানসভা আজকের আলোচনার আগে বা পরে অনেকগুলি বিল মাননীয় পরিষদীয় মন্ত্রী দাখিল করছে এগুলি আলোচনার জন্য। আমার কথা হল, ও দিকে যাঁরা বসে আছেন সংখ্যাগরিষ্ঠতা নি তাঁরা যদি ডাকাতদের প্ররোচিত করেন, সমর্থন করেন তাহলে আজকে বিধানসভায় আইন পা করে কি হবে? আইন যদি মাঠে মানুষ না মানে, কোর্ট যদি না মানে অবস্থা যদি এই হয় তাহ আইন পাশ করার প্রয়োজনীয়তা নেই এবং বিধানসভারও দীর্ঘ সময় বসবার প্রয়োজন নেই এই বিধানসভা ততটুকু সময় পর্যন্ত বসবে যতটুকু ওঁদের অর্থনৈতিক বরাদ্দের অনুমোদনের জ প্রয়োজন। নতুন নতুন আইন করে আজকে বিড়ম্বনা সৃষ্টি করার কোন প্রয়োজন নেই। স্যা আমরা পান্নালাল চ্যাটার্জীর কোর্টে দেখেছি যে আসামীর মনোমত বিচার হয়নি বলে বা নিজে দলের মনোমত বিচার হয়নি বলে সেই জজকে লাঞ্ছনা ভোগ করতে হয়েছে। স্যার, আজকে আমরা দেখেছি যে বিচারালয়গুলিকে নিষ্ক্রিয় করা হয়েছে এখানে মাননীয় ভুমি ও ভূমি রাজস্ব মন্ত্রী আছেন, তিনি তো একাধিকবার আদালতগুলির প্রতি অবমাননাকর উক্তি করেছেন কাজেই তুলে দিন না, রাখার প্রয়োজন কি? আগের আইনগুলিই যখন মানছেন না তখন নূত আইন করার কি দরকার? কারণ আপনারা তো দেশবাসীকে শেখাচ্ছেন যে আইন মানতে হবে ন আইন অমান্য করতে হবে, কাজেই আইন রচনার প্রয়োজন নেই। আর একটা ঘৃণ্য দিকের কথা স্যা আপনাকে বলব। আপনি জানেন যে বিচারের আসামী দোষী কি নির্দোষ তা বিচার করার এক্তিয় শুধু আদালতেরই আছে। ফৌজদারী, সেশান আদালত এবং হাইকোর্টই বলে দেবেন আসা দোষী কিনা। কিন্তু আজকে আমরা দেখছি সেক্রেটারিয়েট হয়ে দাঁড়িয়েছে বিচারালয়। কো মামলায় কেউ দোষী কিনা সেটার বিচার হচ্ছে সেক্রেটারিয়েটে এবং সে বিচার হচ্ছে নিজের দলে পুষ্টিতার দিকে দেখে, দলীয় আসামীর দিকে নজর রেখে। তাই আমরা দেখেছি মাননী উপমুখ্যমন্ত্রী মহাশয় আজকে মাননীয় বিচার মন্ত্রীর সঙ্গে পরামর্শ না করেই—আগেও করেছে এক হাজার ১০টি কেসের ব্যাপারে এখনও করছেন। আর স্যার এটাই হয়ে দাঁড়িয়েছে যুক্তফ্রণ্টে সংকটের অন্যতম কারণ। আমারা দেখেছি মালদহে ঘৃণ্যতম অপরাধে অপরাধী আসামীর মাম তুলে নেবার জন্য সরাসরি সংঘর্ষ বেঁধেছে মাননীয় মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রীর মধ্যে। তাই স্যা বলি বিচারালয়ের দায়িত্ব কখনও সেক্রেটারিয়েট নিতে পারে না বা মন্ত্রীপ্রবর তিনি বিচারবে দায়িত্ব নিতে পারেন না। তাঁর আইনে জ্ঞান যতই থাক না কেন। কারণ এর নির্দিষ্ট বিধি আছে আমি বলি আপনারা পুলিশকে যেরূপ নিষ্ক্রিয় করে দাঙ্গা বাধিয়েছেন, আইনশৃঙ্খলা অবমাননা করেছেন, ঠিক সেইরূপ বিচারালয়কে নিষ্ক্রিয় করে বলছেন মনোমত বিচার দিতে হবে নিজের দলের আসামী যদি থাকে তাহলে তার মনোমত রায় দিতে হবে মামলায় সাক্ষ্য প্রমা যাই প্রমাণিত হোক না কেন। অর্থাৎ দলীয় স্বার্থের দিকে লক্ষ্য রেখে কাজ করতে হবে, দেখব

হবে আসামী দলীয় লোক কিনা বা তাকে বাঁচাতে হবে কিনা এবং আসামী প্রতিদ্বন্দ্বি দলের লোক কিনা, তাকে শাস্তি দিতে হবে কিনা। আজকে যদি বিচারালয় মন্ত্রনালয়ের হস্তক্ষেপে চলে তাহলে দেশ তো অরাজকতায় পূর্ণ হবেই, আর এর উদ্যোক্তা এঁরাই। মাননীয় সভাপাল মহাশয় এঁরা গরীবের কথা কথায় কথায় বলেন। আমি আর একটি বিষয়ের কথা বলছি। স্যার, আপনি জানেন, ধান চাল বেচা কেনার জন্য এরা একটা প্রস্তাব করেছেন মিলের মাধ্যমে ট্যাক্স করার জন্য। স্যার, আমার স্মরণ আছে ওঁরা যখন এদিকে ছিলেন তখন যে কোন ট্যাক্সেরই বিরোধিতা করেছেন এবং তা করতে গিয়ে বলেছেন যে কোন উপায়েই ট্যাক্স আসুক না কেন তার দায়িত্ব বহন করতে হয় সাধারণ মানুষকে। আজকে এই যে মিল মালিকদের উপর ট্যাক্স বসাতে চাচ্ছেন যারা নিজেদের স্বার্থের কথা চিন্তা করে আপনাদের তোয়াজ করে আপনাদের ভৃত্যে পরিণত হয়েছে—যেটা কোনদিন কোথাও শুনিনি বা কোনদিন চিন্তা করতে পারিনি, এই যে তাদের উপর ট্যাক্স বসাতে চাচ্ছেন তার ফলটা কি হবে সেটা কি চিন্তা করে দেখেছেন। কাজেই প্রগতিশীল বলে আপনাদের বড়াই করা চলে না, এ অহংকার আপনাদের থাকা উচিত নয়, এ গর্ব করার অধিকার আপনাদের নেই। স্যার, আপনি জানেন ওঁরা কেরোসিন তেলের উপর ট্যাক্স বসিয়েছেন। কিন্তু স্যার, ওঁদের সাহস হল না পেট্রোল বা মোটরজাত জিনিষ যেটা ধনিকের বিলাসদ্রব্য তার দাম বাড়াতে। ওঁরা তা না করে ক্রুড কেরোসিনের উপর ১০০ টাকাতে ৫ টাকা ট্যাক্স বসিয়েছেন। স্যার, ওঁরাই আবার দাবী করেন ওঁরা গরীবের বন্ধু। আজকে দিশেহারা হয়ে এরা পথ খুঁজে পাচ্ছেন না। একটাই এদের পথ সেটা হচ্ছে নিজের দলের পুষ্টির জন্য—সেখানে দেখছি ১৪টি রাঘববোয়াল বসে আছে আর একজন অপরজনকে খেতেই ব্যস্ত। দেশের মানুষের কথা চিন্তা করবার বা তাদের দিকে দৃষ্টি দেবার এঁদের সময় হল না, ভবিষ্যতেও হবে না।

[ 5-10—5-20 p.m. ]

আজকে যুক্তফ্রণ্টের সবচেয়ে বড় দল সঙ্ঘবদ্ধভাবে যে দাঙ্গাহাঙ্গামা বাইরে বাঁধাচ্ছে, সেটা যদি সকলে মিলে প্রতিরোধ করতে যায় তাহলে গৃহযুদ্ধ অনিবার্য। এবং এই গৃহযুদ্ধকে বাঁচাবার জন্য দায়ীত্ব এই হাউসের সকল সদস্য এবং বাংলা দেশের জনসাধারণের আছে। তাই, আপনার কাছে এই নিবেদন করি যে আজকে এই Formula লেখা হোক যেন গৃহযুদ্ধের ফলে দুঃসহ দিনগুলি থেকে আগামী বছরে মানুষ মুক্তি পায় এবং বাংলায় যেন গৃহযুদ্ধ না সংঘটিত হয়। কারণ এদের এই বড় শরিকের লক্ষ্য সেদিকেই। তাই, বিরোধীতা করছি এরা যে ভাষণ রেখেছেন এবং অন্যান্য বক্তারা যে ভাষণ রেখেছেন। আজকে গৃহযুদ্ধ চালিয়ে দেশকে সেদিকে নিয়ে যাচ্ছেন। আমরা বাংলাদেশের মানুষ কখনই এই জিনিস হতে দেবো না, সেটা ওরা দেখেছে। আজকে সেই হুশিয়ারী দেই যে, এই গৃহযুদ্ধের দিকে যাবেন না। আপনারা যে জনসমর্থন পেয়েছেন, আপনারা পালিয়ে যাবেন না যুক্তফ্রণ্টকে ভেঙ্গে দিয়ে। এ কথা বলে আপনার কাছে নিবেদন করি যে সমস্যা এসেছে তার সমাধান করুন। আর একটি কথা হচ্ছে সবচেয়ে বড় সমস্যা হল বেকারী সমস্যা। আজ South এশিয়ায় যে দেশগুলি আছে, ভারতের চেয়ে ছোট দেশ মালয়েশিয়া, সিংহল সেখানে আমি দেখেছি যে মানুষের জীবনযাত্রার মান এর চেয়ে অনেক উন্নত এবং সেটা plantation-এর দৌলতে হয়েছে। আজকে যে বেকারী বেড়েছে technology-র Science application করে এই বৃহৎ Unemployed জনতাকে সেখানে engage করে দেশের মানুষকে একটা কর্ম সংস্থানের ব্যবস্থা করা যায় কিনা? এই দিকে মাননীয় মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ দীর্ঘ কয়েক দিনের আলোচনা সমাপ্তির মুখে বলতে উঠে মহামান্য রাজ্যপাল যুক্তফ্রন্ট সরকার সম্পর্কে যে বিয়োগ বার্তা তাঁর ভাষে দিয়েছেন তার উপরে যে ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব আনা হয়েছে তাতে আমি সামান্য কিছু সংশোধনী ব্যবস্থা করেছি। আমার ৩টি Paragraph-এ আমি তারই আমার এই Amendment ৩টি প্রথম আপনার সামনে উপস্থিত করছি। প্রথমটি হচ্ছে—But regret that no reference has been made to what the Chief Minister has described as uncivilized and barbarous state prevailing in West Bengal due to developing insecurity of life and property and even honour of women resulting from incitement to violence given by C.P.I (M) Party in industrial as well as rural area resulting in murders, forcible occupation of land and displacement of even actual tillers there by creating a virtual goondaraj and breakdown of law and order at numerous places.

**Mr. Speaker :** The main motion is in Bengali. How can I fit in your English amendment to the Bengali motion. So if you translate that in Bengali, that is preferable. I am not banning English, you can say whatever you like. You see, all of us are very much anxious to introduce Bengali. The main motion is in Bengali and how can I fit in an amendment in English to a motion which is in Bengali ?

**Shri Muhammed Khuda Buksh :** Sir, English is equally current in this House. The Secretariat may translate the motions in Bengali.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** আমার দ্বিতীয় সংশোধনী প্রস্তাব হচ্ছে—But no mention has been made about the insecurity prevailing in the boarder than areas between West Bengal and East Pakistan resulting from mounting raids by Pakistan marauders with the main object of cattle lifting and smuggling and about the failure of the Border Security Force to prevent the same.

আমার তৃতীয় সংশোধনী হচ্ছে—But regret that no notice has been taken of the serious set-back in the field of industry and commerce and the damage done to the economy of West Bengal as also to the employment potentiality in the State resulting from "Gheraos", intimidation of management staff, inter-union clashes and rowdyism in factories and offices allegedly connected with industrial disputes.

(The following are the Bengali Translation of the above amendments)

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** কিন্তু দুঃখের বিষয় যে, জীবন ও সম্পত্তির নিরাপত্তা যে ক্রমবর্ধমান ভাবে বিঘ্নিত হইতেছে, বলপূর্বক জমি দখল ও প্রকৃত ভূমিকর্ষণকারীদের স্থানচ্যুত করা হইতেছে এবং বহু জায়গায় আইন শৃঙ্খলার কাঠামো ভাঙ্গিয়া পড়িতেছে, ইহাদের কোনটারই উল্লেখ করা হয় নাই। কিন্তু দুঃখের বিষয় যে পশ্চিমবঙ্গ ও পূর্ব পাকিস্তানের মধ্যে সীমান্তবর্তী থানা এলাকায় নিরাপত্তার অভাব বিদ্যমান এবং যাহার ফলে প্রধানতঃ গো-মহিষাদি হরণ ও চোরা চালানের উদ্দেশে পাক লুণ্ঠনকারীদের আক্রমণ যে দিন দিন বাড়িতেছে এবং তাহা প্রতিরোধে সীমান্তরক্ষী বাহিনী।

ব্যর্থতার পরিচয় দিতেছেন তাহাদের কোনটিরই উল্লেখ করা হয় নাই; এবং শ্রমবিরোধের সহিত সংশ্লিষ্ট বলিয়া অভিহিত হয় যে "ঘেরাও", পরিচালকমণ্ডলীকে ভীতি প্রদর্শন, ইউনিয়নগুলির মধ্যে পারস্পরিক সংঘর্ষ এবং কারখানায় ও অফিসে উচ্ছৃঙ্খলতার উদ্ভব হওয়ার ফলে শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে যে নিদারুণ বিপর্যয় দেখা দিয়েছে এবং পশ্চিমবঙ্গের অর্থনীতিতে ও রাজ্যে যে ক্ষতি সাধিত হইয়াছে তাহার দিকে কোনও দৃষ্টিপাত করা হয় নাই।

আমার এই তিনটি প্রস্তাবের প্রথম প্রস্তাব সম্পর্কে দীর্ঘ আলোচনা হয়েছে। আমাদের লিডার শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় এবং ডেপুটি লিডার আমাদের আবদুস সাত্তার সাহেব তাঁদের সুদীর্ঘ ভাষণের মধ্যে শুধু যে তাঁরা সাধারণভাবে এই দাবী করেছেন তা নয় তাঁরা অনেকগুলি উদাহরণ দেখিয়েছেন যে কিভাবে বাংলার সহরে এবং গ্রামে চারিদিকে জনগণের জীবনযাত্রা দুর্বহ হয়ে উঠেছে। আমি এ বিষয়ে বেশী সময় নেবো না শুধু দু একটি Typical example যে আপনাদের সামনে উপস্থিত করলে বুঝতে পারবেন যে এগুলি class struggle, না পার্টিবাজী। কালকে বর্ধমান থেকে একটি কাগজ 'স্পষ্ট কথা' যেটা আমার কাছে পাঠানো হয়েছে তাতে দেখি সেখানে সি. পি এম-এর অপকর্ম—তারা ধান লুট করেছে ২৮ বিঘা জমির ধান সি. পি. এম দলের ৪০।৫০ জন লুট করে নিয়ে যাওয়ার অভিযোগ থানায় করলে পর সঙ্গে সঙ্গে গত ২২শে ডিসেম্বর জনৈক ডেপুটি ম্যাজিষ্ট্রেট পুলিশ সহ ঘটনাস্থলে উপস্থিত হন। দলিলপত্র দেখে আবেদনকারীর পৈত্রিক জমির ধান তাঁকে ফেরত দেবার আশ্বাস দেওয়া হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত একটি দানা ধানও ফেরত দেওয়া হয় নি—অধিকন্তু শ্রীঘোষ পার্টি অফিসে আন্দাজ তিনশত মণ ঐ লুট করা ধানের জন্য তাগাদা দেওয়ায় তাঁর জীবন বিপন্ন করার হুমকী দেওয়া হচ্ছে বলে জানা যাচ্ছে।

**শ্রীরবীন মুখার্জী:** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার—এই যে কাগজ উনি পড়ছেন তার নামটা কি এবং তার সম্পাদকের নাম কি?

**Mr. Speaker:** I request Mr. Sanyal to hand over to me whatever papers he is referring to.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** অধ্যক্ষ মহাশয়, আপনার অফিসের মাধ্যমে আমি ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে এটা আমি পাঠিয়ে দিচ্ছি। তৃতীয় অনুরূপ ঘটনা যেটা আরও চমকপ্রদ—এ আবার এমন লোক হয়তো দূর সম্পর্কের কোঙার মহাশয়ের আত্মীয়—নাম ভুবনপ্রসাদ কোঙার। গ্রাম, ভিটা এবং পোষ্ট, জেলা বর্ধমান। তিনি বলছেন গত ২৬।১২।৭০ তারিখে আমার বাড়ীতে সি. পি. এম. নামে ৩০০ লোক চড়াও হয়ে আমার স্ত্রীকে বাড়ীতে মারে এবং আমাকে বাড়ী থেকে তুলে এনে বেদম প্রহার করে। সেই ভদ্রলোক থানায় যায় এস. পি-র কাছে যায়। ডি. এম-এর কাছে যায়। তাঁরা সবাই বলেন আমরা হেল্পলেস এবং বলেন যেখানে মুখ্যমন্ত্রী মহাশয়কে এসেম্বলীর চেম্বারের মধ্যে মারলো, কিছুই করতে পারলো না, সেখানে আপনাকে আমরা কি প্রটেকসন দেবো? এই কথা শুনে সেই ভদ্রলোক কলকাতায় চলে আসেন। এবং ভোরবেলায় ঘুম থেকে উঠতে না উঠতেই মুখ্যমন্ত্রীর বাড়ীর সামনে গিয়ে ধর্ণা দিলেন এবং তাঁর সংগে দেখা করে এক দরখাস্ত দেন। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁকে বলেন, আমার করবার কি আছে বলুন, আপনি কি পুলিশ মন্ত্রীকে জানিয়েছেন? তিনি তারপর হোম মিনিষ্টার এবং অন্যান্য অনেক মিনিষ্টারের কাছে দরবার করেছেন। অবশেষে আমার কাছে এসে বললেন—কোন জায়গায় কোন উপায় পেলামনা। আমি আপনার মাধ্যমে হাউসের মধ্যে বলছি যদি কোন প্রতিকার তার হয়। তাঁর যে আবেদন পত্র তাতে এক প্যারাতে আছে—তাঁর এবং তার সংগে তার পরিবার বিপন্ন, তিনি একজন দরিদ্র ভারতীয় নাগরিক, মাত্র ৬ বিঘা সাড়ে ৬ বিঘা জমি তার আছে, তিনি আবেদন করেছেন যাতে তার জমি এবং প্রাণ রক্ষা পায়, সেই সাহায্যই তিনি চেয়েছেন। এবং এইজন্য অনেক মন্ত্রীর কাছে ধর্ণাও দিয়েছেন। এই হল দ্বিতীয় কেস।

[5-20—5-30 p.m.]

আমি আর একটি কেসের কথা বলছি, এবং কেউ বলতে পারবেননা যে শ্রেণী সংগ্রামের জন্য বড় জোতদার এবং ভূমিহীন কৃষকের মামলা হচ্ছে। এটা একটা অফিসিয়েল চিঠি। এর কপি নং হচ্ছে ৩১, তারিখ ২১।১৭০, ভূপেন্দ্র নাথ সরকার হচ্ছেন চেয়ারম্যান অব দি বীরনগর মিউনিসিপ্যালিটি আর সুনীলকুমার নন্দী ভাইস চেয়ারম্যান। তিনি বলছেন এস ডি ও এবং ম্যাজিষ্ট্রেটের কাছে দরখাস্ত করেছেন এবং কপি আমার কাছে পাঠিয়েছেন। তিনি বলছেন আমাদের এখানে ferocious attack on my life and property. এই লোকালিটিতে হয়েছে, তারজন্য আমাদের রক্ষা করার ব্যবস্থা করুন। তার কারণ বিবৃত করতে গিয়ে বলেছেন—কয়েকমাস পূর্বে এই মিউনিসিপ্যালিটির কয়েকজন কমিশনারকে জোরপূর্বক কয়েকজন দুবৃত্ত গিয়ে পদত্যাগপত্র লিখিয়ে নিয়েছে। তারপরে তারা ম্যাজিষ্ট্রে'টর কাছে দরখাস্ত করে যে জোর করে আমাদের পদত্যাগ করিয়েছে। ম্যাজিষ্ট্রেট চেয়ারম্যানকে সভা ডেকে জানাতে বলেন এই পদত্যাগপত্র গ্রহণ করা হবে কি হবেনা, জানাবেন। যে সময় মিটিং ডাকেন, থানায় জানান হয় যে এই রকম মিটিং ডাকা হচ্ছে ম্যাজিষ্ট্রেট সাহেবের হুকুমে, কিন্তু সেই মিটিং-এ গোলমাল হবার সম্ভাবনা। তা সত্ত্বেও সেখানে পুলিশ আসেনি। মিটিং-এর সময় দুশ আড়াইশ লোক গিয়ে আক্রমণ করে এবং ৪০।৫০ জনকে আহত করে। সেই ব্যাপারে তারপরে পুলিশ এল, সেখানে কয়েকজনের বিরুদ্ধে মামলা হচ্ছে এবং সেই মামলার শুনানী আরম্ভ হয়েছে, যাদের বিরুদ্ধে মামলা হচ্ছে তার মধ্যে স্থানীয় সি পি এম নেতাও আছে। মামলা হলে তাদের মনে হল, আমাদের সরকার, আমাদের বিরুদ্ধে মামলা কি ?

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। (নয়েজ) স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে উনি নিজেই বলছেন আমি এখানে যে ঘটনা বিবৃত করতে চাচ্ছি সেটা একটা মামলার বিচার্য বিষয়। তা যদি হয়ে থাকে তাহলে আমি বলব উনি আইনসিদ্ধভাবে এখানে আলোচনা করছেন না, সম্পূর্ণ বেআইনীভাবে এখানে আলোচনা করছেন।

**Mr. Speaker :** I have understood your point of order. I do not think it is a sub-judice matter. If it is so, certainly you will not be allowed to refer to a sub-judice matter. I take it from you that it is not a sub-judice matter and, therefore, I am allowing you.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** আমি যে বিষয়টার উপর দৃষ্টি আকর্ষণ করছি সেটা মামলার বিষয় নয়।

**শ্রীগৌর কুণ্ডু :** I have personal knowledge about this matter. আমি বলছি এই কেস্ সাবজুডিস্ এবং রাণাঘাট কোর্টে এটা পেনডিং। ৫জন কংগ্রেসের লোকের নামে মামলা পেনডিং কিন্তু উনি মিথ্যা কথা এখানে বলছেন। I challenge him.

**Mr. Speaker :** If it is a sub-judice matter I am not allowing you to discuss this. Please refer to other matters which are not sub-judice.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** আমাদের ওই পক্ষের বন্ধুরা সিন্দুরে মেঘ দেখলেই যদি ভয় পান তাহলে তো আমি নাচার। আমার আলোচ্য বিষয় কোর্ট বা আদালতের প্রশ্ন নয়, আমি একজনের জীবন বিপন্নের কথা বলছি। তিনি বলছেন "may I hope that you would kindly note that my life and property is in danger and there is none to show even dim light of consolation and security." আমি এটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ

করছি এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে বলছি এরকম যদি চলতে থাকে তাহলে কি উপায় হবে। এখানে কোন জমির ব্যাপার নেই, এটা মিউনিসিপ্যালিটির ব্যাপার। তাঁদের জীবন বিপন্ন হবে এবং তা রক্ষা করা হবেনা এই যদি হয় তাহলে মুখ্যমন্ত্রী বারবার যেটা বলেছেন barbarous and uncivilized Govrnment তার আর বাকী থাকলো কি? ইতিপূর্বে এখানে যেসব বক্তৃতা করা হয়েছে, নানা বিষয়ের আলোচনা হয়েছে আমি আর তার পুনরাবৃত্তি করতে চাইনা। কিন্তু প্রত্যেকটি লোক হাটে-বাজারে জিজ্ঞাসা করে চারিদিকে যেমন মারধোর হচ্ছে, লুঠপাট হচ্ছে তাতে আমরা কি আর বাঁচব এবং কতদিন এরকম চলবে? পরশুদিন আমি যখন ইন্টালি বাজারের সামনে দিয়ে বাড়ী আসছিলাম তখন আমার গাড়ী ঘুরিয়ে দেওয়া হোল। আমি জিজ্ঞাসা করায় পুলিশরা বলল সেখানে নাকি মারপিট হচ্ছে। তারপর সন্ধ্যার দিকে শুনলাম সেখানে মারামারি হয়েছে এবং ২।১ জন খুন জখম হয়েছে। এটা শুধু শহরে নয়, গ্রামের প্রত্যেক জায়গায় এই জিনিস চলছে। মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন তার মধ্যে অসত্য, অর্ধসত্য কথা রয়েছে এবং সত্যকে গোপন করার চেষ্টা করা হয়েছে। এই অপচেষ্টার বিরুদ্ধে তাঁর ভাষণকে সংশোধন করবার জন্য আমরা সংশোধনী প্রস্তাব রেখেছি। শুধু যে insecurity আমাদের এই শহরে এবং গ্রামের মধ্যেই বাংলাদেশের পুলিশের অযোগ্যতার জন্য সীমাবদ্ধ তা নয়, জীবন ধারণের পক্ষে সম্পূর্ণ অনিশ্চয়তা দেখা দিয়েছে সর্বত্র। ২দিন আগে আমি সীমান্ত গ্রামবাসীদের নিরাপত্তার অভাব সম্পর্কে যে প্রশ্ন করেছিলাম তার জবাবে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, হ্যাঁ, মামুলি ধরণের ২।১টি ঘটনা হতে পারে, কিন্তু এমন কিছু হয়নি যারজন্য বিশেষ ব্যবস্থা করতে হবে। আমি জানিনা তাঁর দপ্তর সঠিকভাবে খবর রাখে কিনা।

[ 5-30—5-40 p. m. ]

কারণ দিস্তা দিস্তা কাগজের দরখাস্ত যা গ্রামবাসীদের কাছ থেকে আমাকে দেওয়া হয়েছিল, সেগুলো তাঁর কাছে পাঠিয়েছি এবং আমি নিজেও লিখেছি। এই সীমান্তের গ্রামগুলির অবস্থা অত্যন্ত সঙ্গীন হয়ে দাঁড়িয়েছে। একটা চাষীর ঘরে যদি এক জোড়া বলদ চুরি যায় তাহলে তার দুঃখ পুত্র হারানোর চেয়ে সঙ্গীন অবস্থা হয়ে দাঁড়ায়। কৃষ্ণ পক্ষের রাত্রি এলে তারা রাত্রে ঘুমতে পারে না, সারা রাত তাদের জেগে পাহারা দিতে হয়। সেইজন্য আমি একটা প্রস্তাব করতে চেয়েছিলাম। মাননীয় জ্যোতি বাবু মহাশয় সেটা যদি বিবেচনা করেন তাহলে বাধিত হবো। এবং তিনি যদি বলেন যে আমার কাছে সেই রকম কোন খবর নেই তাহলে তিনি তাঁর কোন বিশ্বস্ত কর্মচারীকে সেই সীমান্তের কতকগুলি গ্রামে ঘুরে আসতে বলুন এবং সেখানকার গ্রামবাসীদের জিজ্ঞাসাবাদ করে আসতে বলুন। তাহলে বুঝতে পারবেন এটা সত্য ঘটনা কি মিথ্যা। আমি গত ১৩ তারিখে ওদিকে গিয়েছিলাম। সেখানে একটি গ্রামে মুকুটিয়ায় গিয়ে দেখি একজন ভদ্রলোক তার বারান্দায় বসে মড়া কান্না কাঁদছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করাতে তিনি বললেন রাত্রে তার দুটি বলদ এবং একটা মোষ পাকিস্তানীরা চুরি করে নিয়ে গেছে। তিনি বললেন যে আমি চাষ করবো কি করে বুঝতে পারছিনা। আমি তখন সেখানকার বি. ডি. ও-কে জিজ্ঞাসা করলাম যে আপনি এই ভদ্রলোকের জন্য একটা লোনের ব্যবস্থা করে দিতে পারেন? তিনি বললেন যে ৩০০ টাকা পর্যন্ত লোন পাওয়া যেতে পারে। কিন্তু আজকালকার দিনে ৩০০ টাকায় এক জোড়া বলদ পাওয়া যায় না। এমনি করে দিনের পর দিন, রাতের পর রাত, সীমান্তের গ্রামবাসীদের অবস্থা সঙ্গীন হয়ে দাঁড়াচ্ছে। আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটি হচ্ছে এই সীমান্ত রক্ষা করবার জন্য বর্ডার সিকিউরিটি ফোর্স বলে কতকগুলি কেন্দ্রীয় সরকারের নিয়োজিত পুলিশ সেখানে আছে, কিন্তু দুর্ভাগ্যের কথা যে গ্রামের লোকেদের তাদের উপর আস্থা খুব কম। গ্রামের লোক সব মিথ্যা কথা বলেনা—তারা আমার কাছে বলেছে— বেড়রামচন্দ্রপুর গ্রামের একটা বাড়ীতে রাত্রে একদিন হঠাৎ বাড়ীর মালিক গরু খোলার শব্দ পেল এবং তারপর সেই ভদ্রলোক ঝাঁপিয়ে পড়ে সেই যে গরু খুলছিল তাকে জাপটে ধরে, তখন দেখা গেল, যে লোকটাকে ধরা হলো

সেটা বর্ডার সিকিউরিটি ফোর্সের একজন কর্মচারী এবং আর একজন দৌড়ে পালিয়ে গিয়েছিল। কিন্তু যাবার সময় সে তার বুট জোড়াটি ফেলে যায় এবং দেখা যায় সেই বুট জোড়াটি বর্ডার সিকিউরিটি ফোর্সের বুট। তারপর সেই ধৃত লোকটিকে করিমপুর থানায় নিয়ে আসা হয়, থানায় তার রেকর্ড আছে। তারপর তাকে ডি এস. পি., কৃষ্ণনগর, তার কাছে নিয়ে আসা হয়। তারপর ডি. এস. পি., কৃষ্ণনগর এবং ডি. এস. পি বর্ডার সিকিউরিটি ফোর্স এই দুজনের জয়েণ্ট এনকোয়ারী করা হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত তার কোন এ্যাকশন নেওয়া হয়নি। এই রকম করে দেখছি যে বর্ডার সিকিউরিটি ফোর্সের লোকেরা সীমান্তের গ্রামে গরু চুরি এবং সম্পত্তি চুরির ব্যাপারে লিপ্ত হয়ে পড়ছে। আমি নিজে ব্যক্তিগত ভাবে জানি এবং দেখেওছি যে সীমান্তে যে সব জিনিস স্মাগ্‌লিং হয়, তা থেকে আরম্ভ করে সীমান্তের এপার থেকে ওপারে যাবার জন্য বিনা পাসপোর্টে এখানকার বর্ডার সিকিউরিটি ফোর্সকে ১০ টাকা এবং পাকিস্তানের বর্ডার সিকিউরিটি ফোর্সকে ৫ টাকা দিয়ে দিলেই তারা অনায়াসেই যাতায়াত করতে পারে। এটা সেখানকার একটা রেগুলার সিষ্টেম হয়ে দাঁড়িয়েছে। আমি তাই বলছি যে আমাদের চারিদিকে যে অশান্তি, তার সংগে সংগে সীমান্তের যারা অধিবাসী, তারা যাতে নিশ্চিন্তে বাস করতে পারেন, তার জন্য আপনারা সুবন্দোবস্ত করুন।

আমি আপনাদের আর বেশীক্ষণ সময় নষ্ট করবো না। আমি শুধু এটুকু বলবো যে সংবাদ পত্র এবং অন্যান্য চারিদিক থেকে যে রিপোর্ট পাই তাতে দেখলাম ১৯৬৯ সালের ১লা মার্চ থেকে যখন থেকে আপনাদের যুক্তফ্রন্ট সরকার চলছে তখন থেকে ৩১শে ডিসেম্বর ১৯৬৯ সাল পর্যন্ত number of clashes in urban and Industrial area—95 cases, number of clashes in rural area—348 cases approximately. অনেকগুলি রিপোর্ট হয়ত আমার নজরে আসেনি কাজেই এপ্রক্সিমেটলি আমি বলছি এর চেয়ে কম হবে না বরং বেশী হবে। Number of persons killed in the clashes of lawlessness—১৪৭ টা ছিল ৩১ ডিসেম্বর পর্যন্ত, তারপর আরো কিছু এ্যাড হয়েছে। Number of persons injured—about 800. তারপর সেই সংখ্যা এ্যাড হয়ে ১০০০-এ দাঁড়িয়েছে। Number of persons rendered homeless due to lawlessness—about 170. এই যে আমরা বললাম হাউসগুলি লুট করা হয়েছে তাতে সম্পত্তি নষ্ট হয়েছে amount of property looted সেগুলি হলো ৮০টি বাড়ী। ৫ হাজার টাকা করে একটি বাড়ীর দাম যদি ধরি তাহলে ৪ লক্ষ টাকার মত হয় about 4 laks including Raiganj Number of houses destroyed throuhg arson. এখানে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় নিজেই তার পরিসংখ্যান দিয়েছেন তিনি বলেছেন যে ১৬৩টি ইনডাসট্রিয়াল ইউনিটস employing বারো হাজার ছয় শত উনপঞ্চাশ জন workers were closed during the period. এবং এগুলি হচ্ছে units declared other than permanently closed. পারমামেণ্টলী ক্লোজও যদি ধরা যায় তাহলে তারজন্য আরো এ্যাড হবে ১৪৪টি তাতে affected হচ্ছে ১২,০০০। এই যে লিষ্ট, এই লিষ্ট থেকে ইনডাষ্ট্রিয়াল এরিয়ায় কি প্রতিক্রিয়া হচ্ছে যুক্তফ্রন্ট সরকার গদীতে আসার পর তার একটি চিত্র পাওয়া যাচ্ছে। আমি বলেছিলাম যে সমস্তই যে লেবার ট্রাবলের জন্য বন্ধ হয়ে আছে সেকথা বলবো না, কিন্তু যে ক্লাইমেট দরকার ইনডাসট্রি পরিচালনার জন্য সেই ক্লাইমেটের দারুন অভাব হয়েছে এই কথা কেউ অস্বীকার করতে পারবেন না। এখন বাংলা দেশে এই অবস্থা দাঁড়িয়েছে যে কতকগুলি Industry, তারা হয় ক্লোজ করতে চাচ্ছে, না হয় তারা ওয়েষ্ট বেঙ্গল থেকে shifting outside West Bengal এটা করতে চাচ্ছে। আমাদের শিল্পমন্ত্রীর সঙ্গে সুর মিলিয়ে অন্যান্য মন্ত্রীরা বলছেন যে বাংলা দেশ থেকে কোন ক্যাপিটাল ফ্লাইটের খবর তাঁদের জানা নেই এবং হয়নি। ক্যাপিটাল ফ্লাইট প্রমাণ করা একটু কঠিন ব্যাপার এবং এই ক্যাপিটাল ফ্লাইট একমাত্র রিজার্ভ ব্যাঙ্ক এবং ষ্টেট ব্যাংকগুলির diposits and transfer কথার উপর নির্ভর করা যায়। কিন্তু নূতন ক্যাপিটাল বিনিয়োগ হচ্ছে না বাংলা দেশে আজ এই চিত্র সর্বত্র দেখতে পাচ্ছি।

[ 5-40—5-50 p.m. ]

আমরা গত ৩ বছরে দেখতে পাচ্ছি New floation of Company in West Bengal. ১৯৬০-৬১ সালে সেটা উঠেছিল ৪৩১ সেটা ১৯৬৮-৬৯ সালের শেষে ১৯৯-এ নেমে গেছে। January থেকে November 1969 সালে ১৮২টি, আরো নেমে গেছে। ক্যাপিটাল ইসু যেটা প্রাইভেট সেকটার ইনডাসট্রিতে এককালে হয়েছিল নরম্যালি ১৩ থেকে ১৪ কোটী টাকা, সেখানে January থেকে নভেম্বর ১৯৬৯ সালে ৯ কোটী ৮৯ লক্ষ টাকায় দাঁড়িয়েছে। প্রাইভেট সেকটার কোম্পানী যেগুলি লিষ্ট করেছে তাদের রেজিষ্টার office from West Bengal High Court-এর কাছ থেকে অনুমতি নিয়ে ৬টা। New factories registered in West Bengal under Factories Act দেখতে পাচ্ছি ১৯৬৬ সালে যেটা ১৮১ ছিল ১৯৬৯ সালে সেটা নেমে ১৫৪ হয়ে গেছে এবং ১৫৪ যেটা হয়েছে সেটা বড় কোম্পানী নয়, তার মধ্যে এম্পলয়মেন্ট পোটেনশিয়াল মাত্র ৬ হাজার। Number of average workmen employed in registered factories যদি দেখা যায় তাহলে দেখতে পাওয়া যাবে ১৯৬৬ সালে ৮ লক্ষ ১২ হাজার ১৬৮, ফিগার যেটা রাইজিং ছিল সেটা ১৯৬৮ সালে ৮ লক্ষ ৫ হাজার হয়েছে, প্রায় ২২ হাজার কম। এবং ১৯৬৯-৭০ সালে ফিগার এখনও হয়নি, কিন্তু যতটা পাওয়া গেছে তাতে দেখা গেছে যে ১৬৩টি ইউনিট যেখানে ক্লোজ ডাউন হয়ে গেছে সেখানে ৮ লক্ষ হবে না। এই যে অবস্থা এ সম্বন্ধে আমি বলতে চাই........

**মিঃ স্পীকার :** ডঃ সান্যাল, আপনার সময় হয়ে গেছে আপনি আর ৫ মিনিটের মধ্যে শেষ করুন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** আমি পরিশেষে যুক্তফ্রন্টের যে স্বরূপ সেটা যুক্তফ্রন্টের সমস্ত যারা শরিক তাদের অনুধাবন করবার জন্য আপনার মাধ্যমে কিছু বলতে চাই। যুক্তফ্রন্টের যে আইডিয়া, ট্যাকটিক্স্ of the United Front, এই যে কৌশল Non Communist বন্ধুদের কাছে একজন্য রাখছি যে they should know. Douglas Hyge একটা বই লিখেছেন সেটা দয়া করে পড়লে, বুঝতে পারবেন। প্রথম পপুলার ফ্রন্ট পার্টি ১৯৩০ সালের কাছাকাছি সময় সুরু হয় এবং তারও আগে ১৯২২ সালের ২১শে জানুয়ারী 3rd International Conference-এ আলোচিত হয় এই United Front ট্যাকটিক্স্ কারেন্টলি প্রায় সমস্ত Communist—অন্যান্য দেশের যারা Communist Party তারা অবলম্বন করে থাকে এবং সাধারণতঃ এর উদ্দেশ্য হচ্ছে, আপনাকে একটু পড়ে শোনাই ইন্টারেষ্টিং কোটেসান—

The essence of the tactles is to discover popular slogans and genuine grievances around which joint activity can be developed and then in due course using this activity to strengthen the Communist Party and to destroy the foes and rivals. একজন ইংরেজ Communist Party-র লিডার Tommy Jackson লিখেছেন to take them by the hand as a preliminary to taking them by the throat. United front-এর টেকটিস্ হচ্ছে—The U. F. tactics is the art of using as your allies those whom you wish to destroy. তার—ঘুটে পোড়ে, গোবর হাঁসে। আজ যারা Non-Communist বন্ধু আছেন তাঁরা বুঝতে পাচ্ছেন না—আমি Communist Party কে ধন্যবাদ দিচ্ছি কারণ তারা তাদের নিজেদের লাইনে চালাচ্ছেন, তাঁদের গুরু যা লিখে গেছেন সে পথে ঠিক চালাচ্ছেন কিন্তু অন্যরা যারা fellow traveller পার্টি তাদের আমি warn করছি তারা যদি এখনও নিজেরা সংযত না হন তাহলে তারা সকলে সম্পূর্ণ ভাবে নষ্ট হয়ে যাবেন। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে সংশোধনী প্রস্তাব আমি দিয়েছি তা গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

**শ্রীসুশীল কুমার ধাড়া :** মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আমাদের সাংবিধানিক রীতি অনুসারে আমাদের সমর্থন করতেই হবে। কাজেই আমি সরকারের মন্ত্রী আমাকে তো তা করতে হবেই এবং সেই করতে উঠে আমি রাজ্যপালের ভাষণের ছাপান বইটার চতুর্থ পৃষ্ঠার ১০ম অনুচ্ছেদের যেখানে পুলিশের সম্পর্কে তিনি বলেছেন, পুলিশের কাজ ও কর্ম পদ্ধতি সম্পর্কিত অভিযোগের মোকাবিলা করতে অধিকতর প্রয়াস করতে হবে এবং সেইজন্য তিনি ধন্যবাদার্হ। অভিযোগ তাহলে আছে। অনেক অভিযোগ আছে নিশ্চয়। রাজ্যপাল বুঝতে পেরেছেন এবং সেই কারণে তিনি এই কথাগুলো সন্নিবেশিত করেছেন। গত ২ তারিখ থেকে আজ পর্যন্ত ও পক্ষ এবং এ পক্ষ-এর বহু সদস্যের মুখ থেকেই এই অভিযোগ শোনা গিয়েছে এবং বিধান সভার বাইরে অসংখ্য মানুষের কাছ থেকে গত আট মাসে আরও শোনা গিয়েছে। যুক্তফ্রন্টের বিভিন্ন দলনেতার কাছ থেকে সেকথা শোনা গিয়েছে, তাঁদের অভিযোগ কাগজে ছাপান হয়েছে, তাঁরা বিবৃতি দিয়েছেন দলের তরফ থেকে, বিভিন্ন দলের মন্ত্রীরা ভাষণ দিয়েছেন বিভিন্ন জায়গায়। শুধু অভিযোগ, অভিযোগ আর অভিযোগ। সেই অভিযোগ কখনও করুণ, কখনও নিষ্ঠুর, কখনও বা মর্মস্পর্শী, কখনও বা তা বেদনাদায়কও। সেই অভিযোগের মধ্যে আছে এমন যে মানুষের জীবন বিপন্ন হওয়া এবং জীবন হানি হলেও পুলিশের নিষ্ক্রিয়তার কথা ধ্বনিত হয়েছে, তেমনি আছে ধর্ষিতা নারীর করুণ কাহিনী থানায় নেওয়া হয় নি, ভাল করে শোনা হয় নি সেকথাও আছে, সে কথাও প্রতিধ্বনিত হয়েছে। এই অভিযোগের মধ্যে যে নারী লাঞ্ছিত হয়েছে সে কাহিনীও আছে। আমি সব ঘটনার কথা বলতে পারব না, জানি না বলে নয়। জানি ; কিন্তু কতকগুলো সাব-জুডিস আছে, আর কতগুলো সম্পর্কেই বা বলব, ঘটনার সংখ্যা যে অনেক এবং আমার সময় যে সীমিত। তাই তো বলতে পারব না। কিন্তু খুব সম্প্রতিকালে যে ঘটনা মেদিনীপুর জেলার নারায়ণগড়ে হয়েছে এবং স্বরাষ্ট্র দপ্তরে নিয়ে যাওয়া হয়েছিল সেখানে থানা কি আচরণ করেছিল সেটা জানার কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড়ই বেদনার সংগে অত্যন্ত কঠোরভাবে একথা বলতে বাধ্য হচ্ছি যে সরকারের মধ্যে আছি, এক জন মন্ত্রী আমি, শুধু তাই নয় একটা দলের সাধারণ সম্পাদক আমি, আমরা কিছু করতে পারছি না। এই ব্যার্থতার কান্না অনবরত পীড়িত করছে,

[ 5-50—6-00 p.m. ]

দলিত করছে, মথিত করছে, ব্যথিত করছে। মন্ত্রীরূপে সারা দিনে শতকরা ২৫ ভাগ, ৩০ ভাগ কাজ হয়েছে টেলিফোনে। টেলিফোন করে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে, এস, ডি, ও-কে, এস, ডি, পি-কে এস, পি-কে বলা যে একটু দেখুন না এখানে এই সমস্ত হচ্ছে, ওখানে অমুক পার্টির লোকেরা খাণ্ডা নিয়ে, বর্শা নিয়ে, বল্লম নিয়ে, তীর নিয়ে, মারনাস্ত্র নিয়ে, বোমা নিয়ে ওরা আক্রমণ করছে, ওরা যে কান্নাকাটি করছে এখানে এসে বলছে। তারা এসে বলছে তাদের সব সময় ভালভাবে নিতে পারিনি। সেইজন্য সব সময় মেজাজও ঠিক রাখতে পারিনি, পরে দুঃখিত হয়েছি, লজ্জিত হয়েছি যে তারা অসহায়ভাবে এসেছে। কারো কাছে তারা সাহায্য পায়নি, নিভৃতে সহযোগিতা পায়নি, কেঁদে চলে গিয়েছে। এমন কি মুখ্যমন্ত্রীর কাছে অনেক লোক গিয়েছে আমি জানি। উনিও সব সময় মেজাজ ঠিক রাখতে পারেননি, বলেছেন আমি কি করবো ; একথা আমি নিজে ওঁর পাশে বসে শুনেছি। তখন হয়ত আমি তাকে ডেকে নিয়ে একটু সান্ত্বনা দিয়েছি। এই সান্ত্বনা দেবার কাজ, তার ঐ অভিযোগ শোনার কাজ, আর ঐ অভিযোগগুলি নিয়ে অফিসারদের বলেছি, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে বলেছি। স্যার বলছে, এখনও স্যার বলে, বলে বলেছে দেখছি। ৬ দিন, ৭ দিন পর আবার সে ব্যাচারা এসে কান্নাকাটি করে বলেছেন, আবার বললাম মিঃ সো এ্যাণ্ড সো, কি হল, একে দেখলেন না তো? বললেন হ্যাঁ স্যার, দেখছি। কিন্তু কি করে বলবো, স্যার, আমি পুলিশকে বলেছি, পুলিশ না করলে আমি কি করবো। পুলিশ ফাংশন করছেনা, পুলিশ কাজ করছে না, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের কাছে শুনতে হয়েছে একথা মন্ত্রী হিসাবে। একথা বারবার শুনতে

হয়েছে, একবার নয়, অনেক বার, এর চেয়ে লজ্জার কথা আর কি হতে পারে। রাজ্যপালের ভাষণে ঠিক কথাই বলেছে যে অভিযোগ। সেই অভিযোগ আজকে বিধানসভা ভবনের চারদিকে প্রতিধ্বনিত হচ্ছে। এর ভিতরে ও বাইরে আকাশে বাতাসে একথা ধ্বনিত হচ্ছে অভিযোগ। কার বিরুদ্ধে অভিযোগ? এই অভিযোগ আমাদের শরিক দলগুলির সব চেয়ে বড় দল মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টির বিরুদ্ধে। কত অভিযোগ আপনাদের কাছে তুলে ধরবো। ব্যস্ত হবেন না ব্যস্ত হবেন না আপনারা, আমি আজকে আপনাদের কাছে কতকগুলি তথ্য পরিবেশন করবো। এই অভিযোগ বিভিন্নমুখী। অভিযোগ শুধু ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে নয়, অভিযোগ কৃষিক্ষেত্রে রয়েছে, অভিযোগ হাসপাতালের ক্ষেত্রে রয়েছে, অভিযোগ সাধারণ মানুষের নাগরিক জীবনের নিরাপত্তাবোধে অভাব রয়েছে। কনষ্টিটিউশনের কথা বলছি আমরা অনবরত, কিন্তু এই কনষ্টিটিউশনে আমরা এখানে এসেছি একথা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি নিশ্চয়ই জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় নির্বাচিত হয়েই এখানে এসেছেন এবং কনষ্টিটিউশনের, সংবিধানের অধিকার অনুসারেই আমাদের ভোটের জন্য যেতে হয়েছে, যেতে হয়েছে বাড়ীতে বাড়ীতে, মানুষের কাছে এবং সেখানে গিয়ে বলতে হয়েছে আমরা ৩২ দফা কার্যসূচীর সফল রূপায়ন করবো। স্পীকার, স্যার, আপনার নিশ্চয়ই মনে আছে ৩২ দফা কার্যসূচীর প্রথম দফার প্রথম লাইনে লেখা আছে একটি স্বচ্ছ প্রশাসন ব্যবস্থা প্রচলন করা হবে। কেন এই অভিযোগের কথা আজকে তুললেন রাজ্যপাল? এর দ্বারা স্পষ্ট বোঝা যাচ্ছে তাঁর কাছে একথা নিশ্চয়ই গিয়েছে। আর সেই অভিযোগগুলি যদি একে একে ধরি তাহলে শুধু নাগরিক জীবনেই নয় প্রশাসনিক ব্যবস্থার মধ্যেও কি চলছে? থানার উপর নিপীড়ন চলছে, ডি, আই, অফিসারের উপর নিপীড়ন চলছে, এস, আইদের উপর নিপীড়ন চলছে, নিপীড়ন চলছে সরকারী দপ্তরখানাগুলির উপর, এস, ডি, পি, ও-র উপর, ডি, এস, পি-র উপর, এস, পি-র উপর। নারভাস হয়ে গিয়েছে সমস্ত প্রশাসন যন্ত্র। অধিকাংশ অফিসার আজ নার্ভাস একথা অস্বীকার করতে পারবেন না। আমি শিল্পমন্ত্রী, আমার অধীনে কয়েকটি প্রকল্প আছে, আপনারা জানেন আজকে কোন ম্যানেজারিয়াল ষ্টাফের সাহস নেই যে সেখানে সাধারণ কর্মীদের বিরুদ্ধে একটা কথা বলে বা এমন কোন নির্দেশ দিতে পারেন যা তাদের এক্সপিরিয়েন্সে ভাল বলে মনে করছেন। বলবার সাহস তাঁরা হারিয়ে ফেলেছেন। কারণ আমি নিজে দেখেছি আমাদের কল্যাণী স্পিনিং মিলের অফিসারকে ঘরের মধ্যে ঢুকিয়ে বর্শা দিয়ে খুচিয়ে খুচিয়ে মারা হয়েছে।

আমি জানি আমাদের দুর্গাপুর প্রজেক্টের পারসোনেল অফিসারের হাতটা কমপাউণ্ড ফ্যাকচার করে দিয়েছে। এর পরে কোন অফিসারের সাহস আছে যে এদের বিরুদ্ধে কোন কথা বলবে। সেখানকার কোন রেটারমেন্টের কথা, কোন উন্নয়নের কথা বলতে সাহস করতে পারে। আমরা কোন কিছুই করতে পারি না। পুলিশ ইনএ্যাকসান রয়েছে, আমার কাছে বারে বারে টেলিফোন এসেছে দুর্গাপুর, কল্যাণী থেকে, তারা বলে আপনি পুলিশকে বলুন। আমরা বললে পুলিশ কাজ করে না, প্রশাসনযন্ত্র কাজ করে না, নিষ্ক্রিয় হয়ে থাকে, নির্বীর্য্য হয়ে থাকে—কেন এমন হল? আমি বলতাম না একথা তত করে যদি দেখতে পেতাম ওখানে যারা হাংগামা গুলি করে সেখানকার প্রসাশন ব্যবস্থাকে, সেখানকার পরিচালন ব্যবস্থাকে পংগু করে তা এমন একটি রাজনৈতিক দলের লোক যে দলের লোক ঐ ঐ বিভাগে- প্রশাসন বিভাগের মন্ত্রী নন। এদের দেখতে পেতাম তাহলে বুঝতে পারতাম কিন্তু সেই বিভাগেরই মানুষ নেতা তিনি প্রশাসন দপ্তরের মন্ত্রী এবং সেই মানুষরাই সেখানে ইউনিয়ান মোটামুটি তাদের দখলে রেখেছেন। তারা এই কাণ্ডকারখানা করেছে কাজেই এটা স্বতঃই বিস্ময়ের সংগে সকলের মনে হয়েছে—তাই বোধ হয় এই বিধানসভায় ৫ দিন ধরে প্রতিধ্বনিত হয়েছে সকলের মুখে মুখে। আজকে চারিদিকে এই অভিযোগ, অভিযোগ, অভিযোগ। আমরা দেখেছি যে শ্রমিক ইউনিয়ানের ক্ষেত্রে আমি দু চারটা ঘটনার কথা বলি কোন এ্যাকসান হয়নি। আমি আপনার কাছে তথ্য দিতে চাইছি এমনি এমনি কিছু বলতে চাইছি না এবং সে তথ্যের মধ্যে

দিয়ে আমি আপনাদের এই কথাই বলব যে আমাদের একটা ঘটনা আপনাদের বলব সে হল ২৯-তারিখের ঘটনা। পি. এস. পি পার্টির তিনি যুগ্ম সম্পাদক অশোক নগরের শ্রীশৈলেন চক্রবর্তী হাওড়ার স্পিনিং মিল থেকে কাজ করে বাড়ী ফিরছিলেন। তাকে সি. পি. এম-এর কর্মীরা আক্রমণ করলো এবং এমন ভাবে মারলো যে বোধ হয় ভাবলো মারা গেছে এবং এই ভেবে পালিয়ে গেল। রাত্রিতে পুলিশ তাকে নিয়ে এল, সে পুলিশের কাছে এজাহার দিল যে সুবোধ ঘোষ, বিশ্বনাথ ভট্টাচার্য্য, তারক বিশ্বাস প্রভৃতি তাকে মেরেছে এবং এরা সবাই সি. পি. এম-এর কর্মি। কিন্তু এদের বিরুদ্ধে কোন এ্যাকসান নেওয়া হয়নি। হতে পারে এটা সাব-জুডিস— আমি সাব-জুডিস কিনা জানি না। যদি সাব-জুডিস হয় স্পীকার মহাশয় আপনি মুছে দেবেন, আমি কি করে জানবো কোনটা সাব-জুডিস আছে না আছে। কিন্তু আমার কাছে অভিযোগ এসেছে যে কোন এ্যাকসান নেওয়া হয়নি। ১২-৭-তারিখের আরো একটি ঘটনার কথা আমি বলতে চাই, সেটা হচ্ছে রাজাবাগানের। ডক ইয়ার্ডের এইচ. এম. এস-এর ইউনিয়ান, তাদের লোকদের এ আই. টি. ইউ. সি-র লোকেরা প্রচণ্ড ভাবে মারধোর করলো এবং ভারি মজার কথা এই এ. আই. টি. ইউ. সি-র ওখানকার সভাপতি হচ্ছেন আমাদের বর্তমানের শ্রমমন্ত্রী শ্রীকৃষ্ণপদ ঘোষ। আমার কাছে যা ইনফরমেসান আছে এটা হয়ত অসত্য কথা হতে পারে আমি জানি না। পুলিশ কেস হয়, হাসপাতালে রিমুভ করা হয়, কিন্তু এর কোন এ্যাকসান আজ পর্যন্ত নেওয়া হয়নি। আমি পুলিশের কথাই বলব। হতে পারে উনি তার সভাপতি নন, আমি বাদ দিলাম কথাটা কিন্তু এটা এ. আই. টি. ইউ. সি-র ঘটনা পুলিশ প্রোটেকসান কিছু দেওয়া হল না, এইচ. এম. এস-এর কোন প্রোটেকশান তারা পেল না। পরের দিন সকাল ১১টায় আর. এস. এন. কোম্পানী তাদের তিনখানা ষ্টিমারে করে লোকজন নিয়ে এবং গুণ্ডা নিয়ে এল সেই গুণ্ডারা এসে জখম করলো ৫২ জন শ্রমিককে। থানার কেস নাম্বার হলো ১২-৭-৬৯ তারিখের। এখানে পুলিশ কোন এ্যাকসান নেয়নি।

[ 6-00—6-10 p.m. ]

এখানেও কোন পুলিস action নেয় নাই। আমি আজকে আপনার কাছে বলছি, এমনিধারা আরো অনেক ঘটনার কথা বলতে পারবো। হয়ত তার মধ্যে কোন কোন অংশ একটু-আধটু ভুল হতে পারে। তাই বলে যে সমস্ত ঘটনাটা অশুদ্ধ হয়ে যাবে বা বাতিল হয়ে যাবে একথা মনে করবার কারণ নাই। তবে আমি এটা নিশ্চয়ই বলবো—মাননীয় সদস্য কাশীকান্তবাবু আজকে শিল্পের অবস্থা সম্বন্ধে যে কথা বলেছেন, শিল্পমন্ত্রী হিসেবে আমার বলারও দায়িত্ব আছে। ডঃ নলিনাক্ষ সান্যালও সেকথা উল্লেখ করেছেন কিছু কিছু। এই কয়েক দিন ধরে আরো কিছু কিছু সদস্য সম্বন্ধে কিছু কিছু বলেছেন। তবে আমি একটা কথা বলবো - কয়েকটি শিল্প যা এখন বন্ধ আছে সে সম্বন্ধে বিশেষ কিছু আমার বলবার নাই। সেই বন্ধ কারখানাগুলো বিভিন্ন কারণে বিভিন্ন অবস্থায় বন্ধ আছে। একথা ডঃ সান্যালও স্বীকার করেছেন। তার মধ্যে উনি যে সমস্ত কারখানার নাম করেছিলেন, সেগুলি পড়বে না। আমি যতদূর জানি। খবর নিয়েছিলাম তার বেশীরভাগ যে কারখানাগুলো বন্ধ হয়ে আছে—তার মধ্যে বেঙ্গল ল্যাম্প একটা। সেটা বেশ ভাল লাভজনক কারখানা। এটা চললে পর দেশের সম্পদ ও সমৃদ্ধি বাড়তো। এঁরা সামান্য মূলধন নিয়ে আরম্ভ করেছিলেন। বাংলাদেশে শিল্পক্ষেত্রে একটা উজ্জ্বল সম্ভাবনাময় কারখানা সৃষ্টি হয়েছিল। এমন কারখানাটি আজ বন্ধ হয়ে আছে। আর সেই কারখানার কর্মীরা আজ কাঁচা তরকারী ইত্যাদি ব্যবসায় করে কোনরকমে দিনাতিপাত করছেন। যারা সেখানে কাজ করতে যেতে চায় তাদের কাজে যেতে দিচ্ছে না ; সেখানে শ্রমিক ইউনিয়ন তাদের কাজ করতে দেবে না, বাধা দিচ্ছে। সেজন্য তারা কাজ করতে পারছে না। এবং এই কারণেই সেই কারখানাটা খোলা সম্ভবপর হচ্ছে না। বন্ধ কারখানার মধ্যে আরো কোন কোন জায়গায়, মাননীয় মৈত্র মহাশয়কে একথা বলবো—হাঁ

শিল্পপতিদের অনমনীয় মনোভাবের জন্য কোন কোন জায়গায় তাই হয়েছে—বন্ধ হয়ে আছে। সেখানে অনেক চেষ্টা করেও কোন মীমাংসা করা যায়নি।

তারপর Capital flight-এর কথা ডাঃ সান্যাল ও মৈত্র মহাশয় বলেছেন। Capital flight-এর কথা তাঁরা আমার নাম করে বলেছেন যে আমি সেকথা বলেছি। তাঁদের এটা বলা ভুল হয়েছে। Capital flight হয়েছে—একথা আমি কখনো বলিনি। প্রশ্নোত্তরে এই Capital flight যে sense-এ যেভাবে বলা যায় তা হয় নাই—Capital investment বন্ধ হয়েছে—, Capital Siezed হয়ে গেছে। শিল্পপতিদের মনে একটা আশংকা ও আতংক দেখা দিয়েছে—নিরাপত্তা যেখানে নাই—এই অবস্থায় যেখানে শিল্পে-শান্তি রক্ষা করবার জন্য পুলিস কোনরকম ভাবে সাহায্য করতে পারবে না, প্রশাসন যন্ত্র সাহায্যের জন্য এগিয়ে আসবে না, সেখানে শিল্পে মূলধন বিনিয়োগ করে কী হবে? এই রকম অবস্থা এখন এসেছে। আজকে চা শিল্পেও এইরকম অবস্থা হয়েছে। আজ ভারতবর্ষের এতবড় একটা শিল্প, বাইরে রপ্তানী করবার সুযোগ আজ হারিয়ে যাচ্ছে, সুযোগ নষ্ট করা হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নাই।

West Bengal Financial Corporation যেটা রয়েছে তার কাছ থেকে পরিসংখ্যান নিয়েছি, অক্টোবর মাসের পরিসংখ্যানে দেখা যাচ্ছে এই আর্থিক বছরে শতকরা ২২ থেকে ২৫ ভাগ, ২২ থেকে ২৫ পার্সেন্ট Production fall করেছে। যুক্তফ্রন্ট সরকার যেখানে শাসন করেছে সেখানে production fall করেছে। যুক্তফ্রন্ট সরকার কেরালায়ও চলেছিল; কিন্তু সেখানে production বেড়েছে। আমাদের এখান থেকে শিল্পপতিরা কেরালায় ও মহারাষ্ট্রে unit খোলবার চেষ্টা করেছে। অথচ এখানে তারা সে চেষ্টা করছে না। আমরা যে চেষ্টা করবো সেই রকম অনুকূল আবহাওয়া চাই, প্রশাসন যন্ত্রকে শিল্পে নিরাপত্তার সাহায্যে এগিয়ে আসতে হবে। সেই সঙ্গে সঙ্গে শ্রম দপ্তরকেও এবিষয়ে এসে সাহায্য করতে হবে। এছাড়া শিল্প সমৃদ্ধির দিকে এগিয়ে যেতে পারে না এবং লক্ষ লক্ষ বেকার তরুনকেও আমরা সেখানে কর্ম-সংস্থানের ব্যবস্থা করতে পারবো না। বরং বলা যেতে পারে এই বৎসর অনেকগুলি কারখানা বন্ধ হয়েছে, তার ফলে অনেক শ্রমিক বেকার হয়ে গেছে—এইভাবে বেকারত্ব বাড়ল। অথচ বেকারীর সংখ্যা দূর করবার জন্য যুক্তফ্রন্ট সরকার প্রতিশ্রুতিবদ্ধ, সেই প্রতিশ্রুতি ভংগ হয়ে যাবে বলে আমার আশংকা হচ্ছে। তারপরে আমাদের রাজ্যপাল ভূমিনীতি সম্বন্ধে যেকথা বলেছেন তাতে তিনি উল্লেখ করেছেন "আমার সরকার পরিবার পিছু তিন একর পর্যন্ত কৃষিজমির খাজনা মুকুব করেছেন এবং বৃহত্তর জোতগুলির জন্য খাজনার ক্রমবর্ধমান হার প্রবর্তন করেছেন।" আমি শুধু এই বাক্যটা তিনি যোগ করেছেন বলে তাঁকে ধন্যবাদ দিচ্ছি, খুব ভাল কাজ করেছেন—এ বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু সেই সংগে সংগে আমি বলব আমরা সকলে মিলে ভূমি বণ্টন-এর যে নীতি ঠিক করেছি তার চরম অবমাননা করা হয়ে গেছে বহু ক্ষেত্রে। এমন ঘটনা আমার কাছে এসেছে সামান্য জমি যারা পেয়েছে সেই জমির ধান কেটে নিয়ে গেল। ভূমি রাজস্ব মন্ত্রী মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতা, সারাজীবন ধরে তিনি সম্পূর্ণভাবে ভূমিহীন মানুষের কল্যাণের জন্য সংগ্রাম করেছিলেন, তাই আমাদের সকলের মনে এই আশা নিশ্চয়ই হয়েছিল যে তিনি এই বিষয়ে অনেকদূর অগ্রসর হতে পারবেন। আমি নাম বলি, আমার নিজের জেলা থেকে আরম্ভ করি—মেদিনীপুর জেলায় শ্রীমতী নবি দাসী, লোধাপাড়া শালবনী থানার, তিনি সরকারের খাসজমি ১২ কাঠা মাত্র পেয়েছিলেন—দুঃখের কথা, লজ্জার কথা ১২ কাঠা জমির ধান মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোকেরা কেটে নিয়ে চলে গেছে। অসহায় বিধবা, কি খাবে জানি না। শ্রীজয়কৃষ্ণ বাগলা, ২২/২৪ বিঘা জমি—নিশ্চয়ই আপনি জানেন যদি ফ্যামিলি সিলিং ধরি তাহলে ৭৫ বিঘা পর্যন্ত জমি রাখতে পারে, যুক্তফ্রন্ট সেটা মেনে নিয়েছেন এবং ফ্যামিলি সিলিং-এর মধ্যে সেটা আছে ২২/২৪ বিঘা বাস্তুসহ, শুধু আবাদের জমি নয়। ২১-১১-৭০ তারিখে তার সমস্ত ধান কেটে নিয়ে গেছে ওরা এবং যখন সেই ধান কাটা হচ্ছিল কয়েক বিঘা জমিতে সেই কাটার

পর ট্রায়িং ম্যাজিস্ট্রেট গেলেন, মিঃ ভাদুড়ী, আর পুলিশ গেলেন—ওঁদের বল্লেন তোমরা ধান কাটছ কেন—একটা মিটমাট করা হল, তারা বললো আমরা এতক্ষণ কেটেছি, তাহলে মজুরী দাও, ১০০ টাকায় রফা হল। শালবনী থানার এম. এল. এ. এখানে আছেন। আমি নিজে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে খবর নিয়েছিলাম। সেই জমি সম্পূর্ণ নিজস্ব নামে, কোনরকম গণ্ডগোল সেই জমিতে নেই। তারপর একটা মিটমাট হল এবং মজুরী ধার্য হল ১০০ টাকা। সেই ভদ্রলোকের ট্যাকে মাত্র ৫০ টাকা ছিল, তিনি ৫০ টাকা দিলেন, আর হাতের সোনার আংটিটা খুলে দিয়ে দিলেন। পুলিশ বল্লো এবার গাড়ী নিয়ে এসো তোমার বাড়ী থেকে, তিনি ১৫ খানা গরুর গাড়ী যোগাড় করলেন, ধান বোঝাই হল, যখন গরুর গাড়ী চলতে লাগল তখন চারিদিক থেকে তীর আসতে লাগল এবং পিল পিল করে লোক আসতে লাগল, পুলিশ তিনজন জখম হয়ে গেল এবং যখন একজন পুলিশের এফোঁড় ওফোঁড় হয়ে গেল তখন পুলিশ গুলী চালিয়েছে এবং তাতে তিনজন মারা গেছেন, সাতজন পুলিশ জখম হয়েছেন। এই যে ঘটনা ঘটল অবাক কাণ্ড—আমি নিজে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে চারবার বলেছি ১৬ খানা গাড়ী কেন ফেরত দেন নি।

[ 6-10—6-20 p.m. ]

এতো প্যালপেবেল কেস এবং ওদের অনুকূলে কেস। তিনি আমার কাছে স্বীকার করেছেন হ্যাঁ, মিঃ চক্রবর্তী আমাকে চারবার বলেছেন গরুরগাড়ী ফেরত দেওয়া হবে, কিন্তু আজও ফেরত দেওয়া হয়নি। এম. এল. এ. লোকদের নিয়ে গেছেন তবুও গরুরগাড়ী ফেরত দেওয়া হয়নি। কত অসহায় অবস্থা—কেন প্রশাসনযন্ত্র এমনি করেন? চারিদিকে লোকেরা বলছে, সেখানকার লোকেরা বলছে যেহেতু সি. পি. এম-এর লোকেরা এই কাণ্ডটি করেছিল সেহেতু ডি. এম. সেই প্রশাসনযন্ত্রের একজন অন্যতম ধারক-বাহকরূপে তিনি সাহস করছেন না। ধান নয়, টাকা নয়, গরুরগাড়ি পর্যন্ত ফেরত পায়নি। সেই ভদ্রলোক কত অসহায় বোধ করছেন। নভেম্বর থেকে এই কয়েকমাসের ঘটনায় যা ঘটেছে সেটা আপনারা একটু চিন্তা করে দেখুন। আমরা ভূমি নীতির উন্নতি করছি অথচ একদিকে কিন্তু এই সব ঘটেছে। সেখ ইউসুফ, পিংলা থানায় তার মাত্র ৮/৯ বিঘা জমি আছে। অগ্রহায়ণ মাসের কথা, আমার তারিখটা ঠিক মনে নেই, তার ধান এবং অন্যান্য জিনিস লুঠ হয়ে গেছে। এখন তার এমন অবস্থা হয়েছে, তার কোন উপায় নেই। জি. আর. পর্যন্ত দেওয়া হয়নি। সেখানেও ঐ লুণ্ঠনকারী সি. পি. এম. এবং আশ্চর্য্যের কথা, সে জি. আর-এর জন্য লিখিত ভাবে আবেদন করেছে কিন্তু জি. আর. স্যাংশন হবে না। তাকে না খেয়ে মরতে হবে। এই অবস্থা আপনাদের জানতে হবে। কাজেই আমি বলবো ভূমি নীতিতে একদিকে যেমন এই সমস্ত হয়েছে তেমনি অন্য দিকে অন্য অবস্থাও হয়েছে। বসন্ত কুমার রায়, মানুলি থানা আমাদের বামুনগোলার কথা, সে মাত্র ৭/৮ বিঘা জমির মালিক, সেখানেও সি. পি. এম-এর লোকেরা ঝাণ্ডা হাতে তার জমি দখল করেছে। সেখানে সেকশন ১৪৪ চালু হয়েছে, কিন্তু তা সত্ত্বেও হয়েছে। বিজয় কুমার রায়, বামুনগোলা, ভিলেজ মানুলি, সেখানেও ১৪৪ জারী করা রয়েছে কিন্তু তা সত্ত্বেও একই ঘটনা সেখানে ঘটেছে। এবং সেখানে টিয়ার গ্যাস নিয়ে আর্মড পুলিশ ছিল কিন্তু আশ্চর্য্যের কথা তার কোন এ্যাকশন নেওয়া হয়নি, পুলিশ চুপ করে দাঁড়িয়ে রইলো। আমি কি বলবো, লোকেরা যে এই কথা বলছে, তার কি জবাব হবে? সি পি. এম. এর লোকেরা যারা লুঠ করে এলো, পুলিশ তাদের সাহায্য করলো। এই রকম আরও অনেক ঘটনা ঘটেছে, তার হিসাব আমি দিতে পারি। নীল বাতি জ্বলে উঠেছে, লাল বাতি এক্ষুনি জ্বলে উঠবে, জানিনা আমাদের অদৃষ্টে কি লেখা আছে। কিন্তু আর দু এক মিনিট মাত্র আছে, এর মধ্যে আরও কয়েকটি ঘটনার কথা উল্লেখ করছি। আমার কাছে অসংখ্য করুণ ধর্ষিতা নারীর কাহিনী আছে। সাব-জুডিস বলে বলবো না। কিন্তু শ্রীমতী আরতি মুখার্জীর ঘটনাটা আপনারা একটু শুনুন। মাননীয় অধ্যক্ষ

মহোদয়, শ্রীমতী আরতি মুখার্জী, তাঁর বাড়ি মোড়িমাচন, ভীরকুমার, থানা বাসন্তি, ২৪-পরগণা, সেখানে কি ঘটেছিল? তিনি লিখেছেন, সম্পাদক বাংলা কংগ্রেস, এই সম্বোধন করে। অনেক কথা যা উনি লিখেছেন তা আমরা পড়তে পারবো না। মুকাদ্দেজ আর আলমবারি এই দুজনের কথা বলছেন, ওরা আক্রমণ করেছে, ওরা দুজন ঘ'রর মধ্যে এলো, তখন জোর করে আমার কাপড় সায়া ব্লাউজ কাড়িয়া, টানিয়া খুলিয়া ফেলিয়া দিল। সেখান থেকে আমি একটা গামছা পরিয়া কোনক্রমে লজ্জা নিবারণ করিবার জন্য প্রাণ ভয়ে বারান্দায় দাঁড়াইয়া রহিলাম। তারপর মোকাদ্দেজ আর আলমবারি অনেক লোক লইয়া আসে এবং আমার যেটুকু অবশিষ্ট ছিল তাও কাড়িয়া নিল।

( ডিষ্টার্বেন্স ফ্রম দি গভর্ণমেণ্ট বেঞ্চেস )

আমাকে ডিষ্টার্ব করবেন না, তাহলে কাশীবাবুর মত বলতে হবে। কাজেই এতে আর নুতন করে মশলা দেবেন না। অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলতে চাই শ্রীমতী অমিয়া বালা পুরকায়েত-এর ঘটনার একটু শুনুন। ঐ একই রকম ঘটনা। এবং সেখানে বলা হয়েছে যে তার কাছ থেকে গহনা পত্র কাড়িয়া নেওয়া হইল, তারা যখন কাপড় চোপড় খুলে দিতে বললো, তখন আমি অস্বীকার করায়, আমার কাপড় চোপড় খুলিয়া উলংগ অবস্থায় দাঁড করাইয়া রাখা হয়। তখন আমি বাইরে অন্য কোথাও আশ্রয় নেবার জন্য ছুটিয়া যাবার চেষ্টা করেছিলাম। কিন্তু এমন সময় আকবর বলে—বেশী পালাবার চেষ্টা করলে কেটে ফেলবে। তখন আমি ভয়ে উলংগ অবস্থায় দাঁড়াইয়া রহিলাম। এমন ধরণের ঘটনা আরো আছে। কে করেছে? যারা করেছে তাদের দলের লোকের হাতেই এই প্রশাসনযন্ত্র আছে, এটা আইরনি অব ফেট—এটা হল অদৃষ্টের পরিহাস। কাজেই তাঁরা ভাবছেন আমরা কোথায় যাব। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে শিক্ষা সম্বন্ধে বলেছেন, তিনি শিক্ষা নীতির কথাও বলেছেন। তিনি বলেছেন যে "শিক্ষার ক্ষেত্রে, পুরুলিয়া জেলায় অবৈতনিক ও আবশ্যিক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে এবং সেই সঙ্গে রাজ্যের সমগ্র গ্রামীণ এলাকা এই ব্যবস্থার আওতায় এসেছে। তাঁকে আমি ধন্যবাদ দিচ্ছি, কিন্তু তার সঙ্গে সঙ্গে বলব মাননীয় শিক্ষামন্ত্রী কি বলেছিলেন। স্যার, আমাদের 'পশ্চিমবঙ্গ' এই যে কাগজ এটা আমাদেরই কাগজ, এই কাগজে ছাপিয়ে যা বেরিয়েছে তাতে নিশ্চয়ই ভুল ছাপা হয়নি, তাতে বলা হয়েছে যে বিদ্যালয় ঘেরাও করে প্রধান শিক্ষক শিক্ষিকাদের পদত্যাগ করতে বাধ্য করানো বে-আইনী এবং অবাঞ্ছিত। এই সমস্ত ঘটনাকে বন্ধ করবার জন্য শিক্ষা বিভাগ সচেষ্ট। তাহলে হয়েছিল এই ঘটনাগুলি এবং তাকে বন্ধ করবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী চেষ্টা করেছিল বলে আমি শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ দিই। তবে এটা বেরিয়েছে বেশ কিছুদিন আগে অর্থাৎ এটা ৯ই জানুয়ারীর কথা কিন্তু ৩০শে জানুয়ারী এই ঘটনা বর্ধমান বিশ্ববিদ্যালয়ে ঘটল। সেখানে যেসমস্ত বিশিষ্ট ব্যক্তি এক্সিকিউটিভ কমিটির মিটিং করতে গিয়েছিলেন তাঁদের কি হাল হল। কারা করলো, ছাত্র, অশিক্ষক কর্মচারী এবং সেখানকার যারা ক্লাস ফোর ষ্টাফ তারা করলো। আমাদের এডুকেশান ডিপার্টমেণ্টের সেক্রেটারী মিঃ সেনগুপ্ত সেখানে ছিলেন, ডিন অব ফ্যাকালটি অব সায়েন্স, ডিন অব আর্টস, নারায়ন চৌধুরী প্রিন্সিপ্যাল কামারপুকুর কলেজ, আরো অফিসিয়ালস সেখানে ছিলেন। এঁদের সকলকে সকাল ১১।০টা থেকে রাত্রি ১১টা পর্যন্ত আটক করে রাখলো এবং অকথ্য গালিগালাজ সেখানে হয়েছিল। অনেক লোক আমাকে ফোন করেছেন এবং কেউ কেউ দেখা করেও বলেছেন যে আমরা বলবো কি, আমরা যাব কোথায়, আমরা কাজ করবো কেমন করে? এরপর আমি গাজোল থানার ও. সি.-র কথা বলব। গাজোল থানার ও. সি. সেদিন আমাদের সামনে ষ্টেটমেণ্ট দিচ্ছিলেন, তিনি একা নন বা গোপনেও নয়, মালদহ জেলায় যে অফিসার্স কনফারেন্স হয়েছিল তিনি সেখানে দাঁড়িয়ে বলেছিলেন, স্যার, আপনি তো ভালো ভালো কথা বললেন, শান্তিপূর্ণ হারভেষ্টিং যাতে হয়, এবং আইন অনুসারে কাজ করতেও বললেন, এসব তো ভালো কথা, কিন্তু করবো কি করে বলুন? তিনি একটা ঘটনা বললেন যে আমাকে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির ৩০০ লোক এসে ঘিরলো। স্যার, আমরা আপনাদের কাজকর্ম করি,

আমাদের ভুলত্রুটি হলে গালিগালাজ করতে পারেন কিন্তু স্যার, কিছুক্ষণ বাদেই শুনলাম, পাশেই আমার কোয়ার্টার, সেখানে আমার মা, বোন এবং স্ত্রী ছিলেন, তাদের অকথ্য ভাষায় গলায় লাল রুমাল বাঁধা লোকগুলি গালিগালাজ করছে। তাহলে স্যার, বলুন এর পরে আইন অনুসারে কাজ করবো কোন সাহসে। আমি এক কাপ চা খেতে এ্যালাউড হলাম না, আমার কনস্টেবল এক গ্লাস জল আনতে গেলে তাকে ফিরিয়ে দিল। তারপরে এস. পি. অনেক পুলিশ ফোর্স পাঠিয়ে আমাকে রাত্রি ১১টার সময় রেসকিউ করলেন। কাজেই আমরা কাজ করবো কি করে। তারপরে গাজোল থানার আরো কয়েকটি ঘটনা সম্পর্কে তদন্ত করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী আমাকে দায়িত্ব দিয়েছিলেন। আমি গিয়েছিলাম তদন্ত করতে। তবে আমি একা নয়, আমার সঙ্গে ডিভিসনাল কমিশনার মিঃ ব্যানার্জী ছিলেন, এস পি., ডি. এম., এস. ডি. ও., এস. ডি পি. ও. ছিলেন। ৫ জন আমরা টেবিলে বসলাম। সেখানে তদন্ত হয়েছিল এবং যে সমস্ত মহিলারা এসেছিলেন তারা সেই তদন্তে সাক্ষ্য দিয়েছিলেন। আমি থানার ডায়রি দেখেছি এবং সেখানে একটা জায়গায় অন্তত: দেখতে পেয়েছিলাম আমাদের একজন মন্ত্রী ডাঃ গোলাম ইয়াজদানী, তিনি একদিন বলেছিলেন পুলিশকে 'ওদের গ্রেপ্তার কর.'—সেকথা ডাইরিতে লেখা আছে। ডাঃ ইয়াজদানী হয়ত সেকথা ভুলে গিয়েছেন কিন্তু তখন ভাল কথাই বলেছিলেন, পরবর্তী সময়ে তিনি কিন্তু উল্টো কথা বলেছিলেন, তাতে আমার বড় ব্যথা লেগেছিল, ভেবেছিলাম আমরা এই মন্ত্রীসভায় আছি অথচ এই সমস্ত হচ্ছে। তবে সেদিন উনি এটা বলেছিলেন সেকথা জি. ডিতে. আছে জি. ডি তলব করুন, তা করলে দেখতে পাবেন যদি ইতিমধ্যে সেই জি. ডি বই শুদ্ধ কেউ গোটা খেয়ে না ফেলে। আমি সেই জি. ডি. দেখেছি। এই তদন্ত আমরা একসঙ্গে করেছিলাম, একা আমি করিনি। সেদিন এস. পি, ডিভিসনাল কমিশনার, ডি. এম., স্বীকার করেছিলেন যে সেই ঘটনাগুলির যে বিবরণ সেই মহিলারা দিল তা সত্যি।

[ 6-20—6-30 p. m. ]

কাজেই আজকে কি বলবো। এই রকম অবস্থার মধ্যে আজকে রাজ্যপালের ভাষণের উপর আমাদের সমর্থন করতে হবে, কোন উপায় নেই। আপনারা জানেন এ পর্যন্ত তিন শ'য়ের মত স্কুলে Administrator নিয়োগ হয়েছে। আজ যদি জিজ্ঞাসা করা যায় যে শুধু C.P.M-ই কি হবার যোগ্য, আর কোন Party-র লোক কি নেই? কেন এইরকম হল? আমি যা শুনেছি অবশ্য এখনো পুরো তথ্য পাইনি। তবে আমার শোনাটা খুব খারাপ শোনা হয়নি যে, এক একজনকে কয়েকটা স্কুলের Administrator নিয়োগ করা হয়েছে। কাজেই এর পরেও কি করে আমরা ভাববো যে শিক্ষানীতি সব ঠিকমত চলছে। তবু আজকে আমাদের কোন উপায় নেই। আমি আবার বলছি যে সাংবিধানিক নিয়ম অনুসারে মাননীয় রাজ্যপালের এই যে স্পীচ, তাঁর এই যে Address, এই যে তার ভাষণ তাকে সমর্থন করতে হবে। সবশেষে আমার মনে হচ্ছে যে ঘটনা এত বেশী এবং চারিদিকে এতবেশী ঘটনা রয়েছে লুঠতরাজের আমি জানি, আমি শ্রীপুর গিয়েছিলাম অনেকে হয়ত অসন্তুষ্ট হয়েছেন যে, আমি কেন কোলিয়ারীতে গিয়েছিলাম। আমি যে মন্ত্রী, একথা ভুলে যান যে আমার অধিকার আছে, আমি যেতে পারি এবং Districts Magistrate আমাকে ব্যবস্থা করে দিয়েছিলেন যাবার। আমার সংগে S. D. O.-কে দিয়েছিলেন। S. O. গিয়েছিলেন এবং পুলিশ অফিসার সেখানে ছিলেন এবং তারা আমাকে গাড়ী দিয়েছিলেন কারণ আমার গাড়ী সেদিন ছিলনা। তারা সেই গাড়ীর ব্যবস্থা করে আমাকে নিয়ে গিয়েছিলেন। কি দেখলাম? লুন্ঠন দেখেছি, গৃহদাহ দেখছি, নারী নির্যাতন দেখেছি। নিশ্চয়ই দেখেছি। অনেক দেখেছি। অস্বীকার করতে পারবেন কেউ? আমি একথা বলবো, আমি ২টো পুলিশ Camp- এর ইজাহার নিয়েছি, সেই পুলিশ Camp দুটো মুখোমুখি রয়েছে। তাদের জিজ্ঞাসা করেছি; কি ঘটেছিলো? তারা বলেছে, এই ঘটনা ঘটেছে। এটা অস্বীকার করার কিছু নেই। শ্রীপুর কোলিয়ারীতে নৃসংশ

কাণ্ড হয়েছে, সেখানে ত্রাসের রাজত্ব চলছে, আজও তার বিচার হয়নি। আমি কয়েকমাস আগে পর্যন্ত মাননীয় উপ-মুখ্যমন্ত্রীকে বলেছি বিভিন্ন জায়গার কথা, পারেন নি তিনি কিছু করতে। কেন আমাদের বলতে হবে উপ-মুখ্যমন্ত্রীকে যে, ওমুক জায়গায় পুলিশ পাঠান, ওমুক জায়গায় পুলিশ পাঠান। অমুক জায়গায় ব্যবস্থা করুন। এসব কথা কেন বলতে হবে। এই কি মন্ত্রীর কাজ? আর P.D. Act চলে গেছে কিন্তু P. D. Act-এ গ্রেপ্তার করছেন, কাদেরকে? যারা অপরাধী নন। ওদের দলের লোকেরা যাদের ধরতে বলেছে তাদেরকে ধরছে অনেক ক্ষেত্রে। আমার দলের লোককে যদি ধরো আমি গিয়ে বললাম ছেড়ে দিন। না না ওতো নিরাপরাধী, ছেড়ে দিন। নিরাপরাধী লোককে গ্রেপ্তার করা হয়েছে। আমি বলতে পারি নিরাপরাধী ছাড়া আর কাউকে গ্রেপ্তার করা হয়নি। হরেকৃষ্ণবাবু নিজে স্বীকার করেছেন কতকগুলি সংঘর্ষের কথা যা আনন্দ বাজার পত্রিকায় বেরিয়েছে। হরেকৃষ্ণবাবু বলেছেন যে, সংগ্রামী কৃষকরা ৩ লক্ষ একর জমির ধান ঘরে তুলেছে। সেখানে তিনি বলেছেন ১৭৭১টি ক্ষেত্রে সংঘর্ষ হয়েছে। তার মধ্যে ১ হাজার সংঘর্ষ হয়েছে এবং ৭ শত সংঘর্ষ মুখোমুখি হয়ে বন্ধ হয়েছে। কেন এই সংঘর্ষ হল? কেন ৩৬১টি Special Police Camp বসাতে হয়েছিল? Special Police Camp আমরা Cabinet-এ অনুমোদন করেছিলাম—অরাজকতা ছিল। মাননীয় রাজ্যপাল ঠিক দেখতে পেয়েছিলেন। অভিযোগ এবং নানা রকম জিনিষ তাঁর মনে এসেছিলো, তাই তিনি একটি শব্দ দিয়ে অতি বুদ্ধিমত্তার সংগে এবং তিনি যে পণ্ডিত লোক তার পরিচয় দিয়েছেন একটা কথা দিয়ে—সেটা হচ্ছে 'অভিযোগ' এবং সেই অভিযোগের কথা আমাদের হরেকৃষ্ণবাবুও স্বীকার করেছেন। ৩৬১টি Special Police Camp কোন দিন বসাতে হয়েছিলো? আমি বলছি পশ্চিম দিনাজপুরে ৫০টি Special Police Camp বসেছে, ২৪-পরগণায় ৪০টা, এবং হুগলিতে ৪১টা Special Police Camp কেন বসাতে হয়েছিলো? সেই পুলিশ camp-এ অনেক M.L.A-রা বলেন, অনেক লোক বলেন, সেই পুলিশ camp effective হয়নি। এই যে রাজস্ব থেকে খরচ হয়েছে। আমাদের খরচ করে Police Camp বসাতে হয়েছিলো এবং তার জন্য রাজস্ব থেকে ব্যয় হয়েছে, অথচ তার কোন সুরাহা হয়নি। আজকে আপনাদের কাছে বলবো, এই জিনিষ হচ্ছে এবং এর মধ্যে হিসাব করে আমাকে দেখাবেন যে প্রতি ২০৭টা কেসের মধ্যে ১০৫টা C. P. M. করেছে তার হিসাব মত। যে হিসাব বেরিয়েছিল কাগজে তার থেকে যদি Proportionate ধরি তাহলে ২০৭ টায় ১০৫ টা হলে ৫০% হয়। হয়ত একটু বেশী হয় বিধান সভার আসন যা যুক্তফ্রণ্ট পেয়েছে ২১৮টা তার মধ্যে থেকে ৮০টি হলে তো মাত্র 36·4% হয়। সেটাতে বেশী এগিয়ে গেলেন কেন? এটা দুঃখের কথা, এটা না করে যদি পারসেন্টেজটা ঠিক রাখতে পারতেন তার মধ্যে আমি বলতে পারি যে আমরা তার মধ্যে যুক্ত নেই। যদিও আমাদের নাম বলা হয়েছে। আমার সময় হয়ে গেছে, আমি সর্বশেষে শুধু একথাই বলবো যে আমাদের কলেজের নাম উল্লেখ করতে পারতাম। আমি আরও কয়েকটি কলেজের কথা উল্লেখ করতে পারতাম—আমি করবো না। আমি শুধু বলবো যে এই বিধানসভায় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার অনুমোদন দিতে আমি বাধ্য হচ্ছি এবং এই কথা বলছি যে এই পরিস্থিতির মধ্যে সেই রবীন্দ্রনাথের কথা মনে পড়ে- বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে.......'। আমরা দেখছি বিচারহীন অবস্থা এবং সেই বাণী নিভৃতে কাঁদছে এবং তার প্রতিকার যদি না হয় তাহলে যে যাই ভাল কথা বলুন না কেন সব ব্যর্থতায় পর্যবসিত হবে সব অরণ্যে রোদন হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি আমাকে আরও ১০ মিনিট সময় দিয়েছেন তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** স্যার, অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেসন, আমাদের মাননীয় শিল্প মন্ত্রী তাঁর বক্তৃতাকালে বলেছেন যে রাজাবাগান ডক ইয়ার্ড সেখানে নাকি..............

**শ্রীসিদ্ধার্থশংকর রায় :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার আমাদের কনষ্টিটিউসনে আছে মিনিষ্টারের জয়েন্ট রেসপনসবিলিটি—সেভারেল রেসপনসিবিলিটি একজন মিনিষ্টারের নাই। যদি কোন একজন মিনিষ্টার ষ্টেটমেন্ট করেন সেটা জয়েন্ট রেসপনসিবিলিটির উপর হচ্ছে। সেটাকে আর একটা মিনিষ্টার ডিফার করতে পারেন না। আজকে সুশীল ধাড়া মহাশয় যে কথা বলছেন সেটা জয়েন্ট রেসপনসিবিলিটির উপর। আজকে এই হাউসে যে পরিস্থিতির সম্মুখীন আমরা হয়েছি এটা একটা অত্যন্ত গুরুতর সংবিধানিক প্রশ্ন। মিনিষ্টারের জয়েন্ট রেসপনসিবিলিটিতে সুশীল ধাড়া মহাশয় Minister of the Cabinet making a speech from the Treasury Bench in support of the Governor's speech and in answer to the speeches made from the Opposition. তাই যদি হয় তাহলে এক মিনিষ্টারের ষ্টেটমেন্ট-এর উপর আর এক মিনিষ্টার পারসোন্যাল এক্সপ্লানেসন দিতে পারেন না। এ ব্যাপারে আমি আপনার রুলিং চাচ্ছি—আপনি যা রুলিং দেবেন আমরা তা মেনে নেবো।

**Mr. Speaker :** Every Member, if this name has been mentioned has the right to offer a personal explantion.

**শ্রীসিদ্ধার্থশংকর রায় :** কিন্তু স্যার, এখানে জয়েন্ট রেসপনসিবিলিটির কথা রয়েছে।

**Mr. Speaker :** Whether it is joint or several that is not for me to say. It is for the House to decide.

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** স্যার, আমি শিল্প মন্ত্রী মহাশয়ের বক্তৃতার মেরিট বা ডিমেরিট সম্বন্ধে কিছু বলছি না, আমি শুধু আমার সম্পর্কে যে কথা উল্লেখ করেছেন সেটা সম্বন্ধেই বলছি। সেটা হচ্ছে রাজাবাগান ডক ইয়ার্ড শ্রমিক প্রতিষ্ঠানের যে সভাপতি তিনি আমাকে বলেছেন—আমি বলতে চাই একথা সত্য নয়, মাননীয় শিল্প মন্ত্রীর যদি সত্য কথা বলার অভিপ্রায় থাকতো তাহলে তিনি আমাকে জিজ্ঞাসা করতে পারতেন।

**শ্রীএস. এম. ফজলুর রহমান :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, গভর্ণরের এ্যাড্রেসের ডিসকাসন শেষ হয়েছে এখন সরকার পক্ষ থেকে রিপ্লাই দেওয়া হচ্ছে। রুল-২০ সেখানে স্পেসিফিক্যালি আছে The Chief Minister or any other Minister, whether he has previously taken part in the discussion or not, shall on behalf of the Government, have a general right of explaining the position of the Government at the end of the discussion. এখন ডিসকাসন শেষ হয়েছে বিরোধী পক্ষ এবং বিভিন্ন পক্ষ তাতে আলোচনা-সমালোচনা করেছে। এখন চীফ মিনিষ্টার বা যে কোন Minister on behalf of the Government যা কিছু বলছেন on behalf of the Government not as a person or individual. তিনি not on the ground of personal explanation. যদি কেউ বলতে থাকেন তাহলে বা যা কিছু বলবার দরকার আছে তাতে তার রাইট আছে এবং পারসোন্যাল এক্সপ্লানেসন দিতে পারেন সেকথা রুলিংয়ে প্রযোজ্য হতে পারে না।

**Mr. Speaker :** Personal explanation has allready been allowed.

[ 6-30—6-40 p. m. ]

**ডঃ গোলাম ইয়াজদানী :** আমি একটা পারসোন্যাল এক্সপ্লানেশন দিচ্ছি। মাননীয় মন্ত্রী সুশীল ধারা মহাশয় বলেছেন গাজোলের কোন ঘটনা ঘটেছিল, কোন্ ঘটনার কথা বললেন স্পষ্ট

বুঝতে পারলাম না, কেননা সেখানে অনেকগুলি ঘটনা ঘটেছিল। তিনি একটা ঘটনার কথা উল্লেখ করে বললেন আমি নাকি সেই সময় পুলিশকে এ্যারেষ্ট করতে বলেছিলাম, আবার বলেছিলাম এ্যারেষ্ট করোনা, আমি কোন পুলিশ অফিসারকে এই রকম কনফ্লিকটিভ আদেশ দিইনি, যখন বলেছিলাম এই বলেছিলাম মিস্ক্রিয়ান্টসদের এ্যারেষ্ট করতে হবে। যখন তাঁর মনে হয়েছিল আমি এই রকম কনফ্লিকটিভ কথা বলেছি কি না, আমাকে একটু জিজ্ঞাসা করলেই জিনিষটা ক্লিয়ার হয়ে যেত।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি পরিষদীয় মন্ত্রী এবং চীফ হুইপ। রাজ্যপালের ভাষণের প্রথম প্যারাতেই আছে—বিধান পরিষদ অবলুপ্তির জন্য রাজ্য হিসাবে পশ্চিম বঙ্গই প্রথম সাহসী ও বিচক্ষণ ব্যবস্থা গ্রহণ করেছে। আমাদের বিধান মণ্ডলীর ইতিহাসে এটি একটি ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ ঘটনা। সামগ্রিকভাবে যুক্তফ্রন্ট সরকার এবং বিশেষ করে তার অংশীদার হিসাবে পরিষদীয় দপ্তরের মন্ত্রী হিসাবে, আমি ভেবেছিলাম যে এই গৌরবের আমিও অংশীদার। কিন্তু আমার যে ব্যর্থতা, চরম ব্যর্থতা পরিষদীয় মন্ত্রী হিসাবে, চীফ হুইপ হিসাবে, সেই ব্যর্থতার লজ্জা সেই গৌরবকেও ছাপিয়ে গিয়েছে। কারণ মাননীয় অধ্যক্ষ মহোদয়, যুক্তফ্রণ্টের যে সমস্ত সমর্থক দলগুলি আছে তাদের পক্ষ থেকে আমার কর্তব্য ছিল তাঁদের এক সূত্রে গ্রথিত করে যাতে এই বিধান সভায় তাঁদের বক্তব্য বিশেষ করে মন্ত্রী মণ্ডলীর একই সুর ধ্বনিত হয় তার কিছুটা দায়িত্ব আমার উপর ছিল। সব থেকে লজ্জার কথা হল আমি ব্যর্থ হয়েছি। কেন, কারণ কি? অত্যন্ত বিনয়ের সঙ্গে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে বিধান সভার সামনে তুলে ধরতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমরা যখন যুক্তফ্রণ্ট গঠন করেছিলাম নির্বাচনের আগে বিভিন্ন আদর্শের ভিত্তিতে, বিভিন্ন দলের সমন্বয়ে, তার মধ্যে এমন দল আছে যারা মার্কসবাদী, শ্রেণী সংগ্রামে বিশ্বাস করে, শ্রেণী সংগ্রামের আদর্শে গঠিত হয়েছিল। এই দলগুলির মধ্যে সেতু বন্ধন রচনা করেছিল ৩২ দফা কর্মসূচী, সেই কর্মসূচী আমাদের মধ্যে সমন্বয় সাধন করেছিল। এই সেতু বন্ধন রচনা করে তাকে রূপায়িত করার জন্য ৩২ দফা কর্মসূচীতে সংগ্রামের প্রয়োজন, আন্দোলনের প্রয়োজন, সেই প্রয়োজনে আমরা নির্বাচক মণ্ডলীর কাছে, সাধারণ মানুষের কাছে পশ্চিমবঙ্গবাসীদের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম। আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সংগ্রাম করব যে বিক্ষোভ পশ্চিম বাংলার, আছে তার জন্য। স্বাধীনতা আন্দোলনের সময় স্বাধীনতার বেদীমূলে যে পশ্চিমবাংলা আত্মবলিদান করেছে, সেই বাংলাদেশ তার দুই তৃতিয়াংশকে বিদেশী রাষ্ট্রের হাতে তুলে দিয়েছিল দেশ বিভাগের ফলে। সেই পশ্চিমবাংলার প্রতি সুবিচারের দাবী বার বার জানান সত্বেও কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় কংগ্রেসী সরকার তা উপেক্ষা করেছে। আমরা এই প্রতিশ্রুতি দিয়েছিলাম যে কেন্দ্রের এই অবিচারের, বিরুদ্ধে বৈষম্যের বিরুদ্ধে, অন্যায়ের বিরুদ্ধে, অপরাধের বিরুদ্ধে সংগ্রাম করব, আন্দোলন করব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম কেন্দ্রের হাতে যে ক্ষমতা কেন্দ্রীভূত হয়ে রয়েছে তাকে আমাদের রাজ্যের হাতে আনতে হবে। যে সংবিধান আজকে ব্যক্তিগত মালিকানার স্বীকৃতি দেয় অথচ শ্রমিক ছাটাই করে, শ্রমিকের চাকুরীর নিরাপত্তাকে যে সংবিধান গ্যারান্টি দেয়না সেই সংবিধান বাতিল করার জন্য আমরা সংগ্রাম করব, আন্দোলন করব এই প্রতিশ্রুতি আমরা যুক্তফ্রণ্টের পক্ষ থেকে দিয়েছিলাম। কিন্তু অত্যন্ত লজ্জা, দুঃখ এবং বেদনার কথা—নির্বাচনের পর সেই সমস্ত প্রতিশ্রুতি পালনের যে ঐকান্তিকতা, আন্তরিকতা তার শ্লথ গতি দেখতে পাচ্ছি এবং আরও দেখলাম সেই সমস্ত প্রতিশ্রুতির কথা স্তিমিত হয়ে এল। স্যার, ইংরাজীতে একটা কথা আছে, ইলেকসন প্লেজেজ আর জাষ্ট লাইক লাভস্ প্লেজেজ। বিবাহের পূর্বে প্রেমাস্পদের কাছে বহু প্রতিশ্রুতি দেওয়া হয় কিন্তু বিবাহের পর সেই প্রতিশ্রুতি আর রক্ষিত হয় না। যুক্তফ্রণ্ট সরকার গঠিত হবার পর সাধারণ মানুষের আশীর্বাদ নিয়ে তারা ক্ষমতার আসনে বসলেন কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার

মনে হচ্ছে ইলেকসন প্লেজেজ আর লাইক লাভস্ প্লেজেজ। সাধারন মানুষের আন্দোলন, সংগ্রাম, শোষিত মানুষের, বঞ্চিত মানুষের আন্দোলন এবং সংগ্রামকে আরও তীব্র করার প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম। কিন্তু আমাদের সেই মনোভাব যখন শ্লথ, স্তিমিত হয়ে এল ঠিক তখনই দেখলাম আইডেল ব্রেন ইজ ডেভিলস্ ওয় র্কসপ - অলস মস্তিস্ক শয়তানের কারখানা। দলবাজী, মন্ত্রীত্ব নিয়ে কে কার দল বাড়াবে সেই অভিযোগ এবং সেই জন্যই আমরা সেই সমস্ত প্রতিশ্রুতি পালন করতে পারিনি। আজকে নানা রকম সংঘর্ষের কথা, কলহের কথা, এক দল আর এক দলের বিরুদ্ধে তুলছে। আমরা যদি সেই প্রতিশ্রুতি পালনের জন্য আগ্রহী হতাম, সেই আন্দোলনের পথে চলতাম তাহলে আন্দোলন করবার যে ভাবধারা আমাদের ঐক্যবদ্ধ করেছিল তা'তে এই অবস্থার সৃষ্টি হত না। এছাড়া আরও কারণ আছে। আমরা নির্বাচনের আগে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা ঐক্যবদ্ধ থাকব, কিন্তু নির্বাচনে পর আমরা নিজেদের খাপ খাইয়ে রাখতে পারিনি। স্যার, আইন শৃঙ্খলার কথা উঠেছে। ইংরেজের আমলে আইন ও শৃঙ্খলার যে ধারণা ছিল, যে সংজ্ঞা ছিল কংগ্রেস আমলেও সেই সংগা ছিল। সেট, কি? সেটা হচ্ছে মালিক যদি শ্রমিককে শোষণ করে এবং শ্রমিক যদি সেখানে সংগ্রাম করতে যায় নিজের রুজির জন্য, রুটির জন্য, নিজের জীবনের নিরাপত্তার জন্য তখন আমরা দেখেছি মালিকের পাশে শাসনযন্ত্র সমস্ত শক্তি নিয়ে এসে দাঁড়িয়েছে। কংগ্রেসের সময় আইন শৃঙ্খলা কি দেখেছি? আমরা দেখেছি যে কৃষক সোনার ক্ষেতে সোনার ফসল ফলায় তাকে যখন জোতদার শোষিত করে, বঞ্চিত করে, তার মুখের গ্রাস কেড়ে নেয়, তখন আইন শৃঙ্খলার নামে জোতদারের পাশে এসে কে দাঁড়িয়েছে, না ওই কংগ্রেসী সরকারের পুলিশ। আমরা কংগ্রেস শাসনের সময় দেখেছি কৃষকের চাষ করা হাজার হাজার বিঘা জমিতে রাতারাতি নোনা জল ঢুকিয়ে দিয়ে সেখানে মাছের ভেরি তৈরী করেছে, কৃষকের মুখের গ্রাস কেড়ে নিয়েছে এবং পুলিশ গিয়ে সেখানে ঐ ভেরির মালিককে সাহায্য করেছে। এই ছিল তখনকার আইন, শৃঙ্খলার সংজ্ঞা। কিন্তু যুক্তফ্রন্ট গঠিত হবার পর সেই সংজ্ঞা বদলেছে, সেই ধ্যান ধারনা বদলেছে। আজকে মালিকের ভেরীওয়ালার বা জোতদারের নিরাপত্তা হয়ত বিঘ্নিত হয়েছে কিন্তু যুক্তফ্রন্ট সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিল সেই শোষিত, বঞ্চিত কৃষক, শ্রমিক শ্রেণী তাদের নিরাপত্তা পেয়েছে। কাজেই আইন, শৃঙ্খলার সংজ্ঞা বদলেছে, কনসেপসন বদলেছে, ডেফিনেসন বদলেছে। কিন্তু একটি কথা হচ্ছে সেই সংজ্ঞা বদলেছে, পরিবর্তন হয়েছে ঠিকই, কিন্তু তার সঙ্গে সঙ্গে আর একটা জিনিষ যা হয়েছে সেটা হচ্ছে আগে যে খাপ খাইয়ে নেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেই adjustment-এর মনোভাব দূরে সরে গেছে।

[ 6-40—6-50 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তার একটা কারণ—আমাদের মধ্যে যে আত্ম কলহ রয়েছে, সেই আত্ম কলহের আর একটা কারণ হলো—আমাদের দল ছোট হলেও বার বার বলার চেষ্টা করেছি—আমি যে দলের সদস্য, সেটা ছোট দল, কিন্তু বার বার এই কথা বলেছি যুক্তফ্রন্টের কাছে যে পরিষদীয় গনতন্ত্রের মাধ্যমে, নির্বাচনের মাধ্যমে আমরা যদি ক্ষমতায় আসি তাহলে কোন মৌলিক সমস্যার সমাধান হবে না, এই কথা বারে বারে ক্ষীণ কণ্ঠ হলেও দৃঢ় ভাষায় সেই কথা যুক্তফ্রন্টকে বলেছি, সাধারন মানুষকে বলেছি যে বর্তমান কাঠামোর মধ্যে পরিষদীয় গনতন্ত্রের মাধ্যমে মৌলিক সমস্যার সমাধান হবে না—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলেছি। কিন্তু আমরা ভুলে গিয়েছিলাম যে নির্বাচন বিপ্লব নয়। বর্তমানে যে ব্যক্তিগত মুনাফার ভিত্তিতে সমাজ ব্যবস্থা রয়েছে সেই সমাজ ব্যবস্থাকে যদি পালটে দিতে হয় তাহলে তাকে বিপ্লবের মাধ্যমে পালটাতে হবে। কিন্তু আমরা ভুলে গিয়েছিলাম—আমরা যারা শ্রেণী সংগ্রামে বিশ্বাস করি, বিপ্লববাদে বিশ্বাস করি, আমরা ক্ষমতার আসনে এসে ভুলে গেছি যে নির্বাচন বিপ্লব নয়, এই ভুল আমরা করেছি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যদি কোন জায়গায় আতিশয্য—যদি বেশী কিছু হয়ে থাকে—

অতিরিক্ত কিছু হয়ে থাকে সেই দলের ভুলে—মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার পূর্ববর্তী বক্তা বক্তৃতা প্রসঙ্গে রবীন্দ্রনাথের একছত্র উদ্ধৃতি দিয়েছেন আমিও রবীন্দ্রনাথের উদ্ধৃতি দিয়ে ব'লতে চাই যে মানুষের উপর বিশ্বাস হারানো মহা পাপ। আমি বলতে চাই যে আমরা মানুষের উপর বিশ্বাস হারাইনি, সেই মহাপাপ আমরা করতে চাইনি। তাই সেই সর্বহারা বঞ্চিত মানুষ যাদের প্রতিশ্রুতি দিয়ে এসেছিলাম যে তাদের আন্দোলনকে আমরা এগিয়ে নিয়ে যাবো, তীব্রতর করে তুলবো, সম্প্রসারিত করবো, সেই দায়িত্ব পালন করার মুখে আমাদের মধ্যে সংঘর্ষের সুর শুনেছি। বহু অভিযোগ আমাদের বন্ধুর কাছ থেকে শুনলাম। যে সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনার কথা বলা হয়েছে, তা সত্বেও তাকে ছাপিয়ে আজ যেন আমরা না ভুলি ঐ মূল সুর, সাধারন মানুষ জেগেছে, শ্রমিক জেগেছে, কৃষক জেগেছে, সেই সুরকে এগিয়ে নিয়ে যান, তা যদি পারেন, আমরা যদি ধ্যান ধারনা ভুলে যদি ঐ একই সুরে তাদের যে প্রতিশ্রুতি দিয়ে এসেছিলাম, এগিয়ে নিয়ে যেতে পারি, সেই প্রতিশ্রুতি পালনের জন্য যদি আমরা নিষ্ঠার সঙ্গে তাদের এগিয়ে নিয়ে যেতে পারি, তাহলে আজকে যে সুর, যে বেসুরো আওয়াজ শুনতে পাচ্ছি, সেটা বন্ধ হবে। সাধারন মানুষ যে আশা আকাঙ্খা যুক্তফ্রণ্ট সরকারের কাছ থেকে প্রত্যাশা করেছিল, সেটা পুরণ করা সম্ভব হবে এবং সত্যই আমার বিশ্বাস আছে যে এই সাধারণ মানুষের দায়িত্ব আমাদের বাধ্য করবে ঐক্যবদ্ধ হতে, যুক্তফ্রণ্ট সরকারের যে প্রতিশ্রুতি সেই প্রতিশ্রুতি পালন করতে। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করছি এবং রাজ্যপালের উপর ধন্যবাদ জ্ঞাপক যে প্রস্তাব এসেছে, তাকে আমি সমর্থন জানাচ্ছি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আনিত প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটা কথা আপনার কাছে রাখতে চাই। এর আগে মাননীয় মন্ত্রী শ্রীসুশীল কুমার ধাড়া মহাশয় যে কথা এখানে বললেন তা থেকে এটা পরিষ্কার ফুটে উঠেছে,যে যুক্তফ্রণ্ট এবং যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট আজ এক চরম সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। বাংলা দেশের যে মানুষ অনেক পরীক্ষা সংগ্রামের পর ১১ মাস আগে বাংলাদেশের রাজনৈতিক জীবন থেকে কংগ্রেসকে ইতিহাসের আস্তাকুড়ে ফেলে দিয়ে যুক্তফ্রণ্টের উপর আস্থা স্থাপন করেছিলেন সেই যুক্তফ্রণ্টকে আজ ভাঙনের মুখে এনে দাঁড় করান হয়েছে। এটা বাংলাদেশর মানুষের কাছে বিপদের দিন। সেজন্য আমি অন্য আলোচনায় খুব বেশী যাব না, মাননীয় সুশীল ধাড়া মহাশয় অনেক কথা বলেছেন যেগুলি অসত্য এবং বানান, কিন্তু আমি তাতে প্ররোচিত হব না কারণ যুক্তফ্রণ্টকে রক্ষা করা……

**শ্রীআবদুস সাত্তার :** On a point of order. মাননীয় স্পীকার স্যার, মাননীয় হরেকৃষ্ণবাবু বললেন যে মাননীয় মন্ত্রী সুশীল ধাড়া মহাশয় অনেক অসত্য কথা বলেছেন। স্যার, আবার সেই রুল ২২০র প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। Rule 20 says that the Chief Minister or any other Minister, whether he has previously taken part in the discussion or not, shall on behalf of the Government, have a general right of explaining the position of the Govt. at the end of the discussion. স্যার একজন মন্ত্রী আর একজন মন্ত্রীকে অসত্য কথা বলেছে কিম্বা সত্য কথা বলছে না, এই ধরনের উক্তি এই রুল থেকে departure হয়। তিনি কখনই বলতে পারেন না কেননা তিনি যা বলেছেন অর্থাৎ what he spoke, তিনি তা বলেছেন on behalf of the Govt. Mr. Konar can it accuse Mr. Sushil Dhara. তিনি যা বলেছেন তা অসত্য এই কথা বলা আইনে টেকে না এই সম্বন্ধে আপনি রুলিং দিন। হরেকৃষ্ণ কোঙার মহাশয়, এই কথা অন্য মিনিষ্টারকে বলেছেন, তিনি এটা বলতে পারেন কি পারেন না আপনি রুলিং দিন।

**মিঃ স্পীকার :** যে কোন মন্ত্রী তাঁর ভাষণ এখানে দিতে পারেন আর যে মন্ত্রী মহাশয় ওঁর কথা বলেছেন ওঁর কাছে যদি, অনারেবল হরেকৃষ্ণ কোঙারের কাছে যদি অসত্য বলে মনে হয় তাহলে উনি সে কথা বলবেন। রুলে যা আছে তা আমি দেখেছি।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** মিঃ স্পীকার স্যার, আপনি রুলিং দিয়েছেন, রুলিং দেবার পর সে রুলিং-এর উপর আবার আলোচনা চলবে?

**শ্রীআবদুস সত্তার :** স্যার আপনি রুলিংটা কিসের বেসিসে দিলেন সেটা জানতে চাই।

**Mr. Speaker :** I have already given my ruling. Please take your seat. Hon'ble Mr. Konar will please continue his speech.

( Shri Abdus Sattar rose to speak )

I am not going to enter into any controversy, Mr. Sattar. Whether it is right or wrong, it is the Speaker's ruling. Obey the Chair, I have given my ruling as what I consider to be just and fair according to my estimation. Please don't disturb the House.

( Shri Abdus Sattar again rose to speak )

I have tolerated you more than once. Please sit down. You must sit down.

Now, Shri Konar will please continue his speech.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, আমি কোন রকম ভাবে প্ররোচিত হব না। মাননীয় সুশীল ধাড়া মহাশয় আমার নাম করে বলেছেন আমি প্রেসকে যে বিবৃতি দিয়েছি সেই বিবৃতি এবং ম্যাজিষ্টেটদের কাছ থেকে প্রাপ্ত যে হিসাব সংগ্রহ করেছি তার কপি আমি প্রতি মিনিষ্টারকে দিয়েছি যা বিবৃতি প্রেসকে দিয়েছি। তা প্রতিটি মিনিষ্টারকে দিয়েছি, অথচ তিনি আমার নাম করে যা বললেন আনন্দ বাজারে প্রকাশিত—বাস্তবের সঙ্গে তার মিল নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু যুক্তফ্রন্ট আজ কঠিন বিপদের মুখে, যেহেতু বাংলাদেশের মানুষ যুক্তফ্রন্টের উপর এত আস্থা স্থাপন করেছে তাই আমি প্ররোচিত হব না এবং অভিযোগের পরিবর্তে আমি পাল্টা অভিযোগে যাব না। যদি প্রয়োজন হয় তাহলে যখন বাজেটের দফাওয়ারি আলোচনা হবে তখন আসবো বিভিন্ন বিভাগে কোথায় টেণ্ডার না দিয়েও লক্ষ লক্ষ টাকার কারবার হচ্ছে কিনা, আমাদের অতীতের অফিসাররা অতীতের মনভাব পরিবর্তন করতে পেরেছেন কি পারেননি এগুলি আলোচনার সময় যদি আসে তখন আলোচনা করবো। স্যার, আমরা লক্ষ্য করেছি যে, যে কংগ্রেস সারা ভারতবর্ষে নিরঙ্কুশ ক্ষমতা পেয়েও গত ২৩ বছরে দেশকে সর্বনাশের মুখে দাঁড় করিয়েছে, বাংলাদেশে যুক্তফ্রন্ট হবার আগে পর্য্যন্ত যারা বাংলা দেশকে সর্বনাশের মুখে এনে দাঁড় করিয়েছে, তারা যে জনসাধারণ কর্তৃক পরিত্যাগ হয়ে আমাদের পার্টির বিরুদ্ধে এবং যুক্তফ্রণ্টের বিরুদ্ধে তাদের আক্রমণকে কেন্দ্রীভূত করবে এটা অত্যন্ত স্বাভাবিক। যখন কংগ্রেস পক্ষ যুক্তফ্রণ্টের বিরুদ্ধে আক্রমণ করার নাম করে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টিকে আক্রমণ করেন তখন মাননীয় অধ্যক্ষ মহাশয় বিনীতভাবে আপনার কাছে বলবো মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সদস্য হিসাবে আমি অত্যন্ত গর্ববোধ করি। যদি যুক্তফ্রণ্টের কোন সদস্য কংগ্রেসের কাছ থেকে প্রশংসা কুড়িয়ে থাকেন এবং যুক্তফ্রণ্টের কোন সদস্যদের কানে কোন কংগ্রেস গুড়গুড়ি জুগিয়ে থাকে তাহলে সেই পার্টির সদস্য সেটা বিবেচনা করবেন কিন্তু আমার পার্টির প্রশংসা যদি তাঁদের মুখ থেকে আসে, আমার পার্টির কোন বক্তব্য উদ্ধৃত করে যদি যুক্তফ্রণ্টকে তারা আক্রমণ করতেন তাহলে আমি অত্যন্ত লজ্জা পেতাম, ব্যথিত হতাম এবং ভাবতাম নিশ্চই খারাপ কিছু করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় স্মরণ করুন ১৯৬৭ সালে আমাদের যুক্তফ্রন্ট গভর্ণমেণ্ট ছিল।

[ 6-50—7-00 p. m. ]

১৯৬৭ সালে আমরা বাংলার মানুষকে কি দিয়েছিলাম? অর্থনৈতিক দিক থেকে যদি বলেন তাহলে বাংলার মানুষকে বিশেষ কিছু দিতে পারিনি। আমি গ্রামে বেশী ঘুরি যেখানে রেশন কম, আমি দেখেছি সেদিন কেন্দ্রীয় সরকার আমাদের বাংলাকে খাদ্য না দেওয়ায় বাংলার জোতদার মজুতদারদের চক্রান্তের ফলে যখন ৩৲ ৪৲ কোন কোন জায়গায় ৫৲ কিলো চাল হয়েছিল। সে দিন আমরা যুক্তফ্রন্ট মন্ত্রিসভা সে মানুষের চোখের জল মুছিয়ে দিতে পারিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয় তবুও যে মানুষগুলি যাদের সামান্য চাল আমরা দিতে পারিনি, যাদের চোখের জল মোছাতে পারিনি, সে মানুষগুলি যখন যুক্তফ্রন্ট ভাঙ্গা হল তখন অদ্ভুত উৎসাহ নিয়ে যুক্তফ্রণ্টের পাশে এসে দাঁড়িয়েছে। তারা ভুলে গিয়েছিল ১৯৬৭ সালের ২রা অক্টোবরের কথা। ১৯৬৭ সালের ২রা অক্টোবর কি হতে যাচ্ছিল? ২১ শে নভেম্বরের কথা মনে করুন, মনে করুন কারা যুক্তফ্রন্ট ভাঙ্গল কারা, পুলিশরাজ কায়েম করল। সাধারণ মানুষ মার খেয়েছে, গুলি খেয়েছে, শত শত হাজার হাজার লোক জেলে ভর্তি করেছে এবং পরিশেষে আবার সেই মধ্যবর্ত্তী নির্বাচন—শাসকবর্গকে বাধ্য করেছে মধ্যবর্ত্তী নির্বাচনের জন্য। যুক্তফ্রণ্ট তাদের কি দিয়েছে? ৪ টাকা, ৫ টাকা, ৬ টাকা কেজি চাল—আর কি দিয়েছিল, আর প্রত্যেকটি মাননীয় সদস্য যুক্তফ্রণ্টে তাদের আমি অনুরোধ করব আপনারা বুকে হাত দিয়ে ভাবুন ত মানুষ কেন সমর্থন করেছিল?

অর্থাৎ ১৯৬৭ সালের যুক্তফ্রণ্ট মানুষকে অর্থের দিক দিয়ে দিতে পারেনি। কিন্তু নিশ্চয় লক্ষ লক্ষ কোটি কোটি কল কারখানার ক্ষেতে খামারের খেটে খাওয়া মানুষগুলোর অন্তরে কিছু সাড়া জাগাতে পেরেছিল। সে জাগাতে পেরেছিল উদ্দীপনা, যার জন্য মানুষ ৩/৪ টাকায় চাল খেয়েও ব্যাথা ভুলে গিয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন আমাকে জমির দায়ীত্ব দেওয়া হয়েছিল। যোগ্যতা আমার নয়, যদি কিছু করে থাকি যুক্তফ্রণ্ট কৃতিত্ব দাবী করতে পারে। ভুল কিছু হয়ে থাকলে সে ভুল আমার। ১৯৬৭ সালের জমির জন্য যত আবেদন পেয়েছি জোতদারের বেআইনী জমি থেকে তা বিলি করার চেষ্টা করেছি। আমি জানি ২৫ বছর, ৩০ বছর, ৫০ বছর ধরে গরীব কৃষকরা যে জমি হারিয়েছিল, তার জমি হারাবার ব্যথাটার উপর পরদা পড়ে গিয়েছিল। আমি তা সারাবার জন্য সাহায্য করেছিলাম এবং তাকে সামান্য দু এক ছটাক জমি দেওয়া গিয়েছে। তার জমি দেওয়ার স্বপ্ন ভুলে ধরা হয়েছিল। তাই লক্ষ লক্ষ খেটে খাওয়া মানুষ অপূর্ব উন্মাদনা নিয়ে যুক্তফ্রণ্টের পাশে এসে দাঁড়িয়েছিল এবং কংগ্রেসকে ৫৫ জনে নামিয়ে নিয়ে গিয়েছে। অনেকে দাবী করেন মার্কসবাদী কম্যুনিষ্টপার্টি অন্য দলকে খেয়ে নেবেন। চ্যবন সাহেবও এই সতর্কবাণী দিয়েছিলেন ১৯৬৯ সালের মধ্যবর্ত্তী নির্বাচনে। ১৯৬৭ সালে আমাদের পার্টি বড় পার্টি ছিল যুক্তফ্রণ্টের মধ্যে। কই খেয়ে তো নেওয়া হয়নি। ১৯৬৯ সালে মধ্যবর্ত্তী নির্বাচনে কি প্রমাণিত হল? যুক্তফ্রণ্টের প্রতিটি দল বেড়েছে, আমরা যেমন বেড়েছি, আমাদের চেয়ে ছোট পার্টি এস, ইউ, সিও অনেকটা বেড়েছে, আর, এস, পিও বেড়েছে। প্রত্যেকটা পার্টিই বেড়েছে এবং এমনকি যে বাংলা কংগ্রেস থেকে ১৭ জন বিশ্বাসঘাতকতা করে সেদিন যুক্তফ্রণ্ট ছেড়ে কংগ্রেসের শক্তি বাড়িয়েছিল সেই ১৭টি সংখ্যা বাদ দিলে তারাও বেড়েছে। আর তাকিয়ে দেখুন সবাই পাঞ্জাবের, ইউ, পির, বিহারের মধ্যবর্ত্তী নির্বাচনের দিকে। সেখানে মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টি ছিল না, তাই কাউকে খেয়ে নেবার ভয়ও ছিল না। কি পরিস্থিতি সেখানে? মধ্যবর্ত্তী নির্বাচনে বিভিন্ন বামপন্থীদলের কি পরিস্থিতি? সেইজন্য আমি এই কথাকে স্নাওার ছাড়া কিছু বলতে চাইছি না। আমি সবাইকে বলব একটু বিবেচনা করুন এবং করে নিজেদের মত ও পথ স্থির করবেন। এই যে লোক ভোট দিয়েছিল, সে কি আশা করেছিল ২০ বছর ধরে যেভাবে গভর্ণমেণ্ট চলছিল তেমনিভাবে চলবে। যদি আমাদের পুলিশ, ম্যাজিষ্ট্রেট, আমাদের অফিসাররা সেই মত আচরণ করে তবে শুধু কি আমাদের মুখ দেখে আর চেহারা দেখে আমাদের ভোট দিয়েছিল? কংগ্রেসীদের মুখে আর চেহারার সংগে কি আমাদের তফাত আছে? ওদের চেয়ে

আমাদের এই শ্রীমুখ দেখে লোকে আনন্দে উৎসাহিত হয়ে যাবে? আশা জেগেছিল The United Front Government must work in a different way. তাদের নানাভাবে কাজ করতে হবে। আমরা জানতাম ভারতবর্ষের বর্তমান সাংবিধানিক সীমাবদ্ধতার মধ্যে, গোটা ভারতবর্ষের অর্থনৈতিক, রাজনৈতিক পরিস্থিতির মধ্যে বাংলাদেশে যুক্তফ্রন্ট করে আমরা মৌলিক সমস্যার সমাধান করতে পারব না। আমরা জানি না একথা আমাদের মধ্যে কেউ চিন্তা করেছেন কিনা, কিন্তু আমাদের মধ্যে সে অর্বাচীন চিন্তা ছিল না, আজও নেই। তবে কি ভেবেছিলাম? ভেবেছিলাম এইটুকু যে, এই ক্ষুদ্র সীমাবদ্ধতার মধ্যে যেটুকু মানুষের কল্যাণ করা যায়। আজ গোটা ভারতবর্ষের রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক অবস্থার যদি মৌলিক পরিবর্তন করতে হয় তাহলে কোটি কোটি মানুষ না জাগলে হবে না। ওরা কাজ করে। রাজা আসে যায়। মানুষগুলো কাজ করে। তারা মাঠে ঘাটে কল কারখানায় কাজ করে। সেই মানুষগুলো যতক্ষণ জেগে নিজের থেকে বুঝে না নিচ্ছে ততক্ষণ ভারতবর্ষের মৌলিক পরিবর্তন হতে পারে না।

[ 7-00—7-10 p.m. ]

আমরা ভেবেছিলাম, যুক্তফ্রন্ট, যদি পারি মানুষের কিছু কল্যাণ করতে, আর যদি পারি ঐ কোটি কোটি খেটে খাওয়া মানুষগুলির মধ্যে উৎসাহ, উন্মাদনা সৃষ্টি করতে পারি, তার মধ্যে সংগ্রামী চেতনা—হ্যাঁ সংগ্রামী চেতনা এবং তার মধ্যে যে আত্মবিশ্বাস, যদি মনুষ্যত্ববোধ থাকে তাহলে বলতে পারি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১১ মাস যুক্তফ্রন্ট চলার পর আমি অত্যন্ত উদাত্তকণ্ঠে একথা বলতে চাই যে আমি গর্বিত। আমাদের প্রত্যেকের গর্ববোধ করা উচিত। আমি জানি, আমি একথা বলতে রাজী নই যে, আমাদের কোনই ত্রুটি হয়নি, এর মধ্যে ভুল ত্রুটি নেই, এর মধ্যে কমজোরি কিছু নেই, এর মধ্যে একটু আধটু অন্যায়ও হয়নি। কিন্তু যারা শুধু ভুলটা দেখে, কে ভুল করেননি, যাঁরা বড় বড় বক্তৃতা করছেন তাঁরা ভুল করেননি জীবনে, যদি জীবনের ইতিহাস দেখি তাহলে দেখবো যে কি করছি না করছি, কে ভুল করেননি? তাই কোটি কোটি পায়ের তলায় পড়ে থাকা মানুষগুলি যাদের কোমরটা বাঁকা হয়েছিল, যারা জমিদার, মহাজনদের দিকে চোখ তুলে তাকাতে পারতোনা, যারা সামান্য একটু খাবার জন্য জমিদারের কাছে গিয়ে বলতো বাবু দু'বিঘা জমি দেবেন? বাবু খেতে পাচ্ছিনা দু'মণ ধান আজকে দেবেন? এই যারা করতো সেই লক্ষ লক্ষ মানুষগুলি যদি আজ মাথা তুলে দাঁড়ায়, যদি পিঠ সোজা করে দাঁড়ায় এবং যদি তারা মনে করে যে এই লোকটাই আমার জমিকে গ্রাস করেছিল, এই লোকটাই আমাকে সর্বস্বান্ত করেছিল, এই লোকটাই আমার মা বোনের ইজ্জত নষ্ট করেছিল এবং যদি সেই নব জাগরণের ফলে তার কিছু স্বাভাবিক প্রতিক্রিয়া, স্বাভাবিক রিএ্যাকশন যদি কোন কোন জায়গায় দেখা দিয়ে থাকে তাহলে আজকে আমার কাছে কি সেইটেই বড়, নাকি, আমার কাছে বড় মানুষ জেগেছে। আমি এইটাই দেখেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমি ১৪ বৎসর বয়সে রাজনীতিতে ঢুকেছিলাম, আপনি জানেন আমিও জানি অতীতে অনেক ভুল করেছি, আমি আন্দামান থেকে এসেছি ২১ বৎসর বয়সে, ১৯৩৯ সাল থেকে আমি কৃষক আন্দোলন করি, আমি সহরে রাজনীতি করিনা, আমি জীবনে দেখেছি গুলি খাওয়া অহল্যার জায়গা, আমি দেখেছি টেবির ভেড়ী, আমি দেখেছি কৃষক লড়াই বিভিন্ন জায়গায়, কিন্তু এ জিনিস দেখিনি এই দু'বছর যা গ্রামাঞ্চলে দেখেছি, লক্ষ লক্ষ গরীব মানুষ, কমজোরি আছে, ত্রুটি আছে, বিচ্যুতি আছে, কিন্তু লক্ষ লক্ষ মানুষ কি অদ্ভুত উৎসাহ নিয়ে জেগে উঠেছে। আমার কাছে এইটাই বড়, এটাইত ভবিষ্যতের শক্তি। যদি ভুল করি, মা যেমন ছেলেকে সুধরে নেয়, যেমন করে বলে দুষ্টু ছেলে এটা করিস না, আমি তার ভুলটাকে সুধড়ে দেবো কিন্তু সে ভুল করেছে বলে তাকে ত আমি ডাষ্টবিনে ফেলে দেবো না। আমি ভুল করেছি বলে ঐ জোতদার জমিদার, মিল মালিকদের কান্না আমার হৃদয়ে এতটুকু সাড়া জাগাতে পারবে না। একথা আমি বলছি, অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কার করে বলে দিতে চাই কি হয়েছে। আমি বলবো এই গভর্ণমেন্টই বাংলা দেশে

প্রথম গভর্ণমেণ্ট যে কথা দিয়ে কথা রেখেছে। আমরা বলেছিলাম যে ৯ বিঘা জমি পর্যন্ত খাজনা ছাড়বো, ছেড়ে দিয়েছি। আমরা বলেছিলাম যে বেনামী জমি ধরবো, আমরা ধরেছিলাম, খাস জমি বিলি করবো—করেছি। আমরা বলেছিলাম—যে বেনামী ধরবো। যে কংগ্রেসের আমলে লক্ষ লক্ষ বিঘা জমি চুরি করে খেয়েছেন, অনেকে অফিসারদের সাহায্য নিয়ে খেয়েছেন, অনেকে তাও করেননি গায়ের জোরে মেরে খেয়েছেন এবং যে তাও পারেননি তিনি হাইকোর্টে ইনজাংশন দিয়ে আটকে রেখেছেন। আমি বলেছিলাম যে এদের চোখের ঘুম আমরা কেড়ে নেবো, এ জমি আমরা কাড়বো, হ্যা কেড়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ্যাসেম্বলীতে বলেছি, আজো বলছি, কালও বলবো যে শুধুমাত্র আইন দিয়ে হয় না। আমিত ধরেছি, আমি জানি ৩ লক্ষ ২ হাজার বিঘা আমি উদ্ধার করেছি। যদি বলেন যে কতটুকু বিলি করতে পেরেছেন? পারিনি। কেন পারেননি। আমি জানি উদ্ধার করেছি, আইনে-র দিকে থেকে যেমনি উদ্ধার করলাম অমনি চলে গেল হাইকোর্টে? আমি জিজ্ঞাসা করেছিলাম একদিন যুক্তফ্রণ্টের মিটিংএ, মাননীয় মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন, যে বলুন এই যে লোকটি ১২ শত একর জমি নিয়ে সুপ্রীম কোর্টে হেরে গিয়ে আবার হাইকোর্টে ইনজাংশন নিয়েছেন কি করবো? আমি মাননীয় ভারতের প্রধান মন্ত্রীকেও একথা বলেছিলাম যখন সারা ভারতবর্ষের মুখ্যমন্ত্রীদের সম্মেলন হচ্ছিল যে হ্যাঁ কিছু বেআইনী কাজ হয়েছে কিন্তু আমি বলেছিলাম শ্রীমতী গান্ধীকে যে আমি কি করবো?

প্রায় দুই লক্ষ জমি ইনজাংসানে আটকে আছে। যার ১২০০ একর জমি ইনজাংসানে থাকে এও কি বলতে হবে নাবালক শিশু, দরিদ্র ৩একরের মালিক? যার, ১২০০ একর জমি ইনজাংসানে আটকান—বলুন কি করবো—হ্যাঁ, আমি কৃষকদের বলেছি যে ন্যায়বিচার আজ হচ্ছে না, হ্যাঁ বিচারের বাণী আজকে আটকে আছে, আমি বারে বারে এই কথাই বলি। বৃদ্ধ কালমার্কসও ১০০ বছর আগে বলেছিলেন যে হ্যাঁ সমাজের বিচার শ্রেণী বিচার হয়না, ন্যায় বিচার। রবীন্দ্র নাথও বলেছিলেন 'বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে'। আশ্চর্য্য আমাদের কিছু লোক মনে করেন এটাই হল বিচার। লক্ষ লক্ষ বিঘা জমি চুরি করা, চুরি করে ভোগ করা, তারপরে হাইকোর্টে ইনজাংসান নেওয়া। চাষী দখল করতে গেলে পুলিশকে দিয়ে পিটিয়ে দেওয়া, এই হচ্ছে ন্যায় বিচার। না, এটা ন্যায় বিচার নয়। এ যদি বিচারের ব্যাভিচার না হয় তাহলে কিসের বিচারের ব্যাভিচার? তাই আইন যদি মানুষকে বাঁচাতে না পারে, আইন যদি বিচারকে রক্ষা করতে না পারে, আইন যদি ব্যাভিচারকে রুখতে না পারে, আমাদের মুখ্যমন্ত্রী যাকে সুপ্রীমকোর্ট বলেন বাংলাদেশের জনসাধারণ, তাকেই দায়িত্ব নিতে হবে ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে, বাংলার মাঠে-ময়দানে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হ্যাঁ, আমাদের গভর্ণমেণ্টের প্রচেষ্টা আর আমাদের এই কৃষকদের জাগরণ দুই মিলিয়ে বাধ্য করা গেছে। আমি যেটা বলেছি যে ৩ লক্ষ একর জমি কৃষকদের হাতে গেছে, এমনি করে শুধু আমার বিলি নয় আমাদের বিলি ও কৃষকদের দখল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তার মানেটা কি, ৯ লক্ষ বিঘা জমি তার মানে কি? সাত নয় তেষট্টি, কমপক্ষে ৬০ থেকে ৬৩ লক্ষ মণ ধান যা গত বছর জোতদারদের বাড়ীতে উঠেছিল তা এবার উঠল না, এটা কম কথা এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে চাষী ৩ লক্ষ একর জমি দখল করেছে নূতন চেতনায় উদ্বুদ্ধ হয়ে হ্যাঁ তারা লাঠি কাঁধে নিয়েছে—জোতদারদের ৬০ হাজার বন্দুক ডাকলে আমাদের ভয় লাগে না, আমার বুকে ব্যাথা লাগে না, বড় লোক কিনা— আর গরীব লোক তারা যদি ৫০ হাজার লাঠি কাঁধে নেয় আমার বুকে ভয় লাগে কারণ ওরা যে ছোট লোক, ওরা কেন কাঁধে লাঠি নেবে, কেন কি দরকার? আমি দেখব ব্যবহার যেন তারা ঠিকমত করে, ব্যবহার যেন অন্যায়ভাবে না করে। কিন্তু কাঁধে লাঠি নিলে বুক কাঁপবে কেন? এটাই হচ্ছে দৃষ্টিভঙ্গীর তফাত। স্পীকার মহোদয়, হ্যাঁ, আমি স্বীকার করছি এই গরীব চাষীরা জোতদারদের বাড়ী গিয়েছে, চাপ দিয়েছে ধান দেবেন কিনা বলুন, বলেছে—মনে নাই ১৩৫০ সালের আকালের কথা? ১৩৫০ সালের পর বলুন যাঁরা গ্রামে থাকেন কোন বছর দেখেছেন অগ্রহায়ণ, পৌষে ধানের দর যা থাকে শ্রাবণ, ভাদ্রতেও সেই দর, কোন বছর দেখেছেন? না, ১০/১৫/২০/২৫

টাকার তফাৎ হয়, মানুষ হা-অন্ন করে ঘুরে বেড়ায়, আর জোতদাররা, মজুতদাররা বলে দেবে ৬ টাকায় কড়ারে দেবে? এই প্রথম ২৫ বছরের মধ্যে এই প্রথম গরীবরা বলেছে হবে না, ধান দিতে হবে, আমাকে ধান না দিয়ে তুমি বাজারে বিক্রী করবে ৭০ টাকায় তা চলবে না। হ্যাঁ, সেই জন্যেতো বলুন তারা দিয়েছে, জোতদাররা ধান দিয়েছে। এবছর তাই দেখবেন লোকে গিয়ে বি. ডি. ও এস. ডি. ও.কে ঘেরাও করে নি, সেখানে বলেনি কিছু কৃষি ঋণ দিন, ওমুকটা দিন, তারা গাঁয়ে আদায় করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে এটা গর্বের বস্তু যে তারা ধান আদায় করেছে। স্পীকার মহাশয়, যদি লক্ষ লক্ষ গাঁয়ের গরীব মানুষ তারা যদি এই রকম অপূর্ব উন্মাদনায় যদি মেতে ওঠে, যদি সমাজে নূতন ইতিহাস সৃষ্টি করতে যায়—বাড়াবাড়ি হবে না. একটু জল ঝলবে পড়বে না, একটু অন্যায় অপরাধ হবেনা, আর ব্যবহারে ভদ্রতা থাকবে কোথায়? সে তো বলবো এই মহাশয়, দেন দেন একটু হবে না? অত ভদ্রতা কি সম্ভব? হ্যাঁ হয়েছে, আমি বলছি হয়েছে কিছু কিছু অভদ্রতা হয়েছে, আমি তারজন্য অত বিচলিত নই। রুশ দেশে জারের মাথাগুলি যখন গিয়েছিল তাদের বাড়ীর বংশধরদের যখন নির্বংশ করা হয়েছিল, কমরেড লেনিন তখন এই কথা বলেন নি যে মজুররা খুব ভাল কাজ করেছে, কিন্তু তাই বলে ওদের বাপান্ত করেন নি। এই যে লক্ষ লক্ষ মানুষকে জবাই করেছিলেন, মেরেছিলেন গরীব মানুষ যদি শোধ নেবার দিন এসেছে, যদি রাগের চোটে একটু বেশীই করে থাকে একমাত্র ডাইনি হলেই বলবে বেটারা বদমাশ, আর বাকি লোক বলবে যে মেরে এলি না মারলেই ভাল করতিস।

[ 7-10—7-20 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি করে হবে বলুন তো? গরীব মানুষ জমি দখল করছে সেখানে একটু বাড়াবাড়ি হবে না? কিছু জমি অন্যায় ভাবে দখল হয়েছে এটা আমি জানি। তবে যতটা অন্যায় বলা হচ্ছে ঠিক তা নয়। এ সম্বন্ধে সিদ্ধার্থ বাবুও লিষ্ট পাঠিয়েছেন, আমাদের মুখ্যমন্ত্রীও লিষ্ট পাঠিয়েছেন আমার কাছে। আমি তার কিছু কিছু জবাব পেয়েছি, সব জবাব আসেনি। তাতে কী দেখছি? অনেকগুলি দরখাস্তে যা লিখা হয়েছে, তা অনেকই মিথ্যা। একজন এমনি লিখে পাঠিয়েছিলেন ওর মাত্র ২০ একর জমি, আর কিছু নাই। কিন্তু তদন্ত করে দেখা গেল তার এ মৌজায় এত একর, ও-মৌজায় অত একর এই ভাবে সবশুদ্ধ দুশো একরের বেশী তার জমি আছে। এই তো ব্যাপার। যার জন্য আপনি ওকালতি করছেন, সে-ই আপনাকে cheat করে দেবে। খাতা কলমে সব জমি চুরি করে বলে হয়ত ১৫.২০ একর দেখাবে। সেই চোরাই জমি বের করতে হবে। একজন লিখেছেন তার ১০ একর জমি আছে, কিছুতে হাইকোর্টের ইনজাংসন আছে, আর অমুক এত দখল করেছে। তখন বুঝে নিতে হবে ওটা ১০ একর নয়, অনেক বেশী জমি রয়েছে। আমাদের কেউ কেউ সে কথা বিশ্বাস করেন না। কিছু সত্য এই কিছু মধ্যবিত্তের জমি গেছে। তারজন্য আমাদের যুক্তফ্রন্ট সরকার দায়ী না। তারজন্য দায়ী হলো অতীতের কংগ্রেস সরকার এবং এর আগে যিনি এখানে অভিযোগ করলেন তিনিও তখন সেই গভর্ণমেণ্টে ছিলেন unfortunately তখন ceiling বেঁধে দেওয়া হলো ১৯৫৫ সালের এপ্রিল মাসে আইন পাস হলো। যে he is entitled to retain 25 acres of agricultural land. এবার তাঁরা কী করলেন? সুশীল বাবু স্মরণে রাখবেন। ১৫ বছর ধরে কংগ্রেস গভর্ণমেণ্ট সেটা রাখলেন। কার্য্যকরী করলেন না। সরকারে যে জমি Vest করলো, সরকার কিছু করলেন না। ফলে জমিদাররা সেই জমি বিক্রী করে দিলেন গভর্ণমেণ্টে যা Vest করলো। ওঁরা কিনলেন, যাঁরা কিনলেন তাঁরা সাজানো ক্রেতা। আমরা সেটেলমেণ্ট রেকর্ড, পরচা দেখেছি, রসিদও আছে, এখন কী করা যাবে। নাবালকের সম্পত্তি আপনারা কিনেছেন, জেনেই হোক, আর না জেনেই হোক। এজন্য দোষ আপনাদের নয়, দোষ অতীতের কংগ্রেস গভর্ণমেণ্টের। ১৫ বছর ধরে তাঁরা টালবাহানা যদি না করতেন, তাহলে এজিনিষগুলো হতো না। জমি গভর্ণমেণ্টের খাস হয়ে গেছে। J. L. R. O. অফিস থেকে খতিয়ান-দাগ

নজর আনা হয়েছে, তাতে দেখেছি জমি সরকারের খাস হয়ে গেছে। এখন এর সমাধান কি করে হবে? কোন পলিটীক্যাল পার্টিকে বা মার্কসিষ্ট পার্টিকে দোষ দিয়ে লাভ নাই। ফরওয়ার্ড ব্লককে দোষ দিয়ে লাভ নাই। দোষ হচ্ছে কাদের তা আমরা জানি। আমরা বরঞ্চ চেষ্টা করছি, সংশোধন করবার জন্য নতুন করে সংশোধনী বিল আনছি। যারা এইভাবে খাস জমি বিক্রী করেছে তাদের retained land থেকে সমপরিমাণ জমি কেটে নেওয়া হবে, এরজন্য তাদের জরিমানা করবো এবং Public Demand Recovery Act অনুসারে তাদের কাছ থেকে সেই টাকা আদায় করবো। যারা তিন একর পর্য্যন্ত এই খাস জমি কিনেছেন তাদের জন্য এই ব্যবস্থা হবে। আরো কিছু কিছু যে ভুল আছে, তারজন্য আমরা এখন খেসারৎ দিচ্ছি। এই দোষের জন্য, ক্রটির জন্য যুক্তফ্রণ্ট দায়ী নয়, বা গরীব কৃষকও দায়ী নয়। যারা দায়ী, তাদের সঙ্গে আমার বন্ধু সুশীল ধাড়াও ছিলেন। এ সত্য কথা কিছু কিছু জায়গায় একটু বাড়াবাড়ি হয়েছে। এও জানি এখানেও দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে। যুক্তফ্রণ্ট সরকার ১৪ দলের সরকার, তাদের মধ্যেও দৃষ্টিভঙ্গীর পার্থক্য আছে এবং থাকবে। গ্রামে যখন কৃষক নড়ে, কৃষক উল্লসিত হয়, তখন জোতদারদের বুকে ব্যথা লাগে।

গ্রামের এই অবস্থা আমাদের যুক্তফ্রণ্টের মধ্যে প্রভাব বিস্তার করে। আজ প্রত্যেকটা যুক্তফ্রণ্টের শরিককে বুকে হাত দিয়ে ভাবতে হবে সেই রাখালের কথা, তার মাসী মোক্ষদার কথা। আজ প্রমাণ দিতে হবে যে ৩২ দফা কর্মসূচী ওটা মুখের কথা নয়, ওটা আমাদের অন্তরের কথা। আমরা ভোটের আগে বলেছিলাম বেনামী জমি উদ্ধার করব, জনগণের বিরুদ্ধে পুলিশ ব্যবহার করা হবে না, কিন্তু যখন সেটা সত্যে রূপ দিতে আরম্ভ করল তখন গ্রামের জোতদারেরা আতঙ্কিত হল। তাদের ২ হাজার বিঘা জমি অনেক কায়দা কানুন করে রেখেছিলেন ধরা পড়ে গেল, মানুষ হাইকোর্টের ইনজাংসন মানল না, দারোগারা তাদের সাহায্য করল না—কাজেই তারা আতংকিত তো হবেনই। তাই বলে আমি বলছিনা যে ল য়্যাণ্ড অর্ডারের উন্নতি করার কিছু নেই, আমি বলছিনা যে আমাদের কোন অন্যায় ক্রটি হচ্ছে না, কিন্তু যাঁরা চিৎকার বেশী করছেন তাঁদের বুকে হাত দিয়ে ভাবতে হবে সেই মাসীর কথা যে অন্তরের কথায় আর মুখের কথায় পার্থক্য কিছু আছে কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার আমি শেষ কথায় যাচ্ছি—পরবর্ত্তীকালে যদি বাজেট হয়, এইজন্য বলছি যে যুক্তফ্রণ্ট সংকটের মধ্য দিয়ে চলেছে, তাই যুক্তফ্রণ্ট যদি টিঁকে থাকে তাহলে বাজেট যখন আলোচনা হবে তখন আমি আরো অনেক জিনিস নিয়ে আসব নথিপত্র দিয়ে। আমি পরিশেষে এই কথাই বলব এখন একটা বিরাট পরীক্ষার সময় এসেছে, এখন প্রত্যেককে বুঝতে হবে আমরা যেন কংগ্রেসের ফাঁদে না পড়ি, তা যদি হয় তাহলে এটা মনে রাখা দরকার বাংলার লক্ষ লক্ষ মানুষ তা সহ্য করবে না। ১৯৬৭ সালের ২রা অক্টোবরের কথা মানুষ মনে রেখে দিয়েছে, ১৯৬৭ সালের ২১শে নভেম্বরের কথা মানুষ ভোলেনি। আজকে সকলকে মনে রাখতে হবে যে জ্যোতিবাবু অজয়বাবু নিজেরা গলায় গলায় মেলেন নি, বাংলার মানুষের জাগ্রত চেতনার যারা সমস্ত দলগুলি ঐক্যবদ্ধ হতে বাধ্য হয়েছিল। আমাদের যদি কিছু ভুল ক্রটি হয় তাহলে আমরা তা সংশোধন করে নেব কিন্তু কেউ যদি মনে করেন যুক্তফ্রণ্টের বিরুদ্ধে কুৎসা রচনা করে যুক্তফ্রণ্টকে ভাঙবেন তাহলে বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ এগিয়ে যাবে তাকে রুখতে এবং তাদের সেই রথচক্র থামবেনা, যদি কেউ তা আটকাতে যান তাহলে ছিটকে পড়ে যাবেন—এই বলে আমি আমার বক্তৃতা শেষ করলাম।

**শ্রীসরল দেব:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের যুক্তফ্রণ্টের সদস্যদের কাছে এটা খুব বেদনাদায়ক বলে মনে হচ্ছে। আমাদের এখানে পরিষদীয় মন্ত্রী যতীনবাবু, সুশীলবাবু এবং হরেকৃষ্ণ বাবু এই তিনজনের বক্তৃতা আমরা শুনলাম তিন রকম। আমি ওঁদের কাছে আবেদন করছি ওঁরা ক্যাবিনেটে বসে তারপরে একযোগে এসে আমাদের সামনে ওঁদের ভাষণ রাখুন। তা নাহলে এটা আমাদের কাছে খুবই বেদনাদায়ক লাগছে।

**মিঃ স্পীকার:** আমি ওসব ব্যাপারে নেই, ওঁরা যা করেন করুন। আর দুজন আছেন—জ্যোতিবাবু এবং আমাদের মুখ্যমন্ত্রী অজয়বাবু—ওঁদের বক্তৃতা শেষ হয়ে গেলে ব্যাপারটা মিটে যাবে।

[ 7-20—7-30 p.m. ]

**শ্রীজ্যোতি বসু ঃ** মাননীয় স্পীকার মহাশয়, অনেক ইতিহাস বাংলাদেশে রচিত হয়েছে এবং আজকে একটা নতুন ইতিহাস এখানে রচিত হচ্ছে। এর পরিণাম কি হবে সেটা আমরা কেউ বলতে পারি না। কারণ, একটা বিরাট বিপদের মুখে আমরা আছি, যুক্তফ্রণ্ট সরকার, এবিষয়ে কোন সন্দেহ নেই। কতদিন আমরা এইভাবে চলতে পারব, এই উপরতলায় যা হচ্ছে, আজ এইখানে বিধানসভায় যা হচ্ছে, সেটা আমরা কেউ বলতে পারব না। সেইজন্য আজকে আমাদের উচিৎ হচ্ছে যে জনগণ আমাদের যেহেতু প্রতিষ্ঠিত করেছেন দু দুবার একটা বিরাট বিশ্বাসঘাতকতার পরে —১৯৬৭ সালের বিশ্বাসঘাতকতায় অনেকগুলি এম. এল. এ. যারা জন্তু জানোয়ারের মত বিক্রী হয়ে গেল, সে অভিজ্ঞতার পরেও আমরা দেখেছি যে বাংলাদেশের জনগণ দ্বিতীয়বার আমাদের উপর আস্থা স্থাপন করেছেন। কাজেই সেই জনগণকে আমরা মিথ্যা কথা কোন দিনও বলতে পারব না, সেই জনগণকে আমরা কোনদিনও ফাঁকি দিতে পারব না, আমরা কদিনের মন্ত্রী থাকবার জন্য। সেইজন্য আজকে একরকম ভালই হচ্ছে। সুশীলবাবুকে আমি ধন্যবাদ জানাই যে তিনি অন্ততঃ বাহিরে যেমন তেমনি এর ভিতরেও আমাদের সুযোগ করে দিয়েছেন যাতে জনগণের কাছে পরিষ্কার সত্য কথা বলতে পারি। তারপরে জনগণ বিচার করবেন কিভাবে আমাদের এগিয়ে যেতে বলবেন এবং এই জনগণ ২০ বছর ধরে কংগ্রেসী কুশাসন, অত্যাচার, অনাচার দেখেছেন, অভিজ্ঞতা লাভ করেছেন। মানুষ কংগ্রেসে ছিল, দলে দলে মানুষ কংগ্রেস থেকে বেরিয়ে এসেছেন আমাদের শুধু বক্তৃতা শুনে নয়, তাদের নিজেদের জীবনের তিক্ত অভিজ্ঞতায় দেখেছেন এবং তারজন্য আজকে মানুষ দুবার যুক্তফ্রণ্ট সরকারকে তৈরী করে দিয়েছেন পশ্চিমবাংলায়। তখন বোঝান হয়েছে যে যুক্তফ্রণ্ট সরকারের মধ্যে নানা রকম মত আছে, যুক্তফ্রণ্ট সরকারের মধ্যে সুশীলবাবুর মতন মানুষ আছেন যিনি আজ যুক্তফ্রণ্টকে সম্পূর্ণ বিধ্বস্ত করবার জন্য আক্রমণ করলেন, এখানে অনেক অসত্য কথা তিনি বললেন, আবার এখানে আমাদের মতন মানুষও আছেন যাঁরা ভুলত্রুটি স্বীকার করবেন। কিন্তু যুক্তফ্রণ্ট সরকারের যে অগ্রগতি সেই কথা মানুষের কাছে রাখবে, যা সত্য ঘটনা তা উৎঘাটিত করবে, বাস্তব যা তা মানুষের কাছে তুলে ধরবে এবং মানুষের কাছে আবেদন করবে যে আপনারা একতাবদ্ধ হয়ে আমাদের সাহায্য করুন, যদি ভুলত্রুটি থাকে তাহলে সেগুলি বড় হয়ে দেখা দেবার আগে আমাদের শুধরে এক করে দিন, এই কথা মানুষের কাছে বলব, কুৎসা রটনা করব না যুক্তফ্রণ্ট সরকারের বিরুদ্ধে বা তার কোন বিভাগের বিরুদ্ধে। এই কথা মানুষকে আজ বিচার করতে হবে যে আমরা নানা রকম দল আছি, মানুষ আমাদের যে কোন উপায়েই হোক, যা বুঝেই হোক, তারা আমাদের পক্ষ অবলম্বন করেছেন সবার, শুধু মার্কসবাদী কমুনিষ্ট পার্টির পক্ষ নয়, আমরা এক হয়ে দাড়িয়েছিলাম আমাদের সবার পক্ষ। মানুষ এই কথা এতদিন মনে করেছেন যে কংগ্রেসের বদলে আর একটি পার্টি দিয়ে এখানে কার্য সিদ্ধ করা যাবে না, তাই আমাদের সবার পক্ষ অবলম্বন করেছেন এবং আমাদের সবাইকে মিলিয়েছেন। সেই মানুষের কাছে আজ আমি এই কথা বলতে চাই তাঁদের দৃষ্টি আকর্ষণ করে যেকথা অতি সহজে তাঁরা বুঝে যাবেন যে কত রকম দল, কে কোন স্বার্থ দেখছে। কারণ, কংগ্রেস পক্ষ থেকে তারা তো সব রাতারাতি সাধু হয়ে যায় নি, জনগণের প্রতিনিধি হয়ে যায় নি। তারা তো এখন প্রতিক্রিয়াশীল, কায়েমী স্বার্থের প্রতিনিধিত্ব করছেন। সেই কংগ্রেস কাকে আক্রমণ করছেন যুক্তফ্রণ্ট সরকারকে আক্রমণ করছেন। কিন্তু কায়দা করে আমাদের মধ্যে ভাগ করবার জন্য তারা বলছেন '৬৭ সালেও ঐ খেলা দেখেছি যে মার্কসবাদী কমুনিষ্ট পার্টি—সে মার্কসবাদী কমুনিষ্ট পার্টিকে আক্রমণ করছেন যে বৃহত্তম দল তুলনামূলকভাবে যুক্তফ্রণ্ট সরকারের মধ্যে। কারণ, ওরা জানে মার্কসবাদী কমুনিষ্ট পার্টিকে যদি বিচ্ছিন্ন করা যায় মানুষ থেকে, মানুষের মনটাকে যদি ভুলিয়ে দেওয়া যায় তাহলে অতি সহজে বাকিদের তারা খতম করতে পারবে। সেই জন্য এই আক্রমণ করছেন। আর দ্বিতীয়তঃ আমাদের মধ্যে যাতে ভুল বোঝাবুঝির সৃষ্টি হয় সেই চেষ্টা করছেন। কিন্তু আমরা গৌরবান্বিত সভায় সভায়

এটা বলেছি, এর পরেও আর বুঝতে অসুবিধা হয়না যে আমাদের বিরুদ্ধে যারা, তারা কায়েমী স্বার্থের প্রতিনিধিত্ব করছেন। তারা যখন আমাদের আক্রমণ করে তখন এটা আমাদের গৌরবের বিষয় কাজেই এটা নিয়ে বেশী আলোচনার কোন প্রয়োজন হয় না।

কিন্তু আমরা দেখতে পাচ্ছি যুক্তফ্রন্টের মধ্যে সুশীলবাবুর মত মানুষ তিনি ওঁদের সঙ্গে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে একই কথা বলছেন, কোন তফাত নেই, হয়ত তিনি অনেকগুলি ঘটনার কথা বলেছেন কিন্তু তাতে কোন তফাত নেই। এমন কি আমি আশ্চর্য্য হয়ে দেখলাম যে ডঃ সান্ন্যালকে উনি কোট করছেন। ডঃ সান্ন্যালের ব্যাপার নিশ্চয়ই মনে আছে। উনি কি তথ্য দিয়েছিলেন ১৯৬৭ সালে এবং এখনও তিনি কি দিচ্ছেন, আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু এমন অবস্থা আমাদের শরিক দলের একজন নেতা, ডাঃ নলিনাক্ষ্য সান্ন্যাল যিনি আমাদের এখান থেকে ওদিকে চলে গিয়েছিলেন ঐ যা বললাম ঐ এম. এল. এ-দের মত তাঁকে কোট করে বলছেন ডঃ সান্ন্যাল কি বলেছেন। এঁরা আজকে সেই কায়েমী স্বার্থ কি বলছেন আমাদের বিরুদ্ধে, সেই একই কথা আইনশৃংখলা নেই, নারী নির্য্যাতন, কলকারখানা সমস্ত ভেঙ্গে চুরমার হয়ে গেল, এখানে উৎপাদন নেই, সব কারখানা-গুলি মাথায় করে নিয়ে বাংলাদেশের বাইরে চলে যাচ্ছে, সেই একই কথা—নিয়মশৃংখলা শ্রমিকরা মানছে না, গরিব কৃষকরা মাথা তুলে দাঁড়িয়েছে, এই তো কথা, কায়েমীস্বার্থ আর কি বলছে? গ্রামে গ্রামে মুষ্টিমেয় জোতদার, কালোবাজারী যারা আছে তারা এই একই কথা বলছে না কি? কলকারখানার মালিকরা এই একই কথা বলছে না কি? কাজেই সুশীলবাবু নতুন কি বললেন, একটাও নতুন কথা তিনি বলেননি। আজকে আমাদের এটা ভেবে নিতে কোন অসুবিধা হচ্ছে না বা জনগণের এটা বুঝতে কোন অসুবিধা হচ্ছে না যে কে কোন স্বার্থের কথা আজ এখানে বলছেন। আমি আশ্চর্য্য হয়ে দেখলাম—তবে আশ্চর্য্য হবার কিছু নেই সুশীলবাবু এতক্ষণ ধরে এখানে বক্তৃতা দিলেন কিন্তু তিনি কোন প্রশংসার কথা শোনালেন না, আমরা নাকি কিছুই করতে পারি নি। তবে নারী নির্যাতন বা ঐ ধরণের যা বললেন আমি তার মধ্যে যেতে পারছি না কারণ সমস্তই সাব-জুডিস। যতগুলি তিনি বলেছেন, এ নিয়ে ওঁর মত আমি আইন ভঙ্গ করতে পারি না, কাজেই আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু আমরা বলছি একথা যে সুশীলবাবু কি বিচার করবেন বা কংগ্রেসীরা যাঁরা সুশীলবাবুর সঙ্গে একমত তাঁরা কি বিচার করবেন—জনগণ কি একথা বলছে বা বাংলাদেশের বেশীর ভাগ মানুষ—শতকরা ৭০/৮০ জন তারা কি একথা বলছে, যা ওঁরা বলছেন? তা যদি হয় তাহলে তার প্রমাণ কোথায়? ১১ মাস আমাদের সরকার হয়ে গেল, ইতিমধ্যে উপনির্বাচন হয়ে গিয়েছে, পৌরসভার নির্বাচন হয়ে গিয়েছে, লক্ষ লক্ষ শ্রমিক একতাবদ্ধ হয়ে লড়াই করেছে মালিকদের বিরুদ্ধে যেখানে আই. এন. টি. ইউ. সি-ও যোগ দিয়েছে, যে একতা আমরা আজ পর্যন্ত দেখিনি, যখন এই সমস্ত হয়েছে তখন প্রমাণ কোথায়? উপ-নির্বাচনে আরো বেশী ভোটের ব্যবধানে আমরা জিতেছি, স্থানীয় স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠানের নির্বাচনে কংগ্রেস কোথাও ১/২টি ছাড়া জিততে পারে নি—তারা নিশ্চিহ্ন হয়ে গিয়েছে, তাহলে প্রমাণ কোথায়? তবে কি বাংলাদেশের জনগণ এই হয়ে গিয়েছে যে যারা নারী নির্যাতন করে, যারা আইন শৃংখলা রক্ষা করে না, যারা মানুষকে রক্ষা করে না, যারা কলকারখানা ভেঙ্গে চুরমার করে দিচ্ছে, উৎপাদন কমিয়ে দিচ্ছে কলকারখানা বাংলাদেশের বাইরে চলে যাচ্ছে, এখানে পুঁজি নিয়োগ হচ্ছে না এই সব যারা করেছে তাদের বা সেই দলকে তারা শুধু এখানে প্রতিষ্ঠিত করেনি মাথায় করে রেখেছে, এগিয়ে নিয়ে যাচ্ছে। এটা কি বাংলাদেশের মানুষের প্রতি অবমাননাকর কথা নয়, এটা আজকে বিচার করে দেখতে হবে। সেইজন্য আমি জানি যে এইসব কথা বা যা অভিযোগ করা হচ্ছে—কিছু লোক নিশ্চয় বলছেন এবং কতকগুলি অতিরঞ্জিত ঘটনাও হয়েছে—আমরা তো বারবার বলেছি ভুলত্রুটি আমাদের আছে, বিরাট একটা পরীক্ষা হচ্ছে। যুক্তফ্রন্টকে নিয়েও সে ভুলত্রুটিগুলি আমাদের মধ্যে আলোচনা করে বা ক্যাবিনেটে আলোচনা করে যাতে আর না হয় বা কমে আসে সে ব্যবস্থা আমাদের করতে হবে। কই এসব কথা তো সুশীলবাবুর কাছ থেকে একবারও শুনলাম না। কংগ্রেস যা বললেন উনি সেই একই কথা বলে গেলেন। তা

ছাড়া অন্ত লাইনেরও নানা কথা বলে গেলেন। এমন কি সাব-জুডিস কেসগুলি পর্য্যন্ত একজন মন্ত্রী হয়ে তিনি এখানে একটা পক্ষ অবলম্বন করে বলে গেলেন, এ অধিকার তার নেই, কারণ আইন নেই। আইন শৃংখলার কথা যাঁরা বলেন এইটুকু আইন তাঁদের জানা দরকার যে এসব জিনিষ করা যায় না।

[ 7-30—7-40 p.m. ]

আমি তাই এখানে বলতে চাচ্ছি আপনাদের কাছে যে, এসব কথা হলেও যুক্তফ্রণ্টকে আমরা সকলে মনে করি এবং বাংলাদেশের জনগণও মনে করেন বাঁচান দরকার। আমরা তাদের প্রতিনিধিত্ব করে বলছি যে শুধু যুক্তফ্রণ্টকে নয়, এই সরকারকেও আমাদের বাঁচান দরকার। আমরা জানি কংগ্রেসের খেলা, তারা ভাবছেন যে একটু সমর্থন করে যদি এটাকে ভেংগে চুরমার করে দিতে পারেন তাহলে ওরা হয়ত যেমন আগে করেছিলেন P. D F. বাইরে থেকে বা ভিতরে ঢুকে কোন রকমে যদি একটা গণ্ডগোল সৃষ্টি করতে পারেন। আমাদের পরিষ্কার কথা হচ্ছে যে যুক্তফ্রণ্টকে যদি সত্যি ভাঙতে হয়, যদি আমরা মনে করি যে একসংগে আর চলতে পারবো না তাহলে এটা সেই পদ্ধতি নয়, যে ভাবে সুশীলবাবু বললেন। পদ্ধতি হচ্ছে, বলা যে, আমরা একসংগে থাকবো না, জনগণ যারা আমাদের প্রতিষ্ঠা করেছেন ভোট দিয়ে তাদের কাছে ফিরে যাওয়া এই হচ্ছে গণতান্ত্রিক পদ্ধতি যে, আপনারা আমাদের প্রতিষ্ঠা করেছিলেন ফিরে এসেছি আপনাদের কাছে, সরকার আমরা চালাতে পারবো না। আপনারা আর একবার নির্বাচন করুন, কাকে আপনারা করবেন। তখন যে কোন এলায়েন্স হোক সেই এলায়েন্সে লোক ভোট দেবে। এটাই পদ্ধতি হওয়া উচিত কিন্তু সেই পদ্ধতি এখানে হচ্ছেনা, এটাই আমরা দেখছি। সেজন্য আজকে যে সমস্ত কথা শুনলাম যে ম্যাজিসট্রেট, পুলিশ অফিসার—সমস্ত আজকে আতঙ্কিত, দ্বিধাগ্রস্ত। কই, ক্যাবিনেটে ১১ মাস ধরে আলোচনা করছি। প্রতি সপ্তাহে একটা মিটিং হচ্ছে। কোন দিনই এই আলোচনা আসেনি আমাদের কাছে। ক্যাবিনেটে তো আসতে পারতো একদিন। কিন্তু এলনা। হঠাৎ আজ এখানে দেখি রাজ্যপালের ভাষণের উপর আলোচনা, প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে এই সব কথা। কাজেই আমি বলছি, এসব হচ্ছে যুক্তফ্রণ্টকে ভেঙে দেবার পদ্ধতি। এটা গড়ার পদ্ধতি না, এটা প্রতিষ্ঠা করবার পদ্ধতি না, এটা ভুলত্রুটি দূর করবার পদ্ধতি না। তা যদি হত, সেই রকম সততা যদি থাকতো তাহলে ক্যাবিনেটে আলোচনা হতে পারতো, অন্য জায়গায় আলোচনা হতে পারতো। যে সব ভুলত্রুটি হচ্ছে আমরা সবাই মিলে সেগুলি শুধরে নিতে পারতাম কিন্তু সেই জিনিষ হয়নি। আমি বলবো যে, নানারকমভাবে মেয়েদের কথা, অমুক তমুক কথা, যেটা কংগ্রেস থেকে বারবার বলেছে। একটা মেয়েকে বারবার এখানে আনা হয়েছে এবং নানা রকমভাবে অসত্য কথা, অসভ্যভাবে এখানে রাখা হয়েছে। যদিও জানেন কেস আসে, Sub-Judice-কি হবে? কোর্টে বিচার হবে। একজন বললেই হবে না। ডঃ নলিনাক্ষ সান্যাল বলেছিলেন যে সুশীলবাবু সৎলোক নন। উনি বললেই হবে, তার কোন প্রমাণ দিতে হবে না? নিশ্চয়ই দিতে হবে। আমরা মনে করি না যে, উনি যা বলেছেন ১৯৬৭তে, তা সত্য। সেজন্য আমি বলেছি যে, একটা ঘোষণা করে দিলেই হল না। আর যদি এত কথাই ছিল তাহলে কিছু amendment এনে আগে থাকতে জানালে কাগজপত্র আনতে পারতাম। হঠাৎ এখানে বলতে আরম্ভ করলে, কাগজপত্র না এনে কি করে বলবো, এতে খুব অসুবিধা আছে। কাজেই এটা মনে হচ্ছে যে এটা ঠিক যুক্তফ্রণ্টকে বাঁচাবার বা তাকে এগিয়ে নিয়ে যাবার, তার ভুলত্রুটি দূর করবার পদ্ধতি নেওয়া হচ্ছে না, সেজন্য এটা খুব আক্ষেপের বিষয়, দুঃখের বিষয়। আমরা মনে করিয়ে দেবো যে, লক্ষ লক্ষ শ্রমিক—বহু কারখানায় যারা ছড়িয়ে আছে চা-বাগানে, সুতাকলে, ইনজিনিয়ারিং কারখানায়, কয়লাখনি থেকে আরম্ভ করে বিভিন্ন জায়গায় তারা কি বলবে এসব কথা? যা এখানে কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছে, সুশীলবাবুর

পক্ষ থেকে বলা হয়েছে। একদিনের জন্যও বলবেন না। ওরা পরীক্ষা করে দেখুন না, কালনা‍ে পরীক্ষা করুন, দুর্গাপুরে পরীক্ষা করুন, সমস্ত কলকারখানায় পরীক্ষা করুন, লক্ষ লক্ষ শ্রমিবে কাছে পরীক্ষা করুন। তবে হঁ্যা, ম্যানেজমেণ্টের কয়েকজন লোক একথা বলতে পারে, মালিকশ্রেণীর কয়েকজন লোক একথা বলতে পারে, কিন্তু লক্ষ লক্ষ গরীব মানুষ একথা বলবে না কারণ আমাদের আমলে যা হয়েছে, ২০ বৎসরে ঐ কংগ্রেসী রাজত্বে তা কল্পনাও করা যায়নি একথা আপনারা জানেন যে তারা কোটি কোটি টাকা আদায় করে নিয়েছে ঐ মালিকশ্রেণীর কা থেকে। আপনারা জানেন, আমাদের সরকারী কর্মচারী, যারা কোনদিন সরকারের বন্ধু ছি না, ২০ বছর ধরে আমরা দেখেছি আজ তারা সরকারের বন্ধু। আজকে মাষ্টার মহাশয়রা স্কু কলেজে কাজ করেন তারা কোনদিন সরকারের সহায়ক ছিল না। ১ টাকা, ২ টাকা আদায় করা জন্য তাদের অবস্থান করতে হত, আন্দোলন করতে হত, সংগ্রাম করতে হত কিন্তু আমাদের সম সেই অবস্থা নেই। এখন তারা আমাদের সংগে পরামর্শ করে চলেন। আমরা তাদের সম্মা করি। সেইভাবে আমরা গ্রামে গ্রামে লক্ষ লক্ষ কৃষকের সমাবেশ দেখেছি, মিছিল দেখেছি জাগরণ দেখেছি, এটাও সবচেয়ে বড় কথা নয়। কথা, কত জমি আমরা দিয়েছি এই গরী লোকগুলিকে। আজ ২০ বছর পরে তারা ভাবছেন যে একটা সরকার এসেছে এবং তা আমাদের সমর্থন করে যে গরীবের দিকে ফিরে তাকায় এতদিন ফিরে তাকায়নি। বাংলাদেশে এ জিনিষ হয়েছে। এগুলি সুশীলবাবুর নজরে পড়বে না—নজরটা যদি অন্য রকম হয় তাহলে কি ক পড়বে? সেইজন্যই আবেদন করছি যে আইনশৃঙ্খলা কোন দৃষ্টিভঙ্গি দিয়ে দেখছেন? তাঁরা বলছে পুলিশ অকেজো হয়েছে—আমি বলছি হঁ্যা অকেজো হয়েছে—পুলিশ তো আপনার আমার নয়, তা তো সেই দীক্ষাই পেয়েছে সেইভাবেই পরিচালিত হয়েছে। আমরা যারা মার্কসবাদী আ আমরা জানি যে এইসব আমূল পরিবর্তন করা যায় না, বিপ্লব ছাড়া অসম্ভব কিছু করা যায় না কিন্তু তবুও আমরা জানি যে অন্ততঃ তাদের আমরা এটুকু করতে পেরেছি। বললেন এবা গ্রামে গ্রামে এতোগুলো ক্যাম্প খোলা হয়েছে—তা আমরা গৌরবের সংগে বলতে পারি। সে ক্যাম্পগুলি ২০ বছর ধরে জোতদারদের, কালোবাজারীদের সমর্থন করেছে—এবার এই প্রথ তারা সাহায্য পেয়েছে সেই গরীব লোকরা এবং কিছু বাদ দিলে একথা পরিষ্কার যে সাধারণ মানু বলবে অন্ততঃ নেগেটিভ দিক থেকে তারা সাহায্য পেয়েছে, আবার কোথায়ও পসেটিভ দিক থে পুলিশের সাহায্য পেয়েছে। এই ২০ বছর ধরে কোথায়ও কি কোন গ্রামে ধান কাটা ব্যাপা নেগেটিভ দিক থেকে কি পলেটিভ দিক থেকে পুলিশের সাহায্য পেয়েছে? কোন দিন পায়নি কাজেই আমরা গৌরবান্বিত এবং এর আরও পরিবর্তন করতে হবে—কারণ আমরা জানি তাঁর বলেছেন পুলিশ এবং সরকারী যন্ত্র আমাদের কি সব বন্ধু হয়ে গেছে তারা সমস্ত আদর্শ মে নিয়েছে। এ অসম্ভব কথা কখনও হতে পারে না। আবার কিছু লোক আছেন যাঁরা ষড়য করছে যুক্তফ্রণ্ট সরকারের বিরুদ্ধে। এও আমরা জানি যুক্তফ্রণ্ট যদি বিতাড়িত হয় এ বিষয়ে কো সন্দেহ নেই এবং তার পরিচয় আমরা এই এসেম্বলী ভবনেই আমরা পেয়েছি যখন পুলিশ এখা আক্রমণ করতে ছুটে এলো। কিন্তু যদি জনগণের সমর্থন থাকে সহযোগিতা থাকে তাহলে এ সমস্ত সরকারী যন্ত্রকে আমরা কাজে লাগাতে পারবো মানুষের কল্যাণে। রাজ্যপালের ভাষণে কমপ্লেন ইত্যাদি আছে আমি মানি—প্রতি দলের কমপ্লেন অনেক আছে—কিন্তু এখানে একট ভাব দেখানো হচ্ছে যে মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির মেম্বার হয়ে গেছে পুলিশের লোকেরা—এট মূর্খের কথা, না, কিসের কথা? আমার কাছে কত চিঠি, কত আবেদন আছে তারা বলছে অন্যায়ভাবে গ্রেপ্তার হয়েছে, অন্যায়ভাবে মামলায় জড়িয়ে দেওয়া হয়েছে। একথা সত্য কিনা জানি না, তবে আমরা এই সব দেখছি। কাজেই পুলিশকে কাজে লাগাতে হলে জনগণের আর সহযোগিতা দরকার এবং আমাদের সেই দিকে উদ্বুদ্ধ হতে হবে। তা না হলে এ্যাডমিনিষ্ট্রেস কি করে চলবে? মুখ্যমন্ত্রী এককথা বলবেন, আমি আর এক কথা বলবো, উনি আমার অর্ডা ক্যানসেল করে দেবেন তার পর আমাকে তার ব্যবস্থা করতে হবে—এ রকমভাবে এ্যাডমিনিষ্ট্রেস

কখনও চলতে পারে না, এ অসম্ভব কথা। সেইজন্য আমার কথা হচ্ছে যে আমরা নিজেরা বসে এগুলি আমরা ঠিক করবো। আমরা দুঃখিত যে এই অবস্থা হয়েছে বাংলাদেশে—এ লুকানোর ব্যাপার নয়। আমি পরিষ্কার করে বলছি তবুও আমি মনে করি যে ঐ বক্তৃতার পরও মনে করি যে যুক্তফ্রন্ট থাকা উচিত। কারণ মানুষের এই আদেশ—কারও সাধ্য নেই এই আদেশ মেনে অন্য পথ নেয়। আমার মনে হয় সেই সাধ্য তাদের কারও নেই এবং আমি আশা করি এইভাবে ঐক্যবদ্ধ হয়ে আরও শক্তি নিয়ে এগোতে পারবো। সবাইয়ের স্থান যুক্তফ্রন্টের মধ্যে আছে যাদের এম. এল. এ, আছে তাদের স্থান আছে, যাদের এম. এল. এ. নাই তাদেরও স্থান আছে। কায়দা করে ফাঁকি দিয়ে জুলুম করে সরকারী সাহায্য নিয়ে কোন দিন কোন পার্টি বড় হতে পারে না—কংগ্রেস কত চেষ্টা করেছে—পেরেছে কি—এ শিক্ষা কি আমরা পাইনি? শিক্ষার কথা বলা হয়েছে যে সমস্ত শিক্ষাকে কুক্ষিগত করে পার্টির জন্য ব্যবহার করা হচ্ছে। কিন্তু ঐ যে জেলাপরিষদ ইত্যাদি করেছে স্কুলবোর্ড ইত্যাদি সমস্ত কুক্ষিগত করেছিল নির্বাচনের সময় শত শত লোককে চাকুরী দিয়েছে মিথ্যা প্রলোভন দেখিয়েছে তাতেও কি কংগ্রেস বাঁচতে পেরেছে? সেই শিক্ষা কি আমরা পাইনি যে কোন কোন দপ্তরকে ব্যবহার করবো আমাদের পার্টি বাড়াবার জন্য ভেঙে চুরমার হয়ে যাবে দুদিনের মধ্যে যদি সেই ব্যবস্থা অবলম্বন করা যায়। আর এই সব কথায় আমি যাচ্ছি না। এখানে অনেক অসত্য কথা বলা হয়েছে—সুশীলবাবু বললেন এমন নাকি লোক আছে যিনি অনেকগুলির এ্যাডমিনিষ্ট্রেটর হয়ে গেছেন। দু একটি উদাহরণ দিলে ভাল হোত—তাহলে এ অসত্য কথাটা ধরা পড়ে যেতো - কারণ এই রকম নাই। ঠিক সেইভাবে আমি বলতে চাই যে এডুকেশন সম্বন্ধে যখন আলোচনা হবে এখানে আমরা সেই কথাগুলি তখন রাখবো তার সম্বন্ধে।

[7-40—7-50 p.m.]

**শ্রীমিহিরকুমার লাহা:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় ডেপুটি চীফ মিনিষ্টার ঐক্ষুনি বললেন যে মাননীয় শিল্প মন্ত্রী শ্রীসুশীল ধাড়া মহাশয় একটু আগে হাউসের সামনে যে সমস্ত তথ্য রেখেছেন, সেই সমস্তই মিথ্যা এবং ভিত্তিহীন। যদি তিনি এ্যামেণ্ডমেন্টের নোটিশ দিতেন তাহলে কাগজপত্র নিয়ে এসে, তা তিনি [illegible] করতে পারতেন। আমি তাই আপনার কাছে সাজেষ্ট করছি যে, আপনি কিছুক্ষণের জন্য হাউস এ্যাডজোর্ন করে দিন এবং সেই অবসরে তিনি কাগজপত্র নিয়ে এসে প্রমাণ করুণ যে শিল্পমন্ত্রীর কথা মিথ্যা।

**মি: স্পীকার:** এটা কোন পয়েন্ট অব অর্ডার নয়।

**শ্রীজ্যোতি বসু:** যে কথা বলছিলাম, এই সমস্ত বিষয়ে আমাদের এখান থেকেও দাবী উঠেছে। যদি কোন সমালোচনা থাকে বিরোধী পক্ষের এবং আমাদের পক্ষের, আমাদের তা শুধরে নিতে হবে। আমরা হাউসের সামনে এসে বলব এখানে [illegible]টি আছে, আমরা শোধরাবার চেষ্টা করছি তা না হলে কোন সরকার চলতে পারে না। আমি আর বেশী সময় না নিয়ে আজকে এই কথাই বলব [illegible] আমাদের পক্ষের অনেক সদস্য স্বাভাবিকভাবেই এই সব কথা শুনে উত্তেজিত হয়েছেন। কংগ্রেস পার্টির কথা নয়, তাদের আমরা চিনি, মানুষতো তাদের প্রায় নিশ্চিহ্নই করে দিয়েছে, এ পক্ষের সদস্য শুনে তাঁরা উত্তেজিত হচ্ছিলেন। আমি তাঁদের বলেছি যাঁরা ভাঙবার চেষ্টা করছেন, তাঁদের সাহায্য করার চেষ্টা করবেন না উত্তেজিত হয়ে। ফ্রন্টকে বাঁচাবার চেষ্টা করতে হবে এবং জনগণই [illegible]দেখবে কারা ভাঙছে আর কারা রক্ষা করার চেষ্টা করছে। একথা বলে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং সমস্ত সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করছি।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** মাননীয় স্পীকার মহাশয়, রাতও হল, অনেক গরম হয়েছি, আমি আর গরম করবনা। আমি বাক্ বিতণ্ডায় যাবনা। দু তিনটি কথা আমার সম্বন্ধে

উঠেছে, তার জবাব অতি সংক্ষেপেই সারব। একথা ঠিক যে আমরা ৩২ দফা কর্মসূচী নিয়ে এসেছিলাম, আজও আমাদের সেই কর্মসূচী আছে। আমরা এর মধ্যে ভাল ভাল কাজ অনেক করেছি। বিধান পরিষদ উঠে গেছে, এতে অবশ্য কংগ্রেস পক্ষও সমর্থন যুগিয়েছে, নিপীড়িত কৃষক শ্রমিকদের মনে আশা ভরসা জাগিয়েছি। তাদের উপর আগে কথায় কথায় পুলিশী অত্যাচার হত, সেটা আমরা বন্ধ করেছি। এগুলি আমরা করেছি। আবার তারা সক্রিয়ভাবে সঙ্ঘবদ্ধভাবে দাবি আদায়ের চেষ্টা করেছে সক্ষমও হয়েছে। আর বেনামী জমি উদ্ধার এও হয়েছে। তিন একর পর্যন্ত জমির খাজনা মাপ হয়েছে, পাঁচ কাঠা করে বাস্তু জমি দেবার ব্যবস্থা হয়েছে, কৃষির উন্নতির জন্য একটা পরিকল্পনা সুরু হয়েছে। আজ যে পশ্চিমবঙ্গ খাদ্যশস্যে ঘাটতি ছিল, সেই ঘাটতি পূরণ করে আমরা দুতিন বছরের মধ্যে স্বয়ং সম্পূর্ণ হব, সেই সংকল্প নিয়ে লেগেছি, চালের দাম উঠতে দিইনি। এই সব হয়েছে, আরও বেশী হবে, এই আশা নিয়ে লেগেছিলাম। কাজ হয়েছে ঠিকই, করব বলে এসেছিলাম, করেছি, করা উচিতও। কিন্তু মাঝখানে গেল গোলমাল হয়ে। সেই গোলমালটা কি? ১৯৬৯ সালে ভোটের সময় ১৪টি দল আমরা মিটিং-এ মিটিং-এ বরাবর বলেছি—দেখুন আমরা একটা পার্টির মত চলেছি। লোকে তাই এত ভোট দিয়েছে। কোন্ পার্টি কত ভোট পেল এটা বড় কথা নয়। যুক্তফ্রন্ট মিল হয়ে এত ভোট, এত সীট আমরা পেয়েছি। কিন্তু আজকে যুক্তফ্রন্ট কি সেইরকমভাবে মিলেমিশে আছে? তাতো নয়। তারজন্য কে দায়ী?

কেন এটা হোল, কে এরজন্য দায়ী, আজকে এইসব কথা উঠেছে। কেন উঠেছে? আমরা বলেছিলাম আমরা একসঙ্গে কাজ করব। কিন্তু দেখা গেল ওই জমি দখলের দিক থেকে, ওই শ্রমিক ইউনিয়ন দখলের দিক থেকে ১৪ দলের পার্টিরা মারামারি, হানাহানি, খুনোখুনি, আগুন দেওয়া, নারী নির্যাতন প্রভৃতি করছে। তবুও যুক্তফ্রন্ট? তাহলে বিযুক্ত কি? এই অবস্থা কেন হোল? যুক্তফ্রন্টে আমরা নিজেরা তিন তিনবার এর জন্য বসেছি। এটা ক্যাবিনেটের চেষ্টার জিনিস নয়, যুক্তফ্রন্টে সব পার্টির সমান অধিকার রয়েছে। কিন্তু বারবার চেষ্টার পরেও এটা ফেল করেছে। এখানে আমি একেবারে শেষে চলে আসি অর্থাৎ আমি কেন বলেছিলাম এটা অসভ্য সরকার, বর্বর সরকার। আমি একথা বলিনি তা আমি বলছিনা, আমি এসব কথা বলেছি। কিন্তু কথা হোল আমি কেন এসব কথা বলেছি? যেকোন সভ্য দেশের সরকারের প্রাথমিক কর্তব্য হল দেশের যেসমস্ত প্রজা মন্ত্রীদের উপর ভার দিয়েছে বিশেষ করে গণতান্ত্রিক দেশে—সেই প্রজাদের ধন-সম্পদ, মান ইজ্জত, জীবন যাতে নিরাপদ থাকে তার জন্য সরকার চেষ্টা করবে। সভ্য দেশেও চুরি, ডাকাতি, খুন হয়, কিন্তু সরকার চেষ্টা করে এইসব রুখতে এবং প্রতিকার করতে। এটা হোল সভ্য দেশের সরকারের প্রাথমিক কর্তব্য। কিন্তু আমাদের এখানে তার উল্টোটা হয়েছে। আজকের ... পরিস্থিতি তাতে সরকার চালাচ্ছে যে পার্টিরা তাঁরাই যদি রক্ষক হয়ে ভক্ষক হয় যাঁদের উপর নিরাপত্তা রক্ষার দায়িত্ব তাঁরা যদি নিরাপদ থাকতে না দেন, তাঁরা যদি লুঠতরাজ করেন, ঘরে আগুন দেন, নারী নির্যাতন করেন, হত্যা করেন, তাহলে রক্ষা করবার কেউ নেই। কোন সভ্য সরকার এইভাবে কাজ করেনা, কিন্তু আমরা যখন করেছি তখন আমরা অসভ্য। কিন্তু সকলেই কি এর জন্য দায়ী? কে দায়ী আমি সেকথা বলবনা। আমরা ১৪টি পার্টি একসঙ্গে মিলিত হয়ে চলেছি এবং আমরা যাঁরা মন্ত্রী হয়েছি তাঁদের সকলের যৌথ দায়িত্ব। কাজেই আমি বিশেষ কোন পার্টিকে না বলে আমি বলেছি সরকার অসভ্য, কারণ এই সরকারের কোন না কোন পার্টি এইসব কাজ করেছে যা কোন সভ্য সরকার করেনা। সভ্য দেশের সরকার থাকে এগুলি প্রতিরোধ করবার জন্য। এই ছিল আমার বলার কথা। যত রকম অত্যাচার হতে পারে তা আমাদের পার্টিগুলির দিক থেকে হয়েছে। পার্টির মধ্যে মারামারি, লাঠালাঠি, খুনোখুনি, নারী নির্যাতন হতে পারে, কিন্তু যে পার্টিরা মিলিতভাবে সরকার চলাচ্ছে তাঁদের দ্বারা যখন এইসব হয়েছে তারজন্য আমি এই সরকার অসভ্য সরকার একথা বলেছি। এখন হয়ত বলতে পারেন, তাহলে কেন থাকছেন? থাকছি এইজন্য যে যদি সুরাহা হয়—নাহলে থাকবনা। তারপর বর্বর কথা এল কেন? সরকারের বিভিন্ন সুর রয়েছে। প্রথমে মন্ত্রীরা,

তারপর Secretariat, তারপর District level, তারপর Sub-Division, তারপর Block-এ স্তর স্তর রয়েছে। আসল হচ্ছে মন্ত্রীরা—তাঁরাই নীতি নির্ধারণ করেন, নির্দেশ দেন। কিন্তু কথা হোল তাঁরা কর্মচারীদের ছাড়া এগুলি পালন করাতে পারেননা।

[ 7-50—8-03 p.m. ]

সেই কর্মচারী, সে যদি মন্ত্রীদের নীতি ঠিক মত কাজ চালাবার জন্য যে স্বাধীনতা দরকার, তা যদি তার না থাকে তাহলে সে তা করবে কি করে? আজকে আমরা মন্ত্রী আছি, কালকে ভোটে হেরে গেলে, মন্ত্রীত্ব থাকবে না, কিন্তু এই সব অফিসাররা, তাঁরা?—এই মন্ত্রীত্ব বদল হচ্ছে, তাঁদের নীতি বদল হচ্ছে—কিন্তু যদি কোন অপরাধ না করেন তাহলে কর্মচারীরা রিটায়ার না করা পর্যন্ত থাকছেন। তাঁরা শুধু মন্ত্রীদের নীতিটা রূপায়িত করবেন, সেই জন্য আছেন। আজকে সেখানে তাঁরা যদি কাজ করতে না পারেন, যদি তাঁদেরও ওপর জনগণের অত্যাচার অপমান হয়—তাহলে সরকারকে শুধু অসভ্য নয়, বর্বরই বলতে হয়। যদি বলেন জমি দখল করবো, বেনামী জমি দখল করবো, তবে বেনামী নয় এমন জমি দখল করা হয় কেন? ওঁরা স্বীকার করছেন যে, হ্যাঁ কিছু কিছু বাড়াবাড়ি হয়েছে। কিছু কিছু নয়, বেশ কিছু হয়েছে এবং এটা কেন হবে? যদি বলি যে কৃষকরা করে ফেলেছে, তাহলে বলার কিছু ছিল না। কিন্তু সেই কৃষককে যদি আমরা পার্টি'র মধ্যে নিয়ে গিয়ে করি, সে যে কোন পার্টি হোক, তখন সেই কৃষকদের ভুল হয়ে গেছে বললেই চলবে? তাদের উপর ছেড়ে দিলেই চলবে, দায়িত্ব তাদের? না, ঐ পার্টি'র? তারপর যে মন্ত্রীরা যে নীতি জেলায় জেলায় প্রচার করেছেন—আমরা যুক্তফ্রন্ট বলেছি, সেই নীতি পালিত হয়নি, তা লঙ্ঘিত হয়েছে, বেশী জায়গায়, পালনের চেয়ে। কোথাও একথা ছিলনা যে বাড়তি জমিটা দখল করা হলে, সেই জমিটা তুমি মেরে নাও, যে পার্টি পারো। কথা ছিল সেই জমিটা সেই গ্রামের ভূমিহীন কৃষকদের দিতে হবে। এবং সেটা সবাই মিলে দেবেন। কিন্তু যে পারলো, বাড়তি হলো না হলো সে জমি দখল করে নিলো। তারপর আর একদল বললে, ওখানে ওরা অনেক জমি দখল করে নিয়েছে আমরাও জমি চাই, তারপরই তারা নিজেরা মারামারি করে, লাঠালাঠি করে, আগুন জ্বালিয়ে আবার সে জমি দখল করে নিলো, কারা? না যুক্তফ্রন্টেরই অপর দল। তবুও কি আমরা দাবী করবো যে আমরা আজও যুক্তফ্রন্ট আছি? আমরা কি সেই ইলেকশনের দিনের যুক্তফ্রন্ট আজকে আছি? নিজেদের মধ্যে মারামারি খেয়োখেয়ি করছি। বেশ, নিজেরা নিজেরা না হয় মারামারি করছি, কিন্তু আবার বড় বড় কথা হচ্ছে, যে কৃষক জেগেছে—জেগেছে, সেটা আমিও বলছি। কিন্তু কৃষক জেগেছে কি কৃষককে মারবে বলে? তুমি একটা পার্টি, আর একটা পার্টি'র কৃষককে মেরে তার জমি নিয়েছো, তাকে ভূমিহীন করেছ,—যার একটু মাত্র জমি ছিল তার সেই জমি তুমি কেড়ে নিয়েছো, তাকে মেরেছো, তাকে হত্যা করেছো, তার উপর অত্যাচার করেছো, নারী নির্যাতন করেছো এবং এর নেতৃত্ব করেছে যুক্তফ্রন্টের কোন না কোন পার্টি, এমনি হঠাৎ হয়ে যায়নি এটাও কি আমি উড়িয়ে দেবো এবং বলবো যে আমরা যুক্তফ্রন্ট, যুক্তই আছি? যুক্তফ্রন্টের ভাবমূর্তি কোথায় চলে গেছে, কেন এমন হলো, কেন এমন কাজ করা হলো? সবাই একসংগে মিলে করলাম না, সবাইকে ডাকাডাকি করে করলাম না যে চল ভাই, এই জমিটা দখল করতে হবে, চল এক সংগে যাই এবং কাকে কাকে বিলি করতে হবে দেখি। কিন্তু এটা তো করা হলো না! একটা দল একটা শ্রমিক ইউনিয়ন গড়েছে, সেখানে বাইরে থেকে, সেই শিল্পের শ্রমিক নয়, সেই পার্টিকুলার শিল্পের শ্রমিক নয়, বাইরে থেকে লোক নিয়ে—তারা শ্রমিকও হতে পারে নাও হতে পারে, গুণ্ডাও হতে পারে, ঐ শ্রমিকদের মারধোর করে, তাদের কুঁড়েঘর জ্বালিয়ে দেয়, দু একজনকে খুন করে শ্রমিক ইউনিয়ন দখল করা হলো, এই কথা কি যুক্তফ্রন্টের কর্মসূচীতে লেখা আছে, তোমরা তোমাদের আদর্শ প্রচার করো, তারা তাদের আদর্শ প্রচার করুক, তোমার আদর্শ ভাল হলে, তারা বলবে, তোমাকে ছেড়ে ওখানে গেলাম—তুমি যাও। কিন্তু এই রকম করে তাঁরা গিয়ে বসলেন এক জায়গায়, পালিয়ে গিয়ে বসে রইলেন—

সরকারের ঘাড়ে এসে বসে রইলেন, তখন বলা হলো, এরা যখন বলেছে তখন এদের রিলিফ দেওয় হোক, আমরাই তো কীর্তি করেছি—ওরা বেশ রোজগার করে খাচ্ছিল, ওদের সেই রোজগারের জায়গ থেকে দূর করে দিয়েছে। তারপর এখন তাঁরা বসে গেছেন সরকারের ডাক বাংলোর সামনে অফিসারের সামনে। এখন এদের রিলিফ দাও, এখন ওদের কম্বল দাও, তাও হয়েছে, এই সরকার থেকে। যার হাতে অধিকার আছে তিনি হুকুম দিয়েছেন ওদের নিয়ে গিয়ে পুনঃপ্রতিষ্ঠিত করো পুলিশ সংগে যাচ্ছে, তাঁর নির্দেশে, ঐ যেখানে গিয়ে তারা পৌছবে—আমি একটা কয়লা খনির কথ বলছি—যখন পৌছবে, কিছুদূর বাকী আছে—যাদের নিয়ে যাচ্ছে যারা নিপীড়িত ছিল, বিতাড়িত ছিল, হঠাৎ পুলিশ তাঁদের দাঁড় করিয়ে দিল, এবং বলল এখানে ১৪৪ ধারা জারী করলাম, আর এগোবে না। কেন? না, আজ যেখানে যাচ্ছো সেখানে আমাদের দল আছে, তারা মারমুখি হয়েছে, গেলে তোমাদের মেরে ফেলবে, তার চেয়ে গ্রেপ্তার করলে তোমাদের প্রাণ বাঁচবে। একে কি সভ্য সরকার বলতে হবে? বর্বর সরকার কেন বললাম, বর্বর সরকার বললাম এইজন্য যে কোন সভ্য সরকারের দায়িত্ব পালন করা হচ্ছে না, অসভ্য সরকারে যা করে এরা তাই করছে। আমি করি, উনি করুন, যেই করুন এরজন্য আমরা সবাই দায়ী। কিন্তু যাঁদের দিয়ে আমি কাজ করাব ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এস. ডি. ও., এস. পি. এস, ডি. পি. ও., বি ডি. ও, ও. সি. যাঁদের দিয়ে আমরা সরকারী শৃঙ্খলা রক্ষা করব, জনগণের নিরাপত্তা রক্ষা করব তাঁরা তাঁদের নিজেদের অফিসে নিরাপদ নন। কতকগুলি ছেলে অফিসে ঢুকে গেল, গিয়ে তাঁদের মারধোর করে অফিস থেকে টেনে বের করে দিল। কে কে বসে আছেন, না, ডি. এম., এস. ডি. ও., এস. ডি. পি. ও. এ সাহস কোথায় পেল তারা? পরে অবশ্য তারা গ্রেপ্তার হয়েছে কিন্তু কথা হচ্ছে এ সাহস তারা কোথা থেকে পেল? আগে তো কখনও এরকম শুনিনি। আমার ৬৯ বছর বয়স হল, আমি বরাবর রাজনীতি করছি সেই ২০ বছর বয়স থেকে, কই কোথাও কখনও তো এরূপ শুনিনি। কোথা থেকে তারা এ সাহস পেল? তারা দেখেছে যে এই সরকার অসভ্য সরকার, বর্বর সরকার। তাই তারাও বর্বরতা করে, এটা তো স্বাভাবিক, তাই আমার মনে ব্যথা লেগেছিল যে এতদূর এরা গেল? আমাদের মন্ত্রীদের নিয়ে খেলত বুঝতে পারতাম। সুশীল ধাড়াকে আটকে রেখেছিল, তাঁকে যেতে দেয়নি, তারপর তাঁকে অনশন করতে হয়েছিল। এটা না হয় বুঝতে পারি যে এটা পলিটিক্যাল ব্যাপার। কিন্তু এঁরা চাকরি করেন, এদের উপর যদি অত্যাচার হয় এবং শুধু অত্যাচার নয়, এইরূপ অত্যাচার হয়?—আমি দু'একটা নয় আরো অনেক শুনেছি যে ডি. এম. ঘেরাও হয়েছেন। বর্ধমানের ডি. এম. ঘেরাও হয়েছিলেন, সে অবশ্য এবার নয়, এর আগের বারে, কিন্তু ও. সি. যে কত ঘেরাও হয়েছে তার ঠিক নেই। বি. ডি. ও. তো নিত্য ঘেরাও হচ্ছে। আর ঘেরাও মানে কি? ১২ ঘণ্টা, ১৪ ঘণ্টা কি তারও বেশী সময় তাঁরা নড়াচড়া করতে পারবেন না। তাহলে সরকার চলবে কি করে? তবু বলছেন আমরা সুসভ্য সরকার? আমি বলি না, আমি বলি এসব সরকারের যা হচ্ছে তাকে বর্বরতা বলব। আমি ঠিকই বলেছি। আর কেউ আমার সংগে একমত না হতে পারেন। আমি ইচ্ছা করলেও স্পেসিফিক কেস যা আছে তা বলতে পারছিনা, নেই বলে নয় ঝুড়ি ঝুড়ি আছে, কিন্তু বললাম না; কারণ অনেক সাবজুডিস কেস রয়েছে আমার জানা না থাকলে আমি এসব কথা বলতাম না। এর কোন প্রতিকার করতে আমি পারিনি। আমি মুখ্যমন্ত্রী, আমি নিরূপায় বোধ করছি যে কোন প্রতিকার এর করতে পারছি না। আমার কাছে লোক ছুটে এসে বলে। মনে করে মুখ্যমন্ত্রীর কাছে গেলে বোধ হয় কিছু প্রতিকার হবে, কিন্তু তারা ফিরে যায়, তাদের কোন প্রতিকার করতে পারিনা। এই অবস্থা—অসহনীয় অবস্থা। এর নাম যুক্তফ্রন্ট? এর নাম জনকল্যাণ? এই কল্যাণ যত তাড়াতাড়ি খতম হয় তত ভাল। এটা কল্যাণ নয়। আমাকে যদি বলেন আছ কেন, তাহলে ঐ যে ইংরাজীতে একটা কথা আছে মেও ইট অর এণ্ড ইট—বার বার তিন বার চেষ্টা করেছি, মেণ্ড ইট—এটা বন্ধ করার জন্য নিজেরা সর্বসম্মত সিদ্ধান্ত করেছি যে কাল থেকে হবে না, কিন্তু সূর্যোদয় হতেই কাগজ পড়ে দেখি হচ্ছে, হচ্ছে এবং মাসের পর মাস হচ্ছে। প্রস্তাব

পাশ করে নেমে এসে শুনেছি ঘেরাও করেছে, চিৎকার করছে, নানা রকম অশ্লীল বিদ্রুপ চিৎকার করছে, শ্লোগান দিচ্ছে। সেটা না হয় বুঝতে পারি যে আমরা উপরে কি সিদ্ধান্ত করেছি নিচের লোক তা বুঝতে পারেনি, কিন্তু তারপর এ্যাসেম্ব্লীর দোর গোড়ায় এসে চিৎকার হচ্ছে, তারাও একটা রাজনৈতিক দল, আমাদেরই ১৪ দলের আর এক দল। মুখ্যমন্ত্রীর কি অন্য মন্ত্রীর বিরুদ্ধে তারা নানা রকমভাবে শ্লোগান দিচ্ছে। যুক্তি! একেবারে হরিহর আত্মা একাত্মবোধ। এই বাস্তবকে কি করে অস্বীকার তাই আমি বলেছি অসভ্য, বর্বর। ভবিষ্যৎ কি হবে জানি না, কিন্তু একথা ঠিক যে এ জিনিস চলতে পারেনা, এ জিনিসের প্রতিকার চাই। জনগণের কল্যাণ করব বলে এসেছি, জনগণের ক্ষতি করবার অধিকার নেই। তাদের উপকার করুন, আমি সাথে আছি, আমি সারা জীবন গরীবের আন্দোলনে আছি। (এ ভয়েস: আহা।) আহা করবেন না, আপনি যখন জন্মাননি তখন থেকে আমি আন্দোলন করছি। আহা বলতে লজ্জা করে না? আহা—যখন স্বাধীনতার আন্দোলন করেছি, আপনারা তখন ইংরেজদের সংগে যোগ দিয়েছিলেন, একথা জানি। নির্লজ্জ কোথাকার।

(গোলমাল)

স্যার, আমি ২/৫ মিনিটে শেষ করব। আমি আর কিছু বলতে চাই না, আমি বলছি এই জিনিসের প্রতিকার না হলে এই জিনিসের অবসান করতে হতে হবে। এই জিনিস ৫ বছর চলতে পারেনা, পারেনা, পারেনা। এই কথা বলে সমস্ত সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়:** মি: স্পীকার, স্যার, আজকে বক্তৃতা শোনার পর আমরা সরকারকে কোন রকম এমব্যারাস করতে চাই না। আমরা কাটমোশানের উপর কোন ডিভিসান ডাকব না, ডিভিসান ডেকে এই ডিভাইডেড গভর্ণমেন্টকে আর এমব্যারাস করতে চাই না।

The motion of ডঃ জয়নাল আবেদীন যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তি পরিচালনা ও তৎসমুদয় সম্পত্তি হইতে উদ্ধৃত্ত উপস্বত্বসমূহ সৎ ও জনকল্যাণমূলক কাজে ব্যয় করিবার কোন বাস্তব পরিকল্পনা এবং বিপন্ন ও বেদখলকৃত ওয়াকফ সম্পত্তিসমূহ পুনরুদ্ধার করিবার উপযুক্ত প্রতিশ্রুতি রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে সমগ্র পশ্চিমবঙ্গে বলপূর্বক ধান কাটার যে তাণ্ডব হইতেছে এবং বিশেষভাবে সংখ্যালঘু সম্প্রদায়ের জমির উপর আক্রমণ পরিচালনা হইতেছে তাহার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের জনসংখ্যা জনিত সমস্যা এবং এই রাজ্যে পরিবার পরিকল্পনা কার্যাদির বাস্তব ও ব্যাপক এবং বিপুল উদ্যমে প্রয়োগ ও প্রচার করিবার এবং পরিবার পরিকল্পনা জনপ্রিয় করিয়া তুলিবার ব্যবস্থাদি বর্ণিত হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজনৈতিক দলগুলির জমি দখলের কথা বর্ণনা করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে সমগ্র পশ্চিমবঙ্গে অগণিত হত্যা, লুঠ, দাঙ্গা, অগ্নি সংযোগ, ফসল লুঠ, মৎস্য লুঠ প্রভৃতির উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে অপরাধ দমনে পুলিশের নিষ্ক্রিয়তার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কোন কোন রাজনৈতিক দল কর্তৃক জনসাধারণের উপর যে ভয়াবহ অত্যাচার চালান হইতেছে তাহার কোনও উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যের উন্নয়ন ও প্রগতির ক্ষেত্রে বর্তমান মন্ত্রীসভার 'বহ্বারম্ভে' লঘুক্রিয়া'র উল্লেখ নাই

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যব্যাপি সহস্রাধিক রাজনৈতিক হত্যাকাণ্ডের বীভৎস সংখ্যা ও চিত্র প্রকাশ করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের সংবাদ ও প্রচার বিভাগ কর্তৃক কৃষিবিষয়ক বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিষয়ক তথ্যাদি গ্রামাঞ্চলে প্রচারের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যে প্রাপ্তবয়স্কের অশিক্ষিত জনসাধারণের শিক্ষা ব্যবস্থা দ্রুত সম্প্রসারণের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে ভোগ্যপণ্যের মূল্যবৃদ্ধির উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে মার্কসবাদী কমিউনিষ্ট দল কর্তৃক গণ-আদালত স্থাপনের এবং উহার সাহায্যে জনসাধারণের নিপীড়নের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে শোচনীয় সরকারী ব্যর্থতার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যে শিক্ষাক্ষেত্রে যে নিদারুণ সংকট ও অশান্তি স্থায়ীভাবে বিরাজ করিতেছে তৎসম্বন্ধে কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে মৎস্য সরবরাহ বৃদ্ধি করিবার প্রয়াসের যথাযথ উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের সংখ্যালঘু কমিশনের কার্যাবলী উল্লেখ করা হয় নাই এবং এই রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা এবং অধিকারসমূহ রক্ষা করিবার সরকারী প্রতিশ্রুতিও দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের ভয়াবহ শিক্ষিত ও অশিক্ষিতের বেকারীত্ব দূরীকরণের জন্য সরকারী ও বেসরকারী উদ্যোগে নূতন নূতন শিল্প স্থাপনের এবং শিল্পে শান্তিরক্ষার প্রয়াসের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যে মাদকদ্রব্য বর্জনের কোন ঘোষণা নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের যোগাযোগ ব্যবস্থার উন্নতির সর্বব্যাপী প্রয়াসের বিশেষত অদ্যাবধি অবহেলিত অঞ্চলসমূহে সড়ক ব্যবস্থা ত্বরায় নির্মাণ করিবার প্রতিশ্রুতি নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গে বিধ্বংসী বন্যার তাণ্ডব বন্ধ করিবার কোন স্থায়ী পরিকল্পনার ইঙ্গিত নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে সভ্যদেশের নাগরিকসুলভ সাংবিধানিক অধিকারসমূহ সংরক্ষিত করিবার সরকারী দায়ীত্ব ঘোষণা করা হয় নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে এই রাজ্যের সমাজবিরোধী দুষ্কৃতিকারীদের দমনের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কোন বিশেষ রাজনৈতিক দল কর্তৃক চরম অরাজকতার ও উহার দমনে পুলিশের নিষ্ক্রিয়তার কথার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের উপজাতি এবং তফশীলি জাতিসমূহের উন্নয়নকল্পে উপযুক্ত ব্যবস্থাদি অবলম্বন করিয়া সাধারণভাবে সর্বপ্রকার বৈষম্য বিদূরিত করার কোন উল্লেখ নাই, was then put and lost.

The motion of শ্রীমাজিজুর রহমান যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

গ্রামাঞ্চলে অবস্থিত প্রাইমারী স্কুলগৃহগুলির প্রকৃত অবস্থা কি ও উহার উন্নতি সাধনের জন্য বাস্তব কোন প্রকল্পের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

গ্রামাঞ্চলে গৃহ নির্মাণের জন্য আর্থিক সাহায্যের চিন্তার আভাষ পর্যন্ত মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

মফঃস্বল জিলাগুলিতে ও গ্রামাঞ্চলে চলাচল ব্যবস্থার অধিকতর সম্প্রসারণের কোনরূপ আভাষ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

কলকাতার বস্তিবাসীদের প্রকৃত অবস্থা ও কি পন্থায় তাহাদের আর্থিক ও বৈষয়িক অবস্থার উন্নতি সাধন করা যায় তাহার কোনরূপ উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নাই।

প্রচলিত পঞ্চায়েতরাজকে নিষ্ক্রিয় করিয়া গ্রামীণ বাংলার মৌলিক ও গণতান্ত্রিক অধিকারকে পদদলিত করার কোন আভাষ মহামান্য রাজ্যপালের ভাষণে নাই।

ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তির পরিচালনা ও কর্তৃত্ব ও উহার উপস্বত্ব সৎভাবে ব্যয় করিবার পরিকল্পনা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

ভবিষ্যতে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি যাহাতে ব্যাহত না হয় তাহার বাস্তব ব্যবস্থার জন্য কোনও কর্মপন্থার বিষয় মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

অবহেলিত এলাকায় এবং বঞ্চিত গ্রামাঞ্চলে অদূর ভবিষ্যতে সরকারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রচেষ্টার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

অবহেলিত মাদ্রাসা প্রতিষ্ঠানগুলির অভাবঅভিযোগগুলির দূরীকরণ ও উহার আমূল সংস্কার সাধনের দ্বারা প্রকৃত উন্নতি বিধানের প্রয়াসের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে বর্তমানে শিক্ষাপ্রতিষ্ঠানগুলি ঘেরাও-এর ফলে শিক্ষাক্ষেত্রে যে সঙ্কট দেখা দিয়াছে সে বিষয়ের উল্লেখ তাঁহার ভাষণে নাই।

দরিদ্র অথচ মেধাবী ছাত্রছাত্রীর শিক্ষাগ্রহণে সুযোগ সুবিধার কোনও প্রতিশ্রুতি মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মাননীয় রাজ্যপাল তাঁহার ভাষণে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি ব্যহত হইবার ঘটনাসমূহের প্রকৃত কারণসমূহ পরিবেশন করেন নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের বর্তমান বীভৎস ও বর্বর রূপ অপ্রকাশ থাকায় তৎপরিবর্তে কিঞ্চিৎ প্রশংসার বাণী উল্লিখিত হইয়াছে।

মাননীয় রাজ্যপালের ভাষণে বেকারদিগের কর্ম সংস্থানের কোন বাস্তব পরিকল্পের কথা উল্লিখিত হয় নাই।

দরিদ্র মৎস্যজীবিদের অর্থনৈতিক মান উন্নয়নের কোনও বাস্তব পরিকল্পনা বা সুনির্দিষ্ট কর্মসূচী মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

এই রাজ্যে মৎস্যের উৎপাদন বৃদ্ধির কোনও পরিকার বা বাস্তব দৃষ্টিভঙ্গী মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অবস্থা অতি অস্পষ্ট ও অস্বচ্ছভাবে প্রতিভাত হইয়াছে, অর্থনৈতিক বুনিয়াদ দৃঢ়ীকরণের কোনও বাস্তব বা স্পষ্ট আভাস উহাতে নাই।

শ্রমিক নিয়োগকারী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ ঘেরাও আন্দোলনে বিপর্যস্ত হইয়া বন্ধ হইয়া যাওয়ার জন্য অধিকতর শ্রমিক নিয়োগের পরিবর্তে বহু শ্রমিক যে বেকার হইয়া পড়িয়াছেন, মাননীয় রাজ্যপালের ভাষণে সে বিষয়ের উল্লেখ নাই।

শ্রমিক নিয়োগকারী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ ঘেরাও ও ধর্মঘটজনিত সমস্যায় প্রপীড়িত থাকায় উৎপাদন যে বিপুলভাবে ব্যহত হইয়াছে মাননীয় রাজ্যপালের ভাষণে সে বিষয়ের কোনও উল্লেখ নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে শ্রমবিরোধের প্রকৃত কারণসমূহের যথার্থ উল্লেখ নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলাজনিত ভয়াবহ পরিস্থিতির সত্যিকার রূপ বর্ণিত হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে এই রাজ্যে মজে যাওয়া নদীসমূহের সংস্কার সাধনের অদূর ভবিষ্যতে কিরূপ ব্যবস্থা অবলম্বিত হইবে তাহার উল্লেখ নাই।

উপজাতি, আদিবাসী, তপশীলি সম্প্রদায়ের জীবনযাত্রার সর্বস্তরের অনগ্রসরতা অনুধাবন করি তাহাদের অনগ্রসরতার সমধিক উন্নতি সাধনের কোনও নিখুঁত প্রকল্পের কথা মাননীয় রাজ্যপালে ভাষণে উল্লিখিত হয় নাই, was there put and lost.

The motion of শ্রীমতী আভা মাইতি যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নর সংশোধনী সংযোজিত হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

১৯৬৭ ও ১৯৬৮ সালের বিধ্বংসী বন্যার দ্বারা পীড়িত ভগবানপুর থানা সহ মেদিনীপুর জেলা অধিবাসীদিগকে প্রদত্ত সরকারী ঋণ মকুবের বা স্থগিতের কোন উল্লেখ নাই।

ভগবানপুর থানা সহ মেদিনীপুর জেলার বিগত ১৯৬৭ ও ১৯৬৮ সালের বিভিন্ন বন্যাপীড়ি এলাকার ছাত্রছাত্রীদের স্কুল ও কলেজ বেতন মকুবের কোন উল্লেখ নাই।

কেলেঘাই নদী পরিকল্পনায় উদ্বাস্তু গ্রামবাসীদের পুনর্বাসনের কোন উল্লেখ নাই।

পশ্চিমবাংলায় আইন ও শৃঙ্খলা অবনতির কোন উল্লেখ নাই, was then put and lost.

The motion of শ্রীনারায়ণ নস্কর যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধ সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গে অবাধ লুঠ, দাঙ্গা, অগ্নিসংযোগ, নরহত্যা, শিক্ষাক্ষে সঙ্কট, কৃষিক্ষেত্রে অশান্তি এবং অনিশ্চয়তা এবং জঘন্য এবং ঘৃণ্যতম অপরাধের মকদ্দমা আদালত হইত প্রত্যাহারের কোন উল্লেখ নাই, was then put and lost.

The motion of ডঃ মহম্মদ ফজলে হক্ যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নর সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের শহরাঞ্চলের বিশেষতঃ কলিকাতা মহানগরীর সম্পত্তি এ অনার্জিত উপার্জন সীমিত করিয়া আইন প্রণয়নের কথা উল্লিখিত হয় নাই, was then pu and lost.

The motion of শ্রীসামসুদ্দিন আহমেদ যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নর সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকায় বিশেষত কালিয়াচক থানার কালিয়াচক শেরশাহী আগামির্জ মারওয়াবাদী, চাঁদপুর ইত্যাদি স্থানের সমাজবিরোধী ব্যক্তিগণ কর্তৃক নৈরাজ্যের সৃষ্টি করার এ উহার দমনে পুলিশের নিষ্ক্রিয়তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই।

রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গে কোন বিশেষ দলের প্রতি পুলিশী পক্ষপাতিত্ব ও সাধারণ মানুষে উপর পুলিশী নির্যাতনের উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে ছোট ছোট কৃষকদের স্বার্থরক্ষায় সরকারী ব্যর্থতার উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কোন রাজনৈতিক দলের আচরণে দেশবাসীর কিংকর্তব্যবিমূ অবস্থায় কালাতিপাত করার কোন উল্লেখ নাই।

রাজ্যপালের ভাষণে উন্নয়নমূলক সরকারী কার্যক্রমের ব্যর্থতার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে কৃষকদের সম্পত্তি ও প্রাণের নিরাপত্তার ভার ব্যর্থতার কোন উল্লে নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের শিক্ষকদের যথোচিত মর্যাদা ও যোগ্য পারিশ্রমিক প্রদানের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যে যথেষ্ট সংখ্যায় রাজনৈতিক হত্যাকাণ্ড সংঘটনের কোন উল্লেখ নাই, was then put and lost.

The motion of শ্রীনেপাল রায় যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের প্রশাসনিক ব্যর্থতার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যের সমাজবিরোধী এবং দুষ্কৃতকারী ব্যক্তিগণ কর্তৃক অবাধে লুঠ, দাঙ্গা, মারামারি, নারীনির্যাতন এবং নরহত্যা প্রভৃতি অপরাধ সংঘটনের কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে রাজ্যপুলিশের নিষ্ক্রিয়তার উল্লেখ নাই, was then put and lost.

The motion of ডঃ জয়নাল আবেদিন ও শ্রীনেপাল রায় যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে,—

মহামান্য রাজ্যপালের ভাষণে শরিকী সংঘর্ষে রাজ্যের প্রশাসন যন্ত্রে সরকারী ব্যর্থতার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে মালদহ জেলার গাজোল থানার নারীলাঞ্ছনার কোন উল্লেখ নাই।

মহামান্য রাজ্যপালের ভাষণে বর্তমান যুক্তফ্রন্ট সরকার কর্তৃক কেরোসিন তৈলের উপর কর ধার্য করার সংবাদ পরিবেশন করা হয় নাই।

মাননীয় রাজ্যপালের ভাষণে সরকার ধান্য ক্রয়-বিক্রয়ের সময়ে চাউলের কলগুলির মাধ্যমে যে কর ধার্যের ব্যবস্থা গ্রহণ করিয়াছেন তাহার কোন উল্লেখ নাই, was then put and lost,

The motion of ডাঃ নলিনাক্ষ সান্যাল যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নরূপ সংশোধনী সংযোজিত হউক—

কিন্তু দুঃখের বিষয় যে, জীবন ও সম্পত্তির নিরাপত্তা যে ক্রমবর্ধমানভাবে বিঘ্নিত হইতেছে, বলপূর্বক জমি দখল ও প্রকৃত ভূমিকর্ষণকারীদের স্থানচ্যুত করা হইতেছে এবং বহু জায়গায় আইন শৃঙ্খলার কাঠামো ভাংগিয়া পড়িতেছে, ইহাদের কোনটারই উল্লেখ করা হয় নাই।

কিন্তু দুঃখের বিষয় যে—

পশ্চিমবঙ্গ ও পূর্বপাকিস্তানের মধ্যে সীমান্তবর্তী থানা এলাকায় যে নিরাপত্তার অভাব বিদ্যমান এবং যাহার ফলে প্রধানতঃ গো-মহিষাদি হরণ ও চোরা চালানের উদ্দেশ্যে পাক লুণ্ঠনকারীদের আক্রমণ যে দিন দিন বাড়িতেছে এবং তাহা প্রতিরোধে সীমান্তরক্ষী বাহিনী যে ব্যর্থতার পরিচয় দিতেছেন তাহাদের কোনটিরই উল্লেখ করা হয় নাই; এবং

শ্রমবিরোধের সহিত সংশ্লিষ্ট বলিয়া অভিহিত যে "ঘেরাও", পরিচালক মণ্ডলীকে ভীতি প্রদর্শন, ইউনিয়নগুলির মধ্যে পারস্পরিক সংঘর্ষ এবং কারখানায় ও আফিসে উচ্ছৃঙ্খলতার উদ্ভব হওয়ার ফলে শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে যে নিদারুন বিপর্যয় দেখা দিয়াছে এবং পশ্চিমবঙ্গের অর্থনীতিতে ও রাজ্যে যে ক্ষতি সাধিত হইয়াছে তাহার দিকে কোনও দৃষ্টিপাত করা হয় নাই, was then put and lost.

The motion of শ্রীঅক্ষয়কুমার বর্মা যে, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত অংশটি সংযোজিত করা হউক—

কিন্তু দুঃখের বিষয় যে, মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে বর্তমান পশ্চিমবঙ্গ সরকারকে অসভ্য এবং বর্বর বলিয়া অভিহিত করিতে ভুলিয়া গিয়াছেন, যদিও রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় একাধিকবার তাঁর পরিচালিত বর্তমান পশ্চিমবঙ্গ সরকারকে অসভ্য এবং বর্ব্বর বলিয়া আখ্যা দিয়াছেন, was then put and lost.

The motion of Shri Gopal Basu that "এই অধিবেশনে সমবেত পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যবৃন্দ আমরা মহামান্য রাজ্যপাল মহাশয় ২১শে জানুয়ারী, ১৯৭০ তারিখের অধিবেশনে যে ভাষণ দান করিয়াছেন, সেইজন্য তাঁহাকে ধন্যবাদ জ্ঞাপক করিতেছি" was then put and agreed to.

**Mr. Speaker :** The House stands adjourned till 1 p.m. on Faiday, the 6th February, 1970.

### Adjournment

The House was accordingly adjourned at 8-0 p.m. till 1 p.m. on Friday, the 6th February, 1970, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 6th February, 1970, at 1. p.m.

PRESENT:

Mr. Speake (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 20 Ministers, 1 Minister of State and 187 Members.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

### হাসপাতালগুলিতে ঔষধ বন্টনের দুর্নীতি

***61.** (Admitted question No. *21)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হাসপাতালগুলিতে ঔষধ বণ্টনের দুর্নীতি সম্পর্কে সরকার অবগত আছেন কি না, এবং

(খ) থাকিলে, উহা বন্ধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

[1-00—1-10 p.m.]

**শ্রীননী ভট্টাচার্য:**

(ক) সুনির্দিষ্ট অভিযোগ নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রী মহাশয় কি জানাবেন হাসপাতাল এবং হেল্‌থ সেণ্টারগুলিতে ঔষধ কিভাবে বণ্টন করা হয়?

**শ্রীননী ভট্টাচার্য:** ঔষধ বণ্টনের নিয়ম হচ্ছে, সেণ্ট্রাল মেডিকেল ষ্টোরে ঔষধ প্রথম কেনা হয় এবং সেই সেণ্ট্রাল মেডিকেল ষ্টোরে বিভিন্ন হেলথ সেণ্টার থেকে সেখানকার চীফ মেডিকেল অফিসারের অনুসন্ধান অনুসারে ডিষ্ট্রিক্ট ষ্টোরে ঔষধ পাঠান হয়। সেখান থেকে হেলথ সেণ্টার-গুলিতে, মহকুমা হাসপাতালে এবং কোন কোন ক্ষেত্রে জেলা হাসপাতালে ঔষধ দেওয়ার ব্যবস্থা আছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রীমহাশয় কি জানাবেন যে মফঃস্বলের হাসপাতালগুলিতে বা হেলথ সেণ্টারগুলিতে যখন ঔষধ থাকে না এবং বহুক্ষেত্রে আমাদের কাছে অভিযোগ আসে, ঔষধ নেই বলে তারা ঘুরিয়ে দেন। ঔষধ যখন হাসপাতালে থাকে না তখন তারা কি ওপরওয়ালার কাছে রিপোর্ট করেন এবং এই সম্পর্কে কি নিয়ম আছে যে ঔষধ না থাকার কত আগে থেকে এই রিপোর্ট করতে হয়?

**শ্রীননী ভট্টাচার্য:** কোন হেলথ সেণ্টারে ঔষধ কম পড়ে যাওয়া বা কোন একটি বিশেষ ঔষধ না থাকার সংগে সংগে চীফ মেডিকেল অফিসারের কাছে জানানোর কথা এবং শুধু জানান নয় সেখানে স্পেশ্যাল ইনডেণ্ট সংগে সংগে দেওয়ার কথা এবং তারপর চীফ মেডিকেল অফিসার পাওয়ার সংগে সংগে সেগুলো সেণ্ট্রাল মেডিকেল ষ্টোরে পাঠানোর কথা।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রীমহাশয় কি জানাবেন মফঃস্বলের হাসপাতালগুলিতে ঔষধ পাওয়া যাচ্ছে না এই রকম অভিযোগ হামেশাই আসে কিনা এবং তারপর উপরে জানান হয় কিনা যেখানে জানানোর পর দেখা যায় হাসপাতালগুলিতে ঔষধ পাওয়া যাচ্ছে না? কেন দেওয়া যাচ্ছে না সে কারণটা সম্পর্কে আমাদের নির্দিষ্টভাবে কিছু বলবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্যঃ** এই রকম অভিযোগ সাধারণভাবে হাসপাতালগুলি থেকে না হলেও বাইরের জনসাধারণের কাছ থেকে আমরা পেয়েছি যে ওমুক হেলথ সেণ্টারে ঔষধ নেই। কোন বিশেষ ঔষধ নেই এই সম্পর্কে সাধারণতঃ লোকের জানার কথা নয়। তবে ঔষধ নেই মাঝে মাঝে এই রকম অভিযোগ পেয়েছি এবং পাওয়ার সংগে সংগে সেণ্ট্রাল মেডিকেল ষ্টোরকে কি ঔষধ নেই তা পাঠানোর নির্দেশ দিয়ে থাকি। যে ক্যালেণ্ডার ইয়ারের বছর শেষ হল তার কথা বলছি যে সমস্ত ফার্ম কোটেশন কল করেছিল তাদের সংগে চুক্তি হয় এবং যে সব ফার্ম ঔষধ সরবরাহ করেন তাদের দেরি হওয়ার কারণ আছে। মাননীয় সদস্য জানেন সেই সময় পোর্টে ষ্ট্রাইক, কোথাও ষ্ট্রাইক থেকে লকআউট এবং সেই সংগে বড়বাজারে কিছুদিন গণ্ডগোল থাকার দরুণ সাপ্লাই পজিসন এ্যাফেকটেড হয়। কিন্তু তা সত্বেও সম্ভবমত চেষ্টা করেছি ঔষধের অর্ডার পাওয়ার সংগে সংগে ঔষধ সরবরাহ করার।

২নং হচ্ছে কোন একটা কমন ড্রাগ তার অভাব পড়ে গেল তার জন্য যাতে সংগে সংগে তা লোকাল মার্কেট থেকে কিনতে পারে তার জন্য কিছু টাকা খরচ করার অধিকার চিফ মেডিক্যাল অফিসার, ডি, এম, ও, এবং সাবডিভিশনাল অফিসার এবং প্রাইমারি হেল্থ সেণ্টারে সেখানে মেডিক্যাল অফিসার-ইন-চার্জকে দেওয়া হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, সাধাধাণভাবে এই অভিযোগ পেলে, ওষুধ নিয়ে বিভিন্ন হাসপাতালে, হেল্থ সেণ্টারে, যদি কোন অভিযোগ পান তাহলে সেই সুনির্দিষ্ট অভিযোগের জন্য তদন্ত করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্যঃ** আমি আগেই বলেছি খুব সুনির্দিষ্ট অভিযোগ ঔষধ নিয়ে না পেলেও একথা বলতে পারি যে এই রকমভাবে আমাদের কাছে বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গা থেকে পেয়েছি এবং তার মধ্যে যেখানে দুর্নীতির ধরণ কিছু কিছু অভিযোগকারীরা জানিয়েছেন যে ওষুধ— সি, এম, এস,-এর ওষুধ বা সরকারী ওষুধ কলকাতার হাসপাতাল থেকে বাইরে মফঃস্বলে এবং মফঃস্বলের ওষুধ বাইরে পাওয়া যায় এমন কি গজ ব্যাণ্ডেজও পাওয়া যায় এবং তার মধ্যে যখনই সুনির্দিষ্ট অভিযোগ, কোন একটু ক্লু পেয়েছি তখনই ভিজিলেন্স কমিশন অথবা এনফোর্সমেণ্ট ব্রাঞ্চে পাঠিয়ে দিই যাতে অনুসন্ধানের ব্যবস্থা হয়।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে তিনি বললেন যে গভর্ণমেণ্ট-এর তরফ থেকে যখন ওষুধ দেয় সেটা প্রথমে সি, এম, এসর কাছে যায় সেখান থেকে ডিষ্ট্রিবিউটেড হয়। আপনি এটা কি সাধারণভাবে বলতে পারেন যে এই কয়েক মাসে যে ওষুধ পাঠাতে দেরী হয়েছিল সেটা শুধু ডিষ্টিবিউশনের জন্যই হয়েছিল কিন্তু ওষুধ সাফিসিয়েণ্ট আছে?

**শ্রীননী ভট্টাচার্য্যঃ** নিশ্চয়ই না। রোগীর পরিমাণ ও সংখ্যা বিভিন্ন হেল্থ সেণ্টারে বিশেষ করে হাসপাতালগুলিতে বেড়ে যাচ্ছে তাতে করে আমাদের গত বৎসরের বাজেটের তুলনায় অতিরিক্ত টাকা—আমি ঠিক অফ-হ্যাণ্ড বলতে পারছিনা, প্রায় ৬০ লক্ষ টাকা খরচ করেছে। প্রয়োজনের তুলনায় সে ওষুধ নিশ্চয়ই কম। কিন্তু যেখানে ওষুধ পাঠানর ক্ষেত্রে অব্যবস্থা চলছিল সেই অব্যবস্থা দূর করার জন্য কিছু ব্যবস্থা গ্রহণ করেছি। অন্যান্য কারণে বা দুর্নীতির জন্যও অভাব দেখা দিতে পারে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** স্যার, কিভাবে দুর্নীতি আসছে সেটা আমাদের ভাল করে দেখা দরকার। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে কি কারণে বটলনেক হয়েছিল—যেটা বাইরের ফার্ম সম্বন্ধে বললেন। আমি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে একটা কথা জানতে চাই, ইদানীংকালে

আমরা দেখেছি অনেক জায়গায় ওষুধ নিতে গেলে ডাক্তাররা বলেন যে ওকে UF mixture দিয়ে দাও। এই অবস্থায় ক্যাপসুল জাতীয় ওষুধ তৈরী করার জন্য স্বাস্থ্যদপ্তর স্বয়ংসম্পূর্ণ কোন পরিকল্পনা করবার ব্যবস্থা করছেন কি ?

[1-10—1-20 p.m,]

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় সদস্যকে জানাতে চাই যে, ঔষধ তৈরীর ব্যাপারে সরকার থেকে কারখানা খোলার এতবড় পরিকল্পনা নেবার অর্থ সংস্থান আমাদের নাই, তবে দুই একটা ট্যাবলেট, দুই একটা ট্যাপলেট বা কিছু বটলিং করতে পারা যায় না তা নয়। সেজন্য ইতিমধ্যে এই ধরণের স্কীম আমরা গ্রহণ করেছি এবং টু ষ্টার্ট উইথ ট্যাবলেটের ছোট কারখানা খোলার পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। এবং তার জন্য বাজেটে অর্থও বরাদ্দ করেছি।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** মাননীয় সদস্যদের কাছে আমার বিনীত আবেদন যে, আমাদের যে বিজিনেস এ্যাডভাইসরি কমিটি আছে, সেই কমিটিতে প্রত্যেক দলের হুইপ থাকে। এই কমিটি একটা সিদ্ধান্ত নিয়েছিলেন যে, একটা কোশ্চেনের উপর পাঁচ মিনিটের বেশী আলোচনা করবেন না তাহলে যত কোশ্চেন আছে তার সব এখানে নেওয়া সম্ভব হবে না। আশা করি মাননীয় সদস্যরা একটু সহযোগিতা করবেন।

**শ্রীমোল্লা হুমায়ুন কবীর :** মাননীয় মন্ত্রীমহাশয়, জানাবেন কি যে গ্রামে যে সমস্ত হেলথ সেণ্টার আছে সেখানে কি কি ধরণের ঔষধ দেওয়া হয় এবং সমস্ত রোগীদের জন্য সমস্ত রকমের ঔষধ দেওয়া হয় কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** কি ধরণের ঔষধ দেওয়া হয় তার লিষ্ট আমার কাছে নাই এবং এটা আদৌ দেওয়া সম্ভব কিনা জানিনা, তবে বলতে পারি বিভিন্ন ধরণের হেল্‌থ সেণ্টারের জন্য এবং বিভিন্ন ধরণের হাসপাতালের জন্য বিভিন্ন টাইপের ঔষধ দেওয়া হয়।

**শ্রীনিরঞ্জন ভদ্র :** আপনি বললেন সুনির্দিষ্ট অভিযোগ পেলে আপনাকে জানাতে এবং আপনি তার তদন্ত করবেন, কিন্তু ১৯৬৯ সালে এপ্রিল মাসে আমি বাঁকুড়া থেকে ঔষধ বণ্টন সম্বন্ধে আমি সুনির্দিষ্ট অভিযোগ করেছিলাম কিন্তু আজ পর্য্যন্ত আমাকে কিছুই জানান হয়নি। এরপর থেকে সুনির্দিষ্ট অভিযোগ পেলে তাড়াতাড়ি তদন্ত করবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আপনি যে অভিযোগের কথা আমাকে জানিয়েছিলেন তা আমি নিশ্চয়ই খোঁজ করে দেখব, তবে আমি একথা বলতে পারি যে সমস্ত অভিযোগ ভিজিলেন্স বা এনফোর্সমেণ্টে পাঠান হয় সেসব ইনফরমেশান কাউকে জানান হয় না।

**শ্রীবিমল কান্তি বসু :** মাননীয় মন্ত্রীমহাশয়, জানাবেন কি, যে সমস্ত গ্রামে স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় ডাক্তার এবং ঔষধ নাই সেইসব সেণ্টারগুলিতে হোমিওপ্যাথি এ্যাটাচ্ করবার সিদ্ধান্ত গ্রহণ করবার জন্য কি পরিকল্পনা নেবেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** এই সাপ্লীমেণ্টারি এখানে অপ্রাসঙ্গিক।

**শ্রীগিরীশ মাহাতো :** মাননীয় মন্ত্রীমহাশয়, এটা জানাবেন কি যে পুরুলিয়া জেলায় যে সমস্ত হেলথ সেণ্টারে ডাক্তার নাই সেখানে ডাক্তার দেবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় স্পীকার মহাশয়, আমার মনে হয় এই প্রশ্নটাও এখানে অপ্রাসঙ্গিক।

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু :** বিভিন্ন হাসপাতালে যে দুর্নীতি হচ্ছে তা বন্ধ করবার জন্য Visiting কমিটি করা হবে কথা হয়েছিল, সেই কমিটিগুলি কি হাসপাতালে করা হয়েছে ?

**শ্রীননী ভট্টাচার্য :** শুধু এই ব্যাপারে নয়—অর্থাৎ স্থানীয় হাসপাতাল ও হেল্থ সেণ্টারে পরিচালনায় দুর্নীতি দূর করা, প্রশাসন ব্যবস্থা ভাল করা, পাবলিকের সহযোগিতায় হাসপাতা পরিচালনার ক্ষেত্রে ও বিভিন্ন ব্যাপারে public opinion build up করবার জন্য fori হিসেবে সরকার এই রকম অর্ডার দিয়ে Health Council করবার একটা পরিকল্পনা নিয়েছিলে তা নানাকারণে আটকে থাকায় সেটা সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া সাপেক্ষে পুরানো Visitin কমিটীর যে স্কীম, সেই স্কীম গ্রহণ করা হয়েছে এবং সেই হিসেবে অনেক হাসপাতালের ক্ষেত্রে সেই ধরণের Visiting কমিটী করাও হয়েছে।

**শ্রীনাথানিয়েল মুর্মু :** এই দুর্নীতি সম্পর্কে মন্ত্রীমহাশয় একটা নির্দিষ্ট অভিযোগ পেয়েছিলে বালুরঘাট হাসপাতালে ওষুধের পরিবর্তে ষ্টোন চিপস্ দেওয়া হয়েছে। এই ঘটনা সম্পর্কে নির্দি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে, সেটা তিনি জানাবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য :** প্রশাসনিক বিধিবিধানের অসংখ্য জালে কোন তদন্তই তাড়াতাড়ি শেষ হয় না। ও বিষয়টি এখনো Enforcement-এর তদন্তাধীন আছে, এখনো তদন্ত শেষ হয়নি

## পল্লী অঞ্চলে মশার উপদ্রব

***62.** (Admitted question No. *97)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে পশ্চিমবাংলার পল্লী অঞ্চলে সর্বত্রই মশকের উৎপাত সম্প্রতি বৃদ্ধি পাইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, উহা প্রতিরোধের জন্য সরকার এ পর্য্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি না ?

**Shri Nani Bhattacharya :**

(ক) হাঁ।

(খ) Culex fatigans জাতীয় মশার বংশ বৃদ্ধিই এই উৎপাতের জন্য দায়ী। এই জাতী মশক নিবারণের জন্য প্রয়োজন পয়ঃপ্রণালী (Drainage) ও অনাময় (Sewerage) ব্যবস্থ যাহা ব্যয়বহুল ও সময় সাপেক্ষ। সাময়িক ব্যবস্থা হিসাবে মশক জন্মাইবার স্থানগুলিতে প্রতি সপ্তাহে একবার লার্ভাসাইডাল তৈল প্রয়োগ ও উক্ত স্থানগুলির আগাছা পরিষ্কার করা যাইতে পারে। কিন্তু ইহাতে বৎসরে বৎসরে বহু অর্থের প্রয়োজন বলিয়া কোন প্রকল্প গ্রহণ করা হয় নাই।

## কলিকাতা শহরে মশার উপদ্রব

***63.** (Admitted question No. *138)]

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কলিকাতা শহরের কোনো কোনো অঞ্চলে মশার উপদ্রব বৃদ্ধি পাইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, মশার উপদ্রব রোধের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

**Shri Nani Bhattacharya :**

(ক) হাঁ।

(খ) কলিকাতা পৌর সভার Public Health কার্যক্রমের একটি অঙ্গ মশক নিবারণ। কলিকাতা পৌর সভা ইহার অধীনস্থ এলাকায় সীমিত অর্থ সামর্থ্য অনুযায়ী নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করেন :

(১) প্রতি মাসে খোলা নর্দমা পরিষ্কার করা ;

(২) খোলা নর্দমার ধারগুলি কাটিয়া দেওয়া;

(৩) প্রতি সপ্তাহে একবার করিয়া মশা জন্মাইবার জায়গাগুলিতে লার্ভা সাইডাল তৈল প্রয়োগ করা; এবং

(৪) খোলা নর্দমা সংস্কার করা, ডোবা পুষ্করিনী প্রভৃতি আগাছা মুক্ত রাখা, যাহাতে মশা মারিবার তৈল কার্যকরী হয় এবং জল জমিবার নীচু জায়গাগুলিকে সম্ভব হইলে ভরাট করিয়া দেওয়া।

এই উপদ্রব সম্পূর্ণভাবে দূরীকরণের প্রধান উপায় উপযুক্ত জল নিকাশের ( Drainage ) এবং অনাময় ( Sewerage ) ব্যবস্থার উপর নির্ভর করে। এই ব্যবস্থা সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল। আশা করা যায় যে Calcutta Metropoliton Planning Organisation বৃহত্তর কলিকাতা এলাকার জন্য যে অনাময় প্রকল্প তৈয়ারী করিয়াছেন তাহা কার্যকরী হইলে মশকের উপদ্রব দূরীভূত হইবে।

[ 1-20—1-30 p. m. ]

দুটো সম্বন্ধে প্রায় একই রকম ব্যবস্থা অবলম্বিত হয়েছে। সহরেরটা কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটীর মধ্যে পড়ে।

**ডঃ নিরঞ্জন ভদ্র:** আপনি বললেন যে পল্লী অঞ্চলে মশা বৃদ্ধি পেয়েছে—এর আগে সরকার ম্যালেরিয়া ইর‍্যাডিকেসন স্কীমে ডি. ডি. টি স্প্রে দেবার ব্যবস্থা করতেন—সেটা কি এখনও চালু আছে?

**শ্রীননী ভট্টাচার্য্য:** এর আগে আমি জবাব দিয়েছি যে, এ মশা ম্যালেরিয়াবাহী মশা নয়, অন্যবাহী মশা। সুতরাং এটি ম্যালেরিয়া মেজার-এর অঙ্গ হিসাবে যে প্রকল্প আছে সেই প্রকল্প এক্ষেত্রে গ্রহণ করার কথা নয়। যেখানে যেখানে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব ঘটে কিম্বা যেখানে ম্যালেরিয়া এলাকা ছিল, এখন অন্য স্তরে আছে, সেখানে নজর রাখা হয়েছে—সেই সমস্ত এলাকায় ডি. ডি. টি স্প্রে থেকে আরম্ভ করে বিভিন্ন ধরণের ব্যবস্থা নেয়া হচ্ছে।

**ডঃ নিরঞ্জন ভদ্র:** মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে, এনোফিলিস ছাড়া কিউলেক্স, ফ্যাটিগান মশা যে বৃদ্ধি পেয়েছে তার সংগে সংগে ফাইলেরিয়ার প্রকোপ বেড়ে গেছে—এই ফাইলেরিয়া ইর‍্যাডিকেসন স্কীমের কোন ব্যবস্থার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্য্য:** ফাইলেরিয়া নিরোধের জন্য এখন পর্যন্ত খুব সুনির্দিষ্ট পরিকল্পনা বলতে যা বুঝায় তা গ্রহণ করা সম্ভবপর হয়নি, কারণ এটা কেন্দ্রীয় পরিকল্পনার অংগ হিসাবে গ্রহণ করতে হয় এবং কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা এখন সেইভাবে না থাকার দরুণ আমরাও ভালভাবে সেই পরিকল্পনা গ্রহণ করতে পারিনি।

**ডঃ নিরঞ্জন ভদ্র:** ফাইলেরিয়ার ব্যাপারে আপনি বললেন যে, এটা খুব বেশী কার্যকরী করতে পারেননি রাজ্যসরকারের স্তরে—এই রোগের ভয়াবহতা সম্বন্ধে চিন্তা করে রাজ্যসরকারের কিছু করণীয় আছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্য্য:** মশা নিবারণ থেকে ফাইলেরিয়ায় চলে এসেছে—এ সম্বন্ধে আমি জবাব আগেই দিয়েছি এবং সেখানে কেন্দ্রীয় সরকারের প্রগ্রাম হিসাবে ফাইলেরিয়া প্রগ্রাম ধরার ব্যবস্থা করছি এবং সেই মর্মে কেন্দ্রীয় সরকারের কাছে লেখালেখি, আলাপ আলোচনা ইতিমধ্যেই করা হয়েছে।

**ডঃ জয়নাল আবেদিন :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় জানাবেন কি যে গত বছর কত মশা জন্মগ্রহণ করেছে এবং এই মশক শ্রেণী নিবারণের জন্য স্বাস্থ্য দপ্তর থেকে কোন কামান কেনবার পরিকল্পনা আছে কিনা ?

(উত্তর দেননি)

**ওন্দা থানায় স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা**

***64.** (Admitted question No. *171.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ওন্দা থানায় মোট কয়টি স্বাস্থ্যকেন্দ্র আছে ;

(খ) সরকার কি অবগত আছেন যে, ঐসব চিকিৎসাকেন্দ্রে নিয়মিত ঔষধ থাকে না ও সব স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক নাই ; এবং

(গ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :**

(ক) পাঁচটি।

(খ) উক্ত পাঁচটি স্বাস্থ্যকেন্দ্রের মধ্যে দুইটিতে বর্তমানে ডাক্তার নাই। অন্য তিনটিতে নির্দিষ্ট সংখ্যক ডাক্তার আছে।

গত বৎসরে ঔষধ সরবরাহের কিছু অপ্রতুলতা ছিল। এই বৎসরে এই ব্যাপারে উন্নতি করা হইয়েছে।

(গ) যে স্বাস্থ্যকেন্দ্র দুইটিতে বর্তমানে ডাক্তার নাই, সেইখানে ডাক্তার পাঠাইবার ব্যবস্থা করা হইতেছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** আপনি বল্লেন যে দুটো স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই। এই দুটো স্বাস্থ্যকেন্দ্রের নামটা বলবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** রতনপুর, আর একটা হচ্ছে সাঁতোর সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার।

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** এখানে কতদিন ধরে ডাক্তার নেই ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** নোটিশ দিলে বলতে পারব

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** আপনি বললেন যে ডাক্তার পাঠাবার ব্যবস্থা করছি এবং এর আগে এই ধরণের একটা প্রশ্ন করাতে আপনি বলেছিলেন যে ডাক্তার পাওয়া যাচ্ছে না। আমি আপনাকে একটা দরখাস্ত দিয়েছি ডাক্তারের—সেই দরখাস্তের উপর তাকে নেয়ার ব্যবস্থা হচ্ছে, না অন্য কোন কথা ভাবছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আপনার বিশেষ দরখাস্তটির কথা আমি মনে করতে পারছি না, কিন্তু তবুও আমি সাধারণভাবে বলছি যে, দরখাস্ত মানে হচ্ছে ডাক্তার নিয়োগের ব্যাপার। এখন সেটা একটা আলাদা ইসু। তাহলে এটা ঠিক যে আমরা বিভিন্নভাবে ডাক্তার নিচ্ছি। আপনারা জানেন যে, আগে শুধু পি. এস. সি. মারফত গেজেটেড মেডিকেল অফিসার নিতাম এবং ডাক্তারের অভাব বেড়ে যাওয়ার ফলে আমরা এ্যাডক এ্যাপয়েণ্টমেণ্ট দিচ্ছি। ৬ মাসের মধ্যে পি. এস. সি. দ্বারা রেগুলারাইজেসান সাপেক্ষে এটা করতে হচ্ছে। তৃতীয় হচ্ছে—কনট্রাক্ট চুক্তিতে মেডিকেল অফিসার নিয়োগ করছি। চতুর্থ হচ্ছে পার্ট টাইম এবং ফুল টাইম মেডিকেল অফিসার আমরা পাকাপি নিয়োগ করছি এবং এইভাবে আমরা নিয়োগের পদ্ধতি গ্রহণ করেছি এবং আরো বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করে মফঃস্বলে যাতে মেডিকেল অফিসারের অপ্রতুলতা না ঘটে তার জন্য আমি অতগুলি ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করেছি এবং করার চেষ্টা করছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** আপনি বললেন যেখানে যেখানে ডাক্তার নেই সেখানে সেখানে কম্পাউণ্ডাররা ওষুধ দিচ্ছে। তার ফলে সেখানে চিকিৎসাক্ষেত্রে একটা বিরাট বিভ্রাটের সৃষ্টি হচ্ছে। কম্পাউণ্ডাররা যদি চিকিৎসা করে তাহলে কি যে অবস্থা হয় সেটা আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন? কাজেই এ বিষয়ে আপনি কি ভাবছেন বা কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রীননী ভট্টাচার্য্য :** এ বিষয়ে আমি মাননীয় সদস্যের সংগে একমত যে যেখানে কম্পাউণ্ডারকে ওষুধ দিতে হয় সেখানে চিকিৎসা বিভ্রাট ঘটার আশঙ্কা নিশ্চয়ই আছে এবং এর জন্য আমরা সজাগ আছি। বিশেষ করে সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার, প্রাইমারী হেল্‌থ সেণ্টারে যেখানে আমরা ডাক্তার পাঠাতে পারি না, সেখানে ডাক্তারদের মধ্যে যাতে আমরা প্রেরণা জাগাতে পারি তার চেষ্টা করছি। মাননীয় সদস্য সেই ধরণের ব্যবস্থা নেবেন যাতে করে হাসপাতালে ডাক্তারের অভাব না হয়।

**শ্রীনিরঞ্জন ভদ্র :** আপনি বললেন, বাঁকুড়া জেলার অনেকগুলি হেল্‌থ সেণ্টারে ডাক্তার নেই। আপনি কি অবগত আছেন, যে সমস্ত হেল্‌থ সেণ্টারে ডাক্তার নেই সেই সমস্ত হেল্‌থ সেণ্টারের নাম উল্লেখ করে সি. ও. এম. এইচ. এর মারফত আপনাকে জানান হয়েছিল, কিন্তু তা সত্বেও ৭/৮ মাস পর্যন্ত ডাক্তার গিয়ে পৌছায়নি, এই সম্বন্ধে আপনি কিছু বলবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আমি বললাম দুটি সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টারে ডাক্তার নেই। বাঁকুড়া জেলার কথা বলছি না। সেখানেও ঐ একই ব্যবস্থা। ডাক্তারদের পাঠানোর জন্য উৎসাহিত করা ছাড়া আর অন্য কোন রাস্তা পাচ্ছি না। কারণ, আপনারা জানেন মফঃস্বলে ডাক্তারদের পাঠানোর জন্য পাবলিক হেল্‌থ এ্যালাওন্স, রুরাল এ্যালাওন্স ইত্যাদি দিয়ে থাকি। কিন্তু তা সত্বেও আমরা মেডিকেল অফিসারদের গ্রামের দিকে এ্যাট্রাক্ট করাতে পারছি না।

**শ্রীনিরঞ্জন ভদ্র :** ডাক্তারদের গ্রামাঞ্চলে পাঠাতে উৎসাহিত করবার জন্য সহরাঞ্চলে যেমন ই. এস. আই. স্কীম চালু আছে গ্রামাঞ্চলেও অনুরূপ স্কীমের কথা চিন্তা করছেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্য :** ই. এস. আই. স্কীমের মত সেই ধরণের পরিকল্পনা নেই।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, সারা ভারতবর্ষে যেখানে ২৫ হাজার ডাক্তার বেকার আছে, সেখানে এই বেকার থাকা সত্বেও তারা গ্রামের দিকে যেতে চায় না, আপনারা কি ডাক্তারদের গ্রামাঞ্চলে যাবার জন্য রিক্রুট করেন না?

**শ্রীননী ভট্টাচার্য্য :** সারা ভারতবর্ষের কথা বাদ দিচ্ছি। পশ্চিমবঙ্গে বোধ হয় ৪০ হাজার রেজিষ্টার্ড কোয়ালিফায়েড মেডিকেল প্রাকটিসনারস আছে। কিন্তু তার মধ্যে সরকারী ডাক্তার ৪ হাজারের বেশী নেই, এই হচ্ছে অবস্থা এবং কলকাতার আশেপাশে যে সমস্ত হাসপাতাল আছে সেইখানে সংখ্যাটা মোটামুটি ঠিকই আছে। কিন্তু মফঃস্বলের ডিফিকাল্ট এরিয়ায় ডাক্তার পাঠান আমাদের পক্ষে খুব কঠিন হচ্ছে এবং এই নিয়ে কেন্দ্রীয় স্বাস্থ্য কাউনসিল যে ভূপালে সম্প্রতি অনুষ্ঠিত হল সেখানেও আলোচনা করেছি যে, আরো কিছু এ্যামিনিটিজ দেওয়া যায় কিনা এবং সেখানে তারা কিছু কিছু সুপারিশ করেছেন। সেই কেন্দ্রীয় কাউনসিলের মিটিং-এ সুপারিশ উঠেছে এবং আমরা ঠিক করেছি যে আরো কিছু রুরাল এ্যালাওন্স বাড়ান যায় কিনা সেটা ভেবে চিন্তে ঠিক করছি এবং সেই মত কেন্দ্রীয় সরকারের সংগে কথাবার্তা বলছি।

**শ্রীগোকুলানন্দ রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে সমস্ত এলাকায় স্বাস্থ্যকেন্দ্র নেই, সেই সমস্ত এলাকায় নূতন স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি এবং থাকলে সর্তগুলি কি?

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় স্পীকার মহাশয়, এই প্রশ্নটা অপ্রাসঙ্গিক।

**মিঃ স্পীকারঃ** ডিফিকাল্টি হচ্ছে Supplementaries are beyond the scop the question and the answers also are beyond the scope of the question

**Sinking and re-sinking of tubewells in Karimpur Constituency.**

***67.** (Admitted question No. *459.) **Dr. Nalinaksha Sanyal:** \ the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many tubewells suggested by the M.L.A of Karimpu response to the request made by the Minister-in-charge as ea as June-July 1969, for re-sinking and new sinking, have actu been completed by end of December last;

(b) the reason or reasons for delay in execution of the sanctio work; and

(c) what steps have been taken to remove the handicap and to ens that the works may be completed before the end of the curr financial year?

[1-30—1-40 p.m.]

**Shri Nani Bhattacharya:** (a) Sinking of one new tubewell a re-sinking of one derelict tubewell have been completed recently.

(b) Shortage of G. I. pipes due to non-supply of materials by t D. G. B. & D rate contract holders.

(c) Sanction of Government has been accorded to the purchase pipes from the open market to ensure completion of the works duri the current financial year.

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, করিমপুরের এম. এল. এ. কি কটা টিউবওয়েল নতুনভাবে বসানোর জন্য রেকমেনডেসান দিয়েছিলেন?

**শ্রীননী ভট্টাচার্য্যঃ** অন্যান্য এম. এল. এ.-দের মত করিমপুরের এম. এল. এ.-কে জানা হয়েছিল দুটি নতুন টিউবওয়েল সিংকিং-এর জন্য এবং দুটি রিসিংকিং-এর ব্যাপারে কোথায় বসা হবে সেটা জানান। করিমপুরের এম. এল. এ. সেটা জানান। আমি ইতিমধ্যেই বলেছি ত ৫০ পারসেণ্ট কাজ হয়েছে, আর ৫০ পারসেণ্ট কাজ বাকি আছে ফর ওয়াণ্ট অব মেটিরিয়াল গভর্ণমেণ্ট স্যাংসান দেওয়া হয়েছে যাতে বাইরের বাজার থেকে কিনতে পারি এবং এই আর্থি বৎসরের মধ্যে সেটা সুসম্পন্ন হবে বলে মনে হয়।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই যে এম. এল. এ-দের ৪টি টিউবওয়েলের জন্য বলেছিলেন—দু সিংকিং, দুটি রিসিংকিং—এটা এক বছর আগে বলা হয়েছিল। আমার জিজ্ঞাস্য, ঠিক না দেখেই f এম এল. এ.-দের বলা হয়েছিল এবং কি কায়দায় আমরা অর্ডার দিই?

**শ্রীননী ভট্টাচার্য্যঃ** এ সম্পর্কে আলাদা প্রশ্ন করলে জবাব দিতে পারবো, তবে অনে এম. এল. এ. সাইট সিলেকশান করে আমাদের জানিয়েছিলেন। তারমধ্যে অনেক জায়গায় কা হয়েছে আংশিকভাবে, অনেক জায়গায় কাজ সম্পূর্ণ হবার দিকেও এগুচ্ছে। আবার কোথাও ধরা হয়নি। যেখানে হয়নি সেখানে হয়ত স্থান নিয়ে ডিসপিউট দেখা দিয়েছে। তা ছাড়া কোথা স্কুল বা ঐ ধরনের জায়গা নির্ণয় করার জন্য অসুবিধা দেখা দিয়েছে। এ সম্বন্ধে প্রশ্ন করলে আমি বিস্তারিতভাবে জবাব দিতে পারবো।

**শ্রীসনৎকুমার রাহা:** গভর্ণমেণ্ট যখন অর্ডার দেন তখন ঠিক দেখেই বা ঠিক ভেরিফিকেসান করার পর কি তা দেওয়া হয় যে এতগুলি টিউবওয়েল আমরা বসাতে পারবো; না কি, পরে আমরা শুনতে পাবো যে ঠিক নেই, দেরি হচ্ছে, ফাইনান্সিয়াল ইয়ারেই হবে ইত্যাদি। আমার জিজ্ঞাস্য, অর্ডার কোন সময় দেওয়া হয়?

**শ্রীননী ভট্টাচার্য্য:** অর্ডার বিভিন্ন সময় দেওয়া হয়। এমনও অনেক সময় হয়—টাকা পড়ে থাকে খরচ হয় না, এমন সময় অর্ডার গিয়ে হাজির হয়। এটা নির্ভর করছে সাইট সিলেকসান এবং এষ্টিমেট তৈরী করার উপরে। সুতরাং যদি না সাইট সিলেকসান ঠিক সময়মত হয় তাহলে অনেক সময় অর্ডার দিতে দেরী হয়। অনেক সময় অর্ডার দিয়ে কনট্রাক্টর নিয়োগ করে খনন কাজ কমপ্লিট করতে দেরি হয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে কাজ সম্পূর্ণ হয়নি বলে বললেন এরজন্য সরকারী আমলারা কতখানি দায়ী?

**শ্রীননী ভট্টাচার্য্য:** কোন কাজ সম্পূর্ণ হয়নি সেটা আমি বুঝতে পারলাম না। করিমপুরের কথা যদি বলেন, সে সম্পর্কে আমি জবাব দিয়ে দিয়েছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** আপনি বললেন অর্ধেক কাজ হয়েছে, অর্ধেক কাজ হয়নি। এতে আমাদের মনে হয়েছে, সেখানে সরকারী আমলাদের গাফিলতির জন্য সে কাজ শেষ হয়নি........

**মি: স্পীকার:** এ সম্পর্কে আলাদা প্রশ্ন করুন।

**ডা: নিরঞ্জন ভদ্র:** কোন কোন কাজ হয়নি বা দেরি হবার কারণ হিসাবে মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, কোন কোন জায়গায় হয়ত স্কুল এরিয়া বা ধর্মীয় প্রতিষ্ঠান থাকার জন্য করা হয়নি। মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে আমাদের কাছে এটা বলবেন কি, স্কুল এরিয়াতে টিউবওয়েলের অত্যন্ত প্রয়োজনীয়তা আছে, ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রেও অনেক সময় টিউবওয়েলের প্রয়োজনীয়তা আছে। এসম্বন্ধে এম. এল. এ.-রা যে সমস্ত রেকমেনডেসান পাঠিয়েছিলেন সে সম্বন্ধে গভর্ণমেণ্ট বা আপনার দপ্তর বিচার বিবেচনা করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্য:** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি এবং এটা জানা দরকার যে, রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম-এর যে কুঁয়ো মঞ্জুর করা হয়, তা কোন স্কুলের এলাকার মধ্যে বা প্রিমিসেসের মধ্যে করার কথা নয়। কোন ধর্মীয় মন্দির হোক, গীর্জা হোক বা চার্চ হোক, তার মধ্যে বসানোর কথা নয়। এই সম্পর্কে কতকগুলি বিধিনিষেধ আছে। সুতরাং এখন সেই বিধিনিষেধগুলি তুলে দেওয়া হবে কিনা, সেটা পলিসি সংক্রান্ত ব্যাপার। কাজেই এখন সেটায় আমি জবাব দিতে পারছি না।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি আপনার কাছে একটা ইনফরমেশান জানতে চাই, যদিও এই প্রশ্নটার সংগে সম্পর্ক খুব কম। তবুও আমি জানতে চাই এজন্য যে, এই রকম একটা রেকমেণ্ডেশান করা চিঠি পেয়েছিলাম। যেহেতু আমি কলকাতার এম. এল. এ. সেজন্য আমি চাইছি যে, এটা মফঃস্বলের জন্য হোক এবং অন্য এলাকায় একটা বেশী হলেও ভাল। কিন্তু আমাদের কি অধিকার আছে দুটো করে টিউবয়েল এবং দুটো করে সিনকিং—আমরা কার কাছে সিনকিং করাব। আমাদের করাতে হলে কর্পোরেশানে রি-সিনকিং করতে হয়। নতুন জায়গায়ও কর্পোরেশনের জায়গায় করতে হয়। অতএব আমাদের না করাই ভাল মনে হয়। কাজেই এই সম্পর্কে একটা ক্লারিফিকেশান চাই, এটা পরিষ্কার করে বলুন।

**শ্রীননী ভট্টাচার্য্য:** মাননীয় স্পীকার মহাশয়, উনি যে প্রশ্ন করেছেন সেটাতে সাধারণত বলা যায় যে, কলকাতার বা যে কোন পৌর এলাকার মধ্যে কুঁয়ো মঞ্জুর করার ব্যাপার। সেটা

রুরাল ওয়াটার সাপ্লাই স্কীমের মধ্যে পড়েনা। সেটা ডেভলপমেন্ট স্কীমের মধ্যে পড়ে। সে ক্ষেত্রে যে সমস্ত এম. এল. এ. বা সাধারণত প্রত্যেককে দুটো করে রি-সিনকিং এর জন্য সাইট জানাবার জন্য বলা হয়েছিল। দুটো করে টিউবয়েল সিনকিং বা রি-সিনকিংয়ের জন্য বলা হয়েছিল। তাতে করে স্বভাবতই যারা কলকাতা এবং বিভিন্ন পৌরসভায় তাদের পক্ষে সেই রকম সাজেশান দেওয়া সম্ভবপর হয়নি। কোথাও কোথাও সাজেশান দেওয়া হলেও সেটা খুব কার্যকরী করা সম্ভবপর হয়নি। সে সম্পর্কে আমরা নিশ্চয়ই বিবেচনা করে দেখতে পারি যে, কি করে করা যায়।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, অধিকাংশ ক্ষেত্রে এই সব tubewell খোঁড়া সম্ভব হয়নি এজন্য যে তাদের Departmental Store থেকে প্রয়োজনীয় সাজসরঞ্জাম Supply করা সম্ভব হয়নি এবং এই সাজসরঞ্জাম সরবরাহ কতদিনে হবে? মার্চ মাসের ৩রা তারিখের মধ্যে এই tubewell গুলি Supply হবার জন্য কি ব্যবস্থা করা হয়েছে?

**শ্রীননী ভট্টাচার্য্য:** মাননীয় সদস্য মহাশয়ের যে প্রশ্ন ছিল তা আগে হলে ভাল হত। আমি সব প্রশ্নের উত্তর দিয়েছি।

## বেসরকারী প্রতিষ্ঠানে পরিবার উন্নয়ন পরিকল্পনাকেন্দ্র

***68.** (Admitted question No. *38.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কোন বেসরকারী প্রতিষ্ঠানের সঙ্গে পরিবার উন্নয়ন পরিকল্পনাকেন্দ্র যুক্ত আছে কি না;

(খ) থাকিলে প্রত্যেকটি বেসরকারী প্রতিষ্ঠানের পরিচালক কাহারা; এবং

(গ) কি কি বাবদে বার্ষিক কত টাকা ঐসকল প্রতিষ্ঠানকে দেওয়া হয়?

**শ্রীননী ভট্টাচার্য্য:** (ক) আছে।

(খ) ষ্টেটমেন্ট "এ" লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইয়াছে।

(গ) ষ্টেটমেন্ট "বি" লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইয়াছে।

## বেসরকারী ফ্যামিলি প্ল্যানিং সেন্টারগুলিকে সাহায্য দান

***69.** (Admitted question No. *49.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বেসরকারী ফ্যামিলি প্ল্যানিং সেন্টারগুলিকে কোন্ খাতে কত টাকা সাহায্য দেওয়া হইয়া থাকে?

**শ্রীননী ভট্টাচার্য্য:** সংশ্লিষ্ট বিবরণীতে দেওয়া হইল।

**Statement referred to in reply to Starred question No. 69.**

**বিবরণী ( ষ্টেটমেন্ট )**

বেসরকারী ফ্যামিলি প্ল্যানিং সেন্টারগুলিকে নিম্নলিখিত ভাগে ভাগ করিয়া সরকারী অনুদান দেওয়া হইয়া থাকে:—

(১) আরব্যান ফ্যামিলি ওয়েলফেয়ার প্ল্যানিং সেন্টার:

| | | |
|---|---|---|
| আবর্তক অনুদান ( বার্ষিক ) | ... | ১৯,৭৮০ টাকা। |
| অনাবর্তক অনুদান | .... | ৩,০০০ টাকা। |

আবর্তক টাকার মধ্যে ১৭,২৮০ টাকা কর্মচারীদের বেতন বাবদ। ১,০০০ টাকা কন্টিনজেন্সিসের জন্য এবং ১,৫০০ টাকা জন্মনিরোধক দ্রব্যাদি ক্রয়ের জন্য নির্দিষ্ট।

(২) ষ্টেরিলাইজেশন ইউনিট :
আবর্তক (বার্ষিক) .... ১০,৫০০ টাকা।
অনাবর্তক .... ৩,০০০ টাকা।

আবর্তক টাকার মধ্যে ১০,০০০ টাকা কর্মচারীদের বেতন বাবদ এবং ৫০০ টাকা কন্টিনজেন্সিস বাবদ নির্দ্দিষ্ট।

(৩) লাইগেশন বেড :

প্রতি লাইগেশন বেড বাবদ ২,৩৫০ টাকার আবর্তক (বার্ষিক) অনুদান দেওয়া হয়।

লাইগেশন বেড স্থাপন করিবার জন্য গৃহ নির্মাণের জন্য প্রতি বেড বাবদ ৫,৫০০ টাকা এবং ২,০০০ টাকা অন্যান্য সরঞ্জামাদি ক্রয়ের জন্য মঞ্জুর করা হয়।

(৪) গ্রামে ফ্যামিলি প্ল্যানিং কার্য্যের জন্য কর্মচারীদের বেতন এবং
কন্টিনজেন্সিস (বার্ষিক) .... ৩,০০০ টাকা।
জন্মনিরোধক দ্রব্যাদি (বার্ষিক) .... ৫০০ টাকা।

[ 1-40—1-50 p.m. ]

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই ২টি প্রশ্নের পরস্পর উত্তর দিয়ে যাচ্ছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, যে তালিকা দিয়েছেন—এটা কোন সময়ের তালিকা? এটা কি যুক্তফ্রণ্ট সরকারের আমলের তালিকা, না, এর আগে যে সমস্ত সরকার ছিল অর্থাৎ পি, ডি এফ বা কংগ্রেস সরকারের আমলের তালিকা?

**শ্রীননী ভট্টাচার্য্য :** এইসব তালিকা পুরানো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই পুরানো তালিকার সংখ্যা দিচ্ছেন তার চেয়ে অনেক বেশী ফেমেলি প্ল্যানিং ওয়েলফেয়ার সেণ্টার বাংলাদেশে চালু ছিল কংগ্রেসের আমলে?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আরও অনেক জায়গায় চালু ছিল কিনা সেটা আলাদা প্রশ্ন করলে উত্তর দেবো। কিন্তু আমাদের যে তালিকা দেওয়া হয়েছে এই তালিকা বরাবর চলে আসছে। অবশ্য এই ধরনের তালিকা থেকে আমরা ইতিমধ্যে কিছু কিছু কেন্দ্র বন্ধ করে দিয়েছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** সেইটাই আমরা জানতে চাচ্ছি—এই তালিকা সম্পূর্ণ নয় অসম্পূর্ণ—৪০টি নয়, অনেক বেশী ছিল—কবে বন্ধ হলো এবং কেন বন্ধ হলো আমার প্রশ্নে নির্দ্দিষ্টভাবে আমি জানতে চেয়েছিলাম এবং কারা চালাচ্ছিল তাদের নাম কি—যা তালিকা দিয়েছেন তাতে একটি নামও দেওয়া হয়নি।

**শ্রীননী ভট্টাচার্য্য :** এখানে বেসরকারী ফেমেলি প্ল্যানিং প্রতিষ্ঠান যা আছে তার তালিকা দেওয়া হয়েছে—মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নটি পড়ি শুনুন—সেখানে পরিচালক কারা তার বিস্তৃত তালিকা পড়তে হয়, ডিটেলস যদি চান তাহলে যোগাড় করে দিতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, এই যে ফেমেলি প্ল্যানিং ওয়েলফেয়ার সেণ্টার ছিল কংগ্রেসের আমলে তা প্রত্যেকটি ঘুঘুর বাসা লক্ষ লক্ষ টাকা অপচয় করেছে এই ডিপার্টমেণ্ট থেকে—আমি প্রশ্ন করছি আপনার ডিপার্টমেণ্ট থেকে এমন জবাব পাওয়া যাচ্ছে তাতে পরিচালকদের হিসাব যা জানতে চেয়েছিলাম তা দেওয়া হয়নি—এতে আমাদের প্রিভিলেজ ভঙ্গ হচ্ছে?

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় সদস্য মহাশয়কে আমি আশ্বাস দিচ্ছি যে, ঐ পরিচালক কারা তা অনুসন্ধান সবটা হিসাব আনা সময় সাপেক্ষ। যে পরিচালক ব্যাপারে মাননীয় সদস্য জানতে চান নিশ্চয় এনে দিতে, পারি সময় দিতে হবে—কারণ এটা শুধু কলকাতা এলাকা নয়, মফঃস্বলেও ছড়িয়ে আছে। অবশ্য অনেকগুলি বন্ধ করে দিয়েছি—কারণ অনেক জায়গায় দুর্নীতি দেখা দিয়েছিল, ফলস নামে ভাগাবটমি, লাইগেশন ইত্যাদি করে টাকা আত্মসাৎ করা হয়েছে—যেখানে নির্দিষ্ট অভিযোগ পেয়েছি সেখানে তদন্ত করা হচ্ছে এবং যেখানে অনির্দিষ্ট অভিযোগ পেয়েছি সেখানেও এনকোয়ারী করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কমপ্রিহেন্সিভ কেস নিয়ে তার ব্যবস্থা করেছেন কিনা, এবং যদি না করে থাকেন তাহলে করবেন কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** অনেক ক্ষেত্রে এনকোয়ারী করেছি এবং করছি এবং আরও অনেকগুলি কেস এনফোর্সমেন্টকে দিয়েছি—তারা এনকোয়ারী করছে এবং ভিজিলেন্সকেও কতকগুলি কেস দেওয়া হয়েছে। অনেক জায়গায় আমরা অনুদান কমিয়ে দিয়েছি—টাকা কমিয়ে দিয়েছি এবং আমরা কলাকলি চলছি এ ব্যাপারে।

**ডঃ নিরঞ্জন ভক্ত :** মাননীয় মন্ত্রীমহাশয় প্রথম প্রশ্নের (ক) এর উত্তরে বললেন হ্যাঁ, তার মানে বেসরকারী প্রতিষ্ঠানের সঙ্গে পরিবার উন্নয়ন পরিকল্পনাকেন্দ্রযুক্ত আছে। দয়া করে তিনি জানাবেন কি, আই এম এ এ্যাসোসিয়েশন-এর বেংগল ষ্টেট ব্রাঞ্চ একটা বেসরকারী প্রতিষ্ঠান। ঐ প্রতিষ্ঠান-এর সংগে যুক্ত আছে কিনা। যদি না থাকে তাহলে তার সংগে সর্ব ভারতীয় সংস্থার সংগে এই প্রতিষ্ঠানকে যুক্ত করার কথা চিন্তা করছেন কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন-এর যারা সদস্য তারা কি পরিমাণ এই প্রতিষ্ঠানগুলির সংগে যুক্ত আছেন না আছেন, তা নোটিশ না দিলে বলতে পারব না। কিন্তু ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন-এর অফিস বা এষ্টাব্লিশমেন্ট হিসাবে যদি ধরা হয়, তাহলে সেখানে এখন পর্য্যন্ত কোন প্ল্যানিং সেণ্টার ওপেন করা হয়েছে বলে জানিনা। আই এম এ কিছু কিছু জায়গায় সুপারিশ করেছে—যারা ওরিয়েন্টেশন ট্রেনিং নিয়ে এসেছে, সেই রকম মেডিক্যাল ডাক্তারদের যেন ফুল টাইম বা পার্ট টাইম এ্যাপয়েণ্টমেণ্ট দিয়ে কাজ কর্ম করাই। আমরা এই ওরিয়েন্টেশন ট্রেনিংকে যথেষ্ট বলে মনে করিনা। তাদের ইন সার্ভিস ট্রেনিং দিয়ে অভিজ্ঞ করে তোলা দরকার অথবা ট্রেইণ্ড মেডিক্যাল ডাক্তার দিয়ে ভ্যাসেক্টমি লাইগেশন অপারেশনের কাজে লাগান দরকার। এ সম্বন্ধে আমরা ঠিক করেছি অন্ততঃ যে কয়টি ক্ষেত্রে আই এম এ নাম কয়েকটি পাঠিয়েছে তাদের ট্রেইনিং দিয়ে উপযুক্ত করার চেষ্টা করা, যদি তারা ইন্ সার্ভিস ট্রেনিং-এ দক্ষতা অর্জন করতে না পারে তাহলে তাদের নেওয়া হবেনা, এইটাই সর্ত্ত।

**ডঃ নিরঞ্জন ভক্ত :** আপনি কি জানেন ইতিমধ্যে অনেক ডাক্তার দিল্লী এবং কলকাতার বিভিন্ন মেডিক্যাল কলেজে ওরিয়েন্টেশন ট্রেইনিং নিয়েছে, তাদের রিক্রুট করার কি ব্যবস্থা করেছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আমি আগেই বলেছি যে ওরিয়েন্টেশান ট্রেনিং উপযুক্ত বলে বিবেচিত হচ্ছে না বিশেষজ্ঞের দ্বারা এবং আমরাও তাদের উপযুক্ত বলে মনে করি না। তাদের দ্বারা এলো-পাথাড়ি কাজ করাবার ফলে অদক্ষ ডাক্তার দ্বারা কাজ করার ফলে ফ্যামিলি প্ল্যানিং প্রোগ্রামের অনেক ক্ষতি হয়, যারা ষ্টেরিলাইজেশন করেছে তাদের অনেক কমপ্লিকেশন দেখা দিয়েছে, এই সমস্ত বিবেচনা করে, আই এম এ যে কয়জনের নাম পাঠিয়েছে তাদের ইন্ সার্ভিস ট্রেইনিং-এ সুশিক্ষিত করে দিয়ে যদি দেখা যায় যে তারা শিক্ষিত হয়ে উঠেছে তবেই তাদের রাখা হবে, নইলে মেডিক্যাল অফিসার হিসাবে থাকবে না, এইভাবেই আমরা চলেছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** আমি স্যার, একটু ক্লেরিফিকেশন চাইছি, আমি মফঃস্বলের লোক ঠিক বুঝতে পারি না। আমরা দেখি পরিবার উন্নয়ন পরিকল্পনা, কিন্তু সেটাতো আসলে পরিবার নিয়ন্ত্রণ পরিকল্পনা। আমি তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, এটা পরিবার উন্নয়ন পরিকল্পনা, না কি নিয়ন্ত্রণ পরিকল্পনা, এ বিষয়ে মন্ত্রীমহাশয় বলবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় সদস্য মহাশয়, আমার একজন বন্ধুও বটে। তাঁর পরিবার সম্বন্ধে আমার ধারনা আছে, এটা নিয়ন্ত্রণও বটে, আবার কল্যাণও বটে।

**শ্রীসমর কুমার রুদ্র :** আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই। উনি কি জানেন, পশ্চিমবাংলায় পরিবার পরিকল্পনা কেন্দ্রের ব্যাপারে তাঁরা যে সমস্ত তথ্য দেন যে, এতগুলি লোকের ভ্যাসেক্টমি লাইগেশন ইত্যাদি হয়েছে, এগুলি পরিকল্পিত এবং অবাস্তব। আসলে যদি ৬ মিনিট করে একটি অপারেশন করতে লাগে তাহলে ঘণ্টায় হবে ১০টি, এবং সেই ঘণ্টার ভিত্তিতে দিনে ৪০/৫০টির বেশী করা সম্ভব নয়। অথচ দেখা যাচ্ছে ২০০/৩০০ করে করা হয়েছে বলে তথ্য সরবরাহ করা হচ্ছে এবং সেই ভিত্তিতে টাকা নিচ্ছে, ঔষধপত্র ইত্যাদি নিচ্ছে, নিয়ে সেগুলি আত্মসাৎ করছে, এমন কি পশ্চিম বাংলার পরিবার পরিকল্পনা কেন্দ্রে যে ক্রুটি আছে সেখানে পর্য্যন্ত অভিযোগ উঠেছে। এই সম্বন্ধে কোন অনুসন্ধান করেছেন কিনা এবং যারা কর্তৃত্বে আছেন তাদের কার্য্য থেকে বিরত করারজন্য কি ব্যবস্থা হয়েছে জানাবেন কি ?

**Mr. Speaker :** Mr. Rudra, for your information I am telling you that this question has been sufficiently answered by the Hoible Minister and there is no necessity to answer it again.

### হাসপাতালগুলিতে অধিক সংখ্যক রোগী ভর্তির পরিকল্পনা

***74.** (Admitted question No. *255.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাসপাতাল-সমূহে নির্দিষ্ট সংখ্যক রোগীর স্থলে যাহাতে অধিক সংখ্যক রোগী ভর্তি হইতে পারে তজ্জন্য অতিরিক্ত ঔষধ, পথ্য, বিছানা, ইত্যাদি দিবার কোন সরকারী পরিকল্পনা আছে কি না ?

[1-50—2-00 p.m.]

**শ্রীননীভট্টাচার্য্য :** আছে।

**শ্রীসনৎকুমার রাহা :** আমি জানতে চাই শতকরা কত হারে বেশী রোগী ভর্তী করা যায়, কি পরিমান ঔষধ, বিছানা দেবার ব্যবস্থা আছে এবং খাদ্য দেবার ব্যবস্থা আছে। প্রত্যেকটি হাস-পাতালে অধিক সংখ্যক রোগী থাকার দরুন তাদের খাদ্য, বিছানা প্রভৃতির অভাব আছে বলে এই প্রশ্ন উঠেছে।

**শ্রীননী ভট্টাচার্য্য :** এই সাপ্লিমেণ্টারীর জবাবে আমি বলতে চাই স্যাংসও স্ট্রেংথ যাকে বলে সেই মঞ্জুরীকৃত শয্যা সংখ্যা ছাপিয়ে যদি বেশী রোগী আসে তাহলে আমরা শতকরা ১০টি পর্য্যন্ত এ্যালাউ করি। অর্থাৎ যেখানে ১০০ রোগীর স্যাংসণ্ড বেড স্ট্রেংথ আছে সেখানে যদি রোগী বেশী হয় তাহলে আমরা সেখানে ১১০টি পর্য্যন্ত মঞ্জুর করি এবং তাদের উপযুক্ত কট, লিনেন, ঔষধ এবং পথ্যের ব্যবস্থা রাখা হয়। দীর্ঘকাল ধরে শয্যাসংখ্যা বৃদ্ধি না করার দরুণ এরকম অবস্থা হয়েছে এবং বহু ব্যাক লগ জমে যাবার দরুণ রোগীর সংখ্যা বেড়েছে। এই যে ১০০তে ১০টি একস্ট্রা বেডের ব্যবস্থা রয়েছে সেটা কোথাও কোথাও ছাপিয়ে গেছে এবং কোথাও দেড়গুণ/দুগুণ পর্যান্ত স্যাংসণ্ড স্ট্রেংথ-এর উপরে গেছে। যেখানে আমরা দেখছি এ্যাকোমোডেসন রয়েছে সেখানে আমরা অন্তত কিছু ডাক্তার, কিছু ঔষধপত্র পাঠানোর ব্যবস্থা করছি এবং খাদ্য সংক্রান্ত ব্যাপারে মফঃস্বলে যে দুটাকা ধরা আছে তার

ব্যবস্থা করছি এবং অন্যান্য ষ্টাফ বাড়ানোর ব্যবস্থাও হতে পারে যদি স্যাংসগু ষ্ট্রেংথ আমরা টেন পারসেণ্ট-এর বেশী বাড়াই। সেইদিকে লক্ষ্য রেখে আমরা কট না বাড়িয়ে এক্সটেনসন ওয়ার্ক, কনষ্ট্রাকসন ওয়ার্ক-এর ব্যবস্থা না করে আমরা যতদূর সম্ভব চেষ্টা করেছি এবং ইতিমধ্যেই যেটা করা হয়েছে সেটা হচ্ছে যে আরও কিছু শয্যা সংখ্যা বেড়েছে ধরে নিয়ে ঔষধ, পথ্য দেবার ব্যবস্থা করা হয়েছে এবং লিনেন, খাদ্য বস্ত্র প্রভৃতি দেবার ব্যবস্থা হয়েছে। সব জায়গায় দেওয়া সম্ভব না হলেও অনেক জায়গায় করা হয়েছে এবং ফেজও প্রোগ্রামের মধ্য দিয়ে এটা করতে হচ্ছে।

**শ্রীসনৎকুমার রাহা:** কোন হাসপাতালে যদি ১০০-এর জায়গায় ২০০ রোগী থাকে তাহলে তাদের পেছনে ঔষধ, পথ্য প্রভৃতি বাবদ যদি বেশী খরচ হয়ে থাকে তাহলে সেই খরচ সরকার দেবেন কিনা।

**শ্রীননী ভট্টাচার্য্য:** আমি আগেই বলেছি এটা একটা উভয় সংকটের মত অবস্থা। আমাদের হেলথ বাজেটে টাকা নেই বলে আমরা বাড়ী তৈরী করতে পারছিনা, যে পরিমাণে রোগী বেড়েছে তাতে তাদের লিনেন কট-এর ব্যবস্থা এবং অন্যান্য কর্মচারী নিয়োগের ব্যবস্থা করতে পারছিনা। এইসব কাজ করা সম্ভব হবে এরকম টাকা আমাদের বাজেটে নেই। এই সীমাবদ্ধতার মধ্যে যখন কাজ করতে হচ্ছে তখন যেখানে সম্ভব, যেখানে টাকা পার্মিট করছে সেই রকম ক্রাউডেড হাসপাতালের কিছু কিছু ক্ষেত্রে প্রাইওরিটি বেসিসে প্রেফারেনসিয়াল লিষ্ট তৈরী করে নিয়ে আমরা কনষ্ট্রাকশন ওয়ার্কে হাত দিয়েছি, মঞ্জুর করেছি এবং অধিকতর শয্যা বাড়ানোর চেষ্টা করছি। কিন্তু অনেক জায়গায় এই সমস্ত করা সম্ভবপর হচ্ছেনা অর্থাৎ অর্থাভাবের দরুণ আমরা কনষ্ট্রাকসন ওয়ার্কে হাত দিতে পারছিনা। তবে আমরা ফেজড প্রোগ্রাম নিয়েছি যাতে করে বেশী পথ্য, বেশী ঔষধ দিতে পারি এবং বেশী কর্মচারী নিয়োগ করা যেতে পারে।

**শ্রীসনৎকুমার রাহা:** তাহলে কি এই দাঁড়ায় সরকারের নীতি অনুযায়ী যে রোগী—যেখানে ১০০ জন রোগীর জায়গায় ১১০ জন রোগীর খাদ্য দিচ্ছেন সেখানে—ধরুন একটা বড় হাসপাতালে ২৫০ জন রোগী আছে, সেই ২৫০ জন রোগীকে খাবার দিতে হচ্ছে, তাহলে কি এই বুঝবো যে রেগুলার ডায়েট এবং মেডিসিন্যাল, সেটা হ্রাস পেয়ে কমে গেল?

**শ্রীননী ভট্টাচার্য্য:** রোগীর ওষুধের রেট কমে যাচ্ছেনা কিন্তু পথ্যের উপর ভাগ হচ্ছে।

**ডা: নিরঞ্জন ভদ্র:** আপনি এই প্রশ্নোত্তরটা জেনারালাইজ করে হ্যাঁ বলেছেন, তাহলে গত ২০ বছরের মধ্যে আমাদের যে পপুলেশন এক্সপ্লোশন হয়েছে তার সংগে সংগে রোগীর সংখ্যা খুব বেড়ে গেছে। গত ২০ বছর আগে ১৯৫০ সালে যে সমস্ত হেল্থ সেণ্টারগুলো তৈরী হয়েছে, স্যাংশন ষ্ট্রেংথ যা ছিল, সেটা অত্যন্ত মিগার। কিন্তু পরিবর্তিত পটভূমিতে জনস্ফীতি খুবই বেড়ে গেছে, সংগে সংগে রোগীর সংখ্যাও খুব বেড়ে গেছে, সেই পরিপ্রেক্ষিতে সেই পুরানো হেল্থ সেণ্টারগুলির স্যাংশও ষ্ট্রেংথ বাড়াবার জন্য চেষ্টা করছেন কি?

**শ্রীননী ভট্টাচার্য্য:** মাননীয় সদস্য মহাশয়ের নিশ্চয়ই এটা জানার কথা, এটা আগের হাউসে আমি বলেছিলাম একটা ষ্টেটমেণ্টে যে ১৯৬২ সালে ১ হাজার জন সংখ্যায় একটা, এই হিসাবে শয্যা সংখ্যা এসে দাঁড়ায় এবং ১৯৬২ সালের পরবর্তী কালে আমরা লক্ষ্য করে দেখেছি সেই এক হাজার জন সংখ্যায় একটা না থেকে সেখানে '৮৮, এই রকম শয্যা সংখ্যায় এসে নেমেছে অর্থাৎ আমরা পিছিয়ে গেছি। যেখানে ১৯৬৭-৬৮ সালের মধ্যে এসে পড়লাম তখন বলেছি যেসময় শয্যা সংখ্যা বৃদ্ধি করার দরকার ছিল ধাপে ধাপে সেইগুলো না বৃদ্ধি করার জন্য আজকে এত ব্যাকলগ জমে গেছে যার ফলে রোগী বৃদ্ধি হয়েছে কিন্তু শয্যা সংখ্যা বৃদ্ধি পায়নি। এরজন্যই উভয় সংকট দেখা গেছে এবং এদিকে হেল্থ বাজেটও স্ফীত হয়নি। যে কারণে একটা ভীষণ অবস্থার সৃষ্টি হয়েছে, তার মধ্যেই যতটুকু করা সম্ভব, আমরা করছি এবং আরও কিছু করা যায় কি না, সেটা চিন্তা করছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, এই যে হেলড ওভার কোশ্চেনগুলো হয়ে গেল এবং এদিকে প্রায় ঘণ্টা বাজতে চললো। সুতরাং এই যে বাকি কোশ্চেনগুলো, ইনট্যাক্ট থেকে গেল. আমি আপনার কাছে অনুরোধ করছি যে এইগুলোকে হেলড ওভার বলে ডিক্লেয়ার করুন।

**মিঃ স্পীকার :** আমি তো চেষ্টা করেছি, তার বেশী কিছু আমি জানি না, দি এ্যানসার উইল বি লেড অন দি টেব্‌ল, এ বিষয়ে আপনি তো আমার চেয়ে ভাল জানেন, আমাকে বলছেন কেন ?

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** আমি এই বিষয়ে মাননীয় পরিষদীয় মন্ত্রী মহাশয়ের ক্লারিফিকেশন চাইছি, তিনি যদি একটু দয়া করে বলেন।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিজিনেস এ্যাডভাইসারী কমিটি থেকে সিদ্ধান্ত করেছিলাম যে ৫ মিনিটের বেশী কোন প্রশ্ন সম্পর্কে আলোচনা করা হবে না এবং সেটা প্রত্যেকটি দলই সেখানে তাদের প্রতিনিধি পাঠিয়েছিলেন। এই সম্বন্ধে সর্ববাদিসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা সত্ত্বেও সেই সিদ্ধান্তকে কার্য্যকরী না হওয়ার ফলে এই রকম অবস্থার সৃষ্টি হয়েছে এবং ভবিষ্যতে যদি আপনারা সেই সিদ্ধান্তকে কার্য্যকরী করেন তাহলে হয়তো কিছু কিছু প্রশ্ন—উপায় নেই কারণ আমাদের আরও এত প্রশ্ন জমে আছে যে এর পরের দিন এটা দিলে, সেদিন যে সব সদস্যের প্রশ্নত্তোরের কথা আছে, তা থেকে তারা বঞ্চিত হবেন। সুতরাং এর কোন উপায় নেই।

[ 2—2-10 p.m. ]

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় স্পীকার মহাশয়, উনি বললেন যে ৫ মিনিট করে হয়েছিল, নিশ্চয়ই এই ভাবে হয়েছিল কিন্তু it is also an absurd proposition আজকে ১৫টা কোশ্চেন আছে আপনি কি করে সুবিচার করবেন যদি ৫ মিনিট করে হয় তাহলে ১৫টা কোশ্চেনে ৭৫ মিনিট—১ ঘণ্টার উপর হয়ে গেল।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** আপনারা জানেন প্রতি সেসানে হাজার হাজার প্রশ্ন করা হয়ে থাকে অন্তত: পক্ষে সে প্রশ্নগুলি যা জবাব এটা যদি লেড অন দি টেবল হয় তা হলে যেটুকু অন্তত আপনারা পাচ্ছেন কিন্তু হেল্ড ওভার হ'তে হ'তে শেষে যে প্রশ্ন থেকে যাবে তার সংখ্যা কম নয়, সেগুলি ল্যাপ্স হয়ে যাবে সংখ্যা। তাই লেড অন দি টেবল না হলে তা থেকে মেম্বাররা বঞ্চিত হয়ে যাবে।

**ডাঃ নলিনাক্ষ সান্ন্যাল :** এ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আপনি আমাদের আশ্বাস দিয়েছিলেন যে একটা সুরাহা করা হবে। এই ভাবে যে সব প্রশ্ন এখানে উঠলো না ষ্টার কোশ্চেন সেগুলি আন ষ্টার ভাবে ধরে নিলে পরে আন ষ্টার কোশ্চেনের লিষ্টে ছাপান রিপ্লাই দেওয়া যেতে পারে। তাতে লিষ্ট ছাপানটা বেশী হবে।

**মিঃ স্পীকার :** আন ষ্টার কোশ্চেনের রিপ্লাই যাঁর কোশ্চেন তাঁকেই দেওয়া হচ্ছে সকলকে দেওয়া হয় না।

**ডাঃ সান্ন্যাল :** যেগুলি ষ্টার কোশ্চেনের রিপ্লাই হল না Please treat the starred questions as unstarred questions and have printed.

## করণদীঘি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়ের বিরুদ্ধে অভিযোগ

*132A. (Short Notice) (Admitted question No. *1187.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** শিক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, করণদীঘি উচ্চ বিদ্যালয়ের (পশ্চিমবঙ্গ দিনাজপুর) প্রধান শিক্ষক মহাশয়ের বিরুদ্ধে কয়েক হাজার টাকা তহবিল তছরূপের অভিযোগ পাওয়া গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে আইনানুগভাবে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** (ক) হ্যাঁ।

(খ) পশ্চিম দিনাজপুরের জেলা বিদ্যালয় পরিদর্শকের নিকট হইতে জানা গিয়াছে যে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়কে পুলিশ তহবিল তছরূপের অভিযোগে গ্রেপ্তার করিয়াছে। তিনি এখন জামিনে আছেন। ব্যাপারটি এখন বিচারাধীন। শিক্ষা বিভাগের মতে এইরূপ ক্ষেত্রে প্রধান শিক্ষককে সাময়িক ভাবে কর্মচ্যুতি করা প্রয়োজন।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** এটা এপ্রিল মাসের ঘটনা, অনেক দিন হয়ে গেছে এডুকেসান কোড অনুসারে এই ধরণের তহবিল তছরূপের অভিযোগ থাকলে সে শিক্ষকের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** এডুকেসান কোড বলে কোন কিছু চলতি কোড নেই, বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেসানে কতকগুলি রুলস আছে, ডিপার্টমেণ্ট, প্রাইমারী এডুকেসানের কতকগুলি রুলস আছে, কিন্তু স্কুল সেকেণ্ডারী বোর্ডের অধীন এবং অধীন হলেও চাকরী সম্পর্কে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হলে ম্যানেজিং কমিটি বা এ্যাডমিনিষ্ট্রেটার থাকলে তাঁকে গ্রহণ করতে হয়। এবং সেই হিসাবে সরকার পক্ষ থেকে এ্যাডমিনিষ্ট্রেটারকে এই সংবাদ পাবার পর যে প্রধান শিক্ষককে বিষয়টা যখন বিচারাধীন তখন বিচার সাপেক্ষে তাকে সাময়িকভাবে সাসপেণ্ড করা উচিত।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই আপনারা খুব কঠোর ভাবে জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দিন এই ধরনের যেখানে অভিযোগ রয়েছে শিক্ষকের বিরুদ্ধে তাঁকে তখন ডিসচার্জ বা সাসপেণ্ড করা হচ্ছে না কেন সে সম্বন্ধে এখান থেকে এক্সপ্লিসিড অর্ডার দেবেন কিনা ?

**শ্রীসত্যপ্রিয় রায় :** এক্সপ্লিসিড অর্ডার দেবার ক্ষমতা সরকারের নেই। এ্যাপয়েন্টিং ডিসমিসিং ডিসিপ্লিনারি এ্যাকসান নেবার অথরিটি হচ্ছে ম্যানেজিং কমিটি অথবা এ্যাডমিনিষ্ট্রেটার। আমি শুধু অভিমত এ্যাডমিনিষ্ট্রেটার বা ম্যানেজিং কমিটিকে জানাতে পারি এবং সেটা জানিয়ে দেওয়া হয়েছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশু পালন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ভেটারনারী কলেজের ছাত্র ছাত্রীরা এসেম্বলী গেটের বাইরে এসে অপেক্ষা করছে এ্যানিমেল হাসবেনড্রি বিভাগের মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করবার জন্য। দীর্ঘদিন ধরে তারা দাবী দাওয়ার জন্য আবেদন নিবেদন করেছে কিন্তু আজ পর্য্যন্ত কিছু হয় নি, সেইজন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker :** You have drawn the attention of the Hon'ble Minister. That's all. I have got nothing to do with this.

## STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

### পরিবার পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ

*118. (Admitted question No. *79.)

**শ্রীঅমল রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পরিবার পরিকল্পনা খাতে তৃতীয় পরিকল্পনার আরম্ভকাল হইতে বর্তমান সময় পর্যন্ত ভারত সরকার কত অর্থ রাজ্য সরকারকে দিয়াছেন ; এবং

(খ) ঐ অর্থের মধ্যে কত অব্যবহৃত ছিল ?

**The Minister for Health** :

(ক) ও (খ) দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## হরিজন সম্প্রদায়ের উন্নয়ন

*119. (Admitted question No. *266.)

**শ্রীসনৎকুমার রাহা** : তপশীল ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে হরিজন সম্প্রদায়ের উন্নয়নের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে পৌরসংস্থার অধীনে নিযুক্ত শ্রমিক হরিজনদের উন্নয়নের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare.**

হ্যাঁ।

নিম্নলিখিত দুইটি ব্যবস্থা গৃহীত হইয়াছে :—

(১) মেথর ও ঝাড়ুদারগণের গৃহনির্মাণের জন্য অর্থ সাহায্য; এবং

(২) উহাদের কর্মপদ্ধতির উন্নয়ন ও মাথায় করিয়া মল বহন বন্ধ করিবার জন্য পৌরসংস্থাগুলিকে আর্থিক সাহায্য প্রদান।

## হেলথ সেন্টার ও হাসপাতালগুলিতে ঔষধের অভাব

*120. (Admitted question No. *453.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী** : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন হেলথ সেন্টার ও হাসপাতালগুলিতে ঔষধের অভাবে রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা হইতেছে না এই মর্মে বিভিন্ন অভিযোগ সম্পর্কে সরকার অবহিত আছেন কি; এবং

(খ) অবহিত থাকিলে, প্রতিকারের কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা ?

**The Minister for Health** :

(ক) সুনির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া যায় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## সরকারী চাকুরীর ক্ষেত্রে তপশীলভুক্ত জাতি ও উপজাতির জন্য আসন সংরক্ষণ

*121. (Admitted question No. *478.)

**শ্রীকালীপদ মণ্ডল** : তপশীলী জাতি এবং উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী চাকুরীর ক্ষেত্রে তপশীলভুক্ত জাতি ও উপজাতির জন্য যে সংরক্ষণ ব্যবস্থা নীতিগতভাবে স্বীকৃত তাহা সরকারের সকল বিভাগে ঠিকভাবে পালন করা হইতেছে কিনা তাহা জানিবার জন্য কোন সরকারী ব্যবস্থা আছে কিনা;

(খ) যদি থাকে, তাহা হইলে মন্ত্রিমহাশয় বলিবেন কি উক্ত নিয়ম লঙ্ঘন করা হইতেছে কিনা; এবং

(গ) হইলে, তাহার কারণ কি ?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare :**

(ক) এইরূপ কোন ব্যবস্থা প্রবর্তনের বিষয় চিন্তা করা হইতেছে।

(খ) ও (গ) এই প্রশ্ন ওঠে না।

### দুর্গাপুরের কল-কারখানার দূষিত জল দ্বারা দামোদরের জল দূষিত হওয়ার প্রতিকার

*122. (Admitted question No. *561.)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, দুর্গাপুরে অবস্থিত কল-কারখানার দূষিত জল দ্বারা দামোদরের জল দূষিত হয়; এবং

(খ) সত্য হইলে, ইহার প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) এই বিষয়ে প্রাথমিক তথ্য সংগ্রহ করা হইয়াছে এবং ইহার প্রতিকারের জন্য সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানগুলিকে এবং ডি. ভি. সি. কর্তৃপক্ষকে জল বিশোধিত করিয়া দামোদর নদীতে ছাড়িবার ব্যবস্থা করিবার জন্য অনুরোধ করা হইতেছে। শিল্প প্রতিষ্ঠানগুলিকে দূষিত জল শোধন করিয়া নদীতে ফেলিতে বাধ্য করিবার জন্য ভারত সরকার একটি বিল আনিবার ব্যবস্থা করিতেছেন।

### গড়বেতা থানা হেলথ সেণ্টারের বৈদ্যুতীকরণ

*123. (Admitted question No. *569.)

**শ্রীসরোজ রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গড়বেতা থানা হেলথ সেণ্টারের ইলেকট্রিফিকেশনএর কাজ কবে শুরু হইবে ?

**The Minister for Health :**

বিষয়টি বিবেচনাধীন আছে। কবে কাজ শুরু হইবে এখন সঠিক বলা সম্ভব নহে।

### পাণ্ডুয়া অঞ্চলে পানীয় জল সরবরাহের সরকারী পরিকল্পনা

*124. ( Admitted question No. *589. )

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাণ্ডুয়া ( হুগলী ) অঞ্চলে পানীয় জল সরবরাহের জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা;

(খ) পরিকল্পনা গ্রহণ করিয়া থাকিলে এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হয়েছেন; এবং

(গ) এই পরিকল্পনায় মোট কত টাকা খরচ হবে এবং অঞ্চল পঞ্চায়েত সেই খরচের কোন অংশ বহন করবেন কিনা ?

**The Minister for Health** :

(ক) পাণ্ডুয়া মৌজায় একটি নলবাহিত জল সরবরাহের পরিকল্পনা আছে।

(খ) এই পরিকল্পনার ৬৫ শতাংশ কাজ ১৯৬৯ সালের নভেম্বর মাসের মধ্যেই সম্পন্ন হইয়াছে।

(গ) ৪,২৮,০০০ টাকা। এই খরচের কোন অংশ অঞ্চল পঞ্চায়েৎ বহন করিতেছেন না।

## ম্যালেরিয়া উচ্ছেদকল্পে নিযুক্ত সরকারী কর্মচারী

•125. (Admitted question No. *813.)

**শ্রীআজিজুর রহমান :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী ম্যালেরিয়া উচ্ছেদকল্পে কতজন সরকারী কর্মচারী আছেন; এবং

(খ) তাঁহারা বর্তমানে কি কার্য করিয়া থাকেন ?

**The Minister for Health :**

(ক) পশ্চিমবঙ্গে ম্যালেরিয়া উচ্ছেদকল্পে ১,৯৬২ জন নিয়মিত (regular) এবং ৮০০ জন অনিয়মিত (seasonal) সরকারী কর্মচারী আছেন। ইহাদের জেলাওয়ারী হিসাব "ক" বিবরণীতে দেওয়া হইয়াছে।

ইহা ছাড়া ম্যালেরিয়া Maintenance পর্যায়ের জন্য ২,৭২৬ জন কর্মী নিযুক্ত আছেন। ইহাদের জেলাওয়ারী হিসাব "খ" বিবরণীতে দেওয়া হইয়াছে।

(খ) বর্তমানে উঁহারা নিম্নবর্ণিত কার্যাগুলি করিয়া থাকেন :—

(১) গৃহে গৃহে বৎসরে একবার, দুইবার বা প্রয়োজন হইলে তিনবার ডি. ডি. টি. ছড়ান ;

(২) পনের দিন অন্তর বাড়ী বাড়ী ঘুরিয়া রক্তের নমুনা সংগ্রহ করা এবং কাহাকে ম্যালেরিয়া রোগাক্রান্ত বলিয়া সন্দেহ হইলে তাঁহার চিকিৎসার ব্যবস্থা করা ;

(৩) সংগৃহীত রক্তের নমুনাগুলিতে ম্যালেরিয়া রোগের জীবাণু আছে কিনা তাহা পরীক্ষা করা ;

(৪) ম্যালেরিয়া রোগের অস্তিত্ব ধরা পড়িলে ইহার কারণ অনুসন্ধান করা, রোগের উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করা এবং এই রোগ নিরোধক ব্যবস্থা অবলম্বন করা ;

(৫) বিভিন্ন চিকিৎসা কেন্দ্রে যে সকল জ্বরাক্রান্ত রোগী চিকিৎসার জন্য যান তাঁহাদেরও রক্তের নমুনা পরীক্ষার জন্য সংগ্রহ করা।

বিবরণী

## STAFF UNDER NATIONAL MALARIA ERADICATION FOR THE YEAR

| Unit with strength | | ADHO / MO | MS | SMI | Asst. to U/O | M.I. / M.A. R | M.I. / M.A. LR | Clerk | Store keeper | Lab Asst. | Surv. Insprs. R | Surv. Insprs. LR |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Cooch Behar | 1·00 | 1 | 1 | 2 | 1 | 10 | 1 | 2 | 1 | 10 | 38 | 2 |
| Jalpaiguri | 1·00 | 1 | — | 3 | 1 | 11 | 1 | 2 | 1 | 10 | 34 | 2 |
| Darjeeling Foothills | 1·00 | 1 | — | 2 | 1 | 7 | 1 | 2 | 1 | 8 | 27 | 1 |
| W. Dinajpur | 0·87 | 1 | — | 4 | 1 | 14 | 1 | 2 | 1 | 9 | 30 | — |
| Malda | 0·50 | 1 | — | 2 | 1 | 7 | — | 2 | 1 | 6 | 17 | — |
| Murshidabad(N) | 0.70 | 1 | — | 3 | 1 | 7 | 1 | 2 | 1 | 8 | 21 | — |
| Murshidabad(S) Berhampore | 0·16 | — | — | 1 | — | 2 | — | — | — | 3 | 5 | — |
| Nadia | 0·42 | 1 | — | 3 | 1 | 8 | 1 | 2 | 1 | 8 | 18 | — |
| 24-Parganas Sadar | 0·64 | — | — | — | — | — | — | — | — | — | 1 | — |
| Baraset | 0·37 | 1 | — | 1 | 1 | 3 | — | 2 | 1 | 4 | 11 | — |
| Basirhat | 0·86 | 1 | — | 3 | 1 | 9 | 1 | 2 | 1 | 8 | 27 | — |
| Burdwan (W) | 0·12 | — | — | 1 | — | 2 | — | — | — | 2 | 4 | — |
| Purulia | 1·00 | 1 | — | 4 | 1 | 17 | 1 | 2 | 1 | 11 | 34 | 3 |
| Bankura | 0·04 | — | — | — | — | 1 | — | — | — | 1 | 2 | — |
| Midnapur (S-S) Kharagpore | 0·12 | — | — | — | — | 2 | — | — | — | 2 | 5 | — |
| Total .... | | 10 | 1 | 29 | 10 | 100 | 8 | 20 | 10 | 90 | 274 | 8 |

State Headquarters : U.D.Asst. 1   L.D.Asstt. 3+1   Typist. 1

Zonal Offices : ZSMO 4   Entomological Asstt. 4   Stenographer 4

*Border and Problem Area Units.

(क)

**PROGRAMME IN RESPECT OF 8.20 UNIT AREAS 1968-69.**

| Surv. Workers R | LR | Driver | Mechanic | Cleaner | Mistry mate | Peon | Watchman | GDA | Mate | Labourer | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 152 | 7 | 5 | 1 | 5 | 1 | 5 | 1 | 1 | 22+1 | 132+6 | For 9 months |
| 136 | 7 | 5 | 1 | 5 | 1 | 5 | 1 | 1 | 18+2 | 108+12 | Extra Mate & Labourers for |
| 108 | 4 | 5 | — | 5 | 1 | 4 | 1 | 1 | 12+1 | 172+6 | 3 months are |
| 120 | — | 6 | 1 | 6 | 1 | 6 | 1 | 1 | 4 | 24 | meant for focal |
| 68 | 1 | 3 | 1 | 3 | 1 | 4 | 1 | 1 | 3 | 18 | spray. |
| 84 | — | 4 | 1 | 4 | 1 | 5 | 1 | 1 | 4 | 24 | |
| 20 | — | 1 | — | 1 | — | 1 | — | — | 2 | 12 | |
| 72 | — | 4 | 1 | 4 | 1 | 5 | 1 | 1 | 3 | 18 | |
| | | | | | | | | | | | for 6 months. |
| 4 | — | — | — | — | — | — | — | — | 3 | 18 | |
| 44 | — | 2 | — | 2 | 1 | 3 | 1 | 1 | 2 | 12 | |
| 108 | — | 4 | 1 | 4 | 1 | 5 | 1 | 1 | 4 | 24 | |
| 16 | 1 | 1 | — | 1 | — | 1 | — | — | 7 | 42 | |
| 136 | 11 | 6 | 1 | 6 | 1 | 6 | 1 | 1 | 8 | 48 | |
| 8 | — | — | — | — | — | — | — | — | 1 | 6 | |
| 20 | 1 | — | — | — | — | — | — | — | 3 | 18 | |
| 096 | 32 | 46 | 8 | 46 | 10 | 50 | 10 | 10 | 56 | 436 | for 9 months. |
| | | | | | | | | | 44 | 264 | for 6 months. |

| Laboratory Asstt. | Driver |
|---|---|
| 6+1 | 1 |

| Laby. Asstt. (LR) | Driver (LR) | Driver | Orderly | Insect Collector |
|---|---|---|---|---|
| †4 | †4 | 4 | 4 | 8 |

† Including Maintenance Phase Areas.

कि

# DISTRIBUTION LIST OF FIELD AND SUPERVISO IN 17·50 UNIT AREAS OF MALARIA ERADICATI

[Ref.: G. O. No. PH/1210/2M-1(

| District. | Subdivision | O/C of Maint. Phase activities | | | Health Super-visor. | Laby. Asstt | Basic Healt Workers | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | AD HO | SD HO | MO | | | Rural (Reg) | Urban (Reg) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 1. Nadia | Sadar & (a) Ranaghat | — | — | — | 2 | 7 | 100 | 0 |
| 2. 24-Parganas | Sadar | 1 | — | — | 2 | 11 | 152 | 0 |
| | Diamond Habour | — | 1 | — | 2 | 9 | 124 | 0 |
| | Barrackpore | — | 1 | — | 2 | 6 | 12 | 56 |
| | Baraset Bongaon } (b) | — | — | — | 2 | 6 | 60 | 0 |
| | Basirhat (c) | — | — | — | 0 | 2 | 12 | 0 |
| 3. Calcutta & Suburbs. | | — | — | 1 | 2 | 8 | 0 | 132 |
| 4. Howrah | Uluberia | — | 1 | — | 1 | 0 | 88 | 0 |
| | Sadar | 1 | — | — | 1 | 11 | 62 | 16 |
| 5. Hooghly | Sadar | 1 | — | — | 1 | 12 | 56 | 4 |
| | Chandernagore | — | 1 | — | 1 | 0 | 34 | 12 |
| | Serampore | — | 1 | — | 1 | 4 | 30 | 16 |
| | Arambagh | — | 1 | — | 1 | 0 | 56 | 0 |
| 6. Birbhum | Sadar & Rampurhat | 1 | — | — | 3 | 11 | 144 | 0 |

'ক'

**STAFF AND LABORATORY ASSISTANTS**
**MAINTENANCE PHASE, 1968-69.**

dated 7-5-68]

| Mal. Inspr. Urban Maintenance | | Sanitary Inspector in C. D. Block without H. O. | | REMARKS. |
|---|---|---|---|---|
| Reg | LR | Reg | LR | |
| 11 | 12 | 13 | 14 | 15 |
| 0 | 0 | 0 | 0 | Excluding border thanas under c dation. |
| 0 | 0 | 7 | 1 (g) | Excluding focal outbreak areas consolidation. |
| 0 | 0 | 1 | 0 | |
| 14 | 1 | 0 | 0 | Excluding Patipukur areas wh included in Baraset. |
| 0 | 0 | 0 | 0 | Excluding border thanas focal ou areas under consolidation. |
| 0 | 0 | 0 | 0 | Excluding border thanas under cor tion. |
| 33 | 2 | 0 | 0 | — |
| 0 | 0 | 0 | 0 | — |
| 4 | 0 | 1 | 0 | — |
| 1 | 1* | 0 | 0 | — |
| 3 | 0 | 0 | 0 | — |
| 4 | 0 | 1 | 0 | — |
| 0 | 0 | 1 | 0 | — |
| 0 | 0 | 3 | 0 | — |

বিবরণী

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| Murshidabad | Kandi | — | 1 | — | 1 | 10 | 4 | 0 | 4 |
| | Sadar | 1 | — | — | 1 | 9 | 56 | 0 | 4 |
| | Lalbagh & (d) Jangipur | — | — | — | 1 | 3 | 28 | 0 | 2 |
| Burdwan | Kalna | — | 1 | — | 1 | 7 | 44 | 0 | 4 |
| | Katwa | — | 1 | — | 1 | 0 | 44 | 0 | 4 |
| | Sadar & Asansol | 1 | — | — | 3 | 11 | 172 | 0 | 13 |
| Bankura | Bishnupur | — | 1 | — | 1 | 0 | 52 | 0 | 4 |
| | Sadar | 1 | — | — | 1 | 10 | 108 | 0 | 9 |
| Midnapore | Tamluk | — | 1 | — | 2 | 8 | 104 | 0 | 8 |
| | Contai | — | 1 | — | 2 | 8 | 96 | 0 | 7 |
| | Ghatal | — | 1 | — | 1 | 0 | 40 | 0 | 3 |
| | Sadar (North) | 1 | — | — | 1 | 9 | 64 | 0 | 5 |
| | Sadar (South) Jhargram | | | 1 | 2 | 8 | 124 | 0 | 10 |
| Malda | Sadar (e) | — | — | — | 2 | 4 | 56 | 0 | 4 |
| W. Dinajpur | Sadar, Islampur, Raiganj } (f) | | | | | 2 | 20 | 0 | 2 |
| TOTAL: | | 8 | 13 | 2 | 41 | 166 | 1982 | 236 | 173 |

'ঘ'

| 11 | 12 | 13 | 14 | 15 |
|---|---|---|---|---|
| 0 | 0 | 0 | 0 | — |
| 0 | 0 | 0 | 0 | Excluding border thanas under cons dation. |
| 0 | 0 | 0 | 0 | Excluding border thanas under cons dation. |
| 0 | 0 | 0 | 0 | — |
| 0 | 0 | 0 | 0 | — |
| 0 | 0 | 9 | 1 (h) | Excluding the areas under Coal-Mi Welfare Orgn. areas under consolidat and Durgapur Industrial Belt Area un Attack Phase. |
| 0 | 0 | 0 | 0 | |
| 0 | 0 | 4 | 0 | Excluding areas under Consolidation. |
| 0 | 0 | 4 | 0 | — |
| 0 | 0 | 0 | 0 | — |
| 0 | 0 | 0 | 0 | — |
| 0 | 0 | 3 | 1 (i) | |
| 0 | 0 | 3 | 0 | Excluding areas under Consolidation. |
| 0 | 0 | 1 | 0 | Excluding border thanas under consolidation. |
| 0 | 0 | 1 | 0 | |
| 59 | 4 | 39 | 3 | |

**B Distribution of staff other than field & supervisory staff and Laboratory Technician**

| | Motor Driver | Cleaner | Clerk | Peon | Watch man | GDA |
|---|---|---|---|---|---|---|
| **1. Burdwan :** | | | | | | |
| (i) A. D. H. O., Burdwan | 3 | 3 | 3 | 2 | 1 | 1 |
| (ii) S. D. H. O., Katwa | 1 | 1 | 1 | 1 | 1 | 1 |
| (iii) S. D. H. O., Kalna | 1 | 1 | 1 | 1 | — | — |
| **2. Birbhum :** | | | | | | |
| (i) A. D. H. O., Birbhum | 3 | 3 | 3 | 2 | 1 | 1 |
| **3. Bankura :** | | | | | | |
| (i) A. D. H. O., Bankura | 2 | 2 | 2 | 1 | 1 | 1 |
| (ii) S. D H. O., Vishnupur | 1 | 1 | 1 | 1 | — | — |
| **4. Midnapur :** | | | | | | |
| (i) A. D. H. O., Midnapur | 3 | 3 | 3 | 2 | 2 | 2 |
| (ii) S. D. H. O., Contai | 1 | 1 | 1 | 1 | 1 | 1 |
| (iii) S. D. H. O., Tamluk | 1 | 1 | 1 | 1 | 1 | 1 |
| (iv) S. D. H. O., Ghatal | 1 | 1 | 1 | 1 | — | — |
| **5. Hooghly :** | | | | | | |
| (i) A. D. H. O., Hooghly | 2 | 2 | 2 | 1 | 1 | 1 |
| (ii) S. D. H. O., Serampore | 1 | 1 | 1 | 1 | 1 | 1 |
| (iii) S. D. H. O., Chandernagar | 1 | 1 | 1 | 1 | — | — |
| (iv) S. D. H. O., Arambagh | 1 | 1 | 1 | 1 | — | — |
| **6. Howrah :** | | | | | | |
| (i) A. D. H. O., Howrah | 2 | 2 | 2 | 1 | 1 | 1 |
| (ii) S. D. H. O., Uluberia | 1 | 1 | 1 | 1 | — | — |
| **7. 24-Parganas :** | | | | | | |
| (i) A. D. H O., 24-Parganas (S)-Alipore | 2 | 2 | 2 | 1 | 1 | 1 |
| (ii) S. D. H. O., Diamond-Harbour | 1 | 1 | 1 | 1 | 1 | 1 |
| (iii) S. D. H. O, Barrackpore | 1 | 1 | 1 | 1 | 1 | 1 |
| **8. Murshidabad :** | | | | | | |
| (i) A. D. H. O., Murshidabad | 2 | 2 | 2 | 1 | 1 | 1 |
| (ii) S. D. H. O., Kandi | 1 | 1 | 1 | 1 | — | — |
| **9. Calcutta & Suburbs :** | | | | | | |
| (i) Medl. Officer, Cal. & Subs. | 2 | 2 | 2 | 1 | 1 | 1 |
| Total— | 34 | 34 | 54 | 25 | 16 | 16 |

Sd- B. K. Chakraborty
Deputy Secretary

## ম্যালেরিয়া বিভাগে সার্ভেলিয়ান্সের কার্যে নিযুক্ত কর্মীগণ

*126. (Admitted question No. *829.)

**শ্রীআজিজুর রহমান :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ম্যালেরিয়া বিভাগে যাহারা সার্ভেলিয়ান্সের কার্য করেন তাহাদিগকে স্থায়ী চাকুরিয়া হিসাবে গণ্য করা হয়েছে কি?

**The Minister for Health :**

ম্যালেরিয়া বিভাগের Surveillance কর্মীদের মধ্যে বেশীর ভাগ ক্ষেত্রেই যাঁহাদের চাকুরী পাঁচ বৎসর হইয়াছে তাঁহাদিগকে permanent status দেওয়া হইয়াছে এবং যাঁহাদের চাকুরী তিন বৎসর হইয়াছে তাঁহাদিগকে আধা স্থায়ী হিসাবে গণ্য করা হইয়াছে।

অতি অল্প সংখ্যক ক্ষেত্রে যাঁহাদিগকে আধা স্থায়ী/স্থায়ী করা এখনও সম্ভব হয় নাই তাঁহাদিগের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

## বি সি রায় পোলিও ক্লিনিক ও হাসপাতাল

*127. (Admitted question No. *82.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বি সি রায় পোলিও ক্লিনিক ও হাসপাতালে বর্তমানে—

(১) কয়টি বেড,

(২) কতজন রোগী আছে, ও

(৩) কতজন ভর্তির জন্য আবেদন করিয়াছেন ; এবং

(খ) ঐ হাসপাতালের উন্নতির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Health :**

(ক) (১) ২৬টি।

(২) ২৫ জন ( ৩১শে জানুয়ারী, ১৯৭০ তারিখে )

(৩) ৫২৮ জন।

(খ) আনুমানিক ৫১.২৬ লক্ষ টাকা ব্যয়ে ২০০ শয্যাবিশিষ্ট নূতন হাসপাতাল গৃহের নির্মাণকার্য মঞ্জুর করা হইয়াছে। ডাক্তারের সংখ্যা বাড়ান হইয়াছে এবং নূতন যন্ত্রপাতি কেনা হইয়াছে।

## সমবায় মার্কেটিং সোসাইটি

*128. (Admitted question No. *270.)

**শ্রীসনৎকুমার রাহা :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি সমবায় মার্কেটিং সোসাইটি আছে ; এবং

(খ) উহাদের মধ্যে কতগুলি সোসাইটি লাভে এবং কতগুলি লোকসানে চলিতেছে ?

**The Minister for Co-operation :**

(ক) ৩০৩টি।

(খ) ১৯৭টি লাভে এবং ১০২টি লোকসানে চলিতেছে।

## সরকারী উদ্যোগে বিভিন্ন ঔষধ তৈরীর পরিকল্পনা

*129. (Admitted question No. *456.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবাংলায় সরকারী উদ্যোগে বিভিন্ন ধরনের প্রয়োজনীয় ঔষধ ( যথা ক্যাপসুল ) তৈরী করিবার জন্য কোনও প্রকল্প করা হইয়াছে কি ?

**The Minister for Health :**

এইরূপ একটি প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে।

### স্বগৃহে টি বি রোগ চিকিৎসার জন্য সরকারী সাহায্য

*130. (Admitted question No *814.)

**শ্রীআজিজুর রহমান :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি টি বি রোগীর স্বগৃহে চিকিৎসার ( ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট ) জন্য সরকারী সাহায্যের ব্যবস্থা কি আছে ?

**The Minister for Health :**

পশ্চিমবঙ্গ সরকার তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গে টি. বি. রোগ নিয়ন্ত্রণের জন্য একটি Comprehensive Scheme মঞ্জুর করেন। ঐ Scheme-এর আওতায় ১০২টি Chest Clinic-cum-Domicillary Unit স্থাপন করিবার পরিকল্পনা আছে। যে সব রোগী শারীরিক অক্ষমতার জন্য ক্লিনিকে আসিতে অসমর্থ তাহাদের চিকিৎসার ব্যবস্থা Domicilliary Unit গুলি করিয়া থাকে। এ পর্যন্ত ৫৮টি Chest Clinic-Cum-Domiciliary Unit স্থাপিত হইয়াছে।

ইহা ছাড়া টি. বি. রোগীদের চিকিৎসার জন্য ৯টি ভ্রাম্যমাণ মেডিকাল ইউনিট আছে।

### সেণ্ট্রাল স্টাডি টিম কর্তৃক পশ্চিমবঙ্গের বন্যাবিধ্বস্ত অঞ্চল পরিদর্শন

*131. (Admitted question No *104.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের বন্যার পর সেপ্টেম্বর মাসে সেণ্ট্রাল স্টাডি টিম এই রাজ্যের কোন্ কোন বন্যাবিধ্বস্ত জায়গা পরিদর্শন করেন সে সম্পর্কে রাজ্যসরকারের কোন তথ্য আছে কিনা ; এবং

(খ) উক্ত সেণ্ট্রাল স্টাডি টিমের কাছে রাজ্য সরকার কোন বক্তব্য রাখিয়াছেন কিনা ?

**The Minister for Relief :** হাঁ।

### পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুর সংখ্যা

*132. (Admitted question No. *324.)

**শ্রীসনৎকুমার রাহা :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে এ পর্যন্ত পশ্চিমবঙ্গে পাকিস্তান হইতে কোন্ মাসে কত উদ্বাস্তু আসিয়াছেন ; এবং

(খ) এই উদ্বাস্তু আগমনের কারণ কি ?

**The Minister for Refugee Relief and Rehabilitation :**

| মাস | সংখ্যা |
|---|---|
| এপ্রিল | ৫৮৫ |
| মে | ৮৭৮ |
| জুন | ৭৮৩ |
| জুলাই | ১০৬৮ |
| আগষ্ট | ৫৬৯ |
| সেপ্টেম্বর | ৪৩০ |
| অক্টোবর | ১৪৩০ |
| নভেম্বর | ১৪২৮ |

(খ) সরকারী সূত্রে ইহার কারণ জানা নাই।

## UNSTARRED QUESTIONS

( to which written answers were laid on the table )

### বে-আইনী 'বার'

111. (Admitted question No. 86.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত সেপ্টেম্বর মাসে (১৯৬৯) রাজ্য পুলিশ বিভাগ কলিকাতায় কয়টি বে-আইনী 'বার'-এর সন্ধান পাইয়াছিল;

(খ) সত্য হইলে, ঐ বারগুলির এবং উহাদের পরিচালকদের নাম ও ঠিকানা কি;

(গ) ঐ সকল স্থানে যাহাদের গ্রেপ্তার করা হইয়াছিল তাহাদের নাম ও ঠিকানা কি; এবং

(ঘ) ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ, একটি।

(খ) 'ইসাইয়াস', ১৫ ফ্রি স্কুল স্ট্রীট, কলিকাতা, পরিচালক—শ্রী সি জে ভাসওয়ানী।

(গ) একটি তালিকা সংযুক্ত করা হইল।

(ঘ) ইহাদের বিরুদ্ধে কয়েকটি মামলা রুজু করা হইয়াছে।

*Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 111*

(১) শ্রী সি জে ভাসওয়ানী, ১৫ ফ্রি স্কুল স্ট্রীট।

(২) শ্রীমতি ঝামিয়ানী, ১৫ ফ্রি স্কুল স্ট্রীট।

(৩) শ্রীকমল আদবানী, ৩০ মেকলর্ড স্ট্রীট।

(৪) শ্রীচেতন খুবচাঁদ খাদানী, ১৫ ফ্রি স্কুল স্ট্রীট।

(৫) শ্রীরবীন গোমেশ, ১।২ হরিশ চ্যাটার্জী স্ট্রীট।

(৬) শেখ জামির, ৭এ মার্কুইস স্ট্রীট।

(৭) শেখ ইয়াকুব, ৬৬ ইমদাদ আলী লেন।

(৮) শ্রীউইলিয়াম ফারনাণ্ডো, ৪০, মেকলর্ড স্ট্রীট।

(৯) শ্রীজগদেওন রাই, ১৯ মার্কুইস স্ট্রীট।

(১০) শ্রীশিবেন্দ্রনাথ বক্সী, পোঃ মধ্যমগ্রাম, ২৪-পরগনা।

(১১) শ্রীসুধীরচন্দ্র দত্ত, ৭বি রূপনারায়ণ নন্দন লেন।

(১২) শ্রীহরিশকুমার দাশগুপ্ত, ৫১ কে পি রায় লেন, কলিকাতা-৩৩।

(১৩) শ্রীহাসান আলী, থানা যোগডলা, জেলা ২৪-পরগনা।

(১৪) শ্রীরামলছমন সিং, ৯ মার্কুইস স্ট্রীট।

(১৫) শ্রীনরসিং সিং, ৯ মার্কুইস স্ট্রীট।

(১৬) শ্রীশেখ নুর মহম্মদ, ৪ দেওদার বক্স লেন।

### গ্রামসেবকদের ট্রেনিং

112. (Admitted question No. 44.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামসেবকদের ট্রেনিং-এর কি কোন ব্যবস্থা আছে;

(খ) থাকিলে এ ট্রেনিং-এর উদ্দেশ্য কি; এবং

(গ) ট্রেনিং দিবার জন্য মাথাপিছু কত খরচ হয়?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) হ্যাঁ।

(খ) গ্রামসেবকদের চাকুরীতে নিয়োগ করার আগে ২ বৎসরের ট্রেনিং দেওয়া হয়, তাতে কৃষি, পশুপালন, সম্প্রসারণ, সমবায়, পঞ্চায়েত প্রভৃতি বিষয়ে শিক্ষা দিয়ে তাদের কাজের উপযুক্ত করা হয়।

৮-১০ বৎসর যাবত চাকুরীতে রত গ্রামসেবকদের এক বছরের উন্নততর শিক্ষা দিয়ে কৃষি ও পশুপালন বিষয়ে, বিশেষতঃ অধিক ফলনশীল শস্য চাষের আধুনিকতম বৈজ্ঞানিক পদ্ধতিগুলি শেখান হয়।

তাছাড়া ২-৩ বৎসর চাকুরী হওয়ার পর ২ মাসের একটি শিক্ষাসূচীতে তাদের নূতন নূতন পদ্ধতিগুলিও শেখান হয়।

(গ) দুই বৎসর শিক্ষার জন্য মাথাপিছু ৪,২৫০ টাকা খরচ হয়। দুই বৎসর উন্নততর শিক্ষার জন্য মাথাপিছু, ১,৫০০ টাকা খরচ হয়। দুই মাসের শিক্ষাসূচীর জন্য মাথাপিছু ৩১৫ টাকা খরচ হয়।

## তথ্য ও জনসংযোগ বিভাগের কার্যাবলীর রিপোর্ট

113. (Admitted question No. 216.)

**শ্রীসনৎকুমার রাহা:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তথ্য ও জনসংযোগ বিভাগের কার্যাবলীর কোন রিপোর্ট প্রকাশ করা হয় কিনা; এবং

(খ) এই বিভাগে নিযুক্ত কর্মচারীর সংখ্যা কত এবং তাহাদের নিয়োগ কিভাবে করা হয়?

**The Minise. fo: Informa.ion and Public Relations :**

(ক) না।

(খ) ১,২২৯ জন। যথাযথ অনুমোদিত নিয়মাবলী অনুসারে বিভিন্ন পদে নিয়োগ করা হয়।

## দীর্ঘমেয়াদী বন্দীদের মুক্তিদান

114. (Admitted question No. 241.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দীর্ঘমেয়াদী কয়েদী যারা তাদের মধ্যে যাদের মুক্তি দিলে রাষ্ট্রের ক্ষতি হইবার সম্ভাবনা নাই এইরূপ বন্দীদের যেভাবে বর্তমানে মুক্তি দিবার ব্যবস্থা আছে তাহার পরিবর্তন ও সংস্কারের কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Home (Jails) :**

সরকার ১৯৬৯ সালের ৪ঠা অক্টোবর তারিখে এক নির্দেশনামা জারী করিয়া বর্তমান কারা সংহিতার সময়োপযোগী পরিবর্তন সম্বন্ধে সুপারিশ করিবার জন্য একটি কমিটি গঠন করিয়াছেন। সেই কমিটি বর্তমানে কাজ চালাইয়া যাইতেছে। অন্যান্য বিষয়ের মধ্যে দীর্ঘমেয়াদী বন্দীদের মুক্তির বিষয়ও এই কমিটি বিচার বিবেচনা করিবেন এবং তাহাদের সুপারিশ সরকারের নিকট পেশ করিবেন। সরকার উক্ত সুপারিশ পাইলে সমস্ত বিষয় বিবেচনা করিয়া উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন।

### অষ্টম শ্রেণী পর্যন্ত জুনিয়ার হাই স্কুলের অনুমোদন

115. (Admitted question No. 263.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭০ সালে পশ্চিমবঙ্গের অষ্টম শ্রেণী পর্যন্ত কতগুলি জুনিয়ার হাই স্কুলকে সরকারী অনুমোদন দেওয়ার প্রস্তাব আছে?

**The Minister for Education :**

১৯৭০ সন হইতে অষ্টম শ্রেণীযুক্ত বিদ্যালয় হিসাবে অনুমোদন লাভের জন্য এ পর্যন্ত ৫৭টি দরখাস্ত পাওয়া গিয়াছে। এই দরখাস্তগুলি জেলা বিদ্যালয় পরিদর্শক/জেলা বিদ্যালয় পরিদর্শিকার নিকট পাঠানো হইতেছে। বিদ্যালয়গুলির পরিদর্শনের কাজ শেষ হইলে সেইগুলি যথোপযুক্ত সুপারিশসহ মধ্যশিক্ষা পর্ষদের নিকট পাঠানো হইবে। মধ্যশিক্ষা পর্ষদই মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন দিয়া থাকেন।

### মুর্শিদাবাদ জেলার উপজাতি ও তফশীলী জাতির উন্নয়ন বাবত ব্যয়

116. (Admitted question No. 554.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** উপজাতি ও তফশীলী মঙ্গল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলায় উপজাতি ও তফশীলী জাতির উন্নয়নের জন্য বিভিন্ন খাতে কত টাকা বরাদ্দ করা হইয়াছিল; এবং

(খ) ১৫ই জানুয়ারী পর্যন্ত ঐ বাবত কোন্ খাতে এবং কোথায় কত টাকা খরচ করা হইয়াছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare :**

(ক) ৩,৯২,৭৫০ টাকা।

(খ) একটি বিস্তারিত বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

### পাণ্ডুয়া থানার বিভিন্ন গ্রামে অকেজো নলকূপের সংখ্যা

117. (Admitted question No. 590.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাণ্ডুয়া থানায় কোন্ কোন্ গ্রামের কয়টি টিউবওয়েল রি-সিঙ্কিং অভাবে পড়ে আছে; এবং

(খ) এই টিউবওয়েলগুলি সংস্কার করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা এবং থাকিলে কতদিনের মধ্যে ঐ নলকূপগুলির সংস্কার করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health :**

(ক) ১৫৩টি। ইহার গ্রামওয়ারী বিবরণ বর্তমানে দেওয়া যাইতেছে না।

(খ) হ্যাঁ। প্রতি বৎসর পল্লী জলসরবরাহ পরিকল্পনার মাধ্যমে বরাদ্দকৃত অর্থের পরিমাণ সাপেক্ষে প্রতি ৪০০ জনে একটি অথবা প্রতি গ্রামে অন্তত একটি করিয়া জল উৎস স্থাপনের বা পুনঃস্থাপনের প্রচলিত রীতি অনুযায়ী অকেজো নলকূপগুলির সংস্কারের কার্যসূচী লওয়া হইয়া থাকে।

[2·10—2·20 p.m.]

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker :** I have received seven notices of calling attention on the following subjects, namely :—

(1) Unruly behaviour by a section of examinees—from Shri Kalipada Mondal.

(2) Squatting movement by W.B.P.T.A. before the Assembly House—from Shr Kalipada Mondal.

(3) Distress of the peasant families in certain areas of Malda district for non-opening T. R. works—from Shri Mohammad Ali.

(4) Threat to the Medical Officer of Ratua Primary Health Centre, Malda—from Shri Mahammad Ali.

(5) Failure of negotiations between the management of Jay Engineering's Usha Sewing Machine Factory and the Workers' Union—from Shri Ram Krishna Saraogi.

(6) Tension at Rajarhat, 24-Parganas, following the observance of Bandh on 4-2-70—from Shri Ram Krishna Saraogi.

(7) Attack on the house of a Congress Councillor at Christopher Road, Calcutta, on 4-2-70—from Shri Ram Krishna Saraogi.

I have selected the notice on the subject of squatting movement by W B.P.T.A. before the Assembly House from Shri Kalipada Mondal. The Hon'ble Minister-in-charge may reply now or at a suitable time.

**Shri Satya Priya Roy :** On the 11th.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই ১১ তারিখ পর্যন্ত কি প্রাথমিক শিক্ষকরা ওখানে স্কোয়াট করে থাকবেন ? স্যার, আমরা এখানে এসেছি জনসাধারণের প্রতিনিধি হিসাবে। যারা Assembly-র সামনে বসে রয়েছে ঐ প্রাথমিক শিক্ষক সে সম্বন্ধে উনি বলেছেন ১১ তারিখে উত্তর দেবো, সেজন্য জিজ্ঞাসা করছি আজকে গভর্ণমেণ্ট তার পলিসি বলবেন না কেন ? সেটা ইম্প্লিমেণ্টেশান হতে এত দেরী হবে কেন। ৩ মাস ধরে ভেটারনারী কলেজ বন্ধ আছে, ঐ ছাত্রদের ভবিষ্যৎ কি এ সম্বন্ধে আমরা কিছুই জানতে পারবো না ? আমি পরিষদীয় মন্ত্রীর কাছে দাবী করছি আপনি এ সম্বন্ধে উত্তর দিন, যদি সংশ্লিষ্ট মন্ত্রী না থাকেন গভর্ণমেণ্ট এ্যাজ এ হোল তাঁদের কাছে এ দাবী করছি।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** আমি কি উত্তর দেবো ! ছাত্র বা মাষ্টার মহাশয়রা বসে আছেন, আরো এসে বসবেন বলছেন, সব যদি বসে থাকেন তাহলে পরিষদীয় মন্ত্রী কি করতে পারে ?

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** সব পথে বসেছে।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** আমরা কি করবো।

**Mr. Speaker :** Hon'ble Minister, if it is possible for you—and I think it will be possible for you—please give some sort of a reply to those squatting in front of the Assembly. এবং এরা এতদিন ওখানে বসে আছে আপনি যা হয় একটা ওখানে গিয়ে বলে আসুন। (গোলমাল)

**শ্রীসত্যপ্রিয় রায় :** স্যার, অনর্থক উত্তেজনার সৃষ্টি হচ্ছে। আমি শিক্ষা দপ্তরের পক্ষ থেকে একটা ক্ষুদ্র বিবৃতি এখানে দিচ্ছি। কিন্তু সম্পূর্ণ বিবৃতি দিতে পারবো না।

**মি: স্পীকার :** আপনি দয়া করে ওখানে যান এবং গিয়ে যা করবার হয় করুন।

**শ্রীসত্যপ্রিয় রায় :** স্যার, ওখানে আমি গিয়েছি। ওখানে গিয়ে তাদের সঙ্গে অংশ গ্রহণ করেছি এবং আমার যা বক্তব্য তা পরিষ্কার করে ½ ঘণ্টার উপর শিক্ষক সমাজের কাছে রেখে এসেছি।

**শ্রীনেপালচন্দ্র রায় :** (শিক্ষামন্ত্রীকে দেখাইয়া) মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভদ্রলোক কংগ্রেস আমলে খুব বড় বড় কথা বলতেন শিক্ষকদের সম্পর্কে। কিন্তু আজকে শিক্ষকদের সামনে যেতে ভয় পাচ্ছেন। আজকে যেতে সেখানে ভয় পাচ্ছেন কেন?

**মি: স্পীকার :** আমি এই সম্পর্কে ডিবেট করতে দেব না। আপনি বসুন।

**শ্রীসরল দেব :** অধ্যক্ষ মহাশয়, নেপালবাবু যে দৃষ্টিতে দেখছেন জিনিষটা আমরা সে দৃষ্টিতে দেখছি না। আমাদের যুক্তফ্রণ্ট এবং সত্যপ্রিয়বাবু আমাদের শিক্ষক আন্দোলনের নেতা। শিক্ষকরা আমাদের সামনে বসে থাকবেন, এটা খুবই খারাপ লাগছে। সেইজন্য আমাদের গভর্ণমেণ্ট ওদের কি করতে পারেন সেটা বলে আসুন। আমরা ইনডিভিজুয়ালি সত্যপ্রিয়বাবুকে দেখছি না, ক্যাবিনেট এ্যাজ এ হোল বলছি। উঁরা বিভিন্নভাবে কথা বলতে পারেন। আমরা যুক্তভাবে ক্যাবিনেটকে দেখতে চাই। শিক্ষকরা বাইরে বসে থাকবেন আর আমরা এখানে বসে থাকবো সেটা ভাল দেখায় না।

**মি: স্পীকার :** আজকে কলিং এ্যাটেনশন অনেক ছিল, কিন্তু তা সত্ত্বেও এটা নিয়েছি। আমার যা হাতে ছিল করেছি। Now I take up mention cases. I call upon Shri Harun All Rashid. Please be brief.

**শ্রীহারুন অল রসিদ :** মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবাংলার গ্রাম অঞ্চলে যে বিভীষিকার, নৃশংসতা ও অরাজকতার রাজত্ব চলেছে বেআইনী জমি দখল ও বণ্টনের নামে নিরীহ চাষীদের উপর চলছে সেটা আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে তুলে ধরতে চাই। ২৪-পরগণা জেলার বারাসত টাউনের পাশে ন-পাড়া বলে একটা গ্রাম আছে। সেটা আগে মুসলমান অধ্যুষিত গ্রাম ছিল। ১৯৬৪ সালের রায়টে গ্রামটা এ্যাফেকটেড হওয়ায় অনেক মুসলমান এই গ্রাম থেকে চলে গিয়েছে। মাত্র ৫০।৬০ লোক বাস করছে। সেই গ্রামে শনিবার রাত্রে সি. পি. এম.-এর কর্মীরা দলবদ্ধভাবে আবদুল হাজিজের ১১ বিঘা জমি দখল করে নিয়েছে। তার ধানী জমি ছিল মাত্র ১১ বিঘা এবং বাস্তু সমেত ২০ বিঘা হবে। স্থানীয় এম. এল. এ. শ্রীসরল দেব এই কথা শুনে থানায় গিয়েছিলেন। থানা তাঁর কথা শুনল না। আজকে সকালে উত্তর ২৪-পরগণার ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট সেখানে গিয়েছিলেন। সেখানে লালঝাণ্ডা দেখে ফিরে আসেন। আমি আপনার মাধ্যমে যুক্তফ্রণ্ট সরকারের হোম মিনিষ্টারের কাছে এর প্রতিকার চাইছি।

**মি: স্পীকার :** এবার শ্রীসরল দেব বলুন।

**শ্রীসরল দেব :** মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রী চলে গেলেন। কিন্তু আমি একটা খুব দুঃখের এবং বেদনাদায়ক ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্রে উত্তর ২৪-পরগণার এস. ডি. এর সামনে দীর্ঘদিন ধরে বেসিক প্রাইমারী স্কুলে কাজ করছেন এই রকম একজন শিক্ষককে বলপূর্বক বার করে দেওয়া হয়েছে স্কুল থেকে। আমি সেই শিক্ষককে নিয়ে শিক্ষামন্ত্রীর কাছে গিয়েছিলাম, আজও কোন জবাব পাই নি। এই রকম অরাজকতা শিক্ষাক্ষেত্রে চলবে কিনা সেটা জনসাধারণের প্রতিনিধি হিসাবে জানতে চাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** অধ্যক্ষ মহাশয়, একটি ঐতিহাসিক ডকুমেণ্ট পরশুদিন আমাদের হাতে দেওয়া হয়েছে অর্থাৎ বিধান সভার সদস্যদের হাতে দেওয়া হয়েছে। সেটা হচ্ছে রবীন্দ্র সরোবর ষ্টেডিয়ামে যে ঘটনা ঘটেছিল তার উপর ঘোষ কমিশনের যে রিপোর্ট। অধ্যক্ষ মহাশয়, এই রিপোর্টের ৩৮ নং প্যারায় যে কথা বলা হয়েছে সেই কথা আমি এখানে আপনার কাছে রাখতে চাই। এই প্যারা ৩৮-এ বলা হয়েছে "Upon the evidence on record and discussed above the Commission is of the view that the said evidence does not prove that there was molestation of any woman in or about the Rabindra Sarobar Stadium on the night of 6th or early hours of 7th April, 1969. The Commission holds that there was no molestation of any woman in or about the Rabindra Sarobar Stadium on the occasion of the function of "Asoke Kumar Nite". অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় তথ্য এবং জনসংযোগ বিভাগের মন্ত্রী আছেন, আমি তাঁকে অনুরোধ করবো যে এই ডকুমেণ্ট তিনি আগামী কালই প্রধানমন্ত্রি, যিনি এখন শান্তিনিকেতনে আছেন, তাঁর হাতে পৌছে দিন। দ্বিতীয় অনুরোধ হচ্ছে, এই ডকুমেণ্ট ভারতবর্ষের পার্লামেণ্টে এবং তার মেম্বারদের কাছে পাঠিয়ে দিন এবং সেই সংগে সংগে ভারতবর্ষে যেসমস্ত বিধান সভা আছে সেই সমস্ত বিধান সভায় এবং তার মেম্বারদের কাছে পাঠিয়ে দিন এবং ভারতবর্ষের প্রত্যেকটি বড় বড় সিনেমা হাউসে স্লাইড দিয়ে এটা জানান হোক। বাংলা দেশের বিরুদ্ধে, বাঙ্গালী জাতির বিরুদ্ধে এবং বাংলাদেশের যুক্তফ্রণ্টের বিরুদ্ধে যেভাবে কুৎসা রটনা করা হয়েছিল সেই কুৎসার জবাব এই ডকুমেণ্টের ভিতর দিয়ে দেওয়া হয়েছে। সেইজন্য আমি এই অনুরোধ আপনার মাধ্যমে করছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** স্যার, মাননীয় সদস্য যে প্রস্তাব রাখলেন আমি গভর্ণমেণ্টের পক্ষ থেকে এই প্রতিশ্রুতি দিচ্ছি যে আমরা এটা প্রধানমন্ত্রীর কাছে এবং পার্লামেণ্টে এবং বিভিন্ন বিধান সভায় এবং যে সমস্ত জায়গায় রাজ্যসভা আছে তাদের সদস্যদের কাছে এটা পাঠিয়ে দেবো।

**শ্রীনিতাই সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি নদীয়া জেলার তাঁতীদের দুর্দশার কথা ক্ষুদ্র ও কুটিরশিল্প মন্ত্রী মহাশয়ের কাছে তুলে ধরতে চাই। আমাদের পশ্চিমবঙ্গে শান্তিপুর, নবদ্বীপ ইত্যাদি অঞ্চল তাঁতীদের দ্বারা সন্নিবেশিত এবং সেখানে তাঁতীরা তাঁত বুনে তাদের জীবন নির্বাহ করে। এই নদীয়া জেলার তাঁত শিল্প সারা ভারতবর্ষে নাম করেছে, কিন্তু তারা আজকে দুর্দশার মধ্যে পড়েছে। তার কারণ মিহি সুতা তাদের অত্যধিক দরে কিনতে হচ্ছে এবং মাড়োয়াড়ীরা এই মিহি সুতা সরকারের কাছে নির্ধারিত মূল্যে কিনে ব্ল্যাক মার্কেটে তাদের কাছে বেশী দরে বিক্রি করে।

**শ্রীদেওকী নন্দন পোদ্দার:** স্যার, উনি মাড়োয়াড়ী শব্দটা ব্যবহার করেছেন। মাড়োয়াড়ী ছাড়া বাঙ্গালী, হিন্দুস্থানী বা আর কেউ কি এই ব্যবসা করেনা? স্যার, আমি মনে করি তিনি একটা জাতির প্রতি এ্যাসপারসন করছেন। সেইজন্য আমি আপনাকে অনুরোধ করবো যে এটা এক্সপাঞ্জ করা হোক।

**শ্রীনিতাই সরকার:** স্যার, আমাদের ওখানে সাধারণতঃ মাড়োয়াড়ীরাই এই মিহি সুতার ব্যবসা করে এবং সেইজন্যই আমি মাড়োয়াড়ী কথাটা উল্লেখ করেছি।

[2-20—2-30 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, আপনি এই হাউসে এর আগে রুলিং দিয়েছিলেন যে বিশিষ্ট জাতির সম্বন্ধে কোন কথা কেউ বলতে পারবে না। এক্ষুনি মাননীয় সদস্য নিতাইপদ সরকার মহাশয় মাড়োয়ারী সম্বন্ধে কটূক্তি করলেন।

**মিঃ স্পীকার :** আমি বুঝেছি উনি যে শব্দটা ব্যবহার করেছেন উনি সেটা নিশ্চয়ই প্রত্যাহার করবেন। কোন কমিউনিটির এ্যাগেনষ্টে কোন ক্লাসের এ্যাগেনষ্টে কোন বিশিষ্ট মানুষের এ্যাগেনষ্টে আপনি কোন এ্যালিগেশন করবেননা, আপনি আপনার বক্তব্য রাখুন, আপনি মাড়োয়ারী শব্দ যেটা বলেছেন, সেটা প্রত্যাহার করুন। It is a reflection on a community.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** স্যার, আপনার এই রুলিং-এ আর একটা পয়েণ্ট অব অর্ডার এসে যাচ্ছে। যদি ষ্টেটমেণ্ট অব ফ্যাক্ট করতে গিয়ে যদি কোন জিনিষ এসে যায় তাহলেও সেটা বলা যাবেনা।

**মিঃ স্পীকার :** ষ্টেটমেণ্ট অব ফ্যাক্টের কথা নয়, তিনি মাড়োয়ারী কথাটা রেফার করেছেন। আমি মনে করি এটা ঠিক নয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** স্যার, তাহলে হিন্দু কি মুস্লিম সম্পর্কে কিছু বলা যাবেনা ?

**মিঃ স্পীকার :** আমি যেটা কারেক্ট মনে করেছি, সেটা বলেছি।

**শ্রীসরোজ রায় :** স্যার, এখানে একটু ভুল বুঝাবুঝি হয়েছে। উনি বলেছেন শান্তিপুরের সুতা ব্যবসায়ীরা মাড়োয়ারী, অন্যান্য ব্যবসায়ীরাও আছেন, সেখানে মাড়োয়ারী ব্যবসায়ী সম্বন্ধে কোন কিছু বলা হয়নি।

**মিঃ স্পীকার :** যদি মাড়োয়ারা সম্বন্ধে কোন কথা বলা হয়ে থাকে তাহলে সেটা এক্সপোঞ্জ ফ্রম দি প্রসিডিংস্ হবে।

**শ্রীনিতাইপদ সরকার :** স্যার, কোন সম্প্রদায়কে উদ্দেশ্য করে কোন ইঙ্গিত আমি করতে চাইনি। আমি যেটা বলতে চেয়েছি ওখানে ব্যবসায়ী যারা বেশীর ভাগই মাড়োয়ারী। ওখানে আমরা জানি আমাদের রাণাঘাটে এবং শান্তিপুরে যারা সুতার ব্যবসা করছেন তারা প্রধানত মাড়োয়ারী এবং একচেটিয়া কারবার তাদের রয়েছে। সেইজন্য বলতে চেয়েছি কাউকে কোন ইঙ্গিত করে বলতে চাইনি। এখন আমার বক্তব্য হচ্ছে যে, কল্যানীতে স্পীনিং মিল আছে এবং অন্যান্য জায়গায় যত স্পীনিং মিল আছে সেখান থেকে যাতে তাঁতীরা সস্তায় সুতা পেতে পারে তার ব্যবস্থা যেন মন্ত্রী মহাশয় করেন। তা না হলে তাঁতীরা বাঁচতে পারবে না। যাদের ১০, ১৫, এমন কি ৪০ টা তাঁত ছিল তা আর বন্ধ হয়ে যাচ্ছে। প্রডাকশান কষ্ট বেশী হচ্ছে বলে কমপিটিশানে তারা টিকতে পারছে না। সস্তায় যাতে তারা সুতা পায় তার যেন ব্যবস্থা করা হয়।

**শ্রীগিরীশ মাহাতো :** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, কিন্তু দুঃখের বিষয় তিনি এখানে উপস্থিত নাই। আজকে রাইটার্স বিল্ডিং এ তার শিক্ষা বিভাগ কিভাবে জনসাধারণকে হয়রান করছে সেই কথাই বলতে চাই। পুরুলিয়া জেলায় মহারাজ জুনিয়ার হাই স্কুলের রিপোর্ট ২১-৮-৬৯ তারিখে ডি. আই. এখানে পাঠিয়েছেন। কিন্তু সেই রিপোর্ট কোথায় উধাও হয়ে গেছে কেউ বলতে পারছেন না। D.I.O. যেটা পাঠাচ্ছেন তার মেমো নম্বর হচ্ছে ৫০৩। মহারাজ জুনিয়ার হাই স্কুলের রিপোর্ট। এই সম্পর্কে আমি চীফ ইন্‌স্পেক্টরের কাছে তাঁর অফিসে গেলাম। তিনি বললেন যাও সুজিত বাবুর কাছে। গেলাম সুজিত বাবুর কাছে। তিনি বললেন ফাইলে তো তা নাই। তারপর গেলাম আর এক বাবুর কাছে। তিনি বললেন D. P. I.-এর কাছে যাও। এই ভাবে এক বাবুর কাছ থেকে আর এক বাবুর কাছে ঘোরাঘুরি করছি। কিন্তু ফাইল পত্রে সেই রিপোর্ট আর পাওয়া যাচ্ছে না। এই ভাবে কেবল হয়রান হচ্ছি।

তারপর ১৯৬৭ সালে পুরুলিয়ার গোপালনগর হাই স্কুলের আশুতোষ মাহাতোর নামে political sufferer হিসাবে পেনসনের টাকা মঞ্জুর হয়েছে, সেই টাকার চেক্ আজ পর্য্যন্ত তিনি পান নাই।

হেডমাষ্টারকে জিজ্ঞাসা করলে তিনি বল্লেন আশুতোষের জায়গায় স্থার আশুতোষ হয়ে গেছে আমি দেখনা। গত দশ মাস ধরে Political Sufferers' Office-এ দৌড়াদৌড়ি করেও সে "স্যর" জিনিষটা কাটানো যাচ্ছে না. ফলে সে টাকাও পাওয়া যাচ্ছেনা। শিক্ষামন্ত্রীর অফিসে কর্মচারীদের বেতন বাড়ছে, অথচ কাজকর্ম সেখানে কিছু নাই। আপনার মাধ্যমে এর প্রতিকারের জন্য শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার:** সোমবার শিক্ষামন্ত্রী আসবেন, তখন তার সঙ্গে এ বিষয়ে কথা কইবেন। এটা হবে না কেন? খুব অন্যায় কথা। একজন অনারেবল মেম্বার আপনি, আপনার কথা নিশ্চয়ই তিনি শুনবেন।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—ভেটেরিনারী কলেজের ছাত্র, শিক্ষক কর্মচারীরা মিছিল করে বিধান সভা ভবনের সামনে এসেছেন। ভেটেরিনারী ছাত্ররা দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন—যাতে কলেজ বেলগাছিয়া থেকে কল্যানীতে স্থানান্তরিত না হয়। এবিষয়ে তাঁরা মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছিলেন গত ১৫ই এপ্রিল এই ব্যাপার সম্পর্কে একটা প্রতিশ্রুতিও দিয়েছিলেন। সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে এ নিয়ে আলোচনা তাঁদের হয় ৮ই আগষ্ট। তিনিও এই ব্যাপারে ওঁদের কথা দেন - লিখিত-ভাবে প্রতিশ্রুতি দেন। কিন্তু আজও তা পালিত হয়নি। তিনি ডিরেক্টরের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনকে দিয়ে অভিযোগেরও তদন্ত করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি নিজে ভেটেরি-নারী কলেজ সম্পর্কে ও বিভাগীয় অধিকর্তা সম্পর্কে অনুসন্ধান করে ব্যবস্থা করবেন বলেছিলেন। ঐ বিভাগীয় অধিকর্তা ভুল তথ্য সরকারকে দিয়েছেন। সরকারের এই প্রতিশ্রুতি সম্পর্কে অনেক পত্র পত্রিকায় লেখালেখি হয়েছে। প্রতিকারের দাবী নিয়ে তারা ওখানে এসেছেন। আমি আশা করি, এ সম্বন্ধে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের প্রতিশ্রুতি রক্ষিত হবে এবং কোন ভুল বোঝাবুঝি হবে না। আমি অনুরোধ করবো সত্বর যাতে এই আন্দোলন প্রত্যাহৃত হয় সরকার সেই ব্যবস্থা করবেন।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বেলুড়ে যে ন্যাশন্যাল স্ক্রু এণ্ড আয়রণ প্রোডাক্টস্ ফ্যাক্টরী আছে সেখানকার শ্রমিকরা নভেম্বর, ডিসেম্বর ও জানুয়ারী মাসের বেতন পাচ্ছে না কাজ করা সত্বেও। এই বিষয়ে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে আমরা যাতে একটা দৃঢ়পন্থা অবলম্বন করতে পারি তারজন্য কেবিনেটকেও দৃঢ়পন্থা নিতে বলছি। মাসের পর মাস শ্রমিকরা বেতন না পেয়ে না খেয়ে মরবে তার প্রতিকার মন্ত্রীরা করুন এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহোদয়, মন্ত্রীমহাশয় বিল সম্পর্কে Statement দেবার আগে আমি সকলের অবগতির জন্য একটী সুখবর সভার গোচরে আনছি। আমাদের যে বিল Payment of Subsistence Allowance Bill—আমরা এখান থেকে পাশ করেছিলাম, শ্রমিকরা Suspended হলে পরে সেই সময় যাতে তাদের একটা ভাতা দেওয়া যায়, সেই বিলটা আমরা দিল্লীতে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠিয়েছিলাম, আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি সেই বিলটাতে রাষ্ট্রপতির কাছ থেকে অনুমোদন পাওয়া গেছে।

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীসুধীরচন্দ্র দাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একক্ষণে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন একজন মাননীয় সদস্য বেলগাছিয়া কলেজের ছাত্রদের দাবী সম্পর্কে। আমি এ সম্পর্কে আগেও বিবৃতি দিয়েছি এবং তাদের সংগে দেখা সাক্ষাত করেছি, কথাবার্তাও হয়েছে এবং আমাদের সরকারের পক্ষ থেকে তাদের যা দাবী ছিল সেগুলি মেনে নেয়া হয়েছে। তাদের দাবী ছিল যে বেলগাছিয়ায় কলেজ রাখতে হবে—আমরা বেলগাছিয়ায় এখন কলেজ রেখেছি, সেটা চলছে এবং তাদের সেই

দাবী স্বীকার করে নেয়া হয়েছে। কল্যাণীতে আর একটা কলেজ খোলা হয়েছে এবং শিক্ষা বিস্তারের জন্য কল্যাণীতে একটা কলেজ রাখা দরকার সেই কথা চিন্তা করে এই প্রস্তাব ক্যাবিনেট স্বীকার করে নিয়েছেন যে একটা কল্যাণীতে রাখবেন এবং একটা বেলগাছিয়ায় থাকবে—এই অবস্থায় এখন আছে। মূল যে তাদের দাবী সেটা স্বীকার করে নেয়া হয়েছে। তাদের দ্বিতীয় দাবী ছিল ডাইরেক্টর-এর বিরুদ্ধে অভিযোগ তদন্ত করা সম্পর্কে এবং আপনাদের অনেকের স্মরণ আছে, আমি বলেছিলাম যে সেটা ইনকোয়ারী করা হবে। সেটা ভিজিল্যান্স কমিশনের কাছে পাঠানো হয়েছে। মুখ্যমন্ত্রীর কাছে যেটা এসেছিল সেটা এবং আমার কাছে যেটা এসেছিল সেটা ভিজিল্যান্স কমিশনের কাছে পাঠানো হয়েছে। ডাইরেক্টর মিঃ মারোয়ার বিরুদ্ধে যে অভিযোগ এসেছিল এবং প্রিন্সিপ্যাল মিঃ দাসের বিরুদ্ধে যে অভিযোগ এসেছিল সেটা আমরা পাঠিয়ে দিয়েছি। সুতরাং তাদের দাবী আমরা মানি নাই একথা ঠিক নয়, আমরা সবটাই মেনে নিয়েছি। কাজেই ধর্মঘটের আর কোন কারণ থাকতে পারে না বলে আমি মনে করি। তারপর দুঃখের বিষয় এটা আজ আমাকে প্রকাশ করতে হচ্ছে যে, বহু জায়গায় ওষুধ পাচ্ছে না—সেণ্ট্রাল মেডিক্যাল ষ্টোরকে আটকানো হয়েছে এবং সেখানে যে ভ্যাকসিনেসন প্রডাকসন সেণ্টার আছে সেখানে সব রকম ভ্যাকসিনেসনের ওষুধ তৈরী হয়—পশুপক্ষীরা সেগুলি পাচ্ছে না যার ফলে অনেক চিঠিপত্র প্রকাশ হয়েছে, কালকেরও আনন্দবাজারে দেখেছেন সমস্ত মুরগীর ফার্মগুলি নষ্ট হতে বসেছে। চিকেনদের মধ্যে সংক্রামক রোগ দেখা দিয়েছে এবং গরু বাছুরদের চিকিৎসা বন্ধ হয়ে গেছে, প্রায় ৬৮টা ষ্টেট হাসপাতাল আছে এবং ৩৫০টি ডিসপেন্সারী আছে এবং ভেটারিনারী ফিল্ড এসিস্ট্যাণ্ট আছে প্রায় ৮০০। সুতরাং এইগুলি জায়গায় ওষুধ সরবরাহ একেবারে বন্ধ হয়ে গেছে—এই অবস্থা চলেছে। খুবই দুঃখের বিষয় যে, সেই ওষুধ এখনও আমরা বের করতে পারি নাই। ছাত্রদের দাবী যখন আমরা মেনে নিয়েছি তখন নিশ্চয়ই তারা আমাদের ওষুধ সরবরাহের সুযোগ করে দেবেন এটা আমরা আশা করছি। এইটুকু আপনাদের কাছে আমি জানিয়ে রাখলাম।

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে যে সমস্ত উদ্বাস্তু পরিবারকে সরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত ও বৈধকরণযোগ্য জবরদখল কলোনিগুলিতে পুনর্বাসন দেওয়া হয়েছে তাদের বাস্তুজমির স্বত্ব ও ন্যায়সঙ্গত অধিকার দান সম্পর্কে নিম্নলিখিত বিবৃতিটি আমি এই বিধান সভায় উপস্থাপিত করছি।

পুনর্বসতিপ্রাপ্ত উদ্বাস্তুদের মধ্যে জমিতে স্বত্ব না পাওয়ার জন্য এক বিরাট অসন্তোষ রয়েছে—এরূপ উদ্বাস্তু পরিবারের সংখ্যা প্রায় ১,১৫,০০০। বৈধকরণযোগ্য জবরদখল কলোনিতে বসবাসকারী প্রায় ৩০,০০০ উদ্বাস্তু পরিবারও এদের মধ্যে আছেন। এইসব উদ্বাস্তু পরিবারকে বিভিন্ন ধরনের ঋণ মঞ্জুর করা হয়েছিল, যেমন, জমি ক্রয় ঋণ, গৃহ নির্মাণ ঋণ, কৃষি, ক্ষুদ্র ব্যবসায় ঋণ এবং পায়খানা নির্মাণের জন্য ঋণ। কিন্তু বৈধকরণযোগ্য জবরদখল কলোনিগুলিতে পুনর্বসতিপ্রাপ্ত উদ্বাস্তু পরিবারগুলিকে শুধু একখণ্ড করে বাস্তুজমি দেওয়া হয়েছিল। বাস্তুজমির স্বত্ব এবং অধিকার এই উদ্বাস্তু পরিবারগুলিকে দেওয়া যায়নি, কারণ বাস্তুজমির মূল্য তাঁরা পরিশোধ করতে পারেননি এবং সেই কারণেই তাঁরা তাঁদের বাস্তুজমির ন্যায়সংগত অধিকার পাননি। ভারত সরকার উদ্বাস্তুদের বাস্তুজমির মূল্য সমেত ঋণের একটা অংশ মকুব করার আদেশ জারি করেছেন। কিন্তু এই ঋণ মকুবের কাজ সন্তোষজনকভাবে এগোয় নি। যুক্তফ্রণ্ট ক্ষমতায় আসার পর থেকে ঋণ মকুবের কাজ ত্বরান্বিত করা হয়েছে। ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী যে সকল উদ্বাস্তু উপরোক্ত ঋণ পেয়েছেন তাঁরা ১০০০ টাকা পর্যন্ত ঋণ ছাড়ের সুযোগ পাবেন এবং ৩০০০ টাকার অতিরিক্ত পরিমাণ যদি কোন ঋণ থাকে, তা থেকেও অব্যাহতি পাবেন। এক হাজার এক টাকা থেকে তিন হাজার টাকার মধ্যবর্তী ঋণের অংশটা শুধু সুদসহ পরিশোধ করতে হবে। ভারত সরকারের ঋণ মকুবের এই সিদ্ধান্ত ১৯৬৪ সালের ১লা এপ্রিলের আগে যে সমস্ত উদ্বাস্তু পরিবারকে বাস্তুজমি অথবা ঋণ

মঞ্জুর করা হয়েছিল তাঁদের ক্ষেত্রেই শুধু প্রযোজ্য। কিন্তু উচ্চতর ব্যবসায় ঋণ, বৃত্তি ঋণ, সহায়ক গৃহ নির্মাণ ঋণ এবং নির্মিত গৃহের খরচ ভারত সরকারের ঋণ মকুব পরিকল্পের আওতায় আসবে না।

প্রায় ৮৫,০০০ উদ্বাস্তু পরিবারকে সরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত ৫১৪টি কলোনিতে পুনর্বাসন দেওয়া হয়েছে এবং প্রায় ৩০,০০০ উদ্বাস্তু পরিবারকে ১৪৯টি জবর দখল কলোনিতে বৈধ বলে ঘোষণা করা হয়েছে। সরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত কলোনিগুলিতে পুনর্বাসনপ্রাপ্ত উদ্বাস্তু পরিবারের মধ্যে অন্ততঃপক্ষে ৭৫ শতাংশ উদ্বাস্তু পরিবার যাঁরা অ-সহায়ক ধরনের ঋণ পেয়েছেন তাঁরা এই ঋণ-মকুব পরিকল্পের সুযোগ লাভ করবেন। আবার বৈধ-করণযোগ্য জবরদখল কলোনীগুলিতে যে সমস্ত উদ্বাস্তু পরিবার সম্প্রতি বৈধ বলে ঘোষিত হয়েছেন তার শতকরা একশত পরিবারই এই পরিকল্পের সুযোগ গ্রহণের অধিকারী হবেন। যে সব উদ্বাস্তু পরিবারের কথা আগে বলা হল তাঁরা যদি এই ঋণ মকুব প্রকল্প অনুযায়ী দেয় ঋণ, যদি কিছু থাকে, তা পরিশোধ করেন, তবে তাঁরাও এখন জমির স্বত্ব এবং অধিকার লাভ করতে পারবেন।

## GOVERNMENT BILL

### The Calcutta Municipal (Amendment) Bill, 1970

**Shri Somnath Lahiri :** Sir, I beg to introduce the Calcutta Municipal (Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Shri Somnath Lahiri :** I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1970, be taken into consideration.

[ 2-40 – 2-50 p.m. ]

স্যার, বিলটি খুব সংক্ষিপ্ত এবং সীমাবদ্ধ উদ্দেশ্যের জন্য। কোলকাতা কর্পোরেশনের যে আইন তার ১৫৩ এ ধারায় চাপ্টার ৯ এ মিউনিসিপ্যাল এ্যাক্ট-এ সেই ধারা আছে যেটা আছে তাতে কিছু সংশোধন দিচ্ছি। ১৩০ ধারায় কোলকাতা কর্পোরেশন মূলধনী খরচের জন্য লোন তুলতে পারে। তারপর সিংকিং ফ্যাণ্ড করে সেই লোন শোধ করার ব্যবস্থা করার বিধান আছে। কিন্তু তাদের রাজস্ব খাতে খরচের জন্য হঠাৎ কোন অসুবিধায় পড়লে ধার নিয়ে রাজস্ব খাতের অসুবিধা দূর করার কোন ক্ষমতা নেই। ফলে কর্পোরেশনকে গভর্ণমেণ্টের কাছে আসতে হয় তাদের সাময়িক কোন কোন সংকটের সময় তাদের পার করে দেবার জন্য বা ধার নেবার উদ্দেশ্যে। সরকার অবশ্য যথাসম্ভব সংকটে উত্তীর্ণ হবার জন্য সাহায্য করে থাকেন, কিন্তু সব সময় সরকারের পক্ষে সম্ভব হয় না। সেইজন্য সরকার যা দিতে পারবেন তা অটুট আছে এবং থাকবে কিন্তু সব সময় দেওয়া সম্ভব হয় না বলে এই বিলে একথা আনা হচ্ছে যাতে কর্পোরেশন অল্প মেয়াদী ধার তাদের রাজস্ব খরচের সংকট মেটাবার জন্য ষ্টেট ব্যাঙ্কের কাছ থেকে নিতে পারে। ষ্টেট ব্যাঙ্কে কর্পোরেশনের ক্যাশ এ্যাকাউণ্ট আছে। সেখান থেকে যাতে সাময়িক ধার নিতে পারে সেইজন্যই এই বিল। তবে যাতে অনবরত ধার নেওয়া না হয় বা ব্যাঙ্কের কাছে দেনার দায়ে আবদ্ধ হয়ে না যায় সেজন্য আমরা এই বিলে বিধান করেছি যে, এই ধার ১২ মাসের মধ্যে শোধ করতে হবে যা লোক্যাল অথরিটিস লোনস এ্যাক্ট, ১৯৪০ সেক্সান ৬ এ আছে। ষ্টেট গভর্ণমেণ্টের অনুমোদন নিয়ে সেই ধার নিতে হবে। কি সিকিউরিটি দেওয়া হবে সেটার জন্য সরকারের অনুমোদন নিতে হবে। আর অনাবশ্যক ধার যাতে না হয় সেজন্য প্রভিসান দেওয়া হয়েছে যে একটা দেনা শোধ না হওয়া পর্য্যন্ত আর একটা দেনা করা চলবে না, এই মর্মে একটা প্রভিসান এতে দেওয়া আছে। এই হল বিলের মোদ্দা কথা অর্থাৎ কর্পোরেশন খুব মুশকিলে পড়লে যাতে ষ্টেট ব্যাঙ্ক থেকে সরকারের অনুমোদন ক্রমে সাময়িকভাবে ঋণ পেতে পারে তারজন্য একটা ব্যবস্থা করে দেওয়া।

**শ্রীসমরকুমার রুদ্র :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন সেই বিলকে তিনি সংক্ষিপ্ত এবং সীমাবদ্ধ বিল বলে অভিহিত করেছেন। কিন্তু এই বিলের মধ্যে দিয়ে তিনি একটি বৃহৎ সমস্যার কথা উদ্‌ঘাটিত করে বলেছেন যে কর্পোরেশন একটা আর্থিক সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে। স্যার, সেই সংকট এমন অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে যে, নাগরিকদের সুখসুবিধা দেওয়ার আর্থিক সংগতি কর্পোরেশনের নেই। কিছুদিন পূর্বে আমরা সংবাদপত্রে দেখেছিলাম যে কর্পো-রেশনের কয়েকজন কাউনসিলার তাঁরা এই সংকটের চিত্র তুলে ধরে বলেছেন যে কেন্দ্রীয় কোন মন্ত্রী যদি কোলকাতায় আসেন তাহলে তাঁর শহরে ঢোকা নিষিদ্ধ করতে হতে পারে। আজকে কোলকাতা শহর অবহেলিত এবং উপেক্ষিত, কেন্দ্রের দায়িত্ব কোলকাতা শহরকে রক্ষা করার, কিন্তু সে বিষয়ে তাঁরা উদাসীন হয়ে আছেন। স্যার, গত ২০ বছর ধরে কংগ্রেসী বন্ধুরা কোলকাতা পৌরসভা পরিচালনা করে যে বিপর্যায়ের মুখে এনেছেন সেটা সকলেই জানেন। কোলকাতার ড্রেন—সেগুলি সংস্কারের অভাবে ভেঙ্গে পড়ছে, পাইপগুলির জরাজীর্ণ অবস্থা, পরিশ্রুত এবং অপরিশ্রুত জলসরবরাহ ব্যবস্থা ভাংগনের মুখে, রাস্তাঘাটের অবস্থা জরাজীর্ণ, জঞ্জালও পরিষ্কার হয় না।

পৌরসংস্থাকে চরম আর্থিক দুর্গতির মধ্যে নিয়ে যাচ্ছে এমনভাবে যে, আইনসংগতভাবে কলকাতা কর্পোরেশানকে পরিচালনা করতে তারা অপারগ। স্যার, মিউনিসিপ্যাল এ্যাক্টে একটা ধারা আছে। আপনি জানেন যে, মিনিমাম ক্যাস ব্যালেন্স তাদের বাজেটে প্রত্যেক বছরে দেখাতে হয় যে বছরের শেষে এই ১০ লক্ষ টাকা ক্যাস ব্যালেন্স আছে। সেটা বাজেটে না দেখাতে পারলে সেই বাজেট বে-আইনী বলে বিবেচিত হবে এবং কর্পোরেশনের আর্থিক অবস্থায় এখন যে ৮ কোটি টাকা ঘাটতি সেই ঘাটতি হচ্ছে বাস্তব অবস্থা। অতএব কলকাতা পৌরসভা এখন যারা পরিচালনা করছেন তারা ঐ এবারের বাজেটে একটা কল্পিত বাজেট পেশ না করে, কল্পিত একটা মিনিমাম ক্যাস ব্যালেন্স আছে সেটা দেখাতে না চেয়ে তারা বাস্তবিক ৮ কোটি টাকা ঘাটতি বাজেট আছে সেটা দেখাতে বাধ্য হচ্ছে এবং সেই ঘাটতি বাজেট দেখানোটা হচ্ছে পৌর আইন বহির্ভূত। এদিকে পৌর সংস্থা তার ঋণ তোলার জন্য সরকারের কাছে সাহায্যের জন্য বারে বারে আসছে এবং সংশ্লিষ্ট মন্ত্রী তিনি ২০,৩০,৪০ লাখ টাকা দেন। পৌরসভার কর্মচারী যারা আছেন তাদের বিভিন্ন দাবীদাওয়া নিয়ে বহুদিন ধরে সরকারের কাছে আবেদন নিবেদন করছেন, তাদের বকেয়া ৫ টাকার মধ্যে ৪ টাকা যেটা বাকী আছে এবং কয়েক কোটি টাকা তারা সরকারের কাছে পাবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তাদের যে বাড়ী, তাদের সম্পত্তি আছে তার ট্যাক্স বাবদে এবং সার্ভিস চার্জ বাবদে কয়েক কোটি টাকা পাওনা আছে। কেন্দ্রীয় সরকার সেই টাকা দেবেনা, আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই টাকা দেবে না, নাগরিকদের উপর ভ্যালুয়েশান করে, ট্যাক্স করে যে পর্য্যায়ে নিয়ে গেছে তার উপর করের ভার চাপান সম্ভবপর নয়। যে টাকা ট্যাক্সের বিনিময়ে আসে তার শতকরা ৮০/৯০ ভাগ চলে যায় এষ্ট্যাব্লিসমেণ্ট খাতে। নাগরিকদের যেটুকু অত্যাবশ্যক সুযোগসুবিধা পৌরসংস্থার পক্ষে এখন করা সম্ভব নয়। পৌরসভা সে জন্য বারে বারে সরকারের কাছে আসে। পৌরসভার একটা ধারা আছে, ১৩১ ধারা যাতে করে ক্যাপিটাল এক্সপেণ্ডিচার খাতে তারা ঋণ তুলতে পারেন ডিবেনঞ্চার ফ্লোট করার জন্য এবং রেভিনিউ এক্সপেণ্ডিচার খাতে তাদের ঋণ তোলার অধিকার নেই, আইনটা আসছে এবং এই আইনে ধারা আছে যে সিকিউরিটি দিয়ে তারা নাকি ঋণ তুলতে যাবেন রেভিনিউ খাতে এবং এটাও বলা আছে পৌর আইনে এই অধিকার আছে পৌরসংস্থার যে ব্যাংকের সংগে ক্যাস ক্রেডিট এ্যাকাউণ্ট করে তারা টাকা দেওয়া নেওয়া করছেন। কিন্তু এখানে ঋণের প্রশ্ন এসেছে বরোইং ক্যাপাসিটি পৌরসভার থাকবে তখনই যখন দেখা যাবে ব্যয়ের চেয়ে আয় বেশী হবে। ব্যয়ের চেয়ে আয় যদি বেশী হয় যতটা আয় বেশী হবে তার ২০ গুণ টাকা বরো করতে পারতেন পৌরসংস্থা। এখানে এই ঘাটতি অবস্থা থাকার দরুন পৌরসংস্থা ধার নিতে পারছে না, ডিবেঞ্চার ফ্লোট শোধ করতে পারবেন না এবং বাজার থেকে কোন ঋণও তুলতে পারবেন না এবং কোন ব্যাংকের কাছে টাকা চাইতে গেলে বরোইং ক্যাপাসিটি নাই বলে ব্যাংক দিতে চাইবেন না। মন্ত্রী মহাশয় এই বিষয়ে

চিন্তা করছেন কি না আমি জানিনা। কিন্তু সিকিউরিটির প্রশ্ন রয়েছে, কি সিকিউরিটি পৌরসভা দেবে ব্যাংকের কাছে যে সিকিউরিটির বিনিময়ে তারা গিয়ে ঐ লোনটা নিতে পারবেন শর্ট টার্ম লোন হিসাবে? সিকিউরিটি বলতে কি স্থাবর সম্পত্তি বোঝায় সেই সিকিউরিটি দেবে; স্থাবর সম্পত্তি যদি তাকে সাফিসিয়েণ্ট ক্যাপাসিটি হিসাবে তাহলে ডিবেঞ্চারে লোন রেইজ করতে পারতেন। তবে হ্যাঁ, এই ভাবে কাজকর্ম চালাবার জন্য সময়ে সময়ে যে টাকা ওয়েজ এ্যাণ্ড মিনস এ্যাডভান্স-এ আমাদের সরকারকে যে টাকা দিতে হয় তার বিনিময়ে যদি আমরা বলি যে আমাদের সরকার এই টাকা দিতে পারছে না ব্যাংক থেকে এই ভাবে সাময়িকভাবে এই টাকা দেওয়া হোক তাহলে আমাদের সরকারের আমাদের এই সংস্থার প্রতি যে দায়িত্ব আছে এটা অস্বীকার করা হচ্ছে। তাহলে আমাদের বলতে হবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা নেওয়ার কি ব্যবস্থা হয়েছে। কলকাতা শহরে ড্রেন—এগুলিকে সংস্কারের জন্য, জলসরবরাহের ব্যবস্থাকে ঠিক ব্যবস্থায় আনার জন্য, আবর্জনা সরাবার ব্যবস্থা করার জন্য, বিভিন্ন পৌরসংস্থার যেসমস্ত পরিকল্পনা নিয়েছেন সেগুলিকে রূপায়িত করার জন্য এক শত কোটি টাকা অন্ততঃ পক্ষে কেন্দ্রের কাছ থেকে আমাদের পৌরসভার কাছে আনা দরকার। সেদিক থেকে কলকাতার মেয়র তিনি কিছুদিন আগে প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলেন এবং প্রধানমন্ত্রী যখন এখানে এসেছেন তখনও এ কথা বলেছেন এবং সেদিক থেকে পৌরসংস্থা বিক্ষোভ দেখাতে বাধ্য হচ্ছে ন্যায়সংগত কারণে যে কেন্দ্র যদি তার দায়িত্ব না পালন করে এই কলকাতা শহরবাসীর উপর, কলকাতা পৌরসভাকে রক্ষা না করা যায় তাহলে টাকা যদি না দেওয়া যায় তাহলে এই কলকাতা শহরের ৬০ লক্ষ অধিবাসী আজ চরম দুর্গতির মুখে রয়েছে তারা ভেংগে পড়বে, জলসরবরাহ ব্যবস্থা ভেঙ্গে পড়বে, আবর্জনা ব্যবস্থা ভেংগে পড়বে, ড্রেন ভেংগে পড়বে। কলকাতা শহর দুর্গন্ধময় নগরী, আবর্জনাময় নগরী, মিছিল নগরী। এখানে লক্ষ লক্ষ মানুষ চরম বিপর্য্যয়ের মুখে এসে দাঁড়িয়েছে। এই দিক থেকে যুক্তফ্রণ্ট সরকারের কাছে আশা করি প্রধানমন্ত্রী যখন রয়েছেন এবং স্বায়ত্ব শাসন মন্ত্রী যখন দিল্লীতে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন, কেন্দ্রের কাছ থেকে টাকা যদি আনতে না পারা যায় তাহলে নাগরিকদের উপর ট্যাক্সের উপর ট্যাক্স চাপিয়ে সেটা করা সম্ভবপর নয়।

[2-50—3-00 p.m.]

টাকা আমাদের আনতে হবে এবং কেন্দ্রকে সে টাকা দিতে হবে। এই দায়িত্ব সরকারের আছে কলকাতাবাসীকে রক্ষা করার জন্য। আমাদের এখানে যে পৌর আইনের সংশোধনী এসেছে সেখানে আরও অনেক সংশোধনের প্রয়োজন আছে। সেই সংশোধন করবার জন্য একটা মিউনিসিপ্যাল এ্যাক্ট এমেণ্ডমেণ্ট কমিটি করা হয়েছিল—আমি জানি না সেই কমিটির সদস্যরা কি করেছেন কয়েক মাস তো হয়ে গেল সামগ্রিকভাবে আইন পরিবর্তনের জন্য আজ পর্য্যন্ত কিছু হয়েছে কিনা। কলকাতা করপোরেসনের মেয়র তিনি হচ্ছেন কলিকাতা পৌরসভার পরিচালক মাত্র, তাঁর কোন এ্যাডমিনিস্ট্রেটিভ ফাংসান নেই। নির্বাচিত পৌরপ্রধান তাঁর কোন এ্যাডমিনিস্ট্রেটিভ পাওয়ার যদি না দেওয়া যায় তাহলে কি করে চলবে? মেয়র, ডেপুটি মেয়র তাদের হাতে ক্ষমতা দিতে হবে পৌর সংস্থা পরিচালনার জন্য—কারণ তাঁদের দায়িত্ব রইলো—কিন্তু ক্ষমতা রইলো না—এটা প্রহসন মাত্র—এ চলে না, অধিকতর ক্ষমতা মেয়র, ডেপুটি মেয়রকে দেওয়ার দরকার আছে। এবং তার জন্য আইন সংশোধন করতে হবে। আজ দেখেছি ট্যাক্স আদায় করতে গিয়ে পৌরসভা সেখানে কি অসুবিধায় পড়েছে। সেখানে রেণ্টের ভিত্তিতে এসেসমেণ্ট করতে গিয়ে যে ট্যাক্স আদায় হয় তা ঠিক হয় না। কারণ অনেক বাড়ীওয়ালা দেখায় ফিটিং এণ্ড ফিক্সচারস ভাড়া হোল ২০০ টাকা আর ঘরের ভাড়া হোল মাত্র ১০০ টাকা। এজন্য অনতিবিলম্বে এর প্রতিকার যদি না করা যায় তাহলে কলকাতাসহরবাসীকে রক্ষা করা যাবে না। অসাধু বাড়ীওয়ালা তারা ঠিকমত ভাড়া না দেখিয়ে ফিটিং ফিক্শ্চার বলে ভাড়া কম দেখান। তাই এই আইনের পরিবর্তন করা দরকার।

Collection in whatever form এই ভিত্তিতে বাড়ীর ভাড়া যা হবে এবং তার যা এ্যাসুয়েল ভ্যালুয়েসন যা হবে তার উপর কর ধার্য হওয়া উচিত। তাহলে পৌরসংস্থা তাদের ন্যায্য টাকা আদায় করতে পারবে এবং এভাবে আর ব্যাঙ্ক থেকে টাকা ঋণ নেওয়ার জন্য আইন সংশোধন করার দরকার হবে না এবং বার বার এই আর্থিক দুর্গতির কথা উঠবে না। আমি একটা কথা বলি—সাব লেটিং বলে ট্যাক্স ফাঁকি দেন অনেকে এবং একটা কেস আপনি জানেন স্যার, সেই গ্রাউণ্ডে একটি ভাড়াটিয়া খাড়া করে দিয়ে একটা বাড়ীতে ৫০০ টাকা ভাড়া আদায় করা হচ্ছে কিন্তু ৫০।৬০ টাকার ভাড়াটিয়া দেখিয়ে ৫০ টাকার ভিত্তিতে ভ্যালুয়েসন ধার্য হয়ে যাচ্ছে। এর জন্য আইন সংশোধন করা দরকার। সাব-লেটিংয়ের ভিত্তিতে যে ভাড়া দেওয়া হয় সেই ভাড়ার ভিত্তিতে পৌরসভার কর ধার্য করতে হবে এবং প্রত্যেক বাড়ীরই কর এইভাবে ধার্য করতে হবে। আমার বক্তব্য হচ্ছে ঠিকা টেনেন্সি এ্যাক্ট-এর ফলে আজকে বস্তীবাসীরা আসছে যে আমরা পাকা বাড়ী করতে চাই—কিন্তু পৌরসভার আইন-কে যদি পরিবর্তন না করা যায় তাহলে সেটা হতে পারছে না, কারণ তারা স্যাংসন পাচ্ছে না। তাই ঐ পৌর আইনকে পরিবর্তন করে যাতে বস্তীবাসীরা পাকা বাড়ী করতে পারে, যাতে সেই প্ল্যান পাস হয় সেই হাট পাকা বাড়ী হয় সেগুলি অচিরে করা দরকার। বিধানসভায় আইন আমরা পাশ করছি কিন্তু সেই আইন কার্যকরী হচ্ছে না। তাই আমি সনির্বন্ধ অনুরোধ করি স্বায়ত্বশাসন মন্ত্রী মহাশয়কে, তিনি যে বিল এনেছেন তা সীমাবদ্ধ বিল হলেও নাগরিকদের যে চরম দুর্গতি যুক্তফ্রণ্ট সরকার আন্দোলন করেছিল কলকাতাকে বাঁচাবার জন্য এবং এই কলকাতাকে বাঁচাতে গেলে শুধু ব্যাংকে ঋণ নেবার সুযোগ সুবিধা দিলে হবে না, যেখানে ৮ কোটি টাকা ঘাটতি এই পৌরসভার এবং যেখানে সীমিত আয় তার মধ্য দিয়ে কলকাতার নাগরিকের স্বার্থের জন্য কিছু করা যাবে না। কলকাতাকে বাঁচাতে গেলে পৌরসভার আইনকে ঢেলে সাজাতে হবে এবং নির্বাচক মণ্ডলীকে ক্ষমতা দিতে হবে এবং সেজন্যও আইন পরিবর্তন করা দরকার। এগুলি নিশ্চয় করতে হবে এবং স্বায়ত্বশাসন মন্ত্রীকে অনুরোধ করি যে এ্যাক্স এমেণ্ডমেণ্ট কমিটি হয়েছে তাকে আরও ত্বরান্বিত যাতে করা যায় তার ব্যবস্থা করতে হবে। আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি।

**Shri Ramkrishna Saraogi:** Sir, as it appears at the first glance, the sole purpose of introducing this Bill is to allow Calcutta Corporation to raise short term money, short term loans, to overcome the financial difficulties. But on the scrutiny we find a different story. You know, Sir, that the Calcutta Corporation is passing through a great financial difficulty and it has practically become very much difficult for that august body even to meet the day to day expenses. The main income of the Corporation is from the consolidated rate, but as you know, Sir, payment of the bills is not being made immediately and now, then they have to approach the Government for loans. As such, this Bill has been introduced. But, Sir, we find that by introducing this Bill in this shape the State Government has failed to express sufficient faith in the Calcutta Corporation. In the Bill we find that at every stage the Calcutta Corporation will have to take the sanction of the Government. For instance, I would like to mention, for taking a short term loan, each time, previous sanction of Government is necessary. Again, for the puposes of utilisation of this short term loan, Government approval is necessary. Then again, for security of repayment of loan even, Government sanction is necessary. It means that at every stage the permission of Government will be required. This tells the whole story of the Bill. It appears from this that Government has no faith in the Calcutta Corporation and for each and everything, the first citizen of Calcutta, the Mayor of Calcutta, and the Commissioner will have to run to Government for begging and getting sanctions. Each time the Mayor and the Commissioner will have

to go to Writers' Buildings with folded hands and stand at the corridor of Writers' Buildings and say 'bhikshang dehi, bhikshang dehi'. Sir, with this spirit does the Hon'ble Minister wish to say that the Calcutta Corporation will be able to raise short term loan? Again, when we find that State Government is being run by United Front and the Calcutta Corporation is also being controlled by the United Front, does it not amount to showing lack of faith by one set of U. F. in another set of U. F.? I find that the Minister is talking hoarse about decentralisation of Central powers; but as soon as the question of decentralisation of State powers comes up, the Government is sitting tight and nothing is said about that. Sir, if the Government feels that the Corporation is unable to run its business, if the Corporation is unable to serve the people it is better that the Corporation is superseded instead of tying the hands of the Corporation every now and then and compelling the honourable members and officers of that august body to come to the Government every now and then for each sanction.

Than you, Sir.

[ 3-00—3-10 p.m. ]

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের যে উদ্দেশ্য আমি তাকে সমর্থন করি। আমাদের বিরোধীপক্ষের সদস্য সারোগী মহাশয় বললেন এতগুলো ষ্টেজে ষ্টেট গভর্ণমেণ্ট-এর পার্মিশনের দরকার হবে এই বাধানিষেধ ইউনাইটেড ফ্রণ্ট গভর্ণমেণ্ট কেন আরোপ করলেন? আমি বলব নিশ্চয়ই এটা থাকা দরকার। কারণ ক্যালকাটা মিউনিসিপ্যাল আইন যখন সংশোধন হবে তার পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলার মিউনিসিপ্যালিটিগুলি যে আইনের দ্বারা নিয়ন্ত্রিত হয় সেটা পরিবর্তিত হতে পারে। সেইজন্য টাকা যেটা কর্পোরেশন নেবে তার নিরাপত্তার ব্যাপারে ষ্টেট গভর্ণমেণ্টের কিছু দায়িত্ব রয়েছে। এই টাকাটা ষ্টেট ব্যাংক অব ইণ্ডিয়া থেকে আসবে। কাজেই এই যে ৩টি স্তরে ষ্টেট গভর্ণমেণ্টের অনুমতি এটা থাকা দরকার। দু নম্বর কথা তিনি বলেছেন যে, ইউনাইটেড ফ্রণ্ট গভর্ণমেণ্ট যখন রয়েছে তখন এটাকে ডিসেণ্ট্রালাইজ করা উচিত অর্থাৎ পাওয়ার ডিসেণ্ট্রালাইজ করা উচিত। এই পাওয়ার ডিসেণ্ট্রালাইজ করার ব্যাপারে আমরাও একমত। কিন্তু কথা হচ্ছে মূল আইন ১৯৫১ সালে যখন রচিত হয়েছে তখন তো আপনাদের দলেরই কর্তৃত্ব ছিল, তখন এই ডিসেনট্রালাইজ করবার কথা কেন ভাবেননি? তখন তো আপনারা শুধু কি করে সব কিছু সেনট্রালাইজ করা যায়, ষ্টেট গভর্ণমেণ্টের হাতে রাখা যায় এই সমস্ত কাজ করেছেন। যাহোক মাননীয় স্পীকার মহাশয়, এখন আমি আপনার মাধ্যমে ইউনাইটেড ফ্রণ্ট গভর্ণমেণ্টের কাছে এই অনুরোধ রাখছি যে, সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে ডিসেনট্রালাইজ করার দিকে একটি পূর্ণাঙ্গ আইন তাড়াতাড়ি যেন বিধান সভায় আসে। তারপর, এই টাকা নেবার ব্যাপারে প্রশ্ন আসছে যে এই টাকা কখন নেবে? এই টাকা নেবার উদ্দেশ্য প্রধানতঃ থাকা উচিত কোন একটি স্কীম করার সময়। আমাদের এই কোলকাতা পশ্চিমবাংলার রাজধানী এবং পুরান একটি শহর। কিন্তু দুঃখের বিষয়, এই শহর যেভাবে উন্নত হওয়া উচিত ছিল সেইভাবে উন্নত নয়। বোম্বে, মাদ্রাজের সংগে তুলনা করলে দেখা যাবে আমাদের স্যানিটেশন, ড্রেনেজ তাদের মত উন্নত নয়। এটা একটা বিরাট সমস্যা রয়েছে এবং এই সমস্যার সমাধানের কথা চিন্তা করলে দেখি কোলকাতা কর্পোরেশনের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয়। এর আগে আমাদের পক্ষের একজন মাননীয় সদস্য যেকথা বলেছেন তার সংগে আমি একমত যে, কোলকাতার উন্নয়নের জন্য কেন্দ্রের সমস্ত দায়িত্ব নেওয়া উচিত। আমি রাজ্য-সরকারকে অনুরোধ করব তাঁরা যেন কেন্দ্রের উপর চাপ দেন যাতে কোলকাতাকে এক সর্বাঙ্গীণ সুন্দর শহররূপে তাড়াতাড়ি গড়ে তোলা যায় এবং তারজন্য সমস্ত আর্থিক দায়িত্ব কেন্দ্রীয় সরকারের

নেওয়া উচিত। এখন আইন সংশোধন হচ্ছে যে, রেভিনিউ খরচের জন্য টাকা ধার নেওয়া যেতে পারে। এর প্রয়োজনীয়তা রয়েছে, কারণ অনেক সময় দেখা যায় কর্মচারীদের মাইনে দিতে হবে অথচ টাকা পয়সা থাকে না। কাজেই সেদিক থেকে এর প্রয়োজন হতে পারে। কিন্তু নিয়মাবলী রচনার সময় এটা থাকা উচিত যে, কোন একটি স্কীম বা প্রজেক্ট হয়ত রূপায়িত করা যাচ্ছে না, অথচ যার জরুরী প্রয়োজন রয়েছে, সেখানে যেন এই টাকা খরচ করা হয়। স্যার, আমরা সংবাদপত্রে পড়েছি কোলকাতা কর্পোরেশন পার্কিং অব কার-এর জন্য একটা ট্যাক্স বসাচ্ছেন। এটা ভাল জিনিস। উপর তলার লোক যাদের হাতে বেশী টাকা আছে, যাদের গাড়ী আছে, তাদের গাড়ী পার্কিং-এর ক্ষেত্রে কর্পোরেশন একটা ট্যাক্স বসাচ্ছেন এবং তার মাধ্যমে ১ কোটি টাকা সংগ্রহ করতে চাচ্ছেন। আমি কোলকাতা কর্পোরেশনকে অভিনন্দন জানাচ্ছি, কারণ তাঁরা নূতন করে ভেবে চিন্তে টাকা সংগ্রহ করবার চেষ্টা করছেন। আর একটা রয়েছে, যেখানে বলছেন যে সমস্ত টাকা শোধ দিতে হবে। এখন এটা হয়তো হতে পারে—ধরুন কর্পোরেশন ২০ লক্ষ টাকা নিয়েছে কিন্তু তার শতকরা ৮০ ভাগ টাকা শোধ দিয়েছে বাকীটা তখনও দিতে পারেনি। সেইক্ষেত্রে বাকি ২০ ভাগ টাকা শোধ দেবার আগেই একটা হয়তো জরুরী অবস্থা তাদের সামনে এসে পড়লো, আর কিছু টাকা পেলেই সেই কাজটা হতে পারে। এখন অন্যান্য আইনে যা আছে, যেমন কোঅপারেটিভ বা অন্যান্য সংস্থা থেকে কৃষকরা যে টাকা নেয়, সেটা শোধ না করলে আবার টাকা তারা পেতে পারতো না, কিন্তু ইউনাইটেড ফ্রন্ট আসার সঙ্গে সঙ্গে সেটা আরো লিবারেলাইজ করা হয়েছে। যে পরিমাণ টাকা সে শোধ দেবে, সেই পরিমাণ টাকা সে জরুরী অবস্থায় পেতে পারবে। যখন নূতন নিয়মাবলী রচনা করবেন তখন যেন এই বিষয়টা দেখা হয়, এটা মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি আপনার মাধ্যমে যে, যে পরিমাণ টাকা শোধ দেওয়া হবে, দরকার হলে যেন সেই পরিমাণ টাকা তারা পেতে পারে। এই বলে বিলটাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয় যে বিলটা এনেছেন—আমাদের তরফ থেকে যে কথা বলা হয়েছে এবং বিরোধী পক্ষ থেকেও কিছু বলা হয়েছে যে টাকা সমস্ত না ফেরৎ হলে আর টাকা দেওয়া হবে না। অবশ্য উনি একদিকে গার্ড রেখেছেন যে যত খুসী টাকা কর্পোরেশনের মেয়র ব্যাংক থেকে নিয়ে নেবেন এবং সেই টাকা ফেরৎ দেবার নাম করবেন না। এই বিষয়ে গার্ড দেবার যেমন দরকার আছে আবার আর একটা দাঁড়াচ্ছে অবিশ্বাস। অবিশ্বাসের কথা বলছি এইজন্য যে আমি জানিনা আজ হয়তো একদল আছে, আবার হয়তো আর এক দলের মেয়র সেখানে আসতে পারে, সেখানে অবিশ্বাসের প্রশ্ন আসতে পারে। গার্ড হিসাবে ঠিক মতই হয়েছে, কিন্তু তা সত্বেও আমি বলবো যে কলকাতা কর্পোরেশনের মত একটা বড় প্রতিষ্ঠান, যেখানে কোটি কোটি টাকা বছরে খরচ হয়, সেটা কোন লিকুইডেটেড ফার্ম নয়, ব্যাঙ্করূপ্সি হয়েছে বলেও মনে করি না। কর্পোরেশনে সাময়িকভাবে অর্থাভাব হয়েছে, এখানে টাকা তোলার অনেক সুযোগ সুবিধা আছে, যেমন কার পার্কিং করে একটা টাকা তারা তুলেছেন এই সমস্ত ট্যাক্স করে তারা টাকা তুলতে পারবেন। আমি বলবো বড় বড় যে সমস্ত মাল্টিষ্টোরিড, বিল্ডিং আছে যারা ২০ হাজার, ৩০ হাজার টাকা করে সেলামী নেন, তাদের উপর আরও বেশী করে ট্যাক্স বসানো দরকার কলকাতা শহরে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড়বাজার এলাকায়, পার্কষ্ট্রীট এলাকায় এবং দক্ষিণ কলকাতার অভিজাত পল্লীতে কোথাও টু রুমড, থ্রি রুমড ফ্ল্যাট ৫০০ টাকা, হাজার টাকার নিচে পাবেন না। এবং এই শুধু নয়, তাদের ৫/১০ হাজার টাকা সেলামী দিতে হয় বাড়ীওয়ালাকে। সেই জন্য আমি বলছি যে কলকাতা কর্পোরেশনের টাকা আয়ের অনেক রকম রাস্তা আছে। শুধু ব্যাঙ্ক থেকে লোন নিয়েই কর্পোরেশনের চলবে না। শুনেছিলাম নিউ মার্কেটকে মাল্টিষ্টোরিড বিল্ডিং করা হবে, এটা করা হলে এর থেকে অনেক টাকা রোজগার হতে পারে। ছেলে বেলা থেকে আমরা একটা কথা শুনে আসছি কলকাতা কর্পোরেশন সম্পর্কে যে কর্পোরেশন নয়, চোর্পোরেশন, সেই বদনাম, আমাদের যারা যুক্তফ্রণ্টের

বন্ধুরা দায়িত্ব নিয়েছেন, তাদের সময়ও এই নামটা মুছে যায়নি বরং আগে যেমন ছিল, এখন দেখছি সেটা আরও বেড়েছে।

তাই আমি শুধু বলব আমার বিরোধী দলের একজন মাননীয় বন্ধু বললেন যে কলকাতা কর্পোরেশনের জন্য ১শো কোটি টাকা প্রয়োজন। অনেকদিন আগে কাগজে বেরিয়েছিল কলকাতা কর্পোরেশানকে যদি ভালভাবে চালাতে হয়, রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হয়, পাড়ায় পাড়ায় যদি ময়লা পরিষ্কার করতে হয় তাহলে নিশ্চয়ই কলকাতা কর্পোরেশনের ১শো কোটি কেন আরো বেশী টাকার দরকার হবে। যিনি এস্টিমেট করেছেন তিনি একটু কম করে করেছেন। স্যার, আপনি কলকাতার অধিবাসী, দক্ষিণ কলকাতায় থাকেন, কিন্তু যারা উত্তর কলকাতায় থাকে, সমর রুদ্র মহাশয় উত্তর কলকাতায় থাকেন, তিনি জানেন উত্তর কলকাতায় ফুটপাথ দিয়ে হাঁটা বিপদজনক। সমরবাবু যে কথা বলেছেন সেটা ঠিক, কিন্তু এই ১শো কোটি যদি এঁরা ভেবে থাকেন যে কেন্দ্র দেবে তাহলে ভুল করবেন। কেন্দ্রকে বহু কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি সারা ভারতবর্ষে দেখতে হচ্ছে, শুধু কলকাতা নয়। তবে হ্যাঁ, কলকাতা সম্বন্ধে আমাদের দাবি আছে। কারণ, কলকাতা তথা পশ্চিমবঙ্গ থেকে যত জুট ট্যাক্স, কয়লা ট্যাক্স, চায়ের ট্যাক্স, ইনকাম ট্যাক্স যা আমরা পাই, সেই অনুপাতে আমরা কলকাতার জন্য বেশী টাকা দাবি করতে পারি। কিন্তু তাই বলে কেন্দ্রের বিরুদ্ধে আন্দোলন করে টাকা আদায় করব এটা কলকাতার মানুষকে একটা ধোঁকাবাজী দেওয়া ছাড়া আর কিছু নয়। তাই মাননীয় লাহিড়ী মহাশয়কে আমি বলব যে আপনি রাইট কমিউনিষ্ট, আর উনি হচ্ছেন লেফ্‌ট কমিউনিষ্ট, আপনি ওঁকে বিশ্বাস করছেন না, কিন্তু কালকে রাইট কমিউনিষ্ট, বা ফরওয়ার্ড ব্লক বা অন্য কোন দলের লোক মেয়র হবেন, মেয়র হচ্ছেন ফার্স্ট সিটিজেন, অতএব তাঁকে অবিশ্বাস করলে চলবে না। সেজন্য বলছি আমাদের তরফ থেকে আমার বন্ধু সরোগী যে এ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন সেটা মেনে নিলে ভাল হবে।

[ 3-10—3-20 p.m. ]

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রিমহাশয় ১৯৫১ সালের ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টের উপর যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন তার জন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তবে আপনার মাধ্যমে আমি তাঁর দৃষ্টি দুটি লাইনের প্রতি আকর্ষণ করছি। ২ নম্বর অনুচ্ছেদে প্রথম প্যারাগ্রাফে যে কথা বলেছেন The loan repayable within any period not exceeding 12 months. এটা কলকাতা কর্পোরেশানের পক্ষে সব সময় সম্ভব হবে কিনা সেটা তিনি যদি একটু ভালভাবে ভেবে দেখেন তাহলে ভাল হবে। কারণ, কলকাতা কর্পোরেশান-এর আর্থিক অবস্থা দৈন্যতার চরম সীমায় এসে পৌছেচে এবং তার পক্ষে বোধ হয় বারে বারে লোন নেওয়া প্রয়োজন হয়ে উঠবে। সেজন্য ১২ মাস রিজিড না রেখে সেটাকে যাতে ফ্লেকসেবল করা যায় তার জন্য যদি চেষ্টা করেন তাহলে তাঁকে ধন্যবাদ জানাব। দ্বিতীয়তঃ সেকেণ্ড প্যারাগ্রাফে যে কথা বলা হয়েছে Until after the repayment of the previous loan. এক্ষেত্রে আমরা বলছি যে হয়ত কলকাতা কর্পোরেশানের প্রায়ই লোনের দরকার হয়ে পড়তে পারে, সেক্ষেত্রে এই যুক্তিটা তিনি যেন ফ্লেকসেবল রাখেন। সমস্ত লোন পরিশোধ না করলেও যাতে তারা কিছু কিছু লোন পেতে পারে সেজন্য যেন সরকার ব্যবস্থা করেন। এই প্রসঙ্গে আমি এই কথা বলতে গিয়ে কলকাতা সম্বন্ধে দু'একটা কথা না বলে পারছি না। আপনি জানেন যে কলকাতা শহর স্বাধীনতার আগে পর্যন্ত ভারতের বৃহত্তম এবং প্রধানতম শহর ছিল, কিন্তু আজকে যে অবস্থায় কলকাতা এসে পৌচেছে তাতে কলকাতাকে চক্রান্ত করে ভারতের তৃতীয়, চতুর্থ শ্রেণীর শহরে নামিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। আপনারা জানেন স্বাধীনতার পর থেকে পণ্ডিত জহরলাল নেহেরু যতদিন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন ততদিন তিনি কলকাতাকে দেখতে পারতেন না, তিনি কলকাতা সম্বন্ধে নানারকম কথা বলে গেছেন, মিছিল

নগরী, দুঃস্বপ্নের শহর বলে গেছেন। এটা অন্য কোন কারণে নয়, যেহেতু এই কলকাতা ভারতের স্বাধীনতা আন্দোলনের প্রধান পীঠস্থান ছিল, যেহেতু কলকাতা ভারতের বিপ্লবের প্রধান কেন্দ্র ছিল, যেহেতু কলকাতা ভারতের বড় বড় বিপ্লবী নেতাজী প্রমুখ বিপ্লবীদের প্রধান কর্মক্ষেত্র ছিল, সেহেতু এই কলকাতা তাঁর চোখের নিদ্রা দূর করে দিয়েছিল। সেজন্য তিনি মনে করেছিলেন কলকাতাকে যদি ভালভাবে রাখা যায় তাহলে কেন্দ্রে কংগ্রেসের গদি থাকবে না সেজন্য তিনি কলকাতাকে নানাভাবে বিপর্যস্ত করবার চেষ্টা করেছিলেন। আজকে কলকাতার যে অবস্থা তাতে সাম্রাজ্যবাদী ফরাসী কবি রুডিয়ার্ড কিপলিং বলেছিলেন Chance directed, chance erected the city of the walls. আজকে সেই কথা আমাদের মনে পড়ছে যেটাকে সম্পূর্ণ ভাগ্যের উপর ছেড়ে দেওয়া হচ্ছে এবং ভাগ্যের উপর এর অস্তিত্ব এবং সমৃদ্ধি নির্ভর করছে। কিন্তু কলকাতাকে বাঁচাতে হবে, কারণ কলকাতা যদি না বাঁচে তাহলে পশ্চিমবঙ্গ বাঁচবে না। কলকাতা না বাঁচলে পশ্চিমবঙ্গের সমস্ত সংস্কৃতি নষ্ট হয়ে যাবে। ইংলণ্ডের লনডন যেমন ঐতিহ্যপূর্ণ ফ্রান্সের প্যারিস যেমন ঐতিহ্যপূর্ণ, জার্মানীর বার্লিন যেমন ঐতিহ্যপূর্ণ, রাশিয়ার মস্কো যেমন ঐতিহ্যপূর্ণ, বাংলার কলকাতা তেমন ঐতিহ্যপূর্ণ। তাই বাংলাকে যদি বাঁচাতে হয় তা হলে কলকাতাকে বাঁচাতে হবে এবং সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো আমরা রাজ্যপালের ভাষণে বলেছি যে কেন্দ্রীয় সরকার কলকাতার জন্য প্রথমে ১০০ কোটী টাকা এ্যালট করেছিলেন তারপর সেটাকে কাটেল করে ৮০ কোটী, তারপরে ৪৩ কোটী টাকায় নামিয়ে দিয়েছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে সময় এসেছে, কেন্দ্রকে চাপ দিয়ে কলকাতার জন্য ১০০ কোটী বা তার চেয়ে বেশী টাকা আদায় করতে হবে। আজকে যেমন কেন্দ্রের উপর ডি,এম,কে চাপ দিয়েছে অন্যান্য রাজ্য চাপ দিয়েছে, আসাম কেন্দ্রের উপর চাপ দিয়ে দ্বিতীয় তৈল শোধনাগার আদায় করে নিয়েছে, তেমনি আজকে পশ্চিমবঙ্গ সরকার এই সুযোগে কেন্দ্রের উপর চাপ দিন কলকাতাকে বাঁচাবার জন্য যে কলকাতার জন্য তাদের যে প্রতিশ্রুতি ১০০ কোটী টাকা সেটা অবিলম্বে দিতে হবে। এই আবেদন জানিয়ে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদীন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল অত্যন্ত সংক্ষিপ্ত বিল, এর উদ্দেশ্য মাননীয় স্বায়ত্বশাসন মন্ত্রিমহাশয় এখানে রেখেছেন, কিন্তু আমার পাশে সরকার পক্ষের সদস্য হঠাৎ উষ্ণতা প্রকাশ করতে আরম্ভ করলেন কেন জানিনা। আমার তরুণ বন্ধু বিশ্বনাথ দাস ঘোষ মহাশয় এমন বক্তৃতা করলেন যেন জহরলাল নেহেরু যেন স্বাধীনতার বিরোধীতা করেছিলেন এরূপ একটা ভাব জানাতে চেষ্টা করলেন। জহরলাল সম্বন্ধে তাঁর এরূপ জ্ঞান দেখে এদের করুণা করতে ইচ্ছা করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার বক্তব্য এই যে, ধার করা বা ঋণ করা কোন স্থায়ী সমস্যার প্রতিকার নয় এবং মূলধনী খাতে একটার পর একটা টাকা লেগে যাচ্ছে এ টাকা একদিনে দিতে পারবে না। এত টাকা খরচ করা হচ্ছে পরিশোধ করতে পারবে না এটা বিচার্য্য বিষয়। কিন্তু রাজস্ব খাতে কলকাতা পৌরসভার মত একটা বিরাট সংস্থার যেটা এতদিন আমরা এ পক্ষের যারা আছি তারা পরিচালনায় ছিলাম, কিন্তু এখন যারা বসেছেন তারা ঐ পক্ষে বসে আছেন। ঐ সময় রুদ্র সাহেবরা মনে করতেন যে এত সমালোচনা কলকাতার পরিচালনা সম্বন্ধে করেছিলেন যে এতে না জানি কি আছে। আমরা পারছি না অযোগ্যতার জন্য, ওঁরা গেলে একেবারে স্বর্গপুরী করে দেবেন। আজকে জনসাধারণের আশীর্ব্বাদে ওঁরা ওখানে গেছেন। ওখানে গিয়ে দেখেন হাবুডুবু খাচ্ছেন। আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয় জানেন প্রতি সেসানে ১টা ২টা ৩টা করে পৌরসভা সংশোধনী বিল আনছেন এটা প্রতি সেসানেই। আজকে হাবুডুবু খেতে আরম্ভ করেছেন। আমরা চাই দায়িত্ব নিয়ে কার্য্য পরিচালনা করুন। তার মানে এই নয় যে গোটা সংস্থাকে লাইবিলিটি দিয়ে ভর্ত্তি করে দেবো।

[3-20—4-00 p.m.]

কিন্তু তার মানে এই হওয়া উচিত নয় যে গোটা সংস্থাকে লোন দিয়ে চালান হবে। স্বয়ংশাসিত সংস্থার মত সংস্থা যেখানে মূলধনে কিছু ঋণের ব্যবস্থা আছে সেখানে রাজস্ব খাতে তাদের লাগছে এবং এই যে লোন বাড়ছে এইটা কিভাবে ঋণ না করে প্রতিকার করা যায় সেটা দেখতে হবে। আয় কিভাবে বাড়ান যায় সেদিকে মন্ত্রিমহাশয় যেন দৃষ্টি দেন এবং পরিচালনার দায়ীত্বে যিনি থাকবেন তিনি সেইভাবে পরিচালনা করবেন বলে আশা করি এবং তাহলে আমরা আনন্দিত হব। আমার নিজের বক্তব্য এই যে কলকাতার সমস্যা দীর্ঘদিন ধরে আছে এবং বাড়ছে। এর আয় বৃদ্ধি করতে না পারলে ঋণ করে কিছু সমস্যার সমাধান করা যাবে না। সুতরাং আমি নিবেদন করব কলকাতা পৌরসভার আয় কিভাবে বাড়ান যায় সেদিকে দৃষ্টি দিন। এটা আয় বাড়ানোর উপায় নয়। কলকাতার মত জায়গায় বস্তী আছে এবং এখানে তাকান যায় না এমন রকম বড় বড় বাড়ী আছে এবং সেই সব বাড়ীওয়ালাদের গায়ে হাত দিতে ওঁরা চাইছেন না! আমাদের সময় বহু আস্ফালন করতেন, কিন্তু এখন কোন্ মন্ত্রবলে, কোন্ পারিতোষিকের বিনিময়ে, কিসের তোষাজে আজকে ওঁরা এ ব্যাপারে নীরব হয়ে যাচ্ছেন? এই চরিত্র ওঁদের সব জায়গায় প্রকট হয়ে যাচ্ছে। কালকে আপনি নিজে শুনেছেন? ওঁদের বিভক্ত করতে চাই না, ওঁরা নিজেরাই বিভক্ত হয়েছেন। আজকে স্পষ্ট করে বলতে চাই ইন্দিরা গান্ধীর নেতৃত্বে কংগ্রেসে যে বলিষ্ঠ নেতৃত্ব এসেছে তা সাধারণের উপকারের জন্য চেষ্টা করে যাবে। ওঁদের বিরোধীতা করার প্রয়োজন নেই, ওঁদের সাহায্য করেই যাব। কাজেই উষ্মা প্রকাশের প্রয়োজন নেই। সম্ভবপর সকল প্রকার সাহায্য দেশের সাধারণ মানুষের কল্যাণের জন্য জাতীয় কংগ্রেস এবং ইন্দিরা গান্ধীর বলিষ্ঠ নেতৃত্ব করে যাবে। আমরা আশা করবো সেদিক থেকে বিরোধীতা করবেন না।

**শ্রীসোমনাথ লাহিড়ী :** মাননীয় স্পীকার মহাশয়, আমি সময় বাঁচাবার জন্য এখন বলতে চাই না। ক্লজ ষ্টেজে বলব।

The motion of Shri Somnath Lahiri that the Calcutta Municipal (Amendment) Bill, 1970 be taken into consideration, was then put and agreed to.

### Clause 1

The question that Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 2

**Mr. Speaker :** There are amendments to Clause 2 by Shri Aswini Roy, Dr. Zainal Abedin and Shri Ramkrishna Saraogi. Now amendments Nos. 1 and 3 in the name of Shri Aswini Roy are out of order. Dr. Zainal Abedin may please move his amendment.

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that in clause 2, in proposed section 153A, line 6, for the words "twelve months" the words "six months" be substituted.

**Shri Ramkrishna Saraogi :** Sir, I beg to move that in clause 2, the proviso to proposed section 153A be omitted.

Sir, in this connection I want to submit that the provision here appears to be very peculiar because the Corporation, when it takes some loan from the State Bank, may not pay the entire amount at a time. Supposing the Corporation has taken a loan of about Rs. 50 lakhs from the State Bank of India, it may make repayment in instalments, and

supposing it has already paid a sum of Rs. 30 lakhs and the balance is Rs. 20 lakhs. Then, in case the Corporation again requires another Rs. 20 lakhs, it cannot get the money from the Bank according to this provision. So I suggest that this provision be dropped and the Corporation be given necessary powers to raise the funds from time to time from the State Bank of India. This, Sir, is my humble submission to the Hon'ble Minister-in-charge and I hope he will accept my amendment.

**শ্রীসোমনাথ লাহিড়ী :** স্যার, আমি কোন এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করতে পারছিনা কারণ যেটা বলা হয়েছে যে প্রোভাইসোটা তুলে দেওয়া হোক আর প্রিভিয়াস লোন সম্পূর্ণ শোধ না হলেও লোন মঞ্জুর করা যেতে পারবে এই মর্মে যে সংশোধনীগুলি এসেছে তাতে একটা অসুবিধা আছে। কর্পোরেশনের এতদিন রাজস্ব খাতে কোন লোন নেবার অধিকার ছিলনা কি কারণে ছিলনা তার মধ্যে না গিয়ে আমরা জানি কর্পোরেশনের অর্থকৃচ্ছ্রতা আছে সেইজন্য কর্পোরেশনকে সাময়িক লোন নেবার একটা ব্যবস্থা করে দেওয়া দরকার। তেমনি অর্থকৃচ্ছ্রতা আছে এবং স্বভাবতঃই তার জন্য বেশী লোন নিতে পারে সেইজন্য তার এগেনষ্টে গার্ড থাকা দরকার। কাজেই এতদিন ধরে যেখানে কিছুই ছিলনা সেখানে কিছু দেওয়া হল তেমনি যাতে এটা খুব বেশী অপব্যবহার না করতে পারে তার জন্যও সাবধানতা অবলম্বন করা হয়েছে। সাময়িক আর্থিক সংকট হলে সাধারণতঃ সরকারই ওয়েজ এ্যাণ্ড মিন্স হিসাবে এ্যাডভান্স দেন, কিন্তু কোন কোন সময় সরকারের পক্ষে সম্ভব হয় না শুধু সেই সময়েই তাকে লোন নিতে হবে ব্যাঙ্ক থেকে। যদি প্রয়োজন হয় তাহলে তখন অর্থের ও সঙ্কটের পরিধি বিবেচনা করে ভবিষ্যতে সংশোধন করা যাবে। আপাততঃ আমার মনে হয় এটাই উচিত এবং এইভাবে থাকাই ভাল।

The motion of Dr. Zainal Abedin that in clause 2, in proposed section 153A, line 6, for the words "twelve months" the words "six month" be substituted, was then put and lost.

The motion of Shri Ramkrishna Saraogi that in clause 2, the proviso to proposed section 153A be omitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shir Somnath Lahiri :** Sir, I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 30 minutes)

(After adjournment)

[ 4·00—4-10 p.m. ]

### Point of Order

**শ্রীনেপালচন্দ্র রায় :** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, আজকে আমরা দেখছি বুলেটিন পার্ট ওয়ানে যেখানে লেখা আছে Brief record of the proceedings of the House তাতে দেখছি লেখা আছে The following Members and Ministers took part

in the debete. সদস্যদের নাম লেখার পর লেখা আছে Shri Ajoy Kumar Mukhopadhyay. আমি জিজ্ঞাসা করছি যে, মন্ত্রীরা যে তিনজন এখানে বক্তৃতা করেছিলেন তারা গভর্মেন্টের রিপ্লাই হিসাবে বলেননি, তারা শুধু ডিবেটে ডিস্কাশান করেছিলেন। শুধু মুখ্যমন্ত্রী তিনি রিপ্লাই দিলেন? আর মন্ত্রিরা যা বললেন তা তাদের ব্যক্তিগত মতামত। কারণ, তাঁরা কাল এক একজন এক এক রকম কথা বললেন এটা স্যার ক্লারিফাই হওয়া দরকার। যে তিনজন মন্ত্রী এখানে তাদের বক্তব্য রাখলেন সেটা গর্ভমেন্টের রিপ্লাই নয়, শুধু রিপ্লাই দিয়েছেন মুখ্যমন্ত্রী। এই বুলেটিন পড়ে কি আমরা বুঝব?

**মিঃ স্পীকার:** There is no point of order in this. এখানে যিনি খুশী বলতে পারেন, এখানে প্রত্যেকেরই ফ্রিডম অব স্পীচ আছে।

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, আমার পয়েন্ট অব অর্ডারটা আপনি হয়ত বুঝতে ভুল করেছেন। আমি বলতে চেয়েছি যে, কোন মন্ত্রী গর্ভনর এ্যাড্রেসের উপর রিপ্লাই দিলেন। জ্যোতিবাবু তার বক্তৃতায় এমেণ্ডমেন্টের বিরোধীতা করে রিপ্লাই দিলেন এবং অন্যান্য মন্ত্রী যেমন হরেকৃষ্ণবাবু, সুশীলবাবু, যতীনবাবু যে সব কথা এখানে বললেন তাতে আমরা বুঝতে পারছিনা যে কে রিপ্লাই দিল? এঁরা কি সব জেনারেল মেম্বার হিসাবে ডিবেটে ডিস্কাশান করলেন না মন্ত্রী হিসাবে বললেন?

**Mr. Speaker:** You can draw your own conclusion, I have nothing to say.

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, আমরা সেটাই তো বুঝতে চাই আপনার কাছে। আইনটা কি?

**মিঃ স্পীকার:** আপনি আর বক্তৃতা দিবেন না, কাল অনেক বক্তৃতা হয়েছে। কে কি ভাবে বলেছেন আমি জানিনা। I have nothing to do. I am not here to interpret the law, you can draw your own conclusion.

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** স্যার, আমাদের বড় দুর্ভাগ্য যে নেপাল রায় কনস্টিটিউশানাল পয়েন্টে কথা বলছে।

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, আমাদের আজ সত্যিই খুব দুভাগ্য যে, যতীন চক্রবর্তীর মত লোক আজ পার্লামেণ্টারী এ্যাফেয়ার্স মিনিষ্টার হয়েছে।

## THE WEST BENGAL HOMOEOPATHIC SYSTEM OF MEDICINE (AMENDMENT) BILL. 1970

**Shri Nani Bhattacharya:** Sir, I beg to introduce the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

Sir, I place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

এবং এ সম্বন্ধে একটা কথা বলতে চাই। এই বিলটী খুব ছোট। ১৯৬৬ সালের ৩১শে জুলাই পর্য্যন্ত যাঁরা হোমিওপ্যাথিক প্রাক্‌টীস্ করে আসছেন তিন বছর ধরে, এই আইন চালু হবার আগে তাঁদের registration-এর দরখাস্ত করবার মেয়াদ ছিল। এর পরে অনেক জায়গা থেকে

অনেক রকম চিঠিপত্র আমাদের কাছে আসার দরুন আমি দেখলাম এই বিলের প্রচার বা আইনের প্রচার ঠিকমত হয় নাই। তার ফলে দুর দুরান্তর অঞ্চলে বিশেষ করে গ্রামে অনেকে যাঁরা হোমিওপ্যাথিক প্রাক্‌টীস্ করেন, তাঁরা ঐ নির্দিষ্ট তারিখের মধ্যে অর্থাৎ ১৯৬৬ সালের ৩১শে জুলাই তারিখের মধ্যে দরখাস্ত করতে পারেননি এবং সেইজন্য এই রেজিষ্ট্রেশনের মেয়াদ ১৯৭০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বাড়িয়ে দেওয়া হচ্ছে। আইন সভার অধিবেশন না থাকায় অর্ডিন্যান্স আকারে এটা করা হয়েছিল এখন সেই অর্ডিন্যান্সের বিভিন্ন ধারাগুলিই আজকে বিল আকারে এখানে উপস্থাপিত করা হচ্ছে। সেটা হচ্ছে রেজিষ্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি চলতি ১৯৭০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত। আমি আশা করি বিলের সমর্থন মাননীয় সদস্যদের কাছ থেকে পাওয়া যাবে।

এই বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

I move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1970, be taken into consideration.

**ডঃ জয়নাল আবেদীনঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে স্বাস্থ্যমন্ত্রি বললেন এই আইনের বিধানগুলি ঠিকমত প্রচারিত নাই বলে পরবর্তীকালে তিনি একটী অর্ডিন্যান্স করতে বাধ্য হয়েছেন। আমার বক্তব্য হচ্ছে উনি যেটা চেয়েছেন এর প্রচারের মেয়াদ ১৯৭০ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত করবার জন্য। এটা আরো ব্যাপকভাবে সব জায়গায় প্রচার করার যেটুকু সময় পাওয়া যাবে, তাতে তখন আবার আর একটা difficulty আরম্ভ হবে। সেইজন্য আমার যে সংশোধনী প্রস্তাব দিয়েছি, তাতে এর মেয়াদ আরো কিছুদিন বাড়িয়ে দেবার জন্য বলেছি। Homoeopathic System is a very innocent system. অনেক জায়গা আছে—সহরেও বাঘাবাঘা হাসপাতাল ও বাঘাবাঘা সব ডাক্তার সার্জন থাকা সত্বেও সেখানকার লোকেরা এই হোমিওপ্যাথির আশ্রয় নিয়ে থাকেন। কারণ It is a popular system of medicine. খবর পেল না এই অজুহাতে কেউ যেন এই হোমিওপ্যাথিক মেডিসিন সিষ্টেম থেকে বাদ না পড়ে বা অধিকার থেকে বঞ্চিত না হতে পারে। উনি যে উদ্দেশ্যে এটা এনেছেন আমিও সেইজন্য তাকে আরো ব্যাপক করতে বলছি। যুক্তফ্রন্ট সরকার এখন যে হালেতে চলছে, তাঁরা নিজেরা ঝগড়া করবে, না, যাইবে এটা প্রচার করবে? তাই আমি মনে করি, অত অল্প সময়ে এই প্রচার ব্যাপক ও সর্বাঙ্গীন হবে না। তাই আমি অনুরোধ করছি এই প্রচারের মেয়াদ আরো বাড়িয়ে দিন। আপনি যেটা বলছেন ১৯৭০ সালের ৩১শে ডিসেম্বর এটাকে আমি বাড়িয়ে দিতে বলছি ৩১শে ডিসেম্বর ১৯৭১ সাল পর্যন্ত। আর কিছু নয়। এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে আমরা একমত। এর কোন বিরোধিতা আমরা করছি না, সমর্থন করছি। আপনি যে ক্রটি স্বীকার করে নিয়েছেন প্রচার হয়নি বলে, পরবর্তীকালে আরো যে সেই সম্ভাবনা দেখা যাচ্ছে আপনাদের পারস্পরিক ঝগড়া কলহ ইত্যাদি দেখে। তাই আমরা একটু ভয় পাচ্ছি।

(A voice: তাতে আপনার কী?)

এখন আমাদের করুণা করবার যুগ! আর কিছু নয়। আমি আশা করি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়, আমার প্রস্তাব গ্রহণ করবেন। যুক্তফ্রন্ট সরকারে আসার পর কংগ্রেসে যে প্রদর্শিত পথ ছিল গ্রামাঞ্চলে ও সহরে ব্যাপকভাবে হাসপাতাল ও শয্যা সংখ্যা বৃদ্ধি করা, সেটা তারাও গ্রহণ করবেন।

যে হারে কংগ্রেস সরকার ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত এগিয়েছেন ওঁরা কিন্তু সেই হারে এগুতে পারছেন না। আমাদের ভয় হয় যে, ওঁরা শুরু করে ফেলবেন, কারণ বাংলাদেশে কোন উন্নয়ন সম্ভবপর নয়। উন্নয়ন সম্ভবপর হবে, আর ওঁদের আন্দোলন সম্ভবপর নয় একসংগে দুটি পরস্পর বিরোধী কাজ চলতে পারে না। সেইজন্য আমি বলছি হোমিওপ্যাথি খুব ইনোসেন্ট সিস্টেম, কাজেই এই সময়টা কিছু বাড়িয়ে দিন। এর বেশী আর কিছু বলার নেই।

[ 4-10—4-20 p.m. ]

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, এখানে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল উত্থাপন করেছেন তার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। অবশ্য এখানে আবেদিন সাহেব বলেছেন এর মেয়াদ কিছু বাড়িয়ে দেয়ার জন্য। তার একটা উদ্দেশ্য হল উনি আর একটা রেজিষ্ট্রেশন নেবার তালে ঘুরছেন, সময় একটু বেশী পেলে উনি এটা কব্জা করবেন। যাহোক আমি বলতে চাই—আমরা বিশেষ করে জানি যে, গ্রামে এখনও পর্যন্ত যে অবস্থা, বিশেষ করে মানুষের যে আর্থিক অবস্থা সেই অবস্থায় হোমিওপ্যাথি চিকিৎসার একটা বিশেষ গুরুত্ব আছে। কারণ আমরা জানি যে, সামগ্রিক চিকিৎসার ক্ষেত্রে বিশেষ করে এলোপ্যাথি চিকিৎসার ক্ষেত্রে, সেখানে মেডিসিনের যা দাম বেড়ে গেছে সেটা খুবই আশ্চর্যজনক। আমরা জানি এবং আপনিও জেনে থাকবেন যে, একটা টেরামাইসিন ক্যাপসুল-এর দাম এক টাকা দশ পয়সা, সালফার ড্রাগ অনেক সময় বাজারে পাওয়া যায় না এবং খুবই দুর্মূল্য হয়ে দাঁড়িয়েছে যেগুলি নিত্য প্রয়োজনীয় জিনিস এবং চিকিৎসাকেন্দ্রে ঠিকমত সাফিসিয়েণ্ট সাপ্লাই অব মেডিসিন না থাকার জন্য। একটু আগেই মন্ত্রিমহাশয় জবাবে বলেছেন যে, ঠিক সাফিসিয়েণ্ট সাপ্লাই সেখানে দেয়া যেতে পারছেনা পয়সার অভাবে। সেখানে চিকিৎসার অনেক সময় অসুবিধা হয় এবং এলোপ্যাথির রেজিস্টার্ড ডাক্তার বলুন আর পাশ করা ডাক্তার বলুন আবেদিন সাহেবের মত তাঁরা ২৫ টাকা থেকে ৫০ টাকার কমে গ্রামে যেতে চান না, মেডিসিনের দাম তো আছেই। একটা কলেরা চিকিৎসার জন্য এলোপ্যাথি মেডিসিন ইউজড হলে ৫০ টাকার কম কোন ডাক্তারবাবু নেন না এবং ফি বাবদ ৫০ টাকা দিতে হয়। আমি সেইজন্য মনে করছি, যে হোমিওপ্যাথি চিকিৎসা বিল মন্ত্রিমহাশয় এখানে এনেছেন তার অত্যধিক প্রয়োজনীয়তা আছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যদি এর প্রচারটা আরো ভাল হয় গ্রামদেশে কোন পত্রিকার মাধ্যমে কিম্বা সিনেমার মাধ্যমে তাহলে পরে আমরা মনে করি উনি যে ১১ হাজারের পরিসংখ্যান দিয়েছে, তার ডবল আসবে। কাজেই এডভারটাইজমেণ্টের দিকে গুরুত্ব দিয়ে এটার প্রয়োজনীয়তা আরো বাড়িয়ে দেবার চেষ্টা করবেন বলে আমি মনে করি। এই বলে আমি এই বিলকে সমর্থন করছি।

**শ্রীবলাইলাল দাসমহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয় এই যে বিলটি এনেছেন সেটা খুবই সময় উপযোগী হয়েছে এবং এটা খুব সমীচীন হয়েছে বলে আমি মনে করি। তিনি নিজেই স্বীকার করেছেন প্রচারের অভাবের জন্য সময় বাড়ানো দরকার ১৯৭০ সালের ডিসেম্বর পর্যন্ত। যদিও আমার কোন এ্যামেণ্ডমেণ্ট নেই তবুও আমি বলব যে, আপনি যখন সময় বাড়াতে চাচ্ছেন তখন আরো কিছুদিন বাড়ালে ভাল হত। কারণ, আমরা জানি হোমিওপ্যাথি সিসটেম অব মেডিসিনকে নিদারুণভাবে উপেক্ষা করা হয়েছে এবং দীর্ঘ দিন আন্দোলনের পর ১৯৬৩ সালে এই আইনটি পাশ করা হয়েছিল এবং এটা কার্যকরী হতে আরো এক বছর সময় চলে গিয়েছিল অর্থাৎ ১৯৬৪ সালে এটা হয়েছিল। আজকে যতটা জানতে পেরেছি সেটা হচ্ছে ১১ হাজার লোক রেজিষ্ট্রেসনের জন্য দরখাস্ত করেছেন এবং আরো হাজার হাজার দরখাস্ত করছেন। আমি এটা বিশ্বাস করি, যেখানে সরকারী হাসপাতালে ওষুধ পাওয়া যায় না, সামান্য টিনচার আইডিনও পাওয়া যাচ্ছে না টাকার অভাবে অথবা অন্যান্য যে কোন অভাবে মন্ত্রী মহোদয় স্বীকার করেছেন সেখানে আজ লক্ষ লক্ষ লোক হোমিওপ্যাথির উপর নির্ভর করে আছে। মাননীয় সদস্য কুমুদবাবু বললেন কতগুলি ওষুধের দাম বেশী বলে সেইজন্য সকলে হোমিওপ্যাথির কাছে যাচ্ছে। কিন্তু তা নয়, অনেক বড় বড় চিকিৎসক যেখানে ব্যর্থ হয়েছেন সেখানে হোমিওপ্যাথি সিসটেমে তারা ভাল হয়েছে। এর কার্যকারিতা সম্পর্কে আমার দৃঢ় বিশ্বাস আছে এবং আজ যদিও কেউ কেউ প্রচার করেন যে, হোমিওপ্যাথি চিকিৎসায় বৈজ্ঞানিক চিকিৎসা নেই, এই প্রসংগে আমি বলব যে বড় বড় বিজ্ঞানী, বড় বড় অভিজ্ঞ চিকিৎসক বিশারদ তাঁরা হোমিওপ্যাথির কার্যকারিতা সম্বন্ধে স্বীকার করেন।

বিশেষ ভারতবর্ষের মত দরিদ্র দেশে যেখানে ব্যাপক বহুল প্রচার হওয়ার দরকার ছিল এবং আমি মনে করি বড় বড় কোম্পানী তাদের চক্রান্তের ফলে বাংলাদেশে তথা সমগ্র ভারতবর্ষে এই হোমিওপ্যাথির প্রচার হতে পারে নি, যদিও অবশ্য অন্যান্য রাষ্ট্রে এর ব্যাপক প্রচার হয়েছে। আমি সেইজন্য মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব যে, শুধু রেজিস্ট্রেশনের সময় বাড়িয়ে দিয়ে, যারা স্কুল কলেজে যেতে পারে না অথচ রেগুলার প্রাকটিস করে তাদের সময় বাড়িয়ে দিয়ে লাভ হবে কি ? তিনি যদি সত্যিকারে হোমিওপ্যাথি সমর্থন করেন এবং এর প্রচার চান তাহলে বাংলাদেশের সমস্ত এ্যালোপ্যাথি হাসপাতালে চিকিৎসালয়ে, গবেষণা কেন্দ্র স্থাপন করে ডাক্তারদের বিভিন্ন প্রকার সুযোগ দিয়ে এর ব্যাপক প্রচার করবেন। আমরা এখন জানতে পেরেছি যে সমস্ত হাসপাতালে এ্যালোপ্যাথি ওষুধ দিতে পারছি না, তখন তার বিকল্প চিকিৎসা হিসাবে যেখানে সাধারণ মানুষ বেশী চিকিৎসা নিতে পারে সেদিকে দৃষ্টি রেখে তিনি বিভিন্ন হোমিওপ্যাথি হাসপাতাল স্থাপন করবেন এবং হোমিওপ্যাথি চিকিৎসা প্রচারের চেষ্টা করবেন। এটুকু বলে আমি আবার এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিমলকান্তি বোস :** মাননীয় স্পীকার স্যার, ওয়েষ্টবেঙ্গল হোমিওপ্যাথিক সিসটেম অব মেডিসিনের সংশোধনী বিল যেটা এসেছে সেটাকে আমি সমর্থন করতে গিয়ে সংক্ষেপে আমার কিছু বক্তব্য এখানে রাখছি। সংশোধনী যেটা আনা হয়েছে সেটা অত্যন্ত সময় উপযোগী হয়েছে। এ্যালোপ্যাথি চিকিৎসা ক্ষেত্রে যে জঘন্য রকম একটা বিভ্রাট চলছে তা আমরা আজকে প্রশ্নোত্তরের মাধ্যমে জানতে পেরেছি। ওষুধ আছে তো ডাক্তার নেই, আবার ডাক্তার আছে তো ওষুধ নেই, এই অবস্থা যখন হয়েছে তখন এই বিল আনা ঠিক সময় উপযোগীই হয়েছে বলতে হবে। আজকে এই সংশোধনীর মধ্য দিয়ে হোমিওপ্যাথিক চিকিৎসার সুযোগ বাড়িয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। ১৯৬৬ সালের ৩১ শে জুলাই-এর ভিতর যে সমস্ত ডাক্তার হোমিওপ্যাথি প্রাকটিস করে আসছিলেন এবং ভালভাবে প্রাকটিস করছিলেন, তারা দরখাস্ত করতে না পারার দরুন তাদের রেজিষ্ট্রেশন দেওয়া হয়নি। সেইজন্য সময় বাড়িয়ে দিয়ে তাদের রেজিষ্ট্রেসনের ব্যবস্থা করে দেবার জন্যে এই বিল আনা হয়েছে অর্থাৎ তারা যে প্রাকটিস করছিলেন সেটাকে কিছুটা আইনসিদ্ধ করে দেবার জন্য এই সংশোধনী বিল আনা হয়েছে। একথা ঠিক যে বহু চিকিৎসক রয়ে গেছেন যারা গ্রামে গ্রামে বিরাট জনস্বাস্থ্যের দায়িত্ব বহন করেন। তাদের যদি রেজিষ্ট্রেশনের সুযোগ করে দিয়ে বিলটিকে আইনানুগ করতে পারা যায়, তাহলে তাদের চিকিৎসাকে তারা আরো ভালভাবে চিকিৎসা করতে পারবেন।

[ 4-20 – 4-30 p.m. ]

সেদিক দিয়ে এই আইন সংশোধনের প্রয়োজনীয়তা এই মুহূর্তে আছে। এই প্রসংগে আমি একটা কথা বলতে চাই, যদিও এটা অপ্রাসংগিক তবুও হোমিওপ্যাথিক চিকিৎসা সংক্রান্ত বলে বলছি। রুরাল হোমিও মেডিক্যাল এ্যাড সাব কমিটি যেটা কেন্দ্রীয় সরকার গঠন করেছিলেন তারা একটা রেকমেনডেশান দিয়েছিলেন ১৯৬৪ সালে এবং বিভিন্ন রাজ্য কমিটির কাছে ১৯৬৫ সালের জানুয়ারীতে এটা পাঠানো হয়। উদ্দেশ্য ছিল হোমিওপ্যাথিক চিকিৎসা বিভিন্ন রাজ্যে ব্যাপকভাবে প্রসার লাভ করুক। সেখানে এই রেকমেনডেসানের ভেতরে একটা কথা ছিল যে, অন্ততপক্ষে অনতিবিলম্বে প্রতিটি রাজ্যে ১০০টি করে হোমিওপ্যাথিক হেল্থ সেণ্টার খোলা হোক। এটা এই জন্যই কার্যকরী করার প্রয়োজনীয়তা আছে যে, আমরা আমাদের টাকাপয়সার অবস্থার কথা জানি এবং এও জানি এ্যালোপ্যাথিক চিকিৎসা অত্যন্ত ব্যয়সাপেক্ষ। সেদিক থেকে যদি আজকে সেই রেকমেনডেসানকে কার্যকরী করা যায় অর্থাৎ যদি কমপক্ষে ১০০টি হোমিওপ্যাথিক হেলথ সেণ্টার গ্রামে গ্রামে খোলার ব্যবস্থা করা যায় তাহলে গরিব মানুষদের চিকিৎসার সমস্যার পুরোপুরি সমাধান না হলেও কিছুটা

হবে এটা বলা যেতে পারে। তবে যদি এখনই আলাদাভাবে হেল্‌থ সেণ্টার করা সম্ভব না হয় তাহলে গ্রামে গ্রামে যে হেল্‌থ সেণ্টার আছে সেখানে কোন হোমিওপ্যাথিক ডাক্তারকে এ্যটাচ করে সেই চিকিৎসার ব্যবস্থা করা যেতে পারে এবং তা করলে বোধ হয় কিছুটা সমস্যার সমাধান করা সম্ভব। তারপর স্য র, যেটা মন্ত্রীমহাশয়ের নজরে আনবো সেটা হচ্ছে, সেক্সান ৩৮, যেখানে হোমিও-প্যাথিক চিকিৎসকদের দুটি ভাগে ভাগ করা হয়েছে "এ" এবং "বি" ক্যাটাগরী। বি টাইপ যারা ডাক্তার আছেন তাদের সরকারী যে সমস্ত স্কীম সেখানে তাদের কোনরকম নিয়োগের সুযোগ নেই। এই জাতীয় আর্টিফিসিয়াল গ্রেডেসান সম্বন্ধে সরকারীভাবে চিন্তা করার দরকার আছে বলে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নজরে এটা আনলাম। তারপরে স্যার, সেকসান ২৫-এ যেটার ভেতরে প্রতি ৫ বছর অন্তর রেজিষ্ট্রেশান রিনিউয়ালের ব্যবস্থা আছে সেটাও আমার কাছে বিমাতৃসুলভ মনোভাবের পরিচায়ক বলে মনে হয়েছে। কারণ এ্যালোপাথিক ডাক্তারদের ক্ষেত্রে এরকম রেজিষ্ট্রেশান রিনিউয়ালের প্রশ্ন নেই, কিন্তু হোমিওপ্যাথিকদের বেলায় প্রতি ৫ বছর অন্তর রিনিউয়ালের ব্যবস্থা করা হয়েছে। এটা আমার কাছে ঠিক বলে মনে হয়না, কারণ রেজিষ্ট্রেশানটা লাইসেন্স নয় যে, নিয়মিতভাবে একটি সময়ের ব্যবধানে রিনিউয়াল করতে হবে। এটা থাকা উচিত নয়। এদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করছি। আমরা আশা করব এইসব দিকে চিন্তা করে আগামী দিনে যাতে হোমিওপ্যাথিক চিকিৎসা প্রসার লাভ করতে পারে সেদিকে মাননীয় মন্ত্রী মহাশয় নজর দেবেন। এই বলে এই সংশোধনী বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীজয়কেশ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে সংশোধনী বিল এনেছেন সেই বিলকে আমি সমর্থন করছি এবং সমর্থন করে কয়েকটি বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের জয়নাল আবেদিন সাহেব বললেন যে, তারাই নাকি এই বিলটি এনেছিলেন। ব্যাপারটা হচ্ছে ফজলুল হক জয়নাল সাহেবের দলে ছিলেন না, ইতিহাস ভুলে গেলে তো চলবে না। হোমিওপ্যাথি ফ্যাকালিটি বিল ছিল, বাংলা দেশে ১৯৪২ সাল থেকে, ফ্যাকালটি একটা হয়েছিল তাতে রেজিষ্ট্রেশনও হয়েছিলো এবং কয়েকটি কলেজকে অনুমোদিত করেছিলেন, এই সমস্ত ঘটনা ঘটেছিল। কিন্তু তারপরে আর কোন অগ্রগতি ঘটলো না। দেখা গেল যে, ডাঃ বিধান চন্দ্র রায় মুখ্যমন্ত্রী হয়ে বসেছেন এবং ডাঃ বিধান চন্দ্র রায়ের হোমিওপ্যাথি সম্পর্কে দৃষ্টিভঙ্গী কি ছিল? ডাঃ জ্ঞান মজুমদার, তিনি কারমাইকেল কলেজের একজন কৃতী ছাত্র ছিলেন, কিন্তু সেখানে হোমিওপ্যাথি করবেন বলে House Surgeon হতে পারলেন না। যেহেতু তারা বংশগতভাবে হোমিওপ্যাথি চিকিৎসা করেন। পরে তিনি বিলেত থেকে F R C S হয়ে এলেন, কিন্তু কারমাইকেল কলেজে শিক্ষকতার কোন সুযোগ পেলেন না, যেহেতু হোমিওপ্যাথি প্রাকটিস করেন। এখানে এই ডাঃ বিধান চন্দ্র রায়ের হাতে পড়লো হোমিওপ্যাথি। সুতরাং এর কি করে অপমৃত্যু হয় তারজন্য সমস্ত ব্যবস্থা হল এবং এ সম্বন্ধে দৃষ্টিভংগী সম্পূর্ণভাবে আলাদা হয়ে গেল। পরে অবশ্য registered হোমিওপ্যাথি চিকিৎসকরা প্রচণ্ড আন্দোলন করেছিলেন। তাই কংগ্রেস পক্ষ থেকে নমঃ নমঃ করে একটা আইন পাশ করা হল এবং এখনও সেই আইন চলছে। এতে কিছু ডাক্তারকে রেজিষ্ট্রেশন করা হল। তারপর তার ভবিষ্যতে তার শিক্ষাব্যবস্থা কোন কিছুই করা হ'লনা অর্থাৎ দায়িত্ব নেওয়া হ'ল না। শুধু একটু সান্ত্বনা দেওয়া হল, যেমন জমিদারী আইনের সান্ত্বনা, বিভিন্ন আইনের সান্ত্বনা দেওয়া হয়েছিল জনসাধারণকে তেমনি এই ডাক্তারী আইনের সান্ত্বনা দেওয়া হল। হোমিওপ্যাথি হসপিটাল গভর্ণমেণ্ট থেকে হল না, হোমিওপ্যাথি কলেজ গভর্ণমেণ্ট থেকে হলনা। হোমিওপ্যাথিকের কোন standard গভর্ণমেণ্ট থেকে করা হলনা, কোথাও কিছু হলনা। Registration যেন একটা ব্যবসায়ে পরিণত হল, এই হচ্ছে অবস্থা। হোমিওপ্যাথি পাশ করার পর হোমিওপ্যাথি registered হবার পরে কি হয়? তারপরে গ্রামে কিম্বা শহরে যে যেখানে পারেন বসে পড়লেন। পারলেন কিছু রোজগার করতে করলেন, আর না পারলেন তো অন্য বৃত্তি গ্রহণ করেন। ৪ বছর লেখাপড়া শিখবার পর তাদের পরিণতি হচ্ছে যে, মাঠেঘাটে ঘুরে বেড়ায়। তা সত্ত্বেও আমরা জানি ভারতবর্ষে

বিশেষ করে বাংলাদেশে ডাঃ মহেন্দ্র লাল সরকার থেকে আরম্ভ করে বড় বড় ডাক্তার, যেমন ডাঃ জ্ঞান মজুমদার এবং বহু বড় বড় ডাক্তার তারা হোমিওপ্যাথি চিকিৎসা করেছেন এবং করছেন। গ্রামে এবং শহরে হোমিওপ্যাথির সংগে এ্যালোপ্যাথিক ডাক্তারদের Competition করা যায় না বলে গ্রামে এখনও হোমিওপ্যাথি চিকিৎসা চলছে এবং সেখানে বহু ত্যাগ স্বীকার করতে হচ্ছে হোমিওপ্যাথি ডাক্তারদের। আর্থিক দুরবস্থা তাদের আজও চরম অবস্থার মধ্যে আছে। এমন কি শহরে এবং তার আশে পাশে ESI-এর শ্রমিক কর্মচারী সকলে এই সুযোগ পাচ্ছে, সেখানে স্বভাবতই হোমিওপ্যাথি ডাক্তারদের, যারা পয়সা দিতে পারছে তারা সেখানে যাবেনা। এই রকম অবস্থা কতদিন চলবে? বর্তমান অবস্থায় আমরা যদি যুক্তফ্রন্টের পক্ষ থেকে হোমিওপ্যাথি স্বীকার করি—এটা ঠিক কংগ্রেসের মত স্বীকার করলেই হবে না অর্থাৎ কার অষুধের কম্পানী আছে তার বিক্রয় বাড়ুক তার জন্য গভর্ণমেণ্টের ক্ষমতাকে প্রয়োগ করে সেই ব্যবস্থাটাকে চালু রাখা। এটার পরিবর্তন করা দরকার। তা করতে গেলে মাননীয় সদস্য যিনি আমার আগে বলেছেন, তিনি বলেছেন যে, শুধু স্বীকৃতি দেওয়া নয়, বিভিন্ন জায়গায় হোমিওপ্যাথি হাসপাতাল খোলার ব্যবস্থা করতে হবে, অন্ততঃপক্ষে এটা করুন। বিভিন্ন জায়গায় যে হেল্‌থ সেণ্টার আছে সেই সমস্ত হেল্‌থ সেণ্টারে ডাক্তার নিয়োগ করুন। হেল্‌থ সেণ্টারে চিকিৎসার একটা ব্যবস্থা রাখুন এবং প্রয়োজন হলে ডাক্তারদের আর্থিক দিকে সাহায্যের ব্যবস্থা করুন। এবং ই. এস. আই. ইত্যাদি এই সব ব্যবস্থার মধ্যেও যদি ডাক্তারদের সুযোগ সুবিধা দেওয়া যায় তার ব্যবস্থা করুন এবং এইভাবে হোমিওপ্যাথি হাসপাতাল ইত্যাদির কিছু দায়িত্ব নিন। যেখানে শিক্ষা দেবার ভাল ব্যবস্থা হবে একটা ষ্ট্যাণ্ডার্ড হবে—অন্য দিকে শিক্ষিত বা রেজিষ্ট্রার্ড যারা তাদের বিভিন্ন জায়গায় নিয়োগ করে আইনানুগভাবে এটা স্বচ্ছল করে তুলুন, তাতে লোকের খুব অল্প মূল্যে চিকিৎসা করা সম্ভব হবে এবং অনেক দুরারোগ্য রোগ নিরাময় করা সম্ভব হবে। এই দিকে আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি এবং এই বিলের প্রতি সমর্থন ঘোষণা করছি।

[ 4-30—4-40 p.m.

**শ্রীঅনাদি দাস:** মিঃ স্পীকার স্যার, যে বিল আনা হয়েছে এই বিল সমর্থন করতে উঠে আমি কয়েকটি বক্তব্য আমার রাখতে চাই যেসব কথা বলা হয়ে গেছে, যেটার প্রয়োজনীয়তা আছে ঐ গরীবদের চিকিৎসা ইত্যাদি এগুলি ডবল করে বলতে চাই না। কথা হচ্ছে যে হোমিওপ্যাথিকে আমাদের দেশে সরকার থেকে বিমাতৃসুলভ ব্যবহার করা হচ্ছে। এখানে এমনতর অভিযোগ আছে যে, কোন ফার্মাকোপিয়াতে হোমিওপ্যাথি ঔষধ বিচার করা হবে সেটা এখনও স্থিরীকৃত হয় নি, কারণ চিকিৎসা বিভাগে অনেকরকম দুর্নীতি আছে—সেই দুর্নীতিগুলি বা সেই ঔষধগুলি ঠিকমত ধরবার বা যাচাই করবার ঠিক কি বেঠিক তা এখনও করা যাচ্ছে না। মাদারটিংচার যে ঔষধ তৈরী হয় তাতে এ্যালকহল লাগে এবং এই এ্যালকহল নিয়ে নানা রকম চোরা বাজারী চলছে কোন ষ্ট্যানডার্ড নেই—যে কেউ এ্যালকহল দিয়ে মাদারটিংচার তৈরী করলো অমনি সেই ঔষধ বাজারে চালু হয়ে গেল। এবং সেইজন্য হোমিওপ্যাথি সায়েন্সে যে যে কাজ পাওয়া যাবে বলে উল্লেখ করা যায়, এইভাবে তৈরী হবার জন্য সেই রকম কাজ পাওয়া যায় না। এই অভিযোগ আছে। ফলে হোমিওপ্যাথি ঠিক সায়েন্সে তৈরী না হবার অভাবে কাজ হয় না এবং যা প্রসার লাভ করছে যতটুকু জনপ্রিয়তা হয়েছে এটা আমাদের অনেক বক্তা বলেছেন সেটা সস্তা বলে গরীবদের পাওয়ার সুবিধা হয় বলে। আমি জানি ডাক্তার ব্যানার্জি বলে একজন লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক যিনি বিভিন্ন কলেজে প্রফেসার ছিলেন আজ ২৫ বছর ধরে এই ব্যাপার নিয়ে অনেক নাড়াচাড়া করছেন, অনেক কমিশন ইত্যাদিতে সাক্ষিও দিয়েছেন এবং আমার সংগে স্বাস্থ্য মন্ত্রীর কাছে গিয়েছেন, কথাবার্তাও হয়েছে। এক্সাইজ ডিপার্টমেণ্ট, ড্রাগকনট্রোল ডিপার্টমেণ্ট এই সব বৈঠক হয়েছে কিন্তু শেষ পর্যন্ত এটা নাকি অত্যন্ত জটিল ব্যাপার বলে আর এগোনা গেল না। হোমিও-

প্যাণ্টথির মাতৃভূমি আমেরিকা এবং ইষ্ট জার্মানী সেখানকার ক্লাইমেট এবং এ্যাটমোসফেয়ার যে প্লান তৈরী হয় তাতে যে গুণাবলী অর্জন করে এবং আমদের এখানে যে প্লাণ্ট তৈরী হয় তার যে এ্যাটমোসফেয়ার তাতে সেটা ভাল হয় না, এবং অনেক রকম গোলমাল হয়। এই জন্য এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বলতে চাই যে, এই ব্যাপারে একটা কমিশন নিয়োগ করা হোক এবং সেই কমিশন তৈরী করে যাতে এনটায়ার হোমিওপাথি এখানে যে রেজিষ্ট্রি করার সুযোগের কথা বলা হয়েছে যাদের রেজিষ্ট্রি করা হয় নি তা না করে এনটায়ার জিনিসটাকে বিচার বিবেচনা করা হোক। আজকে যে প্রচার হচ্ছে সেই প্রচার ঠিক মত করার ব্যবস্থা করা হয়েছে।

এই সমস্ত ব্যাপার নিয়ে একটা কমিশন নিয়োগ করা উচিত। ফার্মাকোপিয়া কি হবে সেটা নির্ধারিত হওয়া উচিত, এ্যালকোহলের চোরা বাজার যাতে না হয় সেটা দরকার। মাদার টিংচার ঠিক মত হচ্ছে কিনা, ব্যাক পটেন্সী ঠিকমত হচ্ছে কিনা, সেটা দেখবার জন্য একটা কমিশন হওয়া দরকার আছে বলে মনে করি। আমি এই প্রসংগে একটা দুর্নীতির খবর রাখছি, মন্ত্রীমহাশয় দেখবেন। হাওড়া মিউনিসিপ্যালিটিতে ঔষধ সরবরাহ করেন এবং এক ব্যাক্তি কনট্রাক্টার, যার কোন লাইসেন্স নাই। ফলে সেখানে যা তা ঔষধ যায়। কাজেই সেই ঔষধে যদি কাজ না হয় এবং সেজন্য বিজ্ঞান সম্বন্ধে অনাস্থা অশ্রদ্ধা জন্মায় তাহলে তার জন্য দায়ী কে? আমি হাওড়া মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিষ্ট্রেটারের কাছে একটা চিঠি দিয়েছিলাম, তিনি তার উত্তরে জানালেন যে হ্যাঁ, তার—প্রিডিসেসর-এর আমলে এরকম হত এটা ঠিকই। এই সমস্ত কাজ এই রকমভাবে চলেছে। আমি তাই অনুরোধ করব হোমিওপ্যাথি যাতে আমাদের দেশে উপযুক্ত বিজ্ঞানের ভিত্তিতে প্রতিষ্ঠিত হতে পারে তার জন্য চেষ্টা হওয়া উচিত। একেবারে বিমাতৃসুলভ ব্যবহার করে ছেড়ে দিলে, উড়ো খৈ গোবিন্দায় নমঃ বললে হবেনা। কেবল কতকগুলি ডাক্তারকে লাইসেন্স দিয়ে রেজিষ্ট্রি করে দিলেই তাদের ডেথ সার্টিফিকেট দেবার ক্ষমতা দিলেই হবেনা। এবং সে রকম যেন না হয় এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীননী ভট্টাচার্য:** স্যার, উত্তরে আমার বেশী কিছু বলার নাই, কেবল দুই একটি কথা আমি মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে হাউসের কাছে রাখতে চাই। প্রথম নম্বর হচ্ছে—মাননীয় জয়নাল আবেদিন মহাশয় দরখাস্ত দেবার তারিখের মেয়াদ বাড়িয়ে দিতে বলেছেন এবং প্রসংগতঃ বলেছেন এতদিন প্রচার ভাল করতে পারলেনা, এক বছরে প্রচার কি হবে, দুই বছর দিন। তার উত্তর অবশ্য মাননীয় সদস্যরা কেউ কেউ দিয়েছেন। ১৯৬৩ সালে আইন হল ১৯৬৪ সালে এন্‌ফোর্সড হল, ১৯৬৬ সাল দুই বছরের জন্য দরখাস্তের তারিখ দিয়েছিলেন ভালভাবে প্রচারের প্রয়োজনে। এই রকম জায়গায় উচিত হয়নি। কিন্তু সেটাতো তাদেরই আমল। ১৯৬৭ সালে কাউন্সিলের পক্ষ থেকে, হোমিওপ্যাথিক প্র্যাকটিশনারের পক্ষ থেকে বিভিন্ন সময়ে রিপ্রেজেনটেশন, দাবী দাওয়া নিয়ে আসতে থাকে, তখন আমরাও ভেবেছিলাম বাড়িয়ে দেওয়া উচিত সময়। এটা বাড়াচ্ছি। অতএব ওঁরা ১৪ বছরে যে কাজ করতে পরেননি আমরা ঠিক করেছি ৪ বছরে করতে পারি কিনা দেখি, ওঁরা যেটা ৪ বছরে পারেননি সেটা আমরা ২ বছরে পারি কিনা দেখি, এবং ওঁরা যেটা ২ বছরে পারেননি আমরা সেটা এক বছরে পারি কিনা সেটা দেখছি। চেষ্টা করছি।

দু নম্বর কথা হল—এটা খুব সুখের কথা যে জয়নাল আবেদিন মশায় নিজে ডাক্তার হয়ে হোমিওপ্যাথির পক্ষে ওকালতি করলেন। এই রকম ধরণের ব্যবস্থা যদি আগে থাকতে হত তাহলে ভাল হত হোমিওপ্যাথি কোমরে জোর পেত। মডার্ণ মেডিসিন যাঁরা প্র্যাক্‌টিস করে তাঁরা স্বভাবতঃই সর্বই নাম করা ডাক্তার। তাঁরাও অনেকে মডার্ণ মেডিসিন প্রাক্‌টিস ছেড়ে দিয়ে হোমিওপ্যাথি

প্র্যাক্টিস করে, আজকে, যাঁরা এখানে হোমিওপ্যাথিক চিকিৎসার ব্যাপারে ওকালতি করছেন, তাঁদের অনেক ডাক্তার, এটা সুখের কথা। আমিও তাদের একজন মন্ত্রী হিসাবে এ ব্যাপারে খুশী হচ্ছি।

[ 4-40—4-50 p.m. ]

তারপর রিমুভাল সংক্রান্ত ব্যাপারে একটি কথা বলা দরকার। মাননীয় সদস্য অনাদিবাবু বলেছেন যে, রিমুভালের ব্যাপার কেন, এগুলি উঠিয়ে দেওয়া দরকার। আমি মাননীয় সদস্যকে জানাচ্ছি অন্যান্য রাজ্যে এ সম্বন্ধে কি ব্যবস্থা রয়েছে তার অনুসন্ধান আমরা ইতিমধ্যেই করছি এবং যদি দেখি এগুলি তুলে দেওয়া যেতে পারে তাহলে আমরা তুলে দেব। হোমিওপ্যাথি চিকিৎসার প্রসারের কথা কয়েকজন মাননীয় সদস্য বলেছেন যে, দরখাস্ত দিল, রেজিষ্ট্রী হোল কিন্তু তারপর কি হবে? এছাড়া চাকুরি-বাকুরির সুযোগ বা চিকিৎসা কেন্দ্র খোলার কথা অনেকে বলেছেন। আমি এই সম্বন্ধে বলতে চাই—ওই ১০০ হেল্‌থ সেণ্টার খোলা যাবে কিনা বলতে পারিনা, বোধহয় পারা যাবেনা. তবে পরীক্ষামূলকভাবে হোমিওপ্যাথি চিকিৎসকদের নিয়ে হেল্‌থ সেণ্টার খোলার সিদ্ধান্ত আমরা নিয়েছি এবং সে সম্বন্ধে বাজেটে বরাদ্দ ধরা হয়েছে। চাকুরীর সম্বন্ধে এখনই আমি কোন ভরসা দিতে পারছিনা যে, যারা হোমিওপ্যাথি চিকিৎসক রয়েছেন তাঁদের কি পরিমাণে সরকারী চাকুরীতে নিয়োগ করা যেতে পারে। তবে মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, যে সমস্ত হোমিওপ্যাথি কলেজ এবং হাসপাতাল রয়েছে তাঁরা সরকার থেকে সাহায্য পান। তারপর, অনাদিবাবু এখানে বলেছেন যে, এ্যালকোহলের ক্ষেত্রে দুর্নীতি চলছে। এ্যালকোহল, মাদার টিনচার-এর কোন ষ্টানডার্ড নেই, ফারমাকোপিয়া নেই। এ সম্বন্ধে কিছু বৈঠক হয়েছে, ডা: পি. ব্যানার্জী এসেছিলেন, অনাদিবাবু এসেছিলেন, বিভিন্ন রিপোর্ট বহুদিন থেকে লেখা চলছে, কিন্তু দেখছি কোন গতি হচ্ছে না। তারপর, ড্রাগ কন্‌ট্রোলে যাঁরা রয়েছেন, ল্যাবোরেটরি চার্জে যাঁরা রয়েছেন এবং এমন কি এক্‌সাইজে যাঁরা রয়েছেন, তাঁরা একসঙ্গে বসে আলোচনা করেছিলেন যে, আমাদের কিছু করার নেই। এটা শুধু বাংলাদেশেই নয়, সারা ভারতবর্ষেই নেই। এখানে যে এ্যালকোহল চলছে তার মধ্যে ভেজাল আছে বলে উনি বলেছেন। কিন্তু কথা হচ্ছে সেই ভেজাল ধরার কোন সুযোগ আমরা পাচ্ছিনা। এই ভেজাল ধরার অনুসন্ধান কিভাবে হতে পারে তার পদ্ধতি যদি কোন মাননীয় সদস্য বা যাঁরা বিশেষজ্ঞ রয়েছেন তাঁরা বলতে পারেন তাহলে সরকার নিশ্চয়ই উপকৃত হবেন এবং আমরা সেই ধরনের ব্যবস্থা চালু করার চেষ্টা করব। মাননীয় স্পীকার মহাশয়, আমি আগেই বলেছি, এ সম্বন্ধে এখন আর বেশী কিছু বলতে চাইনা, হেল্‌থ বাজেট নিয়ে যখন আলোচনা করব তখন এ সম্বন্ধে বলব। একথা বলে যে সমস্ত সংশোধনী প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Nani Bhattacharya that the West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

### Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

**Dr. Zainal Abedin:** Sir, I beg to move that in clause 2, lines 4—5, for the words "on or before the 31st day of December, 1970" the words "on or before the 31st day of December, 1972" be substituted.

স্যার, আমার যা বলার তা আগেই বলে দিয়েছি। এখন আর কিছু বলব না।

**শ্রীননী ভট্টাচার্য্য :** স্যার, এটা যাতে ভালভাবে প্রচারিত হয় তার ব্যবস্থা করব।

**শ্রীঅশ্বিনী রায় :** মাননীয় স্পীকার মহাশয়, আমি যে সংশোধনী দিয়েছিলাম, এখন মাননীয় মন্ত্রীমহাশয় যখন বললেন যে এক বছরের মধ্যে বাকিগুলো রেজিষ্টারড করবার প্রচেষ্টা করবেন, সেই জন্য, এই সময়টা বর্ধিত করার জন্য সংশোধনীটি আনছি না। এই প্রসংগে আমাদের একজন বিরোধী বন্ধু বলেছেন ভাংগা ভাংগি হচ্ছে, কি করে এই সব করবেন। এখন এটা বুঝতে হবে যে, আমরা দ্বন্দ্বমূলক বিশ্বাসবাদে বিশ্বাসী। আমাদের যে সরকার তাতে বিভিন্ন শ্রেণীর প্রতিনিধি আছেন, সুতরাং দ্বন্দ্ব আমাদের থাকবে। পুরানো দিনে যে সরকার ছিল, সেই রকম একমাত্র শাসক শ্রেণীর সরকার এখন নেই। আমার মন্ত্রীমহাশয়ের কাছে একটা আবেদন আছে। সেটা হচ্ছে, যে সমস্ত গ্রামাঞ্চলে ডিস্পেন্সারী ছিল, সেগুলো নাকি ডিস্ট্রিক্ট বোর্ডের পক্ষ থেকে ছিল, সেইগুলি নাকি টাকার অভাবে তুলে নেওয়া হচ্ছে। হয়তো যেখান থেকে তুলে নেওয়া হচ্ছে সেখান থেকে হেল্থ সেণ্টার অনেক দূর, যাবার রাস্তা হয়তো ঠিকমত নেই, সেই জায়গায় অন্ততঃ পক্ষে এই যে হোমিওপ্যাথিক চিকিৎসা ব্যবস্থা, সেটাকে যাতে সেখানে চালু করা যায়, সেই বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি। উদাহরণ স্বরূপ আমি হিঙ্গলগ্রাম বলে একটা জায়গার কথা বলছি। সেখানের জনসাধারণ আমাকে একটা আবেদন পত্র দিয়েছে, সেখানে যে ডিসপেনসারী ছিল, সেটা ১৬ তারিখের পর উঠে যাবে। অথচ এ অঞ্চল থেকে আট দশ মাইলের মধ্যে কোন যানবাহন চলাচলের ব্যবস্থা নেই। কাজেই এই রকম আর্থিক অবস্থার মধ্যেও যাতে সেই ডিসপেন্সারী না তুলে দেওয়া হয়, সেটা একটু দেখবেন, তা নাহলে সেখানে যাতে একটা হোমিওপ্যাথিক চিকিৎসা ব্যবস্থার সুযোগ করে দেওয়া হয়, এই অনুরোধ জানিয়ে এবং এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনাদি দাস :** এটা সম্পর্কে একটা পার্মিস্ট্যাণ্ট ডিম্যাণ্ড আছে, উনি নিজেই স্বীকার করেছেন যে, ফার্মাকোপিয়ার ষ্ট্যাণ্ডার্ড ইত্যাদি নেই। সুতরাং ওটা ক্লোজ না করে ওপন রাখুন, তারপর সেটা ভেবে চিন্তে দেখবেন।

The motion of Dr. Zainal Abdin that in clause 2, lines 4—5, for the words "on or before the 31st day of December, 1970" the words "on or before the 31st day of December, 1972" be submitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 3 and Preamble

The question that clause 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Nani Bhattacharya** : Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[ 4·50—5-00 p.m. ]

**শ্রীনেপালচন্দ্র রায় :** মিঃ স্পীকার স্যার, আগামী ১০ তারিখে সরস্বতী পূজা, কালকে ছুটি আছে, রবিবার ছুটি, আবার ৯ তারিখে হাউস দিয়েছেন। তার ফলে মফস্বলের মেম্বারদের পক্ষে

অসুবিধা হবে। যতীনবাবু কলকাতায় থাকেন ওঁর পক্ষে অসুবিধা কম হবে, কিন্তু মফস্বলের Member-দের অসুবিধার কথা একটু বিবেচনা করুন।

**মিঃ স্পীকার:** আপনি ঠিকই বলেছেন, এটা হলে সকলের সুবিধা হয়।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিরোধী দলের সঙ্গে পরামর্শ করে প্রোগ্রাম ঠিক করেছি যে, ২০ তারিখের মধ্যে যে সমস্ত ordinance বিল আছে সেগুলি পাশ করাতে হবে। ইতিমধ্যে কতগুলি প্রোগ্রাম বদলাতে হয়েছে। ১৩ তারিখ থেকে ১৯ তারিখ অবধি ছুটি দিয়েছি বিরোধী দলের সঙ্গে কথাবার্ত্তা বলে। তারপর আবার আপনি এইসব পাগলের কথা শুনে বলছেন।

**শ্রীলক্ষীচরণ সেন:** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা কথা হাউসের কাছে বলতে চাই। আজকে বিধান সভার চারপাশে বহু লোক এসেছে জয় ইঞ্জিনিয়ারিং থেকে। তাঁরা এসেছেন এ কারণে আপনি জানেন স্যার, দীর্ঘ দিন আন্দোলনের পর ইঞ্জিনিয়ারিংএ যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছে জয় ইঞ্জিনিয়ারিং-এর মালিক সে চুক্তি চালু করছে না, ৩ হাজার লোককে লে অফ সাসপেণ্ড করেছে। ওদের দাবী হচ্ছে ত্রিপাক্ষিক চুক্তি চালু করতে হবে এবং ট্রাইবুনালের যে এ্যাওয়ার্ড হয়েছে সে অনুসারে সেলস্-এ যারা কাজ করেন তারা D. A. পাবেন। সেটা চালু করতে হবে এবং সাসপেনসান্ অর্ডার তুলে নিয়ে তাদের allowance দিতে হবে, আইন অনুযায়ী যে লে অফ করেছে সে লে অফ নোটিশ তুলে নিয়ে তাদের ক্ষতিপূরণ দিয়ে কারখানার কাজ যাতে চালু করা যায় তারজন্য তারা যুক্তফ্রণ্ট সরকারের কাছে বিক্ষোভ জানাতে এসেছিলেন। মালিক ত্রিপাক্ষিক চুক্তি বানচাল করবার চেষ্টা করছে। এ ব্যাপারে যুক্তফ্রণ্ট সরকার কি ব্যবস্থা গ্রহণ করতে পারেন তারই জন্য তারা শান্তিপূর্ণভাবে এখানে এসেছে।

**Mr. Speaker:** Hon'ble Labour Minister is here. He will do the needful.

## PRIVATE MEMBER'S BUSINESS

### Private Member's Bill

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970

**Shri Arun Sen:** Sir, I beg leave to introduce the West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970.

স্যার, আপনি জানেন বাংলাদেশ সাধারণভাবে ভারতবর্ষের মধ্যে যদিও একটা সবচেয়ে শিল্পপ্রধান প্রদেশ, কিন্তু আমাদের এখানে লক্ষ লক্ষ শ্রমিক কারখানায়, Plantation-এ এবং বিভিন্ন সপে কাজ করেন, তাদের কোন রিটার্য বেনিফিটের ব্যবস্থা নেই। আপনি নিশ্চয়ই জানেন যে, আমাদের এখানে অনেক শ্রমিক বা কর্মচারী ৩০, ৩৫, ৪০ বৎসর কাজ করার পর যখন রিটায়ার করে তখন তাদের শ্রমের ফলে মালিকের লক্ষ লক্ষ টাকা মুনাফা হয়, কিন্তু সে শ্রমিক যখন বৃদ্ধ বয়সে ঘরে ফিরে যায় তখন তার কাছে এমন কোন টাকা থাকে না যার দ্বারা বৃদ্ধ জীবন অতিবাহিত করতে পারে। আমাদের এই প্রদেশে কারখানায় চা শিল্পে কোন রকম পেনশনের ব্যবস্থা নেই। বৃদ্ধ বয়সে শ্রমিকের কি অবস্থা হয় সেটা বুঝতে পাচ্ছেন। আমাদের এখানে কারখানায় বহু শ্রমিক কাজ করতে করতে এ্যাকসিডেণ্ট হয়ে পঙ্গু হয়ে যায়। সে শ্রমিককে কোন রকম গ্র্যাচুয়িটি দেবার ব্যবস্থা নেই। আমাদের এখানের কারখানার শ্রমিকদের বিভিন্ন সময়ে তাদের সংসারের অবস্থার জন্য ১০, ১২, ১৫ বছর কাজ করার পর কাজ ছেড়ে যেতে হয়, তার সে কাজের জন্য তাকে কোন রকম গ্রাচুয়িটি দেবার ব্যবস্থা নেই। আমাদের এখানে কারখানায় কাজ করতে করতে বৃদ্ধ হবার আগে যদি কোন শ্রমিক মারা যায় তাহলে সে শ্রমিকের পরিবারকে

মালিকশ্রেণীর কাছ থেকে টাকা দেবার কোন আইন নেই। পশ্চিমবঙ্গে কয়েকটি শিল্পের মধ্যে সাধারণভাবে যেখানে যেখানে সামান্য গ্রাচুয়িটির ব্যবস্থা আছে, সে গ্রাচুয়িটির ব্যবস্থা এত খারাপ যে সেখানে সাধারণভাবে শুধু বেসিক পে অর্থাৎ মূল বেতনের উপর দেওয়া হয়। যে মূল বেতন একটা শ্রমিকের আইনতঃ শতকরা ৩০ ভাগও নয় সেই মূল বেতনের উপর গ্রাচুয়িটি দেবার ব্যবস্থা আছে বড় বড় যেগুলো, যেমন চটকল, চা বাগান, তুলিয়ারী, সুতাকল, ইত্যাদি। অন্যান্য কারখানায় কোন গ্রাচুয়িটি দেবার ব্যবস্থা নেই। এই গ্রাচুয়িটি সম্পর্কে শ্রমিকরা বহুদিন থেকে আন্দোলন করে আসছে, কিন্তু গ্রাচুয়িটি সম্পর্কে কোন আইন আগে ২২ বৎসর যাবৎ কংগ্রেস সরকার করেনি। আমাদের এখানে যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। তখন আমাদের এখানের শ্রমিক আন্দোলনের তরফ থেকে, B P T U Cর তরফ থেকে তদানিন্তন শ্রমমন্ত্রির কাছে গ্রাচুয়িটি বিল আনার জন্য দাবী করেছিলাম।

কিন্তু তখন যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে ভেঙ্গে দেওয়া হয়, তার ফলে সে গ্রাচুয়িটি বিল তখন পাশ হয়নি। ১৯৬৯ সালে শ্রমিক আন্দোলনের তরফ থেকে যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় তারা গ্রাচুয়িটি বিল পাশ করার জন্য, একটা compulsory gratuity system-এর জন্য দাবী পেশ করেছিল, কিন্তু দুঃখের বিষয় আজকে ১০ মাস পার হয়ে গেল আমাদের এখানে কোন রকম গ্রাচুয়িটি বিল আসেনি বা যুক্তফ্রন্টে কোন রকম আলোচনা হয়নি। আজকে এখানে গ্রাচুয়িটি বিল এনেছি ইতিমধ্যে আপনারা জানেন ভারতবর্ষের আর একটা প্রদেশে যেখানে যুক্তফ্রন্ট সরকার আছে সেই কেরালে এই ধরনের একটা গ্রাচুয়িটি বিল পাশ হয়েছে। কেরালে গ্রাচুয়িটি বিল পাশ হবার পর স্বাভাবিকভাবে আমার মনে এই আশা হয়েছে যে, আমাদের পশ্চিমবাংলায়ও এই ধরনের একটা গ্রাচুয়িটি বিল পাশ করা দরকার। আমার এই বিলটায় দেখবেন যে, শ্রমিকদের কল্যাণের জন্য—সে কলকারখানার শ্রমিক হোক, চা বাগানের শ্রমিক হোক, বা সপস ও এস্ট্যাবিলিসমেণ্টে বা ফ্যাকটারির হোক যে শ্রমিকই হোক না কেন—সে ৫ বৎসর কাজ করবার পর যদি রেজিগনেসান দেয় বা রিটায়ার করেন বা ডিসমিস ডিসচার্য হন বা superannuated হন তাহলে সে যে কবছর কাজ করেছে বাৎসরিক ১৫ দিন পুরা বেতন হিসাবে গ্রাচুয়িটি পাবেন। এই গ্রাচুয়িটি বিলে বলতে চাই পুরা বেতনের উপর গ্রাচুয়িটি দেবার ব্যবস্থা করা উচিত। আমাদের এখানে মূল বেতন বেশীর ভাগ জায়গায় ১৯৫৯-৬০ সালের ব্যয়সূচক হিসাবে মূল বেতন আছে, কিন্তু আজকের জিনিসপত্রের দাম এত বেড়েছে যার ফলে বেশির ভাগ জায়গায় মহার্ঘভাতা মূল বেতনের থেকে বেশী। সেইজন্য এই ধরনের গ্রাচুয়িটি বিল এখানে আনা হয়েছে। এই গ্রাচুয়িটি বিল কয়েকদিন আগে সারকুলেট হয়েছে। আমি আশা করব যে মাননীয় মন্ত্রিমহাশয় এবং সমস্ত সদস্যরা এই সম্পর্কে আলোচনা করে বিবেচনা করে এই গ্রাচুয়িটি বিল মঞ্জুর করবেন। আমাদের পশ্চিমবাংলায় ইতিমধ্যে অনেক দেরী হয়ে গেছে আরও অনেক আগে এই গ্রাচুয়িটি বিল করা উচিত ছিল। স্পীকার স্যার, আজ এর ফলে আপনি জানেন বহু কারখানায় অনেক শ্রমিক ছাঁটাই হয়ে যায়, ডিসমিস হয়ে যায়, রিট্রেঞ্চ হয়ে যায়। সে শ্রমিককে গ্রাচুয়িটি দেবার কোন ব্যবস্থা এখানে নেই।

আজকে একদিন দেরী হওয়ার মানে কয়েকটি শ্রমিক এই গ্রাচুয়িটি পাওয়ার থেকে বঞ্চিত হবে। কাজেই আমি আশা করব গ্রাচুয়িটি বিল সর্বসম্মতিক্রমে পাশ হবে। অবশ্য যে কংগ্রেস ২০ বছরে গ্রাচুয়িটি বিল আনেনি সে কি করবে তা জানি না। তারা হয়ত বিরোধীতা করতে পারে। কিন্তু আমি আশা করব এই গ্রাচুয়িটি বিল পাশ হবে।

[5-00 – 5-10 p.m.]

**শ্রীরবীন মুখোপাধ্যায়:** স্পীকার মহোদয়, এই গ্র্যাচুয়িটি বিল যেটা আজকে এসেছে সেটা যে সময়োপযোগী সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু আমার যতখানি জানা আছে তাতে বলতে পারি, বর্তমান ইউনাইটেড ফ্রন্ট সরকার এই সম্পর্কে একটা বিল তৈয়ারী করার কথা চিন্তা করছেন এবং সেই ভিত্তিতে আমি মনে করি যে আলোচনা আজকে হচ্ছে সেটা আগামী যে বিলটা

আসছে এই সেসনেই, তাকে বহু পরিমাণে সাহায্য করবে। এটা ঠিক কথা যে, যে স্থান এই বিলটির পাওয়া উচিত ছিল সেটা পেয়ে যদি আগে হত তাহলে আমরা সকলেই খুসী হতাম। আমরা প্রধানত ট্রেড ইউনিয়ন আন্দোলনের কর্মী বলে পরিচিত। দীর্ঘকাল যাবত সোশ্যাল সিকিউরিটির দিক থেকে প্রশ্নটা রয়ে গিয়েছিল এবং আমরা একথা জানি। একথা বলতে বাধা নেই যে, পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণী এবং মধ্যবিত্ত কর্মচারী এরা সামাজিক দায়ীত্ব পালন করে এসেছেন যুগ যুগ ধরে, কিন্তু সমাজ বিশেষ করে ধনীক শ্রেণী যারা ধন সম্পত্তির অধিকারী, কারখানার মালিক তারা সেই সমস্ত দায়ীত্ব পালন শ্রমিকদের জন্য করেন নি। কাজেই সরকারকে এগিয়ে সেই কাজ সম্পন্ন করতে হবে। এটা লক্ষণীয় যে, পশ্চিমবাংলা এই বিল আনার কথা ভাবছেন এবং একজন প্রাইভেট মেম্বার এটা এনেছেন। সরকার এটার কথা ভাবছেন। কিন্তু সারা ভারতবর্ষে কংগ্রেস এবং অন্যান্য প্রদেশে যেখানে কংগ্রেস আছে সেখানে কংগ্রেস-এর তরফে এতকাল কিছুই করা হয় নি। অত্যন্ত অল্প দিন আগে কেরলের সরকারের পক্ষ থেকে এই বিলকে আইনে পরিণত করা হয়েছে এবং এটা আমরা জানি বর্তমানে যে সরকার আসীন আছেন ঠিক তার আগে যে সরকার ছিলেন নাম্বুদ্রিপাদ সরকার সেই সরকার এই বিলটা রচনা করেছিলেন এবং পরবর্তীকালে যে সরকার সেখানে আসীন আছেন তাঁরা এই বিলটা আইনে পরিণত করেছেন। সুতরাং এটা লক্ষণীয় যে কংগ্রেস ছাড়া যে শক্তি বিশেষ করে বামপন্থী শক্তি যেখানে সরকার গঠন করেছে সেখানেই একমাত্র শ্রমিক শ্রেণীর স্বার্থের দিকে লক্ষ্য রেখে তারা এই ধরণের বিল আনার কথা চিন্তা করছেন। অতএব এই বিলে অনেকগুলো ত্রুটি আছে যে ত্রুটির দিকটা আছে আমি মনে করি আজকে আলোচনা হয়ে গেলে সেই ত্রুটির দিকটা লক্ষ্য রেখে সরকার এই সম্পর্কে বিল আনবেন। এই বিলের যে ত্রুটি আছে সেটা দূরীভূত করে সেই নূতন বিল আনবেন বলে আশা করি। আমি এর বিস্তারিত আলোচনায় যেতে চাই না। অল্প কথায় কমপ্লিটেড ইয়ার অফ সারভিস এবং কনটিনিউয়াস সারভিস— এই সমস্ত যে কথাগুলো আছে আমি মনে করি ট্রেড ইউনিয়ন কর্মী হিসাবে এবং আমাদের মাননীয় সদস্য অরুণবাবুও জানেন এখানে অনেকগুলো বিষয় আছে যেমন কনটিনিউয়াস সারভিসের ক্ষেত্রে The strike which is illegal এটা আমি মনে করি খুব বিপদজনক কথা। আজকের দিনে বিশেষ করে ওঁরও অভিজ্ঞতা আছে, আমারও অভিজ্ঞতা আছে নানা খুঁটিনাটি কারণে অকারণে ষ্ট্রাইক ইল্লিগ্যাল করা হয়। কাজেই এই কারণে যদি শ্রমিকের সুবিধা থেকে বঞ্চিত হয় তাহলে সেটা ঠিক হবে না। সেই দিক থেকে এই বিলে কিছু রক্ষাব্যবস্থা থাকা উচিত বলে মনে করি। সুতরাং সেদিক থেকে দেখলে স্বভাবতঃই সরকার পক্ষ আনলে তাদের দৃষ্টিভঙ্গী সচ্ছ থাকবে এবং অনেকগুলি ত্রুটি তারা দূরীভূত করতে সমর্থ হবেন। যেমন আমি এখানে দেখাতে চাই, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শুধু নয়, সারা ভারতবর্ষের ক্ষেত্রে একটা পিকিউলিয়ার জিনিস আছে এবং আমরা যারা ট্রেড ইউনিয়ন করি তাদের জানা আছে যে কোন কারখানায় শ্রমিক ছাটাই হলে অন্ততঃ ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে প্রভিশন আছে যে সে রিট্রেঞ্চমেণ্ট বেনিফিট পাবে। ২৫ বছর কাজ করার পর একটা শ্রমিক ছাটাই হলে সে ১৫ দিন, কি ১০ দিন এর হিসাবের ভিত্তিতে সে অন্ততঃ রিট্রেঞ্চমেণ্ট বেনিফিট পাবে। আমি একথা বহু ঘটনা দিয়ে বলতে পারি যে, একজনের ২৫ বছর চাকরী হয়ে গেল যখন তার রিটায়ারমেণ্টের সময় আসবে তখন সেই লোক চেষ্টা করে কি করে ছাটাই হবে যেহেতু রিট্রেঞ্চমেণ্ট বেনিফিট পাবে। সে যদি ৩০ বছর চাকরী করার পর রিটায়ার করে তাহলে একপয়সাও তাকে দেবেনা। এই রকম পিকিউলিয়ার জিনিস বছরের পর বছর আইনের মধ্যে চলে আসছে। তাই আমি মনে করি, এই রিট্রেঞ্চমেণ্ট বেনিফিট যা আছে ইন এ্যাডিশন টু ছাট তার সঙ্গে এটাও আমাদের আলাদাভাবে রাখতে হবে। রিট্রেঞ্চ হলে তার বেনিফিট পাবে এবং সে একই সময় যদি দেখা যায় যে, সে ২৫ বছর কাজ করেছে তাহলে সেই পিরিয়ডের জন্য রিটায়ার্ড বেনিফিটের যে প্রাপ্য সেটাও পাবে, অর্থাৎ সেই পিরিয়ডের গ্র্যাচিউটি সে পাবে। তারপরে কনটিনিউয়াস সার্ভিসের প্রশ্ন আছে, এটাও বিবেচনা করার ব্যাপার আছে।

আমাদের ইণ্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে এত গ্যাড়াকল আছে। এর মধ্যে দিয়ে কিছু পাওয়া খুব কঠিন ব্যাপার। এটা আমরা ট্রেড ইউনিয়ন করে ভালই জানি এবং সেদিক থেকেও আমাদের একটা দীর্ঘকালের দাবী আছে। এই যে নিয়ম ৫ বছর কন্‌টিনিউয়াস সার্ভিস তাতে আমরা দেখেছি যে একজনকে ৬ মাস চাকরী করার পর তাকে ছাটাই করে দেয় এবং আবার তিন দিন পরে তাকে ভর্ত্তি করে নেয়। এই ভাবে ৫ বছর কেন ১০/১৫ বছর চাকরী করেও তার কখনও কন্‌টিনিউয়াস সার্ভিস হয়না। এই অসুবিধাগুলি দূর না হলে আমাদের মাননীয় সদস্য যে দৃষ্টিভংগী নিয়ে এই বিল এনেছেন তা ব্যর্থ হয়ে যাবে। ঠিক এই রকমভাবে রেট অব ফিফটিন ডেস এটা সম্পর্কেও ভাবা দরকার। এই সম্পর্কে এখনি আমি কোন ওপিনিয়ন দিচ্ছিনা, কেননা লাষ্ট ড্রন কি হবে, লাষ্ট ড্রনে হবে, না স্ল্যাব সিসটেমে হবে সেটা ভেবে দেখা দরকার। তারপর এখানে ১৫ মাসের বেশী হবেনা, এখানে ম্যাকসিমামটা না বলে মিনিমামটাই বলা ভাল। স্পীকার মহাশয়, এই সংগে আমি সংক্ষিপ্ত করার জন্য বলছি যে, আমাদের অভিজ্ঞতা আছে যে অনেক আইন যা পাশ হয়েছে তার বেনিফিট আমাদের দেশের শ্রমিকরা নিতে পারছেনা যেহেতু পিনাল মেজার অত্যন্ত দুর্বল। অনেক আইন যা আছে যা শ্রমিকরা গ্রহণ করতে পারেনা। আমার মনে হয় রিকভারি গ্র্যাচুইটি এ্যামাউণ্ট-এর ব্যাপারে যেসব কথা আছে সেখানে যদি ষ্ট্রিনজেণ্ট পেনাল মেজার না থাকে তাহলে কিছু করা যায় না। আমাদের অভিজ্ঞতায় অন্তত: দেখেছি যে বছরের পর বছর বসে আছে কিন্তু প্রভিডেণ্ট এ্যাক্ট অনুসারে প্রভিডেণ্ট ফাণ্ড পায়নি। প্রভিডেণ্ট ফাণ্ডে টাকা জমা হওয়া সত্ত্বেও আমরা দেখেছি বহু শ্রমিক প্রভিডেণ্ট ফাণ্ডের বেনিফিট পায়নি।

[ 5-10—5-20 p. m. ]

এই রকম বহুবিধ ব্যাপার আছে। আমাদের দেশে আমরা নিশ্চয়ই কোন সমাজতান্ত্রিক দেশে যেসমস্ত সোসাল সিকিউরিটি মেজার আছে তার ধারে কাছে যাবার কথা আমরা ভাবছি না, এমন কি বহু ধনিকদেশে এবং পুঁজিপতি দেশ যাদের আমরা বলি সেই সমস্ত জায়গায় যেসব সোসাল মেজার আছে তাদের কাছাকাছি এই সমস্ত নয়। আমরা যদি সুরু করি এইপশ্চিমবাংলায়, ইউনাইটেট ফ্রন্ট যদি এই ধরণের একটা বিল, যে বিলের মধ্যে অন্তত: যে যখন রিটায়ার করবে বা ছাঁটাই হয়ে যাবে কয়েক বছর চাকুরী করে সে অন্তত: গ্রাচুইটি হিসাবে কিছু টাকা পাবে। এই যদি ব্যবস্থা থাকে তাহলে পশ্চিমবাংলায় নিশ্চয়ই শ্রমিকশ্রেণী যুক্তফ্রণ্ট সরকারকে ধন্যবাদ দেবে এবং আশীর্বাদ জানাবে। কাজেই এ বিলের প্রসংগে আরো ডিটেলস অর্থাৎ প্রত্যেকটি ক্লজের মধ্যে দিয়ে যাবার দরকার নেই, কিন্তু মূল লক্ষ্য যেটা আছে মাননীয় সদস্য অরুণবাবু যেটা এনেছেন তার সংগে আমি একমত। পশ্চিমবাংলার ক্ষেত্রে এই সামাজিক দায়িত্ব পালন করা উচিত ছিল। আমি জানি না বিরোধী পক্ষের সদস্যরা কি বলবেন। তাঁরা হয়তো বলবেন আবার এই আইনের ফলে এই নূতন আইনের ফলে এমনি পশ্চিমবাংলায় ক্যাপিটাল ফ্লাইট হয়ে যাচ্ছে, ফ্লাইট অব ক্যাপিটাল নাকি হচ্ছে, তারপরে এই বিল যদি আনা হয় তাহলে বোধ হয় সব পালিয়ে চলে যেতে আরম্ভ করবে। যারা সামাজিক দায়িত্ব পালন না করে যাবেন তারা চলে যান, কিন্তু ইউনাইটেড ফ্রণ্টের আমলে এই রকম ধরণের বিল এলে যারা পশ্চিমবঙ্গে দীর্ঘদিন যাবত সম্পন্ন ধনশালী করে তুলেছেন, যারা ধনবানদের ভাণ্ডার পূর্ণ করে দিয়েছেন, তাদের রিটায়ারমেণ্টের সময় তাদেরকে সামাজিক কর্তব্য পালন করতে পারলে অন্তত: শ্রমিকরা এবং শ্রমিকদের অংশ হিসাবে তাদের আন্দোলনের অন্যতম প্রতিনিধি হিসাবে পশ্চিমবঙ্গের শ্রমিকরা পশ্চিমবংগের ইউনাইটেড ফ্রণ্ট সরকারকে তারা আশীর্বাদ জানাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য তরুণবাবু যে বিল এখানে এনেছেন, গ্রাটুইটি বিল আমরা তাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। কংগ্রেসের পক্ষ থেকে এই বিল আমরা আনতে পারিনি যদিও আমরা অনেক ভাল, ভাল কাজ করেছি। ওরা স্যার, অনেক

কুকীর্তি করেছেন সেজন্য দুই একটা সুকীর্তি করতে চাচ্ছেন। জানিনা এই বিল পাশ হবে কিনা কারণ ওরা কবে যে এখান থেকে পালিয়ে যাবে তার ঠিক নাই। এই সরকার এক ঘণ্টার মধ্যে পড়ে যেতে পারে আবার দুই এক দিন থাকতেও পারে। আমার আগে রবীনবাবু অনেক ভাল ভাল কথা মিষ্টি করে বলে গেলেন। তিনি বললেন যে আমাদের সরকার কমপ্রিহেনসিভ বিল এখানে আনবেন। কিন্তু স্যার, এঁরা যে আর কতক্ষণ সরকারে আছেন আমরা বুঝতে পারছি না। কালকে যে কাণ্ড হয়ে গেল তাতে কমপ্রিহেনসিভ বিল যে আর আসবে না সেটা আমরা বুঝতে পারছি। সুতরাং আমরা চাই যে এই বিল এখনি পাশ করা হোক। কারণ আমরা জানি শ্রমিকরা সারা জীবন ধরে কাজ করছে। তারপরে ২৫/৩০ বছর পরে তারা রিটেয়ারমেণ্ট বেনিফিটের জন্য ষ্ট্রাইক, ম্যানেজারকে ঘেরাও, হৈ হাঙ্গামা লাগিয়ে দেয় চাকরি থেকে রিটেয়ার্ড হবার জন্য। কারণ গ্রাচুয়িটি বেনিফিট কিছুই পায় না বলে। রবীনবাবু যে কথা বলেছেন তার সংগে আমি একমত।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলবো অত্যন্ত সুন্দর একটা বিল তিনি নিয়ে এসেছেন এবং ইংরেজের আমলে আমরা দেখেছি তখন মজদুরদের ঠিক মানুষ বলে গণ্য করা হতো না। সাধারণ মজদুরদের প্রতি কুকুর বিড়ালের মত ব্যবহার করা হতো। চা বাগানে মজদুরা ছোট্ট খুপরীর মধ্যে বাস করতো। তাদের ছেলেমেয়েদের বাঘে শিয়ালে নিয়ে যাচ্ছে কেউ গ্রাহ্যও করছে না। এসব ব্যাপারও আমরা দেখেছি। কোলিয়ারীতেও ঐ একই অবস্থা। অবশ্য এখন যে শ্রমিকদের জন্য অনেক সুবন্দোবস্ত করা হয়েছে একথা আমার সরকার পক্ষের বন্ধুরা সবাই স্বীকার করবেন। আর এও আমি জানি কেন আমরা শ্রমিকদের কাছ থেকে দূরে সরে গেছি। এর কারণ আমরা জানি। আমরা যখন শ্রমিকদের স্বার্থে আইন করেছি, সেই আইনগুলো যেটা রবীনবাবু বলে গেলেন, আমরা ঠিক রকম ভাবে তা প্রয়োগ হচ্ছে কিনা তা লক্ষ্য করি নাই। মালিকপক্ষ তা ঠিকমত প্রতিপালন করেন নাই, আমাদের সরকার তা enforce করবার কোন চেষ্টা করেন নাই। এখন এরা তার জন্য ঘেরাও ইত্যাদি মারদাঙ্গা করে তা করছে। আমরা সেই আইন করে গিয়েছি। আপনারা একটিও আইন করেন নাই। Enforce করার যে নিয়মটা, মালিকরা যদি হাইকোর্টে মামলা করে দিতেন তাহলে আমাদের হাত পা বাঁধা হয়ে যেত। আমরা আইন অমান্য করে কিছু করি নাই। আমাদের সরকারের আইন ছিল, কোর্ট ছিল। আমরা আইন মান্য করে চলতাম। আর আপনারা মনে করেন আইন অমান্য করাই ঠিক। যার জন্য আজ শুনতে পাচ্ছি Capital flight হচ্ছে। কাশীকান্তবাবু তো কালকে বলেছিলেন এদেশ থেকে কত কোটী কোটী টাকা অন্যত্র চলে গিয়েছে। একথা আপনাদের দলের কথা, আমার কথা নয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলবো এই যে গ্রাচুইটী বিল সেটা এসেছে, এতে প্রভিডেণ্ড ফাণ্ডের টাকার কথা বলা হয়েছে রবীনবাবু বললেন, শ্রমিকরা সময়মত তাদের প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা পায় না। অনেক পয়সা খরচ করে, অনেক ঘোরাঘুরি করে তবে সেই টাকা তাদের পেতে হয়। আমার অভিজ্ঞতায় তাই দেখেছি। সরকারের কাছে টাকা জমা দেওয়ার পরে শ্রমিক সেই টাকা পায় অনেক পরে, প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা পেতে তাদের দেরী হয়। মালিকরা এই টাকা সরকারে সময়মত জমাও দেন না, ফাঁকি দিয়ে বেড়ায়। তারপর মামলা হয়। মামলাতেও attend করেন না তাঁরা। গভর্ণমেণ্ট থেকে টাকা দিচ্ছেন না বলে force করা হচ্ছে। প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা জমা দেওয়া সম্পর্কে গভর্ণমেণ্টের ঘরে, সরকারী নিয়মকানুন আছে। প্রতি মাসের টাকা গভর্ণমেণ্টের ঘরে জমা দিতে হবে এই amendment আমি করছি। আশা করি অরুণবাবু আমার সংশোধনীটা গ্রহণ করবেন। টাকা যদি মালিক পক্ষের হাতে থাকে, শ্রমিক তো সে টাকা কোনদিন ফেরত পাবে না।

[ 5-20—5-30 p.m. ]

এই বিলের সংগে আমি এখানেই একটা য়্যামেণ্ডমেণ্ট করছি, আমার মনে হয় উনি এটা গ্রহণ করবেন। কারণ টাকাটা যদি মালিকের হাতে থাকে গভর্ণমেণ্টে হাতে থেকেই শ্রমিকরা পায় না, তারপরে যদি মালিকের হাতে থাকে তাহলে শ্রমিক কোনদিন তা পাবে না। কারণ আমাদের দেশের মালিকরা এখনও শ্রমিকদের আপন করে নিতে পারেননি, আমাদের দেশের মালিকরা এখনও মনে করে যে শ্রমিকদের যা দিচ্ছেন তা দয়া করে দিচ্ছেন, আমাদের দেশের মালিকরা এখনও ভাবে যে শ্রমিকদের তাদের যে অংশ পাওয়া উচিত তার বেশী তারা নিচ্ছে, সেইজন্য তারা ঘেরাও করছে। আমি বলি শ্রমিকদের ন্যায্য দাবী আদায়ের জন্য দরকার হলে নিশ্চয়ই তারা তা ঘেরাও করে নেবে, দরকার হলে ষ্ট্রাইক করে নেবে। শ্রমিকদের ন্যায্য দাবীর সংগে আমরা নিশ্চয়ই আছি। স্যার, আমি তাই বলছি যে এই বিলটা আর দেরী করা উচিত নয়। আমাদের তরফ থেকে আমরা এই বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সরকারপক্ষ থেকে যখন এই বিল এনেছেন তখন এই বিল নিশ্চয়ই পাশ হওয়া উচিত, কেন না এই সরকারের অস্তিত্ব আর বেশীদিন নেই আমরা মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের মুখে যা শুনেছি কিন্তু আমরা ওঁদের যেতে দেব না, ৫ বছর রেখে দেব—কারণ জনগণকে যে পাগল করে দিয়েছেন, গুণ্ডা তৈরী করেছেন সেই গুণ্ডারাই একদিন বুমারাং হয়ে ওঁদের সিধে করবেন, এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীসরল দেব:** মাননীয় স্পীকার স্যার, আমাদের এই সভার সদস্য শ্রীঅরুণ সেন কর্তৃক আনীত যে ওয়েষ্টবেঙ্গল ওয়ার্কসমেন্স পেমেণ্ট অব গ্রাচুয়িটি বিল তাকে সমর্থন করতে যেয়ে আমি দু একটা কথা বলছি। গ্রাচুয়িটি সিস্টেম শুধুমাত্র কেরল ছাড়া ভারতবর্ষের অন্য কোন প্রদেশে নেই, এমন কি পুঁজিবাদী দেশেও এই প্রথা প্রচলিত আছে। আমাদের পশ্চিমবাংলায় ৩৫ লক্ষ শ্রমিক এর আওতা থেকে এখন বাইরে আছে। অত্যন্ত আনন্দের বিষয় কেরলে অচ্যুত মেনন সরকার এটাকে বাস্তবে রূপ দিয়েছেন, সেইজন্য তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। ভারতবর্ষের একটিমাত্র প্রদেশে এই কাজ করা সম্ভব হয়েছে। আমরা আশা করেছিলাম পশ্চিমবাংলায় এই বিলটা অনেক আগেই আসবে, যাহোক অনেক বিলম্বে এলেও আমি এই বিলকে সমর্থন করছি, সমর্থন করছি এই কারণে যে, আমাদের দেশের মালিক শ্রেণী প্রভিডেণ্ট ফাণ্ডের টাকা জমা দেন না, আইনের ফাঁকে এখনও বেঁচে আছেন বহাল তবিয়তে। এখানে মাননীয় রবীনবাবু সংশোধনের কথা বলেছেন, সেটা আলোচনার সুযোগ আছে, নিশ্চয়ই সেই সংশোধনী আমরা এখান থেকে আনব কিন্তু আরো একটা কমপ্রিহেনসিভ বিল এখানে আনা উচিত। উনি আগেই বলেছেন যে নাম্বুদ্রিপাদ সরকার একটা বিল রচনা করেছিলেন, পরবর্তী অধ্যায়ে অচ্যুত মেনন সরকার এটাকে বাস্তবে রূপ দিয়েছেন। সেইজন্য আমি মনে করি যে মাননীয় সদস্য শ্রীঅরুণ সেন মহাশয় যে বিলটা আজকে এই সভায় আমাদের সামনে হাজির করেছেন এটা অত্যন্ত সময়োপযোগী এবং এই বিলটা যাতে করে এই সভার সমর্থন লাভ করে এটা আমি এই হাউসের সকলের কাছে আশা করব। কারণ আমরা দেখেছি শ্রমিক শ্রেণীকে শোষণ করে পশ্চিমবাংলার মালিক শ্রেণী লক্ষ লক্ষ কোটি কোটি টাকা তারা মুনাফা লুন্ঠন করেছে, পাহাড় পরিমাণে মুনাফা লুন্ঠন করে নিয়ে গেছে কিন্তু সেই কর্তব্যরত, শ্রমরত শ্রমিক সে যখন মৃত্যুর কবলে ঢলে পড়ে তখন তার পুত্র, কন্যা তিলে তিলে মৃত্যুর দিকে এগিয়ে যায় এবং মৃত্যু শেষে তার পরিবারবর্গকে আমরা দেখেছি আমাদের কাছে এসে বলে আমাকে জি. আর-এর আটা করে দেবেন? আমি ২/৩দিন খাইনি। একটা সুস্থ, সবল জোয়ান মানুষ ঐ কারখানার বয়লারের পাশে দাঁড়িয়ে দিনের পর দিন মেহনত দেয়, আর তারই মেহনতের মুনাফা লুন্ঠন করে নিয়ে যায় ঐ মালিক শ্রেণী, সেই মালিক শ্রেণীর অকৃপণ হাত থেকে সামান্য কিছু আনবার প্রস্তাব অরুণবাবু এনেছেন, সেই প্রস্তাব অত্যন্ত সাধু প্রস্তাব। সেইজন্য আমরা চাই মালিক শ্রেণী অন্ততঃ পক্ষে পুঁজিবাদী দেশে যখন এই প্রথা চালু আছে,—আমরা জানি যুক্তফ্রন্ট সরকার সমাজতান্ত্রিক

সরকার নয়, শ্রমিকদের জন্য রাতারাতি কিছু করতে পারবে এই কথা বলছি না। কিন্তু এই কথা ঠিক পুঁজিবাদী রাষ্ট্র ব্যবস্থায় গ্রাচুইটির ব্যবস্থা আছে, অথচ পশ্চিমবাংলায় আমরা এই সামান্য সুযোগটুকু দিতে পারি না। প্রায় ১১ মাস হতে চলল সেটা আমাদের পক্ষে অত্যন্ত ডিসক্রেডিট। আমি অনেক আগেই এই বিলটি এখানে আসবে আশা করেছিলাম, বিগত জুলাই মাসের অধিবেশনে এটা আসা উচিত ছিল। আমি সেইজন্য মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আপনার মারফত আকর্ষণ করছি। কারণ, শ্রমমন্ত্রী বাংলাদেশের শ্রমিক আন্দোলনের অন্যতম সংগ্রামের সাথী। সেইজন্য তার কাছে আবেদন করছি যে আরো কল্যাণমূলক আরো কমপ্রিহেনসিভ বিল পশ্চিমবাংলার কলে কারখানায় কর্মরত শ্রমিকদের জন্য আনুন, আমরা তাকে দু-হাত তুলে সমর্থন জানাব। বম্বেতে সুতাকলের শ্রমিকরা যে বেতন পায় পশ্চিমবাংলার সুতাকলের শ্রমিকরা একই বেতন পায় না। আমরা দেখেছি পশ্চিমবাংলার কিছু কিছু কলকারখানায় গ্রাচুইটি দেবার ব্যবস্থা আছে, কিন্তু সেটা দেয় মূল বেতন বলে ডি. এ. তার মধ্যে ইনক্লুড করে না। তাই আমাদের এখানে যে প্রস্তাব আছে তাতে বলা আছে টোটাল এমলিউমেন্টস—এই টোটাল এমলিউমেন্টের উপর গ্রাচুইটি দেবার কথা বলেছি এবং সেই গ্রাচুইটির ব্যবস্থা অত্যন্ত যুক্তি সংগত এবং অত্যন্ত সময় উপযোগী হয়েছে। একে বাস্তবে রূপ দেওয়া চাই তারই জন্য আমি আপনার মারফত এই হাউসের কাছে আমার বক্তব্য রাখছি। পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকার আমরা শ্রমিকদের আশীর্বাদ নিয়ে এখানে বসেছি এবং এই পর্যন্ত যেমন যুক্তফ্রন্ট সরকারের সহযোগিতায় পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণীর ঐক্যের মধ্য দিয়ে ঐ একচেটিয়া পুঁজিপতিদের হাত থেকে সুতাকলের শ্রমিক, চটকলের শ্রমিক, চা বাগিচার শ্রমিক, ইঞ্জিনিয়ারিং কলকারখানার শ্রমিকরা তাদের যেমন দাবী আদায় করতে সক্ষম হয়েছে তেমনি আজকে ঐ মালিক শ্রেণীর একচেটিয়া পুঁজিপতিদের অকৃপণ হাত থেকে আইন মারফত আমরা কিছু পাইয়ে দিতে পারি কিনা এই চিন্তা করবার নিশ্চয়ই এখন একটা উপযুক্ত সময় আমাদের এসেছে। তাই আমি অরুণ সেন কর্তৃক আনীত এই প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে রবীনবাবু যেকথা বলেছেন তাঁর সঙ্গে আমি একমত, কিন্তু তিনি যেখানে ১৫ মাসুল বাড়িয়ে দেবার প্রস্তাব করেছেন—আমরা এটা বলতে পারি কিনা যে ১৫ মাসের লিমিট না বেঁধে ম্যাক্সিমাম এবং মিনিমাম এই লিমিট না বাঁধলেই ভাল হয়। ম্যাক্সিমাম পরবর্তী অধ্যায়ে এটা ঠিক করবেন। আর একটি জায়গায় আছে "superannuation" means the termination of the services of an employee by the employer when the employee reaches the age of 58 years or such other age, if any, fixed in the contract or condition of service or has completed thirty years of service, whichever is earlier. এর পরে যেটা আছে আমি সেটাকে ডিলিট করবার জন্য বলেছি "or has completed 30 years of service which ever is earlier". এটাকে ডিলিট করে দিয়ে আপটু সার্ভিস অবধি রাখবার কথা বলে আমি এটাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri A. H. Besterwitch:** Mr. Deputy Speaker, Sir, Honourable Arun Sen has brought a Bill in this House regarding gratuity. I congratulate him on this Bill. At the same time, I find there are certain mistakes, I think due to oversight or so, and that is why I have asked that it should go to the Select Committee. The whole fact is that he has mentioned plantation where we have got various sorts of benefits. For instance, in some places, in some gardens the workers are getting pension as well as gratuity and provident fund. In some gardens they are getting provident fund and pension and in some gardens they are getting gratuity and provident fund. But in majority of the gardens they are not getting all these things. That is why we have put a claim for

*pension, gratuity and provident fund. So, if this Bill comes into force automatically, the tea garden workers will be deprived of one benefit or the other.*

[ 5-30—5-40 p.m. ]

At the same time I findt hat in clause 2 (b) he mentioned about the "completed year of service" but here the "completed year of service" is not defined. In our tea gardens the "completed year of service" comes to 240 days. That includes all sickness interruptions, leave and all these things. But here if "completed year of service" means 365 days then the tea garden workers are going to be deprived of certain facilities they get due to one "completed year of service". Although I congratulate him for this piece of legislation, there are other things to which I do not want to go. In fact, when the Select Committee sits, this can be rectified automatically. But I hope that Government will try, as my friend Shri Robin Mukherjee has stated just now, to see that a comprehensive Bill is going to come on these lines. When it is going to come? If it is coming within this Session I think I will congratulate it, but in the meantime if it is not coming I think the best thing will be that let this Bill go to a Select Committee and let we bring a comprehensive Bill on these very lines during this Session. It is stated that the report of the Select Committee should be submitted by 1st July. I think this is a mistake. It should be by 1st April so that this can easily be brought into during this Session and we may pass it with all rectifications and corrections. I am certain that the Labour Minister will agree with me and I am also certain that my friend Shri Arun Sen will agree with me that mistakes in this Bill can be rectified in the Select Committee. Most probably my friend has done it with the intention that this can be passed within this Session. Going through it, clause by clause, I find there are lot of mistakes. So I expect that the House will very seriously consider about passing of this Bill with all rectifications by the end of March. If the Select Committee sits and rectifies the mistakes we can easily finish it by the 1st week of April.

Thank you.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় সদস্য শ্রীঅরুণ সেন মহাশয় যে বিল এখানে উপস্থিত করেছেন আমি তার জন্য তাঁকে অভিনন্দিত করছি এবং তিনি তাঁর ভাষণে যে সমস্ত কথা তুলে ধরেছেন সেগুলি আমি সমর্থন করছি। কিন্তু সঙ্গে সঙ্গে এটাও আমি আপনাদের সামনে রাখতে বাধ্য হচ্ছি যে এরকম একটা বিল, যে বিলে মেহনতী গরিব শ্রমজীবীদের ভবিষ্যতের একটা সামান্যতম পথ রচনা হবার অবকাশ আছে, সেই বিলটা তাড়াহুড়া করে পাশ করা সংগত হবে কিনা সেটা হাউসকে বিবেচনা করতে আমি নিশ্চয় অনুরোধ করবো। এটা সত্য কথা যে ১১ মাস হল কিন্তু এরকম বিল আসেনি। আমরা আশা করি এবং শুধু এখানে নয় হাউসের বাইরে কোটি কোটি মানুষই আশা নিয়ে বসে আছে যে, যুক্তফ্রন্ট সরকার তাদের জন্য যা কিছু করবে সেটা তাদের মংগলের জন্যই করবে, এ ভরসা কোটি কোটি মেহনতী মানুষ রাখে বলেই আজও যুক্তফ্রন্ট আছে এবং থাকবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যেমন বলেছিলাম, ১১ মাস হয়ে গেল তথাপি এই রকম একটা বিল এলনা, কিন্তু এই সঙ্গে একথাও বলছি মাত্র ৪ মাসের মধ্যে যুক্তফ্রন্ট সরকার এমন এমন কাজ করছে যে ভারতবর্ষের কোন প্রদেশে হয়নি, সেটাতো ইতিহাসের কথা। কাজেই জয়নাল সাহেব বা সিদ্ধার্থরায় সাহেব বা নেপালরায় সাহেব, তারা যত কথাই বলুন না কেন। আজও এই

হাউসে ওয়ান ইণ্ডাসট্রি, একটা মাত্র ইউনিয়ন, যে যুগান্তকারী আইন পাশ হয়েছে, আজও তার অনুমোদন আসেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সাধারণতঃ দু'একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। কয়েকদিন আগেও আমার কাছে একটা খবর এল, বড়বাজারের কতকগুলি লোক এসে বললো যে, সেখানে বহু কারবারী আছে সেখানকার শ্রমজীবী যারা দীর্ঘদিন ধরে কাজ করছে তাদের প্রভিডেণ্ট ফাণ্ড নেই, তাদের কোন রকম সুবিধা নেই। আমি অবাক হয়ে গেলাম যে, আজও তারা এইরকম ভাবে জীবন কাটাচ্ছে। তারা যদি আজ বলে বা তারা যদি আজ মালিককে ঘেরাও করে তাহলে কি অন্যায় হবে? তারা মালিকদের কাছে বারে বারে বলেছে কিন্তু মালিকরা যে কোন কারণে হোক শোনেনি। সুতরাং এই জিনিষগুলি দেখতে হবে। শ্রমজীবী জনসাধারণ, তাদের একতাবদ্ধভাবে মালিকের বিরুদ্ধে দাঁড়াতে বাধ্য করে এবং তারা যখন দাঁড়ায় তখন যদি বলেন, এটা অন্যায় হয়েছে তাহলে নিজেকে নিজের উপহাস করা ছাড়া আর কি হতে পারে। আমি একটা সংস্থার সংগে জড়িত আছি কয়েকটি ছোট ছোট ইউনিয়নের মধ্যে, তার মধ্যে আমি অবাক হয়ে যাই—স্টেট সরকারের ট্রাষ্টের ব্যাপার, আমাদের সরকারের ডিপার্টমেণ্ট ঐ ট্রাষ্টে আমি ছোটাছুটি করে প্রেসিডেণ্ট হিসাবে রেজলিউশান করে আজও গ্রাচুইটির ব্যবস্থা করতে পারিনি। সুতরাং এটা আমাদের চিন্তা করতে হবে। এগুলি সম্বন্ধে এরকম একটা কমপ্রিহেনসিভ বিল আসা উচিত যাতে সকলের সুবিধা হয়। আমি বিলের আর কিছু না বলে শুধু এই কথাই বলবো—নেপালবাবু যদি নিজের মনের আনন্দে, যেমন পাগলে কি না বলে সেই রকম যুক্তফ্রণ্টের ধ্বংসের স্বপ্ন দেখছেন। তিনি জানুন, তার জানবার দরকার আছে যে যুক্তফ্রণ্ট কারো খেয়ালখুসির জন্য তৈরী হয়নি। যুক্তফ্রণ্টকে বাংলার কোটি কোটি মানুষ তৈরী করেছে। যদি যুক্তফ্রণ্ট না থাকতো তাহলে বাংলাদেশের মানুষ অন্য পথে যেত। সুতরাং আজকে যুক্তফ্রণ্ট থাকবে এবং যুক্তফ্রণ্টকে রাখার জন্য কোটি কোটি মানুষ চেষ্টা করবে এবং আমি মনে করি সেই চেষ্টা সফল হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅমূল্যরতন মাহাতো:** উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য অরুণবাবু যে বিলটি এনেছে সেই বিলকে সমর্থন করতে উঠে আমি দু চার কথা বলতে চাই। এই ধরনের বিল যদি না পাশ হয় বা সমর্থিত না হয় তাহলে আমরা যে বলছি যে মেহনতী মানুষের তথা জনগণের এই সরকার এটা যেন একটা মিথ্যা বলে মনে হবে সেদিক থেকে এই বিলকে সকলে সমর্থন করবে এই বিশ্বাস করি। এবং যেহেতু আমি কোন কলকারখানা বা শ্রমিক এলাকার এম. এল. এ. নই সেইজন্য কোন স্তরে সংশোধন আনলে পর আরও সুবিধা হত এটা আমি বলতে পারিনা। কিন্তু তবুও আমি বুঝি যে একটা সাধারণ শ্রমিক যখন তার জীবনের শেষ মুহূর্তে কাজ থেকে অবসর নেন তখন তার যদি কিছু পাওনা না থাকে তাহলে তার পক্ষে শেষ জীবন চলা দুর্বিসহ হয় এবং তার যদি কোন ছেলেমেয়ে নাবালক থাকে বা বিয়ে দেবার মত মেয়ে থাকে তাহলে তার পক্ষে জীবন ভীষণ কষ্টদায়ক হয়ে উঠে। কিন্তু তাঁদের যদি গ্রাচুইটি থাকে তাদের ভরসা থাকে যে যখন কাজ থেকে অবসর গ্রহণ করবে তারা তার দ্বারা সংসার গড়ে তুলতে পারবে। সেদিক থেকে আমি আশা করতে পারি যে এই হাউসের মেম্বাররা এই বিলকে সমর্থন করবেন এবং সরকার ভেবে চিন্তে এই বিলের উপর পূর্ণ সমর্থন জানিয়ে একটা সম্পূর্ণ বিল নিয়ে আসবেন—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

**শ্রীপতিতপাবন পাঠক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে পেমেণ্ট অব গ্রাচুইটি বিল যেটা এসেছে এজন্য আমার বন্ধু মাননীয় সদস্য শ্রীঅরুণবাবু নিশ্চয় ধন্যবাদ দাবী করবেন। আমরা একসংগে বহু ট্রেড ইউনিয়নের সংগে জড়িত। অনেক অভিজ্ঞতা আমার এবং অরুণবাবুর আছে এবং তাড়াতাড়ি করতে গিয়ে ১২ মাসের জায়গায় ২৪ মাস হয়ে যায়। সেজন্য আমাদের যা জ্ঞান তাতে উদাহরণ রাখলে বুঝতে পারবেন। আমার বক্তব্য হচ্ছে অরুণবাবু চিন্তা করেছেন এবং অন্যান্য

মাননীয় সদস্য চিন্তা করেছে। তিনি অবিলম্বে শ্রমমন্ত্রী মহাশয়ের সঙ্গে বসে একটা বিল যাতে এই সেসনের মধ্যে আনা যায় তার চেষ্টা করবেন যখন আমাদের ওপক্ষ আশ্বাস দিয়েছেন তখন আমরা অবিলম্বে পাশ করতে পারবো বলে বিশ্বাস করি। আমি দু একটা কথা আপনার মারফত এই হাউসের নজরে আনতে চাই। সেটা হচ্ছে যে এমপ্লয়ীর ব্যাখ্যা যেটা সেটা অসম্পূর্ণ—এটা আরও অনেক বড় করা দরকার। কারণ ঐ যে ইনডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট তার সেকসন টু-তে যা আছে তাতে ৭০০ হোল—কেন ৮০০ হবে না এটা আমি ট্রেড ইউনিয়ন কর্মী হিসাবে বুঝতে পারি না। সেখানে ৫০০ ও ৬০০ টাকা আছে—কিন্তু এর চেয়ে বেশী মজুরী পান এইরকম আরও অনেক কর্মী আমাদের দেশে আছে। এবং যেরকম হারে জিনিষপত্রের দাম বাড়ছে, তার সংগে তাল রাখতে গিয়ে এই মহার্ঘ ভাতা বৃদ্ধির সীমারেখা অনেক ক্ষেত্রে ছাড়িয়ে গেছে। আমি যখন বলি রিয়েল ইনকাম বাড়েনি, তখন তাঁরাই বা কেন এটা থেকে বঞ্চিত হবেন, সেই ব্যাখ্যা এই বিলের মধ্যে নাই। এই সীমারেখা অনেকদূর পর্য্যন্ত আরও বাড়ান উচিত ছিল। বোনাস এ্যাক্টও ১৬০০ টাকা করা আছে, সেটা কেন বাড়ান হবে না, আমি বুঝতে পারিনা। আর অন্য যে সমস্ত ত্রুটি আছে সেগুলির কথা যদি সময় পাই আলোচনা করব। একটা জিনিষ দেখছি—এটা বোধ হয় ছাপার ভুল হতে পারে। ঐ দু নম্বর ক্লজে একটা কথা যেখানে জেতে বলেছেন রিটায়ারমেণ্ট means, termination of the services of an employee for any cause, does not include superannuation. এটা বোধ হয় ভুল আছে, সুপারয়্যানুয়েশন-এর জন্য বিল করা হয়েছে, এটা বোধ হয় ঠিক করা দরকার। আমি আর কয়েকটি কথা বলছি। নেপালবাবু একটা কথা বলেছেন, আমি সেটা আরও জোরের সংগে বলতে চাই। সব চেয়ে বড় জিনিষ এই ফাণ্ড কোথায় যাবে? আজকে আমরা জানি কারখানা বন্ধ করে দিলে, সারা জীবনের নরস আমাদের বাতিল হয়ে গেল। এই কারণে এই বিলে যে ফাণ্ড আছে, এ সম্বন্ধে যদি সেই গ্যারান্টি না থাকে, যেমনভাবে রিট্রেঞ্চমেণ্ট কম্পেন্সেসন থেকে বাদ দেওয়া হচ্ছে, সেই রকমভাবে, এই গ্যারান্টি যেটা মহামূল্য সম্পদ বলে আমরা মনে করি, সেটা বাদ চলে যাবে। এটা সব চেয়ে বড় ত্রুটি বলে আমি মনে করি। আশা করি মাননীয় সদস্য বন্ধুও এটা নিশ্চয়ই অনুভব করবেন।

এক বছরের কথা উঠেছে, সেটা কম করতে হবে, আর কম দিন স্পেসিফাই করতে হবে এবং একটা কথা বলতেই হবে যখন বিলটা আসবে সেটা উইথ ব্রেক কতদূর হবে। আমি মনে করি ১৪০ দিন বা ২৩০ দিন, এবং এটা উইদাউট ব্রেক এবং ৩০০ থেকে ৩১০ দিন উইথ ব্রেক, এই রকম একটা দিলে মালিকের বদমাসি থেকে শ্রমিকরা মুক্তি পাবে। তা ছাড়া ১৫ দিন সম্পর্কে আমার তীব্র বক্তব্য আছে। ১৫ দিন মানে কম পরিমাণ বা কম সংখ্যক টাকা। সেটা আমি আপনাকে দেখাচ্ছি। আমরা ইঞ্জিনীয়ারিং বোর্ডের অদক্ষ শ্রমিকদের জন্য ১৬০ টাকা ঠিক করেছি। ১৫ দিন মানে ৫০ আর ৩০ অর্থাৎ ৮০ টাকা। এর ১৫ মাস ঠিক হয়েছে। তাহলে শেষ জীবনে কটা টাকা হাতে যায়। সেজন্য এর পরিমাণ আরও অনেক বাড়াতে হবে। এটা নিশ্চয়ই বিচার করা দরকার। কারণ টাকার মূল্য ১৩ পয়সা কি ১৪ পয়সা হয়েছে, সেটা বিচার করে দেখবেন। সেজন্য বছরে অন্ততঃ এক মাস কি দেড় মাস করার দরকার আছে। আর বিশেষ করে যেটা বলছি, এই ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এণ্ড রীজন্স-এ যে কথা লেখা আছে, এই ভাষাতে আমার আপত্তি আছে। এই ভাষাটা অনেক সত্য কথা আছে, কিন্তু বলা উচিত কিনা, কারণ আমাদের ভবিষ্যৎ বংশধররা এসে পড়বে। দি ওয়ার্কমেন are being denied any amount at the time of retirement or superannuation and the poor workman at the old age has to go on starvation or begging. একথা ঠিক হলেও এটা থেকে একটু বাদ দেওয়া দরকার।

আর একটা কথা বলেই আমি শেষ করব। সেটা হচ্ছে ভাষার দিক দিয়ে তাড়াহুড়া করবেননা। কারণ এই বিল অদ্ভুত কোন সমস্যা বিচারের জন্য যদি কোর্টে যায়—আমি একটা

কথা বলছি একটা নজির এখনও আছে সুপ্রীম কোর্টের দেওয়া গ্র্যাচুইটি যদি প্রভিডেণ্ড ফাণ্ডের চেয়ে বেশী হয় তাহলে আইদার অব দি টু একটা পাবে। দুটো পাবেনা। এটা বিবেচনা করে গার্ড করে বিলটা আনা উচিত। একথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে সরকার পক্ষের মাননীয় সদস্য অরুণ সেন মহাশয় যে বিল এনেছেন সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে জাতীয় সরকার শ্রমিক শ্রেণীর উন্নয়নের জন্য যে পথ নিয়েছিলেন সেই পথ আমাদের ছিল বলে আমি এই বিল সম্পূর্ণভাবে সমর্থন করছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, জাতীয় কংগ্রেস সাম্প্রতিককালে কতগুলি প্রগতিশীল নীতি নেবার ফলে কংগ্রেসের বিরোধীদলগুলি কংগ্রেসকে দেখলেই ত্রাহি ত্রাহি রব তুলছেন। জাতীয় কংগ্রেসের অন্যতম নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বার বার বলেছেন সাধারণ মানুষের স্বার্থে এই স্বাধীনতা, সাধারণ মানুষের স্বার্থে এই সমাজ। সাধারণ মানুষের স্বার্থে এই রাষ্ট্র। আজকে এই বিলের সংগে যদিও সাধারণ মানুষের স্বার্থ জড়িত তবুও একটা জিনিষে সংশয় জাগে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে বিতর্কের সময় আপনি নিশ্চয়ই শুনেছেন বাংলাদেশের এডমণ্ড বার্ক মুখ্যমন্ত্রী বলেছেন অসভ্য, বর্বর সরকার এই রাজ্য পরিচালনা করছে। স্যার, একটা জিনিস এখানে লক্ষণীয়। আপনি কি দেখেছেন বিড়লার গায়ে হাত পড়েছে? (এ স্বরেস ঃ—এসব কি বলছেন?) আপনারা আক্রমণ করবেন আর আমরা কাদা গায়ে মেখে চলে যাব সেটা হয়না। ঢিলটি মারলে পাটকেলটি খেতে হবে। যাহোক, আজকে সারা বাংলাদেশে বিভীষিকার রাজত্ব চলছে, আগুন জ্বলছে অথচ দেখছি বিড়লা অক্ষত, সিংহানিয়া অক্ষত। আমরা দেখছি যারা শিল্পের মালিক, যারা পুঁজিপতি,কোটিপতি তাদের গায়ে হাত পড়ছেনা। কাজেই আপোষ কোন্ চুক্তিতে হয়েছে সেটা সাধারণমানুষ বুঝতে পারছে। স্যার, আজকে যাঁরা জনপ্রতিনিধি সেজে যুক্তফ্রন্ট সরকার নাম ধারণ করে চলেছে সেই ভণ্ডের দল এই বিল হাউসে আনতে পারেননি, বেসরকারী বিল হিসাবে এই বিল হাউসে উত্থাপিত হয়েছে। আমাদের দেশে যে শিল্প ব্যবস্থা ছিল সেই ব্যবস্থা কাটিয়ে শিল্পের সম্প্রসারণের জন্য, শ্রমিকের কল্যাণের জন্য কংগ্রেসের নেতৃত্বে জাতীয় সরকার যে সমস্ত বিধান নিয়ে চলেছে এঁরা তার সম্প্রসারণ করতে পেরেছে, তার মৌলিক পরিবর্তন করতে পারেনি। কাজেই আমাদের পথে চলছে বলে আমি আগেই বলেছি এই বিল আমি সমর্থন করছি। সরকার পক্ষের সদস্য এই বিল উত্থাপিত করেছেন বলে একে বাধা দেবার কোন কারণ নেই, কিন্তু এক একজনের যেমন সেনসেটিভনেস্ দেখছি তাতে মনে হয় যেন আঁতকে উঠেছেন। জানিনা এটা কেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা খুব চিৎকার করছে। কিন্তু এই কংগ্রেস চিরদিন এই দেশকে দেখে এসেছে, দেশের মানুষকে দেখে এসেছে। আজকে ওদের স্মরণ করতে বলি, যে ১৯৪২ সালে কোথায় ছিলে তোমরা। কংগ্রেসের নেতৃত্বের ইতিহাসও আমরা জানি, সেই ১৯৪২ সালে আমাদের সংগে যারা ছিলেন সেই শ্রদ্ধেয় ভাজন নেতৃবর্গকেও আমরা জানি, যাঁরা মতভেদের জন্য ঐ দিকে বসেছেন, সুতরাং অভিযোগটা আমি সার্বজনীন করতে চাই না। কিন্তু ব্রিটিশ, পুঁজিপতি বলে আমাদের উপর দোষারোপ করতে চায়, তারা নিজের দোষটা একবার সন্ধান করে দেখবেন কি? এই কথা বলে এই বিলের যে মৌলিক নীতি, তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনাদি দাস :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে নন-অফিশিয়্যাল বিলটা আনা হয়েছে এখানে, সেটাকে পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য আরম্ভ করছি। আমরা হাওড়া জেলায় বাস করি, আমাদের এলাকাটা ওয়াকিং ক্লাসের এরিয়া। প্রতিদিন সকালবেলায় বাড়ীতে যে কত ভিখারী ভিক্ষা করতে আসে, তা গোনা যায় না। যদি একটু ধৈর্য্য ধরে কারোর থেকে জিজ্ঞাসা করা যায়, যে তুমি আগে কি করতে? ও বলবে যে, চটকাশী চটকলে কাজ করতাম, বুড়ো হয়ে পড়েছি, আর কাজ করতে পারিনা। যদি জিজ্ঞাসা করেন যে, তোমার ছেলেপুলে নেই? তখন বলবে যে ছেলে আছে, কিন্তু তাদের ছেলেপুলে সামলাতেই ব্যস্ত, আমাদের খাওয়াবে কি? সুতরাং

বুড়ো বয়সে ঘোরে ঘোরে লাঠি নিয়ে ঘুরে বেড়াচ্ছি: এই হচ্ছে যারা বাংলাদেশে তথা ভারতবর্ষের সম্পদ সৃষ্টি করে সমাজকে বাঁচিয়ে রেখেছে। এই দুনিয়াকে যারা ধারণ করে রেখেছে, পৃথিবীকে চালু করে রেখেছে, তাদের অবস্থা আজকে এই পর্য্যায়ে এসে পৌঁচেছে। তার জন্য কোন ব্যবস্থা এতদিন হয়নি। এই বিলের মধ্যে তার কিছু ব্যবস্থা করবার চেষ্টা হয়েছে, সেই জন্য একে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। কিন্তু এর মধ্যে কিছু কিছু ত্রুটি দেখা যাচ্ছে, নিশ্চয়ই তাড়াতাড়ি ড্রাফট করার জন্যই হোক বা অন্য যে কোন কারণেই হোক কভারেজের বেলায় শুধু বেন—ফ্যাক্টরি এ্যাক্টের কভারে যারা শুধু প্লানটেশন বা ওয়েষ্ট বেঙ্গল শপস্ এ্যাণ্ড এষ্টাবলিশমেণ্টস এ্যাক্ট এ কভার করছে। এরা ছাড়া আরও অনেক শ্রমিক আছে যাদের একেবারে ধরা যায় না। সেইগুলো আলাদা কথা, আস্তে আস্তে ভাবনা চিন্তা করা যেতে পারে—যেমন ধরুন ট্রান্সপোর্ট ওয়াকার্সদের জন্য শ্রমিক বলে ধরা যায়। যারা ট্রাম বাস বা লরিতে চাকরি করে, এই রকম অনেক ধরনের ক্যাটাগরিতে কাজ করে তাদের কভারেজ আরও বিস্তৃত করার দরকার আছে। কাজেই ইল্লিগ্যাল ষ্ট্রাইক সম্পর্কে মাননীয় সদস্য রবীন বাবু বলেছেন, সুতরাং আমি ওটা বলতে চাই না, শুধু একটু উল্লেখ করতে চাই যে, যদি কোন রকম জাষ্টিফায়েবলি ইল্লিগ্যাল হয়— ধরুন একজন ৩০ বছর চাকরী করতে পারবে কিন্তু ২৯ বছর সে খুব ভালভাবে কাজ করেছে, শেষ বয়সে একটা ষ্ট্রাইকে জড়িয়ে পড়লো, যে কোন কারণে হোক সেটা ইল্লিগ্যাল। তাহলে কি my seivice contiuuty lost, gratuity lost. এ কেমন করে হতে পারে? সুতরাং এটার সম্পর্কে ভাবার দরকার আছে। পণ্ডিত বাবু বলেছেন যে কেন ৭০০ টাকা হবে, ১৬০০ টাকা হবে না কেন? এটা ঠিকই আমরা একটা আনস্কিল্ড ওয়ার্কারের জন্য ছোট কারখানায় ১৬০ টাকা করেছি এবং বড় কারখানায় ১৯৫ টাকা করেছি। তার থেকে ৭৫০ টাকা যাদের মাইনে, হয়তো তাদের একটু ষ্ট্যাণ্ডার্ডটা ভাল but he cannot lay by anything. এটা তাদের শেষ বয়সের সম্বল যখন, তখন এই এত কম ধরা উচিত নয়। এটাকে আরও নিশ্চয়ই বাড়ানো দরকার। সরল বাবু বলেছেন যে হুইচ

[ 6-00—6-10 p.m. ]

এভার ইজ লেস, ঐ সেকসান ২ (কে)—সেখানে বলেছেন ৩০ বছর বা ৫৮ বছর বয়স, আমি বলি ওটা অত্যন্ত রঙ ফরমুলা হয়েছে। একজন এ্যাডাণ্ট ১৮ বছর হলে—১৮ বছর যদি চাকরী ধরি, আমি যদি আনস্কীলড ওয়ারকার হই এবং ৩০ বছর যদি কাজ করি তাহলে ৪৮ বছর বয়স হলে আমাকে রিটায়ার করতে বাধ্য করা হবে। অথচ ৬৮ বছর বয়স একস্পেকটেসান অফ লাইফ যদি সত্যই ধরা যায় তাহলে তারপর আমি আরো ২২ বছর বাঁচবো এবং এই ২২ বছর যা গ্রাচুয়িটি পাব তাতে চালান সম্ভব নয়। আর একটা কথা হচ্ছে—ফুল ইয়ার যতক্ষণ পর্যন্ত capability to work which is generally 58 or 60. এই রকম একটা কিছু করা দরকার। এই যে ১৫ মাস বলা হয়েছে—আমি আমার যৌবন দিয়ে দিলাম, ১৮ টু ৬০ কিম্বা ২০ টু ৬০ দিয়ে দিলাম। তারপরে আরো ২০ বছর যদি বাঁচি, আর যদি গ্রাচুয়িটি পাই ১৫ মাস তাহলে তার মানে সেই টাকা দিয়ে খুব কসে মেজে চললে ১ বছর কি দেড় বছর চলবে। অথচ আমি এখনও ২২ বছর বাঁচবো। সুতরাং ব্যবস্থা এরূপ হওয়া দরকার আফটার রিটায়ারমেণ্ট যারা এ্যাডাল্ট কর্মক্ষম তারা যাতে আনটিল ডেথ অথবা আনটিল তাদের ছেলেরা বিকামিং এ্যাডাল্ট তার পরিবারবর্গ প্রপারলি বেঁচে থাকতে পারে তার ব্যবস্থা করা দরকার। তা না হলে আমার সমস্ত যৌবন দিলাম, অথচ শেষ জীবনে না খেয়ে মরবো এই ব্যবস্থা থাকা উচিত নয়। সেজন্য আমি বলি এই বিলকে সিলেক্ট কমিটিতে দেওয়া হোক, দিলে এর এই ত্রুটিগুলি দূর হয় এবং বিলটাও থাকে। এই বিল নিশ্চয়ই পাশ হওয়া দরকার এটাকে ফেলা উচিত নয়। তবে এই ত্রুটিগুলি রাখার দরকার নেই। এটা eye opener to the working classes in other States. সেখানে কংগ্রেস গভর্ণমেণ্ট আছে, আমাদের এখানে যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট। যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট-এর কাছে তারা অনেক কিছু আশা করতে পারে। অন্যান্য জায়গায় ওয়ারকিং ক্লাস এটাই ইনষ্ট্রুমেণ্ট অফ ফাইট হিসাবে পাবে। সুতরাং আমি বলবো এই বিলে

যে সমস্ত ল্যাকুনা আছে সেগুলি দূর করা দরকার। অথচ বিল ফেলে দেওয়া যায় না বা ফেলে দেওয়া উচিত নয় বলে আমি মনে করি। সুতরাং এটা যদি সিলেক্ট কমিটিতে দেওয়া হয় that wil be right proposal. প্রস্তাবক এই প্রস্তাব গ্রহণ করবেন কিনা জানিনা তবে আমি মনে করি এই প্রস্তাব গ্রহণ করা উচিত। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ram Krishna Saraogi:** माननीय उपाध्यक्ष महोदय, श्रीअरुण सेन महाशय ने यहाँ जो ग्रेचूएटी विल रखा है, उसका मैं सम्पूर्ण रूप से समर्थन करता हूँ। और इस विल को सम्पूर्ण रूप से समर्थन करने के साथ-साथ, मेरी २० वाहिश थी—मेरी इच्छा थी कि आनरेवल मेम्बर श्रीविस्ट्र विच ने सिलेक्ट कमेटी में इस विल को भेजने का जो प्रस्ताव रखा है, उसका भी मैं समर्थन करूँ। यह मेरी इच्छा जरूर थी, किन्तु हालत कुछ ऐसे हैं, जिनको देखते हुए, उनके प्रस्ताव को समर्थन करने की मेरी हिम्मत नहीं होती।

श्रीअरुण सेन महाशय ने इस विल के अन्तर्गत लिखा है कि इस में आर्मी और पुलिस सर्भिस के जो लोग हैं, वे लोग इस ग्रेचूएटी विल के अन्तर्गत नहीं आनेंगे। किन्तु हमारे जो वन्धु, मिनिस्टर वनकर वैठे हैं, उनके लिए यह ग्रेचूएटी विल लागू होगा या नहीं, इसका स्पष्टीकरण उन्होंने इस विल में नहीं किया। चूंकि न वे आर्मी में हैं और न पुलिस सर्विस में, इसलिए यह मान कर चलना है कि यह विल उन पर भी लागू होगा। हमने कल इसी सदन में देखा—एक मिनिस्टर का दूसरे मिनिस्टर पर आरोप लगाते, भर्त्सना करते, और उसको देखकर ऐसा लगा कि इनको जाने में अब ज्यादा दिन नहीं है। ये लोग मिनिस्टर बनकर ज्यादा दिन और रहनेवाले नहीं हैं। इधर एक साल इनको मिनिस्टर हुए होने को आया। अत: यह बिल अभी पास होगे तो एक साल में १५ दिन की ग्रेचूएटी हमारे इन मिनिस्टरों को किसी प्रकार मिल जायेगी लेकिन अगर यह विल सिलेक्ट कमेटी में भेज दिया जाता है तो उनको ग्रेचूएटी नहीं मिल पाएगी। बड़ा धारा हो यायगा इन मिनिस्टरों को। इसलिए मुझे बहुत खेद के साथ कहना पड़ता है कि मैं श्रीविस्ट्रविच का जो सुझाव है, उसका समर्थन नहीं कर पा रहा हूँ।

यह विल जो आनरेवल मेम्बर ने यहाँ रखा है, उसका समर्थन जब हम करते हैं तो इसके पीछे कुछ विशेष कारण है। मैं ने देखा है कि ५, १० या २० वर्ष ही नहीं ४०-५० वर्ष तक जो लोग दुकानों पर या व्यापारिक प्रतिष्ठानों पर नौकरी करते हुए, रिटायर होते हैं, उनको ग्रेचूएटी के नाम पर एक पैसा भी नहीं मिलता है। माननीय उपाध्यक्ष महोदय, एक केस इसी ढंग

का मेरे सामने भी आया था। एक लड़का जो ४८ वर्ष पहले अपनी १६ वर्ष की उम्र में एक फर्म में नौकरी करने आया था, उसने वहां पर ४८ वर्ष तक इमान्दारी के साथ नौकरी की। और उसकी उम्र जब ६४ वर्ष की हो जाती है तो उसके पुराने मालिक के बेटे और पोतों ने कहा कि मुनीम जी आप अब वृद्ध हो गए हैं इसलिए अब आप एका उन्टस ठीक से नहीं रख सकते, अतएव अब आप आराम करिये और अपना हिसाब अब ले लीजिए। ढाई सौ रुपया महीना पाने वाला व्यक्ति जिसने ४८ वर्षों तक इमान्दारी के साथ नौकरी की। केवल एक ही जबान में नौकरी से पृथक कर दिया गया। और जिस महीने की ३१ तारीख को उसे पृथक किया गया, उसी दिन तक का वेतन सिर्फ उसे मिला। वह आदमी अपने मालिकों के सामने बहुत रोया—गिड़गिड़ाया किन्तु कोई सुनवाई नहीं हुई। हमारे सामने बैठे दोस्त जो लाल झण्डा लेकर घूमते हैं, उनके यहां भी गया, उनके फाटक को खट खटाया। मैं नहीं जानता कि उसने माननीय मिनिस्टर जोतिन बाबू का फाटक खटखटाया या नहीं किन्तु उस गरीब आदमी का कहना था कि ये लाल झण्डी और पीली झण्डीवाले जो हैं, उन्होंने कहा कि इस प्रकार का कोई प्राभिजन नहीं है कि हम आपको कुछ मदद कर सकें। आखिरकार हमें बाध्य होकर मालिक के साथ बैठकर सेटिलमेन्ट करना पड़ा। मालिक ने हमारे दबाव पर सेटिलमेन्ट किया किन्तु उस आदमी को जिसने ४८ वर्ष तक इमान्दारी के साथ नौकरी की, उसे कृपा करके मेहरबानी करके मालिक ने दो हजार रुपया दान के रूप में दे दिया। लेकिन इसमें सवाल दान का नहीं है, इसमें सवाल कृपा का नहीं है, इसमें सवाल मेहरबानी का नहीं है, इसमें सवाल अपने उचित हक के पाबने का है और वह हक साधारण कर्मचारी को मिलना नहीं है।

यह बिल जो रखा गया है, साधारण मजदूरों और नोकरी सेवा करनेवालों के हक की रक्षा के लिए है। इस बिल में कहा गया है कि साढ़े सात सौ रुपया तक पाने वालों के लिए यह ग्रेचूएटी बिल लागू होगा हो सकता है कि आज से १० वर्ष पहले यह सीमा ठीक रही हो और ठीक थी भी। लेकिन आज के जमाने में इन रुपयों की कीमत बहुत ही कम है। इसलिए आवश्यकता इसबात की है कि इसके लिमिट को और बढ़ा कर १५ सौ रुपया कर दिया जाय। एक लाभ तो तत्काल यह होगा कि इसके दरम्य के भीतर हमारे मिनिस्टर साहब लोग आ जांयगे। बहुत से कर्मचारी काम करते करते अपाहिज हो जाते हैं और बहुत से लोगों की मृत्यु काम करते करते हो जाती है। उनकी ग्रेचूएटी को हिसाब के क्लाज में परिवर्तन होना चाहिए और परिवर्तन

ऐसा होना चाहिए कि अगर कोई व्यक्ति नौकरी करते समय अगर मर जाय या अपाहिज हो जाय तो उसको ग्रेचूएटी साल में १५ दिन के हिसाब से न मान कर करके ६ महीने या १२ महीने के वेतन को ग्रेचूएटी के रूप में देना चाहिए।

इन शब्दों के साथ मैं इस बिल का समर्थन करता हूँ।

[ 6-10—6-20 p.m. ]

**শ্রীনেপালচন্দ্র রায় :** মিঃ ডেপুটি স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। যেহেতু সি. পি. আই. একটা সুন্দর বিল এখানে এনেছেন সেইজন্য C. P. M-এর বিরোধীতার জন্য আজকে এই বিলকে উইথড্র করা হবে। এটা একটা সুন্দর বিল এবং হাউসের সবাই একে সমর্থন করেছেন। যদি কিছু ত্রুটি থাকে এ্যামেণ্ডমেণ্টের দরকার হয় পরে এ্যামেণ্ডমেণ্ট করতে পারেন। কিন্তু এই বিল আজকে এখানে পাশ করতেই হবে।

**Mr. Deputy Speaker :** Proceedings will follow according to rules. Whatever the mover wants to do, the House will then decide according to rules. It does not depend on the sweet will of a particular Member.

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅরুণ সেন মহাশয় যে সময়োপযোগী এবং গুরুত্বপূর্ণ বিলটা আমাদের সামনে এনেছেন আমি আনন্দের সহিত তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। প্রকৃত প্রস্তাবে মাত্র কয়েকমাস আগে আমরা জমি সংক্রান্ত অনেক ভাল ভাল আইন করেছি। আমরা শিক্ষকদের এবং সরকারী কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ড, গ্রাচুয়িটি ইত্যাদি বাড়াবার বিষয় চিন্তা করছি এবং আইন পাশ করছি, আমরা বেকার ভাতা সম্পর্কে চিন্তা করছি এবং সে সম্পর্কে আইন পাশ করার কথাও চিন্তা করছি। কিন্তু দুঃখের বিষয় কল কারখানায় এবং চা বাগানে এবং ব্যবসায়ী প্রতিষ্ঠানে আজকে লক্ষ লক্ষ শ্রমিক অসহায় অবস্থায় আছে। তাদের যে সামাজিক নিরাপত্তা নেই সেকথা আমাদের চিন্তা করতে হবে। এই অবস্থায় এই সম্পর্কে যে বিল এসেছে সেটা ভাল এবং সেজন্য মাননীয় সদস্য শ্রীঅরুণ সেন মশাই ধন্যবাদের পাত্র হয়েছেন। আমি এই বিলের বিভিন্ন ধারায় যাব না। আমরা বড়বাজারের কথা জানি। সেখানে বড়বাজারের সংগে হাজার হাজার শ্রমিক কাজ করছে, ব্যবসায়ী প্রতিষ্ঠানে কল কারখানায় কাজ করছে, কিন্তু সারা জীবন কাজ করে এবং বৃদ্ধ বয়সে শূন্য হাতে ফিরে আসে, অর্ধাহারে, অনাহারে কাটাতে হয়। এই যে অসহায় অবস্থা তা থেকে রক্ষা করবার জন্য গ্রাচুয়িটি বিলকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং মাননীয় সদস্য মিঃ বেষ্টারউইচ সিলেক্ট কমিটিতে পাঠাবার যে প্রস্তাব দিয়েছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। কারণ এই বিলে নানারকম খুঁটিনাটি ত্রুটি বিচ্যুতি আছে এবং সেটা থাকতে পারে এবং খুব চিন্তা করে বিলটা পাশ করান উচিত। আমি আশা করি খুব চিন্তা করে বিলটা পাশ হবে এবং এরজন্য আমাদের সকলের চেষ্টা করা দরকার। অবশ্য মাননীয় সদস্য শ্রীঅরুণ সেন মহাশয় বিলটা এনেছেন, তিনি কি করবেন না করবেন তা জানি না। তবে আমি মনে করি সুচিন্তিতভাবে এই বিলটা পাশ হওয়া দরকার, সমস্তটা ভালভাবে চিন্তা করা দরকার এবং তাড়াতাড়ি করে পাশ করান উচিত নয়। যাতে সিলেক্ট কমিটিতে যায় তারজন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শ্রীঅরুণ সেন যে বেসরকারী বিলটা উপস্থিত করেছেন সেই বিলের প্রতি নীতিগতভাবে আমার পূর্ণ সমর্থন জানাই একজন শ্রমিক কর্মী হিসাবে এবং সরকারের পক্ষ থেকে এটা বলতে পারি যেটা শ্রমমন্ত্রী ভালভাবে বলবেন আমাদের এই যুক্তফ্রণ্ট সরকার নিশ্চয় এই বিলের নীতি সমর্থন করেন। তবে মাননীয়

সদস্য যে বিলটা এনেছেন, একটু তাড়াতাড়ি করে বোধ হয় বিলটা এনেছেন, সেইজন্য অনেকগুলো ত্রুটি থেকে গিয়েছে। সেই ত্রুটি সম্পর্কে অনেক মাননীয় সদস্য বলেছেন। প্রথমে ধরুন উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে সেভেন্থ সিডিউল কনষ্টিটিউশনের তাতে আছে কনট্রাক্ট ইনক্লুডিং পার্টনারসিপ ইত্যাদি। এর মধ্যে কনট্রাক্ট কথাটি আছে। তারপরে ধরুন, ২৪ নংএ ওয়েলফেয়ার অব লেবার ইনক্লুডিং কনডিশন অব ওয়ান। এটার জন্য এবং ৩৬ নং যেটা আছে সিডিউলের মধ্যে সে ব্যাপার সম্পর্কে একটু ভাল করে আইনের দিকটা দেখা দরকার, কারণ যে সমস্ত সেণ্ট্রাল এ্যাক্টস আছে তার সংগে কোন জায়গায় যদি ক্ল্যাস করে তাহলে আমাদের রাষ্ট্রপতির অনুমোদন না পেলে এই বিল আইনে পরিণত হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা দুটি শ্রমিক কল্যাণের জন্য বিল পাঠিয়েছিলাম রাষ্ট্রপতির অনুমোদনের জন্য, তার একটা বিল অনেক তদবির করার পর কেন্দ্রীয় সরকার, রাষ্ট্রপতির অনুমোদন লাভ করেছে। আর একটা বিল, গুরুত্বপূর্ণ বিল, ট্রেড ইউনিয়ন এ্যামেণ্ডমেণ্ট বিল, যেটা এক শিল্পে ইউনিয়ন যাতে অন্তত একটি স্বীকৃত হয় সেটা এখন পর্য্যন্ত—আমরা বহু চেষ্টা করেছি, আমি নিজে গিয়েছিলাম, এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের শ্রম দপ্তর সে বিল রাষ্ট্রপতিকে পাঠায় নি। আমরা জানি এবং মাননীয় সদস্য যিনি এই বিল উত্থাপন করেছেন তিনিও নিশ্চয়ই জানেন, যদি কোন ত্রুটি থেকে যায় বা কেন্দ্রীয় আইনের সংগে ক্লাস করে যার ফলে শেষ পর্যন্ত রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠিয়ে দেয় এবং অনুমোদন যদি না পায় তাহলে দেরী হয়ে যাবে সেটা কারই অভিপ্রেত নয়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তাই এই বিলটা একটু খুটিয়ে দেখতে হবে। দ্বিতীয়তঃ হচ্ছে আমাদের এটা পরীক্ষা করে দেখতে হবে। এখানে ডেফিনেশনের মধ্যে এমপ্লই এমপ্লয়ারের কথা বলেছেন এবং তার যে সমস্ত কথা আছে যা আইনের কথা তাতে যে ডেফিনিশন আছে তার সংগে কোন জায়গায় বিরোধ বাধে কিনা সেটা আমাদের দেখতে হবে। তাছাড়া বহু কথা মাননীয় সদস্যরা বলেছেন, এখানে ৪ নং ধারায় দেখছি (বি) কণ্টিনিউয়াস সার্ভিস, এটা আমরা যারা শ্রমিক আন্দোলনের সংগে যুক্ত আছি, আমরা জানি এ কণ্টিনিউয়াস সার্ভিস একটা মারাত্মক জিনিস। এখানে রবীন বাবু এবং অনেকেই বলেছেন যে কনটিনিউয়িটি কিভাবে বার বার ভেংগে দেয়, এটা কি করে আটকান যায় সেটা আমাদের দেখতে হবে। তাছাড়া উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি এর ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজিন্স দেখেন তাহলে দেখবেন তার মধ্যে মাননীয় সদস্য দেখবেন যে, উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই বিলটা আনা হয়েছে কিন্তু তার মধ্যে যেটা আছে রিটায়ারমেণ্ট, ডেথ, ডিসচার্জ, ডিসমিজাল, রিট্রেন্সমেণ্ট অব ওয়ার্কমেন, এই সমস্ত ক্ষেত্রে গ্রাচিউটির বন্দোবস্ত করতে হবে। কিন্তু তিনি যে প্রভিশন করেছেন, আমি যদি ভুল না করে থাকি, তাহলে দেখুন আপনি রিটায়ারমেণ্ট, রেজিগনেশন, ডেথ অর টোটাল ডিসএবেলমেণ্টএর কথা বলেছেন কিন্তু রিট্রেন্সমেণ্ট, ডিসমিজাল বা ডিসচার্জ, সেটা সম্পর্কে কোন উল্লেখ করেননি। সুতরাং এর খুটি নাটি দেখতে হবে। আমি পরিষদীয়মন্ত্রী হিসাবে একথা বলতে পারি যে, আমাদের শ্রমমন্ত্রী মহাশয় এই সম্বন্ধে ইতিমধ্যেই নোটিশ দিয়ে রেখেছেন যে তাঁর দপ্তর একটা বিল আনবেন সেই অনুসারে এই বিধান সভার যে কার্যসূচী তার মধ্যে আমাদের বাজেট শেষ হয়ে যাবার পরেই—২২শে মার্চ আমাদের এ্যাপ্রপ্রিয়েশন বিল হবে এবং বাজেট গৃহীত হবে তার পর আমরা যত তাড়াতাড়ি পারি, বোধহয় প্রথম সপ্তাহ এপ্রিল মাসে সেই সময়ের মধ্যে এই বিল তৈরী হয়ে যাবে। তার আগে এ বিল আসতে পারেনা এটা আপনাদের জানা উচিত। জয়নাল আবেদিন সাহেব চিৎকার করলে কি হবে ২০ তারিখ পর্যন্ত আমাদের প্রোগ্রাম ঠিক করা আছে। এবং ২০ তারিখ থেকে বাজেট আলোচনা সুরু হবে এবং বাজেট আলোচনা যতক্ষণ চলে এবং এ্যাপ্রোপ্রিয়েসন বিল যতক্ষণ না হয় ততক্ষণ পর্যন্ত অন্য কোন বিষয় নিয়ে এই অধিবেশনে আলোচনা হতে পারে না এটা উনি জানেন। সুতরাং ২৮শে মার্চের আগে আর সময় নেই। এর পর শ্রমমন্ত্রী এখানে বলবেন। তাঁর কতকগুলি পদ্ধতি আছে, তিনি যখন বিল আনেন আমরা দেখেছি তিনি আমাদের সকলকে ডাকেন এবং কেন্দ্রীয় সংগঠনগুলিকেও ডাকেন তাদের সংগে আলাপ আলোচনা করে যাতে সর্ব-

সম্মতিক্রমে এই গুরুত্বপূর্ণ বিল গৃহীত হতে পারে তার জন্য তিনি নিশ্চয়ই চেষ্টা করবেন। সুতরাং নীতিগতভাবে আমি নিশ্চয়ই একজন শ্রমিক কর্মী হিসাবে এবং সরকারের মন্ত্রী হিসাবে এই বিলের যে মূল নীতি সেই নীতির প্রতি আমার সম্পূর্ণ সমর্থন আছে এবং শ্রমমন্ত্রী এই সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করবেন তিনি বলবেন। আমি খালি যে ত্রুটিগুলি দেখলাম তাতে যে ত্রুটিগুলি রয়েছে এবং আমাদের আশংকা আছে যে বিলের উদ্দেশ্য যাতে নষ্ট না হয় সেইজন্য আরো সুষ্ঠুভাবে বিচার বিবেচনা করবার পর ফুলপ্রুফ, বেল-প্রুফ যাতে হয়, যাতে ভাল ভাবে এই বিলটা আনতে পারি তাহলে আমি মনে করি মাননীয় সদস্য অরুণ সেন মহাশয় যে সৎ উদ্দেশ্যপ্রণোদিত হয়ে এই বিল এনেছেন সেই উদ্দেশ্য সম্পূর্ণ সফল হবে।

[ 6-20—6-30 p.m. ]

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** অনারেবল ডেপুটি স্পীকার মহোদয়, প্রথমতঃ আমি এই কথা বলতে চাই যে, আমাদের বাংলাদেশে সমগ্র শ্রমিকদের জন্য গ্রাচুইটি ব্যবস্থা অনেক আগেই চালু হওয়া উচিত ছিল, কিন্তু তা হয়নি দুঃখের কথা এবং যারা আজকে খানিকটা বিপ্লবী সাজার চেষ্টা করছেন এটা নিশ্চয়ই তারা খানিকটা অনুভব করতে পেরেছেন। আমি কারো উপর কোন রিফ্লেকশান দিতে চাচ্ছি না, গ্রাচুইটি বিলটি আনা যায়নি - যায়নি। যুক্তফ্রন্ট সরকার এক বছর হল হয়েছে, এটা আগে আনতে পারলে ভাল হত। তবে এই কথা ঠিক নয় যে, শ্রমিকদের জন্য গত ১০/১১ মাসে কোন আইন আনা হয়নি বা পাশ করা হয়নি। স্যার, আমি মনে করি দুটি গুরুত্বপূর্ণ বিল আমরা পাশ করেছি। একটা হচ্ছে শ্রমিকদের ইউনিয়ন স্বীকৃতির ব্যাপার। শুধু তাই নয়, আরো কিছু সংখ্যক শ্রমিককর্মচারী যাদের ইউনিয়ন করবার অধিকার নেই তাদের সেই অধিকার দিতে চেয়েছি, রাইট অব ট্রেডইউনিয়ন অর্গানাইজেশন। দ্বিতীয়তঃ সাসপেনসানকালীন সাবসিসটেন্স এ্যালাওয়েন্স, এই দুটি বিল গত অধিবেশনে পাশ করেছি। পাশ করার আগে যতদূর সম্ভব আমরা বিভিন্ন রাজনৈতিক দলমত নির্বিশেষে সকলের সাথে আলোচনা করবার চেষ্টা করেছি, যারা ট্রেড ইউনিয়ন আন্দোলন ও শ্রমিক আন্দোলনের সাথে জড়িত। সুতরাং কিছুই করা হয়নি, আরো করতে পারলে ভাল হত কিনা সেটা অন্য কথা। সুতরাং নীতিগতভাবে গ্রাচুইটি বিল পাশ হোক, এটা নিয়ে কারো দ্বিমত থাকতে পারে না। অরুণবাবু যে বিল এনেছেন তার একজাক্ট ফর্মে এখন গ্রহণ করবো না ভালভাবে ভেবেচিন্তে আনব সেটাই বিবেচনার কথা। আমি এই কণ্ট্রোভার্সির মধ্যে যেতে চাচ্ছি না যে, কেরালা সরকার কি নিয়েছে, অরিজনালি ড্রাফটেড কে করেছিল এ কণ্ট্রোভার্সির মধ্যে গিয়ে লাভ কি—এতে হয়ত স্বভাবতঃই দ্বিমত থাকতে পারে, সেই দ্বিমতের মধ্যে আমি যাই কেন, সেই কণ্ট্রোভার্সির মধ্যে যাবার প্রয়োজন নেই। আমি বলছি প্রেজেণ্ট ফর্মে এ্যাজ ইট ইজ এটা নেওয়া উচিত কিনা বা এটাকে ইমপ্রুভমেণ্ট করা, এটা কমপ্রিহেনসিভ করার দিকেই দিয়ে যাওয়া উচিত বলে আমি মনে করি। আমি সেদিক দিয়ে কয়েকটি কথা স্যার, এই হাউসে রাখছি। আমাদের প্রথম উদ্দেশ্য কি? একটা বিল পাশ করে নিশ্চয়ই জয়ঢাক পেটানো নয়—এতে ম্যাকসিমাম নাম্বার অব ওয়ার্কমেন বেনিফিটেড হচ্ছে কিনা এবং ম্যাকসিমাম নাম্বার অব ওয়ার্কমেনকে আমরা ইনক্লুড করতে পারছি কিনা বা করা সম্ভব কিনা সেটাই দেখতে হবে।

ধরুন এখানে বলা হয়েছে Factory Act দ্বারা যারা covered, Plantation Act দ্বারা যারা covered, Shops & Establishment Act দ্বারা যারা covered। এছাড়াও অন্যান্য ধরনের Worker আছে তারা এর দ্বারা coverd হচ্ছেন না। আমি বলবো এমন কিছু large section of labours, workers আছে যারা Provident Foud-এর সুযোগ পান না। তাদেরও তো সেই Provident Fund-এর সুযোগ দিতে হবে। যদিও এখন পর্যন্ত তাদের সেই সুযোগ দিতে পারছি না। এই যারা Provident Fund-এর সুযোগ পান না, তাদের গ্রাচুইটির সুযোগ যাতে দিতে পারি তার ব্যবস্থা করতে হবে। যেমন Inland Waterways Transport-

এর শ্রমিক, প্রচুর সংখ্যক শ্রমিক Road Transport Workers তারাও প্রচুর সংখ্যক শ্রমিক, thousands and thousands of শ্রমিক তারা neither covered by Factory Act nor covered by Shops & Establishment Act. তাদের একটা অংশ Shops & Establishment Act-এর দ্বারা covered হয় but not large section of them, যাঁরা অফিসে বসে কাজ করেন। সুতরাং আমরা তাদের covered করবো না কেন? যাঁরা Provident Fund Act-এর দ্বারা covered নয়, আবার Gratuity দ্বারাও covered হলো না, সেটা কেমন হবে? ঠিক হবে কি? সুতরাং এ বিষয়ে একটু ভাবতে হবে বৈকি! Secondly, ধরুন এই যে কথাটা as it is খারাপ কথা নয়, কিন্তু এই ফর্মে রাখবো কিনা uninterrupted service for one year. Conditions ও laid down করা হচ্ছে, তাতে ওটা qualify করেছে ঠিক, Exactly একথাগুলো yes, no রাখবো কিনা, সেটা ভাবার দরকার আছে। এটা সকলের অনুভব করা উচিত।

তারপর আছে Strike which is not illegal ধরুন, আমি তো ট্রেড ইউনিয়নে অনেক দিন থেকে আছি, অরুণবাবুও আছেন। তবে তাঁর চেয়ে আমি বেশীদিন আছি। আর যারা নাই, তাদের পক্ষে বক্তৃতা করা সোজা, কিন্তু আমাদের পক্ষে একটু কঠিন illegal strike, legal strike. বাংলাদেশকে ছেড়ে দিন অন্য যেখানে যুক্তফ্রন্ট সরকার নাই, অন্য সরকার আছে, সেখানে legal strike কয়টা হয়? Legal strike হওয়া সম্ভব নয়। 99 per cent illegal strike হতে হবে that is the provision of Industrial Dispute Act. এই Industrial Dispute Act যতক্ষণ না total overall হচ্ছে ততক্ষণ totally ভারতবর্ষে legal strike হবার chance খুব কম। একজন শ্রমিকের ৮/১০ বছর কাজ করবার পর, এর আগে একদিনও দুর্ভাগ্য হয় নাই, তাদের union decide করলো for a strike. যেখানে তাকে gratuity পাবার জন্য strike breaker-এর role play করতে হবে। তা না করলে তার gratuity পাবার অধিকার থেকে তাকে বঞ্চিত হতে হবে, এটা রাখার তো কোন প্রয়োজন নাই। তাছাড়া ধরুন আমি মোটামুটি ভাবে জানি consensus of opinion about workmen—এই workmen-এর definition-এর সঙ্গে যখন ৪০০ টাকার সম্পর্ক, সেটা under the Industrial Dispute Act ১৯৪৭ সালের আর আজ ১৯৭০ সাল। এখন cost of living যেমন বেড়ে গেছে, তেমনি money valueও কমে গেছে। আগে ৫০০ টাকায় যা হতো, এখন হাজার টাকায়ও তা হচ্ছে না। National Commission of Labour-এর এটা Consensus of opinion মোটামুটি এই মত তাদের। Industrial Dispute Act-এ যে শ্রমিকের সংজ্ঞা দেওয়া উচিত ছিল, new definition of workmen তাতে ১৬০০ টাকা করা উচিত। আমরা সাড়ে সতেরশো করতে চাইব। এসেম্বলী সেসনে এ সম্বন্ধে Industrial Dispute Act-এর পরিবর্তন আনবার কথা ভাবছি। তা খুব difficult. আমাদের যত অধিকারই থাক, Industrial Dispute Act-কে বাতিল করা বরং সোজা কিন্তু তার amendment করা বেশ কঠিন very defficult. এই Industrial Dispute Act-এ দেওয়া আছে ষোলশো Workmen-এর definition, সেখানে আমরা সাড়ে সতেরশো করবো কেন?

[ 6-30—6-44 p.m. ]

আমি এটা বলছিনা যে অরুণবাবু ইচ্ছাকৃতভাবে কিছু লোককে বাদ দিতে চাচ্ছেন। আমি বলছি ফার্ষ্ট ষ্ট্যাটেমেন্টে তাহলে অনেকগুলি ভুলত্রুটি থেকে যায়। কিন্তু আমাদের হাতে যখন বিলটা আছে তখন আমরা কেন সেই ভুল শোধরানোর সুযোগ নেব না? তারপরে তিনি একটা খুব ভাল কথা বলেছেন সে কাষ্টডি অব ফাণ্ড, অর্থাৎ একটা প্রশ্ন উঠতে পারে—এখানে তো বলা হচ্ছে লাষ্ট ড্রপ ড্রন, তার উপর গ্রাচুয়িটি ক্যালকুলেট করা হবে, কারেক্ট, কিন্তু তার একটা মিনিমাম

গ্যারান্টি অফ ফাণ্ড থাকবে না? লাষ্ট পে ড্রন হলে কিন্তু এভারেজ পে-র গ্যারান্টি থাকবে না—তার একমাস কি পনেরো দিনের টাকাটা একটা নিউট্রাল এজেন্সীর কাছে জমা দিতে হবে যেটা ই. এস. আই বা প্রভিডেন্ট ফাণ্ড ব্যাঙ্কে দিতে হয়, তা না হলে অনেক অসৎ মালিক আছে, ব্যাড এমপ্লয়ার, যারা গণেশ উল্টে দেবে। গণেশ উল্টানোর রীতি আমাদের দেশে প্রচলিত আছে, তারা গণেশ উল্টিয়ে নাম পাল্টিয়ে রাতারাতি আর একটা করল এবং তারজন্য আইনের দরজা খোলা আছে, কারণ আমাদের দেশের গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা। সুতরাং এই গণতান্ত্রিক সমাজ ব্যবস্থার আইনের দরজা খোলা থাকার জন্য গণেশ উল্টানোর রীতি এ্যাজ ইট ইজ আছে। যেই গণেশ উল্টে গেল, রিসিভার নিয়োগ হল, তখন গ্রাচুয়িটি তো ফাষ্ট আইটেম অব ডিসবার্সমেণ্ট হবে না, তার মানে ক্লোজড ডাউন করে, মাইনা দেবে না। আমি জানি বেঙ্গল জুট মিলে দেড় বছর মাইনা দেয়নি। এখন শ্রমিকরা দেড় বছর, দু বছর মাইনা না পেলে অনেকের গায়ে লাগে না কিন্তু আমাদের লাগে। এই গণেশ উল্টানোর ফলে শ্রমিকরা বঞ্চিত হবে, কিন্তু তার কাছে যদি মিনিমাম গ্যারান্টি থাকে, য়্যাভারেজ পে ম্যাক্সিমাম করে সেই টাকা জমা দিতে হবে সরকারের কাছে, বা ব্যাঙ্কের কাছে বা কোন ট্রাষ্টি এজেন্সীর কাছে—তাহলে একটা গ্যারান্টি থাকত। সেইজন্য ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলের মূল বক্তব্য নিশ্চয়ই আমরা সকলে সমর্থন করি, কিন্তু এটাকে য়্যাজ ইট ইজ না করে রিকাষ্ট করতে পারি কিনা, এটা কমপ্রিহেনসিভ বিল সমস্ত আসপেক্ট দেখে সেই চেষ্টা করে আমাদের এটা করা উচিত। আমি আগেই বলেছি যে এই সেসনের ভেতর বিলটা আনার চেষ্টা করব এবং আমার মনে হয় আমি তা পারব। আমি এটা সিলেক্ট কমিটিতে দিতে চাচ্ছি না কারণ অতীতে এই সিলেক্ট কমিটি সম্পর্কে কি মনোভাব আমরা অবলম্বন করেছি তা সকলেই জানেন—সিলেক্ট কমিটি ইজ এ টাইম কিলিং প্রেস, যখন আর বাধা দিয়ে কিছু করা হয় না তখন আমরা সিলেক্ট কমিটির কথা বলি। আমি চাইনা যে এটা জুলাই মাস পর্যন্ত যাক। কারণ একমাসে এটা হবে না, সেখানে আবার নানারকম জটিলতার সৃষ্টি হবে। আমাদের এই সেসান মার্চ মাস পর্যন্ত চলবে, মার্চ মাসের মধ্যে দেখি যদি আনতে পারি। আমি এ ব্যাপারে সকলের সংগে পরামর্শ করি, এমন কি আই. এন. টি. ইউ. সি.-র সাথেও আমি কনসাণ্ট করি—তারা তো আর যুক্তফ্রণ্টের ভেতর নন—যারা ট্রেড ইউনিয়নের সংগে জড়িত ইণ্টারেস্টেড পার্টি তাদের সকলের সাথে কনসাণ্ট করে যাতে সকলেই আমরা সমর্থন করতে পারি এই রকম একটা বিল যদি আনতে পারি তাহলে আমার মনে হয় সেটাই সঠিক পদক্ষেপ হবে। একটা কথা শুধু আমি শেষে বলতে চাই যে যাঁরা চিরদিন আমাদের বিরোধিতা করে এসেছেন তাঁরা আজকে দরদ দেখাচ্ছেন এই বলে যে আমরা যদি না থাকি তাহলে কে আনবে? আমি বলছি তাহলে তো আপনাদেরই সুযোগ হবে, আপনারা তো বিপ্লবী সাজতে পারবেন—আপনারা দেখাবেন—ত্যাখ, যুক্তফ্রণ্ট যা পারেনি আমরা তা করে দিলাম, তাতে আপনাদের সুনাম বাড়বে, তাতে আপনাদের দুঃখীত হবার কোন কারণ নেই। সুতরাং আমি এই কথা বলছি, আমরা না থাকলে আপনারা তো থাকবেন, ভগবানের আশীর্বাদ, আর কি বলব। সুতরাং আপনারা তো আনবেন, বিপ্লবী হবেন, মানুষ আপনাদের আশীবাদ করবে কিন্তু আমি বলি এ সুযোগ আপনাদের হয়তো আসবেনা। কারণ, লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের যে ইচ্ছা সেই ইচ্ছাকে আমরা এক কথায় নাকচ করে দিতে পারব না, এই জন্য যুক্তফ্রণ্ট সরকার থাকবে। লেট আস হোপ ফর দি বেস্ট। সুতরাং আমি এই কথা বলে মাননীয় সদস্য অরুণ সেনকে রিকোয়েষ্ট করবো যে এটা না মুভ করে আমরা সকলে মিলে একসাথে বসে চেষ্টা করে দেখি এবং সকলের সম্মতিতে মোটামুটি ইউনিফায়েড ওয়েতে একটা ভাল বিল আনতে পারি কিনা—আমার মনে হয় সকলে চেষ্টা করলে আমরা তা পারব।

**Mr. Deputy Speaker:** After the speech of the Hon'ble Labour Minister, if honourable Member, Shri Sen going to ask for the leave of the House to withdraw the Bill?

**শ্রীঅরুণ সেন**:—মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এইটার সম্পর্কে ২/১টি কথা বলে নিয়ে তারপর আমার মত বলছি। এই বিলটি সম্পর্কে প্রথমতঃ অনেকে বিভিন্ন ব্যাপার নিয়ে, বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ইতিমধ্যেই করেছেন। তার মধ্যে দু একটি কথা না বললেও ঠিক হয় না। আমাদের কংগ্রেসের কয়েকজন সদস্য এই বিলকে সমর্থন করে এমন কথা বলে ফেলেছেন যে এটা নাকি কংগ্রেসের নীতি, আজকে এটা পাশ করা হল। ডাঃ জয়নাল আবেদিন সাহেব তিনি শ্রীমতী ইন্দিরা গান্ধীর কিছু কিছু কথা বললেন ঠিক বুঝতে পারলাম না। আমি জয়নাল আবেদিন সাহেবকে বলব যে, আমাদের এত চিন্তা করতে হবে না, এত ভেবে চিন্তে লিখতে হবে না, লেখায় একটু ভুল হলে আর ভাবতে হবে না, কারণ ইন্দিরা গান্ধী তো এখানেই আছেন, তিনি আগামী পার্লামেন্টের অধিবেশনে এই ধরণের একটা কেন আরো ৫টি শ্রমিকদের কল্যাণমূলক আইন করুন। আপনি জানেন ভারতবর্ষের বামপন্থী দলগুলি বলেছেন যে ভাল আইন করলে তাঁকে সমর্থন করবেন, পি. ডি এ্যাক্টের মত বিধানের সমর্থন করবেন না, তাহলে আমাদের এখন অনেক দুশ্চিন্তা দূর হয়। আমাদের সারাওগী সাহেব বললেন যে বড়বাজারের একদল দোকানদার নাকি দেয় নি, তার জন্য তিনি নাকি লড়াই করছেন। লড়াই করে যদি আদায় করে থাকেন তাহলে সেটা খুব ভাল কথা। কিছুক্ষণ আগে ডঃ নলীনাক্ষ সান্যাল আমাকে ডেকেছিলেন। আমি ভেবেছিলাম গ্রাচুইটি বিল সম্পর্কে কথা বলবেন। তিনি মোহিনী মিলের ডিরেক্টার হিসেবে ঘটনার কথা বললেন এবং কিছু কর্জ আদায় করে দেবার ব্যাপারে বললেন। আমি শুধু বলতে চাই যে আপনাদের পার্টির তো খুব বড় বড় মিল মালিক আছে, আমাদের এদিকে তো কেউ নেই। এই মোহিনী মিলের শ্রমিকদের গ্রাচুইটি দেওয়া তো দূরের কথা, আমি শুনেছি কোম্পানী শ্রমিকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা চুরি করেছে, ই. এস. আই.-এর টাকা চুরি করেছে, তারা গ্রাচুইটির কথা সমর্থন করছেন এ এক অদ্ভুত ব্যাপার। নলীনাক্ষবাবুকে বলুন মোহিনী মিল আগে শ্রমিকদের মাইনে দিক, গ্রাচুইটি পরে দেবে। অবজেক্টস এণ্ড রিজিনস্ সম্পর্কে কমরেড পতিতপাবন পাঠক মহাশয় একটু আপত্তি করেছেন যে আমি বেগিং বা ষ্টারভেসান কথা কেন রেখেছি। খুব দুঃখের বিষয় যে আমাদের দেশের শ্রমিকদের এটা করতে হয় এবং আমি যে অঞ্চলে আছি সেই অঞ্চলের তিনটি চটকল বন্ধ আছে ৫ থেকে ১০ বছর ধরে এবং সেখানে শ্রমিকদের বেশ একটা বড় অংশ অনেক পয়সা পায়নি, তারা এখন ভিক্ষা করে। এটা খুব দুঃখের ব্যাপার যে তারা ভিক্ষা করে, আমরা অন্য কিছু করে দিতে পারি নি। সুতরাং সত্য কথা লিখলে কোন ক্ষতি নেই। মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয় বলেছেন যে আইনের ব্যাপারে বিশেষ করে কন্সটিটিউসানের সংগে মিলিয়ে দেওয়া উচিত। আমি বলছি যে আমি এটাই দেখাবার চেষ্টা করেছি যে এখানে যে কণ্ট্রাক্ট কথা লেখা আছে সেখানে সুপারএ্যানুয়েসন সম্পর্কে কণ্ট্রাক্ট লিখেছি সেটা হল এজ টু বি ফিক্সড বাই কণ্ট্রাক্ট, অন্য কণ্ট্রাক্টের কথা লেখা নেই, age fixed by contract or condition of service. আমার ধারণা যে ধাঁচে বিলটি করা হয়েছে সেটা কন্সটিটিউসানের সঙ্গে এমন কিছু ব্যাপার নেই যাতে আমাদের প্রেসিডেন্টের কাছ থেকে সম্মতি নিতে হবে এবং এই সম্মতির কোন প্রয়োজন হয় না।

আমাদের কংগ্রেসের কয়েকজন সদস্য বললেন যে এতে এম. এল. এ. বা মিনিষ্টারদের জন্য প্রভিসান রাখা হয়েছে কিনা। আমার উত্তর হল, না, তবে আপনাদের পুরান মিনিষ্টার যাঁরা ছিলেন এবং যাঁরা ভবিষ্যতে কোন দিন মন্ত্রী হবেন না তাঁদের জন্য একটা প্রভিসান এ্যাড করার কথা পেনসেন আইনে চিন্তা করা যেতে পারে। তবে তাঁদের গ্রাচুইটি দেওয়া মুসকিল আছে। আমাকে বলেছেন আমি রিজিনসে ডিসমিজ্যাল, ডিসচার্জ ইত্যাদি সব লিখেছি। আমি দেখেছি যে ডেফিনিসান দেবার সময় আমাদের বিভিন্ন যে কেন্দ্রীয় আইন আছে তার ডেফিনিসানের নানা জায়গায় নানা রকম ডিফারেন্স আছে। এই জন্য আমি রিটায়ারমেন্টের ডেফিনিসান অনেক ওয়াইড করেছিলাম, রিটায়ারমেন্টের ডেফিনিসান করেছিলাম মিন্স অব টারমিনেসান অব এ্যাম এমপ্লয়ি ফর এনি কজ তার মধ্যে স্বভাবতঃই এটা পড়ে বলে আমি এটা ধরে নিয়েছিলাম

যে আরো ইলাবোরেট করা যেতো। আমি এইরকম একটা ড্রাফট করে এক মাস আগে বিভিন্ন দপ্তরে দেবার চেষ্টা করেছিলাম এবং বিভিন্ন ট্রেড ইউনিয়নস-এর কাছেও পাঠিয়েছিলাম। তার কারণ, আমি ভেবেছিলাম যে আমাদের যুক্ত ফ্রণ্ট সরকার হলেও এই সরকারের একটা আমলা আছে, যে আমলাতান্ত্রিক মনোভাবের ফলে অনেক কাজে ভীষণ দেরী হয়, মনের ইচ্ছা থাকলেও সেটা হয়ে উঠে না। যেমন আমরা দুটো আইন পাশ করেছি এবং একটা আইনে প্রেসিডেণ্টের সম্মতিও পাওয়া গিয়েছে সে সময় আমি যা বলেছিলাম তাতে শ্রমমন্ত্রী বলেছিলেন শুধু সাসপেনসানটা আছে কিন্তু ট্রাইবুন্যাল চলাকালীন সাসপেন্সান রইল, ৩ দিন পরে ডিসমিস করে দিয়ে ফর এ্যাপ্রুভ্যাল ট্রাইবুন্যালের কাছে পাঠিয়ে দিল, সেই সময় কিছু পাবে না, সেকসান ৩৩ (২)(বি) দরখাস্ত করার জন্য। সে সম্পর্কে তিনি বলেছিলেন পরে দেখবেন। এটার যখন এ্যাসেণ্ট রয়েছে এবারকার সেসানে তিনি ভাববেন সেটা আমরা আশা করতে পারি। তারপর রেকগনিসান অব ট্রেড ইউনিয়ন বিল বলে একটা বিল ছিল। স্যার, আপনি জানেন সেখানে আমি কতকগুলি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম। আমরা জানি বিভিন্ন আমলাতান্ত্রিক ব্যাপারে ও নানা ব্যাপারে গাফিলতি হয়ে যায় যেটা সময় মত সরকারের নজরে পড়ে না। কারণ, লাল ফিতা যুক্তফ্রণ্ট সরকারেরও আছে। সেই লাল ফিতা দূর হয়ে যাতে এই বিল তাড়াতাড়ি হয় এটাই আমি চাই। কারণ, বিলটি সর্বাঙ্গসুন্দর হলে আমি সবচেয়ে বেশী সন্তুষ্ট হব। এখন যখন মাননীয় শ্রমমন্ত্রী এবং পরিষদীয় মন্ত্রী বললেন যে, এই সেসানেই বিল করবেন তখন সেই প্রতিশ্রুতিতে বা সেই আশা নিয়ে আমি এই বিল মুভ করছি না।

**Mr. Deputy Speaker :** Mr. Sen, are you with?drawing the Bill

**Shri Arun Sen :** Yes, Sir.

The motion of Shri Arun Sen for leave to introduce the Bill was then, by leave of the House, withdrawn.

### Adjournment

The House was then adjourned at 6 44 p. m. till 1 p. m. on Monday, the 9th February, 1970, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 9th February, 1970, at 1 p m.

PRESENT:

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 13 Ministers and 117 Members.

## STARRED QUESTIONS

( to which oral answers were given )

[ 1—1-10 p.m. )

### বে-আইনীভাবে তৈয়ারী বোমা ও বিস্ফোরক পদার্থ

***76.** (Admitted question No. *14.)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার কোন্ জেলায় কোন্ কোন্ স্থানে গত ১৯৬৯ সালের অক্টোবর মাস হইতে ডিসেম্বর পর্যন্ত বে-আইনী তৈয়ারী কত পরিমাণ বোমা ও বিস্ফোরক পদার্থ পাওয়া গিয়াছে ; এবং

(খ) এই সম্পর্কে প্রত্যেকটি ক্ষেত্রে কোথায় কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ?

**Shri Jyoti Basu :** (ক) ও (খ) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

### Number of political murders

***78.** (Admitted question No. *132.) **Shri GYAN SINGH SOHANPAL :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government has any figure regarding the cases of murders committed in the State on political grounds from 1st January, 1969, to 31st December, 1969;

(b) if so, the number thereof ;

(c) the total number of criminal cases instituted in this regard ; and

(d) the total number of persons arrested in this connection ?

**Shri Jyoti Basu :** (a) Allegations have been received about some murders said to have been comitted in the State on political grounds. All these cases are under investigation and until the investigations are over, the motive behind these murders cannot be definitely stated. Government have, however, figures regarding such cases.

(b) 98 allegations of alleged political murder.

(c) 84

(d) 939.

**Shri Gyan Singh Sohanpal :** Will the Hon'ble Minister be pleased to state the total number of murders committed in the State during the same period on grounds other than political.

**Shri Jyoti Basu :** Notice is necessary.

**Shri Gyan Singh Sohanpal :** Out of 98 murders alleged to have been committed on political grounds, we find that cases against 84 have been started. May I know from the Hon'ble Minister as to what has been the fate of 14 murders, cases for which have not yet been started ?

**Shri Jyoti Basu :** I said that investigations are going on and 939 persons have been arrested and after the investigations are over we shall know the exact picture.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ৯৮টি এলিগেশান অন পলিটিক্যাল গ্রাউণ্ডস আছে, টোটাল মার্ডারের সংখ্যা জানুয়ারী ১৯৬৯ থেকে ডিসেম্বর ১৯৬৯ পর্যন্ত—আমাদের এখানে ভিন্ন ভিন্ন মন্ত্রীর কাছে বিভিন্ন মেম্বাররা যে রিপোর্ট করেছিলেন তাতে আপনারা কি কোন ইনভেষ্টিগেশান করেছেন ? কারণ আমাদের লিডার সিদ্ধার্থ শংকর রায় বলেছেন, ১০০টির উপর মর্ডারের খবর ছিল। তা, আমার জিজ্ঞাসা হচ্ছে, আপনার দপ্তরে কত মার্ডার আছে ?

**শ্রীজ্যোতি বসু :** আমি ঠিক বুঝতে পারছিনা কি জিজ্ঞাসা করছেন, ১৪০টি খুন হয়েছে, না কি রাজনৈতিক বলে অভিহিত ?

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল :** টোটাল নাম্বার রেকর্ড আছে কি ?

**শ্রীজ্যোতি বসু :** নোটিশ দিলে সর্বসাকুল্যে কতগুলি খুন হয়েছে বলে দিতে পারি।

**Shri Gyan Singh Sohanpal :** The hon'ble Minister has been pleased to state that 939 persons have been arrested in this connection. May I know how many of them are supporters of the CPI(M) ?

**Shri Jyoti Basu :** Notice দিলে বলতে পারি।

**Shri Gyan Singh Sohanpal :** If I remember correctly, last time we were told that 1010 cases were withdrawn by the State Govt. which also included cases of murders on political considerations. May I know from the Hon'ble Minister whether Govt. is contemplating to withdraw these cases also since they were political murders ?

**Shri Jyoti Basu :** Government has no such contemplation with regard to these cases.

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** এটা কি ঠিক সম্প্রতি পলিটিক্যাল মার্ডারের সংখ্যা নিয়ে রাজ্য সরকারের যে ফিগার দিয়েছেন আর কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীচ্যবন যে ফিগার দিয়েছেন তার মধ্যে একটা তফাত হয়েছে এবং যদি হয়ে থাকে তাহলে তার কারণ কি ? দ্বিতীয় কথা হচ্ছে পলিটিক্যাল মর্ডার কাকে বলে, রাজ্য সরকারের ডেফিনিশন কি, এবং কেন্দ্রীয় সরকারের ডেফিনিশন কি এবং কেন্দ্রের সরকারের এ সম্বন্ধে কোন এ্যাক্সেপটেড্ ডেফিনিশন আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু :** তফাৎ খুব বেশী, কারণ রাজ্যের হত্যাকাণ্ড সম্বন্ধে লোকসভায় শ্রীচ্যাবন যে বিবৃতি দিয়েছিলেন, সেই সংখ্যার তুলনায় আমাদের অনেক কম ছিল, ১০২, তিন চার দিন আগেও বলেছিলাম যে এখানে সংখ্যা অনেক কম ছিল। আমি সেজন্য, মাননীয় সদস্যও দেখেছেন, একটা চিঠি লিখেছিলাম শ্রীচ্যবনের কাছে এই বলে যে, এই সব সংখ্যা আপনি কোথায় পেলেন, এটা আমি ঘোরতর অন্যায় বলে মনে করি। আমাদের জিজ্ঞাসা না করে, আমাদের সোর্স থেকে, এখানকার সরকার থেকে কোন রকম হিসাব না নিয়ে, এটা অভাবনীয় যে পার্লামেণ্টে বিশেষ করে একটা রাজ্যের ল এণ্ড অর্ডার সম্বন্ধে উত্তর দেওয়া যায়। তার উত্তর কয়েকদিন আগে পেয়েছি, উনি বললেন যে তিনি নিরুপায় ছিলেন। সেখানে স্পীকার কোশ্চেন এ্যাডমিট করেছিলেন, তিনি

আমাদের কাছে লিখেছিলেন, আমরা তখন জবাব দিয়েছিলাম –এই জবাবই যে পলিটিক্যাল কিনা এই হত্যাকাণ্ড, তা সঠিক ভাবে বলতে পারিনা যতদিন না তদন্ত শেষ হচ্ছে। এই সব মার্ডারের মটিভ কি, এ্যালীগেশন কি, এই সব জানতে সময় লাগবে। তাই শ্রীচ্যবন লিখেছিলেন যে, তিনি নিরুপায় ছিলেন কেননা স্পীকার কোশ্চেন এ্যাডমিট করেছিলেন এবং তিনি নিজের সোর্স থেকে যা পেয়েছেন তাই তিনি সেখানে দিয়েছেন। এটার সম্বন্ধে তাঁকে উত্তর আমি দেব কয়েকদিনের মধ্যে। এটার সংগে আমরা একমত হতে পারিনা। মাননীয় সদস্য যে প্রশ্ন করেছিলেন, তাতে বলছি, ওদের কি সোর্স আমি জানিনা, তার সংগে আমাদের সম্পর্ক নাই। ল এণ্ড অর্ডারের ক্ষেত্রে সেখানে প্যারালাল গভর্ণমেণ্ট চলতে পারেনা, এটা সংবিধান বহির্ভূত। মাননীয় সদস্য এখানে প্রশ্ন করেছিলেন ল এ্যাণ্ড অর্ডার এ্যালেজড, এগুলি হয়ত কোন দল বা ব্যক্তি থেকে এগুলি বলেছেন, এই যে খুন এগুলি সবই রাজনৈতিক উদ্দেশ্যে কিনা সেটা সঠিক বলতে পারিনা, এটা রাজনৈতিক কি রাজনৈতিক নয়, টে্ড ইউনিয়ন সংক্রান্ত মার্ডার কিনা, সেটা সংগে সংগে বলা যায় না এবং এই অসুবিধা আছে বলে উত্তরটা এইভাবে দিয়েছি। সমস্ত তদন্ত শেষ হলে আর একটা বরং উত্তর এখানে রাখতে পারব।

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মন্ত্রীমহাশয় জানাবেন কি, ১৯৬৮ সালে কম্পারেবল পিরিয়ড— এতে কত এ্যালেজড পলিটিক্যাল মার্ডার হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** নোটিশ চাই।

**শ্রীসরল দেব:** আমি মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই, সংবিধানের প্রতি প্রতিশ্রুতি বদ্ধ বাংলাদেশের এই সরকারের মতামত না নিয়ে ভারতবর্ষের লোকসভায় এই জিনিষ ঘোষণা করবার কোন অধিকার চ্যবন সাহেবের আছে কিনা?

**শ্রীজ্যোতি বসু:** আমার মতে আইন-শৃংখলার ব্যাপারে যেহেতু এটা ষ্টেট সাবজেক্ট সেইজন্য স্বরাষ্ট্রমন্ত্রীর এরকম কোন অধিকার নেই।

**শ্রীমহম্মদ খুদাবক্স:** মন্ত্রীমহাশয় বলেছেন তদন্ত হচ্ছে। এই তদন্ত কতদিনে শেষ হবে বলে অনুমান করেন।

**শ্রীজ্যোতি বসু:** আমার পক্ষে অনুমান করা সম্ভব নয়।

**শ্রীকালিপদ মণ্ডল:** স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন ৯৮টি পলিটিক্যাল মার্ডার হয়েছে। তিনি কি জানাবেন পশ্চিমবাংলার কোন জেলায় কতগুলি হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** নোটিশ দিলে বলতে পারব। তবে আমি হয়েছে বলে বলিনি। আমি বলেছি এরকম অভিযোগ হচ্ছে যে, এগুলি রাজনৈতিক হত্যাকাণ্ড।

**শ্রীবিজয় সিং নাহার:** যাদের এ্যারেষ্ট করা হয়েছে এবং কেস্ ষ্টার্ট করা হয়েছে ১৯৬৯ সালের ১লা জানুয়ারী থেকে তাতে আমার প্রশ্ন হচ্ছে কোন কনভিকশন হয়েছে কিনা?

**শ্রীজ্যোতি বসু:** এখন পর্যন্ত মামলা শেষ হয়নি—কাজেই কনভিকসনের প্রশ্ন এখন আসেনা।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী অন দি ফ্লোর অব দিস হাউস বলেছেন যে, কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী চ্যবন সাহেব যে ফিগার দিয়েছেন সেটা উইদাউট কনসালটিং দি ষ্টেট গভর্ণমেণ্ট। ল এ্যাণ্ড অর্ডারটা কনষ্টিটিউসনে ষ্টেট গভর্ণমেণ্টের আণ্ডারে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে তার বোসনে প্রশ্ন

করছি, এই ব্যাপারে শুধু চ্যাবন সাহেবের কাছে চিঠি লিখে দায়িত্ব খালাস করছেন, না তিনি এ সম্বন্ধে কনষ্টিটিউসন্যাল প্রসিডিওর এ্যাডপ্‌ট করবার কথা চিন্তা করছেন যাতে কেন্দ্রীয় সরকারের এই ধরণের অহেতুক হস্তক্ষেপ সম্বরণ করা যায় ?

**শ্রীজ্যোতি বসু** : আমি এরকম কিছু এখনও চিন্তা করিনি।

**শ্রীঅনিল কুমার মুখার্জী** : মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে সমস্ত কারণের উপর ভিত্তি করে এই সমস্ত রাজনৈতিক হত্যাকাণ্ড হয়েছে সেই কারণগুলি দূর করবার জন্য সরকার চেষ্টা করছেন কিনা ?

**শ্রীজ্যোতি বসু** : এক এক জায়গায় এক এক রকম বলা হচ্ছে—অর্থাৎ কখনও রাজনৈতিক বলা হচ্ছে, আবার কখনও রাজনৈতিক নয় এরকম বলা হচ্ছে। কাজেই আমি কোন্ সিদ্ধান্তে আসতে পারি ?

## ফসল কাটার-ব্যাপারে সংঘর্ষ

***81.** (Admitted question No *194)

**শ্রীসনৎ কুমার রাহা** : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে অদ্যাবধি ফসল-কাটার ব্যাপারে কতগুলি সংঘর্ষ হয় ; এবং

(খ) এই সকল সংঘর্ষের ফলে কত লোক হত-আহত ও গ্রেপ্তার হয় ?

**Mr. Speaker :** This question is to be held over. In this connection I have got a letter of request.

## কলিকাতায় সরকারী পরিবহণ ব্যবস্থা

***90.** (Admitted questio No. *173)

**শ্রীঅনিলকুমার মুখার্জি** : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা মহানগরী সরকারী পরিবহণের অধীনে বর্তমানে মোট কতগুলি বাস ও ট্রাম আছে এবং তন্মধ্যে কতগুলি চালু আছে,

(খ) বর্তমানে কলিকাতায় বেসরকারী বাস কতগুলি চলিতেছে ; এবং

(গ) আরও কতগুলি ট্রাম-বাসের প্রয়োজন ?

**শ্রীমহম্মদ আমিন** :

(ক) বর্তমানে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার অধীনে ১০৮৬টি বাস এবং কলিকাতা ট্রাম-ওয়েজ কোং লিঃ-এর ৪৬১টি ট্রাম আছে। তন্মধ্যে যথাক্রমে ৭৬৬টি বাস এবং ৩৮৪টি ট্রাম চালু আছে।

(খ) ৩৮৩টি বেসরকারী বাস সাময়িক পারমিট বলে চলাচল করে। ইহা ব্যতীত সহরতলীর মোট ৩৬০টি বাসকে (২৪-পরগণার ২৭৭টি এবং হাওড়ার ৮৩টি বাস) সহরের অভ্যন্তর পর্যন্ত আসিবার সাময়িক অনুমতি দেওয়া হইয়াছে।

(গ) আরও ১৫৫টি নূতন বাস সরকারী পরিবহণের প্রয়োজন। বর্তমানে অতিরিক্ত ট্রামের প্রয়োজন নাই, কারণ ট্রামের সংখ্যা বৃদ্ধি করিলেও যাত্রী সংখ্যা বৃদ্ধি পায় না।

**শ্রীঅনিলকুমার মুখার্জী** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বাস ১৪৯টির মত আরও প্রয়োজন রয়েছে, এই ১৪৯টি বাস যতক্ষণ পর্যন্ত না সরকার দিতে পারছেন ততক্ষণ অন্য একটা বিকল্প ব্যবস্থা কি সরকার করতে পারেন না ? যেমন ধরুন একদিকে বেসরকারী বাসগুলোকে সরিয়ে দিয়ে আর একদিকে সরকারী বাসগুলোকে চালানো ?

**শ্রীমহম্মদ আমিন:** ওটা সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রীসরল দেব:** এই বিষয়টা বিবেচনা কতদিন ধরে চলবে, জানাবেন কি ?

**শ্রীমহম্মদ আমিন:** বেশী দিন চলবে না।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এই বেসরকারী এবং ট্রাম ছাড়া, সরকারের যে সমস্ত রুটে যে বাসগুলো পড়ে আছে, অর্থাৎ যে বাসগুলো চলছে না, এই সমস্ত বাসগুলো চালানোর জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**শ্রীমহম্মদ আমিন:** আমি এখনও কিছু ঠিক করতে পারিনি।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সমস্ত নূতন বাস চালু করবার জন্য ব্যবস্থা করছেন, তারজন্য কি কোন নূতন কর্মসংস্থান করা হবে ?

**শ্রীমহম্মদ আমিন:** প্রয়োজন হলে করা হবে।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ট্রামের সংখ্যা বাড়ানো সম্ভবপর নয়, তাহলে ট্রামকে জাতীয়করণ করা হয়েছে কেন এবং এর সংখ্যা যদি বাড়ানো যেত তাহলে আয় বাড়তো এবং লোকসানের হাত থেকে অব্যাহতি পাওয়া যেত, এটার সম্পর্কে আপনারা কি ভাবছেন ?

**শ্রীমহম্মদ আমিন:** প্রশ্নটা বর্তমানে মন্ত্রী মণ্ডলীর বিবেচনাধীনে আছে।

**ডা: এ. এ. এম. ও. গনি:** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, ট্রামের সংখ্যা বাড়ানো সম্ভব নয়, কিন্তু বাস বাড়ানোর চেষ্টা হচ্ছে। কিন্তু কলকাতা শহরের রাস্তাগুলোর অবস্থা আপনার জানা আছে এবং ট্রাফিক ব্লক কি রকম হয় সেটাও আপনার জানা আছে, সুতরাং এই বাস বাড়ানোর সংগে সংগে, এই ট্রাফিক প্রব্লেম, এটার সম্বন্ধে আপনি কি ভাবছেন ?

**শ্রীমহম্মদ আমিন:** ট্রাফিক প্রব্লেম, এটা একটা জটিল সমস্যা, এই সম্বন্ধে এবং আরও কতকগুলো বিষয়ে আমরা ভাবছি।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনি বললেন যে সরকারের বিবেচনাধীন রয়েছে, আপনি কোন আশ্বাস দিতে পারেন এই হাউসকে যে, বিবেচনা কতদিনে কার্য্যে রূপায়িত হবে ?

**শ্রীমহম্মদ আমিন:** সময় ঠিক করে বলা সম্ভব নয়, কারণ এটা একটা ডিফিকাল্ট ফ্যাক্টার, তবে বলতে পারি যথাসম্ভব তাড়াতাড়ি হবে।

**শ্রীপতিতপাবন পাঠক:** মাননীয় মন্ত্রী মহাশয়, বাস বাড়ানো সম্বন্ধে বললেন এবং ট্রাম বাড়ানো সম্ভব নয় সেটাও বললেন। কিন্তু ওয়াটার ট্রান্সপোর্ট সম্বন্ধে কিছু চিন্তা করছেন কি, যে শ্রীরামপুর বা অন্যান্য জায়গায় থেকে ডালহাউসী স্কোয়ার পর্য্যন্ত কোন ওয়াটার ট্রান্সপোর্ট কিছু করা যায় কি না ?

**শ্রীমহম্মদ আমিন:** এই রকম কোন পরিকল্পনা বর্তমানে আমাদের নেই।

### রাজ্য পরিবহণ কর্পোরেশন

***91.** (Admitted question No. *439.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাজ্য পরিবহণ কর্পোরেশনের মোট বাস কত ;

(খ) প্রতি বাস পিছু কত জন বিভিন্ন ধরনের কর্মচারী, ড্রাইভার, ক্লিনার, অ্যাসিষ্ট্যান্ট, ইন্সপেক্টর নিযুক্ত আছেন ;

(গ) উক্ত কর্পোরেশনের গত তিন বৎসরে বাৎসরিক লোকসানের পরিমাণ কত ;

(ঘ) উক্ত কর্পোরেশনকে লাভজনক ভিত্তিতে কলিকাতার পরিবহণ ব্যবস্থা চালু রাখা জন্য কোন পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঙ) যেসব বাস অকেজো হয়ে পড়ে থাকে সেই সব বাসের জন্য নিয়োগযোগ্য বিভি কর্মচারীদের কিভাবে কাজে লাগান হয় ?

**শ্রীমহম্মদ আমিন :**

(ক) ১০৫৩টা।

(খ) প্রতি বাস পিছু (যাহার সংখ্যা বর্তমানে প্রায় ৬০০) ২২.৭ জন কর্মচারী নিযুক্ত আছেন। ড্রাইভার ৩.৪ জন, কণ্ডাক্টর ৭.৬ জন, ক্লীনার ০.৫ জন, অ্যাসিষ্টান্ট ২.৬ জন, ইনস্পেক্টর ২.৯ জন, ও অন্যান্য ৫.৭ জন)।

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(ঘ) বাসের ভাড়া বৃদ্ধি ও নূতন বাস ক্রয়ের পরিকল্পনা বিশেষভাবে বিবেচনা করছেন।

(ঙ) কিছু সংখ্যক ড্রাইভার ও কণ্ডাক্টার উদ্বৃত্ত আছেন। উদ্বৃত্ত কণ্ডাক্টারদের বিশেষ বিশেষ বাস স্টপ এবং প্রান্তিক কেন্দ্রে ভাড়া আদায়ের কাজে নিয়োজিত করা হয়। কিন্তু উদ্বৃত্ত ড্রাইভারদের চালু বাসের অভাবে সব সময় কাজ দেওয়া সম্ভব হয় না।

1-20—1-30 p.m.]

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় মন্ত্রীমহাশয় "খ" এর উত্তরে যে তথ্যগুলি দিলেন সে ভিত্তিতে তাকে জিজ্ঞাসা করছি যদি এক একটা সরকারী বাসে এই পরিমাণে কর্মচারী নিযুক্ত হয় তাহলে কি আপনি মনে করেন একজন ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে যে স্টেট বাসকে আপনারা লাভজনক ভিত্তিতে চালাতে পারবেন ?

**শ্রীমহম্মদ আমিন :** এখনি সেটা বলতে পারছি না।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি যে, উনি কি এ বিষয়ে বিবেচনা করে দেখছেন যে একটি সরকারী বাস লাভজনক ভিত্তিতে চলবে কি চলবে না সেটা বুঝতে গেলে বেসরকারী বাস বিভিন্ন জায়গায় যা চলছে যার জন্য রাজ্য সরকার কিছুক্ষণ আগে স্বীকার করলেন যে অস্থায়ী পারমিট দিয়েছেন, সেই বেসরকারী বাস পিছু এই ধরণের কর্মচারী যেমন ক্লীনার, ড্রাইভার, কণ্ডাক্টার ইত্যাদি নিযুক্ত আছে এবং দুটার তুলনামূলক বিবেচনা করে রেশনা-লাইজেসনের কথা ভাবছেন কি ?

**শ্রীমহম্মদ আমিন :** সেটা আমরা পরীক্ষা করে দেখছি।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন বেসরকারী বাস পিছু কর্মচারী নিয়োগের সংখ্যা সম্বন্ধে তার কাছে কোন তথ্য আছে কি ?

**শ্রীমহম্মদ আমিন :** আমার কাছে কোন তথ্য নেই তবে যতদূর জানি সেটা এ থেকে কম আছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** মাননীয় মন্ত্রীমহাশয় একথা জানাতে পারবেন কি, প্রত্যেক দিন স্টেট বাস যে সংখ্যায় গ্যারেজ থেকে বের করা হয় তার মধ্যে কি পরিমাণ রাস্তায় ব্রেক ডাউন হয়ে যায় তার একটা এভারেজ হিসাব আছে কি ?

**শ্রীমহম্মদ আমিন :** নোটীশ দিলে বলতে পারবো।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** যদিও প্রত্যিটি স্টেট বাসের জন্য ক্লিনার নিয়োগ করা হয়েছে এবং স্টেট বাস যেখান থেকে ছাড়ে টারমিনাসে গিয়ে পৌঁছায় সেখানে পৌঁছবার পর স্টেট বাসের কোন ক্লিনার বাস পরিষ্কার করে না, এ সম্বন্ধে আপনি কোন তদন্ত করে দেখেছেন কি ?

**শ্রীমহম্মদ আমিন :** এরূপ অভিযোগ আমাদের কাছে এসেছে এবং তার সম্বন্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হবে।

**শ্রীকালীপদ মণ্ডল :** মাননীয় মন্ত্রীমহাশয় 'ঙ' প্রশ্নের উত্তরে বললেন যে, কিছু সংখ্যক ড্রাইভার ক্লিনার, অকেজো বাসগুলির উদ্বৃত্ত আছে। সে সংখ্যা একজাকৃটলি কত বলতে পারবেন কি ?

**শ্রীমহম্মদ আমিন :** একজাকৃট সংখ্যা বলতে পারছি না, নোটীশ দিলে বলব।

**শ্রীকাশীকান্ত মৈত্র :** মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি আমাদের রাজ্য পরিবহণ করপোরেশানের যে সমস্ত লেল্যাণ্ড বাসগুলি চলছে সে সমস্ত বাসের বডি বিল্ডিং—যদিও এশিয়ার মধ্যে বৃহত্তম সেণ্ট্রাল ওয়ার্কসপ্ আমাদের রাজ্য পরিবহণ দপ্তরের এখানে আছে, যেখানে ৯শত কর্মচারি কাজ করে, তা সত্বেও আমাদের পরিবহণ দপ্তরের সে সমস্ত বাসের বডি বিল্ড কংগ্রেস আমল থেকে চলে আসছে, হায়দ্রাবাদের বিলড়া কোম্পানীর এ্যালুইন থেকে তৈরী হয়ে আসছে। যুক্তফ্রন্ট সরকার আসার পর এটা বন্ধ করে বাংলাদেশে যে সমস্ত ওয়ার্কসপ্ রয়েছে ষ্টেট ট্রান্সপোর্টের সেনট্রাল গ্যারেজ ওয়ার্কসপ্ রয়েছে, সেখানে এ বডি বিল্ডের কাজ দিতে পারছেন কিনা এটা বিবেচনা করে দেখবেন কি ?

**শ্রীমহম্মদ আমিন :** আমি এটা তদন্ত করে দেখবো এবং এ সম্বন্ধে পরে জানাবো।

## পুলিশের মহাফেজখানায় নাটকের পাণ্ডুলিপি

*93. (Admitted question No. *95.)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের পুলিশের মহাফেজখানায় কিছু সংখ্যক নাটকের পাণ্ডুলিপি জমা আছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ নাটকগুলির নাম ও রচয়িতাগণের নাম কি ?

**Shri Jyoti Basu :**

(ক) হ্যাঁ—

(খ) এ সম্পর্কে একটি তালিকা সঙ্গে দেওয়া হইল।

List referred to in reply to clause (Kha) of starred question No. *93.

**YEAR : 1891**

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Tulshi Charan Das | রত্নাকর |

**YEAR : 1893**

| | | |
|---|---|---|
| 1. | Atul Krishna Mitra | বুড়োবাঁদর |
| 2. | Emerald Theatre | ব্রহ্ম-বিকাশ |

**YEAR: 1895**

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Sarat Chandra Mitra | দু'কড়ি দত্ত |
| 2. | Durga Das Dey | বদল-বিভ্রাট |

**YEAR: 1896**

| | | |
|---|---|---|
| 1. | Minerva Theatre | ছবি |

**YEAR: 1901**

| | | |
|---|---|---|
| 1. | Atul Krishna Mitra | নিবেদন |
| 2. | Atul Krishna Mitra | পশুশমন |

**YEAR: 1902**

| | | |
|---|---|---|
| 1. | Star Theatre | সপ্তম-প্রতিমা |

**YEAR: 1904**

| | | |
|---|---|---|
| 1. | Minerva Theatre | কৃষ্ণাষ্টমী |
| 2. | Nityabodh Bidyaratna | দিলবাহার |

**YEAR: 1906**

| | | |
|---|---|---|
| 1. | Star Theatre | রথ ও রমণী |

**YEAR: 1909**

| | | |
|---|---|---|
| 1. | Minerva Theatre | রংবাজ |

**YEAR: 1910**

| | | |
|---|---|---|
| 1. | Dashurathi Mukhopadhyaya | সোমনাথ |
| 2. | NIL | জন্মাষ্টমী ও নন্দোৎসব |
| 3. | National Theatre | মায়া |

**YEAR: 1911**

| | | |
|---|---|---|
| 1. | Sourindra Mohan Mookerjee | গ্রহের ফের বা মজার ভুল |
| 2. | Harish Ch. Sanyal | বিশ্বামিত্র |

## YEAR : 1912

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Minerva Theatre | দরিয়া |
| 2. | Star Theatre | খাস দখল |
| 3. | Minerva Theatre | মেড়িয়া |
| 4. | Atul Krishna Mitra | মোহিনী মায়া |
| 5. | Star Theatre | রূপকথা |
| 6. | Submitted by Monmotho Neogy | চিত্তোর দর্শন |

## YEAR : 1914

| | | |
|---|---|---|
| 1. | Kshirodprosad Vidyabinod | জাহোরিয়া |
| 2. | Star Theatre | অভিনেত্রী রূপ |
| 3. | D. L. Roy (from the printed book) | চন্দ্রগুপ্ত |

## YEAR : 1915

| | | |
|---|---|---|
| 1. | Nilkanto Basu Thakur | হামির সিংহ |
| 2. | Wilson Barretts (Translated) by Aparesh Ch. Mookerjee | আহুতি |
| 3. | Kumar Gopika Raman Roy Bahadur of Sylhet | প্রতিফল |
| 4. | Moni Lal Bandyopadhaya | ব্রত-উদ্‌যাপন |
| 5. | Nirendra Krishna Basu | শেরশাহ বা পাঠান পতাকা |
| 6. | Rai Bahadur Jagat Ch. Sen | চন্দ্রধ্বজ |
| 7. | Charu Chandra Bose for Minerva Theatre | বভ্রুবাহন |
| 8. | Kedar Nath Das | বুদ্ধিকার |
| 9. | Hari Sadhan Mookerjee | নূরমহল |
| 10. | Bhupendra Nath Bandyopadhya | সওদাগর |

## YEAR : 1916

| | | |
|---|---|---|
| 1. | Mrinal Chandra Chattopadhyaya | আঁধারে আলো |
| 2. | Manmohan Theatre | সতী লক্ষ্মী |
| 3. | Atul Krishna Mitra | মণি-কাঞ্চন |
| 4. | Nirmal Shib Bandyopadhyaya | বাহাদুর |

## YEAR : 1917

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Jatindra Mohan Chattopadhyaya | মাতৃমূর্ত্তি |
| 2. | Presidency Theatre | হাতে-হাতে |
| 3. | Barodaprasanna Das Gupta | মণি-মালা |
| 4. | Aparesh Ch. Mookerjee | মুক্তির ডাক |
| 5. | Monmohon Theatre | দেবলা দেবী |

## YEAR : 1918

| | | |
|---|---|---|
| 1. | Sree Promotho Nath Roy Choudhury | জয়-পরাজয় |
| 2. | Harisadhan Mukhopadhyaya | আঁধারে আলো |

## YEAR : 1919

| | | |
|---|---|---|
| 1. | Hemendra N. Roy | প্রেমের প্রেমারা |
| 2. | Aparesh Ch. Mukherjee | উর্বশী |
| 3. | Kishori Mohan Banerjee | অজিত সিংহ |
| 4. | Pulin Ranjan Roy | কালসোনা |
| 5. | Panchanan Sil | উদ্ধারণ ঠাকুর |

## YEAR : 1921

| | | |
|---|---|---|
| 1. | Charu Chandra Basu | মোহন মিলন |
| 2. | Bhupendra N. Banerjee | কেল্লোর কীর্ত্তি |
| 3. | Madan Theatre | বিষ্ণুমায়া |

## YEAR : 1922

| | | |
|---|---|---|
| 1. | Panchkori Chatterjee | দৌলত দোস্তী |
| 2. | Pandit Hari Krishen Jooher | কানাইয়া বিক্রয় |
| 3. | Aparesh Ch. Mookerjee | অপ্সরা |
| 4. | Kshirodprosad Vidyabinod | রত্নেশ্বরের মন্দির |
| 5. | Narayan Ch. Bose | নেকনজর |

## YEAR : 1923

| | | |
|---|---|---|
| 1. | Harish Ch. Sanyal | আশা-প্রতীকা |
| 2. | Aparesh Ch. Mookerjee | কর্ণার্জ্জুন |
| 3. | Kishori Mohan Banerjee | আবাহন |
| 4. | Kshirodprosad Vidyabinod | বিদুরথ |
| 5. | Madan Theatre | আলাদীন |
| 6. | Pandit Ram Chandra Vidyabinod | স্কন্দগুপ্ত |
| 7. | Aparesh Ch. Mookerjee | ইরানের রাণী |

## YEAR: 1924

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Nirodshib Banerjee | রূপকুমারী |
| 2. | Nishikanto Basu Roy | ললিতাদিত্য |
| 3. | Aparesh Ch. Mookerjee | বন্দিনী |

## YEAR: 1925

| | | |
|---|---|---|
| 1. | Barodaprassanna Das Gupta | সত্যভামা |
| 2. | Naresh Ch. Sen Gupta | ঠকেরমালা |
| 3. | Kshirodprosad Vidyabinod | গোলকুণ্ডা |
| 4. | Dr. Naresh Ch. Sen Gupta | ঋষিময়ী |

## YEAR: 1926

| | | |
|---|---|---|
| 1. | Art Theatre | শ্রীকৃষ্ণ |
| 2. | Art Theatre | লাখটাকা |
| 3. | Bhupendra Nath Banerjee | যুগমাহাত্ম্য |
| 4. | Bhupendra Nath Banerjee | নারীরাজ্য |
| 5. | Bhupendra Nath Banerjee | বাঙালী |
| 6. | Munshi Jineswar Pd. Mayal | মহারানী লক্ষ্মীবাঈ |
| 7. | Bhupendra Nath Banerjee | ডারবি টিকিট |
| 8. | Aparesh Ch. Mookerjee | চণ্ডীদাস |
| 9. | Amrita Lal Bose | বন্দে মাতরম্ |
| 10. | K. L. Roy Choudhury | ধর্মঘট |

## YEAR: 1927

| | | |
|---|---|---|
| 1. | Panchkori Chatterjee | আরই |
| 2. | Barodaprasanna Das Gupta | নর্তকী |
| 3. | Kanailal Bandyopadhyay | মরণে জয় বা পার্থ সারথি |
| 4. | Aparesh Ch. Mookerjee | মগের মুল্লুক |
| 5. | E. Khan | কামাল পাশা |
| 6. | Art Theatre | পরিত্রাণ |
| 7. | Amrita Lal Basu | ব্রজলীলা |
| 8. | Girish Ch. Ghosh | হটারী |
| 9. | Haran Chandra Bandyopadhyaya | উদ্বোধন |
| 10. | Art Theatre | মনসামঙ্গল |
| 11. | Aparesh Ch. Mookerjee | শ্রীরামচন্দ্র |

## YEAR : 1928

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Sarat Ch. Ghosh | জাতিচ্যুত |
| 2. | Bhupendra N. Banerjee | সাঁথের করাত |
| 3. | Sreepada Mukherjee | স্বয়ম্বরা |
| 4. | Sarat Ch. Chattopadhyaya | রাম বা পল্লীসমাজ |
| 5. | Natya Mandir | হাসনুহানা |
| 6. | Jogesh Ch. Choudhury | দিক্-বিজয়ী |
| 7. | Jnan Ranjan Ghatak | দশানন |
| 8. | Chitta Ranjan Theatre | গ্রীসের গৌরব |
| 9. | Basanta Kumar Chatterjee | মীরাবাঈ |
| 10. | Jaladhar Chattopadhyaya | ত্রিমূর্তি |
| 11. | Manmatho Roy | দেবাসুর |

## YEAR : 1929

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Mrinal Chandra Chattopadhyaya | নারদঘাট |
| 2. | Prokash Ch. Bandyopadhyaya | বর্ণচোরা |
| 3. | Monilal Banerjee | জাহাঙ্গীর |
| 4. | Satish Ch. Ghatak | হাটে হাঁড়ি |
| 5. | Baroda Kanto Das Gupta | কর্মবীর |
| 6. | Prokash Ch. Banerjee | মরনের পথে |
| 7. | Sourindra Mohon Mookerjee | হারানো রতন |
| 8. | Barodaprosanna Sen Gupta | সুভদ্রা |
| 9. | Panchkori Chatterjee | ভীলদের ভুমরি |
| 10. | Probodh Ch. Chatterjee | প্রতিশোধ |
| 11. | anchkori Chatterjee | মামা-ভাগ্নে |
| 12. | Indian Theatre | সুলতান নন্দিনী |
| 13. | Pulin Ranjan Roy | নবীনবাঙলা |
| 14. | Lalit Mohan Roy (Bhairab Maharaj) | মতিবেগম |
| 15. | Barodaprasanna Das Gupta | সবুজসুধা |
| 16. | Dr. S. Pathak | চোখের জল |
| 17. | Kshirodprosad Vidyabinod | মন্দাকিনী |
| 18. | Sudhir Kumar Raha | সমুদ্রগুপ্ত |
| 19. | Sreepado Vidyabinod | শ্যামা-মা |
| 20. | Sudhindra Nath Raha | বভ্রুবাহন |
| 21. | Sarat Chandra Ghosh | শ্রী |
| 22. | Nani Lal Dey | সত্যের বাঁধন |
| 23. | Natya Mandir | শংখধ্বনি |
| 24. | Jaladhar Chatterjee | প্রাণের দাবী |
| 25. | Aparesh Ch. Mookerjee | পেটের দায়ে |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 26. | Manmatho Roy | শ্রীবৎস |
| 27. | Prakash Ch. Banerjee | ঋষ্যশৃঙ্গ |
| 28. | Manmatho Roy | মহুয়া |

## YEAR : 1930

| | | |
|---|---|---|
| 1. | Sm. Indubala Roy Choudhury | সেণ্টলেজার |
| 2. | Satish Chandra Ghatak | অগ্নিশিখা |
| 3. | Sarat Chandra Mookerjee | পূজারী |
| 4. | Sree Nanda Lal Banerjee | দোহারা বিয়ে |
| 5. | Kanai Lal Banerjee | কলংকভঞ্জন |
| 6. | Probodh Ch. Chatterjee | সিরাজী |
| 7. | Prokash Ch. Banerjee | মোহমুক্তি |
| 8. | Probodh Ch. Chatterjee | রাজিয়া |
| 9. | Satya Narayan Mukherjee | প্রেমের নেশা |
| 10. | Gostho Behari Dey | মেঘনাদ |
| 11. | Sudhindra Nath Raha | মানসী |
| 12. | Prabodh Ch. Chatterjee | মধুমিলন |
| 13, | Prabodh Ch. Chatterjee | কিস্তিমাত |
| 14. | Jaladhar Chatterjee | রাঙারাখী |
| 15. | Prokash Ch. Banerjee | নিবৃত্তি |
| 16. | Satyanarain Mookerjee | বস্ত্রহরণ |
| 17. | Panchkori Chatterjee | অশ্রুধারা |
| 18. | Prokash Ch. Banerjee | নিয়তির খেলা |
| 19. | Sarat Chandra Mookerjee | পিরামিড |
| 20. | Pulin Ranjan Roy | কাঙালের ঠাকুর |
| 21. | Satya Narain Mookerjee | রামের নির্বাসন |
| 22. | Nando Lal Banerjee | সুন্দর মিলন |
| 23. | Nando Lal Banerjee | অদল বদল |
| 24. | Sudhindra Raha | গোপিনী রমণ শ্রীকৃষ্ণ |
| 25. | Satyanarain Mookerjee | দেবদাসী |
| 26, | Barodaprasanna Sen Gupta | পরী স্থান |
| 27. | Barodaprasanna Sen Gupta | একলব্য |

## YEAR : 1931

| | | |
|---|---|---|
| 1. | Prabodh Ch. Bhattacherjee | কাজিয়া |
| 2. | Satya Narain Mookerjee | মায়া |

## YEAR : 1932

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Fanibhushan Vidyabinod | কোজাগর |
| 2. | Fanibhushan Vidyabinod | পুরোহিত |
| 3. | Sree Sreepada Vidyabinod | কিরীটি |
| 4. | Indira Devi | মেঘ মল্লার |
| 5. | Sourindra Mohan Mookerjee | রুমেলা বা বিজয়িনী |
| 6- | Nani Lal Dey | ধর্মের জয় |
| 7. | Aparesh Ch. Ghosh | জন্মাষ্টমী |
| 8. | Kaviraj Saviraj Ch. Sen | মায়া |
| 9. | Manindra N. Singh | দিশেহারা |
| 10. | Nalini Bhusan Chatterjee | দেবযানী |
| 11. | Satkari Das | নসিব |
| 12. | Bijoy Gopal Banerjee | আশমানের আলো |
| 13. | Manindra N. Singh | বাসন্তিকা |
| 14. | Ashit Ranjan Roy | সন্দী কা শূল ? |
| 15. | Nrityn Gopal Mookerjee | কেঁচে গণ্ডুষ |
| 16. | Sree Sreepado Vidyabinod | শ্যামা ব্রহ্মময়ী |
| 17. | Sudhindra N. Raha | বিপ্লব |
| 18. | Amiya Roy Choudhury | সাথী |
| 19. | Harendra Nath Ghatak | বাদীর বিচার |
| 20. | Writers' name not mentioned | নরোত্তম |
| 21. | Baradaprasanna Sen Gupta | দেবযানী |
| 22. | Ashutosh Sanyal | রাজশ্রী |
| 23. | Amarnath Ghosh | সীতারাম |
| 24. | Aparesh Ch. Mookerjee | বিদ্রোহিনী |
| 25. | Bhola Nath Roy Kabyasastri | নাগাযজ্ঞ |
| 26. | Sushil Kumar Seal | মনের মানুষ |
| 27. | Debnarain Gupta | ঋণশোধ |
| 28. | Panchkori Chatterjee | প্রায়োপবেশন |
| 29. | Satyendra Kumar Basu | সোমনাথ |
| 30. | Sm. Indubala Roy Choudhury | আঁধারমে-রোশনি |
| 31. | Fanibhusan Vidyabinod | মুক্তি |
| 32. | Rangamahal Theatre | সতী ও শিবরাত্রি |
| 33. | Baradaprasanna Das Gupta | ক্রীতদাসী |
| 34. | Bijoy Gopal Bandyopadhyaya | গোলকদর্শন |
| 35, | Sree Sreepada Vidyabinod | সুদর্শন |
| 36. | Pulin Ranjan Roy | খান্দব |
| 37. | Panchkori Chatterjee | সতী |
| 38. | Haran Ch. Sahityaratna | আলিবাবা ও চল্লিশজন দস্যু |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 39. | Pulin Ranjan Roy | ঘর মজানে |
| 40. | Bejoy Gopal Banerjee | মরণের পরে |
| 41. | Debnarain Gupta | অভিমান |
| 42. | Phanibhusan Vidyabinod | শিবসুন্দর |
| 43. | Ashutosh Sanyal | সুবিচার |

**YEAR : 1933**

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Nani Lal Dey | ধ্রুব |
| 2. | Hemanta Kumar Gupta | হনসুলু ট্রেডিং কোম্পানী |
| 3. | Nani Lal Dey | প্রহ্লাদ |
| 4. | Bhawani Mookerjee | পুকুর চুরি |
| 5. | Nani Lal Dey | বভ্রুবাহন |
| 6. | Jitendra N. Banerjee | শঠে শাঠ্যং |
| 7. | Satish Ch. Mookerjee | খেলারাম |
| 8. | Aghor Ch. Kabyatirtha | হরিপদ পাম |
| 9. | Chandipado Chatterjee | মজা-না-সাজা |
| 10. | Pandit Pankajbhusan Kabiratna | তিলোত্তমা |
| 11. | Haran Ch. Sahityaratna | আবুহোসেন |
| 12. | Nalini Chatterjee | দেওয়ানা |
| 13. | Royal Binapani Opera | নিয়তি |
| 14. | Dr. Basari Mookerjee, M.D. | চণ্ডীদাস |
| 15. | Prof. Manmathonath Vidyabhusan | আমিরী নেশা |
| 16. | Pankaj Bhusan Roy | জড়শক্তি |
| 17. | Satish Ch. Mookerjee | যুগাবতার |
| 18. | A. Krishna Swamy | মীরাবাঈ |
| 19. | Hargovinda Sen | রক্তক্ষুধা |
| 20. | Satcori Das | প্রেম ফোয়ারা |
| 21. | Manindra Nath Sinha | ঋতুরূপ |
| 22. | Jogesh Ch. Chaudhury | পূর্ণিমার মিলন |
| 23. | Prabodh Ch. Majumdar | শুভযাত্রা |
| 24. | Baradaprasanna Das Gupta | বনের পাখি |
| 25. | Satya Narayan Mookerjee | লক্ষহীরা |
| 26. | Baradaprasanna Das Gupta | চিত্রাঙ্গদা |
| 27. | Sm. Anurupa Devi—dramatized by Jogesh Ch. Choudhury | মহানিশা |
| 28. | Brojendra K. Dey | বড্য লাভ |
| 29. | Asamanja Mukherjee | জগদীশের দিক্দারী |
| 30. | Haran Ch. Sahityaratna | আলাদীন |
| 31. | Amar N. Ghosh | শারদীয়া |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manu |
|---|---|---|
| 32. | Amar N. Ghosh | পুষ্পাঞ্জলি |
| 33. | Sadhucharan Vidyabinod | সাগরিকা |
| 34. | Birendra Nath Ghosh | কিস্মৎ |
| 35. | Manmatho Vidyabhushan | কালের হাওয়া |
| 36. | Dr. Basarimohan Mookerjee | নারী শক্তি |
| 37. | Jaladhar Chatterjee | মন্দির প্রবেশ |
| 38. | Dr. Basarimohan Mookerjee | খোরসানি তোড়া |
| 39. | Sudhir Kumar Mitra | শ্রীশ্রীচণ্ডী |
| 40. | Dev Narain Gupta | অভিশাপ |

## YEAR : 1934

| | | |
|---|---|---|
| 1. | Ramesh Ch. Goswami | কেদার রায় |
| 2. | Baradaprasanna Sen Gupta | আর্টের পরিহাস |
| 3. | Suresh Ch. Dey | মুক্তির মন্ত্র |
| 4. | Jogesh Ch. Chowdhury | স্ত্রী |
| 5. | Phanibhusan Vidyabinod | বিদুষী |
| 6. | Prabodh Ch. Sarkar | ঠাকুর্দ্দা বনাম নাতি |
| 7. | Akshoy Kumar Roy | পথের কাঁটা |
| 8. | Ramesh Chandra | পরকীয়া |
| 9, | Phanibhusan Vidyabinod | বামন অবতার |
| 10. | Narendra Dev | ফুলের আয়না |
| 11. | Narayan Chrndra Ghosal | রক্তজবা |
| 12. | Prabodh Ch. Sarkar | দেশাচার |
| 13. | Phanibhusan Vidyabinod | স্বপ্নশেষ |
| 14. | Mohon Mukherjee | পিয়ারা |
| 15. | Probodh Sarkar | চোখের নেশা |
| 16. | Lakshmi Mitra | রূপেশের স্ত্রী |
| 17. | Jogesh Ch. Choudhury | রাবণ |
| 18. | Monilal Bandyopadhyaya | মহামানব |
| 19. | Sudhindra N. Raha | মারাঠা-মোগল |
| 20. | Brojendra K. Dey | লীলাবসান |

## YEAR : 1937

| | | |
|---|---|---|
| 1. | Phanibhusan Vidyabinod | রত্নেশ্বর |
| 2. | Brojendra Kr. Dey | রাজলক্ষ্মী |
| 3. | Amulya Das Gupta | অস্তাচল |
| 4. | Panchkori Chatterjee | দ্বিজদস্যু |
| 5. | Tarak Nath Mukhopadhyaya | উল্কা |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 6. | Sudhindra N. Raha | বভ্রুবাহন |
| 7. | Manmatho Roy | সতী |
| 8. | Bimal Ch. Ghosh | মীরা |
| 9. | Jatindra Mohan Roy | মহাকাল |
| 10. | Bholanath Kabyasastri | ধর্মধ্বজ |
| 11. | Narayan Ch. Ghosal | বন্দী |
| 12. | Ramesh Ch. Goswami | বিস্থাপাত |
| 13. | Mahendra Nath Gupta | গয়াতীর্থ |
| 14. | Sachindra Sen Gupta | স্বামী-স্ত্রী |
| 15. | Santosh K. Sen | ফরটি-নাইন |
| 16. | Dr. Nagendra N. Bhattacharyya | অ ভবেক |
| 17. | Bidhayak Bhattacharyya | তনু-অতনু |
| 18. | Manmatho N. Roy | বিদ্যুৎ পর্ণা |
| 19. | Apurba K. Bhattacharyya | পুনর্মূষিকভব |
| 20. | Dhirendra Nath Mukherjee | অপরাজিতা |

## YEAR: 1941

| | | |
|---|---|---|
| 1. | Hariprasanna Acharyya | চলার পথে |

## YEAR: 1942

| | | |
|---|---|---|
| 1. | Mohendra Nath Gupta | |
| 2. | Tarasankar Bandyopadhyay | রাণী দুর্গাবতী |
| 3. | Mahendra Nath Gupta | দাবী বা পথের ডাক |
| 4. | Goutam Sen | অলকানন্দা |
| 5. | Tarasankar Bandyopadhyaya | ডাকতার |
| 6. | Mahendra Nath Gupta | দুইপুরুষ |
| 7. | Umakanto Lahiri | মাইকেল |
| 8. | Aswini Kumar Ghosh | অসবর্ণা |
| 9. | Bidnayak Bhattacharyya | পুরীর মন্দির |
| 10. | Santosh Kumar Sen | চিরন্তনী |
| 11. | Probodh Sarkar | বাসবদত্তা |
| 12. | Mahendra Nath Gupta | ছাত্রী |
| 13. | Biswapati Choudhury | অবহিত, মডার্ণ শকুন্তলা |
| 14. | Jamini Mohan Kar | ভোলামাষ্টার |
| 15. | Ayas Kanti Bakshi | সুপ্রিয়ার কীর্তি |

## YEAR : 1943

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscri |
|---|---|---|
| 1. | Bankim Chatterjee—dramatised | দুর্গেশ নন্দিনী |
| 2. | Ayas Kanti Bakshi | খুনী |
| 3. | Sachin Sen Gupta | ধাত্রী পান্না |
| 4. | Bankim Chatterjee | দুর্গেশ নন্দিনী |
| 5. | Rabindra Nath Panda | সুকন্যা |
| 6. | Mohendra Nath Gupta | মহারাজ নন্দকুমার |
| 7. | Balai N. Biswas | শাস্তি |
| 8. | Baradaprasanna Das Gupta | কৃষ্ণার্জ্জুন |
| 9. | Sasanka Sekhar Banerjee | মাটির নেশা |
| 10. | Dwijendra Ch. Banerjee | দীপাশিখা |
| 11. | Sushil Kumar Sen | দেবী |
| 12. | Bankim Chatterjee drama—Mohendra N. Gupta | দেবী চৌধুরাণী |
| 13. | Bidhayak Bhattacharyya | অন্নপূর্ণার মন্দির |
| 14. | Tarak Mukherjee | মিস রমা রায় |

## YEAR : 1944

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscri |
|---|---|---|
| 1. | Panchkori Chatterjee | চলার পথে |
| 2. | Bidhayak Bhattacharyya | তিন পুরুষ |
| 3. | Aleya Sammilani | পোড়াবাড়ী |
| 4. | Ganesh Dutta | ত্যাগ |
| 5. | Kumaresh Ghosh | চক্র |
| 6. | Tarak Nath Mukherjee | মিস্ রমা রায় ( হিন্দী ) |
| 7. | Sachin Sen Gupta | রাষ্ট্র বিপ্লব |
| 8. | Krishna Das | পুরোহিত |
| 9. | Benimadhab Vidyabinod | যুগান্তর |
| 10. | Rabi Ganguly | পরিণাম |
| 11. | Hiranmoy Das Gupta | দিগন্ত |
| 12. | Ayas Kanti Bakshi | অধিকার |
| 13. | Dhireuera Nath Palchoudhury | যবনিকা |
| 14. | Amal Ray | আজ ও কাল |
| 15. | Sarat Ch. Chatterjee Drama—Denbarayan Gupta | রামের সুমতি |
| 16. | Mahendranath Gupta | টিপু সুলতান |
| 17. | Narayan Ganguly | চোরাবালি |
| 18. | Tarapada Mukherjee | অমিত রায় |
| 19. | Digendra Banerjee | অন্তরাল |
| 20. | Sasanka Banerjee | নবাব মীরকাশেম |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 21. | Jnanendra N. Vidyabinod | বিদ্যাসুন্দর |
| 22. | Kanai Lal Roy | স্বপনের মালা |
| 23. | Tarasadkar Bandyopadhyaya | বিংশ-শতাব্দী |
| 24. | Prabodh Sarkar | দময়ন্তী |
| 25. | Bidhayak Bhattacharyya | তাইতো |
| 26. | Pramatho Choudhury | রূপ ও রীতি |
| 27. | Dudhadeb Basu | মায়া-মালঞ্চ |
| 28. | Debiprosad Kar | তীর্থদেব |
| 29. | F. Rahaman | চলার পথে |
| 30. | Bidhayak Bhattacharyya | ১৩৫০ |

## YEAR : 1945

| | | |
|---|---|---|
| 1. | Santosh K. Sen | নরকে কণ্ট্রোল |
| 2. | Haripada Basu | বিপ্লবের বাণী |
| 3. | B. Ghosh | প্রতিদান |
| 4. | Sarat Ch. Chatterjee—<br>dramatized by Debnarain Gupta | অনুপমার প্রেম |
| 5. | Manbir Wazadd Ali | ওমর খৈয়াম |

## YEAR : 1946

| | | |
|---|---|---|
| 1. | Sanjib Chattopadhyay | জয়হিন্দ |
| 2. | Md. Ismail for 'Udyan'<br>of 30/1/5, Doctor Lane | ওমর খৈয়াম |
| 3. | Santi Kumar Banerjee | নাট্যকার |
| 4. | Tulsi Lahiri | দুঃখীর ইমাম |
| 5. | Lakshmi Narayan Chatterjee | সিভিল ম্যারেজ |
| 6. | Amal Basu | শেষ কোথায় |
| 7. | Bankim Ch. Chatterjee—<br>dramatized by Mohendra N. Gupta | মৃণালিণী |
| 8. | Santosh K. Sen | মন নিয়ে খেলা |
| 9. | Ashutosh Bhattacharyya | মনিবের বৌ |
| 10. | Amulya Ch. Ghosh | জাগরণ |
| 11. | Nirmal Chatterjee | ভাইফোঁটা |
| 12. | Bidhayak Bhattacharyya | কাঁচঘর |
| 13. | Amiyamoy Dey | শহিদ |
| 14. | Bankim Ch. Chatterjee<br>dramatized by Birendra K. Bhadra | সীতারাম |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscrip |
|---|---|---|
| 15. | Manoj Basu | নূতন প্রভাত |
| 16. | Tarak Mukhopadhaya | রামপ্রসাদ |
| 17. | Anil Bhattacharyya & Bidhayak Bhattacharyya | পুনর্মূষিকোভব |
| 18. | Madhusudhan Sen | প্রগতির পথে |
| 19. | Mahendra N. Gupta | রায়গড় |
| 20. | Upendra N. Ganguly | রাজপথ |
| 21. | Kanai Lal Roy | মানুষের ডাক |
| 22. | Gobinda Banerjee | রক্তপিছল পথে |
| 23. | Tarun Banerjee | শেষের স্বপ্ন |
| 24. | Tarun Banerjee | সংগ্রাম ও স্বাধিনতা |
| 25. | Hiranmoy Das Gupta | যাত্রী |
| 26. | Sm. Protima Mukherjee | শক্তিরূপা |
| 27. | Anandamoy Banerjee | বিপ্লবে ভারতী |
| 28. | Profulla Kumar Basu | মুক্তি সাধক |
| 29. | Haripada Basu | কয়েদী |
| 30. | Nani Das Gupta | মনুধা |

## YEAR: 1947

| | | |
|---|---|---|
| 1. | Jaladhar Chatterjee | তাজা ও রক্তপাত |
| 2. | Naresh Ch. Chakraborty | নেতাজী সুভাষচন্দ্র |
| 3. | Gopal Chattopadhyaya & Krishna Ghosh | ছন্দপতন |
| 4. | Santi Bhattacharya | শেষ সংগ্রাম |
| 5. | Santosh K. Sen | ৯ই আগষ্ট |
| 6. | Bhanu Chatterjee | মাটির দেবতা |
| 7. | Haripada Basu | বন্দি-জাগো |
| 8. | Mahendra Nath Gupta | শ্রীদুর্গা |
| 9. | Tarun Baneree & Chhabi Babu | প্রেম ও পৃথিবী |
| 10. | Fani Dutta Gupta | রক্তে যাদের এসেছে জোয়ার |
| 11. | Ashok K. Dutta | বালসেনা |
| 12. | Haripada Basu | যুদ্ধবল শেষ |
| 13. | Sachin Sen Gupta | কালো টাকা |
| 14. | Haripada Basu | ভবঘুরে |
| 15. | Bankim Ch. Chatterjee Drama—Mahendra N. Gupta | রাজসিংহ |
| 16. | Nanda Lal Manna | অজন্তা |
| 17. | Sasanka Sekhar Banerjee | ক্ষুদিরাম |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 18. | Jibananda Ghosh | জাগ্রত ভারত |
| 19. | Bimal Ghosh | যশরেশ্বরী |
| 20. | Dilip Das Gupta | শনিবার ২২শে ( বাইশে ) |
| 21. | Probodh K. Sanyal | শ্রীমতী |
| 22. | Benoy Ghosh | মায়াজাল |

## YEAR : 1948

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Sachin Sen Gupta | কামাল আতাতুর্ক |
| 2. | Sarat Ch. Chattopadhyaya<br>Drama—Gour Chakrabory | চন্দ্রনাথ |
| 3. | Debiprosad Kar | ডঃ রাঘবেন্দ্র চাটার্জী |
| 4. | Sudhangashu Das Gupta | বাঁকাপথ |
| 5. | Baudana Devi | সাথী হারা |
| 6. | Goutam Mukherjee | অভিযান |
| 7. | Samar Dutta | ভারতের ডাক |
| 8. | Sree Nanda Manna | ভুলের বিচার |
| 9. | Sree Srikrishna Mukherjee | বিপ্লবী |
| 10. | Suuhindra N. Raha | গোলকুণ্ডা |
| 11. | Chandipada Chatterjee | যবন হরিদাস |
| 12. | Haridada Basu | নাটক নয় |
| 13. | Tarak Mukherjee | যুগাবতার |
| 14. | Manoj Basu | নলিনীর মৃত্যু |
| 15. | Tarak Mukherjee | যুগাবতার শ্রীরামকৃষ্ণ |
| 16. | Sm. Bandana Devi | সাধিকা পিঙ্গলা |

## YEAR : 1949

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Shibram Chakraborty | সম্পাদক হওয়ার ঝকমারি |
| 2. | Debiprosad Kar | কাবেরীর মৃত্যু |
| 3. | Kanak Mukhopadhyaya | আরব কি একরাত |
| 4. | Mahendra Gupta | সম্রাট সমুদ্রগুপ্ত |
| 5. | Sachin Sen Gupta | এই স্বাধীনতা |
| 6. | Sudhindra N. Raha | বিক্রমাদিত্য |
| 7. | Tarak N. Mukherjee | রাণাকুম্ভ |
| 8. | Debiprosad Kar | বারভূঁইয়ার দেশ |
| 9. | Tulshi Das Lahiri | পথিক |
| 10. | Debiprosad Kar | চাঁদের কৌথি |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 11. | Debiprosad Kar | অন্ধদেবতা |
| 12. | Sukumar Mukherjee | অভিশপ্তা |
| 13. | Debabroto Sur Chowdhury | অসহায় |
| 14. | Sudhindra N. Raha | ডিল্লী চলো |
| 15. | Debabroto Sur Choudhury | জীবনায়ণ |
| 16. | Nanda Lal Manna | শহীদের দেশ |
| 17. | Sm. Aruna Mitra | পারের মেয়ে |
| 18. | Moni Lal Banerjee | ঝান্সীর রাণী |

YEAR : 1950

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Mahendra N. Gupta | পৃথ্বীরাজ |
| 2. | Raj Kumar Chatterjee | রাজরূপা |
| 3. | Haripada Bose | মীমাংসা |
| 4. | Dilip Dasgupta | অতলপুরী |
| 5. | Santi Bhattacharyya | আবর্তন |
| 6. | Debidas Banerjee | অনুদেশ |
| 7. | Indira Devi | রামায়ণ |
| 8. | Girish Ch. Ghosh | সিরাজদৌলা |
| 9. | Nripendra N. Banerjee | ভীটের মায়া |
| 10. | Manas Das | খবর বলছি |
| 11. | Probodh Ch. Sarkar | সত্যবন্দী |
| 12. | Girish Ch. Ghosh | বলিদান |
| 13. | Samir Chatterjee | অন্ধরাত্রি |
| 14. | Ashok Majumdar | উলুখাগড়া |
| 15. | Tarak Mukherjee | কাজল গাঁয়ের মেয়ে |
| 16. | Digendra Ch. Banerjee | তরংগ |
| 17. | Bimal Sengupta | দিন আগত ঐ |
| 18. | Bejon Bhattacharyya | মরা চাঁদ |
| 19. | Haripada Basu | পূর্ব্বা পার |
| 20. | Manas Das | খবর বলছি |

YEAR : 1951

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Salil Sen | নতুন ইহুদি |
| 2. | Bidhayak Bhattacharyya | ভ্রান্তি |
| 3. | Kranti Silpa Sangha | মহুয়া |
| 4. | Sarat Ch. Chatterjee (drama) | পণ্ডিত মশাই |
| 5. | Probodh Ch. Sarkar | সত্যবন্দী |
| 6. | Manmohan Goswami | সংসার |
| 7. | Sm. Suruchi Sengupta | মুখোস |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 8. | Jayanta Bhattacharyya & Sasanka Ganguli | আর নয় |
| 9. | Sunil Basu | সংঘাত |
| 10. | Sarat Ch. Chatterjee—Drama Abani Basu | পথের দাবী |
| 11. | Sachin Sengupta | তুষার বালা |
| 12. | Chhabi Banerjee | নবাব আলী বন্দী |
| 13. | Chhabi Banerjee | ক্রায়িম কলার |
| 14. | Bhanu Chatterjee | আজকাল |
| 15. | Tarak Nath Mukherjee | শিবায়ন |
| 16. | Sarat Ch. Chatterjee (Drama) | নিষ্কৃতি |
| 17. | Salil Choudhury | দেরী নাই |
| 18. | Purnendu Paul | বিচার |
| 19. | Mihir Sen | রাহু |
| 20. | Digendra Banerjee | মশাল |
| 21. | Henrie Ibsen | পুতুলের সংসার |
| 22. | Debabrata Sur Choudhury | ঘরভাড়া |
| 23. | Tarasankar Bandyopadhyaya | বালানীর রাত |
| 24. | Santosh Kumar Sen | ছেলেধরা |
| 25. | Pradyunma Banerjee | বিশালক্ষীর মন্দির |
| 26. | Salil Sen | দর্পণ |
| 27. | Pramatha Nath Bisi | গভর্ণমেন্ট অফিসার |
| 28. | Sitnagshu Moitra | মোহনলাল |
| 29. | Sarat Ch. Chatterjee (Drama by Dwarikadas Ganguli) | পথের দাবী |
| 30. | Dhum Ketu | ডাইরেক্টর |
| 31. | Chhabi Bandyopadhyaya | কেরানী |
| 32. | Ratan Kumar Ghosh & Santi Basu Roy | লাঞ্ছিতা বাংলা |
| 33. | Dhruba Chattopadhyaya | আগামী |
| 34. | Parashuram | রাতারাতি |
| 35. | Ajit Kumar Banerjee | অপশংক |
| 36. | Saradindu Banerjee | বিন্দের বন্দী |
| 37. | Bishu Charan Ghosh | অভিশপ্ত |
| 38. | Samir Chattopadhyaya | শেষ নয় |
| 39. | Rabindra Nag | অমর সংগ্রাম |
| 40. | Dhiren Mitra | অপমৃত্যু |
| 41. | Kiron Mitra | নেতাজীর ডাক |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 42. | Mahendra Gupta | শকুন্তলা |
| 43. | Jyotirmoy Kumar | পথের বহ্নি |
| 44. | Swaktipada Rajguru | অস্বীকার |

## YEAR : 1952

| | | |
|---|---|---|
| 1. | Asit Banerjee—adopted from Ibsen's An enemy of the people | দশচক্র |
| 2. | Radha Gobind Gain | বন্দী মানুষ |
| 3. | Arun Choudhury | পাশের বাড়ী |
| 4. | Rathin Basu | তৃপ্ত |
| 5. | Kedar Lal Roy | জাদুঘর |
| 6. | Manoj Basu | নতুন প্রভাব |
| 7. | Nishikanto Basu Roy | পথের শেষে |
| 8. | Sarat Ch. Chatterjee | স্বামী |
| 9. | Binayak Bhattacharyya | অন্ধদেবতা |
| 10. | Mahendra Gupta | সূর্যমোহন |
| 11. | Kedar Lal Roy | ঝরামুকুল |
| 12. | Debiprosad Kar | পল্লীশ্রী |
| 13. | Kanak Mukherjee | রাত নটা |
| 14. | Sudhir Chandra Banerjee | মারাঠা জননী |
| 15. | Dipti Prosanna Chattopadhyaya | স্বপ্ন সম্ভবা |
| 16. | Dilip Dasgupta | নর ও নারী |
| 17. | Tarapada Karmakar | শিল্পীর নবজন্ম |
| 18. | Murari Mohan Sengupta | মালা চন্দন |
| 19. | Amar Ganguly | ভাঙ্গন |
| 20. | Debabrota Sur Choudhury | কষ্টি পাথর |
| 21. | Tarak Nath Mukherjee | হিতোপদেশ |
| 22. | Bhupen Basu—drama Rathin Basu | ভছনচ্ |
| 23. | Prosanta Kumar Choudhury | দুই মহল |
| 24. | Shyam Sundar Banerjee | জীবন সংগ্রহ |
| 25. | Amal Sircar | ভোরের আলো |
| 26. | Haradhan Chattopadhyaya | মনের অন্তরালে |

## YEAR : 1953

| | | |
|---|---|---|
| 1. | Sunil Basu | জোয়ারভাটি |
| 2. | Santosh Kumar Sen | কনসপিরেসি |
| 3. | Umanath Bhattacharyya | ফুটিক |
| 4. | Sambhu Mitra | স্বপ্ন |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 5. | Sm. Pronati Dey | এই তো দুনিয়া |
| 6. | Nitish Sen | যাত্রা শেষ |
| 7. | Rabindra Nath Mitra | বিন্দের বন্দী |
| 8. | Haridas Bandyopadhyaya | মৃত্তিকা |
| 9. | Manmatho Roy | জীবনটাই নাটক |
| 10. | Haradhan Bandyopadhyaya | উচ্ছৃঙ্খল |
| 11. | Debiprosad Kar | হে অমিতাভ |
| 12. | Debnarain Gupta | শ্যামলী |
| 13. | Manmatho Nath Roy | খুনের বাড়ী |
| 14. | Jitendra Nath Ghose | নূতন পৃথিবী |
| 15. | Chhabi Bandyopadhyaya | বিষের মধু |
| 16. | Probodh Kumar Sanyal | শ্যামলীর স্বপ্ন |
| 17. | Himen Naskar | সম্ভবা |
| 18. | Jagannath Sarkar | জী. ও. পি. |
| 19. | Saroj Dutta | সাংবাদিক |
| 20. | Haripada Basu | দেবীর মত মেয়ে |
| 21. | Giri Sankar | রথ |
| 22. | Ashutosh Sanyal | সিংহাসন |
| 23. | Bechhu Sen Gupta | মুখোস |
| 24. | Bibhuti Bandyopadhyaya drama by Gopal Chatterjee | আদর্শ হিন্দু হোটেল |
| 25. | Haridas Bandyopadhyay | অগ্ন শেষ রজনী |
| 26. | Kabikankan Mukunda Ram | ফুল্লরা কালকেতু |
| 27. | Manmatho Roy | ধর্ম্মঘট |
| 28. | Bimal Basu | চোর |
| 29. | Dhirendra Naran Roy | বিষ ও বহ্নি |
| 30. | Sarat Ch. Chattopadhyaya drama by Atindra Mazumdar | মহেশ |
| 31. | Nihar Ranjan Gupta | পদ্মিনী |
| 32. | Santosh Das Gupta | ঝড় |
| 33. | Upendra Nath Gangopadhyaya | অভিজ্ঞান |
| 34. | Arun Bandyopadhyaya | সংঘাত |
| 35. | Tulsidas Lahiri | বাংলার মাটি |
| 36. | Jogesh Chandra Chowdhury | পরিণীতা |
| 37. | Tridib Ranjan Lahiri | ক্ষুধা |
| 38. | Apurba Suudar Moitra | সংঘাত |
| 39. | Kamalesh Mazumdar | দময়ন্তী |
| 40. | Ramesh Ch. Goswami | বাংলার মাটি |
| 41. | Shyama Dutta | সবারে ডেকে গেল |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 42. | Satya Sen & Jnan Ganguli | ঘূর্ণি |
| 43. | Amar Bhatto | অভিযাত্রিক |
| 44. | Biswanath Mukherjee | শিল্পী |
| 45. | Mahendra Nath Gupta | রাজনর্তকি |
| 46. | Sudhin Guha | চার ঘণ্টা |

## YEAR : 1954

| | | |
|---|---|---|
| 1. | Rabindra N. Banerjee— adopted from Gorkey's Enemies | দুষমণ |
| 2. | Kirti Basu ( drama ) | রামায়ণ |
| 3. | Tapan Sen | কুশীলব |
| 4. | Kashi Nath Bhattacharyya | সীতারা |
| 5. | Jitendra N. Basak | মানুষ |
| 6. | Tarapada Banerjee | খুনী |
| 7. | Shakten Roy | চাঁকা |
| 8. | Hariprasanna Das | Vision of Yakshya ( মেঘের দৈত্য ) |
| 9. | Debiprosad Kar | নবরাগ |
| 10. | Ashim Bhattacharyya | মরাকোটাল |
| 11. | Sadhan K. Bhattacharyya | মৃগতৃষ্ণা |
| 12. | Nihar Ranjan Gupta | উল্কা |
| 13. | Baren Roy Choudhury | এই শহরে |
| 14. | Amar Ghosh | প্রতিমূর্তি |
| 15. | Radha Govinda Gain | স্রোতের মুখে |
| 16. | Promotho Nath Bisi | অশ্বত্থের অভিশাপ |
| 17. | Kedar Lal Roy | পকেটমার |
| 18. | Nabendu Ghosh drama Agni Mitra | দীপ |
| 19. | Jitendra Nath Mukherjee | এক অধ্যায় |
| 20. | Rabindra Nath Thakur— drama—Jagat Majumdar | মেঘ ও রৌদ্র |
| 21. | Debiprosad Kar | তৃষ্ণা |
| 22. | Parimal Roy Choudhury | ভোর হয়ে এল |
| 23. | Dhirendra N. Das | নবজন্ম |
| 24. | Amal Sirkar | তিষ্যরক্ষিতা |
| 25. | Nanda Lal Manna | সমস্যা |
| 26. | Dibakar Bhattacharyya | কথয়নে হয় |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 27. | Pijuskanti Basu | উপান্তে |
| 28. | Adhir K. Bhattacharyya | কালবৈশাখী |
| 29. | 'Banoful'—drama Brojogopal Das | শ্রীবিদ্যাসাগর |
| 30, | Rabindra Nath Thakur—drama Amiya Ratan Mukherjee | (১) সাগরিকা (২) জন্মেছি এই দেশে |
| 31. | Debi Prosad Kar | শ্রীশ্রীচৈতন্যলীলামৃতম্ |
| 32. | Umesh Ch. Nag | প্রতিধ্বনি |
| 33. | Prokash Ghosh | ঘরে ঘরে |
| 34. | Sarat Ch. Chatterjee—drama Birendra Kr. Bhadra | চন্দ্রনাথ |
| 35. | Rabindra N, Tagore—drama Subir Ghosh | হালদার গোষ্ঠী |
| 36. | Bhabendu Bhattacharyya | পলাতক |
| 37. | Ajit Kumar Banerjee | রূপ ও প্রতিভা |
| 38. | Phani Sirkar | কাঁটা |
| 39. | Bimal Bose | যন্ত্রতন্ত্র |
| 40. | Sailen Neogy | শ্রীছন্দ্যা |
| 41, | Digendra Ch. Banerjee | পূর্ণগ্রাস |
| 42. | Promode K. Banerjee | প্রতিদান |
| 43. | Netai Bhattacharyya | কালের পদধ্বনি |
| 44. | Shibram Chatterjee | মরিচীকা |
| 45. | Nirupom Ghosh | চ্যারিটী শো |
| 46. | Amal Majumdar | সংঘাত |
| 47. | Sarat Ch. Chatterjee—drama Sibram Chatterjee | নববিধান |
| 48. | Bisu Mukherjee | বিশেষণ |
| 49, | Saradindu Banerjee—drama Sibram Chatterjee | চিড়িয়াখানা |
| 50. | Amar Ganguly | এক অধ্যায় |
| 51. | Digendra Bh. Banerjee | মোকাবিলা |
| 52. | Sachindra Das Gupta | সংগ্রাম ও শান্তি |
| 53. | Tripti Kumar Chatterjee | পুনশ্চ |
| 54. | Sarat Ch. Chatterjee—drama Arup Basu | পথের দাবী |
| 55. | Sital Prosad Sen | চিত্রকর |
| 56. | Ashutosh Sarkar | কক্ষচ্যুত |
| 57. | Amitava Choudhury | তেপান্তরের মাঠে |
| 58. | Rabindra Nath Banerjee | ভুষমণ ফ্রম গর্কি |

## YEAR : 1955

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Saurindramohan Chattopadhayaya | কাজলরেখা |
| 2. | Santiprosad Laskar | মল্লভূমি |
| 3. | Protap Chandra Chanda | অম্লমধুর |
| 4. | Sunil Kumar Mukhopadhyaya | ঠাকুর শ্রীরামকৃষ্ণ |
| 5. | Sunil Kumar Haldar | হোটেল-মিডওয়ে |
| 6. | Sarat Ch. Chattopadhyaya—drama by Ajit Dey | চন্দ্রনাথ |
| 7. | Pulin Krishna Sarkar | কবি বিদ্যাপতি |
| 8. | Arun Chakraborty | সমাপ্তি |
| 9. | Sankar Bandyopadhyaya | ডাক |
| 10. | Prokash Kumar | একটি মুখর রাত্রি |
| 11. | Haripado Basu | বিবাহ বন্ধন |
| 12. | Kamalesh Mazumdar | ঘুমন্ত রাজকন্যা ও |
| 13. | — — | ব্রজলীলা |
| 14. | Sudhin Guha | আসাইলাম |
| 15. | Bhabendu Bhattacharyya | পলাতক |
| 16. | Sunil Choudhury | অগ্নিতাক্ষর |
| 17. | Prosanta Choudhury | প্রত্যাবর্ত্তন |
| 18. | Amalendu Basu | অন্তরায় |
| 19. | — — | পণরক্ষা |
| 20. | Sukumar Mukherjee | পরিত্রাণ |
| 21. | Dhuruba Kr. Paul | ঝড় |
| 22. | Santosh Sen | এরাও মানুষ |
| 23. | Rabindra Nath Tagore—drama by Santisri Nag | রবিবার |
| 24. | — — | ঋতুউৎসব |
| 25. | Dinesh Chandra Acharjee | শেষের দেখা |
| 26. | Bhabendra Bhattacharyya | প্রজাপতয়: |
| 27. | Sambhu Mitra | চিকিৎসা-সংকট |
| 28. | Amar Ghosh | অট্টহাসি |
| 29. | Utpal Dutta | বিচারের বাণী |
| 30. | Santosh Das Gupta | নির্মো |
| 31. | Rabindra Nath Bhowmik | যুগের বুদ্ধদেব |
| 32. | Panchanan Bandyopadhyaya | গদাধর |
| 33. | Sanat Kumar Dass | সংগ্রামী |
| 34. | Bimal Mitra—drama by Biswanath Mukherjee | সাহেব-বিবি-গোলাম |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 35. | Bibhuti Bhusan Mukhopadhyaya | গনশার বিয়ে |
| 36. | Bijan Bhattacharjee | গোত্রান্তর |
| 37. | Ajit Kumar Bandyopadhyaya | কাবেরী |
| 38. | Naranarayan | পঞ্চবার্ষিকী পরিকল্পনা |
| 39. | Sankar Bandyopadhyaya | ডাক |
| 40. | Prokash Kumar | একটি মুখর রাত |

**YEAR : 1956**

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Sailen Mukhopadhyay | আর কান্না নয় |
| 2. | Adhir Bhattacharyya | চক্রান্ত |
| 3. | Pashupati Paul | যৌতুক |
| 4. | Pronab Majumdar | অবক্ষয় |
| 5. | Satya Ranjan Chakraborty | লাবণ্যের খেদ |
| 6. | Amal Acharyya | অন্তরালে |
| 7. | Bimal Kar— drama by Raghunath Chakraborty | হ্রদ |
| 8. | Sarat Ch. Chatterjee— drama by Nabagopal Dutta | পণ্ডিতমশাই |
| 9. | Prosanta Dey | রাহুর দৃষ্টি |
| 10. | Sunil Halder | অনিন্দিতা |
| 11. | Jiban Lal Banerjee | চলমান |
| 12. | Mohendra Nath Dutta— drama—Mohit K. Chakraborty | কুরুক্ষেত্র |
| 13. | Dhruba Paul | জোয়ার |
| 14. | Ramendra Nath Nandi | অঙ্গার |
| 15. | Dhiresh Ch. Sanyal | ভক্তমোবারক |
| 16. | Manmatho Roy | শ্রীশ্রীমা |
| 17. | Falgooni Mukherjee | তুহু মম জীবন |
| 18. | Sarat Ch. Chatterjee— drama—S. K. Choudhury | শুভদা |
| 19. | Sarat Ch. Chatterjee | পণ্ডিতমশাই |
| 20. | Krishnagopal Kundu | নিলকুঠী |
| 21. | Sushil Ranjan Chanda | বিপ্রলব্ধ |
| 22. | Rabindra Nath Tagore submitted by 'Dakshinee' | বাল্মীকি প্রতিভা |
| 23. | Rabindra Nath Tagore drama—Santisree Nag | রবিবার |
| 24. | Santi Ranjan Bhattacharjee | বিজলী |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 25. | Salil Sen | আহুতী |
| 26. | Tarasankar Bandyopadhyaya | আরোগ্য নিকেতন |
| 27. | Kamal Moitra | ঝড়া-পত্র্ |
| 28. | Manoj Basu | শেষলগ্ন |
| 29. | Maharaja Somendra Ch. Nandy | মায়াবিহীন |
| 30. | Sukumar Mukherjee | পরিত্রাণ |
| 31. | Ajit Kumar Banerjee | প্রতিচ্ছবি |
| 32. | Dr. Nihar Ranjan Gupta | রাহুর গ্রাস |
| 33. | Bhabendu Bhattacharyya | শ্রীচৈতন্য |
| 34. | Sarat Ch. Chatterjee—<br>drama—Tripti Chattopadhyaya | দেবদাস |
| 35. | Benode Behari Nath | মধুরেণ |
| 36. | Rabindra Nath Tagore<br>drama—Sital Sen | নৌকাডুবী |
| 37. | Minerva Theatre | মিরাবাঈ |
| 38. | Sunil Bhanja | রজনীগন্ধা |
| 39. | Premendra Mitra<br>drama—Ranjit K. Guha | প্রতিশোধ |
| 40. | Santosh Sen | মধ্যবিত্ত |
| 41. | Debabrato Sur Choudhury | সাগ্নিক |
| 42. | Probodh Kr. Sanyal<br>drama—Amulya Roy | গুহার নিহিত |
| 43. | Tagore—submitted by 'Dakshinee' | ক্ষুধিত পাষাণ |
| 44. | Debiprosad Kar | বারোভুঁইয়ার দেশে |
| 45. | Haru Roy | তট ও তটিনী |
| 46. | Amit Chatterjee | তমসাসিক্ত |
| 47; | Anil Baran Dutta | স্বীকৃতি |
| 48, | Chhabi Banerjee | সাংবাদিক |
| 49. | Sunil Bhanja | ওলটপালট |
| 50. | Sarat Ch. Chatterjee<br>drama—Panchanan Chatterjee | পথের দাবী |
| 51. | Sashibhusan Sen | মিষ্ঠিমুখ |
| 52. | Sunil Das Gupta | খুনী কে |
| 53. | Kanak Mukherjee | সূর্য্যরাগ |
| 54. | Sarat Ch. Chatterjee<br>drama—Ajit K. Majumdar | গৃহদাহ |
| 55. | Robin Mukherjee | কাগজের ফুল |
| 56. | Pashupati Nath Chatterjee | জনপ্রিয় সাহিত্যিক |
| 57. | Sailen Mukhopadhyaya | আর কান্না নয় |

## YEAR : 1957

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Tarasankar Banerjee drama—Basanta K. Bhattacharyya | সন্দিপন পাঠশালা |
| 2. | Sunil Chakraborty | মাটির মানুষ |
| 3. | Manabendra De Munshi | আজব দেশ ও ঋতুরংগ |
| 4. | Chabbi Banerjee | জেলেডিঙ্গী |
| 5. | Bimal Gupta | সবুজসোনা |
| 6. | Manindra Majumdar | অনন্যা |
| 7. | Saroj Bandyopadhyay | আগামী কাল |
| 8. | Sukriti Roychaudhury | মায়ামৃগ |
| 9. | Samir Mukherjee | সৌরাষ্ট্রের পতন |
| 10. | Sarat Ch. Chatterjee | শেষ ছবি |
| 11. | Sunil Mukherjee | মায়াজাল |
| 12. | Mahendra Gupta & Shyam Singh | কালপুরুষ |
| 13. | Nihar Ranjan Gupta drama—Santosh K. Kar | নুপুর |
| 14. | Konad Gupta | ছায়া |
| 15. | Monoj Basu | বিলাসকুঞ্জ বোর্ডিং |
| 16. | Submitted—Vivekananda Valika Vidyalaya | গুরুদক্ষিণা |
| 17. | Jadabendra Bhattacharyya | কুমকুম |
| 18. | Jitendra Mohan Bhowmik | নগারাম |
| 19. | Rabindra Nath Tagore drama—Madhu Bose | ঘরেবাহিরে |
| 20. | Ananda Mohan Banerjee | অভ্যুদয় |
| 21. | Haradhan Chakraborty | নুপুর |
| 22. | Kanti Bose | গৃহত্যাগ |
| 23. | Sarat Chatterjee—drama—Sukumar Banerjee & Agni Mitra | বিলাসী |
| 24. | Gopi Bhattacharyya | প্রকৃতির পরিশোধ |
| 25. | Sarat Ch. Chatterjee drama—Bejoy Hazra | পথ-নির্দ্দেশ |
| 26. | Dhiresh Ch. Sanyal | বিপ্লবী-বহ্নি |
| 27. | 'Bonoful'—drama Debasis Gupta | ভীমপলশ্রী |
| 28. | Rabindra Bhadra | অভিশপ্ত |
| 29. | S. N. Das Gupta | নব মহাভারত |
| 30. | Sarat Ch. Chatterjee drama—Debnarain Gupta | শ্রীকান্ত |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 31. | Rabindra Nath Tagore drama—Paresh Dhar | জীবিত ও মৃত |
| 32. | Gajendra Mitra drama—Gopal Chatterjee | জ্যোতিষী |
| 33. | Ramapada Choudhury | লালবাই |
| 34. | Dhananjoy Bairagi | ধৃতরাষ্ট্র |
| 35. | Amiyangshu Ghosh | শুনি আহ্বান |
| 36. | Bisu Mukherjee | সাহিত্যিক |
| 37. | Sunil Das Gupta | জাহানারা |
| 38. | Sunil Bhanja | বাহুজ্ঞানের বৈজ্ঞানিক |
| 39. | Paban Chakraborty | আসছে কাল |
| 40. | Kanak Mukherjee | চোখ |
| 41. | Haripada Bose | দর্পণ |
| 42. | Amaresh Das Gupta | দৈনন্দিন |
| 43. | Gopika Nath Roychaudhury | সাম্রাজ্ঞী |
| 44. | Biswanath Chatterjee | শতবর্ষ আগে ও পরে |
| 45. | Manmotho Roy | টোটো পাড়ায় আসুন |
| 46. | Mukunda Lal | রাম বনবাস |
| 47. | Ajit Roy | মাঝপথে |
| 48. | Loknath Chakraborty | দায়ী কে ? |
| 49. | Ashutosh Sanyal | গৌড় মহাপ্রভু |
| 50. | Rabindra Nath Mukherjee | শতাব্দীর সাধনা |
| 51. | Chhabi Banerjee | ভেড়ার পাল |
| 52. | Santi Kr. Mukherjee | পয়সা |
| 53. | Chhabi Banerjee | অপরাধী |
| 54. | Maharaja Soumendra Ch. Nandi | ছায়ানট |
| 55. | Haripada Basu | বর্ত্তমান |
| 56. | Kedar Nath Roy | দাবী |
| 57. | Nara Narayan | মৃত্যুর পর মহাদেশ |
| 58. | Saradindu Banerjee drama—Naba Kumar Gharai | ঝিন্দের বন্দী |
| 59. | Narayan Ganguly drama—Amar Ganguly | বৈতালিক |
| 60. | Tarasankar Banerjee | কবি |
| 61. | Narendra N. Mitra drama—Sunil Halder | চেনামহল |
| 62. | Asoke Kumar Roychoudhury | পর্দার অন্তরালে |
| 63. | Salil Sen | মৌচোর |
| 64. | Adhir K. Bhattacharyya | স্বপ্ন |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 65. | Mani Majumdar | বহুরূপে সম্মুখে তোমার |
| 66. | Biren Das Gupta | আবির্ভাব |
| 67. | Pankaj Mukul Basu | ভূত ভবিষ্যৎ |
| 68. | Sambhu N. Roy | অমর স্মৃতি |
| 69. | Tarasankar Banerjee | কালরাত্রি |
| 70. | Nirmal Kr. Bhattacharyya | বিচার |
| 71. | Nihar Ranjan Gupta drama—Biswanath Mukherjee | মায়ামৃগ |
| 72. | Chhabi Banerjee | অভিশপ্ত |
| 73. | Sachin Sen Gupta | মরুতৃষা |
| 74. | Bhupendra Majumdar | লালবাঈ |
| 75. | Kalipada Dey | পরিণতি |
| 76. | Narendra Mandal | এক আর এক দুই |
| 77. | Sambhu Mitra | পুতুল খেলা |
| 78. | Amal Acharyya | পিছল পথে |

## YEAR : 1958

| | | |
|---|---|---|
| 1. | Amiya Mukhopadhyay | বুদ্ধির্যস্য |
| 2. | Drama—Narendra N. Mandal | অগ্নিযুদ্ধ |
| 3. | Drama—Anandamoy Bandyopadhyay | দেবী চৌধুরাণী |
| 4. | Dhirendra Nath Gangopadhyay | সম্রাট |
| 5. | Krishna Chatterjee | যুগসূর্য্য |
| 6. | Sailen Nath | ওমরখৈয়াম |
| 7. | Susoban Joardar | আকাশগঙ্গা |
| 8. | Adhir Bhattacharyya | ভুলের পরে |
| 9. | — — | দত্যিদানার ছানা |
| 10. | Ashutosh Dey | বামাক্ষ্যাপা |
| 11. | Umanath Bhattacharyya | শেষ সংবাদ |
| 12. | Mihir Sarkar | ৪৮নং বাড়ী |
| 13. | Dr. Ajit Kumar Sikdar | ভবিতব্য |
| 14. | Drama—Biresh Mukhopadhyaya | মা হিংসিঃ |
| 15. | Drama—Sm. Mamata Chatterjee from Ibsen's Ghost | দি ঘোষ্ট |
| 16. | Gopal Chattopadhyaya | মীর গমক মুর্চ্ছনা |
| 17. | Tincowire Bhattacharjee | চন্দ্রশেখর |
| 18. | Ramapada Choudhury | লালবাঈ |
| 19. | Santosh Das Gupta | আনন্দমঠ |
| 20. | Paresh Dhar | শুধু ছায়া |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 21. | Late Kedarnath Chatterjee drama by Santosh Sen | কোষ্ঠির ফলাফল |
| 22. | Indu Madhab Bhattacharyya | তেতলা বাড়ী |
| 23. | Biswanath | নাগরিক |
| 24. | Tarapada Bandyopadhyaya | ভাঙ্গা কুড়ে |
| 25. | Kanak Mukhopadhyaya | ভাই ফোঁটা |
| 26. | Atindra Majumdar | মহেশ |
| 27. | Samar Choudhury | নীড় ভাঙ্গা ঝড় |
| 28. | Sunil Bhanja | পূবের আকাশ |
| 29. | Samaresh Bose | পুতুলের খেলা |
| 30. | Haripada Basu | দেহমন |
| 31. | Probodh Sarkar | অভিশপ্ত |
| 32. | Nigurananda Sarkar | অন্দরমহল |
| 33. | Pankaj Mukul Bose | কে ? |
| 34. | Banshi Mukherjee | শেষ কোথায় |
| 35. | Naba Kumar Gorai | অন্তরালে |
| 36. | Nihar Ranjan Gupta drama by Debasis Gupta | ময়ুর মহল |
| 37. | Prithwis Bhattacharyya—drama by Kamal Chatterjee | কারটুন |
| 38. | Salil Sen | ডাউন ট্রেন |
| 39. | Benodebehari Nath | মরুমায়া |
| 40. | Jatindra Nath Biswas | রূপান্তর |
| 41. | Amal Bose | অভাগা |
| 42. | Jaladhar Chatterjee | ডঃ শুভঙ্কর |
| 43. | Chandranath Bandyopadhyaya | প্রায়শ্চিত্ত |
| 44. | Pijush Basu | বোবাকান্না |
| 45. | Mani Mazumdar | ননী বাড়ীওয়ালার বাড়ী |
| 46. | Panu Pal | বিচার |
| 47. | Ashit Kumar Bhattacharyya | ভোর পাঁচটা |
| 48. | Gopal Bhattacharjee | মহেশ |
| 49. | Biru Mukhopadhyaya | বিশে জুন |
| 50. | Promode De | ভুল |
| 51. | Rajjeswar Bhattacharyya | মরিচীকা |
| 52. | Ashutosh Mukhopadhyaya drama by Mohitmoy Chattopadhyaya | চলাচল |
| 53. | Bimal Mitra—drama by Biren Das Gupta | সাহেব-বিবি-গোলাম |
| 54. | Santosh Das Gupta | দেবী চণ্ডী |
| 55. | Santi Bhattacharjee | আতঙ্ক |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 56. | Abu Atahar | কিস্তিমাৎ |
| 57. | Dhirendranath Das | এই ত নাটক |
| 58. | Prafulla Chakraborty | রূপরুচি |
| 59. | Ashit Bhattacharjee | সূর্য্যাস্ত |
| 60. | Sachindra N. Bandyopadhyaya | জন্মদিন |
| 61. | Jitendra Nath Ghose | ক্রিমিনাল |
| 62. | Samir Ghosh | খেয়া মাঝি |
| 63. | Jitendramohan Bhowmik | পথেরমায়া |
| 64. | Dhananjoy Bairagi | রূপোলীর চাঁদ |
| 65. | Partha Sarathi Bhattacharjee and Amaresh Ghosh | লৌহবতী |
| 66. | Priyatosh Mukhopadhyaya | মধ্যবর্ত্তিনী |
| 67. | Amal Bedanga | ফালতু |
| 68. | Amar Basu ( Drama ) | হানাবাড়ী |
| 69. | Paritosh Mukhopadhyaya | এ কোন জীবন |
| 70. | Ananda Hazra | মহাযাত্রা |
| 71. | Josan Dastidar | দুই মহল |
| 72. | Umanath Bhattacharyya | শেষ সংবাদ |
| 73. | Narayan Gangopadhyaya—drama by Abani Bandyopadhyaya | বৈতালিক |
| 74. | Saradindu Bandyopadhyaya | কালের মন্দিরা |
| 75. | Dinesh Ch. Sanyal | মীর কাশেম |
| 76. | Sunil Bhanja | কিন্তু কেন ? |
| 77. | Anandmoy Bandyopadhyaya | খেলাগড় |
| 78. | Bibhuti Neogi | আগামী দিন |
| 79. | Ritwik Ghatak | সাঁকো |
| 80. | Rabindra Nath Tagore | কাবুলীওয়ালা |
| 81. | Santosh Sen | পটেশ্বরী |
| 82. | Dhirendranath Garai | শেষ কোথায় |
| 83. | Ashit Bhattacharjee | পরিবর্ত্তন |
| 84. | Ganesh Nandi | সূর্য্যতপস্যা |
| 85. | Shyamsundar Chakraborty | জয়ন্তী |
| 86. | Birendra Kumar Das Gupta | আদর্শ সংসার |
| 87. | Sarat Ch. Chatterjee—drama—Debnarain Gupta | রাজলক্ষ্মী |
| 88. | Amiya Kumar Mukherjee | বুদ্ধির্যস্য |
| 89. | Bankim Chandra Chatterjee | দেবী চৌধুরাণী |
| 90. | Narayan Ch. Ganguly | অসিধারা |

**YEAR : 1959**

| Sl. No. | Name of tSe writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Jadav Bhattacharyya | নেপথ্যে |
| 2. | Amal Saikar ( Ttanslation ) | ক্যুয়ো ভেডিস |
| 3. | Subodh Ch. Guha Neogy | ফ্লু |
| 4. | Sree Biswanath | মুসকিল আসান |
| 5. | Saileudra N. Chakraborty | শেষ ও শুরু |
| 6. | Bijon Bhattacharyya | গোত্রান্তর |
| 7. | Samar Banerjee | প্রেত |
| 8. | Batakristo Roy | সংসার চক্র |
| 9. | Girija Mukherjee | আজব পুরী |
| 10. | Manik Sircar | উত্তর ফাল্গুনী |
| 11. | Jogiudra Nandi | সুন্দর এ পৃথিবীতে |
| 12. | Amaresh Das Gupta | দূর থেকে |
| 13. | Ashok Guha | আমরণ |
| 14. | Samar Mukherjee | হে মোর পৃথিবী |
| 15. | Benode Behari Chakraborty | চঞ্চল |
| 16. | Pranab Goutam | ফুটপাথ |
| 17. | Probodh Kr. Sanyal | হাসুবানু |
| 18. | Saukar Prosad Banerjee | অনাবশ্যক |
| 19. | Santosh Das Gupta | পলিমাটি |
| 20. | Dhananjoy Bairagi | এক পেয়ালা কফি |
| 21. | Sunil Kumar Das | প্রায়শ্চিত্ত |
| 22. | Bishu Chatterjee | শাশ্বতী |
| 23. | Sadhan Kar | মৃত্যুঞ্জয় |
| 24. | Dr. D. N. Ganguly | সম্রাট |
| 25. | Satru—drama—Sunil Das Gupta | বরণীয়া বারনারী |
| 26. | Bimal Sirkar | অভিশপ্ত জীবন |
| 27. | Probodh K. Sanyal drama—Sudhangshu Choudhury | হাসুবানু |
| 28. | Sm. Annapurna Goswami drama—Agni Mitra | তুমি শুধু ছবি |
| 29. | Probodh Ch. Ghosh | মুখোস |
| 30. | Ashok Palit | নোঙর |
| 31. | Bhaskar Bhattacharyya | কর্ম্ম |
| 32. | Anil Knmar Banerjee | এ যুগের মেয়ে |
| 33. | Sunil Chakraborty | মুঠো মুঠো আশা |
| 34. | Prativapada Chakraborty | সমীক্ষা |
| 35. | Jadavendu Bhattacharjee | কিছু না |
| 36. | Tulshi Lahiri | লক্ষীপ্রিয়া সংসার |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 37. | Paban Chakraborty | অবশেষে |
| 38. | Sukriti Ch. Roy Choudhuri | সোনার ছেলে |
| 39. | Nihar Ranjan Gupta | নিশিপদ্ম |
| 40. | Satya Sena | সিঁদুরে মেঘ |
| 41. | Girish Ch. Ghosh drama—Girisankar Das | চন্দ্রা |
| 42. | Jagamohan Majumdar | ওরা কাজ করে |
| 43. | Amiya Mukherjee | ছোট একটি খবর |
| 44. | Kumaresh Mukherjee | স্বপ্ন |
| 45. | Sunil Bhanja | জল ভরা মেঘ |
| 46. | Ajit Sinha | মেঘলা আকাশ |
| 47. | Chhabi Banerjee | শেষ নাটক |
| 48. | Nikhil Sarkar Nakib | ও এবং ও |
| 49. | Bidhayak Bhattacharyya | সেতু |
| 50. | Mukulesh Chatterjee | চারতার |
| 51. | Dani Das Gupta | স্বপ্ন |
| 52. | Gurusadaya Kumar Choudhury | অজানার তীরে |
| 53. | Pramode Dey | বিবর্তন |
| 54. | Rabidra Nath Tagore—drama—Prativa Gupta | রাসমণির ছেলে |
| 55. | Natendra N. Banerjee | জীবন প্রবাহ |
| 56. | Ahin Mukherjee | প্রচ্ছদপট |
| 57. | Sree Kanti Gann | অহেতুক |
| 58. | Debabroto Sur Choudhury | নিশীথনগরী |
| 59. | Dinabandhu Maitra | কালবৈশাখী |
| 60. | Jarasandha's Lauhakapat | মল্লিকা |
| 61. | Nirmalendu Banerjee | নিয়তী নিঠুর |
| 62. | Manik Sarkar | ভাঙ্গন |
| 63. | Dwipen Banerjee | চাঁদ উঠেছিল গগনে (২) মৃত্যুকাল যেথায় মেশে |
| 64. | Sukriti Choudhury | সব সত্যি |
| 65. | Kiron Moitra | সংকেত |
| 66. | Pankaj Gupta & Paritosh Banik | তিনটেক্কা |
| 67. | Nirmalendu Banerjee | শিকার |
| 68. | Bikash Kanti Roy Choudhury | কলিঙ্গের মহাশ্মশানে |
| 69. | Bimal Sadhu | ফাঁদ |
| 70. | Debiprosad Chatterjee | আবর্তন |
| 71. | Gagan Gupta | ফুল ফোটার আগে |

| Sl, No, | Name of the writer or by whom produced | Name of the mannscript |
|---|---|---|
| 72. | D. C. Sanyal | মৃত্যুহীন প্রাণ |
| 73. | Gita Banerjee | স্ত্রীর পত্র |
| 74. | Amar Ganguly | পকেটমার |
| 75. | Bishu Das Gupta | দাদুর হোটেল নম্বর দুই |
| 76. | Prativapada Chakraborty | পঞ্চশীলের রূপকথা |
| 77. | Amarendra Mukherjee | দাবী |
| 78. | S. K. Pramanik | অভিশপ্ত |
| 79. | Banshi Mukherjee | ব্রহ্মস্পর্শ |
| 80. | Joydeb Basu | নাচঘর |
| 81. | Amiyamoy De | গৌড়মল্লার |
| 82. | Kalyan Sen Gupta | বেহাগ |
| 83. | Dani Das Gupta | কলংক |
| 84. | Bibhuti Bhusan Neogy | কোটাল কন্যা |
| 85. | Kalyan Sen Gupta | মজলিস |
| 86. | Chhabi Banerjee | বিন্ধ্যাচল কেন্দ্র |
| 87. | Bangshi Mukherjee | রূপান্তর |
| 88. | Bijon Goswdmi—drama by Bidyut Bose | Learning from the burning ghat |
| 89. | Ajoy Dey | প্রায়শ্চিত্ত |
| 90. | Amiya Chatterjee | শুক্লা তামসী |
| 91. | Randhir Das Gupta | চেনা মুখ |
| 92. | Ajit Banerjee | পান্থশালা |

**YEAR : 1960**

| | | |
|---|---|---|
| 1. | Dilip Kumar Basu | অমানিশা |
| 2. | Hemendra Kr. Roy—Drama by Anil Kumar Chattopadhyay | দেড়শ খোকার কাণ্ড |
| 3. | Chhabi Baudyopadhyay | কদমতলীর ঘাট |
| 4. | Sisir Bhattacharyya | রূপের আড়ালে |
| 5. | Rabindra Nath Ghosh | মৃত্যু নয় |
| 6. | Benoy Lahiri | মাটির মায়া |
| 7. | Dani Das Gupta | নতুন সূর্য্য |
| 8. | *Ava Devi (Mallick) | সূর্য্য সম্ভব |
| 9. | Amiya Kumar Mazumdar | প্রাচীর |
| 10. | Brojendra Kr. Dey | সোরাব রুস্তম |
| 11. | Samaresh Bose | সেয়া তমসুক |
| 12. | Haridas Bandyopadhyaya | স্থলপদ্ম |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 13. | Gour Gopal Rudra | নামের গুণে |
| 14. | Kalyan Sen Gupta | দেখা-শুনা-জানা |
| 15. | Sambhu Mitra | কাঞ্চনরঙ্গ |
| 16. | Sonali Bandyopadhyaya | ১৪ই জুলাই |
| 17. | Bijon Goswami | বিচার |
| 18. | Debu Datta | এ গল্প চলবে |
| 19. | Ashit Roychoudhury | কাঁচঘর |
| 20. | Santosh Sen | বাঁচো আর বাঁচাও |
| 21. | Murari Mohan Sen | রাত্রি |
| 22. | Sidhartha Makherjee | কম্পাস |
| 23. | Jarasandha—drama by Balai Sen | লৌহ কপাট |
| 24. | Atul Chakraborty | তারপর |
| 25. | Pathik Sarkar | কেরামতি |
| 26. | Santiprosad Laskar | রাজবল্লভের স্বপ্ন |
| 27. | Ajit Gangopadhyaya | জগন্নাথের রথ |
| 28. | Pramathonath Bisi—Drama by Kumar Choudhury | কেরী সাহেবের মুন্সী |
| 29. | Brojendra Kumar Dey | রাজা দেবী দাস |
| 30. | Kanak Mukhopadhyaya | আলোকতৃষ্ণা |
| 31- | Uday Sankar Das Gupta | জবাব |
| 32. | Biren Mukhopadhyaya | রক্তের রঙ রাঙা |
| 33. | Pathikrit | বিয়াল্লিশের বেকুব |
| 34. | Bireswar Basu | আগন্তুক |
| 35. | Dhananjoy Bairagi | রজনী গন্ধা |
| 36. | Ganesh Chatterjee | পাবলিশিটি |
| 37. | Saumendra Nath Shome | দুর্য্যোগ |
| 38. | Pari Mukhopadhyaya | অভিশাপ |
| 39. | Bijoy Bhattacharyya | চাপাকান্না |
| 40. | Bidyut Mukhopadhyaya | লাল-হলদে-সবুজ |
| 41. | Bikarna | মুকুর |
| 42. | Anil Kumar Chattopadhyay | কেবল হাসির দেশে |
| 43. | Nara Narayan | শিল্পীর স্বপ্ন |
| 44. | Anil Behari Mukhopadhyaya | সবভালো যায় শেষভালো |
| 45. | Murari Mohan Sen Gupta | সুন্দরবন |
| 46. | Sanjib Sarkar | কাঁটার পথ |
| 47. | Biru Mukhopadhyaya | ভাঙ্গাগড়া খেলা |
| 48. | Narendra Nath Mitra | কন্যা |
| 49. | Prithwis Sarkar | লবণাক্ত |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 50. | Manmatho Roy | অমৃত অতীত |
| 51. | Amal Bedanga | যে আকাশে রঙ নেই |
| 52. | Akhilananda Mukhopadhyaya | পণরক্ষা |
| 53. | Dhananjoy Bairagi | আর হবে না দেরী: |
| 54. | Mukulesh Chattopadhyay | স্কেচ |
| 55. | Ashapurna Debi | শশীবাবুর সংসার |
| 56. | Mohit Chattopadhyaya | ভীমপলশ্রী |

**YEAR: 1961**

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Mrinal Kanti Addy | দায়ী কে ? |
| 2. | Firoz Anita | বেরমানি শাস্ত |
| 3. | Atul Krishna Mitra | তুফানি |
| 4. | Rabindra Nath Tagore—dramatized | পোষ্টমাষ্টার |
| 5. | Rabindra Nath Tagore—drama—Santosh Sen | ডালিয়া |
| 6. | Samar Mukhopadhyaya | বিষ |
| 7. | Ramen Basu Mallick | স্রষ্টা কে |
| 8. | Arun Kumar Saha | বাড়ী ভাড়া |
| 9. | Sadhan Banerjee | কাক জ্যোৎস্না |
| 10. | Mahindra Majumdar | সমুদ্র থামেনা |
| 11. | Sankari Kiron Dutta | আবর্ত |
| 12. | Biswanath Banerjee | প্রেম না প্রবঞ্চনা ? |
| 13. | Birendra N. Paul Choudhury | ছদ্মবেশ |

**YEAR: 1962**

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Susobhan Joardar | কূটনৈতিক |
| 2. | Amal Bedanga | যে আকাশে রঙ নেই |
| 3. | Sree Sanat Basu | অগ্নিতৃষ্ণা |
| 4. | Geeta Bandyopadhyaya | নিশির ডাক |
| 5. | Pronob Roy | ডাক |

**YEAR: 1963**

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Gouri Hom Choudhury | স্বরলিপি |
| 2. | Mahadev Das | শেষ কোথায় |
| 3. | Gopal Ch. Dey | সম্পদ |
| 4. | Sree Sarkar | নূর বেগম |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 5. | Dr. Nihar Ranjan Gupta | তাপসী |
| 6. | Saktipada Ghosh | মল্লিকা |
| 7. | Sunit Kumar Mukherjee | উলু ষ্টেশন |
| 8. | Paritosh Mukhopadhyaya | পুত্রদায় |
| 9. | Bankim Ghosh | মানুষ |
| 10. | Moni Datta | বহ্নি |
| 11. | Chhabi Bandyopadhyaya | ওমরখৈয়াম |
| 12. | Bikash Kanti Choudhury | লাল ড্রাগন |

## YEAR : 1964

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | Rudraprosad Sen Gupta | উইল-শেকসপীয়ার |
| 2. | Debasis Nag | কারা কামনা |
| 3. | Sunil Banerjee | মহাজীবন |
| 4. | Santanu Kumar | রৌদ্র স্নাতা |
| 5. | Sarat Ch. Chatterjee | বড়দিদি |
| 6. | Sankar Das Bagchi | মধ্যবিত্তের ভবিষ্যৎ |
| 7. | Sree Kanka | বহ্বারম্ভে |
| 8. | Sanat Basu | অর্কিড |
| 9. | Rana Mitra | তমসা |
| 10. | Sailesh Guha Neogy | গোলাপকাটা |
| 11. | Jyotee Banerjee | সংঘাত |
| 12, | Shibdas Banerjee | কত অজানারে |
| 13. | Amal Sarkar | সুজাতার স্বপ্ন |
| 14. | Badal Sarkar | কবি কাহিনী |
| 15. | Satyendra Nath Adhikary | কররমাস |
| 16. | Saradindu Banerjee | মগ্ন মৈনাক |
| 17. | Nemai Das | স্বাধীনতার ডাক |
| 18. | Pankaj Neogy | শ্রীশ্রীমা |
| 19. | Kaloobaran | হিমালয় দর্শন |

## YEAR : 1965

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 1. | "Svet Karavi" | কিন্তু তারপর ? |
| 2. | Ratan K. Ghosh | অমৃতস্য পুত্রাঃ |
| 3. | Ajay Banerjee | শেষ দৃশ্য |
| 4. | Biswanath Banerjee | অন্তরালে |
| 5. | Nemai Banerjee | বেহাগ |
| 6. | Ranjit Dutta | চাবুক |

| Sl. No. | Name of the writer or by whom produced | Name of the manuscript |
|---|---|---|
| 7. | Ananta Chatterjee | তারাপীঠ |
| 8. | Samaresh Basu | আবর্ত্ত |
| 9. | Shyamal Datta | অগ্নিশুদ্ধ |
| 10. | Saroj Ghosh | স্বর্ণপুরীর কান্না |
| 11. | Sankar Das Bagchi | নূতনের পূর্বাভাস |
| 12. | Ramaprosad Chakraborty | অমৃতাক্ষর |
| 13. | Bimal Mitra | একক দশক শতক |

## YEAR : 1966

| | | |
|---|---|---|
| 1. | Baidyanth Halder | নায়ক ও নাট্যকার |
| 2. | Anil Kumar Banerjee | অপমৃত্যু |
| 3. | Kallol Majumdar | ইস্পাত গোলাপ |
| 4. | Arun Banerjee | বশীকরণ |
| 5. | Bhabendu Bhattacharyya | সময় সংকেত |
| 6. | Manoj Ghosh | শেষ অংক |
| 7. | Arun Banerjee | মহুয়ার নেশা |
| 8. | Kallol Majumdar | একটি নাটকের খসড়া |
| 9. | Santosh Sen | মন নিয়ে খেলা |
| 10. | Sambhu Nath Ghosh | অতল জলের কাহিনী |
| 11. | Aparesh Bhattacharyya | রাজার স্বপ্ন |
| 12. | Ratan Kumar Ghosh | ফেরা |
| 13. | Rabindra Bhattacharyya | কালো মাটির কান্না |
| 14. | Ajit Kumar Dattachaudhury | জন্মান্তর |
| 15. | Deepak Sen | গ্রন্থি |
| 16. | Paritosh Mukherjee | সাদা কালো সবুজ |
| 17. | Amar Ghosh | অপারিজা |
| 18. | Ramaprasanna Chakraborty | সূর্য্যম্পশ্যা |
| 19. | Aparesh Bhattacharyya | ভাঙ্গাগড়া |
| 20. | Amal Basu | মেকাব |
| 21. | Ramaprasanna Chakraborty | অতীত ফিরে আসে |
| 22. | Ramaprasanna Chakraborty | অর্থ-ত্রিকালোজ্ঞ |

## YEAR : 1967

| | | |
|---|---|---|
| 1. | Anil Baran Bhattacharyya | এই তো পৃথিবী |
| 2. | Paban Chakraborty | চেনা জানা |
| 3. | Sree Konko | যৌবত |
| 4. | Bidhan Guha | ইতিহাসের অগোচরে |

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি নাট্যকার পাণ্ডুলিপি ছাড়া পাণ্ডুলিপি আছে কিনা ?

**শ্রীজ্যোতি বসু :** আমার জানা নেই, নোটীশ দিলে খোঁজ করে দেখতে পারি।

**শ্রীবিশ্বনাথ দাসঘোষ :** মামাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি নাট্যকার এ সমস্ত পাণ্ডুলি পুলিসের মহাফেজ খানায় কিভাবে জমা পড়লো, এর কারণ কি ?

**শ্রীজ্যোতি বসু :** আগেকার আইন অনুযায়ী এই রকম সমস্ত পাণ্ডুলিপি যারা মঞ্চস্থ করা চাইতেন কিন্তু পুলিসের অনুমতি ছাড়া হতনা। পুলিশ সেগুলি দেখে মঞ্চস্থ করা চলে কিনা, বিষয়বস্তু তার মধ্যে আছে, এসমস্ত দেখে অনুমতি দিতেন, সেজন্য ওদের কাছে আছে।

**শ্রীবিশ্বনাথ দাসঘোষ :** তাহলে কি একথা মনে করতে হবে যে, এসমস্ত পাণ্ডুলিপির সবচে বড় সমজদার হচ্ছে পুলিশ ?

**শ্রীজ্যোতি বসু :** আপনি কি মনে করবেন ঠিক করে নিন।

**শ্রীবিশ্বনাথ দাসঘোষ :** পুলিশের মহাফেজখানা থেকে এগুলিকে মুক্তি দেবার কি ব্যব করা হচ্ছে ?

**শ্রীজ্যোতি বসু :** এগুলি আমরা ঠিক করেছি বাকি যেগুলি আছে—সেগুলি ন্যাশনা লাইব্রেরীতে জমা দিয়ে দেবো।

### Armed raids

*94. (Admitted question No. *133.) **Shri GYAN SINGH SOHANPAL** Will the Minister-in-charge of the Home (Police) Department be please to state—

(a) the total number of armed raids committed by the Naxalites and or supporters of other political parties in West Bengal sinc January, 1969, and what is the position of Midnapore distric in this regard ;

(b) the number of persons killed and/or injured in these raids ; and

(c) the extent of public and private property damaged in this conne tion ?

**Shri Jyoti Basu** : There is a little difficulty with regard to thi question. Therefore, my answer is—

(a) It is not clear what is meant by armed raids, referred to in th question.

(b) As a result of these clashes, 50 persons have been killed and 67 injured.

(c) Not known to Government. But together with this I would jus like to state that I do not know exactly what is meant by armed clashes but if it is meant by bows, arrows, spears, guns and so on, then the list, as far as we have got, shows that there were 143 armed clashes in the State out of which 27 involved Naxalites, and 116 involved othe political parties. In Midnapore district Naxalites are involved in 24 armed clashes.

**শ্রীঅজিতকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, যে দুজন নিহত হয়েছেন তার কি জোতদার ছিলেন।

**মিঃ স্পীকার :** সেটা কি করে জানাবেন ?

## ক্ষুদ্র ও কুটির শিল্প গড়িবার জন্য নতুন নীতি

*96. (Admitted question No. *481.)

**শ্রীকালীপদ মণ্ডল:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও কুটির শিল্প গড়িবার জন্য সরকার কি কোনও নতুন নীতি নির্ধারণ করিয়াছেন;

(খ) করিয়া থাকিলে, তাহা কি; এবং

(গ) ঐ নীতি অনুসারে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Sambu Charan Ghose:**

(ক) হ্যাঁ।

(খ) জমির উপর উচ্চহারে জনসংখ্যার চাপের কথা বিবেচনা করিয়া খামার বহির্ভূত পেশাগুলিতে ন্যায়সঙ্গতভাবে দ্রুতহারে নিয়োগ সম্ভাবনা বৃদ্ধির জন্য ক্ষুদ্রশিল্প উন্নয়নের ক্ষেত্রে রাষ্ট্রীয় অর্থনীতির অন্যতম লক্ষ্য হিসাবে ছোট আকারের ইউনিটগুলিতে অপেক্ষাকৃত কম উন্নত এলাকাগুলিতে ছড়াইয়া দেওয়ার নীতি গৃহীত হইয়াছে। সেইজন্য কম উন্নত এলাকাগুলিতে শিল্পগঠনের উপযোগী স্থান এবং জল, বিদ্যুৎ ও সড়ক প্রভৃতি সংশ্লিষ্ট সুযোগ সুবিধা দিবার জন্য ব্যবস্থা করা হইয়াছে। প্রাপ্য অর্থনৈতিক সম্পদের মধ্যে যতদুর সম্ভব যে সব জেলায় স্বল্পায়াসে শিল্প গড়িয়া উঠিতে পারে, সেইসব জেলার কতকগুলিতে শিল্প এলাকা সমুন্নত করার জন্য প্রয়াস করা হইতেছে। উন্নত শিল্প গঠনের স্থান ও সংশ্লিষ্ট সুযোগ সুবিধা দেওয়া ছাড়াও সীমিত অর্থ সংগতির মধ্যে শিল্পোদ্যোগীদের কম উন্নত এলাকায় আকৃষ্ট করার জন্য সরকার উৎসাহবর্ধক কিছু কিছু সাহায্য দেওয়া নীতি হিসাবে গ্রহণ করিয়াছেন।

(গ) নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে—

(১) দুর্গাপুর অঞ্চলে আপাতত: একটি এলাকা উন্নত করণের কাজ চলিতেছে। পুরুলিয়া জেলাতেও এই কাজের জন্য একটি সার্ভে করার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(২) উৎসাহবর্ধক ব্যবস্থা হিসাবে বিদ্যুৎ ব্যবহার বাবদ সাহায্য ও কার্যকরী মূলধনের সুদ সম্পর্কিত সাহায্য দিবার ব্যবস্থা করা হইয়াছে। তবে অর্থের স্বল্পতাহেতু এই প্রকল্পটি আপাতত: শক্তিগড়, বারুইপুর ও কল্যাণী শিল্প এষ্টেটে অবস্থিত ইউনিটগুলিতে প্রযোজ্য করা হইয়াছে।

৩) ১৪টি সওদাগরী ব্যাঙ্ক জাতীয়করণের ফলে কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প স্থাপনের জন্য যে অতিরিক্ত অর্থ পাওয়ার সম্ভাবনা দেখা দিয়াছে তাহাকে কাজে লাগাইবার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট জানাইয়াছেন কিরূপে ব্যাঙ্কগুলির আর্থিক সাহায্য করা উচিত। এ ছাড়াও ব্যাঙ্কগুলি থেকে প্রাপ্ত টাকা সঠিকভাবে ব্যয় করিবার নিমিত্ত রাজ্যসরকার ব্যাঙ্কগুলির পশ্চিমবঙ্গের শাখাগুলির সহিত সরাসরি কথাবার্তা চালাইতেছেন।

(৪) কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্পাধিকার টেকনিক্যাল এণ্ট্রাপ্রেনাদের ষ্টেট ব্যাঙ্ক হইতে আর্থিক সাহায্য পাওয়ার ব্যবস্থা সহোযোগিতা করিতেছেন।

(৫) জেলাগুলিতে সম্ভাব্য এণ্ট্রাপ্রেনারদের শিল্পস্থাপনে উৎসাহিত করিবার জন্য বিশেষ কর্মসূচী গ্রহণ করা হইয়াছে।

[1-30—1-40 p.m.]

**শ্রীবিশ্বনাথ দাসঘোষ:** সরকার-এর নীতি অনুসারে যে সব শিল্প প্রসার লাভ করবে সেগুলো যাতে সমস্ত ডিট্রিকটে ইউনিফরমলি ডিসট্রিবিউট হয় তারজন্য সরকার কি চিন্তা করছেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** আমি প্রশ্নের উত্তরে বলেছি যে অপেক্ষাকৃত অনগ্রসর জেলাগুলিতে যাতে শিল্প প্রসারে সাহায্য করতে পারি সেই সম্পর্কে সরকার চিন্তা ও বিবেচনা করছেন।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** মন্ত্রীমহাশয় বলেছেন যে কম উন্নত এলাকায় শিল্প প্রসারের চেষ্টা করবেন। উত্তরবঙ্গ কি কম না বেশি উন্নত এলাকা?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** উত্তরবঙ্গ এর মধ্যে ইনক্লুডেড। উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় শিল্প প্রসারের জন্য ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** আপনি বিশেষ ব্যবস্থা বলতে দুর্গাপুর এবং পুরুলিয়ার কথা বলেছেন। উত্তরবঙ্গের ক্ষেত্রে কি কি বিশেষ ব্যবস্থা লওয়া হইয়াছে জানাইবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** দুর্গাপুর এবং পুরুলিয়ায় যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেগুলো অন্য কিছু নয়, এরিয়া ডেভোলপমেণ্টের কাজ। আমাদের পশ্চিমবঙ্গে সর্বসমেত পাঁচটি ইনডাসট্রিয়াল এসটেট আছে, যে ইনডাসট্রিয়াল এসটেটে কতকগুলি ছোট ছোট ইউনিটে সুযোগ সুবিধা দেওয়া হয়ে থাকে। কিন্তু সরকার বর্তমানে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে ওই ইনডাসট্রিয়াল এসটেটগুলির মতো এরিয়া ডেভোলপমেণ্ট এবং ছোট ছোট এণ্টারপ্রেনারকে ইনভাইট করে ইমফ্রাকষ্ট্রাকচারল ফেসিলিটিস দেওয়া হবে। সেই হিসাবে দুর্গাপুরে এরিয়া ডেভোলপমেণ্টের কাজ অনেকদূর অগ্রসর হয়েছে। ২/১ মাসের মধ্যে সম্ভবতঃ শেষ হয়ে যাবে। পরে এরিয়া ডেভোলপমেণ্টের ব্যাপারে পুরুলিয়াকে বেছে নিয়েছি এবং পরে ক্রমে ক্রমে উত্তরবঙ্গের সমস্ত জেলায় এরিয়া ডেভোলপমেণ্টের কাজ করা হবে এবং তারজন্য যাতে অর্থ সংগ্রহ করতে পারি এইজন্য আমরা ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার সংগে আলাপ আলোচনা করেছি এবং ব্যাঙ্কও আমাদের আশ্বাস দিয়েছে পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় এরিয়া ডেভোলপমেণ্টের ব্যাপারে তাঁরা আমাদের সাহায্য করবেন।

(ভয়েসেস: সাপ্লিমেণ্টারী!)

**Mr. Speaker:** I don't think any further supplementaries are needed after this long statement. Supplementaries are meant for elucidation of facts. Shri Biren Roy.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** আমার প্রশ্ন হচ্ছে mango processing-এর money। শিল্প যেটা মরে যাচ্ছে এবং যারা foreign Exchange earn করে তাদের জন্য আপনারা কিছু চেষ্টা করবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** এ বিষয়ে বিবেচনা করব।

**শ্রীনিখিল দাস:** বাংলাদেশের ক্ষুদ্র শিল্পগুলি কাঁচামাল, Steel, Tinplate ইত্যাদির অভাবের জন্য বহু কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং copper, Steel, tin plate ইত্যাদি পাওয়া সম্পর্কে সরকার কি কিছু নীতি নির্ধারণ করেছেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** আমি এ বিষয় আপনাকে জানাতে পারি যে, এই সরকার প্রতিষ্ঠিত হবার পর থেকে আমারা এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ আলোচনা করেছি এবং তাদের উপর চাপ সৃষ্টি করার চেষ্টা করছি। যদিও এখনও পর্য্যন্ত আমাদের actual requirement-এর properly assessment করা নেই, তবুও মোটামুটিভাবে আমাদের যে requirement সেই requirement অনুযায়ী paper allocation শতকরা ১০ ভাগ এবং মধ্যে শতকরা ৪ ভাগ পাই। এবিষয়ে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট মন্ত্রীদের সঙ্গে আলাপ আলোচনা করেছি। সম্প্রতি ২০।২১শে জানুয়ারী গৌহাটিতে যে All India Small Scale Industries Board-এর যে সম্মেলন হয়ে গেল তাতে বিভিন্ন রাজ্যের এই দপ্তরের মন্ত্রীরা এবং কেন্দ্রীয় সরকারের মন্ত্রীও যোগদান করেন। এই সম্মেলনে আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে বক্তব্য রেখেছি যে যদি

পশ্চিম বাংলায় কাঁচামাল সরবরাহের পরিমাণ বৃদ্ধি না করা হয় তাহলে পশ্চিমবাংলার ক্ষুদ্র শিল্পের উন্নয়ন করা সম্ভব নয়।

**শ্রীনিখিল দাস:** ক্ষুদ্র শিল্পের অর্ডার পাওয়ায় একটা সমস্যা আছে। এই অর্ডার পাওয়ায় ব্যাপারে সরকার কি কোন কেন্দ্রীয় সংগঠন করেছেন যাতে এরা অর্ডার পেতে পারে?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** অর্ডার সংগ্রহ একটা প্রতিষ্ঠানের উপর নির্ভর করে না এবং এগুলি বিভিন্নভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের উপর নির্ভর করতে হয়। কোথাও কোথাও কেন্দ্রীয় সরকারের উপর এবং কোথাও কোথাও Export market-এর উপর নির্ভর করতে হয়, বেশীর ভাগ নির্ভর করতে হয় বড় বড় শিল্পের উপর। কিছুদিন আগে পর্য্যন্ত আমরা লক্ষ্য করেছিলাম বড় বড় শিল্পগুলি ক্ষুদ্র শিল্পগুলির সঙ্গে একটা ancillary relationship established করে রেখেছিল। কিন্তু কয়েক বছর ধরে দেখা যাচ্ছে বড় বড় শিল্পগুলি ancillary relation ভেঙ্গে দিয়ে corporation তৈরী করার জন্য অন্যান্য রাজ্যে কারখানা তৈরী করছে এবং যার জন্য হাওড়া অঞ্চলের Engineering শিল্পগুলি চরম সঙ্কটে পড়েছে। সেজন্য কেন্দ্রীয় সরকারকে আমরা বলেছি যে বড় শিল্পগুলিকে license দেবেন তখন তাদের কাছে এরকম কোন শর্ত আরোপ করতে পারেন কিনা যাতে করে তারা পশ্চিমবাংলার ক্ষুদ্র শিল্পগুলির সঙ্গে শুধু ancillary relationship নয় একটা permanent ancillary relationship establish করতে পারে সেটা দেখতে হবে।

[ 1-40—1-50 p.m. ]

**শ্রীবিভূতি ভূষণ ঘোষ:** মন্ত্রী মহাশয়ের সদিচ্ছার উপর আমাদের আন্তরিক ধন্যবাদ দিয়ে একটা কথা জানতে পারি কি, একদিকে যেমন কুটির শিল্প বাড়াবার, ডেভালাপ করেছেন, তেমনি আর একদিকে কিছু সত্যিকারের ছোট ছোট শিল্প বা নুতন তৈরী হয়ে উঠা শিল্পের জন্য যখন কাঁচা মাল আপনার দপ্তরে নিতে যায় তখন আপনাদের দপ্তর থেকে তাদের জানিয়ে দেওয়া হয় যে, আমাদের যারা পুরাণো আছে তাদের ছাড়া আমরা আর কোন নুতন এনটারপ্রাইজকে কোটা দেবোনা বা কোন হেল্প করবোনা। একথা যদি সত্যি হয় তাহলে মন্ত্রী মহাশয় তাদের জন্য কি পরিকল্পনা করছেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** একথা আদৌ সত্য নহে। তবে একট জিনিস আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে চাই যে, এই ২২ বছরে পশ্চিম বাংলায় ছোট ছোট বহু বেনামী কারখানা বা না থাকা কারখানা, যার একজিসটেন্স নাই, এরা বিভিন্নভাবে কাঁচা মাল নিয়ে ব্ল্যাকে সরবরাহ করতো। আমি দপ্তরকে নির্দেশ দিয়েছি যে এইগুলির বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক এবং ব্যবস্থা অবলম্বন করা হয়েছে বলে কোন কোন ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। নুতন যারা তাদের আমরা যথাসম্ভব সাহায্য করবার চেষ্টা করছি।

**শ্রীপতিতপাবন পাঠক:** মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যক্তিগত অভিজ্ঞতা আছে এবং আমরা সকলেই জানি বড়গাছিয়া তালাচাবি তৈরী করার জন্য ভারতবর্ষে বিখ্যাত। এই লক ইনডাষ্ট্রিস আজ ধ্বংস হয়ে যেতে চলেছে এবং তার জায়গায় আলীগড়ের তৈরী প্রচুর তালা আমাদানী হচ্ছে। এই ব্যাপারে আপনার ডিপার্টমেন্ট কোন ব্যবস্থা করবেন কিনা। আমি জানি আপনি অনুসন্ধান করেছিলেন, তার ফল কতদূর হল তা জানাবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** যদিও এ প্রশ্ন থেকে এটা আসেনা, তাহলেও মাননীয় সদস্যদের জানাতে চাই যে, বড়গাছিয়ার তালা সারা ভারতবর্ষের মধ্যে একটা বিশেষ স্থান অধিকার করে আছে। বড়গাছিয়ার তালার জন্য আমরা চেষ্টা করে ভারত সরকারের কাছ থেকে ১০ লক্ষ টাকার অর্ডার পেয়েছিলাম, কিন্তু হিসাব করে দেখা গেল যে আমরা যে রেট দিয়েছি তার চেয়ে ১০ পয়সা

বেশী যদি না দেওয়া যায় তাহলে পড়তা পড়ে না। আমরা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। এই ১০ পয়সা যদি বেশী দেয় তাহলে এই ১০ লক্ষ টাকার অর্ডার পেলে বড়গাছিয়ার তালার কারবার একটা অন্য পর্যায়ে প্রতিষ্ঠিত করা যাবে।

## পি, ডি অ্যাক্টে আটক নক্সালপন্থী রাজনৈতিক কর্মী ও নেতার সংখ্যা

***100.** (Admitted question No. *174)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ জানুয়ারী হইতে ১৯৬৯ সালের ডিসেম্বর পর্যন্ত মোট কতজন নকসালপন্থী রাজনৈতিক কর্মী ও নেতাকে পি, ডি, অ্যাক্টে গ্রেপ্তার করা হইয়াছে?

**শ্রীজ্যোতি বসু:** বিভিন্ন সমাজ বিরোধী কার্য্যকলাপের জন্য ১৯৬৯ সালে তথাকথিত নকশালপন্থী মোট ৩৪ জন ব্যক্তিকে পি, ডি, এ্যাক্ট গ্রেপ্তার করা হয়।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে, এই যে ৩৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে এদের মধ্যে নকশালপন্থীদের কোন নেতা আছে কি?

**শ্রীজ্যোতি বসু:** এখানে নাম অনেক আছে এবং এদের মধ্যে কে নকশালবাড়ীর নেতা তা আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রীঅনিল মুখার্জী:** যে সমস্ত রাজনৈতিক কর্মীকে পি, ডি, এ্যাক্টে গ্রেপ্তার করা হয়েছে এদের মধ্যে গোপীবল্লভপুরের যারা আছেন তাদের মধ্যে নকশালপন্থী কাউকে গ্রেপ্তার করা হয়েছে কি।

**শ্রীজ্যোতি বসু:** আমি পরিষ্কার করে বলতে চাই যে, এই ৩৪ জন যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের সকলকে প্রেসিডেন্ট রুলের সময় গ্রেপ্তার করা হয়েছিল। কাগজপত্রে যা দেখছি তাতে এরকম কিছু দেখা যাচ্ছে না। তাদের গ্রেপ্তার করা হয়েছে রাজনৈতিক কারণে এবং অন্যান্য কারণে। আর গোপীবল্লভপুরে যারা ঐ সময় ধরা পড়েন আমাদের সরকার গঠিত হবার আগে, এরা ছাড়াও পেয়ে গেছেন। আর আমাদের সময় কাউকে রাজনৈতিক কারণে তথাকথিত নকশাল-পন্থীদের গ্রেপ্তার করা হয়নি। গোপীবল্লভপুরে যে সমস্ত ঘটনা হয়েছে তারজন্য বিভিন্ন ধরনের মামলা রয়েছে। কিন্তু বিনা বিচারে কাউকে গ্রেপ্তার করা হয়নি।

**শ্রীঅনিল মুখার্জী:** গোপীবল্লভপুরে যারা আটক আছেন তারা তাহলে রাজনৈতিক কারণে নয়?

**শ্রীজ্যোতি বসু:** তাদের বিরুদ্ধে কেস আছে, মামলা আছে—খুনের মামলা বা লুঠের মামলা আছে।

**শ্রীসরল দেব:** ১৯৬৭ সালে নকশালবাড়ী আন্দোলন যখন মাথাচাড়া দিয়ে উঠেছিল তখন আমরা তা রাজনৈতিকভাবে সমাধান করার চেষ্টা করেছিলাম। আজকে গোপীবল্লভপুর বা ডেবরাতে যে ঘটনা ঘটছে এটাকে কি আমাদের যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে এই সমস্যা রাজনৈতিকভাবে সমাধানের ব্যবস্থা করা হচ্ছে?

**শ্রীজ্যোতি বসু:** যেখানে রাজনৈতিক সমাধানের প্রয়োজন আছে সেখানে নিশ্চয় তা করা হচ্ছে, কিন্তু যেখানে তার প্রয়োজন নাই কেবল নিছক খুন খারাপী হচ্ছে সেগুলিকে আমরা রাজনৈতিক কারণ মনে করি না এবং তা দিয়ে কোন সংশোধন করা যাবে না।

**শ্রীসরল দেব :** ইহা কি সত্য গোপীবল্লভপুরের এই আন্দোলনকে দমন করার জন্য কেন্দ্রীয় ফোর্স সেখানে নিয়োজিত করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** এই প্রশ্ন এখানে ওঠে না। তবে আমি বলতে পারি কোন কেন্দ্রীয় ফোর্স বা পুলিশ সেখানে দেওয়া হয়নি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গোপীবল্লভপুরের ঘটনা রাজনৈতিক কারণে নয় সেটা মনে করেন। আমার জিজ্ঞাস্য, সরকার কেন এটাকে রাজনৈতিক কারণ বলে মনে করেন না ?

**শ্রীজ্যোতি বসু :** আমি এটা আগেই বলেছি যে গোপীবল্লভপুরের ঘটনা রাজনৈতিক কারণে নয়, বিভিন্নভাবে হচ্ছে। যেখানে রাজনৈতিক কারণে হচ্ছে সেখানে রাজনৈতিক দৃষ্টিভংগী নিয়ে সমাধানের চেষ্টা করছি। আর যেখানে সেটা মনে করি না সেখানে রাজনৈতিক সমস্যার কোন প্রশ্ন নেই, রাজনৈতিক কোন রকম পদক্ষেপ নিয়ে সেখানে কিছু করার নেই, সেখানে অন্য পদক্ষেপ আমাদের নিতে হবে।

**শ্রীঅমরেন্দ্র নাথ রায়প্রধান :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সি. পি. আই (এম. এল) তারা পরিষ্কারভাবে ঘোষণা করেছে যে গোপীবল্লভপুরে যা ঘটছে তা রাজনৈতিক কারণে ঘটছে, সরকার এগুলি জানা সত্ত্বেও কেন রাজনৈতিক কারণ বলে মনে করছেন না ?

**শ্রীজ্যোতি বসু :** তাদের ঘোষণার দ্বারা সরকার পরিচালিত হচ্ছে না।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, নকশালবাড়ীতে যে রকম খুন জখমের ঘটনা এর আগে ঘটেছিল এবং এর নেতা কানু সান্যাল, জংগল সাঁওতাল-এদের ছেড়ে দিয়েছিলেন, ঠিক গোপীবল্লভপুরে সেই ধরনের জমির লড়াইয়ের এবং খুন জখমের ঘটনা ঘটছে। এবং এই দুটোকে দুরকম ভাবে দেখছেন কেন—আগেরটা রাজনৈতিক কারণে দেখলেন কেন আর গোপীবল্লভপুরেই রাজনৈতিক কারণ দেখলেন না কেন ?

**শ্রীজ্যোতি বসু :** এর ব্যাখ্যা আমি এখন দিতে পারব না, এটা মতের বিষয়। তবে নেপালবাবু যদি সত্যিই এ সম্বন্ধে ইণ্টারেষ্টেড হন তাহলে তিনি আমাদের সংগে আলোচনা করতে পারেন।

[1-50—2-00 p.m.]

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, ইতিপূর্বে যে ৯৮টী alleged রাজনৈতিক খুন—যার কথা আগেই বলা হয়েছে, তার ভেতর কয়টি খুন এই নকশাল-পন্থীদের দ্বারা অনুষ্ঠিত হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** এর আগে যে অংকের হিসেব দিয়েছিলাম মেদিনীপুরের ব্যাপারে, সেই অংকের বাইরে অন্য কিছু নাই।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই নকশালরা কি রাজনৈতিক দল হিসেবে এইসব কার্য্যকলাপ করছে যার দ্বারা একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** এ প্রশ্ন ওঠে না।

**শ্রীধনঞ্জয় কর :** গোপীবল্লভপুরে নকশালপন্থী কতজনের বিরুদ্ধে warrent issue করা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** এ আমি বলতে পারবো না।

## মদ চোলাই

***133.** (Admitted question No. *96.)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় জেলাওয়ারীভাবে গত ১৯৬৯ সালের জানুয়ারী মাস হইতে এ পর্যন্ত কোন্ জেলায় কত সংখ্যক মহিলা ও পুরুষকে বে-আইনীভাবে মদ চোলাইএর জন্য গ্রেপ্তার করা হইয়াছে ; এবং

(খ) গত ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালে বেআইনীভাবে তৈরী চোলাই মদের বিরুদ্ধে অভিযান চালাইয়া জরিমানা আদায়ের মাধ্যমে রাজ্যসরকারের কি পরিমাণ আয় হয় ?

**Mr. Speaker :** This question is to be held over. I have got a letter in this connection.

## ওয়াকফ্ বোর্ড

***134.** (Admitted question No. *115.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ওয়াকফ্ বোর্ডে বর্তমানে কে কে সদস্য আছেন এবং তাহারা কবে এবং কতদিনের জন্য নিযুক্ত হইয়াছেন ;

(খ) ঐ বোর্ডের অধীনে কত টাকার সম্পত্তি ন্যস্ত আছে ; এবং

(গ) (১) নিয়মবিরুদ্ধভাবে বোর্ড কর্তৃক সম্পত্তি হস্তান্তর করিবার কোন অভিযোগ সম্প্রতি সরকারের গোচরে আসিয়াছে কি না, ও

(২) আসিয়া থাকিলে সরকার তাহার প্রতিকারের কি ব্যবস্থা গ্রহণকরিয়াছেন ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** (ক) এ সম্পর্কে একটি বিস্তারিত বিবরণ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ১৯৩৪ সালের বঙ্গীয় ওয়াকফ্ আইনে ওয়াকফ্ সম্পত্তি তালিকাভুক্ত করার সময় ঐ সম্পত্তির মূল্য দাখিল করিবার কোন বিধান না থাকায় এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নহে।

(গ) (১) না।

(২) এই প্রশ্ন ওঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মন্ত্রীমহাশয় কি জানবেন Wakf Board Wakf administration এখানে সন্তোষজনকভাবে চালাচ্ছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** মোটেই না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মন্ত্রী মহাশয় বললেন Wakf Properties Act অনুযায়ী কত property Wakf বোর্ডের হাতে আছে—সেটার হিসেব ঠিকমত বলা যাচ্ছে না। একটা অনুমানিক হিসেব কি তার কাছে আছে ? তিনি বলবেন কি এটা একশো কোটির টাকার উপর কি না।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এটা আমি বলতে পারবো না প্রায় নয় হাজার ষ্টেট আছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কত হাজার টাকার সম্পত্তি এদের হাতে আছে—যা তাঁরা বিলি বণ্টন করছেন না ? টাকাই যদি ঠিক না হয়, তাহলে বিলি বণ্টনের ব্যবস্থা কি করে হবে, Administration বা কিভাবে চলবে ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** আপনি নিশ্চয়ই Wakf Act পড়েছেন। আপনি জানেন গভর্ণমেণ্টের directly ওগুলিতে হাত দেবার কিছু নাই। সেইজন্য নূতন করে Wakf Act করা হচ্ছে ; এই সেসানে সেটা আসছে। কারণ ঐ ব্যাপারে গভর্ণমেণ্ট directly কিছু করতে পারছে

না। একজন Wakf কমিশনার আছে, তিনি গভর্ণমেণ্ট employee মাত্র। গভর্ণমেণ্ নিজেরই access করবার কোন provision আইনে নাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** যে বোর্ড তৈরী হয়েছে, তার কার্য্যকাল ১৯৬৭ সালে শেষ হ গেছে, এবং সেই বোর্ডে যে কয়জন M. L. A. কে প্রতিনিধি হিসেবে দেখা যাচ্ছে, তাঁরা এখ কাজ করে যাচ্ছেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** একথা সত্য তাঁরা কাজ করে যাচ্ছেন। কারণ যে আইন আছে তা বলা হয়েছে যতক্ষণ না Vacancy filled-up হচ্ছে, ততক্ষণ তাঁরা কাজ করে যাবেন। সেইজ আমরা change করিতে পারছি না। একটা ব্যাপার নিয়ে গণ্ডগোল হচ্ছিল। মোতেয়ালীে একটা election করতে হবে। কিন্তু দেখা গেল তাতে প্রায় ৪০ হাজার টাকা খরচ হবে। শু তাই নয়, ওখানে একটা গণ্ডগোল হয়েছে—এমন বহু লোক আছে যাদের enrolment করতে হ ভোটার লিষ্টে; অথচ যারা পাকিস্তানে আছে। সেইজন্য আমাদের কেবিনেট থেকে এই difficult যাতে না হয় তার জন্য একটা অর্ডিন্যান্স করবার চেষ্টা করেছিলাম। বর্তমানে কেবিনেটের মতানুসা ঐটা বাদ দিয়ে তাড়াতাড়ি করছি। আপনি জানেন তিনটা সীটের জন্য আগামী ১৩ই ফেব্রুয়া তারিখে election আছে।

**মোল্লা হুমায়ুন কবির:** মন্ত্রী মহাশয় বল্লেন যে এই ওয়াকফ পরিচালনা করার কাজের জ একজন কমিশনার নিযুক্ত করেছেন। আমার কথা হচ্ছে সরকার কি সেই কমিশনারের মাধ্যে কিছুই জানতে পারছেন না যে, এর ভেতর কি দুর্নীতি আছে বা কি ইনকাম আছে বা কি ক্ষ হচ্ছে—সেই সোর্স থেকে কিছু জানার চেষ্টা করছেন কি না ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** উনি সম্পত্তির ভ্যালুয়েসন চেয়েছেন—কাজেই সেই ভ্যালুয়েসন-এ প্রভিসন না থাকায় দেয়ার আন্দাজে বাজারের গুজব কথা বলে লাভ নেই, এই এ্যাসেম্বলীতে সেইজন্য আমি বলতে চাচ্ছি না।

## জগদ্দলে দাঙ্গায় নিহতের সংখ্যা

***135.** (Admitted question No. *147.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) গত অক্টোবর, ১৯৬৯ সালের দাঙ্গার ফলে ২৪-পরগণা জেলার জগদ্দলে কতজন লো মারা গিয়াছে; এবং

(খ) ঐ দাঙ্গা বাধার কারণ কি ?

**শ্রীজ্যোতি বসু:** (ক) ৩৭ জন।

(খ) গত ১৯৬৯ সালের ২০শে অক্টোবর দুর্গাপূজার বিসর্জনের শেষ দিন ছিল। ওই দিন একা বিসর্জন শোভাযাত্রা যখন স্থানীয় মস্‌জিদের পাশ দিয়া যাইতেছিল তখন হঠাৎ গুজব রটে শোভাযাত্রার উপর মসজিদ হইতে একটি ঢিল ছোড়া হইয়াছে এবং একটি বালক ছুরিকাহত হইয়াছে সঙ্গে সঙ্গে ওই অঞ্চলে ব্যাপক দাঙ্গা আরম্ভ হয়।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** মন্ত্রীমহাশয় জানেন কি, এই ২০শে অক্টোবর যেদিন দাংগ বাধে তার দুদিন আগে আই. বি. ডিপার্টমেণ্ট থেকে জানিয়ে দেয়া হয়েছিল সরকারকে যে এইরক দাংগা বাধতে পারে ?

**শ্রীজ্যোতি বসু:** এই রকম কোন রিপোর্ট দেয়া হয় নি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** টিটাগড়ে এর কিছুদিন আগে দাঙ্গা যে বেঁধেছিল তার পরিপ্রেক্ষিতে জগদ্দলে দাংগা না বাঁধার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু:** আমি তো এইমাত্র উত্তর দিলাম যে কিভাবে দাংগা লেগেছিল—আমাদের কাছে আগে থেকে কোন রিপোর্ট আসেনি।

**শ্রীসরল দেব:** এই খবর কি আপনার কাছে আছে যে যখন দাংগা বাঁধে ঠিক সেই সময় জগদ্দল থানার ও. সি এবং অন্যান্য পুলিশ অফিসার ঐ মসজিদের কাছাকাছি থাকা সত্বেও প্রায় ২ ঘণ্টা ২।৷০ ঘণ্টা কোন পুলিশ ফোর্স যায় নি।

**শ্রীজ্যোতি বসু:** এই ধরনের কোন সংবাদ আমার কাছে নেই।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মন্ত্রীমহাশয় জানাবেন কি এই জগদ্দলের দাংগা সম্বন্ধে একটা বিভাগীয় তদন্তের নির্দেশ তিনি দিয়েছিলেন—সেই বিভাগীয় তদন্তের নির্দেশ অনুযায়ী তদন্ত শেষ হয়েছে কিনা এবং সেই তদন্তের রিপোর্ট পেয়েছেন কি না—পেয়ে থাকলে সেটা জানাবেন কি ?

**শ্রীজ্যোতি বসু:** রিপোর্ট পেয়েছি কিন্তু সেটা এখন জানাতে পারছি না।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মন্ত্রীমহাশয় জানাবেন কি এই তদন্তের রিপোর্ট এই সভার কাছে কবে জানানো হবে ?

**শ্রীজ্যোতি বসু:** আমি এখন বলতে পারছিনা সেই রিপোর্ট এখানে দেয়া যাবে কিনা।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই দাংগার সংগে কংগ্রেস-এর কোন সম্পর্ক ছিল কিনা ?

**শ্রীজ্যোতি বসু:** এইরকম কোন খবর আমার কাছে নেই।

**শ্রীসরল দেব:** আপনার কাছে কি এই সংবাদ আছে যে অনেকে যারা প্রকৃত দাংগাকারী তারা বাইরে ঘুরে বেড়াচ্ছে এবং নিরাপরাধী লোকদের ধরা হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু:** আমি বলতে পারব না কে নিরাপরাধী বা অপরাধী, তবে এইটুকু বলতে পারি যে, ৫১১ জনকে গ্রেপ্তার করা হয়েছিল, এর মধ্যে ৪৪৩ জনকে ইতিমধ্যে তদন্ত করে ছেড়ে দেওয়া হয়েছে, ৮টা কেশ সুরু করা হয়েছে এবং সি. আই. ডি-র হাতে ইনভেষ্টিগেসনে আছে—এইটুকু রিপোর্ট আমার কাছে আছে।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** এই দাংগা যেগুলি হচ্ছে - ভবিষ্যতে দাংগা যাতে না হয় তারজন্য কি সরকার কোন ব্যবস্থা করছেন ?

**শ্রীজ্যোতি বসু:** সেই ব্যবস্থা সরকারের আছে, কিন্তু থাকলেও যে দাংগা কোনদিন কোথাও হবে না এমন কথা বলতে পারি না, তবে হলে আমাদের সরকার তা কঠোরহস্তে যে দমন করবে এই বিষয়ে কোন সন্দেহ নেই।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মন্ত্রীমহাশয় জানাবেন কি—উনি বলেছেন দাংগা বাঁধবার কারণ একটা ঢিল ছোড়া এবং একটা গুজব, কিন্তু তিনি কি বিশ্বাস করতে বলেন এবং নিজে বিশ্বাস করেন যে এই দাংগার পেছনে আগে কঠোর প্রস্তুতি ছিল না, শুধু একটা ঢিল আর গুজব থেকে এই দাংগা লেগে গেল ?

**শ্রীজ্যোতি বসু:** কি বিশ্বাস করবেন সেটা উনি ঠিক করবেন—এটা মতামতের বিষয় এবং এই সব মতামতের সম্বন্ধে আমি এখন যেতে চাচ্ছি না, কারণ সেই সব বিচারাধীন আছে এবং সেখানে হওয়াই ভাল।

## STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

### গ্রামীণ শিল্পের উন্নয়ন

*136. (Admitted question No. *177.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার গ্রামীণ শিল্পের উন্নয়নের জন্য সরকার কি কি সাহায্য দান করেন ; এবং

(খ) এইসব শিল্পের জন্য সরকার কাঁচামাল সরবরাহ করিয়া থাকেন কি না ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) গ্রামীন শিল্পের উন্নয়নের জন্য সরকার প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ বিভিন্ন অনুদান ও ঋণ দিয়া থাকেন। এ সম্পর্কে একটি বিস্তারিত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) সরাসরিভাবে কাঁচামাল সরবরাহ না করিলেও বিভিন্নভাবে এ ব্যাপারে সহযোগিতা করা হয়।

### নক্সালবাড়ি ঘটনা সম্পর্কিত মামলা

*137. (Admitted question No. *308.)

**শ্রীসমৎকুমার রাহা :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নকসালবাড়ীর ঘটনার সহিত জড়িত কোন মামলা অদ্যাবধিও চলিতেছে কিনা ; এবং

(খ) চলিলে, তাহার বর্তমান অবস্থা কিরূপ ?

**The Minister for Home (Police) :**

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

### Prohibitory order of the Police Commissioner, Calcutta

*139. (Admitted question No' *754.)

**Shri Kashi Kanta Moitra :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that the Police Commissioner, Calcutta, has recently issued an order prohibiting carrying of arms, swords, spears, lathis in public demonstrations in the city ; and

(b) if so, whether similar prohibitory order has been issued by the Inspector-General of Police, West Bengal, banning such armed demonstrations throughout the State ?

**The Minister for Home (Police) :**

(a) Yes.

(b) No.

### কলিকাতায় খুন ইত্যাদির সংখ্যা

*140. (Admitted question No. *792.)

**শ্রীআজিজুর রহমান :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৯৬৯ সালের ১লা মার্চ হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কলকাতায় কয়টি (১) খুন, (২) ডাকাতি, (৩) চুরি, (৪) ছিনতাই ও (৫) ব্ল্যাকমেল হইয়াছে ; এবং

(খ) ঐ সমস্ত ব্যাপারে মোট কয়টি মোকদ্দমা আদালতের বিচারাধীন আছে ?

**The Minister for Home (Police) :**

| | | | |
|---|---|---|---|
| (ক) | (১) | খুন | ৫৮ |
| | (২) | ডাকাতি | ১৪ |
| | (৩) | চুরি | ৪১৮৯ |
| | (৪) | ছিন্‌তাই | ৩২৭ |
| | (৫) | ব্ল্যাক্‌মেল | × |
| (খ) | | | ৩৫৩ |

## পানাগড় বাজার হইতে সিলামপুর রাস্তায় বাস চলাচল

*144. (Admitted question No. *878.)

**শ্রীঅশ্বিনী রায় :** স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলায় কাঁকসা থানার পানাগড় বাজার হইতে সিলামপুর, রাস্তায় বাস চলাচল বন্ধ আছে ;

(খ) সত্য হইলে, (১) বন্ধের কারণ কি ও (২) কতদিন বন্ধ আছে ; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Home (Transport) :**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) (১) পানাগড় হইতে সিলামপুর পর্যন্ত পানাগড় দুর্গাপুর নামিয়া ৩ মাইল দৈর্ঘ্য মেটে রাস্তা প্রায় ২০ বৎসর আগে পাকা হইয়াছিল। কিন্তু গত ১৫ বৎসর ঐ রাস্তা এত খারাপ হইয়াছে যে ইহার উপর দিয়া শুধু গরুর গাড়ী ছাড়া বাস যাওয়ার কোন উপায় নাই। ঐ রাস্তা বর্ধমান জেলা পরিষদের অধীন। এই রাস্তায় বাস যাতায়াতের উপযোগী করিবার জন্য জেলা পরিষদের ৩ লক্ষ টাকার প্রয়োজন। এত টাকা জেলা পরিষদের নাই।

(২) উপরোক্ত কারণেই এই রাস্তায় প্রায় ১০, ১২ বৎসর বাস বন্ধ আছে।

(গ) এই প্রসংগে যথাযথ উত্তর পঞ্চায়েৎ দপ্তর হইতে পাওয়া যাইতে পারে।

## রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি

*145. (Admitted question No. *831.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি বর্তমানে চালু আছে কিনা ;

(খ) "ক"-এর উত্তর "না" হইলে উক্ত সংস্থা পুনরায় চালু করার জন্য সরকারের কোন পরিকল্পনা করা হইয়াছে কিনা ; এবং

(গ) "ক"-এর উত্তর "হ্যাঁ" হইলে ১৯৬৮-৬৯ এবং ১৯৬৯-৭০ সালের বর্তমান সময় পর্যন্ত কত টাকার বস্ত্র উক্ত সংস্থায় উৎপাদিত হইয়াছে ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) মুর্শিদাবাদ জিলায় জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড নামে যে সমবায় সমিতি আছে। তাহা বর্তমানে চালু নাই।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

### ভোটার তালিকা সংশোধন

*146. (Admitted question No. *117.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (সংবিধান ও নির্বাচন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিম বাংলায় ভোটার তালিকা সংশোধনের জন্য ইলেকশন কমিশন যে নির্দেশ পাঠাইয়াছেন তাহা কার্যকরী করা হইতেছে কিনা ?

**The Minister for Home (Constitution and Elections) :**

হঁ্যা।

### আরামবাগ মহকুমা শাসকের নিগৃহীত হইবার ঘটনা

*147. (Admitted question No. *155.)

**শ্রীঅমলেন্দ্রনাথ রায়প্রধান :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ডিসেম্বর মাসে হুগলী জেলার আরামবাগ মহকুমা শাসক জনতার হাতে প্রহৃত ও নিগৃহীত হন ; এবং

(খ) সত্য হইলে, এ সম্পর্কে এ যাবৎ কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে ?

**The Minister for Home (Police) :**

(ক) হঁ্যা, নিগৃহীত হইয়াছেন।

(খ) ১৭ জনকে।

### দ্রুত মামলা নিষ্পত্তির পরিকল্পনা

*148. (Admitted question No. *318.)

**শ্রীসনৎকুমার রাহা :** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি অল্প ব্যয়ে মামলা করা ও মামলা দ্রুত নিষ্পত্তির জন্য রাজ্য সরকার কর্তৃক কোন ব্যবস্থা গ্রহণ করিবার কোন পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Judicial :**

অল্পব্যয়ে মামলা করার জন্য ব্যবস্থা গ্রহণ করিবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নাই। তবে লিগ্যাল এইড সোসাইটির মাধ্যমে দুঃস্থ নাগরিকদের বিনা ব্যয়ে অথবা স্বল্পব্যয়ে মামলা করিবার সুযোগ দেওয়া হয়।

মামলা দ্রুত নিষ্পত্তির জন্য কলিকাতা হাইকোর্ট কর্তৃক অধীনস্থ আদালতগুলিকে যথাযোগ্য নির্দেশ দেওয়া হয়ে থাকে। প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত বিচারক নিয়োগ করে মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা হয়। বিধান সভায় সম্প্রতি প্রণীত কয়েকটি আইনের ফলে মামলাগুলির দ্রুত নিষ্পত্তি হয়ে যাবে বলে সরকার আশা করেন। তাছাড়া ভারতের প্রধান বিচারপতির সঙ্গে সম্প্রতি এ ব্যাপারে আলোচনা করা হয়েছে। রাজ্যের প্রধান বিচারপতিদের সঙ্গে আলোচনা করে মামলার দ্রুত নিষ্পত্তির জন্য তিনিও ব্যবস্থা গ্রহণ করবেন এরূপ আশ্বাস দিয়েছেন।

### Death of a worker of Messrs. Pure Drinks (Coca-Cola)

*149. (Amitted question No. *506)

**Shri Arun Sen :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the police recently found the dead body of a worker in the closed factory premises of Messrs. Pure Drinks (Coca-Cola) ; and

(b) if so, whether any enquiry was instituted by the police ?

**The Minister for Home (Police ) :**

(a) Yes.

(b) Yes.

### রবীন্দ্র সরোবর তদন্ত কমিশন

*150. (Admitted question No *756.)

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রবীন্দ্র সরোবর তদন্ত কমিশন-এর কাজে রাজ্য সরকারের মোট কত টাকা ব্যয় হইয়াছে এবং

(খ) মোট কতজন আইনজীবীর জন্য পৃথকভাবে এ পর্যন্ত কত ব্যয় হয়েছে এবং প্রতি সরকারী আইনজীবীর ফী-হার কত ধার্য হয়েছিল ?

**The Minister for Home (Police) :**

(ক) রবীন্দ্র সরোবরের ঘটনাবলীর জন্য নিযুক্ত ঘোষ তদন্ত কমিশন, মুখার্জী তদন্ত কমিটির সহিত একযোগে চলে, ফলে ঐ দুইটি তদন্ত সংস্থার খরচের হিসাব একত্রে আছে। রবীন্দ্র সরোবর তদন্ত কমিশন সংক্রান্ত খরচের পৃথক হিসাব রাখা সম্ভব হয় নাই।

(খ) এ সম্বন্ধে একটি বিবরণী প্রদত্ত হইল।

### বিবরণী

Statement referred to in reply to clause (kha) of
Starred question No. 150

রবীন্দ্র সরোবর তদন্ত সংক্রান্ত ঘোষ তদন্ত কমিশনে নিযুক্ত আইনজীবীগণের নাম এবং তাঁহাদিগকে প্রদত্ত অর্থের পরিমাণ।

| সংখ্যা | আইনজীবীগণের নাম | ফীর হার | মোট পরিমাণ টাকা |
|---|---|---|---|
| (১) | শ্রীসোমনাথ চ্যাটার্জী | ৬০ স্বর্ণমুদ্রা ( টা. ১০২০ ) | ১৩'২৬০ |
| | | ৫০ " ( টা. ৮৫০ ) | ১১'০৫০ |
| | | ৪০ " ( টা. ৬৮০ ) | ২৯'২৪০ |
| | | | ৫৩'৫৫০ |
| (২) | বি. এন. সেন | ৬০ " ( টা. ১০২০ ) | ১৩'২৬০ |
| | | | ১২'২৪০ |
| | | | ১০'২০০ |
| | | ৪০ " ( টা. ৬৮০ ) | ৩৪'০০০ |
| | | | ৬৯'৭০০ |

| | | |
|---|---|---|
| (৩) শ্রীআর্য্য মিত্র | ২৫ স্বর্ণমুদ্রা (টা. ৪২৫) | ৫'৫২৫ |
| | ২০ „ (টা. ৩৪০) | ৪'০৮০ |
| | | ৩'৪০০ |
| | | ১৬'৬৬৫ |
| | | ২৯'৬৬৫ |
| (৪) শ্রী পি. সি. বড়ুয়া | ২৫ „ (টা. ৪২৫) | ৫'৫২৫ |
| | ২০ „ (টা. ৩৪০) | ৪'০৮০ |
| | | ৩'৪০০ |
| | | ১২'৯২৫ |
| | | ২৫'৯২৫ |
| (৫) শ্রীনয়নারায়ণ গুপ্ত, | ১৫ „ (টা. ২৫৫) | ৩'৫৬০ |
| | ১০ „ (টা. ১৭৫) | ৩'৫৩০ |
| | | ৪'৪২০ |
| | | ৯'০১০ |
| (৬) শ্রীতাপসচন্দ্র রায় | ১০ „ (টা. ১৭০) | ২'২১০ |
| | | ২'০৪০ |
| | | ১'৭০০ |
| | | ৮'৩৩০ |
| | | ১৪'২৮০ |
| (৭) শ্রীযোগেন্দ্রনাথ হালদার | ১০ „ (টা. ১৭০) | ২'২১০ |
| | | ২'০৪০ |
| | | ১'৭০০ |
| | | ৮'৩৩০ |
| | | ১৪'২৮০ |
| | সর্ব মোট | ২'১৬'৪১০ |

## মুর্শিদাবাদের ঐতিহাসিক হাজার দুয়ারী দর্শনের জন্য প্রবেশ ফি

*151. (Admitted question No. *805.)

**শ্রীআজিজুর রহমান:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের ঐতিহাসিক হাজার দুয়ারী দেখিবার জন্য "প্রবেশ ফী" কোন্ বৎসর ধার্য করা হইয়াছে; এবং

(খ) "প্রবেশ ফি" ধার্যের সময় হইতে ১৯৭০ সালের ১৫ই জানুয়ারী পর্যন্ত এই বাবদ মোট কত টাকা আয় ও ব্যয় হইয়াছে?

**The Minister for Judicial:**

(ক) হাজার দোয়ারী দেখিবার জন্য ১৯৬৬ সালের ১লা ডিসেম্বর হইতে "প্রবেশ ফি" ধার্য্য করা হইয়াছে এবং উক্ত প্রাসাদের মধ্যস্থ অস্ত্রাগার (Armoury) দেখিবার জন্য ১৯৬৮ সালের ১৫ই মার্চ হইতে "প্রবেশ ফি" ধার্য্য হইয়াছে।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## সাম্প্রদায়িক সংঘর্ষ ও দাঙ্গা নিরোধের ব্যবস্থা

*152. (Admitted question No. *394)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বরাষ্ট্র ( পুলিশ ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রদায়িক সংঘর্ষ ও দাঙ্গা স্থায়ীভাবে নিরোধ বা প্রতিহত করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের স্থায়ী কোন সাংগঠনিক ব্যবস্থা ও পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) পাক অনুচর, বা হিন্দু সাম্প্রদায়িক উগ্রমতবাদীদের সম্পর্কে কি কি ব্যবস্থা লওয়া হইতেছে ?

**The Minister for Home (Police) :**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্যের সাম্প্রদায়িক দাঙ্গাগুলিতে পাক অনুচরদের জড়িত থাকার কোন প্রমাণ সরকারের কাছে নাই। হিন্দু উগ্রসাম্প্রদায়িকদের উপর সতর্ক দৃষ্টি রাখা হয় এবং সাম্প্রদায়িক ব্যাপারে তাদের জড়িত দেখিলেই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়।

## UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

## "ইচ্ছামত পুত্রকন্যা লাভের প্রক্রিয়া" আবিষ্কার গবেষণায় সরকারী সাহায্য

118. (Admitted question No. 83.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "ইচ্ছামত পুত্রকন্যা লাভের প্রক্রিয়া" আবিষ্কারের জন্য আয়ুর্বেদাচার্য শিবকালী ভট্টাচার্য্য যে গবেষণা চালাইতেছেন সে সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কিনা ; এবং

(খ) থাকিলে, ঐ গবেষণাকারী প্রয়োজনমত সরকারী সাহায্য ও আনুকূল্য পাইতেছেন কি ?

**The Minister for Health :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

## পশ্চিমবঙ্গ হইতে নেপালে ডাল পাচারের অভিযোগ

119. (Admitted question No. 125)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি, একথা কি সত্য যে সম্প্রতি এই রাজ্য হইতে প্রতি মাসে কয়েক হাজার টন ভারতীয় ডাল নেপালে পাচার হইতেছে এবং সেখান হইতে "মেড ইন্ নেপাল" সিল দিয়া উহা চীন ও মধ্য প্রাচ্যের কয়েকটি দেশে নিয়মিত পাচার হইতেছে ?

**The Minister for Food and Supplies :**

এই রাজ্য হইতে প্রতি মাসে কয়েক হাজার টন ভারতীয় ডাল নেপালে পাচার হইতেছে, এইরূপ কোন সংবাদ রাজ্য সরকার অবগত নহেন।

## ভূমি সংস্কার কার্যে তদন্ত

120. (Admitted question No. 224.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ভূমি সংস্কারের কাজ সম্পর্কে রাজ্য সরকার কোন তদন্ত করিয়াছেন কিনা ; এবং

(খ) ভূমি সংস্কারের পথে যে সকল বাধা আছে তাহার প্রতিকারের উদ্দেশ্যে রাজ্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) সরকার এ বিষয়ে সম্পূর্ণ অবহিত আছেন।

(খ) প্রশাসনিক ব্যবস্থাকে জোরদার করিয়া এবং স্থানীয় কৃষক ও ক্ষেতমজুরদের সংগঠনগুলির সক্রিয় সহযোগিতায় ভূমি সংস্কারের পথের বাধার প্রতিকারের জন্য সরকার সচেষ্ট। আইনের ত্রুটি ও দুর্বলতা দূর করিবার জন্য এবং ভূমি সংস্কারের কার্য ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় বিধেয়ক বিধানসভায় শীঘ্রই উত্থাপন করার জন্য চেষ্টা করা হইতেছে।

## বহরমপুর সদর ও জেনারেল হাসপাতালের পরামর্শদাতা কমিটি

121. (Admitted question No. 236.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতাল ও জেনারেল হাসপাতালের জন্য কোন পরামর্শদাতা কমিটি আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহার সদস্যগণের নাম কি ?

**The Minister for Health :**

(ক) ও (খ) স্বাস্থ্য অধিকর্তা মহাশয় ১৯শে নভেম্বর, ১৯৬৮ তারিখের আদেশ দ্বারা "রাও জে, এন, রায়" হাসপাতালের জন্য নিম্নলিখিত সভ্যবৃন্দ লইয়া পরিদর্শকমণ্ডলী গঠন করিয়াছিলেন :—

(১) জিলা শাসক, মুর্শিদাবাদ—সভাপতি (পদাধিকার বলে)।

(২) মুখ্য স্বাস্থ্য আধিকারিক, মুর্শিদাবাদ—সহ-সভাপতি (পদাধিকার বলে)।

(৩) এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার, পি, ডবলিউ, ডি, বহরমপুর, মুর্শিদাবাদ—সদস্য (পদাধিকার বলে)।

(৪) চেয়ারম্যান, স্থানীয় পৌর সংস্থা—সদস্য (পদাধিকার বলে)।

(৫) চেয়ারম্যান, জিলা পরিষদ—সদস্য (পদাধিকার বলে)।

(৬) জিলা স্বাস্থ্য আধিকারিক, মুর্শিদাবাদ—সদস্য (পদাধিকার বলে)।

উক্ত মণ্ডলীর কার্যকাল ৩১শে জানুয়ারী, ১৯৬৯ তারিখ পর্যন্ত ধার্য ছিল। নূতন মণ্ডলী গঠন না হওয়া পর্যন্ত ঐ মণ্ডলী কাজ চালাইয়া যাইবেন।

নূতন মণ্ডলী গঠনের প্রস্তাব বর্তমানে বিশেষ বিবেচনাধীন আছে।

## প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য সরকারী পরিকল্পনা

122. (Admitted question No. 247.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য সরকার বর্তমান বৎসরে ১৯৭০-৭১ সালের জন্য কোন পরিকল্পনা করিয়াছেন কিনা ; এবং

(খ) করিয়া থাকিলে তাহা কিরূপ ?

**The Minister for Education :**

(ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য সরকার ১লা জানুয়ারী, ১৯৭০ তারিখ হইতে গ্রামাঞ্চলে ১,৫০৮টি ও কলিকাতা নগরীতে ৫০টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন বা অনুমোদন মঞ্জুর করিয়াছেন। গ্রামাঞ্চলে উক্ত ১,৫০৮টি বিদ্যালয়ের মধ্যে ৬০০টির প্রত্যেকটিকে গৃহ নির্মাণ বাবদ ১,০০০ টাকা হিসাবে সরকার হইতে আর্থিক সাহায্য দেওয়া হইবে।

এতদ্ব্যতীত গ্রামাঞ্চলে অতিরিক্ত ৪,৭১০ জন ও কলিকাতা নগরীতে ২০০ জন প্রাথমিক শিক্ষক নিয়োগও মঞ্জুর করা হইয়াছে।

১লা জানুয়ারী, ১৯৭১ তারিখ হইতে পুরুলিয়া জেলায় আরও ৫২টি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের ও ৪০৯ জন প্রাথমিক শিক্ষক নিয়োগের মঞ্জুরী দেওয়া হইয়াছে। সমস্ত নূতন প্রাথমিক বিদ্যালয়ে সাজসরঞ্জামের জন্যও প্রয়োজনীয় মঞ্জুরী দেওয়া হইয়াছে। ১লা জানুয়ারী, ১৯৭১ তারিখ হইতে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করা ও প্রাথমিক শিক্ষার আরও সম্প্রসারণের কথা সরকার বিবেচনা করিবেন। সহরাঞ্চলেও প্রাথমিক শিক্ষা অবৈতনিক করার বিষয়টি সরকারের বিবেচনাধীন রহিয়াছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে বিনামূল্যে বাংলা ও নেপালী বই বিতরণের ব্যবস্থা হইয়াছে। অন্যান্য ভারতীয় ভাষার ঐরূপ পুস্তক বিতরণের ব্যবস্থার জন্য সরকার কেন্দ্রীয় সরকারের সহিত আলাপ আলোচনা করিতেছেন।

## নয় বিঘা পর্যন্ত কৃষি জমির খাজনা মকুব করিবার ব্যবস্থা

123. (Admitted question No. 250.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নয় বিঘা পর্যন্ত কৃষি জমির খাজনা মাপ দিবার বিষয়ে সরকার কার্যকরী পন্থা কি কি লইয়াছেন ?

**The Minister for Land and Land Revenue :**

নয় বিঘা পর্যন্ত কৃষি জমির খাজনা মাপ দিবার উদ্দেশ্যে ১৯৬৯ সালে ভূমি সংস্কার সংশোধন আইন পাশ করা হয়। এই আইনে প্রত্যেক রায়তকে তাহার জমির বিবরণ ও পরিবারভুক্ত আত্মীয়স্বজনের নাম ও ঠিকানা সহ একটি রিটার্ণ দাখিল করিবার বিধান করা হইয়াছে।

এই আইন কার্যকর করার জন্য একটি নিয়মাবলী প্রণয়ণ করা হইয়াছে। এই নিয়মাবলী অনুসারে রায়তকে, ৩১শে মার্চ, ১৯৭০ তারিখের মধ্যে রায়ত-এর পরিবারের কর্তাব্যক্তি যে এলাকায় বাস করেন সেই এলাকার রেভিনিউ অফিসার-এর নিকট ঐ নিয়মাবলীর ১০নং ফরমে রিটার্ন দাখিল করিতে হইবে। রিটার্নে লিখিত বিবরণের সত্যতা সম্বন্ধে অনুসন্ধান করিয়া যদি রেভিনিউ অফিসার দেখেন যে রায়তের পরিবারভুক্ত সকল মেম্বারের মোট জমির পরিমাণ নয় বিঘার উর্ধে নয়, তখন তিনি সেই রায়তের খাজনা মকুব করার আদেশ দিবেন।

প্রত্যেক জে. এল. আর. ও.-কে ঐ নিয়মাবলী মতে রেভিনিউ অফিসার নিয়োগ করা হইয়াছে।

## আজিমগঞ্জ-জঙ্গীপুর রাস্তা পাকা করার সরকারী পরিকল্পনা

124. (Admitted question No. 259.)

**শ্রীসনৎকুমার রাহা:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আজিমগঞ্জ-জঙ্গীপুর রাস্তাটি পুরা পাকা করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) সরকার কি অবগত আছেন যে বর্ষাকালে মালিগ্রাম হইতে আজিমগঞ্জ পর্যন্ত কাঁচা রাস্তায় কোন বাস চলাচল করে না ?

**The Minister for Public Works (Road):**

(ক) না।

(খ) বর্ষাকালে কাঁচা রাস্তা মাত্রেই বাস চলাচলের অযোগ্য হয়ে পড়ে ; এক্ষেত্রেও তার ব্যতিক্রম না হওয়াই স্বাভাবিক।

## কুমারপুর ভোলানাথ হাই স্কুলের অনুমোদন

125. (Admitted question No. 278.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলডাঙ্গা থানায় কুমারপুর ভোলানাথ হাই স্কুলকে কবে সরকার অনুমোদন দিয়াছেন ; এবং

(খ) এই স্কুলকে সরকার ঘাটতি পূরণের ভিত্তিতে (ডেফিসিট ফাইনান্সিং) অর্থ সাহায্য করেন কিনা ?

**The Minister for Education:**

(ক) ১৯৬৫ সালের ১লা জানুয়ারী।

(খ) না।

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক হইতে ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারার্থে অল্পসুদে ঋণ দিবার পরিকল্পনা

126. (Admitted question No. 314.)

**শ্রীসনৎকুমার রাহা:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ব্যাঙ্ক জাতীয়করণের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও কুটির শিল্পে ও সাধারণ ব্যবসায়ীদের জন্য সহজ কিস্তিতে অল্প সুদে ঋণ দিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**The Minister for Cottage and Small Scale Industries:**

ব্যাঙ্ক জাতীয় করণের পরিপ্রেক্ষিতে ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারার্থে অল্প সুদে এবং সহজ কিস্তিতে যাহাতে ঋণ দেওয়া যায় তাহার জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ হইতে মাননীয়া প্রধান মন্ত্রীর নিকট ইতিমধ্যেই প্রস্তাব পেশ করা হইয়াছে।

প্রধান মন্ত্রীর নিকট হইতে যে উত্তর পাওয়া গিয়াছে তাহাতে জানা যায় যে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি ক্ষুদ্র শিল্পের প্রসারার্থে শতকরা ৮·২৫ হইতে ৯·৫০প. হার পর্যন্ত সুদে ঋণ দিবার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। সুদের হার কমাইবার জন্য আমরা যে প্রস্তাব করিয়াছিলাম তাহা তাঁহারা গ্রহণ করেন নাই। তাঁহাদের মতে রাজ্যসরকার প্রয়োজনবোধে বিভিন্ন ক্ষুদ্র শিল্পকে সুদের হার লাঘব করিবার নিমিত্ত অনুদান (সাবসিডি) দিতে পারেন।

বর্তমানে রাজ্যসরকার তিনটি ইণ্ডাষ্ট্রীয়াল এষ্টেট-এর অন্তর্গত কয়েকটি শিল্পকে ব্যাঙ্ক রেটের উপর শতকরা ২ টাকা হারে অনুদান দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

### বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির দখলে জমির পরিমাণ

127. (Admitted question No. 320.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৪৯-৫০ সালে বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির দখলে কত জমি ছিল;

(খ) বর্তমানে ঐ সকল জমি কাহার দখলে আছে; এবং

(গ) বর্তমানে ঐ জমির কোন অংশ খাস বা সরকারে ন্যস্ত কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১০৫·০০ একর।

(খ) বর্তমানে ঐ জমি বলরামপুর মালটিপারপাস কো-অপারেটিভ সোসাইটির দখলে আছে;

(গ) হ্যাঁ। ১৮·৬৭ একর।

### Bifurcation of Karimpur Block

128. (Admitted question No. 467) **Dr. NALINAKSHA SANYAL:** Will the Minister-in-chrrge of the Agriculture and Community Development Community Development) Department be pleased to state—

(a) whether the Government is aware of the difficulties experienced by the people of Karimpur Block area as a result of the inadequate services obtainable from the officers of the Block who are stationed at an extreme corner of the Block at Shikarpur:

(b) if it is a fact that to remedy these difficulties proposals for (i) splitting up of the Block into two Blocks and/or (ii) transfer of the Block Headquarters from Shikarpur to Karimpur, have been under consideration; and

(c) if the answer to (b) be in the affirmative, the present position of these proposals?

**The Minister for Agriculture and Community Development:**

(a) Government are aware of the difficulties of the people of Karimpur Block on account of the location of the Block Headquarters at a corner of the Block but Government is not aware of inadequate services of officers of the Block to the people of the Block area,

(b) (i) The proposal is under consideration of Government.

(ii) It has been dicided that the Headquarters of the Block should remain at Shikarpur pending bifurcation.

(c) Owing to some legal difficulties, the work of bifurcation of Karimpur Block could not be given effect to so far. As soon as this legal hurdle is removed, the Block will be bifurcated.

**Number of anti-social elements apprehended by the Government under the Preventive Detention Act.**

129. (Admitted question No. 509) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of anti-social elements apprehended by the Government, under the Preventive Detention Act during the year 1969; and

(b) how many of them were hoarders, profiteers and blackmarketeers?

**The Minister for the Home (Police):**

(a) 3,702 persons.

(b) 93 persons.

**পাণ্ডুয়া থানায় ডি ভি. সি.-র সেচের জল সরবরাহ**

130. (Admitted question No. 599.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার পাণ্ডুয়া থানায় কোন্ কোন্ মৌজায় ডি. ভি. সি.-র সেচনের জল পায় না;

(খ) কোন্ কোন্ মৌজায় শতকরা ৫০ ভাগ জমি সেচনের জল পায় না; এবং

(গ) কোন্ কোন মৌজায় উপযুক্ত নিকাশী অভাবে ফসল নষ্ট হয়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) মৌজাগুলির নাম নিম্নে দেওয়া হইল:
শ্রীরামবাটী, কানুর, ইলামপুর, নগরডাঙ্গা, বরগ্রাম, চাহকা, শ্যামসুন্দরপুর, আমুয়া আবমারি, মুক্তিক্রী নপাড়া, পাঁচদেউলী, আচরপাড়া কুলুপুকুর এবং ভারাজল।

(খ) মৌজাগুলির নাম নীচে দেওয়া হইল:
চোবেড়িয়া, হাটনী, দাস্তসারা, বিলআরা, দাসপুর, চম্পাহাটী, উত্তরখন্ড, ভালবুনা, সোনাটিকরী, শিয়ালবারী, বরোগ্রাম এবং তেলকুপা।

(গ) মৌজাগুলির নাম নীচে দেওয়া হইল:
বরনরী, জারল, দস্তসর, কুলুপুকুরিয়া, পৈরা, বাসুদেবপুর, বেড়ালা, বন্টিকা, হাট্নী ও পাচগড়া।

**তালপুকুর হইতে দেঁড়েদিঘী পর্যন্ত রাস্তার পরিকল্পনা**

131. (Admitted question No. 602.)

**শ্রীমতী আভা মাইতি:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর থানার অন্তর্গত তালপুকুর হইতে দেঁড়েদীঘি পর্যন্ত কোন রাস্তার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর না হয়, তবে উক্ত পরিকল্পনা গ্রহণের সম্ভাব্যতা সরকার বিবেচনা করিবেন কিনা?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) না।

(খ) ইতিমধ্যেই কয়েকটি রাস্তার প্রস্তাব সরকারের বিবেচনাধীনে আসিয়াছে, অর্থাভাব হেতু আর কোন নতুন প্রস্তাব বিবেচনা করার পরিকল্পনা আপাতত নাই।

## বহরমপুর সদর ও জেনারেল হাসপাতাল

132. (Admitted question No. 630.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বহরমপুর সদর ও জেনারেল হাসপাতালে বর্তমানে কোন ডি. এম. ও. নাই ; এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## নয়াদিল্লীর বঙ্গভবনে থাকিবার ব্যবস্থা

133. (Admitted question No. 712.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** পূর্ত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নয়াদিল্লীর বঙ্গভবনে কতজনের থাকিবার ব্যবস্থা আছে ; এবং

(খ) এখানে কাহারা কি কি সর্তে থাকিতে পারেন ?

**The Minister for Public Works :**

(ক) বঙ্গভবনের প্রধান অংশে (মেইন বিল্ডিং) দুই শয্যাযুক্ত তেরটি কক্ষ আছে। সংলগ্ন অতিথিশালায়ও দুই শয্যাযুক্ত দুইটি কক্ষ আছে।

(খ) বঙ্গভবনে প্রধানত রাজ্যের মন্ত্রিমহোদয়দিগের, রাজ্যসরকারের অফিসার ও কর্মচারী যাঁহারা সরকারী কাজে দিল্লী যান তাঁহাদের থাকিবার ব্যবস্থা করা হয়। ইহাদের প্রয়োজন মিটাইয়া যদি কোনও স্থান পাওয়া যায় তবে উহা কেন্দ্রীয় সরকারী অফিসার ও প্রখ্যাত বে-সরকারী ব্যক্তি, যেমন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, চিকিৎসক, রাজ্য বিধানসভার সদস্য ও লোকসভার সদস্যদিগকে রাজ্য সরকারী অফিসার ও কর্মচারীর প্রয়োজন হইলে ছাড়িয়া দিতে হইবে এই সর্ত সাপেক্ষে থাকিতে দেওয়া হয়।

রাজ্যের মন্ত্রী, অফিসার ও কর্মচারীদের জন্য একরূপ ও কেন্দ্রীয় সরকারী অফিসার ও বে-সরকারী ব্যক্তিদিগের জন্য ভিন্নরূপ ভাড়া নির্ধারিত আছে।

## কলিকাতা মহানগরীর রাস্তার শোচনীয় অবস্থার প্রতিকার

134. (Admitted question No. 112.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা মহানগরীর প্রধান ও অপ্রধান সমস্ত রাস্তার যে শোচনীয় অবস্থা দীর্ঘকাল ধরিয়া চলিতেছে তাহার প্রতিকারের জন্য রাজ্যসরকারের কিছু করণীয় আছে কি ?

**The Minister for Local Self-Government :**

পূর্ত বিভাগের কর্তৃত্বাধীনে ন্যস্ত কিছু রাস্তা ছাড়া রাজ্যসরকারের কলিকাতার রাস্তা সংরক্ষণের নিমিত্ত কোন প্রত্যক্ষ দায়িত্ব নাই। কলিকাতা কর্পোরেশন কলিকাতার রাস্তা সংরক্ষণের জন্য দায়ী। সরকার অবশ্য কলিকাতার রাস্তার শোচনীয় অবস্থার কথা সম্যক অবগত আছেন এবং সীমাবদ্ধ আর্থিক সংগতির মধ্যে মোটরযান শুল্ক বাবদ আদায়ের কিয়দংশ ও কলিকাতা মেট্রোপলিটান ডিষ্ট্রিক্টের উন্নতির জন্য বরাদ্দ অর্থের কিয়দংশ কলিকাতা কর্পোরেশন ও কলিকাতা উন্নয়ন সংস্থাকে (ক্যালকাটা ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট) রাস্তা মেরামত ও উন্নয়নের নিমিত্ত প্রদান করিয়া থাকেন।

## চতুর্থ টেষ্ট ম্যাচের সময় নিহত যুবকদের মৃত্যু সম্পর্কে তদন্ত

135. (Admitted question No. 559.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে ইডেন গার্ডেনে অনুষ্ঠিত চতুর্থ ক্রিকেট টেষ্ট ম্যাচের টিকিট ক্রয়ের জন্য লাইন দেওয়ার সময় নিহত যুবকদের মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে কোন তদন্ত করা হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে তদন্তের ফলাফল কি ?

**The Minister for Home (Police) :**

(ক) এবং (খ) বিষয়টি একটি কমিটির তদন্তাধীন আছে।

## মুর্শিদাবাদ জেলার বিল লাঙ্গলহাটা জলনিকাশী পরিকল্পনা

136. (Admitted question No. 109.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার বিল লাঙ্গলহাটা জলনিকাশী পরিকল্পনা কতদূর কার্যকরী করা হইয়াছে ?

**The Minister for Irrigation and Waterways :**

১৯৫২ সালে মঞ্জুরীকৃত তিন লক্ষ ত্রিশ হাজার টাকার প্রকল্পটি কার্যকরী হইয়াছে। ইহা বর্ষার পর জলনিকাশের কাজ করিবে।

লাঙ্গলহাটা বিল এলাকাটি কান্দী মহকুমার অন্যান্য বন্যা অধ্যুষিত এলাকার সহিত সংযুক্ত। সমগ্র এলাকাটির জন্য একটি বন্যা নিরোধক প্রকল্প রচনা করিবার জন্য মডেল পরীক্ষা চলিতেছে। এই পরীক্ষার ফলাফল জানা গেলে নাজল প্রকল্প গ্রহণ করার প্রশ্ন উঠিবে। এই ধরনের একটি প্রকল্প কার্যকরী করা হইলে প্রায় ৬·৩ বর্গমাইল অঞ্চল বর্ষাকালে জল জমার হাত হইতে রক্ষা পাইবে।

[ 2-00—2-10 p.m. ]

**Mr. Speaker :** Questions over.

I have received two notices of Adjournment Motion on the following subjects, namely—

1. Murder of the wife of the French Consul General in Calcutta—from Shri Gyan Singh Sohanpal,
2. Lack of proper security to the members of the diplomatic missions in Calcutta—from Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury.

I am sorry that I have withheld consent in both cases but I am going to allow the Calling Attention Motions tabled on the same subject. But you may read the texts of your motions.

## Adjournment Motion

**Shri Gyan Singh Sohanpal :** This Assembly do now adjourn its business to dicuss a definite matter of urgent public importance and of recent occurrence namely, the sensational murder of the wife of the French Consul General in Calcutta and the failure of the West Bengal Government to protect the life and property of people of West Bengal in general and the foreign diplomatles in particular.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely, the total failure of the State Government in giving proper security to the members of the diplomatic missions in Calcutta and members of the families of the French Consul General and his son being severely injured and his wife stabbed to death at her residence on Saturday night.

**Mr. Speaker :** The Minister in charge of the Home (Transport) Department will please make a statement on the subject of the alleged irregularities in train services in Bandel-Azimganj line—called attention by Shri Mollah Humayun Kabir on the 3rd February 1970.

## Calling attention to matters of urgent public importance.

**Mr. Speaker :** I have received 6 notices of Calling Attention on the following subjects, namely—

1. Attack on the passengers of a running train near Dum Dum Railway station----from Shri Narayan Chandra Naskar ;
2. Violent incident in Calcutta on 8-2-70.—from Shri Anil Kumar Mukherjee ;

3-6. Murder of the wife of the French Consul General and serious injuries to the Consul General and his son in Calcutta—from Shri Anil Kumar Mukherjee, Shri Gyan Singh Sohonpal, Shri Santosh Kumar Ray and Shri Aswini Ray.

I have selected the notice on the subject of murder of the wife of the French Consul General and serious injuries to the Consul General and his son in Calcutta—from Shri Anil Kumar Mukherjee, Shri Gyan Singh Sohonpal, Shri Santosh Kumar Ray and Shri Aswini Ray.

The Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Jyoti Basu :** On the 11th February.

**Mr. Speaker :** The Minister in charge of the Home (Transport) Department will please make a statement on the subject of the alleged irregularities in train services in Bandel-Azimganj line—called attention by Shri Mollah Humayun Kabir on the 3rd February, 1970.

**Shri Mohammed Amin :** Sir, On the Calling Attention notice given by the honourable Member, Shri Mollah Humayun Kabir to the matter of urgent public importance, viz. "Irregularities of trains due to defects in railway system and recent public disturbances at many stations on Bandel-Ajimganj line and gheraoed against D. S. (Railway) at many stations during his recent tour on the 28th, 29th January" having no

direct control over the operation of railway communications we have resorted to the obtaining of a report from the General Manager, Eastern Railway, on the question. The report reads—

"At present there are 9 passenger carrying trains running on the B. A. K. Loop. An additional Suburban train was introduced between Howrah and Katwa with effect from 1-10-1969 as an additional facility based on the representations from public.

"The traction on the B.A.K. Loop is steam traction. There has been demand for dieselising the section, but because of want of diesel power, and also as the available diesels are required for the running of long-distance trains, dieselisation has not been possible. Diesels are allotted on an all-India basis by the Railway Board and they are in short supply due to the foreign exchange element involved in their manufacture in the country. However, the Railway Board is considering procurement of Diesel Multiple Units for the Indian Railways to serve sections like Howrah-Katwa.

"The punctuality of the services between Howrah and Katwa on the B.A.K. Loop is affected by the large incidence of alarm chain pulling. The number of occasions alarm chain has been pulled on an average per day for 6 months from July to December, 1969, is furnished below :—

| | | |
|---|---|---|
| July 69 | .... | 23 |
| Aug. | .... | 23 |
| Sep. | .... | 15 |
| Oct. | .... | 19 |
| Nov. | .... | 21 |
| Dec. | .... | 20 |

"Every time an alarm chain is pulled the train gets held up and goes out of path and throws the running of other trains also out of gear. There have also been occasions where train hold-ups by squatting on the track, etc. have led to long delays and the entire passenger train operation was getting out of gear on the section. Railwaymen are trying their best to meet the situation with the co-operation of the public.

"Hold up of trains on other sections of the railway system also affects the starting and termination of trains from Howrah terminal, which is a heavily over-worked station from which more than 300 trains start and terminate every day. There have been cases of serious hold-ups to trains lasting over 8-10 hrs. on the Eastern Railway system and these recoil back on the Howrah terminal affecting opperation on the B.A.K. Loop also. Even in regard to the hold-up to these longdistance trains, railwaymen are trying to do their best to get over the difficulties with the co-operation of the public.

"In spite of these difficulties, the punctuality on the B. A. K. Loop has been on an average 52% during the period July/69 to December, 1969.

"The Divisional Supdt. inspected the B.A.K. Loop on 28th and 29th January, meeting staff and representatives of public at various stations. There has been no incidence of 'gherao' on this occasion although there were representations by the public and the Divl. Supdt. listened to them and received the representations.

"In order to improve the operation on the B.A.K. Loop, one additional crossing station is already under construction and two more crossing stations at a cost of Rs. 11.4 lakhs have been approved by the Railway Board and the work will be undertaken in the coming financial year.

"There are no irregularities or difficulties on the B.A.K. Loop, but being a long section with a large number of stations, there occasionally may happen a mechanical failure of signals which is immediately attended to by the staff on duty. There have been cases when due to slight delays on account of such mechanical failures, the train staff and the staff at stations are man-handled by some section of the travelling public. On such occasions the railwaymen tried to get over the difficulty with the co-operation of the public in general."

The report does not reveal any defects of a major character in the railway system nor that the Divisional Superintendent was gheraoed during his recent tours. I am inclined to accept that the remedial measures taken up and proposed by the Eastern Railways should further reduce delay. I shall. however, request the State Government nominees on the Railway Users' Consultative Committee to take note of the grievances raised by the Hon'ble Member.

[ 2-10—2-20 p.m. ]

**Mr. Speaker:** Now, mention cases. I call upon Shri Siddhartha Shankar Ray. Please be short.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, সামান্য একটু বলবো যেটার উত্তর আমরা পাবো। এটাতো বিক্ষিপ্ত ঘটনা নয়, ২/৩টা এর আগেও হয়েছে, তার জন্য উপ-মুখ্যমন্ত্রী একটা বক্তব্য রাখবেন। আপনি বিবেচনা করে দেখুন, ইম্পর্টেণ্ট ডিপ্লোম্যাটিক যত অফিস আছে খালি তাই নয়, যাদের বাড়ী আছে খালি ফ্রেন্স, জারমান, ইংল্যাণ্ড বলছিনা, যুক্তরাষ্ট্রে, সোভিয়েট রাশিয়ার যত আছে তাদের বাড়ীতে পুলিশের ব্যবস্থা করুন। আমরা যা হয় পুলিশ-টুলিশ ছাড়াই ম্যানেজ করে নেবো। কিন্তু বাইরে থেকে যারা এসেছে তাদের পুলিশ-টুলিশ দিন তা না হলে তারা ভাববে কি?

**Mr. Speaker:** The Deputy Chief Minister will now make a statement on the subject of murder of the wife of the French Consul General and serious injuries to the Consul General and his son in Calcutta.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, at about 2 a.m. on Sunday, the 8th February, 1970, some persons managed to effect their entry into the bedroom of the French Consul and his wife at their residence in Calcutta. They attacked the Consul General and his wife with knives. The son of the Consul General, who was occupying an adjoining bedroom, entered his parents' bedroom with a sword on being awakened by their cries. He immediately attacked one of the intruders and caused injuries to him. In the scuffle he also received injuries. Thereafter all the intruders fled by climbing down a rainwater pipe. The police receivdd information about this incident at about 2-30 a.m. and they promptly arrived upon the scene. The Cousul General, his wife and his son were sent to hospital where the wife was pronounced dead. The Consul General and his son are being treated in the hospital. The injuries on the person of the son are of a superficial nature. The condition of the Consul General is not yet satisfactory. The investigation of this case has been taken up by the Detective Department of the Calcutta Police. Forensic experts of the Detective Department and also af the Forensic Science Laboratory under the supervision of the Director of the Laboratory are assisting in the investigation. Footprints, fingerprints, blood samples, etc. are being collected and are being examined. The services of two police dogs were requisitioned. Both dogs independently pointed

cut one person whom the police have arrested on the suspicion that he is involved directly or indirectly in the murder that has taken place. The police are conducting the investigation of the case to the best of their ability and I can assure this House that they will not spare any pains in attempting to bring the murderers, whoever they may be, to book. Government have been deeply grieved by the tragic incident in which the Consul Generals' wife lost her life. They take this opportunity of conveying their heart-felt condolence to the bereaved members of the family. Words strong enough cannot be found for condemning the dastardly crime that has been committed. We all hope that the criminals will be apprehended before long. The suggestion of the Leader of the Opposition can be taken into consideration after discussions with the representatives of the Consular Corps in Calcutta.

## Mention Cases

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় স্পীকার মহাশয়, পাণ্ডুয়া থানায় ডি. ভি. সি.-র যে সাব অফিস আছে, সেই অফিসের সামনে গত ৪ঠা ফেব্রুয়ারী থেকে ওখানকার শ্রমিকরা অনশন শুরু করেছেন। তাদের ১০ দফার দাবীর ভিত্তিতে এবং বিগত ২ বছর যাবত তারা কেন্দ্রীয় সরকারকে জানিয়ে এসেছেন যাতে ডি. ভি. সি.-র কর্তৃপক্ষ তাদের বাসস্থান মানুষের বাসপযোগীর মত ব্যবস্থা করে দেন। সেখানে কোন পানীয় জলের ব্যবস্থা নেই, সৌচাগারের ব্যবস্থা নেই, রন্ধনশালার গৃহ অত্যন্ত ভগ্নাবস্থায় পরিণত হয়েছে। এই রকম অবস্থা চলতে থাকায় স্থানীয় কৃষক এবং শ্রমিকশ্রেণীর মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হচ্ছে। আমি সেজন্য আমাদের সরকারের মাধ্যমে আমাদের শ্রমমন্ত্রীকে কেন্দ্রীয় শ্রমমন্ত্রীর কাছে অবিলম্বে এই ঘটনা জানিয়ে দেবার জন্য আবেদন করছি। তারা যেন এই অনশনরত শ্রমিকদের দাবীদাওয়া সম্পর্কে বিবেচনা করে আমাদের বাংলা দেশের শ্রমিকদের মধ্যে শান্তি বজায় রাখার জন্য সজাগ প্রচেষ্টা নেন। এই আবেদন আমাদের সরকারের মাধ্যমে জানিয়ে দেওয়া হোক।

**শ্রীসরল দেব :** মাননীয় স্পীকার মহাশয়, আমি ট্রান্সপোর্ট মিনিষ্টার এবং শিক্ষা মন্ত্রীর কাছে দুটি বক্তব্য রাখতে চাই। কথাটা হচ্ছে আমরা যখনই ট্যাক্সিতে যেতে চাই, দেখি তাতে একটা লাল কাপড় লাগিয়ে দেওয়া হয় এবং বলা হয় যে ডিফেক্টিভ, পরক্ষণেই দেখি সেই ট্যাক্সি চলে যায় এবং জিজ্ঞাসা করে কোন দিকে যাবেন, যদি দক্ষিণ কলিকাতা হয় উঠতে পারেন, অন্য দিকে হলে যাবনা। কলকাতার জনজীবনে এই যে ট্যাক্সী নিয়ে একটা বিভ্রাট দেখা দিয়েছে, আশা করি এ বিষয়ে ট্রান্সপোর্ট মিনিষ্টার দৃষ্টি দেবেন।

আমি আর একটা বিষয় শিক্ষামন্ত্রীর দৃষ্টিতে আনতে চাচ্ছি। আমরা যখন মেনশন করি তখন প্রায়ই শিক্ষামন্ত্রী মহাশয় থাকেন না। আজকে তিনি আছেন। আমি কিছুদিন আগে জানিয়েছিলাম যে আমার এলাকার প্রাইমারী বেসিক স্কুলের একজন শিক্ষককে জোরপূর্বক বের করে দিয়েছে, সেই সম্পর্কে তাঁর দৃষ্টি আমি আকর্ষণ করেছিলাম, ডেপুটেশন দিয়েছিলাম। ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তাহলে, এই যদি হয়, এসেমব্লী হাউসে মেনশন করার রীতি উঠিয়ে দিন। আমরা জরুরী অবস্থা বলে মেনশন করি এবং আপনি মেনশন করতে দেন, এই যদি অবস্থা হয় তাহলে এখানে এভাবে বলে লাভ কি? মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে গিয়েছি, ডেপুটেশনে গিয়েছি, ওঁর নজরে এনেছি, অথচ ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সেজন্য বলছি আমাদের যে মেনশন করার অধিকার আছে হাউসে, সেটা উঠিয়ে দিন।

**মিঃ স্পীকার :** মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়, আপনি একটা কিছু বলুন, এসিওরেন্স দিন, একটা আশ্বাস দিন।

**শ্রীসত্যপ্রিয় রায় :** আমি অভিযোগ পেয়েছি, মাষ্টার মহাশয়ও গিয়েছেন, ঘেরাওয়ের কথা বললেই যে সব সময় সত্য হয়, তা নয়। কেননা দু তিনটি জায়গায় তদন্ত করে দেখেছি, মিথ্যা অভিযোগ আমার কাছে এসেছে, অবশ্য এখানে এম. এল. এ. বলছেন, আমি গুরুত্বও দিয়েছি, তদন্ত হচ্ছে, শেষ হলে ব্যবস্থাও গ্রহণ করব।

**শ্রীসনৎকুমার রাহা :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় না থাকলেও পলিটিক্যাল পেনশন কমিটির কিছু কিছু মেম্বার আছেন, তাঁদের কাছে এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলতে চাই যাঁরা রাজনৈতিক জীবনযাপন করে জীবনের শেষ প্রান্তে এসেছেন, এক বছর ধরে যুক্তফ্রন্ট সরকার হয়েছে, তাদের কাছে এঁদের জন্য আবেদন নিবেদন করেছি, সরকারের কানের কাছে পৌঁছে দিয়েছি। আমরা এম. এল. এ.-রা বার বার দপ্তরে দপ্তরে ঘুরেছি কিন্তু তাদের ব্যাপারে উত্তর কিছু দেওয়া হচ্ছে না। কোন উত্তর দিচ্ছেন না কবে ভাতা দেওয়া হবে।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** আপনি কার কথা বলছেন ?

**শ্রীসনৎকুমার রাহা :** আমি নরেন বিশ্বাসের কথা বলছি, আজও আমি রাইটার্স বিল্ডিংসে গেছলাম, তাঁরা বলেছেন আজকে চিঠি যেতে পারে।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** নরেন বিশ্বাসের কেস অনেক দিন হয় হয়ে গেছে।

**শ্রীসনৎকুমার রাহা :** না হয়নি। বন্দী কোন উত্তর পায়নি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** আমি বলছি হয়েছে। হয়ে যাবার পরেও একটা প্রসেস আছে, এ, জি,-তে দেরী হচ্ছে।

**Shri Ramkrisna Saraogi :** Mr. Speaker, Sir, about the highhandedness of the taxy drivers, the hourable Member, Shri Saral Deb, has made a mention. This question had been raised several times in the Assembly, but so far we find that no step has been taken by Government. In order to make the Government feel the seriousness of the matter I suggest that the car facilities of the Ministers should be withdrawn immediately and against that taxy allowance should be given to them. When the Ministers will feel the difficulty in obtaining taxy, they would think of taking action in the matter. I hope the Minister will look into the matter and take immediate action.

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী :** স্যার, আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শ্রমমন্ত্রী এখানে নাই, আশা করি পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মন্ত্রীমহাশয় এই দৃষ্টি আকর্ষণী তাঁর কাছে পৌঁছে দেবেন। হাওড়া-কলকাতায় জমাদার সংঘ বলে একটা ট্রেড ইউনিয়ন এম্প্লয়ীদের আছে। বেশ কিছুদিন আগে তারা একটা ষ্ট্রাইক নোটিশ দিয়েছে। এবং তার নকল টকল সমস্ত পাঠিয়েছে লেবার ডিপার্টমেন্টে। কিন্তু আজ পর্যন্ত লেবার ডিপার্টমেণ্ট থেকে কোন ব্যবস্থা করা হয়নি যাতে ট্রাই-পার্টাইট বা বাই-পার্টাটাইট কোন আলোচনা হয়। তার ফলে আগামী ১৬ তারিখ থেকে আবার বড়-বাজারে (কোলকাতার) ষ্ট্রাইক সুরু হবে এবং ইতিমধ্যেই গোবিন্দ ভবনে হরিজনরা ষ্ট্রাইক করেছে। সেইজন্য আমি লেবার ডাইরেকটোরেটের কাছে অনুরোধ জানাচ্ছি তাঁরা অবিলম্বে হস্তক্ষেপ করুন।

[ 2-20—2-30 p.m. ]

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মিঃ স্পীকার স্যার, হুগলী জেলার কোন্নগর এলাকায় গত সপ্তাহে যে মর্মান্তিক ঘটনা ঘটেছে সেটা হচ্ছে রতন ভট্টাচার্য্য নামে ২৮/২৫ বছরের একটি যুবককে ৪০/৫০ জন লোক মেরে একেবারে অচৈতন্য করে রেখে যায় এবং তারপর পুলিশ তাকে হাসপাতালে দিয়েছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় হচ্ছে থানাতে ইনফর্মেসন লজ করা সত্বেও কাউকে গ্রেপ্তার করা হয়নি। রতন

ভট্টাচার্য মেডিকেল কলেজে ৯৯নম্বর ওয়ার্ডে রয়েছে এবং এখন তার জ্ঞান হয়েছে। এখন তার কাছ থেকে এজাহার নিয়ে একটা কিছু ব্যবস্থা করা যায়, কিন্তু দুঃখের বিষয় কিছুই করা হচ্ছে না। তাঁর আত্মীয় স্বজনরা জিজ্ঞাসা করছে কোতয়ং-এর লোকেরা আর কতদিন এরকম অবস্থায় থাকবে? ৪০/৫০জন একটি যুবককে মেরেছে এবং তার ফলে তার গায়ে বল্লমের আঘাত দেখা যাচ্ছে, পোড়া আঘাত দেখা যাচ্ছে, প্রত্যেক গাঁটে গাঁটে ব্লান্ট ইনস্ট্রুমেন্ট দিয়ে আঘাত করেছে এবং সে একেবারে মরণাপন্ন অবস্থায় রয়েছে। তার কাছ থেকে এজাহার নিয়ে পুলিশ এ্যাকসন নেওয়া হচ্ছেনা বলে আমি অনুরোধ জানাচ্ছি অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আমি যে বিষয়টি এখানে বলতে চেয়েছিলাম সেটি ইতিমধ্যেই এখানে বলা হয়েছে বলে আমি আর বলতে চাইনা।

## Point of Privilege

**শ্রীসমরকুমার রুদ্র :** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি প্রিভিলেজের প্রশ্ন এখানে তুলতে চাই। আমার বক্তব্য হচ্ছে বিধানসভায় যে ঘটনা ঘটেছে সেই ঘটনা যদি বাইরের সংবাদপত্রে প্রকাশিত হয় তাহলে আমার বলবার কিছু ছিলনা। কিন্তু কার্য্য বিবরণীতে যে ঘটনার উল্লেখ নেই অর্থাৎ যে ঘটনা এখানে ঘটেনি তাকে অসত্যভাবে, বিকৃতভাবে, ইচ্ছাকৃতভাবে ভুল করে পরিবেশিত করা হয় এবং বাইরে মন্ত্রীকে, সদস্যকে হেয় করা হয় তাহলে আমি মনে করি তাতে বিধানসভার সদস্যের অধিকার ভংগ করা হয়েছে এবং বিধানসভাকে হেয় করা হয়েছে। আমার কাছে এই যে বই রয়েছে তার নাম হচ্ছে, "The Treaties on the Law of Privileges and Usages of Parliament." এখানে বলছে Nothing that the printing or publishing of anything related to the proceedings of the House is subject to the privileges of the House. তারপর বলছে So long it remains correctly and faithfully reported the orders regarding publication are not enforced but when they are reported malafide the publishers of the newspapers are liable to punishment. এবং কোন্ কোন্ ক্ষেত্রে হবে সে সম্বন্ধে বলেছে publishing a false account of proceedings of the House of Lords এবং publishing scandalous misrepresentation of orders passed in eitner House, publishing gross or wilful misrepresentation of a particular Member's speech. স্যার, আমার বক্তব্য হচ্ছে ৫ই ফেব্রুয়ারী তারিখে "কালান্তর" পত্রিকার ২য় পৃষ্ঠায় সম্পাদকীয় প্রবন্ধে মন্ত্রীর সম্বন্ধে কটাক্ষপাত করা হয়েছে এবং বিধানসভার সদস্য যা বলেননি তা বলা হয়েছে। আমি জানতে চাই, এই অধিকার কেন হরণ করা হয়েছে? "কালান্তর" পত্রিকার সম্পাদকীয় প্রবন্ধে "শিক্ষা বিভাগে চরম অরাজকতা" এই হেডিং দিয়ে লিখেছে, "যুক্তফ্রন্টের শাসনকালে মাত্র কয়েক মাসে ২৩৮টি উচ্চ এবং নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বাতিল করে সেখানে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করা হয়েছে। ঘটনাটি অত্যন্ত অস্বাভাবিক তবুও দেখা গেল স্বয়ং শিক্ষামন্ত্রী বিধানসভায় এই অত্যাশ্চার্য ঘটনাটি স্বীকার করতে বাধ্য হয়েছেন। অভিযোগ উঠেছে সি. পি. এম.-এর জনৈক নেতা শ্রীকে, জি, বসু একাই ৮টি বিদ্যালয়ের এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত হয়েছেন।" শিক্ষামন্ত্রী মহাশয় এখানে উপস্থিত রয়েছেন, তিনি সংশ্লিষ্ট প্রশ্নের উত্তরে একথা কখনও স্বীকার করেননি যে, সি. পি. এম. সদস্য শ্রীকে, জি, বসু মহাশয় একাই ৮টি জায়গায় এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত হয়েছেন। মহাপ্রতিভাধর কে, জি, বোস তিনি সরকারী কর্মচারী আন্দোলনের নেতা, তিনি পে কমিশনের সদস্য, বিধান সভারও সদস্য তার উপরেও তাঁকে বহু বিদ্যালয়ের ব্যবস্থাপনা দেখতে হচ্ছে, আশ্চর্য ক্ষমতা বটে। শিক্ষামন্ত্রী দয়া করে ঐ ২৩৮টি বিদ্যালয়ে যাঁরা এ্যাডমিনিষ্ট্রেটার নিযুক্ত হয়েছেন তাঁদের নাম জানাবেন কি? ঐ ভদ্র মহোদয়গণ কোন কোন পার্টির সংগে যুক্ত তাও জানতে পারলে আমরা পরম উপকৃত হবো। সেই সাহস সত্যপ্রিয় বাবুর আছে কি?

শিক্ষামন্ত্রী তাঁর খুশিমত বিভিন্ন কলেজের গভর্ণিং বডিতে নিজের দলীয় লোক ঢুকিয়েছেন, তার দৃষ্টান্ত আছে অসংখ্য। শিক্ষা বিভাগকে সম্পূর্ণ নিজ দলের কর্তৃত্বে আনার জন্য সত্যপ্রিয় বাবু বেপরোয়া—তাঁর চক্ষু লজ্জার বালাই নেই। দলীয় কর্মীদের চাকরি করে দেওয়া এবং স্কুল কলেজের টাকা পয়সার উপর কর্তৃত্ব স্থাপনের মারফত দলীয় স্বার্থপুষ্টির কাজে শ্রী রায় কোন নিয়ম কানুনের ধার ধারেননা। দলীয় বাহিনী প্রেরণ করে ম্যানেজিং কমিটি বা সেক্রেটারীকে ঘেরাও করার কাজ কি একটা দুটো হয়েছে—এগুলো সবই হয়েছে রায় মহাশয়ের ইংগিতে। —ঐ গুণ্ডা বাহিনী বিধান সভায় ঢুকে মুখ্যমন্ত্রীকে অপমান করে। ইতিমধ্যেই তিনি শিক্ষা বিভাগে চরম অরাজকতা সৃষ্টি করেছেন। তাঁকে সংযত না করলে বাংলাদেশের শিক্ষা জগতে লণ্ডভণ্ড হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়—

**মিঃ স্পীকার:** I have understood your point of privilage. Now you please take your seat.

**শ্রীসমরকুমার রুদ্র:** নোটিশটা আমাকে পড়তে দেবেন তো, আমাকে পড়তে দিতে হবে।

**মিঃ স্পীকার:** Mr. Rudra, you are a lawyer and you know the rules. Please take your seat. আপনি যা বলেছেন আমি শুনেছি, আপনি কাগজটা আমার কাছে দিয়ে যান।

**শ্রীনেপালচন্দ্র রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, বিভিন্ন খবরের কাগজে এটা বিভিন্নভাবে ছাপা হয়েছে, কিন্তু এটা হচ্ছে স্বামী স্ত্রীর ঝগড়া, সুতরাং এই হাউসের মধ্যে এটা না এনে, বাইরে গিয়ে মিটিয়ে ফেলতে উনাদের অনুরোধ করছি।

**মিঃ স্পীকার:** ইট ইজ নট এ পয়েন্ট অব অর্ডার, আপনি বসুন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটা স্বাধিকারের প্রশ্ন আমার আছে। কোন মাননীয় সদস্য যদি এক একটা খবরের কাগজ এই হাউসে নিয়ে পড়তে চায় তাহলে তা পড়ার অধিকার তার আছে কি না এবং আমাদের অধিকারকে খর্ব করা হচ্ছে কি না, এটা আপনার কাছে জানতে চাইছি, আপনি রুলিং দিন।

**Mr. Speaker:** When a Member raises a matter of privilege he should have given a copy of the paper to me first, and the Member is only allowed to read the relevant portion on which he relies. Excepting that he cannot do anything more.

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীমতী গীতা মুখার্জি:** মিঃ স্পীকার স্যার, এই ব্যাপারটা এ্যাসেম্বলী প্রোসিডিংস থেকে একসপাঞ্জ করবার জন্য আমি আপনার কাছে আবেদন করছি।

**মিঃ স্পীকার:** আনপার্লামেন্টারি না হলে আমি প্রোসিডিংস থেকে একসপাঞ্জ করতে পারি না। উনি প্রিভিলেজ মোসান তুলেছেন সে সম্বন্ধে রুলিং দেবো, আমি গ্রাহ্য করবো কি না সেটা আমি বুঝবো। কাগজে যেটুকু রেফারেন্স আছে আমাকে তার একটা কপি দেবেন, আর আপনি সেটুকু ছাড়া পড়তে পারবেন না। উনি যে নোটিশ দিয়েছেন সে সম্বন্ধে আমি বলি I have patiently heard the honourable Member. The remarks made in the paper referred to in respect of Shri K. G. Basu, an honourable Member of this House, however, uncharitable or ironical it may be, do not relate to the conduct of the Member in his capacity as a Member of this House. These are in reference to his capacity as a public worker. However, in the context of Shri K. G. Basu being a Member of the House, if any diviation

from the proceedings of the House is made in the newspaper concerned, I should inform the honourable Members that this House is august and mighty enough to overlook and ignore such matters and we should not press this point any further in this House. The situation sometimes so happens that we cannot hear what goes on in this House. It may be that the matter could not be heard properly. So this House can very well overlook this matter being not of so much importance. This is my rulling.

Now the next item, the West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970.

## Government Bills

**ডাঃ জয়নাল আবেদিন :** On a point of order, মিঃ স্পীকার স্যার, আমি রুল ২৭-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বিশেষ কারণ ছাড়া অর্ডার পরিবর্তন করতে পারেন না। স্যার, আপনি দেখেছেন যে এ্যারেঞ্জমেণ্ট আছে হাউসে বিজনেস প্রোসিড করবে সেটা অল অন এ সাডেন পরিবর্ত্তন করে বলা হচ্ছে The West Bengal Seperation of Judicial and Excutive Functions Bill, 1970. আগে আসবে। এটা কি করে হবে? The West Bengal Paddy Purchase Tax Bill, 1970. যদি প্রথমে হয় তাহলে আগে হাউসকে জানাতে হবে।

**শ্রীযতীন চক্রবর্ত্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ঠিকই যে The West Bengal Paddy Purchase Tax Bill, 1970, এটাই অর্ডারে প্রথম আছে এবং মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে কথা বলেছেন সেটাও ঠিক। আমি আপনার কাছে অনুরোধ জানাচ্ছি এই সম্বন্ধে আপনি হাউসের কাছে অনুমতি নিয়ে নিন। আজকে যে বিলটা মুখ্যমন্ত্রীর এখানে উত্থাপন করবার কথা, মুখ্যমন্ত্রীকে গতকাল হঠাৎ চলে যেতে হয়েছে, আজকে সে বিল আসবে তিনি ভার দিয়ে গেছেন আমাদের শিল্প-বাণিজ্য মন্ত্রীর কাছে, এই বিল উত্থাপন করবার। তবুও আপনার মাধ্যমে হাউসের কাছে এই কথা রাখছি যে আমাদের যে পরের দুটা বিল আছে তাতে অনেক সময় লাগবে, এই দুটো বিল আগে নিয়ে যদি আজকের দিন কেটে যায় তাহলে ১১ তারিখে মুখ্যমন্ত্রীর আরো তিনটী বিল আছে, সেই বিলের সঙ্গে প্রথমেই তিনি এই বিলটা তুলবেন। আজকে যে দুটো বিল আছে সে বিল পাশ হবার পর ঐ বিলটা আমরা ধরতে চাই। এটাই আপনার মাধ্যমে সভার কাছে আমি অনুমতি চাচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমাদের অর্ডার অফ বিজনেস যেভাবে দেওয়া ছিল সে হিসাবে যারা আমাদের উকিল সদস্য তারা সব চলে গেছেন কেউ এখানে নেই কারণ অর্ডার অফ বিজনেস এইভাবে ছিল না।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে The West Bengal Separation of Judicial and Excutive Functins Bill, 1970 এই বিলটা যদি আজকে আলোচনা হয় তবে আমাদের একটু অসুবিধা হবে। কারণ এই বিলের ২ ধারা যদি দেখেন তাহলে দেখবেন ২ ধারাতে বলা আছে The Lode of Criminal Procedure, 1898, shall, in its application to West Bengal, be amended in the manner and to the extent specified in the Schedule. এই সিডিউলটা হচ্ছে ২৮ পাতা, আর ক্রিমিনাল প্রোসিডিওর কোডের প্রতিটি সেকসান এ্যামেনডেড হয়ে যাচ্ছে। এই বিলটা দেখতে খুব ছোট, এতে মাত্র ৫টা সেকসান আছে কিন্তু ২ ধারাতে ক্রিমিনাল প্রোসিডিওর কোড সেকসান একটার পর একটা যদি দেখেন গেজেট ৩০৮ পাতা থেকে গেজেটের ৩৩৫ পাতা পর্য্যন্ত তাহলে দেখবেন যে ক্রিমিনাল প্রোসিডিওর কোডের বিভিন্ন ধারা সংশোধন করা হচ্ছে। সেজন্য এই বিলটা আজকে আলোচনা

করলে আমাদের একটু অসুবিধা হবে। তাছাড়া আর একটা জিনিষ আমি বলতে চাই, এই রকম সিভিউলের এ্যামেনডমেণ্ট অবশ্য দরকার হলে নিশ্চয়ই করতে হবে। কিন্তু এই ব্যাপারে এখানে এ্যাডভোকেট জেনারেলের এখানে আসার আমরা দাবী করছি। কারণ তিনি এসে আমাদের বলুন এই যে এ্যামেণ্ডমেণ্টগুলি হচ্ছে এই এ্যামেণ্ডমেণ্টগুলির ফলে কোথায় কি দাঁড়াচ্ছে, ভবিষ্যতে কি অবস্থা হবে সেটা তিনি আমাদের বুঝিয়ে বলুন। আপনি তাঁকে এখানে তলব করুন যে কি ব্যাপার, আর না হয় এই বিলটাকে সিলেকট কমিটিতে পাঠান হোক, তা না হলে এ্যাডভোকেট জেনারেল এসে আমাদের প্রশ্নের জবাব দিন।

**মিঃ স্পীকার:** আমাদের মন্ত্রী রয়েছেন, উনি বুঝিয়ে দেবেন।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** স্যার, ভক্তিবাবু ভাল উকিল, কিন্তু তিনি মন্ত্রী, তিনি বিলটা প্রোপোজ করছেন, তিনি ইমপারসিয়াল থাকতে পারেন না। সংবিধান যদি দেখেন তাহলে দেখবেন এ্যাডভোকেট জেনারেলের একটা ইমপারসিয়াল পজিসান আছে। সেই ইমপারসিয়াল পজিসান আছে বলেই আমি বলছি যে এ্যাডভোকেট জেনারেলকে হাউসে ডাকুন, তিনি এসে এই বিল সম্বন্ধে বলুন, না হয়তো এই বিলটা সিলেকট কমিটিতে যেতে হতে পারে। কারণ এই বিল যদি দেখেন তাহলে দেখবেন ২৭ পাতার ক্রিমিনাল প্রোসিডিওর কোডের এ্যামেডমেণ্ট হচ্ছে। সুতরাং একটা কিছু ব্যবস্থা না করে এই বিলটা আজকে আনবেন না।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পাচ্ছি না যে, কেন অপজিসান লিডার হঠাৎ এই কথা তুললেন এবং এ্যাডভোকেট জেনারেলকে আনতে হবে না হবে এটা এনটায়ারলি গভর্ণমেণ্ট-এর ডিসক্রিসান, যদি গভর্ণমেণ্ট মনে করেন প্রয়োজন তাহলে আনতে পারেন। আমি খুব পরিষ্কার কথা বলছি যে এই আইনটা এর আগেই করা হয়েছে। এই আইনটা প্রেসিডেণ্টের সময় করা হয়েছিল। টাইম এক্সপায়ার করে যাবে বলে এটা এখন আনা হয়েছে। শুধু তাই নয় এর ডেট শেষ হয়ে যাবে কিছুদিনের মধ্যে। এর থেকে বোঝা যাচ্ছে যে ওঁরা এই রকম কায়দা-করম করে সেপারেশনকে বন্ধ করে দিতে চান।

[2-40—3-10 p.m.]

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** কালকে ডাকুন এ্যাডভোকেট জেনারেলকে। আপনার কাছ থেকে এটা নিতে পারব না।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এ্যাডভোকেট জেনারেলকে ডাকার কোন প্রয়োজন নেই। আমরা মনে করছি যে বিলটা ঠিক আছে। যদি মনে করেন নেই তো সেই অনুযায়ী ওঁরা বলবেন।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** এই বিলটা যদি এখন আনা হয় তাহলে বিলে অপোজিশনের যে পার্ট থাকে সেটা আমরা নিতে পারব না।

**শ্রীযতীন চক্রবর্তী:** আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় এইমাত্র বললেন যে এ্যাডভোকেট জেনারেলকে আনবার প্রয়োজনীয়তা দেখা দিচ্ছে না। বিরোধী দল নেতা একবার বললেম যে সিলেক্ট কমিটিতে দেওয়া হক। সিলেক্ট কমিটিতে দিতে হলে সেইভাবে এ্যামেণ্ডমেণ্ট দেওয়া উচিত ছিল। উনি নিজে বলেছেন সিলেক্ট কমিটিতে দেওয়া হোক না হয় এ্যাডভোকেট জেনারেলকে ডাকা হক। এ্যাডভোকেট জেনারেলকে ডাকা যায়। কিন্তু ডাকার প্রয়োজনীয়তা আছে কিনা সেটা মন্ত্রী মহাশয় সিদ্ধান্ত নেবেন। আমাদের মন্ত্রী সভার সিদ্ধান্ত অনুসারে এই বিল আনা হচ্ছে। সুতরাং এ্যাডভোকেট জেনারেলকে আনবার যদি প্রয়োজন দেখা দিত আমাদের মন্ত্রী মহাশয় নিশ্চয় তাঁকে ডাক দিয়ে আনতেন। আমাদের কনসটিউটিসনের আরটিকেল ১৭৭ অনুযায়ী এ্যাডভোকেট

জেনারেল এখানে আসতে পারেন। কিন্তু সে অধিকার তিনি প্রয়োগ করবেন কিনা সেটা সম্পূর্ণভাবে আমাদের মন্ত্রী বা মন্ত্রীসভার সিদ্ধান্তের উপর নির্ভর করে এবং মন্ত্রীসভা সম্পূর্ণভাবে সিদ্ধান্ত করেই এই বিল এখানে এনেছেন।

**ডাঃ জয়নাল আবেদিন:** স্যার, আজকে আমাদের এখানে যে অর্ডার আছে সেই অর্ডার অনুযায়ী বিজনেস হবে এইটা জেনে আমাদের ক্রিমিন্যাল সাইডের ল-ইয়ার যাঁরা তাঁরা এখনও আসেন নি। সেইজন্য আমাদের পক্ষে এই বিলে এখন অংশ গ্রহণ করার পক্ষে অসুবিধা আছে।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** স্যার, যদি উকিল সদস্যরা নেই এবং সেজন্য বিরোধী দলের পক্ষে আলোচনায় অংশ গ্রহণ করার অসুবিধা থাকে তবে স্পীকার মহাশয় আপনি তিনটে পর্য্যন্ত হাউস এ্যাডজোরণ্ড করে দিন এবং তিনটের পর যথারীতি বিল আসবে এবং যদি এই অর্ডার ঠিক রাখতে চান তাহলে তিনটে পর্য্যন্ত অপেক্ষা করুন আমি বাণিজ্য ও শিল্প মন্ত্রীকে খবর দিচ্ছি তিনি এসে এই বিল তুলবেন। সেকেণ্ড বিলটা আমরা আগে তুলতে চেয়েছিলাম তাতে যদি আপনাদের আপত্তি থাকে তাহলে আমাদের প্রথম যে অর্ডার আছে সেই অনুযায়ী প্রথম বিলই আনছি। শিল্প বাণিজ্য মন্ত্রীকে খবর দিচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** আজকে অর্ডার অনুযায়ী প্রথম যে বিল আছে সেইটা প্রথমে আনুন।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** আপনার অধিকার আছে।

**মিঃ স্পীকার:** আমার অধিকার কি তা সমস্ত আমি জানি। কিন্তু discretion থাকলেও সেটা perversly Exercise করা যায় না। সুতরাং এক রকম বিল এক একটা অর্ডার হবার কথা। যেটা এখানে দেখা যাচ্ছে। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী নেই বলে সেই বিল হচ্ছে না। আপনি বলছেন আমাদের শিল্পমন্ত্রী move করবেন। তিনি এসে যদি move করতেন তাহলে এ প্রশ্ন উঠত না। তিনি আসছেন না কেন?

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** তিনি নিশ্চয় আসবেন। কিন্তু একটা সামান্য ব্যাপার নিয়ে এত হৈ চৈ হবে তা জানতাম না। যাহোক আপনি না হয় House adjoun করে দিন।

**মিঃ স্পীকার:** আপনি একটা list of business দিয়েছেন। তিনি না থাকলে আর একজন move করবেন সেটা করলে তো কোন আপত্তি থাকতো না। এখন তো আর অন্য জিনিষ হতে পারে না।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** বিরোধী পক্ষের সব কথাই শুনে থাকি। সরস্বতী পূজায় ছুটি, আর আগে ছুটি এসব আমরা শুনি।

**Mr. Speaker:** I refer the House to the rule for arrangement of business. The rule runs as follows: On days allotted for the transaction of Government business such business shall have precedence and the Secretary shall arrange that business in such order as the Speaker may, after consultation with the Leader of the House, determine:

Provided that such order of business shall not be varied on the day that business is set down for disposal unless the Speaker is satisfied that there is sufficient ground for such variation.

I am not satisfied that there is sufficient ground for variation at all.

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** আপনি যদি Satified না হন তাহলে আপনি ১৫ মিনিটের জন্য House adjourn করে দিন।

**Mr. Speaker :** I am adjourning the House for recess or tiffin. It will not harm anybody. I give you twenty minutes' time. The House stands adjourned for twenty minutes.

(At this stage the House was accordingly adjourned for twenty minuits).

(After adjournment.)

[ 3-10—3-20 p.m. ]

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে বিলটি আনা হয়েছিল, বিচার বিভাগীয় পৃথকীকরণের বিল এই সভায় উপস্থিত করা হয়েছিল তাতে সিদ্ধার্থবাবু বললেন যে, একজন নিরপেক্ষ লোককে এনে তার ব্যাখ্যা নেবেন। তাহলে যে কোন মন্ত্রী যখন বিল আনবেন তখন এই ধরণের এক্সপার্টকে নিয়ে এসে বিচার করবেন তারপর আমরা আলোচনা করবো এটা হতে পারেনা।

**Mr. Speaker :** I am following the crder of business as published in the bulletin. I call upon Hon'ble Sushil Kumar Dhara to move the West Bengal Paddy Purchase Tax Bill, 1970.

## The West Bengal Paddy Purchase Tax Bill, 1970

**Shri Sushil Kumar Dhara :** Sir, as the Chief Minister is away from Calcutta, with your permission, I beg leave of the House to introduce the West Bengal Paddy Purchase Tax Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Shri Sushil Kumar Dhara :** Sir, in the context of the persent financial condition of the State it is of paramount importance that all possible sources should be tapped for maximum mobilisation of resources so that the State can meet its increasing commitments both on accont of plan schemes and growing non-plan expenditure. With a view to achieving the above object a Cabinet Committee on Resources has been set up. That Committee had made several recommendations for raising of additional revenue.

To give effect to one of the aforesaid recommendations the State Government imposed a tax on the turn-over purchases of an owner of a rice mill in respect of purchases of paddy made by such owner from 14-1-70 at the rate of 2 percent of such turn-over by promulgation of the West Bengal (Tax on Paddy Purchased by Rice Mills) Ordinance, 1970, West Bengal Ordinance No. II of 1970, on 14-1-70 as the Legislature was not in session at that time. The yield from this measnre was estimated to be about Rs. 1 crore per annum.

To continue the provisions of an Ordinance it is necessary to convert it into an Act of the Legislature within 6 weeks from its reassembly in terms of Article 213 (2) (a) of the Constitution of India. At this stage it is, therefore necessary to convert the West Bengal Ordinance No. II of 1970 into an Act of the Legislature.

I beg to move that the West Bengal Paddy Purchase Tax Bill, 1970, be taken into consideration.

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion there on by the 31st March, 1970. স্যার, আমি আমার বক্তব্য পরে বলব।

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শিল্পমন্ত্রী যে বিল মাননীয় অর্থমন্ত্রী বা মুখ্যমন্ত্রির হয়ে এখানে উপস্থাপিত করলেন, সেই বিলটা হাতে নিয়ে আমার একটা কথা মনে পড়ছে যে স্বাধীনতার আগে নুন ভাতের উপর Tax বসিয়েছিল বিদেশী সরকার, আর কংগ্রেস স্বাধীনতা পাওয়ার পর এই Tax তুলেছিল। আর আজকে যুক্তফ্রন্ট সরকার সেই ভাতের উপর Tax বসানোর জন্য এখানে বিল নিয়ে এসেছেন। এরা গরীবদের সরকার, গরীবদের হাতিয়ার বলে নিজেদের জাহির করেন, অথচ এই যে ইণ্ডাইরেক্ট Tax অপ্রত্যক্ষ Tax এটা গরীব মানুষের উপরেই পড়বে। আমাদের বিধানসভা ২১ তারিখে বসেছে অথচ তার ৭ দিন আগে অরডিন্যান্স করে এই Tax বসান হল। বিধান সভায় এই বিল আনার জন্য তাদের ধৈর্য্য ধরলনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্ষুনি হয়ত শিল্পমন্ত্রী বলবেন Tax বসছে চাল কলের মালিকদের উপর তাতে আমাদের বলার কি আছে। কিন্তু আমরা জানি যে Tax বসছে অপ্রত্যক্ষভাবে তাতে কনজুমারদের উপরই আঘাত আসবে। প্রডিউসাররা যারা ধান উৎপাদন করেনা অপ্রত্যক্ষভাবে যারা কনজুম করে তাদের উপরেই এই ট্যাক্স বসবে। শিল্পমন্ত্রী বলবেন আমরা তো ধানের ন্যুনতম মূল্য বেঁধে দিয়েছি সুতরাং ট্যাক্সের চাপ কি করে গরীব কৃষকদের উপর চাপবে। আমি বলছি এই ট্যাক্স কনজিউমারের ঘাড়ে চাপবে। চালকলের মালিকদের উপর যে টু পারসেণ্ট অ্যানুয়েল টার্ণওভারের উপর বসবে তারা সেই টাকা কনজিউমারদের উপর থেকে উশুল করে নেবে, নিজেদের পকেট থেকে তারা সেই ট্যাক্স দেবেনা। আজকে এরা যতই প্রচার করুক যে যুক্তফ্রণ্ট সরকার গরীবদের সরকার—এরা মুখে যাই বলুক কাজে কিন্তু অন্য রকম করে। মুখে বলেন গরীবদের সরকার যুক্তফ্রণ্ট আর কাজে তারা গরীব মারার ব্যবস্থা করছেন, এরা সেচের উপর কর বসিয়েছেন, সারের উপর কর বসিয়েছেন, গরীব কৃষকদের উপর প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষভাবে আরো কর বসাবার ব্যবস্থা করছেন।

[ 3-20—3-30 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, টাকার প্রয়োজন আছে আমরা জানি। তার জন্য tax বসাতে হবে তাও জানি। তাই বলে এই tax কি গরীব মানুষের উপর বসিয়ে টাকা তুলতে হবে? আমরা যদি প্রত্যক্ষ বা direct tax করি, তাহলে আপনারা সেটা আবগারীর উপর tax বৃদ্ধি করতে পারতেন বা অন্যান্য বিলাস দ্রব্যের উপর করতে পারতেন। তাহলে সেটা আমরা সমর্থন করতে পারতাম। তা না করে এই যে ধানের উপর আপনারা tax নিয়ে এসেছেন, এটা directly বা indirectly এই করের বোঝা গরীব মানুষের উপর এসে চেপে পড়বে। তাই আমি মাননীয় শিল্প-বাণিজ্য মন্ত্রীকে অনুরোধ করবো এই বিলটা জনমত সংগ্রহের জন্য সার্কুলেশনে দিন। আপনার এটা দেখা প্রয়োজন জনসাধারণ এই বিলকে সমর্থন করেন কিনা। এই যে amendment আবেদীন সাহেব এনেছেন একে আমি সমর্থন করছি। এই ট্যাক্স বসান হচ্ছে কেবল চালকল মিলিং-এর উপর। হাসকিং মেসিনকে বাদ দিচ্ছেন কেন? আগে যে লেভি সিষ্টেম ছিল মিলের উপর 50%, বহু চালকলের মালিক বেনামীতে তারা ঐ হাসকিং মেসিন থেকে চাল ভাঙিয়ে নিয়ে নিতেন। ঠিক সেইরকম ভাবে এ ক্ষেত্রে চালকল মালিকরা tax ফাঁকি দেবার চেষ্টা করবেন। যদি কর আপনারা বসাতেই চান তাহলে যেখানে চাল উৎপাদন হবে বিদ্যুতের সাহায্যে, শক্তির সাহায্যে যেখানে মেশিন চলবে সেখানে যেন tax বসে।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই West Bengal Paddy Purchace Tax Bill সমর্থন করতে উঠেছি একটা কথা বলছি। মাননীয় সন্তোষবাবু যে কথা বললেন যে, ভাতের উপর tax বসান হচ্ছে। আমি জানি এমন অনেক Rice mill owners আছে, যারা দিনের পর দিন বিভিন্নভাবে চাল বিক্রি করে মুনাফার পাহাড় গড়ে তুলছে তাদের উপর tax বসান হচ্ছে এই বিলের দ্বারা। এটা আমি মনে করি খুবই সঙ্গত কাজ হয়েছে। তাদের

উপর tax বসান ঠিকই হয়েছে। এই মিলমালিকরা নানাভাবে ধান সংগ্রহ করে লেভী ফাঁকি দেবার নানান প্ল্যান করে আসছে এবং বহু অর্থ সেই ভাবে Income করে আসছে। এই মিল-মালিকরা যাতে অন্যায়ভাবে চোরা পথে ধান অন্যত্র সরিয়ে না রাখতে পারে সেদিকে যেন সরকার সজাগ দৃষ্টি রাখেন। দেখা গেছে লেভী যাতে না ধরা যায় তার জন্য মিলমালিকরা অন্যত্র গুদাম তৈরী করে ধান সরিয়ে রাখে। আর ধান ক্রয় করে কোন রিসিট্‌ও দেয় না, রসিদের মাধ্যমে তারা ধান কেনে না। আজকে যে ট্যাক্স বসান হচ্ছে এটা তারা ফাঁকি দেবার জন্য আপ্রাণ চেষ্টা করবে। এমন হবে রসিদে ধানের মূল্য কম লিখে দেবে বা আদৌ মূল্য দিল না। ফলে এই শতকরা ২ টাকা tax যা ধরা হচ্ছে এটা তারা এড়িয়ে যাবে। এদিকে সরকারকে দৃষ্টি রাখতে বলছি। সরকার বলছেন বিভিন্ন inspection-এর মাধ্যমে মাঝে মাঝে দেখতে হবে। সেই Inspector যারা তাদের তো আমরা চিনি, জানি। Food & Supply বিভাগের Sub-Inspector ও Inspectorদের আমরা দেখেছি। মিলমালিকদের তাদের সঙ্গে যোগ সাজসে নানাভাবে সরকারকে ফাঁকি দেবার ব্যবস্থা করে থাকে। এক একটা সাব ডিভিসনে যে রাইস-মিল আছে সেগুলোকে ব্লকের আওতায় ভাগ করে দিয়ে ব্লক থেকে Inspection-এর ব্যবস্থা করা দরকার। যাতে করে তারা ধান অন্যত্র গুদামে সরিয়ে না রাখতে পারে। রসিদ দিয়ে যাতে ধান কেনে তারও ব্যবস্থা করতে হবে। আজ আমাদের হাতে টাকার বড় প্রয়োজন। টাকা নিতে গেলে নিশ্চয়ই উনি যে কথা বলেছেন essential commodity-র উপর tax বসান হোক। সেই ভাবে তখন তারা গরীবের উপর tax আদায় করে নিয়ে সেই মিলমালিক, কাপড়ের কলের মালিক, তেলকলের মালিকদের তাঁরা সুযোগ করে দিয়েছেন। রাইস মিলের উপর থেকে ঠিক ঠিক tax আদায় করতে হলে পর তাদের উপর বিশেষ নজর রাখতে হবে। এই যে ব্যবস্থা হয়েছে F. C. I, মিলের কাছ থেকে 65% নেবে, আর বাকি 35% তারা বাইরে বিক্রী করবে। এই যে gentle-men's agreement হয়েছে তাতে F. C. I. 65% নিচ্ছে। তাদের উপরও tax বসান উচিত। যাতে সাধারণের উপর এই tax-এর চাপ এসে না পড়তে পারে, তার ব্যবস্থা করতে হবে। সাধারণ মানুষকে ফ্রি সেলের সুযোগ দিতে হবে। গভর্ণমেণ্ট যদি নির্দিষ্ট দামে ক্রয় করলেন এবং সেই দাম যেন বাজারে চালু করবার ব্যবস্থা করা হয়।

সেদিকে যদি আমরা লক্ষ্য রাখতে পারি তাহলে ঐ মিল ওনাররা যাদের এতদিনের অভ্যাস সেই ট্যাক্স জনসাধারণের উপর কেমন করে চাপিয়ে দিয়ে নিজেরা ফাঁকি দিতে পারে সেই সমস্ত জিনিস এড়ানো যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত পেনাল সেক্সন এখানে আছে সেদিকে দৃষ্টি রাখলে দেখা যাবে যে এই পেনাল সেক্সনটা নন-বেলেব্‌ল সেক্সন হলে ভাল হত, কারণ তারা নানাভাবে ফাঁকি দিয়ে চলে যাবার চেষ্টা করে। কাজেই এখানে যদি একটা কঠোর ব্যবস্থা থাকত তাহলে তারা আর এটা করতে পারত না। পরিশেষে আমি বলব যে এই বিলটা খুব সময়োপযোগী বিল হয়েছে। এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Shri Ram Krishna Saraogi :** मिस्टर स्पीकर सर, माननीय शिल्पमंत्री ने इस बिल को पेश करते हुए यह नहीं बताया कि आखिर ऐसा कौन सा कारण कि उन्होंने इस पैडी परचेज टैक्स के लिए १४ जनवरी को एक आर्डिनेन्स निकाला, जबकि असेम्बली का अधिवेशन २२ तारीख को ही बैठ रहा था। इसके पीछे, इस आर्डिनेन्स के निकालने के पीछे अवश्य ही कुछ बड़ा कारण रहा होगा। इसलिए आज जब असेम्बली में यह बिल प्रस्तुत हुआ है तो इस बात की आवश्यकता है कि वे सब कारण असेम्बली के सामने आवें।

जहाँ तक इस विलका संबंध है, इसके बारे में मेरा निवेदन है कि आज एक फेशन होगया है कि हम अधिक से अधिक से अधिक टेक्स लगावें। किन्तु मैं ने देखा है कि ज्यादा टेक्स का मतलब होता है, ज्यादा टेक्स की चोरी करना। और उसके साथ साथ हमने देखा है कि अधिक टेक्स लगाकर अधिक चोरी की गुञ्जाइश देकर सरकारी कर्मचारी को अधिक भ्रष्ट होने की छूट दी जाती है।

पेडी परचेज टेक्स विल के अन्तर्गत जो जो कायदे कानून बनाये गए है, उन कायदे और कानून को पाल करने लिए एक मिल मालिक के पास पूरे साधन होंगे या नहीं, इसरु सन्देह है। और उनका भेद-कानूनों का पूरा-पूरा पालन करने लिए ठीक खाता-पत्र या रेजिस्टर वह रख पायेगा या नहीं इसमें भी मुझे सन्देह है है। इसको पालन कराने के लिए सरकारी कर्मचारी पँहुचेगे—वे मिल के भीतर जायेंगे और फिर वहाँ पर करप्शन शुरू होगा। मैं समझता हूँ कि इससे बड़ा करप्शन बढ़ेगा। करप्शन के साथ सरकार पर भी लांछन आवेगा। सरकारी कर्मचारी बदनाम होते हैं तो शासन भी बदनाम होता है। टैक्स लगाया जाय, राज्य सरकार की आवश्यकता की पूर्ति उस टैक्स से हो, इसमें दो मत नहीं हो सकता किन्तु टैक्स लगाने का तरीका होना चाहिए। इस प्रकार आर्डिनेन्स जारी करने से असेम्बली के अधिकार का हनन होता है। यह अधिकार हनन करने की क्षमता सरकार को कभी नहीं दी गयी है।

अगर माननीय मंत्री समझते हैं कि पेडी टैक्स विल के द्वारा मिल-मालिकों को जो मुनाफा होता है, उस मुनाफे का कुछ हिस्सा सरकार के पास आ जायेगा। तो मैं कहूँगा कि उनकी यह धारणा कतई गलत है। विल के अन्तर्गत जो टेक्स लगाया जा रहा है उसका सीधा असर कंज्यूमर्स पर पड़ेगा, उन साधारण लोगों पर पड़ेगा जिनका चावल ही मुख्यखाद्य है।

इसलिए जरूरत इस बात की है कि सरकार इस विल को सर्कूलेशन के लिए भेजे। इस विल के लिए पब्लिक ओपिनीयन संग्रह करे। और इसके बाद इस विल को इन्ट्रोड्यूस करे। इस प्रकार से आर्डिनेन्स लागू कर टेक्स बैठाने से कोई फायदा नहीं है। मैं समझता हूँ कि सरकार को विल बनाने का जो अधिकार दिया गया है, इससे उन अधिकारों का उल्लंघन हुआ है।

इन शब्दों के साथ डा० जैनाल अबेदिन ने सर्कूलेशन के लिए जो अमेण्डमेन्ट रखा है, मैं उसके समर्थन करता हूँ।

[ 3-30—3-40 p.m. ]

**শ্রীঅশ্বিনী রায়ঃ** অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষের সদস্যরা খুব কাঁদুনি গাইলেন যে, এই ট্যাক্স সাধারণ মানুষের উপর, ক্রেতাদের উপর পড়বে। আসলে বিলটাকে ওঁরা পড়েন নি, না পড়ে ওঁরা এই কথা বলছেন। যদি পড়ে থাকেন তাহলে চিরকাল ওঁদের যে মিল-মালিকদের জন্য ওকালতি ওঁরা করেন সেটাই আজকে করছেন। বর্তমানে প্রত্যেকটি মিল মালিক যারা হাসকিং করেন, তারা কুইণ্টাল প্রতি ধান কি দামে কেনেন এবং চাল করে কি দামে সরকারকে বিক্রী করেন—তার মাঝখানে প্রতি কুইণ্টালে ৮ থেকে ১০ টাকা কম পক্ষে তাদের মার্জিন থাকে। এর মধ্যে আবার হাসকিং চার্জ আছে। ( ভয়েস : হিসাব দিন কিভাবে করেন। ) গভর্ণমেণ্ট সার্কুলারে আছে সেটা আপনি দেখে নেবেন যে ৮ থেকে ১০ টাকা তাদের হাসকিং চার্জ থাকে কিনা, এটা কংগ্রেস আমলেও ছিল। মাঝখানে আবার ১২ টাকা পর্য্যন্ত ডিফারেন্স হয়েছিল। কাজেই ৮ থেকে ১০ টাকা পর্য্যন্ত মার্জিন থাকছে এবং সেখানে ২ পারসেণ্ট যদি বসান হয় তাহলে ১·১২ টাকা থেকে ১·১৩ টাকা হচ্ছে মাত্র। কাজেই এর জন্য ওঁরা এতদিন ধরে মিল মালিকদের যে মনোভাব দেখাতে চাচ্ছেন, এটা স্বাভাবিক ওঁরা দেখাবেন। কাজেই ওঁদের এই বক্তব্য এখানে খাটে না। কারণ, আইনে লেখা রয়েছে, যে পরিমাণ ধান কিনবে সেই টাকার উপর ট্যাক্স বসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় নম্বর হচ্ছে প্রকল্প বহির্ভূত কাজ বা প্রকল্পের কাজ এটা যে অর্থাভাব সম্বন্ধে—সেই অর্থ সংগ্রহের জন্য এটা আনা হচ্ছে। ওঁরা একটি কথা দুঃখের সঙ্গে বলে গেলেন যে ১৪ই যখন এ্যাসেম্বলী বসছে তখন ১৪ জানুয়ারী কেন অর্ডিন্যান্স পাশ করা হল। এটাতে আমার একটা বক্তব্য আছে। ১৫ই ডিসেম্বর থেকে ১৫ই জানুয়ারী পর্য্যন্ত প্রায় ১ লক্ষ টনের উপর মিল মালিকরা ধান কিনে ফেলেছেন। সেই ১ লক্ষ টনের উপর ধান থেকে প্রায় ১২ থেকে ১৩ লক্ষ টাকার মত ট্যাক্স হত এবং তার উপর যে ট্যাক্স হত সেই টাকা ষ্টেট গভর্ণমেণ্ট হারাল। কাজেই ওঁরা চেয়েছিলেন যে অর্ডিন্যান্স না করে যদি বিধানসভায় এইরকমভাবে বিলটা আসত তাহলে ১৫/১৬ই ফেব্রুয়ারী হয়ে যেত এবং তারপরে যা কিছু ধান কিনত তা শতকরা ৭০/৮০ ভাগ ধান মিল মালিকরা কিনে ফেলত, তার উপর আর কোন ট্যাক্স বসত না। কাজেই এই অর্ডিন্যান্সটা ঠিক সময় উপযোগীই হয়েছে এবং এই অর্ডিন্যান্সের মধ্যে আমি একটা সংশোধনী প্রস্তাব এনে দিয়েছি, সেটা হচ্ছে ট্যাক্স সুড বি এ্যাপ্লিকেবল ফ্রম ১৫ই ডিসেম্বর, ১৯৬৯। তাহলে ঐ ১ থেকে ১॥ লক্ষ টন ধান যে মিল মালিকরা কিনেছেন যার উপর কোন ট্যাক্স বসান যেত না সেটা একটা এ্যাডিসন্যাল এ্যাসেট তার থেকে আসবে এবং ১৫ থেকে ২০ লক্ষ টাকা গভর্ণমেণ্ট পাবে। কাজেই আমি এই বিলটাকে সমর্থন করছি। দু নম্বর হচ্ছে মোটামুটিভাবে মিল মালিকরা কতটা প্রোকিওর করে থাকে—গত কয়েক বছরের ষ্ট্যাটিসটিক্স থেকে দেখা যাবে যে আমাদের গড়ে ৫ থেকে ৬ লক্ষ টন মোটামুটিভাবে প্রোকিওর হয় এবং তার একটা বৃহৎ অংশ লেভির আকারে আসে। আজকে এফ. সি. আই. প্রোকিওর করছে এবং এফ. সি. আই.-এর জন্য আমরা কিছু পাব না। কাজেই ফুড করপোরেশন অব ইণ্ডিয়া একটা ব্যাপক অংশ প্রোকিওর করবে এবং সেটা হাসকিং এর জন্য মিল মালিকদের দেবে, সেখানে তাঁরা টাকা পাবে। এখন এই যে প্রোকিওর হচ্ছে এটা ফুড করপোরেশন অব ইণ্ডিয়া প্রোকিওর করছে, কাজেই তার উপর ষ্টেট গভর্ণমেণ্ট কিছু পাচ্ছে না। এখন ৩ থেকে ৪ লক্ষ টন এফ. সি. আই. লেভি ইত্যাদি থেকে প্রোকিওর করে, তার টাকা আমরা পাচ্ছি না। কিন্তু এফ. সি. আই. যেটা আমাদের পশ্চিমবাংলা থেকে কিনে নিয়ে যাচ্ছে সেটা ষ্টেট ট্রেডিং হলে ভারত সরকার তার থেকে লাভ করছে, আমরা সেই লাভের অংশ থেকে কিছু পাই না।

সেদিক থেকে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আপনার মাধ্যমে একটা দাবী রাখছি যে পরবর্তী সময়ে অন্ততঃ এটা এফ. সি. আই.-এর প্রোকিওরমেণ্ট যেটা—সেটা পারচেস হিসাবে মিলে দেখানো

যাবে না—সেটার ক্ষেত্রেও করলে কিছু টাকা আমরা পাই—তাতে ৫/৬ লক্ষ টাকার এ্যাডিশানাল রেভিনিউ আসবে। এদিক থেকে এই বিলকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করে বলব যে এটা সময় উপযোগী বিল হয়েছে এবং এটা ১৫ই ডিসেম্বর থেকে হলে ভালই হত। বিরোধীপক্ষ যেটা বলেছেন সেটা কেবলমাত্র মালিকদের হয়ে ওকালতির জন্যই বলেছেন।

**শ্রীনেপাল চন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, সরকারের তরফ থেকে যে বিলটি এখানে এসেছে সেই বিলটির মালিক হলেন মুখ্যমন্ত্রী। স্যার, আমরা জানি, মুখ্যমন্ত্রী না থাকলে উপমুখ্যমন্ত্রী করবেন আর উপমুখ্যমন্ত্রী না থাকলে পার্লামেণ্টারী মন্ত্রী যতীনবাবু করবেন। কিন্তু এঁদের মধ্যে এমনই একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে, মুখ্যমন্ত্রী বিশ্বাস করে আর উপমুখ্যমন্ত্রীকে দিয়ে বিলটি করাতে পারলেন না। এখন স্যার, আমরা ধরে নিলাম যে মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রীর মধ্যে লড়াই চলছে, কিন্তু মাঝখানে যে বাফার ষ্টেট আছে যতীনবাবু, সেই বাফারটিকেও বিশ্বাস করা গেল না। এই অবস্থায় আজকে বিলটি এসেছে। এখন কখন যে কি হয় তা আমরা জানি না। এই যখন অবস্থা তখন বিল এনেই বা কি আর না এনেই বা কি। আমরা রোজই খবরের কাগজে দেখছি যে এই গেল, গেল গেল, আবার দেখছি, না, একটু থমকে দাঁড়ালো। স্যার, আমরা জানি যে সরকারের টাকার প্রয়োজন আছে বিভিন্ন কল্যাণমূলক কাজের জন্য। কিন্তু এই যুক্তফ্রণ্ট সরকার গত ১১ মাসের মধ্যে একটাও কল্যাণমূলক কাজ করেনি। এমন কি যে সমস্ত কল্যাণমূলক কাজ করা দরকার সেটাও পর্যন্ত হাত দেয়নি। স্যার, আমি আগেই বলেছি যে টাকার নিশ্চয়ই দরকার। এই হাউসে জ্যোতিবাবু ২।১ দিন আগে বলেছিলেন যে আমরা সরকারী কর্মচারীদের সন্তুষ্ট করেছি। তা করেছেন, ব্যালট ব্যাক্সে ফলস ব্যালট ফেলবার জন্য।

**মিঃ স্পীকারঃ** মিঃ রায়, আপনাকে এগুলো ষ্টপ করতে হবে, আপনার যেগুলো বলার দরকার সেগুলো বলুন, এসব বলে কি হবে। এই হাউসের একটা ডিগনিটি আছে, তা ছাড়া কতকগুলি নিয়মও আছে। আপনি একজন বিচক্ষণ ও অভিজ্ঞ লোক, আপনি এসব না বলে ঠিক করে বলুন।

**শ্রীনেপাল চন্দ্র রায়ঃ** স্যার, আমি টাকার কেন প্রয়োজন সেটার সম্বন্ধেই বলছি। আজকে এঁরা কাকে টাকা দিচ্ছেন? আজ পর্যন্ত এঁরা একটাও নতুন হাসপাতাল, পুল, রাস্তা করেন নি বা কোন কল্যাণমূলক কাজই এই সরকার করেননি যা আমরা করে এসেছি। স্যার, সরকার চালাতে গেলে টাকার প্রয়োজন, আমরাও ট্যাক্স করেছি সরকারের টাকার প্রয়োজন আছে বলে। কিন্তু এই সরকার খালি একটা সেকসান অব পিপলকে টাকা দিয়েই ফতুর হয়ে গেল।

[ 3-40—3-50 p.m. ]

তাদের সকলকে দেবার জন্য, সকল স্তরের মানুষকে এরা দিতে চায়না। এদের সঙ্গে যারা থাকবে তাদের এরা দেবে। কিন্তু এদের সংগে গণতান্ত্রিক দেশের বিরোধীদলও থাকবে, বিরোধীদল থাকে যদি গণতান্ত্রিক দেশ বলে এরা স্বীকার করে, যদি গণতন্ত্র এরা মেনে নেয় তাহলে নিশ্চয়ই সমস্ত শ্রেণীর মানুষকে সমান ভাবে দেখতে হবে। স্যার, এরা বলেছেন যে আমরা মিলমালিকদের ওকালতি করছি। মিল মালিক থাকবে। মিল যখন উঠে যায়নি তখন মিলমালিক থাকবে। স্যার, আমি এদের প্রশ্ন করি ১৯৬৭ সালে এই যুক্তফ্রণ্ট যখন তৈরী হয়, ৯ মাস এরা সরকারে ছিলো কিন্তু একটা মিলমালিককেও পি, ডি, এ্যাক্টে ধরেনি। লজ্জা করে না কথা বলতে, একটা মিলমালিক-কে ধরা হয়নি পি, ডি, এ্যাক্টে। আজও ১৯৬৯ সালে একটা মিলমালিককে ধরা হয়নি। এরা আবার গরীবের কথা বলেন। মিলমালিকের দালালি করে এখন এখানে উলটো কথা বলছেন। যদি দালাল বলতে হয় তাহলে ঐ সি. পি. এম.-ই মিলমালিকের দালাল।

**মিঃ স্পীকারঃ** নেপালবাবু, আপনার কি ব্যাপার আছে আমি জানিনা। কে কার দালালি করে এখানে এই সব ব্যাপারের কি আছে। আপনি বিল সম্বন্ধে বলুন।

**শ্রীনেপাল চন্দ্র রায়ঃ** স্যার, এখানে এই বিলে ১ পারসেণ্ট ট্যাক্সের ব্যাপারে আমার বন্ধু জয়নাল আবেদিন বলেছেন যে, সার্কুলেশান দেওয়া হোক, আমাদের অন্যান্য বক্তারা বলেছেন যে সার্কুলেশান দেওয়া হোক মতামতের জন্য, সেটাই হোক। স্যার, এই যে ২ পারসেণ্ট,—আপনি জানেন এবং মাননীয় সদস্যরা জানেন যে গ্রামে গরীব চাষী যখন ধানের জন্য মিলে যায়—আপনারা অস্বীকার করতে পারবেন না। এখানে বসে হয়ত অস্বীকার করতে পারেন কিন্তু গাঁয়ে গিয়ে অস্বীকার করলে গাঁয়ের লোক .... ....।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, অন এ পয়েণ্ট অব অর্ডার। স্যার, এই হাউসে এই রকম অশালীন উক্তি করতে পারেন কি? আপনি বলুন স্যার, এই রকম উক্তি কোন ভদ্রলোক করতে পারেন?

**মিঃ স্পীকারঃ** আপনি এসব কথা বলবেন না। আমি কেটে দেবো সে জন্য আপনি ভাববেন না। নেপালবাবু আপনি ভাল কথা বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, নভেম্বর মাসের বোধ হয় প্রথম সপ্তাহে যখন মাঠ থেকে ধান চাষীর গোলায় গিয়ে ওঠে, সেই সময়ে খবরের কাগজে দেখেছিলাম যে ক্যানিং, উত্তর ২৪-পরগনায় যা কণ্ট্রোল রেটে তার চেয়ে ৪/৫ টাকা নীচে ধান বিক্রয় হচ্ছে। বাম্পার ক্রপ এবারে নিশ্চয়ই হয়েছে। কিন্তু ঐ বাম্পার ক্রপ এটা কারা কিনছে? ঐ মিলমালিকরা এটা কম দামে কিনছে। তখন কিন্তু এই সরকার চুপ করে ঘুমিয়েছিলো, এই সরকার তখন ঐ চাষীদের কিন্তু কম দামে দিতে পারেনি। স্যার, আপনি জানেন এবং আপনার মধ্যমে এদের সকলকে বলছি যে আমাদের দেশের মিলমালিকরা কত অসাধু। তারা যে কতটা সাধু তা আমরা অনেক দিন থেকে দেখে আসছি। তারা গরীব চাষীদের ওজনে মারবে, গরীব চাষীদের পয়সা মারবে, গরীব চাষীদের বিভিন্ন উপায়ে এরা কম দেয়। কলকাতা সহরে কিংবা বাইরে এই ধরণের যে সমস্ত অফিস আছে, তারা কোন দিন ঠিক সত্যিকারের ষ্টেট্মেণ্ট দেননা, এটা ঠিক। ইন্‌কাম ট্যাক্স অনেক ফাঁকি দেয়, সেল্‌স ট্যাক্স ফাঁকি দেয় এবং এই যে ট্যাক্স যে দেবে, তার গ্যারান্টি কি আছে? এই যে ট্যাক্স তা চাষীদের উপর চাপবে, আর না হয় চাল কলগুলি তারাও সমস্ত দেবেনা, তারা বাজারে চাল বেশী দামে বিক্রী করবে। আপনি কি স্যার জানেন, ইতিমধ্যেই চাল গত ১০ দিনের মধ্যে কেজিতে ৩০ পয়সা করে বেড়েছে এবং কলকাতায় বেড়েছে ৫০ পয়সা। এবং দিনে দিনে এই ট্যাক্স যদি চাপান হয় তাহলে এই ফেব্রুয়ারী মাসের মধ্যেই চাল গিয়ে তিন টাকায় উঠবে। আমি তাই বলি এই চালগুলিকে ট্যাক্স করবেননা। যদি আপনাদের টাকার দরকার হয়, টাকার দরকার আছে এবং নিতেও হবে, বড় বড় কারখানা-গুলি যা আছে যারা বিভিন্নভাবে সেল্‌স ট্যাক্স ফাঁকি দেয় তাদের উপর দ্বিগুণ ট্যাক্স বসান, তাদের প্রডাক্‌শন ট্যাক্স করুন। আমি সাজেশন দিচ্ছি, সেই সাজেশন আপনারা নিতেও পারেন, নাও নিতে পারেন। যে সমস্ত কলকারখানা পশ্চিমবঙ্গে আছে তাদের উপর প্রডাক্‌শন ট্যাক্স করলে গরীব চাষী মরবেনা, আর কনজুমারেরও দাম বাড়বেনা। এই বলে আমি বিলের বিরোধিতা করছি এবং এটা সার্কুলেশনে দেবার জন্য প্রার্থনা জানাচ্ছি।

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গের প্রকল্প আছে, পরিকল্পনা আছে এবং তার জন্য বাড়তি খরচ আছে, এবং সেই বিরাট খরচের জন্য সরকারের অন্যান্য ব্যবস্থার মধ্য থেকে আর একটা ব্যবস্থাও এখানে এসেছে। এটা অত্যন্ত আনন্দের কথা যে আজকে গরীব চাষীদের উপর ট্যাক্স না ধরে মিল মালিকদের উপর ধরা হচ্ছে। কিন্তু স্যার, আজকে চারদিকে বৈপ্লবিক কথাবার্তা দিনের পর দিন ওঁরা শোনাচ্ছেন। তাঁরা যেমন করে ঢাক ঢোলগুলি বাজাচ্ছেন, বিরাটভাবে প্ল্যান পরিকল্পনার কথা বলেন, ঠিক এই ধরণের বৈপ্লবিক জিনিষ আশা

করি নাই। এখানে আমরা দেখতে পেলাম মিল মালিকদের উপর শতকরা দুটাকা হারে লেভি বা ট্যাক্স ধরার ব্যবস্থা হয়েছে। আইন এখানে আছে, তা থেকে আমাদের কিছু কিছু কালেক্‌শন হবে, এ থেকে আমাদের প্ল্যান পরিকল্পনা চলবে। এখন যে আইন পাশ হবে, সেই আইন যাতে কার্য্যকরী হয় তার জন্য, আইনের মর্য্যাদা রক্ষার জন্য কিছু কিছু ব্যবস্থা অন্ততঃ এখানে রাখা উচিত বলে মনে করি। আজকে ওয়েষ্ট বেঙ্গল প্যাডি পার্চেজ বিল এখানে আনা হয়েছে। এখানে দেখবেন মিলগুলি মোট যা কিনবে তার উপর দু পারসেণ্ট ট্যাক্স দিতে বাধ্য থাকবে। মোট পার্চেজ যা হবে, টার্নওভার যাবে তার উপর এই ট্যাক্স কালেক্‌শন করতে গেলে দেখা যাবে যে যদি মালিক ধান ক্রয় করে অন্য কোথাও বিক্রী করে দেন পশ্চিমবঙ্গে, তাহলে ট্যাক্স-এর আওতায় সেটা আসবেনা।

[ 3-50—4-00 p.m. ]

আমরা ভূমি রাজস্বের ক্ষেত্রে কিছুদিন আগে দেখেছি ৩ একর পর্য্যন্ত জমির খাজনা থাকবেনা এবং তার উর্দ্ধে যে সমস্ত জমি জমা থাকবে তার উপর বেশী হারে খাজনা নেওয়া হবে এবং এটা হলে আমাদের লস্ মেকআপ হবে। আজকে যদি চিন্তা করা হয়, ক্যালকুলেসন করা হয় তাহলে দেখা যাবে সেটা মেকআপ হচ্ছেনা। আমাদের বাজেট আছে, আয় আছে এবং সেই আয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে ব্যয়ের কথা বলা হয়েছে। মন্ত্রীমহাশয় বলেছেন এখান থেকে আমরা ১ কোটি টাকা পাব এবং তার দ্বারা আমাদের বাড়তি খরচ মেটান সম্ভব হবে। আমরা সরকারের কাছে অনেক প্রোগ্রাম দিয়েছি, অনেক সৎ উপদেশ দিয়েছি—কিন্তু সেগুলি যদি স্ট্রিক্টলী ফলো না করা হয় তাহলে কি লাভ? এবারে আমরা দেখছি তাদের আর একটা সুযোগ হচ্ছে অর্থাৎ ধান যদি তারা পশ্চিমবাংলার মধ্যে বিক্রি করে দেয় তাহলে ট্যাক্স হবেনা। তাহলে কত ট্যাক্স আদায় হবে সে বিষয়ে সন্দেহ আছে এবং এই ১ কোটি টাকা পূরণ হবে কিনা সেটাও সমালোচনার বিষয়। আমরা জানি এই মিলগুলি লক্ষ লক্ষ টাকা ইনকাম করে এবং একজন মাননীয় সদস্য বলেছেন এঁরা ১ কুইণ্টল ধান ক্রয় করে তাকে ভেনে যদি বিক্রি করে তাহলে তাদের ১০ টাকা লাভ হয়। আমরা দেখছি যে সরকার জনগণ-জনগণ করতেন সেখানে ওই লাঠি, বল্লম, সড়কি নিয়ে এধার থেকে ওধার পর্যন্ত শেষ করছে এবং জনগণের উপরেই হামলা হচ্ছে, জোতদারের উপর হামলা হচ্ছেনা। এই মিলগুলি ন্যাসনালাইজেসন না করে কেবলমাত্র তাদের উপর ট্যাক্স ধার্য করে তারা যেটুকু চুরি করছিল তার উপর তাদের আবার বড় রকমের চুরি করবার সুযোগ দেওয়া হচ্ছে। এই সরকার জনগণ, জনগণ বলেন কাজেই সেই জনগণের প্রতি দরদ দেখিয়ে যদি বিল আনতেন তাহলে আমরা খুসী হতাম। যে বিল আনা হয়েছে তাতে বলা হয়েছে ১ কোটি টাকা ইনকাম হবে এবং এই বিল সম্বন্ধে আমাদের পরিষদীয় মন্ত্রী বলেছেন কিছু বলতে হবেনা, যা হয়েছে, হয়েছে। কাজেই আমরা জানি এই বিল কতটুকু ফ্রুটফুল হবে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন:** স্যার, আমার এ্যামেণ্ডমেণ্ট আমি আগেই মুভ করেছি। এই বিলের উদ্দেশ্য হোল রাইস মিলারের উপর ট্যাক্স বসান এবং সেই উদ্দেশ্যের সঙ্গে আমাদের কোন মত পার্থক্য নেই। কিন্তু যে প্রকারে এটা আনা হয়েছে তাতে দেখছি ত্রুটি রয়েছে। আমরা দেখছি যাদের উপর ট্যাক্স বসান হচ্ছে আদতে তারা দেবেনা এবং তার প্রতিকারেরও কোন ব্যবস্থা নেই। স্যার, আমরা দেখেছি যখন কোন ট্যাক্স বসে তখন কোন সরকারের প্রকাশ্যে এককথা বলার সাহস থাকেনা—কংগ্রেস আমলেও এই উদ্দেশ্য ছিলনা—যে সাধারণ মানুষের উপর করভার পড়বে। অবশ্য আমরা দেখেছি আলটিমেটলী এই করভার তাদের উপরেই চাপে। স্যার, আমি আপনার কাছে একটা হিসেব বলছি ৬৪·৬ পয়সা করে যদি ১ কুইণ্টল ধান কেনে এবং সিক্সটি/ফর্টি রেসিওতে যদি চাল করা হয় তাহলে ২·৫০ পয়সা কুইণ্টলে মজুরী দিয়ে ১০৩·৭০ পয়সায় সরকার চাল কেনে মিলের কাছ থেকে। এঁরা সিক্সটিফাইভ পারসেণ্ট লেভি করেছে।

স্যার, আপনি শুনলে অবাক হবেন এই সরকার গতবার ১০৩'৭০ পয়সায় কিনেছে এবং এই জনগণের সরকার মিল মালিকদের হুকুম দিয়েছে ১২৫ টাকা কুইণ্টল বিক্রি করতে এবং তার ফলে ২১'৩০ পয়সা করে মিল মালিকদের এঁরা মুনাফা করবার সুযোগ দিয়েছেন।

আজকে যদি ট্যাক্স বসাতে হয় বড়লোকদের তাহলে এই ২১ টাকা ৩০ টাকার উপর কেন বসানো হলো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কংগ্রেসের নীতি জানেন যে রাইস মিলগুলো ন্যাশন্যালাইজ করার ব্যাপারে একটা পরিকল্পনা—উত্তর প্রদেশে সুগারমিলগুলো ন্যাশন্যালাইজ করার জন্য বোম্বেতে প্রগতিশীল যে নীতি গৃহীত হয়েছে তাতে সুগার মিলগুলো সরকারের কর্তৃত্বাধীনে নিয়ে আসা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের সেই সাহস নেই—রাঘব বোয়ালদের গায়ে হাত দেওয়ার ক্ষমতা এদের নেই। সেইজন্য আমরা দেখেছি যেখানে ১০৩ টাকা ৭০ পয়সা ন্যায্যত: দিলেও মিলওয়ালাদের ২'৫০ পয়সা মুনাফা থাকে—৬৪'৬ পয়সায় যদি কুইনট্যাল কেনা হয়, সেখানে ১২৫ টাকা দেওয়া হয়েছে এই রাইসমিল ওয়ালাদের। এবং ৫০ পার্সেণ্ট লেভি ছিল, মাননীয় অধ্যক্ষ মহাশয়। তাহলে কত কোটি টাকার মুনাফা এরা করে দেবার সুযোগ করে দিয়েছেন? কিসের প্রভাবে পড়ে এটা এরা করতে বাধ্য হয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এরা সাজে, ভণ্ডামির জায়গা এটা, আর আমরা জনগণের সরকার। মাননীয় পরিষদীয় মন্ত্রী অত্যন্ত উত্তপ্ত হয়ে উঠেছেন, সেইজন্য আমি আমার বক্তব্য সংক্ষিপ্ত করছি। আর একটা কথা বলছিলাম মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে ট্যাক্স বসানো হলো, এই ট্যাক্স যদি বসানো হয় তাহলে ঐ যে অশ্বিনী বাবু রেট্রসপেকটিভ এফেক্টের কথা যা বলেছেন, এটা কেন দেওয়া হলো না। সেপ্টেম্বর মাস থেকে হাই ইল্ডিং ভ্যারাইটিগুলো উঠে যায়, এরা তো গ্রীন রেভলিউশন, ১৯৭০ সালের মধ্যে স্বয়ং সম্পূর্ণ হবে বলেছেন—খাদ্য এবারে ৫৪ লক্ষ টন, ৫৬ লক্ষ টন ধান উৎপাদন হয়েছে, এই সব কথা এরা বলেছেন—সুতরাং এটা কেন সেপ্টেম্বরের ১৫ তারিখ থেকে এফেক্ট দেওয়া হলো না। যদি আজকে এই অর্ডিন্যান্স করা অপরিহার্য্য মনে করেন, তাহলে বিধান সভা বসার সাত দিন আগে ১৪ই জানুয়ারী এই অর্ডিন্যান্স করেছেন, কিন্তু তখন করতে কোন্ বাধাটা ছিল? তখন বোধ করি এই রকম খেয়োখেয়ি ছিলনা। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের দয়া কতখানি দেখুন। এই আইনে আছে, এই আইনের প্রভিশনটা দেখুন। এরা ফার্ষ্ট ক্লাস ম্যাজিষ্ট্রেট ছাড়া কিংবা প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট ছাড়া, এই আইন যদি কেউ লঙ্ঘন করে, তাদের বিচারের দায়িত্ব দেন—অনেক জায়গায় যেখানে রাইস মিলগুলো আছে সেখানে সেকেণ্ড ক্লাস, থার্ড ক্লাস ম্যাজিষ্ট্রেট আছেন। এদের বিচারের জন্য কেন ফার্ষ্ট ক্লাস ম্যাজিষ্ট্রেট দেওয়া হলো? এতে তদ্বিরের একটা সুযোগ করে দেওয়া হয়, এখান থেকে ওখানে গিয়ে—এইজন্যই কি এই ফাঁকটা রেখে দেওয়া হয়েছে? আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের আমলে পয়সায় কি না হয়। এদের আসার পর যেখানে দুর্নীতি মুক্ত সরকার প্রতিষ্ঠিত করতে চেয়েছিল, সেখানে আজকে দেশের মানুষ নিরাপদ বোধ করছে না। সেখানে এই রাঘব বোয়ালদের এই সুযোগটা কেন দেওয়া হচ্ছে? এর মধ্যে একটা তদ্বিরের সুযোগ কেন দেওয়া হলো? এই আইনের ধারা যদি কেউ লঙ্ঘন করে, এতে দেওয়া আছে যে তারা খুব জোর যদি শাস্তি পায় তো এক হাজার টাকা। এতেও আবার রকমফের আছে, এক হাজার, পাঁচ শত এবং এক শত। যারা এক কুইণ্টল-এ ২১'৩০ পয়সা মুনাফা করছে, তাদের এত লঘু দণ্ডের প্রয়োজন কেন মাননীয় অধ্যক্ষ মহাশয়? এবং আর একটা জিনিস লক্ষ্য করেছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুল মেকিং পাওয়ার ওদের আছে সেকশন ২৪ এ। আমাদের এখানে বলে দেওয়া হলো না—Once the case is started normal judicial proceedings যা হবে, তাই হওয়া উচিত। যদি এরা সেপারেট ট্রাইবুন্যাল করতে চান, তারও বক্তব্য আইনে রাখা উচিত ছিল। সেখানে আমাদের অন্ধকারে রেখে দেওয়া হচ্ছে। সেখানে আমাদের অন্ধকারে রেখে দেওয়া হচ্ছে যে কার কাছে এ্যাপিল করবো, ফার্ষ্ট ক্লাস ম্যাজিষ্ট্রেটকে। এইজন্য আমার নিজের ধারণা এই বিলে এদের দুটি

উদ্দেশ্য রয়েছে। একদিকে জনসাধারণকে ভাঁওতা দেবার চেষ্টা করেছেন এবং অন্য দিকে সুকৌশলে মাননীয় নারায়ণ নস্কর মহাশয় যা বলেছেন যে ন্যাশনালাইজেশনের বিকল্প হিসাবে কেন এটা গ্রহণ করা হয়েছে, আমরা এটার তাৎপর্য্য বুঝতে পারছিনা এবং এই বিধানগুলো যা রয়েছে, তা যথেষ্ট নয়। এই আইন আরও বিধিসম্মত হওয়া উচিত ছিল এবং এর ধারাগুলো যদি কেউ লঙ্ঘন করে—সাধারণ বিক্রেতার কাছে যদি এই ট্যাক্স মিল ওয়ালারা নেয়, তাদের বিরুদ্ধে এই আইনের মধ্যে কোথায় শাস্তি ব্যবস্থা, তা আমরা কিছুই দেখতে পাচ্ছি না।

[ 4-00—4-10 p.m. ]

আমি বুঝতে পারছি না, মাননীয় পরিষদীয় মন্ত্রী মহাশয় তাড়াতাড়ি করছেন কিন্তু আমি বলছি যারা বিক্রি করতে যায় মিলওয়ালাদের কাছে তাদের যদি ওর উপর বিক্রি করতে হয় তাহলে ওর প্রতিকার করবার উপায়ের কথা কিছু বলেন নি। সাধারণভাবে ভূমির উপর আক্রমণ করার ফলে দেখা যাচ্ছে ভূমি খণ্ড খণ্ড ভাবে অধিকাংশ মানুষের কাছে চলে গেছে। সাধারণ মানুষ ধান উৎপন্ন করে বিক্রি করতো এদের কাছে, তাদের উপর এই ট্যাক্স দাঁড়াবে বলে আমাদের আশঙ্কা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, টাকার যদি অসুবিধা হত তাহলে আজকে বাংলা দেশের চারিদিকে যে হল্লা চলেছে যেখানে বিচার নেই, আর কিছু ব্যবস্থা নেই সরকারী কর্তৃত্বে পুলিশ নিষ্ক্রিয় হয়ে বসে আছে সেখানে লুঠ করে সরকারী কোষাগারে অনেক অর্থ সঞ্চিত হতে পারতো। কিন্তু সাধারণ মানুষকে এই ভাবে বিব্রত করে লাভ কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু পরিষদীয় মন্ত্রী খুব অতিষ্ঠ হয়ে উঠেছেন সেইজন্য আমার মোসানের সমর্থনে আমি আমার বক্তব্য রেখে এখানেই শেষ করছি।

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মিঃ স্পীকার স্যার, আমি প্রথমে বিলটা ইনট্রোডিউস করতে গিয়ে তার ব্যাখ্যা করে কিছু বলিনি বলে কোন কোন সদস্য একটু ক্ষুব্ধ হয়েছেন। কিন্তু স্যার, আপনি জানেন সময়ের সল্পতার জন্য আমি মনে করেছিলাম এই বিলটা অতি প্রয়োজনীয়, সেটা অনুভব করে সময়ের যে সংক্ষিপ্ত করলাম এর জন্য তাঁরা আমাকে ধন্যবাদ দেবেন। কিন্তু তা না দিক আমি নিশ্চয়ই বিল ইনট্রোডিউস করবার সময় যে ব্যাখ্যা করিনি সেটা আমি বিতর্কের জবাবের সময় বলবো। যে ভাতের উপর হাত পড়েছে, টাকার প্রয়োজন আছে এই সব কথা কোন কোন সদস্য বলেছেন। এখন টাকার প্রয়োজন যদি থাকে তাহলে একটা না একটা জায়গায় হাত পড়বেই। এই দুটো কথা বিরোধী হয়ে যাচ্ছে। একই দিক থেকে দেখলাম কিছু কিছু বিরোধী হয়েছে। কারণ মাননীয় নারায়ণ নস্কর মহাশয়, একটা কথা বলেছেন যে, চাষীদের উপর না করে মালিকের উপর ট্যাক্স ধার্য্য করে ভাল কাজ করেছেন। জয়নাল আবেদিন বলেছেন উদ্দেশ্যের সঙ্গে মত পার্থক্য কিছু নেই। ভাল কথা, বিলের উদ্দেশ্য তাহলে ভাল, আমরা অর্ডিনান্স করে নিশ্চয়ই ভাল করেছি। মাননীয় সদস্য অশ্বিনী রায় বলেছেন এটা কেন আগে থেকে হলনা, ডিসেম্বরের মাঝামাঝি থেকে এটা করলে ভাল হতো। সন্তোষবাবু বলেছেন যে, যখন অধিবেশন হতে যাচ্ছে তখন এত কেন তাড়াতাড়ি করতে গেলেন অধিবেশনের ৭ দিন আগে কেন এটা করলেন। মাননীয় সদস্যরা এর জবাব দিয়েছেন, আমি শুধু এটুকু বলতে চাই ১৪ই জানুয়ারী যে অর্ডিনান্স হলো তার ৭ দিন পরে ২১শে জানুয়ারী বিধান সভার অধিবেশন বসেছে, তার পরে বিভিন্ন কাজের জন্য দেখতে পাচ্ছেন বিধান সভায় এই বিল এসেছে আজ ৯ই ফেব্রুয়ারী। এই যে সময়টা দেরী হতো এর ট্যাক্স আদায় অনেক কম হয়ে যেত। এর আগে অশ্বিনী রায় মহাশয় বলেছেন ১ মাস আগে যদি এটা হতো তাহলে আরো কয়েক লক্ষ টাকা আদায় হতে পারতো। জনমত সংগ্রহ করার কথা বলেছেন, জনমত যদি সংগ্রহ করতে যাওয়া হত তাহলে বিধান সভার কাজ এবং আইন প্রণয়নের কাজ কতদূর ত্বরান্বিত হত সেটা মাননীয় সদস্যরা অনুমান করতে পারেন। এটুকু নিশ্চয়ই জানেন যে আজকে যদি এই বিল এই সময়ে না আনতে পারতাম তাহলে জনমত

সংগ্রহ করতে গিয়ে এ বছর চলে যেত এবং এ বছরে ১ কোটি টাকার মত ট্যাক্স আমরা আদায় করতে পারবো —যেটা আমাদের তহবিলে আসবে বলে মনে করা হচ্ছে—সেটা হতে পারতো না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ৫৪ কোটী টাকা আমাদের প্ল্যান বাজেটে ঘাটতি আছে। তারপর আরো বিভিন্ন রকম ব্যাপার আছে আরো ঘাটতি হবে। আমাদের ক্যাবিনেট থেকে একটা রিসোর্স সাব-কমিটি করা হয়েছিল। সেই রিসোর্স সাব-কমিটি বিভিন্ন দিকে রেকমেণ্ডেসান করছেন কি কি ভাবে রিসোর্স বাড়ান যায় তার মধ্যে এটা একটা। সন্তোষবাবু একটা কথা বলেছেন যে এ্যামিউসমেণ্ট ট্যাক্স এসব বাড়ার কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই হাউসকে যে এ্যামিউসমেণ্ট ট্যাক্স কিছু দিন আগে বাড়ানো হয়েছে এবং শো-এর উপর ট্যাক্স ইম্পোস করা হয়েছে। তাছাড়া পেট্রোলের উপর ট্যাক্স বাড়ানো হয়েছে, কাজেই একমাত্র ধানের উপরই বাড়ানো হয়েছে, তা নয়। একটা জিনিস মনে রাখতে হবে—যে ভাতের উপর হাত পড়ার কথা, গরীবদের উপর দরদের কথা বলেছেন। সে সম্বন্ধে বক্তব্য হচ্ছে এই যে, এটা ইম্পজিসান হচ্ছে একমাত্র মিলমালিকদের পারচেসের উপর। তারা যে পারচেস করছেন তার ৬৫ পারসেণ্ট যে ধানটা সরকারকে দেবেন আর ৩৫ পারসেণ্ট তারা বাজারে বিক্রি করবেন, কিন্তু ১০০ পারসেণ্টের উপরই ২ পারসেণ্ট ট্যাক্স ইম্পোস হচ্ছে। যে ট্যাক্স ইম্পোস হচ্ছে সে ট্যাক্সের পরিমাণ আমরা যদি ঠিক ঠিক আদায় করতে পারি, সে আদায়ের জন্য অন্য কোন দায় করতে হচ্ছে না। যে অর্গানাইজেসান ও মেসিনারি আছে তার মাধ্যমেই ট্যাক্স আদায় হবে এবং এর ফলে এক কোটি টাকা অতিরিক্ত তহবিলে আসবে। মাননীয় রামকৃষ্ণ সারোগী বলেছেন কি কারণে অর্ডিনান্স করা হল ও তাতে বলেছেন যে খাতাপত্র রাখবার অসুবিধা হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বড় বড় ব্যবসাদার যারা ব্যবসা করেন তারা খাতাপত্র রাখা পছন্দ করেন না। কিন্তু পছন্দ না করলে কি করা যাবে, খাতাপত্র রাখতে হবে। খাতাপত্র রাখতে অসুবিধা হয় এজন্য যে কত পারচেসড করলেন কত করলেন না সেইজন্য এইসব হিসাব খাতাপত্রে দেখাতে হবে। তাতে বেশি সময় যাবে এবং পয়সাও খরচ হয়। তাহোক, কিন্তু খাতাপত্র সরকারকে দেখাতে হবে। মুনাফার কিছু সরকার পাবেনা এই ধরণের উক্তি মাননীয় সদস্য সারোগী করেছেন। আমি বলব যে পুরাণ ধারণা নিয়ে থাকলে চলবে না, ফাঁকি চিরকাল দিতে পারবেন বড় বড় শিল্পপতিরা, ব্যবসাদাররা, তারা ইনকাম ট্যাক্স ফাঁকি দিয়েছে কিন্তু চিরদিন যে এরূপভাবে ফাঁকি দিতে পারবেন এরূপ কথা নয়। আমরা চেষ্টা করছি সে ফাঁকি যাতে না দিতে পারেন। শ্রীনেপাল রায় মহাশয় বোধ হয় রসিকতা করেই বলেছেন যে, মুখ্যমন্ত্রী না থাকলে উপ-মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রী না থাকলে পরিষদীয় মন্ত্রী মহাশয় বিল আনবেন। কিন্তু সেটা এখানে প্রযোজ্য নয়, তার কারণ মাননীয় মুখ্যমন্ত্রী হঠাৎ চলে যাবার সময় আমি কাছে ছিলাম সেই জন্য আমাকে এটা করতে বলেছিলেন। তা নাইলে এটা ডেফারড হোত। আমি এ বিষয়ে আর কোন কথা বলতে চাই না। একটা কথা বলব যে সময় অভাবের কথা চিন্তা করে সমস্ত ভেবে চিন্তে ধান পারচেসের উপর এটা ইনট্রোডিউস করেছি। একটা জিনিস জানবেন যে মিলওলারা যে ধানটা পারচেস করবে তার উপরই ট্যাক্স লেভিড হবে অন্য কোন হাসকিং মেসিন, ফোড়ে, আড়তদার তারা যদি ধান কেনে তাহলে ২ পারসেণ্ট ট্যাক্স ধার্য্য হচ্ছে না। একমাত্র মিলমালিক ধান কেনেন তো সে ধানের ওপর ট্যাক্স হচ্ছে। এই কথা বলেই এই বিল-এ যে সংশোধনী প্রস্তাবগুলি এসেছে তা বাতিল করতে অনুরোধ করছি এবং মাননীয় সদস্যদের অনুরোধ করছি যে, এই বিল যে আকারে এসেছে সেই আকারে অনুমোদন করুন।

[ 4-10—4-20 p.m. ]

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Sushil Kumar Dhara that the West Bengal Paddy Purchase Tax Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 2**

**শ্রীঅশ্বিনী রায় :** স্যার, আমি আমার amendments withdraw করছি।

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

**শ্রীঅশ্বিনী রায় :** স্যার, আমি আমার Amendment withdraw করছি।

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4 to 27**

The question that Clauses 4 to 27 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sushil Kumar Dhara** : Sir, I beg to move that the West Bengal Paddy Purchase Tax Bill, 1970, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970**

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to introduce the West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970.

( Secretary then read the title of the Bill )

Sir, I beg to move that the West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970, be taken into consideration. স্যার, এই বিল সম্বন্ধে বলতে গিয়ে এটুকুন বলব যে ১৯৬৮ সালে President Act যেটা পাশ হয়েছে সেটার হুবহু এখানে আমরা পাশ করছি। 1968-69-এর বিলের উপরে নির্ভর করে আমরা এই District-এ separate করেছি এবং সেটা যাতে তাড়াতাড়ি হয় ও lapse না হয়ে যায় সেজন্য এই বিল এনেছি। President Act যেটা 1968-এ হয়েছে সেটা থেকে কোন রকম change করা হয়নি এবং আমরা যাতে যত তাড়াতাড়ি সমস্ত বাংলাদেশে separation করতে পারি তার জন্য এই বিল এনেছি। Separation হলে বিচারের দিকে মানুষের লক্ষ্য থাকবে এবং তাড়াতাড়ি মামলাগুলি শেষ হয়ে যাবে। এই বলে আমি শেষ করছি।

**শ্রীসমরকুমার রুদ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটা সমর্থন করার সময় বলব আমরা অনেক আশা নিয়ে বিধান সভায় বিভিন্ন বিল পাশ করি এবং আশা করি তার সঠিক ও সার্থক রূপায়ণ হবে। গতকাল আনন্দবাজার পত্রিকায় ভারতের Attorney General শ্রীনীরেন দে একটি বিবৃতি দিয়ে বলেছেন যে সংবিধানে সম্পত্তি সম্পর্কিত মৌলিক ধারাটির অপব্যবহার হচ্ছে

এবং তার কারণ দেশের সমস্ত সম্পত্তি মুষ্টিমেয় কয়েকটি লোকের হাতে করায়ত্ত এবং কোটি কোটি মানুষের জীবনে কিছু হচ্ছে না। এই দুঃখ প্রকাশ করেছেন ভারতের Attorney General. সাংবিধানিক ধারা প্রয়োগ করতে গিয়ে প্রতিদিন এটা হয়। বিচারপতিগণ সমাজের লোক এবং সমাজের বিভিন্ন শ্রেণী থেকে তাঁরা আসেন। এই শ্রেণী ভিত্তিক সমাজে শ্রেণীগত দৃষ্টিভঙ্গীর উপর আইনের প্রয়োগ নির্ভর করে। আমরা দেখেছি জমি সম্পর্কিত ব্যাপারে প্রশাসনিক বিভাগ কতকগুলি আদেশ দিলেন তার বিরুদ্ধে গিয়ে জমিদার জোতদাররা হাইকোর্ট থেকে শুধু যে রায় নিয়ে এলেন তাও নয়, injunction নিয়ে এলেন। আবার দেখেছি বরখাস্ত কর্মচারী আদালতে গেলেন যে তাঁকে অন্যায়ভাবে বরখাস্ত করা হয়েছে। আদালত তাঁকে rule issue করলেন, কিন্তু injunction দিলেন না। এসব সমানভাবে প্রয়োগ করা নির্ভর করে বিশেষ ঘটনাবলীর উপর। আমরা দেখেছি যেখানে কোন বিশেষ শিল্পে প্রচুর লাভ হচ্ছে এবং শ্রমিক যদি সেই শিল্পের লাভের উপর ভিত্তি করে বলে যে আমাদের মজুরী বৃদ্ধি করা হোক, সেখানে আদালত থেকে বলা হচ্ছে যে এখানে এত টাকা লাভ হলেও এই শিল্পের আয়ের মজুরীর কোন standard নেই, কারণ অন্য জায়গায় লাভ কম হচ্ছে। এইভাবে যারা লাভ করিয়ে দিচ্ছে তারা সুযোগ সুবিধা পান না এবং অন্য জায়গার লোকসানের জন্য এই শিল্পের লোকেরা বঞ্চিত হলেন। এইরকমভাবে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রায় হয়।

[ 4-20—4-30 p.m. ]

এবং এমনও দেখা গিয়েছে, স্যার, আমেরিকাতে প্রেসিডেন্ট রুসভেল্ট নিউ বিল আনলে তখন সেই নিউ বিলকে পর্য্যন্ত বলা হল যে এটা সার্থক করা যাবে না। তখন তিনি হুমকীও দিয়েছিলেন যে তাহলে সুপ্রীম কোর্টে আমাকে বিচারপতি আমার লোক দিয়ে ভরিয়ে দিতে হবে, তাছাড়া উপায় নেই। এই রকমভাবে যদি রায়কে কার্য্যকরী করা যায়, আইনে সেখানে সেই আইনের অপব্যাখ্যা হচ্ছে। স্যার, এই শ্রেণীগত দৃষ্টিভঙ্গীর উপর নির্ভর করে বলেই আমরা আশা করি যে, যে সমস্ত আইন এখানে সেইগুলির আইনের ঠিকমত ব্যাখ্যা হবে। স্যার, আমার বক্তব্য হচ্ছে আমাদের আইন মন্ত্রী এখানে একটি বিল আনছেন, খুব ভাল কথা, কিন্তু আরো কতকগুলি বিল আনা উচিত ছিল কিন্তু আনা হয়নি। যেটা হচ্ছে সিলিং অব আর্বান প্রপার্টি এ্যাণ্ড ইনকাম। এইদিকে, স্যার, আমরা দেখি গ্রামাঞ্চলে রুরাল প্রপার্টির উপরে সিলিংধার্য করে দিয়েছে, সেখানে পরিবারভিত্তিক ইতর বেশী হবে না কিন্তু কলকাতা সহরে ২০ তলা, ৩০ তলা আকাশচুম্বী হর্ম্যমালা তৈরী হয়ে যাচ্ছে কোটি কোটি টাকা দিয়ে। স্যার, তাদেরও সম্পত্তির সীমা নির্ধারণ করার প্রয়োজন আছে, আয়েরও সীমা নির্ধারণ করার প্রয়োজন আছে সমাজতান্ত্রিক দেশে। স্যার, মাননীয় আইন মন্ত্রীকে আমি সেই অনুরোধ করবো—অচিরে এই সেশনের মধ্যেই যেন সিলিং এবং ইনকাম সিলিং অব আর্বান প্রপার্টি এ্যাণ্ড ইনকাম অব দি পিপিল ইন ক্যালকাটা—এইগুলি সম্বন্ধে ধার্য করে তিনি এখানে আইন নিয়ে আসুন, সেটা অচিরে করা দরকার—এই বলে আমি এই বিলকে সমর্থন করছি।

**শ্রীজয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনমন্ত্রী যে বিলটি এনেছেন এটা জাতীয় কংগেসরই গৃহিত নীতি। এই নীতি কংগ্রেসরই নীতি, এটাতে নুতনত্ব কিছু নাই। আজকে আমি দুঃখবোধ করছি প্রায় ১২ মাস হতে চললো এদের রূপ তো আপনি সেদিন দেখেছেন। এতবড় গুরুত্বপূর্ণ জিনিস ১৯৬৭ সালের পর বাংলাদেশের ভাগ্য যেরকম উত্থান পতন হচ্ছে এই বিল আরো আগে আনা উচিত ছিল। তবুও বিলম্বে হলেও এই বিল আনার জন্য আমি মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাচ্ছি। কিন্তু ভক্তিবাবু, আপনার বিরুদ্ধে যুক্তফ্রন্ট সদস্যদের যেরকম কথাবার্তা শুনছি এর পর আপনি এদের ভক্তি পাবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমার য্যামেণ্ডমেণ্ট আছে। এখানে একটা জিনিষ আমি বুঝলাম না এটা তো মূল কথা। যদি একজিকিউটিভ

জুডিসীয়ারীর দায়িত্ব একজনের হাতে থাকে কিম্বা একটা ব্রাঞ্চের হাতে থাকে তাহলে ন্যায় বিচার হতে পারে না। একজিকিউটিভের যে বাধা কিম্বা যে অবমাননা কিম্বা কোথাও যদি কিছু অসুবিধা থাকে জুডিসীয়াল ম্যাজিস্‌ট্রেটের পাওয়ারের স্বার্থে কিম্বা পরামর্শ দিয়ে এরা একটা শোধ নিয়ে নেয় এটা আমরা দেখেছি। কিন্তু বিচারমন্ত্রী কেন ৬টা জেলা বাংলাদেশের আর বাকী জেলাগুলিতে একই সংগে কেন প্রয়োগ করা সম্ভব হল না? এটা আমার কাছে একটা বিরাট জিজ্ঞাসা এবং কৌতুহল। তিনি হয়ত বলবেন যে টাকার অভাব কিম্বা বাড়ী বা গাড়ীর অভাব এই জাতীয় কথা বলবেন, মুল কথা এখানে বিচারের ক্ষেত্রে—আপনার জন্য এক বিচার আর আমার জন্য আর এক বিচার হবে, আপনি যদি ফরাসী কনসাল জেনারেলকে হত্যা করতেন কিম্বা আমি করতাম দুজনেরই তো একই অপরাধ। আজকে যদি একজিকিউটিভের প্রভাব মুক্ত করতে চাই তাহলে বাংলাদেশে সার্বজনীন আইন করা উচিত ছিল এবং সার্বজনীন ব্যবস্থা হওয়া উচিত ছিল। কিন্তু তা আপনারা করেন নি। আমি বলব এটা কি অন্য শরিকের প্রভাবের ফলে? এখানে একটা ভেগ কথা বলে দেখা হয়েছে অন সাচ ডেট। এক নং ক্লজের তিন নম্বর সাব ক্লজ রেফার করছি। অন সাচ ডেট মানে আনলিমিটেড টাইম আপনারা নিচ্ছেন, একটা ধারণাও দিচ্ছেন না, অমুক তারিখের মধ্যে এটা হওয়া সম্ভবপর এটা বলছেন না, একটা ভেগ লং টাইম নিজেদের হাতে রেখে দিচ্ছেন। বিচারের ব্যাপারে একটা নির্দিষ্ট সীমা বেঁধে দেয়ার কথা ছিল বুঝলাম, এক বছরের মধ্যে সম্ভব হল না, সামনে আর এক বছরের মধ্যে কেন সম্ভব হবেনা? বাংলাদেশের ৬টি জেলা বাদ দিয়ে আর বাকী ১০টি জেলায়। এই জিনিসটি আমার জানতে ইচ্ছা করছে। সেইজন্য আমি জানি না একাধিক প্রভাব এই বিচারের ব্যাপারে কাজ করছে কি না। অন্যদিক দিয়ে অধ্যক্ষ মহাশয়, আপনি বাংলাদেশের বিচারালয়গুলির চেহারা দেখছেন। এক হাইকোর্ট ছাড়া ওদের দাপটে, ফোনের চোটে, লাঠির দাপটে, রেড স্কার্ফ-এর দাপটে বিচারালয়ে বিচার পাচ্ছেনা। সেদিন পান্নালাল চ্যাটার্জীর কেসে আমরা দেখলাম আসামী দোষী সাব্যস্ত হয়েছে, সেখানে তাঁর উপর হাঙ্গামা কেননা আসামীর মনোমত বিচার হয় নি। এটা তো একটা ঘটনা। এছাড়াও আমরা এ পক্ষ বিশ্বাস করি সমন জারী হচ্ছে না, ওয়ারেন্ট একজিকিউট হচ্ছে না। বাংলাদেশে কোর্টে ছয় মাস আর্জী করা হয়েছে, পিটিসন অব কমপ্লেন্ট করা হয়েছে, সেখানে আসামীর উপর ওয়ারেন্ট হয়েছে, কিন্তু একজিকিউট হচ্ছে না। সুতরাং সেদিক দিয়ে বাংলাদেশের কোন বিচারালয় রাখার কোন দরকার নাই। বরঞ্চ যুক্তফ্রন্টের গণআদালত যে প্রতিষ্ঠা হচ্ছে ওটার বরঞ্চ ওরা কিছু তথ্যানুসন্ধান করে দেখুক যে ওটা কে কিছু লিগ্যাল ষ্ট্যাটাস দিতে পারেন কিনা। আর একটা দিকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সংশয় আছে, যে ছটা জেলা বাদ দিয়ে দশটা জেলায় প্রয়োগ করতে প্রেসিডেন্সী টাউন বাদ দিয়ে ক্যালকাটা কতদিন লাগবে আমি জানি না। সেজন্য একটা সময়সীমা বেঁধে দেয়া উচিত ছিল। দু নং কথা হচ্ছে এখানে আমরা দেখছি সেসান কমিট-এর ব্যাপারে বাংলাদেশে কিছু ম্যাজিস্‌ট্রেট একই সংগে একজিকিউটিভ এবং জুডিসীয়াল ফাংসন ডিসচার্জ করে। এ ব্যবস্থা আছে দি য়্যারেঞ্জমেন্ট ইজ ইন্টারচেঞ্জেবল যে একজিকিটিভ আছে তাকে জুডিসীয়াল ম্যাজিষ্ট্রেট করে পাঠান হয়, যে ম্যাজিষ্ট্রেট আছে তাকে একজিকিউটিভের দায়িত্ব দিয়ে পাঠান হয়। ওদের আশীর্বাদ কুড়ানোর জন্য এদের মধ্যে একটা প্রতিযোগিতা পড়ে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে দেখছি যাদের বিচারকের টেম্পারামেন্টই নাই এমন লোককে সেখানে দেয়া হয়েছে—বিচারকের ক্লাসিফিকেসন তুলে দেয়া হয়েছে ফার্ষ্ট ক্লাস, সেকেণ্ড ক্লাস, থার্ড ক্লাস ম্যাজিষ্ট্রেটের। এখানে দেখছি সেকেণ্ড ক্লাস ম্যাজিষ্ট্রেটকে পর্যন্ত সেসান কমিট—মানে গ্রেভ অফেন্স, সিরিয়াস অফেন্স, নিন্দনীয়, ঘৃণ্য অপরাধ, এ সবের অপরাধের দায়িত্ব সেকেণ্ড ক্লাস ম্যাজিষ্ট্রেটের উপর দিতে চাওয়া হয়েছে। আমি আইনজীবী নই, সাধারণ দৃষ্টিতে যা মনে করি যে তার দায়িত্ব এবং অভিজ্ঞতা যতখানি তাদের দিতে চাইছেন ততখানি তাদের থাকবে কিনা।

[ 4-30—4-40 p.m. ]

আর একটি বিষয় বলতে চাই Section 30-কে correction করতে চাচ্ছি Cr. P. Code-এর। এটা আর একবার তাঁকে বিবেচনা করবার জন্য বলছি। এখানে তিনি সেটা 7 years দিতে চেয়েছেন, সেটা ৫ বছর করতে পারলে ভাল হয়। ম্যাজিস্ট্রেটদের all on a sudden সব কয়টি জেলাতে experience এনে দেবেন—এটা সম্ভব কিনা তিনি বিবেচনা করে দেখবেন। আজকে যাঁরা বিচার বিভাগে আছেন তাঁরা সব রুমাল বাঁধা দল নয় যে ৭ দিনে সব হয়ে গেল। যাহোক মূল কথা ক্লজের যখন amendment আসবে তখন, বিস্তারিত বলবো, একই সঙ্গে বাংলাদেশের সর্বত্র যাতে এই নিয়ম চালু হয় সেদিকে আপনি দৃষ্টি দিবেন।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, আজ আমাদের ভারতবর্ষের সংবিধানে বিচার বিভাগ এবং শাসন বিভাগ এই উভয়কে পৃথকীকরণ করবার নির্দেশ দেওয়া আছে; সংবিধানে এটা গৃহীত হয়েছে, বাংলাদেশে বহুদিন ধরে গণতন্ত্রকে রক্ষার জন্য সাধারণ মানুষ তাঁরা আশা করে এসেছিলেন বিচার বিভাগ এবং শাসন বিভাগ দুটো স্বাধীনতার আরাআরিক অঙ্গ হিসেবে আছে। একটা অপর পক্ষের উপর খবরদারি যাতে না করে—তার জন্য সাধারণ মানুষ চেয়েছিলেন উভয়ের পৃথকীকরণ হওয়া উচিত। আমাদের যুক্তফ্রন্ট সরকার বর্তমানে বিচার বিভাগকে শাসন বিভাগের কাছ থেকে পৃথকীকরণ করেছেন এবং পশ্চিমবাংলার ৬টা জেলায় শাসন বিভাগ থেকে বিচার বিভাগকে আলাদা করে নূতন ঐতিহাসিক এক পর্য্যবেক্ষণের সুযোগ সৃষ্টি করে দিয়েছেন। এর ফলে কতকগুলি সুবিধা নাগরিক জীবনে হয়েছে এবং কতগুলি অসুবিধাও নাগরিক জীবনে হয়েছে। সুবিধার ক্ষেত্রে যে দিকগুলি আছে—সেই দিকগুলি হচ্ছে অনেক ক্ষেত্রে দেখা গেছে কংগ্রেসী শাসনকালে গণতান্ত্রিক আন্দোলনের সময় মানুষকে আদালতের বিচারের জন্য যখন আটকে দেওয়া হলো, সেখানে bailable offence বা জামিনযোগ্য অপরাধ হওয়া সত্বেও শাসনবিভাগের চোখ রাঙ্গানীর জন্য বিচারকরা তাকে bail বা জামিন দিতে পারেননি—দিনের পর দিন তাকে আটক করে রাখা হয়েছে। তাঁরা সেই সময়ে বলেছেন পুলিশ যখন গ্রেপ্তার করেছে, তখন আমরা তো ছাড়তে পারি না। আইনে যদিও বেল্ দেবার কথা আছে, তথাপি আমাদের Court Inspector না বললে তো আমরা bail দিতে পারবো না। আইনগত অধিকার থাকা সত্বেও অপরাধীদের তখন জামিন দেওয়া হয় নাই, হাজতে আটক করে রাখা হয়েছে। আমাদের যুক্তফ্রন্ট সরকার বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে পৃথক করে দিচ্ছেন, যাতে বিচার বিভাগকে আর শাসন বিভাগের চোখ রাঙ্গানি সহ্য করতে না হয়। বিচার বিভাগ যাতে স্বাধীনভাবে, নির্ভীকভাবে সত্য মত দেবার সুযোগ পায় তার ব্যবস্থা এর দ্বারা হচ্ছে। এই ব্যবস্থার দ্বারা গণতান্ত্রিক ক্ষেত্রে যুক্তফ্রন্ট সরকারের অগ্রগতি সূচিত করছে।

মাননীয় স্পীকার মহাশয়, হুগলী জেলায় আমাদের শাসন বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণ হয়েছে। আমরা এই বিলের কতকগুলি যে ভাল দিক আছে সেদিকে লক্ষ্য করেছি। ভাল দিকের ক্ষেত্রে আছে যেজুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট এবং একজিকিউটিভ ম্যাজিষ্ট্রেট তাদের বিচারের কার্যপদ্ধতির পৃথকীকরণ করা হয়েছে। এবং বিচারের জুরিসডিকসন-এর ক্ষেত্র আলাদা করে দেয়া হয়েছে এবং সংগে সংগে যে সিভিল প্রেসিডিওর অর্থাৎ সিভিল বিভাগ রয়েছে সেখানে কার্যপদ্ধতি আলাদাভাবে ঠিক করে দেয়া হয়েছে। আইনের উদ্দেশ্য মহান এবং নাগরিককে বিচার ব্যবস্থার সুযোগ দেবার কিছু প্রচেষ্টা আছে এটা ঠিক কথা, তথাপি কিছু অসুবিধা হচ্ছে। এক বিচার বিভাগের যে অধিকার আছে সেই অধিকারের উপর আর এক বিচার বিভাগের হস্তক্ষেপ হয়ে যাচ্ছে। এই বিষয়ে নজর দেয়ার জন্য আমি আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্গাদারদের সুযোগ দেবার জন্য বর্গাদারদের একটা কোর্ট আছে, তাকে বলা হয় ভাগচাষ কোর্ট। আজকে যেহেতু বর্গাদারদের উচ্ছেদ করা যাবে না সেইহেতু সিভিল বিভাগে জমির মালিক জোতদারেরা এসে বর্গাদারকে বর্গাদার বলে

স্বীকার না করে ট্রেসপাসার হিসাবে স্বীকার করে অভিযোগ এনে তার বিরুদ্ধে সিভিল বিভাগ থেকে ইনজাংসন জারী করে দেয়া হচ্ছে এবং বহু বর্গাদারের উপর এইভাবে ইনজাংসন দিয়ে ফসল তোলা হয়েছে এই বছর। আমরা প্রচেষ্টা করেছি কিন্তু আইন সেক্ষেত্রে বর্গাদারের বিপক্ষে চলে গেছে। অন্য দিকে ফৌজদারী আদালতের ক্ষেত্রে যেখানে বর্গাদারের অধিকার রয়েছে ভাগচাষ আদালতে সেদিকে তাদের অধিকারকে খর্ব করে ১৪৪ ধারা জারী করেছে। সুতরাং আমাদের জুরিসডিকশন গুলি আরো পরিষ্কার করে দেয়ার দরকার আছে। সেইজন্য আমি মাননীয় আইন মন্ত্রীমহাশয়কে আবেদন করব যেন এদিকে তিনি নজর দেন—নাগরিকদের বিচার পাওয়ার যে অধিকার আছে সেই অধিকারগুলি যাতে আরো তাড়াতাড়ি বিচারব্যবস্থায় আমরা সরল করে দিতে পারি এবং তাদের সুযোগ, ন্যায়, মর্যাদা যাতে হয় তার ব্যবস্থা করা দরকার। ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার ক্ষেত্রে যেখানে টাকার থলি আছে, যেখানে বড় উকিল দিতে পারবে তার পক্ষে আদালতের রায় না গিয়ে মানবিক দিকের প্রতি, সমাজ কল্যাণের দিকে চিন্তা করে মানুষের জীবনে যাতে সুখ সৌন্দর্য আমরা এনে দিতে পারি সেদিকে লক্ষ্য রেখে আমাদের বিচারপতিরা যাতে মানবিক কল্যাণের জন্য কাজ করেন সেই নির্দেশ আমাদের যুক্তফ্রন্ট থেকে আইনমন্ত্রী দেবেন এই ভরসা রেখে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করলাম।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, শাসন বিভাগ এবং বিচার বিভাগ এই দুই বিভাগকে কংগ্রেসের আমল থেকেই যাতে আলাদা হয় তার জন্য আমরা বহু চেষ্টা করেছি। আজকে এই বিল এসেছে, আমরা নিশ্চয়ই কিছু কিছু সংশোধনী দিয়ে একে সমর্থন করব কিন্তু তার আগে এই বিলের প্রয়োগ সম্বন্ধে কিছু বলা দরকার। কারণ এই হাউসে দাঁড়িয়ে মাননীয় ল্যাণ্ড য়্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ মিনিস্টার সোজা বলেছেন যে হাইকোর্টের অর্ডার মানি না। একজন মন্ত্রী এই রকম দায়িত্বশীল পদে থেকে এই হাউসে দাঁড়িয়ে যদি মানুষকে এইভাবে উস্কে দেন আইন অমান্য করবার জন্য তাহলে এই জুডিসিয়ারী এবং একজিকিউটিভ আলাদা করে তো কোন লাভ নেই, এর কোন প্রয়োজন নেই।

[ 4-40—4-50 p.m. ]

এর আলাদার কোন প্রয়োজন নেই। কারণ, ওঁরা কোন আইনই মানবেন না। স্যার, আমি একটি বেটার একজাম্পেল এখানে উপস্থাপিত করছি। কয়েকদিন আগে বড়বাজারে এস. এস. পি. সদস্য রবি শঙ্কর পাণ্ডেকে পুলিশ ডাকাতি, রাহাজানি, ছিনতাই ইত্যাদি ৭/৮টি চার্জে এ্যারেষ্ট করে এবং ৯ই ফেব্রুয়ারী পর্যন্ত তার রিম্যাণ্ড হয় আবার প্রোডাকসান করার জন্য। কিন্তু ইতিমধ্যে এস. এস. পি. সদস্যরা সি. পি. এম.-এর ঘরে ডিমনষ্ট্রেসন দেয় এবং সি. পি. এম. তাকে ৬ তারিখে ছেড়ে দিতে বাধ্য হন। এই যদি দেশের অবস্থা হয়ে থাকে, যদি কিছু লোক, গুণ্ডা নিয়ে গিয়ে ডিমনষ্ট্রেশন দিয়ে ভয় দেখান হয়, যেমন আলিপুর কোর্টে হয়েছে, তাহলে এই আইন করে কোন লাভ নেই। যখন দেশের মানুষেরা আইন মানে না, হাইকোর্ট মানে না তখন আর এই প্রচলনের কোন প্রয়োজন নেই। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় বিচারমন্ত্রীকে জানাব যে এটা আলাদা করে কোন লাভ নেই। আপনারা দেখুন ফ্রেঞ্চ এ্যামবাসাডারের স্ত্রী মারা গেলেন, উনিও হয়ত মারা যাবেন, কিন্তু যদি ধরা পড়ত—ধরুন ধরা পড়ল : ধরা পড়তে কি দেখা গেল— দেখা গেল ভক্তিবাবুর দলের লোক রাজনৈতিক কারণে হত্যা করেছে। ফট করে দেখা গেল জ্যোতিবাবু তাকে ধরল। ভক্তিবাবু বলবেন উনি যেহেতু আমার দলের লোক সেহেতু ওকে ছেড়ে দিন। স্যার, আপনি বিচার করে দেখুন, যদি একজন লোক নরহত্যা করে, লুঠ করে, দাঙ্গা করে তাসত্বেও যদি সে লাল-রুমাল দলের লোক হয় তাহলে তার সাত খুন মাপ, উইথড্রন হয়ে যায়, ভক্তিবাবুর দপ্তরের তোয়াক্কা রাখে না। আমাদের দেশে এল, আর, বলে একটা জিনিস আছে অর্থাৎ লিগ্যাল রিমেমব্রান্সার, তাঁদের মতামত নিতে হয় মামলা উইথড্রন করার জন্য। কিন্তু

১ হাজারের উপর মামলা উইথড্রন হয়ে গেল, এল, আর, বা ভক্তিবাবুর ল ডিপার্টমেন্টের সাথে কোন কনসাল্ট করা হয়নি। অতএব আমি কি বলব যে মন্ত্রীরা যখন খুশী ঐ ডাকাত, গুণ্ডা বা লুণ্ঠনকারীদের ছেড়ে দিতে পারবেন? কাজেই এই জুডিসিয়্যাল, কোশ্চেন আলাদা করে লাভ নেই। আজকে দেশের এমন একটা অবস্থা এসে পৌচেছে যে মন্ত্রীরা পর্যন্ত উষ্কাচ্ছে, মানুষ আইন মানছে না, যদি আইন না মানে তাহলে এইসব বিল আনার কোন মানে হয় না। আমি সেই জন্য বলছি ভক্তিবাবুর উদ্দেশ্য অত্যন্ত মহৎ, আমরা সমর্থন করবো। কিন্তু আজকে এটা চিন্তা করে দেখুন যে এতে কোন লাভ আছে কিনা। এতে হয়ত আপনারা কিছু ম্যাজিস্ট্রেট নিয়োগ করবেন, কিছু জজ নিয়োগ করতে পারবেন। কিন্তু এই জজকে আর মানছে কে? ডিমনস্ট্রেসন্ দিয়ে আসলে যদি ছাড়িয়ে নেওয়া যায় তাহলে রেখে কিছু লাভ নেই। কাজেই আপনারা সেটা আগে বিবেচনা করে দেখুন। এই কথা আমার নয়, মুখ্যমন্ত্রী ১৩০০ মামলা আবার পুনর্বিবেচনার জন্য ডেকে পাঠিয়েছেন। যদি তাই হয়ে থাকে তাহলে এইসব করা প্রহসন ছাড়া আর কিছু নয়। এই জন্য আমি এই বিলের বিরোধিতা করছি যে, এই আইনের আর প্রয়োজন বাংলাদেশে নেই। আজকে প্রয়োজন লাঠির বদলে লাঠি, ডাণ্ডার বদলে ডাণ্ডা। আমি সেই জন্য বলছি আমরা বিরোধী দল প্রথম এই আইনটা এনেছিলাম আপনি জানেন এবং আমরাই এটাকে প্রথম সমর্থন জানাই, কিন্তু তাসত্বেও আপনি যদি কিছু না করতে পারেন তাহলে এনে কোন লাভ নাই। তাই আমি বলব যে আজকে লাঠির বদলে লাঠি, ডাণ্ডার বদলে ডাণ্ডা এই আইন আনলে ঠিক হবে এবং এই আইন আনলে ঐ গুণ্ডাদের শায়েস্তা করতে পারবেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জী**ঃ মাননীয় সভাপাল মহাশয়, আজ যে বিল এখানে এসেছে সেই বিলকে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা আপনার মাধ্যমে মাননীয় বিরোধীপক্ষের সদস্যদের বলতে চাই। স্যার, তাঁরা যা বলেছেন তাতে তাঁরা বিলটি পড়ে এসেছেন বলে আমার মনে হচ্ছে না বা তাঁদের আইন সম্পর্কে ধারণা আছে এটাও আমার মনে হচ্ছে না। তাঁরা যা বক্তব্য রেখেছেন তাতে তাঁরা বলেছেন এটা কংগ্রেসের নীতি। স্যার, আমরা দীর্ঘদিন ধরে কংগ্রেসের নীতি দেখেছি এবং দেখেছি সংবিধানে অনেক কিছু লেখা আছে, সংবিধানে অনেক কিছু লেখা ছিল যেগুলি আজও পালন করা হয়নি। ওঁরা বহু আইন তৈরী করেছেন, সমাজতন্ত্রের কথাও বলেছেন কিন্তু কোন আইনকে রূপ দেননি। আমরা জানি ১৪ বছর পর্য্যন্ত ফ্রি এডুকেশান দেবার কথা ছিল সংবিধান ১০ বছর আরম্ভ হবার পর, কিন্তু সেটা হয়নি। সেই রকম জুডিসিয়ালকে এক্সিকিউটিভ থেকে সেপারেসান করার কথা সংবিধানে ছিল, কিন্তু সেটাও রূপ দেওয়া হয়নি। স্যার, এঁরা এই যে রূপ দিতে চান না তার কারণ অত্যন্ত গভীর। এরা যে শাসনযন্ত্র হাতে পেয়েছিলেন ইংরাজদের কাছ থেকে ইংরাজরা অতীতে এই বিচারালয়গুলি ভারতবর্ষে যা প্রতিষ্ঠিত করেছিলেন তার ইতিহাস যদি আমরা আলোচনা করে দেখি তাহলে দেখতে পাবো যে, লর্ড ওয়ারেন হেষ্টিংস ১৭৭২ সাল থেকে সুরু করে পরবর্তী সময়ে ১৮৬১ সালে হাইকোর্ট যখন প্রতিষ্ঠিত হল সেই সময়ের ভেতরে এঁরা বিভিন্ন বিচারালয় প্রতিষ্ঠিত করে। তারা নিজেরা যেহেতু বিদেশী শাসক সেজন্য বিচার বিভাগ, কার্যকরী বিভাগ, আইন বিভাগ একজনের হাতে রাখত। গণতন্ত্র বলে কিছু ছিল না, গণতন্ত্রের নামে প্রহসন চলতো এবং পরবর্তী সময়ে যাঁরা সংবিধান রচনা করেছিলেন সেই সমস্ত সংবিধান রচয়িতারা অধিকাংশই সোসিওলজি অব দি ইণ্ডিয়ান কনষ্টিটিউসান যদি ভালো করে দেখা যায় তাহলে দেখা যাবে যাঁরা ফ্রেমার অব দি কনষ্টিটিউসান তাঁরা রিপ্রেজেন্ট করেছিলেন এমন একটা ক্লাসকে যাঁরা ভেষ্টেড ইন্টারেষ্টকে প্রিগার্ড করা ছাড়া ডেমোক্রাসী রাখার চেষ্টা করেননি। সুতরাং সেই সংবিধানের ফ্রেমাররা যদিও আপাতদৃষ্টিতে জুডিসিয়াল এবং এক্সিকিউটিভকে সেপারেসান করার জন্য ডাইরেকটিভ প্রিন্সিপ্যালের ভেতরে রেখেছিলেন তবুও গত ২০ বছরের ভেতরে ওঁরা সেটা কার্যকরী করেন নি। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের প্রাক্তন বিচারমন্ত্রী শ্রীঅমর প্রসাদ চক্রবর্তী মহাশয় এটার সূচনা করে গিয়েছিলেন। আর

আজ আমাদের মাননীয় মন্ত্রী শ্রীভক্তি মণ্ডল মহাশয় সেটাকে রূপ দিতে বা যুক্ত ফ্রণ্টের ৩২ দফা কর্মসূচীকে রূপ দিতে চেষ্টা করছেন। বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা বলেছেন যে কেন ৬টি জেলাতে করছেন, কেন সব জায়গায় করলেন না। মাননীয় সদস্যরা অবগত আছেন যে মাননীয় মন্ত্রীমহাশয় ইতিপূর্বে এই হাউসেই বলেছেন যে কেন একসাথে করা গেল না। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে কেন্দ্রীয় সরকারের যুক্তফ্রণ্ট সরকারকে যে আর্থিক সাহায্য দেবার কথা সেটা তাঁরা দেননি।

[ 4-50 — 5-00 p m. ]

সুতরাং একসাথে পুরো রূপ দিতে গেলে যে অর্থ দরকার ছিলো বিল্ডিং তৈরী করার প্রয়োজনীয়তা আছে, সেই সমস্ত দিকগুলির যে অসুবিধা আছে সেই অসুবিধাগুলির এমন কোন ম্যাজীক লণ্ঠন যুক্তফ্রণ্টের জুডিসিয়াল মিনিষ্টারের হাতে নেই যার টাচে বাড়ী জেলায় জেলায় হয়ে যাবে। জুডিসিয়াল বাড়ীগুলি হয়ে যাবে এবং সেপারেশান ঐ সংগে সংগে হয়ে যাবে। সুতরাং মাননীয় বিরোধীদলের সদস্যদের আমি অনুধাবন করতে বলবো যে, বাস্তব দিকটা উপলব্ধি করুন কেন একসংগে এটা করা যায় না সংশয় এসেছে প্রয়োগ সম্পর্কে। প্রয়োগ সম্পর্কে তারা বলেছেন যে কেন নির্দ্দিষ্ট সময়ে করা হয়নি। এ কথা সত্য, নির্দ্দিষ্ট সময়ে যেগুলি প্রয়োজন ঐ দিয়ে দেওয়া যেত কিন্তু অর্থনৈতিক অসুবিধা আছে। সুতরাং সেজন্য এখানে দেওয়া সম্ভব হয়নি বা সময়ে দেওয়া সম্ভব হয়নি। যাইহোক, আজকে মাননীয় বিচারমন্ত্রীকে বলবো যে তিনি এই আইন এনে বাংলাদেশের জনসাধারণের অনেকটা উপকার করেছেন। কারণ আমরা জানি যে, একই জায়গায় ম্যাজিষ্ট্রেট সকাল ১০টার সময়ে এলেন এবং বিচার সুরু করলেন এবং সংগে সংগে একজিকিউটিভ ফাংশান, এক ঘণ্টার মধ্যে কোর্ট এ্যাডর্জোন করে দিয়ে আর একটা জায়গায় চলে গেলেন। শুধু একজন পারসনের হাতে একজিকিউটিভ এবং জুডিসিয়ারীটা ভেষ্টেড হওয়ার ফলে বহু কেস আজকে পড়ে আছে। লোয়ার কোর্টে, ডিষ্ট্রিক্ট কোর্টে, হাই কোর্টে এই যে স্নোবেল-এর মত সেল আপ হয়েছে, এর কারণ হল যে একজিকিউটিভ এ্যাণ্ড জুডিসিয়ারী ফাংশানস ভেষ্টেড অন দি সেম পারসন এবং এই জন্য দিনের পর দিন আজ বাংলাদেশে জাসটিস ডিলেইড মিনস জাসটিস ডিনাইড। আজকে এইভাবে বিচারে যদি দেরী করা হয় তবে বিচারে প্রহসন করা হয়। সুতরাং আজকে মাননীয় বিচারমন্ত্রী এই বিচার বিভাগ কার্য্যকরী বিভাগ থেকে পৃথক করে ঠিক উপযুক্ত কাজ করেছেন এবং গণতন্ত্রকে রক্ষা করার যে ষ্টেপ, যে পদক্ষেপ সেটা গ্রহণ করেছেন এবং আগামী দিন সমগ্র বাংলাদেশে তিনি এটাকে কার্য্যকরী করবেন এবং এই যে বিচার ব্যবস্থা যা দীর্ঘদিন অবহেলিত ছিলো সেটা দূর করবেন। এ কথা বলে আমি এই বিলে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিতাইপদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় বিচার-মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন, তাকে আমি সমর্থন করছি এবং এই সংগে তাঁকেও অভিনন্দন জানাচ্ছি। কারণ সংবিধানের নির্দ্দেশ মূলক নীতি থাকা সত্বেও কংগ্রেস ২০/২২ বছর ধরে রাজত্ব করেও এই ধরণের একটা বিল পেশ করতে পারেনি এবং না পেরেও আজকে দেখলাম যে জয়নাল আবেদিন সাহেব সগৌরবের সংগে বললেন যে, এটা কংগ্রেসের নীতি। কংগ্রেসের নীতি ছিলো—তাহলে তিনি মন্ত্রী ছিলেন একটুআধটু বা আরো অনেকে ছিলেন। কিন্তু তারা এই বিল আনতে পারেনি। অতএব তারা এই দাবী করতে পারেনা। তারা আসলে এটা ফেলে রেখেছেন এবং এটা তারা করতে চান না বা করতে চান নি। যাইহোক, বিলটা পড়ে আমার মনে হয়েছে যে, ডক্টরিণ অব সেপারেশান অব পাওয়ারস, তার মধ্যে যে মূল নীতি—একই ব্যক্তি একাধিক বিভাগের সঙ্গে থাকবেনা। বিচার বিভাগ, শাসন বিভাগ, আইন বিভাগ-একই ব্যক্তির হাতে থাকবে না। একটা বিভাগ আর একটা

বিভাগের উপর খবরদারী করতে পারবে না বা হস্তক্ষেপ করতে পারবে না এই যে মূল নীতি আমাদের এই সেপারেশান অব জুডিসিয়ারী এ্যাণ্ড এক্সিকিউটিভ। এই বিলে মোটা-মুটি বিচার বিভাগ শাসন বিভাগ থেকে আলাদা করে মূল নীতিটা রক্ষা করা হয়েছে। সেজন্য এই বিলকে আমি সমর্থন করছি। আপনি জানেন এই যে শ্রেণীভিত্তিক সমাজ এই সমাজে গরীব মানুষ মেহনতি মানুষ সব সময় ন্যায় বিচার পেতে পারেনা। কেননা মালিক দ্বারা শোষিত কৃষক মজুর সাধারণ মানুষ-এর অত্যন্ত দুরবস্থা। এরা জমিদার জোতদার সামন্ত প্রভুদের দ্বারা শোষিত হয় এটা আমরা দেখেছি, এঁরা অনেক ক্ষেত্রেই সুষ্ঠু ন্যায় বিচার পাননা। তাদের ন্যায় বিচার পেতে গেলে আমরা জানি সমাজের আমুল পরিবর্তন দরকার। এবং শ্রেণীহীন সমাজের দরকার, শ্রেণীভিত্তিক সমাজের পরিবর্তন দরকার। তা যতদিন না হয় ততদিন পর্য্যন্ত অন্ততঃ সীমিত ক্ষেত্রে বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে আলাদা করা দরকার যাতে দরিদ্র সাধারণ মানুষ নিরপেক্ষ ন্যায় বিচার আশা করতে পারে। আমরা জানি সোভিয়েট রাশিয়াতে বিচারককে নির্বাচন করা হয়। সেখানে কনষ্টিটিউশন আলাদা। আমাদের দেশে তা আশা করতে পারিনা। তা স্বত্বেও বিচার বিভাগকে যদি শাসন বিভাগ থেকে আলাদা করতে পারি, জনসাধারণ, গরীব মানুষ, ক্ষেত মজুর-এর ক্ষেত্রে যে বিচারের প্রহসন অনেক সময় হয়, অর্থসংগতি না থাকার জন্য, তারা ন্যায় বিচার পাবার আশা করতে পারবে। আপনি জানেন এরা অনেক সময় নানাভাবে হয়রাণি হয়। এস ডি ও-এর অনেক কাজ থাকে, নানা কেস থাকে, দিনে দিনে সেই কেস পরিবর্তিত হয়, ২/৩/৪ বছর ধরে হয়রাণি হয়েও কেসে রায় পাননা, তার এই হয়রাণির জন্য তাদের অনেক অর্থ দণ্ড দিতে হয়। সেটা হবেনা এবং তাড়াতাড়ি বিচার সমাধা হবে যদি বিচার বিভাগ এবং শাসন বিভাগ আলাদা করা হয়। সেজন্য যে বিল এনেছে আমি সেই বিল সমর্থন করি। আমি পরিশেষে বিচার বিভাগীয় মন্ত্রীর কাছে একটা দাবী রাখবো। যারা গরীব চাষী, ক্ষেত মজুর, ভাগ চাষী, গরীব কৃষক অনেক জায়গায় দেখা যায় তারা জমিদার জোতদারের হাতে হয়রাণি হয়, নানা মামলায় তারা জড়িত হয়, তা ছাড়া অনেক শ্রমিক মালিকের রোষে পড়ে মামলায় জড়িত হয়ে পড়ে, এই সমস্ত কৃষক মজুর ক্ষেত মজুরকে মামলায় যাতে সরকার পক্ষ থেকে সাহায্য করতে পারেন তারজন্য যেন তিনি একটা বিল আনেন, এই দাবী আমি তাঁর কাছে রাখছি। জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে, কোন তারিখ বিলের দেননি। এটা সম্ভব নয় কেননা কেন্দ্রীয় সরকার আর্থিক ব্যাপারে টাকার দায়িত্ব নিতে চাইছেননা, আমাদের হাতে টাকা নাই বলে নির্দিষ্টভাবে বলতে পারেননি যে এই সময় থেকে হবে। তবে আমি দাবী করছি নদীয়া এবং অন্যান্য জেলায় বিচার বিভাগ শাসন বিভাগ থেকে আলাদা করা যাতে যায় তার ব্যবস্থা যেন তিনি করেন। এই বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** স্পীকার মহাশয়, এই বিল সম্বন্ধে যে সব ডিস্‌কাশন হল, তাতে সেপারেশনের বিরুদ্ধে কোন লোকই বলেননি। কাজেই এই বিষয়ে আর বেশী আলাপ আলোচনা করার নাই। কনষ্টিটিউশনের আর্টিকেল্ ৫০তে আছে, এটা করা উচিত। এটা করার কথা ১৯৬৭ সালেই হয়েছিল, ১৯৬৮ সালে প্রেসিডেণ্ট রুল হয়ে গেল। এই কনষ্টিটিউশনাল অবলিগেশন ও পক্ষের তাদেরই পালন করা উচিত ছিল। যুক্তফ্রণ্ট হতে সে কর্তব্য তারা ডিসচার্জ করছে, আমরা আমাদের ৩২ দফা কর্মসূচী তাড়াতাড়ি যাতে রূপায়িত করতে পারি তারই চেষ্টা করছি।

একটা কথা বলেছেন অনেকে। তাড়াতাড়ি করছিনা কেন? কাগজে আপনি দেখেছেন এ বিষয়ে আমরা অত্যন্ত আগ্রহশীল। সেণ্ট্রাল গভর্ণমেণ্টের প্রত্যেক মিনিষ্টারের কাছে গিয়েছি। বলেছি এটা একটা স্পেশাল ফিচার হচ্ছে সারা ভারতবর্ষের মধ্যে যদি টাকা দেন। প্রথমে টাকা দেবেন প্রাইম মিনিষ্টার এবং তাঁদের অনেকে বলেছিলেন, কিন্তু সেই রকম আশ্বাস এখন দিতে

পারছেন না. কেন, তা বুঝতে পাচ্ছি না। তবে আমাদের যে অবস্থা তাতে যতটা তাড়াতাড়ি পারি করব। প্রসেসিং এখন দুটি জেলায় বাকী থাকবে। বাকি অধিকাংশ জেলায় প্রসেসিং হয়ে যাচ্ছে। কয়েকদিনের মধ্যে আটটি জেলায় হয়ে যাবে, একথা আমি এখানে জানাচ্ছি।

[5-00—5-10 p.m.]

বাকী থাকবে ২৪-পরগণা যেটি বড় জেলা এবং কৃষ্ণনগরের কিছু। বাকীগুলো প্রসেসিং করা হচ্ছে এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নেবার জন্য মুনসেফ নেওয়া হচ্ছে। একজন এখানে বলেছেন এক্জিকিউটিভ এবং জুডিসিয়ারীকে আলাদা আলাদা করতে। এক্জিকিউটিভ ডিপার্টমেন্টের ম্যাজিস্ট্রেট যাঁরা রয়েছেন তাঁদের ২/১ জনকে নিয়েছি। আমরা মুনসেফ রিক্রুট করছি এবং হাইকোর্ট থেকে সেটা করা হচ্ছে। এটা শেষ হলে ৪/৫ মাসের মধ্যে আমরা প্রায় ৮টি জেলায় করতে পারব। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং সকলে মিলে এই বিল পাশ করবেন এই অনুরোধ জানাচ্ছি। এই প্রসংগে আমি মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেবকে একটা অনুরোধ জানাচ্ছি তিনি যেকথা বলেছেন সেগুলি উইথড্র করে নেবেন।

The motion of Shri Bhakti Bhusan Mandal that the West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

**Dr. Zainal Abedin:** Sir, I beg to move that in clause 1(3), line 4. for the words "on such date" the words "on or before the 31st December, 1970" be substituted.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ক্লজ ওয়ান, সাব-ক্লজ থ্রি-তে বিচারমন্ত্রীর ভাষণ শুনে আমি চমকে উঠলাম কারণ এটি একটি ভয়াবহ। বাংলাদেশের ২৪-পরগণা জেলা যেখানে সবচেয়ে বেশী অরাজকতা হচ্ছে সেই ২৪-পরগণা জেলাকে তাঁরা নিচ্ছেন না। যে ২৪-পরগণায় বিচারের মামলা সবচেয়ে বেশী হচ্ছে সেই ২৪-পরগণাকে যখন তাঁরা নিচ্ছেন না, তখন কি একথা বলব যে, এখানকার বিচার তাঁরা সচিবালয়ে নিতে চাচ্ছেন? যেটা প্রথমে নেওয়া উচিত ছিল সেটা যখন নিচ্ছেননা তাহলে আমরা কি ধরে নেব এখানে রাজনৈতিক চেতনা প্রবল হয়ে উঠেছে বলে এটা তাঁরা বাদ দিয়েছেন? তাহলে কি আমরা ধরে নেব যেহেতু ২৪-পরগণায় অরাজকতার সম্ভাবনা সবচেয়ে বেশী এবং যেহেতু যুক্তফ্রন্টের প্রভাব সেখানে বেশী সেহেতু এটাকে জিইয়ে রেখে তাঁরা তাঁদের রাজনৈতিক প্রভাব বিস্তার করবার চেষ্টা করছেন? অন্য জায়গা আপনারা বাদ দিতে পারতেন, কিন্তু এই ২৪-পরগণা যেখানে বাংলাদেশের ওয়ান ফিফ্‌থ পপুলেশন রয়েছে এবং আকারের দিক থেকে যেটা ওয়ান ফিফ্‌থ অব দি টোট্যাল সাইজ সেটাকে যখন পার্পাসলি আপনারা বাদ দিয়েছেন তখন এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে আমরা ভীত হচ্ছি। তাই অনুরোধ করছি আপনারা অন্য জেলা বাদ দিন, কিন্তু ২৪-পরগণাকে নিন, সেখানে ন্যায় বিচারের ব্যবস্থা করুন।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এটা আমি পূর্বে যা বলেছি, এবারও তাই বলছি যে ২৪-পরগণার জন্য হিউজ খরচের দরকার, কারণ যেসব বিল্ডিং প্রভৃতি তৈরী করতে হবে তার জন্য হিউজ টাকা খরচ করতে হবে, কারণ ২৪-পরগনায় অনেকগুলো সাবডিভিশন রয়েছে এবং এত কনজেষ্টেড যে এটা করা সম্ভব নয়। কাজেই এটায় কোন রাজনৈতিক উদ্দেশ্য নেই। আমি তো বলেছি যে সবগুলো করতে পারা যাবে না। এইজন্য বলছি যে এটাতে কোন সাবষ্ট্যান্স নেই।

The motion of Dr. Zainal Abedin that in clause 1 (3), line 4, for the words "on such date" the words "on or before the 31st December, 1970" be substituted, was then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was the put and agreed to.

**Clauses 2, 3, 4, and 5.**

The question that Clauses 2, 3, 4 and 5 do stand part of the Bill was then put and agreed to.

**Schedule.**

**Mr. Deputy Speaker :** There are two amendments by Dr. Zainal Abedin of which amendment No. 3 is out of order.

**ডাঃ জয়নাল আবেদীন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই থিনটে কেন out of order হলো।

**Mr. Deputy Speaker :** You move amendment No. 2—I am pointing out the legal difficulties.

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that in the Schedule, in paragraph 20, in proposed section 30, line 8, for the words "seven years" the words "five years" be substituted.

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** এই Amendment, যেটা উনি বললেন, সেটা আমি oppose করছি, কারণ এটার কোন দরকার নেই।

**Mr. Deputy Speaker :** I draw the attention of Dr. Zainal Abedin to para. 72 of the Schedule. Amendment No. 3 that you have tabled is nothing but repetitive in sense because already in para. 72 the same thing has been included. Therefore, it is out of order. You come and consult the matter with me. It is a legal matter and it may be difficult for you to understand it.

**ডাঃ জয়নাল আবেদীন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু এইটুকু বলতে চাই যে, Third Class Magistrate যেমন কমিট করবে, এটা আর একটা অবাস্তব ব্যাপার হয়ে উঠবে।

**Mr. Deputy Speaker :** This is, of course, a different matter and you may differ in opinion.

The motion of Dr. Zainal Abedin that in the Schedule, in paragraph 20, in proposed Section 30, line 8, for the words "seven years" the words "five years" be substituted, was then put and lost.

The question that the Schedule do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mandal :** Sir, I beg to move that the West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970, as settled in the Assembly be passed.

[5-10—5-20 p.m.]

**ডাঃ জয়নাল আবেদীন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে বিচার ব্যবস্থা আজকে যেখানে এসে পৌচেছে সেখানে অনেক মানুষ ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছে। আমাদের স্পষ্ট বক্তব্য হচ্ছে আইনের প্রয়োগ এবং আদালতের প্রক্রিয়ার এটা সার্বজনীন নয় এটা যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে আমার ঘোরতর অভিযোগ। এর আগেও এর সম্বন্ধে ওরা উত্তর দিতে পারেননি, ভবিষ্যতেও

পারবেন বলে মনে হয় না। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো আজকে সংবিধানের যে নির্দিষ্ট ধারা কার্যকরী করতে চলেছেন বাস্তবের সঙ্গে যেন ওনার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী বজায় রাখেন, উনি বিচারালয়গুলি এমনভাবে করবেন, বিচারক এমন ভাবে নিযুক্ত হবেন হাইকোর্ট থেকে, যেখানে বিচারের উপর কোন প্রভাব থাকবে না। অপরাধী একটা বিশেষ দলের—ক্ষমতাসীন দলের লোক বলে অপরাধী যেন ছাড়া না পায় এবং বিচারকদের নিরাপত্তার ব্যবস্থা থাকা দরকার। যে বিচারককে আসামীকে মৃত্যুদণ্ড পর্যন্ত বিচার করে দিতে হবে life transportation—সেই বিচারক যদি ভয় পেয়ে প্রভাবিত হয় তাহলে সুবিচার হবে না। এই ব্যবস্থাটা করা যে-কোন সভ্য দেশের পক্ষে একান্ত উচিত। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন বিচারালয়গুলি রাজনীতির প্রভাবমুক্ত রাখেন। ভক্তিবাবু আইনজীবি মানুষ, তিনি নিশ্চই ওঁর দলের যুক্তফ্রণ্টের কিছু লোকের ভক্তি হারাবে বলে দেশের ভক্তি তিনি যেন ন্যায়সঙ্গত ভাবে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে বজায় রাখেন এটাই আমার নিবেদন।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** স্যার, এই ব্যাপারে বলার কিছু নেই কারণ যদি বলার থাকতো তাহলে সেপারেসান করতাম না। যেটা সবচেয়ে বড় কথা আমরা সেপারেসান করছি এই জন্য যে আমাদের বিচারের উপর আস্থা আছে।,

The motion of Shri Bhakti Bhusan Mandal that the West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970, as settled in the Assembly, be passed was then put and agreed to.

### The West Bengal Court-Fees Bill, 1970.

**Shri Bhakti Bhusan Mandal**: Sir, I beg to introduce the West Bengal Court-Fees Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Shri Bhakti Bhusan Mandal**: Sir, I now place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The West Bengal Court-Fees Ordinance, 1969, which was promulgated by the Governor on the 10th December, 1969, was brought into operation on the 10th January, 1970 Till before coming into force of the Ordinance, no ad valorem court-fees were payable in the Orginal Side of the High Court, Calcutta, although such fees were leviable in the district and other courts. With a view to removing such discrimination with regard to payment of court-fees in the different courts of the State, it was considered desirable to introduce ad valorem court-fees in the Original Side of the High Court, Calcutta.

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই বিলের সম্বন্ধে বলতে গিয়ে আমি শুধু এইটুকু বলতে চাই যে এতদিন ধরে যে অন্যায় হয়েছিল বাংলাদেশের লোক অন্ততঃ সেটা বুঝতে পেরেছে যে তাকে প্রতিরোধ করা হয়। অর্থাৎ হাইকোর্টের অরিজিনাল সাইডে এতদিন ধরে বিনা পয়সায় যে মামলা হয়ে আসছিলেন এই বিল পাশ হয়ে গেলে আর বড় বড় বিত্তশালী লোকেরা যারা অনেক টাকার মামলা এ্যাডভেলারাম কোর্ট ফিস; সেটা না দিয়ে করতে পারবেন না। এর মাঝখানে অবশ্য কিছুটাদিন গণ্ডগোল করে ডিবার করা হয়েছিল। (একটি স্বর :—রেট্রসপেকটিভ এফেকট দিয়ে দেবেন।) আপনারা বলছেন আমরা ভেবে দেখব ওই রেট্রসপেকটিভ দেওয়া যায় কিনা। যা হোক, আমরা দেখেছি সেই সময়ের মধ্যে এই আইন পাশ না হওয়ার জন্য বড় বড় কি লিগাল ডিফিকালটিস হয়েছিল। বাংলাদেশের সাধারণ মানুষের প্রতি যে অবিচার ছিল এই বিল পাশ হয়ে অন্ততঃ বড় লোকেরা যে আনডিউ এ্যাডভানটেজ নিত সেটা নিশ্চয়ই নষ্ট হয়ে যাবে। সেজন্য আশা করব

সকলেই এই বিলকে সমর্থন করবেন কেউ বিরোধিতা করবেন না। যদি করেন তাহলে বুঝতে হবে যে সত্যকারের তাঁরা ভেসটেড ইনটারেষ্টের দিকে চেয়ে করছেন।

Sir, I beg to move that the West Bengal Court-Fees Bill, 1970, be taken into consideration.

**Dr. Zainal Abedin** : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1970.

স্যার, এই বিলটায় আমার বলার কিছু নেই, কিন্তু এই কোর্টফিস্ এই সব সম্বন্ধে সামান্য দু একটা কথা বলতে চাই, যদিও ব্যাপারটা আমার জ্ঞানের বাইরের কিন্তু একটা জিনিস পরিষ্কার বুঝি যে বাংলাদেশের মানুষ আজকে কোর্ট ফিসের আওতায় আসছে সিডিউল-এ ১২ পয়সা, ১৫ পয়সা, এই সব কথা বলেছেন। একজন লোক মিউনিসিপ্যালিটির কমিশনারের কাছে বা জেলা পরিষদের মেম্বারের কাছে দরখাস্ত করবে তার জন্য টাকা পয়সা লাগবে এটা কেন? আপনারা জনগণের প্রতিনিধি বলেন অথচ এই কথা চিন্তা করেন নি? একটা চিঠি কেউ লিখবে জেলা পরিষদের মেম্বারের কাছে অথবা মিউনিসিপ্যাল কমিশনারের কাছে এখানে কেন টাকা পয়সার দরকার? এতে মনে হচ্ছে যে বড় আকারের পঞ্চায়েত আইন নূতনভাবে আনছেন। আজকের জেলা পরিষদের মেম্বারের কাছে চিঠি লিখতে গেলে লোককে ৫ টাকা খরচ করে কোর্ট ফিস জোগাড় করতে হবে। এই আপনারা জনগণের প্রতিনিধি বলেন অথচ হঠাৎ এই খেয়াল করতে আরম্ভ করলেন কেন? কোলকাতা সহরে এসে ওরা যায় কিন্তু মফস্বল সহরে যারা আছেন তারা জানেন যে সেখানে একটা রেভিনিউ টিকিট পাবার কত অসুবিধা হয়। এই কোর্ট ফিসগুলি জোগাড় করা তাদের পক্ষে দুরূহ হয়ে উঠবে। এই কোর্ট ফিসগুলি সঙ্গে সঙ্গে পাবার কোন ব্যবস্থা নেই। সেইজন্য এটা আমার কাছে ভাল ঠেকেনি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব পশ্চিমবাংলার জনসাধারণের জন্য আপনাদের প্রেম যদি এত উদ্বেল হয়ে থাকে তাহলে এটা জনমত সংগ্রহের জন্য পাঠান না কেন যে মিউনিসিপ্যালিটির কমিশনার বা জেলাপরিষদের মেম্বারের কাছে চিঠি লিখতে গেলে কোর্ট ফিস দিয়ে দরখাস্ত করতে হবে?

**শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে স্বাগত জানানর সঙ্গে সঙ্গে এটা বলছি যে প্রকৃত পক্ষে কোর্ট ফিস একটা জুলুম। কোর্ট ফিস দিয়ে মানুষকে বিচার প্রাপ্তি হতে হবে এটা ন্যায় নীতির দিক থেকে ঠিক নয়। তবুও আমাদের দেশে আমরা এখনও রাজস্ব খাতে অন্য কোন ব্যবস্থা করতে পারিনি। যে ব্যবস্থা রয়েছে তাতে আমাদের কোর্ট ফিস সামগ্রিকভাবে তুলে দেবার কথা চিন্তা করতে পারি না। অন্য দিকে যে অবিচার হয়েছিল বড় লোকেরা কোর্ট ফিস ফাঁকি দিয়ে যাচ্ছিল ও আর একদিকে গরীবরা কোর্ট ফিস দিয়ে যাচ্ছিল সেটা একটা সুরাহা করা হয়েছে। সঙ্গে সঙ্গে একটা কথা বিবেচনা করবার দরকার হয়েছে যে আজকে কোর্ট ফিস মারফত আয় বাড়বে। কিন্তু আর একদিকে অবস্থা হয়েছে যে বিচারে এই অচল অবস্থার মধ্যে থেকে দেখা যাচ্ছে এই কোর্ট ফিস ব্যয় করেও খরচ দিয়েও লোকে বিচারের ডিগরি পেয়েও তার একটা সার্টিফায়েড কপি পাওয়া দুরূহ ব্যাপার হয়ে দাড়িয়েছে।

[ 5-20—5-37 p. m. ]

সুতরাং আজকে যে আয় বাড়াবার ব্যবস্থা হচ্ছে সংগে সংগে আমরা আশা করব এই আয়টার দিকে লক্ষ্য রেখে অন্ততঃ বিভিন্ন আদালতে বা এজলাসে যেটা অত্যন্ত প্রয়োজনীয় ব্যাপার হয়ে দাঁড়িয়েছে সেই স্থান সংকটের ব্যবস্থা করবেন। আজকে স্থান সংকটের জন্য হাইকোর্টের কপিং সেকসানকে টাউন হলে নিয়ে আসা হয়েছে। তার ফলে হাইকোর্টে একটা দুরূহ অবস্থার সৃষ্টি হয়েছে। আজকে যদি একটা জাজমেণ্টের কপির জন্য ছোটাছুটি করতে হয় তাহলে কি রকম অসুবিধা হয় সেটা আশা করি সকলেই বুঝতে পারেন। আমি একটা সাধারণ উদাহরণ দিলাম।

আজকে কথা উঠেছে কোর্ট ফি বাড়ছে। অনেক ক্ষেত্রে বাড়তি যে টাকাটা আসবে আজকে এ টাকাটা সদ্ব্যয়-এর জন্য ব্যয় করা উচিত। বিশেষ করে টেকনিক্যাল সাইডে যেখানে বিচারে অসুবিধা সৃষ্টি করে যাচ্ছে সেখানে ব্যবস্থা করা উচিত। আজকে একটা সারটিফায়েড কপি পেতে গেলে দু তিন মাস অপেক্ষা করতে হয়। এই অবস্থার সুরাহার দিকে মন্ত্রী মহাশয় এবং ডিপার্টমেন্ট নজর দেবেন এইটা আশা করব এবং সংগে সংগে আর একটা কথা বলব যে আমি যে এ্যামেণ্ডমেন্টে একটা বিষয় বলেছি সেটার বিষয় চিন্তা করবেন এবং বিচার করবেন। এখন অরিজিন্যাল সাইডে কোর্ট ফি ধার্য্য করা হচ্ছে। তার সংগে সংগে কিছু অসুবিধা সৃষ্টি হচ্ছে। এমন লোকও আছে যে কোর্ট ফি নেই বলে মামলা রুজু করতে পারছে। আজকে তাদের অসুবিধা হতে পারে। এমন কিছু লোক আছেন যেমন শ্রমিক কর্মচারীদের মধ্যে যারা ট্রেড ইউনিয়ন এ্যাক্টের আওতায় মধ্যে আসেন না, ইনডাসট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের মধ্যে পড়েন না তাদের হয়ত ২০ বছরের মাইনে ধরে একটা ড্যামেজ ক্লেম করে হাইকোর্টে বিনা কোর্ট ফিতে বা সাড়ে বারো টাকা কোর্ট ফিতে মামলা করতে পারে। আজকে সেখানে অসুবিধার সৃষ্টি হচ্ছে। আজকে সেকসান ১৪ (সি) তে ভ্যালুয়েশন করে সেখানে টাকাটা ক্লেম করা যেতে পারে। ৪০ হাজার, ৫০ হাজার বা ১ লাখ টাকা যে যেমন কর্মচারী তার ভ্যালুয়েশন তেমনি ভাবে করতে হয়। ২০ বছর বা ২৫ বছর একটা ধরে তাকে দিতে হয়। যেমন ধরুন কলকাতা হাইকোর্টের অরিজিন্যাল সাইডের মধ্যে যেসব মামলা মুসলিম ম্যারেজের ব্যাপারে ডাওয়ার ক্লেম করে, বিধবা মেয়েরা ডাওয়ার ক্লেম করতে গেলে তাদের কোর্ট ফি দিতে হত না। ওই সাড়ে বারো টাকা কোর্ট ফি দিতে পারে। কিন্তু আজকে যদি কোর্ট ফি দিতে হয় তাহলে তারা পারবেন না, যেমন ডিসট্রিক্ট কোর্টে করতে পারেন না। ডিসট্রিক্ট কোর্টে যে অসুবিধা রয়েছে তা এখানেও হয়ে যাচ্ছে। আমি আশা করব মন্ত্রী মহাশয় এদিকে চিন্তা করে সেকসান ৪৭-এর দ্বারা নোটিফিকেশান দিয়ে হক বা এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করে হক রিলিফ দেওয়া যায় কিনা চিন্তা করে দেখবেন। দু এক জায়গার সংশোধনের কথা পরে হয়ত আলোচনা করা যাবে একটু যে অবিচার হয়ে যাচ্ছে সেদিকে বিচার করে যেন প্রয়োজনীয় সংশোধন করেন এইটুকু বলব নীতিগতভাবে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনারেবল মেম্বার মনসুর হাবিবুল্লা সাহেব যেটা বললেন, আমি ওটা বলেছিলাম যে আগে যেটা ১৪ ( বি ) ছিল এখন সেটা ( সি ) হয়েছে, সেই সাবজেকটিভ ভ্যালুয়েশনের ব্যাপারে সেটা পুট করতে পারেন, যদি দরকার হয়। কেবল এক জায়গায় উনি যেটা বললেন সেটার ব্যাপারে আমি বলব এক জায়গায় উনি বললেন যে, রংগফুল ডিসমিস্যালের ব্যাপারে ৫০ হাজার টাকা বা এক লক্ষ টাকা ড্যামেজ করলেন যারা করবেন সেটার ব্যাপারে ওনাকে আমি বিবেচনা করতে বলি। তাকে তিনি বিনা কোর্ট ফিতে করতে দেবেন কিনা এটা একটু ভাবুন যদি মনে করেন এটা খুব প্রয়োজনীয় তাহলে আমি ওটা নোটিফিকেশনে করে দিতে পারি বা এখনই এ্যাক্সেপট করতে পারি। কিন্তু ওনাকে আমি চিন্তা করতে বলি যে ৫০ হাজার টাকার বেশি যার তাকে এ্যাড ভলেরাম কোর্ট ফি থেকে বাদ দেবেন কিনা। যদি ৫০ হাজার টাকার ড্যামেজ হয় তাহলে কত টাকার বেতনের লোক হবে সেটা একটু চিন্তা করুন। কারণ আমাদের এটা উদ্দেশ্য নয় খুব উচ্চ বিত্তশালী অফিসার যারা তাদের সব বিষয়ে একজাম্পট করে দেব। ডিসট্রিক্ট কোর্ট গুলোতে একজাম্পট নেই। সেইজন্য ওনাকে বলছি সেই লোকগুলোর করবেন কিনা ওটা দয়া করে চিন্তা করে দেখুন এবং এই বিষয়ে আমি ওঁর সঙ্গে আলোচনা করব।

এবং যদি মনে করেন এই বিষয়টা দরকার তাহলে আমি তাঁর সঙ্গে আলোচনা করব। কারণ 47-এ আমরা বলে দিয়েছি যখন দরকার হবে তখন আমরা করব। সুতরাং আমি তাঁকে এই জিনিষটা আলোচনার মাধ্যমে আনবার জন্য বলছি। পয়সার কথায় আমি বলব যে আগেকার Court Fee Act-টা যদি দেখেন তাহলে দেখবেন যে, সমস্ত সেখানে আছে। অর্থাৎ কেবল সেখানে ১২ নঃ পঃ ছিল আমরা সেটা round করে ১৫ নঃ পঃ করেছি। আপনি যদি Court Fees Table দেখতে চান তাহলে দেখবেন যে সমস্ত আছে। আমরা কোনরকম introduce করেছিনা। আমি কেবল

Court Fee Act-টা amend করেছি with respect of High Court। আর কোনগুলিই touch করিনি, change করিনি। কেবল change করেছি ৫০ হাজার টাকার উপরে case with respect of High Court. আর কোন জায়গায় Court Fees Act change করিনি। আপনি দেখবেন Court Fees Act সিডিউলেও সমস্ত আছে।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Bhakti Bhusan Mandal that the West Bengal Court-Fees Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2, 3, and 4**

The question that Clauses 1, 2, 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 5**

**Shri Bhakti Bhusan Mandal :** Sir, I beg to move that in sub-clause (1) of Clause 5, for the words "the question shall be referred to", the words "the question shall, when the difference arises in the High Court, be referred to" be substituted.

স্যর" due to mistake in printing, "the question shall be referred to" পরিবর্তে, the question shall, when the difference arises in the High Court, be referred to" হবে।

The motion was then put and agreed to.

The question that Clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clause 6**

The question that Clause 6 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 7 and 8**

**Shri Shyed Abdul Mansur Habibullah :** Sir, in view of the assurance given by the Hon'ble Minister that he would apply section 47 if required, I do not move my amendments.

The question that Clauses 7 and 8 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 9 to 50 and Schedule I**

The question that Clauses 9 to 50 and Schedule I do stand part of the Bill, was then put and agreed to,

**Schedule II**

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that in Schedule II-/(a), in the x column under the heading Proper Fee, for the words "fifteen paise" the word "Nil" be substituted.

স্যার, মাননীয় ভক্তি বাবু এখানে বললেন যে আগে আইনটা ছিল, আমি আইনজীবী নই কিন্তু যাই হোক এটাতে ত মানুষের অসুবিধার সৃষ্টি করবে। এটা গুরুতর অভিযোগ। বিচারের কথা বাদ দিন। যাদের ভোট দিয়ে প্রতিনিধি পাঠিয়েছে সেই প্রতিনিধি যে নির্বাচক মণ্ডলীর কাছে দায়ী তাদের বঞ্চিত করার একটা সুযোগ আপনি দিয়ে দিচ্ছেন। আপনারা প্রগতিশীল, জনগণের কথা বলেন, আপনাদের এই ব্যবস্থায় বাংলা দেশের এমন কোন মানুষ আছে যে এর দ্বারা এ্যাফেকটেড হবে না। যে মামলা করতে চায়না, দূরে থাকতে চায় তাদের এই জিনিস এ্যাফেকট করছে। সাধারণ একটা প্রতিকার চাইবে তার জন্য তাকে কোর্ট ফি দিয়ে দরখাস্ত

করতে হবে। এতে আপনার এমন কিছু রেভিনিউ লস হবেনা। বড় বড় মকর্দমায় আপনি কোর্ট ফি পাবেন। জনসাধারণের সুবিধার জন্য অন্তত: একটা এ্যাডিশনাল বার বলতে পারেন, এই বলে দিন যে অন্তত: 'মে' বলে দিলেও হয় দিতে হবে, নাও দিলে হবে, এইভাবে ব্যবস্থা করতে পারেন, কারণ অনেক জায়গায় কোর্টফি চোখেও দেখেনি।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এই ব্যাপারটা আপনি ডাক্তার তাও ঠিক বুঝতে পারছেন না আমি একটু বুঝিয়ে বলি। এই যে ১৫ পয়সা দিলেন এতে কি হবে জানেন? আপনি যে পিটিশনটা দিলেন সেটা ছিঁড়ে ফেলে দিতে পারে কিন্তু আপনি যদি ১০ পয়সার একটা কোর্টফি দেন তাহলে সেই কোর্টফির একটা রেজিষ্ট্রি বই থাকে এবং সেই রেজিষ্টি বইতে এটা এনট্রি হবে। এর ফলে সেই পিটিশনটার কি হল তা আপনি দু বৎসর পরেও জানতে পারবেন যে আমার ওটার কি হল। সুতরাং এটা ১৫ পয়সা নয় এটাতে একটা সিকিউরিটী থাকে যাতে জিনিসটা নষ্ট না হয়ে যায়। সেইজন্যই এটা করা হয়েছে।

**শ্রীজয়নাল আবেদিন:** আমি জেলা পরিষদের মেম্বার ছিলাম কোন বইত ছিলনা। এর ফলে সেই রেজিষ্ট্রিতে তা লেখা থাকলে তা বহুদিন ধরে এ্যাকাউন্ট ফর করতে হয়। সুতরাং এটাতে অনেক কাজে লাগবে এবং এতে গরীবদেরই সুবিধা হবে।

Sir, I also move that in Schedule II-/(b), in the column-under the heading Proper Fee, last line for the words "seventy five paise" the word "Nil" be substituted.

The motion of Dr. Zainal Abedin that in Schedule II-1(a), in the column under the heading Proper Fee, for the words "fifteen paise" the word "Nil" be substituted, was then put and lost,

The motion of Dr. Zainal Abedin that in Schedule II-1 b), in the column under the heading Proper Fee, last line, for the words "seventy-five paise" the word "Nil" be substituted, was then put and lost.

The question that Schedule II do stand part of the Bill was then put and agreed to.

### Schedule III and Preamble

The question that Schedule III and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Bhakti Bhusan Mandal:** Sir, I beg to move that the West Bengal Court-fees Bill, 1970, as settled in the Assembly be passed.

**ড: জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু এখানে একটি কথা বলব, মন্ত্রী মহাশয় যখন পনের পয়সা কোর্ট ফি চালু করলেন তাহলে যাতে সাধারণ লোক সহজে পেতে পারে তার ব্যবস্থা করুন। শুধু এইটুকু অনুরোধ করব।

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটু বুঝিয়ে বলার দরকার আছে। এগুলি আগে সব ইণ্ডিয়া গভর্ণমেণ্টের প্রেস থেকে সাপ্লাই করা হত। সেইজন্য তারা ঠিকমত সাপ্লাই করতে পারত না, সেইজন্য ডিফিক্যালটি হত। নাসিক থেকে কোর্ট ফি ষ্ট্যাম্প থ্রু আউট ইণ্ডিয়া সাপ্লাই হত। তারা ঠিকমত সাপ্লাই করতে পারত না বলে ডিফিক্যালটি হত। এখন আমরা আমাদের গভর্ণমেণ্ট থেকে চেষ্টা করছি। সুতরাং সেই ডিফিক্যালটি আর থাকবেনা।

The motion of Shri Bhakti Bhusan Mandal that the West Bengal Court-fees Bill, 1970, as settled in the Assembly, be passed was then put and agreed to.

### Adjournment

**The House was then adjourned at 5·37 p.m. till 1 p.m. on Wednesday, the 11th February, 1970, at the Assembly House, Calcutta.**

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 11th February, 1970, at 1 p.m.

## PRESENT :

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 19 Ministers, 2 Ministers of State and 146 Members.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-00—1-10 p.m.]

### ভূমিহীন কৃষকদের ভূমি বণ্টন

*153. (Admitted question No. *113.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত নভেম্বর মাসের গোড়াতে কলিকাতা সফরকালে কেন্দ্রীয় আইনমন্ত্রী শ্রী পি গোবিন্দ মেনন পশ্চিমবঙ্গের ভূমিহীন কৃষকদের ভূমি বণ্টন করিয়া দিবার আইনগত পন্থা সম্পর্কে রাজ্যের ভূমি ও ভূমিরাজস্ব দপ্তরের সঙ্গে কোন আলোচনা করিয়াছিলেন কি ?

**Shri Hare Krishna Konar :**

এরকম আলোচনার কোন সংবাদ জানা নাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই রাজ্যের ভূমিহীন কৃষকদের ভূমি বণ্টন করে দেবার পদ্ধতি সম্পর্কে কেন্দ্রীয় সরকারের আইন মন্ত্রীর সঙ্গে রাজ্যসরকারের কোন সময় কোন আলোচনা হয়েছে কি মন্ত্রীমহাশয় জানাবেন ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি যতদূর জানি আমার সঙ্গে তো কোনদিনই হয়নি, অতীতে হয়েছে কিনা আমি জানিনা। তবে ভূমির ব্যাপারে আমি যখন দায়ী রয়েছি, তখন কোন কিছু করতে গেলে আমার সঙ্গে আলোচনা করেই করা উচিত। কেন্দ্রীয় সরকারের আইনমন্ত্রীর সঙ্গে আজ পর্য্যন্ত আমার পরিচয়ও হয় নাই। অন্য কোন মন্ত্রীর সঙ্গে তাঁর আলোচনা হয়েছে কিনা আমার জানা নাই ; তেমন কোন খবরও আমি পাইনি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কেন্দ্রীয় আইনমন্ত্রী শ্রীগোবিন্দ মেনন একটা নির্দিষ্ট সময়ের জন্য কলকাতায় এসেছিলেন এবং প্রেস ক্লাবে একটা প্রেস Conference করেছিলেন। সেখানে তিনি নাকি বলেছিলেন যে পশ্চিমবাংলায় যেভাবে ভূমি বণ্টন করার পদ্ধতি নেওয়া হয়েছে, বে-আইনী ভূমি উদ্ধারের পদ্ধতি নেওয়া হয়েছে, তা তিনি সমর্থন করেন না। আইনে যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা নেওয়া উচিত। একথা কি মন্ত্রীমহাশয় জানেন ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** আমার জানা নাই। তবে খাদ্য ও ভূমি সংক্রান্ত কেন্দ্রীয় মন্ত্রী হচ্ছেন শ্রীজগজীবন রাম, তিনি নয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** একথা কি সত্য, এই রাজ্যের ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর অজ্ঞাতসারে কেন্দ্রীয় আইনমন্ত্রী প্রেস কনফারেন্সে এই মতামত প্রকাশ করেছিলেন ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি জানিনা। তবে তিনি যদি তা করে থাকেন, তাহলে তাঁর নিজের দায়িত্বে করেছেন।

## চাল ও গমের উৎপাদন

*154. (Admitted question No. *142.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** কৃষিবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৫৮ এবং ১৯৬৯ সালে চালের উৎপাদন কত ; এবং

(খ) পশ্চিমবঙ্গে ১৯৬৮ এবং ১৯৬৯ সালে গমের উৎপাদন কত ?

**শ্রীকানাইলাল ভট্টাচার্য্য :**

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৮-৬৯ সালে ৫৭·৮০ লক্ষ মেট্রিক টন চাউল উৎপাদিত হইয়াছে। ১৯৬৯-৭০ সালে চাউলের উৎপাদন নিরূপিত হয় নাই।

(খ) ১৯৬৮-৬৯ সালে গমের উৎপাদন এখনও চূড়ান্তভাবে স্থিরিকৃত হয় নাই। ১৯৬৯-৭০ সালের গম এখনও কাটিতে দেরী আছে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** চালের উৎপাদনের যে কথা বলা হলো, কি কি তথ্যের উপর ভিত্তি করে এই উৎপাদনের পরিমাণ ধরা হয়েছে মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** State's Statistical Bureau এই সম্পর্কে তথ্য জোগাড় করেন এবং সেই তথ্যের ভিত্তিতে এই উৎপাদন নিরূপিত হয়েছে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মন্ত্রীমহাশয় জানাইবেন কি, ১৯৬৯ এবং ১৯৭০ সালের যে হিসাব বল্লেন বা বলতে পারলেন না এটা কোন মাস থেকে কোন মাস ধরা হয়েছে চালের ক্ষেত্রে এবং কোন মাস থেকে কোন মাস ধরা হয়েছে গমের ক্ষেত্রে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** আমাদের সাধারণতঃ ধরা হয় খারিপের আউস, আমন এবং বোরো এই তিনটে চাল এক বছরের ধরা হয়, যেমন ১৯৬৮-৬৯ সালে হচ্ছে বোরোটা বাদ দিয়ে প্রথম হচ্ছে আউস, তারপরে আমন, তার পরে বোরো।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** এটা কবে থেকে ধরা হয় ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** ভাদ্র মাস থেকে তারপরের বছর জ্যৈষ্ঠ আষাঢ় পর্য্যন্ত। আমি এটা একটু বুঝিয়ে দিই—আমাদের ধরা হয় সিজন হিসাবে, এটা হচ্ছে আউস যখন উঠে ভাদ্র মাসে সেই আউসটাকে ধরা হয়, ১৯৬৮ সালে যে আউস উঠল ১৯৬৮ এবং ১৯৬৯ সালে যে আমন উঠল এবং ১৯৭০ সালে যে বোরো উঠল এই তিনটে মিলে ১৯৬৮-৬৯ সালের চালের উৎপাদন বলে ধরা হয়।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** উনি যে বল্লেন ১৯৬৮-৬৯ সালের গমের উৎপাদন সম্পর্কে এখনও পর্য্যন্ত কোন হিসাব নির্ধারিত হয় নি, ১৯৬৯ সালের শেষের গম উৎপাদন কোন মাসে ধরা হয় ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** মার্চ এপ্রিলে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** আজ হয় ১৯৭০ সালের ফেব্রুয়ারী ১৯৬৯-এর মার্চ পর্য্যন্ত যদি ধরা হয়ে থাকে তাহলে ঐ পর্যন্ত যে সময়সীমা তার উৎপাদনের সংখ্যা নিরূপণ করতে আপনার কতদিন লাগবে ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** এ সম্পর্কে ষ্টেট ষ্ট্যাটিসটিক্যাল ব্যুরো যে ফিগার্স' দিয়েছেন তার মধ্যে আমাদের ডিপার্টমেণ্ট গোটাকতক ভুল দেখিয়েছিলেন। এ সম্পর্কে এখন দুটো ডিপার্টমেণ্টের মধ্যে কথাবার্তা হচ্ছে যে একজ্যাক্ট ফিগার কি হবে। সেটা এখনও ওঁরা ক্যাবিনেটের সামনে দেন নি, ক্যাবিনেটের সামনে দিলে ক্যাবিনেট এপ্রুভ করলে তারপরে সেটা একচুয়াল ফিগার বলে গণ্য করা হবে।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** মন্ত্রীমহাশয় বলবেন কি ১৯৬৮-৬৯ সালে কত একর জমিতে গমের চাষ হয়েছিল এবং ১৯৬৯-৭০ সালে কত একর জমিতে গমের চাষ হয়েছে তার কোন ফিগার আছে কিনা এবং দেবেন কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** আমি এইমাত্র বল্লাম যে ১৯৬৮-৬৯ সালের ফিগার এখনও পর্যন্ত চূড়ান্তভাবে স্থিরীকৃত হয় নি এবং ১৯৬৯-৭০ সালে গমের এখনও ক্যালকুলেসন হয় নি।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** আমি জিজ্ঞাসা করছি কত একর জমিতে চাষ করা হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** ওটা আলাদা করে দেয়া হয়।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমার শেষ প্রশ্ন হচ্ছে মন্ত্রীমহাশয় বলেছেন যে দুই বিভাগের মধ্যে বিভিন্ন রকম রিপোর্ট হওয়ার পর এই জিনিসটা আবার ক্যাবিনেটে আলোচনার আগে বলতে পারছেন না তাহলে কি বুঝব যে হিসাবপত্র বেরুবার আগে ক্যাবিনেট থেকে কুক করা হয়?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** মোটেই নয়।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** মন্ত্রীমহাশয় জানাবেন কি পশ্চিমবাংলায় যে পরিমাণে গম উৎপাদনে ঘাটতি ছিল তার কতখানি আমরা পূরণ করতে পেরেছি?

**মিঃ স্পীকার:** গমের উৎপাদনই ঠিক হয় নি, এটা উনি বলবেন কি করে?

## কেন্দ্রের নিকট হইতে খাদ্যশস্য সাহায্যের পরিমাণ

*155. (Admitted question No. *816.)

**শ্রীআজিজুর রহমান:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে এ বৎসর ১৫ই জানুয়ারী পর্যন্ত কি পরিমাণ খাদ্যশস্য কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়া গিয়াছে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** ১৯৬৯ সালের ১লা মার্চ হইতে এই বৎসর ১৫ই জানুয়ারী পর্য্যন্ত এই রাজ্যের জন্য নিম্নোক্ত পরিমাণ খাদ্য শস্য কেন্দ্রীয় সরকারের নিষ্ট হইতে পাওয়া গিয়াছে।

| | | |
|---|---|---|
| চাউল | .... | প্রায় ১২৮'০ হাজার মেট্রিকটন |
| গম | .... | প্রায় ১০২৫'০ হাজার মেট্রিক টন |

উপরোক্ত চাউলের মধ্যে টি এ্যাসোসিয়েশন ও রাজ্য সরকারের অন্যান্য মনোনীত প্রতিষ্ঠানের জন্য অন্য রাজ্য হইতে প্রেরিত ১৪'০ হাজার মেঃ চাউল রহিয়াছে।

**শ্রীআজিজুর রহমান:** কি পরিমাণ খাদ্যশস্য চাওয়া হয়েছিল?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** চাল এবং গম মিলিয়ে ২০ লক্ষ টন চাওয়া হয়েছিল।

**শ্রীআজিজুর রহমান:** কোন সময় পর্য্যন্ত চাওয়া হয়েছিল?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** ১৯৭০ সালের মার্চ মাস পর্য্যন্ত সেটা চাওয়া হয়েছিল।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, কেন্দ্রের কাছ থেকে যে খাদ্যশস্য পেয়েছেন সেটা কিসের ভিত্তিতে চাওয়া হয়েছিল?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** তখনকার যে হিসাব ছিল তারই ভিত্তিতে চাওয়া হয়েছিল এবং সঠিক হিসাব না থাকাতে মোটামুটি একটা হিসাব করে চাওয়া হয়েছিল।

**শ্রীআজিজুর রহমান :** ১৯৬৮-৬৯ সালে কেন্দ্রের কাছ থেকে কতটা খাদ্য পাওয়া গিয়েছিল সেটা জানাবেন কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** মোট ২০ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন খাদ্য পাওয়া গিয়েছিল।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** মন্ত্রী মহাশয় বললেন ১১ লক্ষ ৫৩ হাজার মেট্রিক টন পাওয়া গিয়েছিল এই সময়ের মধ্যে। মন্ত্রীমহাশয় কি জানাবেন এই সময়ের মধ্যে কেন্দ্র কি পরিমাণ খাদ্য দিতে রাজি হয়েছিল ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** ১২ লক্ষ টন তারা দিতে রাজি হয়েছিল।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস :** ১৯৬৯ সালে পশ্চিমবাংলায় কি পরিমাণ খাদ্য ঘাটতি ছিল ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** ১৯৬৯ সালে আমাদের ২০ লক্ষ টন খাদ্য ঘাটতি হবে বলে কেন্দ্রকে জানান হয়েছিল।

## মুর্শিদাবাদ জেলার ভাণ্ডারদহ বিল

*156. (Admitted question No. *269.)

**শ্রীসনৎকুমার রাহা :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় ভাণ্ডারদহ বিল সংস্কার করিয়া উন্নততর সেচ ব্যবস্থার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা ?

**ড: কানাইলাল ভট্টাচার্য্য :** ভাণ্ডারদহ বিল হইতে জল উত্তোলন প্রকল্পের সাহায্যে সেচ বস্থার উন্নতি কল্পে সরকার একটি কমিটি গঠন করিয়াছেন। উক্ত কমিটির অনুসন্ধানের ফলাফল শীঘ্রই জানা যাইবে। উক্ত কমিটি ঐ বিল অঞ্চলে খাল খনন করিয়া সেচের সুযোগ সুবিধাও অনুসন্ধান করিবে।

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** এই ভাণ্ডারদহ বিল সংস্কার করা সম্পর্কে সেচ এবং জলপথ দপ্তরের সঙ্গে অবশ্যই সংযোগ সাধন হওয়া দরকার। মাননীয় মন্ত্রীমহাশয় এই সেচ এবং জলপথ দপ্তরের সঙ্গে সংযোগ সাধন করার কোন পরিকল্পনার কথা ভাবছেন কি ?

**ড: কানাইলাল ভট্টাচার্য্য :** তাদের সঙ্গে সংযোগ সাধন করেই কাজ চালান হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন এই ভাণ্ডারদহ বিল যেটাকে বলা হচ্ছে সেটা বহুদিন আগেকার ভাগীরথী নদীর একটি শাখা এবং হেড ওয়াটার সাপ্লাই বন্ধ হয়ে গিয়েছিল বলে এটা একটা বিলে পরিণত হয়েছে। ফারাক্কা ব্যারেজ থেকে ভাগীরথীতে যে জল প্রবাহ করার পরিকল্পনা আছে ৪০ হাজার কিউসেক এবং বর্ষার সময় যেটা হিসাব পাওয়া যাচ্ছে তাতে দেখা যাচ্ছে ৮০ হাজার কিউসেক জল আসবে। অতএব দেখা যাচ্ছে ভাগীরথী দিয়ে এ্যাভারেজে যদি ৫০ হাজার কিউসেক জল আসত তাহলে এর শাখা-প্রশাখা দিয়ে প্রবাহিত হয়ে সেচের বন্দোবস্ত হত। কাজেই আপনি যেটা বলছেন যে, লিফট ইরিগেশানের ব্যবস্থা করা যেতে পারে এই ফারাক্কা ব্যারেজ হয়ে গেলে এবং সেই পরিকল্পনা অনুযায়ী এই সমস্ত শাখা-প্রশাখার মধ্যে জল এনে সেচের উন্নয়ন করবেন। আমার প্রশ্ন হচ্ছে আপনি যে বলছেন জল এনে সেচের উন্নয়ন করবেন, এই বিলটার মধ্যে তার সংযোগ কোথায় ?

**ড: কানাইলাল ভট্টাচার্য্য :** আপনি বোধ হয় আমার কথাটা ভালোভাবে শোনেননি। আমি বলেছি, লিফ্ট ইরিগেশান বা সেচের সুযোগসুবিধার ব্যাপারে কমিটি অনুসন্ধান করবেন। এই ব্যাপারে একটা কমিটি ফর্ম করা হয়েছে এবং সেই কমিটিই সমস্ত জিনিষটা বিচার বিবেচনা

করছেন। তারা তা করে আমাদের গভর্ণমেণ্টের কাছে একটা রিপোর্ট দেবেন এবং সেই রিপোর্ট অনুযায়ী কাজ হবে। তারা যদি বলেন লিফ্‌ট ইরিগেশান হবে, তাই হবে, আবার যদি বলেন খাল কেটে জল আনা হবে তাহলে তাই হবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এটা কি আপনার ডিপার্টমেণ্ট করছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** আমার ডিপার্টমেণ্ট কি ইরিগেশান ডিপার্টমেণ্ট করবেন সেটা এখনও ঠিক হয়নি। যদি এটা ক্ষুদ্র সেচ প্রকল্পের মধ্যে পড়ে তাহলে এগ্রিকালচার ডিপার্টমেণ্ট করবেন। এখানে একটা সিলিং আছে, আমার যতদূর মনে হয় ১০ লক্ষ টাকা বা সামথিং লাইক দ্যাট হবে, যদি তার বেশী হয় তাহলে সেচ বিভাগ করবেন। আবার এও হতে পারে আমরা একটা বোর্ড ফরম করে দেব, সেই বোর্ডই সমস্ত জিনিষটা করবেন।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, শুধু কৃষি বা সেচ বিভাগ নয় মৎস্য দপ্তরেরও এর সঙ্গে থাকা উচিত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** হ্যাঁ, এটা আমি স্বীকার করি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে কমিটি করা হয়েছে, এর সদস্যদের নাম কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** এই কমিটিতে যাঁরা আছেন তাঁরা হলেন:

District Magistrate, Murshidabad—Chairman; Joint Director, Agriculture Kalyani Range, Kalyani—Member; Superintending Engineer, Rural Electrification, West Bengal State Electricity Board—Member; Executive Engineer, Berhampore, Irrigation Division—Member; Executive Engineer (Irrigation) Eastern Division, Kalyani, Nadia—Member; Shri Sanat Kumar Raha, MLA, Shri Mohammad Idris Ali MLA, Shri Aktabuddin Ahammad MLA, Shri Pannalal Das Gupta MLA—Member Shri Sailendra Nath Adhikary MLA—Member; Shri Sachindra Nath Mukherjee, Engineer, Jhamapukur, Calcutta-9—Member; Executive Engineer, Eastern Division, Kalyani—Member; Shri Tridib Chowdhury, MP, Shri Badrudduja, MP, Dr. K. C. Saha, Adviser, Fishery.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** যে কমিটি তৈরী করা হয়েছে সেটা কৃষি এবং সমষ্টি উন্নয়ন দপ্তরের তরফ থেকে করা হয়েছে। এই পরিকল্পনাটির সারা মুর্শিদাবাদ এবং নদীয় জেলায় এবং ফারাক্কা ব্যারেজ প্রজেক্টের সংগে ডিরেক্ট সম্পর্ক আছে। তা ছাড়া এটি সেচ এবং জলপথ দপ্তরের সংগেও বিশেষ ভাবে সম্পর্কিত। এই কমিটি কাজ করার সময় যাতে সেই দপ্তরের সাথে আলোচনা করেন এবং তাকে করে যাতে একটা কম্প্রিহেনসিভ স্কীম গ্রহণ করা যায় তারজন্য মন্ত্রীমহাশয় যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:** এটা নিশ্চয়ই করা হবে, আপনার এতে ভয় পাবার কিছু নেই। সকলের সংগে আলোচনা করেই একসাথে করা হবে।

## শহরে সম্পত্তির উর্ধ্বসীমা নির্ধারণ

*157. (Admitted question No. *449.)

**শ্রীঅশ্বিনী রায়:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শহরে সম্পত্তির উর্ধ্বসীমা নির্ধারণের কথা সরকার কি চিন্তা করছেন; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত সীমা নির্ধারণ কবে করা হইবে এবং উহার পরিমাণ কি হইবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** (ক) ও (খ) ১৯৫৩ সালের পশ্চিমবংগ জমিদারী গ্রহণ আইনে মধ্য-স্বত্বাধিকারী ও রায়তের পক্ষে যে উর্ধসীমা নির্দিষ্ট করা হইয়াছে তাহা কলিকাতা নগরী বাদে অপর সকল সহর এলাকাতেও প্রযোজ্য এবং তদনুসারে উর্ধসীমার অতিরিক্ত জমি সরকারে ন্যস্ত হইয়াছে। সরকার মনে করেন কলিকাতা মহানগরী সম্বন্ধেও চিন্তা করিতে হইবে। সরকার এই বিষয়ে কোন সিদ্ধান্ত এখনও গ্রহণ করেন নাই। একথা পরিষ্কার যে জমিদারী দখল আইনের সর্বোচ্চ সীমা এখানে প্রয়োগ করিয়া কোন ফল হইবে না।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উর্দ্ধসীমা যে জমির পরিমান শহরে, সেটার ডেফিনেশান কি স্থির হয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এখন কিছু ঠিক হয়নি। গভর্ণমেণ্ট চিন্তা করে দেখছেন কিন্তু কোন সিদ্ধান্ত এখনও গ্রহণ করেনি। কাজেই, আমি কি করে বলবো যে, কি স্থির হয়েছে।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** মাননীয় মন্ত্রী মহাশয়, এটা এখনও স্থির করেন নি, কিন্তু স্থির তো হবে, স্থির হলে—কারণ আমরা দেখেছি গতবার জমি কি করে ঐ জমিচোরেরা ফাঁকি দিয়ে নিয়েছে, এটা মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন। এখন এরা যে ইতিমধ্যে হস্তান্তর করবেন না এই সম্পর্কে কোন একটা কশান বা গার্ড রাখা হবে, এই সম্পর্কে কি কিছু স্থির করেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি তো আগেই বলেছি যে কিছু স্থির কর, হয়নি; কাজেই আমি কি করে বলবো। বর্তমানে সমাজ ব্যবস্থায় চুরির যথেষ্ট সুযোগ সর্বত্র আছে, সেটা আপনিও জানেন এবং আমিও জানি।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** মাননীয় মন্ত্রী মহাশয়, যতক্ষণ না কোন রকম সিদ্ধান্তে আসছেন, ততক্ষণ হস্তান্তর বন্ধ করার জন্য কোন অডিন্যান্স করার কথা চিন্তা করছেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** কোন জিনিষ ক্যাবিনেটে সিদ্ধান্ত হয়নি। আমি চট করে এই রকম ভাবে উত্তর দেবো কি করে।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় মন্ত্রী মহাশয়, কথাটা হচ্ছে শহরের সম্পত্তি নিয়ে এই সম্পর্কে ১১ মাসেও চিন্তা করতে পারলেন না। এটা কি প্রভাবশালী বিত্তবান মহলের চাপে পড়ে এটা জানাবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** গত ২৩ বছরে বিড়লা সাহেবের ২৫ কোটিকে ৫৫০ কোটিতে যদি দাঁড় করিয়ে দেওয়া যায় এবং তার পরেও যদি এই কথা তোলার মত কারো লজ্জা না থাকে, তাহলে আমি কি করতে পারি। আমি সেখানে অপারগ।

**শ্রীকুমুদ রঞ্জন মণ্ডল:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কতদিন বা কত মাসের মধ্যে এই যুক্তফ্রন্ট সরকার এই সিদ্ধান্তে আসতে পারেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** সেটা আমার পক্ষে বলা মুসকিল আছে। এটা এমন একটা বিষয় যার সর্বতোভাবে ক্যাবিনেটে আলোচনা করার প্রয়োজন আছে। প্রোপার্টি কাকে বলে, শুধু জমি না আর কিছু, এগুলির অনেক আলোচনার প্রয়োজন আছে। কনষ্টিটিউশান দেখার প্রয়োজন আছে। তারপর দিল্লীর গভর্ণমেণ্টের অভিমত দেখার প্রয়োজন আছে। বিশেষ করে কালকের সিদ্ধান্ত আপনারা দেখেছেন যেটা সুপ্রিম কোর্ট দিয়েছে ব্যাংক ন্যাশানালাইজেশনের ব্যাপারে। কাজেই এত চট করে এখানে বলতে অন্ততঃ আমি অপারগ।

## মৎস্যজীবীদের ঋণ দেওয়ার জন্য সরকারী ঘোষণা

*158. (Admitted question No *573.)

**শ্রীসরোজ রায়ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) প্রায় ৩-৪ মাস পূর্বে, বিভিন্ন সংবাদপত্র মারফত সরকারী মৎস্য বিভাগ থেকে জানান হয়েছিল যে, মৎস্যচাষী ও মৎস্যজীবীদের বিভিন্ন খাতে লোন বা গ্র্যাণ্ট দেওয়া হবে; (২) একটি বিশেষ তারিখের মধ্যে সরকারী দপ্তরে উক্ত বিষয়ে দরখাস্ত দিতে হবে; (৩) যথা সময়ে কিছু সংখ্যক দরখাস্তও সরকারী দপ্তরে পৌঁছিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে দরখাস্তে প্রার্থনা মত লোন বা গ্র্যাণ্ট মঞ্জুর করা হইয়াছে কি; এবং

(গ) যদি করা না হইয়া থাকে, তবে কতদিনে তাহা মঞ্জুর করা হইবে?

[ 1-20—1-30 p m. ]

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ**

(ক) (১) হ্যাঁ।

(২) হ্যাঁ।

(৩) হ্যাঁ।

(খ প্রতিটি ব্লকে ঐ সমস্ত দরখাস্তগুলি তদন্ত করিয়া যাহারা Loan or Grant পাইবার যোগ্য সেগুলি দেখিয়া ব্লক কমিটির অনুমোদনের পর সরকারের সামর্থ্যমত গ্র্যাণ্ট বা Loan মঞ্জুর করা হইতেছে।

(গ) এই প্রশ্ন উঠে না।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই তদন্তের জন্য কোন মেশিনারীর ব্যবস্থা আছে কি?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়:** হ্যাঁ, আছে।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন সেই ব্যবস্থাটা কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** যে সব ফিসারী এক্সটেনশান অফিসার আছেন তাদের উপর তদন্তের ভার দেওয়া হয়েছে। যেখানে তা নেই, সেখানে বি. ডি ও.-র উপর ভার দেওয়া হয়েছে। তদন্ত করার জন্য।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** মাননীয় মন্ত্রী মহাশয়, এ ছাড়া আর কোন পাবলিক মেশিনারী আছে কি? কারণ তিনি হয়ত জানেন যে, এই সব ব্লকগুলি এক একটা দুর্নীতির বাসা। এরা তদন্তের নামে টাকা খায়। সে জন্য বেসরকারী এবং সরকারী মিশ্রিত যদি একটা কমিটি করা যায় তাহলে কিছুটা চেক হতে পারে বলে আমার ধারণা। এই সম্পর্কে কি কোন চিন্তা করেছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** হ্যাঁ। প্রত্যেকটি ব্লকে একটা করে কমিটি করা হয়েছে এবং সেই কমিটির চেয়ারম্যান এম. এল. এ.'দের করা হয়েছে এবং সমস্ত দরখাস্ত পড়ে দেখে বিচার করার পর, তাদের সিদ্ধান্তের পরে টাকা দেবার সিদ্ধান্ত করা হয়।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই কমিটিতে এখন কারা কারা আছেন?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়:** অফিসাররা—বি. ডি. ও. থাকবেন, ফিসারী ডিপার্টমেন্টের একজন অফিসার থাকবেন এবং এম. এল. এ.—এই তিন জনকে নিয়ে কমিটি করা হয়েছে। যদি কোন ব্লকের আণ্ডারে ২ জন এম. এল. এ. থাকেন, তাহলে সেই ২ জনই কমিটিতে থাকবেন।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে লোন দিয়েছেন এর কি একটা ক্রেটারিয়ান একটা নীতি স্থির হয়েছে না একটা ল্যাম্প দেওয়া হচ্ছে। কারণ আমি জানি, আর আর সবার ক্ষেত্রে যা চিন্তা করা হয়ে থাকুক কিন্তু মৎসজীবিদের ব্যাপারে এখনও একটুও সুনির্দিষ্ট ভাবে চিন্তা করা হয়নি। এই লোন বা গ্রাণ্ট—এগুলি নীতিসম্মতভাবে করা হতনা। ঐ কংগ্রেসী-বাবুরা কেনবার চেষ্টা করতেন এবং এটা ওদের কাজ। তা, আমার জিজ্ঞাসা হচ্ছে যে কোন গ্রাণ্ট দেবার ব্যবস্থা করা হয়েছে কি না?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়:** লোন এবং গ্রাণ্টের দুরকম ব্যবস্থা আছে। মাননীয় সদস্য জানেন যে এ বছর বাজেট টাকা কম ছিল বলে এই টাকার পরিমাণ বেশী করতে পারি নি—সেইজন্য সমুদ্রে যারা মাছ ধরে তাদের ২০০ টাকা দেওয়া হবে, আর গ্রামের মৎস্যজীবীদের ১০০ টাকা দেওয়া হবে, এইভাবে নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রীনলিনাক্ষ সান্যাল:** কত টাকা এ বছরের ৩১শে মার্চের মধ্যে খরচ করবার জন্য প্রোভাইড করা হয়েছে—সেটা ব্লক অনুযায়ী ভাগ করে দেওয়া হয়েছে কিনা—এবং ঐ ব্লক কমিটি রেকমেণ্ডেশন করবার পর আবার ডিপার্টমেণ্ট্যাল স্যাংসন দরকার আছে কি না, সরাসরি ব্লক কমিটি বিতরণ করতে পারবে যাতে ৩১শে মার্চের মধ্যে দেওয়া সম্ভব হয়?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়:** ব্লক কমিটির উপর ভার দেওয়া হয়েছে—তাদের সিদ্ধান্ত মত মৎস-জীবীরা টাকা পাবেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** আপনি বললেন যে এম. এল. এ. দের মেম্বার করা হয়েছে—৩১শে জুলাইয়ের মধ্যে দরখাস্ত নেবার দিন শেষ হয়ে গেছে—আমি জানতে চাই এম. এল. এ. দের কোন্ সময় মেম্বার বলে জানিয়েছেন সেটা জানাবেন কি?

**শ্রীপ্রভাস চন্দ্র রায়:** আমি সেপ্টেম্বর মাস নাগাদ ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদের জানিয়ে দিয়েছি এম. এল.এ.-দের নিয়ে একটি কমিটি গঠন করতে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** আমি কোন দরখাস্ত দেবার সুযোগ পাই নি, আপনি দরখাস্ত দেবার তারিখ বাড়াতে পারেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** না, তারিখ বাড়িয়ে দেওয়া যাবে না, সম্ভব হবে না, তাহলে এই আর্থিক বৎসরের মধ্যে টাকা বিতরণ করা যাবে না।

**শ্রীঅরুণ সেন:** আমি এই লোন দেবার ব্যাপারে দুটি প্রশ্ন করছি—একটি হচ্ছে অতীতে কোন মৎস্যজীবী ৫০ বা ১০০ টাকা লোন নিয়ে থাকলে তাকে আর লোন দিচ্ছে না—এটা কি ঠিক? আর দু নম্বর হচ্ছে, যে সমস্ত অঞ্চলে কো-অপারেটিভ সোসাইটি হয়েছে তাদের উৎসাহ দেবার জন্য তাদের প্রাধান্য দিয়ে এই সমস্ত কো-অপারেটিভকে উন্নতি করার ব্যবস্থা আছে কিনা?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** যারা আংশিক লোন পরিশোধ করেছে তাদের লোন দেবার কথা বলা হয়েছে এবং কো-অপারেটিভ সোসাইটিকেও প্রাধান্য দেবার কথা বলা হয়েছে।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** গ্রামের মৎস্যজীবী বলতে আপনি কাদের বোঝাচ্ছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** গ্রামের মৎস্যজীবী বলতে যারা বিল-বাঁওড়ে বা বিভিন্ন পুকুরে মাছ ধরে জীবিকা নির্বাহ করেন তারা।

**শ্রীকুমুদ রঞ্জন মণ্ডল:** যারা অন্য জায়গা থেকে মাছ কিনে এনে ব্যবসা করেন তারাও মৎস্যজীবী—তাদেরকে এই ক্যাটাগরীতে ফেলেছেন কিনা?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় :** না, এদেরকে এই ক্যাটাগরীর মধ্যে ধরা হয় নি।

**শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই মৎস্যজীবী অঞ্চলে াদের দুঃস্থতা দূর করবার জন্য হাউস গ্রান্ট বা টিউবওয়েল করে দেবার ব্যবস্থা আছে কিনা লোন বা াান্ট হিসাবে দিয়ে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** আমাদের যা টাকা আছে তা খুব সামান্য—এজন্য এই টাকা আগামী ৎসরে বাড়াবার চেষ্টা করছি।

**শ্রীনেপালচন্দ্র রায় :** কলকাতার মৎস্যজীবী, যারা গংগায় মাছ ধরে তাদের সম্বন্ধে কোন ্যবস্থা করেছেন কি ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** কলকাতার মৎস্য ব্যবসায়ী এবং গংগায় যারা মাছ ধরে তাদের দরখাস্ত ।বেচনা করছি।

**শ্রীনেপালচন্দ্র রায় :** কলকাতার এম. এল. এ.-রা আমরা যারা আছি আমাদের কোন ।মিটিতে ডাকা হয়নি, জানাবেন কি আমরা কোন্ কমিটির সংগে সংশ্লিষ্ট আছি।

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** আমি এ বিষয়ে খোঁজ নিয়ে দেখব।

**শ্রীবিমলকান্তি বসু :** মন্ত্রী মহাশয় কিছুক্ষণ আগে বললেন যে এম. এল. এ.-দের চেয়ারম্যান ।বং সদস্য করে দিয়ে কমিটি করে দেওয়া হয়েছে, দুর্ভাগ্যবশত: বহু এম. এল. এ. এখন পর্য্যন্ত জানেই ৷ কি কমিটি করা হয়েছে এবং তার মধ্যে তাঁরা আছেন কিনা। কাজেই এই যে ৩১ শে জুলাই সময় দেওয়া হয়েছে, সেটা ডি. এম. রা জানিয়েছেন অক্টোবরে, আর অনেক এম. এল. এ. এখনও জানতেই ারেনি, অথচ টাকা বিলি বণ্টন হচ্ছে, কাজেই এই সম্বন্ধে কোন রেমেডি আছে কিনা ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** আমি এ সম্বন্ধে আগামীকালই ডি. এম.-দের চিঠি দেব যাতে াপনাদের নিয়ে মিটিং করেন। এমন অনেক জায়গায় হয়েছে বি. ডি. ও. মিটিং ডাকার পরে ম. এল. এ.-রা যাননি।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মফঃস্বলের ব্যাপারে আপনি ডি. এম. কে. অর্ডার দিয়েছেন কিন্তু লকাতার ব্যাপারে কোন্ অফিসারের উপর দায়িত্ব দিয়েছেন ?

**শ্রীপ্রভাস চন্দ্র রায় :** কলকাতার ব্যাপারে জেনারেল কালেক্টারকে অর্ডার দিয়ে থাকি।

**শ্রীবিমলকান্তি বসু :** এই রকম বহু অভিযোগ আছে যে বহু জায়গায় কোন রকম তদন্ত না রে এবং এম. এল. এ-দের সংগে পরামর্শ না করেই কাজটা ফাইনালাইজ করার চেষ্টা হচ্ছে, এই ম্বন্ধে আপনার কাছে কোন অভিযোগ এসেছে কিনা ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** এই রকম ধরণের যদি কোন অভিযোগ থাকে সেটা আমাকে দিলে ামি দেখব।

**শ্রীকালীপদ মণ্ডল :** এটা কি ঠিক যে অনেক জায়গায় বি. ডি. ও.-এর উপর তদন্তের ভার াকে বলে এবং সেই তদন্ত করেনি বলে মৎস্যজীবিরা টাকা থেকে বঞ্চিত হচ্ছে ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** না, এই রকম খবর আমার কাছে এসে পৌছেনি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** এই আবেদন পত্রের তারিখ যে ৩১ শে জুলাই ছিল সেটা াড়ানর কথা চিন্তা করছেন কিনা, আমরা যে কমিটির সদস্য হিসাবে বা চেয়ারম্যান হিসাবে আছি, ামরাতো জানিইনা কবে দরখাস্ত দেওয়া হয়েছে না হয়েছে। বিচারক জানিলনা অথচ বিচার ইয়া গেল—এই অবস্থার সৃষ্টি হচ্ছে।

**মিঃ স্পীকার :** বাড়িয়ে দেবেনতো বলেছেন।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** সময় বাড়ান হবে একথা বোধহয় মন্ত্রী মহাশয় বলেননি। বরং তিনি বলেছেন সময় বাড়াতে গেলে ডিস্‌বার্স করতে অসুবিধা হবে। আমি তাই বলি, যে সমস্ত দরখাস্ত পড়েছে সেগুলি ইমিডিয়েট্‌লী দিয়ে দেওয়া হোক এবং নূতন যেগুলি পড়ার সম্ভাবনা আছে, সেগুলির জন্য সময়টা বাড়িয়ে দিন। এম. এল. এ -রা এ বিষয়ে রিকমেনডেশন করবেন।

**মি: স্পীকার :** এটা কোশ্চেন হয়না। Question must be put direct.

**শ্রীঅনিল ধর নিয়োগী :** আমি জিজ্ঞাসা করছি—এই যে লোনগুলি দেওয়া হচ্ছে সেটা কি মৎস্যজীবিকে মাছ ধরতে সাহায্য করার জন্য না কি আর বেশি যাতে মাছ ধরতে পারে তার জন্য, উৎপাদন যাতে বাড়ে নাকি তার জন্য, কি হিসাবে এটা দেওয়া হচ্ছে ?

**মিঃ স্পীকার :** এগুলি কোশ্চেন নয়, কাজেই এলাউ হবে না।

[ 1-30—1-40 p.m. ]

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** এই যে ঋণের ব্যবস্থা করা হয়েছে তাতে আমার প্রশ্ন হচ্ছে সমুদ্র উপকূলে যে সমস্ত মৎস্যজীবীরা বসবাস করে তাদের জন্য কোন ব্যবস্থা করা হয়েছে কিনা ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** সমুদ্রে যারা মাছ ধরে তাদের জন্য আর্থিক ব্যবস্থা করা হয়েছে সেকথা আমি পূর্বেই জানিয়েছি।

**শ্রীবিমলকান্তি বসু :** বিভিন্ন সময় বিভিন্ন যে সমস্ত কমিটি করা হয়েছে এবং যার মধ্যে এম. এল, এ.-রা ইনক্লুডেড হয়েছে তাঁদের সেই ইনক্লুসনের কথা জানান হয়েছে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের মারফত। আমার প্রশ্ন হচ্ছে আপনার ডিপার্টমেণ্ট থেকে না জানিয়ে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের মারফত জানান হোল কেন ?

**শ্রীপ্রভাসচন্দ্র রায় :** সাধারণভাবে যে সমস্ত পদ্ধতি অবলম্বন করা হয় সেই পদ্ধতিই অবলম্বন করা হয়েছে।

## রাসায়নিক সারের মূল্য

*159. (Admitted question No. *611.)

**শ্রীদেবব্রত দত্ত :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাসায়নিক সারের মূল্য কি রাজ্যসরকার শতকরা ২ ভাগ বাড়াইয়াছেন ( শুল্ক বাবদ ) ; এবং

(খ) যদি উহা সত্য হয়, তবে কৃষির স্বার্থে সরকার বাড়তি মূল্য কমাইবার কথা বিবেচনা করিবেন কি ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :**

(ক) হ্যাঁ। অননুমোদিত বিক্রেতাদের ক্ষেত্রে শতকরা ২ ভাগ এবং অনুমোদিত বিক্রেতাদের ক্ষেত্রে শতকরা ½ ভাগ বিক্রয়কর ধার্য্য করা হইয়াছে।

(খ) যথোপযুক্ত বিবেচনার পর সরকার এই বিক্রয়কর ধার্য্য করিয়াছেন। প্রয়োজনবোধে সরকার সকল সময়ই সবকিছু পুনর্বিবেচনা করিতে প্রস্তুত। তবে বর্ত্তমানে উহার প্রয়োজন আছে বলিয়া সরকার মনে করেন না।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী :** রাসায়নিক সারের মূল্য বৃদ্ধির জন্য কৃষকদের আর্থিক অবস্থায় সংকট দেখা দিয়েছে এবং তাদের পুঁজি নিঃশেষিত হয়ে যাচ্ছে এবং বাজারে ফসল বিক্রি করবার পর যে দাম তারা পেত তার চেয়ে কম দাম পাচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে কৃষি উৎপাদন ক্ষেত্রে কৃষকদের ব্যয় বৃদ্ধি হয়েছে কিনা এবং যে ফসল তারা পাচ্ছে সেই ফসল বিক্রি করে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ান। খরচ বেড়েছে কিনা সেই তথ্য আমার কাছে নেই, তবে সারের দাম বাড়ার জন্ত নিশ্চয়ই খরচ বাড়বে এটা সাধারণ কথা।

**শ্রীদেব নারায়ণ চক্রবর্ত্তী :** এটা যদি সত্য হয় যে, সারের দাম বাড়ার ফলে কৃষকদের উৎপাদনের ব্যয় বৃদ্ধি হবে তাহলে সরকার সেই সারের দাম কমানোর জন্ত কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা যাতে কৃষকরা কম দামে সার পেতে পারে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** সরকার থেকে কোন সাহায্য করা হবে না।

**শ্রীএস্. এম. ফজলুর রহমান :** মন্ত্রীমহাশয় কি অবগত আছেন এই যে সারের দাম বৃদ্ধি করা হয়েছে ইট ইজ নট এ্যান ইকনমিক ইনসেনটিভ টু প্রোডাকসন?

**Dr. Kanailal Bhattacharya :** It is a matter of opinion.

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** রাসায়নিক সারের মূল্য বৃদ্ধির ফলে সেটা যদি কৃষকদের আয়ত্বের বাইরে চলে যায় তাহলে আপনারা অ-রাসায়নিক সারের দিকে দৃষ্টি দিচ্ছেন কিনা?

[ 1·40—1-50 p.m. ]

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** It is a hypothetical question, তবে একটা কথা মাননীয় সদস্যকে বলে দিচ্ছি যে, টু পার্সেন্ট সেল্‌স ট্যাক্সের জন্য সারের দাম এমন কিছু বাড়েনি, এর আগে, গত বারে সেন্ট্রাল গভর্ণমেন্ট টেন পার্সেন্ট একসাইজ ডিউটি বসানোর জন্ত সারের দাম সত্যকারের বেড়ে গেছে।

**শ্রীএম. মকশেদ আলি :** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে সরকার থেকে যে সমস্ত কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটিকে সার দেওয়া হয়, তার যে সরকারী নির্ধারিত দর আছে, তার থেকে বাজারে যে সমস্ত সার বিক্রয়ের দোকান আছে, প্রাইভেট দোকান, ঐ সোসাইটির থেকে বাজারে সারের দাম কম?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য :** এটা হতে পারে না। এটা কি করে হতে পারে? এ খবর ঠিক নয়।

**শ্রী এম. মকশেদ আলি :** কিন্তু আমি জানি ইউরিয়ার দাম, সোসাইটিতে যে দামে বিক্রি হচ্ছে বাজারে তার থেকে দু পয়সা কম দরে পাওয়া যায়।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য :** তাহলে সেটা ভেজাল দেওয়া সার হতে পারে, অথবা পাকিস্তান থেকে এইগুলো চোরাচালান হয়ে আসছে।

**শ্রীএম. মকশেদ আলি :** তাহলে অনুগ্রহ করে এই ভেজাল বন্ধ করার চেষ্টা আমাদের করা দরকার নেই কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য্য :** খবর দিলে নিশ্চয়ই আমরা করবো। ইনফর্মেশন দেবেন আমরা এনকোয়ারী করে দেখবো।

### ন্যায্যমূল্যে আখ বিক্রয়ের সরকারী প্রতিষ্ঠান

*160. (Admitted question No. *807.)

**শ্রীআজিজুর রহমান :** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় রাণীনগর, ডোমকল ও জলঙ্গী থানার আখ উৎপাদনকারীদের ন্যায্যমূল্যে আখ বিক্রয়ের সরকারী প্রতিষ্ঠানের সংখ্যা কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** এইরূপ কোন সরকারী প্রতিষ্ঠানের অস্তিত্ব নাই।

**শ্রীআজিজুর রহমন :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই তিনটি থানায় রানীনগর, ডোমকুল এবং জলংগীতে কত একর জমিতে আখের চাষ হয় ?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য্য :** কি করে বলবো, এ সম্বন্ধে নোটিশ চাই।

## মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিসে আমীন নিয়োগ

*161. (Admitted question No. *859.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) মুর্শিদাবাদ জেলার জে এল আর ও অফিসগুলিতে যে সকল আমীন আছেন তাঁহারা সার্ভে পাশ নহেন এবং জরীপ কার্যে জ্ঞানসম্পন্ন নহেন, এবং

(২) এই কারণবশতঃ আংশিক খাস জমিগুলি সনাক্তকরণ হইতেছে না ; এবং

(খ) ভবিষ্যতে আমীন নিয়োগক্ষেত্রে সার্ভে পাশ ব্যক্তিগণকে নিয়োগ এবং বর্তমানে উক্ত পাশ নহে এরূপ আমীনগণকে কয়েক মাস ট্রেনিং দেওয়ার ব্যবস্থা সরকার করিবেন কিনা ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :**

(ক) (১) জে. এল. আর. ও. অফিসগুলিতে যে সকল আমীন আছেন তাঁহারা সার্ভে পাশ নহেন কিন্তু তাঁহারা আমীনশিপ পরীক্ষা পাশ করিয়া জরীপ কার্য্যে জ্ঞান সম্পন্ন হইয়াছেন।

(২) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে উঠে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** আপনি বলেছেন যে আংশিক জমিগুলির সনাক্তকরণ এই কারণের জন্য হচ্ছে না। এই আংশিক জমিগুলো সনাক্ত করার দায়িত্ব কার ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** আপনি প্রশ্ন করেছিলেন যে পাশ করা সার্ভেয়ার না থাকার জন্য হচ্ছে না। তার উত্তরে বলেছি তার জন্য নয়। জে. এল. আর. ও. অফিসে, আমিন যারা আছেন যারা এই কাজ করতে পারেন। যেগুলো হচ্ছে না, সেগুলো দুটো কারণের জন্য হচ্ছে না। এক নম্বর হচ্ছে যে, যত নাম্বার অব আমিন্স থাকা দরকার আর পার্ট ডেস্টিং এত বেশী হচ্ছে যে এটা কোপ করা যাচ্ছে না। অথচ এইজন্য নুতন করে আমীন নিয়োগ করলে পার্মানেণ্ট কর্মচারী রাখতে হয়, এই প্রব্লেম এসে পড়ছে। মাননীয় সদস্য এটাও জানেন যে, জমিদাররা জমিকে ফাঁকি দেবার জন্য যেখানে অন্য পন্থায় পারে না, হয়তো পাঁচ একর জমি ৫০টি প্লটে ভাগ করে দিয়েছে, ওয়ান থার্ড, ওয়ান ফোর্থ, ওয়ান ফিফ্‌থ,. ওয়ান টেন্থ ইত্যাদি, এই রকম করে। অর্থাৎ কাজটা এতবেশী এবং কর্মচারী এত কম যে করে ওঠা যাচ্ছে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** আপনি বললেন যে আমিন পাশ করেছে। আমি দেখেছি কতকগুলো লোক কনট্রাক্টারের অধীনে ইট সরবরাহের কাজ করতো, তারা এখন আমীনের কাজ করেন। আমিন পাশ করেছেন কি না জানি না, তবে এইসব আমীন দিয়ে আংশিক খাস জমি ভেষ্ট করা হচ্ছে না এবং সেটলমেণ্ট ডিপার্টমেণ্ট বলছে যে ওটা জে. এল. আর. ও. করবে। এইজন্য আপনাকে জিজ্ঞাসা করছি যে আমীনগুলো এই কাজে যোগ্যতা পাবার জন্য তাদের ট্রেনিং এর ব্যবস্থা করবেন কি না।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** আমার কাছে আজ পর্য্যন্ত এই রকম কোন খবর আসে নি। যদিও গত কয়েক মাসে কত লক্ষাধিক চিঠি এসেছে কি না জানিনা যে আমীন অযোগ্যতার জন্য পারেনি, এই রকম একটা অভিযোগও আমার কাছে আসেনি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** এক একটা থানায় যে আংশিক খাস জমি আছে, এই জে. এল. আর. ও. অফিসের সেইগুলোর দাগ নং দেবার কথা কিন্তু আপনি হিসাব করে দেখুন যে এই আমীন গুলো কতটুকু কাজ এই দু বছরের মধ্যে করতে পেরেছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এই প্রসংগের সঙ্গে এর কোন সংগতি আসছে না। কাজ হচ্ছে না, এর জন্য অন্য কারণ থাকতে পারে। আপনি বলছেন যে তাদের আমী-শিপ-এর কোন যোগ্যতা নেই, আমি সেটা স্বীকার করছি না।

**শ্রী এস. এম ফজরুল রহমন:** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, যে সব জমি স্টেটে ভেষ্ট করেছে সেখানে অনেক জায়গায় প্লটের আংশিক ভেষ্ট করেছে এসব ক্ষেত্রে উপযুক্ত শিক্ষা প্রাপ্ত আমীন নিয়োগ করে সেসব জমির খণ্ড খতিয়ান করবার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করেছেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এরূপ পার্ট ভেষ্টিং প্রচুর হয়েছে এবং যেগুলি পার্ট ভেষ্টিং হয়েছে, সেগুলি কোন সদিচ্ছা প্রণোদিত নয় সবটাই হচ্ছে অসদইচ্ছা-প্রণোদিত। ঐ পার্ট ভেষ্টিংকে যদি মেনে নেওয়া হয় তাহলে যত কর্মচারী নিয়োগ করুন না কেন এর সমাধান করা যাবে না। কারণ একটা প্লট, যেমন ১ বিঘার একটা প্লটে তার ১।৭ অংশ বা ১।৯ অংশটা কোন দিকে, পূর্ব্ব, পশ্চিম, উত্তর না দক্ষিণ দিক এর কি করে সমাধান করা যাবে। সুতরাং এটা ইচ্ছাকৃত করা হয়েছে। এর সমাধান করার প্রস্তাব আপনাদের কাছে নিয়ে আসবো, যখন ষ্টেট এ্যাকুইজিসান এ্যাক্টের এ্যামেণ্ডমেন্ট এর প্রোপজাল নিয়ে আসবো, আমরা চেষ্টা করছি যতটা ত্বরান্বিত করা যায়।

**শ্রীএস. মোকসেদ আলি:** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, উপযুক্ত সংখ্যক আমীনের অভাবে ভেষ্টেড জমি জরিপ করা যাচ্ছে না। আমি জানি হাঁসখালিতে একটা মাত্র আমিন আছে অথচ সরকারের অধীনে হাজার হাজার একর জমি ভেষ্টেড হয়েছে। কিন্তু জরিপ না করার জন্য চাষীদের জমি দেওয়া যাচ্ছে না। সাময়িক ভাবে আমিন নিয়োগ করে এসব ভেষ্টেড জমি যাতে জরিপ করা হয় তার ব্যবস্থা করবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** সাময়িক নিয়োগের কতকগুলি অসুবিধা আছে। সেটা হচ্ছে ২।১ মাসের জন্য যদি নিয়োগ করা হয় তাহলে প্রশ্ন আসে, আমাদের কাছে এরূপ দাবী এসেছে যে ১৫ দিনের কাজ করেছি ডেলি ওয়েজ হিসাবে আমাদের পারমানেণ্ট করতে হবে, এরকম সমস্যা যথেষ্ট আছে। সেজন্য আমরা নুতন সমস্যার সৃষ্টি করতে চাই না। এ সমস্যার সমাধান নূতন নিয়োগের দ্বারা হবে না, এর সমাধান অন্যভাবে হবে। কারণ জোতদাররা যে কারণে পার্ট ভেষ্টিং করেছিল সে কারণে বিপদে পড়ে গেছে। আগে পার্ট ভেষ্টিং-এর নাম করে জমি আটকে রেখেছিল এখন পার্ট এর নাম করে তাদের হাত থেকে জমি চলে যাচ্ছে।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য্য:** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি যে ১৯৬৮-৬৯-এ বিগ রায়তের অংশ খাস হয়েছে। এই বিগ রায়তের অংশ যেগুলি খাস হয়েছে সেগুলি প্রথমে সেটেলমেন্ট ডিপার্টমেন্ট-এ জে. এল. আর. ও, অফিস থেকে ডিমারকেসান করবে এটা রুলসে আছে। সেজন্য আমি কোশ্চেন দিয়েছি জে, এল, আর, ও. অফিসের আমীনগুলি পার্ট ভেষ্টিং জমিগুলি ডিমারকেসান করতে পাচ্ছে না। সেজন্য সেটেলমেন্ট ডিপাপার্টমেণ্ট যদি দায়িত্ব না নেন তাহলে অল্প জ্ঞান সম্পন্ন, আমীন দ্বারা এ কাজ করা সম্ভব নয় এটাই আমি জানিয়ে রাখলাম।

(নো রিপলাই)

## চা-বাগান এলাকায় বাড়তি জমি

*162. (Admitted question No. *306.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ সালের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট চা-বাগান এলাকায় কত জমি সরকারের দখলে পাওয়া গিয়াছে এবং ওই জমির কত অংশ বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** ২৮,৪০০ একর। তাহা হইতে বন্দোবস্ত দেওয়া হইয়াছে ৯৩৪৬ একর।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, চা বাগানের মধ্যে বহু ধানী জমি আছে সে সব জমি চাল উৎপাদনের নামে রাখা হয়েছে সেগুলিকে দখল করার কোন ব্যবস্থা করেছেন কি ?

[1-50—2-00 p.m.]

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** অতীতে এ প্রশ্নের উত্তর বারে বারে দেওয়া হয়েছে তবুও এটুকু জেনে রেখে দিন যে চা বাগানের মধ্যে অনেক এরকম জমি আছে। আগে স্টেট এ্যাকুইজিসান এ্যাক্টের ৬ (৩) ধারা অনুযায়ী একবার অর্ডার দেওয়া হয়ে গেলে আর অর্ডারকে রিভিউ করার কোন অধিকার ছিল না, একমাত্র গত অধিবেশনে ওটাকে এ্যামেণ্ড করা হয়েছে গভর্ণমেণ্টকে এগুলি পর্য্যালোচনা করতে হচ্ছে এখনও প্রয়োগ করা যায়নি এ কারণে যেগুলি বাকি আছে সেগুলি সম্পূর্ণ করা যায়নি। যেগুলি করেছি প্রায় সবই নোটীশ দেবার সঙ্গে সঙ্গে সবকটা হাইকোর্ট এ ইনজাংশান হচ্ছে। গ্রামে কৃষকদের ক্ষেত্রে সেটা হচ্ছে কৃষকরা সঙ্গে সঙ্গে দখল নিয়ে নিচ্ছে হাইকোর্ট-এর ইনজাংশান থাকলেই সেটা অকার্যকরী হয়ে যাচ্ছে। চা বাগান যেহেতু এরকম ফরেস্ট জঙ্গল ইত্যাদি আছে সঙ্গে সঙ্গে নোটীশ দেবার পর দখল করা যাচ্ছে না, নোটিশ দেবার সঙ্গে সঙ্গে হাইকোর্ট থেকে ইনজাংশান হয়ে আসছে। পসেসান যা নেওয়া হয়েছে তার ডবলের চেয়ে বেশী ভেষ্ট করেছে কিন্তু ইনজাংসান-এর জন্য পসেসান নিতে পারেনি, যেগুলি দখল নিয়েছি তার মধ্যে ফরেস্ট, নদী, নালা আছে, যেটুকু চাষের জমি তার বিলি বন্দোবস্ত করা হয়েছে। ঐ ডিফিকাল্টি আছে আমরা জানি তবে আমরা এরজন্য চেষ্টা করছি।

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, ২৮ হাজারের মধ্যে ৯ হাজার দখল নিয়েছেন বাকি সবটাই কি ইনজাংশান এর জন্য আটকে পড়ে আছে ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** এখানে দখল নেওয়া হয়েছে ২৮ হাজার তার চেয়ে অনেক বেশী ৪৮ হাজার ৮ শত ৯২ একর ভেষ্ট করেছে। বাকি দখল নিতে পারিনি ইনজাংশান-এর জন্য, এই ২৮ হাজার একর দখল নেওয়া গেছে ইনজাংশান-এর আগে। আমাদের মনে আছে দখল নেবার পরও ইনজাংশান জারি হয়েছে এমন কিছু আছে। বাকি যেগুলি বিলি করা যায়নি এর অনেক কারণ আছে, বেশীর ভাগ জমি যেগুলি ফরেস্ট বলে আছে সেগুলি ফরেস্ট ডিপার্টমেণ্ট একে দেওয়া হয়েছে এমন কিছু আছে। নদী নালা এগুলি ভেষ্ট-এর মধ্যে পড়েছে কিন্তু বেশীর ভাগ ফরেস্ট।

**শ্রীঅনিল ধর গুহ নিয়োগী :** মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যেটা বাগান এলাকায় বিভিন্ন জায়গায় ১০।১৫ বৎসর আগে কলোনী গড়ে উঠেছে কিন্তু যেগুলি সরকারের তরফ থেকে কোন রকম পত্তনী ব্যবস্থা করা হয়নি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** এ প্রশ্ন থেকে ওটা আসে না, আলাদা প্রশ্ন করলে জবাব দেবো।

**শ্রী এস, এম ফজলুর রহমান :** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, চা বাগানে যে সমস্ত জমি খাস দখল নেওয়া হয়েছে সে সব জমি কাদের বন্দোবস্ত দেওয়া হবে, সে বিষয়ে কি কোন পদ্ধতি গ্রহণ করা হয়েছে ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** সর্ব্বত্রই খাস জমি বিলি করার যে প্রদ্ধতি আছে সেখানেও সে ভাবে বিলি করার প্রদ্ধতি আছে। গ্রামাঞ্চলে কৃষক সংগঠনগুলির পরামর্শ নিয়ে বিলি করা হয় আর ওখানে মজুরদের যে ট্রেড ইউনিয়ান সংস্থা আছে তাদের পরামর্শ নেবার কথা বলা হয়েছে।

**শ্রী এস এম ফজলুর রহমান :** সে জায়গায় যে সমস্ত ল্যাণ্ডলেস্ লেবারার আছে তাদেরকে সেই জমি বণ্টন করা হবে কি ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ওখানে যে নির্দেশ দেওয়া হয়েছে সেটা হচ্ছে চা বাগানের মজুর যারা ছাঁটাই হয়ে গেছে, বেকার শ্রমিক তাদের অগ্রাধিকার দেওয়া হবে, যারা চা বাগানে কাজ করছে তাদের অগ্রাধিকার দেওয়া হবে না

## পাকিস্তান হইতে মৎস্য আমদানী

*163. (Admitted question No. *402.)

**শ্রীসনৎকুমার রাহা:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ক জানাইবেন কি পাকিস্তান হইতে পশ্চিমবঙ্গে মৎস্য আমদানী করার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** এ বিষয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের ওপর বিশেষভাবে চাপ সৃষ্টি করিয়া আসিতেছেন। পূর্ব্ব পাকিস্থান হইতে পশ্চিমবঙ্গে বছরে ১৫০০০ মেট্রিক টন মাছ আমদানী করা যে একান্ত প্রয়োজন সে সম্পর্কে প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় কৃষি ও খাদ্যমন্ত্রী এবং বহির্বিষয়ক দপ্তরের মন্ত্রী মহোদয়কে পুন: পুন: অবহিত করা হইয়াছে।

**শ্রীমোকসেদ আলি:** আপনি কি জানেন যে পাকিস্থানের বর্ডার দিয়ে আমাদের দেশে এখনও পর্যন্ত দৈনিক ২/৩শ মণ মাছ চোরাই পথে আমদানী হচ্ছে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** এ বিষয়ে কিছু জানিনা।

**শ্রীমোকসেদ আলি:** গত ৩ মাস যাবৎ গোয়ালন্দ বর্ডার দিয়ে হাজার হাজার মণ ইলিশ মাছ আমাদের দেশে আসছে শুল্ক ফাঁকি দিয়ে এবং এমন কি বর্ত্তমানে রুই মাছও গরুর গাড়ী ইত্যাদি করে আসছে। এসব বন্ধ করার কি ব্যবস্থা করছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** আমি জানিনা তবে তদন্ত করে দেখব।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এতগুলো কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আপনি দরবার করলেন এবং আমরাও এ বিষয়ে এখানে একটা সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করে কেন্দ্রে পাঠিয়েছিলোম কিন্তু তাঁদের তরফ থেকে কি কিছু জবাব পেয়েছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** তাঁরা একথা বলেছেন যে আমরা পাকিস্থানের High Commissioner-এর মারফৎ চেষ্টা করছি। তবে ইতিপূর্বে তাঁরা আলোচনা করে দেখেছেন যে পাকিস্থান total তাঁর সমস্যা piece meal ভাবে নয় ভারতের সঙ্গে আলোচনা করতে চান।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কেন্দ্রীয় সরকার কি জানিয়েছেন যে এই আলোচনা আমরা একটা নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করে যাহোক একটা কিছু বলব?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** সেইভাবে কোন নির্দিষ্ট date দেননি। তবে পাকিস্থান যাতে ১৫ হাজার টন মাছ দিতে রাজী হন সেটা তাঁরা ২ মাস আগে লিখেছেন। কিন্তু তার উত্তর আসেনি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** পাকিস্থান থেকে যে ১৫ হাজার মেট্রিক টন মাছ আনার ব্যবস্থা করা হচ্ছে সেটা যতক্ষণ না পাওয়া যাচ্ছে ততক্ষণ কি ব্যবস্থা করা হবে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** আমরা চেষ্টা করছি যাতে সমুদ্রে আরও মাছ ধরা বৃদ্ধি করা যায় এবং আরও যাতে internal production বাড়তে পারে তারজন্য মৎস্যজীবিদের নানাভাবে সাহায্য দেওয়া হচ্ছে এবং অন্যান্য State থেকে মাছ আনিয়ে মাছ সরবরাহ বৃদ্ধি করা যায় তার ব্যবস্থাও করা হচ্ছে।

## UNSTARRED QUESTIONS

(To which written answers were laid on the table).

### সরকারী হাসপাতালে সার্জেন ও সহকারী সার্জেনের সংখ্যা

137. (Admitted question No. 256.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি অস্ত্রোপচার কার্যের জন্য প্রতি সরকারী হাসপাতালে কতজন সার্জেন নিযুক্ত করা হয় এবং প্রত্যেক সার্জেনকে সহায়কারী সার্জেন কতজন দেওয়া হয়?

**The Minister for Health :**

অস্ত্রোপচার কার্যের জন্য সদর হাসপাতালে শয্যাসংখ্যা বিবেচনা করিয়া ১ জন থেকে ৩ জন ও মহকুমা হাসপাতালে ১ জন সার্জেন নিয়োগ করা হয়। উপরোক্ত হাসপাতালসমূহে সহকারী সার্জেন দেওয়ার কোন ব্যবস্থা নাই।

অন্যান্য সহকারী হাসপাতালের সার্জেনদের সম্পর্কে একটি বিবরণী নিম্নে পেশ করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 137

### বিবরণী

অস্ত্রোপচার কার্যের জন্য বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে ৬ জন সার্জেন, ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে ১৪ জন সার্জেন এবং কলিকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল, নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতাল ও আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে ১০ জন করিয়া সার্জেনের পদ আছে। ইহা ছাড়া প্রত্যেক মেডিক্যাল কলেজ হাসপাতালে অস্ত্রোপ্রচার বিভাগে ১ জন রেসিডেন্ট সার্জন এবং মেডিক্যাল কলেজ হাসপাতাল, নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতাল ও আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালের ইমারজেন্সী বিভাগে ২ জন করিয়া স্পেশালিষ্ট মেডিক্যাল অফিসার-কাম-ক্লিনিক্যাল টিউটর-এর পদ আছে। ইহা ছাড়া মেডিক্যাল কলেজ হাসপাতাল ও নীলরতন সরকার মেডিক্যাল কলেজ হাসপাতালে যথাক্রমে ৫ জন ও ৪ জন অবৈতনিক সার্জনও আছেন।

### সরকার কর্তৃক অপারেশন টেবল ও এক্সরে মেশিন ক্রয়ের সংখ্যা

138. (Admitted question No. 759.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) ১৯৬৭ হইতে ডিসেম্বর ১৯৭২ পর্যন্ত কতগুলি অপারেশন টেবল ও এক্সরে মেসিন সরকার ক্রয় করিয়াছেন; এবং

(খ) কোন্ কোন্ সংস্থা এই টেবল ও এক্সরে মেসিন বিক্রয় করিয়াছে?

**The Minister for Health :**

(ক) অপারেশন টেবল—৯টী।

এক্সরে মেসিন—২৯টী।

(খ) অপারেশন টেব্ল বিক্রয়কারী সংস্থা:—

(১) সেন্টাল ইঞ্জিনীয়ারীং অরগানাইজেশন।

(২) হসপিট্যাল সাপ্লাই কোম্পানী।

(৩) দরবারা সিং এণ্ড কোং।

এক্সরে যেসিন বিক্রয়কারী সংস্থা :—

১) পিকার এক্সরে (ইণ্ডিয়া) প্রাইভেট লিঃ।
(২) সিমেন্স ইণ্ডিয়া লিমিটেড।
(৩) ইণ্টারন্যাশনাল জেনারেল ইলেকট্রিক কোং (ইণ্ডিয়া) প্রাইভেট লিঃ।
(৪) এসকর্টস্ লিমিটেড।
(৫) ফিলিপস ইণ্ডিয়া লিমিটেড।

## মালিকনগর মৌজায় জমির পরিমাণ

139. (Admitted question No. 291.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর মহকুমায় মালিকনগর মৌজায় কত একর জমি আছে এবং তন্মধ্যে কত একর জমি জলমগ্ন থাকায় চাষ হয় না ; এবং

(খ) উক্ত মৌজায় কত একর জমি খাস আছে এবং ন্যস্ত জমিগুলি বিলি হইয়াছে কিনা ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) ৪,৪৩৮'৫৮ একর। জলমগ্ন থাকার ফলে চাষ হয় না এরূপ সংবাদ সরকার অবগত নন।

(খ) সরকারে ন্যস্ত খাস জমির পরিমাণ ২৪৮'৬৯ একর এবং তন্মধ্যে কিছু জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

## ধুলিয়ান দেওয়ানপুর ফেরি সার্ভিস

140. (Admitted question No. 217.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ধূলিয়ান-দেওয়ানপুর পর্যন্ত কোন ফেরী সার্ভিসের ব্যবস্থা আছে কিনা ;

(খ) থাকিলে, এই ফেরীঘাটের বর্তমান ইজারাদার কে ;

(গ) এই ফেরীঘাটের মাশুল সরকার কর্তৃক অনুমোদিত কিনা ; এবং

(ঘ) কবে এই ঘাটের ডাক হইয়াছে ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) হ্যাঁ।

(খ) শ্রীনরেন্দ্রপ্রসাদ সিং।

(গ) হ্যাঁ।

(ঘ) ১৯৬১ সালের ১লা নভেম্বর।

## ভাণ্ডারদহ বিলের সংস্কার

141. (Admitted question No. 272.)

**শ্রীসনৎকুমার রাহা:** মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় ভাণ্ডারদহ বিল সংস্কার করিয়া মৎস্যচাষের উন্নয়নের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**The Minister for Fisheries :**

কৃষিবিভাগ কর্তৃক গঠিত 'ভাণ্ডারদহ বিল লিফ্‌ট ইরিগেশন কমিটি' ঐ বিলে মৎস্যচাষের উন্নয়নের বিষয় বিবেচনা করিতেছেন। ঐ কমিটির সুপারিশ পাইলে তবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত লওয়া সম্ভব হইবে।

## ঝিকারা গ্রামীণ সর্বোদয় সঙ্ঘ

142. (Admitted question No. 296.)

**শ্রীসনৎকুমার রাহা :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ঝিকরা গ্রামীন সর্বোদয় সঙ্ঘ চালু আছে কিনা ;

(খ) ১৯৬৯ সালের ডিসেম্বর পর্যন্ত উক্ত সমবায়কে সরকার কত টাকা দিয়াছেন ;

(গ) এই সমবায়ের বিরুদ্ধে সরকার কোন অভিযোগ পাইয়াছেন কিনা ; এবং

(ঘ) এই সমবায়ের সভাপতি ও সম্পাদকের নাম কি ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) সম্প্রতি উহার কাজ বন্ধ আছে।

(খ) সরকার কোন টাকা দেন নাই। তবে পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পরিষদ ঐ সংস্থাকে ১৯৬৯ সালের ডিসেম্বর পর্যন্ত ৪৫,০৯০ টাকা ঋণ ও ১৭,১৯০ টাকা অনুদান বিভিন্ন শিল্পের জন্য দিয়াছেন।

(গ) না। পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীন শিল্প পরিষদও কোন অভিযোগ পান নাই।

(ঘ) সভাপতি—শ্রীনিরঞ্জন মণ্ডল।
সম্পাদক—শ্রীনবকুমার সাহা।

## সেচের জন্য শোভা পাম্প

143. (Admitted question No. 274.)

**শ্রীসনৎকুমার রাহা :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সেচের জন্য "শোভা পাম্প" সরকার কর্তৃক অনুমোদিত কিনা ; এবং

(খ) কোন্ কোন্ "পাম্প সেট" সরকার কর্তৃক অনুমোদিত ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) হ্যাঁ।

(খ) এই প্রসঙ্গে একটি তালিকা নিম্নে পেশ করা হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred uestion No. 143

A list of the names of pumping sets approved by the Government :—

1. Kirloskar.
2. Indec.
3. Varuna.
4. Lyax,
5. Laxmiratan,
6. Texmo.
7. Rex. pump.
8. Arco.
9. IDN—2.
10. Dipco.
11. Jayems.
12. Ashoke.
13. Indra.
14. Soya.
15. Agrind.
16. Electra.
17. Vijay,
18. Arjun,
19. Vikram,
20. Rolax,
21. Rocket,
22. Bonya.
23. Virat.
24. Vota.
25. Imani.
26. Bharati.
27. Embee.
28. Krislar.
29. Menon.
30. Shakti Dipak.
31. Kwality.
32. Villiers.

## দাদপুর বাওরের সরকারী জলা বন্দোবস্ত

144. (Admitted question No. 298.)

**শ্রীসনৎকুমার রাহা:** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শক্তিপুর রায়পাড়া সমবায় মৎস্যজীবী সমিতিকে দাদপুর বাওরের সরকারী জলা বন্দোবস্ত দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) বেলডাঙ্গা থানার পিলখানা, চকচাঁদপুর ও চাঁদপুর দিয়ার ও রায়পাড়া মৌজার অন্তর্গত ভাগীরথীর পিলখানাদহ (যাহা সরকারে ন্যস্ত) শক্তিপুর রায়পাড়া মৎস্যজীবী সমবায় সমিতিকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে কিনা?

**The Minister for Co-operation :**

(ক) শক্তিপুর রায়পাড়া সমবায় মৎস্যজীবী সমিতি নামে কোন সমিতি নাই, তবে শক্তিপুর রায়পাড়া মৎস্যজীবী সমবায় সমিতি নামে একটি সমিতি আছে। উক্ত সমিতিকে দাদপুর বাওরের সরকারী জলা বন্দোবস্ত দেওয়া হয় নাই।

(খ) বেলডাঙ্গা থানার চকচাঁদপুর (রায়পাড়া বাওর) এবং "ভাগীরথী বিভার"—গঙ্গাপথ মিলিয়ানি হইতে চর বিছপুর, জলকর শক্তিপুর রায়পাড়া মৎস্যজীবী সমবায় সমিতিকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে। পিলখানা, চাঁদপুর দিয়ার উক্ত জলার অন্তর্ভুক্ত। রায়পাড়া মৌজার অন্তর্গত ভাগীরথীর পিলখানা দহ উক্ত সমিতিকে বন্দোবস্ত দেওয়া হয় নাই।

## ট্রাকটার দ্বারা কর্ষিত জমির পরিমাণ

145. (Admitted question No. 307.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ট্রাকটার দিয়া কি পরিমাণ জমিতে চাষ হয়;

(খ) ব্যক্তিগত কৃষি জমির সংখ্যা কত; এবং

(গ) এই সকল ফার্মে নিযুক্ত কর্মীদের মজুরীর হার কি?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) ট্রাকটর এবং পাওয়ার টিলার দ্বারা প্রায় ১০,০০০ একর জমি চাষ হয়।

(খ) ব্যক্তিগত কৃষি ফার্মের সংখ্যা জানা নাই। যাহা হউক ১৯৬১ সালের সেন্সাস রিপোর্ট অনুযায়ী পশ্চিমবঙ্গে ৪৪,৫৯,০০০ কৃষি পরিবার আছে।

(গ) ফার্ম মজুরদের মজুরীর হার দৈনিক ১·৫০ টাকা হইতে ৪·৫০ টাকা পর্যন্ত।

## প্রাথমিক শিক্ষা বিস্তার

146. (Admitted question No. 315.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রাথমিক শিক্ষা বিস্তারের কোন সামগ্রিক পরিকল্পনা সরকারের আছে কিনা?

**The Minister for Education :**

প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটি নূতন সামগ্রিক আইন প্রবর্তনের ব্যবস্থা হইতেছে। বর্তমানে সমগ্র গ্রামাঞ্চলে অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত হইয়াছে। নূতন আইন কার্যকরী হইলে সমগ্র সহরাঞ্চলেও অবৈতনিক বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের প্রয়াস করা হইবে। চতুর্থ পঞ্চবার্ষিকী যোজনাকালের মধ্যে পশ্চিমবঙ্গে সমস্ত গ্রামেই প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা সরকারের লক্ষ্য।

১৯৭০ সালের জানুয়ারী হইতে সরকার গ্রামাঞ্চলে ১,৫০৮টি এবং কলিকাতায় ৫০টি প্রাথমিক বিদ্যালয় স্থাপন বা অনুমোদন মঞ্জুর করিয়াছেন। গ্রামাঞ্চলে ১,৫০৮টি বিদ্যালয়ের মধ্যে ৬০০টির প্রত্যেকটিকে গৃহ নির্মাণ বাবত ১,০০০ টাকা অর্থ সাহায্য দেওয়ারও সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

সমস্ত রাজ্যে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। সহরাঞ্চলে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করার পরিকল্পনা ইহারই অন্তর্ভুক্ত রহিয়াছে।

১ম ও ২য় শ্রেণীতে বিনামূল্যে বাংলা ও নেপালী পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা সরকার বর্তমান বৎসরে করিয়াছেন।

## বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি

147. (Admitted question No. 322.)

**শ্রীসনৎকুমার রাহা:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিঃ-এর কত জমি বর্তমানে আছে, এবং কত জমিতে গাঁজা চাষ হয়?

**The Minister for Co-operation:**

বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিমিটেড ৪ঠা নভেম্বর ১৯৬৩ তারিখে লিকুইডেশনে গিয়াছে এবং লিকুইডেটারের দখলে কোন জমি নাই। অতএব সমিতির জমিতে গাঁজা চাষের প্রশ্ন উঠে না।

## গৃহনির্মাণের জন্য সমবায় সমিতিকে অর্থ বরাদ্দ

148. (Admitted question No. 363.)

**শ্রীসনৎকুমার রাহা:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সমবায়-ভিত্তিতে গৃহনির্মাণের জন্য সরকার ১৯৬৯-৭০ সালে কত টাকা কতগুলি সমবায়কে দিয়াছেন?

**The Minister for Co-operation:**

সমবায় গৃহনির্মাণ সমিতিকে সরকার হইতে সরাসরি কোন টাকা দেওয়া হয় না। তবে ওয়েস্ট বেঙ্গল স্টেট হাউসিং ফিনান্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ-এর নিকট হইতে সরকার শেয়ার ক্রয় করিয়া থাকে এবং উক্ত সমবায় সমিতি সরকারী গ্যারান্টির ভিত্তিতে লাইফ ইনসিওরেন্স করপোরেশন হইতে টাকা ধার লইয়া থাকে। কিন্তু ১৯৬৯-৭০ সালে এই পর্যন্ত সরকার উক্ত সমিতিকে কোন টাকা দেয় নাই।

## সরকার কর্তৃক উচ্চ ফলনশীল ধান্যবীজ বণ্টন

149. (Admitted question No. 348).

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে উচ্চ ফলনশীল কোন্ কোন্ নামীয় ধান সরকার বণ্টন করিয়াছেন এবং তাহাদের পরিমাণ কত;

(খ) উক্ত উচ্চ ফলনশীল ধান কত পরিমাণ জমিতে ব্যবহার করা হইয়াছে; এবং

(গ) গত ১৯৬৮-৬৯ সালে কত বিঘা জমিতে উচ্চ ফলনশীল ধান চাষ করা হইয়াছিল?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) চলতি বৎসরে অর্থাৎ ১৯৬৯-৭০ সালে সরকারী বীজ সংবর্ধন খামারে গভর্ণমেণ্ট সিড মাল্টিপ্লিকেসন ফার্ম উৎপাদিত নিম্নবর্ণিত বিভিন্ন নামীয় উচ্চ ফলনশীল ধান্যবীজ কৃষি বিভাগ বিতরণ করে এবং সরবরাহকৃত প্রত্যেক প্রকার বীজের মোটামোটি পরিমাণ নিম্নে প্রদত্ত হইল :

| | বীজের নাম | পরিমাণ |
|---|---|---|
| (১) | আই, আর-৮ | ১,৩৩৫,৭০১ কেজি |
| (২) | টি, এন-১ | ২৩৬,১৬০ কেজি |
| (৩) | তাইনান-৩ | ৪,৫২৪ কেজি |
| (৪) | তাইচুন-৬৫ | ৮,৬৬৬ কেজি |
| (৫) | আই, আর-৫ | ১১,৯৪২ কেজি |
| (৬) | কালিম্পং-১ | ৩৩,৭০১ কেজি |
| (৭) | এন, সি-৬৭৮ | ৫৬৫,৫৯১ কেজি |
| (৮) | এন, সি-১২৮১ | ২৮০,৮৫০ কেজি |
| | মোট : | ২,৪৮৫,১৩৪ কেজি |

(খ) ১৯৬৯-৭০ সালে উচ্চ ফলনশীল বীজ প্রায় ১,২০০,০০০ একর জমিতে বপণ করা হয়।

(গ) গত ১৯৬৮-৬৯ সালে উচ্চ ফলনশীল জাতের ধান্য প্রায় ৬০৯,০০০ একর (৭১,৮২৭,০০০ বিঘা) জমিতে চাষ করা হইয়াছিল।

## প্রাথমিক স্কুল পরিচালনার জন্য জেলাভিত্তিক কমিটি

150. (Admitted question No. 376.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পল্লীগ্রামের প্রাথমিক স্কুলগুলি পরিচালনার জন্য বর্তমানে জেলাভিত্তিক কোন পরিকল্পনা কমিটি এবং স্কুলভিত্তিক কোন কমিটি আছে কিনা ?

**The Minister for Education :**

জেলা স্কুল বোর্ডগুলি বাতিল হওয়ার পর জেলা স্কুল বোর্ডের কার্য পরিচালনার দায়িত্ব সংশ্লিষ্ট জেলা বিদ্যালয় পরিদর্শককে দেওয়া হইয়াছে এবং প্রত্যেক জেলায় জেলা স্কুল বোর্ডের কার্য পরিচালনায় জেলা বিদ্যালয় পরিদর্শককে পরামর্শ দেওয়ার জন্য একটি করিয়া জেলাভিত্তিক পরামর্শ-দাতা কমিটি (এ্যাডভাইসারী কমিটি) গঠিত হইয়াছে। এতদ্ব্যতীত প্রাথমিক বিদ্যালয় পরিচালনার জন্য জেলাভিত্তিক কোন পরিকল্পনা কমিটি নাই।

স্কুলভিত্তিক কমিটি সম্পর্কে উল্লেখ করা যাইতে পারে যে, গ্রামাঞ্চলে প্রত্যেক প্রাথমিক বিদ্যালয়ের জন্য একটি করিয়া উপস্থিতি সমিতির (এ্যাটেণ্ডেন্স কমিটি) ব্যবস্থা আছে। এতদ্ব্যতীত স্কুলভিত্তিক পরামর্শদাতা সমিতি (এ্যাডভাইসারী কমিটি) চালু আছে।

### হুগলী ২নং সেতু নির্মাণ

151. (Admitted question No. 391.)

**শ্রীসনৎকুমার রাহা:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী ২নং সেতু নির্মাণের জন্য কোন বৈদেশিক কারীগর, কুশলীর প্রয়োজন হইবে কিনা; এবং

(খ) এই সেতু নির্মাণের কাজ কবে শুরু হইবে ?

**The Minister for Development and Planning :**

(ক) এখন বলা যায় না, সেতু নির্মাণের টেণ্ডার বিবেচনার পরই এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব।

(খ) বর্তমান বৎসরের মধ্যে টেণ্ডার আহ্বান প্রভৃতি প্রাথমিক কাজ সুরু হইবে বলিয়া আশা করা যায়।

### কলিকাতা সার্কুলার রেলপথ

152. (Admitted question No. 392.)

**শ্রীসনৎকুমার রাহা:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা সার্কুলার রেলপথ নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) এই বিষয়ে কোনও বৈদেশিক কারিগরি ও কুশলী দরকার হইবে কিনা ?

**The Minister for Development and Planning :**

(ক) পূর্বেকার সার্কুলার রেলপথ প্রকল্পের স্থলে বর্তমানে কেন্দ্রীয় সরকার শহরতলীর রেলপথ-গুলি কলিকাতা মহানগরীর কেন্দ্রস্থল পর্যন্ত প্রসারিত করিবার পরিকল্পনা (সুবার্বন লাইন্স এক্সটেনশন অর ডিসপারসাল স্কীম) গ্রহণ করিয়াছেন। এই পরিকল্পনাটি কার্যকর করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণের উদ্দেশ্যে কেন্দ্রীয় রেল মন্ত্রণালয়ের একটি সংস্থা ইতিমধ্যে প্রাথমিক কাজ আরম্ভ করিয়াছে।

(খ) বর্তমানে জানা নাই।

### গোপগ্রাম-সালু এবং কুনরুন-ছাগলডাঙ্গা রাস্তায় ক্যানেলের উপর সাঁকো নির্মাণ

153. (Admitted question No. 536.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার (ক) ভরতপুর থানার গোপগ্রাম-সালু এবং (খ) বড়োঁয়া থানার কুনরুন-ছাগলডাঙ্গা রাস্তার মধ্যে যে ক্যানেল দুইটি আছে সেগুলির উপর কোন সাঁকো না থাকায় জনসাধারণের খুবই অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, ঐ দুই রাস্তার সাঁকো নির্মাণের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) ও (খ) খাল খননের সময় প্রশ্নে উল্লিখিত দুই স্থানে কোন রাস্তা ছিল না বলিয়া ঐ দুই স্থানে সাঁকো নির্মাণ করার কোন প্রস্তাব ছিল না। তবে জনসাধারণের অসুবিধা দূর করার জন্য অন্যান্য স্থানের সহিত ঐ দুই স্থানে খালের উপর নূতন সাঁকো নির্মাণ করার প্রস্তাব বর্তমানে পাওয়া গিয়াছে। এ বিষয়ে জেলা সমাহর্তার মতামত চাওয়া হইয়াছে। তাঁহার মতামত পাইলেই সমগ্র বিষয়টি বিবেচনা করা হইবে।

## জেলাওয়ারী সরকারী কোয়ার্টারের সংখ্যা

154. (Admitted question No. 738.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিভিন্ন জেলার সরকারী কোয়ার্টারগুলির সংখ্যা কত ?

**The Minister for Housing :**

| | | |
|---|---|---|
| ১। | কলিকাতা— | ৫,৬৩৩ |
| ২। | ২৪-পরগনা— | ৪,২৫৮ |
| ৩। | হাওড়া— | ৩,১১২ |
| ৪। | নদীয়া— | ৮৮৮ |
| ৫। | মুর্শিদাবাদ— | ৪৮ |
| ৬। | বর্ধমান— | ৪,২৬৪ |
| ৭। | বীরভূম— | ৩০ |
| ৮। | বাঁকুড়া— | ৫০ |
| ৯। | হুগলি— | ৭১০ |
| ১০। | মেদিনীপুর— | ১৬ |
| ১১। | পঃ দিনাজপুর— | ৫৩৪ |
| ১২। | জলপাইগুড়ি— | ৩৬ |
| ১৩। | কোচবিহার— | ৮৪ |
| ১৪। | দার্জিলিং— | ৯৬ |
| | মোট— | ১৯,৮১৯ |

### Districtwise number of Adult and Literacy Centres

155. (Admitted question No. 20.) **Shri MONORANJAN BAKSHI:** Will the Minister-in-charge of Education Department be pleased to state—

(a) the number of Adult and Literacy Centres in each district of West Bengal ;

(b) the number of teachers engaged in these centres with—

(i) their scale of remuneration, and

(ii) the condition of their services ;

(c) the total number of adults studying in these centres districtwise and in each year from 1967 to 1969 ; and

(d) (i) whether Government have any new schemes for re-oganisation and the existing system, and (ii) if so, the details of the scheme ?

**The Minister for Education :** (a) and (b) Statements are placed on the Library Table.

(c) Intake capacity per centre is 40 to 60 per year.

(d) (i) Yes. (ii) A proposal for converting the centres, viz., Literacy Centres, Complete centres, Night Schools into one teacher Pathsalas is under consideration of the Government.

**Mr Speaker :** Question hour is over.

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** ইন্দিরা গান্ধীর ১৪টী Bank-কে nationalised করার পর আমরা এখানে একটা প্রস্তাব পাশ করেছিলাম। কিন্তু Supreme Court সেই Bank Nationalisation আইনকে বরবাদ করেছেন। আপনি আমাদের একটা সুযোগ দিন যাতে সমস্ত স্বদেশী ও বিদেশী ব্যাঙ্কগুলিকে কেন্দ্রীয় সরকার জাতীয়করণ করতে পারে, সে বিষয়ে আমরা তাদের অনুরোধ করব।

[2-00—2-10 p.m.]

**মিঃ স্পীকার :** আমি এসব কিছু জানিনা—আপনি এ বিষয়ে একটা resolution বা মোশান আনুন।

**শ্রীমতী গীতা মুখার্জি :** আমরা এ বিষয়ে Constitution amend এর দাবী করে নিশ্চয় ওখান থেকে প্রস্তাব আনতে পারি।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** কোন সময় এসব আলোচনা করা যাবে তা আপনাদের জানতে হবে। এখন এসব আলোচনা করার সময় নয়।

**Mr. Speaker :** I will not prevent anybody to exercise his right as a Member of this House under the Rules of Procedure. Excepting that I cannot do anything.

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** আমাদের এই রকম ধরণের একটা প্রস্তাব পাশ করানোর সুযোগ করে দিন। আমাদের সংবিধানের ধারা পরিবর্ত্তন করতে হবে।

**শ্রীএস. এম. ফজলুর রহমান :** মাননীয় সদস্য যখন আপনার কাছে একটা আবেদন রাখছিলেন তখন আমাদের পরিষদীয় মন্ত্রী যে attitude দেখালেন সেটা ঐ ভাবে দেখান ঠিক নয়।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** এইসব reference করার একটা সময় আছে।

**Mr. Speaker :** I am strong enough to enforce the Rules of Business in this House. So, you please take your seat.

**Opening of a Rly. Booking in the Assembly Building.**

**Mr. Speaker :** Now honourable Members, I am glad to make this announcement that a Railway Booking Counter has been opened here this day at 9-30 in the morning. The office is located in the South Annexe, ground floor. The said office will remain open 2 hours in the morning from 9-30 a. m. to 11-30 a. m. and 2 hours in the afternoon from 2-30 p. m. to 4-30 p.m. These timings are liable to change to suit the convenience of the honourable Members. I take this opportunity to thank the local authorities of the Eastern and South Eastern Railways and also the Minister for Parliamentary Affairs for his complying with the assurance he gave to this House. I have opened the office this morning and this is for your information.

**শ্রীবিজয় সিং নাহার :** এই Rly. Booking কেবল যেদিন হাউস থাকবে সেদিন খোলা থাকবে, না অন্যান্য দিনও খোলা থাকবে।

**মিঃ স্পীকার :** দেখা যাক কি হয়।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** ওঁরা কাজ সুরু করে দেখবেন কি রকম booking হয়। তারপর ভবিষ্যতে ওঁরা আশ্বাস দিয়েছেন যে House না চললেও তাঁরা খোলা রাখবেন।

**ডাঃ নলিনাক্ষ্য সান্যাল :** On a point of privelge, Sir, আমি পরশুদিন রেলের Commercial Manager-এর সঙ্গে দেখা করেছিলাম এবং as a Member of the Zonal Advisory Committee। Assembly Member-দের Booking Office সম্বন্ধে মিটিংএর তিনি সময় যা বললেন তাতে বিশেষ সুবিধা হবে না। তিনি বললেন সাধারণভাবে যেমন ১০ দিন আগে বুকিং করতে হয় reservation সম্বন্ধে এখানেও তাই হবে। আমাদের যে প্রিভিলেজের কথা যা বললেন যে মেম্বাররা প্রচুর সুবিধা পাবেন সেটা একেবারে অসত্য। এই কথা জেনে নৃত্য করতে পারেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ :** স্যার মাননীয় সদস্য নলিনাক্ষ বাবু এখানে যে ভাষা ব্যবহার করলেন, তিনি বললেন যে আপনি অসত্য কথা বলেছেন এবং নৃত্য করতে পারেন। স্যার, এই ধরণের কথা কি তিনি আপনার বিরুদ্ধে বলতে পারেন? আপনি এটা এ্যালাউ করবেন?

**মিঃ স্পীকার :** ওসব কথা বলবেন না, আপনি এই রকম উত্তেজিত হচ্ছেন কেন? ওরা একটা ব্যবস্থা করেছেন আমরা আগে দেখি যে আমাদের কি সুবিধা অসুবিধা হচ্ছে, তারপরে ওসব বলবেন। আমি আপনাদের হয়ে তাদের আজকে ধন্যবাদ দিয়ে এসেছি, বলেছি যে আমরা গ্রেটফুল আপনাদের কাছে।

## Adjourment Motions

**Mr. Speaker :** I have received two notices of Adjournment Motions on the following subjects, namely :—

(1) Alleged looting of belongings of one Shri Upendra Nath Aich under Patharpratima P.S.— from Dr. Zainal Abedin, and

(2) Murder of three young men in Calcutta on 10-2-70—from Shri Santosh Kumar Roy.

I have withheld consent to the first one on the ground that the date of happening of the incident has not been mentioned and it becomes a vague statement and the second one on the ground that three disconnected incidents have been combined in one.

**Dr. Zainal Abedin :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, looting of all belongings including doors and windows of the house of one Shri Upendra Nath Aich of Purnachandrapur of Patharpratima P.S. in 24-Parganas by about 600 strong armed crowd belonging to a particular political party of the United Front, proves that there is no security at all throughout the State for any one and the victim happens to be a Tahsildar and his Government rent papers have been destroyed and further he has been forced to promise one hundred maunds of paddy undder duress to the looters.

**Shri Santosh Kumar Roy :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, murders of three youngmen including one by gun-shot injury due to political rivalries in the city of Calcutta on 10-2-70, the day of Saraswati Puja forebading civil war in West Bengal.

**Calling Attention to matters of urgent public importance**

**Mr Speaker :** The Minister-in-charge of Health Department will please make a statement on the subject of alleged deadlock in Malda District Hospital, called attention by Shri Suresh Chandra Singha on the 4th February, 1970.

**Shri Nani Bhattacharya :** Mr, Speaker, Sir, I wouldl ike to make the following statement :

On the evening of 2-2-70 some persons assaulted Dr. Sen-Gupta, Surgical Specialist, attached to the Malda District Hospital on his way to the Hospital from his residence. He sustained bleeding injuries on the forehead and the nose. Three days prior to this, one G.D.A. was assaulted infront of the same hospital by some people. Even before that, there were assaults on nurses while they had been coming from their hostel to the hospital. All these incidents generated considerable resentment amongst the hospital staff. So finally after the assault on Dr. Sen Gupta they informed the D.M.O. about their decision to abstain from duties from 8-30 p.m. on 2-2-70. On receipt of this information the Chief Medical Officer, Health, and the District Magistrate, Malda, tried in vain to persuade the Hospital staff to revise their decision. Finally, all the members of the Hospital staff went on strike, leaving one doctor and 2 or 3 nurses for emergent work. The District Magistrate and the C.M.O.H. then managed the other duties. They brought in N.V.F. personnel to work as G.D.A's, hired cooks from outside for preparation of food and obtained loan of male and female sweepers from the Municipality for duty in the Hospital. Arrangements were also made to contact the relatives of the patients in order to take them back temporarily where possible. The local leaders and the local branch of the I.M.A. were contacted for their help in this matter. It is reported by the District authority that local I.M.A. sympathised with the strike.

The supply of breakfast and other diet of the patients and the performance of the cleaning business were thus kept running. The situation was all through peaceful. It is reported by the District Magistrate that Police is taking all possible steps to apprehend the miscreants.

The situation continued as discribed above till 2 p. m. on 3-2-70 when the Hospital staff called off their strike and resumed their duties. The N.V.F. and other personnel brought in by the District Magistrate in consultation with C.M.O.H. have since been withdrawn.

**Mr. Speaker :** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of cease-work by the teachers of the Barabelun Mohini Mohan Vidyamandir in Burdwan, called attention—by Shri Aswini Roy on the 5th February, 1970.

**Shri Satyapriya Roy** : Mr. Speaker, Sir, in response to the Calling Attention notice by the honourable Member Shri Aswini Roy I beg to make the following statement :

The teachers of Barabelun Mohini Mohan Vidyamandir sent a copy of their strike notice to the office of the District Inspector of Schools, Burdwan, stating that they would go on strike from the 2nd February, 1970 for an indefinite period against non-payment of their salaries for

December, 1969 and January, 1970, non-deposit of their provident fund dues since April, 1969 and also non-payment of arrear dues.

On receipt of the notice the District Inspector of Schools, Burdwan, on 28-1-70 requested the Secretaay of the School to make immediate payment of salaries of the teachers for December, 1969. He was also requested to make efforts so that the threatened strike might be averted. The Secretary of the Teachers' Council of that school was also requested to defer the strike. The position of maintenance grants sanctioned to the School is stated below ;—

| Year | Deficit as per Audit Report | Grants Released |
|---|---|---|
| 1967-68 | Rs. 30,038/- | Rs, 23,500/- |
| 1968-69 | Rs. 29,656/- | Rs. 18,000/- |

During 1969-70 an interim grant of Rs. 33,100 has been sanctioned including some arrears of the previous years.

**Higher Secondary Section.**

1968-69—Deficit as per Audit Report Rs. 32,032 including arrears, and grant released is of equal amount. During 1969-70 an interim grant of Rs, 23,000 has been sanctioned. A special enquiry has already been arranged. But it will take some time before the report is received.

**Mr. Speaker**: The Hon'ble Minister-in-charge of Education Department will please make a statement on the subject of squatting by A.B,P.T.A. before the Assembly House—called attention by Shri Kalipada Mondal on the 6th February, 1970.

**Shri Satya Priya Roy**: In response to the Calling Attention motion by the Hon'ble Member, Shri Kali Pada Mondal, I beg to make the following statement :—

A comprehensive Primary Education Bill was prepared by the Education Department in consultation with the Consultative Committee on Primary Education. The Bill is under the consideration of the Cabinate, Considerable progress in the matter has already been made. It is expected that the Bill will be introduced in the current session of the Legislative Assembly.

It is laid down in the Education Policy statement of the United Front that elementary education up to class VIII should be made free throughout the State from 1st January, 1970. The Education Department, in accordance with the policy, prepared two separate proposals, viz ;—

(i) for making education up to Class IV free in most of the existing schools in Calcutta and other municipal areass at an annual cost of Rs.1·37 crores, primary education being already free in rural areas ; and

(ii) for making education from classes V to VIII free in the entire State at an annual cost of Rs. 8·72 crores.

Both the proposals were placed before the Cabinate and are under the consideration of Government.

The implementation of the scheme depends primarily on the availability of funds for the purpose. The Central Government should also come forward with generous assistance to help the State Government to fulfil this target laid down in the Indian Constitution.

In view of what I have stated, I would request the Members of the All-Bengal Primary Teachers' Associateon to wait for some time more. I appeal to them not to take any such steps now as contemplated by them.

**Mr. Speaker :** I have received 6 notices of Calling Attention on the following subjects, namely :—

1. Breaking of railway wagons by anti-social elements between Serampore and Rishra Railway Stations—from Shri Panchugopal Bhaduri.

2. Miserable situation in the Shyamadas Vaidyashastra Pith College and Hospital—from Shri Panchugopal Bhaduri.

3. Clash between C. P. I. (M) and C. P. I. supporters at Patmohana Colliery—from Shri Gyan Singh Sohanpal.

4. Combined attack on the colliery labourers at Patmohana Colliery (Hirapur-Assansol) on 10-2-70—from Shri Lokesh Ghosh.

5. Gherao of the Deputy Commissioner and the Superintendent of Police of Cooch Behar—from Dr. Zainal Abedin and Shri Santosh Kumar Roy.

6. Insecurity prevailing in the border villages of Karimpur P. S.—from Dr. Nalinaksha Sanyal.

I have selected the notice on the subject of miserable situation in the Sbyamadas Vaidyashastra Pith College and Hospital—from Shri Panchu-gopal Bhaduri.

**Shri Nani Bhattacharya :** On the 13th.

[2·20-2·30 p.m.]

## Mention Cases

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার কাছে একটা নিবেদন আমার আছে। সেটা হচ্ছে এই যে, যখন ১৪টা ব্যাংক রাষ্ট্রীয়করণ করা হয় তখন আমরা এখান থেকে একটা প্রস্তাব নিয়েছিলাম, কিন্তু এখন দেখা যাচ্ছে যে সেই রাষ্ট্রীয়করণ আইনকে সুপ্রীম কোর্ট বাতিল করে দিয়েছেন। দেখা যাচ্ছে এখন অবস্থা এই রকম হয়েছে যে, আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা, তার ঘাড়ে এমন একটা বিচার ব্যবস্থা চেপে আছে যে, বিচার ব্যবস্থা মতাদর্শের দিক থেকে জনসংঘ এবং স্বতন্ত্র দলের কাছাকাছি আছে। যাই হোক, সেটা বাতিল হয়েছে। আমরা একটা সুযোগ আপনার কাছ থেকে চাই যে ভারতবর্ষের সমস্ত দেশী এবং বিদেশী বড় বড় ব্যাঙ্কগুলি রাষ্ট্রীয়করণ করা হোক এই রকম একটা প্রস্তাব এখান থেকে গ্রহণ করতে চাই। দ্বিতীয় নম্বর হচ্ছে, আজকে সামাজিক কল্যাণের দিক থেকে বিচার করে সংবিধানে যে কতকগুলি মৌলিক অধিকারের কথা লেখা আছে বিশেষ করে সম্পত্তি সংরক্ষণ এবং সম্পত্তি ভোগ দখল সম্বন্ধে, যে সমস্ত বিধি-বিধান আছে, সেই সমস্ত বিধান অবিলম্বে এমনভাবে পরিবর্তন করা হোক যাতে গুটিকতক এই রকম শিল্পপতি, ধনপতির স্বার্থ রক্ষা না করে সমাজের সামগ্রিক কল্যাণের কাজটা ত্বরান্বিত হতে পারে সেই রকম পরিবর্তন আনা হোক। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে আপনি দয়া করে সেই সুযোগ আমাদের বিধানসভায় দিন যাতে আমরা সেই দাবী রেখে এখানে প্রস্তাব গ্রহণ করতে পারি।

**শ্রীহেমন্তকুমার বসু :** মাননীয় স্পীকার মহাশয়, সুপ্রীম কোর্টের যে রায় বেরিয়েছে আমাদের এ্যাসেম্বলী থেকে যে প্রস্তাব পাশ হয়েছিল তার বিরোধী। কাজেই আমাদের এখন

এ বিষয়ে কিছু করার কর্তব্য আছে। যদি সিডিউল কিম্বা সংবিধান পরিবর্তন করতে হয় তাহলে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া অর্ডিন্যান্স করে এই পরিবর্তন করে যাতে সমস্ত বড় বড় ব্যাঙ্কগুলি ন্যাশানালাইজ হয় সে বিষয়ে ব্যবস্থা করুন। কাজেই অমলেন্দ্রবাবু যে প্রস্তাব এনেছেন আমি সেটা সমর্থন করছি।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মি: স্পীকার, স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সেইজন্য আমাদের পার্টির পক্ষ থেকে একটি কথা আপনার কাছে নিবেদন করছি।

**মি: স্পীকার:** একটা কিছু করতে হবে উনি বলেছেন, এখন আপনারা সেটা দেখুন কি করবেন।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** স্পীকার মহাশয়, আমি এটা সমর্থন করে বলছি যে এখন আমরা যদি সংবিধান সংশোধন করতে যাই তার জন্য আমাদের একটা কিছু করতে হবে। সেই জন্য আমি আপনার কাছে নিবেদন করতে চাই যে সুপ্রীম কোর্ট বার বার যদি এই রকম করে, তাহলে আমাদের অধিকার ক্ষুণ্ণ হতে পারে।

**মি: স্পীকার:** সেটা এখন হবে না, সেটা সেণ্টারের ব্যাপার। এই সব কথা রিজলিউশানে বলবেন, এখন ডিস্কাসন হবে না, উনি তো মেনসান করেছেন।

**শ্রীআবদুস সাত্তার:** অমলবাবু যেটা বলেছেন সেটা ফরম্যাল রিজলিউসানে আসুক এবং লেট এ রিজলিউসান কাম, তারপরে হবে।

**শ্রী এস. এম. ফজলুর রহমান:** স্পীকার মহাশয়, অমল রায় মহাশয় যে প্রস্তাব এনেছেন, সে প্রস্তাব খুব গুরুত্বপূর্ণ এবং সে প্রস্তাব আমি সমর্থন করছি। আমি একটা সাজেসান করছি যে, পূর্ণাঙ্গ প্রস্তাব এমব্রাসিং অল পয়েণ্টস সেটা করবার জন্য আপনি আপনার কামরায় সকল দলের নেতৃস্থানীয় ব্যক্তিদের নিয়ে একটা ড্রাফট করে সেটা যাতে ইনএ্যানিমাস হয় তার ব্যবস্থা করুন এবং তারপর প্লেশ করুন, এই আমার নিবেদন।

**শ্রীঅনাদি দাস:** মি: স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অনন্ত সিংকে পুলিশ ধরল যে তিনি ডাকাত এবং তিনি ডাকাতি করে টাকা জোগাড় করলেন তাঁর পার্টি ফাণ্ডের জন্য। হেনা গাঙ্গুলীকেও ডাকাত বলেছেন........

**মি: স্পীকার:** আপনি জোর করে এসব বলবেন না, এটা সাব-জুডিস ব্যাপার।

**শ্রী এস. এম. ফজলুর রহমান:** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন তুলেছেন সেটা যে সাব-জুডিস বলছেন, তা নয়। এটা অবিটার একটা দিয়েছেন অনারেবল হাইকোর্ট। অবিটার হচ্ছে, এই ধরনের আচরণ গর্হিত। সেই পয়েণ্টেই উনি বলছেন, উনি ডিস্কাসান করতে যাচ্ছেন না।

**শ্রীকালিপদ মণ্ডল:** মাননীয় সভাপাল মহাশয়, সরকারের কাছে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরবার চেষ্টা করছি। বাংলাদেশের বুক থেকে পি. ডি. এ্যাক্ট উঠে যাবার পর আমরা লক্ষ্য করছি গুণ্ডা এবং দুর্বৃত্তদের প্রভাব বেড়ে গিয়েছে। চারিদিকে গুণ্ডামী এবং রাহাজানি হচ্ছে। এর হাত থেকে সকল স্তরের নাগরিক—রাজনৈতিক কর্মী থেকে শুরু করে বাংলাদেশের প্রখ্যাত শিল্পী, সাধারণ নরনারী কেউই বাদ পড়ছে না। স্যার, আপনার মাধ্যমে আমি সরকার এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে অবিলম্বে এই গুণ্ডামী বন্ধ করা যায় বা দমন করা যায় তার জন্য ব্যবস্থা করুন। প্রয়োজন হলে কোন আইন বা অর্ডিনান্স করার বিষয়ও তাঁরা যেন চিন্তা করে দেখেন।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা :** মাননীয় স্পীকার মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে হাউসের কাছে রাখছি। সাধারণতঃ প্রতিক্রীয়াশীল গোষ্ঠী আমাদের বিরুদ্ধে প্রচার করে থাকেন যে যুক্তফ্রন্ট সরকারের বিভিন্ন দপ্তর নিজ নিজ দলের স্বার্থে ব্যবহার করছে অথচ জনসাধারণের স্বার্থের দিকে লক্ষ্য রাখছে না। আজকের আনন্দবাজার পত্রিকার একটি সংবাদের প্রতি সমবায় বিভাগীয় মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করছি। সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় এমন একজন ব্যক্তিকে চেয়ারম্যান নিয়োগ করেছেন যিনি এম. এল. এ. নন বা এম. পি'-ও নন বা এ বিষয়ে পি. এস. সি'-র কোন আওতার মধ্যেও তিনি পড়েন না। এ ব্যাপারে দলীয় মনোভাব প্রকট হয়ে উঠেছে। এ ব্যাপারে আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রের অংশটি পড়ে দিচ্ছি। "সমবায় বিভাগে ৫০ জন অডিটর নিয়োগের ব্যাপারে দলীয় রাজনীতির অভিযোগ উঠেছে। সমগ্র বিষয়টি মন্ত্রীসভার বৈঠকে আলোচনা করার জন্য দুজন মন্ত্রী, মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখার্জিকে অনুরোধ করেছেন। কয়েকমাস আগে সমবায় বিভাগে ওই পদগুলি সম্পর্কে সংবাদপত্রে বিজ্ঞাপন দেওয়া হলে প্রায় ৪,৫০০ দরখাস্ত জমা পড়ে। এদিকে তৎকালীন ঐ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর নির্দেশ অনুযায়ী দক্ষিণপন্থী কমুনিষ্ট দলের প্রাক্তন এম, পি. শ্রীপ্রভাত করকে চেয়ারম্যান করে দুজনের এক নিয়োগ কমিটি গঠন করা হয়। এখানে সরকারী সব রকম নিয়ম ভঙ্গ করা হয়েছে বলে সরকারী কোন কোন মহলে অভিযোগ ওঠে। শ্রীকর লোকসভা বা বিধানসভার সদস্য নন বলে একজন মন্ত্রী মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। আরও অভিযোগ উঠেছে, যেখানে সারভিস কমিশন আছে সেখানে বেসরকারী লোকেদের দিয়ে সরকারী চাকুরিতে লোক নিয়োগ করা সম্ভব কিনা। ইতিমধ্যে শ্রীকরের সুপারিশ অনুযায়ী প্রায় ৫০ জনের নিয়োগপত্র দেওয়ার সব ব্যবস্থা পাকা হয়ে গিয়েছে।"

**শ্রীসন্তোষ কুমার রায় :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি, গতকাল যে নারকীয় এবং বর্বরোচিত কাণ্ড কুচবিহারে পুলিশ হেডকোয়াটারের পাশে প্রকাশ্য দিবালোকে বেলা ১২টার সময় ঘটেছে, তার প্রতি আকৃষ্ট করছি। গতকাল বেলা ১২টার সময় কুচবিহারের প্রাক্তন সরকারী উকিল এবং হোমগার্ডের কমাণ্ডার, যাঁর বাড়ী কুচবিহার পুলিশ হেডকোয়াটারের ঠিক পাশে এবং থানা থেকে দুশো গজের মধ্যে, সেখানে মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির সমর্থিত ছাত্র এবং গুণ্ডারা তাঁর বাড়ী আক্রমণ করে, বাড়ী তছনছ করে বাড়ী ধ্বংস করে দিয়েছে। শুধু তাই নয়, কুচবিহার শহরে আরো দুটি ঘটনা ঘটেছে। একটি সিনেমা হলের কাছে একজন আসবাব ব্যবসায়ীর দোকান লুঠ হয়েছে, আর একজন প্রাক্তন অধ্যাপকের বাড়ীও লুণ্ঠিত হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে এবিষয়ে ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ করে জানাচ্ছি যে এখনও কেউ আটক হয়নি।

**শ্রীঅরুণ সেন ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার একটা দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমরা একটা টেলিগ্রাম পেয়েছি এবং সেটা পাঠিয়েছেন কল্যাণশঙ্কর রায়,—মেম্বার অব পার্লামেন্ট, মধু ব্যানার্জী,—ইউ. টি. ইউ. সি,—নেতা, ও ফনী রায়,—নেতা—বাংলা কংগ্রেস, আসানসোল থেকে। আমি সেটা পড়ে শোনাচ্ছি......................

"Armed mob with guns and bombs led by C. P. M. attacked Pathmohana Colliery burnt workers quarters looted property and injured many with guns and bombs. Entire workers of colliery went on protest strike against this brutal planned attack. Refusal of Police to arrest culprits who attacked in November have encouraged the C.P.M. to attack in this way. More attacks by the C.P.M. are planned. Apprehend fresh attacks on Pathmohana and Searsole colliery. Demand full protection from C.P.M. attacks."

এই যে ঘটনা, এই ঘটনা একটু জানা উচিত। সেটা হচ্ছে, পি. ডি. এফ. মন্ত্রীসভার সময়ে এই পাটমোহনা কোলিয়ারী থেকে ১ হাজার কর্মীকে কোম্পানী ছাটাই করে এবং তার বিরুদ্ধে

কোলিয়ারীর মজদুররা আন্দোলন করেছিলো। তার ফলে এই যুক্তফ্রন্টের সময়ে সেখানে ট্রাইবুন্যাল থেকে ১ হাজার শ্রমিককে পুনরায় নিয়োজিত করা হয়। সেই শ্রমিকরা যখন কাজে যায় সেই জায়গায় কম্পানীর কনট্রাক্টর, কনট্রাক্ট লেবার দিয়ে কাজ করাচ্ছিল। আজকে সেই কনট্রাক্টর ও কনট্রাক্ট লেবার হঠাৎ রাতারাতি সি. পি. এম. ঝাণ্ডা তুলে সেখানে জবরদস্তী কোলিয়ারীর উপর তিন তিনবার আক্রমণ করেছে। একবার আক্রমণ করেছে অক্টোবরের ৩ তারিখে, আর একবার ১৬ই নভেম্বর এবং এতে অনেক শ্রমিক আহত হয়েছে। কিন্তু কোন গুণ্ডাকে গ্রেপ্তার করা হয়নি। আজকে ১০ তারিখে যে আক্রমণ হয়েছে তাতে বন্দুক ব্যবহৃত হয়েছে এবং একটা পুলিশ বন্দুকের গুলিতে ঘায়েল হয়েছে। অনেক বাড়ী জ্বলে গেছে, লুট করা হয়েছে। যারা আহত হয়েছে তারা হাসপাতালে আছে। বন্দুকের গুলি লেগেছে যাদের আমি নাম বলতে পারি। আমি মুখ্যমন্ত্রীকে এবং মন্ত্রীসভার কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, এই ধরনের কনট্রাক্টর ও কনট্রাক্টরদের লোকেরা ও বিশেষ করে কোলিয়ারীর মালিকদের দালাল হয়ে যেন যুক্তফ্রন্টকে ব্যবহার না করে।

**ডঃ লোকেশ ঘোষ:** আমি একটা কলিং এ্যাটেনশান দিয়েছি কিন্তু সেটার কি হয়েছে আমি জানিনা, তবে উনি যা বললেন সেটা সম্পূর্ণ মিথ্যা কথা। যারা ইনজিওরড হয়েছে তারা সি. পি. এম, যারা হসপিটালে ভর্তি হয়েছে তারাও সি. পি. এম. এবং যারা মিসিং হয়েছে তারাও সি. পি. এম.-এর লোক।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাঠে ধান লুট হয়ে গেল। আপনি জানেন, এখনও পশ্চিম দিনাজপুরে যারা সামান্য ডবল ক্রপ করেছিলো—পশ্চিম দিনাজপুরের খেয়াল এলাকায় কেউ কেউ সামান্য আলু করেছে, কেউ ছোলা করেছে এবং গমও করেছে। কিন্তু মাননীয় কৃষি মন্ত্রীমহাশয় বললেন যে গম, ছোলা পাকেনি। দল বেঁধে যাচ্ছে লালঝাণ্ডা নিয়ে সমস্ত তছনছ করে নষ্ট করে দিচ্ছে। মানুষ ভয়ে গরুবাছুর দিয়ে সব খাইয়ে দিচ্ছে এবং মহিলাদের ভিতরে অনেকে মাঠে আলু ফেলে দিয়ে চলে গেছে এবং এর কোন প্রতিকার হয়নি। কাজেই আমি এই বক্তব্য মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করেছি যে এই ধরণের লুটতরাজ যেন অবিলম্বে বন্ধ হয় তার একটা ব্যবস্থা করুন।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেলেঘাটা নারকেলডাঙ্গা মেন রোডের শ্রীকৃষ্ণ দা লেনে রবিবার ভয়ানক একটা ঘটনা ঘটে। সেখানে দুর্বৃত্তেরা ৮টি বাড়ীতে আগুন দেবার চেষ্টা করে এবং বহুলোক সেখানে আহত হয়েছে। অনেক চেষ্টার পর পুলিশ অবশ্য যায়। কিন্তু এখনও পর্যন্ত বিশেষ বিশেষ গুণ্ডা নামে যারা খ্যাত তাদের এ্যারেষ্ট করা হয় নি। শুধু নারকেলডাঙ্গা মেন রোড এবং শ্রীকৃষ্ণ দা লেন নয়, বাগমারীতে একটা পাঞ্জাবীকে ছুরিকাহত করা হয়েছে। ভয়ের কারণ হচ্ছে ঐ নারকেলডাঙ্গা মেন রোড. জোড়ামন্দির সি. আই. টি. বিল্ডিংস সেখানে এই অবস্থা হয়েছে যে, তাদের বাড়ী ছেড়ে চলে যেতে হবে। আমি প্রত্যেক জায়গায় ঘুরেছি এবং বলেছি গুণ্ডাদের ব্যাপারে আমি কিছু করতে পারবো না, কিন্তু সাধারণ মানুষের নিরাপত্তার দায়িত্ব গভর্ণমেণ্টের—সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি যে, তারা সেখানে গিয়ে দেখুন, কি অবস্থা চলছে।

**শ্রীমতী আভা মাইতি:** মাননীয় স্পীকার মহাশয়, যে বিষয়ে আমি বলতে চেয়েছিলাম মাননীয় সদস্য সন্তোষবাবু সেটা বলেছেন—আমি এর সংগে আর একটু যোগ করতে চাচ্ছি। তিনি হয়তো জানেন না যে আজকে সকালে কুচবিহার জেলা কংগ্রেসের সভাপতি শ্রীসুধীর কুমার নিয়োগীর কাছ থেকে যা টেলিগ্রাম পেয়েছি তাতে দেখা যাচ্ছে যে শুধু অরুণবাবুর বাড়ী ভেঙ্গে দেওয়া হয়েছে তা নয়, তিনি একজন জেলা কংগ্রেসের নেতা, এবং বিশিষ্ট নাগরিক তাঁর বাড়ী তছনছ করা হয়েছে তা নয়, তাঁর বাড়ীর মেয়েদের উপর অত্যাচার করা হয়েছে, এবং আহত হয়েছে। পুলিশমন্ত্রী এখানে নেই, মুখ্যমন্ত্রী আছেন। তাঁর দৃষ্টি

আকর্ষণ করছি যে অবিলম্বে এ বিষয়ে তদন্ত করা হোক এবং বিভিন্ন দলের যে সব নেতা এবং কর্মী তাদের বাড়ী এভাবে আক্রমণ করাকে কিভাবে তাঁরা প্রতিরোধ করতে পারেন সেদিকে তাঁরা নজর দিন।

**শ্রীঅজিত বিশ্বাস:** মিঃ স্পীকার স্যার, আজকে সংবাদপত্রে দেখলাম কলকাতা সহরে ২৪ ঘণ্টার মধ্যে তিনটি খুন হয়েছে। একটা ইষ্ট ক্যালকাটার সি. আই. টি, রোডে খগেন মালাকার যাকে আগ্নেয়াস্ত্র দিয়ে গুলি করে মারা হয়েছে। আর একজন দিলীপ বসু নামে এক ব্যক্তি যাকে হোটে পিটিয়ে হত্যা করা হয়েছে, আর একটি বৈঠকখানায় সুধাংসু রায় নামে একজন যাকে ছুরিকাঘাতে হত্যা করা হয়েছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি কলকাতা সহরের শান্তি ও নিয়মশৃঙ্খলা রক্ষার জন্য এই সমস্ত দুস্কৃতপরায়ণদের উপর এমন চাপ সৃষ্টি করুন যাতে কোন শান্তিপ্রিয় নাগরিকের জীবনহানি কেউ করতে না পারে বা লুট করতে না পারে বা অপমান করতে না পারে।

**শ্রীনলিনাক্ষ স্যান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় পুলিশমন্ত্রী নেই, মুখ্যমন্ত্রী আছেন আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। অনুরূপ নিরাপত্তার অভাব ঘটেছে, যে কারণে এখানে বলা হচ্ছে তাছাড়াও করিমপুর থানা এলাকায় সীমান্ত গ্রামে এবং সীমান্তের ভিতর গ্রামে বর্তমানে এতো লুট-তরাজ চলেছে যে লোকের জীবন এবং সম্পত্তি রক্ষা করা অসম্ভব হয়ে উঠেছে। আমি কালই গ্রামে গিয়েছিলাম—এই ১০ তারিখের আগের রাত্রে আবুমীর নামে একজনের বাড়ীতে ৮/১০ জন ডাকাতি করে এবং সেই ডাকাতির সময় গ্রামের লোক বুঝতে পেরে উঠে এসে প্রতিরোধ করবার চেষ্টা করে এবং একজন আর্মড পুলিশ কনষ্টবল তখন গ্রামে প্রহরারত ছিল—তাকে ডেকে নিয়ে আসা হয়। কিন্তু ডাকাতদের একজন একটা হাত বোমা ঐ কনষ্টবলের প্রতি নিক্ষেপ করার ফলে সে আর গুলি চালায় নি, সেই বীরপুরুষ ফিরে এলো এবং ডাকাতরা চলে গেল। এর আগেও আমার গ্রামে ধোড়াদহে অনুরূপ ডাকাতি হয়ে গেছে গত ১৩ই জানুয়ারী।

তা ছাড়া আমাদের বাড়ীতে আমার খুড়তুতো ভাইয়ের ঘরে সিঁদ কেটে সেখানে ধান গুড় যা ছিল নিয়ে চলে গেছে একই রাত্রে। গত তিন চার দিনের মধ্যে আমাদের গ্রামে ৬টি সিঁদ হয়েছে। এবং সীমান্তের গ্রাম সম্বন্ধে কাল যে হিসাব দেখলাম তাতে ১০ দিনের মধ্যে ৪৫টি গরু মোষ, হালের গরু মোষ দুধের গরু ইত্যাদি পাকিস্তানীরা লুঠ করে নিয়ে গেছে। এমনি করে আমাদের ওখানকার জনসাধারণের ধারণা হয়েছে যে তাদের রক্ষা করার কোন উপায় নাই। কেন্দ্রীয় সরকারের যে বি, এস, এফ, আছে, তাদের মধ্যে দুর্নীতিপরায়ণতা দেখা দিয়েছে। পাকিস্তানী গুণ্ডাদের ধরিয়ে দিলেও তারা তাদের প্রতিরোধ করতে চায়না। স্মাগলিং অনবরত চলছে এবং তাদের সংগে B. S. F. দের যোগাযোগ আছে, সেজন্যই তাদের গায়ে হাত দিতে চায়না। আমার থানায় করিমপুর-এর বীরপুরুষ কনষ্টেবলরা কোন অসুবিধা হবে বলে এগিয়ে যায়না। এই অবস্থায় মানুষের জীবন দুর্বহ হয়ে আছে বলে তারা আপনার কাছে জানাতে বলেছে। অন্যান্য উৎপাত জমি নিয়ে তো আছেই, এটা তার উপর একটা নূতন উপদ্রব দেখা দিয়েছে। পি ডি এ্যাক্ট উঠে গেছে বলে যদি গুণ্ডাদের সায়েস্তা করতে না পারেন তাহলে অনুরূপ কোন আইনের কথা চিন্তা করুন, নইলে দেশের সর্বত্র যদি এইরূপ ভয়াবহ অবস্থার সৃষ্টি হতে থাকে, তা থেকে রক্ষা পাবার উপায় দেখছিনা। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলি আমারা যাতে নিরাপদে বাস করতে পারি তার ব্যবস্থা করে দিন।

[2-30—2-40 p.m.]

## Government Bills.

### The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya**: Mr. Speaker, Sir, I beg to introduce the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970.

(Secretary then read the Title of the Bill)

**Mr. Speaker**: I now request the Chief Minister to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya**: Sir, in the context of the present financial condition of the State it is of paramount importance that all possible sources should be tapped for maximum mobilisation of resources so that the State can meet its increasing commitments both on account of plan schemes and growing non-plan expenditure. With a view to achieving the above object a Cabinet Committee on Resources has been set up. That Committee has made several recommendations for raising of additional revenue.

To give effect to the aforesaid recommendations, the Sate Government undertook the following measures of additional, taxation by promulgation of the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance No. XIV of 1969) on 16-10-69 as the Legislature was not in session at that time :—

A multi-point Sales Tax @½% has been imposed on sales by a registered dealer to another registered dealer of goods, other than those referred to in section 14 of the Central Sales Tax Act, 1956 and those included in Schedule II to the Bengal Finance (Sales Tax) Act, 1941, of the class or classes specified in the registration certificate of the purchasing registered dealer as being intended for resale by him in West Bengal.

Tax on sales of yarn other than cotton yarn, tractors and powertillers and spare parts components and accessories thereof, when sold to a person who requires them for use in agricultural purpose and fertilisers has been imposed at 2%. Khadi silk fabrics and garments made thereof have been subjected to sales tax @6%. Sale of diamond has been made taxable @12%.

By the aforesaid Ordinance, the rate of tax on sales of goods to a registered dealer, required by him for use directly in the manufacture in West Bengal of goods for sales or in connection with the raising of coal in West Bengal and to electrical undertaking for use by it directly in the generation or distribution of electrical energy has been reduced to 1% from the prevalent rate of 2%.

The Taxation Enquiry Commission set up by the Government of India recommended that the ideal system of Sales Tax in a country like India would be a combination of a low rate of multi-point tax with a comparatively high single-point tax. Many other States in India have adopted the multi-point system. West Bengal had not so long adopted that system but for the purpose of checking evasion and avoidance of tax, the State Government have decided to adopt this system. As this new

impost will impose some fresh burden on industry because of the levy at successive stages, the rate of sales tax under section 5(1)(9bb) of the Bengal Finance (Sales Tax) Act, 1941 on sales to a registered dealer of raw materials, plant and machinery, etc. as being intended for use by him directly in the manufacture in West Bengal of goods for sale or as being required for use by him directly in connection with the raising of coal in West Bengal for sale or on sales to an electrical undertaking of goods required for use by it directly in the generation or distribution of electrical energy, has been reduced from 2% to 1%.

The yield from these measures is expected to be about Rs. 3·60 crores per annum.

To continue the provisions of an Ordinance it is necessary to convert it into an Act of Legislature within six weeks from its re-assembly in terms of Article 213(2)(a) of the Constitution of India. At this stage it is, therefore, necessary to convert the West Bengal Ordinance No. XIV of 1969 into an Act of the Legislature.

Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970, be taken into consideration.

Sir, I have just read out a statement under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining therein the purpose of promulgation of the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1969.

I want to take this opportunity to impress upon the Hon'ble Members the absolute necessity of raising additional resources for meeting the situation with which we are faced today. As the Honourable Members are aware, the State Budget for 1969-70 revealed a deficit of about Rs. 54 crores. Several post-budget liabitities had to be undertaken by the State Government in the interest of the State. It is in this context and in view of the urgency of the matter that the State Government had to promulgate the West Bengal Ordinance No. XIV of 1969.

I hope I have been able to give the Honourable Members an idea of reasonableness of these tax measures and I am sure in the present context the Bill to continue the provisions of the Bengal Finance (Sales Tax) (Amendment) Ordinance, 1969, will receive full support of all sections of the House.

Sir, with these words I commend my motion for the acceptance of the House.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সামনে ২টি অত্যন্ত গুরুত্বপূর্ণ আইনের সংশোধনী প্রস্তাব মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এনেছেন। এই বিল দুটির প্রথমটি আমরা আমাদের সামনে পেয়েছি এবং সেটা হচ্ছে বেংগল ফাইনান্স সেলস্‌ট্যাক্স এ্যামেণ্ডমেণ্ট বিল, নাইনটিন সেভেন্টি। এর স্টেটমেণ্ট অব অবজেক্টস্‌ এ্যাণ্ড রিজন্স প্রসঙ্গে তিনি বলেছেন এবং সেটাকে আরও পরিস্কার করে বুঝিয়ে দেবার জন্য তিনি এখানে যে বিবৃতি দিলেন আমি তার প্রতি আপনার এবং আপনার মাধ্যমে সভার সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশে অর্থাভাব ঘটেছে এবং ঘাটতি বাজেটকে কোন রকমে পরিপূরণ করবার জন্য আমাদের যে কিছু কিছু ভার গ্রহণ করতে হবে সেকথা আমরা অনেকদিন থেকেই বুঝতে পারছি। গত বছর আমাদের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী যখন তাঁর বাজেট আমাদের সামনে উপস্থিত করেছিলেন তখন আমার যতদূর মনে আছে ৬৫ কোটি টাকা ঘাটতি হবার সম্ভাবনার কথা তিনি উল্লেখ করেছিলেন।

সেই ঘাটতি পুরণের জন্য তিনি যে একটা প্রস্তাবের ইংগিত দিয়েছিলেন, তার মধ্যে ট্যাক্স বাড়াবার কথা ছিল। কিন্তু বাংলাদেশের জনসাধারণের যে অংশে ট্যাক্স দেবার ক্ষমতা কিছুটা বেড়েছে, ঠিক সেই অনুপাতে তাদের কাছ থেকে সরকারের অতিরিক্ত ব্যয়ের কিছুটা বেশী অংশ আদায় করে নেবার বদলে, তিনি সহজ পন্থা গ্রহণ করেছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয়, সেটাও দৃষ্টি আকর্ষণ করবার জিনিস। যেখান থেকে অর্থ আদায় হতে পারে বেশী, সেদিকে হাত দিলে হয়তো জনসাধারণের একটা বৃহৎ অংশ যারা ভোটার, যাদের সুপ্রীম কোর্ট বলে মাঝে মাঝে মুখ্যমন্ত্রী বলেন, তাদের অনুমোদন পেতে হয়তো তাঁর অসুবিধা হতে পারতো, সেটা হলো কৃষিজীবীদের কথা। তিনি যে উপায়ে আজ নূতন কর বাড়িয়ে অর্থাগমের ব্যবস্থা করতে যাচ্ছেন, এটাতে নীতিগতভাবে আমার আপত্তি রয়েছে। বাংলাদেশে কেনাবেচার কাজ ক্রমবর্ধমান এবং সেল্‌সট্যাক্স থেকে আয় ক্রমেই বেড়ে যাচ্ছে এবং বেড়ে যাবার একটা সংগত কারণ আছে। কিন্তু সমস্ত ট্যাক্সের মাপকাঠি হচ্ছে একটা। সেটা হচ্ছে এই ট্যাক্স কোন অবস্থায় গেলে রিগ্রেসিভ—প্রতিক্রিয়াশীল হবার ভয় আছে সেটা বিবেচনা করতে হবে। এবং সেই ট্যাক্সের ফলে সাধারণত জনসাধারণের অর্থনৈতিক অবস্থার উপর কি প্রতিক্রিয়া হবে, সেটা বিবেচনা করার দরকার আছে। সেল্‌স ট্যাক্স—যেভাবে আমাদের এখানে ট্যাক্সের হার বাড়ানো হচ্ছে এবং ক্রমশঃ আরও নুতন নুতন ব্যয় বাড়াবার প্রক্রিয়ার কথা যা চিন্তা করছেন সেটা দেখলে দেখা যাবে যে এখন এমন একটা জায়গায় এসে আমরা পৌছেছি যে সেটা অসহনীয়। এবং যখন ১৯৪১ সালে সেল্‌স ট্যাক্স আইনের প্রবর্তন হয় বাংলাদেশে, তখন আমি বিশেষ ভাবে বিবেচনা করে দেখেছিলাম—তখন আমি অবিভক্ত বাংলায় বিধান সভার একজন সদস্য ছিলাম এবং সেই সেল্‌স ট্যাক্স আইনের আলোচনার সময়, আমি বিশেষ ভাবে অংশ গ্রহণ করেছিলাম। বিভিন্ন বৈজ্ঞানিক দৃষ্টিভংগি এবং আলাপ আলোচনার মধ্যে চিন্তা করে আমরা সিদ্ধান্ত করি যে অন্য জায়গায় যা থাকুক না কেন বাংলাদেশে আমরা সিঙ্গল্‌ পয়েন্ট সেল্‌স ট্যাক্স করবো। সিঙ্গল্‌ পয়েন্ট সেল্‌স ট্যাক্স করবার কতকগুলো সুবিধাও হয়েছিল। এটা এক জায়গায় একবার ট্যাক্স হয় বলে সরকারী কর্মচারীদের পক্ষে এ্যাডমিনিষ্ট্রেটিভ কনভেনিয়েন্‌স অনেক বেশী এবং যে কোন মাল—অনেকগুলো মাল এমন হয় যেটা একটা ক্যানেলাইজ হয়ে একটা রাস্তার মাঝখান দিয়ে বিক্রেতারা পান খুচরা বিক্রেতারা পাবার পথে সেটাকে যদি ট্যাক্স করে নেওয়া হয় তাহলে আর নানা জায়গায় ধাপে ধাপে ট্যাক্স করবার দরকার হয় না। আমরা জানতাম মাদ্রাজ সরকার মালটি পয়েন্ট সেল্‌স ট্যাক্স করেছিলেন, এটা করার অসুবিধা কি, সে সম্বন্ধে আমি বিশেষ ভাবে অবহিত ছিলাম।

[2-50—3-20 p.m.]

কাজেই এই সব দিকের আলোচনা হয়েছে, সিলেক্ট কমিটিতে আলোচনা হয়েছিল, আমরা তখন সমস্ত দিকে বিবেচনা করে স্থির করি যে রেটটা বেশী দরকার হলে করতে হতে পারে। মালটি পয়েন্ট সেলস ট্যাক্স-এর তুলনায় সিঙ্গেল পয়েন্ট সেলস্‌ ট্যাকস্‌ হচ্ছে বাংলা দেশের পক্ষে সর্বতোভাবে প্রযোজ্য এবং সুবিধাজনক। অন্যান্য জায়গায় যেখানে ওয়ান ফোর্থ পারসেন্ট মালটি পয়েন্ট সেলস ট্যাক্স ছিল আমরা সেখানে সিঙ্গেল পয়েন্ট সেলস্‌ ট্যাকস্‌ করি ২ পারসেন্ট এবং তারপর বাড়িয়ে ৩ পারসেন্ট করেছিলাম। তখন দেখা গিয়েছিল যে সরকারের এই ট্যাকস আদায় করার দিক থেকে সুবিধা এবং হিসাবে কত আসতে পারে সেটাও অনুমান করা সহজ ছিল। মালটি পয়েন্ট সেলস ট্যাক্স-এর একটা অসুবিধা দেখা গেছে এই যে শেষ পর্যন্ত যারা কনজিউমার তারা যদি একটা জায়গা থেকে মাল পায় অর্থাৎ আমার বাংলাদেশের প্রস্তুত জিনিষ হোল সেলারের হাত থেকে যদি ডায়রেক্ট পায় রিটেলারের মাধ্যমে তাহলে একটা জায়গায় তাকে ট্যাকস্‌ দিতে হয় বটে কিন্তু যদি ভিন্ন ভিন্ন বাজারের যে রীতি আছে ৫ হাত যদি ঘুরে আসে তাহলে প্রত্যেক ক্ষেত্রে সেই ট্যাকস বাড়তে বাড়তে আসে। মনে করুন কাপড়, সিগারেট এই রকম জিনিষ যেগুলি মিলের

কাছ থেকে সোজাসুজি বের হয়। তার আমরা আলোচনা করে দেখেছিলাম সেই সব জিনিষের সোর্সে যদি ট্যাক্স করা যায় এক্সাইজ ডিউটি হিসাবে তাহলে তার থেকে আমরা ট্যাক্সটা সহজে আদায় করে নিতে পারি, তারপরবর্তী পর্যায়ে অনেক জায়গা থেকে ট্যাক্স আদায় করার যে হাঙ্গামা সেটা থেকে অব্যাহতি পাওয়া যায়। সেজন্য পরবর্তী পর্যায়ে অনেক দাবী দাওয়ার ফলে শেষ পর্যন্ত কোন কোন জিনিষের সেলস ট্যাক্সের পরিবর্তে অধিকতর এক্সাইজ ডিউটি আদায়ের রীতি সরকার মেনে নিয়েছিলেন। আমাদের এখানে আজকে মুখ্যমন্ত্রী যে ষ্টেটমেণ্ট দিলেন তাতে তিনি বললেন যে ভারতবর্ষের জন্য ট্যাকস এনকোয়ারী কমিশান মোটামুটী ভাবে মালটী পয়েণ্ট সেলস ট্যাকস প্রযোজ্য বলে স্বীকার করেছেন। একথা আমি ঠিক মেনে নিতে পারলাম না। আমার কাছে তিনটী ট্যাকস এনকোয়ারী কমিশনের রিপোর্ট আছে। এই তিনটী ভলিউম ছাড়াও কেরালায় ১৯৫৩-৫৪ সালের জন মাথায়ের সভাপতিত্বে যে ট্যাকস এনকোয়ারী কমিশন বসেছিল তার রিপোর্ট তারপর কেরলে ১৯৫৯-৬০ সালে কেরল সরকার নিজেদের একটা ট্যাকসেসান এনকোয়ারী কমিটী বসান তারমধ্যে বিভিন্নভাবে সেলস্ ট্যাক্স পর্য্যায়ে মালটী পয়েণ্ট হওয়ার, বা সিংগিল পয়েণ্ট হওয়ার......

**মিঃ স্পীকার :** ডঃ সান্যাল আপনার তো এখনও দেরী আছে, আমি হাউস এ্যাডজোর্ন করে দিচ্ছি।

(At this stage the House was adjourned for 20 minutes)

**( বিরতির পর )**

[ 3-20—3-30 p.m. ]

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ইতিপূর্বে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে মালটি পয়েণ্ট সেলস ট্যাকস, সিঙ্গল পয়েণ্ট সেলস ট্যাকসের মধ্যে যে সুবিধা এবং অসুবিধা রয়েছে সেগুলি বিবেচনা করে বাংলাদেশে সিনগিল পয়েণ্ট সেলস ট্যাকস করার সিদ্ধান্ত আগে করা হয়েছিল। পরবর্তী পর্য্যায়ে আংশিকভাবে মালটি পয়েণ্ট সেলস ট্যাকস এখানে প্রবর্তন করার সরকার বিবেচনা করেছিলেন। তারমধ্যে যে কিছু যুক্তি ছিল না তা আমি বলতে চাইনা কিন্তু আমরা দেখতে পেয়েছি এর ফলে বাংলাদেশের শিল্পে এবং বানিজ্যে একটা বিরূপ প্রতিক্রিয়া হয়েছিল। আমি দু একটা ব্যবসার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা জানেন যে হাওড়ার হাট বলে একটা বাজার আমাদের এখানে বহু দিন ধরে চলে আসছে। এখানে কাটা কাপড়ের গারমেণ্ট, ছোট ছেলেমেয়েদের থেকে আরম্ভ করে বড়দের পর্য্যন্ত তৈরী কাটা জামাকাপড়ের একটা বড় মারকেট। বাংলাদেশের প্রায় অদ্ধেক গ্রামে এবং সহরে এখান থেকেই জোগান হত। এই হাওড়া হাটের খ্যাতি অনেক, এর চারিদিকে গ্রামে যে সব জামা কাপড় তৈরী হত সেগুলি এখানে বিক্রি হত এবং এটা চারিদিকে ছড়িয়ে পড়েছিল। কিন্তু দুর্ভাগ্যক্রমে যখন মালটী পয়েণ্ট সেলস্ ট্যাকসের প্রশ্ন উঠলো তখন যারা উৎপাদনকারী গ্রামের ভেতর, মেটীয়াবুরুজের শিল্পিরা, কিম্বা আরমবাগের শিল্পি এমন কি সুদূর কৃষ্ণনগর, রানাঘাটের শিল্পিরা এমনকি তারপরে উদ্বাস্তু পরিবারও এই কাজে ব্রতী হয়েছিল। তারা দেখতে লাগলো যে আমাদের পক্ষে সরাসরি রিটেলারের কাছে বিক্রি করা ছাড়া উপায় নেই। এই সঙ্গে সঙ্গে আর একটা বিপর্যয় দেখা গেল যে পাশ্ববর্ত্তী যে সব রাজ্য, এমন কি সুদূর বোম্বাই, মহারাষ্ট্র প্রদেশে সেখানকার স্থানীয় দর্জিরা জামা কাপড় মেসিনে তৈরী করে এখানে আনতে লাগলো। তারা একটা জায়গায় সেলস ট্যাকস-এর সুযোগ নিয়ে মালটি পয়েণ্ট সেলট ট্যাকস হওয়ার দরুন তাদের কাপড় আমাদের বাজারে সস্তায় দিতে সমর্থ হলো।

সেজন্য হাওড়ার হাট ক্রমশঃ দেখতে দেখতে তাদের বাজার সঙ্কুচিত হয়ে যাচ্ছে। লোহার বাজারেও ঠিক তাই হল। এমন কি দুর্ভাগ্যক্রমে যে কয়লার সুযোগ সুবিধা থাকার জন্য এখানে শিল্প গড়ে উঠেছিল, সেই কয়লার উপর tax বসানোর ফলে অবস্থা খারাপ হল। এককালে ছিল যারা এক জায়গায় tax দিচ্ছে তাদের এখন বেশী টাকা tax-ও লেগে গেল। কিন্তু বারবার যেখানে হাত বদল করতে হয় সেখানে সেইভাবে দাম বাড়তে লাগল তার ফলে এখানকার ব্যবসা অন্য

জায়গায় চলে গেল। এরজন্য কত পরিমাণ যে লোকসান করতে হয়েছে সেটা ঠিক বলতে পারবন না। এ বিষয়ে বিভিন্ন association থেকে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এরা Chamber of Commerce-এর পক্ষ থেকে বলা হয়েছিল আপনারা যে sales tax-এর সংশোধন করেছেন তার বিরূপ প্রতিক্রিয়া হচ্ছে বাংলাদেশের ব্যবসার উপর। এখানে রাজ্যপালের শাসনের আমলে বাড়তি খরচ মেটানোর জন্য development expenditure-এর ঘাট্‌তি মেটাবার জন্য নূতন টাকার প্রয়োজনে অতিরিক্ত কর বসান হল। সেই আইনের সঙ্গে সঙ্গে multi-point সেলস্‌ ট্যাক্স আরও ব্যাপক করে দেওয়া হয়েছে। এর ফলে দেখতে পাচ্ছি শুধু যে Rate of tax বেড়ে গেল তা নয়, যে পর্য্যায়ে এই tax আদায় হবে সেই পর্যায়ের মধ্যে ব্যবধান কমিয়ে দেবার প্রবণতা আরম্ভ হয়েছে। বড় বড় শিল্প আগে তাদের নিজেদের প্রয়োজনীয় জিনিষপত্র বিভিন্ন ক্ষুদ্র শিল্পের মধ্যেমে সংগ্রহ করত। এটা সামাজিক উন্নয়নবোধে দরকার। বাংলাদেশে যে সমস্ত বড় বড় Export House, Industrial Magnate, Jute Mill আছে তারা প্রত্যেকে নিজেদের প্রয়োজনীয় জিনিষপত্র, কাঁচা মাল, আধা কাঁচা মাল ইত্যাদিগুলি ছোট, মাঝারী শিল্পের মাধ্যমে তৈরী করত। এই যে Economy-র নিয়ম ছিল সেটা এই multi-point tax করার জন্য মাঝারী ও ছোট শিল্প পর্যায়ে কমে যেতে বাধ্য হয়েছে। কারণ একটা jute mill তার নিজের অঙ্গাঙ্গীভূত করে যদি তার অংশ হিসাবে ছোট ছোট কারখানা করে তাহলে তাকে ডবল sales tax দিতে হচ্ছে না। অর্থাৎ যে সরাসরি কাঁচা মাল নিয়ে এসে তার মিলের একটা অংশে যেসব part তৈরী হচ্ছে যার ফলে সেখানে double tax দিতে হচ্ছে না এবং বাজারেও আর কিনতে যাচ্ছে না। এই রকম মোটামুটি ভাবে আমি সাধারণ অসুবিধার কথা আলোচনা করলাম। এছাড়া বিশেষ ভাবে এই বিলের মধ্যে যে অসঙ্গতি দেখতে পাচ্ছি সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এখানে registered dealer-এর কাছ থেকে registered dealer-এর কাছে বিক্রয় ব্যাপারে কোন tax নেবার রীতি আগে ছিল না। এটা ধরা ছিল একটা point-এ tax নেওয়া হবে। Registered dealer যখন মাল বিক্রি করার purpose-এ নিচ্ছে এবং তার কাছ থেকে একজন যখন মাল বিক্রি করার জন্য নিচ্ছে তখন তার মাধ্যমে যতক্ষণ মাল না যায় ততক্ষণ সরাসরি সেটা ব্যবহার হচ্ছে না। যখন সেই stage তখন আমরা tax নিচ্ছিলাম। তখন একটা সুবিধা ছিল এই যে মালের মূল যে দাম তাতে মাঝামাঝি ব্যবসায়ী যারা তাদের কমিশন ওরা transport cost এইসব যোগ করে শেষ পর্যায়ে যখন বিক্রি হচ্ছে consumer-এর কাছে তখন tax আদায় হোল।

কিন্তু multi-point tax-এর ফলে প্রত্যেক stageএ দাম ও rate বেড়ে যাচ্ছে। এখানে যে জিনিষের দাম ৫০ টাকা ছিল সেটা ৩৪ হাত বদলের পর ৭০।৭৫ হয়ে যাচ্ছে এবং তার উপর rate হলে যে দাম বেড়ে যাচ্ছে সেটা ক্রেতা সাধারণের উপর বিশেষ ভার হবে। Registered dealer এর কাছ থেকে register deal r-এর কাছে যে multi-point করার কথা বলেছেন যে ½% করে tax নিতে চান তাতে এর দ্বারা একটা জিনিষ হবে যে registered dealer-এর মাঝামাঝি distribution trade-এ ব্যবস্থা বিভিন্ন স্তরে বণ্টনের জন্য যে লোকজন সমস্ত করে যাচ্ছে তাদের কাজ থাকবে না। Registered dealer-এর কাছ থেকে বড়বাজারের whole saler এর কাছ থেকে যারা মাল নিয়ে যাচ্ছে তাদের মাঝখানে একদল ব্রোকার বা agent আছে যারা তাদের টাকাপয়সা নিরাপত্তার জন্য গ্যারাণ্টর হয়। এই রকম প্রত্যেক পর্য্যায়ে এক একটা আইনের দিক থেকে দেখলে তাদের sale বলে ধরা হবে এবং সেখানে তাদের tax নিতে হবে। আমার কেন্দ্রের বালিয়াডাঙ্গায় শঙ্খ শিল্পী বলে একটা সম্প্রদায় আছে যাদের কাঁচামাল কেরল, মাদ্রাজ থেকে আসে। সাধারণভাবে ব্যবসায়ীরা এইসব মাল নিয়ে এসে কালোবাজারে বিক্রি করত। ওসব বন্ধ করার জন্য সরকারের পক্ষ থেকে ঠিক করা হয়েছিল যে তারা নিজেরা উদ্যোগ করে সেখানকার সরকারের সঙ্গে যোগাযোগ রক্ষা করে নিজেরাই কাঁচামাল সরবরাহের ব্যবস্থা করবেন।

অতি উত্তম ব্যবস্থা। তারপরে এখানে আনার পরে তাঁরা স্থির করলেন সমবায় সমিতির মাধ্যমে শিল্পীদের কাছে সেই মাল দেওয়া হবে। শিল্পীরা সমবায় সমিতি সংগঠন করলেন। সমবায় সমিতি শিল্পীদের কাছ থেকে আগাম টাকা নিলেন। এদিকে সরকার তাঁদের এজেন্ট হিসাবে ওয়েষ্ট বেঙ্গল State Small Industries Corporation-কে তারা নিযুক্ত করলেন। তারা মাল নিয়ে এসে তারা বাহিরে থেকে যেটা নিয়ে আসবেন সেটা টাকার দায়িত্ব তারা পেমেণ্ট করছেন। তখন সেই মাল তারা শিল্পীদের কাছে কোঅপারেটিভ-এর মাধ্যমে আগাম টাকা জমা নিয়ে কিম্বা কোন জায়গায় কোঅপারেটিভ না থাকলে কোন এ্যাপয়েণ্টেড এজেণ্ট বা ডিলারের বা এজেণ্টের মাধ্যমে তারা কাঁচামাল দেবার ব্যবস্থা করলেন। তার পরবর্তী ষ্টেজে দেখা গেল প্রত্যেক ষ্টেজে সেল কমপ্লিট হয়ে যাচ্ছে বলে যেহেতু মালের উপরে অধিকার—এক হাত থেকে আরেক হাতে ট্রান্সফার হলেই আইনের ডেফিনেশনে সেল্স্ হয়ে যায়, তাই যখন সরকারী পর্যায়ে থেকে West Bengal State Small Industries Corporation তারা যখন নিলেন আবার তারা যখন কোঅপারেটিভকে দিচ্ছেন তখন সেলস্ ট্যাক্স আদায় করলেন। কোঅপারেটিভ আবার যখন তাদের মেম্বাদের কাছে মাল বিক্রি করলেন তখন আবার তাদের সেলস ট্যাক্স দিতে হল। এই ডবল সেলস ট্যাক্সের পর্যায়ে পড়ে শিল্প মূল্যের চাপ হয়ে গেল অনেক বেশী। এমনি একটা উদাহরণ আমি দিলাম দৃষ্টি আকর্ষণ করার দরকার বলে, কিন্তু এখন যা দেখছি বর্তমানে যে আইনের খসড়া বা ভাষা আছে তাতে দেখা যাচ্ছে যে এগ্রিকালচার প্রডাক্টস কৃষির উন্নতির জন্য সর্বাংগীন চেষ্টার জন্য কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ করে সরকারের খাদ্য এবং কৃষি দপ্তর বারম্বার চেষ্টা করছে সেখানে দেখছি যে সেই কৃষির জন্য কোন শিল্পের যন্ত্রপাতি কেনবার ব্যাপারে আপনারা ঐ মাল্টি পয়েণ্ট সেলস ট্যাক্সের মাধ্যমে তাকে ফেলছেন এবং সেখানে দেখা যাচ্ছে এমন কি ফার্টিলাইজার এই যে আমাদের কেমিক্যাল ফার্টিলাইজারের অভাবে এখানে কখনই আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে পারব কিনা সন্দেহ—সেই অত্যন্ত প্রয়োজনীয় যে সার সেই সারের উপরে ট্যাক্স বসেছে এবং এই সরকার ট্যাক্স বসাচ্ছেন। এটা যদি অন্ততঃ একটা নমিন্যাল এক জায়গায় আদায় করবার ব্যবস্থা করতেন তাহলে বুঝতাম। কিন্তু না করে এখন সাধারণভাবে অন্য ট্যাক্স যেভাবে আদায় হচ্ছে মাল্টি পয়েণ্ট সেলস ট্যাক্স এখানে তাই করবার প্রস্তাব আসছে, এটা অন্যায়। তাঁতীদের উপরও এই রকম অন্যায় হচ্ছে। যারা হস্তশিল্প চান, বাংলাদেশের সাধারণভাবে গ্রামের দিকে যদি তাকান তাহলে দেখবেন শিল্প বলতে তাঁতই একটা মস্ত স্থান অধিকার করে আছে। তাঁতীরাই বেশির ভাগ কাজ যোগানোর ক্ষেত্র, কিন্তু তাঁতীদের এই সুতার ব্যাপারে দেখা যাচ্ছে যে ট্যাক্স-এর আপনারা একটা স্কীম করেছেন তাতে তারাও রেহাই পাচ্ছে না। এই প্রসঙ্গে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে প্যারা ২—ট্যাক্স on sales of yarn other than cotton yarn বলার পর সেমিকোলন আছে, তারপরের ল্যাংগুয়েজ ট্রাকটর and powertillers and spare parts, components and accessories thereof এখানে কোন কমা, সেমিকলন নাই, হোয়েন সোল্ড to a person who requires them for use in agricultural purpose and fertilisers has been imposed at 2 percent.

আমার একটু পড়তে খটকা লেগেছিল। এই যে exemption-এর কথা বলা হচ্ছে, other than বলা হচ্ছে—Tractor & Power tillers and spare parts when sold to a person who requires them for use in agricultural purposes.

[3-30—3-40 p.m.]

এটাকি তাকে মাফ্ করবার কোন পরিকল্পনা করে এই ভাষা ব্যবহার করা হলো? না, যখন Semicolon আছে, তখন মনে হচ্ছে না মাফ্ পাচ্ছে। The following taxation measures-এর আগে Para 2—দেওয়া আছে, তাতে বলছেন The tax on sales of yarn .... । তাহলে cotton yarn-এর উপর Sales tax হচ্ছে না এটাই ধরে নিতে

হবে? তারপর বলা হচ্ছে—Tractors and Powertillers and spare parts and components and accessories thereof. তার উপর additional tax করা হলো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** On a point of order, Sir, এই point of order না তুলে উপায় নাই General Discussion ক্লজের পর ক্লজ ধরে যেভাবে তিনি আলোচনা করছেন। পরে তো তার সুযোগ পাবেন। এখন তো হাউসের সামনে general principles-এর উপর আলোচনা করতে গিয়ে এইভাবে clause by clause-এর আলোচনা আসে না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি তো এখনো ক্লজের আলোচনায় আসিনি।

**Mr. Speaker:** Dr. Sanyal, you have taken more than half an hour already. I think that is quite reasonable a time for any one. Please finish.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি এখনো ক্লজে নামিনি, স্যার, এখন সোজা কথা হচ্ছে যে আমরা দেখতে পাচ্ছি যে এই tax vary করছে half percent থেকে 12 percent. ধরুন যাদের হীরের হয়তো কারবার আছে, তারা বেশী দিক—12 percent দিক্ দুঃখ নাই, কিন্তু যে জিনিষের মূল্য বেশী, সে ক্ষেত্রে এই percentage রেট tax নীতির দিক থেকে খুব বেশী হওয়া উচিত নয়। কেননা যে সব জিনিষ কেনা বেচাতে অত লাভ থাকে না, যে লাভটা pass on করবে Consumer থেকে।

**শ্রীঅজয়কুমার মুখার্জী:** আপনি হীরের কথা বলছেন?

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি হীরের কথা বলিনি। এই যে half percent, 12 percent, 2 percent, 5 percent, 6 percent ইত্যাদি বলা হচ্ছে, আমি এই প্রসঙ্গে Taxation Enquiry কমিটির রিপোর্ট থেকে উল্লেখ করছি, তখন তাঁদের যে খুব একটা সুসঙ্গত recommendation ছিল সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে বর্তমান অবস্থায় আমার বক্তব্য আমি শেষ করবো। তাঁরা বলেছিলেন যে—

We would like to make a concrete suggestion that the inter-State Taxation Council should undertake the task of introducing as much uniformity as possible between different States in the matter of Sales Tax Law, Regulation, Procedure and Forms in so far as these can be distinguished from or are concerned with actual rates, turnover limits, exemption, etc.

কারণ তাঁরা বলছেন as at present তখনকার দিনে প্রত্যেক ষ্টেট Sales Tax আইন তফাত ছিল। Method of collection তফাত ছিল, definition এ তফাত ছিল এবং exemption limit-এও তফাত ছিল। এই রকম আইনের ফলে আশেপাশের একটা রাজ্যের সঙ্গে অন্য রাজ্যের ব্যবসা-বাণিজ্যে নানারকম অসঙ্গতি সৃষ্টি হয়। এবং তার জন্য তাঁরা বলেছিলেন—

Without offering any advantage whatsoever on individual States, this diversity in regulation and procedure creates many avoidable difficulties of trade, commerce and industry. In forms and procedure in particular and even in regard to the structure on different Sales Tax Acts and in the definition adopted in them though not, as we have stated, in rates exemption, registration limits, etc., it is not only possible but extremely desirable that as large a measure of uniformity as feasible should be aimed at and achieved.

[3-40—3-50 p.m.]

আমি তাই আমার ওই পর্যায়ের বক্তৃতার মধ্যে রাখতে চাই মাননীয় অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী তাঁর পরবর্তী বক্তৃতায় আমাদের বুঝিয়ে দিন যে বাংলাদেশের এই রেট এবং এই মেথডের সংগে

আমাদের পার্শ্ববর্তী রাজ্য বিহার, আসাম, উড়িষ্যা, আমাদের সংগে প্রতিযোগী যাঁরা হয়ে আসছেন বর্তমানে দেখছি আমরা আমাদের বিভিন্ন পর্যায়ে পাঞ্জাব এবং মহারাষ্ট্র এদের সংগে আমাদের কোন কোন বিষয়ে কতটুকু অসংগতি আছে সেটা যদি আমরা জানতে পারতাম তাহলে আমাদের পক্ষেও এই বিল সরাসরি মুক্ত কণ্ঠে অনুমোদন করার ব্যাপারে সুবিধা হত। আমি মুখ্যমন্ত্রীর উপর সহানুভূতি সম্পন্ন যে তিনি নেহাৎ অভাবে পড়ে আমাদের উপর ট্যাক্স চাপাচ্ছেন, সেটা আমরা বুঝতে পারছি, কিন্তু সেখানে মন্ত্রীমহাশয়ের ভাবা উচিত বাংলাদেশের এই অভাব আমরা সৃষ্টি করছি, করে আবার বাঙ্গালীর উপর নূতন ট্যাক্সের বোঝা চাপাতে চেষ্টা করছি, না আমরা কোন রকম ট্যাক্সের যে টাকা আদায় হবে তা কার্যকরী করে নূতন উৎপাদনের ক্ষেত্র উন্মুক্ত করছি। এটা ভেবে চলতে হবে এদিকে দৃষ্টি রাখতে আমি অনুরোধ করছি। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়ে আলোচনা হচ্ছে সেই বিষয়ে সামগ্রিকভাবে আমি কিছু বলতে চাচ্ছি না। আমি বিশেষভাবে রেশমের সুতা এবং রেশমের কাপড় ইত্যাদির উপর যে বিক্রয়কর ধার্য হয়েছে সে সম্পর্কে দুটি একটি নিবেদন মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই। অর্ডিনান্স হওয়ার পর রেশমের সুতার দর বিশেষ করে মুর্শিদাবাদ এবং মালদহ জেলায় কিভাবে বেড়েছে সেটা আশাকরি সরকারী তথ্য থেকে মাননীয় মন্ত্রীমহাশয় জানতে পেরেছেন। এই বিক্রয়কর অর্ডিনান্স চালু হওয়ার পর রেশমের যারা শিল্পী, যারা তাঁতী, তাঁরা একটা ভয়ঙ্কর সঙ্কটের মধ্যে পড়েছেন। রেশমের যাঁরা তাঁতী যারা সুতা পয়সা দিয়ে কেনেন এবং তারপর যে কাপড় চোপড় তাদের তাঁতে তৈরী হয় সেটা মহাজনদের কাছে বিক্রি করেন সেই সব তাঁতীদের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, যে সুতা ১৯০ টাকা কে. জি. ছিল অর্ডিনান্স হওয়ার আগে সেটা ২১০ টাকা কে. জি. পর্যন্ত হয়েছে। এবং দর দিলে সুতা পাওয়া যাচ্ছে কিন্তু দেখা যাচ্ছে যে সুতার একটা অদ্ভুত কৃত্রিম অভাব মহাজনেরা সৃষ্টি করেছেন। অধ্যক্ষ মহাশয়, এটা আমরা সকলে জানি যে রেশম শিল্প বাংলাদেশের মধ্যে বৃহত্তম কুটির-শিল্প এবং কতকগুলি জেলায় এটা কেন্দ্রীভূত হয়ে আছে। যেভাবে মাল্টি পয়েন্ট বিক্রয়কর ধার্য করা হয়েছে যদি সেইভাবেই সমস্ত কিছু এই আইনে গৃহীত হয় তাহলে পরে এ বিষয়ে কোন সন্দেহ নেই যে এর ফলে গরীব তাঁতীদের উপর একটা ভয়ংকর রকমের বোঝা চাপিয়ে দেয়া হবে।

অবশ্য আইনে এই বিধান করা হচ্ছে যে যদি তাঁতী বা রেশমশিল্পীরা নাম রেজেষ্ট্রি করে নেন ও সে পর্যায়ে পড়েন, তাহলে আইনের বিধানমত তাদের উপর কম করে কর ধার্য করা হবে। এটা বিশেষ আলোচনা করার অপেক্ষা রাখে না যে আমাদের দেশে রেশম শিল্পীদের পক্ষে বা তাঁতীদের পক্ষে সেইভাবে রেজেষ্ট্রি করার অসুবিধা বহু। যে সমস্ত বড় বড় ইংরাজীতে ছাপা ফর্ম আমি দেখেছি সেটা যদি লক্ষ্য করা হয় তাহলে দেখা যাবে যে কোন তাঁতীর পক্ষে সেই ফর্ম পুরণ করা সম্ভবপর নয়। তাতে যে সময় যাবে সে সময় তাদের পক্ষে দেওয়া সম্ভবপর নয় এবং তাতে যে খাতাপত্র রাখতে হয় সেটা কোন তাঁতির পক্ষেই রাখা সম্ভবপর নয়। কারণ, দৈনিক ১২ঘণ্টা করে খেটে তারা মাসে কতখানি করে কাপড় বুনতে পারেন সেটার হিসাব যদি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নেন তাহলে দেখবেন যে মাসে ওদের ১০০ টাকার বেশী রোজগার হয় না এবং প্রত্যেক তাঁতিকে দৈনিক ১২ ঘণ্টা করে খাটতে হয়—শুধু যে তাঁতিকে খাটতে হয় তাই নয়, তার সংগে সংগে অনেকগুলি কাজ আছে, প্রসেস আছে যার মধ্যে তার স্ত্রী, ছেলেমেয়ে সবাইকে খাটতে হয়। কাজেই গোটা পরিবার খেটে মাসে খুব বড় জোর ১০০ টাকা রোজগার করতে পারেন। কাজেই এই রকম যদি মাল্টি পয়েন্ট সেলস ট্যাক্স ধার্য্য হয় তাহলে তারা কোথায় এসে পড়ছে? অবশ্য এর বিকল্প ব্যবস্থাও হতে পারে বলে আমরা মনে করি। সেটা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় একটু বিবেচনা করে দেখতে পারেন। সিল্ক গারমেণ্টস যা আছে—খালি রেশমের তৈরী পোষাক পরিচ্ছদের উপর

ট্যাক্স বসান হোক তাতে কনজিউমার, যারা কিনবেন তারা যদি পারেন কিনবেন, না পারেন কিনবেন না। দ্বিতীয়তঃ ব্লিচ্‌ড্‌ বা ধোলাই করা যে রেশমের কাপড়-চোপড় আছে বা হয় যদি তার উপর ট্যাক্স বসান হয় তাহলে সেটা তাঁতিদের ঘাড়ে এসে কখন চাপতে পারবে না। এই দুটি ষ্টেজে যদি ট্যাক্স ধার্য্য করা হয় এবং যা ধার্য্য করা হয়েছে তার চেয়ে যদি একটু বেশীও ধার্য্য করা হয় তাহলে এই গরীব তাঁতিরা মার খাবে না। রেশম শিল্প কিভাবে সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়েছে সেটা আমরা সকলেই জানি। আগে যেখানে ৪ কোটি টাকা ফরেন এক্সচেঞ্জ আর্ণ করতো এখন সেটা ১৮ কোটি টাকায় এসে পৌঁছেছে। এবং বিদেশের বাজারে এটা আরো প্রসার লাভের সম্ভাবনা দেখা দিয়েছে। কাজেই সেই সব পয়েণ্টে এই ট্যাক্স ধার্য্য করা উচিত যেখানে এই ট্যাক্স ধার্য্য করলে এই তাঁতিরা মার খাবে না। স্বর্ণশিল্পের উপর ট্যাক্স করতে গিয়ে মোরারজী দেশাই কিভাবে স্বর্ণ-শিল্পীদের মেরেছেন সেকথা আমাদের ভুলে গেলে চলবে না। আজকে এই রকম মাল্‌টি পয়েণ্ট ট্যাক্স বসলে সুতা কিনতে গেলে রেজিষ্টার্ড তাঁতিরা সুযোগ সুবিধা পাবে, কাপড় বেচতে গেলেও তাদের কিছু সুবিধা থাকছে, কিন্তু এই প্রশ্ন উঠেছে না, কারণ কোন তাঁতির পক্ষে সেটা অর্থাৎ রেজিষ্ট্রীভুক্ত হওয়ার ঝামেলা নেওয়াটা আদৌ সম্ভবপর নয়। কাজেই যখন সুতো কিনতে যাচ্ছে তখন একবার এবং যখন কাপড় বেচছে তখন তাদের আর একবার অসুবিধা ভোগ করতে হচ্ছে যার ফলে একটা অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছে। যদি মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় খোঁজ নেন তাহলে দেখতে পাবেন যে মুর্শিদাবাদ ও মালদা জেলায় একটা ডেড লক অবস্থার সৃষ্টি হয়েছে এই রেশম শিল্পের ক্ষেত্রে। কাজেই যুক্তফ্রন্ট সরকার এ সম্বন্ধে যেন একটু খোঁজ নেন। রেশমের কাপড়-চোপড় ধনী লোকেরাই পরেন, তার জন্য যারা বোনে তাদের উপর অবিচার করলে চলবে না। এটা ঠিক যে তাদের ১২ ঘণ্টা খেটে মাসে ১০০ টাকা রোজগার করতে হয়। ট্যাকসেসান এনকোয়ারী কমিশনের রেকমেনডেসন নিয়ে আলোচনা করতে চাই না। তবে মাল্‌টি পয়েণ্ট, সিঙ্গেল পয়েণ্ট ট্যাকসেসান-এর কি সুবিধা, অসুবিধা আছে সে সম্বন্ধে বিভিন্ন আলোচনার যথেষ্ট সুযোগ সুবিধা আছে, সেগুলি পরে বিবেচনা করে দেখা যেতে পারে। যাই হোক, মোদ্দা কথা হচ্ছে, মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রীকে অনুরোধ জানাব যে এইভাবে ট্যাক্স ধার্য্য করা উচিত নয়, এটা বিভাইজ করুন। ব্লিচ্‌ড্‌ কাপড়-চোপড়ের উপর দরকার হলে ট্যাক্স বসান। রেশমের সুতোর ওপর এবং তাঁতীদের বোনা রেশমের কাপড়ের যে পদ্ধতিতে ট্যাক্স বসাবার প্রস্তাব এই আইনে করা হয়েছে তাতে করে তাঁতিদের উপর চাপ পড়বে এই কথা মনে রেখে, রেশম শিল্পের স্বার্থের কথা মনে রেখে, বাংলাদেশের বৃহত্তম কুটির শিল্পের প্রসার ও উন্নয়নের কথা মনে রেখে অর্থমন্ত্রী মহাশয় এটার পুনর্বিবেচনা করুন।

[3-50 – 4-00 p.m.]

**কুমার জগদীশচন্দ্র সিংহ:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যে বেংগল ফিনান্স (সেলস ট্যাক্স) (এ্যামেণ্ডমেণ্ট) বিল এনেছেন সেই সম্পর্কে যদিও আমাদের দলের তরফ থেকে ডঃ সান্যাল বিশদভাবে বলেছেন তবুও আমি কয়েকটি কথা বলতে চাই। ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজনসে যেকথা মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন তাতে কি কি বিষয়ে ট্যাক্স হতে পারে সেটা বলেছেন, কিন্তু সেই ট্যাক্সের পরিণতি কি হতে পারে ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজনসে সেকথা পরিষ্কার ভাবে বলা নেই। সেখানে শুধু বলা হয়েছে সাধারণত সরকারের টাকার ঘাটতি হচ্ছে এবং সেই ঘাটতি পুরণের জন্য এইভাবে ট্যাক্স করে সেই ঘাটতি পুরণের চেষ্টা করা হচ্ছে। স্যার, এখানে আমরা দেখতে পাচ্ছি যে সেণ্ট্রাল সেলস ট্যাক্স ছাড়াও কতকগুলি ক্ষেত্রে নতুন করে আবার ট্যাক্স বাড়ানো হচ্ছে, যেমন খাদ, সিল্কের জামা কাপড়ের উপর ট্যাক্স বসানো হচ্ছে। স্যার, একদিকে আমরা বলছি যে আমাদের গ্রিন রেভলিউশান করতে হবে—আমাদের শস্য বা খাদ্য উৎপাদন আরো বাড়াতে হবে, স্বয়ংসম্পূর্ণতা নিয়ে আসতে হবে এবং তারজন্য দরকার হলে যে সমস্ত মেশিনারী দরকার এগ্রিকালচার ইমপ্রুভমেণ্টের জন্য এগুলি আমাদের এখানে ব্যবহার করতে

হবে, রাসায়নিক সার ব্যবহার করতে হবে। আবার অন্য দিকে আমরা দেখতে পাচ্ছি পাওয়ার টিলার, ট্রাক্টর এবং তার কম্পনেণ্টস স্পেয়ার পার্টস, এ্যাক্সেসরিস এই সমস্তের উপর ট্যাক্স বাড়ানো হচ্ছে। আর, যদি গ্রীন রেভলিউসানকে এগিয়ে নিয়ে যেতে হয় তার সাথে সাথে যদি চাষীকে উৎসাহ না দিই উৎপাদন বাড়ানোর জন্য বা তাদের যদি উদ্বুদ্ধ না করি বা তাদের যদি না বলি ট্রাক্টর ব্যবহার করুন, পাওয়ার টিলার ব্যবহার করুন এবং এই সমস্ত ব্যবহার করতে গেলে যে কম্পোনেণ্টস এবং স্পেয়ার পার্টস লাগবে যেগুলি ছাড়া কাজ করা সম্ভব হবে না, অপর দিকে যদি আমরা ট্যাক্স বাড়িয়ে দিই তাহলে তাদের ইনসেনটিভ নষ্ট হয়ে যাবে। একদিকে আমরা চাইছি খাদ্য উৎপাদন বাড়ুক আর অপরদিকে আমরা সেখানে ট্যাক্স করছি যেখানে খাদ্য উৎপাদন ব্যাহত হবে। আমি এদিকে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করছি যখন তিনি হাউসের সামনে এই বিলের আলোচনার জবাব দেবেন তখন অন্তত এই পাওয়ার টিলার, ট্রাক্টর এবং তার কম্পোনেণ্টস স্পেয়ার পার্টস, এ্যাক্সেসরিস এগুলির উপর যে বিক্রয় কর ধার্য করার প্রস্তাব এনেছেন সেটা প্রত্যাহার করে নেবেন। খাদি, সিল্ক কাপড়ের সুতোর উপর যদি দাম বাড়ানো হয় তাহলে দরিদ্র জনসাধারণ মারা পড়বে, এমনিতেই তারা মারা পড়ছে কারণ জিনিষপত্রের দাম যথেষ্ট বেড়ে গিয়েছে।

যখন আপনারা বুঝতে পারছেন যে সাধারণত লোক আজকে দুইবেলা আহারের সংস্থান করতে পারছে না সেই অবস্থায় যদি নূতন করে কাপড়ের উপর ট্যাক্স বেশী করে দিতে হয়, তাহলে এটা অত্যন্ত অসহ এবং অসময় উপযোগী বলে মনে করি। আমি মনে করি সমস্ত ট্যাক্সের ব্যবস্থা অবিলম্বে তুলে নেওয়া উচিত। আর একটা কথা মন্ত্রীসভাকে আপনার মাধ্যমে অনুরোধ করবো সেটা হচ্ছে, যে সমস্ত ফিনান্স ট্যাক্স নিয়ে আসা দরকার বলে মনে করছেন তারা, সেটা তারা অধিকাংশ ক্ষেত্রে এই হাউসকে বাদ দিয়ে অর্ডিনেন্স করে নিয়ে এসেছেন, এটা অত্যন্ত খারাপ কথা। ফিনান্স ট্যাক্স কিছুদিন থেকে এই রীতি প্রচলিত হয়েছে। কিন্তু এর আগে কখনও কোন ফিনান্স বিল কোন ফাইনানসিয়াল প্রোপোজাল, ট্যাক্সেসান প্রোপোজাল এই হাউসের বাইরে অর্ডিনেন্স দ্বারা করা হয়নি। আপনিও স্বীকার করবেন যেখানে এই বাংলাদেশের মানুষ করভারে জর্জরিত, যেখানে ট্যাক্স দেবার মত ক্ষমতা নেই, তা সত্ত্বেও তাদের উপর ট্যাক্স চাপিয়ে দেওয়া হয়েছে। সেখানে বাংলাদেশের জনপ্রতিনিধিদের উপেক্ষা করে সরকার অর্ডিনেন্সের মাধ্যমে যদি কোন ট্যাক্সের প্রোপোজাল নিয়ে আসেন তবে এটা অত্যন্ত অন্যায় কথা। এই কথা বলে আমি এই বিলের বিরোধীতা করছি এবং আমি আশা করবো মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর জবাবে তিনি সভাকে আশ্বাস দেবেন এবং বাংলাদেশের মানুষকে আশ্বাস দেবেন, যে সমস্ত বিক্রয় করের দ্বারা সাধারণ মানুষকে আঘাত করছেন সেগুলি থেকে তারা মুক্ত করবেন।

**শ্রীসুবোধ গোপাল গুহাইত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ও অর্থমন্ত্রী যে বিল এনেছেন, এই ফিনান্স সেলস ট্যাক্স বিল সেটা আমি সমর্থন করছি। তবে আমি সমর্থন করতে গিয়ে কয়েকটা বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমার পূর্ববর্তী বন্ধুরা এই সম্পর্কে কিছু কিছু বলেছেন। আমি একটা বিষয়ের পুনরাবৃত্তি করতে চাই। এতে দেখতে পাচ্ছি যে এগ্রিকালচারাল ইম্পলিমেণ্টস উপরে একটা জায়গায় ট্যাক্স করা হয়েছে যেখানে (বি. বি) ক্লজটি জোড়া হয়েছে। যদিও ট্রাকটর বা পাওয়ার টিলারস এগুলি সাধারণত অবস্থাপন্ন সম্প্রদায়ের লোকেরা কিনবে এটা ঠিক। কিন্তু তবুও আমি এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এর ফলে আবার ঐ সব ট্যাক্স-এ ক্রয়ের চাহিদা কমে যায় কিনা। এই ট্যাক্স বাড়াবার জন্য সেটা কিছুদিন লক্ষ্য করা দরকার। কেন না, আমাদের যখন উদ্দেশ্য কৃষি উৎপাদন বাড়াতে হবে তখন এটার প্রতিক্রিয়া বিশেষভাবে লক্ষ্য করা দরকার। আর একটি বিষয় আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে এই সব ট্যাক্স অর্থাৎ সেলস ট্যাক্স এবং অন্যান্য ট্যাক্স বসানো হয় এটা শেষ পর্যন্ত যারা ক্রেতা সাধারণ তাদের ঘাড়ে গিয়ে পড়ে। সেটা ব্যবসায়ীদের ঘাড়ে পড়েনা।

কারণ যদি ১ পারসেন্ট বাড়ান হয় তাহলে তারা ২ পারসেন্ট দাম বাড়িয়ে সেটা উসুল করে নেয়। কাজেই আমাদের সেদিকে চিন্তা করতে হবে। ডিলারদের উপরে ট্যাক্স বাড়ালে সেই ডিলাররা সেটা ডাবল করে তুলে নেয় ক্রেতাসাধারণের উপর থেকে। সেটা যাতে না হয় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে এবং এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই লক্ষ্য রাখবেন বলে আশা করি। আমাদের ধারণা শেষ পর্যন্ত এই চাপটা পড়বে গিয়ে যারা কেনেন তাদের উপরে। আর একটা বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হয়ত মাননীয় মুখ্যমন্ত্রী এবং আপনি নিজেও জানেন যে কি করে ব্যবসায়ীরা এই ট্যাক্স ফাঁকি দেয়। যেমন করে ইনকাম ট্যাক্স এ কোটি কোটি টাকা ফাঁকি দেয়, সেই ভাবে ব্যবসায়ীরা কৌশলে এই সেলস ট্যাক্সের বহু টাকা ফাঁকি দেয়। কাজেই তারা যে টাকা ফাঁকি দেয় সেই টাকাটা যদি আদায় করার ব্যবস্থা হয় তাহলে হয়ত এই ট্যাক্স বসানোর দরকার হোতনা। তারা যত রকম কৌশল অবলম্বন করুক না কেন, তারা যেন সেই ট্যাক্স ভবিষ্যতে ফাঁকি দিতে না পারে সেদিকে দৃষ্টি দেবার জন্য বিশেষ করে তাঁকে অনুরোধ করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই সব কেস যারা করেন তাদের বলা হয় কমার্শিয়াল ট্যাক্স অফিসার এবং তারাই সেলস ট্যাক্স ধার্য্য করেন। কিছুদিন আগে যখন এই সব কমার্শিয়াল ট্যাক্স অফিসাররা তাদের কতকগুলি দাবিতে তারা যখন ষ্ট্রাইক করেছিলেন এবং তাদের সেই ষ্ট্রাইকের বিরুদ্ধে সাপ্তাহিক বসুমতী পত্রিকায় যে সব দুর্নীতি চলে সেগুলির বিস্তারিত বিবরণ বেরিয়েছিলো। আমি জানিনা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি সেদিকে আকৃষ্ট হয়েছে কিনা।

ট্যাক্স ধার্যের ব্যাপারে নানা রকম দুর্নীতি প্রশ্রয় পায় এবং বহু টাকা এইভাবে ফাঁকি দেওয়া হয়। এবং এই ব্যাপারে কমার্শিয়াল ট্যাক্স অফিসাররা যোগাযোগ করে নানা রকম কৌশল করে ট্যাক্স ফাঁকি দেবার ব্যবস্থা করিয়ে দেয়। এ বিষয়ে বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। তারপর কমার্শিয়াল ট্যাক্স অফিসাররা কর ধার্য করার ব্যাপারে নানাভাবে সাহায্য করে এ্যাসেসীদের এবং এভাবেও ট্যাক্স ফাঁকি দেওয়া হয়। তার পর বিচারের যে ব্যবস্থা রয়েছে সেখানে যে এ্যাপিলিয়েট অফিসার আছে—সে আইনেও নানা রকম ত্রুটি রয়েছে। আদালতে কিছু না থাকায় এ্যাসেসীরা ঠিক দিন জানতে পারে না এবং তারা কোর্টে হাজির হতে পারে না। এবং সেখানে যে ৩০।৬০ দিন মেয়াদ থাকে তা পার হয়ে যায়। তাই এই এ্যাপিলের আইন সংশোধন করে বাতিল করে যাতে ঐ সমস্ত কেসগুলি রিওপন করতে পারে তার ব্যবস্থা করা দরকার। কারণ ঠিক মত ট্যাক্স বসানোর ব্যাপারে অনেক গলদ থেকে যায়। তাই রিওপন করবার ব্যবস্থা থাকা দরকার এবং তাতে ২০।২৫।৩০ টাকা সরকারের রেভিনিউ আদায় হতে পারে এবং এ্যাসেসীরা পুনর্বিবেচনার জন্য দরখাস্ত করতে পারে এবং সেখানে যাতে সুবিচার হয় তার ব্যবস্থা থাকা দরকার। সেইজন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয় তথা অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। আজকে হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ডে এই বিচার ব্যবস্থা সম্পর্কে একটা সুন্দর চিঠি বেরিয়েছে। কিভাবে এ্যাসেসীরা নানাভাবে হয়রানি হয় এবং তাতে কিছু কিছু পন্থাও সাজেষ্ট করেছে চিঠির লেখক। সেদিকে দেখে যাতে প্রকৃত পক্ষে ট্যাক্স আদায় হয়—আমরা চাই ট্যাক্স হোক,—কিন্তু প্রকৃতপক্ষে যাতে ক্রেতার উপর চাপ না পড়ে এবং ট্যাক্স ফাঁকি না যায় সেই দিকে লক্ষ্য রেখে যেন এটা করা হয়—এই বলে আমি বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00—4-10 p m.]

**Shri Ram Krishna Saraogi:** मिस्टर स्पीकर सर, हमारे माननीय मुख्य मंत्री और अर्थ मंत्री ने जो सेल्स टैक्स अमेण्डमेन्ट बिल सदन के सामने रखा है, उसके अन्तर्गत खादी सिल्क पर ६ परसेन्ट सेल्स टैक्स लगाया गया है। इस बिल में कहा गया है कि खादी सिल्क कपड़े पर और जो खादी

सिल्क गारमेन्ट्स है, उसपर ६ परसेन्ट सेल्स टैक्स लगेगा। इस संबंध में मेरा निवेदन है कि खादी सिल्क उद्योग—हैण्डलूम और खादी उद्योग के बाद हमारे यहाँ का सबसे बड़ा गृह-उद्योग है। लाखों-लाख लोग इस उद्योग के अन्तर्गत अपनी रोजी-रोटी कमाते हैं। और खासकर पश्चिम बंगाल में इस उद्योग का बहुत बड़ा स्थान है। यहाँ के मुख्य उत्पादन केन्द्र मुर्शिदाबाद और बाकुड़ा आदि है।

आँकड़े बताते हैं कि हमारे देश में खादी सिल्क का जितना उत्पादन होता है, उसका लगभग २२ परसेन्ट उत्पादन केवल पश्चिम बंगाल में होता है। इस उद्योग के कारण हमारे देहातों में जो भाई बसते है, जो हमारी बहनें देहातों में रहती हैं, उनको इस उद्योग के कारण काम मिलता है। खादी सिल्क बनता है, रा-सिल्क से और रा-सिल्क की रीलींग होती है, पुराने ढंग के चर्खे से। और इसके बाद हैण्डलूम के माध्यम से कपड़े के रूप में परिणति होता है।

हमारे पश्चिम बंगाल में इस समय लगभग ५ हजार के उपर हैण्डलूम, हाथ कर्घे हैं, जो इस समय सिल्क उद्योग लगे हुए हैं। अनेकानेक उपायों के द्वारा सिल्क उद्योग को बढ़ाने का प्रयास किया जाता रहा है। और इस संबंध में एक टेरीफ कमीशन भी बना था और उसने सिफारिश की थी कि सिल्क उद्योग के लिए ३१ दिसम्बर १९६८ तक के लिए विशेष संरक्षण दिया जाय। और भारत-सरकार ने उसे संरक्षण भी दिया है। इसके एक्सपोर्ट के लिए भी प्रोत्साहन दिया है। यह सन्तोष की बात है कि हिन्दुस्तान के अलावा और २ मुल्कों में जैसे—अमेरिका और रूस में लाखों रुपये का सिल्क एक्सपोर्ट हो रहा है। इसलिए मेरा कहना है कि ऐसे माल पर अगर सेल्स टैक्स लगता है तो इससे हमारे खादी सिल्क उद्योग पर भयावह आघात लगेगा।

यों भी आज खादी सिल्क उद्योग को भारी प्रतिद्वंदिता का सामना करना पड़ रहा है। एक तरफ तो टेरीकाटन का प्रचलन बढ़ता जा रहा है और दूसरी तरफ अगर खादी सिल्क के उपर टैक्स लगता है, तो इससे खादी सिल्क के उपभोक्ताओं पर सीधा असर पड़ेगा और उनका ध्यान टेरी-काटन खरीदने की ओर आकृष्ट होने लगेगा। इस संबंध में मुझे एक खास बात कहनी है, वह यह कि टेरी-काटन के उपर सेल्स टैक्स नहीं है। केवल एक्साइज डिउटी है और उसी से अन्तर्गत सेल्स-टैक्स का जमा-खर्च होता है। ग्राहक अप्रत्यक्ष करको नहीं जानता और वह समझता है कि अगर टेरी-काटन खरीदता हैं, तो सेल्स टैक्स का पैसा व्यय नहीं करना पड़ता है। अगर खादी सिल्क खरीदता हैं तो सेल्स टैक्स देना पड़ता है।

इसलिए जिस खादी सिल्क उद्योग को आगे बढ़ाने की जरुरत है, उस पर अगर सेल्स टैक्स देना पड़ेगा, तो ग्राहक के दिमाग में यह सवाल उठेगा कि उसे ६ परसेन्ट सेल्स टैक्स देना पड़ेगा। और इससे खादी सिल्क की बिक्री घटेगी। तब चरखे और लूम बेकार होंगे। इसके अलावा एक बात खास करके मैं अपने मुख्य मंत्री से जानना चाहुँगा कि खादी सिल्क पर ६ परसेन्ट सेल्स टैक्स लगाने से सरकार की आमदनी में कितनी वृद्धि हो जायगी? इसपर टैक्स लगाने से हमारे राज्य की आय कितने रुपये की बढ़ जायगी? इन सब बातों का उल्लेख हमारे मुख्य मंत्री ने जब अपना स्टेटमेन्ट सदन के सामने रखा, तब नहीं किया। उन्होंने अपने स्टेटमेन्ट में इन सब बातों को नहीं बताया है।

इसलिए मेरा निवेदन है कि माननीय मुख्य मंत्री इस पर विचार करें। और इस संबंध में मैंने एक अमेण्डमेन्ट दिया है, जिसे मैं आपके सामने प्रस्तुत करना चाहता हुँ।

मैं आशा करता हुँ कि मेरे अमेण्डमेन्ट को आवश्यक समझकर माननीय मुख्य मंत्री स्वीकार करेंगे।

[4-10—4-20 p.m.]

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় :** মাননীয় স্পীকার মহাশয়, মাল্টি পয়েণ্ট ট্যাক্সের সমালোচনা কিছু কিছু হয়েছে। সিংগল পয়েণ্ট ট্যাক্স করলে যদি কোন রকমে ট্যাক্স এড়িয়ে যায় তাহলে সমস্ত ট্যাক্সটাই ফাঁকি পড়ে যায়। মাল্টি পয়েণ্ট করলে একটা পয়েণ্টে এড়িয়ে গেলেও আর একটা পয়েণ্ট কিছুটা দিতে হয়। এজন্য ট্যাক্সেশন ইনকোয়ারী কমিটিও রিকমেণ্ড করেছে মাল্টি পয়েণ্ট ট্যাক্স করা ভাল। অল্প অল্প করে মাল্টি পয়েণ্ট ট্যাক্স করা, আর সিংগল পয়েণ্ট ট্যাক্স করলে, ট্যাক্সের দিক থেকে সমান হলেও আদায়ের দিক থেকে কিন্তু সুবিধা হয়, টোটাল ফাঁকি দেওয়া যায় না। কৃষির জিনিষের উপর যেটা হয়েছে সেটা সম্বন্ধে কথা হচ্ছে—সরকার কৃষির জন্য কোটি কোটি টাকা খরচ করছে। যারা ট্রাকটার কিনছে, পাওয়ার টিলার কিনছে, তারা একেবারে গরীব নয়, তাদের অবস্থা কিছুটা ভাল নইলে কিনতে পারত না। যারা পাওয়ার টিলার কিনতে পারছে তাদের এজন্য অসুবিধা হবে এটা বিশ্বাস করি না।

আর অর্ডিন্যান্স কেন করলাম, আইন না করে। এর উত্তরে এটাই বলতে চাই যে আমাদের বিধান সভা বসতে দেরী ছিল, এইতো সবে বসেছে, এখন ফেব্রুয়ারী চলছে। মার্চ মাস শেষ হলে আর্থিক বছর শেষ হয়ে যাবে। এতদিনে যদি ট্যাক্স বসত, তাহলে পরিমাণ খুব সামান্য হত তাই আগে থেকে আমাদের বসাতে হয়েছে।

ট্যাক্স ফাঁকি দেয় সেটা ধরার কথা কেউ কেউ বলেছেন। আমরা এটা ধরার জন্য নিশ্চয়ই চেষ্টা করছি এবং আপনারা যে পরামর্শ দিয়েছেন সেটা আমরা দেখব। তবে আমরা পুরস্কার দিচ্ছি এবং গোয়েন্দা পর্যন্ত রাখছি। অর্থাৎ যতদূর পারছি ভাল করতে সেই চেষ্টা করছি। রেশমের কাপড় গরীব-দুঃখী লোকেরা কেনেনা—একটু যারা অবস্থাপন্ন লোক তারাই কেনে। ১০০ টাকা দিয়ে যে শাড়ী কাপড় কিনবে তার যদি সেখানে ২/১০ টাকা বেশী লাগে তাহলে তাতে সে কিছু মনে করবে না, এটা তাদের গায়ে লাগবে না। আমাদের কেবল দেখতে হবে কাপড় বোনে যে তাঁতী তার যাতে ক্ষতি না হয়। সূতোর উপর ট্যাক্স করা হয়েছে বটে, কিন্তু যারা ছোট অর্থাৎ যারা সারা বছরে অল্প টাকার কারবার করে তারা রেজিষ্টার্ড ডিলার নয়, তাদের ট্যাক্স দিতে হয় না। খুব বেশী

টাকা, বোধ হয় ৫০ হাজার টাকার কারবার যাদের আছে সে হল রেজিষ্টার্ড ডিলার। সুতোর উপর ট্যাক্সের জন্য কাপড়ের দর যে বেড়েছে এটা করেছে মিডল ম্যানরা। টু পারসেণ্ট, সিক্স পারসেণ্ট ট্যাক্স হলে ১০০ পারসেণ্ট দর বাড়ে না। যারা সুতো কিনে কাপড় তৈরী করে তাদের আমরা সাবসিডি দেব যাতে সত্যিকারের তাঁতী বাঁচতে পারে এবং যারা সুতোর রিল করে তারা যেন বাঁচে। যে সমস্ত কনজিউমাররা ফ্যাসনেবেল কাপড় কিনবে, সিল্কের কাপড় কিনবে তাদের বাঁচাবার দরকার নেই, যারা তাঁতী তাদের বাঁচাবার জন্য আমরা সাবসিডি দেব। (ডঃ নলিনাক্ষ সান্যাল :— নন-রেজিষ্টার্ড ডিলাররা ট্যাক্স দেবেনা?) মাল্টি পয়েণ্ট দেবেনা, টু পারসেণ্ট তো আছেই। এটা শেষ পর্যন্ত চলে যাচ্ছে কাপড়ে এবং আল্টিমেটলী যারা সিল্কের কাপড় কিনছে তাদের কিছু বেশী দাম দিতে হচ্ছে। তাদের জন্য আমাদের কোন দরদ নেই, আপনাদেরও বোধহয় নেই। যে ১০০ টাকা দিয়ে কাপড় কিনবে সে সেখানে আর ৬ টাকা দিতে পারবে না এটা কোন কথা নয়। আমাদের টাকার দরকার বলে আমরা এসব করছি এবং আপনারা বাজেটে দেখবেন আমাদের টাকার কত দরকার। ফরেন কান্ট্রিতে আমাদের এই সিল্ক প্রে.ডাকসন খুব এক্সপোর্ট হচ্ছে এবং সেখানে এর খুব কদর আছে। আমি আর কিছু না বলে শুধু এটুকু বলেই শেষ করছি যে, যারা সিল্কের সুতো কাটে, কাপড় বোনে তারা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে আমরা নজর রাখব এবং কো-অপারেটিভ সোসাইটির প্রতিও নজর রাখব যাতে মিডল ম্যানরা মেরে না দেয়।

[4-20—4-30 p.m.]

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 8.**

The question that Clauses 1, 2, 3, 4, 5, 6, 7, and 8 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 9.**

**Mr. Speaker:** There are three amendments, two in the name of Shri Sanat Kumar Raha and one in the name of Shri Ramkrishna Saraogi. Amendment No. 2 in the name of Shri Sanat Kumar Raha is out of order. Shri Raha may now move amendment No. 1.

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী:** Sir, with your permission, I beg to move that Clause 9 (3) be omitted. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আলোচনা পূর্বেই হয়ে গেছে। অর্থমন্ত্রী মহাশয় তাঁর জবাবের সময় বলেছেন যে দরিদ্ররা যাতে আঘাত না পায় সেদিকে তিনি নজর রাখবেন। সেটা তিনি রাখবেন, কিন্তু প্রশ্নটা হচ্ছে নজর রাখবো, মুখে আমরা অনেক সময় বলি। কিন্তু শেষ পর্যন্ত দেখা যায়—উপযুক্ত যদি মেশনারী না থাকে তাহলে খুব সদিচ্ছা থাকা সত্বেও আমাদের এই ইচ্ছাকে কার্য্যকরী করতে পারি না। এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে এই যারা বোনে, অর্থাৎ তাঁতীরা, তাদের দিকে তিনি নজর রাখবেন। কিন্তু প্রশ্নটা নজর রাখার কথা নয়। আসলে তারা বায়ার নয়। এই জিনিষটাকে বিশেষ জোর দিয়ে বলতে চাই যে যারা এটা বোনে, প্রশ্ন থাকে তাদের জন্য, তারা হচ্ছে ওয়েজ আর্নার্স। এখন এই যে মালিক গোষ্ঠী তাদের সুতা দিয়ে কাপড় বোনায় তারা নৃশংস প্রকৃতির মানুষ। কারণ সামান্য মজুরী তারা দিয়ে থাকে। মাসে ৯০ টাকাও তারা মজুরী পায় না। অথচ সেলস ট্যাক্স হিসাব করে এই তাঁতীদের কাছ থেকে এরা কেটে নেয়। সেইজন্য এই আবেদন রাখবো যে এটা যদি শুধু কনজিউমার্সের প্রশ্ন হতো তাহলে নিশ্চয়ই বায়ার্স, যারা একটা সিল্ক ইউজ করবে, তাদের উপর হতো তাহলে কিছু

বলার ছিল না। কিন্তু যারা বুনবে, যারা ব্যবহার করতে পারছে না তাদের ঘাড় থেকে মহাজন গোষ্ঠী যা করে, এটা বিশেষভাবে বিবেচনা করার দরকার আছে। এমন একটা এফেক্টিভ মেশিনারী দিতে হবে যাতে এই গরীবদের উপর ট্যাক্সেশন না হয়, সেই বিষয়ে আপনি একটু দেখবেন।

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় :** ওয়েজ অর্নারদের কাছ থেকে ট্যাক্স আদায় করে, তাদের উপর জুলুম করে মহাজনরা, সেটা অন্য পন্থায় বন্ধ করতে হবে। কাজেই যা বলার আমি আগেই বলেছি, সুতরাং এখন আর আমার কিছু বলবার নাই।

**Shri Ramkrishna Saraogi :** Sir. I beg to move that Clause 9 ( 4 ) be omitted. The only thing which I want to know from the Hon'ble Chief Minister is as to how much revenue the Government expects by introducting Sales Tax on Khadi Silk. I had also asked about it in my previous speech and if the figures are available with the Chief Minister I would like to know it.

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় :** আমি একজ্যাক্ট ফিগার পাচ্ছি না, আমার অনুমান আছে ১০ লক্ষ টাকা।

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সংশোধনী প্রস্তাব নেই কিন্তু এই ৯নং ক্লজের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করে এর বিরোধীতা করছি, কারণ এখানে অরিজিনাল বিলে ক্লজে ছিল সেই ক্লজ সিক্স অনুযায়ী তার ১ নং সিডিউলে আমার বক্তব্য যে বিল যা পেয়েছিলাম তাতে ছিল ট্যাক্স ছাড়া হবে তার কোন কোন জিনিসের উপর ট্যাক্স আদায় করা হবে না, তার দুটো আইটেম ছিল একটা ১৩নং এগরিক্যালচারাল ইমপ্লিমেণ্টস্, আর একট, হল ১৪নং ফার্টিলাইজার। ইতিপূর্বে আমার সাধারণ বক্তব্যের সময় আমি এটা নিবেদন করেছিলাম, ট্যাক্স-এর ফলে সাধারণ ভাবে সামাজিক যেসব কল্যাণের কাজে আমরা উৎসাহ বোধ করি তাতে বাধা পড়লে সেটা দুঃখজনক হবে। সেই জন্য ১৩নং আইটেম ক্লজ ৯(১) দেখুন। এখানে সংশোধন করা হচ্ছে একসেপ্ট tractors and power tillers and spare parts, accessories and components thereof অর্থাৎ কোন এগরিকালচারাল ইমপ্লিমেণ্টস্ যেটা এর মধ্যে বাদ দেওয়া ছিল সে বাদের সুযোগ থেকে বঞ্চিত করা হয়েছে। বৈজ্ঞানিক যন্ত্রপাতির দ্বারা কাউকে যদি চাষ আবাদ করতে হয় তাহলে সে যদি পাওয়ার টিলার্স, ট্রাকটার্স ব্যবহার করে তার উপর ট্যাক্স প্রযোজ্য হবে। তেমনি ফার্টিলাইজার সম্পর্কে সেই ভাবে বলা হয়েছে আইটেম ১৪-এ। এনট্রি relating to column I shall be omitted. অর্থাৎ ফার্টিলাজারের কথাটা থাকছেনা। ফার্টিলাইজারকে একজেমসান্ দেওয়া ছিল এটাকে ট্যাক্স ভুক্ত করা হল। এই দুটো বিষয় আমি সাধারণভাবে বক্তব্যের মধ্যে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমরা অত্যন্ত গভীরভাবে চিন্তা করে দেখেছি যে যেখানে কৃষকদের আমরা নানাভাবে সাহায্য করতে প্রস্তুত হচ্ছি এবং দেশের খাদ্য উৎপাদনকে নানাদিক থেকে সাহায্য করবার জন্য উৎসুক হয়েছি সেখানে এরূপ প্রয়োজনীয় চাষ আবাদের যন্ত্রপাতি বৈজ্ঞানিক উপায়ে বিস্তৃতভাবে চাষ করতে হলে, উৎপাদন বাড়াতে হলে আধুনিক যন্ত্রপাতি তৈরি করার প্রয়োজনীয়তা রয়েছে ও তারজন্য যদি ট্যাক্স বসান তাহলে সেটা অন্যায় হবে, এবং সাধারণভাবে সরকারের যে নীতি ঘোষিত হয়েছে সে নীতির বিরুদ্ধে যাবে। সেইজন্য আমি ক্লজ ৯-এর বিরোধীতা করছি এবং এই দুটো আইটেম বিশেষতঃ আইটেম ১ এবং আইটেম ২ অর্থাৎ ট্রাকটার্স পাওয়ার টিলারস, এবং স্পেয়ার পার্টস তার উপর ট্যাক্স আনার জন্য, ফার্টিলাইজার-এর উপর ট্যাক্স আনার জন্য আমি এর বিরোধীতা করছি।

**শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় :** সাধারণ বক্তব্যের সময় উনি এসব বলেছেন আমি তার জবাব দিয়েছি। এখানে আর আমার অধিক কিছু বলার নেই।

**Mr. Speaker :** I now put vote on amendment No. 1—by Shri Sanat Kumar Raha, moved—by Shri Ajit Kumar Ganguly and amendment No. 3 by Shri Ramkrishna Saraogi.

**Dr. Zainal Abedin :** Division, Sir.

[ 4-30—4-40 p, m. ]

(At this stage the Division Bell was ringing)

**শ্রীমতি ইলা মিত্র :** স্পীকার স্যার, ২টা এমেণ্ডমেণ্ট এক সঙ্গে হতে পারে না। আমি সনৎ রাহার এমেণ্ডমেণ্টটা উইথড্র করছি।

**Mr. Speaker :** The amendment has been moved by the mover and it has become the property of the House. Unless the House permits you cannot withdraw it. হাউস না চাইলে করতে পারেন না।

( Noise )

I shall put the amendments separately to vote one by one.

**শ্রীঅজিত কুমার গাঙ্গুলী :** স্যার, আমি আমার সংশোধন প্রস্তাবটা উইথড্র করে নিচ্ছি।

**Mr. Speaker :** I want the permission of the House. Does the House permit the mover of the amendment of Mr. Santa Kumar Raha to withdraw it ?

(Noise and interruptions)

(Voices from Government Bench : Yes.)

(Noise and interruptions)

(Voices from Opposition Bench : We oppose it.)

**Mr. Speaker :** If you want you can call division on that. Now, the question before the House is that leave be granted to the mover of the amendment to withdraw it. House has given the permission. Division has been called. Now votes will be taken. Permission to withdraw the amendment has been given.

(Noise and interruptions.)

If you shout like this I shall have to adjourn the House.

**শ্রীযতিন চক্রবর্ত্তী :** স্যার, আপনি যখন ডিভিশন ডাকবেন তখন অপজিসানরা বেল বাজার পর তবে তারা সেটা ডাকবেন।

(Noise and interruptions.)

**Mr. Speaker :** I am bound by the decision of this House. I cannot do things in my own way. I want to take the opinion of the House. The House is the supreme authority to give the permission. So I am taking the sense of the House as to whether they are allowing mover of the amendment to withdraw it or not.

**Dr. Nalinaksha Sanyal:** Our rules do not permit any motion to be moved when the process of voting is taking place. Already you have put the matter to vote and we are going to vote. At this stage no motion can be taken up.

(Noise and interruptions)

**Mr. Speaker:** That amendment has been moved by Shri Ajit Kumar Ganguly on behalf of Shri Sanat Kumar Raha. He wants to withdraw that amendment. The House has given permission to withdraw the amendment.

**Shri Abdus Sattar:** The House has not given the permission.

**Shri Nepal Chandra Roy:** Shri Sanat Kumar Raha is not in the House.

The motion of Shri Ajit Kumar Ganguly that clause 9 (3) be omitted, was then by leave of the House, withdrawn.

(Noise and interruptions)

[ 4-40—4-50 p.m. ]

**শ্রীএস. এম. ফজলুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, On a point of order, Sir, আপনি একটু রুল ৩১৬-টা দেখুন।

Rule 316 says that a Member who has made a motion may withdraw the same by leave of the House provided that if an amendment has been proposed to a motion, the original motion shall not be withdrawn until the amendment has been disposed of.

এখন প্রশ্ন হচ্ছে what is the time? Here the amendment was moved and division was called for. আপনি ঘণ্টা বাজিয়েছেন, ডিভিসনের সময় এসেছে। এটা ঠিক যে মেম্বারের সেই মোশানটা উইথড্র করবার অধিকার আছে। কিন্তু যখন ডিভিসন কল করেছেন, ঘণ্টা বাজিয়েছেন, দেন ইমিডিয়েটলী দ্যাট মোশান is the property of the House. সেইটা তুলে নিতে গেলে সেটা হতে পারে বিফোর দি motion was put to vote and division was called for. কিন্তু আপনি ডিভিসেনের ঘণ্টা বাজিয়েছেন, ডিভিসনের ক্লেম হয়েছে এই মুহূর্তে আপনি লীভ দিতে পারেন না।

**মিঃ স্পীকার:** আমি ফাইন্যাল ভারডিক্ট দিই নি। যখন এ্যামেণ্ডমেণ্টে সেপারেটলী পুট করতে চাইল তখন আমি হাউসের মেজরিটি ভয়েসের উপর মেজরিটির ডিসিসানকে মানতে বাউণ্ড। আমি তাঁদের মতামত নিয়েছি, তাঁরা বলেছেন করছি।

**শ্রীএস. এম. ফজলুর রহমান:**—রুল ৩১৬-তে স্পষ্ট করে বলা আছে মেম্বার যদি কোন মোশান আনেন, তিনি মোশানটা উইথড্র করতে পারেন উইথ দি লীভ অফ দি হাউস। সেটার ব্যাপারে কেউ সন্দেহ করছে না। কিন্তু সেটা কখন পারবেন? যখন মোশানটা হাউসে দিয়েছেন অপোজিশন ডিভিসন ক্লেম করেছেন, আপনি ঘণ্টা বাজিয়েছেন, সেই সময় তিনি সেটা উইথড্র করতে পারেন না। এখানে আপনি মোশানটা ভোটে দেবার জন্য নিয়েছেন সেটা আপনাকে ডিসাউড করতে হবে। সেইটাই দেখতে হবে। এর আগে আপনি কিছু করতে পারেন না।

**Mr. Speaker:** I have considered the point raised by Shri Fazlur Rahman. Rule 316 says that a Member who has made a motion may withdraw the same by leave of the House provided that if an amendment

*has been proposed to a motion, the original motion shall not be withdrawn until the amendment has been disposed of. I took the leave of the House and the House permitted withdrawal of the motion. What else can I do? The rule that you have quoted here is not applicable in this* case and therefore I rule you out.

**Shri Abdus Sattar :** স্যার, আপনি রুল ৩৪১-টা দেখুন, তার সাবরুল (২) তে বলা আছে যেখানে ডিভিসন দেওয়া হবে সেখানে কি প্রসিডিওর ফলো করতে হবে। সেখানে লেখা আছে: After the Speaker has declared his opinion, any Member can by rising in his seat demand a division. If a division is demanded, the Division on Bells will be set ringing for three minutes continuously in order to warn the Members desiring to vote to take their respective seats in the Chamber. As soon as the Division Bells cease ringing after the expiry of three minutes, the doors leading into the Chamber shall be closed and no member shall be permitted thereafter to enter the Chamber or to take part in the voting. After the doors are closed, the Speaker shall read out the question on which the Division has been demanded. The vote recording apparatus shall be put into operation and the members shall proceed to cast their votes by pressing the buttons provided for the purpose. Now, Sir, the division was demanded, you allowed it, the bell was rung and the procedure has been followed.

(Noise and interruptions)

Then the next sub-rule says this: When any amendment or amendments have been proposed to any motion or to any clause in any Bill pending before the House, it shall be in the discretion of the Speaker to put all the questions at the end of the debate on all such amendments and on the motion or the clauses of the Bill, as the case may be. Here, Sir, this motion was put to vote by your order.

আপনি অর্ডার দিয়েছেন। পরে পারমিশান টু উইথড্র ইট, আপনি বেল বাজিয়েছেন পরে ইট কেম সাবসিকোয়েণ্টলি, আপনি আপনার এলরেডি রুলিং দিয়ে দিয়েছেন এবং বেলও বাজিয়েছেন তারপরে বিকজ স্যার, তাহলে আমি বলব বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে তাই হবে।

**মিঃ স্পাকার :** আমি রুলিং দিয়ে দিয়েছি। আপনি আমাকে অনেক রুল দেখাচ্ছেন কিন্তু এখানে ডিভিশান ফ্যাইনাল হয়নি। আমি ফ্যাইনাল ডিভিশান কল করিনি। তখন ফ্যাইনাল ভারডিক্ট হয়নি। আমি ফ্যাইনাল ভারডিক্ট দিইনি। এ্যাকচুয়াল ডিভিশান তখন হয়নি। হাউসের সকলের মত নিয়ে হাউস যা বলবে স্পীকার তাই করতে পারবে। স্পীকারের সে পাওয়ার আছে।

I think it was in order. ডিভিশান হওয়ার আগে এটা উইথড্র হয়েছে।

(Voices from the Opposition Bench: No, Sir, there has not been any withdrawal).

**শ্রীআবদুস সাত্তার :**— না, না, স্যার, এ হতে পারেনা। আপনি এ্যামেণ্ডমেণ্ট ডাকার পর ভোটে পুট করবার জন্য ডিভিশান বেল বাজিয়েছেন।

**মিঃ স্পীকার :** না, আমি আগেই উইথড্র করেছি হাউস পারমিশান দিয়েছে। উইথ দা পারমিশন অব হাউস এটা উইথড্র হয়েছে, I now put to vote the amendment of Sri Ramkrishna Saraogi.

The motion of Shri Ramkrishna Saraogi that clause 9 (4) be omitted was then put and lost.

**Mr. Speaker :** I now put to vote clause 9.

[ 4-50—5-00 p.m. ]

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

**শ্রীরামকৃষ্ণ সরোগী :** স্যার, আমার amendment-এর কী হলো ?

**মিঃ স্পীকার :** আপনি তো division চান নাই।

**Shri Kamkrishna Saraogi :** I called for a Division on my amendment.

**মিঃ স্পীকার :** আপনাদের ভয়েস্ ভোটে that amendment was lost. আপনি বসুন।

( গোলমাল )

আপনি কী বলতে চাচ্ছেন ?

**শ্রীআবদুস সাত্তার :** আমি division চাচ্ছি। আপনি তো শুনছেন না আমার কথা।

**মিঃ স্পীকার :** আপনি ডিভিসন চান নাই। এক সঙ্গে ছ-সাতজন উঠে দাঁড়ালেন—আমি কি করে বুঝবো—যে আপনারা ডিভিশন চাচ্ছেন ?

**ডঃ জয়নাল আবেদিন :** আপনি তো শুনছেন না আমাদের কথা। আমি নিজে ডিভিশন চেয়েছি আপনার কাছে। আমি বিরোধীদলের whip হিসেবে division চেয়েছি। আমাদের যে amendment ছিল, সেই যেখানে আপনি আইজ এণ্ড নোজ কল্ করেছেন, আমরা আইজ বলেছি। আপনি ডিভিশন বেল বাজিয়েছেন No. 1 এবং No. 3-র উপর। তারপর হাউসে এইসব ঘটনা চলে যাচ্ছে তাতে আমার সেই দাবী নাকচ করলেন কিসের ভিত্তিতে—এ বিষয়ে আপনি একটু আলোকপাত করুন।

**Mr. Speaker :** The matter was decided by voice vote. At that time no division was called for. There are no amendments to Clauses 10, 11 and the Preamble. So I put to vote clauses 10, 11 and the Preamble.

### Clauses 10 and 11

The question that Clauses 10 and 11 do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**ডঃ জয়নাল আবেদিন :** তাহলে স্যার, আমরা ওয়াক আউট করছি এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে।

(At this stage the Members from the Opposition Benches walked out en bloc)

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :** Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

### The Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970.

**Shri Ajoy Kumar Mukhopahhyaya :** Sir, I beg to introduce the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Shri Ajoy Kumar Mukhopadhyaya** : Sir, I place a statement as required under rule 72 (1) of the Rules cf Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, in the context of the present financial condition of the State it is of paramount importance that all possible sources should be tapped for maximum mobilisation of resources so that the State can meet its increasing commitments both on account of plan schemes and growing non-plan expenditure. With a view to achieving the above object a Cabinet Committee on Resources has been set up. That Committee has made serveral recommendations for raising of additional revenue.

To give effect to one of the aforesaid recommendations, the State Government withdrew exemption from Sales Tax on sale of Kerosene oil other than inferior grade thereof by promulgation of the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Ordinance, 1969, [West Bengal Ordinance No. XVIII of 1969] on 31st December 1969 as the Legislature was not in session at that time. By virtue of this withdrawal, Kerosene oil other than inferior grade became taxable under the Bengal Finance (Sales Tax) Act, 1941, with effect from 31st December, 1969.

[ 5-00—5-10 p.m. ]

The State Government subsequently transferred this commodity under the West Bengal Sales Tex Act, 1954, which is a subsidiary Sales Tax Law, for the purpose of taxation at the first point of sale with effect from 1st January 1970 by issue of a notification under section 25 of the West Bengal Sales Tax Act, 1954. The yield from these measures was estimated to be about Rs. 65 lakhs per annum. To continue the provisions of an Ordinance, it is necessary to convert it into an Act of Legislature within six weeks from its re-assembly in terms of Article 213 (2) (a) of the Constitution of India. At this stage, it is, therefore, necessary to convert the West Bengal Ordinance No. XVIII of 1969 into an Act of the Legislature.

Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970 be taken into consideration.

Sir, I have just read out a statement under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining therein the purpose of promulgation of the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Ordinance, 1969.

Prior to the promulgation of this Ordinance. Kerosene oil was exempt from Sales Tax in this State but it is subject to Sales Tax in the adjoining States of Bihar, Orissa, Assam, M.P. and U.P. Honourable Members may be aware that the President of India has established, in exercise of the power conferred by Artiele 263 of the Constitution of India, Regional Councils for Sales Tax for the purpose of discussing matters relating to Sales Tax and making recommendations thereon for the better co-ordination of policy. In the first meeting, held in July, 1968, of the Regional Council for Sales Tax for the Eastern Zone comprising the States of Assam, Bihar, Orissa, West Bengal and Nagaland and the Union Territory of Manipur, the representative of the Govt. of Bihar pointed out that as a result of exemption from Sales Tax on kerosene oil in West Bengal there was a lot of smuggling of kerosene oil from

'est Bengal to Bihar along the borders of West Bengal and Bihar, ading thereby to evasion by the dealers in Bihar of Sales Tax on :rosene oil in an appreciable scale. The said Council recommended at Government of West Bengal should also impose Sales Tax on :rosene oil. In the second and the third meetings of the said Council :ld on 7-11-68 and the 28th and 29th November 1969 respectvely, e Council recommended imposition of Sales Tax on kerosene.

I should point out in this connection that the Government of India ive been realising Cantral Excise Duty on kerosene oil from long fore and the rate of duty is being increased from time to time. It is ly meet and proper that the State Government should also get due are of revenues from sales of kerosene oil in the shape of Sales Tax. it inferior veriety of kerosene has not been taxed so that poor sections the community are virtually left untouched.

I want to take this opportunity to impress upon the Honourable embers the absolute necessity of raising additional resources in the esent situation with which we are faced today. As the Honourable embers are aware, the State Budget for 1969-70 revealed a deficit of out Rs. 54 crores. Thus, today we are faced with a situation in iich we have to make a bold effort to raise as much additional resources possible. It is in this context and in view of the urgency of the itter that the State Government had to promulgate the West Bengal :dinance No. XVIII of 1969. While imposing sales tax on this article promulgation of Ordinance, the State Government retained in the iedule of exemption the inferior variety of kerosene oil which is used the poor man.

I hope that I have been able to give the Honourable Members an ea of the reasonableness of this tax measure. I am sure the Bill to ntinue the provisions of the Bengal Finance (Sales Tax) (Second nendment) Ordinance, 1969 will receive full support of all sections of e House.

**ডা: মলিনাক্ষ্য সান্যাল :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট গ এনেছেন সেলস ট্যাক্স আইনের উপর সেটার আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। ইতিপূর্বে মরা সাধারণভাবে আলোচনায় বলেছিলাম যে, যে জিনিষ দরিদ্রদের নিত্যব্যবহার্য জিনিষ সেই নিসের উপর বিক্রয় কর আদায় করার চেষ্টা করা শুধু অন্যায় নয় সেটা অত্যাচার মূলক। স্যার, পনি জানেন, কেরোসিন তেল বাংলার পল্লীর ঘরে নিত্যব্যবহার্য জিনিষ। এখানে দুটি গ্রেডের া বলা হয়েছে, একটা অপেক্ষাকৃত কম দামের অপরিশ্রুত তেল আর একটা বেশী দামের তেল। মরা মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে ঠিক পরিষ্কারভাবে জানতে পারিনি যে কেরোসিন তেলের উপর ট্যাক্স বসাতে চাচ্ছেন সেটার রেট কত হবে। অনুমান করছি সেকসান সিক্সে সিডিউল ওয়ানে নম্বর আইটেমকে তুলে দেবার প্রশ্ন উঠছে। এতে আমার নিজের ধারণা হচ্ছে বোধ হয় এটা পারসেণ্ট ট্যাক্স হবে। যদি আমার ভুল হয় আশা করি সংশোধন করে দেবেন। স্যার, লাদেশের পল্লীর অধিবাসীদের এমনিতেই কেরসিন তেলের অভাব প্রতিনিয়ত অনুভব করতে হয় রণ, চাহিদা অনুযায়ী সম্পূর্ণ পাওয়া যায় না। অনেক ক্ষেত্রে এমন দিন যায় যে কোরোসিন লের অভাবে ছাত্ররা সন্ধ্যের পর লেখাপড়া করতে পারে না। এরজন্য কয়েক বছর আগে তিবাদ জানানো হয়েছিল এবং তারজন্য অনেক অপ্রিয় ঘটনাও সংগঠিত হয়। স্যার, এই প্রেক্ষিতে আমি মনে করি যে আমাদের যতই অভাব থাক না কেন পল্লীগ্রামের দিকে লক্ষ্য খে, দরিদ্র কৃষক এবং ছাত্র সম্প্রদায়ের দিকে নজর দিয়ে আমাদের কিছুতেই কেরোসিন তেলের

উপর ট্যাক্স বসানো অনুমোদন করা চলতে পারে না। আমি বেশী সময় নেবনা, তবে শেষ করার আগে ইতিপূর্বে যেভাবে আমাদের কণ্ঠরোধ করার চেষ্টা করা হয়েছিল সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আপনি শুধু এই সভার সভাপতি নন, এখানে যাঁরা সংখ্যালঘু তাঁদের স্বার্থও আপনার হাতে। তাছাড়া তাঁদের মতামত রক্ষণাবেক্ষণের দায়িত্ব সম্পূর্ণ আপনার। আপনি যদি এই খিয়োরী করেন যে এই হাউসে যাঁরা মেজরিটি তাঁরা যা করবেন তাতে আপনি বাউণ্ড তাহলে হাউসের রুলসের দরকার হয় না, কোন আলোচনাও চলতে পারে না। কারণ প্রত্যেক আলোচনার মধ্যেই সংখ্যাগরিষ্ঠতা বলতে পারেন এ আলোচনা স্থগিত হোক এবং সে আলোচনা স্থগিত করতে আপনি সংগে সংগে বাধ্য হবেন। আমি আপনাকে সেইজন্য বলছি যে আপনি বিরোধী পক্ষের কণ্ঠরোধে......।

**মিঃ স্পীকার:** আপনি এসব কণ্ঠরোধ করার কথা কি বলছেন আমি বুঝতে পারছি না। আপনি বলুন বিরোধীপক্ষকে কে এরকম সুযোগ গত ২২ বছরের মধ্যে দিয়েছেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে বিল এনেছেন সেই বিল সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমরা শুনলাম, আমাদের খরচ নাকি বেড়ে গিয়েছে। আমরা জানি, সরকারী কর্মচারীদের মাহিনা বেড়েছে, অন্যান্য শিক্ষকদের মাহিনাও বাড়ছে, কিন্তু পাড়াগাঁ-এ দেখা যাচ্ছে গরিবরা হাজারে ২ জন মাত্র খয়রাতি সাহায্য পাচ্ছে, টেষ্ট রিলিফের কাজ নেই বা গরীবদের জন্য কিছুই করা হয়নি। স্যার, এখানে মাছের ব্যাপারে নানান প্রশ্ন আসে কিন্তু পাড়াগাঁ-এ মাছের দর কত সে খেয়াল কেউ রাখে না।

[ 5-10—5-20 p.m. ]

পল্লীগ্রামের মানুষ যে একটু বাতি জ্বালতে কেরোসিন তেলে খুঁজে খুঁজে তার উপর যে tax বসালেন এতে পল্লীর উপর সুবিচার করা হল না। যে পল্লীর মানুষ কোন রকম সুযোগ সুবিধা গভার্ণমেণ্ট থেকে পায় না। এ পর্যন্ত ছেলেমেয়েদের ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষা ব্যবস্থাকে Free করা হল না। সরকারী কর্মচারীদের বেতন, শিক্ষকদের বেতন, গ্রাচুইটি এবং Provident Fund হবে আর পাড়াগাঁয়ের মানুষরা সেটা বহন করবে। এটাতে গ্রামের মানুষ যুক্তফ্রণ্টকে আদৌ আশীর্বাদ করবে না। এর আগে কথা ছিল যে গরীব মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিষের উপর tax বসান হবে না। কিন্তু টাকা সংগ্রহের জন্য যেখানে পাড়াগাঁয়ের গরীব মানুষের উপর যে tax বসান হল তাহলে পল্লীগ্রামের মানুষ এটাকে আদৌ আশীর্বাদ করবে না: বরঞ্চ এটার বিরোধীতা করবে। এবং তারা মনে করবে যে বাংলাদেশে যুক্তফ্রণ্ট তারাই গঠন করেছিলেন এবং তাদেরই উপর tax বাড়িয়ে তারা যে বাতি জালিয়ে একটা জনতার ষ্টোভে তেল দিয়ে একটু চা খায় তাদের সেই ব্যবস্থায় যুক্তফ্রণ্ট সরকার বিরোধীতা করলো। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআজিজুর রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদপত্রে পড়ে দেখলাম যে প্রমোদ দাশগুপ্ত মহাশয় বলেছেন., বর্তমানে যে সরকার চলছে সেটা বেহুঁস সরকার। সরকারের কার্যকলাপ দেখলে মনে হয় যেন ঠিক প্রকৃতিস্থ নয় এবং এই অবস্থায় যে সমস্ত বিল এসেছে সেটা দেখলেও এটা বোঝা যায়, যে যুক্তফ্রণ্ট সরকার বলেছিলেন যে আমরা মেহনতী মানুষের সরকার, গরীবের সরকার, কৃষকের সরকার, চাষী মজুরের সরকার। সেই সরকার আজ গ্রামে চাষী যেখানে শতকরা ৮০ ভাগ বাস করে, যারা কৃষির উপরে একান্তভাবে নির্ভরশীল তাদের উপরে করের বোঝা চাপিয়ে দিচ্ছেন। এটা একটা নিষ্পেষণ-প্রচেষ্টা ছাড়া আর কিছু নয়। শহরে লক্ষ-লক্ষ, কোটি কোটি টাকা ক্ষতি স্বীকার করে যাত্রী সাধারণের সুবিধার জন্য ট্রামে এবং বাসের ক্ষতি দিতে কুণ্ঠিত হচ্ছে না। আর গ্রামের চাষী মজুর ভাইকে তাদের সামান্য লাভের আশায় কর চাপান হচ্ছে। তাই

[আ]মি মনে করি যে প্রকৃতিস্থ নয়। এটা একটা অনর্থ সৃষ্টিকারী, গরীবের উপর জুলুমকারী বিল [আ]নেছেন। তাই এই বিলের তীব্র প্রতিবাদ করছি এবং তীব্র বিরোধীতা করে আমার বক্তব্য শেষ [ক]রছি।

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল নিয়ে আমাদের সরকার পক্ষের সদস্য [শ্রী]সত্যপদ ভট্টাচার্য্য মহাশয় সত্য কথা বলেছেন। প্রায়ই তিনি অসত্য কথা বলেন কিন্তু এই [ব্য]াপারে তিনি সত্য কথা বলেছেন। এটা ঠিক যে tax গরীবের উপর বসবে। অথচ এই গরীবের [জ]ন্য তাদের কত কান্না কাঁদেন এবং এই মায়া কান্না কাঁদেন যার ফলে গরীব জনসাধারণ—যারা কৃষক [ত]াদের উপর tax ধার্য করা হয়েছে। এই যুক্তফ্রন্ট সরকারের কাজগুলি একটু দেখুন—আমি [খ]বরের কাগজ পড়ছিলাম, আমাদের পরিবহন মন্ত্রী, তিনি বলেছিলেন ১৯৬৮-৬৯ সালে প্রায় ২॥• [ক]োটির মত টাকা ঘাটতি হয়েছে বা দিতে হয়েছে সরকারকে। তার আগের বছর ২ কোটি কত [ট]াকা বলা আছে। এইভাবে কোটি কোটি টাকা লোকসান যাচ্ছে, এই সরকারের কার্য্যকলাপের [ফ]লে। সেই tax পূরন করবে কে—না গরীব জনসাধারণ। যে জনসাধারণ দুইবেলা দুই মুঠো [খ]েতে পাচ্ছে না। সেই জনসাধারণের উপর আজকে tax ধার্য্য করা হয়েছে। আজকে subsidy [ট]াকা, ট্রাম যারা চড়েন, বাসে যারা চড়েন, তাদের উপর দিয়ে পুরণ করা হচ্ছে। এইভাবে সরকার [স]র্ব্বহারার সরকার বলে দাবী করেন, কিন্তু সত্যিকারের সর্ব্বহারা যারা, যারা গরীব জনসাধারণ, [সে]ই গরীব জনসাধারণ আজকে tax-এ জর্জরিত হচ্ছে। স্যার, আজকে সত্যিকারের জনসাধারণ, [গ্র]ামের জনসাধারণ, তারা আজকে শিক্ষার সুযোগ পাচ্ছে না, চিকিৎসার সুযোগ পাচ্ছে না। কলে [য]দিও ট্যাক্স দিচ্ছে—সেই ট্যাক্স গরীব জনসাধারণ দিচ্ছে। এই কেরোসিনের উপর ট্যাক্স আরো [ব]াড়ানো হলে আমি বলবো যে তাদের প্রতি অত্যাচার করা হবে। শহরে তো অনেক বড় লোক [আ]ছে যারা তিন চার তলায় বাস করে অনেক টাকা ফাঁকি দেন লুকিয়ে রাখেন, তাদের উপর ট্যাক্স [ক]রুন না কেন। ঐ গরীব জনসাধারণ যারা কেরসিন তৈল ব্যবহার করে তা যারা মাঝে মাঝে পায় [ন]া. নলিনাক্ষবাবু যা বল্লেন, তাদের উপর ট্যাক্স করে আবার আকাশ মেঘাচ্ছন্ন হতে চল্লো। আশা [ক]রবো আপনারা অসহায়দের জন্য যে মায়া কান্না কাঁদেন সেই মায়া কান্না না কেঁদে তাদের কি করে [আ]রও ভাল করা যায় তার ব্যবস্থা করুন—আজকে জীবন হানি হচ্ছে, মানুষ নিরাপদে চলতে পারে [ন]া—তাদের উপর আরও ট্যাক্স জর্জরিত করে তাদের উপর যে নিষ্পেষণ করছেন এবং এজন্যই এই [বি]ল আনা হয়েছে। এজন্য আমি এই বিলের তীব্র প্রতিবাদ করছি। আশা করবো মাননীয় অর্থমন্ত্রী এই বিলটি প্রত্যাহার করে নেবেন।

[ 5-10—5-20 p.m. ]

**শ্রীসন্তোষকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রী হিসাবে এই বিল উত্থাপন করেছেন। তাতে বলেছেন যে বাংলা সরকারের বিরাট টাকার ঘাটতি এবং এই ঘাটতি পূরণের জন্য অর্থের প্রয়োজন এবং এই অর্থের প্রয়োজনের জন্য এই ট্যাক্স চাপাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২০ বছর ধরে বিরোধী দল হিসাবে যারা ছিলেন যারা আজকে সরকারে আছেন তাঁদের বহু সমালোচনা শুনেছি কর ধার্যের উপর। আমরা ভেবেছিলাম তাঁরা যখন সরকার পরিচালনা করছেন তাঁরা কর ধার্যের ব্যাপারে নূতন ব্যবস্থা নেবেন এবং গরীব মানুষরা করের বোঝা থেকে রেহাই পাবেন। কিন্তু গরীব মানুষকে রেহাই দেবার পরিকল্পনা তাতে তো হোলই না বরঞ্চ এই টাকা দেখছি কেরসিনের উপর ট্যাক্স করে আদায় করার ব্যবস্থা হচ্ছে। স্যার, আপনি জানেন গ্রামে যেখানে ইলেকট্রিক নেই সাধারণ গরীব কৃষক ছাত্র তাদের কেরসিন দরকার তাদের উপর ট্যাক্স বসানো হচ্ছে সরকারের যে ঘাটতি রাজ্য পরিচালনার জন্য তা পূরণ করবার জন্য। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী—আমি জানি আমার বিশ্বাস আছে তিনি গরীবদের প্রতি দরদ আছে—তাঁকে আমার জিজ্ঞাসা হচ্ছে যে এই গরীব মানুষদের উপর ট্যাক্স করে সহরের মানুষরা যাতে ভাল থাকে তার ব্যবস্থা আর কত দিন চলবে? ট্যাক্স যদি

করতে হয় আরও করুন তার জন্য সোর্স আছে। ইচ্ছা করলে মদের উপর ট্যাক্স করতে পারেন আমরা সহযোগিতা করবো—পেট্রোলের উপর করুন যারা ইনডিভিজুয়েলি গাড়ীর মালিক তারা এইটা ব্যবহার করেন তার উপর আরও ট্যাক্স ব্যবহার করুন আমরা সমর্থন করবো, এয়ারকনডিসন মেসিনের উপর সেলস ট্যাক্স করুন আরও যে সমস্ত বিলাস দ্রব্য আছে আমরা সমর্থন নিশ্চয় করবো। কিন্তু যে ট্যাক্স প্রত্যক্ষভাবে গরীব মানুষের বোঝা হয়ে চাপবে এবং তারা সেই ট্যাক্স বহন করে যাবে? আজকে কর্মচারীরা ঠিকমত কাজ না করার জন্য ষ্টেট ট্রান্সপোর্ট ঘাটতি হবে। সেই ঘাটতি পূরণের ব্যবস্থা হবে ঐ কেরসিনের উপর ট্যাক্স করে যেটা ঐ গ্রামের গরীব জনসাধারণকে বহন করতে হবে? আজকে কর্মচারীদের মাইনা বাড়াতে হবে অতএব কেরসিনের উপর ট্যাক্স চাপান হচ্ছে। আশা করবো মাননীয় মুখ্যমন্ত্রী, এই বিল প্রত্যাহার করে গরীব জনসাধারণের উপকার করবেন এবং সেখানে নূতন ট্যাক্সের বিল নিয়ে আসবেন।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন এটা দেখে মনে হচ্ছে যেন মড়ার উপর খাঁড়ার ঘা। ইতিপূর্বে যে সমস্ত বিল এনেছেন, মাননীয় রাজ্যপালের ভাষণেও দেখেছি যারা অবস্থাপন্ন, বড় বড় সরকারী চাকুরি করেন, তাদের জন্য কমিশন বসিয়েছেন, তাদের মহার্ঘ ভাতা বাড়াবেন এবং তার জন্য একটা খসড়াও তৈরী হয়েছে এবং সরকার আরও দেখিয়ে দিয়েছেন গত সেসনে, সরকারী কর্মচারীদের জন্য মহার্ঘভাতা বাবদ ৯ কোটি টাকা খরচ করবেন। সস্তা পপুলারিটি গেন করবার জন্য সরকার ৯ বিঘা জমির খাজনা মুকুব করা হবে বলে ঠিক করেছেন এবং তার জন্য ৯ কোটি টাকা ঘাটতি হবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই তিনি যে বিল এনেছেন যার দ্বারা কেরোসিনের উপর ট্যাক্স ধার্য্য করবেন, তার ইম্প্যাক্ট কার উপর গিয়ে পড়বে? যারা গরীব জনসাধারণ গ্রামে বাস করে তাদের উপরই প্রত্যক্ষভাবে এই ট্যাক্সের চাপ পড়বে না কি? যুক্ত ফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকে এমন কি কোন বিল এনেছেন বা এমন কি কোন ব্যবস্থা গ্রহণ করেছেন যাতে গ্রামের অগণিত বেকার জনসাধারণকে বেকার মুক্ত কিংবা বেকার ভাতা দিবার ব্যবস্থা করা হয়েছে? সাধারণ কৃষক অসুস্থ হয়ে পড়লে তাদের কি কোন এলাউন্স দেওয়া হবে? গরীব ছাত্রকে কি কোন ভাতা দেওয়া হবে? যারা শিক্ষিত বেকার তাদেরকে কি ভাতা দেওয়া হবে? এ সম্বন্ধে তো আজ পর্য্যন্ত কোন বিল এই হাউসে দেখিনি? আজকে যে বিল এনেছেন তাতে দেখছি কেরোসিনের উপর কর বসাচ্ছেন। যে কেরোসিন দিয়ে গরীব জনসাধারণ পাড়াগাঁতে আলো জ্বালায়, যে কেরোসিন জ্বালিয়ে গরীব জনসাধারণের ছেলেমেয়েরা লেখাপড়া শিখে, ঘর গৃহস্থালীর কাজ চালায় সেই গরীব লোকেদের উপর প্রত্যক্ষ চাপ পড়বে। আমি স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আর একটী প্রশ্ন রাখতে চাই। যে সমস্ত বড় লোক সহরে বাস করে, ইলেকট্রিক আলো জ্বালায় তাদের অবস্থা আর যারা গ্রামে বাস করে তাদের অবস্থা কি এক? গ্রামবাসীদের ঘরে খাবার নাই, চালে খড় নাই, এক সন্ধ্যা উপবাস থেকে আর একসন্ধ্যা খেয়ে কোন রকমে জীবন ধারণ করে, যুক্ত ফ্রন্ট সরকার কি তাদের কোন উন্নতির ব্যবস্থা করেছেন? যে ট্যাক্স বসাচ্ছেন তা দিয়ে জনসাধরণের কি উপকার করবেন? আজ পর্য্যন্ত এই সরকার কি গ্রামের জনধাধারণের জন্য এক নয়া পয়সার কোন উপকারের ব্যবস্থা করেছেন? যদি তা না করে থাকেন, তাহলে তাদের উপর ট্যাক্স বসিয়ে তাদের দুরবস্থাকে আরও দুর্বিসহ করে তুলছেন কেন? যে বিল এনেছেন এটা গণতন্ত্র বিরোধী এবং এতেই যুক্ত ফ্রন্টের আসল স্বরূপের বহিঃপ্রকাশ হয়েছে। আজকে দেখছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কলিকাতা সহরে ১০০ খানা বাড়ী আছে। এই ট্যাক্সে (tax) আপনি এ্যাফেক্টেড হচ্ছেন না। যেহেতু তিনি কেরোসিন ব্যবহার কারেন না।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** স্যার, উনি কি বলছেন শুনুন। আপনার নাকি ১০০ খানা বাড়ী আছে? আপনি এই সব টলারেট করছেন?

**মিঃ স্পীকার:** এই সব বলে লাভ কি?

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি :** আমি যেটা বলতে চাচ্ছি সেটা হল আজকে জনসাধারণের উপর অত্যাচার করার অধিকার এই সরকারের নাই। অতএব অনুরোধ করি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যেন এই বিল প্রত্যাহার করে নেন।

[ 5-20—5-30 p.m. ]

**Shri Ram Krishna Saraogi :** मिस्टर स्पीकर सर, माननीय मुख्य मंत्री और अर्थ मंत्री ने जो सेल्स टैक्स सेकण्ड अमेण्डमेन्ट बिल सदन के सामने रखा है, मैं उसका तीव्र विरोध करता हूँ। और विरोध इसलिए करता हूँ कि प्रदेश के देहातों में जो रोशनी दिखाई दे रही है, उसे रोशनी को भी इस बिल के माध्यम से मिटाने की चेष्टा की जा रही है।

अनेक बार यहाँ पर कांग्रेस के २२ वर्ष के शासन की बात को लेकर चर्चा की जाती है। लेकिन मैं दावे के साथ यह कह सकता हूँ कि पिछले २२ वर्ष तक यहाँ जो कांग्रेसी सरकार रही थी, उसने इस बात की सदा चेष्टा की कि गाँव-गाँव के भीतर बिजली पँहुचे और हजारों-हजार गाँव को बिजली पँहुचाई भी गई। जो छोटे छोटे गाँव थे, या जिसमें किसी कारण से बिजली नहीं पँहुच सकती थी, वहाँ पर इस बात की चेष्टा की गई कि सस्ते दामों में वहाँ के निवासियों को किरासन तेल मिले। निश्चय ही कांग्रेसी सरकार ने जो व्यवस्था की थी, उसका लाभ देहात के गरीब आदमी को सबसे ज्यादा मिला लेकिन अत्यन्त क्षोभ की बात है कि उस लाभ को आज मुख्य मंत्री अपने हाथों से ही मिटाने की चेष्टा कर रहे हैं। अभी थोड़ी देर पहले एक दुसरा अमेण्डमेन्ट बिल रखा गया था उस सम्बन्ध में माननीय मुख्य मंत्री ने यह कहा था कि खादी सिल्क पर इसलिए टेक्स लगाया जा रहा है क्योंकि खादी सिल्क के पहननेवालों ज्यादातर अमीर आदमी ही होते हैं। उनका यह तर्क किसी माने में एक सीमा तक युक्ति संगत हो सकता है।

लेकिन यह जो बिल आया है, इनफीरीयर ग्रेड के किरासन तेल पर सेल्स टैक्स लगाने का, उसका असर किसी बड़े आदमी पर नहीं पड़ने वाला हैं। उसका असर तो एकमात्र गाँव के गरीब आदमियों पर पड़ेगा, जिन्हें बिजली मिली नहीं या जो बिजली जलाने में असमर्थ हैं। उनके लिए, किरासन तेल उनके जीवन के लिए एक अनिवार्य आवश्यकता है। प्रश्न रोशनी का है, अंधेरा हटाने का है पर इस बिल द्वारा फिर अँधेरा लाया जा रहा है।

तो एक बार अमीर की बात कहकर खादी सिल्क पर सेल्स टैक्स लगाया गया और दूसरी बार जब गरीब की बात आई, तब भी सेल्स लगाया जा रहा है, तो मैं जानना चाहूँगा, अपने मुख्य मंत्री से कि उनके सेल्स टैक्स लगाने

की परिभाषा क्या है? अगर अमीर आदमियों पर टैक्स लगाया जाता है, तो इसमें मुझे कुछ भी एत राज नहीं है, किन्तु गरीबों पर जब टैक्स लगा कर उनके जीवन की रोशनी को मिटाया जाता है तो किसी भी दृष्टिकोण से इसका समर्थन नहीं किया जा सकता। यह बिल साफ साफ बताया है कि सरकार गरीबों के लाभ के लिए नहीं। वह केवल टैक्स वसूल करने के फरे में है।

इसलिए मेरा निवेदन है माननीय मुख्य मंत्री से आपकी मार्फत मिस्टर स्पीकर सर, कि वे गरीब जनता की हितों को ध्यान में रखकर इस बिल को विथड्रा करलें।

**Shri Deoki Nandan Poddar :** मिस्टर स्पीकर सर, माननीय मुख्य मंत्री ने किरासन तेल के लिए जो सेल्स टैक्स सेकण्ड अमेण्डमेन्ट बिल रखा है, मैं उसके संबंध में आपके माध्यम से दो-एक बातें कहना चाहता हूँ। आज इस बिल के क्लाज टू में इन्फीरीयर ग्रेड किरासन तेल का उल्लेख जो किया गया है, मेरे ख्याल में आज भारतवर्ष में खास करके पश्चिम बंगाल में इन्फीरीयर ग्रेड किरासन तेल की सप्लाई नहीं किया जाता है। किरासन तेल का एक ही ग्रेड है।

पहले भारतवर्ष में सिर्फ दो ही तरह का किरासन तेल होता था—एक सफेद किरासन तेल और दूसरा पीले रंग का किरासन तेल। ये ही दो तरह के किरासन आयल के ग्रेड थे। सफेद किरासन आयल को सूपीरीयर ग्रेड किरासन आयल कहा जाता था और पीले रंग के तेल को इन्फीरीयर कहा जाता था। आज के युग में सात-आठ साल से मुझे जहाँ तक जानकारी है, इन्फीरीयर ग्रेड किरासन आयल को न तो वर्मा शेल, न तो इण्डियन आयल कम्पनी, न तो ई० एस. एस. ओ० और न तो कालटेक्स ही प्रड्यूस करता है। इसलिए इन्फीरीयर ग्रेड आयल मिलता किसे है? आपको किसके माध्यम से इसकी रिपोर्ट मिली है? इन्फीरीयर और सुपीरीयर ग्रेड आयल के बारे में आपको पूरी पूरी इनकामरी करानी चाहिए।

मैं माननीय मुख्य मंत्री से कहूँगा कि आज से १० साल पहले पश्चिम बंगाल के ग्रामों में इन्फीरीयर ग्रेड आयल प्रचलित था। क्योंकि इन्फीरीयल ग्रेड के तेल की दरों और सुपीरीयर ग्रेड के तेल की दरों में काफी फर्क था। किन्तु अब इन्फीरीयर ग्रेड किरासन तेल हमारे हिन्दुस्तान में रीफायनरी बनने के बाद बन्द हो गया और इसका प्रोडक्शन होना बन्द हो गया, तब इसकी खपत भी गांवो में कम हो गई। कुछ लोग बाजार में किरासन तेल की कमी हो जाने

पर इन्फीरीयर तेल बोल कर वेचते जरूर हैं। मगर वह किरासन तेल नहीं होता। दूसरे तेल को बनाकर वेचते है। मेजाल बनाकर विकता है, जब कि किरासन तेल का शार्टेज बाजारों में रहता है। भेजाल बनाकर जो किरासन तेल विकता है, वह हमारे देश में नहीं बनता है। इन्फीरीयर ग्रेड किरासन तेल केवल कहने की चीज है, उसे कोई समझता नहीं है। जो चीज बनती ही नहीं है, जिस चीज का प्रोडक्सन ही नहीं होता है, उस चीज पर सेल्स टैक्स कैसे लग सकता है ?

मैं सदन के सामने स्पष्ट शब्दों में कहना चाहता हूँ कि किसी भी आयल कम्पनी में इन्फीरीयर किरासन वोलकर नहीं मिलता है। वहाँ कोई इन्फीरीयर ग्रेड किरासन वोलकर बनता ही नहीं है। जब इन्फीरीयर ग्रेड किरासन का प्रोड्यूस ही नहीं होता है, तो इस विल को सदन के सामने रखना कहाँ तक युक्ति संगत है ? जिस चीज पर टैक्स लगाया जा रहा है, वह कमोडीटीज जब हमारे देश में बनती ही नहीं है, तो किस कमोडीटीज पर सेल्स टैक्स लगायेंगे ?

इसलिए मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम से प्रार्थना करता हूँ कि माननीय मुख्य मंत्री इसका क्लेरीफीकेशन सदन के सामने करें।

[5-30—5-40 p.m.]

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা ছোট্ট বিল। মাননীয় সদস্য নলিনাক্ষ্য বাবু জিজ্ঞাসা করেছিলেন যে এর রেট কত, এর রেট হলো শতকরা পাঁচ টাকা। এতে ৬৫ লক্ষ টাকা আদায় হবে। আমরা ট্যাক্স করছি গরীবের উপর, আপনারা তো কেঁদে ভাসিয়ে দিলেন। কিন্তু আপনাদের সেণ্ট্রাল গভর্ণমেণ্ট, তাঁরা পার কিলো লিটার ১৬৫ টাকা ২৫ পয়সা করে এক্সাইজ ডিউটি আদায় করেন। এটা করেছিলেন ১/৩/৬০ তারিখে এখন সেটা বাড়িয়ে ২০৫ টাকা ২৫ পয়সা ৩০/১/৬৯ তারিখে, আর আমরা ফাইভ পার্সেণ্ট বাড়াতে আপনাদের চোখ দিয়ে কেরোসিন বেরোচ্ছে। ইনফিরিয়ার, সুপিরিয়র, ইংরাজী নাম যাই হোক, গ্রামেতে লাল কেরোসিন বেশী ব্যবহার করে গরীব লোকেরা। আমরা গ্রামে থাকি, গ্রামে চিরকাল কাজ করেছি, এটা আমরা জানি। যাহোক সাদা তেল গরীব লোকেরা ব্যবহার করে না তা নয়, স্কুলের ছেলেদের রাত্রে পড়া-শুনা করতে হলে, লাল তেলে পড়া যায় না, সাদা তেল ব্যবহার করতে হয়, সেটা স্বীকার করি এবং তাতে ট্যাক্স করছি, এটা আমরা বুঝেই করছি। কিন্তু আমরা যদি আজকে ট্যাক্স না করি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট তো বাড়িয়েই চলেছে, ওরা আবার আর এক কিস্তি বাড়িয়ে দিলে কিছু বলবার নেই। কিন্তু আমরা যদি কিছু বাড়িয়ে রাখি, ওরা আবার বাড়াতে গেলে এটা বাদ দিয়ে বাড়াতে হবে। সেণ্ট্রাল গভর্ণমেণ্ট টাকা নিচ্ছেন, আমরা কিছু নিয়ে নিলাম, এতে আপনাদের কি আপত্তি থাকতে পারে বুঝতে পারছি না। আমরা গরীবের জন্য কি করেছি না করেছি, কি কনস্ট্রাকটিভ ওয়ার্ক করেছি না করেছি সেটা বাজেট আলোচনার সময় দফায় দফায় জবাব দেবো। সুতরাং এই সামান্য ব্যাপার নিয়ে আপনাদের সময় নিতে চাই না। আমার কাছে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের এক্সসাইজ ডিপার্টমেণ্টের কাগজ পত্র আছে যে তাঁরা কত করে রেট করেছেন।

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970, be taken into

*consideration, was then put and a division taken with the following* results :

**AYES—71**

Abdul Haque, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Baksh, Shri Mohammed Karim
Bakshi, Shri Monoranjan
Bandopadhaya, Dr. Gopal
Bandopadhayaya, Shri Amiya Bhusan
Banerjee, Shri Subodh
Basu, Shri Abinash
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Bera, Shri Sasabindu
Bhaduri, Shri Panchugopal
Bhandari, Shri Nitai
Bhattacharya, Shri Nani
Bhattacharyya, Shri Satyapada
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Jatin
Chatterjee, Shri Ram
Chattoraj, Dr. Radhanath
Choudhury, Shri Soroshi
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Dey, Shri Tarapada
Dingal, Dr. Gobardhan
Franklin, Shri Leslie Henry
Ghosh, Shri Sambhu Charan
Ghosh, Shri Bireswar
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Gurung, Shri Nandalall
Halder, Shri Renupada
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Laha, Shri Mihir Kumar
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Mahata, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Majhi, Shri Gobardhan
Malik, Shri Basudeb
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Subal Chandra
Mitra, Shrimati Ila
Mitra, Dr. Sunil Kumar
Mondal, Shri Ramgati
Mukherejee, Shrimati Protiva
Mundle, Shri Salil Behari
Naskar, Shri Sundar Kumar
Ojha, Shri Samarendra Nath
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Dwarika Prosanna
Roy. Shri Gokulananda
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Satya Priya
Rudra, Shri Samar Kumar
Saha, Shri Abani Kumar
Sahadat Hossain, Shri S.
Samanta, Shri Gouranga
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Sasthidas
Soren, Shri Bhabatosh

**NOES—23**

Abedin, Dr. Zainal
Ahmed Attabuddin, Shri
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit
Barman. Shri Syama Prasad
Chowdhury Abdul Karim, Shri
Ekramul Haque, Dr. Md.
Gyan Singh Sohanpal, Shri
Harunur Rashid, Shri
Lakra, Shri Denis
Majhi, Shri Budheswar
Md. Sohorab, Shri
Naskar, Shri Narayan
Podder, Shri Deokinandan
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Sanyal, Dr. Nalinaksha
Sinha, Kumar Jagadish Chandra
Surat Ali Khan, Shri
Tirkey, Shri Iswar Chandra
Tudu, Shri Budhan Chandra

**The Ayes being 71 and the Noes 23, the motion was carried.**

[ 5-40—5-50 p.m, ]

### Clauses 1, 2, 3 and Preamble

The question that Clauses 1, 2, 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :** Sir, I beg to move that the Bngal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদীন :** স্যার, সমস্তটা দেখছি অন্য দিক থেকে। পল্লী অঞ্চলে একমাত্র কেরোসিনই হচ্ছে আলোকিত করার ব্যবস্থা। তার যদি দাম এইভাবে বাড়িয়ে দেন তাহলে প্রচ্ছন্নভাবে ঐ ডাকাতদেরই সাহায্য করবেন। সাধারণ মানুষের কোন সাহায্য হবে না, কেরোসিন সাধারণ মানুষের নাগালের বাহিরে চলে যাবে। সেইজন্য বলছি যে আপনি আবার চিন্তা করুন, আপনি প্রবীন গান্ধীবাদী মানুষ, আপনার উপর নির্ভর করে পল্লী অঞ্চলের সাধারণ মানুষ বসে আছে। সেখানে কেরোসিনই একমাত্র আলোকিত করার ব্যবস্থা, সেখানে ইলেকট্রিসিটি নেই, এই আলোর উপর যদি খাড়া পড়ে যায় তাহলে সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাবে এবং ডাকাতদের আরো সুবিধা করে দিচ্ছেন। সুতরাং এর আগে আপনি যে আন্তরিকতা নিয়ে গুণ্ডাবাজি রাহাজানি বন্ধ করার জন্য অনশন সত্যাগ্রহ করেছিলেন তার সঙ্গে এটার সঙ্গতি থাকছে না, বানচাল হয়ে যাচ্ছে। সেজন্য বলছি বাংলা দেশের আপনি একজন মহান নেতা আপনি এ দিকটা চিন্তা করে তারপরে এই জাতীয় ট্যাক্সের কথা চিন্তা করবেন।

The motion of Shri Ajoy Kumar Mukhopadhayaya that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

### The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1970

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :** Sir, I beg to introduce the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill).

Sir, I place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, in the context of the present financial difficulties of the State it is of paramount importante that all possible sources should be tapped for maximum mobilisation of resources so that the State may meet its increasing commitments both on account of plan schemes and growing non-plan expenditure. With a view to achieving the above object a Cabinet Committee on Resources has been set up. The Committee has made several recommendations for raising additional revenue. To give effect to the aforesaid recommendations the State Government undertook the following measures :—

An additional taxation by promulgation of Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Ordinance, 1969 (West Bengal Ordinance XV of 1969) on the 15th November, 1969 as the Legislature was not in session at that time. Rate of Tax on all retail sales of motor spirit having a flashing point below 24.4 degree centigrade (except aviation spirit) has been enhanced from 12 p. per litre to 15 p. per litre and that of motor spirit having a flashing point at or above 24.4 degree centigrade (except avia-

tion spirit) has been enhanced from 9 p. per litre to 10 p. per litre. Sir, the rate of tax on all reatail sales of motor spirit required for use as fuel in aircrafts has been fixed at 12 paise per litre. The yield from these measures was calculated to be Rs. 1 crore per annum.

To continue the provisions of an Ordinance it is necessary to convert it into an Act of Legislature within six weeks from its reassembly in terms of Article 213 (2) (a) of the Constitution of India. At this stage it ss, therefore, necessary to convert the West Bengal Ordinance No. XV of 1969 into an Act of the Legislature.

Sir, I beg to move that the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1970, be taken into consideration.

I have just read out a statement under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly explaining therein the purpose of promulgation of the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Ordinance, 1969. I have alreaday stated that the rate of tax on sale of motor spirit having a flashing point below 24.4°C (except aviation spirit) has been raised from 12 p. per litre to 15 p. per litre and that on sale of motor spirit having a flashing point at or above 24.4°C (except the aviation spirit) has been enhanced fron 9 p. per litre to 10 p. per litre. While petrol falls within the first category of motor spirit, diesel falls within the second category. Considering that diesel is widely used in running irrigation pumps, industrial machines and passenger and goods transport, the level of taxation on diesel oil has been kept much lower than for petrol. Prior to the promulgation of the Ordinance, the State Government had to realise tax on sales of major portion of the aviation spirit at the rate of 9 p. per litre which was applicable to diesel oil while only a minor portion of aviation spirit consumed was taxed at 12 p. per litre. By the Ordinance, level of sales tax on all types of aviation spirit was fixed at 12 p. per litre. Use of motor spirit and aviation spirit is confined to the richer section of the people. Thus, raising the rate of sales tax on some types of aviation spirit and also on motor spirit will have very little direct effect on common men.

I want to take this opportunity to impress upon the Honourable Members the absolute neceessity of raising additional resources with which we are faced today. As the Honourable Members are aware, the State Budget for 1969-70 revealed a deficit of about Rs. 54 crores, several post-budget liabilities had to be undertaken by the Government in the interest of the State. It is in this context and in view of the urgency of the matter that the State Govt. had to promulgate the West Bengal Ordinance No. XV of 1969.

I hope that I have been able to give the Honourable Members an idea of reasonableness of this tax measure. I am sure in the present context the Bill to continue the provisions of the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Ordinance, 1969, will receive full support of all sections of this House.

The object of this Bill is to continue the provisions of the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Ordinance, 1969. No additional expenditure is envisaged for giving effect to the provisions of this amending Bill.

With these words, I commend my motion for acceptance of the House.

**ডঃ মণিনাক্ষ্য সাম্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে সংশোধনী প্রস্তাব মটর স্পিরিটের ট্যাক্স বাড়াবার জন্য মুখ্যমন্ত্রী মহোদয় উপস্থিত করেছেন তার বিরোধীতা করছি নীতিগতভাবে নয়। এটার বিরোধীতা করতে গিয়ে এই আইনটার মধ্যে যে অসংগতি থেকে গিয়েছে তার দিকে দৃষ্টি আকর্ষণ করার জন্য প্রধানত আমার বক্তব্য রাখতে চাই। ইতিপূর্বে আমাদের মাননীয় সদস্য শ্রীসন্তোষ রায় মশাই এই রকম যেসব জিনিষ তার উপর ট্যাক্স করবার ব্যাপারে আমাদের মতামত আপনার কাছে জানিয়েছেন। সেটা হচ্ছে এই যে, যে জিনিষ শুধুমাত্র বড়লোকরা ব্যবহার করে তার উপর ট্যাক্স বসাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু এখানে কয়েকটি জিনিষ আমাদের লক্ষ্য করবার রয়েছে। মটর স্পিরিট শুধু কয়েকজন শিল্পপতি বা বড় সরকারী চাকুরিয়া বা দু-চার জন জনসাধারণের সেবক অর্থাৎ মন্ত্রী বা এম. এল. এ.-রা যে ব্যবহার করে থাকেন তা নয়। আজকাল বাংলাদেশের বহু জায়গা আছে যেখানে জনসাধারণের পক্ষে যাতায়াতের একমাত্র উপায় হচ্ছে পাবলিক মটর ট্রান্সপোর্ট সিস্টেম। আমার নির্বাচন কেন্দ্র করিমপুর থেকে নিয়ারেষ্ট রেলওয়ে ষ্টেশন হচ্ছে ৫০ মাইল দূরে। সেখান থেকে যাতায়াতের বা মাল পরিবহণের একমাত্র উপায় হচ্ছে লরি এবং মটর বাস। বর্তমানে তাদের এত খরচ বেড়েছে বলে তারা সর্বদাই আরও বেশি করে ভাড়া বাড়ানোর প্রচেষ্টায় থাকেন। আমাদের ভয় সরকারের এই ট্যাক্সের পর সাধারণ লোকের যাতায়াতের খরচ খুব বাড়িয়ে দেওয়া হবে। মটর স্পিরিট থাকাতে অনেকে মনে করছেন এটা শুধু বুঝি পেট্রোলের উপর প্রযোজ্য। কিন্তু যে ভাবে ফ্ল্যাশিং পয়েন্টের নীচে এবং উপরের কথা লেখা হয়েছে তাতে মনে হয় এটা ডিজেল অয়েল শুদ্ধ কভার করেছে। যদি তা না করে, মাননীয় মুখ্যমন্ত্রী সেটা পরিষ্কার করে দেবেন।

(শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: তা করে না।)

তার নীচে পর্যন্ত দেওয়া হয়নি। ওটা আপনি একটু ভেরিফাই করে নেবেন। এই ডেফিনেশনটা ডিজেল তেলে যাচ্ছে কিনা সেটা আমার একটু খটকা লাগছে। দ্বিতীয়তঃ যে জিনিষটা আমার কাছে অসহ্য মনে হচ্ছে সেটা হচ্ছে এই, সাধারণ মটর কার-এর ক্ষেত্রে পেট্রোলের করছেন ১৫ পয়সা পার লিটার ১২ পয়সার, জায়গায়, কিন্তু সত্যিকার যারা বড়লোক, যারা এরোপ্লেনে করে যায় তাদের জন্য এরোপ্লেনে স্পিরিটের ক্ষেত্রে তার দাম কম রাখছেন। সেখানে রিটেল ট্যাক্স যেটা motor spirit required for use in aircraft সেটাকে ১২ পয়সা করছেন।

[ 5-50—6-00 p.m. ]

এর সঙ্গত কারণ কি তা আমি ঠিক বুঝে উঠতে পারছি না। শুধু তাই নয় আবার দেখছি ফ্ল্যাশিং পয়েন্ট বিলো 24.4. p.c. Centigrade যেটা রয়েছে সেটা ১২ থেকে ১৫ পয়সা করে তোলা হচ্ছে, কিন্তু ফ্ল্যাশিং পয়েন্ট যেটা ২৪'৪ আছে একসেপ্ট এ্যাভিয়েশন স্পিরিট সেখানে ৯ পয়সা থেকে ১০ পয়সা পার লিটার করা হচ্ছে। এটা কোন তেল? এটা কি ডিজেল?

(শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়: হ্যাঁ, ডিজেল।)

সুতরাং ডিজেল তো কভার করছে। কাজেই আগেরবার যেটা বলেছিলেন সেটা ঠিক নয়। আমি মনে করেছিলাম মটর স্পিরিটের ক্ষেত্রে পেট্রোল এবং ডিজেল দুই করা হয়েছে। তবু অনুগ্রহ করে ডিজেলের বেলায় রেট অফ এনহান্সমেন্টটা একটু কম রেখেছেন সেটা যুক্তির দিক থেকে ন্যায্য বলে স্বীকার করি। কিন্তু এ্যাভিয়েশন স্পিরিটের বেলায় এত কম হবে কেন? যারা এরোপ্লেনে যেতে পারেন সামর্থ আছে তাদের ভাড়া বেড়েছে, তারা আরও ভাড়া দেবেন। যে পর্য্যায়ের লোকেরা এরোপ্লেনে যায় ছোটে উচ্চপদস্থ কর্মচারী বা মন্ত্রীরা বা বড় বড় ব্যবসায়ী প্রতিষ্ঠানের এক্জিকিউভ অফিসাররা তারা বেশী পয়সা দেবেন। অথবা ট্রেড ইউনিয়ন নেতা যারা, যারা পরের মাথায় কাঁঠাল ভেঙ্গে খাচ্ছেন তারা না হয় আরও বেশি দেবেন। এটা কেন হল তাই আমি ঠিক বুঝে উঠতে পারছি না।

কাজেই দুটো কারণের জন্য এই বিল সেজন্য প্রতিবাদ করতে বাধ্য হচ্ছি। একটা হচ্ছে ডিসক্রিমিনেটরি ট্রিটমেণ্ট—মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় আপনিও নিশ্চয় জানেন যে আজকে সকালের কাগজে দেখলাম যে সরকারের অত্যন্ত সদিচ্ছা থাকা সত্ত্বেও কোন ডিসক্রিমিনেটরি ট্রিটমেণ্ট সরকার যদি করেন দুই শ্রেণীর লোকের মধ্যে তাহলে সুপ্রীম কোর্টের খড়্গ আছে। আমরা সেই সুপ্রীম কোর্টের খড়্গ আপনার ঘাড়ে চাপাতে চাইনা। আপনি যদি ট্যাক্স বাড়ান তো দুজনেরই বাড়িয়ে দিন তাতে আমাদের আপত্তি নাই। কিন্তু আপনার এই বিল সাধারণত ট্যাক্সের যে রেট সরকার বলেন তাকে বাড়িয়ে দেবার ক্ষমতা আমাদের এ্যামেণ্ডমেণ্ট দিয়ে করা যায় না। আমি বলব এই দুটোকে এক রেট করে দিন। ১২ পয়সা করে যদি লিটারে পেট্রোলে করে থাকেন তাহলে যেটা সাধারণ লোক গাড়ী ব্যবহার করে তাদের থাক এবং ১২ পয়সা এ্যাভিয়েসান পেট্রোলের উপরও দিন। যেটা ডিজেল সেটাকে বাদ দিতে অনুরোধ করছি। এক পয়সা করে আর কত ইনকাম বাড়বে। তাহলে সুদূর পল্লীর লোকেরা যারা পাবলিক ট্রান্সপোর্ট সিসটেম ব্যবহার করে তাদের শুধু অসুবিধা হবে তা নয়, এই ডিজেল ব্যবহার করে চাষীরা এবং অন্যান্য জায়গায় যেখানে টিউবওয়েল প্রচলন হয়েছে তাদের পাম্পে ডিজেল ব্যবহার করতে হয়। সুতরাং আমি বলব যে এই বৈষম্যমূলক ট্যাক্স দূর করুন। তা না হলে এই বিলের প্রতিবাদ করতে বাধ্য হব।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমাদের গ্রামাঞ্চলে মোটর বাসে লোকে যাতায়াত করে এবং ট্রাকে করেও মাল-টাল বহন করা হয়। সেইজন্য মাত্র ডিজেলে এক পয়সা রেখেছি, আর তিন পয়সা রেখেছি পেট্রোলে—এই বাবুরা যে সমস্ত গাড়ীতে চড়ে। একটা কথা নলিনাক্ষ্যবাবু ঠিকই ধরেছেন যে এ্যাভিয়েসান স্পিরিটে অর্থাৎ এরোপ্লেনে যে স্পিরিট ব্যবহার করা হয় সেটা ৯ থেকে ১২ পয়সা কেন বাড়ানো হল, এটা আরো বেশী বাড়ানো যেতে পারতো কারণ যারা এরোপ্লেনে চড়ে তারা ভাড়া অনেক বেশী দেয়। কিন্তু এর একটা অসুবিধা আছে যে বেশী বাড়ালে বাংলার বাইরে থেকে তারা তেল নিয়ে আসবে, অন্য জায়গা থেকে হয়ত প্লেনে তেল ভরে নেবে অর্থাৎ এখানটাকে এড়বার চেষ্টা করবে। তা হলে টোট্যাল ট্যাক্স কমে যাবে। সেইজন্য আশে পাশের ট্যাক্সের সংগে সামঞ্জস্য রেখে আমরা বেশী বাড়াতে পারিনি তিন পয়সা বাড়িয়েছি।

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1, 2 and 3

The question that Clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Ajoykumar Mukhopadhyaya :** Sir, I beg to move that the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

**ডঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন আজকাল কথায় কথায় আগুন লাগিয়ে দাও, লুঠতরাজ কর ইত্যাদি পেট্রোল ছাড়া হয়না। ঐসব দুবৃত্ত দলের বিরুদ্ধে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনশন করেছিলেন এবং আমি যে কলিং এ্যাটেনশান দিয়েছিলাম তাতে, ঐ জার্মানি কনসাল জেনারেলের ওয়াইফের গাড়ী থেকে জোর করে তারা পেট্রোল নিয়ে নিয়েছিল, মারধোর করেনি এই রক্ষে। মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় এই জবাব দিয়েছিলেন। আপনি কি

পেট্রোল যাতে সহজলভ্য না হয় বা কথায় কথায় বাড়ীতে আগুন লাগাতে না পারে এটাও কি পেট্রোলের দাম বাড়ানোর উদ্দেশ্যের মধ্যে ছিল, যদিও তা আপনি এখানে বলেন নি।

আমার বক্তব্য হচ্ছে মাননীয় উপমুখ্যমন্ত্রী বাইরে কিছুই থামাতে পারছেন না। গণ্ডগোল এইসব বাইরে কমাতে হলে আপনি আরো বিবেচনা করে দেখুন, কথায় কথায় যারা গাড়ি থামিয়ে পেট্রোল কেড়ে নেয় মানুষের ধনসম্পত্তি বাড়ীঘর ইত্যাদি পোড়াবার জন্য, এটা যাতে কম হয় তার ব্যবস্থা আপনি করুন। পেট্রোলের দাম বাড়িয়ে দিলেন ভাল কথা, কিন্তু এই সাথে কিছু পাহারার ব্যবস্থা করুন। যদি সে ব্যবস্থা করতে না চান, তাহলে দাম বাড়িয়ে ওদের আপনি ক্ষান্ত করতে পারবেন না—লুটতরাজ ও বাড়ী ঘর জ্বালানো থেকে। আপনার যে সতর্ক দৃষ্টি আছে প্রশাসনের উপর, তা আরো তীব্রতর করবার জন্য ঐ ব্যবস্থা গ্রহণ করতে আপনাকে অনুরোধ করছি।

[6-00—6-10 p.m.]

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1970, as settled in the Assembly be passed, was then put and agreed to.

**The Bengal State Aid to Industries (Amendment) Bill, 1970.**

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Speaker, Sir, I beg to introduce the Bengal State Aid to Industries (Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the Bengal State Aid to Industries (Amendment) Bill, 1970, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, এটা নূতন কোন বিল নয়। ১৯৬৮ সালের ২৮শে নভেম্বরে President Act হিসেবে এই আইনটি চালু ছিল। সেটাকে আমি নূতন করে এই বিধান সভায় আনছি এবং President Act মধ্যে ছিল Board of Industries এতে শুধু Director of Industries, ex-officio member থাকবেন। এই Director of Cottage and Small Scale Industries—এই বোর্ডের মেম্বার ছিলেন না। তাঁকে এখন Director of Industries-র স্থলে Board of Industries-এর মেম্বার করার জন্য এরমধ্যে Provision করা হয়েছে।

(At this stage Mr. Speaker left the Chair and Srimati Ila Mitra presided as Chairman.)

**ডঃ মণিমাক্ষ্য সান্যাল :** মাননীয় সভানেত্রী মহোদয়া, আমাদের পক্ষে সরকারের কোন বক্তব্য সরাসরি গ্রহণ করবার পূর্বে একটু যাচাই করে নেওয়া দরকার। এখানে বিলটা এমন ভাষায় আনা হয়েছে—যেন সম্পূর্ণ নিরপরাধ বিল, এর মধ্যে কিছুই নাই। বলা হলো Director of Industries—তিনি অন্যতম সদস্য ও Cottage Industry-র যিনি Aditional Director, সেখানে তার নাম দেওয়া দরকার তাঁর পরিবর্তে। তা যদি হয় তাহলে সরাসরি Aditional Director-কে বোর্ডের মেম্বার করা হলো বলে দিলেই তো সে উদ্দেশ্য সফল হতো। আমার ভয় হচ্ছে দেখে যে তাকে বাদ দিয়ে সরকার পক্ষ তাঁদের নিজেদের কোন পেটোয়া লোককে দিয়েও দিতে পারেন। যদি টাকা পয়সার লেনদেনের ব্যাপার আছে সেখানে যে নিজেদের পকেটস্থ লোক না দিলে চলবে না। শুধু Pratronage-ই নয়, patronage ছাড়াও কিছু সুলভে হয় না—এই ভয়ও আমার মনে হচ্ছে।

কারণ আমরা দেখছি যে অন্য এক মন্ত্রীমহাশয় হাসছেন (শ্রীসত্যপ্রিয় রায়কে উদ্দেশ্য করিয়া), যিনি আমাদের সামনে বসে আছেন—শিক্ষাবিভাগে তিনি যেভাবে সর্বত্র তাঁর জাল বিস্তার করেছেন

ঐ সুযোগ নিয়ে আমরা চাই না তদনুরূপ জাল বিস্তার অন্যত্র হবে। অন্তত: আমাদের বিশ্বাস তিনি যে দলের জন্য চেষ্টা করেছেন মাননীয় মন্ত্রীমহাশয় সেই দলের সেই নীতি অনুসরণ করবেন না। এটুকু অন্তত: আমরা আশা করতে পারি, কিন্তু আইন যখন বদলাচ্ছে তখন কখন কার হাতে গিয়ে পড়ে, সেটা কি খড়্গা হয়ে ঘাড়ে পড়বে কিনা সেটা বলা যায় না। কাজেই আমি বলতে চাই এইরকমভাবে ব্যাপক ক্ষমতা নেয়ার দরকার কি ছিল? যদি ওয়ান মেম্বার বিয়িং ইন দি সার্ভিস অব দি গভর্ণমেণ্ট না বলা হত তাহলে ভাল হত। যদি দরকার মনে করেন যে বিভাগীয় সম্পাদককে রাখতে হবে তাহলে সরাসরি তাঁর নাম করে দিলেই হত, কিন্তু এই যে দ্ব্যর্থবোধক ব্যবস্থা করা হচ্ছে এটার প্রয়োগ অন্তত: নানা রকমে হতে পারে বলে আমার ভয় হচ্ছে। আজ সকালবেলাকার কাগজে আমরা দেখেছি যে, মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় অনেকগুলি পুলিশের চাকরীর যেসব লোক নিয়োগের ব্যবস্থা হয়েছে ৫৭/৫৮ জন তার প্রত্যেকটি যাচাই করে দেখতে চান এই জন্য যে সেখানে যে কমিটি নিয়োগ করা হয়েছিল বাছাই করার জন্য, সেই বাছাই করার কমিটির মধ্যে একজন তাঁদের বশংবদ সেক্রেটারী পর্যায়ে লোককে ঢুকিয়ে দেয়া হয়েছিল যা কখনও হয় নি। এখানে যদি বুঝতাম যে ঐ রকম কোন মতলব নেই, অন্তত: সেটার যদি প্রতিশ্রুতি আমরা পাই তাহলে আশ্বস্ত হই। ধরুন, যেখানে লক্ষ লক্ষ টাকা শিল্পে সাহায্যের জন্য দেবার কথা সেই রকম জায়গায় আত্মীয় পরিপোষণ-এর সম্ভাবনা বেশী থাকে। কাজেই এইসব বিষয়ে আমাদের সাবধান হওয়া দরকার বলেই আপনার কাছে নিবেদন করছি যে আপনি এ সম্বন্ধে একটু পরিষ্কার জানিয়ে দিন যাতে এই বিলের আওতায় আর কিছু না আসতে পারে—তাহলে আমরা একটু আশ্বস্ত হতে পারি।

**শ্রীসুবোধ গোপাল গুহায়েত:** মাননীয়া অধ্যক্ষ মহোদয়া, এই যে বিল আনা হয়েছে এটার ষ্টেটমেণ্ট অব অবজেক্টস য়্যাণ্ড রিজিন্স-এর এটা বলা হয়েছে In order to have the Director, Cottage and Small Scale Industries as a member of the Board ot Industries in place of Director of Industries, it was necessary to amend the relevent section. এতে আপত্তি করবার কিছু নেই—ডাইরেক্টর অব ইনডাষ্ট্রিজের জায়গায় ডাইরেক্টর অব কটেজ য়্যাণ্ড স্মল স্কেল ইনডাষ্ট্রিজ বোর্ড অব ইনডাষ্ট্রিজের মেম্বার হবেন। সুতরাং এই বিলকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি, কিন্তু আমার শুধু একটা প্রশ্ন হচ্ছে এই যে ডাইরেক্টর অব ইনডাষ্ট্রিজের জায়গায় ডাইরেক্টর অব কটেজ য়্যাণ্ড স্মল স্কেল ইনডাষ্ট্রিজ করা হল কিন্তু ওঁকে ঢুকাবার বন্দোবস্ত করা হল না কেন। ডাইরেক্টর অব ইনডাষ্ট্রিজও মেম্বার থাকবেন এটা করলে ভাল হত কিন্তু এখানে দেখা যাচ্ছে যে তিনি বাদ হয়ে গেলেন। তাঁকে বাদ দেবার কি কারণ থাকতে পারে? কাজেই তাঁকে যাতে মেম্বার রাখা হয় সেই মর্মে একটা ব্যবস্থা করা উচিত বলে আমি মনে করি। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীশম্ভু চরণ ঘোষ:** মাননীয়া অধ্যক্ষা, ডঃ সান্যালকে একজন প্রবীন, বিচক্ষণ পার্লামেণ্টারীয়ান বলেই জানি। আমি মনে করেছিলাম যে তিনি হয়ত বিলটা ভালভাবে পড়েননি, কিন্তু তিনি এই বিলটা ভালভাবে পড়েন নি। কারণ এই যে য়্যামেণ্ডমেণ্ট আনা হচ্ছে এতে আমি নূতন কিছু আনছি না—২৮শে নভেম্বর ১৯৬৮ সালে অর্থাৎ রাষ্ট্রপতির শাসনের আমলে এই বিলটা ছিল। এই সন্দেহ যদি থাকে সেটা ধরমবীরের মনে ছিল। আমি সেটা উইদাউট এনি মডিফিকেসান রি-এনএ্যাক্ট করতে যাচ্ছি। এইজন্য করছি যে আমরা বেঙ্গল ষ্টেট এড টু ইনডাষ্ট্রি এ্যাক্টকে সম্পূর্ণ নূতনভাবে ঢেলে সাজিয়ে এই বিধানসভায় আনার চেষ্টা করছি। সেইজন্য এটার কোন মডিফিকেসন করিনি, সেই প্রেসিডেণ্ট এ্যাক্টকে ২৪শে ফেব্রুয়ারী ৭০ সালে যদি রি-এনএ্যাক্ট করতে না পারি তাহলে বিলটার ভ্যালিডিটি থাকে না। সেইজন্য শুধুমাত্র এটার রি এনএ্যাক্ট করার জন্য এটা বিধানসভায় এনেছি। মাননীয় সদস্য যে কথা বলেছেন যে ডিরেক্টর অব ইনডাষ্ট্রিজ-এর জায়গায় ডিরেক্টর অব কটেজ ইনডাষ্ট্রি কেন আনলাম। আগে ডিরেক্টর অব কটেজ ইনডাষ্ট্রি, ডিরেক্টর অব

ইনডাষ্ট্রি আণ্ডার কমার্স এ্যাণ্ড ইনডাষ্ট্রি এবং কটেজ এণ্ড স্মল স্কেল ইনডাষ্ট্রির মধ্যে ছিল এবং এটা ১৯৩১ সালের আইন। পরবর্তীকালে কটেজ এণ্ড স্মল স্কেল ইনডাষ্ট্রি পৃথকীকরণ হলে তখন এর প্রয়োজনীতা দেখা দিয়েছিল। তার কারণ, বেঙ্গল ষ্টেট এড টু ইনডাষ্ট্রিজ এ্যাক্ট অনুযায়ী যে অনুদান বা ঋণ দেওয়া হয় সেটা হচ্ছে ক্ষুদ্র শিল্পে নিযুক্ত ইণ্টারপ্রেনারদের দেওয়া হয় এবং সেই হিসাবে ডিরেক্টর অব ইনডাষ্ট্রি থাকার কোন প্রয়োজন নেই, যখন পৃথকীকরণ হয়ে গেছে তখন ডিরেক্টর অব স্মল স্কেল ইনডাস্ট্রি এই জায়গায় আসা উচিত। সেই হিসাবে সংশোধিত হয়েছিল ১৯৬৮ সালে এবং সে প্রেসিডেণ্ট এ্যাক্টকে রি-এনএ্যাক্ট করার জন্য এই বিলটি এখানে আনা হয়েছে।

[ 6-10—6-13 p.m. ]

The motion of Shri Sambhu Charan Ghose that the Bengal State Aid to Industries (Amendment) Bill, 1970, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1, 2, 3 and the Preamble.

The question that Clauses 1, 2, 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghose :** Sir, I beg to move that the Bengal State Aid to Industries (Amendment) Bill, 1970, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 6-13 p.m. till 1 p.m. on Thursday, the 12th February 1970, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 12th February, 1970, at 1 p. m.

PRESENT:

Mr. Speaker ( Shri BEJOY KUMAR BANERJEE ) in the Chair, 15 Ministers, 1 Minister of State and 152 Members.

## STARRED QUESTIONS

( to which oral answers were given )

[ 1-00—1-10 p.m. ]

### কুটির শিল্পের উন্নতির জন্য বিদ্যুৎ সরবরাহ

*48. ( Admitted question No. *40. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কুটির শিল্পের উন্নতির জন্য বিদ্যুৎশক্তি সরবরাহের বিশেষ ব্যবস্থা করা হইয়াছে কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কি কারণে সরকার এরকম সিদ্ধান্ত নিয়েছেন যে কুটিরশিল্পের উন্নতির জন্য বিদ্যুৎ শক্তি সরবরাহ করা হবে না ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** কুটিরশিল্পের জন্য ১৯৬৮ সাল পর্যন্ত সাবসিডি দেওয়া হত, কিন্তু তারপরে এটা বন্ধ করা হয়েছে। আগে যাঁরা ছিলেন তারপরে ২ বছর তাঁরা ছিলেন বা আমরা এখনও পর্যন্ত সে বিষয়ে নতুন কোন সিদ্ধান্ত নিতে পারি নি। কারণ তারমধ্যে প্রায় ১০ লক্ষ টাকা অনাদায়ী থেকে গিয়েছে এবং সেটা আমাদের পক্ষে খুব একটা অসুবিধাজনক, সেই কারণে এটা দেওয়া সম্ভব হয়না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে সমস্ত জায়গায় কুটিরশিল্পের বড় বড় ঘাঁটি আছে সেই সমস্ত জায়গায় যদি বিদ্যুৎশক্তি সরবরাহের ব্যবস্থা থাকে তাহলে সেখানে আমাদের কুটিরশিল্পকে বিদ্যুৎ সরবরাহ করতে কোন অসুবিধা আছে কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** এমনিতে আমাদের কোন অসুবিধা নেই কেবল ট্যাকে কড়ি থাকলেই হল, সেই কড়ি আমাদের নেই। ওখানে এক্সটেনশান দিতে গেলে ঠিক মত টাকা পয়সা পাওয়া গেলে ঠিক হয়। তবে আপাততঃ আমরা কৃষির দিকেই বেশী মনোযোগ দিয়েছি এবং কৃষিতে বিদ্যুৎ শক্তি সরবরাহের পরিকল্পনা নেওয়া হয়েছে, কুটিরশিল্পে সেরকম নেওয়া হয়নি। মাননীয় সদস্য যদি কোন ক্ষেত্রের কথা জানাতে পারেন তাহলে আমরা চেষ্টা করে দেখতে পারি দেওয়া যেতে পারে কিনা।

**শ্রীঅমলেন্দ্র লাল রায় :** মুর্শিদাবাদ জেলায় মির্জাপুর ও ইসলামপুরে কুটিরশিল্পের দুটি বড় বড় ঘাঁটি আছে। এখানে বিদ্যুৎ সরবরাহ হলে কুটির শিল্পের ব্যাপক প্রসার হতে পারে। আর এর মধ্যে ইসলামপুরে করাটা কঠিন নয় কারণ সেখানে পাশ দিয়েই ইলেকট্রিকের তার

চলে গিয়েছে। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রীমহাশয় এরকম কোন প্রতিশ্রুতি দিতে পারেন কিনা যে যদি সম্ভব হয় তাহলে কুটির শিল্পের প্রসারের জন্য এই দুটি জায়গায় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হবে ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** আমি যতদূর জানি মাননীয় সদস্য টেকনিক্যাল লোক নন বা আমিও নই। কাজেই সেই কারণে আমি বলতে চাই যে তার চলে গেলেই অনেক সময় দেওয়া যায় না। এই প্রসঙ্গে আমার বৈষ্ণব পদাবলির একটা জায়গা মনে পড়েছে—"আমার বধু আনবাড়ী যায় তোমার আংগিনা দিয়া"—কাজেই অনেক সময় কারুর বাড়ীর উপর দিয়ে গেলেও নামানো যায় না। তা ছাড়া ছোট খাট কম শক্তিশালী লাইনও টানতে হয়, তারজন্য বেশ খরচ হয়। তবে এটা বলতে পারি বিশেষ ক্ষেত্র ইসলামপুর বা আর একটা জায়গার কথা যা বললেন সেখানে কুটিরশিল্পের জন্য যদি আপনি জানান বা সেখানকার লোকেরা যদি আপনার রেকমেনডেসান সহ জানান তাহলে আমরা নিশ্চয় ভেবে দেখবো।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বিশেষ বিশেষ ক্ষেত্রে তিনি কুটিরশিল্পে বিদ্যুৎ সরবরাহ করতে পারেন। আমি আপনাকে বিশেষ একটা খবর জানাচ্ছি যে রামনগর থানার বাসন শিল্প খুব নামকরা এবং উল্লেখযোগ্য জিনিষ এবং এখানে কাজুবাদাম শিল্পের প্রসার হতে পারে। সে জন্য রামনগর থানায় বাসন শিল্প এবং কাজুবাদাম শিল্পের জন্য বিদ্যুৎ সরবরাহের কথা কি আপনি ভাবছেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** আমি জানিনা যে রামনগর থানায় কতদূর পর্যন্ত গেছে। দীঘা পর্য্যন্ত গেছে। দীঘা রামনগর থানার মধ্যে পড়ে। কতদূর দিয়ে যেতে হবে তার উপর নির্ভর করে। সেটা এখন হবে কিনা বলা যাচ্ছে না। কারণ প্রতি মাইলের ২ রকম খরচ আছে—১৮ হাজার টাকা ও ১২ হাজার টাকা। এই দুই রকমের যে-কোন রকম ব্যয় করতে গেলে অসুবিধা আছে। তবে মাননীয় সদস্য যদি জানান সেখানে বিশেষ অবস্থা কতদূর থেকে হাইটেন্‌সন লাইন গেছে, লো টেন্‌সন লাইন গেছে বা ১১ কে. ভি. না ৩২ কে. ভি. গেছে, এগুলি কতদূর দিয়ে গেছে জানতে পারলে তারপর সেই হিসাব নিকাশ করে দেখা যাবে।

**শ্রীনেপাল চন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯৬৮-৬৯ এবং ১৯৬৯-৭০ সালে ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের বিদ্যুৎ সরবরাহ কি বেড়েছে ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** এ থেকে এই প্রশ্ন ওঠেনা।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর উত্তরে বললেন যে, কয়েক লক্ষ অনাদায়ে থাকার জন্য আর নূতন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা যাচ্ছে না। অথচ আমি জানি যে কুটির শিল্প প্রসারের জন্য বিদ্যুৎ সরবরাহ একান্ত দরকার এবং টাকা আদায় না হওয়া পর্য্যন্ত তার ব্যবস্থা করবেন না। আমার প্রশ্ন হচ্ছে তার কাছে যে, তিনি টাকা আদায় করার জন্য কি ব্যবস্থা অবলম্বন করছেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** আমি এমন কথা বলিনি যে অনাদায় থাকা পর্য্যন্ত কিছু করা হবে না। আমি শুধু বলেছি এখনও হয়নি।

**শ্রীঅজিত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ক্ষতিগ্রস্ত যে কুটিরশিল্প যা বিদ্যুতের অভাবের জন্য হচ্ছে তাকে রক্ষা করার জন্য নূতন কোন পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** করেছেন।

**রাজ্য সরকার কর্তৃক বিভিন্ন শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানের পরিচালনা ব্যবস্থা**

*57. ( Admitted question No. *434. )

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কর্তৃক পরিচালিত বিভিন্ন শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান হইতে অদ্যাবধি কোন লাভ হইয়াছে কিনা এবং মোট কত টাকা এই সকল শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানে নিয়োজিত ;

(খ) লাভও নয়, লোকসানও নয়, এরূপ প্রতিষ্ঠান কয়টি এবং তাহাতে কত টাকা নিয়োজিত ;

(গ) লোকসান হইতেছে এইরূপ সংস্থা কয়টি এবং ইহাতে কত টাকা নিয়োজিত ;

(ঘ) কয়টি সংস্থা অচল ; এবং

(ঙ) এই সকল শিল্প ও ব্যবস্থা প্রতিষ্ঠানকে স্বাবলম্বী করার কোন প্রচেষ্টা হইতেছে কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:**

(ক) ও (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) এইরূপ কোন প্রতিষ্ঠান নাই। পরবর্তী প্রশ্ন ওঠে না।

(গ) ৫টি, ৬৭ কোটি ৮৮ লক্ষ।

(ঘ) একটিও নয়।

(ঙ) হাঁ।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'গ' প্রশ্নের উত্তরে বললেন যে ৫টি। তা, আমার প্রশ্ন হচ্ছে সেই নামগুলি কি বলবেন।

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কল্যানী স্পিনিং মিল লিমিটেড, দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড, দুর্গাপুর কেমিক্যালস লিমিটেড, ওরিয়েন্টাল গ্যাস কোম্পানী আণ্ডারটেকিংস, ইলেক্ট্রো মেডিক্যাল এ্যাণ্ড এলায়েড ইণ্ডাসট্রিজ।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় মন্ত্রী মহাশয়, সরকারী শিল্পের এই যে লোকসানের কথা বললেন, এটাতো নিয়মিত হচ্ছে। এই লোকসানের পরিমাণ অর্থাৎ ১৯৬৯ সালের ২৫শে ফেব্রুয়ারীর পরে কি এই লোকসানের হার বেড়েছে এটা জানাবেন ?

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয় সদস্য, নিশ্চয় মনে আছে—তিনি পুরানো সদস্য এবং মন্ত্রীও ছিলেন কিছু দিন—যে এই লোকসানটা সুরু হয়েছিল ওঁদের সময়ে এবং সেই গতিবেগটা এতো যে তা থামাতে সময় লাগবে। আমরা ব্রেক করছি, আশা করি এক বছরে আমরা কোথায়ও কোথায়ও ব্রেক কষতে পারবো।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই যে চন্দ্রনাথ ইঞ্জিনীয়ারিং এণ্ড টেক্সটাইলস প্রাইভেট লিমিটেড কোম্পানীর মালিক কারখানা ফেলে চেলে গেছে—এক রকম পালিয়ে গেছে, ২ লক্ষ ২৫ হাজার ইনডাসট্রিয়াল ডেভেলপমেণ্ট-এর কাছ থেকে, ষ্টেট ব্যাঙ্কের কাছ থেকে ৭৫ হাজার টাকা এইভাবে প্রচুর লাইবিলিটি রেখে চলে গেছে এবং সেখানকার ওয়ার্কার্স ইউনিয়ন এ্যাফিলিয়েটলি সেটা চালাচ্ছেন। এখন এই কারখানা সম্পর্কে গভর্ণমেণ্ট তার দায়িত্ব গ্রহণ করতে পারবেন কি ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাননীয়া সদস্যা এক জন অভিজ্ঞ মেম্বার। তাঁরা জানা উচিত যে এই প্রশ্ন থেকে এটা উঠে না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর ষ্টেটমেন্টে যেটা লাইব্রেরীতে দিয়েছেন, তাতে দেখছি দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড লাষ্ট এভেলেবেল এ্যাকাউনটসে যে ২ কোটি ৯০ লক্ষ টাকার উপর লোকসান এবং তার দু বছর আগের চাইতে এটা অনেক বেশী—মাননীয় জয়নাল আবেদিন সাহেব ফিগার দিয়ে জানতে চেয়েছিলেন যে দয়া করে বলবেন কি, যে গত ৪ বছরে দুর্গাপুরে কত কত লোকসান হচ্ছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** নোটিশ চাই।

**Dr. Nalinaksha Sanyal :** Sir, I want your protection, The answer is already laid on the Table. He will only read out the figures.

**Shri Sushil Kumar Dhara :** It is already laid on the Table.

**Dr. Nalinaksha Sanyal :** Why the figures are being concealed from the House ?

**Mr. Speaker :** There is no question of concealing, He will give the figures.

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** এর আগের প্রশ্নে জয়নাল আবেদিন সাহেব জিজ্ঞাসা করেছিলেন যে গত তিন বছরে এই লোকসান বাড়ছে, না কমছে—উনি সেটাই দয়া করে বলবেন তো?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** মাননীয় সদস্য, জয়নাল আবেদিন সাহেব লাভ ক্ষতির হিসাব চেয়েছিলেন বলে নোটিশ চেয়েছিলাম। কিন্তু এটা টেবিলড হয়ে আছে, মাননীয় সদস্যরা নিশ্চয় হাউসে ঢুকে নিজ নিজ টেবিলে দেখতে পেয়েছেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** না, পাই নি।

**শ্রীসুশীলকুমার ধাড়া :** ১৯৬৩-৬৪ সালে ক্ষতি হয়েছিল ৩৯ লক্ষ ৩৯ হাজার টাকা, ১৯৬৪-৬৫ সালে ক্ষতি হয়েছিল ৩৪ লক্ষ ৬১ হাজার টাকা। ১৯৬৫-৬৬ সালে লাভ হোল ৫ লক্ষ ২১ হাজার টাকা, ১৯৬৬-৬৭ সালে লাভ হোল ৪৬ লক্ষ ৭৩ হাজার টাকা, ১৯৬৭-৬৮ সালে ক্ষতি হোল ২ কোটি ৫৭ লক্ষ ৬০ হাজার টাকা, ১৯৬৮-৬৯ সালে ক্ষতি হোল ২ কোটি ৯৩ লক্ষ ৪৭ হাজার টাকা।

**শ্রীজয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় এর আগে বল্লেন যে তিনি ব্রেক করছেন—তাহলে এই ২ কোটি ৯০ লক্ষ টাকা লোকসান এই ব্রেক করার ফল? ১৯৬৭ সালে লাভ হোল আমাদের সময়ে যে অসংগতি ছিল সেটা দূরীকরণের চেষ্টা করেছেন তার প্রকৃষ্ট প্রমান কি এই যে যেখানে ১৯৬৭ সালে লাভ দিচ্ছে সেখানে ২ কোটি ৯০ লক্ষ টাকা ক্ষতি হচ্ছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** আমি একটু বুঝিয়ে দিচ্ছি। উনি যে কারণে বলছেন সেই কারণটা ধরতে পেরেছি। এটা মনে রাখতে হবে মাননীয় সদস্যদের ১৯৬৭ সালে আমরা যে সময়ে এসেছিলাম উনি সেই সময়টা ধরতে চাইছেন। আমরা তো ব্রেক পিরিয়ডে ছিলাম না, ২১শে নভেম্বর চলে গেছলাম, আমাদের সরিয়ে দেওয়া হয়েছিল। এই হল এক নম্বর কথা। ডঃ জয়নাল আবেদিন জানতে চাইছেন ১৯৬৯-৭০ সালে ফেব্রুয়ারীতে কমেছে কিনা। কি করে দেওয়া যাবে, হিসাবের বছরতো শেষ হয়নি। ক্ষতি হয়েছে কিনা এই হিসাব দিতে গেলে ১২ মাসের হিসাব ধরতে হবে, ১১ মাসের হিসাব ধরলে তো হবেনা।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** যতগুলি সংস্থায় লাভ হয়েছে তার চেয়ে অনেক বেশী সংস্থায় ক্ষতি হয়েছে, এই ক্ষতির পরিমাণ কমাবার জন্য অর্থাৎ ক্ষতিগ্রস্ত সংস্থাগুলিকে লাভজনক সংস্থায় পরিণত করার জন্য, যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে কি কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** ১৯৬৭ সালে দুর্গাপুর প্রজেক্টে, দুর্গাপুর কেমিক্যালে তদন্ত কমিটি দেওয়া হয়েছিল। তাঁরা অনেকগুলি সুপারিশ করেছিলেন। আমরা চলে গেছলাম ১৯৬৭ সালে

২১শে নভেম্বর। সেই এক্সপার্ট কমিটির সুপারিশগুলি কার্যকরী করেননি তদানীন্তন সরকার। ১৯৬৯ সালে ফেব্রুয়ারীতে আবার আমরা এসেছি, এসে আমরা দৃঢ় পদক্ষেপে কার্যকরী করছি, আমি বিশ্বাস করি যে এই বছরই ক্ষতির পরিমাণ খানিকটা কমাতে পারব একেবারে বন্ধ করতে না পারলেও। আর অন্যান্য জায়গায় যে সব জায়গাতে ক্ষতি হচ্ছে যেমন কল্যাণী স্পিনিং মিলস-এ, সেখানেও তদন্ত কমিটি দিয়েছি, তাদের রিপোর্ট এই মাসের মধ্যেই পাব। আশা করছি অনেক সুপারিশ থাকবে এবং এক্সপার্ট কমিটির সুপারিশ অনুসারে আমরা কাজ করলে নিশ্চয়ই আমাদের ফল ভাল হবে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :** মাননীয় মন্ত্রী মহাশয়, একথা বলবেন কি দুর্গাপুর প্রজেক্টে ১৯৬৭ সালে ক্ষতির পরিমাণ হঠাৎ ভীষণভাবে বেড়ে গেলে, সেটার জন্য এই সময় শিল্পে যে রিসেশন ছিল তা কত পরিমাণে দায়ী ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** অনেক পরিমাণে দায়ী, সেই কারণে কোক্ পর্য্যাপ্ত পরিমাণে জমে গেছল, এখন রিসেশন খানিকটা কমাতে বিক্রী করতে পারছি।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন যে দ্বিতীয় এক্সপার্ট কমিটির সুপারিশ কার্য্যকরী করার চেষ্টা হচ্ছে। উনি অনুগ্রহ করে বলবেন কি সুকু সেন কমিটি—দ্বিতীয় কমিটি এই লোকসানের কি কি কারণ বলেছিলেন এবং তাঁদের রিকমেণ্ডেশন কতটা এখন কার্য্যকরী করা হয়েছে বা গ্রহণ করা হয়েছে ?

[ 1-20—1-30 p.m. ]

**শ্রীসুশীলকুমার ধাড়া :** এই কোশ্চেন নোটিশ আকারে দিলে আমি পরে উত্তর দেব।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মন্ত্রীমহাশয় জানাবেন কি, কি কি কারণে দিনের পর দিন এই সমস্ত সরকারী কারখানাগুলিতে, উদ্যোগগুলিতে লোকসান হচ্ছে ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** আমি বিধানসভায় কয়েকবার বলেছি শিল্প হচ্ছে এমন একটি জিনিস যার জন্য প্রতিদিন মাননীয় সদস্যদের মনে এই প্রশ্ন আসছে। যাহোক প্রথম কথা হচ্ছে ইঞ্জিনিয়ারিং ইনডাষ্ট্রিতে রিসেসন হবার জন্য অন্যান্য ইনডাষ্ট্রীতে রিসেসন হয়েছে। এটা হচ্ছে একটা বড় কারণ, কাঁচামাল সরবরাহের অসুবিধা একটা বড় কারণ, আর্থিক অসুবিধা আর একটা বড় কারণ, মালিকের অনমনীয় মনোভাব আর একটা কারণ এবং শিল্পের শ্রমিক অশান্তি আর একটা কারণ। এই সমস্ত কারণগুলোর মিলিত যে ফল সেটা হোল এই ক্ষতি।

**শ্রীঅরুণ সেন :** মন্ত্রীমহাশয় প্রশ্নের জবাবে যে কয়েকটা কারখানার নাম বলেছেন তার মধ্যে দুর্গাপুর কেমিক্যালস্-এর নাম আছে। এটা কি ঠিক যে এই দুর্গাপুর কেমিক্যালস্-এ ১১ কোটি টাকার উপর কংগ্রেসী আমলে খরচ হয়েছিল। একটা ফ্রেঞ্চ কোম্পানীর সংগে চুক্তি করবার ফলে এবং সেই চুক্তি খারাপ হবার জন্য সেখানে কোন প্রোডাক্সন হচ্ছেনা? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই ব্যাপারে মন্ত্রীমহাশয় যে চেষ্টা করেছিলেন তাতে কোন ফল হয়েছে কিনা এবং দুর্গাপুর কেমিক্যালস্ থেকে আপনার কিছু ফল আশা করতে পারি কিনা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** আপনার প্রশ্নের প্রথম অংশের উত্তর হচ্ছে, হ্যাঁ, দ্বিতীয় অংশের উত্তর হচ্ছে, না—অর্থাৎ কিছু কিছু উৎপাদন হচ্ছে।

### অপরাধ-বিষয়ক হিন্দী ও ইংরাজী ছবি প্রদর্শন বন্ধের সিদ্ধান্ত

*164. (Admitted question No, *88.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ-সরকার কয়েক শ্রেণীর অপরাধ-বিষয়ক হিন্দী ও ইংরাজী ছবি প্রদর্শনের বিরুদ্ধে আপত্তি জানাইবার সিদ্ধান্ত করিয়াছেন ; এবং

(খ) সত্য হইলে, এইরূপ সিদ্ধান্তের কারণ কি এবং কবে হইতে তাহা কার্যকর করা হইবে ?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য :** (ক) না। অপরাধ, উত্তেজক চলচ্চিত্রের বিরুদ্ধে বিভাগীয় মন্ত্রীর মন্তব্য কোন কোন সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মন্ত্রীমহাশয় জানাবেন কি, অপরাধ উত্তেজক ছবি কোনগুলোকে বলছেন ?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য :** অপরাধ উত্তেজক ছবি হচ্ছে সেই ছবি যা দেখে মানুষ অপরাধ করতে উত্তেজিত হয়, প্ররোচিত হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মন্ত্রীমহাশয় জানাবেন কি, বিচারপতি জি. ডি. খোসলা তদন্তের পর যে রিপোর্ট দিয়েছেন এবং সেই রিপোর্টের ভিত্তিতে যে জিনিসগুলি করবার জন্য সুপারিশ করা হয়েছে সেগুলি সম্পর্কে রাজ্যসরকার-এর সঙ্গে কেন্দ্রীয় সরকারের কোন আলোচনা হয়েছে কিনা ?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য :** কেন্দ্রীয় সরকার সম্প্রতি আমাদের মত জানতে চেয়েছেন ওই খোসলা কমিটির রিপোর্ট সম্পর্কে। আমরা এই ব্যাপারে কিছু সময় চেয়েছি, কারণ এই সময়ের মধ্যে আমাদের বক্তব্য উপস্থিত করা সম্ভব নয়। কিছুদিন পর আমরা আমাদের মতামত জানাব।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কোন কোন বিষয়ের উপর মতামত জানতে চেয়েছেন ?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য :** সমস্ত রিপোর্টের উপর আমাদের মতামত জানতে চেয়েছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই রিপোর্টে ফিল্ম কাউনসিল তৈরী করবার যে সুপারিশ আছে সে সম্পর্কে কোন ব্যবস্থা করা হয়েছে কিনা ?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য :** এটা কেন্দ্রীয় সরকারের বিবেচ্য বিষয়, তাঁরা বিবেচনা করছেন। তবে কোন কার্যকরী ব্যবস্থা নেওয়া হচ্ছে কি না সেটা আমি জানি না।

**শ্রীমনোরঞ্জন হাজরা :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে অপরাধ মূলক চলচ্চিত্র বলতে যা বোঝায় সেই রকম চলচ্চিত্রের একখানা গান বাংলাদেশে 'বোল রাধা বোল', এই গান খানিকে বাদ দেবেন কি ?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য :** এই গান বাদ দেবার অধিকার পশ্চিমবঙ্গ সরকারের নেই।

### বিভিন্ন জেলায় নূতন রাস্তা নির্মাণ

*165. (Admitted question No. *181.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাঙলায় চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় মোট কত মাইল রাস্তা নির্মাণের প্রস্তাব আছে ;

(খ) এই প্রস্তাব অনুযায়ী কোন্ জেলায় কত মাইল রাস্তা নির্মাণ করা হইবে ; এবং

(গ) ঐ রাস্তা নির্মাণকার্য কি শুরু হইয়াছে ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :**

(ক) এই পর্যন্ত দশটি জেলায় রাস্তা নির্মাণের যে পরিকল্পনা বিবেচনাধীন আছে তাহাতে রাস্তাগুলির মোট দৈর্ঘ্য দাঁড়াইয়াছে ৮৬৫ মাইল।

(খ) একটি তালিকা দেওয়া হল।

(গ) না।

**শ্রীবিশ্বনাথ দাসঘোষ :** বিভিন্ন জেলায় নূতন নূতন রাস্তা নির্মাণের প্ল্যান করার জন্য আপনি সেই জেলার কোন বিধান সভার সদস্যকে ডেকে তার পরামর্শ গ্রহণ করেছিলেন কি ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** হ্যাঁ, সমস্ত জেলাতেই করেছি।

**শ্রীবিশ্বনাথ দাসঘোষ :** পরামর্শ করার জন্য এই বিধান সভার সভ্যদের সংগে কি ভাবে যোগাযোগ করেছিলেন এবং আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি আপনি যে যোগাযোগ ব্যবস্থা করেছিলেন, অনেকে আপনার সেই পত্র বা সংবাদ পাননি, এটা কি ঠিক ?

**শ্রীমতীপ্রতিভা মুখার্জী :** খবর পেয়েছেন কি না, এটা কি করে জানবো। তবে প্রত্যেক পার্টির যে নেতা, তাদের চিঠি দিয়ে দেওয়া হয়েছিল, তাদের পার্টির কমরেডদের দিতে, তারা যদি না দেন, তার জন্য আমি দায়ি নই। এবং বেশীর ভাগ জেলার এম. এল. এ.-দের নিয়ে আমরা মিটিং করে ঠিক করেছি। দু চারটি জেলায় মিটিং করিনি, কিন্তু পরামর্শ নিয়েছি প্রত্যেকের কাছ থেকে।

**শ্রীবিশ্বনাথ দাসঘোষ :** যারা মিটিং-এ যোগ দান করতে পারেননি, তাদের যদি কোন সাজেসন্স থাকে তাহলে আপনারা কি তা গ্রহণ করবেন ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** বহু ক্ষেত্রে করেছি এবং করবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয়া মন্ত্রী মহাশয়া বললেন যে ১০টি জেলাতে কিছু মাইল করে রাস্তা তৈরী করবার পরিকল্পনা রয়েছে। আমি প্রশ্ন করছি যে, কোন্ কোন্ জেলায় একেবারে বাদ পড়েছে এবং সেই জেলাগুলির নাম কি এবং কেন বাদ পড়েছে ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** কোন জেলা বাদ পড়েনি। ১০টি জেলার ফাইন্যাল লিষ্ট করেছি বাদ বাকী যেগুলো আছে সেগুলো দু চার দিনের মধ্যেই হয়ে যাবে।

**শ্রীকালীপদ মণ্ডল :** মন্ত্রী মহাশয়া বললেন একটা লিষ্ট লাইব্রেরী টেব্‌লে দেওয়া হয়েছে, কিন্তু আমরা যতদূর দেখেছি যে টেব্‌লে তালিকাটি নেই, এটা কি একটু পরে জানাবেন ?

**মিঃ স্পীকার :** ষ্টেটমেণ্টটা টেব্‌লে নেই কেন, কি ব্যাপার কি ? আপনি যা পারেন মুখেই বলুন।

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** ১০টি জেলায় ফাইন্যাল করে দিয়েছি, বাদ বাকিগুলো হয়নি, কিন্তু দু চারদিনের মধ্যেই হয়ে যাবে।

| | |
|---|---|
| মুর্শিদাবাদ জেলায় | ৭৮ মাইল |
| নদীয়া জেলায় | ৪৫ মাইল |
| ২৪ পরগণা জেলায় | ১১৯ মাইল |
| হাওড়া জেলায় | ৪১ মাইল |
| বীরভূম জেলায় | ১২০ মাইল |

| | |
|---|---|
| বর্ধমান জেলায় | ৬২ মাইল |
| হুগলী জেলায় | ৫২ মাইল |
| বাঁকুড়া জেলায় | ৩৮ মাইল |
| মেদিনীপুর জেলায় | ১৪০ মাইল |
| পুরুলিয়া জেলায় | ৯০ মাইল |

**ডা: জয়নাল আবেদিন :** মাননীয়া মন্ত্রী মহাশয়া জানাবেন কি, নর্থ বেঙ্গলের একটা রাস্তাতেও হাত পড়েনি কেন, গোটা জেলাতেও কোন আলোচনা হয়নি কেন ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** আমি আগেই বলেছি যে নর্থ বেঙ্গলেও করা হয়েছে, প্রশ্ন করলে দু চারদিনের মধ্যেই জানতে পারবেন। আর নর্থ বেঙ্গলে আমাদের ফ্লাড ড্যামেজ ওয়ার্ক করতে হয় এবং এমনিতেই ওখানে অনেক রাস্তা রয়েছে। পপুলেশন ওয়াইজ, মাইল ওয়াইজ একটা লিষ্ট আছে, কোনটা কত বেশী সেটা বলে দিচ্ছি। নদীয়া জেলায় সব থেকে বেশী আছে।

**ডঃ জয়নাল অবেদিন :** উত্তরবঙ্গকে পথে বসাবেন কেন সেটা বলুন ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** উত্তরবঙ্গেও করা হয়েছে। প্রত্যেকটি জেলাতেই করা হয়েছে, আপনারা উত্তরবঙ্গের লিষ্টটা জানতে চাইবেন, নিশ্চয়ই জানাবো। আমি এটা ফাইন্যালাইজ করিনি, বলে বলিনি। ১০টি জেলার কথা মাত্র বলেছি।

[ 1-30—1-40 p.m. ]

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা :** মাননীয়া মন্ত্রীমহাশয়া জানাবেন কি যে আপনি যে এম এল. এ.-দের সঙ্গে মিটিং করেছিলেন সেই মিটিং-এ বলেছিলেন যে প্রত্যেক কনষ্টিটিউএন্সিতে একটা করে রাস্তা হবে। সেটা সম্ভব হচ্ছে কি ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** আমি এই কথা বলতে পারি না। ২৮০টা এম. এল. এ.-র জায়গায় কি করে করা যাবে ? করতে আমার অসুবিধা নেই, কিন্তু টাকা কোথায় ? টাকা হলে আমি প্রত্যেক এম. এল. এ.-র এলাকায়ই করতে পারি। কিন্তু আমি প্রত্যেক এম. এল. এ.-কে ডেকে লিষ্ট সংগ্রহ করবার চেষ্টা করেছি। সেটা শুধু রাস্তার জন্যই নয় আমার একটা নলেজ থাকা দরকার কোথায় কতটা দরকার। এবং লিষ্ট করা থাকলে টাকা পয়সা যেমন হবে তেমন ভাবে করতে পারবো। তবে আমাদের একচুয়ালি কতকগুলি জিনিষ দেখতে হয়। যেমন স্কুল, কলেজ, হাসপাতাল এই সমস্ত যা কানেক্ট করছে সেই সমস্ত ছোট খাট লিংক রোড আগে নেওয়া হচ্ছে। টাকা পয়সা আমাদের কুলালে আমরা নিশ্চয়ই করবো। ডাকা যে হয়েছিল তা কেবল রাস্তা করে দেবো বলে নয়, একচুয়াল পজিসান জানবার জন্যও এটা বিবেচনা করবার জন্য আমি সকল এম. এল. এ.-র মতামত নিয়েছিলাম।

**শ্রীমোল্লা হুমায়ুন কবির :** সেদিন একটা কথা উঠেছিল যে প্রেফারেন্সিয়াল লিষ্ট কিভাবে ঠিক করা হবে। তিনি বলেছিলেন যে সমস্ত দূরবর্তী জায়গা ৪-৫-৬ মাইল এই রকম জায়গা সেখানে চলাচল করা যায় না বা যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থা, সে সমস্ত জায়গায় সুযোগ সুবিধা দেওয়া হবে। আমি জিজ্ঞাসা করছি যে, কি সেই ভিত্তিতে করা হবে ?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** একমাত্র বর্ধমান জেলাটা বোধ হয় সর্বসম্মতভাবে হয়েছে যা আপনারা সকলে করে দিয়েছিলেন বিনয়বাবুও ছিলেন। একচুয়ালি যোগাযোগ যেখানে নেই সেটা আগে হবে নিশ্চয়ই, তবে সমস্ত জায়গায় যেখানেই যোগাযোগ নেই সেখানে করা যাবে তা নয়, কারণ টাকা নেই। বাংলাদেশের বহু জায়গা আছে যেখানে যোগাযোগ বিচ্ছিন্ন। সেই সমস্ত জায়গায়ই রাস্তা করবার টাকা আমাদের নেই, তবে আমরা গ্রামের রাস্তা বেশী করছি।

**শ্রীবিমলকান্তি বসু :** উত্তরবঙ্গের লিষ্ট এখনও ফাইনালাইজ হয়নি বললেন। ফাইনালাই-জেশান কবে কমপ্লিট হবে বলতে পারেন? আর যদি ফাইনাল হয়ে গিয়ে থাকে তবে আর কোন পরিবর্তন করার সম্ভাবনা আছে কি ও এখানে যে সমস্ত এম. এল. এ. উপস্থিত আছেন যাদের সঙ্গে পরামর্শের সুবিধা হয়নি তারা যদি পরামর্শ দেয় তাহলে তা কি ইনক্লুড করবেন?

**শ্রীমতী প্রতিভা মুখোপাধ্যায় :** নিশ্চয়ই করতে পারবো বলতে পারি না তবে এই কথা বলতে পারি, যে সমস্ত এম. এল. এ.-দের আমি সাজেসান নিয়েছি, সবই যে করার জন্য তা নয় এবং সে সব মিটিং-এ আলোচনা হয়েছে ইতিমধ্যে ৩, ৪ বার রিভিসান করতে হয়েছে। কোশ্চেন করা হয়েছে যে উত্তরবঙ্গেরটা ইনক্লুড হয়নি কেন। তখন সই হয়নি বলে ইনক্লুড করা যায়নি, তবে ইতিমধ্যে, ইন দি মিনটাইম, সই হয়ে গেছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** মাননীয়া মন্ত্রীমহাশয়া, জানাবেন কি বিভিন্ন জেলায় যে সমস্ত রাস্তা আছে বা রাস্তা তৈরী হচ্ছে বিভিন্ন জেলা, যেমন ২৪-পরগণা—সেখানে একশত কিছু মাইল হয়েছে, আবার হুগলী জেলায় ৫২ মাইল হয়েছে, এই যে তারতম্য এটা কি বেসিসে তৈরী করছেন জানাবেন কি?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** আগের ব্যাপারে নিশ্চয়ই মাননীয় সদস্য জানেন আমি একটা প্রশ্নের উত্তরে বলেছিলাম, ফিগার দিয়েছিলাম আগের বাংলাদেশের রাস্তা প্রত্যেক জেলায় সমান নয়। পারসেণ্টেজে দেখা হয়, পপুলেসান ও মাইলেজ হিসাবে দেখা হয়, যা তাতে দেখা যাচ্ছে যে অনেক জেলা হাই, আবার অনেক জেলায় একেবারে হয়নি। কাজেই, পরবর্তী সময়ে আমরা যে নূতন রাস্তা নিয়েছি সেইভাবে আমাদের হচ্ছে এবং আমাদের তার উপর ভিত্তি করেই হচ্ছে। হুগলী জেলা ও নদীয়া জেলায় অনেক বেশী রাস্তা হয়েছে অন্যান্য জায়গার তুলনায়, যেখানে অন্য জায়গার অনেক কম হয়েছে।

**শ্রীগঙ্গাপদ কোঁয়ার :** আপনি 'গ' প্রশ্নের উত্তরে বলেছেন রাস্তা নির্মাণের কাজ এখনও সুরু হয়নি। কবে নাগাদ সুরু হতে পারে?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী :** আপনারা যত তাড়াতাড়ি সাজেশান শেষ করতে পারবেন তত তাড়াতাড়ি সুরু হবে। আপনারা একবার বলছেন ফাইলটা ক্লোজড করুন, আর একবার বলছেন নূতন সাজেশান আছে। সেইজন্য তো ডিলে হচ্ছে।

**Mr. Speaker :** Starred question Nos. 166, 167 and 168 relate to Ahmedpur National Sugar Mill. So I call the three questions one by one and the Hon'ble Minister will then reply.

## আহ্মদপুর ন্যাশনাল সুগার মিল

*166. (Admitted question No. *349.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আহ্মদপুর ন্যাশন্যাল সুগার মিলটি চালু করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(খ) যেসকল কৃষক উক্ত মিলে আখ সরবরাহ করিয়াছিল তাহাদের প্রাপ্য টাকা শোধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(গ) এইরূপ প্রাপ্য টাকার মোট পরিমাণ কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া :**

(ক) আহমেদপুর ন্যাশন্যাল সুগার মিলটি চালু করার জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

(খ) উক্ত সুগার মিলটির অবসায়ন (Liquidation) হওয়ায় উহার পাওনাদারদের যাবতীয় বকেয়া প্রাপ্য পরিশোধের দায়িত্ব সরকারী অবসায়কের (Official Liquidator) উপর বর্তাইয়াছে, এমতাবস্থায় সুগার মিলের নিকট কৃষকগণের বকেয়া প্রাপ্য বিষয়ে সরকারের কিছু করিবার নাই।

(গ) সরকারের নিকট এরূপ কোন তথ্য নাই।

### আহ্‌মদপুর ন্যাশনাল সুগার মিল

*167. (Admitted question N0. *844.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকারের অধীনস্থ হইবার ঠিক পূর্বে আহ্‌মদপুর ন্যাশনাল সুগার মিলের মূলধন কত ছিল;

(খ) বর্তমানে উক্ত মিলের অ্যাসেট এবং লাইবিলিটি কত;

(গ) (১) উক্ত মিলের নিকট চাষীগণ আখবাবদ যে টাকা পাইবে এবং যেসকল শ্রমিক মজুরী পাইবে তাহা মিলের "দায়" হিসাবে গণ্য করা হইয়াছে কিনা; এবং

(২) 'গ' উল্লিখিত মোট "দায়"-এর পরিমাণ কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া:**

(ক) ও (খ) সঠিক জানা নাই, রাজ্য সরকার শুধু মিলের স্থাবর ও অস্থাবর সম্পত্তিসহ কারখানার দখলকার আছে। মিলদপ্তরের কাগজপত্র, হিসাব প্রভৃতি সরকারী অবসায়ক (Official Liquidator) বা প্রাক্তন কর্তৃপক্ষের আয়ত্তে আছে।

(গ)(১) উক্ত মিলটির অবসায়ন Liquidation) হওয়ায় উহার পাওনাদারদের যাবতীয় বকেয়া প্রাপ্য পরিশোধের দায়িত্ব সরকারী অবসায়কের (Official Liquidator) উপর বর্তাইয়াছে। এমতাবস্থায় সুগার মিলের নিকট চাষীদের বকেয়া প্রাপ্য বিষয়ে সরকারের কিছু করিবার নাই।

(২) সরকারের নিকট এরূপ কোন তথ্য নাই।

### আহ্‌মদপুর ন্যাশনাল সুগার মিল

*168. (Admitted question No. *912.)

**শ্রীরাধানাথ চট্টরাজ, শ্রীবনমালী দাশ:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আহ্‌মদপুর ন্যাশনাল সুগার মিলে কোন স্পেশাল অফিসার নিয়োগ করা হইয়াছে কি;

(খ) মিলটি আশু চালু করার ব্যাপারে সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(গ) করিয়া থাকিলে কতদিনে তাহা কার্যকর করা হইবে?

**শ্রীসুশীল কুমার ধাড়া:**

(ক) হ্যাঁ।

(খ) মিলটি চালু করার জন্য সরকার সর্বপ্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

(গ) সঠিক বলা সম্ভব নয়।

**শ্রীরাধানাথ চট্টরাজ:** স্পেশাল অফিসার কতদিন আগে নিযুক্ত করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** স্পেশাল অফিসার নিযুক্ত করা হয়েছে তিন মাস আগে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** উনি কি সেই শ্রীসেনগুপ্ত যাঁর সম্পর্কে বিরূপ মন্তব্য প্রকাশ করা হয়েছে বিভিন্ন সংবাদপত্রে এই বলে যে পি. এস. সি.কে পাশ কাটিয়ে নূতনভাবে কমিটি করে তাঁকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** শ্রী বি. বি. সেনগুপ্ত সম্পর্কে সংবাদপত্রে যেমন বিরূপ মন্তব্য প্রকাশিত হয়েছে তেমনি সরকার-এর পক্ষ থেকেও প্রতিবাদ খুব শক্তরূপে দেওয়া হয়েছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** এই শ্রীসেনগুপ্তের ব্যাপারে সাধারণ নিয়ম অনুযায়ী পি. এস. সি.-কে না নিয়ে স্পেশাল কমিটির মাধ্যমে এ্যাপয়েন্টমেন্ট করা হয়েছে। আমি জানতে চাই তাঁর সুগার টেকনোলজি সম্বন্ধে কোন জ্ঞান আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এর মধ্যে সেই প্রশ্ন আসে না।

[1-40—1-50 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** Sugar Technology সম্বন্ধে কোন qualification তাঁর আছে কি না?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ প্রশ্ন এ থেকে আসে না।

**ডঃ নলিনাক্ষ্য সান্যাল:** B. B. Sengupta-এর নাম আপনি করেছেন বলে প্রশ্ন হচ্ছে যে তাঁর Sugar technology সম্বন্ধে কোন জ্ঞান, অভিজ্ঞতা আছে কিনা এবং থাকবে কি না এবং থাকলে কি অভিজ্ঞতা আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ প্রশ্ন এ থেকে আসেনা, তবে এত বড় একটা disputed জিনিষ বলে আমি এর উত্তর দিচ্ছি। মরিসাস University থেকে তাঁর Sugar technology-র ডিগ্রি নেওয়া আছে এবং তিনি এর আগে বাংলার বাহিরে অন্যান্য Sugar মিলে কাজ করেছেন।

**ডাঃ রাধানাথ চট্টোরাজ:** এই মিলের কাজ কারবার আরম্ভ হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** তিনি এজন্য Cottage and Small Scale Industry Dept. থেকে realeasd হননি। এখানে এখনও Official Liquidator আছেন। তাঁর কাছ থেকে আবার redemption কিনতে হবে। Right of redemption কেনার প্রশ্ন আছে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** ইতিপূর্বে কংগ্রেস শাসনে এই Sugar Mill চালাবার ব্যাপারে তাঁরা অনেক হাত পুড়িয়েছেন। সেজন্য খুব সাবধানতার সঙ্গে এই মিল পরিচালনা করতে আপনি অগ্রসর হচ্ছেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** হ্যাঁ। ১৯৬৭ সাল থেকে প্রচেষ্টা চলছে, তবে এর উৎপাদন আরম্ভ হবার মত অবস্থা আসেনি।

**ডাঃ রাধানাথ চট্টরাজ:** এই মিল যখন স্থাপিত হয় সে সময় পুনর্বাসন ও শিল্প বিভাগগুলি থেকে কি এতে টাকা নিযুক্ত করা হয়েছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** হ্যাঁ।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** ১৯৬৭ সাল থেকে যখন আমরা বিধান সভায় এসেছি তখন থেকে দেখছি, এই মিল সম্বন্ধে প্রশ্ন হচ্ছে এবং মন্ত্রীমহাশয়রা একরকম উত্তর দিচ্ছেন। এর থেকে কি বলা যায় না যে this is sugar....

**শ্রীসুশীলকুমার ধাড়া :** আহমেদপুর সুগার মিল সম্বন্ধে এ বক্তব্য ঠিক, কিন্তু ওখান থেকে যখন sugar হবে সেটা মিষ্টিই হবে।

**ডাঃ রাধানাথ চট্টরাজ :** আগামী বছর থেকে কি ওখানে চিনির উৎপাদন হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** একথা Sugar Experts রা বলতে পারেন। আমি এটুকু বলতে পারি যে এ বছরে যে পরিমাণ দেরী হয়ে গেল তাতে সামনের বছরে আখের চাষ হতে পারে যদি আমরা right of redemption কিনে নিতে পারি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এই ভদ্রলোক মরিসাস University থেকে Sugar Technology-র কি ডিগ্রী পেয়েছেন এবং বাংলার বাহিরে কোথায় কোথায় তিনি সুগার মিলে চাকরী করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** আপনি যদি নোটীশ দেন তাহলে বলতে পারি তিনি কি ডিগ্রী পেয়েছেন। তবে এটা বলতে পারি বাংলার বাহিরে বহু জায়গায় তিনি সুগার মিলে চাকরী করেছেন। নোটীশ দিলে আমি সব জায়গার নাম বলে দিতে পারব।

**শ্রীঅশ্বিনী রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন যে এর আগে কৃষকরা তাদের পাওনা টাকা পায়নি, সেই টাকা যদি তারা না পায় তাহলে কৃষকরা আখ চাষ করে মিলে সরবরাহ করতে উৎসাহিত বোধ করবে কি?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** বীরভূম জেলার ৮ জন যুক্তফ্রণ্টের এম. এল. এ. আমাকে একযোগে বলেছেন নিশ্চয়ই করা যাবে। ওদের পাওনা গণ্ডা যদিও না পায় তাহলেও তারা নতুন করে উৎসাহ বোধ করবে। আগে হয়নি বলে ভবিষ্যতে তারা আশা নিয়ে কাজ করবে এই রকম নজীর আমার কাছে আছে। এই ৮ জন সদস্যের সাথে একজন মন্ত্রীও আমার কাছে এসেছিলেন। সব মিলিয়ে আমাকে বলেছিলেন যে, কৃষকরা নতুন উৎসাহ নিয়ে আখ সরবরাহ করবে। কৃষকরা যদি তাদের পাওনা গণ্ডা প্রমাণ করতে পারে তাহলে নিশ্চয়ই তারা টাকা পাবে এবং সেজন্য আমরা রাইট অফ রিডেম্পশান কিনে নেবার জন্য ৭লক্ষ টাকা দিচ্ছি। তারা বলেছে এই টাকা দিয়ে তারা পাওনাদারদের টাকা মিটিয়ে দেবে। তবে একথা আমি বলতে পারি যদি কৃষকরা টাকা নাও পায়, তবে কৃষকরা এগিয়ে আসবে নতুন ধরনের চাষ করবে সেখানে আখ যোগানোর জন্য।

### Resignation of the Chairman, Durgapur P.ojects Ltd.

*169. (Admitted question No. *461.) **Dr. NALINAKSHA SANYAL:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state,—

(a) the circumstances under which Shri D. L. Majumdar, Chairman, Durgapur Projects Ltd., has tendered resignation to the office;

(b) what are the educational and technical qualifications and administrative experience as also age of Shri S. Pal, the Managing Director;

(c) if it is a fact that in several matters the Managing Director has failed to act in accordance with the decisions and advice of the Board of Directors and the Chairman and as a result substantial losses to the Company have been incurred; and

(d) whether and to what extent the recommendations of Suku Sen Committee for improving the management of the Company have been implemented by the Managing Director?

**Shri Sushilkumar Dhara :**

(a) Shri D. L. Mazumdar tendered resignation from the Directorship and Chairmanship of the Durgapur Projects Ltd. without assigning any reason.

(b) Shri S. P. Paul, Managing Director, Durgapur Projects Ltd., passed the I. Sc. Examination of the Calcutta University and graduated in Electrical Engineering with Honours from the Jadavpur Engineering College and subsequently passed the City and Guilds Institute, London's Final Grade Examination. He had over 35 years' experience in integrated Steel Plant Management in various seniour positions with Tata Iron and Steel Co., Tatanagar, Bhillai Steel Plant and Durgapur Steel Plant where he was holding a key administrative position of the rank of Superintendent Energy and Economy Deptt. He joined the Alloy Steel Plant, Durgapur, as an Adviser for a year before joining Durgapur Projects Ltd.

(b) He is now aged 61 years.

(c) No reply is possible unless specific instances are given.

(d) Some of the recommendations of Suku Sen Enquiry Committee have already been implemented by Durgapur Projects Ltd. and the remaining recommendations are being looked into by Durgapur Projects Ltd. for implementation along with the rccommendations of M/s. A.R. Palit & Co. and National Productivity Council.

**ডঃ নলিনাক্ষ সান্ন্যাল :** এই যে আপনি (a) প্রশ্নের উত্তরে বলেছেন D. L. Majumder তাঁর পদত্যাগ পত্রে কোন কারণ নির্দেশ করেন নাই—এটা কি সত্য যে তিনি resignation দেওয়ার পূর্বে আপনার সঙ্গে দেখা করেছিলেন এবং আপনি তাঁকে বলেছিলেন ম্যানেজিং ডিরেক্টার আপনার কথা মত চলে না বলে যখন অভিযোগ করছেন, তখন আপনি resignation দিয়ে চলে যেতে পারেন—একথা কি আপনি বলেছিলেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** একথা সত্য নয়।

**ডঃ নলিনাক্ষ সান্ন্যাল :** আপনার সঙ্গে কি তিনি দেখা করেছিলেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** নিশ্চয়ই তিনি দেখা করতে পারেন।

**ডঃ নলিনাক্ষ সান্ন্যাল :** তখন কি তিনি তাঁর অভিযোগ আপনাকে জানিয়েছিলেন ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** অভিযোগ নয়। তাঁর অসুবিধার কথা জানিয়েছিলেন।

**ডঃ নলিনাক্ষ সান্ন্যাল :** কি কি অসুবিধার কথা ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** তাঁর পক্ষে ওখানে থেকে চেয়ারম্যানের কাজ করা অসুবিধাজনক।

**ডঃ নলিনাক্ষ সান্ন্যাল :** এই S. Pal সম্পর্কে কলকাতার অনেক সংবাদপত্রে বিশেষতঃ একটা সাপ্তাহিক পত্রিকা—দর্পণ কাগজে দীর্ঘ ভাবে, তাঁর যোগ্যতা সম্পর্কে সন্দেহ করে নানান মন্তব্য করা হয়েছিল—তার প্রতি কি আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল ?

**শ্রীসুশীলকুমার ধাড়া :** না, আমার দৃষ্টি আকর্ষণ করা হয় নাই। কত সাপ্তাহিক পত্রিকা আছে—সে সম্পর্কে সরকারী নিয়মও আপনি জানেন—আপনি কয়মাস সরকারের মন্ত্রীও ছিলেন, সেই নিয়ম হচ্ছে এই কতকগুলি প্রখ্যাত দৈনিক পত্রিকায় যে সমস্ত মন্তব্য বেরোয়, সেগুলির প্রতি মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি জানাবেন কি—ঐ ভদ্রলোক S. Pal ম্যানেজিং ডিরেক্টর থাকা অবস্থায় সুকু সেন কমিটির Recommendation অগ্রাহ্য করে বা উপেক্ষা করে কয়লা কেনার ব্যাপারে একজন বশংবদ লোককে কয়লা কেনার Contract দিয়েছিলেন যেটা Board of Directors-দের মতে অসঙ্গত হয়েছিল—এ সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** না, এটা বোর্ডের ব্যাপার।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** এই Mr. Pal-এর কেমন যোগ্যতা—তার জ্ঞানের বহর কত, তার একটি উদাহরণ বলুন। তিনি Board of Directors-এর সভার চিঠিতে মেম্বারদের কাছে agenda লেখার বদলে লিখেছিলেন—"মেনু"। এই সম্পর্কে কি আপনার দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি কি বোর্ডের একজন মেম্বার? I am neither a Director nor a Chairman.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনি (c) প্রশ্নের জবাবে বলেছেন specific case বললে আপনি বলতে পারবেন। এই specific case হিসাবে বলছি ওখানকার rejected coke bridge যেটা পাঁচ রকম মেশান ছিল, সেটা অন্যের কাছে বেশী দামে offer পাওয়া সত্ত্বেও তার চেয়ে কম দামে আর একজনের কাছে বিক্রী করবার ব্যাপারে Director-রা আপত্তি করেছিলেন। এই সম্পর্কে আপনার বক্তব্য কী?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** যদি বিধান সভায় শুনতে চান, তাহলে নোটীশ দিবেন আর যদি এমনি শুনতে চান বা জানতে চান তো লিখে পাঠাবেন।

## প্রেস অ্যাডভাইজারি কমিটি

*170. (Admitted question No. *586.)

**শ্রীঅশ্বিনী রায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ-সরকার বিভিন্ন জেলায় প্রেস অ্যাডভাইজারি কমিটি গঠন করিয়াছেন;

(খ) সত্য হইলে, (১) কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া ঐ কমিটি গঠন করা হইয়াছে; (২) কতগুলি জেলায় গঠিত হইয়াছে; এবং

(গ) বর্ধমান জেলায় ঐরূপ উপদেষ্টা কমিটি গঠিত হইয়া থাকিলে কমিটির সদস্যদের নাম ও বিবরণ?

**শ্রীজ্যোতি ভূষণ ভট্টাচার্য্য:**

(ক) হ্যাঁ। এই কমিটির নাম 'ডিস্ট্রিক্ট প্রেস এ্যাডভার্টাইজিং এ্যাড্‌ভাইসরি কমিটি'।

(খ) (১) স্থানীয় সংবাদপত্র তথা পত্রপত্রিকা এবং বিশেষ বিশেষ উপলক্ষে প্রকাশিত স্মারক পুস্তিকাদিতে প্রকাশের জন্য নিছক স্থানীয় বিষয় সংক্রান্ত প্রচারমূলক বিজ্ঞাপনাদি (ক্যাম্পেন এ্যাড্‌ভার্টাইজমেণ্ট) প্রস্তুত করায় এবং কোন কোন সংবাদপত্র বা পত্র-পত্রিকায় কিংবা স্মারক পুস্তিকায় ঐ সব বিজ্ঞাপন প্রকাশ করা হইবে তাহা স্থির করার ব্যাপারে স্থানীয় কর্তৃপক্ষকে পরামর্শদানের জন্য।

(২) সকল জেলায়।

(গ) বর্ধমান জেলার কমিটিতে আছেন:—

১। জেলা শাসক—চেয়ারম্যান।

**সদস্যবৃন্দ**

২। শ্রীললিত হাজরা

৩। শ্রীসুধীরচন্দ্র রায়, অধ্যাপক, রাজ কলেজ

৪। শ্রীশৈলেন্দ্রচন্দ্র ব্যানার্জি, চেয়ারম্যান, বর্ধমান মিউনিসিপ্যালিটি

৫। শ্রীবামাপদ মুখার্জি, এম. এল. এ.

৬। শ্রীসুনীল বসু রায়, এম. এল. এ.

**সদস্য সচিব**

৭। ফিল্ড ইনফরমেশন অফিসার, তথ্য ও জনসংযোগ বিভাগ।

**শ্রীঅশ্বিনী কুমার রায়:** এখানে দেখা যাচ্ছে বিশেষ একটা রাজনৈতিক দলেরই সমস্ত লোককে নেয়া হয়েছে—এদের প্রেস য়্যাডভাইজর হিসাবে যোগ্যতা কি, কি ভিত্তিতে এঁদের নির্বাচন করেছেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা আমি স্বীকার করছি না যে এতে একটা বিশেষ রাজনৈতিক দলের লোকদের নেয়া হয়েছে। আমরা যে পদ্ধতি নিয়েছিলাম সমস্ত জেলা শাসকদের কাছে একটা পত্র দেয়া হয়েছিল—তাঁদের কাছ থেকে আমরা তিন ধরণের লোকের নাম চেয়ে পাঠিয়েছিলাম। প্রথমতঃ যাঁরা সংবাদপত্রের সংগে যুক্ত অথচ স্থানীয় সংবাদপত্রের সংগে যুক্ত নন—কারণ সেখানে বিজ্ঞাপন দেয়া হবে, কাজেই নিজেদের কোন স্বার্থের ব্যাপারে জড়িত নন অথচ জার্নালিষ্ট যাঁদের বলা হয়, সেই রকম ধরণের লোকদের নাম, দ্বিতীয়তঃ যাঁরা শিক্ষা বা ডাক্তারী প্রভৃতি ব্যাপারে জড়িত আছেন সেই রকম ধরণের লোকের নাম এবং তিন নম্বর যাঁরা সমাজসেবামূলক কাজকর্ম করেন সেই রকম ধরণের লোকের নাম আমরা চেয়ে পাঠিয়েছিলাম। এ ছাড়া আমরা স্থির করেছিলাম প্রত্যেকটা কমিটিতে এক একজন করে এই তিনটা ক্যাটিগরীর লোক থাকবেন, এবং এম. এল. এ.-রাও থাকবেন। বর্ধমানের দুজন এম. এল. এ-ই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির এম. এল. এ. কিন্তু অন্যান্য জেলার খবর নিয়ে দেখবেন যে বাংলাদেশের একটা বিশেষ রাজনৈতিকদলের কোন আধিপত্য সেখানে নেই, সেখানে বিভিন্ন দলের সদস্যদের নেয়া হয়েছে।

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** আপনি বলেছেন যে জেলায় প্রচারের য়্যাডভারটাইজমেণ্ট এই কমিটি ঠিক করবে—কিভাবে এই য়্যাডভারটাইজমেণ্ট দেয়া হবে বা কি ভিত্তিতে হবে তার কোন রকম ডাইরেকটিভ আছে কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** ডাইরেকটিভের কোন প্রশ্ন নেই, আমরা এই কমিটির সংগে পরামর্শ করতে চাই, কোন কোন বিষয়ে স্থানীয় সংবাদপত্রগুলিতে বিজ্ঞাপন দেয়া যায়, কিভাবে দেয়া যায় এবং কি পরিমাণে দেয়া যায় এই সমস্ত কিছু বিবেচনা এঁরা করবেন, করে স্থানীয় জেলা শাসক যিনি এই কমিটির চেয়ারম্যান এবং আমাদের সংশ্লিষ্ট অফিসার যিনি আছেন, তাঁদের এঁরা জানাবেন এবং সেই রেকমেনডেসন অনুসারে বিজ্ঞাপন দেয়া হবে, এটা স্থির হয়েছে।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মন্ত্রীমহাশয় বল্লেন যে অন্যান্য জেলা সম্পর্কে খোঁজ নিলে জানতে পারবেন—আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি মেদিনীপুর জেলায় কারা কারা এই কমিটিতে আছেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** মেদিনীপুর জেলায় আছেন শ্রীদিলীপ কুমার মুখার্জী, শ্রীগগন সরদার, শ্রীঅনিলকৃষ্ণ দে, শ্রীদেবেন দাস, এম. এল. এ. শ্রীগঙ্গাপদ কুঁমার, এম. এল. এ.। এ ছাড়া ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট-চেয়ারম্যান এবং ফিল্ড ইনফর্মেসন অফিসার, তিনি সেক্রেটারী-মেম্বার।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এই কমিটি কি শুধু তাঁদের দপ্তর থেকে বিজ্ঞাপন দেয়া হয় সেই বিজ্ঞাপন সম্পর্কে এই সমস্ত বিলি ব্যবস্থা করছেন, না অন্যান্য দপ্তর থেকেও

বিজ্ঞাপন যা দেয়া হবে সরকারের তরফ থেকে সেই সমস্ত বিজ্ঞাপনের উপরও এই কমিটির খবরদারী থাকবে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** অন্যান্য দপ্তর সম্পর্কে বলতে পারি না, আমাদের জন-সংযোগ দপ্তর থেকে যেসব বিজ্ঞাপন দেয়া হয় সেই ব্যাপারে এঁদের পরামর্শ আমরা মেনে চলব।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** অন্যান্য দপ্তর থেকে তাহলে কি সরাসরি এই কমিটিকে ডিঙিয়ে বিজ্ঞাপন দেয়ার রীতি চালু আছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এখন যে অবস্থা আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই অবস্থাটা হয়ত কারো কারো ঠিক নয় বলে মনে হতে পারে। কতকগুলি বিশেষ বিভাগ থেকে যে বিজ্ঞাপন দেয়া হয়—শুধু জেলা দপ্তর নয়, কলকাতা থেকে, হেড কোয়াটার্স থেকে যেসব দেয়া হয় সেগুলি তথ্য ও জন-সংযোগ বিভাগের মারফত হয় না, সরাসরি একাধিক বিভাগ বিজ্ঞাপন দিয়ে থাকেন, যেটা কেউ কেউ মনে করেন ঠিক নয়, এটা কেন্দ্রীভূত হওয়া উচিত—এটা আমরা বিচার বিবেচনা করছি।

[2-00—2-10 p.m.]

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই প্রেস এ্যাডভাইসারী কমিটিতে ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন সদস্যকে নেওয়া হয়েছে কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমতঃ কথা হল এই কমিটিগুলিতে আমরা দলের ভিত্তিতে নিই নি বা কোন দলের প্রতিনিধি নেওয়া হয়নি। জেলার স্থানীয় এম. এল. এ. যাঁরা আছেন তাঁদের মধ্যে থেকে বেছে নেওয়া হয়েছে। অবশ্য যেখানে ২জন এম, এল. এ. থাকবেন সেখানে কেউ কেউ বাদ পড়বেন, সেটা সম্পূর্ণ আমার দায়িত্ব কে থাকবেন না থাকবেন সেটা আমি ঠিক করে দেব। ভারতীয় জাতীয় কংগ্রেস সম্পর্কে যে প্রশ্ন উঠেছে সে সম্পর্কে বলতে চাই যে প্রথমে আমরা বুঝে নিই যে কটা কংগ্রেস এবং কে তাদের প্রতিনিধি। এটা বুঝে নিয়ে ভারতীয় জাতীয় কংগ্রেস অথবা বিরোধীপক্ষের অন্যান্য যেসমস্ত দল আছেন তাঁদের সকলের প্রতিনিধিত্ব যাতে এখানে দিতে পারা যায় সেকথা আমরা নিশ্চয়ই বিবেচনা করবো।

**Mr. Speaker:** Question hour in over.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্ন সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। এই যে ১১টি বাকি থেকে গেল—একটা প্রস্তাব রাখা হয়েছিল যে রুলে যেমন আছে যে ৩ টের বেশী আসবে না, কারুর যদি ৩ টের বেশী থাকে তাহলে সেটা আনরিটিন বলে ছেপে দেওয়া হবে, এই প্রস্তাব এখানে এসেছিল যে যেগুলি এখন এল না সেগুলি আনরিটিন প্রশ্ন বলে ছেপে দেওয়া হোক। আমার জিজ্ঞাস্য, সেই প্রস্তাবটার কি হল?

**মিঃ স্পীকার:** যাঁরা কোশ্চেন দিয়েছেন সেই মেম্বারদের কাছে উত্তর চলে যাচ্ছে এবং যাবে

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সকলেই এই উত্তরটা পাবেন যদি আনষ্টার্ড কোশ্চেন হিসাবে এ ছেপে দেওয়া হয়, এই প্রস্তাবই করা হয়েছিল।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, এখানে যখন এই প্রস্তাব ওঠে তখন আমা এই সম্পর্কে বিচার বিবেচনার পর এটাই ঠিক করি যে, এই যে উত্তর দেওয়া হচ্ছে—যেটা লেড অ দি টেবল হয়ে যাচ্ছে, সেটা প্রসিডিংসে যাচ্ছে। কিন্তু আনরিটিন বলে ছাপিয়ে বিতরণ করা যেতে পারে না। এতে মাননীয় সদস্যদের সুবিধা হবে কারণ প্রসিডিংস যখন পাবেন তখন ওরা কোশ্চেনের যে রিপ্লাই সেই রিপ্লাই প্রসিডিংসে সন্নিবেশিত হবার ফলে তাঁরা তাঁদের নিজ নিজ সুবিধা মত তাকে ব্যবহার করতে পারবেন।

## STARRED QUESTIONS

( To which answers are laid on the table )

### সাকরাইল-মানিকপুর-হীরাপুর বাজার রাস্তা

*171. (Admitted question No. *597.)

**শ্রীকালীপদ মণ্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া জেলায় সাঁকরাইল-মানিকপুর-হীরাপুর বাজার রাস্তাটির ৩য় পরিকল্পনাকালে সমাপ্ত করার কথা ছিল ;

(খ) সত্য হইলে, ঐ রাস্তাটির কাজ সম্পূর্ণ হইয়াছে কিনা ; এবং

(গ) না হইলে, তাহার কারণ কি এবং কবে নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায় ?

**The Minister of State for Puplic Works (Roads):**

(ক) (খ) ও (গ) তৃতীয় পরিকল্পনায় যে সকল রাস্তা অন্তর্ভুক্ত করা হইয়াছিল তাহাদের কাজ ঐ পরিকল্পনা কালেই শেষ করিতে হইবে এমন কোন কথা নয়; সাঁকরাইল-মানিকপুর-হীরাপুর বাজার রাস্তাটি ঐ পরিকল্পনায় অন্তর্ভুক্ত ছিল কিন্তু তাহার জন্য প্রয়োজনীয় সকল জমির দখল না পাওয়াতে কাজ শেষ হয় নাই। জমির দখল পাওয়ার উপর কাজ সম্পূর্ণ হওয়া নির্ভর করিতেছে।

### শিল্প উন্নয়ন করপোরেশন

*172. (Admitted question No. *803.)

**শ্রীআজিজুর রহমান:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোনও শিল্প উন্নয়ন করপোরেশন আছে কিনা ; এবং

(খ) থাকিলে উক্ত করপোরেশন ও তাহার সদস্যবৃন্দের নাম কি ?

**The Minister for Commerce and Industries:**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন করপোরেশন (West Bengal Industrial Development Corporation) উহার সদস্যবৃন্দের নামের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

### পশ্চিমবঙ্গ হইতে অন্য রাজ্যে শিল্প স্থানান্তরকরণ

*174. (Admitted question No. *852.)

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৭ হইতে বর্তমান সময় পর্যন্ত এই রাজ্য হইতে কোন শিল্প ( ইণ্ডাষ্ট্রিজ ) রাজ্যের বাহিরে স্থানান্তরিত হইয়াছে কিনা ; এবং

(খ) হইয়া থাকিলে, তাহার কারণ কি ?

**The Minister for Commerce and Industries:**

(ক) আলোচ্য সময়ে এই রাজ্য হইতে কোন বৃহৎ চালু শিল্প প্রতিষ্ঠান অন্য রাজ্যে স্থানান্তরিত হইয়াছে বলিয়া জানা নাই।

(খ) এই প্রশ্ন ওঠে না।

## পশ্চিমবঙ্গ হইতে শিল্প স্থানান্তরিত করণ

*176. (Admitted question No. *629.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৯ সালে কয়টি শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানা পশ্চিমবঙ্গ হইতে স্থানান্তরিত হইয়াছে বা স্থানান্তরের জন্য আবেদন করিয়াছে ?

**The Minister for Commerce and Industries :**

১৯৬৯ সালে পশ্চিমবঙ্গ হইতে কোন বৃহৎ চালু কলকারখানা অন্য রাজ্যে স্থানান্তরিত হয় নাই। তবে এই সময়ে স্থানান্তরের অনুমতির জন্য ভারত সরকারের নিকট মোট ৩টি আবেদন পেশ করা হয়।

## সরকারী ভাষা আইন কার্যকর করিবার ব্যবস্থা

*178. (Admitted question No. *89.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

বিধানসভার গত অধিবেশনে সরকারী ভাষা আইন অবিলম্বে কার্যকর করিবার প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হইবার পর হইতে ঐ প্রস্তাব কার্যকর করিবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**The Minister for Information and Public Relations :**

বিগত বিধান সভায় সরকারী কার্যে বাংলা ভাষার ব্যবহার সম্পর্কিত প্রস্তাবটি গৃহীত হবার পর এ বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা অবলম্বিত হইয়াছে :

(১) সরকারী কার্যের সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার চালু করার পথে যে সব বাধা ও অসুবিধা আছে সেগুলি সম্বন্ধে তথ্যানুসন্ধানের কাজ সমাপ্ত হয়েছে।

(২) লব্ধ তথ্যাদির ভিত্তিতে এ বিষয়ে নীতি নির্দেশক সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি প্রস্তাব মন্ত্রিসভার বিবেচনাধীন আছে।

## সালার স্টেশন হইতে ভরতপুর পর্যন্ত রাস্তার সংস্কার

*179. (Admitted question No. *371.)

**শ্রীসনৎকুমার রাহা :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সালার স্টেশন হইতে ভরতপুর পর্যন্ত যে নয় মাইল রাস্তা আছে তাহা সংস্কারের অভাবে বর্তমানে চরম অসুবিধা হইতেছে ; এবং

(খ) অবগত থাকিলে, এই রাস্তা সংস্কারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন ?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) গত বর্ষাকালে প্রবল বর্ষণের ফলে রাস্তাটি ক্ষতিগ্রস্ত হইয়াছিল।

(খ) সংস্কার কার্য শুরু হইয়াছে। কয়েকটি বিচ্ছিন্ন অংশ বাদে রাস্তাটির অবস্থা বর্তমানে মোটামোটি ভাল। উক্ত অংশগুলির সংস্কার কার্য আগামী বর্ষার পূর্বে সম্পন্ন হইবে।

## দুর্গাপুর কেমিক্যালস-এর পরিচালকমণ্ডলী

*180. (Admitted question No. *473.)

**শ্রীঅশ্বিনী রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর কেমিক্যালস (বর্ধমান জেলায়)-এর কোনও পরিচালকমণ্ডলী গঠিত হইয়াছে

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
(১) উক্ত পরিচালকমণ্ডলী গঠনের সময় ও তারিখ ; এবং
(২) পরিচালকমণ্ডলীর সদস্যদের নাম ও বিবরণ ?

**The Minister for Commerce and Industries :**

(ক) হ্যাঁ।

(খ) (১) ২৭শে নভেম্বর, ১৯৬৯।
(২) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

## মুর্শিদাবাদ জেলায় রাস্তা পাকা করিবার পরিকল্পনা

*181. (Admitted question No. *809.)

**শ্রীআজিজুর রহমান :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালের আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলায় কোনও রাস্তা পাকা করিবার সরকারী পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, উক্ত রাস্তাগুলির নাম কি ?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) ১৯৬৯-৭০ সালের আর্থিক বৎসরের মধ্যে মুর্শিদাবাদ জেলায় কোনও পাকা রাস্তা সমাপ্ত করিবার পরিকল্পনা সরকারের হাতে নাই।

(খ) উপযুক্ত আর্থিক বৎসর হইতে চতুর্থ পরিকল্পনায় অন্তর্ভুক্ত মুর্শিদাবাদ জেলার (৭৮½ মাইল) পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের হাতে আছে। রাস্তাগুলির একটি তালিকা প্রদত্ত হইল।

Statement refered to in reply to clause (kha) of starred question No. *181.

### DISTRICT : MURSHIDABAD

### List of New Roads and Bridges proposed to be included in the 4th Five-Year Plan.

| Sl. No. | Name of project. | Length in miles |
|---|---|---|
| 1. | Suti-Sajanipara Road via Mission Hospital | 5½ |
| 2. | Nimtala to Hatinagar Health Centre (near Berhampore) | 1½ |
| 3. | Bhakuni to Ukilpara via Chalita (near Berhampore) | 1½ |
| 4. | Link Road to Khoshag from Panchagram-Lalbag-Nabagram Road | 1½ |
| 5. | Link Road from Krishnagar-Debipur-Jalangi to Katlamari Higher Secondary School. | 1 |
| 6. | Salar-Sonamundi Road (up to Ketugram-Katwa Road) | 4 |
| 7. | Rajapur to Garaimari H.C. | 2 |
| 8. | Bridge over Ghuator on Kandi-Bharatpur Road | |
| 9. | Link Road to Sadikhan's Derah H. C. from Berhampur-Jalangi Road. | ½ |
| 10. | Bharatpur-Lohadaghat Road via Sijgram | 8 |
| 11. | Masimpur-Bhagirathpur-Tartipur-Swaruppur-Hariharpara Road | 12 |
| 12. | Link Road to Moregram H.C. from Kuli-Moregram Road via Gurulia. | 3 |

| | | |
|---|---|---|
| 13. | Kalitala on Beldanga-Amtola Road to Mashimpur-Choramara H.C. | 4 |
| 14. | Azimganj to Panchgram-Nabagram-Lalbag Road | 6 |
| 15. | Rejinagar-Sarbangepur | 6 |
| 16. | Rarorah North to Bhatra on Kandi-Bharatpur Road | 1 |
| 17. | Salar-Talibpur Road | 4 |
| 18. | Colokutisanko to Mayurakhshi River | ¼ |
| 19. | Hariharpara to Rukumpur Road | 4 |
| 20. | Mirzapur-Anupur Road | 2½ |
| 21. | Godhanpara-Natial Road | 6 |
| 22. | Tibanti-Barudar Khali Road | 4 |
| | | 78¼ |

### কাপড় ও সূতাকলকে সাহায্যদান

*182. (Admitted question No. *103.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বছরের মধ্যে রাজ্যসরকার কোন কাপড় ও সূতাকলকে ঋণ অথবা সাহায্য বাবদ কত টাকা দিয়াছেন, এবং

(খ) এক্ষেত্রে সাহায্য দিবার কোন নির্দিষ্ট নীতি আছে কি ?

**The Minister for Commerce and Industries :**

(ক) গত তিন বৎসরের মধ্যে সরকার শেয়ার ক্যাপিট্যাল হিসাবে (i) শক্তিগড় টেক্সটাইল এবং ইণ্ডাসট্রিজ লিমিটেডকে ১৯৬৬-৬৭ সালে ১০ লক্ষ টাকা।

(ii) পোদ্দার প্রজেক্টস্ লিমিটেডকে ১৯৬৬-৬৭ সালে ১৫ লক্ষ টাকা।

(iii) ময়ূরাক্ষী কটন মিলস্ লিমিটেডকে ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালে ২০ লক্ষ টাকা দিয়াছেন। ত্রাণ ও পুনর্বাসন বিভাগ বিভিন্ন টেক্সটাইল মিলস্‌কে সর্বমোট ১১,১৪,২৩৯ টাকা ঋণ দিয়াছেন। ইহার একটি বিবরণ লাইব্রেরী টেবিলে পেশ করা হইল।

(খ) হঁ্যা, কতিপয় লক্ষণ সাপেক্ষে যদি কোন কাপড় বা সূতাকলের আর্থিক দুর্গতি বা অনটন ঘটে এবং মিল কর্তৃপক্ষ যদি সরকারের কাছে ঋণের আবেদন করেন তখন সরকার মিল সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি পরীক্ষা করিয়া মিলটির ভবিষ্যৎ আর্থিক উন্নতির সম্ভাবনা সম্পর্কে যদি নিঃসন্দেহ হন তবে সাহায্য বা ঋণ দিবার কথা বিবেচনা করিয়া থাকেন।

## UNSTARRED QUESTIONS

( to which written answers were laid on the table )

### পশ্চিম বাংলার বিভিন্ন জেলে বন্দীদের দ্বারা তৈয়ারী জিনিষের পরিমাণ

156. ( Admitted question No. 163. )

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** স্বরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—পশ্চিম বাংলার বিভিন্ন জেলে বন্দীদের দ্বারা ১৯৬৮-৬৯ সালে ও ১৯৬৯-৭০ সালের বর্তমান সময় পর্যন্ত মোট কত টাকার কি কি বিভিন্ন জিনিষ তৈয়ারী হইয়াছে ?

**The Minister for Home (Jails) :**

জেলখানায় বন্দীদের দ্বারা তৈয়ারী জিনিষের বিবরণী প্রদত্ত হইল :

১৯৬৮-৬৯ সালে জেলে উৎপাদিত বিভিন্ন জিনিষের মোট মূল্য—১৫,৪৬,৭৪৯ টাকা ২৬ পয়সা।

১৯৬৯-৭০ সালে ( ৯ মাসে, ৩১শে ডিসেম্বর, ১৯৬৯ পর্যন্ত ) জেলে উৎপাদিত বিভিন্ন জিনিষের মোট মূল্য—১৩,৩০,২৬৯ টাকা ৫৮ পয়সা।

*Statement referred to in reply to Unstarred Question No. 156*

A list of kinds of articles manufactured in different Jails in West Bengal during the years 1968-69 and 1969-70.

Chowkidary uniforms, viz., Jumpers, Pugrees.

Dafadary Jumpers, Pugrees, Khaki Havarsack, Half Pants, Half-Shirts, Caps, etc., Warm Great Coat, Khaki putty, Mosquito Nets, Khaki Trousers, Jumpers, Serge Jackets, Shirts, Mosquito Nets for Police Department, Markin Chadar, Khaki Serge Plus-fours, Coats.

Prison kurtas, Jangia, Trousers, Caps, Gamchas, Bed sheets, Female Prisoners' Sarees, Chemise, U. T. pajama, Half Shirts, Blanket Coat, Petty Coats, Kurtas, Trousers, Division II Half Shirts, etc., Warm Shirts, Warm Coats, Warm Kurta, Duster, Gamcha, Waste Paper Baskets, Office Paper Baskets and trays, cane morah, Chairs, Table, Sofa Set, Drain Brush, Floor Swab, Prison Clothing, Scythe, Khurpi, Dao, Khanta, Degchi, Karai, Bucket, Urinal Tubs, Iron Cots, Rice strainer, Water Drum. Mugs, Rice Trays, Latrine Pans, Ablution Tubs, Dhobi Bhati, Khunti, Tawa, Dabbas, Bamboo Handfans, Kula, Basket, Chalni, Mathali, etc., Bandage cloth, Gauze cloth, Hospital prison cloth, Towels, Woollen Blankets. Sataranchi, Sataranchi Ashans, Umbrellas for gents and ladies, Alluminium Mugs, Thala and bati, Mustard oil and cake, Uniforms for Jail Department, Excise Department and Police Department, Rope, Brass badges, Buckles, Washing Soap, Plastic articles, coir string, Mat, Pillows, Mattresses, Pillow Covers and Woollen Great Coat.

## তারকেশ্বর হিমঘর

157. (Admitted question No. 202.)

**শ্রীসনৎকুমার রাহা :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তারকেশ্বর সরকারী হিমঘরটি চালু আছে কিনা ; এবং

(খ) থাকিলে, তাহার লাভ লোকসান কিরূপ ?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) তারকেশ্বরে কোন সরকারী হিমঘর নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

## সরকারী অনুমোদনের জন্য বিদ্যালয়গুলির নিকট হইতে প্রাপ্ত আবেদনের সংখ্যা

158, (Admitted question No. 219.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকারের অনুমোদন লাভের জন্য সরকারের নিকট কতগুলি বিদ্যালয়ের নিকট হইতে দরখাস্ত জমিয়া আছে।

**The Minister for Education :**

১লা জানুয়ারী, ১৯৭০ সন হইতে অনুমোদনলাভের জন্য নিম্নলিখিত সংখ্যক আবেদনপত্র পাওয়া গিয়াছে এবং নিম্নলিখিত সংখ্যক দরখাস্ত জমিয়া আছে :

| | আবেদনপত্র সংখ্যা | কতগুলি দরখাস্ত জমিয়া আছে |
|---|---|---|
| (১) হাই স্কুল হিসাবে | ২১২ | ১২ |
| (২) উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় হিসাবে (দশম শ্রেণীযুক্ত বিদ্যালয় হইতে একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয় হিসাবে এবং একাদশ শ্রেণীযুক্ত বিদ্যালয়ে অতিরিক্ত শাখার জন্য)। | ১৪৯ | |
| (৩) ৪-শ্রেণীযুক্ত জুনিয়র হাই স্কুল হিসাবে। | ৫৭ | ৫৭ |
| (৪) ২-শ্রেণীযুক্ত জুনিয়র হাই স্কুল হিসাবে। | ৬৫ | ৬৫ |

যে বিদ্যালয়গুলির দরখাস্ত জমিয়া আছে সেই সমস্ত বিদ্যালয়গুলির পরিদর্শনের জন্য জেলা বিদ্যালয় পরিদর্শক ও পরিদর্শিকার নিকট পাঠানো হইতেছে। পরিদর্শন রিপোর্ট পাওয়ার পর যে সমস্ত বিদ্যালয় প্রয়োজনীয় সর্তাদি পূরণ করিতে পারিবে সেই সমস্ত বিদ্যালয়গুলিকে অনুমোদন দানের জন্য মধ্যশিক্ষা পর্ষদের নিকট সুপারিশ করা হইবে।

### বেকার সমস্যা সমাধানের জন্য সরকারী পরিকল্পনা

159. (Admitted question No. 358.)

**শ্রীসনৎকুমার রাহা :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বেকার সমস্যার বিষয়ে চিন্তা করিয়া রাজ্যের সর্বাঙ্গীন উন্নয়ন ও কাজ সৃষ্টির ব্যবস্থা করিবার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করার বিষয়ে সরকার চিন্তা করিতেছেন কিনা ; এবং

(খ) করিয়া থাকিলে, উক্ত পরিকল্পনা কতদূর অগ্রসর হইয়াছে ?

**The Minister for Development and Planning :**

(ক) রাজ্যের সর্বাঙ্গীণ উন্নয়নের লক্ষ্য লইয়া পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় এবং ইহার অন্তর্গত বার্ষিক পরিকল্পনাগুলিতে কৃষি, সমবায়, সেচ, বিদ্যুৎ উৎপাদন ইত্যাদি খাতে বিভিন্ন প্রকল্পগুলির জন্য অধিকতর অর্থসংস্থানের প্রস্তাব করিয়াছেন। ঐ প্রকল্পগুলি রূপায়িত হইলে রাজ্যের বেকার সমস্যার আংশিক লাঘব হইবে আশা করা যায়। বেকার সমস্যার সমাধান সাপেক্ষে যাঁহারা বেকার আছেন তাঁহাদের কিভাবে সাহায্য করা যায় সে বিষয়ে একটা তথ্যভিত্তিক প্রকল্প প্রস্তুত করার জন্য মন্ত্রিসভা শ্রম বিভাগকে নির্দেশ দিয়াছেন।

(খ) চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম বৎসরের কাজ বর্তমান বৎসরে হাতে লওয়া হইয়াছে।

### লালগোলায় পাগল মেয়েদের কারা

160. (Admitted question No. 404.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে লালগোলায় পাগল মেয়েদের জন্য যে কারা আছে তাহা অস্বাস্থ্যকর এবং বসবাসের অযোগ্য হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বিত হইয়াছে কিনা?

**The Minister for Home (Jails):**

(ক) হ্যাঁ, ঐরূপ খবর পাওয়া গিয়াছিল।

(খ) খবর পাওয়ার সঙ্গে সঙ্গে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছিল এবং মেরামতের কাজও শুরু হইয়াছে।

### মৎস্যজীবীদের সাহায্যের জন্য অর্থ বরাদ্দের পরিমাণ

161. (Admitted question No. 595.)

**শ্রীকালীপদ মণ্ডল:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার মৎস্যজীবীদের সাহায্য দেওয়ার জন্য ১৯৬৯-৭০ সালে কি পরিমাণ অর্থ বরাদ্দ ছিল; এবং

(খ) ১৫ই জানুয়ারী পর্যন্ত সাহায্য বাবদ মৎস্যজীবীদের মোট কত টাকা দেওয়া হইয়াছে?

**The Minister for Fisheries:**

(ক) পশ্চিম বাংলার মৎস্যজীবীদের ঋণ ও অনুদান (গ্রাণ্ট) হিসাবে সাহায্য দেওয়ার জন্য ১৯৬৯-৭০ সালের সংশোধিত বাজেটে যথাক্রমে ৬ লক্ষ ৯১ হাজার ৬ শত ও ৩ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে।

(খ) এ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হইতেছে। আশা করা যায় যে উপরোক্ত সমস্ত টাকাই এই বৎসরের ৩১শে মার্চের মধ্যে খরচ করা যাইবে।

### Medical help to Anchal areas

162. (Admitted question No. 614.) **Dr. NALINAKSHA SANYAL:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the policy of Government to ensure medical help to every Achal area in rural West Bengal, specially in areas that remain virtually inaccessible for about eight months in a year for bad and kutcha roads;

(b) whether the Government have received any representations from Murutia, Dhoradaha and Harekrishnapur Anchal areas of Karimpur Block in Nadia district seeking the setting up of suitable Health Centres at Baliadanga, Dhoradaha and Jayrampur villages; and

(c) if so, what action has since been taken or proposed to be taken in this regard?

**The Minister for Health:** (a) In order to render medical help to rural area of this State, Government have adopted a programme for setting up one Primary Health Centre with 10-beds and at least two

Subsidiary Health Centres each having two non-dietary emergency meternity beds in each Development Block area. The programme does not however aim at covering each Anchal area with Health Centres at present.

(b) No such specific proposal was received.

(c) The question does not arise.

### Electrification of Anandapur village

163. (Admitted question No. 616.) **Shri GANGAPADA KUAR:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether there is any proposal for bringing the village of Anandapur in P. S. Keshpur, Dist. Midnapur, under electrification schemes; and

(b) if so—

(i) what action has been taken in this regard; and

(ii) when the said scheme is likely to be implemented?

**The Minister for Commerce and Industries:** (a) The scheme for electrification of the village Anandapur under police-station Keshpur, district Midnapore, has already been sanctioned by the West Bengal State Electricity Board.

(b) (i) The electrification work of the village has already been completed.

(ii) It is expected that the same will be energised shortly.

### হাওড়া সেণ্ট্রাল ইঞ্জিনিয়ারিং সংস্থা

164. (Admitted question No. 659.)

**শ্রীসনৎকুমার রাহা:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া সেণ্ট্রাল ইঞ্জিনিয়ারিং সংস্থার কাজ কি;

(খ) এই সংস্থায় সরকার কত টাকা দিয়াছেন;

(গ) এই সংস্থা কি কি দ্রব্য উৎপাদন করে; এবং

(ঘ) এই সংস্থার উৎপন্ন পণ্য সরকারের বিভিন্ন দপ্তর ক্রয় করে কিনা?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) হাওড়া, হুগলি, চব্বিশ-পরগনা জেলাসমূহ ও কলিকাতার ক্ষুদ্রশিল্প সংস্থাগুলির (ইঞ্জিনিয়ারিং) মধ্যে যেগুলি সেণ্ট্রাল ইঞ্জিনিয়ারিং সংস্থার সহিত সংযুক্ত (অ্যাফিলিয়েটেড) তাহাদের সামগ্রিক উন্নয়নের জন্য বিভিন্ন প্রকারের সাহায্যদান করাই এই সংস্থার কাজ। বর্তমানে এই সংস্থা নিম্নলিখিতভাবে এইসব শিল্প সংস্থার উন্নয়নের জন্য কাজ করিয়া থাকে—

(১) সংযুক্ত ক্ষুদ্র শিল্পসংস্থাগুলির জন্য বিভিন্ন জায়গা হইতে অর্ডার সংগ্রহ করা;

(২) এইসব অর্ডারমত কাজের জন্য প্রয়োজনীয় কাঁচামাল সংগ্রহ করা এবং সেই কাঁচামাল বিভিন্ন সংস্থাকে প্রয়োজন হইলে ধারে সরবরাহ করা;

(৩) সংযুক্ত সংস্থাগুলিকে বিভিন্ন প্রকার সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি দিয়া সাহায্য করা ;

(৪) সংস্থাগুলিকে প্রয়োজন মত ঋণ পাইতে সাহায্য করা ;

(৫) সংস্থাগুলি কর্তৃক উৎপন্ন দ্রব্যসমূহের মান পরীক্ষার ব্যবস্থা করা ;

(৬) দ্রব্যসমূহ উৎপাদন বিষয়ে উপদেশ দেওয়া ও বিভিন্ন রকমের কারিগরী সাহায্য দেওয়া ; এবং

(৭) বৃহৎ সংস্থাগুলির পরিপূরক হিসাবে এই সমস্ত ক্ষুদ্র সংস্থাগুলিকে গড়িয়া উঠিতে সাহায্য করা ইত্যাদি।

(খ) এই সংস্থার জন্য মূলধন খাতে সরকার কর্তৃক এ পর্যন্ত ব্যয়ের পরিমাণ নিম্নে দেওয়া হইল—

| | | টাকা |
|---|---|---|
| (১) | জমি | ... ২,৯৪,০০০ |
| (২) | বাড়ী ও কারখানা | ... ৩,৬১,০০০ |
| (৩) | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম | ... ৬,৩৫,০০০ |
| (৪) | অন্যান্য সম্পদ | ... ১,২০,০০০ |
| | | মোট—১৪,১০,০০০ |

(গ) এই সংস্থা অপারেশান টেবিল, সিক্ষ রিলিং যন্ত্র, জিগস্‌, গেজ, ছাঁচ প্রভৃতি উৎপাদন করে। ইহা ছাড়া সংস্থাটি সংযুক্ত সংস্থাগুলিকে নিম্নলিখিত দ্রব্যসমূহ উৎপাদনে সাহায্য করে :

(১) নাট, (২) বল্টু, (৩) লোহার ঢালাই, (৪) রেলওয়ে ওয়াগান ও ক্যারেজের অংশসমূহ (৫) প্ল্যাটফর্ম ওয়েইং স্কেল, (৬) রেলওয়ে সাংকেতিক যন্ত্রপাতি, ও (৭) বিভিন্ন প্রকারের ছোট-খাট যন্ত্রপাতি।

(ঘ) সরকারের বিভিন্ন দপ্তর এই সংস্থা হইতে খুব অল্প পরিমাণ দ্রব্য ক্রয় করিয়া থাকে।

## খড়গ্রাম থানায় বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা

165. (Admitted question No. 672.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিল্প ও ব্যাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খড়গ্রাম থানায় বিদ্যুৎ সরবরাহ করার কোন সরকারী পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকিলে, কবে করা হইবে ?

**The Minister for Commerce ond Industries :**

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

## সরকার কর্তৃক প্রকাশিত সাময়িক পত্রিকার সংখ্যা

166. (Admitted question No. 721.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** তথ্য ও জনসংযোগ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কয়টি সাময়িক পত্রিকা প্রকাশ করেন ;

(খ) ঐগুলির গ্রাহক সংখ্যা কত ;

(গ) ঐগুলি কতজনকে বিনামূল্যে দেওয়া হয় ; এবং

(ঘ) ঐগুলি হইতে ১৯৬৯-৭০ সালে ১৫ই জানুয়ারী পর্যন্ত কত আয় হইয়াছে এবং ঐগুলি ছাপা খরচ কত হইয়াছে ?

**The Minister for Information and Public Relations :**

(ক) সাতটি।

(খ) গ্রাহক সংখ্যা—

(১) পশ্চিমবঙ্গ—১,৭২৪

(২) ওয়েষ্ট বেঙ্গল—১২৫

(৩) পশ্চিম বাঙলা (সাঁওতালী)—৩৬১

(৪) পশ্চিম বাঙলা (নেপালী)—৪১

(৫) মগরেবি বাংগাল (উর্দু)—২৬

(৬) পঞ্চায়েতী রাজ—৬৭

(৭) বসুন্ধরা—৫০০ (কৃষি বিভাগ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায়, এই পত্রিকা মাসিক এবং ইহা কৃষি বিভাগ থেকে প্রকাশিত এবং নিজস্ব অফিসের প্রেসে মুদ্রিত হয়

(গ) মোট ১৯,০১৪ কপি বিনামূল্যে দেওয়া হয়। এর মধ্যে 'বসুন্ধরা'র হিসাবও ধরা আছে।

(ঘ) মোট আয় ৩৩,৫৩৭ টাকা এবং মোট ছাপা খরচ ২,৬৯,৫৫২ টাকা। কৃষি বিভা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায়, 'বসুন্ধরা' পত্রিকাটি সরকারী প্রেসে মুদ্রিত হওয়া ইহার কোন ব্যয়ের হিসাব পৃথক রাখা হয় না।

## বোনাস বিরোধ

167. (Admitted question No. 745.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৬৯-৭ সালে পশ্চিমবঙ্গে কতগুলি এবং কোথায় বোনাস বিরোধের উদ্ভব হইয়াছিল ?

**The Minister for Labour :**

*১৯৬৯ সালে শ্রম বিভাগে মোট ৯৬৭টি বোনাস বিরোধের সংবাদ আসে। কোথায় কতগু বোনাস বিরোধ হইয়াছিল তাহার হিসাব নিম্নে দেওয়া হইল—

কলিকাতা—৪১৭টি।

হাওড়া—২০০টি।

মেদিনীপুর—৬টি।

চন্দননগর—৬টি।

শ্রীরামপুর—২৪টি।

ব্যারাকপুর—১২৬টি।

কল্যাণী—১৯টি

দুর্গাপুর—২৮টি

আসানসোল—১১২টি।

দার্জিলিং—১০টি।

শিলিগুড়ি—১২টি।

জলপাইগুড়ি—৭টি।

*এই পরিসংখ্যান কেবলমাত্র ১৯৬৯ সালের জন্য। ১৯৬৯-৭০ সালের জন্য কোন পি পরিসংখ্যান নাই।

## দাসনগর সেন্‌ট্রাল ইঞ্জিনীয়ারিং অরগানাইজেশন

168. (Admitted question No. 761.)

**শ্রীসনৎকুমার রাহা:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দাসনগর সেন্‌ট্রাল ইঞ্জিনীয়ারিং অরগানাইজেশন হইতে কি কি দ্রব্য উৎপন্ন হয়?

**The Minister for Cottage and Small Scale Industries:**

উক্ত অরগানাইজেশনে নিম্নলিখিত দ্রব্যসমূহ উৎপন্ন হয়:

অপারেশন টেবিল, সিন্ধ রিলিং যন্ত্র, জিগস, ছাঁচ, গেজ ও ছোটখাট যন্ত্র প্রভৃতি।

ইহা ছাড়া উক্ত অরগানাইজেশন ইহার অন্তর্ভুক্ত সংস্থাগুলিকে নিম্নলিখিত দ্রব্যগুলি তৈয়ারি করিতে সাহায্য করিয়া থাকে:

নাট, বোল্ট, গ্যালভানাইজিং গাড়ি ও রেলওয়ে ওয়াগানের অংশসমূহ, রেলওয়ের সাঙ্কেতিক সাজ-সরঞ্জাম, প্ল্যাটফরম ওয়েইং স্কেল ইত্যাদি।

## কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিষ্ট্রীভুক্ত বেকারের সংখ্যা

169. (Admitted question No. 801.)

**শ্রীআজিজুর রহমান:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৬৯ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গের এমপ্লয়মেণ্ট এক্স্‌চেঞ্জগুলিতে রিজিষ্ট্রীভুক্ত বেকারের সংখ্যা কত ছিল;

(খ) উহাদের মধ্যে স্কুল ফাইন্যাল বা ম্যাট্রিক পাশ কতজন; এবং

(গ) উক্ত রেজিষ্ট্রীভুক্ত বেকারদিগের মধ্যে কতজন চাকুরি পাইয়াছেন?

**The Minister for Labour:**

(ক) উক্ত সময়ে মোট ৬,৬৭,১০৯ জন নাম রেজিষ্ট্রী করিয়াছেন।

(খ) ৮২,৪৩৬ জন।

(গ) ৫৮,৮৩৩ জন।

## অঞ্চল পঞ্চায়েতগুলিকে বাৎসরিক অনুদান

170. (Admitted question No. 818.)

**শ্রীআজিজুর রহমান:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অঞ্চল পঞ্চায়েতগুলিকে বাৎসরিক যে তেরশত টাকা লাম্প গ্র্যাণ্ট দেওয়া হয়, বর্তমান বৎসরে তা দেওয়া হইয়াছে কি না; এবং

(খ) দেওয়া হইলে, পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় উক্ত গ্র্যাণ্ট দেওয়া হইয়াছে এবং কোন্ কোন্ জেলায় এখনও দেওয়া হয় নাই?

**The Minister for Panchayat:**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## আর. টি. এ. পরিচালিত বাস ষ্ট্যাণ্ড, টাইমটেবল এবং যাত্রী প্রতীক্ষালয়

171. (Admitted question No. 386.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে প্রতি জেলায় আর. টি. এ. পরিচালিত (১) বাস ষ্ট্যাণ্ড, (২) টাইমটেবল, এবং (৩) যাত্রী প্রতীক্ষালয় আছে কিনা?

**The Minister for Home (Transport) :**

(১), (২) ও (৩) জেলাওয়ারী একটি বিস্তারিত বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত হইল।

## জেলাওয়ারী বিভিন্ন খাতে বরাদ্দ টাকার পরিমাণ

172. (Admitted question No. 542.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চলতি আর্থিক বৎসরে জেলাগুলিতে বিভিন্ন খাতে মোট কত টাকা বরাদ্দ ছিল এবং ১৫ই জানুয়ারি পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে ?

**The Minister for Co-operation :**

সমবায় বিভাগে জেলওয়ারী বাজেট বরাদ্দ করা হয় না। চলতি আর্থিক বৎসরে সমগ্র পশ্চিমবঙ্গের জন্য এই বিভাগে বিভিন্ন খাতে কত টাকা বরাদ্দ করা আছে তাহার একটি তালিকা লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

মোট বাজেট বরাদ্দ ১,৪৪,১৫,০০০ টাকার মধ্যে ১৫ই জানুয়ারী পর্যন্ত মোট ৪৩,৭৭,৮০৭ টাকা ৬ পয়সা খরচের জন্য মঞ্জুর করা হইয়াছে।

## রাজ্যসরকারের অধীনে ইন্সপেকশন বাংলো ও ডাক বাংলো

173. (Admitted question No. 711.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** পূর্ত বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকারের বিভিন্ন দপ্তরের অধীনে কোথায় কোথায় ইন্সপেকশন বাংলো ও ডাক বাংলো আছে ; এবং

(খ) ঐগুলিতে কাহারা কি শর্তে থাকিতে পারে ?

**The Minister for Public Works :**

(ক) পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের ইন্সপেকশন বাংলোর তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। অন্যান্য দপ্তরের বাংলোগুলি সম্বন্ধে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে প্রশ্ন করিতে অনুরোধ করা যাইতে পারে।

(খ) বিবরণীটির চতুর্থ স্তম্ভ দ্রষ্টব্য।

## তালগুড় শিল্পের প্রসার

174. (Admitted question No 719.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, তালগুড় শিল্পের প্রসার কোন্ জেলায় কতটা হইয়াছে ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

এ সম্পর্কে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## জেলা সদর ও মহকুমা শহরগুলিতে সরকারী উকিল ও তাঁহাদের নিয়োগকাল

175. (Admitted question No. 732.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** বিচার বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা সদরগুলিতে ও মহকুমা শহরগুলিতে যেসমস্ত সরকারী উকিল, সহকারী সরকারী উকিল বা সরকারী প্যানেলের উকিল এবং পাবলিক প্রসিকিউটার নিযুক্ত আছেন তাঁহাদের নাম কি ; এবং

(খ) উঁহাদের প্রত্যেকের নিয়োগকালের মেয়াদ কত ?

**The Minister for Judicial :**

(ক) পশ্চিমবঙ্গের প্রতিটি জেলা সদরে সরকারী উকিল ( গভর্ণমেণ্ট প্লিডার ) ও পাবলিক প্রসিকিউটার নিযুক্ত আছেন। মহকুমা শহরগুলিতে উক্ত শ্রেণীর কোন পদ নাই। মহকুমা শহরগুলিতে সরকারী তালিকাভুক্ত আইনজীবীদের ( প্যানেল প্লিডার ) দ্বারা সরকারী মামলা-মোকদ্দমা পরিচালিত হয়। উপরি-উক্ত শ্রেণীভুক্ত পদসমূহে যাঁহারা নিযুক্ত আছেন তাঁহাদের নামের তালিকা লাইব্রেরি টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) সরকারী উকিল ( গভর্ণমেণ্ট প্লিডার ) ও পাবলিক প্রসিকিউটার পদসমূহে নিযুক্ত ব্যক্তিদের সাধারণত ৬০ বৎসর বয়স পর্যন্ত রাখা হয়। তাহাদের প্রথম নিয়োগকালের মেয়াদ সাধারণত এক বৎসরের জন্য করা হয়। ইহার পর ৬০ বৎসর বয়স বয়ঃসীমা পর্যন্ত তাঁহাদের নিয়োগ কালের মেয়াদ এক বৎসর করিয়া বাড়ানো হয়। সরকারী তালিকাভুক্ত আইনজীবীদের ক্ষেত্রে এইরূপ কোন বয়ঃসীমা ধার্য নাই।

### মুর্শিদাবাদ জেলায় শহর ও গ্রামে বিদ্যুৎ ব্যবহারকারীর সংখ্যা

176. (Admitted question No. 735.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে শহর ও গ্রামে বিদ্যুৎ ব্যবহারকারীর সংখ্যা কত ; এবং

(খ) ঐ জেলায় বিভিন্ন স্থানে ইউনিট-প্রতি বিদ্যুৎ খরচের জন্য কত দিতে হয় এবং নতুন সংযোগ লইতে হইলে কি বাবদ কত খরচ লাগে ?

**The Minister for Commerce and Industries :**

(ক) প্রায় ১১,৪৭২। তন্মধ্যে শহরাঞ্চলে বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই ৬,৭০০ এবং পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষৎ ৪,৭৭২ জন ব্যবহারকারীকে বিদ্যুৎ সরবরাহ করেন।

(খ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষৎ এবং বহরমপুর বিদ্যুৎ সরবরাহ কোম্পানীর ইউনিট-প্রতি বিদ্যুৎ সরবরাহের হার লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল। যেখানে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের ডিস্ট্রিবিউটিং মেন আছে সেখানে বিদ্যুৎ ব্যবহারকারীকে ঐ মেন হইতে তাহার বাড়ি পর্যন্ত সার্ভিস লাইনের খরচা বহন করিতে হয়। ঐ খরচা দূরত্বের উপর নির্ভর করে এবং সাধারণত একজন ব্যবহারকারীকে নতুন সংযোগ লইতে হইলে গড়ে ১০০ টাকা সার্ভিস কানেকশন বাবত দিতে হয়। নতুন সংযোগের ক্ষেত্রে বহরমপুর বিদ্যুৎ সরবরাহ কোম্পানীর কোন নির্দিষ্ট হার নাই। এই খরচা ব্যবহারকারীকে কোম্পানী কর্তৃক প্রদত্ত জিনিষ, মজুর এবং তদারকী খরচার ভিত্তিতে প্রস্তুত মোটামুটি হিসাবের উপর নির্ভর করে।

### Adjournment motions

**Mr. Speaker :** I have received two notices of adjournment motions—one from Shri Jatindra Mohan Roy and the other from Dr. Zainal Abedin. Both are on the subject of alleged violence in Kusmundi P.S. in West Dinajpur. I have withheld consent because the motions have not been brought at the earliest opportunity. The honourable Members may kindly read the texts of their motions.

**শ্রীযতীন্দ্র মোহন রায়ঃ** স্যার, সম্প্রতি সংগঠিত একটি ভয়াবহ ঘটনার কথা উল্লেখ করে আমি এই প্রস্তাব রাখছি। গত ইংরাজী ৮/২/৭০ তারিখে পশ্চিম দিনাজপুর জেলার অন্তর্গত কুসমুণ্ডি থানার অধীন সমশিয়া ও গোয়ালগাঁ গ্রামে প্রায় ৩০০০ হাজার সশস্ত্র জনতা মারাত্মক অস্ত্র শস্ত্রে সজ্জিত হইয়া শান্তিপ্রিয় জনসাধারণের উপর হামলা চালাইয়া মারধোর ঘরবাড়ী লুটতরাজ অগ্নি-সংযোগ করে এবং তাহাদের হাতে নারী নির্যাতন ও ধর্মস্থান অপবিত্র হইয়াছে এবং ৬ ব্যক্তি গুরুতর ভাবে আহত হইয়াছে এবং ঐ স্থানে সন্ত্রস্তভাব বিরাজমান এবং পুলিশকে খবর দিয়া কোন সাহায্য পায় নাই এবং দুর্বৃত্তদের হাতে যুক্তফ্রণ্টের শরীকভুক্ত একটি বিশেষ দলের লাল ঝাণ্ডা ছিল।

**Dr. Zainal Abedin :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that on 8.2.70 a three-thousand strong armed crowd belonging to a major constituent of the United Front with large red flags attacked the houses of innocent villagers of Shamshia, P. S. Kusmundi Dist. West Dinajpur, looted away all their moveable belongings, molested women and children, set fire to many stacks of straw and thatched houses, even desecreted an idol of goddess Kali and injured severely six persons now in hospital. Although prior information was lodged in the local police station Kusmundi about this preparation by the miscreants and the possibility of such cruel occurrance, still the police remained absolutely inactive—all this going to indicate the starting of civil war in the State of West Bengal.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received two notices of Calling Attention on the following subjects, namely :

(1) Deadlock in Nabadwip Tara Sundari Girls' School—from Shri Sachindra Mohan Nandy and Shri Nityananda Thakur.

(2) Insecurity of the employees of the deep tube-well and river irrigation schemes—from Shri Mollah Humayun Kabir.

I have selected the notice on the subject of Deadlock in Nabadwip Tara Sundari Girls' School—from Shri Sachindra Mohan Nandy and Shri Nityananda Thakur.

The Minister in charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

**Shri Satya Priya Roy :** On the 20th.

**Mr. Speaker :** Now mention case.

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমি বিধান সভায় থাকতে পারিনি, আমাদের মাননীয় সদস্য.………………

**Shri Nepal Chandra Roy :** Sir, on a point of order. এই বিজনেস শেষ করার আগে কি উনি বলতে পারেন। (গোলমাল) …….

**Mr. Speaker :** Shri Kanai Bhowmik will now make a statement.

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে আমি বিধান সভায় থাকতে পারিনি। আমাদের মাননীয় সদস্য আবদুল কায়েম মোল্লা, আমাদের সমবায় বিভাগে এ্যাপোয়েন্টমেন্টের ব্যাপারে একটা প্রশ্ন উত্থাপন করেছিলেন এবং এই নিয়ে আনন্দবাজার পত্রিকায় একটা সংবাদ বেরিয়েছে। সেজন্য আমাদের সদস্যদের অবগতির জন্য সমস্ত জিনিষটা জানা দরকার। সেজন্য আমি জানাচ্ছি, আমাদের কো-অপারেটিভ ডিপার্টমেন্টে এ. আর. সি. এস. এ্যাপোয়েন্ট হয় পি. এস. সি.'র মাধ্যমে এবং এতদিন পর্যন্ত অডিটর এ্যাপোয়েন্টমেন্ট হত আমাদের ডিপার্টমেন্ট থেকে। কিন্তু আমরা একটা কমিটির মাধ্যমে এই অডিটর এ্যাপোয়েন্ট করেছি সেই ডিপার্টমেন্টের হাতে না রেখে এবং সেই কমিটি আমরা ৫ জন সদস্য নিয়ে করেছি। তার মধ্যে ৩ জন আছেন নন-অফিসিয়াল এবং ২ জন আছেন অফিসিয়াল। ৩ জন যারা নন-অফিসিয়াল মেম্বার আছেন তাদের মধ্যে একজন হচ্ছেন প্রভাত কর, আপনারা অনেকেই জানেন, যিনি সারা ভারতবর্ষের ব্যাঙ্ক কর্মচারী আন্দোলনের নেতা এবং কো-অপারেটিভ ও ব্যাঙ্ক আন্দোলনের সংগে যুক্ত আছেন। আর একজন হচ্ছেন, শিশির কুমার সেন, তিনি একজন প্রফেসার এবং চার্টার্ড এ্যকাউন্ট্যান্ট। তার পরে আমাদের বিধানসভার একজন সদস্য আছেন, পান্নালাল দাসগুপ্ত। এই তিনজন আছেন নন-অফিসিয়াল এবং ২ জন আছেন অফিসিয়াল, এ্যাসিষ্টান্ট সেক্রেটারী, কো-অপারেটিভ ডিপার্টমেন্ট এবং যয়েন্ট রেজিষ্ট্রার, কো-অপারেটিভ ডিপার্টমেন্ট। এই ভাবে ৫ জনকে নিয়ে এই কমিটি হয়েছে। তারা বসে নিয়ম-কানুন তৈরী করেছেন, দরখাস্ত নিচ্ছেন, স্ক্রুটিনি করছেন এবং তারা প্রাইওরিটি লিষ্ট করছেন, এইভাবে এ্যাপোয়েন্ট হচ্ছে।

**শ্রীবিমলকান্তি বসু :** মাননীয় স্পীকার মহাশয়, আমার মেনশান হচ্ছে শিক্ষা দপ্তর সম্পর্কিত। টেষ্ট বুক কমিটি প্রথম শ্রেণীর জন্য কবীগুরু রবীন্দ্রনাথের সহজ পাঠ নির্বাচন করেছেন। বইয়ের মেরিট-এর দিক থেকে এটাতে বলার কিছু নেই, সন্দেহাতীত। কিন্তু সাধারণ গ্রামের ছেলেদের মানের কথা চিন্তা করলে সহজ পাঠ-আজকে যে অবস্থা আমি নিজে শিক্ষক হিসাবে এবং অন্যান্য মাষ্টার মশায়দের, যারা শিক্ষকতা করেন তাদের সংগে পরামর্শ করে যেটা বুঝেছি যে, সহজ পাঠ আজকে গ্রামের ছেলেদের কাছে এখন কঠিন পাঠে পরিণত হয়েছে।

এবং সেই সহজ পাঠ যেটা গ্রাম বাংলার লক্ষ লক্ষ পড়ুয়া ছেলেদের উন্নয়নের যে চেষ্টা করছেন—তাতে লাভ হবে না। কারণ আর্থিক অবস্থা আজকে পড়াশুনার অন্তরায় সৃষ্টি করছে—এ সম্পর্কে তারা আরও অসুবিধা ফিল করছে। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে বসে আছে—তাঁকে জানাই যে তারা এই বইগুলি তারা একটি মাত্র পায়—কিন্তু এইসব বই তারা অনেক সময় ছিঁড়ে ফেলে, হারিয়ে ফেলে—এইভাবে দু তিন খানি লাগে—কিন্তু দু তিন খানা তারা পায় না। তাই আমি এই বই দু তিন খানি দেওয়া হোক এই নির্দেশ যেন তিনি দেন এই অনুরোধ করছি। আর রেকগনাইজড ছাড়া আনরেকগনাইজড স্কুলে এই বই পায় না। তারা যদি না পায় তাহলে তাদের পড়াশুনা কি করে হবে—এই সম্পর্কে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[ 2-10—2-20 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় স্পীকার স্যার, আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—আমার নির্বাচনী এলাকা জোড়াবাগান—সেখান থেকে প্রতিদিন লুটতরাজ মারামারি এই সব কাণ্ড হচ্ছে। আমি এইসব কথা এতদিন বলিনি—কিন্তু এমন অসহ্য হয়ে দাঁড়িয়েছে যে, কোন ভদ্রলোক রাস্তা দিয়ে চলতে পারে না। আমি গত কালের একটা ঘটনা বলছি। সেখানে সি. পি. এম-এর কিছু গুণ্ডা সি. পি. এম-এর ঝাণ্ডা নিয়ে এবং সেখানকার ডি. সি. নর্থ হচ্ছেন এই গুণ্ডা দলের সর্দার।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** স্যার কোন ব্যক্তির বিরুদ্ধে এখানে বলতে পারা যায় কি ?—ডেপুটি কমিশনার, নর্থ সম্পর্কে উনি বলছেন যে তিনি ঐ গুণ্ডা দলের সর্দার।

**শ্রীনেপালচন্দ্র রায়:** নিশ্চয় বলবো........

**মিঃ স্পীকার:** আপনি মেনসেন করতে চেয়েছেন মেনসেন করুন—কিন্তু ঐভাবে করছেন কেন ?

**শ্রীনেপালচন্দ্র রায়:** ঐ ডেপুটি কমিশনার সমস্ত রাজনৈতিক পার্টি রাইট কমিউনিষ্ট পার্টি, ফরোয়ার্ড ব্লক—তারা সবাই প্রটেকসন পাচ্ছে না।

**মিঃ স্পীকার:** আপনি মেনসেন করুন, আপনার কি হয়েছে বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, আমি আপনার কাছে প্রটেকসন চাচ্ছি—প্রতি দিন আমরা বলে যাচ্ছি কিন্তু মন্ত্রীমহাশয় জবাব দিচ্ছেন না—আমরা স্পষ্ট জবাব চাই।

**মিঃ স্পীকার:** আপনি মোসন দিন।

**শ্রীনেপালচন্দ্র রায়:** স্যার, আপনি সমস্ত মন্ত্রিদের বলুন তাঁরা যেন এর জবাব দেন।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে প্রশ্নের জবাব হয় কলিং এটেনসনের জবাব। আপনি এখানে মেনসনের সুযোগ দেন—কিন্তু কোন নিয়ম নাই। আপনি পরামর্শ করে ২০ মিনিট নির্ধারিত করেছেন এই মেনসনের জন্য যে ৬ জন এই রকমভাবে উল্লেখ করবে কোন গুরুত্বপূর্ণ বিষয় যদি থাকে এবং আমরা সে কথা মন্ত্রিমণ্ডলীর কাছে সে কথা রাখবো। কিন্তু যেহেতু নেপালবাবু বলেছেন, সেইহেতু জবাব দিতে হবে তা তো আর হয় না—উনি সেইভাবে প্রশ্ন করুন আমরা জবাব দেবো। কলিং এটেনসন দিন বা যখন বাজেট গ্রান্ট আলোচনা হবে তখন বলুন জবাব পাবেন—মেনসনের কোন জবাব দেওয়া হয় না—এই প্রিসিডেন্ট আমরা কখনও ক্রিয়েট করবো না যে মেনসন করলে জবাব দিতে হবে।

**মিঃ স্পীকার:** মেনসন অনেক সদস্যই করেন এবং এখানে সে নিয়ে তর্ক-বিতর্ক বা জবাব দেওয়া সম্ভব নয়, সময় নাই, এবং এর জন্য হাউসের অনেক সময় চলে যাবে। কিন্তু সার্টেনলি যদি কোন মেম্বার সেই সব কথা বল্লে যদি তার সদুত্তর না পান তাহলে বলে কি লাভ হবে ?

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** স্যার, এখানে কিছু মেনসন করলে আমরা সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রির সেই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করি। এই তো সেদিন শ্রীগিরিশ মাহাতো একটা বিষয় লিখে দিয়েছিলেন—আমরা তার জবাব পাঠিয়ে দিয়েছি। এবং মন্ত্রিমহাশয়ও সংগে সংগে তার জবাব পাঠিয়ে দিয়েছিলেন। লিখিতভাবে কিছু না দিলে জবাব দেওয়া হবে না।

**মিঃ স্পীকার:** আপনার ওঁর কাছে লিখিতভাবে দেবেন, জবাব পাবেন।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** লিখিতভাবে দিতে হবে, লিখে না দিলে হবেনা কিন্তু।

**শ্রীনেপালচন্দ্র রায়:** লিখিতই আছে, এই যে নিন।

## দৃষ্টি আকর্ষণী

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ে সশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে জানাতে চাই। যদিও যখন আমরা মেনশন কেসগুলি করি তখন মাননীয় মন্ত্রিমহাশয়েরা থাকেননা। সেজন্য এই ব্যাপারে কোথায় বলছি বা কে শুনেছেন বা কি তার প্রতিক্রিয়া, আমরা বুঝতে পারিনা। তাহলেও আমি একটি ব্যাপারে মাননীয় খাদ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচনী কুলতলী—ক্যানিং এবং বারুইপুরের সংযোগস্থানে ঘোষাল হাট বলে একটা জায়গা আছে। সেই জায়গা বিরাট একটা ব্যবসা কেন্দ্র। সেখানে বড় বড় ধানের ব্যবসায়ীরা দীর্ঘদিন ধরে কালোবাজারী চালিয়ে আসছে সমস্ত রকম খাদ্য নিয়ন্ত্রণ আইনকানুন এবং নিয়মকানুনকে পরোয়া না করে। এখানে পুলিশের যোগসাজসে একশ্রেণীর সমাজবিরোধী লোক

বেপরোয়াভাবে চোরা কারবার চালিয়ে যাচ্ছে এবং সাধারণ মানুষের উপর পুলিশ দিয়ে নানা রকম অত্যাচার চালাচ্ছে হামলা চালাচ্ছে। পুলিশকে ঘুস দিয়ে সমস্ত ধান চাল পাচার করছে। অপর দিকে ছোট ছোট ব্যবসায়ী যারা মাথায় করে ধান চাল নিয়ে গিয়ে জীবিকার্জনের চেষ্টা করছে তাদের, নানা রকম অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। সেজন্য আমি এ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল কোলিয়ারী অঞ্চলে এই ঘটনা বেশ কিছুদিন যাবৎ চলছে। কিছু বাইরের লোক সমাজ বিরোধী লোক এসে তাদের সংগে যুক্ত হয়ে গেছে এবং তারা সেখানে কয়লাখনি অঞ্চলে লুটতরাজ গুণ্ডামি এবং হত্যা সুরু করেছে। সেকথা আপনি জানেন। আপনার মাধ্যমে আমি একথাই বলতে চাই, আজকে সেখানে হরতাল ডাকা হয়েছে। বিভিন্ন জায়গায় ব্যারিকেড করে করে, সেই সমস্ত বাইরের লোকেরা এবং সমাজ বিরোধী লোকেরা একসংগে যুক্ত হয়ে যে কোন সময় যে কোন ঘটনা ঘটাতে পারে। তারা এ. আই. টি. ইউ. সি.-এর অফিস আক্রান্ত হবে বলে শাসাচ্ছে। এর চেয়ে ছোট ঘটনায় শিলিগুড়িতে ১৪৪ ধারা জারী করা হয়েছিল। আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে বলতে চাই, এই অবস্থায়, সেখানে ১৪৪ ধারা বহাল করা হোক এবং ইমিডিয়েট্‌লী এ্যাক্‌শন নেওয়া হোক যাতে সেখানে বিশেষ কোন ঘটনা না ঘটতে পারে।

**Shri Muhammed Khuda Buksh :** Mr. Speaker, Sir, this is the first time that I am trying to use this device to draw your attention, and through you the attention of this honourable House to a matter which is bound up with parliamentary democracy and the sovereignty of this very House itself. This relates to the statement that was made on the floor of this House by none other than the Hon'ble the Leader of the House to the effect that while he was proceeding towards the Chamber from his office on the 21st of January he was way-laid and assaulted, and, Sir, in a voice quivering with emotion and indignation he added that his *jama* was torn and which was corroborated by eye witness evidence from different sections of this House.

[ 2-20—2-30 p.m. ]

Sir, I mentioned this matter at the time of debate on the Governor's Address. In effect it was an F. I. R. lodged before the Honse in your presence and supported by eye-witnees evidence. As I said, this is a major attempt and this you will bear with me. I would also request the House to give it due consideration and importance. You are aware, Sir, that the Chief Minister told here that he had ordered the Police to take action for this incident but........

**Shri Jatin Chakravorty :** Sir, on a point of order. My point of order is this. With the permission of the Speaker an honourable Member may refer to certain incident as a mention case only when it is of recent occurrence and of public importance. Sir, he is making a reference to an incident which took place on the 21st January and enough discussion had taken place in this House. My point of order is whether such mention cases should be allowed by you or not.

**Mr. Speaker :** Generally, honourable Members mention only incidents relating to their constituencies or incidents of recent occurrence. However, I am not objecting to your mentioning this matter. Have you finished ?

**Shri Muhammed Khuda Buksh :** Sir, I want justice from you. If you do not do justice it will go down in history as the matter is very serious.

**Mr. Speaker :** I shall look into it. I am here to protect the rights of the House. Please take your seat. You have been given full time. I have called another Member. Let him speak. I cannot give you so much time which you want. There are other Members also.

**Shri Abdus Sattar :** Sir, my friend, Shri Khuda Buksh wants you to bring the offenders to book.

**Shri Muhamed Khuda Buksh :** Exactly Sir. I want you to bring the offenders to book.

**Mr. Speaker :** All right I shall look into it.

**শ্রীকৃপাসিন্ধু সাহা :** মাননীয় স্পীকার মহাশয়, গতকাল চুঁচুড়া শহরে পুলিশের লাঠি চার্জের ফলে ৫০ জন আহত হয়েছে। তারমধ্যে ২০ জনের আঘাত গুরুতর এবং দুজন আশংকাজনক অবস্থায় পড়ে রয়েছে। ঠাকুর বিসর্জন নিয়ে এই গণ্ডগোল প্রথমে ঘটে। পুলিশ লাইনের একটা ঠাকুর সেই এলাকার মধ্যে দিয়ে আগে যাবার চেষ্টা করলে সেই এলাকার ছেলেরা তাতে বাধা দেয়। তার জন্য সেখানে পুলিশ লাঠি চার্জ করে। তাদের উপর ইঁট ছোঁড়া হয় এবং পুলিশ ভ্যান থেকে বোমা নিক্ষেপ করা হয়। সব চেয়ে আশ্চর্য্যের কথা পুলিশ লাইনের সেই পুলিশরা সেই সময় তারা ডিউটিতে ছিল না এবং অনেকেই সাদা পোশাকে ছিল। এই রকম প্রায় ২৫০/৩০০ পুলিশ তাদের হাতে পুলিশের লাঠির পরিবর্তে মোটা মোটা লাঠি ছিল। সেই লাঠি দিয়ে ঐ এলাকার ছেলেদের বেদম প্রহার করে এবং তাদের ঠাকুরের ঘর ভেংগে চুরমার করে দেয় এবং সেই লরীর ড্রাইভারকে প্রচণ্ডভাবে প্রহার করা হয়। আমি এইজন্য এখানে এই বিষয়টা বলতে চাচ্ছি, কারণ ঘটনাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে সমস্ত লোক ঠাকুর দেখতে এসেছিল, তারা কি অন্যায় করেছিল যে, তাদের উপরও নির্মমভাবে লাঠি চার্জ করা হয়। এই ঘটনার পর আমরা যখন এস. পি.-কে গিয়ে বললাম তখন দ্বিতীয়বার লাঠি চার্জ করা হয়। সাধারণ মানুষ যখন এই অন্যায়ের প্রতিবাদ করতে এস. পি.-র কাছে গেল, এই সমস্ত ঘটনার ব্যাপারে যে, যারা দোষী তাদের শাস্তির ব্যবস্থা করতে হবে, তখন হুগলীর এস. পি. সেই জনতাকে ছত্রভংগ করবার জন্য আবার লাঠি চার্জ করে। এবং সেখানে বলা হয় যে আমরা এখানে আরামবাগের বদলা নেবো। এই রকম কথাবার্তা সেখানে বলা হয়। প্রায় ২৫০/৩০০ জন পুলিশের লাঠি চার্জে আজ সেখানে রক্তারক্তি অবস্থা। আজকে হুগলী, চুঁচুড়া বন্ধের ডাক দেওয়া হয়েছে, আজকে সেখানকার জীবন যাত্রা স্তব্ধ হয়ে রয়েছে। আজকে যাদের উপর মানুষ নির্ভর করে, আজকে তারাই যদি এই রকম গুণ্ডামী করে, তাহলে আজকে আমরা কোথায় বাস করছি ? এই কথা আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জানতে চাই যে এস. পি.-কে অবিলম্বে বদলির ব্যবস্থা করতে হবে। তা যদি না করা হয় তাহলে বাংলাদেশের মানুষ চুপ করে বসে থাকবে না।

**শ্রীসন্তোষকুমার রায় :** মাননীয় স্পীকার মহাশয়, গতকাল মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র এই সভার কাছে আপনার মাধ্যমে জানিয়েছিলেন যে বাগমারি এবং নারকেলডাঙ্গায় গুণ্ডার রাজত্ব চলছে। সেখানে সাধারণ মানুষ নিরাপদে চলাফেরা করতে পারছে না। আমরা ভেবেছিলাম যে গতকাল যখন হাউসে বলা হয়েছে তখন আজকের দিনটা অন্ততঃ সেই এলাকা শান্ত থাকবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকেও সেখানে বোমা ফাটছে। তাহলে কি আমাদের এটাই বিশ্বাস করতে হবে যে এর আগে নেপাল বাবু যা বললেন যে নর্থ ডিষ্ট্রিক্টের ডি.সি.'র প্রশ্রয়ের ফলে আজকে

সেখানে গুণ্ডারা অরাজক অবস্থার সৃষ্টি করছে এবং সারা উত্তর কলকাতায় আজকে একটা অরাজক অবস্থায় পড়ে রয়েছে। আজকেও নারকেলডাঙ্গা এলাকায় বাস বন্ধ রয়েছে। সুতরাং এই ডি. সি. কে ওখান থেকে সরিয়ে অবিলম্বে সেখানকার গুণ্ডাদের সায়েস্তা করবার ব্যবস্থা করুন, এই আবেদন আপনার কাছে জানাচ্ছি।

[ 2-30—2-40 p.m. ]

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৬ই ফেব্রুয়ারী কৃষ্ণনগরের বিদ্যুৎ পত্রিকায় ঐ এলাকার থানার সি. আই. ও ও. সি. শ্রীভবরঞ্জন সরকারের বিরুদ্ধে কতকগুলি অভিযোগ উত্থাপন করা হয়েছিল। এই অভিযোগগুলি ইতিপূর্বে মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে পাঠান হয়েছিল। ঐ অফিসারটি সেখানের স্থানীয় সি. পি. এম. নেতৃবৃন্দের বিশেষ অনুগ্রহভাজন। ২ বার তার ট্রান্সফার অর্ডার হয়ে গিয়েছিল। শোনা যায় মন্ত্রীদের হস্তক্ষেপে তার ট্রান্সফার রদ হয়ে গেছে। আপনার মাধ্যমে আমি এই কাগজটি দিচ্ছি মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দেবার জন্য। আমি আশা করি এই অভিযোগের তদন্ত হবে এবং উপযুক্ত ব্যবস্থা হবে।

**শ্রীআবদুস সাত্তার :** স্যার, একটা খবর দেখলাম জ্যোতি বসু ওয়ারেন্স মুখার্জি, এটা একটা ইমপর্টেন্ট ম্যাটার। জ্যোতি বসু মুখ্যমন্ত্রীকে সাবধান করে দিয়েছেন এবং তিনি বলেছেন যে তাঁর তদারকি করবার ক্ষমতা নেই। স্যার, সংবিধান অনুসারে প্রশাসনিক অবস্থা ভেঙ্গে চুরমার হয়ে গেছে। এর ফলে জনসাধারণ-এর বিশেষ ক্ষতি হচ্ছে, এটা যদি আপনি ঠিক না করেন কারণ Ministers are responsible to the Assembly. আপনি এটা দেখুন।

**শ্রীঅশ্বিনী রায় :** স্যার, আমি একটা টেলিগ্রাম পেয়েছি সেটা পড়ে দিচ্ছি।

Posing Political Party demanding money otherwise threatened with serious consequence on life and property unable going home Village Kashipur Police Station Bhatar urgent protection prayed Dibakar Choudhury Nutanpally Burdwan.

কাজেই এই টেলিগ্রামটা আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের কাছে পাঠানর জন্য আমি অনুরোধ করছি। তারা পুলিসের প্রোটেকসান প্রেড করেছে তাদের যেন সেটা দেওয়া হয়।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল :** মাননীয় স্পীকার স্যার, বিধান সভার কক্ষে পূর্বে আমি একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি কয়েকবার দৃষ্টি আকর্ষণ করেছি। দক্ষিণ ২৪-পরগনার ক্যানিং, বাসন্তি এলাকার একশ্রেণীর গুণ্ডাদের ভীষণ উৎপাত শুরু হয়েছে। সেখান থেকে কিছু পার্টির অবশ্য প্ররোচনা আছে শোনা যাচ্ছে। ছোট ছোট চাষী যারা ৫, ৭, বিঘা জমির মালিক তাদের নিজেদের ধান রাস্তা দিয়ে নিয়ে যেতে পাচ্ছে না। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ এই সব ছোট চাষীদের রক্ষা ও নিরাপত্তার কথা পূর্বে আমরা বলেছি। কাজেই এ দিকে যাতে নজর দেন সেজন্য নিবেদন করবো। তারা নিরাপত্তা পাচ্ছে না। আমি সেজন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে আবার বলছি সরকার এমন ব্যবস্থা করুন যাতে করে এই ছোট ছোট চাষীরা তাদের নিজেদের ধান তাদের বাড়ীতে নিয়ে যেতে পারে এবং রাস্তায় গুণ্ডাদের উৎপাত বন্ধ হতে পারে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস :** মিঃ স্পীকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ২৬শে জানুয়ারী থেকে নারকেলডাঙ্গায় যে শরিকী সংঘর্ষ সুরু হয়েছে এই শরিকী সংঘর্ষের ফলে কয়েকজন নিহত হয়েছে, প্রায় ৫০ জন আহত হয়েছে, বেশ কয়েকটি দোকানপাঠ ভেংগেছে এবং বেশ কিছু লোকের রেশন কার্ড ছিনিয়ে নেওয়া হয়েছে। এর মধ্যে একটা শান্তির জন্য চুক্তি হয়েছিল দুটি শরিক দলের মধ্যে—সি. পি. এম. এবং ফরওয়ার্ড ব্লকের মধ্যে। সেই চুক্তির ফলে ৪৮ ঘণ্টা শান্তিরক্ষার কথা হয়েছিল। কিন্তু ৪৮ ঘণ্টা কাটতে না কাটতেই আজ শরিক দল সি. পি. এমের পক্ষ থেকে ১০টা বন্দুক নিয়ে

ফরওয়ার্ড ব্লক কর্মীদের উপর হামলা করে। আমি এখনই শুনলাম একজন ফরওয়ার্ড ব্লকের কর্মী নিহত হয়েছেন এবং বেশ কয়েকজন আহত হয়েছেন। সেখানে ডেপুটী পুলিশ কমিশনার থাকা সত্ত্বেও যে সমস্ত বস্তীর থেকে লোকে আহত হয়েছে তাদের গ্রেপ্তার করেছে। কিন্তু যারা আক্রমণ করেছে সেই আক্রমণকারীদের এখনও পর্যন্ত গ্রেপ্তার করা হয় নি। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে যিনি আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী, ডেপুটী চীফ মিনিষ্টার তিনি যে পুলিশী ব্যবস্থা করেছেন সে পুলিশী ব্যবস্থাকে নিরপেক্ষভাবে চলবার জন্য যেন নির্দেশ দেন। যদি কোন লোক এই রকম অঘটন ঘটাবার চেষ্টা করে সে সি. পি. এমের লোক হলেও তাকে গ্রেপ্তার করতে হবে। পুলিশের সাহায্যে সি. পি. এমের শক্তি মজবুত করা বা তার বিরোধী শক্তিকে দমন করার কাজে পুলিশী সাহায্য নেওয়া উচিত নয়। সেটা হলে তাহলে আজকে যুক্তফ্রণ্টের যে ইমেজ সেটা নষ্ট হবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি নিরপেক্ষ ব্যবস্থা অবলম্বনের মাধ্যমে অবিলম্বে সেখানে শান্তি ফিরিয়ে আনবার ব্যবস্থা করবেন। সেখানকার পুলিশের যিনি কর্তা তাঁর বিরুদ্ধে ফরওয়ার্ড ব্লকের অনাস্থা অনেকদিন আগেই প্রকাশ পেয়েছে। আমার মনে হয় ডি. সি. নর্থের ব্যবস্থা গ্রহণের ফলেই এই রকম অশান্তি অরাজক অবস্থা চলছে। তিনি ভাবছেন, কোন একটা পার্টিকে সন্তুষ্ট করলেই চলবে। কিন্তু তিনি কোন একটা বিশেষ দলের কর্মচারী নন, তিনি তো জনগণের কর্মচারী, জনগণের কাছ থেকে তাকে বেতন দেওয়া হয়। সেখানে নিরপেক্ষ ব্যবস্থা গ্রহণের দ্বারা অবিলম্বে শান্তি ফিরিয়ে আনুন।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** স্যার, এই নারকেলডাঙ্গার ব্যাপারে আগে হাউসে মেনশন করা হয়েছে। এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কিন্তু সেখানে ব্যবস্থা নেওয়া হয় নি। তাহলে কি আমরা ভাবব যে আমরা এই হাউসে মেনশন করি খবরের কাগজের পাবলিসিটির জন্য বা অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করবার জন্য বা দর্শকদের মনকে আকর্ষণ করবার জন্য। সেইজন্য আমি দাবী করছি যে এখানে যে সমস্ত মেনশন করা হয় সেই সম্পর্কে ঠিকমত ব্যবস্থা গ্রহণ করা হক।

**মিঃ স্পীকার:** এই মাত্র কথাবার্তা বলে ঠিক করা হল, মন্ত্রী মহাশয়কে এর জবাব দিতে হবে। হাউসে জবাব দেওয়ার তো সময় থাকে না। আপনারা যদি একটু লিখে দেন তাহলে পার্লামেণ্টারী এ্যাফেয়ার্সের মন্ত্রী যতীনবাবু ব্যবস্থা ট্যাবস্থা করে জবাব করে দেবেন। আমি আর কি বলতে পারি?

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** অন্য ব্যাপারে আমরা আপনার সঙ্গে একমত। কিন্তু স্বরাষ্ট্রমন্ত্রী কি করেছেন আজ সেখানে যে অরাজক অবস্থা চলেছে সে সম্পর্কে সেটা আমাদের জানার দরকার আছে। আজ বাংলাদেশে যে অরাজক অবস্থা হয়ে আছে তার কি হবে?

**মিঃ স্পীকার:** ওই ব্যবস্থা হয়েছে যে, যতীনবাবু ব্যবস্থা করবেন। আমি এটা সবাইকে জানিয়ে দিচ্ছি।

**শ্রীসন্তোষ কুমার রায়:** আজকে অপদার্থ অফিসাররা ব্যবস্থা করতে পারছেন না, আর আমরা হাউসে বসে থাকব কি করে?

**মিঃ স্পীকার:** আমার যা করার আমি তো তা করছি। আর আমি কি করতে পারি সেটা বলুন।

[ 2-40—2-50 p.m. ]

**ডঃ জয়নাল আবেদীন:** স্যার, আমাদের পরিষদীয় মন্ত্রী আবার chief whip-ও আছেন। আমাদের whips conference-এ মাননীয় সদস্যদের এই জাতীয় ক্ষোভ নিরসনের ব্যবস্থার কথা

উল্লেখ করা হয়েছিল। আমাদের পরিষদীয় মন্ত্রী সেখানে একটা মুখ্য অংশ গ্রহণ করেছিলেন। কিন্তু সেই conference-এর এই সুপারিশগুলি কার্যে পরিণত করা হচ্ছে না কেন তা বুঝতে পারছি না।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** Whip conference-এ যে সমস্ত প্রস্তাব ছিল সেই প্রস্তাবের মধ্যে ছিল যে, এরকম অভিযোগ যদি থাকে তাহলে বিভিন্ন মন্ত্রীর কাছে এইসব নিয়ে আলোচনা করার একটা সুযোগ পাওয়া চাই, যদি একটা consultative committee থাকে। স্যার, আপনার কানের কাছে খ্যাচ খ্যাচ চলতে থাকে আপনি তাহলে শুনবেন কি করে? লোকসভায় এই রকম consultative কমিটি চালু আছে। সেই রকম এখানে চালু করা যায় কিনা সেই সম্পর্কে আমরা বিচার বিবেচনা করছি।

**ডাঃ এ. এম. ও. গনি :** On a point of order Sir, কানের কাছে খ্যাচ খ্যাচ করছেন বলে তিনি বললেন, কিন্তু কে এসে করছে?

**মিঃ স্পীকার :** সবাই সব সময় আসেন।

**শ্রীকালীপদ মণ্ডল :** স্যার, মাননীয় পরিষদীয় মন্ত্রী যে শব্দ ব্যবহার করলেন, আমি মনে করি সেটা অসম্মানজনক শব্দ।

**মিঃ স্পীকার :** আমি মনে করি তিনি খারাপ ভাবে mean করেননি।

**শ্রীবিমলকান্তি বসু :** স্যার, উনি যদি এই রকম শব্দ ব্যবহার করে তাহলে আমরা কি শিখব? উনি মাথা নীচু করে যাবার কথা বলেছিলেন এবং অনেক আদব কায়দার কথা বলেছিলেন। কিন্তু যে শব্দ তিনি এখানে উচ্চারণ করলেন সেটা কি রকম হল?

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** আমি শব্দটা প্রত্যাহার করে নিচ্ছি।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** স্যার, ওঁর মাথা গরম হলে এই রকম অনেক কথা বলেন; কিন্তু উনি যখন প্রত্যাহার করলেন তখন আর কোন কথা উঠেনা।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** স্যার, দুটি প্রস্তাব এখানে আমি রাখছি। একটা হচ্ছে যারা mention করতে চান তাঁরা যদি Speaker কে বা আমাকে আগে থাকতে জানিয়ে দেন যে কোন মন্ত্রী বা কোন দপ্তর সম্পর্কে আলোচনা করবেন তাহলে আমি চেষ্টা করতে পারি যাতে সেইসব মন্ত্রীরা সে সময় এখানে উপস্থিত থাকেন এবং যেইসব জিনিষের note করে তার উত্তর দেবেন। কিন্তু কোন মন্ত্রী বা কোন দপ্তর সম্পর্কে বলবেন সেটা তো আমার পক্ষে জানা সম্ভব নয়। দ্বিতীয়টা এর পরিবর্তে সদস্যরা যদি লিখিতভাবে আমাকে দেন তাহলে আমি বিভাগীয় মন্ত্রীদের কাছে সে সব পাঠিয়ে দেব যাতে তাঁরা ২।১ দিনের মধ্যে এর উত্তর দিতে পারবেন। তাছাড়া whips conference-এ সরকার পক্ষ ও বিরোধী পক্ষ নিয়ে যে consultative committee করার কথা হয়েছিল সেটা সম্পর্কে আমরা বিবেচনা করছি। এ্যাসিউরেন্স কমিটি আমরা গ্রহণ করেছি, এখন মাননীয় স্পীকার মহাশয় বিভিন্ন দলের প্রতিনিধিদের নাম চেয়ে পাঠান তাহলে কাজ আরম্ভ হতে পারে। কিন্তু দুঃখের বিষয় কনসালটেটিভ কমিটি সম্বন্ধে আমরা এখনও মনস্থির করে উঠতে পারিনি, তবে আশা করি অতি শীঘ্র এটা বিবেচনা করে আমরা ব্যবস্থা গ্রহণ করতে পারব।

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাই রেফারেন্স বা মেনশন করার পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে জানানো সব সময় সম্ভব নয়। কেননা কোন দিন কোন্ ঘটনা ঘটবে তা আমরা আগে থেকে বুঝতে পারি না। সুতরাং আমি বলতে চাই প্রত্যেক দিন যদি মেন্শনের সময় এখানে মন্ত্রীরা উপস্থিত থাকেন, তাহলে তাঁরা আমাদের বক্তব্য শুনতে পারেন এবং তার উত্তর তাঁরা দিতে পারেন।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** স্যার, আমার মনে হয় এটা সব সময় সম্ভব হবে না। তবে বিকল্প হিসাবে আমি বলতে পারি যিনি এখানে তাঁর বক্তব্য রাখবেন, সেটা যদি লিখিত আকারে বক্তব্য রাখেন তাহলে আমি স্যার, আপনার মাধ্যমে সেই সমস্ত সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীদের কাছে পৌঁছে দেবার দায়িত্ব নিতে পারি। আজকে যেমন তিনটি ঘটনা লিখিতভাবে এনেছেন এবং সেটা পৌঁছে দেবার দায়িত্ব আমি নিয়েছি সংশ্লিষ্ট মন্ত্রীদের কাছে।

**শ্রীকলিমুদ্দীন শামস :** স্যার, আমাদের লিখিতভাবে কেন দিতে হবে। আমাদের এখানে রিপোর্টাররা তারা সমস্ত কিছু লিখছেন, তারা যদি ডিপার্টমেন্টের সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে পাঠিয়ে দেন এবং দরকার হলে ট্রানস্লেসন করে রিপোর্টাররা ডিপার্টমেন্ট কনসার্নে পাঠিয়ে দিতে পারেন তারপরে ডিপার্টমেন্ট থেকে সেই স্পীচটা দেখে মন্ত্রীরা নেক্সট ডে রিপ্লাই দিতে পারেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** স্যার, সংশ্লিষ্ট মন্ত্রীদের অনেক সময় খবর পাওয়া যায় না। আমি অনেক সময় টেলিফোন করেও সংশ্লিষ্ট মন্ত্রীদের পাই না। ১১/১২ টার সময় যদি কোন ঘটনা ঘটে সংশ্লিষ্ট মন্ত্রীকে পাওয়া প্রায়ই অসম্ভব ব্যাপার। সেইজন্য আমি বলতে চাই যেমন কেসেস আরম্ভ হওয়ার আগে ছুটোর থেকে আড়াইটা পর্যন্ত যদি উপ-মুখ্যমন্ত্রী মহাশয় এখানে থাকেন তাহলেই ঠিক হয়। কেননা যা কিছু ঘটনা সব কিছু আইন অমান্য, মারামারি, লাঠালাঠির ব্যাপার। আপনি যদি উপ-মুখ্যমন্ত্রী মহাশয়কে রিকোয়েষ্ট করেন নিশ্চয়ই তিনি আপনার রিকোয়েষ্ট আদেশ হিসাবে গ্রহণ করবেন এবং তিনি রোজ ছুটোর সময় এখানে উপস্থিত থাকবেন, কোশ্চেন আওয়ারের পর তাঁকে এখানে উপস্থিত হতে হবে। আমি স্যার, রোজ টেলিগ্রাম পাচ্ছি, হাজার হাজার চিঠি পাচ্ছি। ২৫০ টাকা করে মাইনা পাচ্ছি, ডেলি অ্যালাউন্স পাচ্ছি কিন্তু রোজ শত শত দেশের মানুষের অভিযোগ সম্বন্ধে আমরা কিছুই করতে পারছিনা। আমি হয়ত ব্যক্তিগতভাবে উপ-মুখ্যমন্ত্রী মহাশয়কে চিনি, আমি তাঁকে টেলিফোন করতে পারি কিন্তু আমারও সব সময় সময় হয় না। আর এটা তো কোন গোপন ব্যাপার নয়। এই হাউসের সাধারণের সামনে অভিযোগগুলির প্রতিকার হওয়া দরকার, আর অভিযোগের অন্ত নাই, স্যার। প্রত্যহ হাজার হাজার অভিযোগ আসছে। সুতরাং আপনি যদি এই ব্যবস্থা নেন তাহলে এখানে মাননীয় উপ-মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত থেকে এই সব অভিযোগের উত্তর দিতে পারেন।

[ 2-50—3-20 p.m. ]

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা যে প্রস্তাব রাখলেন—উপমুখ্যমন্ত্রী কিছুক্ষণ আগে পর্য্যন্ত এখানে ছিলেন,—তাঁর কাছে আমি সব পৌঁছে দিতে পারি। আমাদের বিরোধীদলের নেতা যেকথা বললেন—এটা সব সময় সম্ভবপর হয় না। সমস্ত মন্ত্রীদের কিছু কিছু বাইরে appointment থাকে। সব সময় সবদিন এখানে উপস্থিত থাকা সম্ভবপর হয় না। আমি এখানে ৩৫১ নম্বর রুলটা এই প্রসঙ্গে একটু উল্লেখ করছি—

"A Member who wishes to bring to the notice of the House any matter which is not a point of order shall give notice to the Secretary in writing stating brifely the point which he wishes to raise in the House together with reasons for wishing to raise it only after the Speaker has given his consent and at such time and date as the Speaker may fix."

যদি গুরুতর কোন বিষয় থাকে, তাহলে এখানে নিশ্চয়ই স্পীকারের অনুমতি নিয়ে মাননীয় সদস্যরা তা তুলতে পারেন। যদি মন্ত্রীরা না থাকেন সেক্ষেত্রে আমার এই বিকল্প প্রস্তাবটা কেন আপনারা গ্রহণ করছেন না। যদি সংক্ষেপে আপনারা একটু লিখে দেন, তাহলে সেটা সম্পর্কে মন্ত্রীরাও সুযোগ পান-যা তাঁরা যদি মনে করেন, এই সম্পর্কে বক্তব্য হাউসে রাখা সম্ভবপর হলে তাঁরা তা নিশ্চয়ই

করবেন। আমি চাচ্ছি mention করবার সঙ্গে সঙ্গে যদি কিছু লিখিতভাবে দেন, তাহলে আরো ভাল হয়। mention যেটুকু যিনি করছেন, সেটাকে লিখিতভাবে না দিলে আমি মন্ত্রীদের পৌঁছে দেওয়া সম্পর্কে কোন আশ্বাস দিতে পারবো না।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** স্যার, আমরা আধঘণ্টা আগে এসে আপনার কাছে জানাই যে এই এই ঘটনা ঘটেছে। সেগুলো আপনি আমাদের উল্লেখ করবার সুযোগ দেন হাউসে। বরাবর এই সুযোগ আমরা ভোগ করে আসছি। আজ যদি সেই সুযোগ থেকে আমাদের বঞ্চিত করা হয়, উনি বই দেখিয়ে কি সব বলছেন, তাহলে আমরা সেটা মেনে নিতে পারি না। আমার একটা suggestion আছে, সেই suggestion হচ্ছে এই—আমরা যা mention করি, তা এখানে লিপিবদ্ধ হচ্ছে এবং আমরাও লিখিতভাবে সেটা এনে দিচ্ছি—যদিও সব সময় তা সম্ভব হচ্ছে না। পরিষদীয় মন্ত্রী যদি দায়িত্ব নেন—যাতে করে আমরা এই সম্পর্কে দু-তিন দিনের মধ্যে জবাব পেতে পারি। এই অনুরোধ তাঁকে করছি।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** যদি লিখিতভাবে দেন যা কিছু থাকবে, তাহলে মন্ত্রীদের জবাবও আপনাদের পৌঁছে দিতে পারি। আজকেও শিক্ষামন্ত্রীর পক্ষ থেকে দিয়েছি। তাঁরা যদি জবাব দেন এখানে এসেও দিতে পারেন। তা নাহলে আমি অন্য মন্ত্রীর পক্ষ থেকে কি করে এই আশ্বাস দিতে পারি যে তাঁকে দিয়ে জবাব আমি তৈরী করে নিয়ে আসবো। তা তো আমি পারবোনা।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** স্যার, ওদের তো joint responsibility. এক মন্ত্রী থেকে যদি জবাব পৌঁছে দেন, তাহলে অন্য মন্ত্রীরা সেইভাবে দেবেন। উনি যদি তা না পারেন, আপনি হচ্ছেন এই হাউসের custodian, আপনি হুকুম দিন্ যাতে মন্ত্রীরা আমাদের জবাব দু-একদিনের মধ্যে দেন।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** স্যার, আমরা Calling Attention Notice দেওয়ার সময় পাই না, তাই এখানে জরুরী বিষয় mention করি। আমরা জানি আমাদের রিপোর্টাররা ২৪ ঘণ্টার মধ্যে রিপোর্ট দিয়ে দিচ্ছেন। কাজেই পরদিন মন্ত্রীরা জবাব দিতে পারেন। আমাদের পরিষদীয় মন্ত্রী বলছেন আগে থেকে জানিয়ে রাখতে হবে, সেটা সম্ভবপর নয়। আমাদের রিপোর্টাররা তো সঙ্গে সঙ্গে রিপোর্ট দিয়ে দিচ্ছেন। মন্ত্রীরা তো পরের দিন সেটা পেয়ে যাচ্ছেন। কাজেই পরের দিন তো মন্ত্রীরা আমাদের জবাব দিতে পারেন, তাতে তো অসুবিধা নাই। সঙ্গে সঙ্গে এখানেও জবাব দিতে পারেন।

**মিঃ স্পীকারঃ** সঙ্গে সঙ্গে হাউসে জবাব দেওয়া সম্ভব নয়।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** তার পরের দিন দিতে পারেন বা জবাব পাঠিয়ে দিতে পারেন।

**শ্রীমোকসেদ আলিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের বিভিন্ন জেলার আঞ্চলিক পরিষদের কর্মীরা বিধান সভার উত্তর গেটে অবস্থান ধর্মঘট করছেন তাদের দাবী দাওয়া শোনাবার জন্য। আজ এখানে আমাদের পঞ্চায়েৎ মন্ত্রী উপস্থিত নাই। আমি আপনার মাধ্যমে পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করছি তাঁদের সঙ্গে দেখা করে তাঁদের দাবী দাওয়াগুলো আপনি শুনুন।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** আমি যাব না।

**মিঃ স্পীকারঃ** উনি যাবেন না বলছেন, আপনি গিয়ে না হয় বলুন।

**শ্রীমোকসেদ আলিঃ** উনি যদি না যেতে চান, আমিও যাচ্ছি না।

## GOVERNMENT BILLS

### The Bengal Vagrancy (Amendment) Bill, 1970.

**Shri Kanai Bhowmik :** Sir, I beg to introduce the Bengal Vagrancy (Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill.)

**Shri Kanai Bhowmik :** Sir, I beg to move that the Bengal Vagrancy (Amendment) Bill, 1970, be taken into consideration.

(At this stage the House was adjourned for 20 minutes.)

(After adjournment)

[3-20—3-30 p.m. ]

**শ্রীকানাইলাল ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইনের অবজেক্টস য়্যাণ্ড রিজিন্সে যা বলা হয়েছে তাতে সম্পূর্ণ পরিষ্কার বলা আছে। আমি যে য়্যামেণ্ডমেণ্টটা এনেছি সেটা হচ্ছে বেঙ্গল ভ্যাগ্রান্সী য়্যাক্ট ১৯৪৩-র সেকসন ৩-তে ছিল যে একটা য়্যাডভাইজরী বোর্ড থাকবে যে য়্যাডভাইজরী বোর্ড সমস্ত হোম্‌স এবং রিসিভিং সেন্টারগুলি দেখবেন। সেইজন্য আমাদের বর্তমানে ১৭ জন-এর একটা কমিটি আছে, কিন্তু দেখা যাচ্ছে যে এই কমিটি যথেষ্ট নয়। বিভিন্ন হোম্‌সে নানা অভিযোগ দেখা যায় এবং তাদের নানা অসুবিধা আছে—এইভাবে সেখানে নানারকম বিশৃঙ্খলার সৃষ্টি হয়, যে কারণে এই য়্যাডভাইজরী বোর্ড যেটা বর্তমানে ষ্টেট লেভেলে আছে তার পক্ষে সব কিছু দেখা সম্ভব নয়। সেইজন্য বিভিন্ন হোমস এবং রিসিভিং সেণ্টারগুলিতে আমি ছোট ছোট কমিটি করে দিতে চেয়েছি এবং সেই কমিটিগুলি বেশীরভাগ স্থানীয় লোকদের নিয়ে হবে, তাতে খরচ খুব বেশী হবে না, হয়ত তাদের যাতায়াতের জন্য, মোটর ফেয়ার প্রভৃতি বাবদ কিছু লাগতে পারে। এই কারণে এটা করছি যাতে ভালভাবে হোমগুলি পরিচালিত হয়, কোন অভিযোগ এলে সঙ্গে সঙ্গে হস্তক্ষেপ করা যায় এবং প্রতিদিন হোমগুলিতে গিয়ে কি কি অসুবিধা হচ্ছে তা জানতে পারেন এবং তার প্রতিকার করতে পারেন এবং সমস্ত রিপোর্ট উপরে পাঠাতে পারেন—আমরাও যাতে সেগুলি নিয়ে দেখতে পারি। এ সবের জন্য আমি এই য়্যামেণ্ডমেণ্টটা এনেছি, আশা করি সকলে এটাকে সমর্থন করবেন।

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন এ্যাসেম্বলীর উত্তর গেটে আঞ্চলিক পরিষদের কর্মচারীরা অবস্থান ধর্মঘট করে আছেন, কালকে থেকে। স্যার, আপনি এও জানেন যে পঞ্চায়েত বিল আলোচনার জন্য বিধানসভার কর্মসূচীতে দেওয়া হয়েছে। তাই স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে নিবেদন করবো যে, তিনি যেন ঐ অবস্থান ধর্মঘটী যাঁরা গেটে রয়েছেন তাঁদের কাছে গিয়ে তাঁর বক্তব্য রাখেন এবং ঐ অবস্থান ধর্মঘট যাতে প্রত্যাহৃত হয় তার ব্যবস্থা করেন।

**মিঃ স্পীকার :** আচ্ছা আমি দেখবো, তবে আমি জানি না করবেন কি না।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বেঙ্গল ভেগ্রেনেনসি (এ্যামেণ্ডমেণ্ট) বিল এনেছেন সেটা আর কিছুই নয়, এটা হচ্ছে রিহ্যাবিলিটেসান অব সাম সি. পি. এম. মেম্বারস। এখানে এ্যাডভাইসারী কমিটি রয়েছে অথচ তিনি এই সমস্ত মেম্বারদের বা দলভুক্ত লোকদের নতুন করে ভ্যাগ্রানসিতেও একটা স্থান করে দেবার জন্য চেষ্টা করছেন। স্যার, আপনি এই হাউসের সর্বময় কর্তা, দণ্ডমুণ্ডের কর্তাও বুটে। আপনি স্যার, এই যে নতুন কমিটি হবে, এক্স অফিসিও মেম্বার হিসাবে সব কমিটিতেই আপনি থাকুন। কারণ কিছুদিনের মধ্যেই আমরা দেখতে পাবো মন্ত্রীরাও ঐ ভ্যাগ্রান্সিতে গিয়ে আশ্রয় নেবে। এমনিতেই আমরা যা দেখতে পাচ্ছি তাতে মন্ত্রীরাও সকালবেলা হয়ত আছেন আবার বিকালবেলা হয়ত নেই এই অবস্থা। আপনি স্যার, যখন

আমাদের সকলের কর্তা তখন আপনি এর এক্স অফিসিও মেম্বার থাকুন। স্যার, আমরা অনেকদিন ধরেই লক্ষ্য করছি যে, বর্তমান যুক্তফ্রন্ট মন্ত্রীসভার বিশেষ করে সি.পি. এম. দলভুক্ত যাঁরা তাঁরা নিত্য নতুন এক একটা ফন্দি বার করছেন যে, কি করে পারমানেন্ট রিহ্যাবিলিটেসান হয়। ঐ মন্ত্রীসভা চলে গেলেও ভাগ্যনাসি থেকে গেলে কিছুতেই সেখান থেকে তাঁরা নড়বেন না, সেখানে পুরো আস্তানা গেড়ে নিয়েছেন। স্যার, বাংলাদেশের ঐতিহাসিক হাউসের আপনি ঐতিহাসিক স্পীকার। এই এ্যাসেম্বলীতে অনেক বড় বড় রথী মহারথী এসেছেন এবং স্পীকার হিসাবেও এখানে আমরা ভারতবর্ষের শ্রেষ্ঠ মানুষদের দেখেছি। আপনিও স্যার, এখানে ঐতিহাসিক রুলিং দিয়ে এই হাউসের মর্যাদা রক্ষা করেছেন। তা ছাড়া স্যার, আমরা এখানে এ অবস্থাও দেখেছি, যখন জ্যোতিবাবুর পুলিশ পুংগব এখানে এসে হাঙ্গামা করে আমাদের সকলের উপর, তখন আমাদের সকলের ঐতিহাসিক পলায়ন। এমন কি স্যার, আপনিও বাদ যান নি। আপনাকেও জানলার ভেতর দিয়ে পালিয়ে যেতে হয়েছে, আপনিও রক্ষা পান নি। সেইজন্য আপনাকে আমি একজন মহামানব বলে মনে করি, সাধারণ মানুষ হিসাবে গণ্য করি না, হয়ত ওঁরা তা করতে পারেন।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী :** অন এ পয়েণ্ট অব অডার, স্যার, এই সমস্ত ঘটনার সঙ্গে উনিও জড়িত ছিলেন। তা ছাড়া তাঁর এ ধরনের কথা আপনার বিরুদ্ধে অবমাননাকর কথা। আমি মনে করি হাউসের মর্যাদা তিনি ভঙ্গ করেছেন, এই বক্তব্য বাদ দেওয়া দরকার।

**মিঃ স্পীকার :** আপনি যেটা বলছেন সেটা পয়েণ্ট অব অর্ডার নয়। ওঁর কথা ইরেলেভেণ্ট বলতে পারেন। আমি নেপালবাবুকে অনুরোধ করছি, আপনি এই বিলের উপর যা হোক কিছু বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায় :** কারণ নতুন করে কমিটি করার কোন যুক্তি নেই। সেখানে Advisory Board রয়েছে। Already অনেক গণ্যমান্য ব্যক্তি দেখাশোনা করার জন্য সেখানে রয়েছে। Vagrancy-র কি হয় না হয় আমরা জানি। সেখানে কে কি করছেন না করছেন সেটাও আমরা জানি। কাজেই সে সম্পর্কে আমি আলোচনা করতে চাইনা। সেটা যখন সময় আসবে, সুযোগ আসবে তখন বলবো। কিন্তু মন্ত্রী মহাশয় aims and objects-এ বললেন যে, এই Vagrancy Department-এর অনেক নামে অনেক বদনাম, সুষ্ঠুভাবে হচ্ছেনা। সেজন্য এই Advisory Committee ছাড়াও একটা কমিটি তৈরী করছি দেখাশোনার জন্য। এই যে দেখাশোনা এটা কি দেখাশোনা? কাকে দেখাশোনা? ঐ যারা নিঃস্ব মানুষ, যারা ফুটপাথে পড়ে থাকে, তাদের নিয়ে এসে একটা স্থান দিচ্ছেন? তাদের মাথাপিছু কত খরচ করছেন? তাদের উপরে আবার কমিটি চাপিয়ে দেওয়া হচ্ছে যাতে রাহা খরচ দিতে হবে। রাহা খরচ কত হবে? এই রাহা খরচের নামে আবার Party-বাজী চলবে। কারণ Party-র লোকদের হাতে একটা মোটা টাকা ধরিয়ে দেওয়া হবে রাহা খরচের নামে। একেই ঐ দুঃস্থ মানুষগুলি খেতে পায়না। স্যার, একটু পরে উনি হয়ত ওনার বক্তৃতায় বলবেন যে, টাকা নেই, কোথা থেকে পাবে। কাপড় দিতে পারছিনা, দুই বেলা পেট ভরে খেতে দিতে পারছিনা। লোক দিনে দিনে বেড়ে যাচ্ছে, এসব কথা বলবেন। কিন্তু তা সত্ত্বেও ঐ আর একটা কমিটি করে তিনি তার রাহা খরচ বাড়িয়ে দিচ্ছেন। এটার কোন যুক্তি আছে? যদি বলেন Party-র লোকদের দেবার জন্য এখানে আমাদের Committee করা দরকার আছে, কারণ এখানে Party-র লোকেরা মন্ত্রী হয়েছেন। বাকী লোকেরা সকলে দিনে স্বপ্ন দেখছেন মন্ত্রী হবার। যদি মন্ত্রী হতে না পারেন, তাহলে গোলমাল করবে। তাই ভিখারী কমিটি, তাই হোক। স্যার, একটু চিন্তা করে দেখুন, এই ভিখিরী কমিটি করবার জন্য নতুন আইন করতে হবে। সেখানে এই সমস্ত Vagrancy আছে আজকে পৃথিবীতে তাদের অস্তিত্ব নেই বললেই চলে। তাদের আমরা কোন স্থান দিয়েছি? তাদের দিয়ে কাজকর্ম করাচ্ছি। তাদের সমাজে স্থান দিতে হবে। কিন্তু তাদের পিছনে ২।৪ টাকা হোক, ৫ টাকা ১০ টাকা, ৫০ টাকা হোক, ১০০ টাকা, হাজার টাকা, ২ হাজার টাকা হোক—যাই হোক না কেন, এই যে

কমিটির রাহা খরচ বাবদে যেটা যাবে সেই টাকাটা তাদের পিছনে যদি খরচ করা হয় তাহলে তাদের মঙ্গল হবে। কিন্তু তিনি তা করলেন না। তিনি একটা বিল আনলেন না যেখানে ২ টাকা করে তাদের মাথা পিছু খরচ হচ্ছে সেখানে ৩ টাকা করে আনতেন, আমরা নিশ্চয়ই মেনে নিতাম। স্যার, আমাদের খুব অভিজ্ঞতা আছে এই Vagrancy সম্বন্ধে। সেখানে মানুষ কিভাবে আছে, সেখানে ভিখিরীরা কিভাবে আছে। তারা ভিক্ষা বৃত্তি করলেও অনেক সুখে থাকতো। কিন্তু আজকে Vagrancy Home থাকার ফলে তারা না মানুষ, না পশু এমন একটা অবস্থায় পৌঁচেছে যে তারা আজকে সমাজের কাছে মানুষ বলেও পরিচয় দিতে পারছে না বা জানোয়ার বলেও পরিচয় দিতে পারছে না। আজকে উনি যদি বলতেন যে তাদের মাথাপিছু ৮ আনা করে খরচ বাড়াবার জন্য এই amendment এনেছি তাহলে আমরা সমর্থন করতাম। কিন্তু দলবাজী বা ঐ দলের লোকদের মাথাপিছু দেবার জন্য নিশ্চয়ই আমরা এটাকে সমর্থন করতে পারছি না। স্যার, আপনার কাছে আবেদন করি, কারণ আমি বারবার বলেছি যে এই হাউসে আপনার কাছ থেকে যে বিচার আমরা পাই—আমরা আগেও দেখেছি হয়ত সেই বিচার পাইনি। স্যার, আপনার উপর মাঝে মাঝে আমাদের ন্যায় সংগত দাবী আদায়ের জন্য চেষ্টা করি, তখন হয়ত একটু কটু আবহাওয়ার সৃষ্টি হয়। কিন্তু তা সত্বেও আমি একথা মুক্তকণ্ঠে বলবো যে আমরা বিরোধী দলের লোক হিসাবে আপনার ব্যবহারে আমরা সন্তুষ্ট। আপনার কাছে এই আর্জি করছি। আপনি ঐতিহাসিক মানুষ, বাংলাদেশের ঐতিহাসিক এ্যাসেম্বলীতে অনেকবার rulling দিয়েছেন।

তাই স্যার, আমি এই মন্ত্রী মহাশয়ের এই বিলের সম্পূর্ণ বিরোধীতা করছি। কারণ আমি মনে করছি যে এই বিল এই হাউসে আসা উচিত নয়। কারণ তাদের দলপুষ্ট করবার জন্য এই বিল এখানে আনা হয়েছে।

**শ্রীসুবোধগোপাল গুহাইত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি যে উদ্দেশ্যে আনা হয়েছে সেটা সম্পর্কে আপত্তি করবার কারণ কিছুই নাই। কারণ এর আগে একটা বোর্ড ছিল। এখন এখানে যতগুলি রিসিভিং সেণ্টার হবে তার এক একটার জন্য একটি কমিটি করবার কথা হয়েছে। সুতরাং যে উদ্দেশ্যে এটা করা হয়েছে সেটা এমন বিশেষ কিছু নয়, এটা প্রেসিডেণ্টস এ্যাক্ট ছিল—সেটাকে রিএন এ্যাক্ট করা হচ্ছে। সেইজন্য এই বিলকে আমি সমর্থন করছি। কিন্তু আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের আমার নিবেদন এই যে মূলে যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছিল আগে যে ভেগ্রাণ্টস হোম করে ভ্যাগ্রাণ্টসদের যে সমস্যা রয়েছে সেই সমস্যাকে সমাধান করা। আমরা শুধু যদি এই বিল করে এমেণ্ডমেণ্ট করে পাশ করি এবং তাকে যদি কার্যকরী না করি তাহলে যে উদ্দেশ্যে এই বিল তা ব্যর্থ হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যাক্টে যে প্রভিসন রয়েছে সেই প্রভিসন অনুযায়ী সব জেলাতে বোধ হয় এখনও এটা প্রবর্তন করা হয় নি। মাত্র কয়েকটি জেলায় প্রবর্তন করা হয়েছে। কিন্তু এটা সমস্ত জেলাতে করা দরকার। কারণ এই ভ্যাগ্রাণ্টসদের সংখ্যা এতো বেড়েছে যে রাস্তাঘাটে চলুন, পান-বিড়ির দোকানে কিছু কিনতে যান, খাবারের দোকানে, ট্রেনে বাসে, টিকিট কাটার জায়গায় সব জায়গাতে এদের দেখবেন শুধু কলকাতা বা হাওড়ায় নয়, সারা পশ্চিম বাংলায় এই ভ্যাগ্রাণ্টস দেখবেন। তার মধ্যে কতকগুলি প্রফেসন্যাল বেগার রয়েছে আবার কতকগুলি প্রফেসন্যাল নয়, আউট অব নেসেসিটি কতকগুলি আছে—তারা পথে ঘাটে ট্রেনে গাড়ীতে যে কোন জায়গায় শুধু কলকাতা বা হাওড়া সহরে নয় মফঃস্বলে কোন ক্রাউডেড জায়গায় হাটে বাজারে সেখানে স্বাভাবিকভাবে কাজ করবার উপায় নেই—যে-কোন কাজ করতে যান সব জায়গায় দেখবেন ঐ ভ্যাগ্রাণ্টস। তাই যে উদ্দেশ্যে এটা করা হয়েছিল সেই উদ্দেশ্যে কার্যে পরিণত করা যায় যাতে তার ব্যবস্থা করুন। যেমন আনএমপ্লয়মেণ্ট ব্যবস্থা করার জন্য এবং আনএমপ্লয়মেণ্টদের ভাতা দেবার জন্য চিন্তা করা হচ্ছে সেই রকম এই গুরুতর যে সমস্যা যা বিরাট আকারে দেখা দিয়েছে মশার উপদ্রবের মত চতুর্দিকে হাজার হাজার লোক এই

যে ভ্যাগ্রাণ্টস সেজে বসে আছে তাদের জন্য কি করা যায় তার চিন্তা করুন; আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ভবিষ্যতে এ বিষয়ে একটু চিন্তা করে যাতে একটা ব্যাপক বিল, একটা কমপ্রিহেন্সিভ বিল এই ভ্যাগ্রাণ্টসদের সমস্যা সমাধানের আনবার কথা চিন্তা করুন—এই বলে আমি এই বিলকে সমর্থন করছি।

**Shri Ram Krishna Saraogi:** मिस्टर स्पीकर सर, बंगाल भैगरेन्सी अमेण्डमेन्ट बिल जो सदन के सामने रखा गया है, उसका मुख्य उद्देश्य एक बोर्ड आफ भिजिटर्स प्रत्येक होम के लिए बनाने का है। यह बिल, सन् १८४३ में भैगरेन्सी एक्ट जो पारित हुआ था, उसी के सिलसिले में है। सन् १८४३ के एक्ट के अन्तर्गत एक एडवाइजरी बोर्ड बनाने का विधान भी रखा गया था।

अभी माननीय मंत्री महोदय ने सदन के सामने अपना जो स्टेटमेन्ट रखा है, उससे यह जानकारी मिली है कि यह एडवाइजरी बोर्ड जो बना हुआ है, उसमें ११ व्यक्ति आफिसियल हैं और छ व्यक्ति नन-आफिसियल हैं। अर्थात् सरासरी यह एडवाइजरी बोर्ड में केवल सरकारी आदमियों के मातहत ही चलता है। और इसके भीतर जनता के जो प्रतिनिधि हैं—जनता के जो आदमी हैं, वे इतने अल्पमत में हैं कि उनका कोई प्रभाव नहीं। और २७ वर्षों के बाद आज इस एक्ट के अन्तर्गत बोर्ड आफ भिजिटर्स बनाने की जो बात कही जाती है, उससे एक बात साफ होती है कि जिस उद्देश्य से यह एक्ट बनाया गया था, उस उद्देश्य का भलीभांति पालन नहीं हो रहा है। इस एक्ट के बनाने के पीछे उद्देश्य था—एकमात्र उद्देश्य यह था कि जो भेगरेन्ट्स हैं, उनको रहने के लिए स्थान मिले। उनको जीवन की सुविधा मिले—उनके लिए नौकरी की व्यवस्था हो और उनको अपने पैरों पर खड़ा किया जाय।

किन्तु हम देखते हैं कि आज पश्चिम बंगाल में जितने होम खुले हुए हैं, उनके माध्यम से भैगरेन्टस को कोई खास सुविधा नहीं मिल सकी है। और फिर मिस्टर स्पीकर सर, हम देखते हैं कि भैगरेन्स की जो परिभाषा सन् १८४३ के एक्ट में की गई है, उसके अनुसार चैप्टर 1, सेक्सन 2(a) भैगरेन्ट वह है।

इस परिभाषा को सामने रखकर आज आप सारे पश्चिम बंगाल की बात न करके केवल कलकत्ता की बात करें, तो मैं कहूँ कि प्रत्येक सड़क पर प्रत्येक पब्लिक पार्क के भीतर, प्रत्येक मुहल्ले में और प्रत्येक कांसिट्युन्सी के भीतर एक नहीं—दो नहीं हजारों-हजार की संख्या में भैगरेन्टस बच्चे खड़े हुए हैं, जवान आदमी खड़े हुए हैं। उनके लिए न तो किसी प्रकार की व्यवस्था है और न तो उनके लिए किसी प्रकार की सहायता का ही इन्तजाम है। उन्हें जिम्मेदार,

नागरिक बनाने का भार, इस एक्ट के अन्तर्गत सरकार का है और वह भार आज पालन नहीं किया जा रहा है।

पुलिस आफिसरों पर जिम्मेदारी है कि जहाँपर भी ये भेगरेन्ट्स हो, उनको वे होम में ले जावें। किन्तु पुलिस आफिसरों को अपनी ड्यूटी करने में हिचकिचाहट होती हैं क्योंकि जो भेगरेन्ट भर्ती किया जाता है, उसको खाना देना पड़ेगा—उसको कपड़ा देना पड़ेगा। सरकार इस जिम्मेदारी से भागती है क्योंकि समस्या उसके बूते के बाहर की है। सरकार केवल पुराने एक्ट को चालू रखकर अपना भार उतार रही है। भेगरेन्ट्स की जो समस्या है, इनकी संख्या जो बढ़ी है और बढ़ रही है। इसके लिए जिम्मेदार है, आर्थिक एवं सामाजिक व्यवस्था, इसके लिए जिम्मेदार है, आर्थिक विषमता। इस व्यवस्था को बदलने की दिशा में, इस विषमता को कम करने की दिशा में कोई कदम नहीं उठाया जा रहा है।

हम देखते हैं कि एक तरफ तो कुछ लोग लाखों-लाख रुपया कमाते हैं और दूसरी तरफ हजारों आदमी रोज ५ पैसा भी कमाने की स्थिति में नहीं हैं। लाखों की संख्या में लोग वेकार पड़े हुए हैं। उनके बच्चे स्कूलों में पढ़ नहीं पाते। उनके लिए निशुल्क शिक्षा की व्यवस्था नहीं। तकलीफों और आर्थिक कठिनाइयों के कारण परिवार उनका भरण पोषण नहीं कर पाते हैं। वे बाध्य होकर भेगरेन्ट बनते हैं। भीख मांगते हैं, घर छोड़कर आवारा गर्दी करते हैं और समाज के लिए भार बनते हैं। लेकिन जिम्मेदार कौन इस के लिए, इसपर गौर करना है न कि इन भेगरेन्ट्स के कामों पर। यह स्थिति विस्फोटक है। आज का भगरेन्ट काम विद्रोही होगा, इसमें सन्देह नहीं।

इस प्रकार की स्थिति के भीतर जब हम इस एक्ट अमेण्डमेन्ट करना चाहते हैं, इसके भीतर केवल बोर्ड आफ भिजिटर्स बना देने से मैं समझता हूँ, सरकार का दायित्व पूरा नहीं होता। अगर सरकार इस दायित्व को स्वीकार करती है, अगर सरकार यह महसूस करती है कि जो भेगरेन्स हैं, उनकी हालत में सुधार हो, तो उसको सबसे पहले इस प्रदेश की इकनामिकल कंडीशन में सुधार करना पड़ेगा, सोसल स्ट्रक्चर में सुधार करना पड़ेगा, उसके लिए ठोस काम करना पड़ेगा। इस ढंग से अमेण्डमेन्ट लाना, मैं समझता हूँ, इस असेम्बली का वक्त जाया किया जाता है।

इन शब्दों के साथ मैं इस बिल का विरोध करता हूँ।

[3-30—3-40 p.m.]

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী কানাইবাবু যে বিল এনেছেন সেই বিলের বিরুদ্ধে বলার কিছু নেই। তবে আজকে যুক্তফ্রন্টের যে অবস্থা হয়েছে তাতে

আমরা দেখেছি সরকার পক্ষের তরফ থেকেই এই অভিযোগ উঠেছিল যে, যাঁর হাতে যে দপ্তর রয়েছে তিনি শুধু তাঁর দপ্তর নিজের লোকদের দিয়ে ভর্তি করছেন এরকম একটা প্রবণতা দেখা যাচ্ছে। এখানে টু-তে রয়েছে আপনারা হোম-গুলোতে বোর্ড অব ভিজিটর্স করতে চাচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে এখানে যেন দলবাজী না হয় ভ্যাগাবণ্ডদের নিয়ে সেদিকে দৃষ্টি রাখবেন। আর আজকে শুধু ভ্যাগরেন্ট হোম তৈরী করেই এই সমস্যার সমাধান করা সম্ভব নয়। আজকে সামাজিক এবং অর্থনৈতিক অবস্থা যা দাঁড়িয়েছে তাতে মানুষের ভ্যাগাবণ্ড বা ভ্যাগরেন্ট হওয়া ছাড়া আর কোন উপায় নেই। আমি আশংকা করছি যে রেটে আইন শৃঙ্খলার অবনতি ঘটছে তাতে সারা বাংলাদেশ ভ্যাগাবণ্ড-এ ছেয়ে যাবে। তারপর, এই হোমগুলো সব জাগয়ায় ছড়িয়ে নেই, অথচ ভ্যাগরেন্টরা সব জায়গাতেই রয়েছে। এখানে ভর্তি করার ব্যাপারে নানা রকম অসুবিধা রয়েছে অর্থাৎ এর হুকুম নিতে হবে, তার হুকুম নিতে হবে। আমার বক্তব্য হচ্ছে এগুলি যেন সহজ হয় এবং এগুলি যেন বেশী করে করা হয়। উত্তরবংগে কিছু নেই এবং এই ব্যাপারে আমাদের তথ্য মন্ত্রী কিছু দেখেননা এবং অন্যান্য মন্ত্রীরাও কিছু দেখেন না। এক কথায় বলতে পারি আপনারা উত্তরবংগে পথে বসাবার একটা ষড়যন্ত্র করছেন। কাজেই বলছি মহকুমা ভিত্তিক না হোক, প্রতিটি জেলায় একটি করে ভ্যাগরেন্ট হোম করা সম্ভব কিনা সেটা দেখুন এবং সেখানে কারিগরি শিক্ষার ব্যবস্থা করা সম্ভব কিনা সেটাও দেখুন। আমরা সকলেই জানি এই প্রবলেমটা সামাজিক এবং অর্থনৈতিক মিলে সৃষ্টি করেছে। অবশ্য আমি এই ইংগিত করছিনা যে আপনাদের নিজেদের দলাদলির জন্য আপনারা একদল আর একদলকে ভ্যাগরেন্ট করে পাঠিয়ে দেবেন। এই সমস্যা শুধু মুর্শিদাবাদ বা লালগোলাতেই নেই, এই সমস্যা সব জায়গাতেই রয়েছে। যেখানে ভ্যাগরেন্ট হোম রয়েছে সেখানে আপনারা বোর্ডঅব ভিজিটর্স করছেন, কিন্তু যেখানে নেই সেখানে কি করছেন? আজকে এটা একটা বিরাট সামাজিক সমস্যা, কাজেই আমরা যদি এই দিকে অধিকতর দৃষ্টি দেই তাহলে আমাদের আইন শৃঙ্খলা ভালভাবে রক্ষিত হবে। তারপর ফাইনানসিয়াল মেমোরেণ্ডামে টি. এর কথা যা বলেছেন সে সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এটা যখন সামাজিক দায়িত্ব এবং সমাজ কল্যাণে যাঁরা নিযুক্ত রয়েছেন তাঁদের দায়িত্ব তখন টি. এর ব্যবস্থা থাকা উচিত নয়। ভলানটারিলি অর্থাৎ স্বেচ্ছামূলকভাবে এই দায়িত্ব পালন করা উচিত এবং যাঁদের দিয়ে প্রকৃত উপকার হবে তাঁদেরই এখানে দিতে হবে। আজকে পশ্চিম বাংলা ভ্যাগরেন্ট হোম হতে চলেছে আপনাদের দৌরাত্মের ফলে। আমার শেষ বক্তব্য হচ্ছে যেখানে যেখানে এগুলি নেই সেদিকে আপনারা দৃষ্টি দিন এবং উত্তরবংগের বিশেষ করে কতকগুলি জেলা আছে যেখানে আপনারা দৃষ্টি দিচ্ছেননা, সেদিকে দৃষ্টি দিন। অর্থাৎ আমার বক্তব্য হচ্ছে সেখানে যাতে হোম করতে পারেন সেদিকে আপনারা দৃষ্টি দেবেন, এই সামান্য দাবী এবং অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয়া অধ্যক্ষ মহোদয়া, আমার এই বিলটি খুবই সংক্ষিপ্ত, কিন্তু তা নিয়ে মাননীয় সদস্যগণ যে বিরাট সমস্যা এবং প্রশ্ন তুলেছেন আমি তার বিস্তারিত উত্তর দিতে চাইনা। একথা ঠিক এই সমস্যা সামাজিক সমস্যা, অর্থনৈতিক সমস্যা এবং আমাদের দেশে এটা ক্রমশঃ ক্রমশঃ বাড়ছে। আজকে আমাদের অর্থনৈতিক ভিত্তি নানা দিক থেকে যে ভেংগে পড়ছে তারজন্য নিশ্চয়ই আমাদের যুক্তফ্রন্ট সরকার দায়ী নয়, এরজন্য দায়ী ১৯৪৭ সাল থেকে যাঁরা এতদিন ধরে চালিয়ে এসেছিলেন। আপনাদের ভেবে দেখতে হবে, যারা বললেন যে এই সব বেগার (beggar) এর সংখ্যা বেড়েছে ইত্যাদি, কিন্তু কেন বেড়েছে? আপনারা যদি দয়া করে গত ২০/২২ বছরের আপনাদের কাজ পর্য্যালোচনা করেন তাহলে সত্যিকারের বুঝতে পারবেন যে একটা দেশকে কোন জায়গায় আপনারা এনে ফেলেছেন এবং যার ফলে আজকে এই সংখ্যা এত বেড়েছে। পুলিশী তদন্তে দেখা গেছে যে শুধু মাত্র কলকাতাতেই বেগারের সংখ্যা হচ্ছে ৩৬ হাজার। আমরা এখানে যা হোম করেছি তাতে এক হাজারের বেশী রাখতে পারছি না এবং আমাদের বাংলাদেশে মাত্র সাতটি জায়গায়

হোম করেছি। উত্তরবঙ্গে আমরা এখনও করতে পারিনি এবং এখনও সব জেলাতে হয়ে ওঠে নি। হুগলী, মেদিনীপুর এবং কলকাতা, এই আশেপাশে কয়েকটা হোম আছে, এখন সেই হোমে কোন কোন জায়গায় চারশ, পাঁচশ, করে লোকজন আছে। এটা একটা সামাজিক সমস্যা। যদি অর্থ-নৈতিক এবং সামাজিক পরিবর্ত্তন আনতে না পারা যায় তাহলে এই সমস্যার সমাধান হওয়া সম্ভব নয় এবং এই ভাবে কিছু কিছু দয়া দাক্ষিণ্য দেখিয়ে কিছু হবে না। দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় নেপাল বাবু অনেকক্ষণ ধরে বক্তৃতা করে গেলেন, তিনি বিলের বাইরের অনেক কথা বললেন, আমি তার জবাব দিতে চাই না। কিন্তু তিনি যে প্রশ্নটা তুলেছেন যে বোধ হয় পার্টিবাজী করবার জন্য এই সব করা হচ্ছে, আমি তার উত্তরে শুধু এটুকু বলতে চাই যে তারা তো ২২ বছর ধরে এই কাজ করে এসেছেন, দল বাজী করে এসেছেন শিক্ষা ক্ষেত্রে, পারমিট লাইসেন্সের ব্যাপারে, কমিটির ক্ষেত্রে, সব জায়গায়ই তারা এই সব করে এসেছেন সুতরাং তার এই আশঙ্কা হওয়া স্বাভাবিক যে যুক্তফ্রণ্টও বোধ হয় ওদের মত করবে। কিন্তু তাদের আমি এই কথা বলতে পারি যে আমরা এখন যে সমস্ত হোমগুলো আছে তাতে লক্ষ্য করে দেখেছি যে একটা এ্যাডভাইসারী বোর্ড হয়েছে, ১৭ জন নিয়ে বোর্ড হয়েছে, সেখানে ১১ জন অফিসিয়্যাল আছে এবং ৬ জন নন-অফিসিয়্যাল আছে। এই রেশিয়োটাকে আমরা পরিবর্ত্তন করে নন-অফিসিয়্যাল ১১ জন এবং অফিসিয়্যাল ৬ জন করবো পরে। এবং লক্ষ্য করবার চেষ্টা করবো যে এই যে কটা হোম আছে, সেইগুলো যাতে ভাল ভাবে চালানো যায়। অনেক সময় এক একটা হোমে নানারকম সমস্যার সম্মুখীন হতে হয়, কারণ সেখানে শুধু বাংলাদেশের লোকই নেই, বাংলার বাইরেরও অনেক লোক সেখানে আছে। আমরা হিসাব করে দেখেছি যে প্রায় ফিপটি পার্সেণ্ট অন্য প্রদেশের লোক এই হোমে থাকে। সেই জন্য নানা রকম সমস্যা সেখানে দেখা দেয়। তারপর এ্যাডমিনিষ্ট্রেশনের নানা সমস্যা রয়েছে। সেই কারণে একটা সেন্ট্রাল বোর্ডের পক্ষে সমস্ত করা সম্ভব নয়। কারণ আমরা চাই এদের যাতে অবস্থার উন্নতি হয়, এরা যদি সমাজের অর্থনৈতিক অবস্থার চাপে না পড়তো তাহলে এদের মধ্যে ভাল ভাল লোক বেরোতে পারতো এবং এদের মধ্যে থেকে সুযোগ পেলে তারা যে এম. এল. এ. বা এম. পি. হতে পারতো না, এটা কে বলতে পারে? কিন্তু যেহেতু আজকে অর্থ-নৈতিক অবস্থার মধ্যে তারা এমন ভাবে পড়েছে যাদের এখন ভ্যাগ্রাণ্ট হোমে আশ্রয় নিতে হয়েছে। সেইজন্য আমরা চাই যাতে ভালভাবে এটা পরিচালনা করা যায় তার জন্য স্থানীয় লোককে নিয়োগ করবো যারা দৈনন্দিন লক্ষ্য রাখতে পারবেন। তাদের অভাব অভিযোগ শুনতে পারবেন এবং হস্তক্ষেপ করতে পারবেন। আমরা এই কথা বলতে পারি, যে কমিটি হবে সেটা কোন দলীয় কমিটি হবে না, সেখানকার স্থানীয় লোক নিয়ে সেই কমিটি হবে। কিন্তু ভেবে দেখুন এই দেড় হাজার বা ২ হাজার লোককে আমরা হোমে রেখেছি তাদের অভাব অভিযোগ দেখবার জন্য স্থানীয় কমিটি সেখানে করতে চাচ্ছি সেটা একটা বড় পদক্ষেপ। আশা করি সেদিক থেকে এই বিলকে আপনারা সাপোর্ট করবেন। আমি আপনাদের জানাচ্ছি যে উত্তরবঙ্গের দিকে আমি লক্ষ্য রেখেছি। তারা যদি আমাকে দয়া করে টাকা দেন তাহলে আরো বেশী দেখবো এবং বাজেটের সময় আপনারা যদি আরো বেশী টাকা বরাদ্দ করেন তাহলে উত্তরবঙ্গকে দেখব নিশ্চয়ই আরো।

[ 3-40—3-50 p.m. ]

The motion of Shri Kanai Bhowmik that the Bengal Vagrancy (Amendment) Bill, 1970 be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2, 3 and 4**

The question that Clauses 1, 2, 3, and 4 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kanai Bhowmik :** Sir, I beg to move that the Bengal Vagrancy (Amendment) Bill, 1970, as settled in the Assembly be passed.

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, বোর্ড অফ ডাইরেকটর্স-এর কথা যা উনি বললেন তার জন্য মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি, কিন্তু একটা জিনিষ এই যে ভ্যাগরান্টস্—এদের ভিক্ষুক বলবনা, তাদের নানা রকম ব্যাধি থাকতে পারে সুতরাং তাদের বোর্ড অফ ডাইরেকটার্স কমপালসারিলি তাদের কোন চিফ মেডিকেল অফিসারকে দিয়ে বা বিশেষজ্ঞদের কাছে যাতে দেখানো হয় সেদিকে যদি নজর দেন তাহলে ভাল হয়।

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় সদস্য বোধ হয় জানেন না হোমে ভ্যাগারান্টদের পাঠাবার আগে তাদের রিসিভিং সেণ্টারে আনা হয় এবং রিসিভিং সেণ্টারে মেডিক্যাল অফিসারের কাছ থেকে মেডিক্যাল একজামিনেশান হবার পর যদি তাদের কুষ্ঠ রোগ থাকে তাহলে আলাদাভাবে তাকে পাঠাবার ব্যবস্থা করা হয়। সুস্থ ও সাধারণ মানুষের সঙ্গে যাতে ছোঁয়াচে ব্যাধিতে আক্রান্ত ভ্যাগরাণ্ট একসঙ্গে না থাকে সেইজন্য রিসিভিং সেণ্টারের মেডিক্যাল অফিসাররা এসব পরীক্ষা করার পর তারা যে মেডিক্যাল রিপোর্ট দেন সেই রিপোর্টের ভিত্তিতে কণ্ট্রোলার যিনি আছেন তিনি তার পর তাদের বিভিন্ন সেণ্টারে পাঠান। সুতরাং আপনি যা আশংকা করছেন সে আশংকা করবার কিছু নেই।

The motion of shri Kanai Bhowmik that the Bengal Vagrancy (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed, was then put agreed to.

**The Bengal Co-operative Socicties (Amendment) Bill, 1970**

**Shri Kanai Bhowmik :** Sir, I beg to introduce the Bangal Co-operative Societies (Amendment) Bill, 1970.

(Secretary then read the title of the Bill)

**Shri Kanai Bhowmik :** Sir, I place a statement as regulred under Rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কোঅপারেটিভ মুভমেণ্ট এর ব্যাপারে আমাদের বাংলাদেশের অবস্থা নিশ্চয়ই আপনারা জানেন এবং মাননীয় সদস্যদেরও জানা আছে আমাদের বাংলাদেশে ১৯৪০ সালের এই কোঅপারেটিভ আইন পাশ হওয়ার পরেও আজ ৩০ বৎসরের মধ্যে বাংলা দেশে শতকরা ৪০ জন মাত্র এই কোঅপারেটিভ মুভমেণ্ট এর মধ্যে আসতে পেরেছে ও তার মধ্যে আবার গ্রামাঞ্চলে যে জনসংখ্যা তার শতকরা ১৯জন কে কোঅপারেটিভ মুভমেণ্ট এ কভার করা হয়েছে। এই ৩০ বৎসরে কোঅপারেটিভ মুভমেণ্ট এর ফলে অন্যান্য দেশের তুলনায় যা দাঁড়িয়েছে তাতে বাংলাদেশ পেছিয়েছে মহারাষ্ট্র পাঞ্জাবের চেয়ে অনেক। অন্য জায়গা এগোলেও আমরা পেছিয়ে আছি।

এই অবস্থা আমাদের বাংলাদেশে কো-অপারেটিভ মুভমেণ্টের এসেছে যে আমাদের এখানে ক্রমশ ক্রমশ অনাদায়ী ঋণের যে বোঝা সেই বোঝার আঘাতে এটা পংগুপ্রায়। রিজার্ভ ব্যাংক থেকে বার বার আমাদের হুসিয়ার করে দিচ্ছে আপনারা যদি অনাদায়ী ঋণের আদায় দিতে না পারেন তাহলে বাংলাদেশে কো-অপারেটিভ মুভমেণ্টে যে টাকা রিজার্ভ ব্যাংক দেয় সে টাকা তারা দিতে

পারবে না এবং সেখানে দেখা যাচ্ছে short term loan এর over due position হচ্ছে ১৯৬৬-৬৭ সালে ৩ কোটি ৯৩ লক্ষ টাকা, ১৯৬৭-৬৮ সালে বেড়ে হয়েছে ৫কোটি ৬৪ লক্ষ টাকা, ১৯৬৮-৬৯ সালে হয়েছে ৯ কোটি ৪ লক্ষ টাকা—প্রায় তিন গুণ এই কয়েক বছরে এসে পড়েছে এবং আমাদের রিজার্ভ ব্যাংকের কাছ থেকে ১২কোটি টাকা ক্রেডিট ষ্ট্রাকচার পেতে পারতাম, মাত্র ৪ কোটি টাকা ড্র করতে পেরেছি। এই অবস্থা আজকে দাঁড়িয়েছে। তাছাড়া আপনারা জানেন এই হাউসে পাওয়ার লুম এনকোয়ারী কমিটির রিপোর্ট এসেছিল যার মধ্যে আমাদের কো-অপারেটিভের আইন কানুন এবং রুলস-এর পরিবর্তন দরকার এবং তার ডিফেক্টসের কথা উত্থাপিত হয়েছে। আর এই কো-অপারেটিভ আন্দোলনের মধ্যে দেখা যাচ্ছে ইতিমধ্যে যেসমস্ত জায়গা ভেসটেড ইনটারেস-টেডরা দখল করে আছে সে সেণ্ট্রাল ব্যাংক থেকে আরম্ভ করে প্রাইমারী ব্যাংক পর্য্যন্ত সেখানে কিছু পরিবর্ত্তন আনতে গেলে নানা ধরণের বাধার সৃষ্টি হচ্ছে এবং প্রায় ১০৮টি কেস হাইকোর্টে এখনও ঝুলছে এবং যার জন্য আমাদের কোন কিছু পুনর্গঠনের কাজ করা অসম্ভব হয়ে পড়েছে। আমরা লক্ষ করেছি এই যে আইন এবং রুল আছে তা যদি পরিবর্ত্তন না করা যায় বর্তমান পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে এবং যে সমস্ত সমস্যা দাঁড়িয়েছে তার কথা বিবেচনা করে তাহলে বাংলাদেশের কো-অপারেটিভ মুভমেণ্টকে ঠেলে তোলা যাবে না। সেই কারণে আমরা এই আইন এবং নিয়মাবলী সংশোধনের জন্য একটি কমিটি করেছি, যে কমিটিতে অফিসিয়াল এবং নন-অফিসিয়াল মেম্বাররা আছেন এবং এই হাউসের সদস্য শ্রীবিনয়কৃষ্ণ চৌধুরী সেই কমিটির চেয়ারম্যান। যে সমস্ত আইন কানুন এবং নিয়মাবলী আছে তাঁরা সেগুলো ভাল করে দেখছেন। তাঁদের সুপারিশ অনুসারে আমরা ১৯৬৯ সালের সেপ্টেম্বর মাসে একটা অর্ডিন্যান্স করবার অনুমতি পাওয়ার চেষ্টা করি এবং আমরা প্রেসিডেণ্টের কাছ থেকে সেই অনুমতি পেয়েছি জানুয়ারী মাসের ১০ তারিখে। কিন্তু যেহেতু এসেম্বলী চলছে সেইজন্য অর্ডিন্যান্স বিল আকারে এনেছি সামান্য সংশোধন করে। আপনাদের কাছ থেকে তাই অনুমতি চাই। এই বিলের মূল উদ্দেশ্য হচ্ছে কয়েকটি ধারার মধ্যে যা বলা আছে তাতে যাতে করে আমরা কমিটি ফ্যাংশানের উন্নতি করতে পারি, যেখানে কমিটি-গুলোতে মিস ম্যানেজমেণ্ট আছে, ম্যানেজিং কমিটি বা জেনারেল বডি মিটিং ডাকছে না এবং পরিচালনার ব্যাপারে এখান থেকে যে নির্দেশ দেওয়া হচ্ছে তা পালন করছে না, এমনকি রিজার্ভ ব্যাংকের নির্দেশ মানছে না, বাই ল-এর পরিবর্ত্তন করে আইন অনুযায়ী বাই লকে কার্যকরী করা হচ্ছে না সেই সমস্ত জায়গায় যাতে আমরা হস্তক্ষেপ করতে পারি, সেখানে এ্যাডমিনিষ্ট্রেটর দিতে পারি, তাদের পরিচালনার পথে দ্রুত পরিবর্ত্তন করে দিতে পারি এবং সেই পরিবর্ত্তনের মাধ্যমে যে সমস্ত জনসাধারণ এই কো-অপারেটিভ মুভমেণ্টের মধ্যে এসেছে তাদের স্বার্থরক্ষা করতে পারি, যারা কো-অপারেটিভে টাকা জমা রেখেছে তাদের স্বার্থরক্ষা করতে পারি—এই সমস্ত কথা বিবেচনা করে আমরা এই এ্যামেণ্ডমেণ্ট এনেছি।

[4-00—4-10 p.m.]

এটা একটা আংশিক এ্যামেণ্ডমেণ্ট। আমরা হয়ত এই Assembly-র মধ্যে পুরো amendment নিয়ে আসতে পারবো বলে আশা করছি যদি কমিটি আমাদের কাছে তাড়াতাড়ি তাঁদের report দাখিল করতে পারেন। কিন্তু তাঁদের report দাখিল করতে দেরী হবে বলে সাময়িক ভাবে এই ordinance কে বিলে পরিণত করে দিয়ে এই বিল উপস্থিত করছি co-operative movement-এর স্বার্থে। আশা করব আপনারা এই বিলকে সকলে সমর্থন করবেন।

Sir, I beg to move that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1970, be taken into consideration.

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় এই বিল উত্থাপন করার সময়ে বলেছেন যে weaker section যাতে সহজে ঋণ পেতে পারে সমবায় সমিতিগুলি যাতে সুষ্ঠুভাবে পরিচালন হতে পারে সেই উদ্দেশ্য নিয়ে এই বিল তিনি নিয়ে এসেছেন, কিন্তু আমরা

দেখতে পাচ্ছি যে সমস্ত আন্দোলনে যে মূল উদ্দেশ্য সেই উদ্দেশ্যকে ব্যর্থ করার জন্য আজ এই বিল এনেছে। (শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: ১২ লাখ টাকা মেরেছেন তো।) আপনার মত দেবোত্তর সম্পত্তির টাকা নিয়ে মোটর চড়িনা।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** On a point of personal explanation Sir, সন্তোষবাবু বললেন যে আমি না কি দেবোত্তর সম্পত্তির টাকা ভেঙে গাড়ী চড়ে বেড়াই। আমি জানাতে চাই শুধু বাংলাদেশ কেন ভারতের কোথাও আমার দেবোত্তর সম্পত্তি এক ছটাকও নেই। তবে ওঁর মত টাকা মারিনি।

**শ্রীসন্তোষকুমার রায়:** ১২ লক্ষ টাকা মারাটা এই অপদার্থ সরকার ধরল না কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে উদ্দেশ্য নিয়ে এই বিল উপস্থাপিত করেছেন সেই উদ্দেশ্য যদি তলিয়ে দেখি তাহলে আমরা দেখব যে সমবায় আন্দোলনকে বিকেন্দ্রীকরণ-এর ক্ষমতা দেয়া হয়েছিল সেই ক্ষমতা কেড়ে উনি কুক্ষিগত করতে চাইছেন। উনি প্রশাসনের হাতে ক্ষমতা তুলে দিতে যাচ্ছেন। সেইজন্য এই বিলের আমি বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা ভারতবর্ষে সমবায় আন্দোলনকে বিকেন্দ্রীকরণ এবং তার হাতে বেশী ক্ষমতা দেয়া এবং তাকে বেসরকারী আন্দোলনের জন্য রাজ্যে চেষ্টা করা হচ্ছে। সেখানে আমরা দেখছি এই সমবায় আন্দোলনকে বাংলাদেশে তার উপর আরো বিধি নিষেধ চাপিয়ে বেসরকারী আন্দোলন থেকে সরকারী কর্মচারীদের দ্বারা কুক্ষিগত করবার চেষ্টা করা হচ্ছে। মন্ত্রীমহাশয়কে আমি বলি মহারাষ্ট্র, পাঞ্জাব, মাদ্রাজ সেখানে দেখুন সমবায় আন্দোলন বেসরকারী নেতৃত্বের মাধ্যমে যাতে গড়ে উঠতে পারে সেই চেষ্টা হচ্ছে সেখানে সমবায় আন্দোলনের উপর সরকারের এত বিধিনিষেধ নেই। আজকে এখানে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে বিভিন্ন ঋণদান সমিতির ওভারডিউ বেড়ে গেছে। এই রাজ্যে ঋণের ওভারডিউ ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর থেকে এটা বেড়েছে। তার আগে বাংলাদেশে ওভারডিউর পজিসন ছিল কি তা এখানে সভায় পেশ করুন। ১৯৬৭ সালের আগে বাংলাদেশের ওভারডিউর পার্সেণ্টেজ ১৯৬৭, ১৯৬৮, ১৯৬৯ সালের ওভারডিউর পার্সেণ্টেজ-এর চেয়ে অনেক বেড়ে গেছে কিনা। যেটা ঋণ দেয়া হয়েছে ব্যাঙ্কের কর্মচারী এবং ডিপার্টমেণ্টাল অফিসাররা চেষ্টা করেও সেই ঋণ আদায় করতে পারছেন না, কেন না বিভিন্ন শরিক-দলের লোকেরা বলে বেড়াচ্ছে যে ঋণ শোধ দেবার দরকার নেই। গত সভায় একটি ঘটনার কথা উল্লেখ করেছিলাম, এখনও পর্যন্ত সেই পানিশালা এস. কে. ইউ. এস তার একজন ম্যানেজার-কাম-সেক্রেটারী ছিলেন, তার উপর একটা সার্টিফিকেট কেস হয়েছিল, তার স্থাবর সম্পত্তি গরু ধরে আনা হয়েছিল, এরা জোর করে সেই সমস্ত গরু কেড়ে নিয়ে নিয়েছে কিন্তু আজ পর্যন্ত একটা ফৌজদারী করবার সাহস এদের হয়নি। এবং কোন ব্যবস্থাই নেয়া হয় নি। এই অব্যবস্থা যদি চলতে থাকে তাহলে ঋণ আদায় করা কখনই সম্ভব হবে না। আজকে একটা কথা বলতে চাচ্ছি যে ব্যবস্থার কথা উনি বলেছেন অবজেক্টস এ্যাণ্ড রিজিন্সের মধ্যে যে দুর্নীতি দূর করবার জন্য মিস ম্যানেজমেণ্ট দূর করবার জন্য এবং ম্যানেজিং কমিটি সুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্য এই বিল মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন কিন্তু আমি আপনাকে বলতে চাচ্ছি যে, আমাদের সমবায় আইনের মধ্যে ম্যানেজিং কমিটি যদি ঠিকভাবে কার্য পরিচালনা না করেন তাহলে রেজিষ্ট্রারের ক্ষমতা আছে এনকোয়ারী করে তার সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করার। আজকে আমি বিশেষ করে এ সম্বন্ধে আমার অ্যামেণ্ডমেণ্টের সময় বলব। আমি বুঝতে পারছিনা যে রেজিষ্ট্রারের হাতে কেন বেশী ক্ষমতা দিতে চাচ্ছেন। আমি আজকে মন্ত্রীমহাশয়কে নিবেদন করব সারা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখতে যে ভারতবর্ষের অন্য কোন রাজ্যে এই রকম আইন তৈরী হয়েছে কিনা যে ম্যানেজিং কমিটির কর্মকর্তা, শুধু ম্যানেজিং কমিটির কর্মকর্তা নয়, জেনারেল বডির সিদ্ধান্ত বাতিল করবার অধিকার মাননীয় মন্ত্রীমহাশয় চাচ্ছেন। এই রকম কোন আইন কোন রাজ্য আজ পর্যন্ত গ্রহণ করে নি। এইজন্য আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি।

[ 4-10—4-20 p.m. ]

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। এই বিলে পশ্চিমবাংলায় সমবায় আন্দোলনের ব্যাপারে যে প্রতিবন্ধকতা এবং অসুবিধা সৃষ্টি হয়েছে, সেগুলি মন্ত্রীমহাশয় এখন উল্লেখ করলেন, তার প্রতিকারের জন্য সরকার নিজ হাতে কিছু বিশেষ ক্ষমতা নিতে চাচ্ছেন। কিন্তু একথাও সঙ্গে সঙ্গে বলছি সমবায় আন্দোলন এক গণতান্ত্রিক আন্দোলন। এই যে ক্ষমতা সরকার নিজের হাতে নিচ্ছেন এটা সাময়িক ব্যবস্থা মাত্র। কারণ সুষ্ঠুভাবে সমিতিগুলোকে পরিচালনা করতে হলে যে সমস্ত অভিযোগ সারা বাংলাদেশে সমবায় সমিতিগুলি সম্পর্কে শুনতে পাওয়া যাচ্ছে, তার যদি প্রতিকার করতে হয়, তাহলে সরকারই একমাত্র যন্ত্র—যিনি এর প্রতিকার করতে পারেন। কিন্তু একথাও সরকারকে বলবো—এই যে ক্ষমতা আপনারা হাতে নিচ্ছেন তা যাতে স্বেচ্ছাচারে পরিণত না হয় বা দলীয় স্বার্থে রাজনৈতিক উদ্দেশ্যে পরিচালিত না হয়, সেদিকে তাঁদের সতর্ক দৃষ্টি রাখতে হবে। এই সব ব্যাপার নিয়ে আমরা আগে কংগ্রেস সরকারকে বার বার আক্রমণ করেছি। কারণ তাঁরা সমবায়কে তাঁদের দলীয় স্বার্থে পরিচালিত করেছেন, election-এর প্রচারে সেগুলো তাদের কাজে লাগিয়েছেন। সেইভাবে আমাদের যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে কোন অভিযোগ যাতে কখনো না আসতে পারে সেদিকে সতর্ক থাকতে হবে। আমি একথা বলবো সমবায় আন্দোলন হচ্ছে সহযোগিতার আন্দোলন, জনসাধারণের স্বতঃস্ফুর্ত সহযোগিতা যদি এতে না থাকে, তাহলে কখনো এটা সফলতার পথে যেতে পারে না এবং অগ্রগতির পথেও তাকে চালানো যাবে না। সমবায় আন্দোলনের ব্যর্থতা আজ যা দেখছি, সেটা একটা কলঙ্কজনক অবস্থায় এসে পৌছেচে। কি শিল্পক্ষেত্রে, কি কৃষিক্ষেত্রে, কি ব্যবসা-বাণিজ্যক্ষেত্রে সমস্ত ক্ষেত্রেই আমাদের দেশে এর ব্যর্থতা পরিস্ফুট। মন্ত্রিমহাশয় বলেছেন মাদ্রাজে পাঞ্জাবে মহারাষ্ট্রে সেখানে এই সমবায় আন্দোলন এগিয়ে যাচ্ছে। আজ সেখানে দেখতে পাচ্ছি সমবায়ের ভিত্তিতে তাদের তাঁতের কাপড় আমাদের সমগ্র বাংলাদেশকে ছেয়ে ফেলেছে। সমবায়ের ভিত্তিতে নূতন নূতন সমিতি গড়ে কৃষক ও শ্রমিককে সেখানে তাঁরা নানাপ্রকার সুযোগ সুবিধা দিচ্ছেন। আর আমরা এখানে সেই সব সুযোগ সুবিধা দিতে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছি। তার কারণ এতদিন সমবায় আন্দোলন পরিচালিত হয়েছে নিছক দলীয় স্বার্থ সিদ্ধির উদ্দেশ্যে। আজ সর্বত্র ম্যানেজমেণ্ট ব্যবস্থার দোষ। আমি বলবো সন্তোষবাবু যে কথা বলে গেলেন তিনিও সেই কংগ্রেস দলে ছিলেন এবং সমবায় আন্দোলনের উদ্যোক্তা তাঁরা। সেই কংগ্রেস একাদিক্রমে ২০।২২ বছর ধরে শাসন করে গেলেন। অথচ সমবায় আন্দোলনকে সুষ্ঠু ভাবে পরিচালনার কোন ব্যবস্থা তাঁরা করেন নাই। কেন? কারণ কেবল দলীয় স্বার্থ রক্ষার জন্য তাঁরা সমবায় সমিতিগুলিকে তাঁদের কুক্ষিগত করে রেখেছিলেন। কোন সমিতি সে যে কোন স্তরেরই সমবায় সমিতি হোক না কেন তার সম্বন্ধে আলোচনা করলে দেখা যাবে তাঁদের দলীয় স্বার্থে তা পরিচালনা করবার দরুনই আজ সমবায় সমিতিগুলো এই চরম দুরবস্থার মধ্যে এসে পৌছেচে। সেইজন্য আমি মনে করি আজ ভারতবর্ষ দরিদ্র দেশ, এই দেশে এই সমবায়ই একমাত্র পথ যেখানে শ্রমিক কৃষকদের সমবায়ের ভিত্তিতে আমরা উৎপাদনের কাজে লাগাতে পারি, সৃষ্টির কাজে লাগাতে পারি এবং দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নতিকল্পে এই সমবায় ছাড়া অন্য কোন পথ নাই। ভারতবর্ষ গণতান্ত্রিক সমাজবাদে বিশ্বাসী। এই সমবায়ই হচ্ছে গণতান্ত্রিক সমাজবাদের ভিত্তি। সেইজন্য আমি বলবো এবং আশা করবো আমাদের যুক্তফ্রন্ট সরকার এই সমবায়কে সর্বপ্রকারে সাহায্য করবে। আজ মন্ত্রীমহাশয় প্রতিশ্রুতি দিলেন তিনি শীঘ্র একটা Comprehensive bill এখানে আনবেন, গণতান্ত্রিক সমাজবাদের ভিত্তিতে একটা আইন রচনা করবেন যাতে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ, কোটী কোটী মানুষ তার নেতৃত্ব দিতে পারেন এবং সমবায় আন্দোলনের ভেতর দিয়ে বাংলাদেশে বেকার সমস্যার সমাধান, বাংলাদেশের যে অর্থাভাব এবং এখানকার অর্থনীতির বনিয়াদকে অধিকতর শক্তিশালী করতে পারবেন,

এখানকার জনসাধারণের দুঃখদারিদ্র্য, অভাব অভিযোগ মোচন করতে পারবেন। সেদিকে লক্ষ রেখে তিনি একটা সামগ্রিক বিল বিধান সভায় শীঘ্র আনবেন এইটুকু আশা প্রকাশ করে আমি বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করছি।

Shri Mohammad Salimuddin : जनाब स्पीकर साहब, आज जो को आपरेटिभ विल लाया गया है, मैं उम्मीद करता हूँ कि शायद यह विल विधान सभा तक ही रह जाय। क्योंकि २२ वर्षों तक कांग्रेस के हाथ में को आपरेटिभ रहा है। लेकिन इन २२ वर्षों में कांग्रेस ने कुछ नहीं किया। मैं ग्वालपुकार थाने के इस्लामपुर सबडिविजन के बारे में कहना चाहता हूँ, जहाँ पर कांग्रेस ने कोई भी काम नहीं किया। सन् १९६७ में युक्त फ्रान्ट बनी, उस वक्त भी कुछ काम इसने नहीं किया।

मैं देखता हूँ कि को आपरेटिभ के जो लोग मेम्बर बनने के लिए दरखवास्त देते हैं, मेम्बर फीस जमा करते हैं, उनको बड़ी दिक्कत उठानी पड़ती है। आफिस जो बालुरघाट में है, वहाँ पर लोग जाकर खोज करते हैं, मगर उनको कोई खबर नहीं मिलती है कि वे को-आपरेटिभ के मेम्बर बन पाये या नहीं। फीस जमा देने के बाद भी उनकी मंजूरी नहीं होती है। एक सालतक दरखवास्त देने के बाद भी कोई खबर नहीं मिलती। तो भला, इस तरह से को आपरेटिभ बनेगी कैसे? मेम्बर बनेंगे कैसे? मैं समझता हूँ कि इस तरह की हालत में को-आपरेटिभ कभी नहीं बन सकती है।

जहाँ तक मैं समझता हूँ को-आपरेटिभ हर चीज की मदद देने के लिए होती है। लेकिन इस्लालपुर सबडिविजन में को-आपरेटिभ ने न तो कोई इमदाद दी है और न तो कोई एग्रीकल्चर का ही काम किया है। वहाँ पर इसके जरिए एग्रीकल्चर का कोई भी काम नहीं किया गया है। और न तो कहीं पर भी कोई काम किया गया है।

तो को-आपरेटिभ के लिए अमेण्डमेन्ट लाया गया है, मैं अपील करूँगा कि इस्लामपुर सबडिविजन में को-आपरेटिभ के जरिए इन्दादका काम लिया जाना चाहिए। और साथ ही साथ जो रुपया को-आपरेटिभ के जरिए दिया जाता है उसकी जल्द से जल्द मंजूरी करके दिया जाना चाहिए। और वक्त के मुताबिक हर चीजें को-आपरेटिभ के जरिए दी जानी चाहिए। अगर टाइम के उपर जरूरत के समय रुपया नहीं मिलता है, तो टाइम निकल जाने के बाद को आपरेटिभ से रुपया लेकर क्या होगा? इससे बेहतर तो यही है कि वह रुपया दिया ही न जाय। मेरा कहना यह है कि एक टाइम के मुताबिक रुपया को

को मिल जाना चाहिए, ताकि लोग अपने एग्रीकलचर के काम को या और जो भी काम हो, उसे ठीक तरह से वक्त के मुताबिक कर सकें।

इसलिए मैं अपील करता हूँ कि इस्लामपुर सबडिविजन में को-आपरेटिभ की तरफ से जितने भी काम हों, वो सब काम सही माने में किस जाने चाहिए।

जैसा कि मैंने सुना है कि कलकत्ता में प्रोडक्शन कम ट्रेनिंग सेन्टर के जरिए महिला लोग काम करती थीं, लेकिन आज हुकूमत की तरफ से उसे बन्द कर दिया गया और कहा गया है कि तुमलोगों को रुपया दिया जायगा। लेकिन बैठाकर उनको कब तक रुपया दे सकते हैं? बगैर काम के रुपया देना भी तो ठीक नहीं है। जिस तरह से मैंने यहाँ सुना कि कलकत्ते में एक बस के पीछे २२ आदमि काम करते हैं। जिससे गवर्नमेन्ट को काफी नुकसान होता है। १२ लाख रुपया मन्थली गवर्नमेन्ट को खर्च करना पड़ता है। तो इस तरह से यह काम कैसे चल सकता है? इसी तरह से को-आपरेटिभ भी नहीं चल सकती है। मेरी अपील है कि कलकत्ता में महिला लोग जिस प्रोडक्शन कम ट्रेनिंग सेन्टर में काम करती हैं, उस को-आपरेटिव के अन्दर फौरन चालू किया जाय। और जैसे यहाँ पर को आपरेटिभ के जरिए महिला लोग काम करती हैं, वैसे ही देहातों में भी को-आपरेटिभ के जरिए मशीनें दी जानी चाहिए, ताकि देहातों के लोग मशीनों से कपड़ा सी कर अपने पेट का पालन कर सकें। इस तरह से को-आपरेटिभ के जरिए से कुछ आदमियों की गरीबी को दूर किया जा सकता है, साथ ही देहातों में जो बेकारी है, उसका हल भी हो सकता है।

ये सब सोचते हुए मैं कहूँगा कि को-अपारेटिभ बन्द न करके उसे और ज्यादातर दाव में चालू करना चाहिए। जिससे ज्यादा लोगों को फायदा पँहुच सके। इसके साथ ही आज जो बिल लाया गया है, मैं उसका समर्थन करता हूँ। इसके साथ-साथ मेरी अपील है कि जितना काम को-आपरेटिभ के जरिए किया जाय, वह सब डाइरेक्ट किया जाय क्योंकि आफिसरों के जरिए करने पर टाइम बहुत लगता है, और लोगों को काफी हैरानी होती है। आने-जाने में भी बहुत ज्यादा रुपया खर्च होता है।

[ 4-20—4-30 p.m. ]

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st Merch, 1970.

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সদস্য অমল রায় এবং অনুরূপ কতিপয় সদস্য অভিযোগ করেছেন আমরা নাকি একই সুরে বক্তৃতা করি। স্যার, আপনি বাংলাদেশের কি রূপ সেটা

জানেন। আজকে বাইরে লুঠতরাজ দাঙ্গা চলেছে আর বিধানসভার ভেতরে চক্রান্ত, মন্ত্রীদের ক্ষমতা কুক্ষিগত করার লালসা ইত্যাদি চলেছে। যদি ওঁদের প্রক্রিয়া এক হয় অর্থাৎ বাইরে লুঠ, দাঙ্গা, অরাজকতা, অসভ্যতা, বর্বরতা আর ভেতরে ক্ষমতার লালসা তাহলে আমাদেরও একই পথ নেওয়া ছাড়া আর কোন উপায় নেই। কারণ ওঁদের মত আমরাও বহুরূপী হতে পারি না। ক্ষণে ওখানে, ক্ষণে এখানে, ক্ষণে সবুজ, ক্ষণে নীল, ক্ষণে কালা এ আমরা হতে পারি না, কাজেই আমরা নিরুপায়, একই সুরে আমাদের বক্তৃতা দিতে হয়। আমরা প্রতিটি ক্ষেত্রেই বিশৃঙ্খলা দেখছি। স্যার, এই বিলের প্রসঙ্গ এটা নয় তাই আমি অন্য কথা বলব। স্যার, আপনি জানেন কংগ্রেসের নীতি পরিষ্কার। (এ ভয়েস : কোন কংগ্রেস) যে জাতীয় কংগ্রেস ভারতবর্ষ থেকে বিদেশীদের বিতাড়িত করে এখানে গণতন্ত্রের মন্দির প্রতিষ্ঠিত করেছে সেই কংগ্রেস। সেই কংগ্রেসের নীতি পরিষ্কার, সেখানে শাসনব্যবস্থায় থাকবে পঞ্চায়েত-রাজ। স্যার, আপনি জানেন এর আগে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী এগুলিকে ধ্বংস করবার ব্যবস্থা করেছেন। আর অর্থনৈতিক ক্ষেত্রে যে সমবায়, সেখানে কংগ্রেসের নীতি পরিষ্কার। সমবায় নয়, সমাজের দীনতম যে অংশ সে যেন এই আশীবাদ পেতে পারে তার ব্যবস্থা করা। স্যার, আপনি এই বিল যদি পড়ে দেখেন তাহলে দেখতে পাবেন ক্লজ ৩/৬/৫/৭ এবং ৮ এগুলিতে একটা জিনিষ আছে যে অল প্রিন্সিপালস কনজারভড টু পার্টিকুলার পয়েণ্টস, কি সেটা, না, ক্ষমতাটা সব মন্ত্রীর হাতে যেতে হবে, আর কোন বক্তব্য নেই বা কোন প্রচেষ্টা নেই। এখানে কোন বয়ান বা বিবরণী রাখা হয়নি যে কি ভাবে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া হবে। স্যার, ক্লজে আমাদের সংশোধনী আছে তবুও বলি গোটা বিলটার মুল উদ্দেশ্য হচ্ছে ক্ষমতাটা মন্ত্রীর হাতে দেওয়া চাই, তার বাইরে নয়। আজকে যদি ওঁদের এই অবস্থা হয় তাহলে আমরা নিরুপায়, আমাদের সমালোচনা করা ছাড়া অন্য উপায় নেই। স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন কো-অপারেটিভের অনেক টাকা বাকি পড়েছে। কখন থেকে বাকি বাড়ছে সেটা আমাদের সন্তোষ রায় মহাশয় বিশদভাবে বলেছেন, আমিও স্যার, আমার এলাকার নির্দিষ্ট নজির এ বিষয়ে দিতে পারি। স্যার, আপনি জানেন, সমবায় আন্দোলনকে উৎসাহ দেবার জন্য তৎকালিন দেশহিতৈষী কংগ্রেস সরকার চেষ্টা করেছিলেন। আজকে ওঁরা যে ডি. পি. এ্যাজেণ্ট করেছেন আমরাও কো-অপারেটিভের মাধ্যমে কিছু ক্ষমতা দিয়েছিলাম যাতে বাজার থেকে ধান কিনতে পারে যেটা এফ. সি. আই. করছে। সেই সময় একটা নির্দিষ্ট সোসাইটি যার কর্মকর্তা ওঁদের দলের লোক তারা ৪০ হাজার টাকা তুলে দিল। আজকে কেস ঢিমে-তেতলায় পড়ে আছে। আরো লজ্জার বিষয় আমাদের মাননীয় মন্ত্রী কানাইবাবু যে দলের লোক সেই দলের সেক্রেটারী—তার পক্ষপুচ্ছে আশ্রয় নিতে হবে—কো-অপারেটিভের নাম জানতে চাইবেন না, নিজেদের আত্মরক্ষা করতে হবে আর তা করতে গেলে আরও পদোন্নোতি করে না দিলে সে লোক রেহাই পাবে না এই দুর্নীতি থেকে। স্যার, এরা বাইরে বলেন টাকা ফেরত দিও না, বাকী ফেলে দাও। তা ছাড়া স্যার, আর একটা কথা বলি, এঁরা যখন শাসন ক্ষমতায় এলেন তার পর থেকেই কো-অপারেটিভের মন্দভাগ্য বাংলাদেশে সুরু হল, এটা কো-অপারেটিভ সমবায় আন্দোলনেরও অন্ধকার যুগ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে গণতন্ত্রের সুযোগ নিয়ে, শুধু সংখ্যাগরিষ্ঠতার সুযোগ নিয়ে যে সমস্ত বিধান চাওয়া হয়েছে, বিশেষ করে সেকশন ৮-এ মারাত্মক ধরণের যেগুলি বলা নেই, যা ইচ্ছা করে দিতে পারে শুধু ক্ষমতা কুক্ষিগত করে। সেই জন্য আমি এই বিলের বিরোধীতা করছি এবং এই বিল যে উদ্দেশ্য নিয়ে প্রণয়ণ করা হয়েছে, সেই উদ্দেশ্যের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগঙ্গাপদ কুঙর :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে কো-অপারেটিভ সোসাইটি এ্যাক্টের উপর যে এমেণ্ডমেণ্ট বিল এসেছে, আমি সেই বিলকে সমর্থন করছি। এই বিলটিকে সমর্থন করতে উঠে আমি কয়েকটা নিবেদন করছি। আজকে আমাদের বাংলা দেশের সাধারণ

মানুষের যে আর্থিক দুরবস্থা দেখা দিয়েছে, সেই আর্থিক দুরবস্থার প্রতিকার করতে হলে যাতে সর্ব্বশ্রেণীর, সর্ব্বস্তরের মানুষের মধ্যে এই সমবায় প্রথার প্রসার ঘটে, তারজন্য আমাদের সকলের প্রযত্নে চেষ্টা করতে হবে। এই পশ্চিমবাংলায় দীর্ঘ ২২ বছর ধরে যে সমবায় আন্দোলন চলেছে তার অভিজ্ঞতা থেকে সমবায় আন্দোলনের প্রসারের পথে যে সমস্ত বাধা-বিপত্তি দেখা দিয়েছে সেই বাধাবিপত্তি নিরসন করার জন্য এখন আমাদের যুক্তফ্রন্ট সরকারের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী, তিনি কয়েকটা সংশোধন এনেছেন। ওপাশের কংগ্রেসী বন্ধুরা আমাদের যে সমস্ত বিল বা যে সমস্ত আইন আমরা এখানে রচনা করতে চাই, তার মধ্যে সব সময় একটা অভিসন্ধি আছে এই রকম ইঙ্গিত দিয়া থাকেন। কিন্তু আমি বলবো, আজকে যে বিল আনা হয়েছে, যে সমস্ত ক্ষেত্রে দুর্নীতি আছে, অপরাধ আছে সেই সমস্ত দুর্নীতি এবং অপরাধ দূর করার জন্য বিশেষ ব্যবস্থা হিসাবে এই সংশোধন আনা হয়েছে এবং এমেণ্ডমেণ্ট বিলে কয়েকটা বিধান তার জন্য রাখা হয়েছে। আমরা নিশ্চয়ই আশা করবো, যে কথা আমাদের তরফ থেকে বলাইবাবু বলেছেন যে, এই যে ক্ষমতা নিতে চলেছি, সব সময় সতর্ক হয়ে চলি, এই ক্ষমতার অপব্যবহার যাতে না করি। সেটা আমাদের দেখতে হবে, যেখানে এই সমবায় আন্দোলন একটা গণতান্ত্রিক আন্দোলন। পারতপক্ষে কোন সোসাইটির বিরুদ্ধে বা সোসাইটির প্রশাসনের বিরুদ্ধে ঐ এ্যাডমিনিষ্ট্রেটরকে চাপিয়ে দেওয়া না হয়। তবে যেখানে অপরিহার্য্য মনে হবে সেখানে এই আইনকে প্রয়োগ করা ছাড়া কোন গত্যন্তর থাকবে না। আজকে আমাদের সমবায় আন্দোলনের ক্ষেত্রে পশ্চিমবাংলা যে পিছিয়ে পড়েছে এই বিষয়ে কোন সন্দেহ নেই। তার জন্য আমরা যদি গত ৯ মাসের যুক্তফ্রন্ট সরকারকে যদি দায়ী করি তাহলে আসল ঘটনার বিকৃত ব্যাখ্যা করা হবে। আমরা দেখেছি, এই কংগ্রেসের ২২ বছরের শাসনের আমলে দেশের সাধারণ মানুষের আর্থিক কাঠামো একেবারে ধ্বসে গেছে। বিভিন্ন জায়গায় প্রাকৃতিক দুর্যোগ ঘটেছে। সেগুলির প্রতিকার করা হয়নি এবং সাধারণভাবে মানুষ আর্থিক দুর্গতির চরম অবস্থার মধ্যে পড়েছে। তারফলে অনেক ক্ষেত্রে গ্রামের মানুষ ঋণ পরিশোধ করতে চাইলেও তাদের সামর্থ্য না থাকায় তারা অনেক জায়গায় সোসাইটির ঋণ পরিশোধ করতে পারেনি। বিশেষ করে যে সমস্ত জায়গায় বন্যা হয়েছে, সেই বন্যা বিধ্বস্ত এলাকার কথা উল্লেখ করতে চাই। সেখানে কো-অপারেটিভ সোসাইটি অনেক আগে থেকে গড়ে উঠেছে। সেই সমস্ত জায়গায় কৃষকরা বরাবরই ঋণ নিয়ে এসেছে। কিন্তু যখন বন্যা হয় তার ফলে অজন্মা হয় তখন তাদের পক্ষে সেই সমস্ত ঋণ পরিশোধ করা একেবারে অসম্ভব হয়ে ওঠে।

[ 4-30—4-40 p.m. ]

এই রকম দুর্গতির মধ্যে মেদিনীপুর জেলার বিভিন্ন থানা দাসপুর, কেসপুর এবং অন্যান্য জায়গায় বন্যা হয়ে কৃষকরা ভীষণ দুরবস্থার মধ্যে পড়েছে। আজকে এই সমবায় আন্দোলনের প্রসারের ক্ষেত্রে যাতে চাষীদের আর্থিক পুনর্বসতি দিতে পারি তার জন্য ঐ সমস্ত যে সব সোসাইটি রয়েছে সেগুলি কিভাবে চালু করতে পারি সেজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো বিবেচনা করে দেখার জন্য। আমরা দেখেছি এই সমবায় বিভাগের ক্ষেত্রে কিছু কিছু দুর্নীতি রয়েছে, এমন কি সরকারী প্রশাসন যন্ত্রের বিরুদ্ধেও অভিযোগ আছে। আমার বন্ধুবর মুর্শিদাবাদ জেলায় যে সোসাইটি রেজিষ্ট্রেশন ব্যাপারে বল্লেন ঐ গয়েসাবাদ ফিসারম্যান কোঅপারেটিভ সোসাইটি—এটা রেজিষ্ট্রেশনের জন্য ১৯৬৮ সালে আবেদন করেছে। কিন্তু এ যাবৎ সেই সোসাইটি রেজিষ্ট্রেশন হচ্ছে না। আমরা যেখানে চাই যে এই সমবায় প্রসার লাভ করুক সেখানে ১৯৬৮ সালে রেজিষ্ট্রেশনের জন্য দরখাস্ত করেছে অথচ এখনও রেজিষ্ট্রেশন হচ্ছে না কেন? এই ধরণের প্রশাসন ব্যাপারে দুর্বলতা রয়েছে। এর সংগে সেদিকেও লক্ষ্য রাখার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীফকিরচন্দ্র রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী মহাশয় যে বিল উথাপন করেছেন, এই যে সংশোধনী বিল তা আমি সমর্থন করছি। এবং এই সমবায় আন্দোলন সম্পর্কে একটা কথা আমার যা মনে এসেছে সেটা আমি আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই। এই যে ঋণ, বহু টাকা অনাদায়ী পড়ে গেছে এটা ঠিক কথা—কিন্তু কেন পড়ে গেল এজন্য সমবায় সমিতিগুলি দায়ী, তারা চেষ্টা করে না বলে এইজন্য হচ্ছে এটা ঠিক নয়। আমরা যখন ঋণ দিই সেই ঋণ যথোপযুক্ত ব্যবহার হচ্ছে কিনা এটা আমরা দেখি না। রিজার্ভব্যাঙ্ক থেকে এনকোয়ারী হয়েছে কেন এই রকম পড়ে যাচ্ছে এবং রিজার্ভব্যাঙ্ক থেকে এটা স্থির করা হয়েছে যে ঋণ দেবার সময় ইউটিলাইজেসন ঠিক হচ্ছে কিনা এই দিকে নজর থাকে না। এ যদি থাকতো তাহলে এতো অনাদায়ী পড়ে যায় না। শুধু সোসাইটিগুলিকে দায়ী করলে চলবে না—অবশ্য তাদেরও দোষ আছে, কিন্তু সঙ্গে সঙ্গে যখন ঋণ দেওয়া হয় এই সমস্ত সোসাইটিগুলি দেয় তার ইউটিলাইজেসন ঠিক হচ্ছে কিনা তা যদি লক্ষ্য না রাখা যায় তাহলে কোন কালে ঋণ দিয়ে এই সোসাইটিগুলিকে চালানো যাবে না। দেখা গিয়াছে বহু চাষী ঋণ নিয়েছে এবং সেই ঋণের দায়ে যেটুকু জমি তার ছিল তা বিক্রি করতে হয়েছে। কারণ ঠিক সময় মত ঋণ দেয় নি, বা যে পরিমাণ দেওয়া হয়েছে তা দরকার অনুপাতে পায় নি, যা পেয়েছে তা চাষের সময় পায় নি—ফলে মেয়ের বিয়ে বা সংসারের অন্য প্রয়োজনে ব্যবহার হয়ে গেছে। যদি ইউটিলাইজেসনের দিকে ঠিক মত নজর না দেওয়া হয় তাহলে এই সমবায় আন্দোলনকে ঠিকভাবে দাঁড় করানো যাবে না। আবার দেখা গেছে যে সমস্ত ক্ষেত্রে এ্যাডমিনিষ্ট্রেটর থাকা দরকার সেখানে তা না থেকে দেখা গেছে বিভিন্ন মার্কেটিং সোসাইটি সেখানে গভর্ণমেণ্টের টাকা আছে সেখানে একজিকিউটিভ অফিসার আছে তার সঙ্গে বোর্ডের ডিরেক্টারের সহযোগিতা হচ্ছে না। এই একজিকিউটিভ অফিসারের কোন কাজ নেই—সেখানে বহু কমপ্লেণ্ট আছে। এ্যাসিসটেণ্ট রেজিষ্ট্রার, রেজিষ্ট্রার কমপ্লেন করা হয়েছে একজিকিউটিভ অফিসারের সম্পর্কে। আজ পর্যন্ত দেখা যাচ্ছে ঐ একজিকিউটিভ অফিসার সম্পর্কে কোন ব্যবস্থা ডিপার্টমেণ্ট থেকে হচ্ছে না। যেখানে সোসাইটি ঠিক মত চলবে না সেখানে এ্যাডমিনিষ্ট্রেটার এ্যাপয়েণ্ট করুন। যেখানে গভর্ণমেণ্ট অফিসার বোর্ডে ফাংসান করছে তার সঙ্গে অনেক সময় কোঅপারেসন থাকে না—সেখানে যাতে এই কোঅপারেসন থাকে তার ব্যবস্থা থাকা দরকার।

ইয়োরোপে সমবায় আন্দোলন যে ধাঁচে শুরু হয়েছে, সেই ধাঁচে সরকারী পৃষ্ঠপোষকতায় আমাদের দেশেও সুরু হয়েছে। আমাদের দেশেও সমবায় আন্দোলন ছিল ফর্ম অব কো-অপারেশন ছিল কিন্তু সেই রকমে সমবায় আন্দোলনকে গড়ে তোলার চেষ্টা হয়নি। সেইভাবে যদি চেষ্টা হত, সমবায় আন্দোলনের এই দুর্গতি হত না। এই কথাগুলি বললাম এইজন্য যখন কম্প্রিহেন্সিভ বিল আসছে তখন এই কথাগুলি মনে রেখে সেইভাবে বিল যেন হাউসে রাখেন তাহলেই সমবায় আন্দোলন সত্যিকারের সমবায় আন্দোলন হবে। এইকথা বলে বিলের প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধনী বিল, সমবায় আইন, তাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা এই হাউসে রাখতে চাই। যে সংশোধনী বিল এসেছে এবং তাতে যেভাবে সংশোধন করা হয়েছে তাতে সরকার নিজের হাতে অনেক ক্ষমতা নিচ্ছেন, যেটা সঙ্গতভাবে অপর পক্ষ থেকে বলেছেন যে সমবায় আন্দোলনের যে মূল ভিত্তি গণতন্ত্র তার উপর সরকার হস্তক্ষেপ করছেন, যেটা করা বাঞ্ছনীয় নয়। এটা সাধারণভাবে প্রযোজ্য এবং কথাগুলি ভাল। কিন্তু অনেক ভাল ভাল কথা কংগ্রেস পক্ষ থেকে বলে বরাবরই তাঁরা অনেক খারাপ কাজ করে এসেছেন, সমবায় আন্দোলনে। ভারতবর্ষের অন্যান্য প্রদেশ থেকে আমাদের দেশ অনেক নীচে পড়ে আছে, তার কারণ এখানে কংগ্রেসের আমলে সমবায় প্রতিষ্ঠানগুলি গড়ে উঠেছিল সরকারী অর্থ আত্মসাৎ করার জন্য। কংগ্রেসীরা সেই হিসাবে এই প্রতিষ্ঠানগুলি গড়ে তুলেছিল এবং আজও বাংলাদেশের সমবায় প্রতিষ্ঠানগুলি কংগ্রেসীদেরই কুক্ষিগত হয়ে আছে। তারা এখানে

এক একটি দুর্নীতির দুর্গ গড়ে তুলেছে এবং সরকারী টাকা আত্মসাৎ করেছে এবং করছে। ফলে সেই টাকা সাধারণ মানুষের কাছে গিয়ে পৌঁছায়না। আজকে প্রয়োজন ছিল সরকার পক্ষ থেকে কো-অপারেটিভ সংস্থাগুলির মধ্যে যে দুর্নীতির দুর্গ রয়েছে সেগুলি ভাংবার। এবং সেই ক্ষমতা নেওয়ার সরকারের দরকার ছিল। আজকে সেই ক্ষমতা এই সংশোধনী আইনের মধ্য দিয়ে তাঁরা নিচ্ছেন। আমি তা সমর্থন করি। আজকে বাংলাদেশের সমবায় আন্দোলনের আর একটা দুর্বলতা হচ্ছে এই যে সমবায় আন্দোলনকে কি লক্ষ্যে নিয়ে যাওয়া উচিত তা এই পর্য্যন্ত ভাবা হয়নি বা বলা হয়নি। কাজেই আন্দোলনকে সেই ভাবে নিয়ে যাওয়া হয়নি। আজকে সমবায় আন্দোলনকে খুচরা খুচরা ভাবে দেখলে হবেনা। এর গুরুত্ব আছে। আজকে আমাদের দেশে, এটা দুর্ভাগ্যের কথা, বহুদিন পরেও সমবায় আন্দোলনকে নির্ভরশীল হতে থাকতে সরকারী সাহায্য এবং সরকারী টাকার উপর। নিজেদের পায়ে দাঁড়াবার মত অবস্থা এই প্রতিষ্ঠানগুলির অধিকাংশেরই আজও হয়নি। কাজেই স্বাভাবিকভাবে সরকারী কর্তৃত্ব সেখানে খানিকটা থাকবেই এবং থাকার প্রয়োজনও আছে। আরও প্রয়োজন আছে এই জন্য যে সরকার যেভাবে আমাদের দেশকে গড়ে তুলতে চান, সমাজকে গড়ে তুলতে চান এবং সমাজকে রূপান্তরিত করতে চান তার হাতিয়ার হিসাবে যেমন অন্যান্য বিষয়কে ব্যবহার করা হয়, এই সমবায় আন্দোলনকেও সেইভাবে ব্যবহার করতে হবে। সেজন্য এই জাতীয় আইনের প্রয়োজন আছে।

[ 4-40—4-50 p.m. ]

অর্থাৎ পরিষ্কার করে বলতে গেলে বলতে হয় গ্রামের ক্ষেতমজুর যারা সমবায় সমিতিগুলির কাছ থেকে কোন সাহায্য কার্যতঃ এতদিন ধরে পায়নি, গ্রামের ভাগচাষী, গরীব চাষী যারা কোন সাহায্য সমবায় সমিতির কাছ থেকে পায় নি তারা যাতে সেই সাহায্য পায় তা দেখতে হবে এবং সরকার পক্ষ থেকে সেইজন্যই আইনকে সেইভাবে পাল্টানোর বা সংশোধনের ব্যবস্থা এখানে করা হয়েছে। আমাদের দেশের মধ্যে বিশেষ করে পশ্চিমবাংলায় কুটির শিল্পের স্থান আজকে যথেষ্ট রয়েছে। এই কুটির শিল্পকে যদি বাঁচাতে হয় তাহলে সমবায় আন্দোলনের মাধ্যমে সেখানে যথেষ্ট করবার আছে যা এতদিন ধরে ঠিক মত করা হয় নি। আমি উদাহরণস্বরূপ বলতে চাই কল্যাণীতে সরকারের একটি প্রতিষ্ঠান রয়েছে যেখানে সুতো তৈরী হয়। আপনারা শুনলে আশ্চর্য হবেন সেই সুতো চলে যায় সাধারণ ব্যবসায়ীদের হাতে শতকরা ৯০ ভাগ। সরকারের কারখানায় তৈরী সুতো ব্যবসায়ীদের হাতে চলে যায় এবং বহু ফটকাবাজীর পর সেই সুতো তাঁতীদের কিনতে হয়। আমার বক্তব্য হচ্ছে সুতো যাতে পুরোপুরি সমবায় সমিতির মাধ্যমে বাংলাদেশের তাঁতীদের দিতে পারি এবং মাঝখানে ব্যবসায়ীদের হাতে আসা বন্ধ করতে পারি সেই ব্যবস্থা আমাদের করতে হবে। যারা বাসন শিল্পী, যারা শঙ্খ শিল্পী এবং অন্যান্য যারা কুটির শিল্পের উপর নির্ভরশীল রয়েছে তাদের শিল্পকে গড়ে তোলবার ব্যাপারে এই সমবায় আন্দোলনকে আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে। অর্থাৎ একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী এই সমবায় আন্দোলন সম্বন্ধে আমাদের থাকা দরকার যে কোনদিকে এই আন্দোলনকে আমরা নিয়ে যাব এবং সামাজিক রূপান্তরের কোন ধারায় একে আমরা প্রবাহিত করব। সেইজন্য সমবায় বিভাগকে এবং তার সঙ্গে সঙ্গে আমি পশ্চিমবাংলার বর্তমান সরকারকে অনুরোধ করব আপনারা গভীরভাবে চিন্তা করুন বাংলাদেশের সমবায় আন্দোলনকে যেন আমরা একটি পরিকল্পিত পথে এগিয়ে নিতে পারি। আজকে যে ক্ষমতা এই সংশোধনীর মাধ্যমে দেওয়া হচ্ছে সেটার নিতান্ত প্রয়োজন ছিল। আমি আগেও বলেছি এবং এখন আবার পরিষ্কার করে বলতে চাই দুটি কারণে-এর প্রয়োজন ছিল এবং তার মধ্যে একটি হচ্ছে দুর্নীতির দুর্গ ভাঙবার জন্য এবং দ্বিতীয়টি হচ্ছে সমবায় আন্দোলনকে গঠনমূলক কাজে এগিয়ে নিয়ে যাবার জন্য এবং সমাজের পরিবর্তন আনবার জন্য। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরেনুপদ হালদার:** মাননীয়া অধ্যক্ষ মহাশয়া, সমবায় মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন আমি তাকে সমর্থন করি। আমরা দেখেছি আমাদের এই সমবায় প্রতিষ্ঠানগুলোকে এবং সমবায় সমিতিগুলোকে দীর্ঘদিন ধরে কংগ্রেসীরা নিজেদের স্বার্থে ব্যবহার করেছে এবং প্রতিটি ক্ষেত্রে দুর্নীতি ঢুকে পড়েছে। সেই দুর্নীতি দূর করবার প্রয়োজন রয়েছে বলেই সরকারের হাতে যাতে অধিকতর ক্ষমতা থাকে তার ব্যবস্থা এই বিলে করা হয়েছে। একটু আগে কংগ্রেসী সদস্যেরা এই বিলের প্রতিবাদ করেছেন। তাঁরা নিশ্চয়ই এর প্রতিবাদ করবেন কারণ এতদিন ধরে তাঁরা এই দুর্নীতিকে প্রশ্রয় দিয়েছেন এবং এর মধ্যে যে ঘুঘুর বাসা ছিল তাকে টিকিয়ে রাখতে ও তাকে লালন পালন করতে চেয়েছেন। কিন্তু আমাদের মন্ত্রীমহাশয় এই বিলের দ্বারা সেই ঘুঘুর বাসাকে ভাঙ্গতে চেয়েছেন এবং এটাই হোল মূল লক্ষ্য।

আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। যে সমবায় সমিতিগুলো আছে, এই সমিতি-গুলোর মধ্যে আমরা দেখেছি যে সমস্ত অনাদায়ি রয়েছে, সেগুলোর ক্ষেত্রে যারা বেশী বেশী ঋণ গ্রহণ করেন অর্থাৎ যারা সম্পন্ন চাষী, যাদের হাতে জমি জমা বেশী আছে, তারা যে সমস্ত ঋণ গ্রহণ করেছেন, সেইগুলো তারা আদায় দিচ্ছেন না বেশীর ভাগ ক্ষেত্রে। কিন্তু যারা গরীব চাষী যারা কম ঋণ গ্রহণ করেছেন, তারা কিন্তু তাদের ঋণ পরিশোধ করে যাচ্ছেন। যারা বেশী ঋণ গ্রহণ করেছেন তারা পরিশোধ করতে চান না, কারণ তারা চান যাতে এই সমবায়গুলো ভেঙ্গে যায়। এবং তাদের মূলধন আবার তারা সুদে খাটাতে পারেন আগের মত, সেটা প্রবর্তনের জন্য তারা এই রকম ধরণের করে চলেছেন। তাই আমরা দেখেছি যে বড় বড় চাষীরা সমবায়ের ক্ষেত্রে তাদের ঋণের টাকা আদায় না দেবার চেষ্টা করেন। এইগুলো আদায়ের ক্ষেত্রে কঠোর ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। আর একটা কথা বলতে চাই যে যারা সমবায় সমিতির সদস্য আছেন তাদের যে টাকা ডিপোজিট আছে, সেটা তাদের দরকার মত ফেরত পাবার কোন ব্যবস্থা নেই এর জন্য অনেকেই খুব চিন্তিত। তারা যে কো-অপারেটিভের শেয়ার ফি জমা দিলেন, সেটা তোলবার মত কোন ব্যবস্থা নেই। যদি অন্য কেউ নূতন সদস্য হন তাহলে তাদের মারফত রিয়্যালাইজ করা যায়। এই কো-অপারেটিভের মারফত যারা ঋণ নিচ্ছে, তাদের সুদ দিতে হচ্ছে। যাদের টাকা ডিপোজিট আছে, যারা শেয়ার ফি দিয়েছে, তাদের ক্ষেত্রে সুদসহ ফেরত দেবার ব্যবস্থা নেই; যাতে তারা সুদ পেতে পারে তার ব্যবস্থা হওয়া প্রয়োজন। আর অন্যান্য যে সমস্ত অসুবিধা আছে, মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে পূর্ণাঙ্গ বিল যখন আনবেন তখন সব দিক বিচার বিবেচনা করে তিনি আনবেন। সুতরাং এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয়া চেয়ারম্যান মহাশয়া, এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য আরম্ভ করছি। আমাদের বিরোধী পক্ষের একজন সদস্য বলেছেন যে, এই যে ওভারডিউজ, সেটা নাকি কয়েক মাসের মধ্যে হয়ে গেছে। এবং সেটা যুক্তফ্রন্টের আমলেই নাকি হয়েছে। যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে যুক্তফ্রন্ট সরকার যখন আসছে তার মধ্যেই ওভারডিউজ হয়ে গেছে। সেই জন্য বর্ধমান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে যখন হিসাব দেখা গেল যে ৮ লক্ষ টাকা রিজার্ভ ব্যাঙ্ক তাদের কাছ থেকে পাবেন, কাজেই এবারে যখন চাষীদের ঋণ দেবার সময় এলো তখন টাকা পাওয়া যায়নি। সেদিক থেকে ফ্রন্ট সরকার অন্ততঃ এটা চেষ্টা করেছেন যে এতদিন ধরে এই একটা বিশেষ শাসক দলের যে চক্র, যারা এই সমবায়গুলোকে কুক্ষিগত করে রেখেছিল—সমবায়ের টাকাগুলো ব্যবহার করে তাদের চক্রের ভেতর থেকে—গরীবদের কিভাবে সাহায্য করা যায় এই জন্য এবার একটা নতুন পদ্ধতি গ্রহণ করা হয়েছিল আমাদের ফ্রন্ট সরকারের তরফ থেকে যে, যে পরিমাণ টাকা যে কোন সমবায়ে শোধ দেবে সে পরিমাণ টাকা পুনরায় ঋণ কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি থেকে পাওয়া যাবে। এবং সেই নীতিটাকে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলো থেকে প্রচারের জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল, সেইগুলো কিন্তু এরা প্রচার করলেন না। কাজেই এই নুতন নীতির এরা বিরোধীতা করছেন।

[4-50—5-00 p.m.]

এই ৭৮ লক্ষ টাকা কেন ওভার ডিউ হল? না, ১৯৬৭ সালে যখন যুক্তফ্রণ্ট সরকার এলো এবং সেই যুক্তফ্রণ্ট সরকার ঘোষণা করেছিল যে সমবায়ের মূল নীতি হবে উৎপাদন ভিত্তিক। টাকা দেওয়া যারা অনুৎপাদক তাদের দেওয়া হবে না এরূপ একটা নীতি মোটামুটি যুক্তফ্রণ্ট সরকারের ছিল। কাজেই ১৯৬৭ সাল থেকে আশঙ্কা ছিল ঐ যে চক্র সেই চক্র আইন থেকে না থাক তারা বেশীর ভাগ টাকা নিতে লাগলো এবং এই ভাবে সমস্ত সেণ্ট্রাল ব্যাঙ্কগুলিকে ওভার ডিউ কভার এর ভেতরে রেখে দিলেন যার জন্য টাকা পাওয়ার অসুবিধা হচ্ছিল, এবং উদ্দেশ্যের কথা হচ্ছে যে উইকার সেকসান অফ দি পিউপলকে যদি ঋণ দেওয়া যায় সেইজন্য এই বিল এ আইন সংশোধন করা হচ্ছে। এই উইকার সেকসান কারা? যারা ষ্ট্রঙ্গার সেকসান তারাই পেত কো-অপরেটিভের ঋণ। এই সমস্ত ঋণ সম্পত্তির মূল্য ভিত্তিতে নিতে হবে। একজন ভাগচাষী যে ১০ বিঘা জমি চাষ করছে সে ১০ বিঘা জমি কমপক্ষে সে ক্যানেল অঞ্চলে ৫০ মন ধান পাচ্ছে যে ৫০ মন ধানের দাম ২০।২৫ টাকা করে দাম হলেও ২ হাজার টাকার মত হয়। কাজেই সেই চাষী সে পুরা টাকা পাবে না যে বড় জমির মালিক সে পাবে। কাজেই এই যে নীতি এতদিন চলে আসছিল সে নীতি ভেঙ্গে দিয়ে উৎপাদককে যাতে সাহায্য করা যায় সেইজন্য এই রকম ছোট ছোট সংশোধনী আনার দরকার হয়েছে। এখন নূতন সমস্যা যা তাতে আমরা বুঝছি ওঁরা বলছেন কারণ এখন আমরা অনেক জমি ডিসট্রিবিউসান করছি, কেউ ৫ কাঠা পাচ্ছে, কেউ ২ বিঘা পাচ্ছে। এদের পয়সা নেই, বহু জায়গায় হাল নেই। কাজেই এদের সমস্ত ফার্মিং-এর মাধ্যমে যদি না আনা যায় তাহলে ঐ জমি ঐ বিরোধী পক্ষের যে সব মহাজন আছে তাদের কুক্ষিগত হবে। সেইজন্য সামগ্রিক ভাবে নূতন পরিস্থিতিতে নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে যুক্তফ্রণ্ট সরকারের এই আইন বদলান দরকার। এবং এইটুকু করতে গিয়ে অনেক জায়গায় দুর্নীতিগ্রস্ত যে ডাইরেকটার রয়েছে সেখানে আইন যে আছে ডাইরেকটার যে ব্যাঙ্ক থেকে প্রতিনিধি হিসাবে নির্বাচিত হচ্ছেন সেই ব্যাঙ্ক যদি মোটামুটিভাবে ডিফল্টার হয় তা হলে অন্য ব্যাঙ্ক-এ তিনি যদি ডাইরেক্টার থাকেন তাহলে তিনি আসতে পারবেন, এই দুর্নীতিগ্রস্ত লোক যে একটা ব্যাঙ্ককে লিকুইডেট করেছে একটা জায়গায় ডিফল্টার একটা ব্যাঙ্ক থেকে টাকা মেরে দিয়েছে সে অন্য একটা ব্যাঙ্ক থেকে প্রতিনিধি নির্বাচিত হবেন এইভাবে সমস্ত কো-অপারেটিভ চক্র থেকে গেছে। সেইজন্য বহু কো-অপারেটিভে এ্যাডমিনিষ্ট্রেটার বহু ক্ষেত্রে নিয়োগ করতে হয়েছে। এই সমস্ত পরিচালক মণ্ডলি যখন বাতিল করে যখন এই সব নিযুক্ত হবে তখন ওরা মহামান্য আদালতে ধরনা দিয়েছেন এবং আদালত থেকে ইনজাংশান জারি করেন। এইরূপ একটা পুরাণ অবস্থা থেকে যাচ্ছে। কাজেই এই পুরাণ আইন সংশোধন করে আশু অন্ততঃ রিলিফের ব্যবস্থা কিছু কিছু পুওরার সেকসানকে দিতে গেলে আইনের সংশোধন আনা দরকার, এবং সেদিক থেকে এই সংশোধনী এসেছে। এই সংশোধনগুলি খুব জরুরী এবং আজকে এর প্রয়োজনীয়তা রয়েছে। সেইজন্য আমি এই বিল সমর্থন করছি। তবে সামগ্রিকভাবে পূর্ণাঙ্গ নূতন দৃষ্টি ভঙ্গি নিয়ে বিল আনার কথা বলেছেন। আশা করবো মাননীয় মন্ত্রীমহাশয় এই এ্যাসেম্বলী সেশানে অর্থাৎ বিধানসভার এই সেসান চলার সময় তিনি এই ধরণের বিল নিয়ে আসবেন যাতে ওই দুর্নীতিগ্রস্ত চক্র যাকে বাংলায় ঘুঘুর বাসা বলে, সেই ঘুঘুর বাসা ভাঙ্গবার চেষ্টা করবেন কারণ ২৪-পরগনা দুটা ব্যাঙ্ক নর্থ এবং সাউথ ব্যাঙ্ক অন্ততঃপক্ষে আড়াই কোটী টাকা ওভার ডিইস আছে, এবং ওদেরই বন্ধুবান্ধব, ওই বিরোধী পক্ষের ওই পার্টি ওরাই ওই সমস্ত ব্যাঙ্কের পরিচালক মণ্ডলি ও চেয়ারম্যান। কাজেই এরা চাননা যে এই সংশোধনী আসুক। এরা এর প্রতিবাদ করবেনই। আমি সেই জন্য এই বিলকে সমর্থন করে যে সারকুলেসান মোশন এসেছে সেই সারকুলেশান মোশান যাতে না গ্রহণ করা হয় তার অনুরোধ জানাচ্ছি। এরা সারকুলেসান মোশান এনেছেন যাতে সংশোধনী না আসে, যাতে আসল গরীবদের হাতে না দেওয়া

যায়, যাতে গরীবরা না রিলিফ পায়, যাতে না ঘুঘুর বাসা ফেঁসে যেতে পারে তার জন্যই ওরা এরূপ করেছেন। স্যার, আমি এই বিলকে সমর্থন করে ওরা যে সারকুলেশান মোশান এনেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সমস্ত প্রশ্ন তুলেছেন সদস্যরা, আমি তার সমস্ত ব্যাপারে যাব না। কারণ এই বিলের স্কোপের মধ্যে সেই সব কথা আসে না। আমি শুধু একটা কথা বলতে চাই, আমারা এই বিলটার যে সংশোধনী এনেছি, সেই সংশোধনীর মূল উদ্দেশ্য হচ্ছে যে যেখানে স্বাভাবিক নিয়ম অনুযায়ী রেজুলেশন করে বিভিন্ন ব্যাংকে যেভাবে চলতে হয় তার সমস্ত দিক থেকে চলার পথকে যখন তারা অমান্য করবেন, যখন তারা আইনমত চলবে না, নিয়ম অনুযায়ী চলবে না, তাদের যে অধিকার দেওয়া হয়েছে, সেই অধিকার অনুযায়ী চলবে না সেখানে তারা ব্যক্তিগত হিসাবে, গ্রূপ হিসাবে বা কায়েমী স্বার্থ হিসাবে জনসাধারণের আন্দোলন বা সংগঠনকে ব্যবহার করবে, ব্যক্তিগত বা গোষ্ঠিগত কাজে লাগাবে এই রকম অবস্থার সৃষ্টি করবে, তখন সেই রকম অবস্থা হলে গভর্ণমেণ্টের পক্ষ থেকে হস্তক্ষেপ করব। আমরা এই আইনে একথা বলছি না যে প্রথম থেকেই হস্তক্ষেপ করব। তাদের যে গণতান্ত্রিক অধিকার দেওয়া হয়েছে যেমন রেজিষ্ট্রি করতে, জেনারেল বডির মিটিং করতে, ম্যানেজিং কমিটির মিটিং করতে বা সেই অনুযায়ী কাজ করতে পারবেন। আইন আছে, কানুন আছে ব ই-ল অনুযায়ী চলবেন। তা সত্ত্বেও যদি তারা অমান্য করেন, খুসিমত কাজ করেন, নির্দেশ অমান্য করেন, টাকা পয়সা তছনছ করেন এবং এমন ইচ্ছামত কাজ করেন যে, যাতে করে কয়েকটি লোকের বা গোষ্ঠীর স্বার্থরক্ষা করতে পারেন এইটা যদি দেখেন, গভর্ণমেণ্ট যদি সে বিষয়ে স্যাটিসফায়েড হন তখনই সেই সমস্ত কমিটি আছে তা ভেংগে দিয়ে, ম্যানেজিং কমিটি ভেংগে দিয়ে সেখানে এ্যাডমিনিসট্রেটর বসাতে পারবেন এবং সেইগুলো কার্যকরী করবার জন্য এই আইন হচ্ছে। এতে আপত্তির কি কারণ আছে? আপত্তির কারণ একমাত্র হতে পারে যে কোন পক্ষ যদি মনে করেন যে, আইন কানুন মানব না, দু হাতে লুঠে পুটে খাব এবং যে অবস্থায় কো-অপারেটিভ মুভমেণ্টকে নিয়ে এসেছেন তাকে আরও সংকটের মধ্যে নিয়ে যাবেন সেই উদ্দেশ্য ছাড়া এই প্রভিসনের বিরোধীতা করবার কোন কারণ থাকতে পারে না। আমরা এই যে অর্ডিন্যান্স করেছি সেটা করেছি অত্যন্ত দুঃখের সংঙ্গে, অত্যন্ত অসহায় অবস্থার মধ্যে আমরা এই ধরণের প্রভিসন নিতে বাধ্য হয়েছি। প্রথমে অর্ডিন্যান্স করেছি, তারপর বিলের সুযোগ নেবার জন্য এসেছি। যদিও আমাদের ল কমিটি বসেছে তাঁরা এই সমস্ত জিনিষ দেখছেন কিন্তু সে পর্যন্ত অপেক্ষা করা যায় না, তাঁদের রিপোর্ট এলে সম্পূর্ণভাবে বিল আনবো। কিন্তু সে পর্যন্ত যদি অপেক্ষা করি তাহলে কো-অপরেটিভ মুভমেণ্টের সর্বনাশ হয়ে যাবে ভেবে আমরা এটা এনেছি। এরকম ঘটনা ঘটতে দিতে চাই না তাই এটা এনেছি। বর্তমানে ম্যানেজিং কমিটি যাতে আর সে রকম না করতে পারে তাই এই বিল এনেছি। একজন লোক তিন চারটে ব্যাঙ্কের চেয়ারম্যান হয়ে বসে আছেন, ষ্টেট ব্যাঙ্ক, এ্যাপেক্স ব্যাঙ্ক সব জায়গায়। এক একজন মাতব্বর বছরের পর বছর চেয়ারম্যান হয়ে বসে আছেন। এক বছর নয়, তিন তিন বছর হয়েছেন। এ রকম গোষ্ঠী করে রেখেছে যাতে অন্য কেউ না আসতে পারে, ডাইরেক্টর বোর্ডে কেউ আসতে না পারে, পুরুষানুক্রমে চলে এই রকম হয়ে আছে। অনেক কেস হয়েছে আমরা ইনটারভেন করেছি। এ সমস্ত বাস্তুঘুঘুরা সেখানে হাইকোর্টে মামলা করে আমাদের হাত পা বেঁধে দিয়েছে যাতে করে আমরা কিছু করতে না পারি। এই সমস্ত ঘটনা ঘটেছে। দেখা যাচ্ছে এই সমস্ত ঘটনা ঘটেছে যে কারণে আমরা এই আইন করতে বাধ্য হচ্ছি যাতে করে এই সমস্ত কায়েমী স্বার্থবাদীদের কিছুটা কণ্ট্রোলে আনতে পারি যদিও তাদের হাইকোর্টে যাবার পথ খোলা আছে এবং আবারও বাধা দেবে এবং তবু চেষ্টা করে যাব যাতে কায়েমী স্বার্থ যারা কো-অপারেটিভ মুভমেণ্টকে শেষ করে এনেছে তাদের যাতে কিছুটা কণ্ট্রোল করতে পারি। তারপর

যে সমস্ত ঘটনা আছে সে সমস্ত ঘটনা বিস্তারিতভাবে বলতে চাই না। যদি সুযোগ পাওয়া যায় সে সমস্ত ঘটনার কথা বাজেট আলোচনার সময় বলব। আমি বলতে চাই এইটুকু যে, যাতে স্বেচ্ছাচারীভাবে ক্ষমতাকে ব্যবহার করা না হয় সেইজন্য গভর্ণমেণ্ট থাকবেন, আমরা এই অধিকার প্রয়োগ করব। যদি স্বাভাবিক নিয়ম-কানুন অনুযায়ী যদি কোন কো-অপারেটিভ না চলতে চায় তাহলে আমরা এই ক্ষমতার প্রয়োগ করব। অন্য যে সমস্ত প্রশ্ন তুলেছেন সেই সমস্ত প্রশ্নের মধ্যে না গিয়ে ওভারডিউয়ের ব্যাপারে সন্তোষবাবু যা বলেছেন তার উত্তর দিতে চাই।

ওঁরা জেনে রাখুন যে ১৯৬৬-৬৭ থেকে ১৯৬৮-৬৯ পর্যন্ত যুক্তফ্রণ্ট মাত্র ৬ মাস ছিল। আর বাকী সব সময় হয় ওরা, না হয় রাজ্যপাল। আর না হয় প্রফুল্ল ঘোষ ছিলেন। এই সময়ে ঋণ বেড়ে ৬ কোটি থেকে ৯ কোটি টাকা হয়েছে। তারপর আমরা চেয়েছিলাম কিছু কিছু executive officer দিয়ে কোন রকম ভাবে সংশোধন করা যায় কিনা, কিন্তু দেখা যাচ্ছে যে কায়েমি স্বার্থের Interest সেখানে এমন ভাবে বসে আছে যে কিছুতেই তারা সেখান থেকে নড়বে না। তারা সমস্ত হাইকোর্টে case করছে সেইজন্য এই বিল এনেছি। মাননীয় সদস্যদের কাছে আবেদন করব কায়েমী স্বার্থকে হটিয়ে দিয়ে যদি সত্যিকারের আপনারা Co-operative-কে ভাল করতে চান, সেখানে যদি গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চান তাহলে এ বিলকে আপনারা সমর্থন করবেন। আর তা না হলে এই বিলের বিরুদ্ধে যাওয়া মানে, যে অবস্থা আছে সেই অবস্থা বজায় রাখা Co-operative Movement-কে ধ্বংস করা। বন্যা বিধ্বস্ত এলাকা সম্পর্কে বলব যে, যাতে আমরা conversion-এ নিয়ে যেতে পারি, কিস্তিবন্দিতে নিয়ে যেতে পারি তারজন্য কেন্দ্রীয় সরকার ও Reserve Bank-এর সঙ্গে আলোচনা করছি। এই ভাবে যাতে আমরা Co-operative Movement-কে বাড়াতে পারি এবং যে দুর্নীতি আছে তা দূর করতে পারি সেদিক থেকে আপনারা এই বিলকে সমর্থন করবেন।

[ 5-00—5-10 p.m. ]

The motion that the Bill be circulated for eliciting public opinion thereon was then put and lost.

The motion of Shri Kanai Bhowmik that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1970, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1, 2, 3, 4, 5 and 6

The question that Clauses 1, 2, 3, 4, 5 and 6 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 7

**Mr. Speaker :** There are amendments to Clause 7 by Shri Santosh Kumar Roy, i.e. Amendment No. 2 and Shri Birendra Nath Roy, Amendment No. 3. Amendment No. 2 is out of order. I would now request Shri Birendra Nath Roy to move his amendment, if he wants to.

**শ্রীসন্তোষকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমাদের সরকারী দলের কয়েকজন সদস্য যে ভাবে বিলের সমর্থনে বক্তৃতা করলেন তাতে মনে হচ্ছিল যে সমবায়ের দুর্নীতি ধরবার কোন রাস্তা সরকারের হাতে ছিল না। এই কো-অপারেটিভ সোসাইটী এ্যাক্টে, তার রুলে ছিল যদি কেউ দুর্নীতি করে বা মিসম্যানেজমেণ্ট অব দি সোসাইটী হয় বা টাকা তছরূপ হয় বা নেগলিজেন্সের জন্য আর্থিক লোকসান হয় তাহলে কো-অপারেটিভ সোসাইটী এ্যাক্ট ১৯৪০ রুলসে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবার ব্যবস্থা আছে। সদস্যদের বক্তৃতা শুনে মনে হল যে এতদিন যেন কোন আইন ছিল না মাননীয় মন্ত্রীমহাশয় এই বিলে সেই দুর্নীতি ধরবার ব্যবস্থা করেছেন। মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি যে দুর্নীতি হলেই সোজাসুজি পুলিশে যাবার ব্যবস্থা করেছেন। একটা কথা জয়নাল

আবেদীন সাহেব ঠিকই বলেছেন যে পঞ্চায়েত মন্ত্রীমহাশয় যেমন করেছেন যে দুর্নীতি উল্লেখ করে পঞ্চায়েত থেকে জেলা পরিষদ বাতিল করে দিয়েছেন অথচ দুর্নীতির একটা স্পেসিফিক কেসও দেখাতে পারেন নি সেই রকম সমবায় সমিতির মন্ত্রীমহাশয়ও পরিচালন সমিতি বাতিল করবার জন্য এই ব্যবস্থা করছেন। আমি আপনার মাধ্যমে দুই একটা কথা এখানে নিবেদন করব যে এর আগেও আমি ওভার ডিউ এর কথা বলেছি। ১৯৬৬ সালের পর বাংলাদেশে অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছে। যুক্তফ্রন্ট গঠিত হবার পর দলের শরিকরা তারা গ্রামের মধ্যে প্রচার করেছে যে ঋণের টাকা আর শোধ করতে হবে না সেজন্যই ঋণের অনাদায়ীর পরিমাণ বৃদ্ধি হয়েছে। ওরা যদি কংগ্রেসের আমলে যদি ঐ পারসেন্টের হিসাবটা আমাদের এখানে পেশ করতেন তাহলে মন্ত্রীমহাশয়ও আমার সংগে একমত হতেন। আমি জোর দিয়ে বলতে পারি যে বাংলাদেশে অনিশ্চিত অবস্থার জন্য এবং তাদের দলের কর্মীদের প্রচারের ফলে এই অনাদায়ী ঋণের পরিমাণ বৃদ্ধি হয়েছে। মাননীয় সদস্য অশ্বিনী রায় মহাশয় বললেন যে যুক্তফ্রন্ট আসার পর এমন ব্যবস্থা নেওয়া হয়েছে যে ঋণ শোধ করবার পর তাকে আবার ঋণ দেবার জন্য সেণ্ট্রাল ব্যাংককে নির্দেশ দেওয়া হচ্ছে। সেণ্ট্রাল ব্যাংককে টাকা দেয় রিজার্ভ ব্যাংক। কিন্তু রিজার্ভ ব্যাংক টাকা দেবে কেন তার ব্যবস্থা করলেন না।

[ 5-10—5-20 p. m. ]

সেই যে অদ্ভুত ব্যবস্থা যার জন্য ওঁদের নিজেদের আইন Central Bank-এর পক্ষে কার্যকরী করা সম্ভব হয় নাই।

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন মাদ্রাজের কথা, মহারাষ্ট্রের কথা, পাঞ্জাবের কথা। তাঁরা তো কংগ্রেসকে ২০ বছরের জন্য অনেক গালাগালি করেছেন। যে তিনটা রাজ্যের সমবায় ব্যবস্থার উন্নতির কথা তিনি ঘোষণা করলেন, তাঁরা যে সেখানে এত উন্নতি ও প্রসারলাভ করেছেন, সেও ঐ কংগ্রেস সরকারের আমলে, অন্য আমলে নয়। আজকে একথা তো তাঁরা বলতে পারলেন না কেরালায় ২৪ মাসের জন্য তাঁরা শাসন করেছেন সেখানে সমবায় কি রকম উন্নতি ও প্রসার লাভ করেছে। কেরালা সমবায়ের ব্যাপারে একেবারে ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক নীচের দিকে। বাংলাদেশের যে অবস্থা, কেরালায়ও সেই অবস্থা। যে কয়টা রাজ্যে সমবায়ের এত উন্নতি ও প্রসার হয়েছে সেখানে এদের দলের বিশেষ কিছু করবার নাই। এঁরা আজকে এখানে সমবায়কে ব্যর্থ করবার জন্য দলাদলি বা চক্রান্ত ঐ সমস্ত রাজ্যে করতে পারেন নি।

মন্ত্রীমহাশয় বললেন যে নিয়ম আছে, তা যদি কেউ না মানেন তাহলে তারজন্য ব্যবস্থা গ্রহণ করবেন। যেখানে পরিচালক সমিতি আইন আছে তা যদি না মানেন, তাহলে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। আইনের ফাঁক দিয়ে ওঁরা যে কাজ করেন, তাতে আমাদের আশংকা হচ্ছে, সমবায়ের ক্ষেত্রেও সেইসব অন্যায় গর্হিত কাজ তাঁরা করবেন। আপনি জানেন স্যার আইনে ব্যবস্থা আছে সমবায় সমিতির পরিচালক সমিতিতে যদি দেখা যায় সর্বশ্রেণীর প্রতিনিধিত্ব হয়নি, তাহলে Registrar কার্যকরী সমিতির সদস্য সংখ্যা ওখানের অর্দ্ধেক পরিমাণ সদস্য মনোনীত করে দিতে পারেন। আপনি স্যার, শুনে আশ্চর্য্য হবেন State Level Society, Central Society তে প্রতিনিধিত্বের ব্যবস্থা bye law-র মধ্যে করা হয়েছে। কিন্তু এখানে তা এখনো হয় নাই ২০ বছরে হয় নাই। আজ সেখানে রেজিষ্ট্রারের ক্ষমতা প্রয়োগ করে প্রতিনিধি যেখানে পাঠাচ্ছেন সেখানে সমবায় সমিতিতে কোন শ্রেণী প্রতিনিধিত্ব পায়নি। শুধু তাই নয় তাঁদের দলের কর্মীদের বিরুদ্ধে হাইকোর্টে হয়েছে, সে সম্বন্ধে ডাঃ জয়নাল আবেদীন বলেছেন এখানে বাইরের এই সমস্ত ব্যবস্থায় বিচলিত হবেন না। ভাল কথা বলেছেন, এই ব্যবস্থার মধ্যে মূল উদ্দেশ্য হচ্ছে ভেতরে ভেতরে চক্রান্ত, দলীয় রাজনীতি আনা এবং দলের ঘাঁটি কায়েম করা। তার জন্য ম্যানেজিং কমিটিতে তিনি ব্যবস্থা করেছেন। যে National Co-operative Union সারা দেশে প্রতিনিধিত্ব করছে

সেখানে গত ডিসেম্বরের সভায় মন্ত্রীমহাশয়ের বিশেষ বন্ধু খগেন রায় চৌধুরী মহাশয় গিয়েছিলেন। সেটা সর্বভারতীয় সম্মেলন। সেখানে বাংলাদেশের সমবায় বিভাগের কার্য্যকলাপ তীব্রভাবে ধিকৃত হয়েছে। সেখানে National Co-operative Union কর্তৃক একটা প্রস্তাব গৃহীত হয়েছে। সমবায় দপ্তরে সরকারী হস্তক্ষেপ হচ্ছে। Additional Director Registrar নিয়োগ করছেন। সেখানে উপযুক্ত প্রতিনিধিত্ব পায়নি, সেখানে তাকে পাঠাবেন যাদের সম্পর্কহীন Registrar এর ঐ ক্ষমতার কথা এখানে লেখা হয় নাই। ওদের এখানে মেজরিটী অনেক আছে, তাই কম বলছেন। কিন্তু সেই সর্বভারতীয় সম্মেলনে খগেন বাবুর সাহস হয় নাই .সেই ধিক্কারের প্রতিবাদ করবার। বাংলাদেশের সরকার কেন আজ সেই নীতি appex ও অন্যান্য ব্যাংকের মধ্যে এই সব পার্থক্যের ব্যবস্থা করছেন তা আমরা সহজে অনুমান করতে পারি।

**শ্রীনিতাইপদ সরকার:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় সন্তোষ বাবু শ্রীখগেন রায় চৌধুরী বলে একজনের নাম এখানে উল্লেখ করেছেন যিনি এই হাউসের সভ্য নন—শ্রীরায় চৌধুরী সর্বভারতীয় সম্মেলনে কি বলেছেন বা কি উক্তি করেছেন, এর কোন প্রমাণ তাঁর কাছে নেই অথচ আমরা মনে করছি তিনি এখানে অসত্য ভাষণ দিয়ে হাউসকে বিভ্রান্ত করছেন। অতএব তাঁর বক্তৃতা থেকে শ্রীখগেন রায় চৌধুরীর নামটা বাদ দেয়া হোক।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি খগেন রায়চৌধুরী সম্বন্ধে যেকথা বলেছেন এ ব্যাপারে ওঁর যদি কোন কাগজপত্র থাকে তাহলে সেগুলি যেন উনি আপনার কাছে পেশ করেন।

**মিঃ স্পীকার:** উনি যদি বোনাফাইড কিছু বলে থাকেন তাহলে ওঁর রাইট আছে বলবার।

**শ্রীমতী ইলা মিত্র:** স্যার, ম্যাসেম্বলীর একটা নিয়ম কানুন থাকা উচিত, যাঁর যা খুশী এখানে দাঁড়িয়ে উঠে বল্লে হবে না, সেটা সাবষ্টানসিয়েট করতে হবে।

**মিঃ স্পীকার:** সেটা বলা উচিত নয়, কিন্তু আমি যা বলেছি যদি বোনাফাইডি কিছু বলে থাকেন তাহলে ওঁর রাইট আছে বলবার freedom of speach is the right of every Member of this House. কিন্তু তা যদি না হয় তাহলে he will be actionable for his utterences, otherwise the Members of the House enjoy the liberty and freedom of speach.

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় স্পীকার মহাশয়, আমি এ ব্যাপারে আপনার রুলিং চাই।

**মিঃ স্পীকার:** উনি যদি কোন কিছু অন্যায় করে থাকেন তাহলে ওঁর এগেন্সটে যা করবার করা যাবে।

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম ন্যাশানাল কো-অপারেটিভ ইউনিয়নের জেনারেল মিটিং-এ ডিসেম্বর ২৩শে তারিখে যা ঘটেছে, সেখানে এই ধরণের প্রস্তাব গৃহিত হয়েছে।

**মিঃ স্পীকার:** আপনি ৭নং ক্লজ সম্বন্ধে বলুন—you confine your remarks to Clause 7 only.

**শ্রীবীরেশ্বর ঘোষ:** অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় সদস্য বারবার খগেন রায়চৌধুরীর কথা বল্লেন কোন একটা সভায় তাঁর উপস্থিতি নিয়ে এবং সেখানে তাঁর আচরণ নিয়ে কিন্তু বাংলাদেশের সমস্ত সমবায় প্রতিষ্ঠানকে ধ্বংস করেছেন যে অতুল্য ঘোষ তাঁর নাম কেন করছেন না?

**মিঃ স্পীকার:** সেটা আপনি করুন না, তাতে কি আছে।

**শ্রীযতীন চক্রবর্তী :** স্যার, অতুল্যবাবুর নাম নেয়াতে ওঁরা হাসছেন, ওঁরা অতুল্যবাবুর বিরুদ্ধে কিনা সেইজন্য।

**শ্রীসন্তোষকুমার রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ৭নং ক্লজে দেখুন যে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত পালটানোর জন্য রেজিষ্ট্রারকে যে ক্ষমতা দেয়া হয়েছে তার কারণ বুঝি, কিন্তু জেনারেল বডি—সাধারণ সভ্যরা যদি কোন সিদ্ধান্ত নেন সেই সিদ্ধান্ত রেজিষ্ট্রারের ক্ষমতা আছে পাল্‌টে দেয়ার। আমি একথা বলছি যে এই সমস্ত সমবায় সমিতি পরিচালিত হয় তাদের কার্যপ্রণালী চলে কো-অপারেটিভ য্যাক্টস য্যাণ্ড রুলসের দ্বারা, এর বাইরে কিছু করার ক্ষমতা সমবায় সমিতির নেই। আজকে আমাদের সমবায় মন্ত্রী বিশেষ করে ৭নং ক্লজটা যে এখানে এনেছেন সেখানে আমরা দেখতে পাচ্ছি যে সাধারণ সভার কোন সিদ্ধান্ত রেজিষ্ট্রার বাতিল করে দিতে পারেন বা ম্যানেজিং কমিটির কোন সিদ্ধান্ত রেজিষ্ট্রার বাতিল করে দিতে পারেন—এই অধিকার কেন তিনি চাচ্ছেন এটা আমাদের কাছে পরিষ্কার নয় বলে আমি এই য্যামেণ্ডমেণ্টে এটাকে উঠিয়ে দিতে চাচ্ছিলাম।

[5-20—5-30 p.m.]

স্যার, আপনি বলেছেন এটা বিধিভূত হয়নি বলে আপনি বাতিল করেছেন। আমাদের বন্ধু শ্রীবীরেন রায় মহাশয় যে এ্যামেণ্ডমেণ্টটি রেখেছেন সেটা গ্রহণ করবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। স্যার, এর মধ্যে নূতন কোন কথা নেই—উনি ঐ কাজটা করতে চান করুন—কিন্তু আমরা এই প্রভিসোতে রেখেছি, প্রভিসোটা হচ্ছে যদি রেজিষ্ট্রার বা সরকার কোন অন্যায় করে এই নির্দেশ দেন তাহলে সমবায় সমিতি বা কার্যকরী সমিতি—স্যার, আমাদের পরিষদীয় মন্ত্রী ভীত হয়ে পড়েছেন এবং সমবায় মন্ত্রীর কাছে দৌড়ে গিয়েছেন জানাতে যে প্রভিসো যাতে না নেওয়া হয়। কারণ, ওঁরা গণতন্ত্রের কথা বলেন আর গণতন্ত্র বিরোধী কাজ করতে চান। তিনি ছুটে গিয়েছেন এইজন্য যে কি জানি যদি তিনি রাজি হয়ে যান এই কথার উপরে। এখানে স্যার, প্রভিসোতে রেখেছি যদি সরকার বা রেজিষ্ট্রার অন্যায়ভাবে কোন নির্দেশ দেন তাহলে সমবায় সমিতি বা তার কার্যকরী সমিতি তারা একমাসের মধ্যে সিভিল কোর্টে এই ডিসিসানের বিরুদ্ধে আপিল জানাতে পারবেন, এই অধিকার চাওয়া হয়েছে। মোটকথা রেজিষ্ট্রার ক্ষমতা দ্বারা স্বেচ্ছাচার বা বিধিবহির্ভূত কাজ করতে যাতে না পারেন সেইজন্য প্রভিসোতে এটা রাখতে চেয়েছি। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় এটা গ্রহণ করে আমাদের বাধিত করবেন।

**শ্রীসিদ্ধার্থশংকর রায় :** স্যার, আমি এখানে সামান্য কয়েকটি কথা বলতে চাই। এখানে সেকসান ২৪ (এ) যেটা নূতন আনা হচ্ছে, ৭ নম্বর ধারা অনুযায়ী এই বিলের, তাতে বলা হচ্ছে The State Government may by order in writing rescind any proceeding, resolution of any General Meeting of a Co-operative Society. অর্থাৎ কিনা জেনারাল মিটিং অব এ কো-অপারেটিভ সোসাইটি যদি ইউন্যানিমাস কোন একটা রেজলিউসান নেয় সেটা ষ্টেট গভর্ণমেণ্টকে ক্ষমতা দেওয়া হচ্ছে বাই অর্ডার ইন রাইটিং রেসিণ্ড এনি প্রসিডিং ; ফর রিজন টু বি রেকর্ডেড ইন রাইটিং কথাটা নেই। এখানে আপনাদের ৮ নম্বরে যেটা আছে সেখানে রিজনস টু বি রেকর্ডেড ইন রাইটিং কথাটি দিয়েছেন। এখানে রিজনস টু বি রেকর্ডেড ইন রাইটিং কথাটি নেই। আমি একটা ভারব্যাল এ্যামেণ্ডমেণ্ট করছি ষ্টেট গভর্ণমেণ্ট মে বাই অর্ডার রেকর্ড রিজনস ইন রাইটিং যে রিজনগুলি রেকর্ডেড হবে, রেসিণ্ড এটি প্রসিডিংস অব রেজলিউসান—যদি আপনারা রিজন না দেন অর্ডারে যদি রিজন না দেন, কি কারেণ অর্ডার পাশ হল একটা ইউন্যানিমাস ডিসিসান অব দি কো-অপারেটিভ সোসাইটি তাহলে কো-অপারেটিভের ফাষ্ট বেসিস যেটা সেটাই ধ্বংস করা হল। ৮ নম্বরে আছে রিজনস টু বি রেকর্ডেড, আর ৭ নম্বর ক্লজের শেষে আছে when the Registrar makes any order under Sub-section (2), he shall forthwith forward a copy thereof stating the reasons for making it. এটা সাব-সেকসান

২-তে যেখানে সাসপেণ্ড করছে। কিন্তু সাব-সেকশান ১-টা আরো বেশী ইমপর্টান্ট, কারণ সেটা রেসিণ্ড করছে, সাসপেণ্ড করার বেলায় রিজন ইন রাইটিং লিখছে, কিন্তু যখন রেসিণ্ড করছে অর্থাৎ যখন আরো হার্স মেজার দিচ্ছেন তখন রিজনস ইন রাইটিং দিতে হচ্ছে না, এটা ঠিক যুক্তিসংগত বলে আমার মনে হচ্ছে না। কাজেই আমি এখানে একটা ভারব্যাল এ্যামেণ্ডমেণ্ট করছি। ষ্টেট গভর্ণমেণ্ট অর্ডার করছে সেই অর্ডারটা যা করবে ইন রাইটিং, তার কারণটা বলুন কেন করছেন। সেই কারণটা যদি না দেন তবে কো-অপারেটিভ সোসাইটির উপর—আপনাদের সরকারই চিরকাল থাকবে তা তো নয়, এমন হতে পারে জনসংঘ, বা ফ্যাসিস্ট দলের কেউ সরকার গঠন করবেন, তখন যে অর্ডার দেবে তাতে কোন রিজন থাকবে না এতে আপনাদেরও খারাপ লাগবে। এমন কি কো-অপারেটিভ সোসাইটি তুলে দিলেও কোন রিজন থাকবে না। এই আইন যা আপনারা করছেন এটা চিরকালের জন্য থাকবে, পরে যদি কোন ডিকটেটোরিয়াল গভর্ণমেণ্ট আসে সেখানে যদি এই অবস্থা থাকে তাহলে কি হবে সেটা একটু চিন্তা করে দেখুন। স্যার, আমরা জানি যতীনবাবু গণতন্ত্রের কথা বলে খুব চেঁচান, তিনি বাড়ীতেও গণতন্ত্র অবলম্বন করেন, বাইরেও গণতন্ত্র অবলম্বন করেন, কিন্তু সে কথা ছেড়ে দিন, কথাটা হচ্ছে আপনারা যখন একটা পারমানেণ্ট এ্যাক্ট করতে যাচ্ছেন তখন এটা করলে ক্ষতিটা কি? কারণ আপনারাতো reasons to be recorded in writing. You are not averse to it because in sub-section(3) it is stated that when the Rrgistrar makes any order under sub-section (2), he shall forthwith forward a copy thereof stating the reasons for making it to the State Government. তবে সেই reasons by an order in writing in which reasons will be recorded. তবে সেই রেকর্ডেড এটা দেবার ক্ষতিটা কি হয়েছে। আর এ্যাপিল কথাটা যেটা সন্তোষবাবু বললেন সেটাও ভেবে দেখতে পারেন। রিজনস টু বি রেকর্ডেড ইন রাইটিং যদি না দেন তাহলে এ্যাপিল দিতে হবে। তা নাহলে একটা অর্ডার পেলাম সেটা থেকে কেউ কিছু করতে পারবে না, এ্যাপিল করতে পারবেনা। কি কারণে অর্ডার পাস হল জানতে পারলাম না। এর ফলে কি হবে? এর ফলে যেটা আপনারা বন্ধ করতে যাচ্ছেন সেটার কিছু জানা হলনা সেটা আরো বেড়ে যাবে। হাইকোর্টে আরো অনেক বেশী মামলা হবে। মামলা করে লাভ কি? আর এখানে রিজেনস টু বি রেকর্ডেড ইন রাইটিং কেন থাকবে না? কারণ এখানে দেখুন একটা জিনিষ খুব ইম্পরটেণ্ট সেটা হচ্ছে যে এখানে আপনি কোন হিয়ারিং দিচ্ছেন না।

**শ্রীযতীন চক্রবর্তী:** আপনি কি বলছেন, ইন রাইটিংটা তুলে দিয়ে সেখানে যদি for reasons to be recorded in writing হয় তাতে আপত্তি নেই তো?

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়:** না। তাতে আপত্তি নেই।

**শ্রীযতীন চক্রবর্তী:** Let us consider. You please go on.

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়:** কারণ এটাতে কোন নোটিশ দেওয়া হচ্ছে না, সো কজ দেওয়া হচ্ছে না। একটা arbitrarilly unanimous dicisiou করে দিয়েছেন। সেটা একটা রেসিণ্ড করা হচ্ছে। I rescind your unanimous decision কি কারণে এটা করছেন, কেনই বা করছেন, এটা জানান দরকার।

**শ্রীযতীন চক্রবর্তী:** আপনার সবটা এ্যাকসেপ্ট করা হচ্ছে না। শুধু এইটুকু এ্যাকসেপ্ট করছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি State Govt. may by order in writing রাইটিংটা বাদ যাক। সেখানে আমরা দেবো "by order for reasons to be recorded in writing rescind any proceedings" এটা করতে বলছি।

I beg to move that in Clause 7, sub-clause 24A(1), line 2, for the words "in writing" the words "for reasons to be recorded in writing" be substituted.

**Shri Kanailal Bhowmik :** I accept the amendment.

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, আমার কথাটা একটু শুনুন। যিনি নেই; যিনি এ্যামেণ্ডমেণ্ট মুভ করেন নি, সেই এ্যামেণ্ডমেণ্ট এখানে আসতে পারেনা।

**মিঃ স্পীকার :** এখানে হচ্ছে যে সন্তোষ রায়'স এ্যামেণ্ডমেণ্ট আউট অব অর্ডার হয়ে গেল।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরেন রায়'স এ্যামেণ্ডমেণ্ট আমরা উইথড্র করছি। কারণ যে এ্যামেণ্ডমেণ্ট এ্যাকসেপ্ট হয়েছে সেটাতে আমাদের কাজ হয়ে যাচ্ছে।

**মিঃ স্পীকার :** Then it is not moved.

**শ্রীসমরকুমার রুদ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় সদস্য শ্রীরায় মহাশয় যে প্রস্তাব করলেন যে এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডারকে এখানে for reasons to be recorded in writing এই সংশোধনীটি আনতে। এর পরে যদি এ্যাপিলের প্রোভিশান না দেন তাহলে ধারাটি অবৈধ বা বে-আইনী বলে বাতিল হয়ে যাবে এবং এ্যাপিলের প্রোভিশান রাখতে হবে। ফর রিজন্স টু বি রেকর্ডেড ইন রাইটিং আগে ছিল এ্যাডমিনিষ্ট্রেটিভ অর্ডার এবং এখানে যখন রিজন দিয়ে দিলেন সংগে সংগে তার এ্যাপিলের প্রোভিশান দেওয়া দরকার।

[5-30—-5-40 p.m.]

**Mr. Speaker :** আমার কিছু করার নেই, আপনারা যা দিয়েছেন হাউস সেটা accept করেছে আমি সেটা করেছি।

The motion of Shri Jatin Chakravorty that in clause 7, sub-clause 24A(1), line 2 for the words "in writing" the words "for reasons to be recorded in writing" be substituted, was then put and agreed to.

The question that clause 7 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

**Shri Santosh Kumar Roy :** Sir, I beg to move that clause 8(a) be omitted.

Sir, I beg to move that in clause 8(b) (3), line 14, for the words "one year" the words "six months" be substituted.

Sir, I beg to move that the following proviso be added to clause 8(b) (3) :—

"Provided that the members so appointed to the Managing Committee shall be personally liable for all the liabilities of the Society that may be incurred by such members unless they are in a position to establish the propriety and validity of such liability being incurred during their period as members of the Managing Committee in the interest of the Society to the reconstituted Managing Committee."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ক্লজটা দেখুন, মাননীয় মন্ত্রীমহাশয় যে অমিসনটা রেখেছে ক্লজের প্রথম নম্বরে ক্লজ ৮এ যেটা সম্বন্ধে উনি বল্লেন আমাদের এখানে নিয়ম যেটা আছে যে রেজিষ্ট্রার বা যে কোন অফিসার ইন্‌সপেকসন করে তিনি যদি স্যাটিসফায়েড হন যে এই

সমিতির কার্য ঠিকমত পরিচালিত হচ্ছে না সমিতিতে দুর্নীতি আছে সমিতির মধ্যে টাকা তছরূপ করার ব্যাপার আছে তাহলে তিনি ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। আর একটা ক্লজ—ক্লজ ৮৪—সেখানে রেজিষ্ট্রার নিজে এনকোয়ারী করতে পারেন বা সমিতির কোন সদস্যের আবেদনের উপর এনকোয়ারী করতে পারেন বা কেন্দ্রীয় ব্যাঙ্ক তাদের আবেদনে এনকোয়ারী করতে পারেন সেটা দীর্ঘ দিনের ৫।৭ বছর আগেকার সমস্ত এনকোয়ারী করে যদি এই সিদ্ধান্তে উপনীত হন যে কার্যকরী সমিতি ঠিকমত কার্য পরিচালনা না করার জন্য সমিতির লোকসান হচ্ছে বা আদায়ীকৃত টাকা আদায় হচ্ছে না, দুর্নীতিগ্রস্ত হয়েছে, টাকা তছরূপ করেছে কোন মেম্বার, তাহলে রেজিষ্ট্রার সেকসন ৮৪-এর বলে এনকোয়ারির ভিত্তিতে ঐ ম্যানেজিং কমিটিকে বাতিল করে দিতে পারতেন এমন ক্ষমতা ঐ ম্যানেজিং কমিটির উপর ছিল যে ম্যানেজিং কমিটির নির্বাচিত তিন বছরের সদস্যদের বাতিল করে দিতে পারতেন সেখানে বিধান আছে যে পুলিশ ডাইরী করে তার ব্যবস্থা করতে পারতেন আইনের মধ্যে তা ছিল, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় যে বিধান আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন ঐ সেকসনের ধারাতে আছে after an inspection u/s 82 or an enquiry u/s 84 সেটা অমিট করে দিচ্ছেন। অমিট করার কারণ কেন ঘটলো? If Resistrar is satisfied কিন্তু এই সমবায় সমিতির রেজিষ্ট্রার তিনি, How Registrar can be satisfied unless he holds an inspection by himself or by his subordinate staff? কি করে তিনি স্যাটিসফায়েড হতে পারবেন যে সমিতিতে ঠিক মত কার্য হচ্ছে না। আমার মনে হয় এই রকম ধারণা নিয়েছেন যে দলের নেতা চিঠি লিখে দেবেন রেজিষ্ট্রারকে এবং তার ভিত্তিতে বাতিল করে দেবেন সেকসন-৮২ এবং ৮৪কে তাই অমিট করে দিচ্ছেন। আমি তাই অনুরোধ করি যে ঐ পূর্বতন ক্লজকে বহাল রাখা হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয় এর পর ক্লজ বি-৩-তে এখানে বলা আছে রেজিষ্ট্রার নির্দেশ দেবেন—ধরুন রেজিষ্ট্রার নির্দেশ দিলেন জেনারেল মিটিং ডেকে যে আবার পুনরায় নির্বাচন করুন—ম্যানেজিং কমিটি তাড়াতাড়ি ব্যবস্থা যদি না নেয় সে ক্ষেত্রে কি হবে?

মাননীয় মন্ত্রীমহাশয় এখানে সীমা বেঁধে দিচ্ছেন ম্যানেজিং কমিটিকে বাতিল করে রেজিষ্ট্রার, নমিনেটেড্ ডিরেক্টার, এ্যাডমিনিষ্ট্রেটার বসিয়ে দিতে পারেন। এই অধিকার নিচ্ছেন এবং মাননীয় মন্ত্রীমহাশয় তার লিগেল মেয়াদ রাখছেন এক বছর পর্য্যন্ত। কিন্তু এই এক বছর পর্যন্ত ক্ষমতা কুক্ষিগত কেন করে রাখছেন এই সমবায় সমিতির এটা বোধগম্য হচ্ছেনা। যদি ম্যানেজিং কমিটি ঠিকমত কার্য্য না পরিচালনা করার জন্য পুনঃনির্বাচন প্রয়োজন হয় তাহলে আমার মতে সেটা তিন মাস হওয়া উচিত। কিন্তু মাননীয় মন্ত্রীমহাশয় রাজী হবেন না মনে করে আমি বলেছি ৬ মাসের মধ্যে যাতে নির্বাচন করেন এবং এ্যামেণ্ডমেণ্ট সেই ভাবে রেখেছি। এক বছরের জায়গায় ৬ মাস করা হোক্। লাষ্ট ক্লজ যেটা সেটার মধ্যে একটা প্রভাইসো রাখতে চাচ্ছি members so appointed to the Managing Committee shall be personally liable for all the liabilities of the Society that may be incurred by such members unless they are in a position to establish the propriety and validity of such liability being incurred during their period as members of the Managing Committee in the interest of the Society to the reconstituted Managing Committee.

আমি এখানে যে প্রভাইসো রাখতে চাচ্ছি সেটা হচ্ছে এর মধ্যে যদি কোন অন্যায় কাজের জন্য সমিতির লোকসান ঘটে, তার জন্য তাঁরা দায়ী থাকবেন। যদি দুর্নীতি দূর করতে চান, ভাল প্রশাসনিক ব্যবস্থা সেখানে চালু করতে চান তাহলে এই প্রভাইসো-এর দরকার আছে। যদি অন্যায় কর্ম তাহলে সেই লাইয়েবিলিটি তাদের উপর ফিক্স করার জন্যই বলেছি। আশা করি মন্ত্রী-মহাশয় এটা গ্রহণ করবেন।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এখানে দু একটি কথা বলার আছে। যে এ্যামেণ্ডমেণ্ট আছে সেক্সন ২৫-এ, সেখানে Sub-section 1, the words "after an

inspection under section 82 or an inquiry under section 84" এটা অমিট করা হয়েছে, আর সেক্সন ৮৪তে যে ইনকুইয়ারী হত, সেই ইনকুইয়ারীর কথা তুলে দিচ্ছেন। তাতে ছিল the Registrar may at any time, of his own motion hold, by himself or by a person authorised by him order an inquiry into the constitution, working and financial condition of a Co-operative Society তার জন্য সাব সেক্সন টু এল। সেই ইনকুইয়ারী কার দরখাস্তে হবে? তিন নম্বরে বলা আছে ইনকুইয়ারীর পর কাকে দেওয়া হবে, কিভাবে দেওয়া হবে, আর বলা আছে ইনকুইয়ারীর খরচপত্র কি দেবে না দেবে। ইনকুইয়ারীর অপোরচুনিটি, যার বিরুদ্ধে অভিযোগ, তাকে এসে জানানোর যে সুযোগ অভিযোগের বিরুদ্ধে কি বলার আছে, এখন সেটা তুলে দেওয়া হচ্ছে এবং এ্যামেণ্ডমেণ্ট পাশ হলে সেটা দাঁড়াচ্ছে if the Registrar is satisfied for reasons to be recorded by him in writing that the Managing Committee of the Co-operative Society is mismanaging its affairs এখানে reasons in writing কথাটা আছে কিন্তু সেখানে Registrar has to give a finding that the Co-operative Society is mismanaging its affairs এই findings Registrar দেখবেন without showing cause to the Co-operative Society. এক্সপার্টি ডিসিশন নেবে? তার জন্য প্রভিশন কিছু রাখা হয়নি। আগে এক্সপার্টি ডিসিশনের এ্যাগেইনষ্টে কতকগুলি চেক্ ছিল। After an inspection under section 82. এই ইনস্পেক্শন করতে গেলে কতকগুলি আইন মানা হত। অপর পক্ষের কথা শুনবার সুযোগ ছিল। এই ইনস্পেক্শন থাকার জন্য সেখানে ন্যাচারেল জাষ্টিস ফলো হত, ইনকুইয়ারী আণ্ডার ৮৪ তাতে অপর পক্ষের কথা শোনা হত। এটা তোলার জন্য হচ্ছে if the Registrar is satisfied for reasons to be recorded in writing. এই যে রীজন্স, আমার বিরুদ্ধে অভিযোগ, রীজন্স রাখতে বললেন, আমার কথা শুনলেননা, এতে টোটালী ন্যাচারেল জাষ্টিস বাদ দিয়ে একেবারে ডিক্টেটোরীয়াল ফ্যাশনে অর্ডার রেখে দিলেন। এটা ভেবে দেখুন। পরে আপনি দিয়েছেন reasons to be recorded in writing যখন স্পেশাল জেনারেল মিটিং-এর অর্ডার করে দিলেন, সেই স্পেশাল জেনারেল মিটিং যদি ডাকা না হয় তখন ডিজল্ভের বেলায় আপনি সাবসেক্শন থ্রী আনছেন।

[ 5-40—5-50 p.m. ]

সাব—সেকসন থ্রি-তে যে ক্ষমতা ব্যবহার করা হবে সেটা সাব-সেকসন ফোর-এ বলা হচ্ছে, An order under sub-section (3) shall be in writing, shall set forth the reasons for which they are passed, and shall be passed only after an opportunity has been given to the managing committee to state its objection thereto. ডিসোলিউসন-এর আগে রিজনেবল অপরচুনিটি দিচ্ছেন, কিন্তু তাদের বিরুদ্ধে যখন ২৫ (১)-এ অর্ডার পাশ করছেন সেখানে তাদের কোন রিজনেবেল অপরচুনিটি দিচ্ছেন না, তাদের কথা শুনছেন না, সেখানে কোন এনকোয়ারী বা ইন্সপেকসন-এর দরকার নেই— রিজনস্ টু বি রেকর্ডেড ইন রাইটিং টু দি ম্যানেজিং কমিটি লিখে দিয়ে ম্যানেজিং কমিটি সম্বন্ধে বা খুসী বলে দিচ্ছেন এবং অর্ডার করলেন যে, জেনারেল মিটিং অব দি সোসাইটি—তোমাদের করতে হবে এখনই। কেন করতে হবে? টু ডিজলভ এ্যাণ্ড রিকন্সটিটিউট দি ম্যানেজিং কমিটি। এখানে যদি আপনি অপরচুনিটি টু শো কজ না দেন তাহলে আপনারা যারা ট্রেড ইউনিয়নের কাজকর্ম করেছেন তাঁরা জানেন এবং শিক্ষামন্ত্রী মহাশয়ও জানেন, কারণ তাঁর কিছু কিছু মামলায় আমি এক সময় তাঁকে সাহায্য করেছিলাম কাজেই তিনিও জানেন যে, ন্যাচারাল জাস্টিস্-টা কত বড় অঙ্গ হয়েছে আইনের। ডাইসির রুল অব ল আগে যেটা ছিল, যেটা আমরা ছেলেবেলায় পড়েছি, যতীনবাবু পড়েছেন সেটা এখন চেঞ্জ হয়েছে। এখন রুল অব ল-এর ভিত্তি হোল ন্যাচারাল জাসটিস্ ডিকটে-টোরিয়াল পাওয়ার, এর বিরুদ্ধে ন্যাচারাল জাস্টিস্-এর প্রিন্সিপল ফলো করা ছাড়া এখন আর কোন

সেফগার্ড নেই সিটিজেন বা কমনম্যানদের। আগে রুল অব ল-তে ছিল এভরিবডি সুড বি এ্যাবৰ দি ল এবং ডাইসির ৩টি প্রিন্সিপল ছিল। আপনারা এখন যদি ডাইসির কন্সটিটিউসনাল ল-এর লেটেস্ট এডিসন পড়েন তাহলে দেখবেন সেখানে বলছে ওটা পুরাণো হয়েছে—ব্যাকডেটেড। এখন রুল অব ল নাৎসী জার্মানীতে যা দেখেছি, ষ্ট্যালিনের রাশিয়ায় যা দেখেছি সেটা হোল ডেমোক্রেসীতে রুল অব ল-এর মেইন জিনিস হোল ন্যাচারাল জাসটিস্ ফলো করতে হবে। যার জন্য আমাদের সুপ্রিম কোর্ট বীনাপানি দাসের কেসে এতদূর পর্যন্ত গিয়েছে যে, কোন এ্যাডমিনিস-ট্রেটিভ এ্যাকসান যদি নেওয়া হয় এবং সেই এ্যাডমিনিসট্রেটিভ এ্যাকসান যদি কারও সিভিল রাইট এ্যাফেক্ট করে তবে তাকে অপরচুনিটি দিতে হবে শো কজ-এর। সম্প্রতি ১৯৭০ সালের ফেব্রুয়ারী মাসের অল ইণ্ডিয়া রিপোর্ট যদি পড়েন তাহলে দেখবেন একটি ডিসমিস্‌ড কর্মীর বেলায় জাজমেণ্টে সুপ্রিম কোর্ট বলেছে যে, কোয়াসী জুডিসিয়াল এ্যাক্ট এবং এ্যাডমিনিসট্রেটিভ এ্যাক্ট-এ যে ডিভাইডিং লাইন ছিল সেটা খুব থিন হয়ে গেছে। আজকাল এ্যাডমিনিসট্রেটিভ এ্যাকসনে প্রায় প্রত্যেক জিনিসে নোটিশ টু শো কজ-এর অপরচুনিটি দিতে হবে। বীনাপানি দাসের কেসে এবং ফেব্রুয়ারী মাসে যেটা হয়েছে তাতে দেখবেন এ্যাডমিনিসট্রেটিভ এ্যাক্ট এবং কোয়াসী জুডিসিয়াল এ্যাক্টে যে ডিভাইডিং লাইন ছিল সেটা থিন হয়ে গেছে। আপনাদের যাঁরা লিগ্যাল এ্যাডভাইসর আছেন তাঁদের জিজ্ঞাসা করলে জানতে পারবেন এবং পরশুদিন সেটা আমাদের কাছে এসেছে আপনারা যদি পড়ে দেখেন তাহলে দেখতে পাবেন সুপ্রিম কোর্ট কি বলছে। এখানে যদি রিজনেবল অপরচুনিটি কথাটা না দেন এবং রেজিষ্ট্রার-কে আপনি আনচ্যানেলাইজড, আনচার্টার্ড পাওয়ার দেন তাহলে সেই পাওয়ার থাকবে না। আপনারা দেখবেন কোর্ট শেষ পর্যন্ত বলবে যে অপরচুনিটি দিতে হবে। আপনারা যে অর্ডার করবেন সেটা চলে যাবে হাইকোর্টে এবং সেখানে গিয়ে বলবে, হুজুর, আমার কথা না শুনে করেছে। তারপর ইনজাংসন হবে, সেই রুল হবে এবং আলটিমেটলী কোর্ট বলবে একে একটা শো কজ দিয়ে অর্ডারটা শুনে পাশ করে দাও। এতে লাভ কি? আপনি যখন জিনিসটা তাড়াতাড়ি করতে চান তখন এখানেই করে দিননা। ওইসব দিন চলে গেছে কাজেই আপনি একটা শো কজ দিয়ে করে দিন। এরকম অর্ডার যদি পাশ করা হয় উইদাউট গিভিং এ্যান অপরচুনিটি তাহলে আমি গ্যারান্টি দিয়ে বলতে পারি রুল হবে, ইনজাংসন হবে। তখন ডিলে হলে আমাদের কিন্তু এই বলে দোষ দিতে পারবেন না যে, অপজিসন আমাদের সাবধান করে দেয়নি যে এরকম একটা ভুল রয়েছে আইনে। অবশ্য এই সব ভুল থাকা সত্বেও যদি আপনারা আইন করেন করুন, আমাদের কোন আপত্তি নেই।

আর একটা ছোট্ট কথা ছিল, সেটা হচ্ছে মামলা করবে যে সোসাইটি, সেই মামলায় রেজলিউশন পাশ করবে, ভুল করে একটা করলেন, সেই মামলা সোসাইটি করবে, তার রেজলিউশন করলে, সেই রেজলিউশনটা রিসিণ্ড করে দিলো, তখন কি হবে, মানে মামলাটাও বন্ধ করে দিতে চাচ্ছেন? যদি অন্যভাবে কোন সোসাইটির বিরুদ্ধে কোন কিছু একটা অর্ডার হয়ে থাকে, আণ্ডার সেকশন টোয়েন্টি ফাইভ তখন তার রেজলিউশন পাশ করে বললেন যে যাও হাইকোর্ট গিয়ে এই অর্ডারের বিরুদ্ধে মামলা করো। আপনারা তখন পাওয়ার রেখে দিচ্ছেন পাওয়ার টু রিসিণ্ড ছাট রেজলিউশন। ডিফেক্টগুলো দেখিয়ে দিলাম, আপনারা যদি মনে করেন আমার কথা শুনবেন না, মনে করেন শুনবেন না। পরে বলবেন না যে সব দেরী হয়েছিল আইনের ভুলে বা হাইকোর্টের দোষে। আজকে ভারতবর্ষে এই আইন সুপ্রতিষ্ঠিত হয়ে গেছে যে একজনের বিরুদ্ধে যদি গর্হিত কাজ করতে যান, একজনের সিভিল রাইট যে রকমভাবে—ঐ তো মনসুর হাবিবুল্লা সাহেব বসে আছেন, উনি কি জানেন না বীণাপাণি কেসের কথা। সিভিল রাইট যদি কারোর এফেক্ট করতে যান—ঐ তো সমর রুদ্র মহাশয় বসে আছেন উনি কি জানেন না বীণাপাণির কেস, উড়িষ্যা থেকে যেটা হয়েছিল? সিভিল রাইট যদি কোন রকমে কারোর এফেক্ট করতে চান, তাহলে তাকে শো কজ নোটিশ না দিয়ে তা আপনি করতে পারেন না। আমি এটুকু সতর্ক করে দিলাম, যদি নেন নেবেন, না নেন না নেবেন, আমার কর্তব্য ফুরিয়ে গেল।

**শ্রীসমরকুমার রুদ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সিদ্ধার্থবাবু যা বলেছেন সেটা আমি মনে করি ঠিক বলেছেন। সুতরাং আমি মন্ত্রী মহাশয়কে বলবো যাতে এটা সংশোধনী আকারে নেওয়া যায়, কারণ শো কজ নোটিশ না করলে করা যায় না। এটা হবেই এবং অনিবার্য্য ভাবে হবে এবং বিলম্বিত হয়ে যাবে।

**শ্রীসৈয়দ মনসুর হাবিবুল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আগে মিউনিসিপ্যাল এ্যাক্টে সুপারসেশনে সো কজ ছিল না। সিমিলারলি কোন এ্যাকশন কারোর বিরুদ্ধে নিতে গেলে এখনকার ট্রেণ্ড অব ল—সিলোনের সুপ্রীম কোর্ট থেকে একটা কেস গিয়েছিল প্রিভি কাউন্সিলে, তাতে বলা হয়েছিল যে যদি আইনে না লেখা থাকে কোন্ কেস কোন্ বডির বিরুদ্ধে, কোন পাবলীক বডির বিরুদ্ধে, তাকে হিয়ারিং দিতে হবে। আমাদের পঞ্চায়েত এক্টে এটা নেই। কিন্তু রিসেণ্টলি সুপ্রিম কোর্টে সেটা হোল্ড করেছে।

**শ্রীবীরেশ্বর ঘোষ :** মিঃ স্পীকার স্যার, আমি এই এ্যামেণ্ডমেণ্টটা অপোজ করে কিছু বলতে চাই। যে এ্যামেণ্ডমেণ্টটা আনা হয়েছে তাতে আছে after an inspection under Section 82 or an enquiry under Section 84. রেজিষ্ট্রার যখন রিজ্‌ন নিয়ে হস্তক্ষেপ করতে চাচ্ছে তখন তিনি কোন ইন্সপেকশন বা এনকোয়ারী নিজে হোক বা কাউকে দিয়ে হোক করাবেন না, এমন কথা এতে বলা নেই। যখনই তাকে রিজ্‌ন দিতে হচ্ছে, স্বাভাবিকভাবে তিনি বা অন্য কেউ ইন্সপেকশন করবেন। শুধু এতে বলা হচ্ছে, সেকশন ৮২ এবং ৮৪ ধারা মেনে যে ইন্সপেকশন এবং এনকোয়ারী সেই ৮২ এবং ৮৪ ধারা মেনে এনকোয়ারী এবং ইন্সপেকশন আবশ্যিক নয়। কাজেই তার হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে, সেই ক্ষমতায় এই ৮২ এবং ৮৪ ধারা দুটি বাদ দিয়ে অন্যভাবে তিনি ইন্সপেকশন বা এনকোয়ারী করে যাতে তাড়াতাড়ি কাজ করতে পারেন, হস্তক্ষেপ করতে পারেন, তার জন্য এই বিধান আনা হয়েছে এবং যেখানে লেখা হয়েছে যে তিনি যে রিজ্‌ন দেবেন, তখন সেখানে সেই রিজনের সংগে ৮৪ এবং ৮২ ধারা মতে ইন্সপেকশন এবং এনকোয়ারী হলো না কেন, এই প্রশ্ন হাইকোর্ট-এ অন্যভাবে কি ভাবে আসতে পারে তা আমি বুঝতে পারছি না।

তবে একটা কথা ঠিক যে এটা হাইকোর্টে যাবে ওঁরা বলছেন এবং হাইকোর্টে গেলে কি হবে তা বলা যায় না। কারণ ব্যাংক ন্যাশানালাইজেসান-এর মত বড় ব্যাপার সেখানে বহু নাম করা মহারথী এবং বহুজনে মিলে ওই আইন করেছিলেন সেই আইন নাকচ হয়ে গেল। কাজেই সেখানে কি হবে সেটা পরের কথা। কিন্তু ৮২ এবং ৮৪ না মানলে আলাদা ভাবে মহাভারত অশুদ্ধ হবে তা নয়।

**মিঃ স্পীকার :** আপনি যদি এ্যামেণ্ডমেণ্টের উপর বলতে চান বলুন। উনি যে পয়েণ্টটা রেস্ করেছেন সেটা লিগাল পয়েণ্ট কিনা দেখুন এবং এ্যামেণ্ডমেণ্টের দরকার হলে তা করুন।

**শ্রীবীরেশ্বর ঘোষ :** স্যার, এর কোন প্রয়োজন নেই কারণ সেকশান ৮২ এবং ৮৪ অনুসারে এনকোয়ারী ইন্সপেকশান করবার আবশ্যিক কোন দরকার আছে বলে মনে করি না।

**মিঃ স্পীকার :** এখন সুপ্রিম কোর্টে ওই জাজমেণ্ট হয়েছে এবং সুপ্রিম কোর্টের জাজমেণ্ট উনি রেফার করেছেন হাউসে। ওপক্ষ থেকে আইনজ্ঞ যারা আছেন তারা বলেছেন এটা করা উচিত। সুতরাং হাউস একটা যাতা করবে কেন? যদি এরূপ করার সুযোগ থাকে হাউসের ফর ফিউচার সেফটি এটা করলে কি এসে যায়। তবে যদি আজকের মধ্যে সাধ্যস্ত না হয় তাহলে লিগাল ওপিনিয়ান নেবার জন্য গভর্ণমেণ্টের যদি দরকার থাকে তাহলে আজকে পোস্পণ্ড করে লিগাল ওপিনিয়ান নিন, কারণ আমি মেরিটস্ ওফ দি ক্লজে যাচ্ছি না। ক্লজে যা আছে বা যা Legal point has been raised and the Supreme Court Judgement has been cited, তাতে যাচ্ছি না। সুতরাং এটা সেট্ এসাইড্ গায়ের জোরে করবার ক্ষমতা নেই। সেটা এ্যাপলাইড হবে না সেটা বলেছেন।

**শ্রীসুবোধগোপাল গুছাইত :** স্যার, এই সম্পর্কে বলছি যে জাজমেন্ট সুপ্রিমকোর্টের সেটা সম্পর্কে বলতে চাই ও এই এ্যামেণ্ডমেন্ট আপোস করছি কারণ আগে যে সেকসান ছিল—সেকসান ২৫ এবারে যে এ্যামেণ্ডমেন্ট করা হচ্ছে তুলে দেওয়া হয়েছে after an inspection under Section 82 or an enquiry under Section 84. এই এ্যামেণ্ডমেন্টের দ্বারা আগে যা ছিল সেকসানে সেটা আরও ব্রডবেসড করা হয়েছে, ডেমোক্র্যাটিক্ করা হয়েছে। কারণ হচ্ছে এটা for reasons to be recorded in writing. পরে এটা রিকনষ্টিটিউট করবার অর্ডার দিতে পারতেন under only two sections এই সেকসান দুটা কি বলা হয়েছে after an inspection under Section 82 or an enquiry under Section 84. এখন যা করা হোল ওই ৮২-তে ইন্সপেকসান করতে পারবে আর ৮৪-তে এনকোয়ারী করতে পারবেন। তাছাড়া করতে পারবে না। সুতরাং এটা রেসট্রিক্ট করা হয়নি আরও ব্রড করা হয়েছে। এটা তুলে দিয়ে for reasons to be recorded in writing লেখা রয়েছে আরো ব্রডই করা হয়েছে। সুতরাং দুটা সেকসানই করতে পারবেন। আরোও করতে পারবেন। দ্বিতীয়তঃ বলা হয়েছে উইদাউট গিভিং এনি নোটিশ করা যাবে না। সেটা আমরা জানি। আমি একজন লইয়ার। আমি জানি কিন্তু for reasons to be recorded in writing যেখানে আছে সেখানে বলা নেই যে নোটিশ দিতে হবে না। তিনি ইচ্ছা করলেই নোটীশ দিতে পারেন, না দিতে পারেন। ন্যাচারাল কেসে for reasons to be recorded in writing. করবেন নিশ্চয়ই। যে কোন সেকসান অনুযায়ী কথা শুনবেন, নোটিশ দেবেন ইট ইস্ টেকেন ফর গ্রান্টেড, এই কথার মধ্যে রয়েছে এটা করা দরকার এবং তা করবেন। সুতরাং লেখা নেই নোটীশ দেওয়া হবে না। স্পেসিফিক্যালি পড়ে দেখবেন ওই এ্যামেণ্ডমেন্টে এমন কিছু থাকতে পারে না বা এরূপ থাকারও দরকার নেই।

[ 5-50—6-00 p.m. ]

**শ্রীকানাই ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা এই পয়েন্টটা যে আলোচনা করিনি তা নয় আমরা এ নিয়ে বিচার বিবেচনা করেছি। এখানে শুধু ৮২ ও ৮৪ এর তদন্তটা তুলে দিতে চাচ্ছি যাতে নাকি তাড়াতাড়ি ব্যবস্থা নেওয়া যায়। এবং মামলা হবে এসব বলা হয়েছে। মামলা হবে কি হবে না প্রশ্ন উঠেছে কিন্তু আইন যে ধরণেরই করুন না কেন মামলা হবেই। যতক্ষণ ২২৬ ধারা আছে ততক্ষণ মামলা করার কোন অসুবিধা নেই এবং ইনজাংশন করবার কোন অসুবিধা নেই। fool proof কোন আইন বা এ্যক্ট করতে পারবেন না। তবুও আমরা লক্ষ করেছি যাতে এই জিনিস না করতে পারে। অন্ততঃ সেদিক থেকে বিবেচনা করে দেখছি যে ৮২ এবং ৮৪ তুলে দিয়ে কোন অসুবিধা হয় না। তাছাড়া এ্যাপীলের প্রভিসন আমরা রেখেছি। ফোরথ সিডিউল যদি দেখেন তাহলে দেখবেন রেজিষ্ট্রারের অর্ডারের বিরুদ্ধে এ্যাপীল করে তারজন্য কতকগুলো প্রভিসন রেখেছি সেগুলো ২৫তে আছে।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** স্যার, এটা হাউসকে মিস লীড করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিডিউল ফোরথ-এ যদি এ্যাপীলের প্রভিসন থাকত, তাহলে আমি বক্তৃতা করতাম না। কারণ এ্যাপীল থাকলে এ্যাপীল ফলো করা হবে, ন্যাচারাল জাসটিস ফলো করা হবে।

**শ্রীকানাই ভৌমিক :** আপনি দেখুন Order of disqualification under both sections 25 and 26 dissolving the managing committee এটা আছে।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** Order of disqualification under section 25 যে অর্ডারটা করা হচ্ছে সেটা অর্ডার অফ ডিসকোয়ালিফিকেশনের ব্যাপার নয়। সেটা হচ্ছে উনি ডিসলভ করার জন্য মিটিং ডাকুন—It is not an order of disqualification under section 26 dissolving the managing committee. We are not concerned here with section 26, we are concerned with section 25 with the order that you must hold a meeting for the purpose of dissolving the managing committee.

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** না, হোল অফ দি সেকসান ২৫ এতে আছে।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে যেসব লইয়ার সদস্যরা আছেন তাঁদের কাছে একথা বলি যে এখানে লেখা আছে, On order of disqualification under section 25. এ্যাপীল আছে সংগে সংগে অর্ডার অফ ডিসকোয়ালিফিকেশন বলা আছে অর্থাৎ appeal from an order of disqualification যেখানে মিস ম্যানেজমেণ্টের জন্য মিটিং ডাকতে হবে that is an order of disqualification অর্ডার অফ ডিসকোয়ালিফিকেশন অন্য জিনিষ। এর থেকে এ্যাপীল আছে, আর কিসের থেকে এ্যাপীল আছে এ্যান অর্ডার অফ ডিসকোয়ালিফিকেশন। আমরা তো ২৬ ইনভলভ নই, এতে এ্যাপীল নেই। আমি মাননীয় মন্ত্রী কানাইবাবুকে বলছি, আমি জানি সমবায় সমিতিতে অনেক জোচ্চুরি হচ্ছে এবং এরজন্য এই রকম একটা পাওয়ার থাকা দরকার। ইনসপেকসান আর ইনকোয়ারী করতে হয়ত অনেক সময় দেরী হয় আমি সেটা জানি, সেটা বিশদভাবে বোঝাতে হবে না। কিন্তু একটা ইভল মিট করতে গিয়ে আরও একটা বড় ইভিল ডেকে এনে তো লাভ নেই। এটা ইনসপেকসান এবং ইনকোয়ারী করতে যত দেরী হবে তার থেকে অনেক বেশী দেরী হয়ে যাবে। কারণ এই রকম একটা নোটিশ পাওয়া মাত্র ইনজাংশান হয়ে যাবে। আপনি যদি অপারচুনিটি টু শো কস না দেন এনকোয়ারী হবেই। অপারচুনিটিস টু শো কস হলে ক্ষতি কি হচ্ছে আমি তো বুঝতে পারছি না। তারপর আইনটা চালু হবেনা, যে কাজ করতে যাচ্ছেন সে কাজ করতে পারবেন না। এ আমি ওয়ার্নিং দিয়ে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কানাইবাবুকে যদি কেউ বলে থাকেন যে অর্ডারটা নিয়ে আমরা ডিল করছি, সেই অর্ডারে এ্যাপীল আছে, তবে ভুল কথা বলেছেন কারণ এ্যাপীল আছে, appeal only against an order of disqualification under section 25. We are not dealing with an order of disqualification under section 25, we are dealing with section 25 (1). The appeal lies from an order of disqualification under section 25 (2) সিডিউলে বলা আছে অর্ডার অফ ডিসকোয়ালিফিকেশন আণ্ডার সেকসান ২৫। সেকসন ২৫ এ অর্ডার অফ ডিসকোয়ালিফিকেশন হতে পারে, ডিসকোয়ালিফিকেশন আনডার সেকসান ২৫ (২) হতে পারে, সেকসান ২৫ (১) does not speak of any disqualification. It speaks of calling a meeting for dissolution. Therefore, any average person with the slightest intelligence will say that an order of disqualification under section 25 is the order of disqualification which is mentioned under section 25 (2) and an order under section 26 is the order dissolving the managing committee. এতে ২৫(১) কি ভাবে আসছে? এটা clear in the English language.

[6·00—6·12 p.m.]

**Mr. Speaker :** The House ought to be very much thankful to you for having pointed out all these legal difficulties and some of the honourable Members also supported your view point. But it is for the Government to take its own course. It is for the House to decide whether it will reject it or it will accept it. I am not an expert in the line. If they are not agreeable what can I do.

**শ্রীকানাই ভৌমিক :** আমি amendent গ্রহণ করতে পারছিনা।

**শ্রীযতীন চক্রবর্ত্তী :** আমি বুঝতে পারছিনা ওরাই কি এক মাত্র lawyer আমাদের L.R. আছেন। We have taken their advice. We are not going to accept their amendment.

**Shri Siddhartha Shankar Ray :** এটা যখন উঠেছে all the lawyer Members are supporting me. The Advocate-General could come tomorrow and if he speaks against me then I shall accept his argum.nt.

**Shri Jatin Chakravorty :** We are not going to accept the amendment. Advocate-General is not at your back and call ?

**Shri Siddhartha Shankar Ray :** Mr. Speaker, Sir, you can call for the Advocate-General.

**Shri Jatin Chakravorty :** Speaker has no right to do it.

**Mr. Speaker :** If the Government passes it they will pass it. If they are in trouble they will amend it. What can I do ?

The motion of Shri Santosh Kumar Roy that clause 8 (a) be ommitted was then put and a division taken with the following result :

**NOES—60**

Abdul Haque, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Baksh, Shri Mohammed Karim
Bandopadhaya, Dr. Gopal
Banerjee, Shri Subodh
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Bazle Ahmad, Shri
Bhaduri, Shri Panchugopal
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Satyapada
Bhowmik, Shri Kanai
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Jatin
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Balailal
Dey, Shri Tarapada
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ghosh, Shri Bireswar
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Mahato, Shri Girish
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Amales Chandra
Mandal, Shri Hazari Lal
Mitra, Shrimati Ila
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mukherejee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Naskar, Shri Gangadhar
Ojha, Shri Samarendra Nath
Purkait, Shri Probodh
Rai, Shri Deo Prakash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Gokulananda
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Satya Priya
Rudra, Shri Samar Kumar
Samanta, Shri Gouranga
Sar, Shri Nikhilananda
Sanyal, Shri Mani
Sarkar, Shri Nitaipada
Soren, Shri Joyram

## AYES—15

Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit
Barman. Shri Syama Prasad
Ekramul Haque, Dr. Md.
Gyan Singh Sohanpal, Shri
Mukherjee, Shri Nirmal Kumar
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Sinha, Kumar Jagadish Chandra
Tirkey, Shri Iswar Chandra

The Ayes being 15 and the Noes 59 the motion was lost.

The motion of Shri Santosh Kumar Roy that in clause 8 (b) (3), line 14, for the words "one year" the words "six months" be substituted, was then put and a division taken with the following result :—

## NOES—61

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohamed
Abul Mansur Habibullah, Shri Syed
Baksh, Shri Mohammed Karim
Banerjee, Shri Subodh
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Bazle Ahmad, Shri
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Satyapada
Bhowmik, Shri Kanai
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Jatin
Chattoraj. Dr. Radhanath
Choudhury, Shri Soroshi
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Sudhir Chandta
Das Gupta, Shri Bibhuti Bhusan
Das Mahapatra, Shri Balailal
Dey, Shri Tarapada
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ghosh, Shri Bireswar
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Mahato, Shri Girish
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Amales Chandra
Mandal, Shri Hazari Lal
Mitra, Shrimati Ila
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Naskar, Shri Gangadhar
Ojha, Shri Samarendra Nath
Purkait, Shri Prabodh
Rai, Shri Deo Prakash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Gokulananda
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Satyapriya
Rudra, Shri Samar Kumar
Samanta, Shri Gouranga
Sar, Shri Nikhilananda
Sanyal, Shri Mani
Sarkar, Shri Nitaipada
Soren, Shri Joyram

## AYES—15

Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Ekramul Haque, Dr. Md.
Gyan Singh Sohanpal. Shri
Mukherjee, Shri Nirmal Kumar
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Sanyal, Dr. Nalinaksha
Sinha, Kumar Jagadish Chandra
Tirkey, Shri Iswar Chandra

The Ayes being 15 and the Noes 60 the motion was lost.

The motion of Shri Santosh Kumar Roy that the following proviso be added to clause 8 (b) (3) :—

"Provided that the members so appointed to the Managing Committee shall be personally liable for all the liabilities of the Society that may be incurred by such members unless they are in a position to establish the propriety and validity of such liability being incurred during their period as members of the Managing Committee in the interest of the Society to the reconstituted Managing Committee." was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 9 to 16.

The question that Clauses 9 to 16 do stand part of the Bill was then put and agreed to.

### Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Sri Kanai Bhowmik :** Sir, I beg to move that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** The House stands adjourned till 1. p. m. on Friday, the 13th February, 19/0.

### Adjournment

The House was accordingly adjourned at 6-12 p. m. till 1 p. m. on Friday, the 13th February, 1970, at the Assembly House, Calcutta,

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 13th February, 1970, at 1 p.m.

PRESENT:

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 20 Ministers, 2 Ministers of State and 192 Members.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

### পশ্চিমবঙ্গে আগত উদ্বাস্তুগণের সংখ্যা

*66. (Admitted question No. *100.)

**শ্রীমনোরঞ্জন বক্সী :** উদ্বাস্তু, ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় মোট কত সংখ্যক উদ্বাস্তু এ পর্যন্ত এদেশে আসিয়াছেন এবং তন্মধ্যে কত সংখ্যকের পুনর্বসতির সুযোগ দেওয়া হইয়াছে ; এবং

(খ) উক্ত উদ্বাস্তুগণের মধ্যে পাকিস্তান ও তিব্বতী উদ্বাস্তুর সংখ্যা কত ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** (ক) সরকারী সূত্রে জানা যায় এই সংখ্যা মোট ৪২ লক্ষ ৫৯ হাজার ৬ শত চার। ইহার মধ্যে প্রায় ২৪ লক্ষ ৮৭ হাজার উদ্বাস্তুকে এই রাজ্যে পুনর্বাসন দেওয়া হইয়াছে ;

(খ) পাকিস্তানাগত প্রায় ৪১ লক্ষ ১৬ হাজার এবং তিব্বতাগত ৮৭১ জন।

### চিত্তরঞ্জন সেবাসদন হাসপাতালে আর্থিক সঙ্কট

*183. (Admitted question No. *1294.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, আর্থিক সঙ্কটের জন্য কলিকাতার চিত্তরঞ্জন সেবাসদন হাসপাতালটি বন্ধ হইয়া যাইবার আশঙ্কা দেখা দিয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** (ক) এরূপ কোন সংবাদ সরকারের জানা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** একথা কি সত্য যে রাজ্যসরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই সেবাসদনের গভর্ণিংবডির একজন মেম্বার এবং রাজ্যসরকারের মুখ্যমন্ত্রী এই গভর্ণিং বডির চেয়ারম্যান এবং তা যদি হয় তাহলে সেই হিসাবে তাঁদের কাছে এই হাসপাতালের কর্তৃপক্ষ কোন অভাব অভিযোগ জানাতে সম্প্রতি এসেছিলেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** হ্যাঁ, মাননীয় মুখ্যমন্ত্রী এবং আমিও ঐ গভর্ণিং বডির সদস্য। এখানে প্রশ্নটা করা হয়েছে হাসপাতাল বন্ধ হয়ে যাওয়ার আশংকা দেখা দিয়েছে সে বিষয়ে জানি কি না—

বন্ধ হয়ে যাওয়ার আশংকা দেখা দেয়নি, তবে তাদের অভাব অভিযোগ আর্থিক দীনতা এবং টাকা পয়সার যে প্রয়োজন সেই সংক্রান্ত ব্যাপারে গভর্ণিং বডিরও অনেক সিদ্ধান্ত আছে এবং গভর্ণমেণ্টের কাছেও সেই মর্মে তারা আবেদন নিবেদন করেছেন এবং তাদের সেই সমস্ত আর্থিক প্রয়োজন সরকারের পক্ষ থেকে যতদুর সম্ভব মেটানোর চেষ্টা করা হয়েছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মন্ত্রীমহাশয় কি জানাবেন এই হাসপাতালের বাৎসরিক ঘাটতির পরিমাণ ৫ লক্ষ টাকা কিনা এবং এদের আউট ষ্ট্যাণ্ডিং লোন ১০·৫ লক্ষ টাকা আছে কিনা এবং এরা সরকারের সঙ্গে যখন কথাবার্তা বলতে এসেছিলেন তখন তারা একথা বলেছিলেন কিনা যে রাজ্যসরকার যদি য়্যাডহক গ্রাণ্ট হিসাবে ১ লক্ষ ৫০ হাজার টাকা না দেন তাহলে পরে ১লা ডিসেম্বর থেকে হাসপাতাল বন্ধ করে দেয়া ছাড়া তাদের আর গত্যন্তর থাকবে না?

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় সদস্য যে তথ্যের উল্লেখ করেছেন বাজারে আউটষ্ট্যাডিং লোন কত এবং ঘাটতির পরিমাণ কত সেই ধরণের তথ্য আমাদের কাছে নেই, তবে আমরা আমাদের সীমাবদ্ধ অর্থ সংগতির মধ্যে যে টাকা দিয়েছি আমি সেটা বলতে পারি এই বছর। এবং তার থেকে অনুমান করা যাবে যে শতকরা ৬৭ ভাগ যে খরচ খরচা সেটা সরকার বহন করছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** এই কথা সত্য কিনা যে দেশবন্ধুর নামাঙ্কিত এই সমস্ত প্রতিষ্ঠানগুলি যেমন চিত্তরঞ্জন সেবাসদ হাসপাতাল, চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল বা দেশবন্ধু মেমোরিয়াল ট্রাষ্ট মহামতি চিত্তরঞ্জনের দৌহিত্র দ্বারা পরিচালিত, কেন্দ্রীয় সরকার এই প্রতিষ্ঠানে কোন পয়সা আর্থিক সাহায্য করেন কিনা?

**শ্রীননী ভট্টাচার্য্য :** চিত্তরঞ্জন সেব-সদনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সাহায্য করেন না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতালের বেলায় কি কেন্দ্রীয় সরকার সাহায্য করেন?

**শ্রীননী ভট্টাচার্য্য :** শুধু চিত্তরঞ্জন ক্যানসার রিসার্চ ইনসটিটিউটকে কেন্দ্রীয় সরকার সাহায্য করেন, ক্যানসার হাসপাতালে করেন না।

**শ্রীসন্তোষকুমার রায় :** মন্ত্রীমহাশয় এটা কি জানেন হাসপাতালের কর্মীরা যে অসহযোগিতা সৃষ্টি করেছেন তার জন্য দেশবন্ধুর পরিবারের যাঁরা গভর্ণিং বডিতে ছিলেন, ডঃ রায়ের পরিবারের যাঁরা গভর্ণিং বডিতে ছিলেন, তাঁরা ওখান থেকে পদত্যাগ করেছেন?

( নো রিপ্লাই )

**শ্রীনেপালচন্দ্র রায় :** মন্ত্রীমহাশয় কি জানাবেন, পশ্চিমবঙ্গে যে সমস্ত হাসপাতাল আছে সেগুলি চালাবার দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের কিনা এবং সেটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব হবে না পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব হবে, কারণ হসপিটাল ইন এক্সিস্টেন্স যেগুলি আছে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে, তারা যদি কোন বিপদ আপদে পড়ে তাহলে পশ্চিমবঙ্গ সরকার দেখবেন, না সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে জানাবেন?

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় সদস্যের এটা নিশ্চয়ই জানার কথা যে বাংলাদেশে ৩ ধরনের হাসপাতাল আছে। এক ধরনের হাসপাতাল আছে যেগুলি পশ্চিমবঙ্গ সরকার দ্বারা পরিচালিত হেল্থ সেণ্টার। ২ নম্বর হাসপাতালগুলি ভলানটারি অর্গানাইজেসন দ্বারা পরিচালিত হয় এবং সরকার বিভিন্ন খাতে অনুদান নিয়ে থাকেন। ৩ নম্বর হচ্ছে যার সংগে রিসার্চ সেণ্টার বা রিসার্চ ইনসটিটিউট যুক্ত আছে—সুতরাং রিসার্চের প্রয়োজনে কেন্দ্রীয় সরকার কর্তৃক সেই হাসপাতালগুলি কিছু কিছু অনুদান সেইভাবে পেয়ে থাকে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** ১৯৬৮/৬৯ সালে চিত্তরঞ্জন সেবাসদনে প্রায় ৬ লক্ষ ৯৫ হাজার টাকা দেওয়া হয়েছে এবং চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতালে প্রায় ৪ লক্ষ ৩৭ হাজারের উপর টাকা দেওয়া হয়েছে, কিন্তু তাসত্ত্বেও হাসপাতাল বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে এই কথা বলা হচ্ছে কেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** বন্ধ হবার কোন কথা বলছি না, বন্ধ হইয়া যাইবার আশংকা আছে বলা হচ্ছে। তবে চিত্তরঞ্জন সেবাসদন আর্থিক দুরবস্থার মধ্যে আছে এটা আমরা জানি। আমরা ইতিমধ্যেই বলেছি যে মোট খরচ খরচার শতকরা ৬১ ভাগ পশ্চিমবঙ্গ সরকার অনুদান দিয়ে পূরণ করে থাকেন। ১৯৬৯/৭০ সালে আমরা বিভিন্ন খাতে মেনটিনেন্স বাবদ ৩ লক্ষ ৫০ হাজার টাকা দিয়েছি, ভি. ডি. ক্লিনিক মেনটিনেন্স বাবদ ২০ হাজার টাকা দেওয়া হয়েছে এবং এক্সটেনসানের জন্য সেখানে ৬৫ হাজার ৯৯৫ টাকা দেওয়া হয়েছে এবং এ্যাডহক গ্রান্ট ফর মিটিং দি ইনক্রিজড কষ্ট অব মেনটিনেন্স এণ্ড এরিয়ার লায়াবিলিটিজ ইত্যাদি বাবদ সেখানে ২ লক্ষের উপর টাকা দেওয়া হয়েছে। তারপর এরিয়ার পে এণ্ড এ্যালাওন্স বাবদ ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কাজেই এইভাবে ১৯৬৯/৭০ সালে ৮ লক্ষ ৩৭ হাজার ৯৯৫ টাকা দেওয়া হয়েছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** সরকার থেকে যখন এত টাকা দেওয়া হচ্ছে তখন দেখা যাচ্ছে হাসপাতালের ঘাটতি আরো বেড়ে যাচ্ছে এবং টাকা চাওয়া হচ্ছে। কাজেই এই হাসপাতাল সরকারের নিয়ে নিতে বাধা কোথায় আছে সেটা মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** এই সমস্ত হাসপাতালগুলি সরকারের নিয়ে নেওয়া উচিত বলে আমি মনে করি। কিন্তু আর্থিক দুরবস্থা এমন স্বাস্থ্য দপ্তরের হাতে যে টাকা আছে তাতে করে এই সমস্ত আর্থিক দায় দায়িত্ব এখন গ্রহণ করা সম্ভবপর নয় বলে আমি মনে করি।

[ 1-10—1-20 p.m. ]

**শ্রীসিদ্ধার্থশংকর রায় :** চিত্তরঞ্জন সেবাসদন সম্পর্কে যে সব প্রশ্ন উঠেছে সে সম্পর্কে আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, একথা কি সত্য চিত্তরঞ্জন সেবাসদন এখন যে বোর্ডের দ্বারা পরিচালিত হচ্ছে সেই বোর্ডে দেশবন্ধুর পরিবারের কেউ নেই, তাঁদের নেওয়া হয়নি ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** দেশবন্ধুর পরিবারের কারা আছেন বা কি ব্যাপার সেটা আমি এখনই বলতে পারবো না।

**শ্রীসিদ্ধার্থশংকর রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, একথা কি সত্য, যে বোড চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল ও সেবাসদন চালাচ্ছেন সেই বোর্ডের সেক্রেটারী মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির শ্রীনরনারায়ণ গুপ্ত এবং মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির অন্তর্ভুক্ত সভ্যরা সেখানে সভ্য হয়েছেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** তাঁরা কোন দলভুক্ত সেটা আমার কাছে অবান্তর, তাঁরা বোর্ডের সদস্য বা সেক্রেটারী এটা আমার জানা আছে।

**শ্রীসিদ্ধার্থশংকর রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে খোঁজ নিয়ে দেখবেন কি যে এই বোর্ডের সভ্য কারা এবং দেশবন্ধু যে ট্রাষ্ট করে গিয়েছিলেন সেই ট্রাষ্ট অনুযায়ী বোর্ড গঠন করা হয়েছে কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** বোর্ডের সদস্য কারা, তার কি ব্যাপার বা সেটা কোন রাজনৈতিক দলভুক্ত কিনা এসব আমার কাছে অবান্তর এবং তাতে কিছু যায় আসে না। সেই বোর্ড ঠিকমত পরিচালনা করতে পারছেন কিনা সেটাই হচ্ছে আসল বিষয়। সেখানে যে ভাবে পরিচালনা করছে বলে রিপোর্ট পেয়েছি তাতে ঐ ধরনের কোন আপত্তির কারণ থাকতে পারে না।

**শ্রীমহম্মদ খোদা বক্স :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে কতকগুলি হাসপাতালের দায়িত্বভার সম্পূর্ণভাবে এখানকার সরকারের হাতে ন্যস্ত আছে। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন

কি, ইনফেকশাস ডিজিজ হসপিট্যাল বলে যেটি আছে তার পরিচালনা ভার এই সরকারের হাতে আছে কিনা ?

**শ্রীমনী ভট্টাচার্য্য :** মাননীয় সদস্য মহাশয়ের জানা উচিত এটা প্রাসংগিক প্রশ্ন নয়।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** এখানে যে প্রশ্ন উঠেছে যে দেশবন্ধুর বংশধরকে এরমধ্যে নেওয়া হয়েছে কিনা সে সম্পর্কে আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, দেশবন্ধুর কোন বংশধর এখন জীবিত নেই ?

( নো আনসার )

**শ্রীনেপালচন্দ্র রায়:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এখানে যে বোর্ড গঠন করা হয়েছে সেটা দেশবন্ধুর ট্রাষ্ট ডিড অনুযায়ী ঠিকমত হয়েছে কিনা ?

**মিঃ স্পীকার :** বোর্ডের কথা এখানে উঠে না।

## টি. বি. ও ক্যানসার রোগের প্রাদুর্ভাব

*184. (Admitted question No. *252.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিম বাংলায় বর্তমানে টি. বি. ও ক্যানসার রোগের প্রাদুর্ভাব দেখা যাইতেছে ;

(খ) অবগত থাকিলে, টি. বি. ও ক্যানসার হাসপাতালে গরীব রোগীদের ভর্তির বিষয়ে সরকার কি কোন পরিকল্পনা করিয়াছেন ; এবং

(গ) ১৯৬৯ সালের ডিসেম্বর পর্যন্ত এই রাজ্যে কতজন টি. বি. ও ক্যানসার রোগী ভর্তির জন্য আবেদন করিয়াছেন ?

**শ্রীমনী ভট্টাচার্য :**

(ক) টি. বি. ও ক্যানসার রোগের আক্রমণ (incidence) কমের দিকে যাইতেছে মনে হয়।

(খ) গরীব টি. বি. ও ক্যানসার রোগীদের হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা আছে।

(গ) টি. বি. .... ৩,৫৮১ জন।
ক্যান্সার .... ১,৪০৫ জন।

## টি. বি. হাসপাতাল

*185. (Admitted question No. *980.)

**শ্রীনিতাইপদ সরকার :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি টি. বি. হাসপাতাল আছে ;

(খ) উক্ত হাসপাতালগুলির নাম কি এবং শয্যা-সংখ্যা কত ; এবং

(গ) এইসকল টি. বি. হাসপাতালে রোগীর মাথাপিছু গড়ে মাসিক সরকারের কত ব্যয় হয় ?

**শ্রীমনী ভট্টাচার্য্য :**

(ক) ১৭টি।

(খ) একটি তালিকা টেবিলে রাখা হইয়াছে।

(গ) সরকারী হাসপাতালগুলিতে শয্যাপিছু মাসিক ৩০০-৪০০ টাকা ব্যয় হয়।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখে এলাম যে, মাসিক রুগী প্রতি ৩ শত থেকে ৪ শত টাকা ব্যয় করা হচ্ছে। কিন্তু উনি বললেন ৩ হাজার থেকে ৪ হাজার টাকা। এর কোনটা সত্য জানাবেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাসিক ৩ শত টাকা থেকে ৪ শত টাকা ব্যয় হয় এক একটা টি.বি. শয্যায় এবং বছরে ৩৬ শত টাকা থেকে আরম্ভ করে সেখানে ৪ হাজার, ৪॥ হাজার টাকা ব্যয় হয়।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ক্যান্সারের যে চিকিৎসা হচ্ছে আমাদের দেশে এবং আপনি বলেছেন কমের দিকে কিন্তু আমরা জানি ক্যানসার হ্যাজ নো এনসার এবং আজ পর্য্যন্ত দেখিনি যে ক্যানসার রুগী ভাল হয়ে বাড়ী ফিরেছে এবং সুস্থ সবলভাবে আছে। সেজন্য আমি জানতে চাই যে এর কোন স্পেসিফিক ড্রাগ বেরিয়েছে কি না বা কোন স্পেসিফিক ট্রিটমেণ্ট বেরিয়েছে কি না ?

**মিঃ স্পীকার :** এ সব কি বলছেন। আপনি প্রশ্নের উপর বলুন।

**শ্রীনেপালচন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্ন হচ্ছে যে, উনি বলেছেন ক্যানসার ক্রমশ: কমছে এবং সেটা বলার পরে আমি জানতে চাই—কারণ আমরা সব সময়ে শুনি যে ক্যানসার হ্যাজ নো এনসার। অতএব উনি কোন ভিত্তিতে এ কথা বললেন যে, ক্যানসার কমছে। কোন স্পেসিফিক ড্রাগ কি আমাদের ভারতবর্ষে এসেছে যাতে ক্যানসার ভাল হয়। সেটা আমি জানতে চাই।

**শ্রীননী ভট্টাচার্য্য :** আমি বলেছি যে আমাদের সরকারী তথ্যদৃষ্টে মনে হয় ইনসিডেণ্ট অব টি. বি, এ্যাণ্ড ক্যানসার কমেছে। সরকারী তথ্য নেওয়ার যে পদ্ধতি আছে সেই পদ্ধতিতে যে সমস্ত আমরা খবরাখবর পাই তাতে এটা প্রকাশিত হয়েছে।

**ডঃ আবুআসাদ মহম্মদ ওবাইদুল গনি :** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি শ্রীসনৎকুমার রাহার প্রশ্নের 'খ'-তে যা বললেন, সেটা ঠিক বোঝা গেল না। আমার প্রশ্ন ছিল যে, সরকারের গরীব রুগীদের ভর্ত্তি করার জন্য কোন বিশেষ পরিকল্পনা আছে কি না ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আমি আগেই বলেছি যে, টি. বি. রুগীদের ভর্ত্তির ব্যবস্থা আছে। একটা সিলেকশান বোর্ড আছে, রাইটার্স বিল্ডিংস-এ তাদের কাছে যে সমস্ত কেস আসে, যারা আবেদন করে তাদের সেই আবেদনগুলি স্পেশালিষ্টদের নিয়ে বোর্ড তৈরী আছে সেই বোর্ডে প্রতি সপ্তাহে বসে, একত্রে প্লেট কার্য্যকরী করে। তারা একটা লিষ্ট তৈরী করে এবং প্রতিদিন রাইটার্স বিল্ডিংস-এ কোন জায়গায় কত ভ্যাকানসি আছে। টি. বি. হসপিটালে আমি বলেছি যে, ১৭টা টি. বি. হসপিটাল আছে। এর মধ্যে যেগুলি সরকারী হসপিটাল সেগুলি থেকে কি পরিমাণ ভ্যাকান্সি হচ্ছে না হচ্ছে তার লিষ্ট Writers' Buildings-এর টি. বি. দপ্তরে আসে। সুতরাং সেই ভ্যাকান্সি লিষ্টে তখন রুগীর আত্মীয়স্বজনকে জানিয়ে দেওয়া হয়, কোন হাসপাতালে তার জন্য বেড সুনির্দিষ্ট করা হল সে কবে নাগাদ ভর্ত্তি হতে পারবে সেটা চিঠি দেওয়া হয়।

[ 1-20—1-30 p.m. ]

মাননীয় সদস্য ক্যানসার সম্বন্ধে জানতে চেয়েছেন—ক্যানসার সম্বন্ধে বলি যে আমাদের সরকারী হাসপাতাল সীমাবদ্ধ—অসুবিধা হচ্ছে এই—সেখানে একটা বোর্ড আছে সেখানে ক্যানসার রোগীরা যায় সেই বোর্ডে পরীক্ষা হয়—পরীক্ষা হয়ে একটা প্রায়রিটি লিষ্ট তৈরী হয়—সেই ভাবে ভর্ত্তির ব্যবস্থা আছে।

**শ্রীনবদুর্গা মণ্ডল :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে টি. বি. ব্যাপার চলছে—টি. বি. রোগীরা হাসপাতালে যায়। কিন্তু তারা সিট পায় না, তখন বাইরের থেকে চিকিৎসা করা হয়। সেখানে নিয়মিত ওষধ পায় না বলে ঐ সমস্ত রোগীরা মৃত্যুমুখে পতিত হচ্ছে ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আমি আগে বলেছি ভর্তির নিয়ম কি—একথা ঠিক যে বহু টি. বি. রোগী আছে কিন্তু যখন টি. বি. কেস ভর্তি যোগ্য হোক বা না হোক সংগে সংগে তাদের জন্য গভর্ণমেণ্ট থেকে দুটি ব্যবস্থা আছে। একটি হচ্ছে যতদিন পর্যন্ত নির্দিষ্ট শয্যা ঠিক করে দিতে না পারা যায় ততদিন পর্য্যন্ত তার যাতে বাড়ীর সংলগ্ন যে সমস্ত টি বি ক্লিনিক বা হাসপাতাল বা চেষ্ট ক্লিনিক আছে সেখানে যাতে বিনা পয়সায় চিকিৎসা করাতে পারে সে সুযোগ দেওয়া আছে। তার পর বেড খালি হলে তাকে বা তাঁর আত্মীয়কে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হয় এইভাবে ভর্তির ব্যবস্থা আছে।

**শ্রীহেমন্তকুমার বসু :** এই যে ক্যানসার কমে আসছে গত বৎসর কত রোগী ভর্তি হয়েছিল এবং কত রোগী আরাম হয়েছিল এবং এ বছর কত রোগী ভর্তি হয়েছে আর কত রোগী আরাম হয়েছে এই দুটো তুলনা করলে বোঝা যাবে যে ক্যানসার রোগ কমে আসছে কিনা।

**শ্রীননী ভট্টাচার্য্য :** ১৯৬৮ সালে ক্যানসার রোগীর সংখ্যা ছিল ৩২৬৪ এবং এবার কিছু কমেছে এখনও পর্য্যন্ত ৫৮৯ বাদ দিতে হবে।

**শ্রীনবদুর্গা মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় আমার প্রশ্নের ঠিক উত্তর দিলেন না, আমার প্রশ্ন হচ্ছে যে সমস্ত রোগী সিট পায় না বাইরের থেকে চিকিৎসা করা হয় সেখানে নিয়মিত মাঝে মাঝে ঔষধ যায় না তারা বলছে হাসপাতালে গিয়ে দেখেছি, ঔষধ পায় না তারা যে ঔষধ পাচ্ছে না নিয়মিত তার জন্য যে রোগীরা মারা যাচ্ছে সে খবর তিনি রাখেন ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** ঔষধের অভাবের দরুণ কেউ মৃত্যুমুখে পতিত হয়েছেন এই রকম কোন খবর আমাদের সরকারী দপ্তরে নাই, কোথায়ও কোথায়ও ৭ দিন কোথায়ও ১৫, কোথায়ও ১৫ দিন অন্তর ঔষধ দেওয়া হয়, এই সমস্ত হাসপাতাল টি. বি. ক্লিনিক, চেষ্ট ক্লিনিকগুলিকে। কখনও সাময়িক অভাবের দরুণ কোথায়ও ৭ দিন বা ২ দিন বা ৫ দিনের ঔষধ দেওয়া হয় এবং বলে দেওয়া হয় তিন দিন পর এসো আবার ঔষধ দেওয়া হবে—এটা সাময়িক অসুবিধা বা অভাবের দরুণ এই রকম সর্ট সাপ্লাই দিতে হয়।

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে, তিনি যে বল্লেন সপ্তাহে একবার রাইটার্স বিল্ডিংসে বোর্ড বসে এই টি. বি. রোগী ভর্তি সংক্রান্ত ব্যাপারে—কিন্তু যদি কোন কারণে সেই বোর্ডের কোন মেম্বার অনুপস্থিত থাকেন তাহলে বোর্ডের মিটিং হয় না এইভাবে এক সপ্তাহ দু সপ্তাহ তিন সপ্তাহ বোর্ড হয় না রোগীরা পড়ে থাকে—সেই অবস্থায় কোন স্পেশ্যাল নির্দেশ দেবার ব্যবস্থা আছে কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** আমি মাননীয়া সদস্যাকে জানাতে চাই যে, আমার নিকট এই ধরণের কোন সংবাদ নাই। যদি কোন স্পেশালিষ্ট যেমন ডঃ পি. কে. সেনের মত ব্যক্তি অনুপস্থিত থাকেন তাহলে তার পরের দিন কি তার পর দিন যত তাড়াতাড়ি সম্ভব বোর্ডের বৈঠক বসে রোগীর সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করে।

**শ্রীসরোজ রায় :** আপনি বলেছেন টি. বি. রোগীর বেড ৩১৮১ এবং সরকারী হাসপাতাল আছে ১৭টি। মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে টি বি রোগী অনেক বেশী এবং তারা অপেক্ষা করে থাকে। আমার প্রশ্ন হচ্ছে বোর্ড-এর দ্বারা যে রোগী ভাল হয়ে গেছে বলে বলা হয়েছে এবং হাসপাতাল থেকে ডিসচার্জ হয়ে গেছে, এই রকম রোগী বহু জায়গায় জোর করে বেড আটকে রাখে এটা ঠিক কিনা এবং তাদের সংখ্যা খুব বেশী কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** এই রকম রোগীর সংখ্যা যথেষ্ট বলতে পারা যায় যাদের ডিসচার্জ করে দিয়েছে এবং ডিসচার্জ হয়ে যাবার পরেও হাসপাতালের শয্যা দখল করে আছে। তেমন রোগী বিভিন্ন হাসপাতালে—কাঁচরাপাড়া, ধুবুলিয়া এবং ডিগ্রী স্যানাটোরিয়ামে বেশ সংখ্যক আছে।

**শ্রীসরোজ রায়ঃ** যেখানে বহু রোগী ওয়েটিং লিষ্টে পড়ে আছে ভর্তি হতে পাচ্ছেনা বেডের অভাবে, সেখানে রোগী ভাল হয়ে যাবার পর ডিস্‌চার্জ হয়ে যাবার পর দিন বেরিয়ে আসছেনা, তাদের ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যাতে নূতন রোগী ভর্তি হতে পারে ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** এই পর্যন্ত তাদের বুঝিয়ে সুজিয়ে পার্সুয়েড করে যাতে রোগমুক্তির পর চলে যান তার চেষ্টা করা হচ্ছে। আমরা অন্য কোন কিছু করছিনা। ১৯৬৭ সালে কিছু রোগীর ক্ষেত্রে ধুবুলিয়া, কাঁচরাপাড়া এবং যে কোন হাসপাতালের ক্ষেত্রেই ২০০ টাকা করে রোগীকে হাতখরচা বাবদ বা রিহ্যাবিলিটেশন বাবদ দিয়ে রোগ মুক্তির পর যাতে চলে যান তার ব্যবস্থা করা হয়। এ ছাড়া অন্য কোন রাস্তা আমরা নিইনা। একথাটা মাননীয় সদস্যের ঠিকই যে বহু রোগী ওয়েটিং লিষ্টে পড়ে আছে। আগে যুক্তফ্রন্ট আসার পর ৬ থেকে ৮ সপ্তাহের মধ্যে রোগীকে ভর্তি করা হত, পরবর্তীকালে ৮ থেকে ১০ সপ্তাহ-এর মধ্যে হত, এখন ১০ থেকে ১২ সপ্তাহের মধ্যেও ভর্তি করা সম্ভব হচ্ছেনা।

**শ্রীনেপালচন্দ্র রায় :** আপনার নিশ্চয়ই স্মরণে আছে, মাননীয় বিধানচন্দ্র রায় যখন বেঁচে ছিলেন তখন জেনারেল চক্রবর্তি ডিরেক্টার অব পাবলিক হেল্‌থ ছিলেন। তখন এই রকম একটা ক্রাইসিস দেখা দিয়েছিল, তখন হাসপাতাল থেকে পুলিশ দিয়ে রোগী ভাল হয়ে গেলে না গেলে বার করা হয়েছিল। সেই সময় সরকার ভাবলেন যে এরা বেরিয়ে গিয়ে খাবে কি ?

( নয়েজ :– এটা প্রশ্ন নয় )

**মিঃ স্পীকর :** আপনার প্রশ্নটা করে ফেলুন।

**শ্রীনেপালচন্দ্র রায় :** সেই সময় কথা হয়েছিল কোন রি-হ্যাবিলিটেশন নয়, সরকারী চাকুরির ২৫ পারসেন্ট পদ এদের দেওয়া যায় কিনা।

আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে টি. বি. রোগীদের ব্যাপারে যে বোর্ড আছে সেই বোর্ড সম্বন্ধে আমি যতদূর জানি সেটা হচ্ছে যে সমস্ত রোগী তাড়াতাড়ি ভাল হবে তাদের তাঁরা এ্যাডমিসন দেবার চেষ্টা করেন এবং যাদের রোগ একটু কঠিন হয় তাদের তাঁরা নেননা।

[1-30—1-40 p.m.]

**Mr. Speaker :** Mr. Roy, please refer to Rule 43 (XI) which states, "it shall not raise questions of policy too large to be dealt with within the limits of an answer to a question". Under this rule I disallow your question as irrelevant.

**শ্রীভবানী মুখার্জী :** চন্দননগরে রূপলাল নন্দী ক্যান্সার রিসার্চ সেন্টার যেটা রয়েছে সেটা চিত্তরঞ্জন ক্যানসার রিসার্চ সেন্টারের আণ্ডারে এবং পশ্চিমবঙ্গ সরকারের সংগে চুক্তি করে ইণ্ডিয়া গভর্ণমেণ্ট সেখানে ২৫টি বেড রেখেছেন। সেই হাসপাতালে যে সমস্ত কর্মীরা কাজ করেন তাঁদের চাকুরির কোন স্থিরতা নেই। আমার প্রশ্ন হচ্ছে স্বাস্থ্যমন্ত্রিমহাশয় এই বিষয়ে খোঁজ নিয়ে প্রতিবিধানের ব্যবস্থা করছেন কি না ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** রূপলাল নন্দী ক্যানসার রিসার্চ সেণ্টারে কর্মচারীদের ব্যাপার নিয়ে যে জিনিষ চলছে সে সম্বন্ধে কোন রিপোর্ট আমার কাছে আসেনি।

**শ্রীবীরেশ্বর ঘোষ :** বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজে এখান থেকে একটা ডিপ এক্সরে গেছে ১ বছর আগে। আমার প্রশ্ন হচ্ছে মফঃস্বলের হাসপাতালে যাতে ক্যানসার রোগের চিকিৎসা হতে পারে সেইজন্য ওই ডিপ এক্স-রে চালু হয়েছে কিনা এবং যদি না হয়ে থাকে তাহলে সেটা শীঘ্র চালু করবার ব্যবস্থা হচ্ছে কি-না ?

**শ্রীননী ভট্টাচার্য্য :** নোটিশ চাই।

## টেষ্ট রিলিফের কার্য

*186. (Admitted question No. *623.)

**শ্রীমোল্লা হুমায়ুন কবীর:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক ১৯৬৯-৭০ সালে আমেরিকার 'কেয়ার' সংস্থার দানে কত টাকার টেষ্ট রিলিফের কাজ হচ্ছে বা হবে; এবং

(খ) এই কাজ পরিচালনার দায়িত্ব কার—ওই প্রতিষ্ঠানের না সরকারের?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** (ক) ও (খ) শুধু 'কেয়ার'-এর দানে কোনো সহায়ক কর্ম (টেষ্ট রিলিফ) হয় না। টেষ্ট রিলিফ পরিচালনার দায়িত্ব সরকারের।

এ সম্পর্কে একটি বিস্তারিত বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**শ্রীমোল্লা হুমায়ুন কবির:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে কিছুদিন আগে আপনাদের বিভাগ থেকে জেলা শাসকদের দপ্তরে একটা সার্কুলার গেছে, তাতে এই কেয়ার সংস্থা টি. আর. পরিচালনা করবেন এবং সেটা কি ভাবে পরিচালনা করবেন, সে সম্বন্ধে কোন স্পেসিফিক নির্দেশ না থাকায় কাজের অসুবিধা হচ্ছে, এটা কি জানেন?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** সার্কুলার আমরা এই জন্য দিচ্ছি যে কেয়ারের যে অংশ দেবার কথা আছে—অর্ধেক তারা দেন, সেটা নেওয়ার জন্য। কারণ আমাদের সংগে যে চুক্তি আছে, সেই চুক্তি অনুসারে আমাদের টাকাটা দিতে হয়, কিন্তু অনেক জায়গায় কেয়ারের সাহায্য নেন না, আমাদের টাকা খরচ করেন। সেই জন্য তাদের স্মরণ করিয়ে দেওয়া হয়েছিল সার্কুলারের মারফত যে তারা যেন কেয়ারের কাছ থেকে যে টাকা অনুদান পাওয়া দরকার সেটা নেন। এটায় কি অসুবিধা হয়েছে জানিনা। তার কিছু কিছু অসুবিধাও রয়েছে, কিন্তু যতটা সম্ভব—আমরা এই কথা বলেছি, অসুবিধা যাতে না ঘটে সেই সব ক্ষেত্রে তাদের সহযোগীতা নিয়ে কাজ যেন চালানো হয়।

**শ্রীমোল্লা হুমায়ুন কবির:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে অনুদান পাওয়ার ব্যাপারে তাদের সংগে কি একটা চুক্তি আছে, সেই চুক্তিটা কি বলবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** সেটা নোটিশ দিলে বলতে পারি, কারণ সে বিরাট ব্যাপার। তবে এটুকু বলতে পারি যে সেই চুক্তিটা আমরা যা দেবো, ওরা তার অর্ধেক দেবেন। আমরা যদি এক টাকা দিই তাহলে তারা এক টাকা পরিমাণ গম দেবেন। আমরা এক কোটি টাকা খরচ করলে দু কোটি টাকার কাজ হয়, এইরকম ভাবে একটা চুক্তি আগে থেকে চলছে, সেটা আবার পরে পুনর্বিবেচনা করা হবে কি হবেনা, সেটা সরকারের উপর নির্ভর করছে। তবে যে চুক্তি আছে সেই অনুসারে তাদের যা দেওয়ার কথা সেটা যাতে নেওয়া হয় সেই অনুসারে এ্যাডমিনিষ্ট্রেশন এক্সপেন্স তাদেরকে দিতে হয়।

**শ্রীহারাধন রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন কেয়ারের এই অনুদান দেবার কথা আছে, যেন তাদের কাছ থেকে নেওয়া হয়, আমি ঠিক বুঝতে পারলাম না যে কেয়ার একটা বৈদেশিক প্রতিষ্ঠান, তারা অনুদান না দিয়েই চুক্তির মধ্যে থাকবে এবং তাদের অনুদান দেবার কথা, এটা কি করে সম্ভব হয়? সেখানে কি গভর্ণমেন্টের নিজস্ব কোন ব্যবস্থা নেই? এই যে কেয়ারের অনুদান দেবার কথা, সেটা বাধ্যতামূলকভাবে প্রথমে তাদের দিতে হবে এবং সেই ভাবে পরিকল্পনাগুলো গ্রহণ করা হবে এবং সেই ভাবে ব্যবস্থা আছে কিনা?

[ 1-40—1-50 p.m. ]

**শ্রীআবদুর রেজাক খাঁন:** না দেওয়ার প্রশ্ন নয়, না নেওয়ার প্রশ্ন। তাদের কতকগুলি সব আছে সেই অনুসারে তারা দেন। প্রথমতঃ স্কীম সেংশান করার প্রশ্ন সেগুলি করতে ঝঞ্চাট বাঁধে, কিছু হিসাব পত্র তারা দেখতে চায় সেখানই ঝঞ্চাট বাঁধে। আমাদের বক্তব্য হচ্ছে যতক্ষণ যে চুক্তি আছে সেই চুক্তি অনুসারে আমরা যখন টাকা দিচ্ছি তখন তাদের কাছ থেকে যেন নিয়ে নেওয়া হয়।

**শ্রীমোল্লা হুমায়ুন কবির:** মাননীয় মন্ত্রীমহাশয় প্রশ্নের উত্তরে বললেন এই কাজ পরিচালনার দায়িত্ব সরকারের নিজের। আমার প্রশ্ন হচ্ছে তাহল সে সব কাজের সুপারভিসানের দায়িত্ব কেয়ারের হাতে যাবে কেন এ সম্বন্ধে পরিস্কার বলুন?

**শ্রীআবদুর রেজাক খাঁন:** কেয়ারের সুপারভিসানে যাবে এই যে খবর পেয়েছেন এটা ভুল।

**শ্রীবিমলকান্তি বসু:** মাননীয় মন্ত্রীমহাশয়, বলবেন কি যখন ধান কাটার মরশুমে টি, আর এর কাজ হচ্ছে তখন কেয়ারের সমস্ত এ্যাপ্রুভড স্কীমের কাজ হচ্ছিল, গম না থাকার জন্য বন্ধ হয়ে গিয়েছিল। জেলা কর্তৃপক্ষ সরকারকে জানান যে কাজ বন্ধ সেংশান কর। এই পরিপ্রেক্ষিতে একট. চিঠি যায় যে গভর্ণমেণ্ট নিজের ইনিসিয়েটিভে কোন কোন কেয়ারের কাজ করবে না কেয়ারের সাহায্য ছাড়া এরূপ পরিস্কার নোটীশ আমরা দেখেছি। এই ব্যাপারে মন্ত্রীমহাশয়ের না জানা থাকলে এই order দেওয়া হল কেন?

**শ্রীআবদুর রেজাক খাঁন:** এরূপ খবর রাখিনি বলতে পারবো না। মাননীয় সদস্য যদি পারটিকুলার কেসের বিবরণ দেন তাহলে অনুসন্ধান করে দেখতে পারি। আমার আসল কথা যেটা হাউসের কাছে রেখেছি সেটা কেয়ারের চুক্তি অনুসারে কেয়ারের কাছ থেকে গম নিয়ে চালাতে হয়। সেখানে একটু ঝঞ্চাট হয়। যদি কোন জায়গায় বিশেষ অসুবিধা হয় তাহলে আমাদের টাকাই কেবল খরচ হবে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ষ্টেট রিলিফের দায়িত্ব সরকারের কেয়ারর দায়িত্বে হয় না। আমার প্রশ্ন হচ্ছে কেয়ার সংস্থার দ্বারা কি কি কাজ করা হয়?

**শ্রীআবদুররেজাক খাঁন:** প্রধানতঃ তাদের সঙ্গে যে চুক্তি আছে তাঁরা গম দেবেন এই একটা চুক্তি আছে, আর একটা চুক্তি হচ্ছে স্কুলের ছেলেদের ফিডিং কিছু কিছু নেওয়া হয়। তবে ফিডিং সম্বন্ধে কোন অসুবিধা হয়েছে বলে যদি জানান তাহলে সেটা এক্ষুনি বলা যাবে না কেননা সেটা শিক্ষা বিভাগের তত্ত্বাবধানে হয়ে থাকে। আমাদের এখানে যে সমস্ত ষ্টেট রিলিফের স্কীম তারা এ্যাপ্রুভ করেন সেইটা করাতে একটু ঝঞ্চাট বাঁধে কেননা তারা হিসাব একটু বেশী রাখেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি কেয়ারের মাধ্যমে যে ২ ধরনের কাজ হয় এ ছাড়া স্পেশাল রিলিফ এর কাজ এটা কি কেয়ারের মাধ্যমে নেওয়া সম্ভব?

**শ্রীআবদুর রেজাক খাঁন:** এটা এমনি ভাবে বলতে পাচ্ছি না তবে কোনটা হতে পারে কোনটা হতে পারে না এ সম্বন্ধে পার্টিকুলার কাজ বলবেন তাহলে বলতে পারবো।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মন্ত্রীমহাশয় জানাবেন কি এই কেয়ার সংস্থা সাম্রাজ্যবাদী আমেরিকান সংস্থা কি না? এবং যদি তা হয়ে থাকে তাহলে এই সংস্থার কোন সাহায্য না নেবার জন্য সরকারকে রেকমেনডেশান দিয়েছেন কি?

**শ্রীআবদুররেজাক খাঁন:** না, প্রশ্ন উঠে না।

## মুর্শিদাবাদ জেলার মধুপুর কলোনীতে বাস্তুজমি বণ্টন

*187. (Admitted question No. *840.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলায় মধুপুর কলোনীর বাস্তুজমি গরীব বাস্তুহারাদিগকে বঞ্চিত করিয়া (১) বিত্তশালী, (২) উচ্চপদস্থ সরকারী কর্মচারী এবং (৩) তাঁহাদের আত্মীয়স্বজনদিগের নামে বিলি করা হইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, যেসকল সরকারী কর্মচারী উক্ত জমি বিলির জন্য দায়ী তাঁহাদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :**

(ক) কোন বিত্তশালী ব্যক্তিকে মধুপুর কলোনীতে বাস্তু জমি বিলি করা হয় নাই। তিনজন উচ্চপদস্থ সরকারী কর্মচারী বা তাঁহাদের পরিবারের নামে বাস্তু জমি বিলি করা হইয়াছে, তবে তাঁহাদের আত্মীয় স্বজনদিগের নামে জমি দেওয়া হইয়াছে কিনা সরকারের জানা নাই।

(খ) উক্ত জমি বিলির ব্যাপারে সেই সময়ে প্রচলিত সরকারী বিধি নিষেধ লঙ্ঘিত না হওয়ায় ব্যবস্থা গ্রহণের প্রশ্ন উঠে না।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কত জন ইউ, ডি ক্লার্ককে জমি দেওয়া হয়েছে ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** আপনি প্রশ্ন করেছেন বিত্তশালী ব্যক্তিদের, সেজন্য বলেছি ৩ জনকে দেওয়া হয়েছে।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য :** আপনি যে তিন জনের কথা বলেছেন তার মধ্যে একজন হচ্ছে রাণী বসু এস, পির স্ত্রী, আরো ২০/২৫ জন ইউ ডি ক্লার্ক আছে তারা কি পেয়েছেন ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** আপনি প্রশ্ন করেছেন কতজন বিত্তশালীকে দেওয়া হয়েছে, ইউ ডি ক্লার্ক প্রশ্ন করেন নি, প্রশ্ন করলে জানাতাম।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য :** কতজন বাস্তুহারা হকার ব্যবসায়ীকে এই জমি দেওয়া হয়েছে ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** এ প্রশ্ন উঠে না।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য :** এই প্রশ্ন উঠে এই কারণে বাস্তুহারা হকার ওখানে থাকা সত্বেও তাদের না দিয়ে বেশ কিছু ইউ ডি ক্লার্ক, মুর্শিদাবাদ এস, পির স্ত্রী রাণী বসু এদের নামে জমি দেওয়া হয়েছে কিনা ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** আপনি যা বলছেন ঠিকই বলছেন কিন্তু আপনার মূল প্রশ্ন হচ্ছে বিত্তশালী কাদের দেওয়া হয়েছে। আপনি নাম চাইলে তাদের নাম বলতে পারি কিন্তু ইউ ডি এ্যাসিষ্টেণ্টকে দেওয়া হয়েছে কিনা সেটা এর থেকে উঠে না।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে পদস্থ ৩ জনের কথা বললেন এদের নাম এবং ডেজিগনেসান কি ? এবং উচ্চ পদস্থ সরকারী কর্মচারীদের আত্মীয় স্বজনকে দেওয়া হয়েছে কিনা, এবং কংগ্রেস আমলে এটা দেওয়া হয়েছে কিনা ?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত :** যে ৩ জন উচ্চ পদস্থ সরকারী কর্মচারী বা তাদের পরিবারকে জমি বিলি করা হয়েছে তাদের নাম হচ্ছে শ্রীমতী রাণী বসু, স্বামী হচ্ছেন শ্রীপি, কে বসু সুপারেণ্ট-

টেনডেন্ট অফ পুলিস, মুর্শিদাবাদ, শ্রীমতী শ্যামলী চক্রবর্তী, স্বামী হরিদাস চক্রবর্তী, ডেপুটী সুপারেনটেনডেন্ট অফ পুলিস, এবং শ্রীবি, জি রায়, ডাব্লু, বি, জে, সি, এস। এটা কংগ্রেস আমলে হয়েছিল।

[1-50—2-00 p.m.]

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** আপনি বললেন কোন নিয়ম ভংগ করা হয় নি কাজেই তাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আসবে না। কিন্তু দেখা যাচ্ছে হকারদের না দিয়ে বিত্তশালীদের দিয়ে দেওয়া হচ্ছে। শুধু তাই নয় সেখানকার জমি হস্তান্তর হয়ে যাচ্ছে। তা সত্ত্বেও কি দুর্নীতি বলে এটাকে মনে করছেন না?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** তখন যে নিয়ম ছিল তাতে এ রকম কিছু নির্দেশ ছিল না যে বিত্তশালীদের দেওয়া যাবে না এবং এটা সরকারের কোন নীতি ছিল না এবং সেই সময় বিলি যখন হয়েছে তারপর বিলি ব্যবস্থার পরিবর্তন করা সম্ভব নয় এবং যদি গভর্ণমেন্ট সারকুলার থাকত তাহলে নিশ্চয় করা হত এবং এটা আমাদের আগের সরকার করেছেন এবং বিত্তশালীদের দিয়েছেন। সেটাই হয়ত উদ্দেশ্য ছিল তাই সেই রকম সারকুলার ছিল না। আপনি বলছেন হস্তান্তর হয়েছে। সেই রকম নির্দিষ্ট অভিযোগ আনলে আমি ব্যবস্থা নেব এই কথা বলতে পারি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য্য:** মন্ত্রীমহাশয়-এর কাছে আমি আবেদন রাখছি যে এখন বহরমপুর এবং মুর্শিদাবাদের বিভিন্ন কলোনীতে জমি বিলি হচ্ছে। আপনি যদি অবিলম্বে কমিটি তৈরী না করেন তাহলে ওই ধরণের লোক আবার জমি পেয়ে যাবে। সেইজন্য আপনি কি অবিলম্বে কমিটি তৈয়ারী করবেন?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** আপনি এটা লিখিত প্রস্তাব আকারে দেবেন আমি নিশ্চয় বিবেচনা করে দেখবো।

**শ্রীনেপালচন্দ্র রায়:** বিত্তশালী বা বিত্তহীন মানুষ যারাই রিফিউজি হয়ে পশ্চিমবংগে এসেছে তারাই রিহ্যাবিলিটেশন আইন অনুযায়ী ওই সমস্ত জমি ভোগ করার অধিকার পাবে কিনা জানাবেন কি?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** এরকম নির্দিষ্ট ভাগাভাগি নয়। তবে সরকারের এই হচ্ছে নীতি যে বিত্তশালীদের দেওয়া হয় না এবং পূর্বে নিশ্চয় এগুলো কোন কোন বিত্তশালীদের দেওয়ার জন্য এইভাবে পরিকল্পনা করা হয়েছিল। ক্যাম্পে যারা থাকে দুঃস্থ, তাদের দেওয়া হয়, এটা কেন্দ্রীয় সরকারেরও নীতি।

**শ্রীমহম্মদ খোদা বক্স:** যে তিনজন সরকারী কর্মচারীর কথা মাননীয় মন্ত্রীমহাশয় করলেন তাঁরা কি উদ্বাস্তু?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** উদ্বাস্তু তো বটেই। উদ্বাস্তু না হলে পাবেন না।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** উচ্চপদস্থ তিনজনের নাম বললেন কিন্তু বিত্তশালীদের নাম বললেন না কেন?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** ওই তিনজনের কথাই তো বললাম। আমি বলেছি, 'কোন বিত্তশালী ব্যক্তিকে মধুপুর কলোনীতে বাস্তু জমি বিলি করা হয় নাই। তবে তিনজন উচ্চপদস্থ সরকারী কর্মচারী বা তাঁহাদের পরিবারের নামে বাস্তু জমি বিলি করা হইয়াছে।'

**শ্রীএস, এম, ফজলুর রহমান:** যারা বিত্তশালী অথচ দেওয়া হয়েছে বলে বললেন তাদের বার্ষিক আয় কত?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** তাদের পদ-নাম বলতে পারি, তাদের আয় বলতে পারব না এখন। একজন হলেন সুপারিনটেনডেন্ট অফ পুলিশ, আর একজন হলেন ডেপুটী সুপারিনটেনডেন্ট অফ পুলিশ, এবং অপর জন হলেন ডব্লু, বি, জে, সি, এস,।

**শ্রীএস, এম, ফজলুর রহমান:** এগুলো কি কারো সুপারিশক্রমে করা হয়েছে? না ইনডিপেনডেন্টলী কেসগুলো কনসিডার করে করা হয়েছে?

**শ্রীতরুণকুমার সেনগুপ্ত:** রহমান সাহেব যদি নির্দিষ্ট ভাবে প্রশ্ন করেন তাহলে উত্তর দিতে পারি যে, ওঁর সুপারিশ ছিল, না শ্রীমতী আভা মাইতির সুপারিশ ছিল।

## চক্ররেল পরিকল্পনা

*188. (Admitted question No. *898.)

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি চক্ররেল পরিকল্পনা এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছে?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** পূর্বেকার চক্ররেল পথ প্রকল্পের স্থলে বর্তমানে কেন্দ্রীয় সরকার শহরতলীর রেলপথগুলি কলিকাতা মহানগরীর কেন্দ্র পর্যন্ত প্রসারিত করিবার পরিকল্পনা (Suburban lines extension or disposal scheme) গ্রহণ করিয়াছেন। এই পরিকল্পনাটি কার্য্যকর করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণের উদ্দেশ্যে কেন্দ্রীয় রেলমন্ত্রণালয়ের একটি সংস্থা ইতিমধ্যে প্রাথমিক কাজ আরম্ভ করিয়াছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** এই পরিকল্পনা শেষ হতে কতদিন সময় লাগবে?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** তা বলতে পারব না, কারণ একাজ প্রকৃতপক্ষে এখনও আরম্ভ হয়নি।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** এটা করতে কত খরচ হবে?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** Rly. Board এই কাজের জন্য ৩০ কোটি টাকার পরিকল্পনা করেছেন—তাও সম্পূর্ণ নয়। দমদম জংশন থেকে আরম্ভ করে বেলেঘাটা, শোভাবাজার, বাগবাজার, বড়বাজার Eden Garden হয়ে Princepghat পর্য্যন্ত রেলপথ সম্প্রসারণের জন্য ৩০ কোটি টাকা বরাদ্দ করেছেন এবং বর্তমান আর্থিক বৎসরে ১৬ লক্ষ টাকা বরাদ্দ করেছেন বলে জানা গেছে।

**শ্রীকালীপদ মণ্ডল:** ঐ সংস্থার সভ্যদের নাম জানাবেন কি?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** এটা রেলবিভাগের সংস্থা বলে আমার নাম ঠিক মনে নেই—তবে এর ভারপ্রাপ্ত অফিসারের নাম হচ্ছে Mr. Goel।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** এই যে dispersal scheme-এর কথা বললেন এই scheme কবে নাগাদ পর্য্যন্ত কার্যকরী হবে?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** আমাদের বুঝে নেবার সঙ্গে বিশেষ সম্পর্ক নেই। কারণ পরিকল্পনা রচনা করেছেন Rly. Board তাঁরা যা করবেন, তাই করবেন। এক সময় যে আলোচনা হয়েছিল তাতে ধারণা হয়েছিল যে Port Commissioners-এর বর্তমান যে track আছে সেটা ব্যবহার করে circular railway হবে। ডাঃ রায়ও এইকথা বলতেন। কিন্তু বর্তমান পরিকল্পনাটা একটা অদ্ভুত পরিকল্পনা। এখন Port-এর track ব্যবহার করা হবে না—কোথাও দোতলা হবে, কোথাও মাটির নীচু দিয়ে যাবে, কোথাও তিনতলা হবে। এই পরিকল্পনা সম্বন্ধে আমাদের বিশেষ কিছু বলার নেই। Rly. Board পরীক্ষা করে এই পরিকল্পনা গ্রহণ করেছেন। এতে আমাদের যদি কোন সাহায্য চান—যেমন জমি দখল ইত্যাদি তখন আমরা তাঁদের সাহায্য করব। এইটুকু আমাদের দায়িত্ব।

**শ্রী এস. এম. ফজলুর রহমান :** Rly. Board কর্তৃক গৃহীত পরিকল্পনা যদি detrimental to the interest of the rate payers হয় তাহলে সেটা কি গ্রহণ করা চলবে।

**শ্রীসোমনাথ লাহিড়ী :** যদির উপর কোন প্রশ্ন হয় না।

**শ্রী এস এম. ফজলুর রহমান :** এই পরিকল্পনা detrimental to the interest of citizens or rats payers আছে কিনা সেটা কি আপনারা বিবেচনা করে দেখেছেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** এটা হচ্ছে Question of opinion.

**শ্রী এস. এম. ফজলুর রহমান :** এই পরিকল্পনা জনস্বার্থবিরোধী হচ্ছে কিনা সেটা কি আপনারা দেখেছেন ?

**শ্রীসোমনাথ লাহিড়ী :** এই পরিকল্পনা জনস্বার্থ বিরোধী কিনা সে প্রশ্নের জবাব দেওয়া খুব কঠিন। কারণ একই কাজ ২।৩ রকম ভাবে হয়। ৩০ কোটি টাকার রেল যদি কাজ করে তার একটা স্বার্থকতা আছে। আবার যদি ১৫ কোটি টাকায় করেন তাহলে তার আরও বেশী স্বার্থকতা আছে এবং যদি at all না করে তাহলে স্বার্থকতা কিছু নেই। কাজেই আপেক্ষিক স্বার্থকতা সব পরিকল্পনায় আছে বলে সেই হিসাবে এরও আছে।

## মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীর মধ্যে পত্রবিনিময়

*209. (Short Notice) (Admitted question No. *1565.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি সময়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁহার কতকগুলি বিষয়ে পত্রালাপ হইয়াছে বলিয়া যে সংবাদ প্রকাশিত হইয়াছে তাহা কি সত্য ; এবং

(খ) যদি উপরের (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তাহা হইলে ঐসকল পত্রাবলীর অবিকল নকল বিধানসভার সদস্যদের মধ্যে বিতরিত হইবে কি ?

**শ্রীজ্যোতি বসু :** (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ। যত তাড়াতাড়ি সম্ভব ইহা সদস্যদের মধ্যে বিতরিত হইবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে চিঠিপত্রগুলির সাবজেক্ট ম্যাটার কি কতকগুলি এ্যাডমিনিসট্রেটিভ এবং কতকগুলি কনস্টিটিউশানাল ইস্যু ?

**শ্রীজ্যোতি বসু :** হাঁ বলতে গেলে তাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন যে এ্যাডমিনিসট্রেটিভ ইস্যুতে যে মতানৈক্য দেখা দিয়েছে ক্যাবিনেটের মধ্যে সেটা দূর করার উপায় কি ?

**শ্রীজ্যোতি বসু :** ক্যাবিনেটের মধ্যে কোন মতানৈক্য আছে বলে জানিনা কারণ সেখানে এই সব বিষয়ে আলোচনা হয়নি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে সমস্ত কনষ্টিটুশানাল ইস্যু নিয়ে মতানৈক্য দেখা দিয়েছে সেই সমস্ত কনস্টিটুশানাল ইস্যু কি Principles relating to the functions of the Cabinet Government of a coalition type সংক্রান্ত এবং তা যদি হয় তাহলে এই বিরোধের মীমাংসা কি হবে ?

**শ্রীজ্যোতি বসু :** চিঠিগুলি আপনাদের কাছে দিতে চাই যখন সংবাদ পত্রে বেড়িয়েছে তখন আপনাদের জানা দরকার সেজন্য যত তাড়াতাড়ি ছাপাতে পারা যায় ছাপিয়ে আমি আপনাদের দেব। তখন আপনারা যদি বিচার করে দেখে প্রশ্ন তুললে ঐ সব বিষয়ে তাহলে ভাল হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কবে নাগাদ ছাপা হবে ?

**শ্রীজ্যোতি বসু :** দুই একদিনের মধ্যে ছাপা শেষ হয়ে যাবে। আমার মনে হয় ২০ তারিখে দিতে পারব।

**শ্রী এস. এম. ফজলুর রহমান :** যে সব পত্র আদান প্রদান হয়েছে সেই আদান প্রদানের ফলে জনসাধারণের মনে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছে। এতে এ্যাডমিনিসট্রেশানে দুর্বলতা প্রকাশ পাচ্ছে না।

**শ্রীজ্যোতি বসু :** এটা মতামতের বিষয়। জনসাধারণ যদি সংবিধান সম্বন্ধে এবং সরকারের কি ভাবে কার্য চলে তারা যদি জানে তাহলে কি অসুবিধা হবে।

**শ্রীঅনিলকুমার মুখার্জি :** চিঠিপত্র যা বেড়িয়েছে তাতে প্রথম পত্র কে লেখে, মুখ্যমন্ত্রী না উপমুখ্যমন্ত্রী ?

**শ্রীজ্যোতি বসু :** সে সব এখন বলা যাবে না। কারণ মুখ্যমন্ত্রী প্রথমে উপমুখ্যমন্ত্রীকে লেখেন কাগজে সে সংবাদ প্রকাশিত হয়, তারপর উপমুখ্যমন্ত্রী যেহেতু সংবাদ পত্রে প্রকাশিত হয়েছে সেজন্য জবাব দেন কাগজে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী :** এই যে কাগজে বেড়ুলো এটা কি ক্যাবিনেটের যে জয়েন্ট রেসপনসিবিলিটি আছে সেটা নিয়মের কি ত্রুটী হয়েছে ?

**শ্রীজ্যোতি বসু :** ক্যাবিনেট-এর ঐ রকম কোন রেসপনসিবিলিটি ঐ ভাবে নাই এটার সঙ্গে কোন সম্পর্ক নাই। কাগজে কে কি দিল না দিল কি ভাবে বেড়ুলো সেটা সম্পূর্ণ অন্য বিষয়।

**শ্রীএস. এম. ফজলুর রহমান :** মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন—মুখ্যমন্ত্রী মহাশয় কতগুলি পত্র লিখেছেন এবং উপমুখ্যমন্ত্রী মহাশয় তার কতগুলির জবাব দিয়েছেন ?

**শ্রীজ্যোতি বসু :** এখন মনে হচ্ছে—কতগুলি চিঠি লিখেছি তা গুনে ঠিক করে নেব।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** মাননীয় উপমুখ্যমন্ত্রী কি জানাবেন কেবিনেটে জয়েন্ট রেসপনসিবিলিটী বলে কোন জিনিষ আছে ?

**শ্রীজ্যোতি বসু :** নিশ্চয়ই আছে।

**শ্রীগীরিশচন্দ্র মাহাতো :** বাংলা করে ঐ চিঠিগুলি দেবার ব্যবস্থা করবেন কি ?

**শ্রীজ্যোতি বসু :** প্রথমে চিঠিগুলি ইংরেজীতে লেখা হয়েছিল এবং ইংরেজীতেই তা প্রকাশিত হয়েছিল। এখন মাননীয় সদস্যরা চাইলে তবে আমি সেগুলি বাংলায় দিতেও বাধ্য।

## STARRED QUESTIONS

**( To which answers were laid on the table )**

### Allegation against the Medical Officer of Primary Health Centre at Mankar

*** 190.** (Admitted question No. *995.) **Shri Phakir Cnandra Roy :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether Government have recently received any mass petitions against the Medical Officer of the Primary Health Centre at Mankar in Burdwan district through the C. M. O., Burdwan, and

(b) If so, what action has been taken by the Government in this regard ?

**The Minister for Health :** (a) No ; (b) does not arise.

## প্রাইমারী ও সাবসিডিয়ারী হেলথ সেণ্টার

***191.** (Admitted question No. *1022.)

**শ্রীবিভূতি পাহাড়ী :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কয়টি প্রাইমারী ও সাবসিডিয়ারী হেলথ সেণ্টার আছে ;

(খ) কয়টি হাসপাতালে বর্তমানে কোন ডাক্তার নাই ; এবং

(গ) প্রতিটি প্রাইমারী ও সাবসিডিয়ারী হাসপাতালের জন্য গড়ে বাৎসরিক অর্থ বরাদ্দ কত ?

**The Minister for Health :**

(ক) ৩১-১২-৬৯ তারিখ পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা—

(১) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—২২৮,

(২) উপস্বাস্থ্যকেন্দ্র—৫৫৫ ।

(খ) ১-৪-৬৯ তারিখ পর্যন্ত ৮০টি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার ছিল না।

(গ) (১) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র—৬৫,০০০ টাকা,

(২) উপস্বাস্থ্যকেন্দ্র—২৫,০০০ টাকা

## মুর্শিদাবাদ ও জিয়াগঞ্জ শহরে পরিস্রুত জল সরবরাহের পরিকল্পনা

***192.** (Admitted question No. *1026.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার (১) জিয়াগঞ্জ শহরে এবং (২) মুর্শিদাবাদ শহরে পরিস্রুত জল সরবরাহের পরিকল্পনার এ পর্যন্ত কোনটির কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) কোন্ প্রকল্পের জন্য কত টাকা খরচ হইবে ?

**The Minister for Health :**

(ক) (১) জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌর জলসরবরাহের প্রকল্পটি অনুমোদিত হয় নাই। (২) মুর্শিদাবাদ পৌর জলসরবরাহ প্রকল্পটি সম্প্রতি অনুমোদিত হইয়াছে এবং উহার কার্য আরম্ভ করার জন্য এক লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে প্রারম্ভিক কাজ আগেই সুরু হয়।

(খ) জিয়াগঞ্জ-আজিমগঞ্জ প্রকল্পের ও মুর্শিদাবাদ প্রকল্পের আনুমানিক খরচের হিসাব যথাক্রমে ১৮,১৬,৮০০৲ ও ১৩,৯৪,৮০০৲ ।

## বলরামপোতা কলোনীতে সরকার কর্তৃক পরিবার-প্রতি বরাদ্দ জমি

***193.** (Admitted question No. *1039.)

**শ্রীকালীপদ মণ্ডল :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় বলরামপোতা কলোনীতে পরিবার-প্রতি কত জমি সরকার বরাদ্দ করিয়াছেন ; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত জমি কতগুলি পরিবার ইতিমধ্যে পাইয়াছে ?

**The Minister for Refugee, Relief and Rehabilitation :**

(ক) পাঁচ কাঠা

(খ) ১৩২টি পরিবার।

**Inadequacy of beds in Serampore Subdivisional Hospital**

***194** (Admitted question No. *1067,) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that the patients requiring hospitalisation for serious ailments have to be turned out or provided with improvised beds on the floor in the corridors in the hospital at Serampur ; and

(b) if so, what action the Government has taken or propose to take in this regard ?

**The Minister for Health :**

(a) Yes, sometimes patients are provided with extra beds in the corridors.

(b) A proposal for expansion of the Hospital by new construction is under consideration.

**হাওড়া পৌরসভার নির্বাচন**

***195.** (Admitted question No. *1073.)

**শ্রীপ্রলয় তালুকদার:** স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া কর্পোরেশন নির্বাচন বাতিল হয়ে যাওয়ার পর হাওড়া পৌরসভার নির্বাচন পুনরায় অনুষ্ঠানের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা ; এবং

(খ) করে থাকলে, কবে নাগাদ উক্ত নির্বাচন হবে ?

**The Minister for Local Self Government :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**হাসপাতালে কর্মরত চিকিৎসক ও অচিকিৎসক কর্মচারিগণের বদলীর নিয়ম**

***196.** (Admitted question No. *1075.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার বিভিন্ন হেলথ সেন্টার এবং হাসপাতালসমূহে কর্মরত চিকিৎসক এবং অচিকিৎসক কর্মচারিগণকে সাধারণত কয় বৎসর অন্তর বদলী করা হয় ; এবং

(খ) বদলীর ব্যাপারে কোন নির্দিষ্ট নিয়ম চালু আছে কিনা এবং চালু থাকিলে, ঐ নিয়ম প্রত্যেক চিকিৎসক কর্মীর ক্ষেত্রে ঠিক ঠিকভাবে প্রয়োগ করা হয় কিনা, দেখার জন্য কোন ব্যবস্থা আছে কি ?

**The Minister for Health :**

(ক) চিকিৎসকদিগকে সাধারণতঃ ২-৩ বৎসর অন্তর বদলী করা হয়। অচিকিৎসক কর্মচারীগণের বদলীর ব্যাপারে কোন নির্দিষ্ট সময় সীমা নাই ;

(খ) চিকিৎসক কর্মচারীগণের বদলীর ব্যাপারে ১৯৬৭ সালের আগষ্ট মাসে কতকগুলি নীতি প্রণয়ন করা হইয়াছিল। লাইব্রেরী টেবিলে উহার অনুলিপি উপস্থাপিত করা হইল। বদলীর প্রস্তাবে এই নীতিগুলি বিবেচনা করা হয়।

### গ্রামাঞ্চলে বসন্ত ও কলেরার প্রতিরোধ ব্যবস্থা

***197.** (Admitted question No. *1097.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রামাঞ্চলে বসন্ত ও কলেরা দেখা দিলে তা প্রতিরোধ করবার কি কি ব্যবস্থা আছে ; এবং

(খ) প্রতি ব্লক স্তরে উক্ত ব্যবস্থার কাজকর্ম দেখাশুনার দায়িত্ব কার উপরে ন্যস্ত ?

**The Minister for Health :**

(ক) গ্রামাঞ্চলে কলেরা ও বসন্ত দেখা দিলে সেই এলাকার স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক, স্বাস্থ্য পরিদর্শক ও তাঁহাদের অধীনস্থ অন্যান্য স্বাস্থ্য কর্মীরা যে সব ব্যবস্থা অবলম্বন করেন তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) প্রতি ব্লকে প্রাথমিক (Primary) ও উপস্বাস্থ্য (Subsidiary) কেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক এবং প্রতি থানার জনস্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিদর্শকদের উপর উক্ত কাজকর্ম দেখাশুনার দায়িত্ব ন্যস্ত আছে। জেলা ও মহকুমা স্বাস্থ্য কর্তৃপক্ষ ইহাদের কার্য পরিদর্শন করেন এবং যথোচিত নির্দেশ দেন।

### উদ্বাস্তু যক্ষ্মা রোগীদের চিকিৎসা

***198.** (Admitted question No. *81.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার এই রাজ্যের উদ্বাস্তু যক্ষ্মা রোগীদের চিকিৎসা বাবত টাকার বরাদ্দ কমাইয়া দিয়াছেন ; এবং

(খ) ঐ শ্রেণীর কত রোগীর নাম বর্তমানে ওয়েটিং লিস্টে আছে ?

**The Minister for Refugee Relief and Rehabilitation :**

(ক) এরূপ কোন নির্দেশ কেন্দ্রীয় সরকারের নিকট হইতে এখনও পর্যন্ত আসে নাই ;

(খ) সরকারের নিকট যে সংবাদ আছে তাহাতে জানা যায় যে এই সংখ্যা ১১০।

### অ্যাডমিনিস্ট্রেটর দ্বারা পরিচালিত পৌরসভা

***199.** (Admitted question No. *281.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্থানীয় স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রিমহোদয় দয়া করিয়া জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি পৌরসভা অ্যাডমিনিস্ট্রেটর অথবা পৌরসভার ক্ষমতাপ্রাপ্ত একজিকিউটিভ অফিসার কর্তৃক প্রশাসিত হইতেছে ?

**The Minister for Local Self Government :**

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### মুর্শিদাবাদ জেলার ভরতপুর প্রাইমারী হাসপাতাল

***200.** (Admitted question No. *855.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ভরতপুর প্রাইমারী হাসপাতালে বিদ্যুৎ সরবরাহের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কতদিনে ইহা কার্যকরী করা হইবে ?

**The Minister for Health :**

(ক) হাঁ।

(খ) এখন সঠিক বলা সম্ভব নহে।

### রানাঘাটে মহকুমা হাসপাতাল নির্মাণের পরিকল্পনা

***202.** (Admitted question No. *583.)

**শ্রীনিতাইপদ সরকার :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার রানাঘাটে একটি মহকুমা হাসপাতাল নির্মাণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন ছিল ; এবং

(খ) সত্য হইলে, উক্ত পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে ?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) হাসপাতালের নির্মাণ কার্য্য চলিতেছে।

### রাজারামপুর স্কুলের আদিবাসী এবং অনুন্নত শ্রেণীর ছাত্রদের ছাত্রাবাস নির্মাণ

***203.** (Admitted question No. *1030.)

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** আদিবাসী ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার লালগোলা থানার অন্তর্গত রাজারামপুরে অবস্থিত স্কুলের আদিবাসী এবং অনুন্নত শ্রেণীর ছাত্রদের ছাত্রাবাস নির্মাণের জন্য সরকার অর্থ বরাদ্দ করিয়াছিলেন ;

(খ) সত্য হইলে, (১) কত টাকা মঞ্জুর হইয়াছিল এবং (২) কত টাকা অদ্যাবধি স্কুলকে দেওয়া হইয়াছে ;

(গ) উক্ত ছাত্রাবাস নির্মাণের ব্যাপারে সরকার কোন দুর্নীতির সংবাদ পাইয়াছেন কি ; এবং

(ঘ) পাইয়া থাকিলে, সরকার ঐ সম্বন্ধে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister for Schduled Castes and Tribes Welfare :**

(ক) হ্যাঁ।

(খ) (১) ২০,০০০ টাকা

(২) ২০,০০০ টাকা

(গ) হ্যাঁ।

(ঘ) স্কুল কর্তৃপক্ষকে টাকা ফেরত দেওয়ার জন্য লেখা হইয়াছে। সংশ্লিষ্ট সাব্ এ্যাসিষ্ট্যাণ্ট ইঞ্জিনীয়ারকে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে এবং এই বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের জন্য আইন উপদেষ্টা বিষয়টি বিবেচনা করিতেছেন।

## শ্যামসুন্দর চক কলোনীর উন্নয়ন

***204.** (Admitted question No. *1044.)

**শ্রীকালীপদ মণ্ডল :** উদ্বাস্তু, ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় শ্যামসুন্দর চক উদ্বাস্তু কলোনীর উন্নয়নের কোনও সরকারী পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, ঐ পরিকল্পনার কাজ কবে আরম্ভ হইবে?

**The Minister for Refugee Relief and Rehabilitation :**

(ক) হ্যাঁ;

(খ) উক্ত কলোনীর উন্নয়নের কাজ সমাপ্ত প্রায় বলিয়া এ প্রশ্ন উঠে না।

## বহরমপুর পৌরসভার অনাদায়ী কর

***205.** (Admitted question No. *282.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর পৌরসভার পৌরপতিদের পদত্যাগকালে গত সেপ্টেম্বর মাস পর্যন্ত আদায়যোগ্য কত টাকা ট্যাক্স বাকী ছিল; এবং

(খ) বর্তমানে এই আদায়যোগ্য বাকী ট্যাক্সের কতখানি আদায় হইয়াছে?

**The Minister for Local Self Government :**

(ক) ৬,২১,৩৪৭.৩৫ টাকা।

(খ) মোট ১,১৭,৪০৫.৭৮ টাকা।

## বন্যাবিধ্বস্ত এলাকাগুলিতে ঋণ ও সাহায্যের পরিমাণ

***206.** (Admitted question No. *540.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিগত বন্যায় বিধ্বস্ত বিভিন্ন এলাকাগুলিতে মোট কত টাকা বিভিন্ন খাতে ঋণ বা সাহায্য হিসাবে দেওয়া হইয়াছে?

**The Minister for Relief, Social Welfare (Relief) :**

বিভিন্ন ঋণ ও অনুদান খাতে নগদে ও দ্রব্যসামগ্রীতে বন্যাবিধ্বস্ত জেলাগুলিতে বন্যাত্রাণকল্পে যে সাহায্য পাঠান হইয়াছে তাহার দুইটি বিবরণী (১ এবং ২) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## বৃন্দাবনপুর প্রাথমিক হাসপাতাল

***207.** (Admitted question No. *1045.)

**শ্রীকালীপদ মণ্ডল :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেরিয়া ২নং ব্লকের অধীন বৃন্দাবনপুর প্রাথমিক হাসপাতালের পরিকল্পনা কি পরিত্যক্ত হইয়াছে; এবং

(খ) না হইয়া থাকিলে, কবে উহার কাজ আরম্ভ হইবে?

**The Minister for Health :**

(ক) না।

(খ) এখন সঠিক বলা সম্ভব নহে।

## UNSTARRED QUESTIONS

### ( to which written answers were laid on the table )

### হলদিয়া সার কারখানা

177. ( Admitted question No. 76. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হলদিয়াতে একটি সার কারখানা স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত অনুমোদন কি পাওয়া গিয়েছে ?

**The Minister for Commerce and Industries :**

না, এখনও ইহা ভারত সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

### বাঙলা চলচ্চিত্রের স্বার্থ সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধি

178. (Admitted question No. 91 )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঙলা চলচ্চিত্রের স্বার্থ সংরক্ষণের ও উৎপাদন বৃদ্ধির জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছে কি ?

**The Minister for Information and Public Relations :**

চলচ্চিত্র শিল্পের উন্নয়নের জন্য বিশেষ করে বাঙলা চলচ্চিত্রের স্বার্থ সংরক্ষণের ও উৎপাদন বৃদ্ধির জন্য সরকার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিতেছেন। রাজ্য চলচ্চিত্র পরামর্শদাতা কমিটির সুপারিশক্রমে এবং চলচ্চিত্র শিল্পের সহিত জড়িত প্রযোজক, পরিবেশক এবং প্রদর্শকদের সহযোগিতায় সেন্সর তারিখ অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে চিত্রমুক্তির সুষ্ঠু ব্যবস্থায় বাঙলা চলচ্চিত্র প্রযোজকগণ নূতন নূতন চিত্র নির্মাণে আগ্রহী হইয়াছেন। প্রকৃতপক্ষে গত বৎসরে নির্মিত চিত্রসংখ্যা পূর্ববর্তী বৎসরের সংখ্যা হইতে নয়টি বেশী এবং বর্তমান বৎসরে এই সংখ্যা আরও বেশী হইবে বলিয়া আশা করা যায়। এতদ্ব্যতীত সরকারও চলচ্চিত্র শিল্পকে ঋণের মাধ্যমে উন্নত যন্ত্রপাতি ও আর্থিক সাহায্য দেওয়ার বিষয় সক্রিয়ভাবে বিবেচনা করিতেছেন। সরকার প্রযোজিত দলিলচিত্র ও তথ্যচিত্রের সংখ্যাবৃদ্ধিও চলচ্চিত্র শিল্পকে যথেষ্ট সাহায্য করিবে। চলচ্চিত্র পরামর্শদাতা কমিটির অন্যান্য পরামর্শ বিবেচনা করা হইতেছে।

### চা শুল্ক হ্রাস

179. ( Admitted question No. 105. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার চা শিল্পের রপ্তানী শুল্ক হ্রাস, রপ্তানীকৃত চায়ের উৎপাদন শুল্ক ফিরাইয়া দেওয়া এবং উৎপাদন শুল্ক হ্রাস করা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নিকট প্রস্তাব পেশ করিয়াছেন কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যা' হয়, তাহা হইলে তাহার ফলাফল কি হইয়াছে ?

**The Minister for Commerce and Industries :**

(ক) হ্যাঁ; রপ্তানী শুল্ক ও উৎপাদন শুল্কের ব্যাপারে চা শিল্পকে অধিকতর সুবিধা দেওয়া যায় কিনা তাহা বিবেচনা করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাইয়াছিলেন।

(খ) রাজ্য সরকার কর্তৃক কেন্দ্রীয় সরকারকে উক্ত অনুরোধ জানানোর পর রপ্তানী শুল্ক বা উৎপাদন শুল্কের হারের কোনরূপ তারতম্য হয় নাই।

## পশ্চিমবঙ্গে নূতন শিল্পের সংখ্যা

180. ( Admitted question No. 106. )

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৭-৬৮ ও ১৯৬৯-৭০ সালে পশ্চিম বাংলায় কয়টি কি জাতীয় নূতন শিল্প চালু হইয়াছিল ?

**The Minister for Commerce and Industries :**

একটি বিবরণী নিম্নে পেশ করা হল।

*Statement referred to in reply to unstarred question No. 180.*

## বিবরণী

রাজ্য সরকারের শিল্প ও বাণিজ্য বিভাগের নিকট এমন কোন তথ্যাদি নাই যাহা হইতে এই রাজ্যে ১৯৬৭-৬৮ এবং ১৯৬৯-৭০ সালে কয়টি নূতন শিল্প চালু হইয়াছিল তাহা সঠিকভাবে বলা যাইতে পারে। শ্রম বিভাগের অধীনে চীফ্ ইন্সপেক্টর অফ্ ফ্যাক্টরিজের নিকট হয়তো ইহার বিবরণ পাওয়া যাইতে পারে। যাহা হউক ইণ্ডাষ্ট্রিজ (ডেভেলপমেণ্ট অ্যাণ্ড রেগুলেসন্) অ্যাক্ট অনুসারে ভারত সরকার ঐ সময়ে এই রাজ্যে নূতন শিল্প স্থাপনের জন্য যে কয়টি লাইসেন্স ইস্যু করিয়াছিলেন তাহার সংখ্যা নীচে দেওয়া হইল—

১৯৬৭-৬৮—৪টি।

১৯৬৮-৬৯—৪টি।

১৯৬৯-৭০ ( ৩১শে ডিসেম্বার, ১৯৬৯ পর্যন্ত ) - ৩টি।

বিভিন্ন শিল্পে ইস্যু করা লাইসেন্সের সংখ্যা নিম্নরূপ :—

১৯৬৭-৬৮—৪টির সব কয়টিই ইঞ্জিনীয়ারিং শিল্পের জন্য।

১৯৬৮-৬৯—৪টির মধ্যে ২টি কেমিক্যাল ইণ্ডাষ্ট্রিজের জন্য এবং ২টি কোলিয়ারির জন্য।

১৯৬৯-৭০ – ৩টির মধ্যে ১টি ইঞ্জিনীয়ারিং শিল্পের জন্য এবং বাকী ২টি কোলিয়ারির জন্য।

## পাটের দর নির্ধারণ

181. (Admitted question No. 131.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাটের দর নির্ধারণে পাট চাষীদের স্বার্থ রক্ষার জন্য বর্তমান মরশুমে সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) 'ক'-এর উত্তর হ্যাঁ হইলে, কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) হ্যাঁ।

(খ) কলিকাতায় আসাম বটম পাটের সর্বনিম্ন দর মণ প্রতি ৪০ টাকায় বাঁধিয়া দেওয়া হইয়াছে এবং উহার ভিত্তিতে পশ্চিমবঙ্গের প্রধান প্রধান পাটের বাজারগুলিতেও পাটের সর্বনিম্ন দর নির্ধারিত হইয়া থাকে।

উক্ত সর্বনিম্ন দর কার্যকর করিবার জন্য ষ্টেট ট্রেডিং কর্পোরেশন ৫১টি নির্বাচিত কো-অপারেটিভ এগ্রিকালচার্যাল মার্কেটিং সোসাইটিজ এবং নিজস্ব কতগুলি বিক্রয়কেন্দ্র মাধ্যমে বাজার হইতে পাট ক্রয় করিবার ব্যবস্থা করিয়াছে।

## সার্কুলার রেল নির্মাণ

182. (Admitted question No. 154.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতা শহরে পরিবহণ ব্যবস্থার উন্নতির জন্য সার্কুলার রেল নির্মাণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

**The Minister for Home (Transport):**

সার্কুলার রেল প্রকল্পের দমদম-প্রিন্সেপঘাট অংশ নির্মাণের জন্য ভারত সরকার রেলওয়ের চতুর্থ পরিকল্পনায় মোট ৩০ কোটি টাকা বরাদ্দ করিয়াছেন। ইহার মধ্যে ১৯৬৯-৭০ আর্থিক বৎসরে চূড়ান্তরূপে স্থান নির্ধারণ এবং প্রকল্পটির রিপোর্ট প্রস্তুত বাবদ ১৬ লক্ষ টাকা বরাদ্দ আছে। রেলওয়ের অধীনে একজন প্রধান অ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসারের নেতৃত্বে একটি পৃথক সংস্থা গঠিত হইয়াছে এবং এই সংস্থা ইতিমধ্যেই কাজ শুরু করিয়াছে।

## পশ্চিমবঙ্গে পশ্চাৎবর্তী এলাকায় শিল্প বিস্তারের পরিকল্পনা

183. (Admitted question No. 215.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের পশ্চাৎবর্তী এলাকা ও জেলাগুলিতে শিল্প বিস্তারের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা?

**The Minister for Commerce and Industries:**

হ্যাঁ।

## 'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েষ্টবেংগল' সাপ্তাহিকের নিয়মিত প্রকাশন

184. (Admitted question No. 218.)

**শ্রীসনৎকুমার রাহা:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলা সাপ্তাহিক 'পশ্চিমবঙ্গ' এবং ইংরাজী সাপ্তাহিক 'ওয়েষ্ট বেঙ্গল' তথ্য ও জনসংযোগ বিভাগ কর্তৃক নিয়মিত প্রকাশিত হয় কিনা;

(খ) উক্ত দুইটি পত্রিকার প্রত্যেকটির গ্রাহক কত; এবং

(গ) উক্ত পত্রিকা দুইটি প্রকাশনের জন্য পশ্চিমবঙ্গ সরকারের বার্ষিক কত ব্যয় হয় এবং কত টাকা গ্রাহকদের নিকট হইতে বার্ষিক আদায় হয়।

**The Minister for Information and Public Relations:**

(ক) নিয়মিত প্রকাশিত হয়।

(খ) বর্তমান বার্ষিক গ্রাহক সংখ্যা (১) 'পশ্চিমবঙ্গ' ১,৭২৪, (২) 'ওয়েষ্ট বেঙ্গল' ১২৫ এবং (৩) ইহা ব্যতীত বর্তমানে প্রতি সপ্তাহে প্রায় মোট ১১,০০০ কপি কাগজ বিক্রয় হইয়া থাকে।

(গ) পত্রিকা প্রকাশনের বার্ষিক ব্যয় (১) 'পশ্চিমবঙ্গ' ১,৯৮,১৭৫ টাকা এবং (২) 'ওয়েষ্ট বেঙ্গল' ৯৩,৩৩০ টাকা। গ্রাহকদের নিকট হইতে গড়ে উক্ত দুইটি পত্রিকার দরুন ৮,১২০ টাকা বার্ষিক আদায় হয়। ইহা ছাড়া নগদ মূল্যে বিক্রয় বাবত ১৯৬৯ সালে আনুমানিক ১৭,৮২৭ টাকা পাওয়া গিয়াছে। বিক্রয় এবং গ্রাহকদের নিকট থেকে মোট ২৫,৯৮৭ টাকা আদায় হইয়াছে।

## পাট ক্রয়ের জন্য মার্কেটিং সমবায় সমিতি

185. (Admitted question No. 245.)

**শ্রীসনৎকুমার রাহা:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে পাট ক্রয়ের জন্য কতগুলি মার্কেটিং সমবায় সমিতি প্রস্তুত ছিল, কতগুলি ক্রয় করিয়াছে;

(খ) ১৯৬৯ সালের ১৫ই নভেম্বর পর্যন্ত কত পরিমাণ পাট পশ্চিমবঙ্গ সমবায় মার্কেটিং সমিতি কর্তৃক কেনা হইয়াছে; এবং

(গ) কি দরে এই পাট কেনা হইয়াছে?

**The Minister for Co-operation:**

(ক) এই পাট ক্রয় মরশুমে ৫১টি সমিতি পাট ক্রয়ের জন্য প্রস্তুত ছিল। ৫টি সমিতি ক্রয় করিয়াছে।

(খ) এই মরশুমে ১৯৬৯ সালের ১৫ই নভেম্বর পর্যন্ত সমবায় মার্কেটিং সমিতিগুলি কর্তৃক ১৯২০ কুইন্টাল পাট কেনা হইয়াছে।

(গ) ষ্টেট ট্রেডিং কর্পোরেশন জেলায় জেলায় পাটের তারতম্য অনুসারে যে নির্দিষ্ট দর স্থির করিয়া দিয়াছেন সেই দরেই পাট কেনা হইয়াছে।

## সাগরদীঘি থানায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ

186. (Admitted question No. 257.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাগরদীঘি থানায় কত বিঘা জমি সরকারে ন্যস্ত;

(খ) উক্ত ন্যস্ত জমির কতটা সরকারের দখলে এবং কতটা বিলি-বন্দোবস্ত হইয়াছে; এবং

(গ) এই থানায় কোন বেনামী জমি আছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) সাগরদীঘি থানায় মোট ২,৭১৪'৬৬ একর জমি সরকারে ন্যস্ত হইয়াছে।

(খ) উক্ত জমির মধ্যে সরকার মোট ১,২৮১'০৬ একর জমি দখল লইয়াছেন এবং মোট ৮৯১'৯৩ একর জমি বন্দোবস্ত দিয়াছেন।

(গ) এই থানায় মোট ৪৪৮'০৫ একর বেনামী জমি ধরা পড়িয়াছে।

## এগ্রো ইণ্ডাস্ট্রিজ করপোরেশনের পুঁজির পরিমাণ

187. (Admitted question No. 283).

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (এগ্রো ইণ্ডাস্ট্রিজ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গ সরকারের এগ্রো ইণ্ডাস্ট্রিজ করপোরেশনের ক্যাপিট্যাল (পুঁজি) কত?

**The Minister for Agriculture and Community Development :**

এগ্রো ইণ্ডাস্ট্রিজ করপোরেশনের অনুমোদিত মূলধন ২ কোটি টাকা ছিল। বর্তমানে তিন কোটি টাকা করা হইয়াছে।

## এগ্রো ইণ্ডাস্ট্রিজ করপোরেশন

188. (Admitted question No. 285.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন (এগ্রো ইণ্ডাস্ট্রিজ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে এগ্রো ইণ্ডাস্ট্রিজ করপোরেশন কত সেট পাম্প বিক্রয় করিয়াছে; এবং

(খ) উক্ত সময়ে উহার কত চাহিদা ছিল?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) ১৯৬৯ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ৫,৮৩১টি পাম্প সেট বিক্রয় হইয়াছে।

(খ) ৮,১৩৪টি পাম্পের চাহিদা ছিল।

## শিল্প স্থাপনের জন্য লাইসেন্সপ্রাপ্ত প্রার্থীর সংখ্যা

189. (Admitted question No. 311.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিল্প স্থাপনের জন্য পশ্চিমবঙ্গে কতজন প্রার্থী ১৯৬৯-৭০ সালে অদ্যাবধি লাইসেন্স পাইয়াছেন; এবং

(খ) নতুন শিল্প স্থাপনের কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Commerce and Industries :**

(ক) আলোচ্য সময়ে পশ্চিমবঙ্গে ইণ্ডাস্ট্রিজ (ডেভেলপমেণ্ট অ্যাণ্ড রেগুলেশন) অ্যাক্ট, ১৯৫১, অনুযায়ী মোট ৪৬টি লাইসেন্স দেওয়া হইয়াছে।

(খ) হাঁ।

## শিল্প বিস্তারের সামগ্রিক পরিকল্পনা

190. (Admitted question No. 312.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের উন্নয়নকল্পে শিল্প বিস্তারের কোন সামগ্রিক (কমপ্রিহেনসিভ) পরিকল্পনা আছে কি?

**The Minister for Commerce and Industries :**

না, অর্থাভাবহেতু সম্ভব হয় নাই। তবে সাধারণভাবে বলিতে গেলে বিদ্যুৎশক্তির উৎপাদন বৃদ্ধি, হলদিয়া, সাঁওতালডিহি ইত্যাদি নতুন শিল্পাঞ্চল প্রতিষ্ঠার জন্য ব্যবস্থা, কারিগরি শিক্ষার সুবিধা প্রবর্তন, অর্থ সরবরাহ প্রতিষ্ঠানগুলি হইতে সাধ্যমত ঋণদান ও খনিজ সন্ধানের জন্য ব্যাপক প্রচেষ্টা ইত্যাদি বিষয়ে সীমিত আর্থিক সঙ্গতির মধ্যেও সরকার যথাসাধ্য চেষ্টা করিয়া যাইতেছেন।

## পাটের দর

191. (Admitted question No. 340.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে (জানুয়ারি) সরকার কর্তৃক নির্ধারিত পাটের দর কত; এবং

(খ) গত বছর এই সময় উহার দর কত ছিল?

**The Minister for Agriculture:**

(ক) জানুয়ারি মাসে সরকার কর্তৃক নির্ধারিত পাটের দর ছিল কুইণ্টাল প্রতি ১০৭ টাকা ১৭ পয়সা (মণ প্রতি ৪০ টাকা)। বর্তমানে উক্ত দরই বলবৎ আছে।

(খ) গত বছরে উক্ত সময় উহার দর একইরূপ ছিল।

## মণীন্দ্র মিল চালু করার ব্যবস্থা

192. (Admitted question No. 344.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১০ই জুলাই ১৯৬৯ তারিখে প্রদত্ত তারকিত *৮১ (অনুমোদিত প্রশ্ন নং *১০৫) নং প্রশ্নের উত্তরের পরে উক্ত মণীন্দ্র মিলটি চালু করা বা কেন্দ্রীয় সরকারের প্রস্তাব অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা বিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Commerce and Industries:**

আইনগত নানা অসুবিধা ও মিল কর্তৃপক্ষের ঔদাসীন্যের জন্য সরকার এ বিষয়ে অগ্রসর হইতে পারেন নাই।

## কান্দী মহকুমায় সালার-ভরতপুর রাস্তা

193. (Admitted question No. 372)

**শ্রীসনৎকুমার রাহা:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন, কান্দী মহকুমায় সালার-ভরতপুর রাস্তার মধ্যে বিনোদিয়া বিল থাকায় বর্ষাকালে মোটর বাস (যাত্রী গাড়ী) যাতায়াত করিতে পারে না; এবং

(খ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) বিনোদিয়া বিলের উপর বর্তমানে একটি ভেনটেড কজওয়ে আছে। বর্ষাকালে, বিশেষত প্রবল বর্ষার সময়ে উল্লিখিত কজওয়েটি জলপ্লাবিত হইলে কিছুদিনের জন্য যাত্রীবাহী মোটর বাস চলাচল বিঘ্নিত হয়।

(খ) সালার-ভরতপুর রাস্তাটি কান্দী-ভরতপুর-সালার রাস্তার অংশ। কান্দী-ভরতপুর রাস্তায় তিনটি সেতু নাই। পূর্ত (সড়ক) বিভাগ বর্তমানে উহার মধ্যে একটি সেতু নির্মাণকার্য শুরু করিয়াছেন। প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে বাকী দুইটি সেতুর নির্মাণকার্যও পূর্ত (সড়ক) বিভাগ আরম্ভ করিবেন। উল্লিখিত তিনটি সেতুর নির্মাণকার্য সম্পন্ন হইবার পরে সরকার ভরতপুর-সালার রাস্তায় অবস্থিত বিনোদিয়া বিলের উপরে স্থায়ী সেতু নির্মাণের প্রশ্ন প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে বিবেচনা করিবেন।

## মানকরা মৌজায় সরকারে ন্যস্ত জমি

194. (Admitted question No. 428.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বহরমপুর সার্কেলের অন্তর্গত মানকরা মৌজায় ৮৫·০৭ একর জমি যাহা জমিদার কর্তৃক সরকারে ন্যস্ত হয় উক্ত জমি বর্তমানে ব্যক্তিগত দখলে আছে, উহার কারণ কি ?

**The Minister for Land and Land Revenue :**

মোট জমির পরিমাণ ৭৪·৮০ একর। মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত একটি নিষেধাজ্ঞা জারির জন্য সরকার ঐ জমি দখল লইতে পারেন নাই।

## পশ্চিমবঙ্গে প্রকাশিত সাহিত্যপত্র-পত্রিকার সংখ্যা

195. (Admitted question No. 493.)

**শ্রীকালীপদ মণ্ডল ঃ** স্বরাষ্ট্র (প্রেস) বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি পশ্চিমবঙ্গে প্রকাশিত সাহিত্যপত্র-পত্রিকার সংখ্যা কত ?

**The Minister for Home (Press) Department :**

ভারতের প্রেস রেজিষ্ট্রারের সর্বশেষ প্রাপ্ত বার্ষিক বিবরণী হইতে দেখা যায় যে পশ্চিমবঙ্গে প্রকাশিত প্রায় ১,৪০৯ খানি পত্র-পত্রিকার মধ্যে প্রায় ২৯৩ খানি পত্র-পত্রিকা প্রধানতঃ সাহিত্য বিষয়ক।

## লেলিনের প্রতিমূর্তি

196. (Admitted question No. 525.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকার মহান বিপ্লবী নেতা লেলিনের কোন প্রতিমূর্তি উপহার হিসাবে পাইয়াছেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তাহা হইলে ঐ প্রতিমূর্তি কোথায় স্থাপিত হইবে ?

**The Minister for Public Works :**

(ক) ইন্দো-সোভিয়েট কাল্‌চারাল সোসাইটির পশ্চিমবঙ্গ রাজ্যশাখার নিকট হইতে একটি প্রস্তাব পাওয়া গিয়াছে। কোনও মূর্তি এখনও পাওয়া যায় নাই।

(খ) এস্‌প্লানেডের দক্ষিণ-পশ্চিম কোণে ঐ মূর্তি স্থাপিত হইবে বলিয়া আশা করা যায়।

## বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা

197. (Admitted question No. 401.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** ত্রাণ ও সমাজকল্যাণ (সমাজকল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে মোট কতজন নূতন লোককে বার্ধক্যভাতা দেওয়া হইতেছে; এবং

(খ)* মোট বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা কোন্ জেলায় কত ?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) ১৯৬৯-৭০ সালে এ রাজ্যে (৩১-এ ডিসেম্বর ১৯৬৯ পর্যন্ত) মোট ৯৫৯ জন নূতন লোককে বার্ধক্যভাতা দেওয়া হইতেছে।

(খ) জেলাভিত্তিক তথ্য নিয়ে দেওয়া হইল :

| জেলা | | প্রাপকের সংখ্যা |
|---|---|---|
| ১। কলিকাতা | .... | ১,২৮৭ |
| ২। বাঁকুড়া | .... | ৪১৫ |
| ৩। বর্ধমান | .... | ৭৯৬ |
| ৪। বীরভূম | .... | ৩৫ |
| ৫। হুগলী | .... | ১,০০৯ |
| ৬। মেদিনীপুর | .... | ৬৬৭ |
| ৭। পুরুলিয়া | .... | ১৩৯ |
| ৮। হাওড়া | .... | ২৫৪ |
| ৯। ২৪-পরগণা | .... | ৯৪১ |
| ১০। নদীয়া | .... | ৭১৬ |
| ১১। মুর্শিদাবাদ | .... | ৩৮৩ |
| ১২। মালদহ | .... | ২৬৩ |
| ১৩। পশ্চিম দিনাজপুর | .... | ৩৫০ |
| ১৪। জলপাইগুড়ি | .... | ৩৫০ |
| ১৫। কুচবিহার | .... | ৩৫৯ |
| ১৬। দার্জিলিং | .... | ৯৯ |
| মোট | .... | ৮,০৫৮ |

## কুড়মুন মৌজায় সেচদাঁড়া করার প্রস্তাব

198. (Admitted question No. 612.)

**শ্রীদেবব্রত দত্ত :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি বর্ধমান থানায় কুড়মুন মৌজায় ৬ এক ক্যানেল হইতে একটি সেচদাঁড়া কাটিবার জন্য গ্রামবাসীদের নিকট হইতে কোন দরখাস্ত পাইয়াছেন ; এবং

(খ) পাইয়া থাকিলে উক্ত দরখাস্ত কবে পাইয়াছেন এবং এবিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) হ্যাঁ।

(খ) নির্বাহী বাস্তুকার, দামোদর ক্যানেল ডিভিসান, দরখাস্তটি ১৬-১-৬৯ তারিখে পেয়েছেন। এ বিষয়ে কোন প্রকল্প তৈয়ারী করা যায় কিনা সেজন্য অনুসন্ধান চলিতেছে।

## নয় বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব

199. (Admitted question No. 677.)

**শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, অনূর্ধ নয় বিঘা পর্যন্ত জমির মালিকদের খাজনা মাপ করা আইনটি কার্যকরী করা হইতেছে কিনা ?

**Thi Minister for Land and Land Revenue :**

হ্যাঁ।

### যক্ষ্মা হাসপাতালে ভর্তির জন্য অপেক্ষমানদের তালিকা

200. (Admitted question No. 706.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ভর্তির জন্য অপেক্ষমান তালিকায় প্রত্যেকটি যক্ষ্মা হাসপাতালে কতজনের নাম তালিকাভুক্ত আছে ?

**The Minister for Health :**

৩১শে ডিসেম্বর, ১৯৬৯ তারিখের সংখ্যাগুলি নিম্নে প্রদত্ত হইল :—

| ক্রমিক সংখ্যা | হাসপাতালের নাম | অপেক্ষমান টি. বি. রোগীর সংখ্যা |
|---|---|---|
| (১) | কাঁচরাপাড়া টি. বি. হাসপাতাল, নদীয়া .... .... | ৫৫ |
| (২) | ধুবুলিয়া টি বি. হাসপাতাল, নদীয়া .... .... | ৮৫ |
| (৩) | এম. আর. বাঙ্গুর স্যানাটোরিয়াম, ডিগরী, মেদিনীপুর .... .... | ৪১ |
| (৪) | কে. এস. রায় টি. বি. হাসপাতাল, যাদবপুর, কলিকাতা-৩২ .... | ২১ |
| (৫) | এস. বি. দে স্যানাটোরিয়াম, কার্সিয়াং .... .... | ২০ |
| (৬) | শান্তিপুকুর টি. বি. হাসপাতাল, কলিকাতা .... .... | ১৮ |
| (৭) | নেহেরু চেষ্ট ক্লিনিক এণ্ড হাসপাতাল, ব্যারাকপুর .... .... | ১৭ |
| (৮) | শ্রীরামপুর গৌরহাটি টি. বি. হাসপাতাল, হুগলী .... .... | ৮ |
| (৯) | বালানন্দ ব্রহ্মচারী সেবায়তন, কলিকাতা .... .... | ১ |
| (১০) | জি. কে. খেমকা চেষ্ট ক্লিনিক এণ্ড হাসপাতাল, কলিকাতা .... | ৫ |
| (১১) | নিরাময় টি. বি. স্যানাটোরিয়াম, গিরিডাঙ্গা বীরভূম ... .... | ২ |
| (১২) | কে. পি. গুহ টি. বি. হাসপাতাল, রাণাঘাট, নদীয়া .... .... | ৪ |
| (১৩) | রাণী অশ্রুমতী টি. বি, হাসপাতাল, জলপাইগুড়ি .... .... | ২ |
| (১৪) | রামকৃষ্ণ মিশন টি. বি. স্যানাটোরিয়াম, রাঁচী .... .... | ৫ |
| (১৫) | মহাদেবী বিড়লা টি. বি. স্যানাটোরিয়াম, রাঁচী ... ... | ১৩ |

### বেলঘরিয়ায় সরকার পরিচালিত সিরামিক কারখানা

201. (Admitted question No. 658.)

**শ্রীসনৎকুমার রাহা :** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বেলঘরিয়ায় সরকার পরিচালিত সিরামিক কারখানা কবে (১) প্রতিষ্ঠিত এবং (২) চালু হইয়াছে এবং অদ্যাবধি ইহার লাভ-লোকসানের পরিমাণ কত ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(১) উক্ত কারখানা ১৯৫৮-৫৯ সালে প্রতিষ্ঠিত এবং (২) উক্ত কারখানা ১৯৫৮-৫৯ সালে চালু হইয়াছে।

যেহেতু এই সিরামিক স্কীমটী পুরাপুরি ব্যবসাভিত্তিক উৎপাদন সংস্থা নয় সেই জন্য ব্যবসাভিত্তিক লাভ-লোকসানের হিসাব ( প্রোফরমা অ্যাকাউন্ট ) রাখা হয় না।

এখানে যে স্কীমটি চালু আছে তাহার একটি অংশ বেলিয়াঘাটাতেও চলিতেছে। বেলঘরিয়ার জন্য এই স্কীম বাবদ কোন পৃথক হিসাব রাখা হয় না। তবে এই স্কীমটির ( বেলিয়াঘাটা ও বেলঘরিয়া মিলিয়া ) বাৎসরিক জমাখরচের হিসাব নিম্নলিখিতরূপ :—

| বৎসর | | | পৌণঃপুনিক খরচ টাকা | আদায় টাকা |
|---|---|---|---|---|
| ১৯৫৮-৫৯ | .... | .... | ৯৪,৪১২ | ১,২০,৯৬৩ |
| ১৯৫৯-৬০ | .... | .... | ১,৮১,৬৪৩ | ১,৮৬,১৬৪ |
| ১৯৬০-৬১ | .... | .... | ১,০৭,৬৭৩ | ১,৩৫,৩২২ |
| ১৯৬১-৬২ | .... | .... | ২,৩৮,৭১২ | ২,৬৬,৭৬৩ |
| ১৯৬২-৬৩ | .... | .... | ৩,১৫,৬২৬ | ৩,১৩,২১০ |
| ১৯৬৩-৬৪ | .... | .... | ২,০৪,৫৩৫ | ১,৩৬,১৭৮ |
| ১৯৬৪-৬৫ | .... | .... | ২,৩৪,৯১০ | ২,৬৭,৪৭১ |
| ১৯৬৫-৬৬ | .... | .... | ২,৬৮,৮১৪ | ২,২৯,৬০১ |
| ১৯৬৬-৬৭ | .... | .... | ২,৮৩,৩০৪ | ১,৬৮,৬০০ |
| ১৯৬৭-৬৮ | .... | .... | ৪,১৪,৬৯৫ | ২,১৩,০৫৪ |
| ১৯৬৮-৬৯ | .... | .... | ৮,৪৪,৮৫১ | ৪,৮২,২২৯ |
| | | | ৩১,৮৮,৬৭৫ | ২৫,১৪,৫৫৫ |

## গ্রামে কৃষি শ্রমিকদের কাজের সংস্থান

202. (Admitted question No. 1094.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে গ্রামের কৃষি শ্রমিকরা বৎসরের অধিকাংশ সময় বেকার থাকেন ; এবং

(খ) অবগত থাকিলে শীত ও বর্ষাকাল ব্যতীত অন্য সময়েও যাহাতে তাঁহারা কাজ পাইতে পারেন এ বিষয়ে সরকার কোন পরিকল্পনা করার বিষয়ে চিন্তা করিতেছেন কি ?

**The Minister for Labour :**

(ক) হাঁ।

(খ) এ পর্যন্ত সরকার কোনও নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করিতে পারেন নাই।

## মুর্শিদাবাদ জেলার বিভিন্ন জমির বিবরণ

203. (Admitted question No. 353.)

**শ্রীসনৎকুমার রাহা :** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার কোন্ সার্কেলের—

(১) কৃষিযোগ্য জমি আবাদ হয় ;

(২) কৃষিযোগ্য পতিত জমি ;

(৩) অকৃষিযোগ্য পতিত জমি ;

(৪) কত কৃষি জমি সরকারের ন্যস্ত ;

(৫) কত কৃষি জমি সরকারের দখলে ;
(৬) কত ন্যস্ত কৃষি জমি বণ্টন করা হইয়াছে ; এবং
(৭) কত ন্যস্ত কৃষি জমি মামলাধীন এবং কত বৎসর হইতে মামলাধীন আছে ?

**The Minister for Land and Land Revenue :**
একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**বিভিন্ন জেলায় কৃষি, সার এবং গবাদিক্রয় ঋণ বাবত বরাদ্দকৃত অর্থের পরিমাণ**

204. (Admitted question No. 544.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চলতি আর্থিক বৎসরে কোন্ জেলায় কৃষিঋণ, সার ঋণ, গবাদি ক্রয় ঋণ ইত্যাতি বাবত চাষীদেরকে কত টাকা বরাদ্দ করা হইয়াছিল এবং ১৫ই জানুয়ারী পর্যন্ত কোন জেলায় কত টাকা দেওয়া হইয়াছে ?

**The Minister for Agriculture and Cammunity Development :**
এই বিষয়ে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## Adjournment Motion

**Mr. Speaker :** I have received 9 notices of Adjournment Motions on the following subjects, namely :

Clash between C P.I. (M) and Forward Block supporters in Narkeldanga and Manicktola areas on 12-2-70—notices given by—

Shri Santosh Kumar Ray
Shri Abdus Sattar
Shri Jatindra Mohan Ray
Shri Md. Sohorab
Shri Md. Idris Ali and
Shri Gyan Singh Sohanpal.

The Motion relates to a phase of a matter continuing for some time. Consent is therefore, withheld. The Minister may, however, make a statement now or at any convenient date.

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাদের adjournment motion-এ আপনার consent withheld করছেন ? এত বড় একটা ঘটনা ঘটেছে আপনি চোখ বন্ধ করে রাখছেন। তাহলে এখানে এই Chapter IX dealing with the motion for adjournment on a public importance কি জন্য রেখেছেন ?

**শ্রীযতীন চক্রবর্তি :** On a point of order, Sir, আপনাকে উনি challenge করছেন।

**শ্রীআবদুস সাত্তার :** আপনি আমাকে আগে বলতে দিন।

**Mr. Speaker :** He has raised a point of order. I am bound to hear him first and I will hear you next.

**শ্রীযতীন চক্রবর্তি :** Sir, আপনি adjournment motion disallow করবার জন্য কারণ দেখিয়েছেন। আমার point of order হচ্ছে এই যে, আপনি কারণ দেখিয়েছেন, সেই সম্পর্কে কোন আলোচনা চলতে পারে কিনা?

**শ্রীআবদুস সাত্তার :** কোন কারণ দেখাননি।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** এখানে সব ভুল তথ্য পরিবেশন করা হচ্ছে।

**শ্রীযতীন চক্রবর্তি :** আপনি স্যার, adjournment motion disallow করেছেন। তারপর এই নিয়ে আর কোন আলোচনা চলতে পারে কিনা এই হচ্ছে আমার point of order.

**মিঃ স্পীকার :** এই motion সম্পর্কে আমি আমার রুলিং দিয়েছি, এবং তাতে আমার reasoning-ও দিয়েছি—এই,—The motion relates to a phase of a matter continuing for some time. Consent is withheld. The Minister may, however, make a statement now or at any convenient time.

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা বলা অত্যন্ত অন্যায় হচ্ছে। আমাদের বক্তব্য এখানে রাখতে দেবেন না? আপনি এই মোশান সম্পর্কে আপনার consent withheld করে যে নোটিশ পাঠিয়েছেন তাতে কোন কারণ দেওয়া হয় নাই। তোমরা কিছু বলতে পারবে না—যা কিছু মিনিষ্টার বলতে পারেন। কোন্ আইনে আপনি এই adjournment motion refuge করছেন এবং মিনিষ্টারকে বলতে permission দেওয়া হচ্ছে?

**Shri Jatin Chakravarty :** He may disallow.

**Shri Siddhartha Sankar Roy :** We protest most emphatically against this discrimination.

আজকে নারকেলডাঙ্গায় যে ঘটনা ঘটেছে, কয়েকদিন ধরে ঘটছে,—কালকে নতুন ঘটনা ঘটেছে—সেটাই এই adjournment মোশানে বলা হয়েছে। একটা মৃতদেহ নিয়ে একটা শোভাযাত্রা এখানে এসে হাজির হবে। আমরা কি এই ব্যাপারে চুপ করে বসে থাকবো কানে তুলো দিয়ে?

[ 2-10—2-20 p.m. ]

**মিঃ স্পীকার :** এই রকম জিনিস রোজ রোজ বার বার হচ্ছে। আমাদের হাউসের বিজ্‌নেস চালাতে হবে তো।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** স্যার, আমি এর একটা বিচার চাচ্ছি যে আমাদের বক্তব্য কিছু বলতে দিচ্ছেন না নারকেলডাঙার ঘটনা সম্বন্ধে কিন্তু আপনি বলছেন দি অনারেবল্ মিনিষ্টার মে মেক এ ষ্টেটমেণ্ট।

**মিঃ স্পীকার :** আমি তা বলিনি, আমি বলেছি The Minister may, however, make a statement, if he likes, now or any convenient hour today.

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** তার মানে কি সেই ষ্টেটমেণ্টের উপর বিতর্ক হবে? আমরা বিতর্ক চাই—য়্যাডজের্নমেণ্ট মোশান আনা হয় বিতর্কের জন্য। আমি তো শুনিনি কখনও এই রকম যে য়্যাডজোর্নমেণ্ট মোশান রিফিউজ করে মিনিষ্টারকে রাইট দেয়া হচ্ছে একটা প্রকাণ্ড রিপ্লাই দিতে। সেই রিপ্লাই-এর উপর বিতর্ক হওয়া উচিত। মিনিষ্টার যদি ভুল তথ্য দেন তাহলে আমরা কিছু বলতে পারব না?

**শ্রীযতীন চক্রবর্তি :** সে বাজেট ডিস্কাশানের সময় বলবেন।

(তুমুল হট্টগোল)

**শ্রী এস এম ফজলুর রহমান :** স্যার, আমি একটা কথা বলতে চাই...

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** দুঃখের সঙ্গে বলতে হচ্ছে....

**শ্রীযতীন চক্রবর্তি :** স্যার, ইণ্ডিকেট, না সিণ্ডিকেট বলবেন সেটা আপনি ঠিক করে দিন।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় :** রাস্তায় গুণ্ডামী করবেন কোন এক বিশেষ দলের লোকেরা আর এখানে সিণ্ডিকেট, ইণ্ডিকেট করছেন—এতে কিছু লাভ হবে না।

( তুমুল হট্টগোল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখিয়ে দিন কোন আইনে আপনি অ্যাডজোর্নমেণ্ট মোশান রিফিউজ করে আবার মিনিষ্টারকে ষ্টেটমেণ্ট দিতে দিতে পারেন। যদি আপনি মিনিষ্টারকে ষ্টেটমেণ্ট দিতে দেন তাহলে আপনি স্বীকার করে নিচ্ছেন যে it is a matter of urgent public importance. তা' নাহলে কেন মিনিষ্টারকে ষ্টেটমেণ্ট দিতে দিচ্ছেন। কাজেই matter of urgent public importance যে মুহূর্তে আপনি স্বীকার করে নিচ্ছেন সেই মুহূর্তে আপনাকে অ্যাডজোর্নমেণ্ট মোশান অ্যাডমিট করতে হবে। আমরা মনে করি আপনার অর্ডার with all due respect is wholly inconsistent. কেননা একদিকে আপনি মনে করছেন, this is an important matter and of public importance. তার জন্য Minister may make a statement আপনি বলছেন, অন্যদিকে অপোজিসন্‌কে বলছেন তোমরা কিছু বলতে পারবে না, চুপচাপ থাকবে। আমরা কোন যুগে আছি কিছুই বুঝতে পারছি না। কাজেই আমি এই প্রশ্নটা আপনার কাছে রাখছি।

**শ্রী এস. এম. ফজলুর রহমান :** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, মোশান যত রকমেই আসুক বিভিন্ন প্রকারের মোশান দিতে পারেন মেম্বাররা, তাঁদের রাইট অ্যাণ্ড প্রিভিলেজ আছে এবং প্রত্যেক মোশানে আপনার বক্তব্য থাকে এবং সেই বক্তব্য অনুসারে মুভার অব দি মোশান-এর কিছু অধিকার আছে। কলিং এটেনসনের নোটিশ যেটা দেওয়া হয়, কলিং এটেনসন ইজ এ মোশান। কলিং এটেনসন যখন দেওয়া হয়, তখন আপনি মিনিষ্টারদের বলেন যে একটা সাব-সিকোয়েণ্ট ডেটে, হেয়ার অ্যাণ্ড নাড, পরে সুবিধাজনকভাবে উত্তর দিতে। এখানে এই অ্যাডজোর্নমেণ্ট মোশানের গুরুত্ব যদি আপনি উপলব্ধি করে থাকেন, রিসেণ্ট অকারেনস্ যদি হয়ে থাকে তাহলে সেই গুরুত্ব উপলব্ধি করে আপনার ডিস্‌ক্রিসন আছে সেই অ্যাডজোর্নমেণ্ট মোশান এলাউ করার। কিম্বা ইন এ্যাবসেন্‌স অব দ্যাট ইউ ক্যান্‌নট গো বিয়ণ্ড দ্যাট ম্যাটার। আপনি একবার কলিং এ্যাটেনসন দিচ্ছেন, সাথে সাথে কলিং এ্যাটেনসান্ কনভার্ট করে মিনিষ্টারকে বলছেন আপনি তার উত্তর দেবেন অন সাবসিকোয়েণ্ট ডেট। দ্যাট ইজ নট কারেক্ট।

**Mr. Speaker :** I am not going to hear anything on the ruling that I have given having regard to the importance of the matter ( noise and interruptions ). If I have heard you I expect you will hear me. If you do not I am helpless....(noise and interruptions)...You have lost the patience to hear me. What can I do ? (noise and interruptions). I have given the ruling which is supported by the precedents not only of this House but also of the Lok Sobha and everywhere. I am fortified by the ruling. I stick to the ruling and I have disallowed the adjournment motion.

**শ্রীবিজয়সিং নাহার :** স্পীকার, স্যার, আমি আপনার এদিকে দৃষ্টি আকর্ষণ করছি—আপনি এইমাত্র বললেন যে, ইমপর্ট্যান্স অব দি সিচুয়েসান এবং আপনি মন্ত্রিমহোদয়কে বিবৃতি দিতে বলেছেন। কাজেই আপনি ইম্পর্ট্যান্স স্বীকার করেছেন। কলকাতা সহরে আপনিও থাকেন, আর আমরাও বহুদিন ধরে রয়েছি। আজকে যদি কলকাতা সহরের লোকদের কেউ গুলি করে,

বোমা মারে তাহলে আপনি তার ইম্পর্ট্যান্স মনে করছেন কিনা—প্রতিদিন যা হয় আপনি নিশ্চয়ই ইম্পর্ট্যান্স মনে করেছেন—সেইজন্য আমি বলব আপনার এমন কিছু অসুবিধা হবে না, আপনি আমাদের ডিসকাস করতে দিন, জানাতে দিন। আমরা এখানে কিভাবে আছি, আপনি কিভাবে আছেন সেটা আপনি নিজেই জানেন। আপনাকে টেলিফোন করে ভয় দেখান হয়েছে, তাই আজকে আপনি পুলিশ নিতে বাধ্য হয়েছেন যা আজকের কাগজে বেরিয়েছে—আপনি তা অস্বীকার করেননি।

(গোলমাল)

**শ্রীযতীন চক্রবর্তি :** কংগ্রেসের লোকেরাই তো ভয় দেখিয়েছে।

**Mr. Speaker :** I will not allow any discussion ou my ruling. Right or wrong—that is the ruling of the Chair. So long I am here I will stick to that. The ruling that I have given is supported by the precedents of this House as also of the House of Commons and everywhere. You will get an opportunity just to mention all these things in the course of Budget discussion. You will also get earlier opportunity to mention this thing. This is a continuing matter and the mover himself has admitted in his motion and, therefore, I hold that as this is a continuing matter this is not a fit case for adjournment motion.

....(noise and interruptions)....

**শ্রীনেপালচন্দ্র রায় :** মিঃ স্পীকার, স্যার, আজকে আমি একজন পুলিশ অফিসারকে আপনার ঘরে দেখলাম। আমি জিজ্ঞাসা করলাম, আপনার ঘরে পুলিশ কেন? আজকে কাগজে দেখলাম আপনাকে টেলিফোনে ভয় দেখানো হয়েছে স্যার, আপনি একজন ঐতিহাসিক স্পীকার, আজকে আপনাকে পুলিশ বেষ্টনীর মধ্য দিয়ে এই হাউসের মধ্যে আসতে হচ্ছে।

**Mr. Speaker :** Hon'ble Mr. Roy, please take your seat.

**শ্রীনেপালচন্দ্র রায় :** স্যার, আমাদের লজ্জা হচ্ছে যে, আমরা আজকে কোথায় বাস করছি। আপনি স্যার, সারা বাংলাদেশকে প্রোটেকসান দেবেন, তা না করে আপনাকেই আজকে পুলিশ প্রোটেকসানের মধ্য দিয়ে হাউসে আসতে হচ্ছে। এর চেয়ে লজ্জাজনক, কলঙ্কময় ইতিহাস বাংলাদেশে আর কখনও আমরা দেখিনি।

**Mr. Speaker :** Mr. Roy, what are you doing? I ask you to take your seat.

**শ্রীনেপালচন্দ্র রায় :** স্যার, আপনার মত মানুষকে টেলিফোন করে থ্রেটনিং দিয়েছে যে, আপনার কেসিয়্যাল জিওগ্রাফি চেঞ্জ করে দেবো। স্যার, এই রকম কথা বলবে তাও আমাদের এখানে দাঁড়িয়ে সহ্য করতে হবে? সেইজন্য আমার বক্তব্য হচ্ছে আপনি আমাদের আলোচনা করবার সুযোগ দিয়ে মুখ রক্ষা করুন।

**Mr. Speaker :** Mr. Ray, be careful please. There is a limit to human patience.

[2-20—2-30 p.m.]

**Shri Santosh Kumr Roy :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, viz., incident of violent clashes as vigorously renewed in the city of Calcutta involving mainly the Maniktolla and Beliaghata areas on the 12th February, 1970 in which deadly weapons like guns, revolvers, bombs and daggers were freely used by a group

of miscreants belonging to C. P. M. and their rival party in broad day-light in presence of police which brought about the tragic death of two youngmen and injuries to at least 20 persons, predicting the horrors of civil war in West Bengal.

স্যার, কোলকাতার নাগরিকদের বসবাস করবার ব্যবস্থা করতে বা তাদের রক্ষা করতে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ব্যর্থ হয়েছেন। সুতরাং······ ( গোলমাল )

এতবড় গুরুত্বপূর্ণ ব্যপার যদি আপনি আলোচনা করতে না দেন তাহলে অন্যায় কাজ হবে। ······( গোলমাল )

আজকে দেশের যা অবস্থা তাতে বলতে চাই যে দেশের মানুষ এই সভার প্রতি বা আপনার প্রতি যে দায়িত্ব দিয়েছেন আমরা আশা করি তা থেকে আপনি বিচ্যুত হবেন না। ······ ( গোলমাল )

**Mr. Speaker :** Mr. Roy, please take your seat, please obey the Chair.

( গোলমাল )

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** স্যার, মাননীয় সন্তোষ রায় মহাশয় যে প্রস্তাব রেখেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি।

( গোলমাল )

**Mr. Speaker :** Dr. Sanyal, please take your seat. If you do not follow the rules then I am helpless, Dr. Jainal Abedin..................( noise and interruptions )..........

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** স্যার, আপনার কাছে আমার নিবেদন হচ্ছে এই যে অনুমোদন প্রত্যাহার করেছেন সেটা আপনি উঠিয়ে দিন। ( গোলমাল )

স্যার, আপনি ন্যায়সংগতভাবে চলুন, আমরা পেছনে আছি। আপনাকে ওরা কান ধরে ওঠাচ্ছে বসাচ্ছে, আপনি কারুর হাতের খেলার পুতুল হয়ে থাকবেন না। তাছাড়া কারুর প্রভাবে নিজের বিচার বুদ্ধি হারাবেন না। আপনার সম্মান আমরা রক্ষা করতে চাই। কাজেই স্যার, আমি আবার বলব যে, যে প্রস্তাব এসেছে সেটা আপনি আলোচনা করতে দিন।

( গোলমাল )

এটা অত্যন্ত ক্ষোভের বিষয় এবং আমি বলবো যে, আপনি কারো হাতের খেলার পুতুল হবেন না এবং কারোর প্রভাবে আপনি নিজের বিচারবুদ্ধি হারাবেন না, আমরা তাই চাই আমরা আপনার সম্মান রক্ষা করতে চাই। সেই জন্য বলছি, এই প্রস্তাব আলোচনা হওয়া উচিত এবং আলোচনা হতে দিন। যে প্রস্তাব এখানে এসেছে সেটা সমর্থন করছি এবং আপনি দয়া করে এটা আলোচনা করতে দিন। তা নাহলে হাউসের অবমাননা করা হবে, এবং আপনারও অবমাননা করা হবে। আমরা চাই, আপনি আপনার নিজের কর্তব্য অনুযায়ী চলুন, সেই অনুরোধ আপনাকে করছি। ইতিপূর্বে যাই করুন না কেন······( গোলমাল ) ··

**Mr. Speaker :** I shall now take up the next item.

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষমহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, এই হাউসের সদস্যদের প্রিভিলেজ আছে তাদের নিজেদের এ্যাডজোর্নমেন্ট মোশানকে টেবিলড করা এবং আমি নিজেও এ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছি টেবিলে। আজকে এতক্ষণ ধরে যে বিজনেস পরিচালনা করেছেন তাতে একবারও আপনি বললেন না। আমিও এ্যাডজোর্নমেন্ট মোশান দিয়েছি এবং আমার বিষয়বস্তু পড়ার অনুমতি দেবেন। আপনি অন্য বিষয়ে বলে যাচ্ছেন এবং এটা

অত্যন্ত দুঃখের বিষয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রুল ২২৬-এ প্রিভিলেজ মোশান আপনার কাছে দিয়েছি। আপনার যে বিজনেস রয়েছে তাতে প্রিভিলেজের সুযোগ দিতে পারলেন না। আজকে দেখছি মাননীয় পরিষদীয় মন্ত্রী মহাশয় সবাইকে উস্কানি দিয়ে বেড়াচ্ছেন।

**Shri Jatin Chakravorty:** You are stalling the proceedings of the House. So I was requesting the Speaker to get you out.

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, ঐ মন্ত্রী মহাশয়ের মস্তিষ্ক বিকৃতি ঘটেছে বলে আমার ধারণা।

**Mr. Speaker:** What is your point of order ?

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েণ্ট অব অর্ডার হচ্ছে এই যে, আমরা বিরোধীপক্ষ সংসদীয় গনতন্ত্রে আমাদের প্রতিটি প্রেসিডিংস-এ অংশ গ্রহণ করার অধিকার আছে। যদি একটা কোয়েশ্চেনও অপোজিশান দেয় এমনভাবে তাকে সাজান হয় যে, ৬টি কোয়েশ্চেনের সময় ব্যয় হয়ে যায়। আপনার যদি স্বদিচ্ছা থেকে থাকে তাতে আমরা সন্দেহ করছি না। কিন্তু আমরা সুযোগ পাইনা। আজকে আমার কোয়েশ্চেন ছিল, সেই সুযোগ দেন নি। এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছিলাম, আপনি সকলের নাম বললেন কিন্তু আমার যে এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছি, আমার যে অধিকার রয়েছে, সেটা পড়ার, সেই সুযোগ আমাকে দিলেন না।....

**মিঃ স্পীকার:** দেখুন এসব চোখের সামনে মিছে কথা বললেই হয়না। আমি ডেকেছি আপনি বলেন নি........(গোলমাল)....... You first take your seat.

**ডঃ জয়নাল আবেদিন:** আপনি মিছে কথা বললেন কেন? এই কি স্যার, আপনার আচরণ।

**মিঃ স্পীকার:** এখানে সবাই দেখেছে, শুনেছে আমি ডেকেছি। আপনারা আইন ভঙ্গ করছেন। আপনারা স্পীকারের নির্দেশ মানছেন না।

**Shri Siddhartha Shankar Roy:** You have rullied the dignity of the House. You have no control over your language. You are unfit to be the Speaker.

**মিঃ স্পীকার:** সিদ্ধার্থবাবু অত চোখ রাংগাবেন না। ওতে আমি ভয় পাই না। (নয়েজ এ্যাণ্ড ইনটারাপশান)......

[2-30—2-40 p.m.]

**Mr. Speaker:** I am calling Dr. Zainal Abedin.......

(noise and interruptions)

I shall have to carry on the business of this House.......

(noise and interruptions)

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়:** আপনি অন্যায় কথা বলেছেন আপনাকে withdraw করতে হবে।

(noise and interruptions)

**মিঃ স্পীকার:** কি হয়েছে যে আপনারা এই রকম করছেন।

**শ্রীসিদ্ধার্থ শংকর রায়:** আপনাকে দুঃখ প্রকাশ করতে হবে।

**Mr. Speaker:** I have never meant any insult. যদি তা হয়ে থাকে তাহলে I am extremely sorry for it.

**Dr. Zainal Abedin** : Sir, my adjournment motion runs thus : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely,—flagrant lawlessness have been let loose to such an extent that the trouble mongers have not spared the Speaker and have threatened his life even so much so that he has to move under heavy police guard and his residential home has to be guarded by strong police pickets thus depicting a grave prognosis of the democratic institutions in the State of West Bengal.

**শ্রীযতীন চক্রবর্ত্তী** : পুলিশ থেকে খবর পাওয়া যাচ্ছে কংগ্রেসের লোক এই রকম করছে।

**শ্রীবিজয় সিং নাহার** : স্যার, আপনার সম্বন্ধে আমরা জানবার আগে বাইরের লোকেরা জানতে পারে, কাগজে বেরোয়।

**মিঃ স্পীকার** : আমার police guard-এর দরকার নাই, মরে গেলে কষ্ট বেশী হবে না।

**শ্রীনেপালচন্দ্র রায়** : স্যার, কাল যখন আপনি ঘরে বসেছিলেন একজন পুলিশ অফিসার ঘরের চারিদিকে দেখছিলেন বোমা আছে কিনা।

**Shri Abdus Sattar** : This Assembly do now adjourn it business to discuss a definite matter of urgent public importance and ot recent occurrence, nemely,— That the inter party clashes in between C. P. I. (M) and the Forward Block supporters which are the daily occurences throughout West Bengal took the most serious and highly dangerous form in the nature of civil war in Narkeldanga and Maniktola areas on 12-2-70, when in the biggest ever clash 2 persons were killed and 20 others including the police officials seriously injured and in that violent clashes which started following an attack by 1000 C. P. I. (M) supporters upon a small group of Forward Block supporters, an assortment of weapons like short guns, revolvers, bombs, crackers, swords, spears, knives, lathis and soda water bottles were freely used, and the notable feature of the day's clash was about 300 most powerful bombs having a new kind of splinters-nuts and bolts and lighter in weight than the conventional ones, were used, and that one among the killed, Arun Bose of Shasthitola had a part of the skull and one of his eyes being blown off due to bomb explosion while the other, Harigopal Basak of Maniktola Main Road had been shot through his chest besides having one of his hands blown off by bomb charge. The series of vilent clashes which are going on unabated in the same areas since January 26 last lead us to think that the administration in West Bengal has totally collapsed and that a reign of terror and lawlessness is prevailing throughout West Bengal.

**শ্রীযতীন্দ্র মোহন রায়** : আমি আমার মোশনটা পড়ে দিচ্ছি। পশ্চিমবংগে আইন শৃঙ্খলাজনিত অবস্থার ক্রমবর্ধমান নিদারুণ দুঃখজনক অবনতি গত কল্যের বেলাঘাটা ও মাণিকতলা অঞ্চলে মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টি ও ফরওয়ার্ড ব্লক-এর মধ্যে প্রচণ্ড হাঙ্গামার উজ্জ্বল দৃষ্টান্তস্বরূপ—যাহতে সেখানের জনজীবন বিপর্যস্ত ও বিধ্বস্ত এবং দুইজন নিহত ও ২০ জন আহত। যাহা হইতে স্পষ্ট হয় যে মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টির দৌরাত্ম্য ও স্বৈরাচার পশ্চিমবংগের আইন শৃঙ্খলাকে জলাঞ্জলি দিচ্ছে ও গৃহযুদ্ধের সম্ভাবনাকে তীব্রতর করে তুলছে।

**Shri Md. Sohorab** : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurance, namely, that on Thursday, the 12th February, 1970 in violent

clashes between the CPM and the Forward Block supporters over a wide area in Narkeldanga under Beleghata and Manicktala Police Station, 2 persons—one Shri Harigopal Basak of Manicktala Main Road and the other Shri Arun Bose of Sasthitala, were killed and at least 20 persons were seriously injured; fire-arms, bombs, daggers and other lethal weapons being freely used in the clashes; and one Shri Swapan Mukherjee, seriously injured by bullet on his way to NRS Hospital being snatched away from the ambulance car by intimidating the dirver Shri Kiran Banerjee with a dagger and pistol—these incidents clearly proving the complete breakdown of law and order in the State and also the inefficiency of the Police Department.

[ 2-40—2-50 p.m. ]

**Shri Mohammad Idris Ali:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that on Thursday at about 11 a. m. about 1000, C. P. I. (M) Supporters vehemently attacked Forward Bloc supporters with bombs and crackets at the crossing of Shastitala Road, Sir Gurudas Banerjee Road and Jaynarayan Tarka Panchanan Lane. As a result, Arun Bose, a 17-year old boy received hurt on his head and died instantaneously and the police came later on and fired 17 rounds of teargas shells while the supporters of the C. P. I. (M) reattacked the police party along with D. C. North and at about 12 30 p.m. violence erupted in the Manicktolla and Narkeldanga area when police had to fight a battle with bomb-throwing C. P. I. (M) supporters for about an hour is a clear indication of guerilla war.

**Shri Gyan Singh Sohonpal:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, a reign of terror, loot, arson, violent assault and murder has been let loose by the supporters of the C. P. I. (M) in the State of West Bengal under the patronage of the Home Department in which two youths were brutally killed and many injured in East Calcutta on 12-2-70 as also the failure of the State Government to bring the offenders to book. Sir, it is a tavestry of justice that you have withheld consent.....................

**Mr. Speaker:** Please sit down Mr. Sohonpal. The next motion is of Shri Azizur Rahman on the subject of aggressive attitude of C. P. I. (M) to other U. F. constituent parties.

This being a continuing political issue and not an administrative one, the matter is not fit for adjournment motion. Consent is withheld. You may read the text of your motion.

**Shri Azizur Rahman:** My motion runs thus: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—that in protest against the Marxist Communist Party's aggressive attitude and attack on and slander against other constituents of the U.F. leading to a fast disintegration of the Front and in protest that the C. P. M. used the Government machinery for its policy of expansionism and organised violent attack on other constituents to extend its area of influence using the Police as the shield; the Bangla Congress issued on Thursday directions to three of its Ministers, Messrs Sushil Dhara, Charu Mihir Sarkar and Bhabatosh Soran to resign from the Ministry by February 20.

**Mr. Speaker :** There is another adjournment motion regarding refusal of admission of one Shri Ranjit Kumar Nani, a chicken-pox patient in some Calcutta hospitals notice of which was given by Shri Muhammed Khuda Buksh.

As the matter involves discretion, convenience etc. in the ordinary day to day administration, it is one not fit for an adjournment motion. Consent is, therefore, refused.

The Honourable Member may read the text of the motion.

**Shri Muhammed Khuda Buksh :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—refusal of hospital authorities to admit Shri Ranjit Kumar Nandi, aged 65, who was attacked with virulent chiken-pox and was returned under pitiable circumstances to the pavement of Rashbehari Avenue from where he was taken up by an ambulance van for hospitalisation. This reflects the failure of this Government to provide any treatment, care and segregation of patients who are suffering from highly infectious diseases and that in the city of Calcutta.

**কুমার জগদীশচন্দ্র সিংহ :** স্যার, অত্যন্ত বিনীতভাবে আপনার কাছে একটি বিষয় নিবেদন করতে চাই। আপনি গেল বছর আমরা যে এ্যাডজোর্ণমেণ্ট মোশন এই হাউসের সামনে তুলেছিলাম, ঠিক এই কারণে এ্যাডজোর্ণমেণ্ট মোশানগুলো বাতিল করে দিয়েছিলেন ঠিক আজকে যে কারণে বাতিল করে দিলেন, যে বাজেটের সময় বা গভর্ণস এ্যাড্রেসের সময় অনেক সুযোগ পাবো। তখন স্যার আপনার কাছে একটা নজীর তুলে ধরেছিলাম, সেই সময় আপনি এই সভাকে আশ্বাস দিয়েছিলেন যে আপনি এই বিষয়ে বিবেচনা করে দেখবেন। আপনি আজকে নজীর দিয়েছেন, আমাদের ভারতীয় লোকসভায় এবং ব্রিটিশ হাউস অব কমন্সে এই রকম নজীর আছে যে এ্যাডজোর্ণ-মেণ্ট মোশন বাজেট সেশনের আগে তোলা যায়না। কিন্তু আমাদের এই হাউসের যে নজীর আছে, সেই বিষয়ে আপনার কাছে নিবেদন করছি। যে কথাটা এই হাউসের সামনে উঠেছে, সেই বিষয়ে যদি আপনি ১৯৬৪ সালের এই হাউসের ফেব্রুয়ারী-মার্চ মাসের প্রসিডিংস দেখেন—এ্যাসেমব্লি প্রসিডিংস, ১১ই ফেব্রুয়ারী ১৯৬৪, ৩৪ পাতায়, এখানে সেই এ্যাডজোর্ণমেনশন মুভ করেছিলেন, আজকের যিনি মাননীয় উপমুখ্যমন্ত্রী, শ্রীজ্যোতি বাসু, তখন তিনি বিরোধী দলের নেতা, তিনি সেই এ্যাডজোর্ণমেণ্ট মোশন নিয়ে এসেছিলেন এবং তখনকার মাননীয় স্পীকার এটা এ্যালাও করেছিলেন এবং তার পরেরদিন ১২ই ফেব্রুয়ারী ১৯৬৪ সালে দু ঘণ্টা ধরে তার আলোচনা হয়েছিল। স্যার, এখানে আমরা প্রসিডিংসের মধ্যে দেখতে পাচ্ছি যে এই হাউসের তখনকার অনেক সদস্যই বক্তৃতা দিয়েছিলেন। যদি কিছু অন্যায় না হয় তাহলে আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে এই এ্যাসেমব্লি প্রসিডিংসের ৮১ পাতাটা একটু খুলে দেখুন, দেখতে পাবেন যে সেই প্রসিডিংসে আপনিও বক্তৃতা করেছিলেন বিরোধী পক্ষের সদস্য হিসাবে। এবং আপনিই আজকে এই বিরোধী পক্ষের সদস্যদের সেই অধিকার থেকে বঞ্চিত করছেন। আপনি ঐতিহাসিক রুলিং দিয়ে ইতিহাসের পাতায় চলে গেছেন, আবার একটা ঐতিহাসিক রুলিং দিয়ে আপনি একটি নজীর সৃষ্টি করুন।

[ 2-50—3-00 p.m. ]

**মিঃ স্পীকার :** এটা পয়েণ্ট অফ অর্ডার নয়। আমি বলেছি এই ঘটনাটা অনেক দিন আগে থেকে হচ্ছে কনটিনউইং ব্যাপার। আমি এটা দেখবো।

**শ্রীবিজয় সিং নাহার :** মিঃ স্পীকার স্যার। একটা কথা আপনাকে মনে করিয়ে দিই আপনি বলেছেন যে এই ঘটনাটা রোজ চলছে কিন্তু আপনি কি আজকে দেখেছেন ওখানে এ্যাম্বুলেন্স

থেকে যার লেগেছে তাকেই নামিয়ে নিষ্ঠুরভাবে মারা হয়েছে। এই পাশবিক অত্যাচার ইতিহাসে কোথাও দেখেছেন ?

**মিঃ স্পীকার :** আমার কোন ঘটনার সঙ্গে সম্পর্ক নেই এগুলি আমাকে দিয়েছে, আমাকে করতে হবে, আমি সেগুলি করছি। আমাকে বিজনেস চালিয়ে যেতে হবে আপনারা অবুজ হবেন না। আজকেরটা ছেড়ে দিন গভার্ণার এড্রেসের উপর অনেক হয়েছে আবার বাজেট এসে গেল তখন আলোচনা করবেন। আপনাদের অধিকার কাড়তে যাব কেন ?

**শ্রীবিজয় সিং নাহার :** আজকে যতগুলি আইটেম আছে আমাদের ফুল কো-অপরেশান আছে। আমরা সব শেষ করে দেবো। আপনি এ সম্বন্ধে আর একবার বিবেচনা করুন।

**মিঃ স্পীকার :** আজকে কি করে হবে? আপনারা যখন বলছেন তখন আমি দেখবো।

**ডঃ জয়নাল আবেদীন :** স্যার আমি একটা প্রিভিলেজ নোটীশ আপনার কাছে দিয়েছি।

**মিঃ স্পীকার :** পড়ুন সেটা।

**ডঃ জয়নাল আবেদীন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে একাধিক বার আমাদের এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে হাউসের যে কোশ্চেন হবে প্রতিটি কোশ্চেন ৫ মিনিটের বেশী আপনি এ্যালাউ করবেন না। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি দেখেছেন প্রথম কোশ্চেন ১ মিনিটের বেশী সময় লাগে নি। তারপরে ৬নং কোশ্চেন আসতে ১ ঘণ্টা কেটে গেল। স্যার, ওরা যখন বিরোধী পক্ষ ছিলেন তখন কোশ্চেন এনসারের সময় মোটামুটি ভাবে ওরা ১৬ আনা নিয়েছিলেন। স্যার, আমি প্রোসিডিং থেকে এই তথ্য প্রমাণ করতে পারবো। আজকে ওরা সরকার পক্ষে এসেছেন, কোশ্চেন এমন ভাবে সাজান হয়েছে যে আমাদের কোশ্চেন ৬নং এ পৌছাতে না পৌছাতে সময় চলে গেল। আর, আমাদের সুযোগ দেওয়ার সদিচ্ছা আপনার আছে, কিন্তু এখানে যে ব্যবস্থা পরিচালনা হচ্ছে তাতে অপোজিসানের কোশ্চেনে আর পৌছান যায় না।

**মিঃ স্পীকার :** আপনার প্রিভিলেজটা বলুন।

**ডাঃ জয়নাল আবেদীন :** স্যার আপনার চেয়ারে বসে আপনার সভাপতিত্বে বিভিন্ন দলের হুইপ ও মেম্বাররা মিলে বিসনেস এ্যাডভাইসারি কমিটির যে সিদ্ধান্ত হয়েছে আমরা এটা দেখেছি যে আপনি এদের যথেচ্ছাচারিতার সুযোগ দিচ্ছেন আমাদের সিদ্ধান্ত না মেনে। আমরা মাঝে মাঝে দেখেছি পরিষদীয় মন্ত্রীকে আপনার কাছে ছুটে যেতে এবং আপনাকে মন্ত্রনা দিয়ে আমাদের টুঁটি চেপে ধরার ষড়যন্ত্র উনি করতে চান। আজকে ৬টা কোশ্চেনের পর আমার কোশ্চেন ছিল কিন্তু সে কোশ্চেনে আসা গেল না। স্যার, একদিকে মন্ত্রীদের স্বেচ্ছাচারীতা আর অন্য দিকে আমাদের মেম্বারদের যে অধিকার সে অধিকার থেকে আমাদের বঞ্চিত করা হচ্ছে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে একটা অপজিসানের কোশ্চেন তারপর একটা সরকার পক্ষের কোশ্চেন অন্ততঃ এই ভাবে যদি করা হয় তাহলে ভাল হয়। সব সময় যদি মাননীয় পরিষদীয় মন্ত্রী আপনার কাছে ঘোরাফেরা করেন তাহলে আমাদের বঞ্চনা বেড়ে যাবে।

**শ্রীযতীন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে এক মিনিট বলতে দিন মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদীন যে কথা বলেছেন সেটা বহুলাংশে সত্য। কারণ আপনার সভাপতিত্বে আমরা যখন বিসনেস এ্যাডভাইসারি কমিটিতে বসেছিলাম তখন এই সিদ্ধান্ত করেছিলাম যে প্রত্যেকটি প্রশ্নের জবাব ৫ মিনিটের মধ্যে শেষ করতে হবে এবং যিনি প্রশ্ন কর্তা তিনি ৩টা সাপ্লিমেণ্টারী করবেন। আমি আপনার দৃষ্টি বহুবার আকর্ষণ করেছি, সদস্যদের কাছে আবেদন করেছি। বিসনেস এ্যাডভাইসারি কমিটিতে প্রত্যেক দলের হুইপরা আছেন, আমাদের যুক্তফ্রণ্টের মধ্যে যে দল আছে

প্রত্যেক দলের হুইপ সেখানে থাকেন নিমন্ত্রিত হয়ে কিন্তু সদস্য হিসাবে তাদের কাছে বহুবার আবেদন করেছি। এটা ঠিকই যে এই প্রথা এখানে চালু হওয়া উচিত। আমরা বিসনেস এ্যাডভাইসারি কমিটিতে যে সময় নির্দ্ধারিত করেছি তার মধ্যে যাতে এক একটা প্রশ্নের উত্তর শেষ হয়, সাপ্লিমেণ্টারি করে যাতে তাকে দীর্ঘ না করা হয় তার জন্য আবেদন করেছি। আমি মনে করি বিরোধী দলের যদি কোন প্রশ্ন থাকে যদি সম্ভব হয় আমাদের নিয়ম অনুসারে সেই প্রশ্নটা কিছুটা আগে আসতে পারে। এবং আমরা যদি নির্দ্ধারিত সময়ের মধ্যে প্রশ্ন করি তাহলে সব প্রশ্নের উত্তর হয়ে যায়। আজকে যেটা হয়েছে সেটা হচ্ছে কয়েকটা হেল্ড ওভার কোশ্চেন ছিল সেই প্রশ্ন এবং দু একটা প্রশ্ন দীর্ঘ সময় নেওয়ার ফলে এটা হয়েছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় ভবিষ্যতে আপনি যাতে এটা না হয় সেটা যদি অনুগ্রহ করে দেখেন তাহলে আমার মনে হয় আমাদের পক্ষের সকল সদস্যরাও এতে একমত হবেন।

**শ্রীনেপালচন্দ্র রায়:** মিঃ স্পীকার স্যার, আমাদের তরফ থেকে যে সাজেসান দেওয়া হয়েছে যে একটা সরকার পক্ষের প্রশ্ন তারপর একটা বিরোধী পক্ষের প্রশ্ন এটা করলে ভাল হয়। কংগ্রেস যখন সরকার পক্ষে ছিলেন তখন দেখা গেছে সমস্ত কোশ্চেন বিরোধী দল থেকে করেছে সরকার পক্ষ দু একটা প্রশ্ন করেছে। কিন্তু আজকে দেখছি ওরা সরকার চালাচ্ছে অথচ হাজার হাজার প্রশ্ন ওরা লিখিত ভাবে দিয়ে যাচ্ছে আর আমাদের প্রশ্ন সব চাপা পড়ে যাচ্ছে। সেজন্য আপনি আগে একটা সরকার পক্ষের প্রশ্ন তারপরে একটা বিরোধী পক্ষের প্রশ্ন এইভাবে ব্যবস্থা করুন তা নাহলে ওরা ষড়যন্ত্র করে আমাদের প্রশ্ন আসতে দেবেন না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয় যে কথাটা জয়নাল আবেদীন সাহেব এর পক্ষ থেকে বলা হয়েছে সে সম্বন্ধে আমাদের চিফ হুইপ বললেন যে বহুলাংশে সত্য। কোন্‌টা সত্য আমি বুঝতে পারলাম না। প্রশ্নগুলি যেন আমরা কারসাজি করে সাজিয়ে নিচ্ছি এটা এ্যবসোলিউটালি ফলস্। কারণ এর একটা নিয়ম আছে আপনি সেটা জানেন। আমার পয়েণ্ট অফ অর্ডার হচ্ছে প্রশ্ন এদিক ওদিক করার ক্ষমতা কারুর নেই এজন্য একটা নিয়ম আছে সে নিয়ম অনুযায়ী কাজ হয়। সেই অর্ডার অনুসারে কাজ হচ্ছে কিনা সেটা আপনি বলে দিন।

**মিঃ স্পীকার:** আপনারা যে কথা বললেন আমি সেটা শুনলাম। নিশ্চয় অসুবিধা হয়। কণ্ঠরোধের ব্যাপার ট্যাপার আমি জানি। আমার অনেকে কণ্ঠরোধ করতে গিয়েছিল, কিন্তু পারে নি এবং তা হবে না। আমি বলছি বিরোধী পক্ষের যতটা অধিকার আছে তা নিশ্চয় দেব, কেন দেব না? কোশ্চেন হলো খুব সহজে কাগজওয়ালারা ঠিক লিখে দেবে ভয়ানক গোলমাল। সাপ্লিমেণ্টারী কি করে ঠেকাব? আমি বারণ করি; সকলেই সভ্য তা এ-পক্ষ ও-পক্ষ দু-পক্ষেরই সবাই সাপ্লিমেণ্টারী কোশ্চেন করেন। এই কারণে যে কোন কোশ্চেন নাকি ভয়ানক দরকারি সেটা নাকি করতে হয়। আর যে পাঁচ মিনিট নিয়ম করে দিয়েছেন, এই পাঁচ মিনিট অন্তর একটা কোশ্চেন নেওয়ার চেষ্টা করি, কিন্তু সম্ভব হয় না। আমি পাঁচ মিনিট হয়ে গেলে বলতে বলি। কিন্তু ওই রকম ঘড়ি ধরে গণতন্ত্র চলে বলে আমি মনে করি না। নিয়ম তো হয়েছে যে পাঁচ মিনিটের ভেতর যিনি কোশ্চেন করেছেন তিনি তিনটে কোশ্চেন করবেন। তিনি করার পর আর পাঁচজনে নানা রকম প্রশ্ন করেন। আপনারা যা বললেন তার আমি কি করতে পারি দেখব।

(একটি শব্দ:—আপনি কি করবেন?)

রুলস কমিটি আছে, তাদের কাছে যেতে হবে।

**শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়:** (শ্রীজ্যোতি বসুকে দেখাইয়া) উনি কি আপনাকে ডিকটেট করছেন?

**শ্রীপীযুষকান্তি মুখার্জী:** পুলিশ মন্ত্রী একথা বলতে পারেন না।

**মি: স্পীকার:** আমি কারো ডিকটেশন শুনি না। উনি নিজের মনে বলছেন আমি তার কি করব? উনি (শ্রীযতীন চক্রবর্ত্তীকে দেখাইয়া) পার্লামেন্টারী মিনিষ্টার—উনি রুলস কমিটি ইত্যাদি বসান। সেই হিসাবে বলেছেন। আমি দেখছি এটা নূতন করে কিছু করা যায় কিনা। তবে সেটা রুলস কমিটিতে যেয়ে করতে হবে আমি একা করতে পারি না। সেইজন্য কি করতে পারি ভেবে দেখবো। নিয়ম হয়েছে ৬-টার বেশী মেনশান হবে না। আমার কাছে ১৮টা আছে। আমি যদি ৬টার পর লাইন টেনে দিই, তাহলে কি হবে? আমি আস্তে আস্তে কমাতে চাই। ক্রমশ: ক্রমশ: কমতে কমতে দেখব ৬টা হয়ে গিয়েছে। আর অন্য লোক বলতে চাইলে আমি যদি না বলতে দিই তাহলে হয় তার ইম্পরটেণ্ট বিষয় আছে সেটা বলা হয় না। যে নিয়ম আছে সেটা সহজ করা উচিত। ওই রকম কড়াকড়ি ঠিক নয়। গণতন্ত্রের ব্যাপারে আস্তে আস্তে যেতে হয়। আপনারা যেকথা বলেছেন সেজন্য আপনাদের কাছে কৃতজ্ঞ থাকবো।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মি: স্পীকার স্যার, আপনি একটা পয়েন্ট পরিষ্কার করুন। অর্ডার পেপারে যে কোশ্চেনগুলো আসছে সেগুলো যবে আসছে তার উপর ভিত্তি করে নিয়ম অনুযায়ী হচ্ছে সেখানে কোন কারসাজি হয় নি।

**মি: স্পীকার:** ওসব কারসাজির কথা চলবে না। আমার কাছে যে রকম লেখা দেয় আমি সেগুলো নিয়ে এসে পড়ি।

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** কোন কোশ্চেন এ্যাডমিট হবার পর তার যে সিরিয়াল নম্বর থাকে সেগুলো আপনাকে দেখিয়ে ছাপান হয় সেই সিরিয়ালে। তবে আপনার যে ডিসক্রিসনারী পাওয়ার আছে আপনি তা বিবেচনা করে আপনার ডিসক্রিশান ইউস করে তার মধ্যে বিরোধী পক্ষের যে প্রস্তাব তাকে কতখানি এ্যাকোমডেট করতে পারেন, সেটা করতে পারেন।

**শ্রীবিজয় সিংহ নাহার:** মাননীয় মন্ত্রী যেকথা বলেছেন সেটা ঠিক নয়। আজকে ওয়ান আনসারের এ্যাডমিটেড কোশ্চেন আছে ১ এবং ২৪ তারপরে আছে ১১৯৪—এটা কি করে হল?

**শ্রীযতীন চক্রবর্ত্তী:** নিয়ম অনুযায়ী সমস্ত প্রশ্ন উত্তরের জন্য দেওয়া হয়।

**শ্রীনেপাল চন্দ্র রায়:** আজকের question-গুলি দেখুন তাতে দেখবেন হয় শ্রীসনৎ রাহা, না হয় ওঁর দলের শ্রীঅমল রায়ের প্রশ্ন।

**মি: স্পীকার:** এখন এ নিয়ে তর্ক বিতর্ক করে কিছু হবে না। আমি এ সমস্ত জিনিষ দেখব।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** স্যার, বিরোধীদলের নেতা হিসাবে আমার কর্তব্য একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আপনার সামনে আনা কারণ হাউসের প্রত্যেক সভ্যদের অধিকারের প্রশ্ন এর সঙ্গে জড়িত। আজ কাগজে দেখলাম যে আপনাকে কারা threat করেছেন। জ্যোতিবাবু এখানে আছেন বলে আমি তাঁকে এই প্রশ্ন করছি। আপনারা জানেন পূর্ব পাকিস্থানের স্পীকারের মাথায় চেয়ার পড়ার পর সেখানে গণতন্ত্র ধ্বংস হয়ে যায়। কাজেই স্পীকারের উপর কোন রকম আক্রমণ না হয় সেটা দেখা আমাদের প্রত্যেক সভ্যের পবিত্র দায়িত্ব। তাই আমরা জানতে চাই কিভাবে threat করা হয়েছে, কেন করা হয়েছে, কি করা হয়েছে। কোথায় পুলিশ দেওয়া হয়েছে, কি রকম enquiry হয়েছে ইত্যাদি সমস্ত কিছুর fullest detail আমরা চাই? বর্ত্তমানে Law and order-এর background-এ জানাতে হবে কি threat হয়েছে, কি Police steps নেওয়া হয়েছে? আমরা কাগজে দেখলাম যে আপনার facial geography নাকি বদলে দেওয়া হবে ইত্যাদি সব এসেছে। এই telephone নম্বর ধরা যায় কিনা এর উত্তর আমরা উপমুখ্যমন্ত্রীর কাছ থেকে চাই এবং স্পীকারের নিরাপত্তা সম্বন্ধে পরিষ্কারভাবে বলুন যে কি কি হয়েছে এবং কি কি steps নেওয়া হয়েছে।

**শ্রীজ্যোতি বসু:** স্যার, বিরোধীদলের নেতা আমাকে বলার জন্য বললেন বলে আমি ওঁর কথার উত্তর দিচ্ছি। এটা নূতন কোন ঘটনা নয়। এই রকম চিঠি, telephone আমরা নিত্য পাই এবং এসব জিনিষ বহু বছর ধরে পাচ্ছি। গতবারে আপনার ruling-এর পর যখন আপনার বাড়ীতে বোমা পড়ে তখন সেটা নিশ্চয় যারা চক্রান্ত করে যুক্তফ্রণ্টকে খারিজ করেছিল তাদের পক্ষ থেকে সেই বোমা ফেলা হয়। কারণ তারা যে স্পীকারকে পছন্দ করে না সেটা খুব সহজ কথা। কিন্তু তখন কাউকে ধরা বা সাজা দেওয়া হয়নি। তবে এই রকম চিঠি বা telephone এলে নিশ্চয় সেখানে খানিকটা ব্যবস্থা আমাদের অবলম্বন করতে হবে। তবে এসব জিনিষে বিচলিত হবার কিছু নেই। এই রকম ঘটনা যখন ঘটে তখন পুলিশ থেকে একটা প্রিকসানারী মেজার নেওয়া হয়। প্রত্যেকের জীবনই আমাদের কাছে মূল্যবান। কংগ্রেসীরা যে ২০ বছর ধরে যে গুণ্ডা তৈরী করেছেন তাদের বিরুদ্ধে নিশ্চয় আমরা precaution নেব এবং যেটা আমাদের প্রয়োজন মনে হবে সেটা আমরা করব।

[ 3-10 – 3-40 p.m. ]

**Calling attention to matters of urgent public importance.**

**Mr. Speaker** : Now, the Minister-in-charge of the Health Department will please make a statement on the subject of the miserable situation in the Shyamadas Vaidyashastra Pith College and Hospital—called attention by Shri Panchugopal Bhaduri on the 11th February, 1970.

**Shri Nani Bhattacharya** : Sir, in reply to the notice of calling attention by Shri Panchugapal Bhaduri regarding the financial condition of the Shyamadas Vaidya Snastra Pitha Parishad............

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, আপনি ইতিপূর্বে আমাদের এখানে একজন মাননীয় সদস্যের মন্তব্যের কোশ্চেন সম্পর্কে কিভাবে আপনার অ'ফস সেই কোশ্চেন নিয়ে কি ব্যবস্থা করেন এতে আপনি আপনার নিজের হেল্পলেসনেস প্রকাশ করেছেন সে সম্পর্কে আমি বলতে চাই রুল ৪৩ অনুযায়ী আপনি রেগুলেট করতে পারেন কোশ্চেন আউয়ারে কোশ্চেন সম্বন্ধেও। রুলে আছে..........

**মিঃ স্পীকার:** অক্ষমতা কাকে দেখাচ্ছেন আমি খুব সক্ষম আছি। আপনি এখন বসুন এই ভাবে এই সব জিনিষ হয়না। যা করতে হয় আমি করব। Please do not try to obstruct the business of the House.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমার কথাটা শুনুন। আজকে কোশ্চেন-এর সময় একজন মাননীয় সদস্য বললেন...........

**মিঃ স্পীকার:** আমি ওসব এখন শুনবো না। আপনি বসুন কোশ্চেনের সময় তাহলে অনেক কোশ্চেনই ডিসএ্যালাউ করতে হয়। রুল সকলেই জানে। আপনিও ইরেলিভেন্ট কোশ্চেন করেন। আপনি এখন বসুন। আপনার যদি বলার থাকে আপনি আমার ঘরে গিয়ে বলবেন। এখন সময় নষ্ট করবেন না। Now, the Minister-in-charge of Health Department may make a statement.

**Shri Nani Bhattacharya** : Sir, I beg to make the following statement in reply to the calling attention notice given by Shri Panchugopal Bhaduri.

(Noise and interruptions)

Shyamadas Vaidyashastra Pitha Parishad is a private Ayurvedic Institution maintaining an Indoor Department consisting of 75 beds with outdoor Department and an attached college. The institution is in receipt of Government grant to the tune of Rs. 55,000 to Rs. 60,000 per annum for maintenance of the hospital. Besides, this institution has been receiving Rs. 20,000 per annum from the Government of India for maintenance of a drug research unit. Also, during the year 1967-68 the institution was paid a capital grant of Rs. 12,500 for repairs to the buildings. During the current financial year, the institution was paid Rs. 30,000 for maintenance. Meanwhile, however, the Accountant General, West Bengal, in his audit report referred to Government certain irregularities committed by the institution in the matter of utilisation of the grants sanctioned to it during past several years. Special Officer, Ayurveda, was therefore, directed to cause an inspection of the accounts of the institution and to submit a report thereon. It was decided that the question of release of further grant would be considered on receipt of the report of the Special Officer, Ayurveda. The Special Officer has been looking into the accounts of the institution with the assistance of an Inspector of Accounts and it appears from the latest report of the Special Officer that it will take some more time to prepare his detailed report after completion of the inspection of the accounts. As, however, the institution has been passing through acute financial crisis, the Finance Department was requested in the month of December last to agree to the release of a further ad hoc maintenance grant of Rs. 10,000 pending finalisation of the report of the Special Officer. Finance Departmant, however, regretted their inability to agree to the release of any further grants to the institution in absence of the report of the Special Officer. In the circumstances, the Special Officer has been asked to expedite the submission of his report. The proposal for further grants to the institution will be taken up again with the Finance Department on receipt of satisfactory report of Special Officer, Ayurveda.

It will appear from what has been stated above that the State Government are aware of the deteriorating financial condition of the institution and has been taking steps for ameliorating the situation, as far as possible.

**Mr. Speaker** : I have received six notices of calling attention on the following subjucts, namely, :—

1. Miserable condition in Syamadas Baidya (Ayurvedic) Hospital —from Shri Nitaipada Sarkar ;

2. Clash between C. P. I. (M) and Forward Bloc supporters in Beliaghata-Narkeldanga areas on 12-2-70—from Shri Santosh Kumar Roy ;

3. Reported missing of two patients from the North Subarban Hospital, Calcutta—from Shri Santosh Kumar Roy ;

4. Non-availability of accommodation for chicken-pox patients in Calcutta Hospital,—from Dr. Zainal Abedin ;

5. Combined attack on labourers of Patmohana colliery (Hirapu-Assansole—from Dr. Lokesh Ghosh, Shri Bamapada Mukherjee, Shri Haradhan Ray and Shri Lakshman Bagdi ; and

6. Alleged use of guns by the jotedars and rich peasants in Jamuria P. S.—from Shri Haradhan Ray, Shri Lakshman Bagdi, Dr. Lokesh Ghosh and Shri Bamapada Mukherjee.

I have selected the notice on the subject of reported missing of two patients from the North Subarban Hospital, Calcutta—from Shri Santosh Kumar Roy.

The Minister-in-charge may make a statement to-day or give a date.

**শ্রীননী ভট্টাচার্য্য :** ২১শে তারিখে দেব।

(At this stage the House was adjourned for twenty minutes)

(After adjournment)

[3-40 - 3-50 p.m.]

**শ্রীহেমন্তকুমার বসু :** মিঃ স্পীকার, নারকেলডাঙ্গার ব্যাপারে জ্যোতিবাবু বলেছেন যে তারা কোন লিষ্ট দেন নি। আমরা উভয় দল একসংগে বসে ১১ই তারিখে একটা লিষ্ট তৈরী করেছিলাম, সেই লিষ্ট দেয়া হয়েছে। আমার কাছে সেই লিষ্ট রয়েছে, ওদেরও সেই লিষ্ট দেয়া হয়েছে। কাজেই জ্যোতিবাবু যে কথাটা বলেছেন সেই কথাটা অসত্য। যে লিষ্ট দেয় নি আমি একথাটা অস্বীকার করছি।

**শ্রীমতি ইলা মিত্র :** অধ্যক্ষ মহাশয়, বেশ কিছুদিন ধরে নারকেলডাঙ্গায় এই যে ঘটনাগুলি ঘটছে এগুলি কি বন্ধ করা যায় না? প্রত্যেকদিন নারকেলডাঙ্গায় এই ঘটনা ঘটছে। নারকেলডাঙ্গার একটা অংশ আমার কনস্টিটিউয়েন্সী আর একটা অংশ শ্রী কৃষ্ণ ঘোষের কনষ্টিটিউয়েন্সী। সেখানকার লোকেরা কি বাড়ীঘর ছেড়ে চলে যাবে? তাদের নিরাপত্তার কি ব্যবস্থা হবে? ২৮ জন গুণ্ডাকে ধরা হয়েছিল কিন্তু তারপরের দিন আবার তারা ছাড়া পেল। সেখানে সাধারণ লোকের নিরাপত্তার ব্যবস্থা কি হবে? আমি তাদের আজকে বলেছি আপনারা থাকুন, আজকে আমি এ্যাসেম্বলীতে এটা তোলার চেষ্টা করব। এইভাবে সেখানকার লোক কি বাড়ীঘর ছেড়ে চলে যাবে? হেমন্তবাবুও বলেছেন যে নারকেলডাঙ্গা, বেলেঘাটা, মানিকতলা অঞ্চলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা কি কিছুতেই দমন করা যায় না? দরকার হলে মিলিটারী আসুন, আপত্তি নেই কিন্তু এই জিনিষ অবিলম্বে বন্ধ করা দরকার।

**শ্রীসন্তোষকুমার রায় :** স্যার, মালদায় আগুন জ্বলছে। মালদহ, বামনগোলা, হবিবপুর, গাজোল এবং মানিকচকে গত ১৫ দিন যাবত সম্পূর্ণ অরাজকতা চলছে, পুলিশ নিষ্ক্রিয়। গত ১৫ দিন যাবত বামনগোলা থানায় বাস তো চলছেই না, এমনকি ভয়ে ট্যাক্সি পর্যন্ত যেতে চাচ্ছে না। জেলার অন্যতম বৃহৎ হাট পাকুয়াহাট গত দুই সপ্তাহ ধরে বসছে না। বুলবুলচণ্ডী ও গাজোলের হাটগুলি কিছুদিন গোলমালের জন্য বসে নাই। গতকল্য বামনগোলা থানার নালগোলায় সি. পি. আই এবং সি. পি. এম-এর দাংগার ফলে অঞ্চলপ্রধান শ্রীমনি বক্সী এবং কেরামতুল্লা প্রাণ হারিয়েছেন। জেলা কর্তৃপক্ষ সম্পূর্ণ নিষ্ক্রিয়। আমি এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি মালদহ জেলার জন্য একটা ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রীলোকেশ ঘোষ :** স্যার, আসানসোল মহকুমার হীরাপুর থানার পাটমোহনা কোলিয়ারীর প্রায় ৪০০ শ্রমিককে কোলিয়ারীর মালিক সি. পি. আই-এর স্থানীয় নেতৃবৃন্দের যোগসাজসে এবং তাদের প্ররোচনায় ঠিকাদারদের স্বার্থে গত জুলাই মাস থেকে ক্রমে ক্রমে কর্মচ্যুত করে। এর প্রতিবাদে ৮ই আগষ্ট ১৯৬৯ আর, এল, সি. অফিসের নির্দেশে ত্রিদলীয় চুক্তি অনুযায়ী কাজে ফিরে যায় কিন্তু সেইদিনও সি. পি. আই. সমর্থক ও মালিকের গুণ্ডা বাহিনী যৌথভাবে তাদের আক্রমণ করে, কয়েকজন আহত হয়। এই ব্যাপারে মুখ্যমন্ত্রী ও অন্যান্য কয়েকজন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা

হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই হতভাগ্য শ্রমিকদের জন্য কোন ব্যবস্থা করা হয়নি। গত ১৪ই নভেম্বর ১৯৬৯ সেদিন প্রাক্তন মন্ত্রী মাননীয় বিশ্বনাথ মুখার্জী আসানসোলে জনসভা করেন। সেই দিনই সিপাহী গোয়ালা বলে সি. পি আই. (এম'-এর সমর্থক শ্রমিককে কিডন্যাপ করে এবং তাকে মারাত্মকভাবে আক্রমণ করা হয় এবং সেই আঘাতের ফলে হাসপাতালে তার মৃত্যু হয়।

গত ২৫শে নভেম্বর ১৯৬৯ থেকে তারা এ ডি. এম -এর বাংলোর সামনেকার প্রাঙ্গণে ধর্না দেয় এবং এই আশায় যেভাবে মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রী নির্দেশে নিমচার ঠিকাদার শ্রমিকদের পুলিশের সহায়তায় তাদের নিজেদের কোলিয়ারিতে ফেরত পাঠান হয়েছিল এবং নিমচা কোলিয়ারির ঠিকাদার শ্রমিকদের ন্যায় তারাও সরকার থেকে রিলিফ আশা করেছিল। কিন্তু ত্রাণমন্ত্রীর নির্দেশে সেই রিলিফও বন্ধ করে দেওয়া হয়। এর মধ্যে অনেক সভা, মিছিল, আন্দোলন হয়, কিন্তু কোন ফল না হওয়ায় আবার ধর্না চলে। কিন্তু ২-২-৭০ তারিখে বর্ধমান জেলার ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের লিখিত আশ্বাসে তারা ধর্না প্রত্যাহার করে। কিন্তু ১০-২-৭০ তারিখে সেই বঞ্চিত, বুভুক্ষু শ্রমিকরা প্রায় ১৫০জন যখন চাকুরীর আশায় ও আনপেড প্রাপ্য মাহিনা আদায় করতে সেখানে গিয়েছিল তখন মালিকের গুণ্ডা ঠিকাদারদের পোষিত দালাল সি. পি আই. সমর্থকরা কোলিয়ারী শ্রমিক নেতাদের নেতৃত্বে, ক্যাম্পে পোষ্টেড পুলিশও যুগপৎ চারিদিক থেকে আক্রমণ করে—বন্দুক, বোমা, তীর ধনুক ধারাল অস্ত্র ও লাঠি প্রভৃতির আঘাতে সেই সব শ্রমিকদের উপর সমকালীন ইতিহাসে এক বর্বরোচিত নৃশংশ আক্রমণের দৃষ্টান্ত স্থাপন করেন। ফলে ৫জন সি পি. এম. কর্মী নিহত হয়েছে, ৫জন সি. পি. আই. গুরুতর অবস্থায় আহত হয়ে স্থানীয় হাসপাতালে ভর্তি রয়েছেন এবং ১০জন সি. পি. আই. এম. সমর্থক শ্রমিক নিখোঁজ রয়েছেন। এই ঘটনার সংবাদ পাওয়ার পরই বিধানসভার ২জন সদস্য ডাঃ লোকেশ ঘোষ ও শ্রীহারাধন রায় যখন এ এস. পি. ও এস. ডি. ও.-র সংগে কথা বলে স্পট্ এনকোয়ারীর জন্য ঘটনাস্থলে যাচ্ছেন তখন ঘটনাস্থল থেকে ১॥ মাইল দূরে সি. পি আই. নেতাদের ও ফরোয়ার্ড ব্লক ও বাংলা কংগ্রেসের নেতার চাপে একজন পুলিশ অফিসার এক পুলিশ ফোর্স সমভি-ব্যবহারে আমাদের যেতে নিষেধ করেন ও বলেন এ. এস. পি. ও এস. ডি. ও. আপনাদের যেতে বারন করেছেন, কেন না সি পি. আই. নেতা, ফরোয়ার্ড ব্লক নেতা ও বাংলা কংগ্রেসের নেতা অসন্তুষ্ট হচ্ছেন। এর প্রতিবাদে গতকাল আসানসোলে হরতাল হয়। আমি মুখ্যমন্ত্রী, উপ-মুখ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই শ্রমিকদের শোচনীয় হত্যার জন্য দায়ী কারা সে সম্বন্ধে তদন্তের নির্দেশ দেওয়া হোক। আমরা আসানসোলের লোক সেইজন্য আমাদের প্রকৃত ঘটনা বলতে হবে। কারণ, আমরা সেখানকার স্পট্ এনকোয়ারীর লোক, আসানসোল থেকে আমরা আসছি। যারা বলেছেন আসানসোলের কেউ তারা নয়।

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় স্পীকার মহাশয়, একজন মাননীয় সদস্য কলিং এ্যাটেনসান নোটিশ দিয়েছিলেন, মিসিং অব টু পেসেণ্টস, নর্থ সুবারবন হসপিটাল থেকে, সে সম্বন্ধে আমি বলেছিলাম যে ২১ তারিখে জবাব দেব, কিন্তু ২১ তারিখ শনিবার হওয়ার জন্য আমি ২৩ তারিখে জবাব দেব।

**শ্রীবামাপদ মুখার্জি :** মাননীয় স্পীকার মহোদয়, আপনি বোধহয় জানেন আমরা কাগজ মারফত সংবাদ পেয়েছি যে আসানসোল মহকুমার পাটমোহনা কয়লা খনি অঞ্চলে ৫জন সি. পি. আই. এম. সমর্থক শ্রমিক সি. পি. আই.-এর সংগে সংঘর্ষের ফলে মারা গেছে এবং তার প্রতিবাদে গতকাল আসানসোল মহকুমার শ্রমিক এবং অন্যান্য প্রায় ১॥০ লক্ষ লোক শান্তিপূর্ণ বিক্ষোভ হরতাল পালন করেন। এই প্রসংগে আমি জানাচ্ছি যে এর মাধ্যমে যখন আমরা মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীকে এটা জানালাম তখন সেখানে অগ্নিগর্ভ অবস্থা বর্তমান ছিল এবং সেই হত্যাকাণ্ডের নায়কদের এখন পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি। বার বার বলা সত্ত্বেও সেখানে কোন রকম ব্যবস্থা করা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে সেখানকার লক্ষ লক্ষ শ্রমিকরা আজ বিক্ষুব্ধ এবং এই হরতালের মাধ্যমে তারা বিক্ষোভ প্রকাশ করেছেন। সরকার যদি কোন ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে তারা চুপচাপ বসে থাকবে না।

**শ্রীহারাধন রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্বমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আসানসোল মহকুমার জামুরিয়া থানার ব্লক ১, ব্লক ২-এর চারটী গ্রামের ভাগচাষী যারা আছে, জমিদার ও জোতদাররা তাদের ফসল ভোগ করতে দেয়নি। ঐ সমস্ত ভাগচাষীরা সেখানে ফসল আনতে গিয়েছিল কিন্তু আপনি লক্ষ্য করেছেন যে আজ সকালে ফরোয়ার্ড ব্লক এবং বাংলা কংগ্রেসের লোকেরা সেই সমস্ত জমিদার জোতদারদের উস্কানি দেবার ফলে ভাগচাষ বন্ধ করেছেন। আমরা দেখেছি সেখানকার স্থানীয় পুলিশ ক্রমাগত মন্ত্রীর চাপে পড়ে তারা সেখানে গুলি চালিয়েছে। যারা ভাগ দিচ্ছে না তাদের সম্পর্কে প্রশাসন কর্তৃপক্ষ নীরব, কোন কিছু করছেন না।

[ 3-50—4-00 p.m. ]

এই গ্রামগুলির ভাগচাষী এবং বর্গাদাররা আজও তাদের ভাগের ফসল না পাওয়ার জন্য সেখানে তারা অর্ধাহারে বা অনাহারে দিন কাটাচ্ছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব যে সেখানকার জমির মালিকরা বা জোতদাররা যদি দেশের আইন কানুন অস্বীকার করেন এবং সেখানে যদি শরিকদলগুলি তাদের সেই ভরসা দেন বা যদি গরীব চাষীদের উপর গুলি চালাবার অধিকার দেওয়া হয় তাহলে দেশে আইন, শৃঙ্খলা থাকতে পারে না। সেখানে যাতে আইন সুপ্রতিষ্ঠিত হয় তার জন্য এবং তারা যাতে তাদের ভাগের ফসল পায় তাঃজন্য সরকারী কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন এটাই আমি দাবী করছি। তাছাড়া যারা গুলি চালিয়েছে তাদের বন্দুক সিজ করার ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় সভাপাল মহাশয়, বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে পঞ্চায়েতের কর্মচারীরা এসেছেন তাঁদের সরকারী কর্মচারীদের সমান মর্যাদা দেওয়া হোক এই দাবী নিয়ে। সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় যাতে তাঁদের সংগে দেখা করেন এই অনুরোধ আমি আপনার মাধ্যমে তাঁকে করছি।

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** কালকে ওঁরা আমার সংগে দেখা করে গিয়েছেন। আমার দরজা সব সময় খোলাই আছে, আমার সংগে দেখা করতে পারেন। তবে প্রসেসান করে এসে তাঁরা কি মন্ত্রিকে দিয়ে কমিট করাতে চান ?

**শ্রীমতী ইলা মিত্র:** স্যার, আমরা যা বলছি তার তো কিছুই হচ্ছে না, সেটার কি করবেন তা একটু বলুন। তা না হলে পুলিশ একেবারে উঠিয়ে দিন কোন দরকার নেই পুলিশের। স্যার, এই যে বেলেঘাটাতে ১৫/২০ দিন ধরে চলছে এই যদি অবস্থা হয় তাহলে পুলিশ একেবারেই উঠিয়ে দিন।

**শ্রীনিতাইপদ সরকার:** স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুতর বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, গ্রামাঞ্চলে সবুজ বিপ্লবের জন্য আহ্বান জানানো হয়েছে এবং তার ফলে কৃষকদের মধ্যে একটা সাড়া পড়ে গিয়েছে, তারা হাই ইল্ডিং ভ্যারাইটি চাষ করছে। কিন্তু স্যার, দেখা যাচ্ছে ডিপ টিউবওয়েল থেকে জল পাওয়া যাচ্ছে না, তার কারণ কারেন্ট ফেল করছে। বিভিন্ন জায়গায় যখন জলের দরকার ঠিক সময় মত সেই সময় কারেন্ট ফেল করছে। আমরা জিজ্ঞাসা করলে তাঁরা বলছেন ইলেকট্রিসিটি বোর্ডের দোষ আবার তাঁরা বলছেন আমাদের সেচ বিভাগের দোষ। এর ফলে আমাদের কৃষকরা দারুন ভাবে মার খাচ্ছেন। স্যার, কার দোষ সেটা আমরা দেখতে চাই না, কিন্তু কৃষকরা যাতে সময়মত জল পেতে পারে তার ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ জানাবো। তা ছাড়া স্যার, আমরা ষ্টেট বাসের কুপন পেয়ে থাকি, কিন্তু আমাদের মধ্যে অনেকে ট্রামে করেও আসা যাওয়া করেন, সেখানে যাতে কুপনের ব্যবস্থা করা হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে দাবী জানাচ্ছি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্ত্তী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলার পাণ্ডুয়া স্বাস্থ্যকেন্দ্রে কিছুদিন আগে তাদের বেতন বার দুয়েক চুরি করা হয়। সে সম্পর্কে সংশ্লিষ্ট অপরাধীদের বিরুদ্ধে মামলা চলছে, আমি সে ঘটনার মধ্যে যেতে চাই না। আমার কথা হল, এই অন্যায়ের বিরুদ্ধে যাঁরা আন্দোলন করেছিলেন তাঁদের বিরুদ্ধে কর্তৃপক্ষ প্রতিশোধমূলক ব্যবস্থা নিচ্ছেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রির কাছে আমার অনুরোধ তিনি যেন সংবাদ জেনে এই প্রতিশোধমূলক ব্যবস্থা বা আচরণ যা ওখানকার কর্মচারীদের বিরুদ্ধে নেওয়া হচ্ছে তা যাতে না গ্রহণ করা হয় তারজন্য অবিলম্বে যেন সরকারীভাবে ব্যবস্থা অবলম্বন করেন। তা ছাড়া স্যার, এই অন্যায়ের বিরুদ্ধে বা যারা টাকা আত্মসাৎ করেছে তাদের বিরুদ্ধে সেখানকার কর্মচারীরা যে সংগ্রাম করছিলেন ইতিপূর্বে সরকার থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তাদের প্রতি প্রতিশোধমূলক ব্যবস্থা নেওয়া হবে না। তাঁদের প্রতি যাতে প্রতিশোধমূলক ব্যবস্থা গ্রহণ করা না হয় তারজন্য সরকার যেন অবিলম্বে দৃষ্টি দেন।

**শ্রীবলাইদাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কাঁথী মহকুমার বন্যাবিধ্বস্ত অঞ্চলে দুস্থ জনসাধারণের শোচনীয় অবস্থার প্রতি মাননীয় কৃষিমন্ত্রী ও মাননীয় ত্রাণমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ১৯৬৭-৬৮ সালে বিধ্বংসী বন্যায় কাঁথী মহকুমার যে নিদারুণ ক্ষতি হয়েছে তাতে সেখানকার জনসাধারণ সর্ব্বহারায় পরিণত হয়েছে। সেখানে রাস্তাঘাট নষ্ট হয়েছে। শতকরা ৯০টি নলকূপ নষ্ট হয়ে আছে। এখন পর্যন্ত বহু বিদ্যালয় ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। সেগুলি এখনও পর্যন্ত মেরামতের ব্যবস্থা করা হয়নি। সেই সময়ে সরকার যে সাহায্য করেছিলো তা প্রয়োজনের তুলনায় অতি অল্প। সরকার যে বহু প্রকার ঋণ দিয়েছিলো, সেখানকার যারা ঋণ গ্রহীতা তারা মনে করেছিলো যে, ১৯৬৯ সালের ফসল হাতে এলে ঋণ পরিশোধ করবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় গত বছর এমন অবস্থা ঘটেছে, কার্ত্তিক মাসে জল নেই যার ফলে ফসল নষ্ট হয়েছে। তারপর ১৯৬৯ সালে পুনরায় কোন কোন অঞ্চলে যেমন বেসিন, বাড়িয়া, জুন্দা প্রভৃতি অঞ্চলে বন্যা হয়ে গুরুতর ক্ষতিগ্রস্ত হয়েছে এবং সেখানে ঋণ আদায়ের ব্যাপক প্রচেষ্টা হচ্ছে। ক্রোকের নোটিশ জারী হচ্ছে। ব্যাপকভাবে certificate দেওয়া হয়েছে। সেখানকার সাধারণ লোকের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। সেজন্য আমি মাননীয় ত্রাণমন্ত্রিমহাশয় এবং কৃষিমন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি যে, সেই সকল দুস্থ লোকেরা যারা ঋণ দিতে পারবে না তাদের কাছ থেকে যেন জুলুম করে টাকা আদায় করা না হয়। আমি আশা করবো বন্যাবিধ্বস্ত অঞ্চলের এই দুস্থ জনসাধারণের ঋণ মকুব করায়, যতক্ষণ পর্যন্ত সরকার স্থীর সিদ্ধান্ত না করতে পারছেন ততক্ষণ পর্যন্ত যাতে জুলুম করে টাকা আদায় করা না হয় তার জন্য ব্যবস্থা করবেন এবং সেই রকম নির্দ্দেশ দেবেন, এইটুকু অনুরোধ জানাই।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যখন বিভিন্ন ঘটনার ওপর দৃষ্টি আকর্ষণ করি তখন দেখা যায় মাননীয় মন্ত্রিরা থাকেন না এবং পরবর্ত্তীকালে সেই সব ঘটনাকে কেন্দ্র করে তারা বাইরে বিবৃতি দেন। গতকাল নারকেলডাঙ্গার ঘটনা এখানে তুলেছিলাম। তারপর দেখা গেল জ্যোতিবাবু বাইরে একটা বিবৃতি দিলেন। সেই বিবৃতিতে তিনি বলেছেন যে Forward Block থেকে গুণ্ডাদের কোন লিষ্ট দেওয়া হয়নি। কিন্তু আমি বলছি, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী অসত্য ভাষণ দিয়েছেন বাইরে। আমরা Forward Bloc তরফ থেকে মার্কস্‌বাদী Communist Party-র কাছে তথা স্বরাষ্ট্রমন্ত্রির কাছে ভিক্ষা চাইনা, কৃপা চাইনা। সেখানে বেলেঘাট মানিকতলায় যে ঘটনা ঘটছে তার জন্য কৃপা করুন, দয়া করে পুলিশ পাঠান, একথা বলছিনা। আমি শুধু বলতে চাই, সেখানে মার্কস্‌বাদী Communist Party গুণ্ডাদের যেভাবে Protection দিচ্ছেন, সেই Protection নিয়ে জানুয়ারী ১৬ তারিখ থেকে

আরম্ভ করে, মার্কসবাদী কমিউনিষ্ট গুণ্ডারা ঐ এলাকায় সন্ত্রাসরাজ সৃষ্টি করেছিল—লুট-পাট, রাহাজানি, খুন চালিয়েছে—গতকাল কিন্তু দেখা গেলো যে সেখানকার জাগ্রত জনমত, বেলেঘাটা মানিকতলার সাধারণ মানুষ যখন ঐ গুণ্ডাদের প্রতিহত করছে, যখন মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির গুণ্ডারা মার খাচ্ছে; তখন পুলিশ লেলিয়ে দেওয়া হয়। গতকাল আমরা তাই দেখতে পেলাম যে, North Calcutta Districts যে পুলিস, ডি. সি. প্রকাশ ভট্টাচার্যর তার নেতৃত্বে। সেখানকার গুণ্ডাবাহিনীরা অত্যাচার সুরু করলো এবং যে অত্যাচার আজকেও সেখানে চলছে। এই অবস্থার বিরুদ্ধে শুধু একটি মাত্র প্রশ্ন আমাদের স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে, মাননীয় জ্যোতি বসুর কাছে যে তিনি কি বলতে চান সেটা খোলাখুলি ভাবে বলতে পারেন। এসব অসত্য বিবৃতি দিয়ে অমুক তমুক বিবৃতি দিয়ে, নানারকম কথা না বলে তিনি পরিষ্কার বলতে পারেন যে, হ্যাঁ, আমরা এটা চাই। জ্যোতিবাবুর যদি ক্ষমতা থাকে তাহলে বলুন যে, সেখানকার গুণ্ডাদের সংগে তারা হাত মিলিয়েছেন। একথা বলতে পারেন না। এই কথা বলার সৎসাহস তার নেই। উল্টে তারা ফরোয়ার্ড ব্লকের নামে দোষ চাপাবার চেষ্টা করছেন। কালকে যে বিবৃতি দিয়েছেন সেই বিবৃতির আমরা তীব্র প্রতিবাদ করছি, এবং অত্যন্ত দুঃখের সংগে, লজ্জার সঙ্গে, ক্ষোভের সঙ্গে জানাচ্ছি, যেভাবে যুক্তফ্রণ্টকে ভাঙবার এবং যুক্তফ্রণ্টের image-কে নষ্ট করবার চেষ্টা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি করছে, তা বাংলাদেশের জনসাধারণ ভুলবেনা এবং বাংলাদেশের জনসাধারণ তার প্রতিবাদ করবে এবং প্রতিহত করবে।

**শ্রীকৃপাসিন্ধু সাউ:** মহাশয়া, গতকাল, পরশু জামালপুর থানার রোদো গ্রামে যে নারকীয় ঘটনা ঘটে গেছে তা শুনলে আপনি স্তব্ধ হয়ে যাবেন। এটা আমাদের সাথে ঘটনা নয়, যেটায় হয়তো মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি বলতেন যে ফরোয়ার্ড ব্লক জোতদারদের দালালী করছে, শ্রেণী সংগ্রামের পথে বাধা দিচ্ছে। এটা ঘটেছে তাদের একটা ঘনিষ্ট দল মার্কসবাদী ফরোয়ার্ড ব্লক—এই দুই দলের মধ্যে ঘটেছিল—একদল জোতদারদের সমর্থন করেছিল এবং তাতে মার্কসবাদী ফরোয়ার্ড ব্লক বাধা দিয়েছিল। সে সময় তাদের দলের ভেতরে একটা আপোষ আলোচনা চলছিল সেই আপোষ আলোচনার চলার মধ্যে সেখানকার কিছু—কয়েক হাজার লোক এসে আক্রমণ করে—কয়েকজন ঐ এলাকার একটা বস্তীতে গিয়ে সেই এলাকার মহিলাদের উপর নির্যাতন করে। তাদের অর্ধ উলঙ্গ করে তাদের উপর অত্যাচার করে। মহাশয়া, আপনাকে জিজ্ঞাসা করছি এর নাম কি শ্রেণী সংগ্রাম, এর নাম কি সব সংগ্রাম চলছে, বাংলাদেশের বিভিন্ন জায়গায় এই ঘটনা—নর্থ-এর দিকে দেখুন, নারকেলডাঙ্গার কথা চিন্তা করুন—সেখানে কি অবস্থা চলছে। আমি সেইজন্য বলছি আজকে যদি মোকাবিলা করতে হয় সামনাসামনি আসুন পুলিশের সাহায্য নিয়ে পুলিশকে পিছনে রেখে পুলিশের সমস্ত কার্যকলাপ করে চললে অন্য দলকে খতম করার চেষ্টা করলে বাংলাদেশের কোনও দল সহ্য করবে না। আমি তাদের চ্যালেঞ্জ করছি যদি সে ক্ষমতা তাদের থাকে তাহলে পুলিশকে সরিয়ে নিজেরা আসুন দেখি আমাদের সেই ক্ষমতা আছে কিনা। তাদের বিরুদ্ধে লড়াই করতে পারি কি না। সেই আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে এই আবেদন রাখছি।

[4-00—4-10 p m.]

**শ্রীকৃষ্ণগোপাল বোস:** মহাশয়, আমি ইতস্তত করছিলাম যে বেলেঘাটা এবং নারকলডাঙ্গা সম্বন্ধে কিছু বলবো কিনা, কারণ আমি ঐ অঞ্চলের দীর্ঘ দিনের বাসিন্দা। জন্ম থেকে এবং ঘটনার সঙ্গে ঘনিষ্ঠভাবে আমি পরিচিত দাবী করি, ঐইভাবে আর কেউ পরিচিত নয়। আনন্দের কথা যে দলের সঙ্গে নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করেছি এই সব ঘটনা নিয়ে—ওঁদের সঙ্গে মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির কোন অমিল ছিল না। এটাকে নিশ্চয় বন্ধ করা যায় এবং বন্ধ করা উচিত। কিন্তু ঘটনা এমন দাঁড়িয়েছে যে এর সূত্র ধরে সমাজবিরোধীরা ঘটনায় নেমে পড়েছে। এই সমাজবিরোধী

কারা ?—এই যে কিছু আগে পি. ডি. এ্যাক্ট-এ ছাড়া পেয়েছে খুনের মামলা যাদের বিরুদ্ধে ছিল এবং তারাই সেটা সূত্রপাত করেছে। তারা এই রকম এক একটা এলাকাকে কেন্দ্র করে আর এলাকার গুণ্ডা দলের সঙ্গে জড়িয়ে পড়ছে এবং একটা পাড়াগত ফ্যাশিজম তৈরী হচ্ছে। এখানে প্রশ্ন হচ্ছে ঐ সমস্ত পাড়ায় কিছু গুণ্ডা দলের প্রভাব আছে এবং জড়িয়ে পড়েছে লোক এবং সেখানে পার্টিও জড়িয়ে পড়ছে, খুব বেদনাদায়ক কথা। এ ব্যাপারে শুরু থেকেই কঠিন হস্তে দমন করলে এ ঘটনা এতদূর এগোতে পারতো না। ফরোয়ার্ড ব্লক নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করেছি খোলা মন নিয়ে এবং বলেছি যে দেখা যাক আমাদের লিষ্ট এক্সচেঞ্জ করার পর এমন কিছু লোক নিশ্চয় থাকবে যাদের লজ্জা করবে বলতে যে এ আমাদের পার্টির লোক। যাদের ফুলের মালা দেওয়া হচ্ছে খোঁজ নিয়ে দেখুন অত্যন্ত দায়িত্বের সঙ্গে বলছি তারা পি. ডি. এ্যাক্টের আসামী। এই করে নিজেদের সংঘর্ষ বাড়িয়ে লোক হাসিয়ে শত্রুকে সুযোগ নেবার অস্ত্র তুলে দিয়ে আমরা কেউই লাভবান হতে পারবো না। আবেদন করছি, সেখানকার জনসাধারণ শান্তি চায়, শান্তি প্রতিষ্ঠিত হতে পারে, এবং সম্ভাবনাও আছে যুক্ত প্রচেষ্টার মাধ্যমে শান্তি প্রতিষ্ঠিত হতে পারে। আমি মার্কসিষ্ট কমিউনিষ্ট পার্টির তরফ থেকে বলছি ফরোয়ার্ড ব্লক কর্মীদের যে আমরা এর প্রশ্রয় দিতে চাই না, সে রকম কোন বিশেষ অভিযোগ তাঁদের যদি থাকে তাহলে আমি চেষ্টা করবো। এটাকে বন্ধ করা যায় সমাজবিরোধী যারা তারা সমাজবিরোধী হিসাবে পরিচিত। দীর্ঘ দিন ওঁদের সঙ্গে ছিল এই নালিশ যারা করছেন—এগুলি তারা কাজে ব্যবহার করছেন, তারা সুযোগ নিচ্ছেন। কালকে দেখেছি আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হয়েছে সেটা যে এলাকা থেকে ব্যবহার করা হয়েছে সেটা ফরোয়ার্ড ব্লক এলাকা বলে পপুলার ছিল। আমি অবশ্য কোন ফরোয়ার্ড ব্লক কর্মী করেছে তা বলছি না। এ্যাম্বুলেন্স ডাকা হোল, এমন কি আহত মানুষকে ছিনিয়ে নেবার চেষ্টা করা হয়েছে। আজকে সকালে বাসে করে আসছিলাম ঐ এলাকা ঐ ষষ্ঠীতলা এলাকা কুখ্যাত কংগ্রেসী গুণ্ডা এলাকা। সেখানে পুলিশের গাড়ীকে আগুনে বোমা দিয়ে পুড়িয়ে দেওয়া হোল বাস বন্ধ হয়ে গেল। আমি আবেদন করছি ফরোয়ার্ডব্লক কর্মীদের আমরা সকলে মিলে প্রচেষ্টা করে সমাজবিরোধীদের কার্যকলাপ বন্ধ করে দিয়ে দেখাই যে যুক্তফ্রণ্ট সরকার এর সম্পূর্ণ বিরোধী।

এখনও যদি আমরা মিলিত প্রচেষ্টা করি তাহলে সমাজবিরোধীদের কার্যকলাপকে বন্ধ করতে পারা যায়। আমি তাই ফরওয়ার্ডব্লকের নেতাদের কাছে আবেদন করি যে, যুক্তফ্রণ্ট যে শান্তির পক্ষে সেটা আসুন দেখিয়ে দিই, সেই সম্ভাবনা আছে। ওদের ( বিরোধী পক্ষের লোকদের ) অন্ততঃ সুযোগ দেবেন না। আমি একথা দায়িত্ব নিয়ে বলছি, আসুন হাত মিলিয়ে কাজ করি, আমরা প্রস্তুত আছি। সমাজবিরোধীদের বিচ্ছিন্ন করে কাজ করতে প্রস্তুত আছি।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায়প্রধান :** আপনি জ্যোতি বসুকে একথা বলুন, তিনি যেন বাইরে এই রকম বিবৃতি না দেন। পুলিশ তো তাঁর হাতে রয়েছে। তিনি গুণ্ডাদের এ্যারেষ্ট করুন।

**মিঃ চেয়ারম্যান** ( শ্রীমতী ইলা মিত্র ): জ্যোতিবাবু এলে নিশ্চয়ই একথা তাঁকে জানানো হবে।

**Shri Md. Salimuddin :** मैंने उर्दू अखबार में देखा है गो-कसी के बारे में लिखा हुआ है। १७-१८-१८ ता० को मुसलमानों का त्योहार है। उस अखबार में लिखा हुआ है कि सरकार की तरफ से गो-कसी पर पाबन्दी लगी हुई है या नही ? इसको लोग सुनना चाहते हैं। यह भी मालुम हुआ है कि थाने में गो कसी के लिए लिखाना होगा या मजिस्ट्रेट से परमिशन लेना होगा। अगर यह बात सच है, तो मैं अपील करूँगा कि युक्त फ्रान्ट सरकार को इस

आर्डर को फौरन उठा देना चाहिए। जब यह कानून बना था, तो उस समय यहाँ कांग्रेसी सरकार थी। आज होम मिनिस्टर को इसे उठा देने के लिए आर्डर देना चाहिए।

उस अखबार में लिखा हुआ है कि आज मुसलमानों के त्योहार के समय मजिस्ट्रेट के पास दरख्वास्त देने से या थाने में जाने से मुसलमानों को बहुत परेशानी होगी। इसलिए मैं युक्त फ्रान्ट सरकार से अपील करूँगा कि अगर ऐसा अर्डर है, तो उसे तोड़ देना चाहिए। यह कानून कांग्रेसी सरकार के वक्त में बना हुआ है।

दूसरी बात मैं पंचायत मिनिस्टर साहब से कहना चाहता हूँ और उनका ध्यान इस ओर दिलाना चाहता हूँ। हमारे पंचायत मिनिस्टर साहब के पास इस्लामपुर सबडिविजन-गुन्जरिया अंचल से एक दरख्वास्त आया हुआ था। उस गुंजारिया अंचल में गाड़ी का टैक्स-साइकिल का टैक्स—दुकान का टैक्स जो वसूल होता है, उस टैक्स को वहाँ के पंचायत प्रधान और पंचायत सुपरवाइजर दोनों मिलकर खा गये हैं। उस टैक्स का १०-१२ हजार रुपया ये दोनों खा गये हैं। जिसकी वजह से टैक्स देनेवाले टैक्स नहीं देना चाहते हैं।

गुन्जरिया के एक गरीब दुकानदार का रेडियो वहाँ के प्रधान उठाकर ले गये। उसके लिए वह गरीब आदमी मिनिस्टर साहब के पास दरखास्त भी दिया मगर अभी तक उसके बारे में कोई भी इन्क्वायरी नहीं हुई है। और न तो उस गरीब आदमी को उसका रेडियो ही वापस दिया गया है। इसलिए मैं पंचायत मिनिस्टर साहब का इस ओर ध्यान दिलाना चाहता हूँ।

मैं पंचायत मिनिस्टर साहब से अपील करना चाहता हूँ कि गुन्जरिया अंचल के टैक्स का १०-१२ हजार रुपया जो वहाँ के प्रधान और पंचायत सुपरवाइजर मिलकर रखा गए हैं, उस टैक्स के रुपये के लिए इन्क्वायरी कराइए, एस, डी, ओ, से उसकी इन्क्वायरी कराया जाय। अगर जिसके नाम से मुकदमा है, वही इन्क्वायरी करता है तो उससे कोई फायदा नहीं हो सकता है। इसके साथ ही मैं गुजारिस करूँगा कि उस गरीब आदमी का रेडियो जो वहाँ के प्रधान उठा कर ले गए हैं, उसे वापस दिलाने का इन्तजाम कराना चाहिए।

लालटेनोंको ५५ रुपये के हिसाब से दिया गया था मगर वह लालटेन सिर्फ १०-११ रुपये के हिसाब का था। लेकिन उसपर ५५ रुपया करके खर्च किया गया था। उस रुपये को वहाँ के पंचायत प्रधान और वहाँ के पंचायत सुपरवाइजर दोनों मिलकर खा गये हैं। इसके बारे में मैंने पहले भी इस विधान

सभा में कहा था। लेकिन अभी तक इसकी इन्क्वायरी नहीं हुई है। इसलिए मैं पंचायत मिनिस्टर साहब से गुजारिस करूंगा कि वे इस मामले को भी इन्क्वायरी करा करके गरीबों के टाका को तकसीम कराने का इन्तजाम करें।

(At this stage Mr. Speaker took the Chair)

[ 4-10—4-20 p.m. ]

**ডাঃ আবু আসাদ মহম্মদ ওবাইদুল গনি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয়া চেয়ারম্যান মহোদয়ার পার্মিসন নিয়ে এখানে কিছু বক্তব্য রাখছি। এ্যাসেম্বলীর গেটে ৫ হাজার শ্রমিকের একটি মিছিল এসেছে পূর্ব কলিকাতার ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে তাদের বক্তব্য নিয়ে। শ্রীসমর ব্যানার্জী এবং অমিয় দাসকে ৫ বছরের রিগোরাস্ ইম্প্রিজনমেণ্ট দিয়েছে এবং সেইজন্য তাঁরা মাননীয় রাজ্যপালের কাছে একটা মার্সি পিটিসন করেছেন। শুধু তাঁরাই নয়, তাঁদের বিরুদ্ধে যিনি কমপ্লেনেণ্ট তিনিও একটা মার্সি পিটিসন করেছেন এবং কলকতা কর্পোরেশনের সমস্ত কাউন্সিলার, মেয়র এবং ডেপুটি মেয়রও একটা মার্সি পিটিসন করেছেন চিফ মিনিষ্টারের কাছে। ৬ই জানুয়ারী তারিখে এর বিরুদ্ধে প্রতিবাদ করবার জন্য ঐ এলাকার সমস্ত ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে একটি প্রতীক ধর্মঘট ডাকা হয়েছিল এবং তাঁরা একটা ডেপুটেশন নিয়ে এসেছিলেন মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে। আমার অন্য বক্তব্য হচ্ছে গ্রেসাম এ্যাণ্ড ক্যারাভান নিয়ে। এই কোম্পানীতে ১২৭৫ জন শ্রমিক কাজ করে। এঁদের ওয়ার্কিং ক্যাপিটাল শেষ হয়েছে বলে তাঁরা ব্যাঙ্ক গ্যারান্টি চাচ্ছেন ২০ লক্ষ টাকার। তাঁদের যে ইমমুভেবেল এ্যাসেট আছে সেটা ২০ লক্ষ টাকার বেশী। ওই টাকা না পেলে তাঁরা প্রোডাকসন করতে পারছেন না। এঁদের প্রোডাকসন থেকে আমরা ফরেন এক্সচেঞ্জ লাভ করি। তাঁরা এখন চিফ মিনিষ্টার, ইণ্ডাষ্ট্রি মিনিষ্টার এবং লেবার মিনিষ্টারের কাছে ডেপুটেশন নিয়ে যেতে চাচ্ছেন তাঁদের বক্তব্য রাখবার জন্য। আমার আর একটা বক্তব্য হচ্ছে পিওর ড্রিংকস্ অব ইণ্ডিয়া সম্বন্ধে। সেখানকার লাঞ্ছিত ওয়ার্কাররা আজ পর্যন্ত কোন সুযোগ সুবিধা পায়নি। তাদের মধ্যে এক জন মরে গেছে এবং সেখানে লক-আউট চলছে। তাদের ক্ষেত্রে হস্তক্ষেপ করবার জন্য তারা মুখ্যমন্ত্রী, উপ-মুখ্যমন্ত্রী এবং লেবার মিনিষ্টারের কাছে ডেপুটেশন নিয়ে আসতে চাচ্ছে।

## The R. G Kar Medical College and Hospital (Amendment) Bill, 1970.

**Shri Nani Bhattacharya :** Sir, I beg to introduce the R. G. Kar Medical College and Hospital ( Amendment ) Bill, 1970.

( Secretary then read the title of the Bill )

**Shri Nani Bhattacharya :** Sir, I beg to move that the R. G. Kar Medical College and Hospital ( Amendment ) Bill, 1970, be taken into consideration.

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই প্রসঙ্গে খুব সংক্ষেপে ২/১টি কথা হাউসের কাছে নিবেদন করতে চাই। প্রথমে ১৯৫৮ সালে এই আর. জি. কর মেডিকেল কলেজ এ্যাণ্ড হাসপাতালের ব্যবস্থাপনা ১০ বছরের জন্য সরকার নিজের হাতে নেন। সেই ১০ বছর শেষ হয় ১৯৬৮ সালের ১১ই মে তারিখে। সেই সময় আইন সভার অধিবেশন চলছিল না এবং প্রেসিডেণ্টস্ রুল ছিল বলে পুরান আইন পার্ল্টিয়ে অর্ডিন্যান্স আকারে চালু করতে হয়। আমি আজকে হাউসের কাছে এটাকে বিল আকারে উথাপিত করছি যাতে এটাকে আমরা আইনে পরিণত করতে পারি। প্রসংগত: উল্লেখযোগ্য পুরান আইনকে মাত্র দুটি জায়গায় পরিবর্তন সাধন করা হয়েছে। মাননীয়

স্পীকার মহাশয়, আপনি হয়ত লক্ষ্য করেছেন পুরান আইনে আছে সরকার যখন এই আর. জি. কর মেডিকেল কলেজ এ্যাণ্ড হাসপাতালের পরিচালনার ভার নিজের হাতে নিয়েছেন তখন তার যে সমস্ত সম্পত্তি আছে তা টাকাতেই হোক বা স্থাবর সম্পত্তি হোক সব কিছু হাসপাতালের নির্দিষ্ট উন্নয়নের জন্য ব্যবহার করতে হবে। আমরা দেখলাম সরকারের হাতে যখন এটা এসেছে তখন এটা থাকা দরকার যে, ওই হাসপাতালের স্বার্থের জন্য তার স্থাবর এবং অস্থাবর সম্পত্তি ব্যবহার করতে পারব। এবং সেখানে কিভাবে ব্যবহার করবো না করবো সেটা সরকারের বিবেচনাযোগ্য হওয়া দরকার এবং সরকারের সে সম্বন্ধে অধিকার থাকা দরকার। সেই জন্য ১৯৫৮ সালে যে আইন এসেছিল, সেটা সংশোধন করার দরকার হয়ে পড়েছে আর. জি. কর কলেজের এবং হাসপাতালের উন্নতির স্বার্থে। আর একটা ছোট্ট পরিবর্তন এই নূতন আইন বা অর্ডিন্যান্সে করা হয়েছে সেটা হচ্ছে যে ঐ হাসপাতাল পরিচালনার জন্য একটা কমিটি তৈরী করা হয়, সেই কমিটির কাজ ছিল আর. জি. কর মেডিকেল কলেজ এবং হাসপাতালের জন্য যে ধারা এবং উপধারা আছে সেইগুলো প্রয়োগ করা এবং কার্য্যকরী করার জন্য। সেটার পরিবর্তন সাধন করে আমরা এই হাসপাতাল এবং মেডিকেল কলেজের জন্য উপদেষ্টা কমিটির গঠন সম্পর্কিত প্রস্তাব এই সংশোধনীতে করা হয়েছে, এই জন্য যে, যে হাসপাতাল সরকারী হাসপাতালে পরিণত হয়েছে—অন্যান্য সরকারী হাসপাতাল এবং শিক্ষায়তনে যেভাবে উপদেষ্টা কমিটি গঠন করা হয়, এখানেও সেইরকম ধরণের একটা পরামর্শদাতা কমিটি করার প্রস্তাব করা হয়েছে। আমি আশা করবো যে, এই আর. জি. কর মেডিকেল কলেজ এবং হাসপাতাল-এর উন্নতির স্বার্থের দিকে তাকিয়ে এই যে নূতন বিল আপনাদের এখানে উপস্থাপিত করা হয়েছে, আপনারা সব দিক বিচার করে তা অনুমোদন করবেন এবং সেই বিল বিবেচনা আপনারা সেদিক থেকে করবেন।

**Dr. Jainal Abedin:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by 31st March, 1970.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে সংশোধনী বিল উত্থাপন করেছেন, এই বিল মূলতঃ আমাদের বিল। শুধু এই বিল যখন তদানিন্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এই হাউসে আনেন তখন এরা কি বক্তব্য সেখানে রেখেছিলেন? এবং আজকে এরাই আবার মন্ত্রী হয়ে যে বক্তব্য রেখেছেন, এই দুটোর মধ্যে যে একটা বিরাট আসমান জমিন ফারাক রয়েছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুনিয়াটার দিকে তাকিয়ে আপনি নিশ্চয়ই বুঝেছেন যে এখানে বছর গেলে চরিত্র বদল হয় এবং আরও অনেক কিছু বদল হয়, কিন্তু মানুষের মতিগতি যে বদল হয় তা বিধানসভায় না থাকলে বিশ্বাস করবেন না। ইনদি ইয়ার ১৯৫৮ যখন এই বিল আনা হয়েছিল, তখন ওরা এদিকে ছিলেন, তখনও এদের এখনকার মত সমন্বয় ছিল না এবং নিজেদের পরস্পরের মধ্যে বোঝাপড়া ছিলনা। সুতরাং আজকের ঐ পরিষদীয় মন্ত্রী যতীন বাবু উনি কিছু বুঝুন আর নাই বুঝুন এই বিলটাকে সেই সময় বিরোধিতা করেছিলেন আজকে আবার তাঁরই দলের লোক—যতীন বাবু আর. এস. পি. পার্টি ত্যাগ করেছেন কিনা জানিনা আজকে তাঁরই দলের মানুষ আর. এস. পি.র চরিত্র বদল হয়েছে কিনা জানিনা—তারই দলের মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এই বিল আজকে উত্থাপন করেছেন ফর এ্যানাদার টার্ম অব টেন ইয়ারস'।

[4-20—4-30 p.m.]

আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার নিবেদন আপনি আপনার দলের মানুষকে বলুন সেদিন যে উক্তি করেছিলেন সেটা অসত্য ছিল, রাজনৈতিক মতলববাজী হাসিল করবার জন্য এটা করেছিলেন। কংগ্রেসের যে পথ সেটা দেশের কল্যাণ সাধন করবার পথ, দলবাজী করবার জন্য নয়। কংগ্রেসের একমাত্র লক্ষ্য ছিল মানুষের উপকার করার জন্য দেশের প্রগতির জন্য। শুধু সেদিকে লক্ষ্য রেখে আমরা সেদিন বিল এনেছিলাম। এরা যে ডেমক্রেসির জন্য হাহাকার করে চিৎকার

করেছিলেন সে হাহাকারের ফিরে যাবার পথে আমরা আর কিছু দিতে না পারি গণতন্ত্র দিয়েছি, যে গণতন্ত্রের দৌলতে আজকে ওরা ওখানে বসে আছেন। অথচ আজকে ওদের সুর পাল্টে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যন্ত্র যন্ত্রি ছাড়া বাজে না, কংগ্রেসের পথে গেলে কংগ্রেসের মর্য্যাদা পাওয়া যায় না। কংগ্রেস যে বিল এনেছেন সেই তার যে পথ সেই বিলের যে মেয়াদ আরো বাড়িয়ে দিলে কংগ্রেসের দায়িত্ব, সেবার মনভাব গ্রহণ করতে পারা যায় না। স্যার আমি ১৯৬২ সালে এই হাউসে প্রথম আসি, তখন দেখেছি মাননীয় সদস্য ননীবাবু দায়িত্বশীল সদস্য ছিলেন, কিন্তু আজকে যেই তিনি স্বাস্থ্য দপ্তরের দায়িত্ব নিয়েছেন অমনি সেখানে একটা অরাজকতার সৃষ্টি হয়েছে। চিকিৎসার জগতে, মেডিকেল কলেজে একটা অরাজকতা দেখা দিয়েছে ; ছাত্রের বিরুদ্ধে শিক্ষকের অরাজকতা, শিক্ষকের বিরুদ্ধে ছাত্রের অরাজকতা, ধর্মঘট উস্কানী দিয়ে চালান হচ্ছে। কোথাও এগুলি মেটাবার চেষ্টা করছেন না। আমরা এ সম্বন্ধে অভিযোগ করেছি প্রত্যক্ষ ভাবে তাঁর দলের উস্কানীতে হাসপাতালে, শিক্ষায়াতনে ষ্ট্রাইক লেগেই আছে। আমরা এখন দেখছি মানুষের যোগ্যতার কোন মূল্য নেই, শিক্ষার কোন, অভিজ্ঞতার কোন মূল্য নেই। সেইজন্য একজনকে সুপারসিড করে আর একজনকে উচ্চ পদে বসান হয় এবং বসান হয় বলেই সেখানে প্রত্যক্ষ ষ্ট্রাইক, ঘেরাও এই জাতীয় জিনিষ হয়। আমাদের আমলে ডাঃ বিধানচন্দ্র রায়ের মত মহান পুরুষ ছিলেন বলেই এই বিভাগের দায়িত্ব বহন করতে পেরেছিলেন। কিন্তু ননী বাবু যদি সততার সঙ্গে সে দায়িত্ব বহন করতে পারতেন তাহলে আমরা এই বিলের বিরোধীতা করতাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন আমাদের পরিষদীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয় বলেছিলেন যে, এই যে এ্যাডভাইসারি কমিটি এটা নাকি একেবারে আনডেমক্রেটিক। গণতন্ত্রের হত্যা হয়ে যাচ্ছে, ডাঃ রায় জগন্নাথের রথ চালিয়ে যাচ্ছেন সেজন্য আমি বিরোধিতা করছি। আজকে তাঁর দলের আর একজন অন্যতম নেতা মাননীয় স্বাস্থ্য মন্ত্রী যে কমিটি করতে চাইছেন এটা কি হচ্ছে? এর চরিত্র কোন দিক থেকে গণতান্ত্রিক? কারা নির্বাচিত করছেন? অমল রায় থাকলে তিনি বলতেন যে আমরা নাকি একই সুরে কথা বলছি। কিন্তু আপনারা এই বিধান সভায় শূয়োরের ছানার মত যে আইন করছেন তার প্রত্যেকটির লক্ষ্য—ক্ষমতা কুক্ষিগত করা। সোজা মন্ত্রীর হাতে ক্ষমতা চলে আসুক কারণ মন্ত্রীর হাতে রয়েছে পার্টির টিকিট, পার্টি পরিচালনা করছেন। আমাদের আমলে যাও চরিত্র ছিল গণতন্ত্রের আপনি তাও তুলে দিচ্ছেন, নিজের হাতে ক্ষমতা নেবার চেষ্টা করছেন। সেদিক থেকে আমি আগেও যে কথা বলেছিলাম এখনও সেই কথা বলছি। কংগ্রেসের মহান অবদান হচ্ছে পশ্চিম এশিয়ার মধ্যে ভারতে গণতন্ত্রের প্রতিষ্ঠা করা। আপনারা তিলে তিলে সেই গণতন্ত্রকে ধ্বংস করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় সেদিন থেকে আমরা দেখছি আপনি যে কমিটির চরিত্র দিয়েছেন তাতে লাইসেন্স কতদূর পর্য্যন্ত নিচ্ছেন, দলবাজি শুধু এই বিলের নয়, বাজার নিয়ন্ত্রণ বিল, কো-অপরেটিভ বিল সব জায়গায় ক্ষমতার লালসা আমরা দেখতে পাচ্ছি। এর পরে স্বাস্থ্য এবং স্বাস্থ্য সংক্রান্ত যতগুলি প্রতিষ্ঠান সেগুলিতেও এরা দলবাজি করবার মতলব করছেন। আপনি যে কমিটির কথা বলেছেন—Four persons interested in Medical Education and Public Health nominated by the State Government. এর আগে যতীন চক্রবর্তী মহাশয় বলেছিলেন যে ডাঃ রায় জগন্নাথের রথ চালাচ্ছেন নমিনেটেড বডি, আনডেমক্রেটেড বডি, আজকে সেই নমিনেসানের প্রভিসান আরো বাড়িয়ে দিচ্ছেন।

একি কথা? কিসের জন্য? কিসের জন্য আপনাদের ক্ষমতার লালসা মিটবে না এবং সেটা স্বাস্থ্য দপ্তরের হাসপাতালে বিদ্যানিকেতনে? আজকে তাই আমরা দেখেছি এই লালসার জন্য যে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় মেডিকেল কলেজ জন্ম নিয়েছে সে শিশুর উপর যে অত্যাচার চালিয়েছে সেই উত্তরবংগ Medical College-এ ধর্মঘট হয়ে গেল, আমরা সেখানে নীরব দর্শক। আমরা এখানে এ্যাডজোর্নমেণ্ট মোসান তুলে সুবিচার পাচ্ছি না, সুযোগ পাচ্ছি না, সেজন্য দেখেছি যে যাতে এরা হাত দিয়েছে তাতেই ধ্বংসের পথে নিয়ে গেছে। আজকে আমরা মাননীয় অধ্যক্ষ মহোদয়,

বলতে উঠেছি থার্ড রিডিং-এ—এজন্য যে বিরোধীপক্ষ থেকে যে কতকগুলি সংশোধনী প্রস্তাব এসেছিল ডাঃ রায় তার জগন্নাথের রথ চালিয়ে সব উপেক্ষা করে চলেছেন, এমনকি গণতন্ত্রের দোহাই দিয়ে মাননীয় বন্ধু গনেশ ঘোষ যিনি বহু আবেদন আনলেন কিন্তু ডাঃ রায় সেই যে গণতন্ত্র রীতিসম্মত যে নমিনেটেড কমিটি না করে ইলেকটেড হোক সে প্রস্তাবটা পর্যন্ত গ্রহণ করতে রাজী হন নি। এই কমিটি যদি নমিনেটেড হয় তাহলে তার সুবিধা হবে যে উদ্দেশ্য নিয়ে এ বিল আনা হয়েছে যার সততা সম্বন্ধে সন্দেহ প্রকাশ করেছি, ওখানে নূতন যে কাউনসিলার, কাউনসিল সুপারসিড করেছে সে কাউনসিল যখন দুর্নীতি করেছিল যে জঞ্জাল হয়েছিল তাকে দূর করেছিল ও তহবিল তছরূপ করেছিল তাদের সাসপেণ্ড করেছিল তখন তারা ঐ কলেজের উন্নতি করবার জন্য চেষ্টা করেছিল তখন এই বিল প্রনয়ণ করা হয়েছিল। ২ দিন তখন আলোচনা হয়েছিল এবং মাননীয় যতীন্দ্র চন্দ্র চক্রবর্ত্তী - বোধ হয় একই ব্যক্তি ব্যাক্তিত্বে বোধ হয় কোন বিবাদ সৃষ্টি করবেন না যে সে ব্যক্তি এ ব্যক্তি নয়, তাতে বলছেন। সেজন্য গতকালও আমি বিরোধিতা করেছি এবং আজও এ অবস্থায় বিরোধিতা করা ছাড়া উপায় নাই। মাননীয় পরিষদীয় মন্ত্রী, যতীন চক্রবর্ত্তী—আমাদের আজকে যারা মন্ত্রীদের আসনে আছেন ৩ জন মন্ত্রী এই বিলে পার্ট নিয়েছিলেন আমি যে কথা বলেছি, আমরা দেখেছি মাননীয় পূর্বমন্ত্রী সুবোধ বন্দোপাধ্যায়, ডাঃ রায় যা ১০ বৎসরের জন্য বিল এনেছিলেন সংশোধন দিয়ে বললেন কি? যে ১০ বৎসরের জায়গায় ২ বৎসর করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় ১০ বৎসর পেরিয়ে গেছে আজকে এরা ২ বৎসর করার কথা বলছে। এদের নিজেদের কোন সৃষ্টি নেই কীর্ত্তি করবার ক্ষমতা নেই। সুতরাং এ বিলের মূলতঃ বিরোধীতার উপাদান আমাদের কাছে অল্প তবু বলে দিতে চাই যে পরিচ্ছন্ন মন নিয়ে পরিচ্ছন্ন প্রশাসন ব্যবস্থা চালু করে এই Medical College-গুলোর সু-ব্যবস্থার চেষ্টা করেন। মাননীয় সুবোধ ব্যানার্জী তৎকালীন ছিলেন তিনি বলছেন I beg to move that in clause 3, line 4, for the word "ten" the word "two" be substituted. মিঃ স্পীকার স্যার, তাঁর বক্তব্য আপনার সামনে তুলে ধরছি। তিনি বলেছিলেন মিঃ স্পীকার স্যার, আমার ২টা সংশোধনী প্রস্তাব আছে একটা হচ্ছে ১০ বৎসরের জায়গায় ২ বৎসর করতে চাই, আর আজকে ঐ যুক্তফ্রণ্টের ডামাডোলের দোল খেয়ে তিনিও ঐ বিলে সম্মতি দিলেন, কারণ ননীবাবু যখন বিল এনেছেন তখন নিশ্চয়ই Cabinet-এর সম্মতি পেয়েছেন। তিনি ঐ ১০ বৎসরের সম্মতি দিলেন! সেজন্য মাননীয় ননীবাবুর কাছে আমার নিবেদন যে সেদিনের উক্তি প্রত্যাহার করুন, এবং সেদিন দাবী তুলেছিলেন যখন দেখলেন যে আমরা যে উদ্দেশ্য নিয়ে বিল এনেছিলাম সে উদ্দেশ্য সৎ, সাধু ও জণকল্যাণ মূলক আজকে যেদিন যে দাবী তুলেছেন, ডাঃ নারায়ণ রায় নেই তিনি বলেছিলেন এই Institute-এর সঙ্গে জাতীয় স্বাধীনতার মহান ঐতিহ্য জড়িত।

[ 4-30—4-40 p.m.]

যেদিন ভারতবাসী শুধু সৈনিক সেজে ইংরাজকে জানিয়ে দেয়নি, জানিয়ে দেয়নি যে ভারতবাসী লড়তে পারে এবং তোমাদের শিক্ষাক্ষেত্রে না গিয়েও শিক্ষাক্ষেত্র নূতন করে গড়ে তুলতে পারে এবং ভারতবাসীকে শিক্ষিত করে তুলতে পারে সেদিন সেই উদ্দেশ্য নিয়ে ডাঃ লাল মাধব ব্যানার্জি, রাধা গোবিন্দ কর, সুরেশ সর্বাধিকারী, নীলরতন সরকার—এই মহান চিকিৎসকগোষ্ঠি তখন ছিলেন, তাঁদের অবদানে এর কালে কালে বহু বিবর্তন হয়ে গিয়েছে। ৫টি ইনসটিটিউসন ছিল, ৩টি হল, ২টি হল তারপর সবকটি কেন্দ্রীভূত করে একটা হল এবং তৎকালীন গভর্ণরের বদান্যতায় এই ইনসটিটিউসান অনেকটা পুষ্টি সাধন করেছিল? আপনারা আগে যে কথা বলেছিলেম এখন সেকথা বলেছেন না কেন? ছোট হওয়ার প্রশ্ন আজ নেই, অমর্যাদার প্রশ্ন নেই। আমি যেজন্য বিলটা আপনাদের কাছে পাঠিয়েছি যেগুলো জাতীয় স্বাধীনতার সংগে ঐতিহ্যমণ্ডিত প্রতিষ্ঠান যার সংগে দেশের মানুষের আশা আকাঙ্খার মূর্ত প্রতীক হয়ে দেখা দিয়েছিল সেটার ব্যাপারে তখন যে দাবী

তুলেছিলেন বিধানসভায় আপনারা তখন ছিলেন বিরোধী দলে, তখন বলেছিলেন এটা জাতীয়করণ করুন। কনসটিটিউসানের ৩১ (এ) এণ্ড (বি) এই প্রভিসানে বাধা ছিল না কোথাও। আজকে আপনারা তার ধারের কাছ দিয়েও যাচ্ছেন না কেন? এটা ইনফিরিওরিটির প্রশ্ন নয়, এতে কমপ্লেক্সের প্রশ্ন কিছু নেই। আমরা একটা কথা বলেছি বলেই নয়, আপনারা যখন নিঃসন্দেহ যে আরো ১০ বছর আপনাদের হাতে থাকা উচিত তখন সেদিনকার সেই আশা-আকাঙ্খা, সেই ক্ষমতা রূপান্তর করার দায়িত্ব আপনাদের হাতে এসেছে, সেদিন যে দায়িত্ব আপনারা নিতে চেয়েছিলেন ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী হিসাবে এই বিলটা পাইলট করেছিলেন তখন যে বলেছিলেন এটাকে ন্যাসনালাইজ করুন আজকে সেই লাইনে কেন চিন্তা করছেন না? আপনাদের হাতে সেদিন যে দায়িত্ব আপনারা নিতে চেয়েছিলেন সেখান থেকে আজ পিছিয়ে আসছেন কেন? আপনারা একথা বলতে পারবেন না যে সভ্য দেশের নিয়ম অনুযায়ী এক হাজার পিছু একটা ডাক্তার বাংলাদেশে হয়ে গিয়েছে। বাংলাদেশে সবচেয়ে বেশী পাশ করা ডাক্তার আছেন। সেখানে আপনি বাইরে যারা চলে গিয়েছেন তাদের ধরে নিলেও ১৭০০ বেশী নয়। সুতরাং চিকিৎসা সমস্যার সমাধান এখানে হয়ে যায় নি। সুতরাং ন্যাসনালাইজেশানের চিন্তা কেন করছেন না? সেদিন যে দাবী ছিল আজকে তা বাস্তবে রূপায়িত করছেন না কেন? এখানে বাধা কোথায়? দুদিক থেকে এতে অসুবিধা হচ্ছে। সেখানে যারা কর্মচারী রয়েছে সেদিন ডাঃ রায় তাদের সম্পর্কে স্পষ্ট কথা এই হাউসে রেখেছিলেন। সেই কর্মচারীরা they were not Government employees direct, they were deemed to be government employees. তার মানে গভর্ণমেণ্ট এমপ্লয়ি থাকার ফলে আমাদের যেগুলো রাইটস যে contest the elections in Assembly, Municipalities and other statutory bodies. The employees are being treated as Government servants, সেখানে তো এই অধিকার থাকছে না। কিন্তু যেদিন প্রথম এই বিল এসেছিল ডাঃ রায়ের উত্তরে এটা ক্ল্যারিফি বলা ছিল they were being deemed to be Government servants, not that they were Government servants at that time. এই পজিসান আজকে কি? আমি যখন মেডিকেল কলেজের ছাত্র ছিলাম শ্রীসন্ন্যাসী সাহা তিনি এ্যানাটমির ডেমনেষ্ট্রেটর ছিলেন। তিনি তো এখন আর. জি. করের প্রিনসিপ্যাল সুপারিনটেনডেণ্ট কিম্বা আর কোন লোককে বসিয়েছেন কি না জানি না। আমার কাছে এই সংবাদ এসেছিল। এখন বক্তব্য এই তাদের পজিসানটা কি? একটা প্রাইভেট ইনসটিটিউসান ১০ বছরের জন্য নেওয়া হল the employees were deemed to be treated as Government employees, not as Government employees.

এসব কথা নিয়ে বাদবিতণ্ডা সেদিন অনেক হয়েছিল। আজ সেই কর্মচারী, ডাক্তার ইত্যাদির কি অবস্থা সে সম্বন্ধে আমাদের বলতে হবে। কারণ যখন এটা Govt. Institution হিসাবে আপনারা পরিচালনা করবেন তখন এখানে যাঁরা কাজ করছেন তাঁদের service rules অনুযায়ী তাঁদের civil liberties আপনারা সঙ্কুচিত করছেন। সুতরাং আমার বক্তব্য হচ্ছে আপনারা এটাকে nationalise করুন। অর্থাৎ Act 31 (A) অনুযায়ী 99 years-এর জন্য এটাকে নিতে কোন bar নেই। Act 31 (A) এবং (B) অনুসারে কোন বাধা আসছে না। তারপর ১৯৫৮ সালে সেখানে যে রুগী ছিল তাদের জন্য তখন যা খরচ হোত মাথাপিছু সেখানে সর্বমোট নেবার আগে খরচ আরও কম হোত বলে সেই খরচ বাড়িয়ে দেওয়া হয়েছিল। সুতরাং গভর্ণমেণ্টের অধীনে যখন আবার নিয়ে চালাইবে, তখন অন্যান্য সরকারী হাসপাতালের মত এখানে রুগীদের পিছনে খরচ করুন। ছাত্রদের পিছনেও আগে খরচ কম ছিল, এখন যাতে সেটা অন্যান্য কলেজের ছাত্রদের সমান হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। এছাড়া এখানে অনেক addition, alteration করার প্রয়োজন আছে। এখানে নূতন নূতন apparatus-এর প্রয়োজন আছে। এদিক থেকে আপনি কি চিন্তা করেছেন? Whether the institution is at par with the Calcutta

Medical College কিম্বা এর চেয়ে বেশী হলে আমরা আনন্দিত হব। কারণ এটা একটা জাতীয় প্রতিষ্ঠান। এখানে একটা Capital Expenditure করার প্রয়োজন আছে। কিন্তু আপনি কি Small addition and alteration করে আপনার দায়িত্ব খালাস করতে চাইছেন এসব দিক থেকে আপনি আপনার বক্তব্য রেখে আমাদের আশ্বাস দেবেন। বিলের মূল নীতির সম্বন্ধে আমাদের বিরোধ নেই, কারণ the father of the child cannot kill the child এই বিল দেখে আমাদের বুক ফুলে উঠছে, কারণ এটা আমাদের বিল।

**ডা: সুনীলকুমার মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে, R. G Kar Amendment Bill এখানে উপস্থিত করেছেন, তাকে সমর্থন করতে গিয়ে আমি নিজে আনন্দ বোধ করছি। কারণ ঐ কলেজের আমি প্রাক্তন ছাত্র। ১৯৫৭ সালে আমরা আন্দোলন করেছিলাম ঐ কলেজের রুগীদের স্বাচ্ছন্দ্যের জন্য, কর্মচারীদের সুযোগ সুবিধার জন্য আমরা আন্দোলন করেছিলাম। ছাত্রদের উন্নত প্রথায় যাতে শিক্ষা দেওয়া হয়, তার দাবীতে। আজ তাই আনন্দ হচ্ছে—বিধানসভায় সেই সমস্ত পুরানো দিনের কথা আলোচনা করার সুযোগ আমিও পাচ্ছি।

[ 4-40—4-50 p.m. ]

মাননীয় জয়নাল আবেদিন সাহেব কি বলবেন, আমি কিছু বলার আগে আপনাদের কাছে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করব সেই অতীত দিনের ঐতিহ্যের কথা, সেই ডঃ আর. জি. করের কথা, ডঃ সুরেশ সর্বাধিকারীর কথা যাদের ঐকান্তিক চেষ্টায় তারা তৈরী করেছিলেন এ ক্যালকাটা স্কুল অব মেডিসিন যা পরবর্তি কালে হয়েছিল কারমাইকেল মেডিক্যাল কলেজ বা আজকের দিনে আর. জি. কর মেডিক্যাল কলেজ নামে খ্যাত। আমরা যখন ছাত্র ছিলাম তখন এখানকার পরিচালনার ভার ছিল ট্রাষ্টি বোর্ডের হাতে—মেডিক্যাল সোসাইটি অব বেঙ্গলের হাতে। আমরা জানি সেই সময় ঐ একটা প্রতিষ্ঠান সম্পূর্ণ বেসরকারী প্রচেষ্টায় জনসাধারণের সাহায্যে দিনের পর দিন শিক্ষা দিয়ে, সেবা দিয়ে এই প্রতিষ্ঠানকে দেশের কাছে, দশের কাছে বড় করে তুলতে পেরেছিলেন। আমি অত্যন্ত গর্বের সঙ্গে বলতে পারি স্বনামধন্য চিকিৎসক ডঃ বি. সি. রায় তিনি এখান থেকে পাশ করে বেরিয়েছিলেন। এই কলেজ থেকে আমরা শিক্ষা পেয়েছিলাম, বিভিন্ন বড় বড় চিকিৎসকের কাছে যেমন ডঃ অমল রায় চৌধুরী, ডঃ তাপস বোস, ডঃ হীরেন চ্যাটার্জি, সুভাষ মিত্র, ইত্যাদি চিকিৎসকের কাছ থেকে। এই হাসপাতালে বহু গরীব রোগী সামান্যতম ডায়েট নিয়ে তারা যখন ভাল হয়ে গেছেন তারা দুই হাত তুলে আমাদের আশীর্বাদ করে গেছেন। তাই আমরা বলব সাধারণ মানুষের বুকের রক্ত দিয়ে গড়া এই যে প্রতিষ্ঠান একে সত্যিকারের জাতীয় সম্পদ বলে পরিগণিত করতাম। কিন্তু আজ অত্যন্ত দুঃখের কথা, লজ্জার কথা, ঘৃণার কথা যে আজকে বিরোধী দলের সদস্য আমাদের বন্ধু জয়নাল সাহেব খুব চেঁচাচ্ছেন। কিন্তু আমরা বলব আমরা যখন আন্দোলন করেছিলাম ১৯৫৭ সালে তখন স্বাধীনতা হয়ে গেছে দশ বছর, তখন এই আর. জি. কর মেডিক্যাল কলেজ ধ্বংসের মুখে, তখন তাকে বাঁচানোর জন্য এদের তরফ থেকে এতটুকুও আশার বাণী আমরা শুনিনি। আমরা দেখেছি রেলের কামড়ায় যেমন লেখা থাকে এটা জাতীয় সম্পত্তি একে রক্ষা করবার জন্য আপনাদের সহযোগিতা প্রার্থনীয়, তখন তো আমরা তাদের কাছ থেকে এতটুকু সহানুভূতির বাণী শুনিনি। যখন কংগ্রেসী সরকারের মধ্যমণি হয়ে বসেছিলেন ঐ কলেজেরই ডঃ বি. সি. রায় তাদের কাছ থেকে আমরা এতটুকু আশার বাণী শুনিনি। সাধারণ লোকের ঢ্যাপীল পর্যন্ত তারা শোনেননি যে আর. জি. করকে বাঁচানোর চেষ্টা করুন। আজকের যুগের পরিবর্তন হতে চলেছে, বাঁচার তাগিদে তারা অবিরাম সংগ্রাম করছে—আমরা যদি বলি রোগীদের অন্যান্য হাসপাতালের মত তাদের যে দু টাকা আড়াই টাকা ডায়েট দেয়া হয় তখন আমাদের হাসপাতালে ১৬ আনা করে দেয়া হত। আমরা সেদিন আন্দোলন করেছিলাম—সেটা

কি অন্যায় ছিল ? আমরা বলেছিলাম নন্-মেডিক্যাল ষ্টাফ, নার্সিং ষ্টাফ, ক্লারিক্যাল ষ্টাফ, যারা আন্দোলন করেছে এতদিন ধরে, এত কম মাইনাতে সেবা করেছে তাদের মাইনা বাড়ানো উচিত সেটা কি অন্যায় ? আমরা বলেছিলাম শিক্ষকরা যারা বিনা বা স্বল্প বেতনে চিকিৎসা করে আসছেন তাদের আর আটকে রাখা যাচ্ছে না, আমরা বলেছিলাম ছাত্ররা যারা বেশী মাইনা দিয়ে ভালভাবে শিক্ষা পাবার কোন সুযোগ পাচ্ছে না, সমস্ত রকম ইকুইপমেন্ট আমাদের ছিল না এই সমস্ত দাবী নিয়ে আমরা আন্দোলন করেছিলাম তখন কিন্তু কংগ্রেসী সরকার আমাদের এতটুকু সাহায্য করেনি। সেই বৃটিশ আমল থেকে যে ৫০ হাজার টাকা ষ্ট্যাটুটরী গ্রান্ট দেয়া হত স্বাধীনতার পরে সেই একই হারে ষ্টাটুটরী গ্রান্ট দেয়া হচ্ছে। আমরা ষ্ট্রাইক করেছিলাম নন্-মেডিক্যাল ষ্টাফ তারা ট্রেড ইউনিয়ন আন্দোলন করেছিলেন, তাঁদের স্বভাবসুলভ পন্থায় তাঁরা চেষ্টা করেছিলেন কি করে ট্রেড ইউনিয়ন আন্দোলনকে স্তব্ধ করে দেয়া যায়। আমি জোর করে বলতে পারি যে ডঃ বি. সি. রায় তিনি যে বিল এখানে এনেছিলেন তিনি স্বেচ্ছায় বিল এখানে আনেন নি, এনকোয়ারী কমিশনের রিপোর্টে যখন বলা হয় এটা নেয়া উচিত এবং আমাদের আন্দোলন যখন জোরদার হল তখন এই সরকার কলেজের পরিচালনার ভার গ্রহণ করলেন। আমি তাই আজ অত্যন্ত আনন্দের সঙ্গে আমাদের স্বাস্থ্য মন্ত্রী এই যে, amendment বিল এখানে উপস্থিত করেছেন, তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে বলবো—তার যে স্থাবর-অস্থাবর সম্পত্তি আছে—সেগুলি এই হাসপাতালের কল্যাণে গভর্ণমেণ্ট আইন করে যাতে কাজে লাগান যায়, তার জন্য তাড়াতাড়ি ব্যবস্থা করা দরকার। সেই সঙ্গে সঙ্গে আমি বলবো—ঐ যে advisory কমিটি করার কথা বলা হয়েছে, সেই advisory কমিটি—তার মাধ্যমে হাসপাতালের উন্নততর পরিচালন ব্যবস্থা চালু করুন এবং হাসপাতালের আসল উদ্দেশ্য সফল করার চেষ্টা করুন।

আমি দেখেছি—ঐ হাসপাতাল যখন সরকার নিজ হাতে গ্রহণ করেন, তখন কথা দিয়েছিলেন, honourary পুরাণো Staff-দের seniority basis-এ বিভিন্ন সুযোগ সুবিধা দেওয়া হবে, Promotion ইত্যাদি দেওয়া হবে। কিন্তু দুঃখের বিষয় সে সমস্ত ব্যবস্থা আজ পর্যন্ত করা হয় নাই। একথাও আমি এখানে উল্লেখ করতে চাই—আর. জি. কর হাসপাতালের অভ্যন্তরে দুর্নীতিও প্রচুর আছে। ঐ advisory কমিটি মারফৎ সেইসব দুর্নীতি যাতে সত্বর দূর করা যায়—তার ব্যবস্থা করতে হবে। আর যে সমস্ত কর্মচারী বিভিন্ন বিভাগে এক নাগাড়ে দীর্ঘ দিন ধরে কাজ করছে, তাদের অবিলম্বে বিভিন্ন ডিপার্টমেণ্টে transfer করার ব্যবস্থা করতে হবে। যে সমস্ত রোগীরা সেখানে চিকিৎসার জন্য হাজির হন, তাদের যাতে সুচিকিৎসার ব্যবস্থা করা যায় তারও ব্যবস্থা করতে হবে। গরীব রোগীদের বিনা পয়সায় চলতি ওষুধগুলো দিতে হবে এবং গোটা পশ্চিমবাংলার সমস্ত হাসপাতালে যাতে একই standard diet দেওয়া হয়—তার ব্যবস্থা করতে হবে। আশা করি স্বাস্থ্য মন্ত্রীমহাশয় এই সব দিকে তাঁর দৃষ্টি দিবেন—এই অনুরোধ তাঁকে জানাচ্ছি। এই কথা কয়টি বলে—আমাদের স্বাস্থ্য মন্ত্রী এই যে আর. জি. কর মেডিকেল কলেজ এ্যাণ্ড হাসপাতাল Amendment Bill এনেছেন—তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তি বক্তা সরকারী দলের, যে ভাষণ আজ এখানে দিলেন, সেই ভাষণ অসত্যে পূর্ণ। তিনি বলেছেন—ওঁদের ভয়ে ও চাপে পড়ে ডাঃ বিধানচন্দ্র রায় আর. জি. কর মেডিকেল কলেজের management সরকারের হাতে গ্রহণ করবার জন্য সিদ্ধান্ত নিয়েছিলেন। আমরা যদি তৎকালীন ডাঃ বিধানচন্দ্র রায়ের এতৎ সম্পর্কিত ভাষণ দেখি, তাহলে সেখানে দেখতে পাবো—এই Institution-এর ঐতিহ্যের দিকে তাকিয়ে ডাঃ রায় এই প্রতিষ্ঠানের management সরকারের হাতে নিয়ে নেবার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন।

স্যার, সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় এখানে উপস্থিত নাই—, কাকে কি বলবো ?

**ডা: গোলাম ইয়াজদানি :** আমি গিয়ে তাঁকে বলে দেব।

**Mr. Deputy Speaker :** Please go on. I am looking into the matter. The Minister will certainly come.

**শ্রীসন্তোষকুমার রায় :** ডা: বিধানচন্দ্র রায় তৎকালীন ভাষণে—এই প্রতিষ্ঠানের ঐতিহ্যপূর্ণ ইতিবৃত্তের উল্লেখ করে বলেছিলেন।

Sir, this Bill refers to an institution which has a history behind it. Sir, in this State or, as a matter of fact, in India—the Western system of medicine and method of treatment, on the basis of which education in Medicine was given, were first introduced in the year 1835 when the Calcutta Medical College was started, but during the latter part of the 19th Century—about 1885—there were many practitioners who felt that perhaps another outlet should be provided both for the treatment of patients as well as for the teaching of students in Medicine. In pursuance of that, the old Calcutta School of Medicine was started in 1887. It was started in a rented house in 161, Old Baithakhana Road, at the first instance, then at 105, Bowbazar Street and then at 117, Bowbazar Street. I have heard it from Dr. R. G. Kar—from his own mouth—that at the begining he and Lal Madhab Benerji and one or two other friends joined together and thought of starting this institution. They had no money. They borrowed from friends, tables and chairs. They had not even the money to pay for coolies to bring the chairs and tables from other houses to the house which they had rented for the school. They carried benches on their backs in order that they might be able to utilise them for the students. That is how the institution began in 1887 with the sacrifice and bodily help apart from the educational help that they gave. Latter on it was changed into Calcutta Medical School. Lal Madhab Banerjee, at that time a most prominent practitioner of Calcutta was the President and R. G. Kar became the Secretary.

[ 4-50—5-00 p.m. ]

স্যার, এই রকম ঐতিহ্যপূর্ণ কাহিনী আরো আছে, বলতে গেলে বিস্তারিতভাবে বলতে হবে। ঐতিহ্যপূর্ণ যে ইতিহাস এর পেছনে ছিল—এই প্রতিষ্ঠানকে রক্ষা করবার জন্য ডঃ রায় এর ম্যানেজমেণ্ট গ্রহণ করবার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। আজকে সেজন্য বলছি যে ষ্ট্রাইকের ভয়ে বা অন্য কিছুর ভয়ে এই কাজ করা হয় নি। ডঃ রায় উল্লেখ করেছিলেন যে এই প্রতিষ্ঠানের পরিচালনা ব্যবস্থার মধ্যে কতকগুলি ত্রুটি ছিল—তাকে ত্রুটিমুক্ত করার জন্য এর প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল। কিন্তু স্যার, আমরা একটি জিনিস দেখতে পাচ্ছি, যখন এই আইন বিধানসভায় এসেছিল—যখন ডঃ রায় বলেছিলেন আণ্ডার আর্টিকেল ৩১ (এ)-র ক্লজ বি ম্যানেজমেণ্ট ফর এ সর্ট পিরিয়াড নেয়া সম্ভব সেই অনুযায়ী উনি ১০ বছরের জন্য প্রেসিডেণ্টের ম্যাসেণ্ট নিয়ে এই প্রতিষ্ঠান গ্রহণ করতে চেয়েছিলেন—তাঁর ভাষণের মধ্যে পরিষ্কার আছে যে এই প্রতিষ্ঠানকে দুর্নীতিমুক্ত করে বড় করে তারপর প্রয়োজন হলে তাকে বেসরকারী পরিচালনায় দেওয়ার কথা চিন্তা করা যেতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমরা দেখতে পাচ্ছি আজকে যাঁরা মাননীয় মন্ত্রী হয়েছে যতীনবাবুর কথা আমার বন্ধু উল্লেখ করেছেন, এখানে ডঃ ইয়াজদানী সাহেবও বসে আছেন—তাঁরা প্রত্যেকে সেদিন এই বিলের বিরোধিতা করেছিলেন। সুবোধ ব্যানার্জী মহাশয় বলেছিলেন এই দশ বছরের জন্য নেয়ার কি দরকার, দু বছরে এই প্রতিষ্ঠানকে দুর্নীতিমুক্ত করে ভাল করে গড়ে তুলে আবার বেসরকারীভাবে তুলে দেয়া হোক। অবশ্য

ডঃ ইয়াজদানী সাহেব বলেছিলেন দশ বছরের জন্য কেন, এটাকে ন্যাশানালাইজ করা হোক ন্যাশানালাইজ করার অসুবিধার কথা সেদিন ডঃ রায় বলেছিলেন কম্পেনসেসনের কথা এবং অন্যা অসুবিধার কথা। আজকে একটা জিনিষ পরিষ্কার হয়ে গেছে আজ আমাদের স্বাস্থ্যমন্ত্রী দশ বছরের মেয়াদ বৃদ্ধি করবার জন্য যে বিল এখানে এনেছেন তাতে পরিষ্কার হয়ে গেছে যে ডঃ রায় যে নীতি সেদিন গ্রহণ করেছিলেন সেই নীতি নিশ্চয়ই ঠিক ছিল, তা নাহলে যদি কিছু ত্রুটি থাকত সেগুলিকে দূর করবার জন্য তিনি নিশ্চয়ই ব্যবস্থা করতেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ডঃ রায় যে যে ব্যবস্থা করেছিলেন সেই সব ব্যবস্থা বজায় রেখে আরো ঐ য়্যাডভাইজরী কমিটির মধ্যে ওঁদের নমিনেস ওঁদের নিজেদের মনোনয়ন যাতে কায়েম রাখা যায় যার দ্বারা দলীয় রাজনীতি চরিতার্থ করা যায় তার ব্যবস্থা করেছেন, নূতন কিছু পরিবর্তন ওঁরা আনতে পারেন নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেদিন মাননীয় ইয়াজদানী সাহেব, মাননীয় যতীনবাবু বলেছিলেন যে গণতান্ত্রিক ব্যবস্থা হওয়া উচিত। আজকে যখন সরকার ম্যানেজমেণ্ট নিচ্ছেন তখন কেন নমিনেটেড বাই ভাইস চেয়ারম্যান হবে, কেন নমিনেটেড বাই গভর্ণমেণ্ট হবে—ইলেকসনের মাধ্যমে প্রতিনিধি নিয়ে সুষ্ঠুভাবে কার্য্য পরিচালনা করবেন এই ব্যবস্থা হওয়া উচিত। আমরা ভেবেছিলাম আজকে যখন ওঁরা সরকারে এসেছেন তখন এই সমস্ত ব্যবস্থা এই বিলের মধ্যে নিশ্চয়ই থাকবে কিন্তু অত্যন্ত দুঃখের সংগে বলছি যে সেই রকম কোন ব্যবস্থা এই বিলের মধ্যে তিনি করতে পারেন নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কর্মচারীদের সুযোগ সুবিধা দেবার কথায় সেদিন যারা বিরোধী দলে ছিলেন, আজকে সরকারী দলে আছেন, তারা অনেকেই আতংকিত হয়ে অনেক কথা বলেছেন। ডঃ রায় যেকথা এই সভার সামনে বলেছিলেন আজকে স্যার, মিলিয়ে দেখুন যে মোটামুটিভাবে আর. জি করে ষ্টাফ য়্যামেনিটিজ তা কংগ্রেস সরকারই দেয়ার ব্যবস্থা করে গেছেন, নূতন কোন ষ্টাফ য়্যামেনিটিজ বেশী করে দেয়ার ব্যবস্থা আজকে স্বাস্থ্যমন্ত্রী এই সভার কাছে পেশ করতে পারেন নি। সেদিন ওরা আতংকিত হয়েছিলেন যে ডঃ রায় করবেন কি না করবেন। ডঃ রায় একটা কথা বলেছিলেন যেটা আমাদের মাননীয় বন্ধু জয়নাল আবেদিন সাহেব বলেছেন যে কর্মচারীদের এতদিন যে সুযোগ সুবিধা ছিল তারা ইলেকসনে কনটেষ্ট করতে পারবে সেটা বজায় থাকবে। আমি জানি না আজকে সেই সুযোগ সুবিধা বর্তমান সরকার দিচ্ছেন কিনা এই সমস্ত পুরানো কর্মচারী যারা হাসপাতাল বা মেডিকেল কলেজের সংগে যুক্ত তাদের।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই কথা ঠিক যে হাসপাতাল নিয়ে ১০ বছর পরীক্ষা হয়ে গেছে। তাই আমরা আশা করেছিলাম যে সরকার একটা কিছু সিদ্ধান্ত দেবেন যে ১০ বছরে হয় সমস্ত ইনসটিটিউসন ডেভেলাপ করবার ব্যবস্থা করেছেন অথবা এর দুর্নীতি মুক্ত করেছেন তাহলে হয়ত আজকে ডঃ রায়ের সেই পুরানো প্রতিশ্রুতি অনুযায়ী ওল্ড ম্যানেজমেণ্টের হাতে ইনসটিটিউসান দেওয়া উচিত ছিল, আর না হলে সভার কাছে বলা উচিত ছিল, বা এই প্রস্তাব নিয়ে আসা উচিত ছিল যে জাতীয়করণের প্রস্তাব—যেকথা ১৯৫৮ সালে যখন এই বিল আলোচনা হয়েছিল তখন প্রতিটি সদস্য বিশেষ করে আজকে যাঁরা মন্ত্রী হয়েছেন যতীনবাবু, ইয়াজদানি বাবু তাঁরা সেদিন জাতীয়করণের দাবী তুলেছিলেন এবং আমরাও আজকে তাই বলছি যে সেই জাতীয়করণের দাবী নিয়ে মন্ত্রী মহোদয়ের এই সভার কাছে বিল আনা উচিত ছিল। আমার বক্তব্য শেষ করার আগে আমি একটি কথা বলতে চাই। আজকে কাগজে আপনারা হয়ত দেখেছেন যে বিখ্যাত অভিনেতা কমল মিত্র মহাশয় একটি নাম করা হাসপাতালে গিয়েছিলেন, গুণ্ডারা তাঁর গাড়ী আটকে মারপিট করেছিল এবং তিনি খুব জখম হয়েছিলেন—শুনে আশ্চর্য হয়ে যেতে হয় যে ডেটলের অভাবে ফার্স্ট এড অর্থাৎ প্রাথমিক প্রয়োজনীয় ব্যবস্থা পর্যন্ত হাসপাতাল করতে পারেনি। জানি না, সেই হাসপাতাল আর. জি. কর, হাসপাতাল কিনা মন্ত্রী মহাশয় হয়ত বলতে পারবেন। যদি এই ব্যবস্থা হাসপাতালে হয়ে থাকে তাহলে সরকারী ব্যবস্থায়

ম্যানেজমেন্টের উন্নতি কি করে হবে, কি করে লোকেরা ভাল ব্যবস্থা পাবে, রোগীদের সুব্যবস্থা হবে সেটা আমরা কিছুতেই বুঝতে পারছি না। কাজেই এসম্বন্ধে মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে দৃষ্টি দিতে বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ মণীনাক্ষ সান্যাল:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি ডাক্তার নই, আমি একজন সাধারণ নাগরিক, প্রয়োজন হলে ডাক্তারের সাহায্য নিই বাঁচবার তাগিদে। আজকে যে বিল মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আমাদের সামনে উপস্থিত করেছেন সেটার ঐতিহাসিক দিকটায় আমি যাব না। আমি শুধু এটাই বলতে চাই যে প্রতিশ্রুতি নিয়ে, যে পরিপ্রেক্ষিতে ১০ বছর আগে এই হাসপাতালটির পরিচালনাভার সরকার নিয়েছিলেন এই সময়ের মধ্যে সেই প্রতিশ্রুতি অনুযায়ী কতটা কাজ করতে পেরেছেন এবং তা যদি না পেরে থাকেন তাহলে এ প্রহসন করে আরো ১০ বছর নেওয়ার প্রচেষ্টা কেন করছেন? আমি তখনকার আইনসভার আলোচনার মধ্যে যাচ্ছি না। কিন্তু মোটামুটি আমরা নাগরিক হিসাবে দেখেছিলাম যে নানান অব্যবস্থা আর. জি. কর হাসপাতাল এবং শিক্ষাকেন্দ্র তখন চলেছিল এবং তারই উপর নিয়ন্ত্রন ব্যবস্থার প্রয়োজন দেখা দিয়েছিল এ বিষয়ে কোন ভুল নেই। অনেক ঐতিহ্যপূর্ণ পুরাতন একটা চিকিৎসাক্ষেত্র থাকা সত্বেও সেখানে ভাল ডাক্তার পাওয়া যাচ্ছে না, ভাল চিকিৎসকের অভাবে। যন্ত্রপাতির অভাবে হাসপাতালের শয্যাসংখ্যা অত্যন্ত সীমিত ছিল এবং রোগীদের যে সেবা ও পরিচর্য্যার ব্যবস্থা ছিল অন্যান্য হাসপাতালের তুলনায় তাও অত্যন্ত কম। কাজেই সাধারণভাবে মধ্যবিত্ত এবং দরিদ্র লোকদের চিকিৎসার সুযোগ বাড়াবার জন্য তদানীন্তন সরকার ডাঃ বিধানচন্দ্র রায়ের নেতৃত্বে এই হাসপাতালটি সরকারী নিয়ন্ত্রনাধীনে আনার ব্যবস্থা করেছিলেন এবং কোন কোন আইনগত অসুবিধার জন্য এবং আর্থিক সঙ্গতি হয়ত তখন ততটা ছিল না, তার জন্য পুরোপুরি সেটা রাষ্ট্রায়ত্ব করা হয়নি, রাষ্ট্রের ম্যানেজমেন্টের মধ্যে, সরকারী ম্যানেজমেন্টের মধ্যে এটা নেওয়া হয়েছিল। তখন ভরসা করা হয়েছিল যে অবিলম্বে সেখানে একটি ক্যাজুয়্যালটি ব্লক তৈরী করা হবে, এই কথা প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল।

[ 5-00—5-10 p.m. ]

সেখানকার ছাত্রী নিবাসের দাবি বহুদিন ধরে চলে আসছিল, কারণ অনেক দরিদ্রমেধাবী ছাত্রী সেখানে পড়ে, তাদের কোলকাতার ভেতরে থাকবার সুবিধা হয় না, সেইজন্য তাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে তাদের জন্য উইমেন্স হোষ্টেল করা হবে। সেখানকার ডাক্তারদের নানান রকমের অভিযোগ ছিল, সেই সব অভিযোগ দূর করে যাতে উপযুক্ত চিকিৎসকদের সেখানে আকৃষ্ট করা যায় তার জন্য ব্যবস্থা করা হবে। তা ছাড়া নার্সদেরও অনেক অভিযোগ আমরা শুনেছিলাম, তাদেরকে বিশেষভাবে বলা হয়েছিল সরকার পরিচালনার ভার নিলে তাদের জন্য অন্যান্য হাস-পাতালের সমতুল ব্যবস্থা করা সম্ভবপর হবে। স্যার, আমি অতীতের কথায় আর যাবো না আমি বর্তমানের কথা বলব, আমরা দেখতে পাচ্ছি সেখানে যা বলা হয়েছিল তাতে এই হাসপাতাল আমরা মনে করেছিলাম অন্যতম বৃহৎ হাসপাতালের সমতা রক্ষা করে চিকিৎসার ব্যবস্থা করতে পারবে। কিন্তু সেখানে আমরা দেখতে পাচ্ছি এখনও ক্যাজুয়ালটি ব্লক তৈরী হয়নি। সেখানে ইমারজেন্সীতে অনেক লোক উত্তর কোলকাতা ছাড়াও শহরতলী থেকে দুর্ঘটনার জন্য আসে কিন্তু সেখানে তাদের ইমারজেন্সীর ছোট্ট একটা কামরায় পড়ে থাকতে হয়। তাদের জন্য সুচিকিৎসার ব্যবস্থা—যেমন মেডিক্যাল কলেজে ক্যাজুয়ালটি ব্লক দীর্ঘদিন পরে হয়েছিল, প্রথম মেডিক্যাল কলেজে ছিল না, এখনও হয়নি, সেটার একটা প্রতিশ্রুতি ছিল। তা ছাড়া মেয়েদের জন্য হোষ্টেলও বোধহয় এখনও তৈরী হয়নি। এছাড়া ছেলেরা দাবি করেছিল যে তাদের খেলাধুলা করার জন্য প্লেগ্রাউণ্ড নেই, সেখানে কাছেই মস্তবড় লেকের গ্রাউণ্ড নতুন হয়েছে বা দেশবন্ধু পার্ক রয়েছে সেখানে ছেলেদের খেলার জন্য নির্দিষ্ট জায়গা করে দিতে সরকার পারেন নি। স্যার, হাসপাতালের যে চিকিৎসা ব্যবস্থা আমি অবশ্য অস্বীকার করবো না, আগেকার চেয়ে চিকিৎসা ব্যবস্থার কিছুটা উন্নতি হয়েছে

কিন্তু এটা অত্যন্ত নমিন্যাল। আমি নিজে গিয়ে সেখানে দেখেছি রোগীদের চাপ বেশ বেশী। শয্যা সংখ্যার তুলনায় সেখানে এত বেশী রোগী যায় যে অনেক সময়—উনি অফিসিয়ালী স্বীকার করবেন কিনা জানি না—সেখানে এক শয্যাতে রাত্রিবেলায় দুটি রোগীকে রাখা হয়।

একটা রুগীর বেডের তলায় আর একটা রুগীকে শুইয়ে দেওয়া হচ্ছে. এই রকম অবস্থা চলছে। এগুলির প্রতিকার যদি না করতে পারেন তাহলে সরকারের হাতে মেইনটেনান্স নেওয়ার কোন অর্থ হয় না। আর নতুন করে কে এ্যাডমিনিসট্রেটিভ কমিটির মেম্বার হলেন বা কে না হলেন এসব করে লাভ কি? কোন ভাল ঔষধতো দূরের কথা সচরাচর যেগুলি দরকার হয় সেগুলির জন্য পর্যন্ত বলা হয় যে, তোমার আত্মীয়-স্বজনকে বল বাইরে থেকে এনে দিতে। রুগীদের প্রতি এই রকম অবস্থা চলছে। খাদ্যের মান অন্যান্য হাসপাতালে—নীলরতন সরকার ও মেডিকেল কলেজের হাসপাতালের তুলনায় রুগী প্রতি যে পয়সা দেওয়া হয় তাতে খাদ্যের মান অত্যন্ত নিম্ন পর্য্যায়ে পৌচেছে এবং তাতে রুগীদের চিকিৎসা, রুগীদের পুষ্টির জন্য সমানভাবে স্বাস্থ্যসম্মত জিনিষ পাওয়া সম্ভব হয় না। মাননীয়া সভানেত্রী মহাশয়া, আমাদের সদস্যরা যদি কোন দিন গিয়ে দেখেন তাহলে দেখবেন যে সেখানে নোংরাতে ভর্তি। কোথাও পরিষ্কার পরিচ্ছন্ন নেই। বিছানাগুলি এত নোংরা থাকে যে বলার নয়। আবার কিছু টাকা ঘুষ না দিলে ছারপোকার হাত থেকে রেহাই নেই। কারণ জমাদাররা এমন অবস্থা করে রাখে যে কিছু হাতে না আসা পর্যন্ত পরিষ্কারভাবে সুস্থ ছারপোকা বিহীন বিছানা পাওয়া সম্ভব নয়। তারপর সবচেয়ে দুভাগ্যের কথা যে কর্মচারীদের মাইনা এবং কর্মচারীদের কাজের ধারা এবং তাদের নিরাপত্তা সম্পার্কে কিছুটা উন্নত ব্যবস্থা হয়েছে বটে এবং আমার কাছে যা রিপোর্ট আছে তাতে অনেক ক্ষেত্রে যে সব আগেকার অভিযোগ ছিল সেটা অনেকটা কমেছে বটে কিন্তু সরকারের নুতন যে দৃষ্টিভংগী তার ফলে ভাল ডাক্তারদের নিয়ে সেখানে ছিনিমিনি খেলা হয়। আর, জি. কর হাসপাতালের ডাক্তাররা একটা সুযোগসুবিধার দাবী করতো এবং তারা প্রাণ দিয়ে সেবা করতো এই জন্য যে তারা নিজেদের হাসপাতাল বলে সেটাকে মনে করতো এবং সেই জন্য বাইরে অনেক বেশী রোজগারের সুযোগ থাকলেও তারা আর জি কর হাসপাতালে যেতেন। এখন সরকারী পর্য্যায়ে আসবার পরে গুণাগুণ বিচার না করে কোন অজ্ঞাত কারণে হঠাৎ ভাল ভাল অধ্যাপকদের ডিংগিয়ে নুতন লোককে সেখানে এনে দেওয়া হচ্ছে এবং এর ফলে ডাক্তারদের মধ্যে অসন্তোষ, ছাত্রদের মধ্যে বিক্ষোভ আছে। আমি ২/১টি উদাহরণ আপনার সামনে পেশ করছি। ফিজিওলজি ডিপার্টমেণ্ট, যিনি ওখানে প্রধান ছিলেন রিটায়ার করার পরে ডঃ ভোলানাথ মিত্র, বি. এস. সি. এম. বি., ডি. ফিল (ক্যাল), তিনি সেখানকার অভিজ্ঞতার দিক থেকে সকলের চেয়ে সিনিয়র-মোষ্ট ছিলেন।

[ 5-10—5-20 p.m. ]

স্বভাবত তিনি সেখানে রিডার হয়ে এ্যাসিসটেণ্ট প্রফেসার হবেন এই ভরসা তিনি করেছিলেন—সবাই তাই ভেবেও ছিলেন। কিন্তু কি কারণে জানিনা তার চেয়ে অনেক কম যোগ্যতাসম্পন্ন সাধারণ ক্যালকাট ইউনিভারসিটির এম. বি ছাড়া অন্য কোন কোয়ালিফিকেসন যাঁর নাই, ডাক্তার সাহা বলে একজনকে ঠিক করে দেওয়া হোল রিডার এবং প্রফেসার। ডাক্তার মিত্র তাতে খুশী হতে পারেন নি এবং তারপর ডাক্তার সাহাকে সেখান থেকে আবার পরিবর্তন করবার প্রচেষ্টা হোল—নানা দিক থেকে যখন প্রতিবাদ এলো। তখন ডাক্তার সাহা গেল হাইকোর্টে—তার অভিযোগ যে অন্যায়ভাবে তাকে সেখান থেকে সরানো হচ্ছে। এই অবস্থা সরকার করেছিলেন। তারপর ফিজিওলজির Head of Department-র প্রিন্সিপ্যালকে দিয়ে দেওয়া হয় in addition to his duties. যিনি চালাবেন—তিনিই চালাতে লাগলেন কারণ প্রিন্সিপালের যোগ্যতা ছিল না, প্রিন্সিপ্যাল কি হিসাবে কাজ করবেন? অফিস অর্ডার হোল ডাক্তার

ভোলানাথ মিত্র—আপনিই চালান আমাদের হয়ে—অথচ তাকে হেল্থ ডাইরেক্টরেট থেকে সরাসরি ডাঃ মিত্রকে সেই ভার দেওয়ার প্রয়োজন সরকার মনে করলেন না। শুধু একটা বিভাগ নয়, সব বিভাগেই এই হচ্ছে। এক ভদ্রলোককে সাসপেনসন করে একজন সাধারণ বি. এম. এস. ডাক্তার তার নাম ডাঃ রাধারমন ডি. ফিল. কোয়ালিফিকেসনের লোককে সুপারসিড করে এখানে রাইটার্স বিল্ডিংস থেকে আর একজনকে যিনি অনেক পুয়োরার কোয়ালিফিকেসন থাকা সত্বেও ডি. এম. এস. মাত্র থাকা সত্বেও তাকে নেওয়া হোল। রাইটার্স বিল্ডিংসের হেল্থ ডাইরেক্টরেটের পরিচালনা কি রকম দেখুন। দেখা গেল যে আপনাদের এখানকার পুরাতন বহু দিনের ২৮ বছর চাকুরী করে ডাঃ রত্নেন্দ্র পাল তিনি অফসন নিলেন না বয়স হয়েছে বলে তাঁকে রিটায়ার করানো হোল তিনি ফিজিওলজি ডিপার্টমেন্টের হেড ছিলেন কিন্তু তাঁকে গ্রাচুইটি দেওয়া হোল না হাইকোর্টে নালিশ হচ্ছে। তাঁর ৪ মাস ছুটি পাওনা ছিল সেই ছুটি সাধারণ সরকারী কর্মচারী যা পেয়ে থাকে in lieu of the earned leave. তাঁকে যে মাইনা দেওয়া হোত তাও দেওয়া হয় নি। এখন পর্যন্ত সরকারী দপ্তরে লেখালেখি চলছে। প্রিন্সিপ্যাল নিয়ে বহু গণ্ডগোল চলছে—ভাইস প্রিন্সিপ্যাল ইন চার্জ ডাঃ B.B. Ray তিনি দীর্ঘদিন প্রিন্সিপ্যালের কাজ চালালেন আপনারা একটা প্রিন্সিপ্যাল নিয়োগ করতে পারলেন না, প্রফেসার অব ফার্মাকোলজি তিনি রিজাইন দিলেন এতো কাজ করতে পারবেন না তখন তাকে ডাক্তার শরসী মুখার্জিকে আনলেন তাকে মারমা টি. টি. করবার তিনি আবার অল্পদিনের মধ্যে অন্যত্র ট্রান্সফার হয়ে গেলো তারপর সন্ন্যাসী লাহাকে ভাইস প্রিন্সিপ্যাল ছিল, তাকে প্রিন্সিপ্যাল করবার জন্য আনা হোল জানি না লেটেষ্ট পোজিসন কি।

মন্ত্রী মহাশয়, দয়া করে বলতে পারেন তাহলে আমরা খুশী হব। আর.জি. কর মেডিক্যাল কলেজে বর্তমানে কোন স্থায়ী প্রিন্সিপ্যাল হয়েছে না এখনও সেই অবস্থাই চলছে? নূতন এ্যাড্ভাইসরি কমিটি মেম্বার সেক্রেটারী করার কথা হচ্ছে, প্রিন্সিপ্যাল যদি মাথায় না থাকে উপদেষ্টামণ্ডলী দিয়ে কাজ কি করে হবে আমি বুঝিনা। আপনি দেখবেন আগেকার দিনে একটা মস্ত বড় অভিযোগ ছিল যে সমাজবিরোধী লোকেরা ক্লাস ফোর-এর কোয়ার্টারে থাকত তাদের আশ্রয় নিয়ে। এ নিয়ে কিছুদিন গণ্ডগোলই হয়েছিল। এখানকার নার্স, ছাত্র-ছাত্রী এবং ক্লাস ফোরের কোন অংশের সংগে গোলমাল হয়েছিল। সরকার বলেছিলেন যে বাইরের কোন অবাঞ্ছিত লোক সেখানে যেন থাকতে না পারেন। এখনও সেই জিনিষ চলছে। এ ছাড়া এমন দুরবস্থা এখানকার ঘরবাড়ীর যদি দেখি, দুঃখ পাই। কিছুদিন আগে আমি গিয়েছিলাম সেখানে বর্ষাকালে। ড্রেনেজ সিষ্টেমের এমন দুরবস্থা যে দেখলাম সেখানে একটা দ্বীপের মত হয়ে আছে জায়গায় জায়গায়। এই অবস্থায় যে বিল করা হচ্ছে, আমাদের পরিকল্পনা অনুযায়ী যদি কোন নূতন কিছু করতে না পারা যায়, তাহলে সামান্য একটা ছোট আইনের সংশোধনের কি প্রয়োজন ছিল? ইতিপূর্বে সন্তোষবাবু যা বলেছেন তা সমর্থন করে বলছি দশ দশ বছর করে দফায় দফায় এইভাবে পরিচালন ভার না নিয়ে সরাসরি গভর্ণমেণ্টের হাতে হাসপাতালটা নিচ্ছেননা কেন?

**শ্রীমনী ভট্টাচার্য্য :** টাকা কোথায়?

**শ্রীনলিনাক্ষ সান্যাল :** অন্য জায়গায় যেভাবে ব্যবস্থা করেছেন সেইভাবে ব্যবস্থা করবেন। বণ্ড দেবেন। আপনারাতো সব ব্যাপারে বলে থাকেন কেন্দ্র থেকে টাকা দিলে করব। এখানে তাওতো বললেননা। যে জিনিষ এখানে দেখছি এটাকে সম্পূর্ণ ভেংগে গড়া উচিত। ডঃ জয়নাল আবেদীন যা নিবেদন করেছেন এটাকে পুনর্বিবেচনা করার জন্য, জনমত নেওয়ার জন্য, আমি মনে করি সেটা যুক্তিসংগত। সন্তোষবাবু বলেছেন এটা ন্যাশনেলাইজ করা যায় কিনা সেটা বিবেচনা করা দরকার।

এখানে একটা কমিটি পরিচালনার জন্য হচ্ছে আইনটা দেখুন কি মজা, আগেকার কমিটি ছিল অন্যান্য জায়গায় যেমন থাকে, তার উপর পরিচালন ভার থাকত। সেই কমিটিকে বলা

হয়েছে এ্যাড্‌ভাইসরি কমিটি। দরকার কি? মেডিক্যাল কলেজে তো এ্যাড্‌ভাইসরি কমিটি নাই। যদি সরকারী কার্য্য ডিরেক্টার অব হেল্‌থ সার্ভিসেস-এর পরিচালনায় চলতে পারে মেডিক্যাল কলেজ, তাহলে এটাতেও চলতে পারে। যদি সরকারের নিজের সদিচ্ছা থাকে, তাহলে ৫ জন বা ২৫ জনের আর একটা পরামর্শ সমিতি গড়ার কোন মানে নাই। এর আগে যে নিয়ম ছিল যদি তাদের উপর সমস্ত দায়িত্ব দিতেন তাহলেও বুঝতাম, তার একটা মানে আছে। তা কিন্তু দেওয়া হচ্ছেনা।

এই রকম ক্লজ ফাইভে যে নূতন কমিটি করার প্রস্তাব হয়েছে, এটা সমস্তই মন ভোলান হচ্ছে এবং পাঁচ জনকে ধাপ্পা দেওয়া হচ্ছে।

[5-20—5-30 p.m.]

সেকশন এইট-এ যে পরিবর্তন করা হচ্ছে তার কোন যুক্তি দেখছিনা। সেকশন এইট-এ ছিল The business of the Committee shall be conducted in accordance with such rules as may be made by the State Government under this Act and subject to such rules the Chairman shall authenticate all decisions of the Committee and take all executive actions on behalf of the Committee. কিন্তু এখন এটাকে ব্যাপকভাবে বলা হচ্ছে, The business shall be conducted in accordance with such rules as may be made by the State Government under this Act. মানে ডেলিগেটেড লেজিসলেশনের যা কিছু অন্যায় এবং দুর্বলতা তা এর মধ্যে ফুটে উঠেছে। আগে বলা হোত Committee to manage according to the rules laid down by the Government within the purpose of the Act. কিন্তু এখন যথেচ্ছভাবে করতে পারবেন। কাজেই ৬নং ক্লজ যেটা পরিবর্তন করতে যাচ্ছেন সেটা অযৌক্তিক। আমি একথা বলে আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যে, এই বিলে যদি সম্ভব হয় তাহলে আরও ভালভাবে চিন্তা করুন। আপনারা যদি শুধু প্রেসিডেন্টের আইনকে চালু রাখতে হবে বলে এই আইন করতে চান, করুন, আমার বলার কিছু নেই। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এটা যাতে সরকারের হাতে সম্পূর্ণভাবে আসে এবং অন্যান্য হাসপাতালের মত সমান ব্যবহার এর সংগে করতে পারেন সেটা করুন।

**শ্রীননী ভট্টাচার্য্য:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি খুব সংক্ষেপে জবাব দেব। ধান ভানতে শিবের গীত গাওয়া হয়েছে, কাজেই বেশী জবাব দেবার প্রয়োজন নেই। আমি আগেই বলেছি এটা প্রেসিডেন্টের আমলের আইন—অর্থাৎ প্রেসিডেন্টস্‌ এ্যাক্ট এবং যা ছিল সেইভাবেই প্রায় আনা হয়েছে ২।১টি ভার্বাল চেঞ্জ ছাড়া। আমি দেখলাম এই প্রসংগে বহু কথা এখানে উঠল, আর. জি. করের জাতীয় ঐতিহ্যের কথা উঠল। স্যার, জাতীয় ঐতিহ্যের ধারক হিসেবে আমরাও ছিলাম। কিন্তু ওই পক্ষের যাঁরা সেদিন ইংরেজের দিকে ছিলেন তাঁদের মুখে আজ জাতীয় ঐতিহ্যের কথা শুনে অবাক হচ্ছি। যাহোক, এগুলি উত্তরের অপেক্ষা রাখে না। ১৯৫৮ সালে যখন এটাকে সরকার তার নিজের হাতে নিলেন তারপর থেকে কিছু কিছু উন্নয়নের কাজ নিশ্চয়ই করা হয়েছে। এখন আপনারা যদি আশা করেন ১ বছরের মধ্যে কিংবা ১ বছর ৯ মাসের মধ্যে সাংঘাতিক যাদু বিদ্যা দিয়ে আমরা সমস্ত কিছু পরিষ্কার করে দেব। আর. জি. কর হাসপাতালের মধ্যে যদি কিছু থেকে থাকে তাহলে অবান্তর কথা। পুরাণ বিল্ডিং ভেংগে নুতন বিল্ডিং করে দেব, ছাত্রাবাস নেই কাজেই ছাত্রাবাস করে দেব এগুলি যদি ভাবেন তা হলে অবান্তর কথা। আজকে যাঁরা ওই পাশে বসে আছেন তাঁরাই তো ১৯৫৮ সাল থেকে আরম্ভ করে ১৯৬৬ সাল পর্য্যন্ত ছিলেন কাজেই কতদূর কি করেছেন সেই প্রশ্ন নিজেদের করাই তো ভাল। যাহোক, ভুল বোঝাবুঝি যাতে দেখা না দেয় তারজন্য আমি ২।১টি কথা বলব। আর.

জি. কর মেডিকেল কলেজ এ্যাণ্ড হাসপাতাল যখন টেকওভার করা হয় তখন তার বাজেট ছিল ১৩ লক্ষ টাকার। ৩ লক্ষ টাকা কলেজের জন্য এবং ১০ লক্ষ টাকা হাসপাতালের জন্য খরচ করা হোত মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে সেখানে ৭০ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। এবং সেই ৭০ লক্ষ টাকার মধ্যে ১৫ লক্ষ টাকা কলেজের জন্য খরচ হয়েছে এবং ৫৫ লক্ষ টাকা হাসপাতালের জন্য খরচ হয়েছে। পাছে ভুল বোঝাবুঝি হয় তার জন্য আরও কয়েকটি তথ্য আপনার মারফত এই হাউসের কাছে রাখছি, এইজন্য যে অনেক ভুল তথ্য, অসত্য তথ্য, এমন কি অনেক বিষয়ে না জেনে অথবা যদি জেনে থাকেন তাহলে অভিসন্ধিমূলকভাবে কতকগুলো কথা এখানে বলেছেন, সেইগুলো সম্বন্ধে বলছি। যেমন ডায়েট রেট সম্বন্ধে একজন বলেছেন। মাননীয় সদস্যের এটা জানা উচিত যে ডায়েট রেট একমাত্র পি. জি. এবং এরকম হাসপাতালে, সেখানে ২॥০ টাকা করে, তাছাড়া কলকাতার আর সমস্ত হাসপাতালে ডায়েট রেট দু-টাকা করে এবং সেই অনুসারে আর. জি. কর হাসপাতালেও মাথা পিছু দু-টাকা করে ডায়েট রেট রয়েছে। এবং অসুধপত্র যে পদ্ধতিতে দেওয়া হয় সরকারী হাসপাতালে, এখানেও সেই পদ্ধতিতে ঔষধপত্র দেওয়া হয়, এটা মাননীয় সদস্যের জানা উচিত ছিল। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সেটা সম্বন্ধে নানারকম কথা এখানে উঠেছে—শিক্ষক ইত্যাদির ব্যাপারে। কলেজ সাইডে যেটা সরকারী সেট আপ সেখানে ৯৯ জন আছেন এবং হসপিটাল সাইডে ৮৪ জন আছেন, এই মোট ১৩০ জন অফিসার যেখানে আছেন। তাদের কিভাবে ব্যবহার করা হয়েছে—মাননীয় সদস্যদের নিশ্চয়ই জানা উচিত যারা এই সব কথা বলেন যে তাদের কাছ থেকে অপসন চাওয়া হয়েছিল। এখানে শিক্ষক ডাক্তারদের কাছ থেকে যারা এক্স-ম্যানেজমেণ্ট টার্মসে থাকতে চেয়েছিলেন, যারা এক্স-ম্যানেজমেণ্ট টার্মস মেনে নিয়েছিলেন তারা সরকারের সার্ভিস কণ্ডিশানের মর্য্যাদা সব কিছুই পাচ্ছেন। দ্বিতীয় নম্বর হচ্ছে নন-মেডিকেল ষ্টাফ যারা তাদের সরকারী ষ্টাফ হিসাবে - ঐ যে ডিম্‌ড টু বি গভর্ণমেণ্ট এমপ্লয়িজ যেটা ১৯৫৮ সালে হয়েছিল এবং ১৯৬৮ সালে যেখানে প্রেসিডেণ্ট এ্যাক্ট হল সেটাই চলে আসছে। এবং তারা সরকারী পে-স্কেল অনুযায়ী বেতন পাচ্ছে। সরকারী অন্যান্য হাসপাতালে যে সব কর্মচারী আছেন তারা যে সব সুযোগ সুবিধা পান সেই রকম এরাও পাচ্ছেন। এবং হাসপাতাল সম্বন্ধে একটু বলছি। এই হাসপাতালে ৮০১টি বেড এখনও আছে, আগে যা ছিল তার থেকে ২০০ বেড বেড়েছে এবং আরো ১৬২টি বেড খোলার কথা হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন যে ১০০টি মেটারনিটি বেড এবং ৬২টি সার্জিক্যাল বেড সেখানে ঠিক করা হচ্ছে, এই মোট ৯৬৩টি বেডের হাসপাতাল। ক্যাজুয়্যালটি ব্লক সম্পর্কে কিছু বলতে চাই। মাননীয় সদস্যদের জানা দরকার গভর্ণমেণ্ট যে অধিকার চেয়েছিল—ঐ আর. জি. কর মেডিকেল কলেজ এ্যাণ্ড হসপিটালের যে সমস্ত এ্যাসেস্ট—স্থাবর এবং অস্থাবর যা সম্পত্তি আছে সেইগুলো সরকার ইচ্ছামত ঐ হাসপাতাল এবং শিক্ষায়তনের প্রয়োজনে ব্যবহার করতে পারবে এই যে অধিকার, এই অধিকারটা সংশোধনী আইনের মধ্যে নেওয়া হয়েছে। যেমন ধরুন ওখানে যে বিল্ডিং আছে ওট যদি অন্যভাবে কিছু করার প্রয়োজন হয় তাহলে সেই ক্ষমতা সরকারের নেই। সেই সময়কার যে বিল্ডিং সেই বিল্ডিংকে যদি ঢেলে সাজাতে হয়—যদি অন্য ব্লক করবো বা অন্য কিছু করবো সেটা যতদূর আমার ধারণা এই আইন সম্বন্ধে সেই রকম ধরণের কোন কিছু করা যাবে না। যদি ইচ্ছামত করার কিছু ক্ষমতা থাকে তাহলে সেটা আমরা করতে পারব। ঠিক তেমনি সেখানে ৮ লক্ষ টাকা দিয়ে একটা ক্যাজুয়্যালটি ব্লক করার জন্য পরিকল্পনা করা রয়েছে, কিন্তু এই আইনের জন্য সেটা করা যাচ্ছে না। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে সেখানে আমরা ক্যাজুয়ালটি ব্লক প্রতিষ্ঠার জন্য ৬ বিঘা জমি ইতিমধ্যেই সংগ্রহ করেছি। তার দাম হচ্ছে ১৭ লক্ষ ৮২ হাজার টাকা।

[ 5-30—5-40 p.m. ]

এবং ঐ ৯ লক্ষ টাকা ওদের যে কেস আছে সেই টাকাটা আমার এখানে জড়াতে চাচ্ছি যাতে ক্যাজুয়ালটি ব্লক তাড়াতাড়ি করতে পারি। এই সমস্ত উদ্দেশ্যের দিকে তাকিয়ে

আমরা এই আইন সংশোধন করতে বলছি। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো সেটা হচ্ছে কমিটির ব্যাপারে ওদের মধ্যে একটা বিরাট ক্ষোভ উঠেছে। আবেদীন সাহেব বিশেষ করে বলেছেন যে পার্টিপরিচালিত কমিটি। পার্টির একজন লোকও থাকছে না থাকলেও হয়ত ধরুন ১ জন। ১৪টা দলের একটা দলের কুক্ষিগত বলেছেন, যেখানে ১৪টা দল আছে সেখানে কুক্ষিগত করা যায় না। সুতরাং কুক্ষিগতর ব্যাপারে ওরা হাত পাকিয়েছেন তারই জন্য বহু জঞ্জাল দুর্নীতির আখড়াতে হাসপাতাল কলেজে পরিণত হয়েছে সেটা ওদের মনে রাখা উচিত। সেই রকম ধরণের কোন অবস্থা হচ্ছে না। হাসপাতালের অরাজকতার কথা বলেছেন এ সম্বন্ধে দু-একটা কথা বলা প্রয়োজন। একদিকে সরকারী কর্মচারীদের মধ্যে উচ্চাশা বেড়েছে আর অন্যদিকে আমাদের অর্থসঙ্গতি বলুন, বিভিন্ন ধরণের রিসোর্স বলুন তার সঙ্গে সমতালে আমরা তাল মিলিয়ে চলতে পাচ্ছি না সেটাও অরাজকতার একটা কারণ। এর অন্য কারণও আছে। যেমন যেখানে দুর্নীতিকে চেপে ধরা যায়, যে দুর্নীতির জঞ্জাল বিভিন্ন হাসপাতালে কলেজে গড়ে উঠেছে তার বিরুদ্ধে যখন যাওয়া যায় তখনই দেখা যায় একটা বিশেষ আন্দোলন গড়ে ও'ঠ এবং হাসপাতাল ব্যবস্থাকে অচল করে দেবার জন্য কিছু লোক চেষ্টা করে থাকে, ষ্ট্রাইক বিভিন্ন আন্দোলনের মাধ্যমে প্রোটেষ্ট করে। আমি মনে করি হাসপাতালে ষ্ট্রাইক বলুন বা অচল করবার জন্য আন্দোলন বলুন এটা সৃষ্টি হওয়া উচিত নয়। এইরকমভাবে বহু রকমের কথা বলেছেন। আমি তার উত্তর দিতে চাই না, আমি আগেই বলেছি এক দু বছরে সব পরিবর্তন করা যায় না। যে আবর্জনা আপনারা জমিয়ে রেখেছেন সে আবর্জনা সাফ করবার মত ঝাড়ুদার পাওয়া খুব মুস্কিল, অনেক ঝাড়ুদারের দরকার পড়বে এবং বেশ খানিকটা সময় লাগবে। সেই আবর্জনা পরিষ্কারের দায়িত্ব দেশের লোক নিচ্ছে এবং আমরাও কিছু কিছু নিয়েছি। এই কথা বলে ওদের যে সারকুলেসান মোসানের যে প্রস্তাব সেই প্রস্তাবের বিরোধীতা করছি এবং হাউসের বিবেচনার জন্য এটা রাখছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Nani Bhattacharya that the R. G. Kar Medical College and Hospital (Amendment) Bill, 1970, be taken into consideration was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** Now we take up the Clauses.

**ডঃ জয়নাল আবেদীন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খুব আনন্দ পাচ্ছি এই জন্য যে আজকে এই সময়ে আপনি চেয়ারে আছেন। ক্লজ ৫ এর (১) (সি) এটা যদি আপনি দেখেন তাহলে দেখবেন two persons appointed by the State Government from amongst senior members of the staff of the institution. স্যার, এই এ্যাপয়েনটেড অথচ আপনি জানেন সেদিন যারা সমালোচনা করেছিলেন ১৯৫৮ সালে অত্যন্ত বেদনার সঙ্গে নিবেদন করছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনিও সেদিন ছিলেন। সেদিন আপনার বক্তব্য ছিল আজকে গণতন্ত্রকে হত্যা করা হচ্ছে। সেদিন আপনি এ্যামেণ্ডমেণ্ট মুভ করেছিলেন যেখানে বলেছিলেন সিনিয়ার ষ্টাফের মধ্য থেকে ২ জনকে ইলেক্ট করতে হবে—আমি বলছি ৪ জন they must be elected এই ছিল আপনার বক্তব্য। আমি শুধু একটা কথা বলতে চাই এই সুযোগ আর কোথাও না হোক মন্ত্রী মহাশয় ক্ষমতার কুক্ষিগত প্রশ্নটা এড়িয়ে গেছেন, এখানে ৪ জন নমিনেটেড নিয়েছেন। এখানে বলতে পারতেন persons interested in education, Indian Medical Association তাকে ইলেক্ট করে পাঠাবে তাহলে বুঝতাম যে চিকিৎসা ব্যবস্থার সঙ্গে যে দায়িত্ব আছে সে দায়িত্বশীল এ্যাসোসিয়েসানকে তিনি দেবেন। আজকে এদের ক্ষুধা কোথায় গেছে দেখুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি এর প্রতিকার না করেন তাহলে এদের লালসা আরো বেড়ে যাবে।

গায়ে নামাবলী দিয়ে হরিনাম করতে চাচ্ছেন, এই যে ভণ্ডামী এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি ষ্টাফের মধ্যে ইলেকশানের বাধা কোথায় সে বিষয় বক্তব্য তিনি যেন রাখেন।

**শ্রীননী ভট্টাচার্য্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুন্দরম্ বাল ভাষিতম্- বালক যা বলে সুন্দর লাগে। আমি আগেই বলেছি এটা বালকের মত কথা বলা হয়েছে। প্রেসিডেন্টের যে আইন সেই আইনটাকে ঠিক ঐ ভাবে এখানে আনা হয়েছে।

### Clauses 1,2,3,4,5,6 and Preamble

The question that Clauses 1,2,3,4,5,6 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Nani Bhattacharya :** I beg to move that the R.G. Kar Medical College and Hospital (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed.

**ডঃ জয়নাল আবেদীন :** ডেমোক্রাটাইজেশানের কথা কি আপনি চিন্তা করেছেন। এটার সম্বন্ধে আপনি কোন উত্তর দেননি।

**শ্রীননী ভট্টাচার্য :** পয়সা কড়ি নেই বলে ডেমোক্রাটাইজেশানের কথা আপাতত: চিন্তা করতে পারা যাচ্ছে না।

The motion of Shri Nani Bhattacharya that the R.G. Kar Medical College and Hospital (Amendment) Bill, 1970, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

### The West Bengal Panchayat Bill, as reported by the Select Committee

**ডঃ জয়নাল আবেদীন :** মি: ডেপুটী স্পীকার স্যার, আপনার কাছে আবেদন করছি যে এটা একটা বৃহত্তর বিল, এই বিলের আলোচনা আজকে হবে না। আমাদের যে নীতি ছিল পঞ্চায়েত রাজের সেটা একটা বিরাট পরিবর্তনের সম্মুখীন হচ্ছে। আজকে এই বিলের ইনট্রোডাকশান আমরা এগ্রি করেছি, এর সঙ্গে যদি লম্বা চওড়া বক্তৃতা দেন তাহলে আজকে আলোচনা হবে না, সব মেম্বাররা নেই, আজকে যদি আলোচনা হয় তাহলে সেদিন অন্য মেম্বাররা খেই হারিয়ে ফেলবেন।

**Mr. Deputy Speaker :** Mr. Abedin, you know there is no case for introduction because the Bill was introduced long ago and it was referred to the Select Committee from which it has come back. Now we come to the consideration stage. I find that there are motions for circulation of the Bill. Let us now start with the Bill as far as we can proceed and in due time the House will be adjourned. I find that about three hundred amendments have been tabled and it will take much time. So I think it will not be possible to finish the Bill today.

[ 5-40—5-50 p.m. ]

**Shri Bibhuti Bhusan Das Gupta :** Sir, I beg to move that the West Bengal Panchayat Bill, 1969, as reported by the Select Committee, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সিলেক্ট কমিটির রিপোর্ট সংসদে পূর্বেই পেশ করা হয়েছে। কমিটি ২৪শে সেপ্টেম্বর এই বিলটি সম্বন্ধে আলোচনা আরম্ভ করেন এবং নটি বৈঠকের পর ৩১শে অক্টোবর

আলোচনা শেষ করেন। আমি এই বিল সম্পর্কে আলোচনা করবার পূর্বে এই সিলেক্ট কমিটির যাঁরা সদস্য ছিলেন তাঁরা এই আলোচনার সময় যে রকম সহযোগীতার মনোভাব দেখিয়েছেন এবং যেভাবে সাহায্য করেছেন তারজন্য তাঁদের প্রতি আমার ধন্যবাদ জানাচ্ছি। বিলটি সিলেক্ট কমিটির মাধ্যমে কিছু কিছু পরিবর্তিত আকারে এসেছে, যদিও সিলেক্ট কমিটিতে আলোচনার মাধ্যমে এর কিছু রূপান্তর হয়েছে কিন্তু এর মূলগত বা গুণগত কোন পরিবর্তন করা হয়নি। আলোচনা সুরু করার আগে আমি সংস্কৃতের একটা শ্লোক এখানে বলছি। সংস্কৃতে একটা শ্লোক বহু প্রচলিত আছে, সেটা হচ্ছে

অজরামরবৎ প্রাজ্ঞ বিদ্যামর্থঞ্চ চিন্তয়েৎ
গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্মমাচরেৎ।

আজকে এই বিশেষ পরিস্থিতিতে এই পঞ্চায়েত বিল উপস্থিত করার সময় আমার মনে হচ্ছে এই যে গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ অর্থাৎ মৃত্যু যেন কেশ ধরে আছে। এই ভেবে আমি বিলটা সংসদের সামনে উপস্থিত করছি এবং এটা আমি আজকে দৃঢ়স্বরে বলছি যে সমস্ত পশ্চিমবাংলার জনসাধারণ তারা বহুদিন থেকে এই পঞ্চায়েত আইনে যে গণতন্ত্রের রূপ, তাদের প্রতি দায়ীত্ব তারা যে ক্ষমতা চায় তারজন্য অপেক্ষা করছে এবং এটা সত্য যে এই পঞ্চায়েত বিল যে আলোচিত হয়েছে, শুধু ত একদিন ধরে নয় ১৯৬৭ সাল থেকে যে রকমভাবে হয়েছে আমি জানি না বিধানসভার ইতিহাসে কোন বিলের এরকমভাবে আলোচনা হয়েছে কিনা। লোকসভার ইতিহাস ও কন্সটিটুয়েণ্ট এসেম্বলীতে কন্সটিটিউসন ছাড়া এই রকম পুংখানুপুংখভাবে এবং সমস্ত পর্য্যায়ের সদস্যদের ও লোকদের দ্বারা একটা বিল বা আইনের খসড়া আলোচিত হয়েছে কিনা সন্দেহ। সুতরাং আজকে সমস্ত দেশে গ্রামে জনসাধারণ তাকিয়ে আছে। এই পঞ্চায়েত বিলে যে ক্ষমতার গণতান্ত্রিক রূপ দেওয়া হয়েছে সেটা পাবার জন্য তারা আশায় বসে আছে, অধৈর্য্য হয়ে আছে। আমি বাংলাদেশের সমস্ত জায়গা ঘুরেছি, বহু গ্রাম বহু জায়গায় জনসাধারণের সংগে মিলেছি। তারা এর মধ্যে একটা নূতন আলো দেখতে পেয়েছে। একটা ক্ষমতার দায়ীত্বের আশ্বাস পেয়েছে। আজকে যদি কোন কারণে এই বিলের পাশ হবার ক্ষেত্রে ব্যাঘাত হয় তাহলে বাংলাদেশ তা ক্ষমা করবে না, বাংলাদেশের জনসাধারণ তা ক্ষমা করবে না। দেশের স্বাধীনতা আসার পরে এই প্রথম দেশের জনসাধারণকে বাংলাদেশের জনসাধারণকে প্রকৃত গণতান্ত্রিক ক্ষমতার অধিকারী করবার চেষ্টা করা হয়েছে।

যুক্তফ্রণ্টের বাংলাদেশের জনসাধারণের জন্য সবচেয়ে বড় অবদান হচ্ছে এই পঞ্চায়েৎ বিল এবং এর দ্বারা গণতান্ত্রিক ক্ষমতা ও দায়িত্ব জনসাধাণকে দেবার ব্যবস্থা করা। সুতরাং আমি এই সংসদে আজ সকলকে সাবধান করে দিচ্ছি, যে কোন পরিস্থিতি হোক না কেন যুক্তফ্রণ্টকে আমাদের রাখতে হবে, রেখে এই বিল পাশ করতে হবে এবং বাংলাদেশে এই আইনকে কার্যকরী করে জনসাধারণের মধ্যে গণতান্ত্রিক যে কাঠামো সেটাকে সফল করতে হবে। এর যদি অপব্যবহার হয় তাহলে যারা যুক্তফ্রণ্ট ভাঙ্গার জন্য দায়ী হবেন তাদের আমরা বাংলার জনজীবন থেকে দূরে ঠেলে দেব। এই বিলের মধ্যে বৈশিষ্ট হচ্ছে পঞ্চায়েতের সমস্ত স্তরে নির্বাচন। প্রাপ্তবয়স্ক ব্যক্তি যারা voter তাদের জন্য প্রত্যক্ষ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। আমি আগে 3-tier-এর কথা বলেছিলাম। কিন্তু অভিজ্ঞতার দ্বারা পরিস্থিতি অনুযায়ী দেখা যাচ্ছে যে Block পর্য্যায়ে একটা ব্লক সমিতি রাখতে হবে। তার প্রধান কাজ হবে যে সেই অঞ্চলে পঞ্চায়েৎগুলির প্রতিনিধি এর স্থানীয় সরকারী কর্মচারীদের নিয়ে গঠিত ব্লক পর্য্যায়ে পঞ্চায়েৎ কমিটিগুলির মারফত উন্নয়ন কার্য্যকর। পঞ্চায়েতে সরকারী অনুদান ও বণ্টন করার জন্য এরকম একটা সমিতির প্রয়োজন সকলেই অনুভব করছে। গ্রাম, অঞ্চল এবং জেলা পরিষদ পর্য্যায়ে সমস্তই প্রত্যক্ষ নির্বাচন দ্বারা গঠিত হবে। এই প্রসঙ্গে একটা জিনিষ এই আইনের মধ্যে সম্পূর্ণ নূতনভাবে সংযোজন করা

হয়েছে সেটা হচ্ছে audit-এর ব্যাপারে। আমাদের পুরানো পঞ্চায়েৎ আইনে audit-এর ব্যাপারে ছিল। কিন্তু এতে আবার নূতন chapter করে হিসাব পরীক্ষা ও নিয়ন্ত্রন করার জন্য ব্যবস্থা করা হয়েছে। গতকাল জনৈক সদস্য আমার নাম করে এবং পঞ্চায়েতের কথা বলে একটা মন্তব্য করেছিলেন। Co-operative Bill আলোচনাকালে এই মর্মে মন্তব্য ও অভিযোগ করেন যে পঞ্চায়েৎগুলিতে দুর্নীতি আরোপ করে আমি না কি জেলা পরিষদগুলি বাতিল করার ব্যবস্থা করছি। আমি দেখাতে চাই যে এর মধ্যে ব্যাপার কি আছে। অন্যান্য পঞ্চায়েৎগুলি সম্বন্ধে বিশদ আলোচনার এখানে প্রয়োজন বোধ করছি না। কারণ জনৈক মাননীয় সদস্য কোন অঞ্চল পঞ্চায়েৎ সম্বন্ধে বললেন ১১ হাজার টাকা তছরূপ করেছে। কিন্তু আপনারা সকলেই ভালভাবে ৪টা জেলা পরিষদের বাঁকুড়া, মেদিনীপুর, ২৪-পরগনা ও পুরুলিয়ার কথা জানেন। বাঁকুড়াতে ২ লক্ষ ৭ হাজার ১৩৩ টাকা, মেদিনীপুরের ২ লক্ষ ৬৯ হাজার ২৩৭ টাকা, ২৪-পরগণায় ৮৭ হাজার ৪৯১ টাকা এবং পুরুলিয়া জেলা পরিষদের ১৩ লক্ষ ৪ হাজার ৬৫ টাকার কোন হিসাব ছিল না। সেজন্য ১৯৬৭ সালে Special officer নিয়োগ করে এই সমস্ত হিসাবগুলি পরীক্ষা করা হয় এবং তারপর এদের উপর Supersession-এর জন্য list দেওয়া হয়।

[ 5-50—6-00 p.m. ]

এই যে টাকা এই টাকা কিন্তু গভর্ণমেণ্ট দ্বারা প্রদত্ত রিলিফের জন্য টাকা, আর্তত্রাণের জন্য টাকা। নির্বিবাদে এই টাকাগুলি লোপাট হয়ে গেছে। সুতরাং এই দিক থেকে যদি বাস্তবিক-পক্ষে দুর্নীতির অভিযোগ আনা যায় তাহলে সেটা কিছু অন্যায় হবে না। এগুলির বিস্তারিত আলোচনা পঞ্চায়েত আইনের মধ্যে বিশদ ডিটেলসের মধ্যে যাচ্ছি না তার কারণ সেগুলি ক্লজ বাই ক্লজ যখন আলোচনা হবে তখন দেখা যাবে কিন্তু এই সম্বন্ধে সকলেই জানতে উৎসুক হয়ে রয়েছেন। পঞ্চায়েত বিভাগের গ্রাম পঞ্চায়েত থেকে আরম্ভ করে জেলা পরিষদ পর্যন্ত যে সমস্ত কর্মচারী আছেন তাদের সম্বন্ধে কিছু ব্যবস্থা করা উচিত এবং এই সম্বন্ধে আমরা যথেষ্ট ভেবেছি; চৌকিদারদের সম্বন্ধে, পঞ্চায়েতের সচিবদের সম্বন্ধে বিশেও কিছু ব্যবস্থা করা হয়েছে এবং পে কমিশনও কিছু রেকমেণ্ড করেছেন। বাকী অন্যান্য যে সমস্ত পঞ্চায়েত জেলা পরিষদের কর্মচারীরা আছেন বা আঞ্চলিক পরিষদের করণিকরা আছেন তাদের চাকরীর নিরাপত্তা যাতে থাকে সেইজন্য ব্যবস্থা আমরা নিশ্চয়ই করব এটা ফর ইনফর্মেশন এই হাউসকে দিচ্ছি। এখন পঞ্চায়েতের লক্ষ্য এবং উদ্দেশ্য সম্বন্ধে কিছু বলে আমার বক্তব্য শেষ করব। বাংলাদেশের পক্ষে বিশেষ করে বাংলাদেশে (এ ভয়েস: ততদিন কি গভর্ণমেণ্ট থাকবে?) গভর্ণমেণ্ট যাবে না, যুক্তফ্রণ্ট থাকবে—পঞ্চায়েতের মধ্যে যে গণতান্ত্রিক ব্যবস্থা রয়েছে সেই ব্যবস্থার মূল লক্ষ্য হচ্ছে এই যে গ্রামে গ্রামাঞ্চলে যে সমস্ত শোষিত জনসাধারণ এতদিন পর্যন্ত শোষিত নিপীড়িত হয়ে রয়েছে তাদের জীবনে জীবন সঞ্চার করা। এর একটা লক্ষ্য হচ্ছে এই যে এই আইন এই যে গণতান্ত্রিক ব্যবস্থা এটা means emancipation of million of skeletons। ইংরাজ ২০০ বছর ধরে যা করে রেখেছে এবং কংগ্রেস ২১ বছর ধরে যা করে রেখেছে মিলিয়ান অফ স্কেলিটন সমস্ত দেশে তৈরী করে গেছে। It denotes a condition of things when the dumb and lamb millions will speak and walk. এখন আজকে জনসাধারণ-এর জাগৃতি দেখে কায়েমীস্বার্থ বিশিষ্ট যারা তারা সব শিউরে উঠেছে। গ্রামের জনসাধারণ যুগ যুগ ধরে পড়ে আছে, শুধু তাই নয়, লাঞ্ছিত নিপীড়িত তাদের মনুষ্যত্বের মর্যাদা দেয়া তো দূরের কথা, সামান্য পশুত্বের মূল্য পর্যন্ত দেয়া হয়নি তাদের। তার কারণ হচ্ছে এই যে কায়েমী স্বার্থের বিরুদ্ধে যে step যে ব্যবস্থা করতে চাওয়া গেছে, তাতে সমস্ত reactionary দল সমস্ত কায়েমী স্বার্থ বিশিষ্ট সম্প্রদায় যারা পুঁজিপতি জোতদার জমিদার শ্রেণী এবং তাদের আশ্রিত যারা, তারা বড়ই চঞ্চল হয়ে পড়েছে, অস্থির হয়ে পড়েছে। এই পঞ্চায়েৎ যদি আজ প্রতিষ্ঠিত হয়, এই পঞ্চায়েৎ যদি তার রূপরেখা নেয়,

তাহলে বাংলার গ্রামদেশ থেকে এই বাংলার নিপীড়িত জনসাধারণ, শোষিত জনসাধারণ এই কায়েমী-স্বার্থকে সমূলে উৎখাত করবে। সেই উদ্দেশ্যে এই পঞ্চায়েৎ বিল এবং এই পঞ্চায়েৎ বিলের রূপরেখা অঙ্কিত হয়েছে। এই পঞ্চায়েৎ বিলের লক্ষ্য সত্যিকারের গণতন্ত্রের রূপকে বাস্তবে পরিণত করা। গভর্ণমেণ্ট এপর্য্যন্ত চেষ্টা করে আসছে যে জনসাধারণকে spoon feeding করে রাখবো। কিন্তু এই বিলের মধ্যে ব্যবস্থা করা হয়েছে যাতে আমি বলছি এই কথা যে জনসাধারণকে দায়িত্ব দেওয়া হচ্ছে, ক্ষমতা দেওয়া হচ্ছে এবং তাদের বলা হচ্ছে যে এই দায়িত্ব এবং ক্ষমতা নিয়ে তোমরা নিজেদের ব্যবস্থা সুষ্ঠুভাবে করে তোলো। গান্ধীজি বলেছেন যে People should be thrown on their own resources. Democracy should not result in making then helpless.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশে এই পঞ্চায়েতের আইন চালু হলে পরে যদি আমরা এটাকে implement করতে পারি, implement করবোই, তাহলে আমি বিশ্বাস করি যে বাংলা-দেশের পরিস্থিতি পরিবর্তিত হবে। একটা গভর্ণমেণ্ট কখনো সমস্ত দিক দিয়ে লোককে সাহায্য করতে পারে না, লোকের মধ্যে incentive ও initiative যদি তৈরী না হয়। আমাদের বাংলাদেশে, ভারতবর্ষের কথা ছেড়েই দিচ্ছি, যে লক্ষ লক্ষ idle man-power রয়েছে, সেই idle man-powerকে যদি আমরা সত্যিকারের সম্পদ সৃষ্টির কাজে লাগাতে না পারি, তাহলে কখনোই দেশের জনসাধারণ তাদের জন্য asset তৈরী করতে আমরা পারবো না। এটা সাধারণ অর্থনীতির মূলকথা যে মানুষের পরিশ্রম প্রকৃতির সম্পদের সঙ্গে যুক্ত হলে, তার দ্বারা মূল্য সৃষ্টি হয়, তার দ্বারা সম্পদ সৃষ্টি হয়। গত ২১ বছর ধরে কংগ্রেস গভর্ণমেণ্ট আমাদের দেশে যে লক্ষ লক্ষ idle man-power রয়েছে, সেই id.e man-powerকে সুপরিকল্পিতভাবে asset সৃষ্টির কাজে নিয়োজিত করতে পারেনি।

[ 6-00—6-12 p.m. ]

সেইজন্য আজকে আমরা দেখছি দেশের কোথাও কিছু আমরা করতে পারছি না। এই পঞ্চায়েতের মাধ্যমে এটা করা হবে। এটা কল্পনা বা ভিশান নয়, আজকে যেটা আমরা ইউটোপিয়া বলে মনে করছি, কালকে দেখছি সেটা প্রকৃত বাস্তবে রূপায়িত হয়েছে। সেদিক দিয়ে সবাইকে অবহিত হতে হবে যে আমাদের গ্রামে গ্রামে যে আইডল্ ম্যান পাওয়ার রয়েছে তাদের একদিকে সংগঠনের মধ্য দিয়ে তাদের নিজেদের মূল্যবোধ নিজেদের সম্বন্ধে তাদের ক্ষমতা এবং দায়িত্ব দিয়ে সেটা প্রতিষ্ঠা করা, আর এক দিক দিয়ে তাদের হেফাজতে যে আইডল্ ম্যান পাওয়ার রয়েছে সেগুলিকে সত্যিকারের সংগঠনের মধ্য দিয়ে কি করে আমরা সম্পদ সৃষ্টির কাজে লাগাতে পারি তার জন্য চেষ্টা করা এবং সেটা করতেই হবে। আমরা কংগ্রেসের শাসনে কেবল এদের দুর্গতি বাড়িয়ে গেছি এবং এই দুর্গতি দূর করার একমাত্র উপায় হচ্ছে এই যে দেশে গণতান্ত্রিক পদ্ধতিতে জনসাধারণের উপর তাদের ক্ষমতা এবং দায়িত্ব দিয়ে তাদের পেছনে সরকার তাদের সমস্ত সাহায্য নিয়ে, সমস্ত অভিজ্ঞতা নিয়ে তাদের সাহায্য করবে এবং তাদের নিজেদের সম্পদ সৃষ্টি করতে নিজেদের ব্যবস্থা করতে তাদের সাহায্য করবে। আমরা এই জিনিসটা এখনও পর্যন্ত করতে শুরু করিনি, আজকে আমরা সেটা শুরু করতে চাই এবং পঞ্চায়েত আইন যেভাবে পরিকল্পিত হয়েছে যদি আমরা সেদিকে লক্ষ্য রেখে একে প্রয়োগ করতে পারি জনসাধারণের মধ্যে তাহলে আমরা ভারতবর্ষের মধ্যে বাংলাদেশে একটা নূতন ভিত্তি স্থাপন করতে পারব যেটা প্রকৃত গণতান্ত্রিক ভিত্তি, জনসাধারণের ভিত্তি, পিপিল্ যাদের বলে তাদের ভিত্তি এবং সেটা ভারতবর্ষকে পথ দেখাবে। এর পেছনে শুধু আইন পাশ করলে হবে না, আমাদের সকলের সমবেত শক্তি দিয়ে যেমন করে একখানা ইটের উপর আর একখানা ইট দিয়ে প্রাসাদ তৈরী হয়, তেমনিভাবে এটা তৈরী করতে হবে। এর সঙ্গে সঙ্গে আরো একটা কথা আছে, যেটা হচ্ছে সবচেয়ে বড় জিনিস, সেটা হচ্ছে রিয়াল ডেমোক্রাসী—সেটা will come not by the acquisition of authority by a few men by the acquisition of the capacity by all to resist authority

when abused. আজকে আমাদের কেন্দ্রে বা ষ্টেটে যে কোন গভর্ণমেণ্টই থাকুক না কেন সেই গভর্নমেণ্ট যদি তাদের ক্ষমতার অপব্যবহার করে তাহলে গণতান্ত্রিক পঞ্চায়েতগুলি সেই ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে তাদের রেজিষ্ট্ করবার যে ক্যাপাসিটি সেটা বাড়িয়ে তুলবে, সত্যিকারের গণতান্ত্রিক শক্তি সেখানে হবে। এই কথা বুঝবার মত অবস্থা আপনাদের নেই। আমি এই বিধানসভার মাধ্যমে সমস্ত পশ্চিমবাংলার দৃষ্টি আকর্ষণ করছি যে 'আমি যুগান্তকারী বলব না' সত্যিকারের গণতান্ত্রিক পথে জনসাধারণের সৌধ রচনা করবার প্রথম পদক্ষেপ হিসাবে যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট এখানে পঞ্চায়েত বিলের মাধ্যমে পঞ্চায়েত আইন রচনা করছেন। ভারতবর্ষের যতগুলি ষ্টেটে পঞ্চায়েত আইন হয়েছে, আমাদের অন্যান্য প্রদেশে প্রদেশে যেসমস্ত পঞ্চায়েত আইন হয়েছে এইরকম গণতান্ত্রিক ব্যবস্থা কোথাও কেউ গ্রহণ করেননি। সমস্ত জায়গায় আইন হয়েছে জনসাধারণ সম্বন্ধে অবিশ্বাসের ভিত্তি দিয়ে, কিন্তু আজকে আপনাদের সামনে যে পঞ্চায়েত আইন উপস্থিত করছি তার মূল ভীত্তি হচ্ছে জনসাধারণের উপর সম্পূর্ণ বিশ্বাস নিয়ে। আজকে ক্ষমতা আমরা তাদের দিতে যাচ্ছি না? তাদের যে ক্ষমতা রয়েছে তারই আমরা ব্যবস্থা করতে যাচ্ছি। তার কারণ, সত্যিকারের পিপল্, জনসাধারণ তারা ক্ষমতার জন্য বসে থাকবে না, আজ হোক, কাল হোক তারা ক্ষমতা কেড়ে নেবে যদি তার মূল্য আজকে স্বীকার করে না নেওয়া যায়। সুতরাং এদিক দিয়ে আমাদের জনসাধারণের মধ্যে এই উদ্দেশ্যে কাজ করতেই হবে। বর্তমান সময়ে দেশে যে পরিস্থিতি চলেছে তাতে হয়ত আমাদের মনে হতে পারে যে এটা কি সম্ভবপর ব্যাপার হবে? এটা খুব স্বাভাবিক, সত্য কথা যে যুক্তফ্রণ্ট আসার সঙ্গে সঙ্গে জনসাধারণের মধ্যে এতকাল যে একটা পাথর চাপার বন্ধন ছিল সেটা রিলিজ হয়েছে, সেই জন্য একসেস্ হচ্ছে। কিন্তু তাতে আমাদের নিরাশ হবার কিছু নেই বা তাতে আমাদের আশঙ্কা করবার কিছু নেই। এই রকম একটা অবস্থা লক্ষ্য করে কোন এক মহাপুরুষ বলেছিলেন What is happening is this. With the end of slavery. জনসাধারণ যে কৃতদাস ছিল, সেই কৃতদাসত্ব থেকে মুক্তির আস্বাদ তারা পাচ্ছে এটা সত্যি কথা। ইংরেজ আমলে, কংগ্রেস আমলে স্বাধীনতা এবং মুক্তির স্বাদ কারা পেয়েছিল? যারা জনসাধারণকে শোষণ করে সেই শোষণের অস্তিত্বের উপর যাদের অস্তিত্ব ছিল তারাই মুক্তির স্বাদ পেয়েছিল। শুধু তাই নয়, দেশে যারা শোষণধর্মী তারাই মুক্তির স্বাদ পেয়েছে। আজকে যুক্তফ্রণ্টের আমলে জনসাধারণের স্লেভারি যা ছিল, পুঁজিপতিদের স্লেভ কায়েমী স্বার্থের স্লেভ, দেশে যারা পোষণ করে তাদের স্লেভ তা দূর হচ্ছে। এখন বাস্তবিক পক্ষে বলতে গেলে ঐ পুঁজিপতির কারখানায় যে মজুরি করছে সেটা তো স্লেভ, আজকে তারা সেখানে মুক্তির আস্বাদ পেয়েছে। আজ এই দিকে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। শুধু তাই নয়, মাননীয় সভাপাল মহাশয়, আই এ্যাম আর্জিং এভরিবডি যে এই পঞ্চায়েত আইন এলো আজকে দেশের লোকের সামনে—দেশের নিপীড়িত, শোষিত জনসাধারণ—তাদের সামনে আজকে ডন অব ইনডিপেনডেন্স সেটা এনে দিচ্ছে। আজকে তাকে স্বাগত জানাবার জন্য আপনারা তৈরী হন।

**শ্রীশশবিন্দু বেরা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি এডজর্ন করার আগে আপনার মাধ্যমে এই হাউসের কাছে একটি গুরুতর বিষয়ের কথা রাখতে চাই। স্যার, নারকেলডাঙ্গা অঞ্চলে যে বিভৎস কাণ্ড হচ্ছে সেটা আপনি জানেন। সেখানে অরুণ ঘোষ গুণ্ডাদের দ্বারা নিহত হয়েছেন। তাঁর মৃতদেহ বিধানসভার দরজার সামনে এসে উপস্থিত হয়েছে। স্যার, সেখানকার যা খবর আমরা পেয়েছি তাতে দেখছি পুলিশ নিষ্ক্রীয় হয়ে দর্শন করছে, তা ছাড়া পুলিশ এ বিষয়ে কোন প্রতিকার করছেনা। উপরন্তু শান্তিপ্রিয় নাগরিকদের বাড়ীতে বাড়ীতে ঢুকে সেখানে জুলুমবাজী করছে, যাকে তাকে এ্যারেষ্ট করছে। এদিকে আমি আপনার ও সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই অবস্থা যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করুন।

### Adjournment

The House was then adjourned at 6-12 a.m. till 3 p.m. on Friday, the 20th February, 1970, at the Assembly House, Calcutta.

# Index to the

# West Bengal Legislative Assembly Proceedings

## ( Official Report )

**Vol. 50. No. I—Fiftieth Session ( January-March ), 1970.**

**( The 21st, 22nd, 27th, 29th, 30th January, 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 11th, 12th, 13th February, 1970 )**

[ (Q.) Stands for questions. ]


**Abdul Quiyom Molla, Shri**

The West Bengal Paddy Purchase Tax Bill, 1970 : pp. 686-687.

**Abdus Sattar, Shri**

The Bengal Finance ( Sales Tax ) ( Second Amendment ) Bill, 1970 : p. 765.

Discussion on Governor's Address : pp. 337-342.

**Abdus Sayeed, Shri Mir**

Discussion on Governor's Address : pp. 437-439.

**Abedin, Dr. Zainal**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 830-831.

The Bengal Vagrancy ( Amendment ) Bill, 1970 : pp. 822-823

The Burdwan University ( Amendment ) Bill, 1970 : pp. 61-62.

The Calcutta Municipal ( Amendment ) Bill, 1970 : pp. 577-578.

The Calcutta University ( Amendment ) Bill, 1970 : pp. 90-91.

Discussion on Governor's Address : pp. 492-494.

Notice of an Adjournment Motion on the subject of clash at Tangra : p. 259.

The R. G. Kar Medical College and Hospital ( Amendment ) Bill, 1970 : pp. 904-908.

Statement on a Privilege Motion caused by the amendments made in the notices of amendments to the Motion of Thanks in reply to Governor's Address : p. 261.

The West Bengal Court-Fees Bill, 1970 : p. 707.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : p. 581.

The West Bengal Markets Regulation Bill, 1970 : pp. 120-121, 140-141, 142-143.

The West Bengal Paddy Purchase Tax Bill, 1970 : pp. 692-694.

The West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970 : pp. 118-119.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : p. 682.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : pp. 697-699.

**Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri**

Discussion on Governor's Address : pp. 465-467.

Non-Official Resolution : p. 208.

**Abul Hassan, Shri**

Discussion on Governor's Address : pp. 488-492.

**Abul Mansur Habibullah, Shri Syed**

The Burdwan University ( Amendment ) Bill, 1970 : p. 62.

The West Bengal Court-Fees Bill, 1970 : pp. 707-708.

**Adhicary, Shri Sailendranath**

Mention Case : pp. 205, 679

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 596-597.

অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রচলন (Q) : p. 84.

নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি (Q) : p. 366

পে কমিশনের সুপারিশ (Q) : p. 74.

সরকারী উদ্যোগে বিভিন্ন ঔষধ তৈরির পরিকল্পনা (Q) : p. 559.

হেল্‌থ সেন্টার ও হাসপাতালগুলিতে ঔষধের অভাব (Q) : p. 549.

**Adjournment Motion(s)**

Notice of an—regarding clash between C. P. I. (M) and Forward Block Supporters in Narkeldanga and Maniktola areas on 12-2-70 : p. 882.

Notice of an—on the subject of clash at Tangra : p. 259.

Notice of an—on the subject of situation at Tangra on 1-2-70 : p. 259.

Notice of an—on the subject of reported violation of oath of secrecy by the Deputy Chief Minister : p. 259.

**Azizur Rahman, Shri**

Discussion on Governor's Address : pp. 350-351.

অঞ্চল পঞ্চায়েতগুলিকে বাৎসরিক অনুদান (Q) : p. 805.

কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিষ্ট্রীভুক্ত বেকারের সংখ্যা (Q) : p. 805.

কলিকাতায় খুন ইত্যাদির সংখ্যা (Q) : p. 662.

কেন্দ্রের নিকট হইতে খাদ্যশস্য সাহায্যের পরিমাণ (Q) : p. 713.

ন্যায্যমূল্যে আখ বিক্রয়ের সরকারী প্রতিষ্ঠান (Q) : p. 721.

ম্যালেরিয়া উচ্ছেদকল্পে নিযুক্ত সরকারী কর্মচারী (Q) : p. 550.

ম্যালেরিয়া বিভাগে সার্ভেলিয়ান্সের কার্যে নিযুক্ত কর্মীগণ (Q) : p. 559.

মুর্শিদাবাদের ঐতিহাসিক হাজারদুয়ারী দর্শনের জন্য প্রবেশ ফি (Q) : p. 666.

মুর্শিদাবাদ জেলায় রাস্তা পাকা করিবার পরিকল্পনা (Q) : p. 797.

শিল্প-উন্নয়ন করপোরেশন (Q) : p. 795.

স্বগৃহে টি বি রোগ চিকিৎসার জন্য সরকারী সাহায্য (Q) : p. 560.

**Baksi, Shri Monoranjan**

Discussion on Governor's Address : pp. 290-291.

District-wise number of Adult and Literacy (Q) : p. 733.

Number of villages having no Primary Schools (Q) : p. 445.

কলিকাতায় আন্তর্জাতিক মানসম্পন্ন হোটেল তৈয়ারীর পরিকল্পনা (Q) : p. 69.

কংসাবতী ড্যাম ও কুমারী ড্যামের একত্রীকরণ (Q) : p. 318.

বে-আইনীভাবে তৈয়ারী বোমা ও বিস্ফোরক পদার্থ (Q) : p. 227.

তালগুড় ও খেজুরগুড় শিল্পের শিক্ষাকেন্দ্র (Q) : p. 334.

দুর্গাপুরের কল-কারখানার দূষিত জল দ্বারা দামোদরের জল দূষিত হওয়ার প্রতিকার (Q) : p. 550.

নদীয়া ও মুর্শিদাবাদ সীমান্ত এলাকা দিয়া চোরাই চালান (Q) : p. 245.

পল্লী অঞ্চলে মশার উপদ্রব (Q) : p, 536.

পশ্চিমবঙ্গে আগত উদ্বাস্তুগণের সংখ্যা (Q) : p. 853.

পুলিশের মহাফেজখানায় নাটকের পাণ্ডুলিপি (Q) : p. 617.

প্রত্নকীর্তি (Q.) : pp. 22-23.

বর্ধমান জেলায় ধান্য উৎপাদনে ব্যাঘাত হেতু ত্রাণের পরিকল্পনা (Q) : p. 186.

বে-আইনীভাবে তৈয়ারী বোমা ও বিস্ফোরক পদার্থ (Q) : p. 610.

বেকারদের সাহায্য করিবার জন্য সরকারী পরিকল্পনা (Q) : p. 148.

মদ চোলাই (Q) : p. 659.

শ্রম বিরোধ (Q) : p. 145.

সরকারের অধীন খাস জঙ্গল (Q) : p. 191.

**Bandopadhayaya, Shri Amiya Bhusan**

Discussion on Governor's Address : pp. 394-397.

**Banerjee, Shri Radhika Ranjan**

Discussion on Governor's Address : pp. 342-345.

**Barma, Shri Akshay Kumar**

Discussion on Governor's Address : pp. 409-410.

Resolution for ratification of the Constitution ( Twenty-third Amendment ) Bill, 1969 : p. 49.

**Barman, Shri Shyama Prasad**

Discussion on Governor's Address : pp. 416-418.

**Basu, Shri Bimal Kanti**

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : pp. 583-584.

**Basu, Shri Jyoti**

Discussion on Governor's Address : pp. 519-523.

Statement on the calling attention notice regarding C. P. I. (M) and S. U. C. supporters in Central Calcutta : p. 379.

Statement on a calling attention notice regarding reported police atrocities on the poor fishermen in Midnapur district on 14th January 1970 : p. 263.

Statement on the calling attention notice regarding the damage caused to the car of the West German Consul General in an incident near the S. S. K. M. Hospital : p. 459.

**Besterwitch, Shri A H.**

Non-Official Resolution : p. 209.

Resolution for Ratification of the Constitution ( Twenty-third Amendment ) Bill, 1969 : pp. 49-50.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp 595-596.

**Bhaduri, Shri Panchugopal**

Closed and sick Cotton Mills (Q) : pp. 16-21.

Crisis in Cotton Textile Industry (Q) : p. 129.

Discussion on Governor's Address : pp. 463-465.

Lenin Birthday Centenary (Q) : p. 151.

Mention Case : pp. 679-680.

Strike, lock-outs, etc. (Q) : p. 162.

Strike of the Jute Mill Workers (Q) : p. 144.

**Bhattacharya, Dr. Kanailal**

The West Bengal Markets Regulation Bill, 1970 : pp. 119-120, 138, 139-140, 141, 143.

**Bhattacharya, Shri Nani**

The R. G. Kar Medical College and Hospital ( Amendment ) Bill, 1970 : pp. 903-904, 915-917.

Statement on a Calling Attention regarding alleged deadlock in Malda District Hospital : p. 736.

Statement on the Calling Attention regarding miserable situation in the Shyamadas Vidyashastrapith College and Hospital : pp. 894-895.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : pp. 580-581, 586-587.

**Bhattacharyya, Shri Satyapada**

Discussion on Governor's Address : pp. 407-409.

The West Bengal Markets Regulation Bill, 1970 : p. 122.

আহমদপুর ন্যাশনাল সুগার মিল (Q) : p. 788.

মুর্শিদাবাদ জেলায় জে এল আর ও অফিসে আমীন নিয়োগ (Q) : p. 722.

মুর্শিদাবাদ জেলার ভরতপুর প্রাইমারী হাসপাতাল (Q) : p. 870.

মুর্শিদাবাদ জেলায় মধুপুর কলোনীতে বাস্তুজমি বণ্টন (Q) : p. 862.

রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি (Q) : p. 663.

**Bhowmik, Shri Kanai**

The Bengal Co-operative Societies ( Second Amendment ) Ordinance, 1969 : p. 43.

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp, 825-826, 837-838.

The Bengal Vagrancy ( Amendment ) Bill, 1970 : pp. 818, 828-829.

**Bill(s)**

The Bengal Co-operative Societies ( Amendment )—, 1970 : p. 825.

The Bengal Finance ( Sales Tax ) (Amendment)—, 1970 : p. 743.

The Bengal Finance ( Sales Tax ) ( Second Amendment )—, 1970 : p. 761.

The Bengal Motor Spirit Sales Taxation ( Amendment )—, 1970 : p. 771.

The Bengal State Aid to Industries ( Amendment )—, 1970 : p. 775.

The Bengal Vagrancy ( Amendment )—, 1970 : p. 818.

The Burdwan University ( Amendment )—, 1970 : pp. 56-63.

The Calcutta Municipal ( Amendment )—, 1970 : p. 570.

The Calcutta University ( Amendment ) —, 1970 : pp. 63-66, 90-99.

The Oriental Gas Company ( Amendment ) —, 1970 : pp. 95-99.

The R. G. Kar Medical College and Hospital ( Amendment )—, 1970 : p. 903.

The West Bengal Court-Fees—, 1970 : p. 706.

The West Bengal Homoeopathic System of Medicine (Amendment)—, 1970 : p. 580.

The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment)—, 1970 : pp. 171-172.

The West Bengal Markets Regulation—, 1970 : pp. 119-143.

The West Bengal Paddy Purchase Tax—, 1970 : p. 685.

The West Bengal Panchayat—, as reported by the Select Committee : p. 918.

The West Bengal Premises Tenancy ( Amendment ) —, 1970 : pp. 99-119.

The West Bengal Separation of Judicial and Executive Functions—, 1970 : pp. 682, 696.

The West Bengal Workmen's Payment of Gratuity—, 1970 ; p 589.

**Biswas, Shri Ajit Kumar**

Mention Case : p. 205.

**Boral, Shri Manaranjan**

Resolution for Ratification of the Constitution ( Twenty-third Amendment ) Bill, 1969 : pp. 50-52.

ষ্টেট বাসের টিকিটে বিজ্ঞাপন (Q.) : p. 243.

**Business Advisory Committee**

p. 41.

**Calling Attention(s)**

—regarding alleged deadlock in Malda District Hospital : p. 735.

—regarding C. P. I (M) and S. U. C. Supporters in Central Calcutta : p. 379.

—regarding Class-Work by teachers of the Barabelun Mohini Mohan Vidyamandir in Burdwan : p. 736.

—regarding the continuation of Curfew at Siliguri : p. 86.

—regarding the damage caused to the Car of the West German Consul General in an incident near the S. S. K. M. Hospital : p. 459.

—regarding lock-out in Messrs. Guest, Keen, Williams Ltd. Howrah. p.

—regarding miserable situation in the Shyamadas Vaidyashastra Pith College and Hospital : p. 894.

—regarding reported police atrocities on the poor fishermen in Midnapur district on 14th January, 1970 : p. 263.

—regarding squatting by A. B. P. T. A. before the Assembly House : p. 737.

**Chakrabarty, Shri Deb Narayan**

Mention Case : p. 678.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : pp, 699-700.

পাণ্ডুয়া অঞ্চলে পানীয় জল সরবরাহের সরকারী পরিকল্পনা (Q.) : p 550.

পাণ্ডুয়া থানায় ডি. ভি. সি-র সেচের জল সরবরাহ (Q ) : p. 672.

পাণ্ডুয়া থানার বিভিন্ন গ্রামে অকেজো নলকূপের সংখ্যা (Q.) : p. 563.

**Chakravarty, Shri Jatin**

Discussion on Governor's Address : pp. 510-512.

Non-Official Resolution : p. 208.

Resolution for Ratification of the Constitution ( Twenty-third Amendment ) Bill, 1969 : pp. 45-48.

Statement on the calling attention notice regarding the continuation of curfew at Siliguri : p. 86.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Ordinance, 1969 : p. 43.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : p. 682.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 603-605.

**Chattaraj, Shri Radhanath**

আহমদপুর ন্যাশনাল সুগার মিল (Q,) : p. 788.

**Chowdhury, Shri Binoy Krishna**

Discussion on Governor's Address : pp. 384-388.

**Committee on petitions**

p. 41.

**Committee of Privilege**

p. 42.

**Das, Shri Anadi**

Discussion on Governor's Address : pp. 442-444.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : pp. 585-586

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 599-601.

**Das, Shri Banamali**

আহমদপুর ন্যাশানাল সুগার মিল (Q.) : p. 786.

**Das, Shri Nikhil**

Discussion on Governor's Address : pp. 482-484.

**Das Ghose, Shri Biswanath**

The Calcutta Municipal ( Amendment ) Bill, 1970 : pp. 576-577.

Discussion on Governor's Address : pp. 300-302.

**Dasgupta, Shri Bibhuti Bhusan**

Presentation of the Report of the Select Committee on the West Bengal Panchayat Bill, 1969 : p. 45

The West Bengal Panchayat Bill, as reported by the Select Committee : pp. 918-922.

**Das Gupta, Shri Pannalal**

Discussion on Governor's Address : pp. 410-412.

**Das Mahapatra, Shri Balai Lal**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 828-829.

Mention Case : p. 207.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : pp. 582-583.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : p. 603.

**Datta, Shri Debabrata**

কুড়মুন মৌজায় সেচ দাঁড়া করার প্রস্তাব (Q.) : p 879.

রাসায়নিক সারের মূল্য (Q.) : p. 720.

**Deb, Shri Saral**

Discussion on Governor's Address : pp. 439-442.
Mention Case : p. 678.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 594-595.

**Dhara, Shri Sushil Kumar**

Discussion on Governor's Address : pp. 501-508.

The Oriental Gas Company ( Amendment ) Bill, 1970 : pp. 95, 98-99.

The West Bengal Paddy Purchase Tax Bill, 1970 : pp. 685, 694-695.

**Dingal, Dr. Gobardhan**

Discussion on Governor's Address : pp. 399-401.

**Discussion on Government Address**

pp. 264-3'2, 337-352, 380-444, 452-459, 460-532.

**Division(s)**

pp. 222, 670, 850-852.

**Ekramul Haque, Dr. Md.**

Discussion on Governor's Address : pp. 427-428.

**Elias Razi, Shri**

Discussion on Governor's Address : pp. 486-487.

**Fazle Haque, Dr. Md.**

Non-official Resolution : p. 209.

**Fazlur Rahman, Shri S. M.**

Discussion on Governor's Address : pp. 287-290.

Point of Order : p. 272.

The West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970 : pp. 100-102.

**Ghosh, Shri Bireswar**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 833-835.

**Ghosh, Shri Krishnapada**

Amendments to the Bengal Motor Vehicles Rules, 1970 : p. 44.

Audit Report for 1964-65 and Administration Report for 1964-65 of the Calcutta State Transport Corporation : p. 44

Fourth Annual Report of the Central Road Transport Corporation Limited ( a Government of India Undertaking ) for the year 1967-68 : p. 44.

Statement on the calling attention regarding lock-out in Messrs. Guest, Keen, Williams Ltd., Howrah : p. 459.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 605-607.

**Ghosh, Shri Sambhu Charan**

The Bengal State Aid to Industries ( Amendment ) Bill, 1970 : p. 775.

**Gofurur Rahaman, Shri**

Discussion on Governor's Address : pp. 484-485.

**Governo'r Address**

pp. 2-10.

**Guchhait, Shri Subodh Gopal**

The Bengal Finance ( Sales Tax ) ( Amendment ) Bill, 1970 : pp. 752-753.

Discussion on Governor's Address : pp. 425-427.

The West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970 : pp. 110-111.

**Gupta, Shri Sadhan**

Discussion on Governor's Address : pp. 283-287.

**Gyan Sing Sohanpal, Shri**

Armed raids (Q.) : p. 653.

Number of anti-social elements apprehended by the Government under the Preventive Detention Act. (Q.) : p. 672.

Number of political murders (Q.) : pp. 230, 610.

Sale of smuggled goods in Calcutta (Q.) : p. 246.

Shifting of the headquarters of the Sadar Subdivision to Kharagpur from Midnapore : p. 195.

**Hansda, Shri Jagatpati**

Resolution for Ratification of the Constitution ( Twenty-Third Amendment ) Bill, 1969 : pp. 55-56.

**Harun ur Rashid, Shri**

Discussion on Governor's Address : pp. 308-310.

**Ishaque, Shri A. K. M.**

The West Bengal Markets Regulation Bill, 1970 : pp. 123-124.

The West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970 : pp. 111-112.

**Kalimuddin Shams, Shri**

Discussion on Governor's Address : pp. 475-482.

The West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970 : pp. 108-110.

**Khan Nasiruddin, Shri**

Discussion on Governor's Address : pp. 430-432.

**Konar, Shri Hare Krishna**

Discussion on Governor's Address : pp. 512-518.

The West Bengal Land ( Requisition and Acquisition ) ( Amendment ) Bill, 1970 : pp. 171-172.

The West Bengal Land ( Requisition and Acquisition ) ( Amendment ) Ordinance : p. 42.

The West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970 : pp. 99-100, 112-114, 115, 117-118.

**Kuar, Shri Gangapada**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 831-833.

Discussion on Governor's Address : pp. 348-350.

Electrification of Anandapur village (Q.) : p. 802.

**Lahiri, Shri Somnath**

The Calcutta Municipal ( Amendment ) Bill, 1970 : pp. 570, 579.

**Lakra, Shri Denis**

Resolution for Ratification of the Constitution ( Twenty-Third Amendment ) Bill, 1969 : p. 54.

**Mahata, Shri Amulya Ratan**

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : p. 597.

**Mahato, Shri Girish**

Discussion on Governor's Address : pp. 418-419.

**Maiti, Srimati Abha**

তালপুকুর হইতে দেঁড়েদীঘি পর্য্যন্ত রাস্তার পরিকল্পনা (Q.) : p. 672.

পরিকল্পনা রূপায়ণ ও শিল্প স্থাপনার জন্য বাস্তুচ্যুত ও জমিচ্যুত ব্যক্তিদের ক্ষতিপূরণ দান (Q.) : p. 368.

**Maiti, Shri Subodh Chandra**

Discussion on Governor's Address : pp. 388-392.

**Maitra, Shri Kashi Kanta**

Discussion on Governor's Address : pp. 468-475.

Prohibitory Order of the Police Commissioner, Calcutta : p. 662.

উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ (Q.) : p. 313.

কৃষ্ণনগর সদর হাসপাতাল থেকে পুলিস মর্গ স্থানান্তরিত করার সরকারী ব্যবস্থা (Q.) : p. 449.

চতুর্থ ক্রিকেট টেষ্ট ম্যাচে গণ্ডগোল সম্পর্কে রিপোর্ট (Q.) : p. 233.

পে কমিশন (Q.) : p. 72.

রবীন্দ্র সরোবর তদন্ত কমিশন (Q.) : p. 665.

রাজ্য পরিবহণ কর্পোরেশন (Q.) : p. 615.

**Mazumdar, Shri Amales Chandra**

Discussion on Governor's Address : pp. 415-416.

Resolution for Ratification of the Constitution ( Twenty-Third Amendment ) Bill, 1969 : pp. 53-54.

**Mandal, Shri Bhakti Bhusan**

The City Civil Court (Saving of Limitation of Suits and Proceedings) Ordinance, 1969 : p. 44.

The West Bengal Court-Fees Bill, 1970 : pp. 706-707, 708-709.

The West Bengal Court-Fees Ordinance, 1969 : p. 43.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : pp. 696, 703-704.

**Mandal, Shri Kalipada**

Discussion on Governor's Addresss : pp. 305-306.

উপদেষ্টা পরিষদ গঠন (Q) : p. 328.

ক্ষুদ্র ও কুটির শিল্প গড়িবার জন্য নতুন নীতি (Q.) : p. 654.

ক্ষুদ্র শিল্প গড়িবার জন্য সরকারী ঋণ (Q ) : p. 245.

গেষ্টকীন উইলিয়াম কারখানার শ্রমিক ছাঁটাই (Q.) : p. 156.

পশ্চিমবঙ্গে আবাদী জমির পরিমাণ (Q.) : p. 199.

পশ্চিমবঙ্গে চালু চটকল ও শ্রমিকের সংখ্যা (Q ) : p. 161.

পশ্চিমবঙ্গে প্রকাশিত সাহিত্য পত্র-পত্রিকার সংখ্যা (Q.) : p. 879.

প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য আবেদনপত্র (Q.) : p, 74.

ফুলেশ্বরী শুটকী মাছের বাজার (Q.) : p. 199.

বলরামপোতা কলোনীতে সরকার কর্তৃক পরিবার প্রতি বরাদ্দ জমি (Q.) : p. 867.

বৃন্দাবনপুর প্রাথমিক হাসপাতাল (Q.) : p. 871.

মৎস্যজীবীদের সাহায্যের জন্য অর্থ বরাদ্দের পরিমাণ (Q.) : p. 801.

মেদিনীপুর ক্যানেলের ভাঙ্গন (Q.) : p. 323.

শহরাঞ্চলে সম্পত্তির উৰ্দ্ধসীমা (Q.) : p. 238.

শ্যামসুন্দর চক কলোনীর উন্নয়ন (Q.) : p. 871.

সরকারী চাকুরীর ক্ষেত্রে তপশীলভুক্ত জাতি ও উপজাতির জন্য আসন সংরক্ষণ (Q.) : p. 549.

সাকরাইল-মানিকপুর-হীরাপুর বাজার রাস্তা (Q.) : p. 795.

হুগলী নদীর বাঁধগুলির রক্ষণাবেক্ষণের ব্যবস্থা (Q.) : p. 255.

**Md. Abdullah Rasul, Shri**

Statement on the transport system in West Bengal : pp. 172-177.

**Md. Sohorab, Shri**

Discussion on Governor's Address : pp, 412-415.

**Mitra, Sm. Ila**

The Calcutta University ( Amendment ) Bill, 1970 : pp. 91-93, 96.

**Mitra, Shri Sunil Kumar**

The R. G. Kar Medical College and Hospital ( Amendment ) Bill, 1970 : pp. 908-909.

**Mohammad Idrish Ali, Shri**

The Bengal Finance ( Sales Tax ) ( Second Amendment ) Bill, 1970 : pp. 766-767.

Discussion on Governor's Address : pp. 303-304.

Notice of an Adjournment Motion on the subject of situation at Tangra on 1-2-70 : p. 259.

**Mohammad Salimuddin, Shri**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 829-830.

**Mollah, Shri Homayun Kabir**

টেষ্ট রিলিফের কার্য্য (Q.) : p. 860.

দুর্গাপুর কংগ্রেস অধিবেশন, ১৯৬৫ (Q.) : p. 324.

১৯৬৯-৭০ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে স্বীকৃতি দান (Q.) : p. 329.

**Mondal, Shri Amarendra**

Discussion on Governor's Address : pp. 397-399.

**Mondal, Shri Ganesh Chandra**

গ্রামে কৃষি শ্রমিকদের কাজের সংস্থান (Q.) : p. 881.

গ্রামাঞ্চলে বসন্ত ও কলেরার প্রতিরোধ ব্যবস্থা (Q.) : p. 869.

**Mondal, Shri Kumud Ranjan**

Discussion on Governor's Address : pp. 304-305.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : p. 582.

**Muhammed Khuda Buksh, Shri**

Discussion on Governor's Address : pp. 296-299.

**Mukherjee, Shri Anil Kumar**

The Burdwan University ( Amendment ) Bill, 1970 : p. 60.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : pp. 701-702.

ওন্দা থানায় স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা (Q.) : p. 538.

কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনা (Q.) : pp. 159-160.

কলিকাতায় সরকারী পরিবহণ ব্যবস্থা (Q.) : p. 614.

কলিকাতায় ফ্ল্যাট বাড়ি তৈয়ারী ও তাহার বিলি ব্যবস্থা (Q.) : p. 182.

গ্রামীণ শিল্পের উন্নয়ন (Q.) : p. 662.

জেলাওয়ারী ধান সংগ্রহের পরিমাণ Q.) : p. 360.

তন্তুবায় সম্প্রদায়ের জন্য প্রয়োজনীয় কাঁচামাল (Q.) : pp. 374-375.

ধান সংগ্রহ কার্যে নিযুক্ত এগ্রিকালচার এক্সটেনশন অফিসার (Q.) : p. 370.

নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের মূল্যবৃদ্ধি Q.) : p. 367.

নূতন অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার ও হাই স্কুলের সংখ্যা (Q.) : p. 326.

পি. ডি. অ্যাক্টে আটক নক্সালপন্থী রাজনৈতিক কর্মী ও নেতার সংখ্যা (Q.) : p. 657.

পশ্চিমবাংলার বিভিন্ন জেলে বন্দীদের দ্বারা তৈয়ারী জিনিষের পরিমাণ (Q.) : p. 798.

পশ্চিমবাংলায় সরকারী ফ্ল্যাট বাড়ীর সংখ্যা (Q.) : p. 194.

পশ্চিমবঙ্গে নূতন প্রাথমিক বিদ্যালয় খোলার পরিকল্পনা (Q.) : p. 81.

পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদনের পরিমাণ (Q.) : p. 374.

মন্ত্রী ও এম. এল. এ-দের মধ্যে ক্রিকেট খেলার টিকিট বণ্টন (Q.) : p. 70.

বিদেশী সাম্রাজ্যবাদী রাষ্ট্রনায়কদের মূর্তি অপসারণ (Q.) : p. 154.

বিভিন্ন জেলায় নূতন রাস্তা নির্মাণ (Q.) : p. 784.

বাঁকুড়া জেলায় হত্যাকাণ্ডের সংখ্যা (Q.) : p. 233.

বাঁকুড়া জেলায় ডি. ভি. সি. সেচ এলাকা (Q.) : p. 322.

সেতু, রাস্তা ও স্থানের নূতন নামকরণ (Q.) : pp. 14-16.

**Mukherjee, Shri Joykesh**

Discussion on Governor's Address : pp. 456-459.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : pp. 584-585.

বনগ্রাম অঞ্চলের কামারপাড়া স্বাস্থ্যগৃহ নির্মাণ প্রকল্প (Q.) : p. 450.

**Mukherjee, Shri Haripada**

Discussion on Governor's Address : pp. 306-308.

**Mukherjee, Shri Pijus Kanti**

Discussion on Governor's Address : pp. 345-347.

**Mukherjee, Shri Rabin**

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 590-592.

**Mukhopadhyaya, Shri Ajoy Kumar**

Amendment to the West Bengal Public Service Commission ( Consultation by Governor ) Regulation, 1955 : p. 44.

The Bengal Finance ( Sales Tax ) ( Amendment ) Bill, 1970 : pp. 743-744, 756, 761-763, 769.

The Bengal Finance ( Sales Tax ) ( Amendment ) Ordinance, 1969 : p. 42.

The Bengal Motor Spirit Sales Taxation ( Amendment ) Bill, 1970 : pp. 771-772.

The Bengal Motor Spirit Sales Taxation ( Amendment ) Ordinance, 1969 : p. 43.

Discussion on Governor's Address : pp. 523-527.

The West Bengal Finance (Sales Tax ) ( Second Amendment ) Ordinance, 1969 : p. 43.

The West Bengal ( Tax on Paddy Purchased by Rice Mills ) Ordinance, 1970 : p. 43.

**Murmu, Shri Nathaniel**

Discussion on Governor's Address : pp. 302-303.

Resolution for Ratification of the Constitution ( Twenty-third Amendment ) Bill, 1969 : pp. 54-55.

**Naskar, Shri Narayan**

Discussion on Governor's Address : pp. 392-394.

The West Bengal Paddy Purchase Tax Bill, 1970 : pp. 691-692.

**Non-Official Resolution(s)**

pp. 208-225.

**Pahari, Shri Bibhuti**

প্রাইমারী ও সাবসীডীয়ারী হেলথ সেন্টার (Q.) : p. 867.

**Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed**

The West Bengal Premises Tenancy ( Amendment ) Bill, 1970 : pp. 105-106.

**Obituary**

p. 13.

**Opening of a Rly. Booking in the Assembly Building**

p. 735.

**Ordinance(s)**

The Bengal Co-operative Societies ( Second Amendment )—, 1969 : p. 43.

The Bengal Finence ( Sales Tax ) ( Amendment ) –, 1969 :

The Bengal Motor Spirit Sales Taxation ( Amendment )–, 1969 : p. 43.

The Burdwan University ( Amendment )—, 1969 : p. 42.

The City Civil Court (Saving of Limitation of Suits and Proceedings) —, 1969 : p. 44.

The West Bengal Conrt-Fees—, 1969 : p. 43.

The West Bengal Finance ( Sales Tax ) ( Second Amendment )—, 1969 : p. 43.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) —, 1969 : p. 43.

The West Bengal Land ( Requisition and Acquisition ) (Amendment) —, 1969 : p. 42.

The West Bengal ( Tax on Paddy Purchased by Rice Mills )—, 1970 : p. 43.

**Panel of Chairman**

p. 11.

**Pathak, Shri Patit Paban**

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 597-599.

**Poddar, Shri Deokinandan**

Discussion on Governor's Address : pp. 403-407.

**Point of order**

p. 272.

**Privilege motion(s)**

pp. 260, 261, 680.

**Purkait, Shri Prabodh**

Discussion on Governor's Address : pp. 428-430.

**Question(s)**

Allegation against the Medical Officer of Primary Health Centre a Mankar : p. 86.

Alleged sabotage in the Farakka Barrage Project : pp. 186-187.

Armed raids : p. 653.

Bifurcation of Karimpur Block : p. 671.

Closed and sick Cotton Mills : pp. 16-21.

Closure of Mohini Mills : pp. 160-161.

Crisis in Cotton Textile Industry : p. 29.

Death of a worker of Messrs. Pure Drinks ( Coca-Cola ) : p. 665.

District-wise number of Adult and Literacy Centres : p. 733.

Electrification of Anandapur village : p. 802.

Interim increase of wages to the workmen of Jute and Cotton Textile Industries :

Khas land in Karimpur Block : p. 369.

Lenin Birthday Centenary : pp. 151-152.

Medical help to Anchal areas : p. 801.

Number of anti-social elements apprehended by the Government under the Preventive Detention Act : p. 672.

Number of political murders : pp. 230, 610.

Number of villages having no Primary Schools : p. 446.

Packege Programme : pp. 370-371.

Police attack inside the Assembly House : p. 241.

Primary and Subsidiary Health Centres in Nadia District : p. 255.

Prohibitory order of the Police Commissioner, Calcutta : p. 662.

Resignation of the Chairman, Durgapur Projects Ltd. : p. 790.

Sale of smuggled goods in Calcutta : p. 246.

Shifting of the headquarters of the Sadar Subdivision to Kharagpur from Midnapore : p. 195.

Strike of the Jute Mill Workers : pp. 144-145.

Strike, Lock-outs, etc. : p. 162.

Tripartite Wage Committee for Jute Industry : p. 199.

Tripartite Wege Fixation Committee for Kesoram Rayon, Trebeni, Hooghly : p. 199.

Villages on Indo-Pak border : p. 235.

Wage Fixation Committee for Cotton Textile Industry : p. 254

অকেজো নলকূপের সংখ্যা : p. 192.

অঞ্চল পঞ্চায়েতগুলিকে বাৎসরিক অনুদান : p. 805.

অপরাধ-বিষয়ক হিন্দী ও ইংরাজী ছবি প্রদর্শন বন্ধের সিদ্ধান্ত : p. 784.

অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রবর্তনের পরিকল্পনা : pp. 67-69.

অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রচলন : p. 84.

অষ্টম শ্রেণী পর্যন্ত জুনিয়ার হাই স্কুলের অনুমোদন : p. 563.

অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষার পরিকল্পনা : p. 331.

অ্যাডমিনিষ্ট্রেটর দ্বারা পরিচালিত পৌরসভা : p. 869.

আজিমগঞ্জ-জঙ্গীপুর রাস্তা পাকা করার সরকারী পরিকল্পনা : p. 670.

আজিমগঞ্জ হইতে নবগ্রাম থানার সীমানা পর্যন্ত রাস্তা : p. 251.

আর. গুপ্ত রিপোর্টের ভিত্তিতে পুলিশ বিভাগে পরিবর্তন সাধন : p. 242.

আর. টি. এ. পরিচালিত বাস ষ্ট্যাণ্ড, টাইমটেবল এবং যাত্রী প্রতীক্ষালয় : p. 805.

আরামবাগ মহকুমা শাসকের নিগৃহীত হইবার ঘটনা : p. 664.

আহমদপুর ন্যাশনাল সুগার মিল : pp. 787-788.

"ইচ্ছামত পুত্রকন্যা লাভের প্রক্রিয়া" আবিষ্কার গবেষণায় সরকারী সাহায্য : p. 667.

ইসলামপুর ও মির্জাপুরের রেশম শিল্প : p. 371.

উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ : p. 313.

উদ্বাস্তু পুনর্বাসন : pp. 179-181.

উদ্বাস্তু যক্ষ্মা রোগীর চিকিৎসা : p. 869.

উপদেষ্টা পরিষদ গঠন : p. 328.

এ. এন. এফ. স্কীমে মৎস্যজীবীদের সাহায্য : pp. 371-372.

এক্স-রে যন্ত্র নির্মাণ বাবদ সরকার কর্তৃক অর্থ মঞ্জুরের পরিমাণ : p. 448.

এগ্রো-ইণ্ডাষ্ট্রিজ করপোরেশন : p. 876.
এগ্রো-ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশনের পুঁজির পরিমাণ : p. 875.
ওন্দা থানায় স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা : p. 538.
ওয়াকফ্ বোর্ড : p. 659.
কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনা : pp. 159-160.
কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিষ্ট্রীভুক্ত বেকারের সংখ্যা : p. 805
করণদীঘি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়ের বিরুদ্ধে অভিযোগ . . 47.
কংসাবতী ড্যাম ও কুমারী ড্যামের একত্রীকরণ : p. 318.
কলিকাতায় আন্তর্জাতিক মানসম্পন্ন হোটেল তৈরীর পরিকল্পনা : p. 69.
কলিকাতায় খুন ইত্যাদির সংখ্যা : p. 662.
কলিকাতায় ফ্ল্যাট বাড়ী তৈয়ারী ও তাহার বিলি ব্যবস্থা : pp. 182-184.
কলিকাতা মহানগরীর রাস্তার শোচনীয় অবস্থার প্রতিকার : p. 673.
কলিকাতা মেলা, ১৯৬৯ : pp. 193-194.
কলিকাতা শহরে মশার উপদ্রব : p. 536.
কলিকাতা সার্কুলার রেলপথ : p. 732.
কলিকাতায় সরকারী পরিবহণ ব্যবস্থা : p. 614.
কলিকাতার ৪৭নং রুটের বাস : p. 244.
কান্দী মহকুমার বাঁধ : p. 249.
কান্দী মহকুমায় সালার-ভরতপুর রাস্তা : p. 877.
কাপড় ও সুতাকলকে সাহায্য দান : p. 798.
কাবিলপুর মৌজার জলা : p. 375.
কেন্দ্রের নিকট হইতে খাদ্যশস্য সাহায্যের পরিমাণ : p. 713.
কুটীর ও ক্ষুদ্র শিল্পের কাঁচামাল : p. 373.
কুটীর ও ক্ষুদ্র শিল্পের প্রসারার্থে ঋণ দিবার প্রস্তাব : pp. 372-373.
কুটীর শিল্পের উন্নতির জন্য বিদ্যুৎ সরবরাহ : p. 779.
কুমারখণ্ড অঞ্চলে স্লুইস গেট : p. 250.
কুমারপুর ভোলানাথ হাইস্কুলের অনুমোদন : p. 670.
কুড়মুন মৌজায় সেচদাঁড়া করার প্রস্তাব : p. 879.
কৃষ্ণনগর সদর হাসপাতাল থেকে পুলিশ মর্গ স্থানান্তরিত করার সরকারী ব্যবস্থা : p. 449.
কোচবিহার জেলার ছিটমহল উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সাহায্য : pp. 181-182.
খড়গ্রাম থানায় বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা : p. 803.
খসড়াডাঙ্গায় আদিবাসী প্রাথমিক বিদ্যালয়কে সরকারী সাহায্য : p. 447.
খয়রাতি সাহায্য দান : p. 200.
খাদ্যশস্য ঘাট্‌তির পরিমাণ : pp. 358-360.

খাদ্য সংগ্রহ : pp. 362-363.
ক্ষুদ্র ও কুটীর শিল্প গড়িবার জন্য নূতন নীতি : p. 654.
ক্ষুদ্র শিল্প গড়িবার জন্য সরকারী ঋণ : p. 245.
গড়বেতা থানায় রাস্তা তৈরী করার কাজ : pp. 157-158.
গড়বেতা থানা হেল্‌থ সেণ্টারের বৈদ্যুতীকরণ : p. 550.
গেষ্টকীন উইলিয়াম কারখানার শ্রমিক ছাঁটাই : p. 156.
গৃহনির্মাণের জন্য সমবায় সমিতিকে অর্থ বরাদ্দ : p. 730.
গো-চারণ ভূমি, শ্মশান প্রভৃতির ব্যক্তিগত ব্যবহার : pp. 368-369.
গোপগ্রাম-সালু এবং কুননকুন-ছাগলডাঙ্গা রাস্তায় ক্যানেলের উপর সাঁকো নির্মাণ : p. 732.
গোপীবল্লভপুর ও ডেব্রা এলাকার অধিবাসীদের রিলিফ ব্যবস্থা : pp. 197-198.
গোপীবল্লভপুরে সন্ত্রাসবাদী কার্যকলাপ : p. 245.
গ্রামসভার অধীন রাস্তাগুলি আলোকিত করিবার ব্যবস্থা : p. 193.
গ্রামসেবকদের ট্রেনিং : p. 561.
গ্রাম্য রাস্তা সংস্কার ও গ্রাম্য নদী-নালার উপর সাঁকো নির্মাণ : pp. 13-14.
গ্রামাঞ্চলে বসন্ত ও কলেরার প্রতিরোধ ব্যবস্থা : p. 869.
গ্রামে কৃষি শ্রমিকদের কাজের সংস্থান : p. 881.
গ্রামীণ শিল্পের উন্নয়ন : p. 662.
চক্ররেল পরিকল্পনা : p. 864.
চতুর্থ ক্রিকেট টেষ্ট ম্যাচে গণ্ডগোল সম্পর্কে রিপোর্ট : p. 233.
চতুর্থ টেষ্ট ম্যাচের সময় নিহত যুবকদের মৃত্যু সম্পর্কে তদন্ত : p. 673.
চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় টাকা ঘাটতির পরিমাণ ও উহা পূরণের পরিকল্পনা : p. 447.
চতুর্থ যোজনাকালে কেন্দ্রীয় সাহায্য : p. 248.
চা-বাগান এলাকায় বাড়তি জমি : p. 723.
চা শুল্ক হ্রাস : p. 872.
চালকদের সংখ্যা : p. 253.
চাল ও গমের উৎপাদন : p. 713.
চিত্তরঞ্জন সেবাসদন হাসপাতালে আর্থিক সঙ্কট : p. 853.
চৌরীগাছা সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টার : p. 252.
জগদ্দলে দাঙ্গায় নিহতের সংখ্যা : p. 660.
জাতীয় গ্রন্থাগারকে অর্থ সাহায্য : p. 373.
জেলা সদর ও মহকুমা শহরগুলিতে সরকারী উকিল ও তাঁহাদের নিয়োগকাল : p. 806.
জেলাওয়ারী চাউল উৎপাদনের পরিমাণ : p. 446.
জেলাওয়ারী ধান সংগ্রহের পরিমাণ : pp. 360-362.
জেলাওয়ারী নলকূপের সংখ্যা : pp. 196-197.

জেলাওয়ারী বিভিন্ন খাতে বরাদ্দ টাকার পরিমাণ : p. 806.
জেলাওয়ারী সরকারী কোয়ার্টারের সংখ্যা : p. 733.
ঝিকারা গ্রামীণ সর্বোদয় সঙ্ঘ : p. 728.
টি, আর, কাজের জন্য জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ : p. 451.
টি, বি, ও ক্যানসার রোগের প্রাদুর্ভাব : p. 856.
টি, বি, হাসপাতাল : p. 856.
টেষ্ট রিলিফের কার্য : p. 860.
ট্রাকটার দ্বারা কর্ষিত জমির পরিমাণ : p. 729.
তথ্য ও জনসংযোগ বিভাগের কার্যাবলীর রিপোর্ট : p. 562.
তন্তুবায় সম্প্রদায়ের জন্য প্রয়োজনীয় কাঁচামাল : pp. 374-375.
তারকেশ্বর হিমঘর : p. 799.
তালগুড় ও খেজুরগুড় শিল্পের শিক্ষাকেন্দ্র : p. 334.
তালগুড় শিল্পের প্রসার : p. 806.
তালপুকুর হইতে দেঁড়েদিঘী পর্যন্ত রাস্তার পরিকল্পনা : p. 672.
তিস্তা ও মহানন্দা ব্যারেজ প্রকল্প : p. 330.
তৃতীয় বিভাগের কয়েদী : p. 197.
শ্রীত্রৈলোক্য চক্রবর্তী (মহারাজ)-এর পাসপোর্ট : p. 376.
দরিদ্র বালকবালিকাদের ভরণপোষণ ও শিক্ষাদানের সরকারী পরিকল্পনা : pp. 184-185.
দার্জিলিং অবজারভেটরি হিল : p. 248.
দার্জিলিং টুরিষ্ট লজ : p. 258.
দার্জিলিং-সিংলা বাজার রোপওয়ে : p. 446.
দাদপুর বাওরের সরকারী জলা বন্দোবস্ত : p. 729.
দাসনগর সেনট্রাল ইঞ্জিনিয়ারিং অরগানাইজেশন : p. 805.
দীর্ঘমেয়াদী বন্দীদের মুক্তিদান : p. 562.
দুর্গাপুরের কল-কারখানার দূষিত জল দ্বারা দামোদরের জল দূষিত হওয়ার প্রতিকার : p, 550.
দুর্গাপুর কংগ্রেস অধিবেশন, ১৯৬৫ : p. 324.
দুর্গাপুর কেমিক্যালস-এর পরিচালকমণ্ডলী : p. 796.
দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন : p. 325.
দ্রুত মামলা নিষ্পত্তির পরিকল্পনা : p. 664.
ধান সংগ্রহকার্যে নিযুক্ত এগ্রিকালচার এক্সটেনশন অফিসার : p. 570.
ধুলিয়ান ও আওরঙ্গাবাদে বিড়ি কারখানার সংখ্যা : p. 161.
ধুলিয়ান-দেওয়ানপুর ফেরি সার্ভিস : p. 727.
নক্সালবাড়ি ঘটনা সম্পর্কিত মামলা : p. 662.
নদীয়া ও মুর্শিদাবাদ সীমান্ত এলাকা দিয়া চোরাই চালান : p. 245.

নয় বিঘা পর্যন্ত কৃষি জমীর খাজনা মকুব করিবার ব্যবস্থা : p. 669.

নয় বিঘা কৃষি জমির মালিকের সংখ্যা : p. 195.

নয় বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব : p. 879.

নয়াদিল্লীর বঙ্গভবনে থাকিবার ব্যবস্থা : p. 673.

ন্যায্যমূল্যে আখ বিক্রয়ের সরকারী প্রতিষ্ঠান : p. 721.

নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি : pp. 367-368.

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি : pp. 366-367.

নিত্য ব্যবহার্য খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি : p. 367.

নূতন অনুমোদনপ্রাপ্ত জুনিয়ার ও হাইস্কুলের সংখ্যা : p. 326.

পঞ্চম অর্থ কমিশনের নিকট রাজ্য সরকারের দাবি : p. 249.

পরিকল্পনা রূপায়ণ ও শিল্পস্থাপনার জন্য বাস্তুচ্যুত ও জমিচ্যুত ব্যক্তিদের ক্ষতিপূরণ দান : p. 368.

পরিবার পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ : p. 548.

পল্লী অঞ্চলে মশার উপদ্রব : p. 536.

পল্লী অঞ্চলে সিনেমা লাইসেন্স : p. 201.

'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েষ্টবেঙ্গল' সাপ্তাহিকের নিয়মিত প্রকাশন : p. 874.

পশ্চিমবঙ্গ হইতে অন্য রাজ্যে শিল্প স্থানান্তর করণ : p. 795.

পশ্চিমবঙ্গ হইতে নেপালে ডাল পাচারের অভিযোগ : p. 667.

পশ্চিবঙ্গ হইতে শিল্প স্থানান্তরিত করণ : p. 796.

পশ্চিমবঙ্গে আগত উদ্বাস্তুগণের সংখ্যা : p. 853.

পশ্চিমবঙ্গে আবাদী জমির পরিমাণ : p. 199.

পশ্চিমবঙ্গে চালু চটকল ও শ্রমিকের সংখ্যা : p. 161.

পশ্চিমবঙ্গে জেলা পুনর্বিন্যাসের কাজ : p. 244.

পশ্চিমবঙ্গে ধান ও গম উৎপাদনের পরিমাণ : p. 252.

পশ্চিমবঙ্গে নূতন প্রাথমিক বিদ্যালয় খোলার পরিকল্পনা : pp. 81-83.

পশ্চিমবঙ্গে নূতন শিল্পের সংখ্যা : p. 873.

পশ্চিমবঙ্গে পশু চিকিৎসালয় : p. 200.

পশ্চিমবঙ্গে পশ্চাৎবর্তী এলাকায় শিল্প বিস্তারের পরিকল্পনা : p. 874.

পশ্চিমবঙ্গে প্রকাশিত সাহিত্য পত্র-পত্রিকার সংখ্যা : p. 879.

পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদনের পরিমাণ : p. 374.

পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়গুলিকে অবৈতনিক করার পরিকল্পনা : p. 321.

পশ্চিমবাঙলার নাম পরিবর্তনের প্রস্তাব : p. 254.

পশ্চিমবাংলায় সরকারী ফ্ল্যাট বাড়ীর সংখ্যা : p. 194.

পশ্চিমবাংলার বিভিন্ন জেলে বন্দীদের দ্বারা তৈয়ারী জিনিষের পরিমাণ : p. 798.

পশুপালনের জন্য গোচারণভূমি : p. 331.

পশুপালন বিভাগের অধীনস্থ হিমঘর : p. 84.
পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের চেয়ারম্যানের বিরুদ্ধে মামলা : p. 194.
পাকিস্তান হইতে মৎস্য আমদানী : p. 725.
পাট ক্রয়ের জন্য মার্কেটিং সমবায় সমিতি : p. 876.
পাটের দর : p. 877.
পাটের দর নির্ধারণ : p. 878.
পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুর সংখ্যা : p. 560.
পানাগড় বাজার হইতে সিলামপুর রাস্তায় বাস চলাচল : p. 663.
পাণ্ডুয়া অঞ্চলে পানীয় জল সরবরাহের সরকারী পরিকল্পনা : p. 550.
পাণ্ডুয়া থানায় ডি. ভি. সি-র সেচের জল সরবরাহ : p. 672.
পাণ্ডুয়া থানার বিভিন্ন গ্রামে অকেজো নলকূপের সংখ্যা : p. 563.
পি, ডি, অ্যাক্টে আটক নক্সালপন্থী রাজনৈতিক কর্মী ও নেতার সংখ্যা : p. 657.
পুলিশের মহাফেজখানায় নাটকের পাণ্ডুলিপি : p. 617.
"পে কমিশনের" জন্য অর্থব্যয়ের পরিমাণ : p. 446.
পে-কমিশনের রিপোর্ট কার্যকরী করার জন্য সরকারী ব্যবস্থা : pp. 449-450.
প্রশাসন ও বিচার বিভাগ পৃথকীকরণের ফলে নতুন ম্যাজিস্ট্রেট নিয়োগ : pp. 375-376.
প্রাইমারী ও সাবসিডিয়ারী হেল্থ সেণ্টার : p. 867.
প্রাকৃতিক অঞ্চলের উন্নয়ন পরিকল্পনা : p. 334.
প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের জন্য আবেদনপত্র : pp. 74-78.
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি : p. 372.
প্রাথমিক শিক্ষকদের দাবী পূরণের ব্যবস্থা : p. 247.
পেনসন ভোগীদের পেনশন বা ভাতা বৃদ্ধি : p. 332.
পুরাতত্বের ইতিহাস সম্বলিত পুস্তক প্রকাশের সিদ্ধান্ত : pp. 158-159.
পে কমিশন : pp. 72-73.
পে কমিশনের সুপারিশ : p. 74.
পোকা লাগিয়া শস্যহানি : p. 330.
প্রত্নকীর্তি : pp. 22-23.
প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য সরকারী পরিকল্পনা : p. 669.
প্রাথমিক স্কুল পরিচালনার জন্য জেলাভিত্তিক কমিটি : p. 731.
প্রাথমিক শিক্ষা বিস্তার : p. 729.
প্রেস অ্যাডভাইজারি কমিটি : p. 792.
ফসল কাটার ব্যাপারে সংঘর্ষ : pp. 233, 614.
ফারাক্কা ব্যারেজের ফলে ভাগীরথী নদীর জলপ্রবাহের পরিমাণ : p. 329.
ফুলেশ্বরী শুটকী মাছের বাজার : p. 199.

বকসাদুয়ারে তিব্বতী শরণার্থী শিবির : p. 331.
বর্ধমান জেলায় ধান্য উৎপাদনে ব্যাঘাত হেতু ত্রাণের পরিকল্পনা : p. 186.
বর্ধমান বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিশনের রিপোর্ট : pp. 83-84.
বনগাঁস অঞ্চলের কামারপাড়া স্বাস্থ্যগৃহ নির্মাণ প্রকল্প : pp. 450-451.
বন্ধ কারখানার সংখ্যা : p. 258.
বন্যাবিধ্বস্ত এলাকাগুলিতে ঋণ ও সাহায্যের পরিমাণ : p. 871.
বন্ধ ও 'সিক' কাপড়কলগুলিকে সাহায্য করার পরিকল্পনা : pp. 23-27.
বলরামপোতা কলোনীতে সরকার কর্তৃক পরিবার-প্রতি বরাদ্দ জমি : p. 867.
বসু বিজ্ঞান মন্দিরে অগ্নিকাণ্ড : p. 84.
বহরমপুর আদালতে প্রতীক্ষালয় : p. 333.
বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফামিং সোসাইটি : p. 729.
বহরমপুর কে-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির দখলে জমির পরিমাণ : p. 671.
বহরমপুর টুরিষ্ট লজ : p. 258.
বহরমপুর পৌরসভার অনাদায়ী কর : p. 871.
বহরমপুর পৌরসভা এলাকায় খাস জমির পরিমাণ : p. 254.
বহরমপুর পৌরসভার নির্বাচন : p. 253.
বহরমপুর বেসিক ট্রেনিং স্কুল : p. 247.
বহরমপুর বেসিক ট্রেনিং-এ ভর্তি বিষয়ে অভিযোগ : p. 333.
বহরমপুর মহকুমায় মালিকচন্দ্র মাঠের আয়তন : p. 252.
বহরমপুরে "রবীন্দ্রভবন" : p. 83.
বহরমপুর সদর ও জেনারেল হাসপাতাল : p. 672.
বহরমপুর সদর ও জেনারেল হাসপাতালের পরামর্শদাতা কমিটি : p. 668.
বাঁকুড়া জেলায় ডি, ভি, সি সেচ এলাকা : p. 322.
বাঁকুড়া জেলায় হত্যাকাণ্ডের সংখ্যা : p. 233.
বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা : p. 878.
বাঙলা চলচ্চিত্রের স্বার্থ সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধি : p. 872.
ব্যাঙ্ক জাতীয়করণে পশ্চিমবঙ্গ সরকারের সুবিধা : p. 332.
বিজ্ঞান বিভাগের শিক্ষকের জন্য অর্থ বরাদ্দ : p. 333.
বিদেশী সাম্রাজ্যবাদী রাষ্ট্রনায়কদের মূর্তি অপসারণ : pp. 154-155.
বিভিন্ন জেলায় গ্রুপ কৃষি ও ব্যক্তিগত কৃষি ঋণ প্রদানের পরিমাণ : p. 253.
বিভিন্ন জেলায় নূতন রাস্তা নির্মাণ : p. 784.
বিভিন্ন শ্রেণী সরকারী হাসপাতালে রোগীদের জন্য মাথাপিছু বরাদ্দ : p. 197.
বিড়ি শ্রমিকদের নিম্নতম মজুরী : pp. 27-29.
বি, সি, রায় পোলিও ক্লিনিক ও হাসপাতাল : p. 559.

বৃন্দাবনপুর প্রাথমিক হাসপাতাল : p. 871.

বে-আইনী 'বার' : p. 561.

বে-আইনীভাবে তৈয়ারী বোমা ও বিস্ফোরক পদার্থ : pp. 227, 610.

বেকার সমস্যা : p. 29.

বেকার সমস্যা সমাধানের জন্য সরকারী পরিকল্পনা : p. 800.

বেকারের সংখ্যা : pp. 152-154.

বেকারদের সাহায্য করিবার জন্য সরকারী পরিকল্পনা : pp. 148-151.

বেতন কমিশনের রিপোর্ট : p. 70.

বেলঘরিয়ার সরকার পরিচালিত সিরামিক কারখানা : p. 880.

বে-সরকারী ফ্যামিলি প্ল্যানিং সেণ্টারগুলিকে সাহায্য দান : p. 542.

বে-সরকারী প্রতিষ্ঠানে পরিবার উন্নয়ন পরিকল্পনা কেন্দ্র : p. 542.

বোনাস বিরোধ : p. 804.

বোয়ালিয়া ড্যাংগা বিল ও পুটিজোল বিল : 375.

ভাতাড় ও আউসগ্রাম থানায় দো-ফসল চাষে জল সরবরাহ : p. 334.

ভাণ্ডারদহ বিলের সংস্কার : p. 727.

ভিজিল্যান্স কমিশন : p. 246.

ভূমি সংস্কার কার্য : pp. 353-358.

ভূমি সংস্কার কার্যে অন্তরায় : pp. 373-374.

ভূমি সংস্কার কার্যে তদন্ত : p. 668.

ভূমিহীন কৃষকদের ভূমি বণ্টন : p. 712

ভোটার তালিকা সংশোধন : p. 664.

মদ চোলাই : p. 659.

ময়ূরাক্ষী নদীর উপর ব্রীজ : p. 335.

মৎস্যের মূল্য : pp. 365-366.

মৎস্যচাষ উন্নয়নকল্পে ব্যয়বরাদ্দ : pp. 377-378.

মৎস্যজীবীদের ঋণ দেওয়ার জন্য সরকারী ঘোষণা : p. 717.

মনীন্দ্র মিল চালু করার ব্যবস্থা : p. 877.

মন্ত্রী ও এম, এল, এ-দের মধ্যে ক্রিকেট খেলার টিকিট বণ্টন : p. 70.

মন্ত্রীগণ কর্তৃক এম, এল, এ-গণের পত্রের উত্তর দিবার রীতি : pp. 78-81.

মৎস্যজীবীদের সাহায্যের জন্য অর্থ বরাদ্দের পরিমাণ : p. 801.

মানকরা মৌজায় সরকারে ন্যস্ত জমি : p. 878.

মানিকনগর মৌজায় জমির পরিমাণ : p. 727.

ম্যালেরিয়া উচ্ছেদকল্পে নিযুক্ত সরকারী কর্মচারী : p. 550.

ম্যালেরিয়া বিভাগে সার্ভেলিয়ান্সের কার্যে নিযুক্ত কর্মীগণ : p. 559.

মুখ্যমন্ত্রী ও উপ-মুখ্যমন্ত্রীর মধ্যে পত্র বিনিময় : 865.

মুর্শিদাবাদ ও জিয়াগঞ্জ শহরে পরিস্রুত জল সরবরাহের পরিকল্পনা : p. 867.

মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্মচারীদের কলম ধর্মঘট : p. 336.

মুর্শিদাবাদ জেলার অনুমোদিত প্রাইমারী স্কুলের সংখ্যা : p. 332.

মুর্শিদাবাদ জেলার আর, টি, এ-র বিধিভঙ্গের অভিযোগে জরিমানা বাবদ আদায়ীকৃত অর্থের পরিমাণ : p. 448.

মুর্শিদাবাদ জেলার উপজাতি ও তপশীলী জাতির উন্নয়ন বাবদ ব্যয় : p. 563.

মুর্শিদাবাদ জেলার কয়েকটি অঞ্চলে বিদ্যুৎ সম্প্রসারণ : pp. 155-156.

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন জমির বিবরণ : p. 881.

মুর্শিদাবাদ জেলার মধুপুর কলোনীতে বাস্তুজমি বণ্টন : p. 862.

মুর্শিদাবাদ জেলার বিল লাঙ্গলহাটা জলনিকাশি পরিকল্পনা : p. 673.

মুর্শিদাবাদ জেলায় চালু বাস : p. 376.

মুর্শিদাবাদ জেলায় বোয়ালিয়া ড্যাব বিল ও পুটিজোল বিল : p. 161.

মুর্শিদাবাদ জেলার ভরতপুর প্রাইমারী হাসপাতাল : p. 870.

মুর্শিদাবাদ জেলায় রাস্তা পাকা করিবার পরিকল্পনা : p. 797.

মুর্শিদাবাদ জেলার রাস্তা মেরামতের জন্য অর্থ বরাদ্দ : p. 336.

মুর্শিদাবাদ জেলার সাপ্তাহিক পত্রপত্রিকায় সরকারী বিজ্ঞাপন : p. 162.

মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন সার্কেলে মোট খাস জমি : p. 331.

মুর্শিদাবাদ জেলায় শহর ও গ্রামে বিদ্যুৎ ব্যবহারকারীর সংখ্যা : p. 807.

মুর্শিদাবাদ জেলার সহকারী স্কুল পরিদর্শক ঘেরাও : p. 319.

মুর্শিদাবাদ জেলায় কৃষি পরিবারের সংখ্যা : p. 253.

মুর্শিদাবাদ জেলায় জে. এল. আর. ও. অফিসে আমীন নিয়োগ : p. 722.

মুর্শিদাবাদ জেলার ভাণ্ডারদহ বিল : p. 714.

মুর্শিদাবাদের ঐতিহাসিক হাজারদুয়ারী দর্শনের জন্য প্রবেশ ফি : p. 666.

মেদিনীপুর ক্যানেলের ভাঙ্গন : p. 323.

মেদিনীপুর জেলার লোকসেবা পরিষদের জমি : pp. 369-370.

যক্ষ্মা হাসপাতালে ভর্তির জন্য অপেক্ষমানদের তালিকা : p. 880.

যুবকল্যাণ পরিষদের জন্য সরকারী ব্যয় : pp. 448-449.

রবীন্দ্র সরোবর তদন্ত কমিশন : p. 665.

রাজারামপুর স্কুলের আদিবাসী এবং অনুন্নত শ্রেণীর ছাত্রদের ছাত্রাবাস নির্মাণ : p. 870.

রাজ্য পরিবহণ কর্পোরেশন : p. 615.

রাজ্যসরকারের অধীনে ইন্সপেকশন বাংলো ও ডাক বাংলো : p. 806.

রানাঘাটে মহকুমা হাসপাতাল নির্মাণের পরিকল্পনা : p. 870.
রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি : p. 663.
রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক হইতে ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারার্থে অল্প সুদে ঋণ দিবার পরিকল্পনা : p. 670
রাসায়নিক সারের মূল্য : p. 720.
রেশম তাঁতীর মজুরী হ্রাস : p. 447.
লটারী হইতে সরকারী আয় : p. 248.
লালগোলায় পাগল মেয়েদের কারা : p. 801.
লেলিনের প্রতিমূর্তি : p. 878.
শহরাঞ্চলের সম্পত্তির উর্দ্ধসীমা : p. 238.
শহরাঞ্চলের সম্পত্তির উর্দ্ধ সীমা নির্ধারণ : p. 240.
শহরে সম্পত্তির উর্দ্ধসীমা নির্ধারণ : p. 715.
শাসন বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ : p. 227.
শ্যামসুন্দর চক কলোনীর উন্নয়ন : p. 871.
শিল্প উন্নয়ন করপোরেশন : p. 795.
শিল্প বিস্তারের সামগ্রিক পরিকল্পনা : p. 876.
শিল্প স্থাপনের জন্য লাইসেন্সপ্রাপ্ত প্রার্থীর সংখ্যা : p. 876.
শো ট্যাক্স : p. 324.
শ্রম বিরোধ : pp. 145-148.
সন্ধিপুর ও নয়াবসত হাসপাতাল : p. 254.
সমবায় মার্কেটিং সোসাইটি : p. 559.
সরকার কর্তৃক অপারেশন টেবেল ও এক্স-রে মেশিন ক্রয়ের সংখ্যা : p. 726.
সরকার কর্তৃক উচ্চ ফলনশীল ধান্যবীজ বণ্টন : p. 730.
সরকার কর্তৃক প্রকাশিত সাময়িক পত্রিকার সংখ্যা : p. 803.
সরকারী অনুমোদনের জন্য বিদ্যালয়গুলির নিকট হইতে প্রাপ্ত আবেদনের সংখ্যা : p. 799.
সরকারী উদ্যোগে বিভিন্ন ঔষধ তৈরির পরিকল্পনা : p. 559.
সরকারী কর্মচারীদের শূন্যপদ পূরণ : pp. 71-72.
সরকারী চাকুরীর ক্ষেত্রে তপশীল ভুক্ত জাতি ও উপজাতির জন্য আসন সংরক্ষণ : p. 549.
সরকারী ডেয়ারী হইতে দৈনিক দুগ্ধ সরবরাহের পরিমাণ : pp. 446-447.
সরকারী ভাষা আইন কার্যকর করিবার ব্যবস্থা : p. 796.
সরকারী হাসপাতালে সার্জেন ও সহকারী সার্জেনের সংখ্যা : p. 726.
সরকারী বেড্-এ চিকিৎসিত টি. বি. রোগীর সংখ্যা : p. 250.
সরকারের অধীন শাল জঙ্গল : p. 191.
সল্ট লেক সিটির "এ" সেক্টর : p. 330.

স্বগৃহে টি বি রোগ চিকিৎসার জন্য সরকারী সাহায্য : p. 560.

স্বরূপখালি-হিজোল জলনিকাশী ক্যানেলের পুনর্খনন : p. 323.

সাকরাইল-মানিকপুর-হীরাপুর বাজার রাস্তা : p. 795.

সার্কুলার রেল নির্মাণ : p. 874.

সাগরদীঘি থানার অন্তর্গত কলাগাছি বিল : p. 198.

সাগরদীঘি থানায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ : p. 875.

সাগরদীঘি থানার সেচি খাদ : p. 251.

সাম্প্রদায়িক সংঘর্ষ ও দাঙ্গা নিরোধের ব্যবস্থা : p. 667.

সারগাছি হইতে চৈতন্যপুর রাস্তার সংস্কার : p. 252.

সালার স্টেশন হইতে ভরতপুর পর্যন্ত রাস্তার সংস্কার : p. 796.

সেচের জন্য 'শোভা' পাম্প : p. 728.

সেন্ট্রাল স্টাডি টিম কর্তৃক পশ্চিমবঙ্গের বন্যাবিধ্বস্ত অঞ্চল পরিদর্শন : 560.

ষ্টেট বাসের টিকিটে বিজ্ঞাপন : p. 243.

ষ্টেট ব্যাঙ্কে ডাকাতি : p. 230.

সিঙ্গুরে অবস্থিত সরকারী হিমঘর : p. 195.

সেতু, রাস্তা ও স্থানের নূতন নামকরণ : pp. 14-16.

স্কুটার কারখানা : p. 160.

হরিজন সম্প্রদায়ের উন্নয়ন : p. 549.

হলদিয়া সার কারখানা : p. 872.

হাওড়া দ্বিতীয় সেতুর নির্মাণ কার্য : pp. 185-186.

হাওড়া পৌরসভার নির্বাচন : p. 868.

হাওড়া সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সংস্থা : p. 802.

হাসপাতালগুলিতে অধিক সংখ্যক রোগী ভর্তির পরিকল্পনা : p. 545.

হাসপাতালগুলিতে ঔষধ বণ্টনের দুর্নীতি : p. 533.

হাসপাতালে কর্মরত চিকিৎসক ও অ-চিকিৎসক কর্মচারিগণের বদলীর নিয়ম : p. 868.

হাসপাতালে ডাক্তার ও নার্সদের শূন্যপদের সংখ্যা : p, 251.

হিজোল আদিবাসী প্রাথমিক বিদ্যালয় : p, 196.

হিমঘর : pp. 195-196.

হিমঘর : pp. 363-364.

হুগলী নদীর বাঁধগুলির রক্ষণাবেক্ষণের ব্যবস্থা : p. 255.

হুগলী ২নং সেতু নির্মাণ : p. 731.

হেল্থ সেন্টার ও হাসপাতালগুলিতে ঔষধের অভাব : p. 549.

১৯৬৯-৭০ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে স্বীকৃতি দান : p. 329.

**Raha, Shri Sanat Kumar –**

Mention Case : p. 679.

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1970 : pp. 106-108.

অষ্টম শ্রেণী পর্যন্ত জুনিয়ার হাই স্কুলের অনুমোদন (Q.) : p. 563.

অ্যাডমিনিষ্ট্রেটর দ্বারা পরিচালিত পৌরসভা (Q.) : 869.

আজিমগঞ্জ-জঙ্গীপুর রাস্তা পাকা করার সরকারী পরিকল্পনা (Q.) : p. 670.

আজিমগঞ্জ হইতে নবগ্রাম থানার সীমানা পর্যন্ত রাস্তা (Q.) : p. 251.

আর. টি. এ. পরিচালিত বাস ষ্ট্যাণ্ড, টাইমটেবল এবং যাত্রী প্রতীক্ষালয় (Q.) : p. 805.

আহমদপুর ন্যাশনাল সুগার মিল (Q.) : p. 787.

উদ্বাস্তু পুনর্বাসন (Q.) : p. 179.

একস্-রে যন্ত্র নির্মাণ বাবদ সরকার কর্তৃক অর্থ মঞ্জুরের পরিমাণ (Q.) : p. 448.

এগ্রো-ইনডাষ্ট্রিজ করপোরেশন (Q.) : p, 876.

এগ্রো-ইণ্ডাষ্ট্রিজ করপোরেশনের পুঁজির পরিমাণ (Q.) : p. 875.

কলিকাতা সার্কুলার রেলপথ (Q.) : p. 732.

কান্দী মহকুমার বাঁধ (Q.) : p. 249.

কান্দী মহকুমায় সালার-ভরতপুর রাস্তা (Q.) : p. 877.

কাবিলপুর মৌজার জলা (Q.) : p. 375.

কুমারখণ্ড অঞ্চলে স্লুইস গেট (Q.) : p. 250.

কুমারপুর ভোলানাথ হাইস্কুলের অনুমোদন (Q.) : p. 670.

খড়গ্রাম থানায় বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা (Q.) : p. 803.

খড়সাডাঙ্গায় আদিবাসী প্রাথমিক বিদ্যালয়কে সরকারী সাহায্য (Q.) : p. 447.

গো-চারণ ভূমি, শ্মশান প্রভৃতির ব্যক্তিগত ব্যবহার (Q.) : p. 368.

গোপগ্রাম-সালু এবং কুনকরুণ-ছাগলডাঙ্গা রাস্তায় ক্যানেলের উপর সাঁকো নির্মাণ (Q.) : p. 732.

গোপীবল্লভপুর ও ডেব্রা এলাকার অধিবাসীদের রিলিফ ব্যবস্থা (Q.) : p. 197.

গৃহনির্মাণের জন্য সমবায় সমিতিকে অর্থ বরাদ্দ (Q.) : p. 730.

চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় টাকা ঘাটতির পরিমাণ ও উহা পূরণের পরিকল্পনা (Q.) : p. 447.

চা-বাগান এলাকায় বাড়তি জমি (Q.) : p. 723.

চালকলের সংখ্যা (Q.) : p. 253.

চৌরীগাছা সাবসিডিয়ারী হেলথ সেন্টার (Q.) : p. 252.

জেলাওয়ারী নলকূপের সংখ্যা (Q.) : p. 196.

ঝিকারা গ্রামীণ সর্বোদয় সঙ্ঘ (Q.) : p. 728.

টি. বি. ও ক্যানসার রোগের প্রাদুর্ভাব (Q.) : p. 856.

ট্রাকটার দ্বারা কর্ষিত জমির পরিমাণ (Q.) :

তারকেশ্বর হিমঘর (Q.) : p. 799.

তথ্য ও জনসংযোগ বিভাগের কার্যাবলীর রিপোর্ট (Q.) : p. 562.

তৃতীয় বিভাগের কয়েদী (Q.) : p. 19..

দরিদ্র বালকবালিকাদের ভরণপোষণ ও শিক্ষাদানের সরকারী পরিকল্পনা : p. 184.

দাদপুর থাওয়ের সরকারী জলা বন্দোবস্ত (Q.) : p. 729.

দাসনগর সেনট্রাল ইঞ্জিনিয়ারিং অরগানাইজেশন (Q.) : p. 805.

দীর্ঘ মেয়াদী বন্দীদের মুক্তিদান (Q.) p. 562.

দ্রুত মামলা নিষ্পত্তির পরিকল্পনা (Q.) : p. 664.

ধুলিয়ান ও আওরঙ্গাবাদে বিড়ি কারখানার সংখ্যা (Q.) : p. 161,

ধুলিয়ান-দেওয়ানপুর ফেরি সার্ভিস (Q.) : p. 727.

নক্সালবাড়ি ঘটনা সম্পর্কিত মামলা (Q.) : p. 662.

নয় বিঘা কৃষি জমির মালিকের সংখ্যা (Q.) : p. 195.

নয় বিঘা পর্যন্ত জমির খাজনা মকুব (Q.) : p. 879.

নয় বিঘা পর্যন্ত কৃষি জমির খাজনা মকুব করিবার ব্যবস্থা (Q.) : p. 669.

পল্লী অঞ্চলে সিনেমা লাইসেন্স (Q.) : p. 201.

পশুপালন বিভাগের অধীনস্থ হিমঘর (Q.) : p. 84.

পশুপালনের জন্য গোচারণ ভূমি (Q.) : p. 331.

'পশ্চিমবঙ্গ' ও 'ওয়েষ্ট বেংগল' সাপ্তাহিকের নিয়মিত প্রকাশন (Q.) : p. 874.

পশ্চিমবঙ্গ হইতে শিল্প স্থানান্তরিতকরণ (Q.) : p. 796.

পশ্চিমবঙ্গে ধান ও গম উৎপাদনের পরিমাণ (Q.) : p. 252.

পশ্চিমবঙ্গে পশু চিকিৎসালয় (Q.) : p. 200.

পশ্চিমবঙ্গে পশ্চাদ্বর্ত্তী এলাকায় শিল্প বিস্তারের পরিকল্পনা (Q.) : p. 874.

পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুর সংখ্যা (Q.) : p. 560.

পাকিস্তান হইতে মৎস্য আমদানী (Q.) : p. 725.

পাট ক্রয়ের জন্য মার্কেটিং সমবায় সমিতি (Q.) : p. 875.

পাটের দর (Q.) : p. 877.

পেনসনভোগীদের পেনসন বা ভাতা বৃদ্ধি (Q.) : p. 332.

প্রশাসন ও বিচার বিভাগ পৃথকীকরণের ফলে নতুন ম্যাজিষ্ট্রেট নিয়োগ (Q.) : p. 375.

প্রাকৃতিক অঞ্চলের উন্নয়ন পরিকল্পনা (Q.) : p. 334.

প্রাথমিক শিক্ষা বিস্তার (Q.) : p. 729.

প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য সরকারী পরিকল্পনা (Q.) : p. 669.

প্রাথমিক স্কুল পরিচালনার জন্য জেলাভিত্তিক কমিটি (Q.): p. 731.

ফসল কাটার ব্যাপারে সংঘর্ষ (Q.): pp. 233, 614.

বহরমপুর আদালতে প্রতীক্ষালয় (Q.): p. 333.

বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি (Q.): p. 729.

বহরমপুর কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির দখলে জমির পরিমাণ (Q.): p. 671.

বহরমপুর পৌরসভা এলাকায় খাস জমির পরিমাণ (Q.): p. 254.

বহরমপুর পৌরসভার অনাদায়ী কর (Q.): p. 871.

বহরমপুর পৌরসভার নির্বাচন (Q.): p. 253.

বহরমপুর বেসিক ট্রেনিং-এ ভর্তি বিষয়ে অভিযোগ (Q.): p. 333.

বহরমপুর মহকুমার মালিকচন্দ মাঠের আয়তন (Q.): p. 252.

ভিজিল্যান্স কমিশন (Q.): p. 246.

বহরমপুর সদর ও জেনারেল হাসপাতাল (Q.): p. 673.

বহরমপুর সদর ও জেনারেল হাসপাতালের পরামর্শদাতা কমিটি (Q.): p. 668.

বহরমপুরে "রবীন্দ্রভবন" (Q.): p. 83.

বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা (Q.): p. 878.

বিজ্ঞান বিভাগের শিক্ষকের জন্য অর্থ বরাদ্দ (Q.): p. 333.

বিভিন্ন জেলায় গ্রুপ কৃষি ও ব্যক্তিগত কৃষি ঋণ প্রদানের পরিমাণ (Q.): p. 253.

বিভিন্ন শ্রেণী সরকারী হাসপাতালে রোগীদের জন্য মাথাপিছু বরাদ্দ (Q.): p. 197.

বিড়ি শ্রমিকদের নিম্নতম মজুরী (Q.): pp. 27-29.

বেকার সমস্যা সমাধানের জন্য সরকারী পরিকল্পনা (Q.): p. 800.

বেলঘরিয়ায় সরকার পরিচালিত সিরামিক কারখানা (Q.): p. 880.

বোয়ালিয়া ড্যাংগা বিল ও পুটিজোল বিল (Q.): p. 375.

ব্যাঙ্ক জাতীয়করণে পশ্চিমবঙ্গ সরকারের সুবিধা (Q.): p. 332.

ভাণ্ডারদহ বিলের সংস্কার (Q.): p. 727.

ভূমি সংস্কার কার্যে তদন্ত (Q.): p. 668.

মণীন্দ্র মিল চালু করার ব্যবস্থা (Q ): p. 877.

ময়ূরাক্ষী নদীর উপর ব্রীজ (Q.): p. 335.

মানকরা মৌজায় সরকারে ন্যস্ত জমি (Q.): p. 878.

মালিকনগর মৌজায় জমির পরিমাণ (Q.): p. 727.

মুর্শিদাবাদ জেলার অনুমোদিত প্রাইমারী স্কুলের সংখ্যা (Q.): p. 332.

মুর্শিদাবাদ জেলার আর. টি. এ-র বিধিভঙ্গের অভিযোগে জরিমানা বাবদ আদায়ীকৃত অর্থের পরিমাণ (Q.): p. 448.

মুর্শিদাবাদ জেলার কয়েকটি অঞ্চলে বিদ্যুৎ সম্প্রসারণ (Q.): p. 155.

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন জমির বিবরণ (Q.): p. 881.

মুর্শিদাবাদ জেলার ভাণ্ডারদহ বিল (Q.): p. 714.

মুর্শিদাবাদ জেলায় কৃষি পরিবারের সংখ্যা (Q).: p. 253.

মুর্শিদাবাদ জলায় বিভিন্ন সার্কেলে মোট খাস জমি (Q): p. 331.

মুর্শিদাবাদ জেলায় বোয়ালিয়া ড্যাঙ্গ বিল ও পুটিজোল বিল (Q.): p. 161.

যুব কল্যাণ পরিষদের জন্য সরকারী ব্যয় (Q): p. 448.

রাষ্ট্রীয়ত্ত ব্যাঙ্ক হইতে ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারার্থে অল্প সুদে ঋণ দিবার পরিকল্পনা (Q.): p. 670.

রেশম তাঁতীর মজুরী হ্রাস (Q.): p. 447.

লালগোলায় পাগল মেয়েদের কারা (Q.): p. 801.

শহরাঞ্চলের সম্পত্তির উর্দ্ধসীমা নির্ধারণ (Q.): p. 240.

শিল্প বিস্তারের সামগ্রিক পরিকল্পনা (Q.): p. 876.

শিল্প স্থাপনের জন্য লাইসেন্স প্রাপ্ত প্রার্থীর সংখ্যা (Q.): p. 876.

সমবায় মার্কেটিং সোসাইটি (Q.): p. 559.

সরকার কর্তৃক অপারেশন টেবল ও এক্স-রে মেশিন ক্রয়ের সংখ্যা (Q.): p. 726.

সরকার কর্তৃক উচ্চ ফলনশীল ধান্য বীজ বণ্টন (Q.): p. 7?0.

সরকারী অনুমোদনের জন্য বিদ্যালয়গুলির নিকট হইতে প্রাপ্ত আবেদনের সংখ্যা (Q.): p. 799.

সরকারী কর্মচারীদের শূন্য পদ পূরণ (Q): p. 71.

সরকারী ডেয়ারী হইতে দৈনিক দুগ্ধ সরবরাহের পরিমাণ (Q): pp. 446-447.

সরকারী বেড্-এ চিকিৎসিত টি বি. রোগীর সংখ্যা (Q): p. 250.

সাগরদীঘি থানার লেভি ধার্য (Q): p. 251.

সরকারী হাসপাতালে সার্জেন ও সহকারী সার্জেনের সংখ্যা (Q): p. 726.

সাগরদীঘি থানার অন্তর্গত কলাগাছি বিল (Q): p. 198.

সাগরদীঘি থানায় সরকারে ন্যস্ত জমির পরিমাণ (Q.): p. 875.

সাম্প্রদায়িক সংঘর্ষ ও দাঙ্গা নিরোধের ব্যবস্থা (Q.): p. 667.

সারগাছি হইতে চৈতন্যপুর রাস্তার সংস্কার (Q.): p. 252.

সালার ষ্টেশন হইতে ভরতপুর পর্যন্ত রাস্তার সংস্কার (Q.): p. 796.

সিঙ্গুরে অবস্থিত সরকারী হিমঘর (Q.): p. 195.

সেচের জন্য "শোভা" পাম্প (Q.): p. 728.

স্বরূপখালি-হিজোল জলনিকাশী ক্যানেলের পুনর্খনন (Q.): p. 323.

হরিজন সম্প্রদায়ের উন্নয়ন (Q.): p. 549.

হাওড়া সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সংস্থা (Q.): (Q.): p. 802.

হাসপাতালগুলিতে অধিক সংখ্যক রোগী ভর্তির পরিকল্পনা (Q.): p. 545.

হাসপাতালে ডাক্তার ও নার্সদের শূন্যপদের সংখ্যা (Q.): p. 251.

হিজোল আদিবাসী প্রাথমিক বিদ্যালয় (Q.): p. 196.

হিমঘর (Q.): pp. 195, 363.

হুগলী ২নং সেতু নির্মাণ (Q.): p. 731.

**Ray, Shri Birendra Narayan—**

মুর্শিদাবাদ ও জিয়াগঞ্জ শহরে পরিস্রুত জল সরবরাহের পরিকল্পনা (Q.): p. 867.

রাজারামপুর স্কুলের আদিবাসী এবং অনুন্নত শ্রেণীর ছাত্রদের ছাত্রাবাস নির্মাণ (Q.): p. 870.

**Ray, Shri Siddhartha Sankar—**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 841-842, 844-846, 848.

Discussion on Governor's Address : pp. 268, 273-283.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : pp, 682-683.

**Regulation(s)—**

Amendment to the West Bengal Public Service Commission ( Consultation by Governor )—, 1955 : p. 44.

**Report(s)—**

Audit—for 1964-65 and Administration—for 1964-65 of the Calcutta State Transport Corporation : p. 44.

Fourth Annual—of the Central Road Transport Corporation Limited ( a Government of India Undertaking ) for the year, 1967-68 : p. 44.

Presentation of the—of the Select Committee on the West Bengal Panchayat Bill, 1969 : p. 45.

Presentation of the First—of the Committee on Rules ( Fifth Assembly ) : p. 44.

**Resolution for Ratification of the Constitution ( Twenty-third Amendment ), 1969—**

pp. 45-56.

**Roy, Shri Amalendralal—**

Alleged sabotage in the Farakka Barrage Project (Q ) : pp, 186-91.

The Bengal Finance ( Sales Tax ) ( Amendment ) Bill, 1970 : pp. 750-751.

Mention Case : pp. 205, 738.

অকেজো নলকূপের সংখ্যা (Q.): p. 192.

অপরাধ-বিষয়ক হিন্দী ও ইংরাজী ছবি প্রদর্শন বন্ধের সিদ্ধান্ত (Q.): p. 784.

অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষা প্রবর্তনের পরিকল্পনা (Q.): p. 67.

আর. গুপ্ত রিপোর্টের ভিত্তিতে পুলিশ বিভাগে পরিবর্তন সাধন (Q.): p. 242.

"ইচ্ছামত পুত্রকন্যা লাভের প্রক্রিয়া" আবিষ্কার গবেষণায় সরকারী সাহায্য (Q.): p. 667.

ইসলামপুর ও মির্জাপুরের রেশম শিল্প (Q.): p. 371.

উদ্বাস্তু যক্ষ্মা রোগীর চিকিৎসা (Q.): p. 869.

এ. এন. এফ. স্কীমে মৎস্যজীবীদের সাহায্য (Q.): pp. 371.
ওয়াকফ্ বোর্ড (Q.): p. 659.
কলিকাতা মহানগরীর রাস্তার শোচনীয় অবস্থার প্রতিকার (Q.): p. 673.
কলিকাতা মেলা, ১৯৬৯: p. 193.
কুটীর ও ক্ষুদ্র শিল্পের কাঁচামাল (Q.): p. 373.
কুটীর ও ক্ষুদ্র শিল্পের প্রসারার্থে ঋণ দিবার প্রস্তাব (Q): p. 372.
কুটীর শিল্পের উন্নতির জন্য বিদ্যুৎ সরবরাহ (Q.): p. 779.
কাপড় ও সুতাকলকে সাহায্য দান (Q.): p. 798.
খয়রাতি সাহায্য দান (Q.): p. 200.
গ্রামসভার অধীন রাস্তাগুলি আলোকিত করিবার ব্যবস্থা (Q.): p. 193.
গ্রামসেবকদের ট্রেনিং (Q.): p. 561.
গ্রাম্য রাস্তা সংস্কার ও গ্রাম্য নদী-নালার উপর সাঁকো নির্মাণ (Q.): pp. 13-14.
চতুর্থ টেষ্ট ম্যাচের সময় নিহত যুবকদের মৃত্যু সম্পর্কে তদন্ত (Q.): p. 673.
চতুর্থ যোজনাকালে কেন্দ্রীয় সাহায্য (Q.): p. 248.
চা শুল্ক হ্রাস (Q.): p. 872.
চিত্তরঞ্জন সেবাসদন হাসপাতালে আর্থিক সঙ্কট (Q.): p. 853.
জাতীয় গ্রন্থাগারকে অর্থ সাহায্য (Q): p. 373.
জেলা সদর ও মহকুমা শহরগুলিতে সরকারী উকিল ও তাঁহাদের নিয়োগকাল (Q.): p. 806.
জেলাওয়ারী চাউল উৎপাদনের পরিমাণ (Q): p. 446.
জেলাওয়ারী বিভিন্ন খাতে বরাদ্দ টাকার পরিমাণ (Q.): p. 806.
জেলাওয়ারী সরকারী কোয়ার্টারের সংখ্যা (Q.): p. 753.
টি, আর, কাজের জন্য জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ (Q.): p. 451.
তালগুড় শিল্পের প্রসার (Q.): p. 806.
তিস্তা ও মহানন্দা ব্যারেজ প্রকল্প (Q): p. 330.
দার্জিলিং অবজারভেটরি হিল (Q.): p. 248.
দার্জিলিং টুরিষ্ট লজ (Q.): p. 258.
দার্জিলিং-সিংলা বাজার রোপওয়ে (Q.): p. 446.
দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন (Q.): p. 325.
নয়াদিল্লীর বঙ্গভবনে থাকিবার ব্যবস্থা (Q.): p. 673.
নিত্য ব্যবহার্য খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি (Q.): p. 367.
পঞ্চম অর্থ কমিশনের নিকট রাজ্য সরকারের দাবি (Q.): p. 249.
পরিবার পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ (Q.): p. 548.
পশ্চিমবঙ্গ হইতে নেপালে ডাল পাচারের অভিযোগ (Q.): p. 667.
পশ্চিমবঙ্গে নূতন শিল্পের সংখ্যা (Q.): p. 873.

পশ্চিমবাঙ্গলার নাম পরিবর্তনের প্রস্তাব (Q.) : p. 254.
পাওয়ারলুম এনকোয়ারী কমিশনের চেয়ারম্যানের বিরুদ্ধে মামলা (Q.) : p. 194.
পাটের দর নির্ধারণ (Q.) : p. 873.
পুরাতত্ত্বের ইতিহাস সম্বলিত পুস্তক প্রকাশের সিদ্ধান্ত (Q.) : p. 158.
পোকা লাগিয়া শস্যহানি (Q.) : p. 330.
প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি (Q.) : p. 372.
প্রাথমিক শিক্ষকদের দাবী পূরণের ব্যবস্থা (Q.) : p. 247.
বকসাদুয়ারে তিব্বতী শরণার্থী শিবির (Q.) : p. 331.
বন্ধ কারখানার সংখ্যা (Q.) : p. 258.
বন্ধ ও 'সিক' কাপড়কলগুলিকে সাহায্য করার পরিকল্পনা (Q.) : pp. 23-27.
বন্যাবিধ্বস্ত এলাকাগুলিতে ঋণ ও সাহায্যের পরিমাণ (Q.) : p. 871.
বসু বিজ্ঞান মন্দিরে অগ্নিকাণ্ড (Q.) : p. 84.
বহরমপুর টুরিষ্ট লজ (Q.) : p. 258.
বহরমপুর বেসিক ট্রেনিং স্কুল (Q.) : p. 247.
বাঙলা চলচ্চিত্রের স্বার্থ সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধি (Q.) : p. 872.
বি, সি, রায় পোলিও ক্লিনিক ও হাসপাতাল (Q.) : p. 559.
বে-আইনী 'বার' (Q.) : p. 561.
বে-সরকারী প্রতিষ্ঠানে পরিবার উন্নয়ন পরিকল্পনা কেন্দ্র (Q.) : p. 542.
বে-সরকারী ফ্যামিলি প্ল্যানিং সেণ্টারগুলিকে সাহায্য দান (Q.) : p. 542.
বোনাস বিরোধ (Q.) : p. 804.
বেকার সমস্যা (Q.) : p. 29.
ভূমি সংস্কার কার্য (Q.) : p. 353.
ভূমি সংস্কার কার্যে অন্তরায় (Q.) : pp. 373-374.
ভোটার তালিকা সংশোধন (Q.) : p. 664.
ভূমিহীন কৃষকদের ভূমি বণ্টন (Q.) : p. 712.
ফারাক্কা ব্যারেজের ফলে ভাগীরথী নদীর জলপ্রবাহের পরিমাণ (Q.) : p. 329.
মৎস্যচাষ উন্নয়নকল্পে ব্যয়বরাদ্দ (Q.) : p. 377.
মন্ত্রীগণ কর্তৃক এম, এল, এ-গণের পত্রের উত্তর দিবার রীতি (Q.) : p. 78.
মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীর মধ্যে পত্রবিনিময় (Q.) : p. 865.
মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড কর্মচারীদের কলম ধর্মঘট (Q.) : p. 336.
মুর্শিদাবাদ জেলার উপজাতি ও তপশীলী জাতির উন্নয়ন বাবত ব্যয় (Q.) : p. 563.
মুর্শিদাবাদ জেলায় চালু বাস (Q.) : p. 376.
মুর্শিদাবাদ জেলার বিল লাঙ্গলহাটা জলনিকাশী পরিকল্পনা (Q.) : p. 673.
মুর্শিদাবাদ জেলার সহকারী স্কুল পরিদর্শক ঘেরাও (Q.) : p. 319.

মুর্শিদাবাদ জেলার সাপ্তাহিক পত্রপত্রিকায় সরকারী বিজ্ঞাপন (Q.) : p. 162.

মুর্শিদাবাদ জেলায় শহর ও গ্রামে বিদ্যুৎ ব্যবহারকারীর সংখ্যা (Q.) : p. 807.

মেদিনীপুর জেলার লোকসেবা পরিষদের জমি (Q.) : p. 369.

যক্ষ্মা হাসপাতালে ভর্তির জন্য অপেক্ষ্যমানদের তালিকা (Q.) : p. 880.

রাজ্যসরকারের অধীনে ইন্সপেকশন বাংলো ও ডাক বাংলো (Q.) : p. 806.

লটারী হইতে সরকারী আয় (Q.) : p. 248.

লেলিনের প্রতিমূর্ত্তি (Q.) : p. 878.

শাসন বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ (Q.) : p. 227.

শ্রীত্রৈলক্য চক্রবর্ত্তী ( মহারাজ )-এর পাসপোর্ট (Q.) : p. 376.

সরকার কর্তৃক প্রকাশিত সাময়িক পত্রিকার সংখ্যা (Q.) : p. 803.

সরকারী ভাষা আইন কার্যকর করিবার ব্যবস্থা (Q.) : p. 796.

সল্ট লেক সিটির "এ" সেক্টর (Q.) : p. 330.

সেণ্ট্রাল ষ্টাডি টিম কর্তৃক পশ্চিমবঙ্গের বন্যা বিধ্বস্ত অঞ্চল পরিদর্শন (Q.) : p. 560.

স্কুটার কারখানা (Q.) : p. 160.

হলদিয়া সার কারখানা (Q.) : p. 872.

হাসপাতালগুলিতে ঔষধ বণ্টনের দুর্নীতি (Q.) : p. 533.

**oy, Shri Aswini—**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 835-837.

The Burdwan University ( Amendment ) Bill, 1970 : p. 59.

The Calcutta Municipal ( Amendment ) Bill, 1970 : pp. 574-575.

Mention Case : p. 205.

The West Bengal Homoeopathic System of Medicine ( Amendment ) Bill, 1970 : p. 588.

The West Bengal Paddy Purchase Tax Bill, 1970 : pp. 689-690.

কলিকাতার ৪৭নং রুটের বাস (Q.) : p. 244.

দুর্গাপুর কেমিক্যালস-এর পরিচালকমণ্ডলী (Q.) : p. 796.

পানাগড় বাজার হইতে সিলামপুর রাস্তায় বাস চলাচল (Q.) : p. 663.

পে-কমিশনের রিপোর্ট কার্যকরী করার জন্য সরকারী ব্যবস্থা (Q.) : pp 449-450.

প্রেস অ্যাডভাইজারি কমিটি (Q.) : p. 792.

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিশনের রিপোর্ট (Q.) : p. 83.

ভাতাড় ও আউসগ্রাম থানায় দো-ফসল চাষে জল সরবরাহ (Q.) : p. 334.

মৎস্যের মূল্য (Q.) : p. 365.

শহরে সম্পত্তির উদ্ধসীমা নির্ধারণ (Q.) : p. 715.

শো ট্যাক্স (Q.) : p. 324.

**Roy, Shri Nepal Chandra—**

The Bengal Vagrancy ( Amendment ) Bill, 1970 : pp. 818-820.

The Calcutta Municipal ( Amendment ) Bill, 1970 : pp. 575-576.

Discussion on Governor's Address : pp. 452-455.

The West Bengal Paddy Purchase Tax Bill, 1970 : p. 691.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : pp. 700-701.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 592-594.

**Roy, Shri Phakir Chandra—**

Allegation against the Medical Officer of Primary Health Centre at Mankar (Q.) : p. 866.

The Burdwan University ( Amendment ) Bill, 1970 : pp. 60-61.

Discussion on Governor's Address : pp. 485-486.

**Roy, Shri Santosh Kumar—**

The Bengal Co-operative Societies ( Amendment ) Bill, 1970 : pp. 826-827, 838-840, 841, 842-844.

Discussion on Governor's Address : pp. 460-463.

Notice of an Adjournment Motion on the subject of reported violation of Oath of Secrecy by the Deputy Chief Minister : p. 259.

The R. G. Kar Medical College and Hospital ( Amendment ) Bill, 1970 : pp. 910-914.

The West Bengal Paddy Purchase Tax Bill, 1970 : p. 686.

**Roy, Shri Saroj—**

গড়বেতা থানা হেল্থ সেন্টারের বৈদ্যুতীকরণ (Q.) : p. 550.

গড়বেতা থানায় রাস্তা তৈরী করার কাজ (Q.) : p. 157.

মৎস্যজীবীদের ঋণ দেওয়ার জন্য সরকারী ঘোষণা (Q.) : p. 717.

সন্ধিপুর ও নয়াবসত হাসপাতাল (Q.) : p. 254.

**Roy, Shri Satyapriya—**

The Burdwan University ( Amendment ) Bill, 1970 : pp. 56-57, 62-63.

The Calcutta University ( Amendment ) Bill, 1970 : pp. 63-66, 93-94, 95.

Laying of the Burdwan University ( Amendment ) Ordinance 1969 : p. 42.

Statement on a Calling Attention regarding cease-work by the teachers of the Barabelun Mohini Mohan Vidyamandir in Burdwan : pp. 736-737.

Statement on the Calling Attention regarding squatting by A. B. P. T. A. before the Assembly House : pp. 737-738.

**›y Prodhan, Shri Amarendra Nath—**

অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে শিক্ষার পরিকল্পনা (Q.): p. 331.

আরামবাগ মহকুমা শাসকের নিগৃহীত হইবার ঘটনা (Q.): p. 664.

কলিকাতা শহরে মশার উপদ্রব (Q.): p. 536.

কোচবিহার জেলার ছিটমহল উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সাহায্য (Q.): p. 181.

খাদ্য সংগ্রহ (Q.): p. 362.

খাদ্যশস্য ঘাটতির পরিমাণ (Q.): p. 358.

গোপীবল্লভপুরে সন্ত্রাসবাদী কার্যকলাপ (Q.): p. 245.

চাল ও গমের উৎপাদন (Q.): p. 713

জগদ্দলে দাঙ্গায় নিহতের সংখ্যা (Q.): p. 660.

পশ্চিমবঙ্গে জেলা পুনর্বিন্যাসের কাজ (Q.): p. 244.

পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়গুলিকে অবৈতনিক করার পরিকল্পনা (Q.): p. 321.

"পে কমিশনের" জন্য অর্থব্যয়ের পরিমাণ (Q.): p. 446.

বেকারের সংখ্যা (Q): p. 152.

বেতন কমিশনের রিপোর্ট (Q.): p. 70.

ষ্টেট ব্যাঙ্কে ডাকাতি (Q.): p. 230.

সার্কুলার রেল নির্মাণ (Q.): p. 874.

হাওড়া দ্বিতীয় সেতুর নির্মাণকার্য্য (Q.): p. 185.

**Rudra, Shri Samar Kumar—**

The Calcutta Municipal (Amendment) Bill, 1970: pp. 571-573.

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970: pp. 696-697.

**Rule(s)—**

Amendments to the Bengal Motor Vehicles—, 1970: p. 44.

**Ruling(s)—**

—given by Mr. Speaker regarding the assault of Chief Minister inside the Assembly Lobby: p. 39.

**Saha, Shri Jamini Bhusan—**

Non-Official Resolution: p. 215.

**Saha, Shri Kripasindhu—**

Discussion on Governor's Address: pp. 401-403.

চক্ররেল পরিকল্পনা (Q.): p. 864.

পশ্চিমবঙ্গ হইতে অন্য রাজ্যে শিল্প স্থানান্তরকরণ: p. 795.

**Saha, Srimati Parul—**

Discussion on Governor's Address: pp. 310-312.

**Sanyal, Dr. Nalinaksha—**

Bifurcation of Karimpur Block (Q.): p. 671.

Discussion on Governor's Address: pp. 495-500.

Khas land in Karimpur Block (Q.): p. 696.

Medical help to Anchal areas (Q.): p. 801.

Mention Cases: p. 742.

Non-Official Resolution: pp. 209, 213.

Package programme (Q.): p. 370.

Primary and Subsidiary Health Centres in Nadia District (Q.): p. 255.

Resignation of the Chairman, Durgapur Projects Ltd. (Q.): p. 790.

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970: pp. 744-750.

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970: p. 757.

The Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970: pp. 763-764.

The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1970: pp. 773-774.

The Bengal State Aid to Industries (Amendment) Bill, 1970: pp. 775-776.

The Burdwan University (Amendment) Bill, 1970: pp. 57-58.

The Oriental Gas Company (Amendment) Bill, 1970: pp. 95-97.

The R. G. Kar Medical College and Hospital (Amendment) Bill, 1970: pp. 914-915.

The West Bengal Markets Regulation Bill, 1970: pp. 124-127, 128, 129-132, 134, 135.

Villages on Indo-Pak border (Q): p. 235.

**Saraogi, Shri Ramkrishna—**

Discussion on Governor's Address: pp. 422-425.

Mention Case: p. 679.

The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1970: pp. 753-755.

The Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1970: pp. 767-769.

The Bengal Vagrancy (Amendment) Bill, 1970: pp. 821-822.

The Calcutta Municipal (Amendment) Bill, 1970: pp. 573-574,

The West Bengal Paddy Purchase Tax, Bill, 1970: pp. 687-688.

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1970 : pp. 103-105, 114, 115-117.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 601-603.

**Sarkar, Shri Brajendra Nath—**

Discussion on Governor's Address : pp. 467-468.

**Sarkar, Shri Nitaipada—**

The West Bengal Separation of Judicial and Executive Functions Bill, 1970 : pp. 702-703.

টি, বি, হাসপাতাল (Q.) : p. 856.

বারাঘাটে মহকুমা হাসপাতাল নির্মাণের পরিকল্পনা (Q.) : p. 870.

**Sen, Shri Arun—**

Closure of Mohini Mills (Q.) : pp. 160-161.

Death of a worker of Messrs. Pure Drinks ( Coca-Cola ) (Q.) : p. 665.

Interim increase of wages to the workmen of Jute and Cotton Textile Industries (Q.) : p. 156.

Police attack inside the Assembly House (Q) : p. 241.

Tripartite Wage Committee for Jute Industry (Q.) : p. 199.

Tripartite Wage Fixation Committee for Kesoram Rayon, Trebeni, Hooghly (Q.) : p. 199.

The West Bengal Workmen's Payment of Gratuity Bill, 1970 : pp. 589-590, 608-609.

Wage Fixation Committee for Cotton Textile Industry (Q.) : p. 254

**n, Shri Sadhan Kumar—**

Discussion on Governor's Address : pp. 294-296.

**hamsuddin Ahmed, Shri—**

Discussion on Governor's Address : pp. 292-294.

Mention Case : p. 205.

**Sinha, Kumar Jagadish Chandra—**

Discussion on Governor's Address : pp. 380-384.

The Bengal Finance ( Sales Tax ) ( Amendment ) Bill, 1970 : pp. 751-752.

**Singha, Shri Suresh Chandra—**

করণদীঘি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়ের বিরুদ্ধে অভিযোগ (Q.) : p. 597.

**Singh, Shri Sudarson—**

Discussion on Governor's Address : pp. 487-488.

**Sinha, Shri Suresh Chandra—**

Resolution for Ratification of the Constitution ( Twenty-th Amendment ) Bill, 1969 : p. 52.

**Soren, Shri Joyram—**

Resolution for Ratification of the Constitution ( Twenty-thi Amendment ) Bill, 1969 : pp. 52-53.

**Speaker, Mr.—**

Presentation of the First Report of the Committee on Rules ( Fi Assembly ) : p. 44.

**Surat Ali Khan, Shri—**

Discussion on Governor's Address : pp. 419-420.

**Talukdar, Shri Pralay—**

হাওড়া পৌরসভার নির্বাচন (Q.) : p. 868.

**Thapa, Shri Prem—**

Discussion on Governor's Address : pp. 420-421.